বাংলা একাডেমী

সংক্ষিপ্ত বাংলা অভিধান

বাংলা একাডেমী

সংক্ষিপ্ত বাংলা অভিধান

পরিমার্জিত ও পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ

সম্পাদক

আহমদ শরীফ

সহযোগী সম্পাদক

শামসুজ্জামান খান
আজহার ইসলাম
আশফাক-উল-আলম
ওবায়দুল ইসলাম
আবদুল হান্নান ঠাকুর
আ.ব.ম. শামসুদ্দীন
স্বরোচিষ সরকার

বাংলা একাডেমী ঢাকা

বাংলা একাডেমী সংক্ষিপ্ত বাংলা অভিধান
প্রথম প্রকাশ
ভাদ্র ১৩৯৯/সেপ্টেম্বর ১৯৯২
পাণ্ডুলিপি
সংকলন উপবিভাগ
প্রকাশক
শামসুজ্জামান খান
পরিচালক, গবেষণা, সংকলন ও ফোকলোর বিভাগ
বাএ ৪৬৬৬
পরিমার্জিত ও পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ
প্রকাশকাল
ফাল্গুন ১৪০২/ফেব্রুয়ারি ১৯৯৬
প্রথম পুনর্মুদ্রণ
শ্রাবণ ১৪০৫/জুলাই ১৯৯৮
দ্বিতীয় পুনর্মুদ্রণ
কার্তিক ১৪০৬/অক্টোবর ১৯৯৯
তৃতীয় পুনর্মুদ্রণ
শ্রাবণ ১৪০৯/আগস্ট ২০০২
চতুর্থ পুনর্মুদ্রণ
মাঘ ১৪১৩/জানুয়ারি ২০০৭
পঞ্চম পুনর্মুদ্রণ
আষাঢ় ১৪১৫/জুন ২০০৮
প্রকাশক
শাহিদা খাতুন
ভারপ্রাপ্ত পরিচালক
প্রাতিষ্ঠানিক, পরিকল্পনা ও প্রশিক্ষণ বিভাগ
বাংলা একাডেমী, ঢাকা
মুদ্রক
প্রকাশ মুদ্রায়ণ
৪২/১ক সেগুনবাগিচা, ঢাকা
প্রচ্ছদ
কাইয়ুম চৌধুরী
মুদ্রণসংখ্যা : ৫০০০ কপি
মূল্য
দুইশত টাকা মাত্র

BANGLA ACADEMY SAMKSHIPTA BANGLA ABHIDHAN [Bangla Academy Concise Bengali Dictionary]. Edited by Ahmed Sharif. Published by Bangla Academy, Dhaka, Bangladesh. First Edition September 1992. Second Edition February 1996. Third Reprint August 2002. Fourth Reprint January 2007. Fifth Reprint June 2008. Price Tk. 200.00 only # US $ 10.00

ISBN 984-07-4675-8

দ্বিতীয় সংস্করণের প্রসঙ্গ-কথা

অভিধান সংকলন-সম্পাদন-পরিমার্জন-পরিবর্ধন-প্রকাশনার কাজ বস্তুত চলমান ও অনিঃশেষ এক জটিল প্রক্রিয়া। এ কাজ নিত্য সংযোজন-বিয়োজন প্রক্রিয়ার মধ্য দিয়ে অগ্রসর হতে থাকে। ভাষার শব্দভাণ্ডারে কখনো নতুন শব্দের আগমন ঘটে, আবার কখনো প্রচলিত শব্দ গুরুত্ব হারায়। এক অর্থ বহু অর্থে বিভাজিত হয়। মুখ্যার্থের গুরুত্ব হারিয়ে যায়, গৌণার্থ প্রধান হয়ে ওঠে। শব্দের অর্থান্তর ঘটে। ব্যুৎপত্তিগত অর্থের সঙ্গে রূপক অর্থের ব্যত্যয় ঘটে। সমাজ-প্রবাহের পরিবর্তনের ছাপ পড়ে অর্থের সংগঠনে। অর্থের এসব পরিবর্তন নিবন্ধীকরণ করা অভিধানের কাজ। এ কাজ একদিনে শেষ হয় না। বাংলা একাডেমীর অভিধানও এর ব্যতিক্রম হতে পারে না। কোনো অভিধানকে সমকালের চাহিদা মেটানোর লক্ষ্যে তাই কোনো ভাষার শব্দভাণ্ডারের অন্তর্গত এসব বৈশিষ্ট্যকে মনে রাখতে হয়। ফলে নিত্যব্যবহার্য অভিধানকে প্রতিনিয়ত নতুন নতুন সংস্করণের মধ্য দিয়ে হালতক করার প্রয়োজন পড়ে। বাংলা একাডেমী সংক্ষিপ্ত বাংলা অভিধানের দ্বিতীয় সংস্করণের প্রকাশ উক্ত তাগিদেরই ফল।

অভিধান ব্যবহারকারীর প্রয়োজনের কথা মনে রেখে, পূর্ববর্তী সংস্করণে সংকলিত হয়নি এমন বহু শব্দকে এ সংস্করণে প্রথমবারের মতো স্থান দেওয়া হলো। পূর্বের সংস্করণের ভুক্তিসংখ্যা ছিলো ১৭৭৫৮, বর্তমান সংস্করণের ভুক্তিসংখ্যা ১৯৮৫২। এসব শব্দের মধ্যে একদিকে যেমন রয়েছে ব্যবহারিক জীবনে অধুনা প্রচলিত (বিদেশাগত বা নবোদ্ভূত) শব্দ, তেমনি অসংখ্য পারিভাষিক শব্দ, যেমন—অবমুক্তি, অর্থায়ন, আত্তীকরণ, উপগ্রহ, উপনির্বাচন, কুলখানি, গ্যানজাম, জোটনিরপেক্ষ, ডিস এন্টেনা, দূতাবাস, নির্বাহী, প্রজন্ম, বোরহানি, যানজট, শিল্পোদ্যোগ, সন্নিয়োগ প্রভৃতি। এছাড়া অভিধানটির দ্বিতীয় সংস্করণে বেশ কিছু গুরুত্বপূর্ণ পরিবর্তন আনা হয়েছে। পদান্তর নির্দেশ ও অনুক্রমিক সংখ্যায় অর্থান্তর নির্দেশ করার মাধ্যমে ভুক্তিসমূহকে গুরুত্ব অনুসারে একাধিক পর্যায়ে বিন্যস্ত করা হয়েছে। সুনির্দিষ্ট সংকেত ও শব্দসংক্ষেপের মাধ্যমে অর্থের তাৎপর্য স্পষ্ট করা এবং ক্রস-রেফারেন্স প্রদান করার ফলে অভিধানটির ব্যবহারযোগ্যতা নিঃসন্দেহে বৃদ্ধি পাবে। মুদ্রণগত দিক দিয়েও অভিধানটিকে উন্নত করার চেষ্টা করা হলো।

১৯৯২ সালে অভিধানটি প্রকাশিত হওয়ার পর বাংলা একাডেমী একটি বানাননীতি প্রণয়ন করে। অভিধানের এ সংস্করণে বিষয়টি মনে রাখা হয়েছে।

এই অভিধানের সম্পাদক প্রফেসর আহমদ শরীফের নিকট আমরা সকলে গভীরভাবে কৃতজ্ঞ। বর্তমান পরিমার্জিত সংস্করণের কাজেও প্রফেসর আহমদ শরীফ সর্বতোভাবে পরামর্শ ও উপদেশ দিয়ে আমাদের কাজকে সহজ করেছেন। তবে এ সংস্করণের পরিমার্জনা, নতুন ভুক্তির সংযোজন ও তার অর্থ নির্ণয়, বিন্যাসগত ও পদক্রমের ত্রুটি দূরীকরণের কতিপয় কাজ সম্পন্ন করেছেন একাডেমীর জ্যেষ্ঠ পরিচালক শামসুজ্জামান খান ও তাঁর সহকর্মী সহযোগী সম্পাদকগণ। এই সংস্করণটির উন্নয়নে এঁদের কৃতিত্ব শ্রদ্ধার সঙ্গে স্মর্তব্য।

অভিধানটির দ্বিতীয় সংস্করণের এই পরিবর্ধন-পরিমার্জন-কম্পিউটার কম্পোজ-প্রুফপঠন-মুদ্রণ প্রভৃতি কাজে যাঁরা বিভিন্নভাবে জড়িত ছিলেন, তাঁদের সকলের প্রতি আমার আন্তরিক ধন্যবাদ। পাঠকদের কাছে অনুরোধ, অভিধান ব্যবহার করতে গিয়ে তাঁরা যদি কোনো ত্রুটি খুঁজে পান, তা যেন আমাদের গোচরে আনার কষ্ট স্বীকার করেন। সংস্করণটি পাঠক-সমাজে সমাদৃত হলে আমাদের শ্রম সার্থক হবে।

তারিখ ২১ ফেব্রুয়ারি ১৯৯৬

মনসুর মুসা
মহাপরিচালক, বাংলা একাডেমী

প্রথম সংস্করণের প্রসঙ্গ-কথা

ভাষা নদীপ্রবাহের মতোই নিয়ত চলমান। বিন্দু বিন্দু পানি নিয়ে যেমন নদীর প্রবাহ তেমনি অসংখ্য শব্দের সমাহারে গড়ে ওঠে একটি ভাষার সচল পরিমণ্ডল। এ পরিমণ্ডলে গ্রহণ-বর্জনের যে অন্তহীন জটিল প্রক্রিয়া চলছে, তাকে কোনো অভিধানই ধারণ করতে পারে না, সম্ভবও নয়। যে-কোনো অভিধান বড়ো জোর এ সচল অস্তিত্বের একটি বিশেষ স্থিরচিত্রের সঙ্গে তুলনীয়। স্থিরচিত্র জঙ্গমতাকে ধারণ করে না—জঙ্গমতার স্থানিক ও কালিক রূপকে উপস্থাপন করে। বাগর্থ-বিজ্ঞানে বলা হয়ে থাকে, অভিধান প্রকাশের প্রথম দিনই তা বাতিল বলে গণ্য হবার যোগ্য। আর এ জন্যই ভাষা-অনুরাগীরা সাগ্রহে খোঁজ নিয়ে থাকেন যে-কোনো ভাষার অভিধানগুলোর মধ্যে সর্বশেষ 'বাতিল' গ্রন্থ কোনটি। বাংলা একাডেমী প্রকাশিত 'সংক্ষিপ্ত বাংলা অভিধান' এ ধরনের একটি গ্রন্থ এবং আজ পর্যন্ত প্রকাশিত অভিধানসমূহের মধ্যে সর্বশেষ বিধায় পাঠক-সমাজের কৌতূহল উদ্রেক করার দাবি রাখে। গ্রন্থটি আমাদের পূর্ব-প্রকাশিত *বাংলাদেশের ব্যবহারিক বাংলা অভিধান*-এর সংক্ষিপ্ত রূপ হলেও সংক্ষিপ্ত অনুকরণ নয়। এর সম্পাদনায় এবং পরিমার্জনায় দীর্ঘদিনের শ্রম নিয়োজিত হয়েছে। শব্দের অর্থ নির্দেশ করতে গিয়ে এখানে সর্বত্রই ভাষার চলিত-রীতিকে অনুসরণ করা হয়েছে। শব্দের বানানের ক্ষেত্রেও রক্ষা করা হয়েছে আধুনিক বানান-রীতি। তৎসম শব্দ আছে সমকালীন ভাষা-প্রবাহে তার স্বীকৃত চেহারা নিয়ে; আঞ্চলিক ও বিদেশী শব্দও স্থান পেয়েছে যথেষ্ট গুরুত্বের সঙ্গে। শব্দের ভুক্তি, প্রয়োগ ও অর্থনির্দেশে বাংলাদেশের পরিবেশ, ঐতিহ্য ও সংস্কৃতির প্রতিফলন ঘটেছে। এছাড়া, ব্যবহারিক জীবনের প্রয়োজনে সৃষ্ট কিছু নতুন শব্দ যেমন রয়েছে, তেমনি বহু পুরনো শব্দের অর্থান্তরের বিষয়টি গুরুত্বের সঙ্গে চিহ্নিত হয়েছে। আমি আশা করি এ গ্রন্থটি অফিস-আদালত, স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় এবং গণমাধ্যমসমূহে, এক কথায়, ব্যবহারিক জীবনের প্রতিটি ক্ষেত্রে অপরিহার্য নিত্যসঙ্গীরূপে গণ্য ও গৃহীত হবে।

গ্রন্থটির সম্পাদনার দায়িত্ব নিয়ে প্রফেসর আহমদ শরীফ ধন্যবাদার্হ হয়েছেন। ব্যবহারিক বাংলা অভিধান থেকে ভুক্তি বেছে নেওয়ার ব্যাপারে সম্পাদককে সাহায্য করেছেন বাংলা একাডেমীর একদল নিবেদিত কর্মী। গবেষণা সংকলন ও ফোকলোর বিভাগের পরিচালক শামসুজ্জামান খান এবং তাঁর সঙ্গে আজহার ইসলাম, আশফাক-উল-আলম, আবদুল হান্নান ঠাকুর ও আ.ব.ম. শামসুদ্দীন গ্রন্থটি মুদ্রণ ও প্রকাশনার পেছনে আন্তরিকভাবে নিয়োজিত ছিলেন। গ্রন্থটিকে সময়োপযোগী করার লক্ষ্যে তাঁরা শুধু প্রুফই দেখেননি, সম্পাদকের সঙ্গে যোগাযোগ রক্ষা করে সংশোধন ও পরিমার্জনের দায়িত্বও পালন করেছেন। সংকলন উপবিভাগের উপপরিচালক সেলিনা হোসেন সুচারুরূপে পালন করেছেন তাঁর ওপরে অর্পিত দায়িত্ব। বাংলা একাডেমী প্রেসের ব্যবস্থাপক আশফাক-উল-আলম ও প্রাক্তন ব্যবস্থাপক ওবায়দুল ইসলাম এবং তাঁদের অন্যান্য সহকর্মী বইটি প্রকাশের ক্ষেত্রে আন্তরিক পরিশ্রম করেছেন। এঁদের সকলের কাছে আমি আন্তরিকভাবে কৃতজ্ঞ। এঁরা এভাবে শ্রম না দিলে গ্রন্থটি প্রকাশ করা সম্ভব হতো না। এছাড়া, মেসার্স ফটোটেক টাইপসেটার্স অভিধানটি ফটো-কম্পোজ করে দিয়ে আমাদের ধন্যবাদার্হ হয়েছে।

পরিশেষে এ কথা উল্লেখ না করে পারছি না যে, এ অভিধানটির কাজ শুরু হয়েছিল ১৯৮৫ সালে তদানীন্তন মহাপরিচালক মনজুরে মওলার উদ্যোগে। সেদিন একটি সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণের জন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাই এবং তাঁর অবদানের কথা কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করি।

গ্রন্থটি সর্বত্র আদৃত হোক, এ আশা।

তারিখ ২২.০৯.৯২

মোহাম্মদ হারুন-উর-রশিদ
মহাপরিচালক, বাংলা একাডেমী

বর্ণানুক্রম

সাধারণ বর্ণানুক্রম

অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ　　ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ঢ ণ ত থ দ ধ ন প ফ ব ভ ম য র ল শ ষ স হ ড় ঢ় য় ৎ ং ঃ

এই অভিধানে ব্যবহৃত বর্ণানুক্রম

অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ ং ঃ　　ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ড় ঢ ঢ় ণ ত(ৎ) থ দ ধ ন প ফ ব ভ ম য য় র ল শ ষ স হ

যুক্তাক্ষরের বর্ণানুক্রম

ক্ক ক্ট ক্ত ক্ষ ক্স গ্ণ গ্ধ ঙ্ক ঙ্ক্ষ ঙ্খ ঙ্গ ঙ্ঘ ঙ্ম চ্চ চ্ছ চ্ছ্র জ্জ জ্ঝ জ্ঞ ঞ্চ ঞ্ছ ঞ্জ ঞ্ঝ ট্ট ড্ড ড়্গ ণ্ট ণ্ঠ ণ্ড ণ্ঢ ণ্ণ ণ্ম ত্ত ত্থ দ্গ দ্ঘ দ্দ দ্ধ দ্ব ধ্ব ন্ট ন্ঠ ন্ড ন্ঢ ন্ত ন্থ ন্দ ন্ধ ন্ন ন্ম প্ট প্ত প্ন প্স ব্জ ব্দ ব্ধ ব্ব ব্ভ ম্প ম্ফ ম্ব ম্ভ ম্ম ল্ক ল্গ ল্ট ল্ড ল্প ল্ম ল্ল শ্চ শ্ছ ষ্ক ষ্ট ষ্ঠ ষ্ণ ষ্প ষ্ফ ষ্ম স্ক স্খ স্ট স্ত স্থ স্প স্ফ হ্ণ হ্ন হ্ম

কার চিহ্ন

া ি ু ে ৈ ো ৌ

ফলা চিহ্ন

্ন ্য ্র ্ব ্ম

স্বরবর্ণ, অনুস্বর, বিসর্গ ও চন্দ্রবিন্দুর বিন্যাসের নমুনা

ক কঅ কআ কই কঈ কউ কঊ কঋ কএ কঐ কও কঔ কং কঃ কঁ কঁক কঁখ কঁগ ...কা কাঅ কাআ কাই কাঈ কাউ কাঊ কাঋ কাএ কাঐ কাও কাঔ কাং কাঃ কাঁ কাঁক কাঁখ কাঁগ...কি কিঅ কিআ কিই কিঈ কিউ কিঊ কিঋ কিএ কিঐ কিও কিঔ কিং কিঃ কিঁ কিঁক কিঁখ কিঁগ ...কু কুঅ কুআ কুই কুঈ কুউ কুঊ কুঋ কুএ কুঐ কুও কুঔ কুং কুঃ কুঁ কুঁক কুঁখ কুঁগ ....কৃ কৃঅ কৃআ কৃই কৃঈ কৃউ কৃঊ কৃঋ কৃএ কৃঐ কৃও কৃঔ কৃং কৃঃ কৃঁ কৃঁক কৃঁখ কৃঁগ...

অভিধান ব্যবহার নির্দেশিকা

এ অভিধানে শব্দের অর্থ, পদ পরিচয়, অর্থান্তর, প্রয়োগ প্রভৃতি কিভাবে নির্দেশ করা হয়েছে নিম্নলিখিত নির্দেশিকায় তা পরিস্ফুট করার চেষ্টা করা হলো :

অধিকার *বি* ১ স্বত্ব; দখল; দাবি; কর্তৃত্ব; স্বামিত্ব; ক্ষমতা। ২ জ্ঞান; অভিজ্ঞতা; ব্যুৎপত্তি (শাস্ত্রে অধিকার)। ৩ যোগ্যতা; উপযুক্ততা (স্বাধীনতার অধিকার)। [স. অধি+√কৃ+অ]। **অধিকারভেদ** *বি* যোগাযোগের পার্থক্য বিচার। **অধিকারী** *বিণ* স্বত্ববান; দখলিকার। ❑ *বি* ১ মালিক; প্রভু। ২ যাত্রাদলের অধ্যক্ষ বা দলপতি (যাত্রার বালক অধিকারীর কানমলা খাইয়া—বঙ্কিম)। ৩ উপাধিবিশেষ। ৪ উচ্চপদস্থ কর্মচারী।

উপভুক্তি

প্রয়োগবাক্য/বাক্যাংশ

দূরবীন = দুরবিন। — অভিন্নতা নির্দেশক

অক্টোপাস *বি* ১ আট বাহুবিশিষ্ট হিংস্র সামুদ্রিক প্রাণীবিশেষ। এর আট বাহুর বেষ্টনে ও চাপে ধৃত প্রাণী মারা যায়। ২ (আল.) মারাত্মক শক্তিপ্রয়োগে যে শত্রুকে পর্যুদস্ত করে। [ই. octopus] — ব্যাকরণ নির্দেশক

অগস্ত্য *বিণ* ১ (জ্যো-বি) নক্ষত্রবিশেষ; Canopus। ২ প্রাচীন মুনি। ৩ পহেলা ভাদ্র। [স.]। **অগস্ত্যযাত্রা বা অনন্ত যাত্রা** *বি* যে যাত্রায় আর ফিরে আসা যায় না (পুরাণ-বৃত্তান্ত); যে-কোনো মাস পহেলা; নিষিদ্ধ যাত্রা; শেষ যাত্রা; চিরজন্মের মতো প্রস্থান। — বিষয় নির্দেশক

সংকেত ও সংক্ষেপণ

সংকেত

⇒	দ্রষ্টব্য
=	সমান
√	ধাতু
❑	পদান্তর
>	থেকে
<	উৎস
[ ]	ব্যুৎপত্তি বন্ধনী

ব্যাকরণ ও পদপ্রকাশক শব্দসংক্ষেপ

অক্রি	অসমাপিকা ক্রিয়া
অব্য	অব্যয়
আল.	আলঙ্কারিক
উপ.	উপসর্গ
একব	একবচন
ক্রি	ক্রিয়া
ক্রিবি	ক্রিয়া-বিশেষ্য
ক্রিবিণ	ক্রিয়াবিশেষণ
ক্লীব.	ক্লীবলিঙ্গ
তুল.	তুলনীয়
ধ্বন্যা.	ধ্বন্যাত্মক
পু.	পুংলিঙ্গ
প্রব.	প্রবচন
বহুব	বহুবচন
বাগ.	বাগ্‌বিধি
বি	বিশেষ্য
বিণ	বিশেষণ
বিণ-বিণ	বিশেষণের বিশেষণ
বিপ.	বিপরীতার্থক শব্দ
ব্য.	ব্যঙ্গার্থ
ব্যা.	ব্যাকরণ
সম্বো.	সম্বোধনে
সম্মা.	সম্মানসূচক
সর্ব	সর্বনাম
স্ত্রী.	স্ত্রীলিঙ্গ

ভাষা বিষয়ক শব্দসংক্ষেপ

অ.	অহমিয়া/অসমিয়া
অ-প্র	অপপ্রয়োগ
অশি.	অশিষ্ট
অশু.	অশুদ্ধ
অশুপ্র	অশুদ্ধ কিন্তু প্রচলিত
আ.	আরবি
আ-বা	আধুনিক বাংলা
ই.	ইংরেজি
উ.	উর্দু
ও.	ওড়িয়া
ওল.	ওলন্দাজ
কোল.	কোল ভাষা
গুজ.	গুজরাটি
গ্রি.	গ্রিক
চী.	চীনা
জ.	জর্মন
জা.	জাপানি
তা.	তামিল
তু.	তুর্কি
তে.	তেলেগু
দ্রা.	দ্রাবিড়
পা.	পালি
পাঞ্জা.	পাঞ্জাবি
পো.	পর্তুগিজ
প্রা.	প্রাকৃত
প্রা-বা	প্রাচীন বাংলা
প্রা-প্র	প্রাচীন প্রয়োগ
ফ.	ফরাসি
ফা.	ফারসি
বা.	বাংলা
ব্র.	ব্রজবুলি
অপভ্র.	অপভ্রংশ
ম-বা	মধ্যযুগীয় বাংলা
মা.	মালয়ী
মৈ.	মৈথিলী
রু.	রুশীয়
লা.	ল্যাটিন
শুঅপ্র	শুদ্ধ কিন্তু অপ্রচলিত
স.	তৎসম বা সংস্কৃত
স্পে.	স্পেনীয়/হিস্পানি
হি.	হিন্দি

বিষয়-নির্দেশক শব্দসংক্ষেপ

অর্থ.	অর্থনীতি	দ.	দর্শন শাস্ত্র
অল.	অলঙ্কারশাস্ত্র	ন্যায়.	ন্যায়শাস্ত্র
আইন.	আইনবিষয়ক	প.	পদার্থবিদ্যা
আয়ু.	আয়ুর্বেদ	পরি.	পরিভাষা
ইতি.	ইতিহাস	প্রশা.	প্রশাসনিক
উদ্ভিদ	উদ্ভিদবিদ্যা	প্রাণি.	প্রাণিবিজ্ঞান
কৃষি.	কৃষিবিষয়ক	বাণিজ্য.	বাণিজ্যবিষয়ক
গ.	গণিত	বৈ.	বিজ্ঞান বিষয়ক
চিকি.	চিকিৎসাবিদ্যা	ব্যা.	ব্যাকরণ
ছ	ছন্দশাস্ত্র	ভূ.	ভূগোল
জ্যা.	জ্যামিতি	রসা.	রসায়ন
জ্যো-বি	জ্যোতির্বিজ্ঞান	রাষ্ট্র.	রাষ্ট্রবিজ্ঞান
জ্যো-শা	জ্যোতিষ শাস্ত্র	সং	সঙ্গীত ও নৃত্যকলা

প্রবেশক

১

ভারতবর্ষে শব্দকে ও বাক্যকে শক্তিতে ও গুরুত্বে ব্রহ্মের মর্যাদা দেওয়া হয়েছে, বলা হয়েছে শব্দব্রহ্ম ও বাক্‌ব্রহ্ম। তাত্ত্বিক সংজ্ঞায় ও সংজ্ঞার্থে শব্দ ব্রহ্মই। এ সূত্রে সৃষ্টিসম্ভব আদি 'ওঙ্কার' ও 'কুন' ধ্বনি স্মর্তব্য। আমরা জানি জীবন হচ্ছে জাগ্রত মুহূর্তগুলোতে অনুভূত-উপলব্ধ অনুভব-উপলব্ধির সমষ্টি। আর এ অনুভবের বাহন হচ্ছে অর্থগর্ভ ব্যঞ্জনাঋদ্ধ ভাষা। অন্বিত শব্দে তথা বিন্যস্ত পদে তৈরি হয় বাক্য। বাক্য একটি পূর্ণভাব প্রকাশ করে। ধ্বনি ও ধ্বনিসমষ্টি দিয়ে গড়ে ওঠে শব্দ। অর্থ বা ভাবগর্ভ সূচিত শব্দের সুবিন্যাসে তৈরি হয় মহাপ্রভাবধর মন্ত্র, কাব্যের প্রাণস্বরূপ পঙ্‌ক্তি, প্রবচন, আপ্তবাক্য ও সুভাষণ। ভাষা ব্যক্তির হয়েও সমাজের সৃষ্টি, পরস্পরের সঙ্গে ভাবের বিনিময়ের জন্যেই ভাষা আবশ্যিক। নির্জনে নিঃসঙ্গতায় ভাষার প্রয়োজন হয় না, তবে চিন্তার জন্যে ধ্বনিহীন অব্যক্ত ভাষার প্রয়োজন পড়ে, যাকে গ্রীকরা বলতো 'Logos'। অতএব অনুভবের সঙ্গে, চিন্তার সঙ্গে শ্রোতারূপে সমাজের প্রত্যেক দ্বিতীয় ব্যক্তির সঙ্গে ভাষার রয়েছে অবিচ্ছেদ্য ও অপরিহার্য জরুরি সম্পর্ক। এক একটি বুলি, উপভাষা বা লেখ্য ভাষা জনগণের সমবেত সৃষ্টি ও সামগ্রিক সম্পদ। হাজার বছরের উচ্চারণগত, ব্যঞ্জনাগত, অভিধাগত আবর্তনের, বিবর্তনের ও পরিবর্তনের ধারাবাহিকতায় ঘটে ভাষার বিকাশ। যৌথ সৃষ্টি বলেই ভাষা একটা বিশেষ অবস্থানের কৌমের, গোষ্ঠীর, গোত্রের, সম্প্রদায়ের ও জাতির বিশ্বাস-সংস্কার-ধারণা-জ্ঞান-অভিজ্ঞতা, জীবিকাপদ্ধতি, সামাজিক নীতি-নিয়ম, রীতি-রেওয়াজ, প্রথাপদ্ধতি, প্রতিবেশপ্রভাবিত জগৎচেতনা ও জীবনভাবনার প্রতিচ্ছবিও। যে-কোনো গোষ্ঠীর কালগত ও স্থানগত ব্যবহৃত ভাষা বিশ্লেষণ করলে তাদের জীবন সম্বন্ধে তাদের মন-মত-মনন-সিদ্ধান্ত বিষয়ে, প্রাত্যহিক জীবনযাত্রা সম্বন্ধে ছায়ার ও কায়ার মাঝামাঝি একটি কাঠামোগত চিত্র মেলে। বিভিন্ন বিষয়ক মৌলিক শব্দাবলীই এক্ষেত্রে ছিন্নসূত্রের সন্ধান দেয়।

আগে ছিল ভাষার তথা ভাষাতত্ত্বের স্থূল চর্চা। শব্দের উৎপত্তি, ব্যুৎপত্তি আর উচ্চারণগত, ব্যাকরণগত ও অভিধাগত বিবর্তন-পরিবর্তনের ধারানির্দেশক আলোচনাই ছিল মুখ্য। মোটামুটি ১৯৫৮ সন থেকেই চমস্‌কি প্রমুখের অভিভাবনায় ও নেতৃত্বে ভাষাবিজ্ঞান এক সম্পূর্ণ নতুন নীতিনিয়মে ও পদ্ধতিতে আলোচিত হতে থাকে। এসব ভাষাবিজ্ঞানী ভাষাকে সমাজ ও জীবনবিচ্ছিন্ন কিছু বলে মানেনই না, এঁদের মতে ভাষা সমাজেরই লোকব্যবহারেরই অচ্ছেদ্য অংশ—সম্বন্ধটি প্রায় রক্ত-মাংসের মতোই। এঁরা এজন্যেই Sociolinguistics নামে সমাজভাষাতত্ত্বের আলোচনায় নিরত। এঁদের মতে ভাষা অবিচ্ছেদ্যভাবে ব্যক্তির চিন্তা-চেতনার, সমাজ-সচেতনতার ও বস্তুগত বাস্তবের সঙ্গে রক্ত-মাংসের মতোই অঙ্গাঙ্গি সম্বন্ধে সম্পৃক্ত। এ সম্পৃক্তির দরুনই ভাষা একটা কৌমের, গোষ্ঠীর, গোত্রের, সম্প্রদায়ের ও জাতির ইতিহাসের আবশ্যিক ও অপরিহার্য উপকরণ-উপাদান। সমাজভাষাতত্ত্বের আলোচ্য হচ্ছে ভাষার সমাজতাত্ত্বিক, নৃতাত্ত্বিক ও ভৌগোলিক আবস্থানিক স্বরূপ নিরূপণ। কাজেই ভাষা সম্বন্ধে আমাদের সনাতন ধ্যান-ধারণা, তার উপযোগ সম্বন্ধে আমাদের লালিত বিশ্বাস, তার প্রয়োগ সম্বন্ধে আমাদের জ্ঞান-বুদ্ধি-যুক্তি সব বদলে যাচ্ছে দ্রুত। এ অবস্থায় পুরনো নীতি-নিয়মে, প্রথায়-পদ্ধতিতে, রীতি-রেওয়াজঅনুগ আমাদের সংকলিত এ অভিধান নতুন প্রজন্মের শিক্ষার্থীর ও শিক্ষিতজনের প্রয়োজন মেটাতে পারবে না, এ অভিধান অদূর ভবিষ্যতে উপযোগ হারাবে।

২

এবার পুরনো কথায় আসি। শব্দ-সংকলন বা সংকলিত শব্দের গ্রন্থকে গ্রীকরা বলতো লেক্সিকন (lexicon)। রোমানরা লাতিন ভাষায় একে বলে ডিকশনারি (Dictionary)। সংস্কৃত পণ্ডিতরা যখন কোনো গ্রন্থের টীকা-ভাষ্য লিখতেন, তখন শব্দের উৎপত্তি-ব্যুৎপত্তি অভিধাব্যঞ্জনা ও বিভিন্নার্থে প্রয়োগ প্রভৃতিও প্রয়োজনমতো লিপিবদ্ধ করতেন। সংস্কৃতে কোষগ্রন্থও ছিল, যা আধুনিক অভিধানের মতোই প্রয়োজন পূরণ করতো। আমাদের মধ্যযুগীয় বাঙলা লেখকরাও

'আভিধানিক পর্যায়' নামে শব্দের প্রতিশব্দ, বিভিন্ন অর্থ ও বিপরীতার্থক শব্দ প্রয়োজনে কাব্যে প্রয়োগের জন্যে তৈরি করে রাখতেন হাতের কাছে। কবি মাইকেল মধুসূদন দত্ত প্রয়োজনে জেনে নিতেন উপস্থিত পণ্ডিত থেকেই। আমাদের অভিধানচেতনাও উনিশশতকী প্রতীচ্য প্রভাবজ। রেভারেন্ড কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়ের 'শব্দকল্পদ্রুম'-এর কথা এ সূত্রে মনে পড়বে। বিদেশী বেনে প্রচারকরা তাঁদের প্রয়োজনেও অভিধান সংকলন করেছেন, যেমন পর্তুগিজ-বাঙলা, ইংরেজি-বাঙলা অভিধান।

এক অর্থে বাক্যবিচ্ছিন্ন শব্দমাত্রই বোবা। বাক্যে ব্যবহৃত শব্দই প্রয়োগভেদে বিভিন্ন বাচ্যার্থ ও ব্যঙ্গ্যার্থ লাভ করে। কাজেই অভিধানে বিধৃত শব্দমাত্রেরই প্রতিশব্দ বা বাচ্যার্থ কিংবা ব্যঙ্গ্যার্থ প্রয়োগসম্ভব অভিধা নির্দেশ করে মাত্র। শব্দের আপাতমুখ্য অর্থই হচ্ছে 'অভিধা'। তাই শব্দার্থগ্রন্থের নাম অভিধান। এই অভিধানের অপর নাম শব্দার্থকোষ। এখন 'অভিধান' শব্দের অর্থ ব্যাপক ও গভীর হয়ে গেছে। এখন অভিধান নিতান্ত শব্দকোষ নয়, এনসাইক্লোপিডিয়ার কাছাকাছি জ্ঞানকোষও। এখন শব্দের মূল, গঠনপ্রকৃতি, প্রত্যয়রূপ, উচ্চারণ, বিভিন্ন অর্থে সপ্রমাণ প্রয়োগবৈচিত্র্য, শব্দটির আদি প্রয়োগ, অর্থের প্রসার কিংবা অর্থান্তর কাল, অপ্রচলিত হলে প্রয়োগ বর্জনকাল, কোনো সামাজিক-ঐতিহাসিক ঘটনা সম্পৃক্ত থাকলে তারও উল্লেখ, শব্দের পদান্তর রূপ ও প্রয়োগ প্রভৃতিও একালের একটা ভাষা-প্রতীক, -প্রতিম ও -প্রতিভূ অভিধানে প্রত্যাশিত।

আমাদের লেখ্য বাঙলাভাষার শতে প্রায় সত্তরটি শব্দই হচ্ছে অবিকৃত সংস্কৃত ভাষার শব্দ। তাছাড়াও রয়েছে সংস্কৃত শব্দের ঈষৎ বিকৃত রূপ নিয়ে অসংখ্য শব্দ। তাই আমরা শত চেষ্টা সত্ত্বেও আমাদের বাঙলা ব্যাকরণকে যেমন নিছক বাঙলাভাষার ব্যাকরণরূপে দাঁড় করতে পারিনি, পারব না কখনো, তেমনি বাঙলা অভিধানকেও রাখতে হচ্ছে সংস্কৃত শব্দকোষের ও ব্যাকরণের অনুগত। কেননা, আমরা সংস্কৃত কৃৎ-তদ্ধিত প্রত্যয় আর সন্ধি-সমাস পরিহার করতে পারি না। এমনকি যেগুলো পরিহার করতে পারি সেগুলোও আমরা অকারণে মানসিক রক্ষণশীলতার দরুন ধরে রেখেছি, যেমন আমরা শব্দকে সংস্কৃত, সংস্কৃতজাত, বিকৃত বা ভাঙা সংস্কৃত বলে অভিহিত করতে পারি, আমরা উত্তমপুরুষ, মধ্যমপুরুষ প্রথম বা নামপুরুষ না বলে বলতে পারি বক্তা, শ্রোতা ও বিষয়। আমরা ১মা, ২য়া, ৩য়া, ৪র্থী, ৫মী, ৬ষ্ঠী, (সম্বন্ধ), ৭মী কারক না বলে কর্তৃ, কর্ম, করণ প্রভৃতি নামে কারকগুলোকে চিহ্নিত করতে পারি। তাতে কারক চিহ্ন বিলোপে গঠিত সমাসগুলো জানা বোঝাও সহজ হবে, যেমন কর্মকারকজাত সমাস, করণকারকজাত সমাস বললে তাৎপর্যরিক্ত 'তৎপুরুষ' পরিভাষা প্রয়োগের বিভ্রান্তিকর ঝামেলামুক্ত হবে শিক্ষার্থীরা। তবু বাঙলা ব্যাকরণ কিংবা বাঙলা অভিধান অঙ্গে ও অন্তরে অনেকটা সংস্কৃতপ্রভাবিত থাকবেই।

একালের অভিধানে নানা বিষয় বিন্যস্ত পরিশিষ্ট থাকে। যেমন বিদেশী শব্দের তালিকা ও অর্থ, প্রসিদ্ধ স্থানের ও রাষ্ট্রের নাম, বিখ্যাত কৃতী ও কীর্তিমান ব্যক্তিদের সংক্ষিপ্ত পরিচিতি, বিশ্বে বিখ্যাত সাহিত্যগ্রন্থের পরিচিতি, পৌরাণিক কাল্পনিক দেবতা, উপদেবতা, অপদেবতা, দৈত্য, দানব, রাক্ষস, জীন, পরী প্রভৃতির পরিচিতি, বিভিন্ন দেশের পতাকার, মুদ্রার, ভূমি, দ্রব্য ও তরল পদার্থের পরিমাপ ও পরিমাণ নিরূপণ পদ্ধতি প্রভৃতি বিভিন্ন বিষয়ে জ্ঞানদানের ব্যবস্থা থাকে।

জীবন্ত ভাষার তথা লেখ্য ভাষার অভিধান ঘন ঘন পরিমার্জিত ও পরিবর্ধিত না হলে উপযোগ হারায়। কেননা ভাষা হচ্ছে বহতা নদীর মতো সদা প্রবহমান ও বিকাশ-বিবর্তনশীল। বিশেষ করে আজকের জগতে নিসর্গের ও জীব-উদ্ভিদ-মানুষের সম্বন্ধে প্রতিদিন নতুন নতুন তত্ত্ব, তথ্য ও সত্য উদ্‌ঘাটিত হচ্ছে, মানুষের জীবন এখন বিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর, তাই এ যন্ত্রযুগে, যন্ত্রজগতে ও যন্ত্রনির্ভর জীবনে মানুষের মন-মনন-মনীষা প্রসূন যেমন বিচিত্ররূপে প্রকাশমান তেমনি চিকিৎসা ও পুষ্টিবিজ্ঞানসহ বিজ্ঞানের অন্যান্য শাখারও নব নব আবিষ্কার-উদ্ভাবন মানুষের মানসিক ও ব্যবহারিক জীবনের চিন্তা-চেতনা ও আচার-আচরণ একাধারে ও যুগপৎ উৎকর্ষের, সৌকর্যের, বৈচিত্র্যের ও স্বাচ্ছন্দ্যের গুণে মানে মাপে মাত্রায় ঘন ঘন রূপান্তর ঘটাচ্ছে। এবং সবটাই পরিণামে নতুন নতুন শব্দে আশ্রিত হয়েই পাচ্ছে অভিব্যক্তি। কাজেই আমাদের এ অভিধানও শিগগির হবে পরিবর্ধন, পরিমার্জন ও পরিবর্তনসাপেক্ষ।

অভিধানের আবশ্যিক রূপ সম্বন্ধেও সবাই একমত নন। কেউ বলেন অভিধানে কেবল গ্রন্থে ব্যবহৃত কঠিন শব্দের বাচ্যার্থাদি থাকলেই চলে। কেউ বলেন নিত্যব্যবহার্য ও লেখ্য ভাষায় সাধারণভাবে ব্যবহৃত শব্দের সংকলন অপ্রয়োজনীয়। আর কারুর কারুর মতে অভিধান মাত্রই হবে শব্দের মূল, প্রত্যয়, বিভক্তি, প্রয়োগে বাচ্যার্থ ও ব্যঙ্গ্যার্থ, আদি প্রয়োগের কাল, স্থান ও প্রয়োগকর্তা নির্দেশনা, এমনকি phoneme আর morpheme-ও থাকা দরকার। এখানে উল্লেখ্য যে আর্থিক, শাস্ত্রিক, শৈক্ষিক, সাংস্কৃতিক ও পারিবেশিক অবস্থা ও অবস্থানভেদে ব্যক্তির প্রাত্যহিক জীবনে শব্দের প্রয়োগ, শব্দভাণ্ডার ও শব্দার্থ সীমিত থাকে। এজন্যে সাধারণভাবে কঠিন, স্বল্পব্যবহৃত কিংবা বহুলপ্রযুক্ত শব্দে ভেদ নিরূপণ সম্ভব নয়, অভিধানে শব্দ সংকলনকালে ইদানীং ঢাকা শহরে বিদ্বানেরাও গান-গীত-গীতি-সঙ্গীতে অর্থপার্থক্য খোঁজেন বা দেখেন। বাঙলায় স্নাতকোত্তর উপাধিধারীরও কানন ও কুসুম শব্দের অভিধা অজ্ঞাত দেখেছি। চলতি বা চলিত ও বর্তমান মাসের অর্থপার্থক্য নিয়ে বিতর্কও শুনেছি। অতএব লেখ্য ভাষায় পূর্বে বা বর্তমানে বহুল, স্বল্প ও বিরল ব্যবহৃত শব্দমাত্রই বিধৃত ও সংকলিত থাকা আবশ্যিক।

আমরা এ অভিধান সাধারণ শিক্ষিত জিজ্ঞাসুর জন্যে শব্দের বাচ্যার্থ ও ব্যঙ্গ্যার্থ জিজ্ঞাসা মেটানোর লক্ষ্যে তৈরি করেছি। ভাষাবিজ্ঞানীর চাহিদা মতো শব্দের গঠনগত, বাক্যে প্রয়োগগত ব্যাকরণ এবং বাগর্থগত বিশ্লেষণ এতে মিলবে না, আবার হরিচরণ বন্দ্যোপাধ্যায় সংকলিত 'বঙ্গীয় শব্দকোষ' জাতীয় অভিধানও এটি নয়। বাঙলা একাডেমী সংকলিত অভিধান 'ব্যবহারিক বাংলা অভিধান'-এর এটি একটি নিত্যব্যবহার্য সর্বার্থে সংক্ষিপ্ত রূপ মাত্র। তবু এ অভিধানে কিছু বিরল প্রযুক্ত সংস্কৃত শব্দ বাদ দেওয়া হয়নি কিংবা যায়নি, আর বাংলাদেশ রাষ্ট্রের লেখকদের প্রবণতার ও প্রয়োজনের প্রতি গুরুত্ব দিয়ে মৌখিক উপভাষায় ও লেখ্যভাষায় বহুল ব্যবহৃত আরবি-ফারসি-ইংরেজি প্রভৃতি ভাষার শব্দগুলো সযত্ন সংকলনে প্রয়াসী হয়েছি। এসব শব্দের অধিকাংশ সুবল মিত্রের, আশুতোষ দেবের, যোগেশচন্দ্র রায়ের, জ্ঞানেন্দ্রমোহন দাসের, হরিচরণ বন্দ্যোপাধ্যায়ের, রাজশেখর বসুর কিংবা শৈলেন্দ্র বিশ্বাসের এমনকি আবদুল ওদুদের অভিধানেও মেলে না। তাছাড়া এখানকার গানে-গল্পে-উপন্যাসে-নাটকে কবিতায় আঞ্চলিক উপভাষার শব্দ ও সংলাপ আঞ্চলিক উচ্চারণানুগ বানানে ঠাঁই পাচ্ছে, কাজেই তেমন শব্দাবলীও আমরা উপেক্ষা করিনি জ্ঞাতসারে। শব্দ সংকলনে মধ্যযুগের সাহিত্যের গুরুত্বও অস্বীকৃত হয়নি।

আমরা জানি, বাঙলা অভিধানগুলোতে অনুসৃত 'বর্ণক্রম' সুষ্ঠু যুক্তিভিত্তিক নয়। আঠারো-উনিশ শতকে ং, ঃ ছিল স্বরবর্ণের সঙ্গে বিন্যস্ত। ড়, ঢ়, য় এবং অন্তঃস্থ ব বাঙলা ভাষার কিছু শব্দের বিশিষ্ট উচ্চারণপ্রসূন। যদিও অনুস্বর ও বিসর্গ ব্যঞ্জনবর্ণ, তবু এগুলো পূর্বের মতোই স্বরবর্ণের পরেই অভিধানে ঠাঁই পায়। আর ড়, ঢ়, য় আজো যৌক্তিক যথাস্থান পায় না অভিধানে। বর্ণক্রমে আমরা নতুন বিন্যাসের সাহস দেখাইনি, প্রচলিত নীতি-নিয়মের, প্রথা-পদ্ধতির অনুসরণ করেছি। যদিও এগুলোর নব বিন্যাসের প্রয়োজনীয়তা আমরাও অনুভব করি। তবে এসব ছাড়াও আমাদের প্রচলিত সব বাঙলা অভিধানের যেসব ত্রুটি রয়ে যাচ্ছে সেগুলো হলো, শব্দের উচ্চারণ নির্দেশনা চিহ্নের অভাব, শব্দের বাচ্যার্থের, প্রতিশব্দের ও ব্যঙ্গ্যার্থের পার্থক্য নিরূপণ সংকেত-চিহ্নের অনুপস্থিতি এবং যথাশব্দ নির্বাচনপঞ্জির অভাব। যেমন চাঁদ কখন চন্দ্রিমা, কখন শশাঙ্ক, কখন শশধর, কখন শশোদর, কখন হিমাংশু, শীতাংশু আর সুধাংশু? সিংহ কখন কেশরী, কখন হর্যক্ষ, কখনই-বা মৃগেন্দ্র? সূর্যকে কখন কোন অর্থে অর্ক, অর্যমা, আদিত্য, তপন, দিবাকর, অরুণ, নবারুণ, পূষা, প্রভাকর, বিবস্বান, বিভাবসু, ভানু, ভাস্কর, মার্তণ্ড, মিত্র, মিহির, রবি, সূর, সবিতা বলবো? তাছাড়া জীব-উদ্ভিদের—জলজ, স্থলজ, ও নভোজ প্রাণীর, বস্তুর, উদ্ভিদের পদার্থের রূপ-রঙ আকৃতি প্রকৃতির পরিচিতি থাকাও ছিল জরুরি। অনেক শব্দেরই প্রকৃতি ও প্রত্যয় নির্দেশ করা হয়েছে, তবে কোন বাচ্যে কোন প্রত্যয় যুক্ত হয়েছে, তা নির্দেশ করা হয়নি। যিনি প্রত্যয় বোঝেন তিনি সহজেই বাচ্যও অনুমান করতে পারবেন—এই আমাদের ধারণা।

যোগ্যতা বলে নয়, নিযুক্তি সূত্রেই আমি এ অভিধান সংকলনের দায়িত্ব গ্রহণ করি। কাজেই ত্রুটি অজান্তে রয়েইছে। সংস্কৃতজ্ঞ ও সংস্কৃতে অজ্ঞ শিক্ষিত ব্যক্তির বাঙলা ভাষার শব্দের প্রয়োগাধিকার সমান নয়, অজ্ঞদের হাতে শব্দের অপপ্রয়োগ ঘটে, অজ্ঞের কাছে ঋদ্ধি ও সমৃদ্ধি, দ্রোহ্ ও বিদ্রোহ্ সমমাত্রার। চকবাজারের সওদাগর জমির আলী আর টাটা দুজনই কি সমমাত্রায় সমৃদ্ধিশালী? উন্নতি কি গাছে চড়া যে সবাইকে উন্নতির উচ্চ শিখরে উঠতে হবে? বাঙলার অধ্যাপককেও ফলশ্রুতি, পরিবারবর্গ, প্রচুর, যথেষ্ট শব্দের অপপ্রয়োগ করতে দেখি, সাংঘাতিক আকর্ষণ, ভয়ঙ্কর প্রীতি ও যথেষ্ট ভুল—কথা চালু রয়েছে। ভাষার শব্দচয়নে ও জ্ঞান-যুক্তি-বুদ্ধি-রুচি ও ব্যঞ্জনাচেতনা আবশ্যিক। আমাদের অভিধানেও যথাশব্দ চয়নের সহায়ক সংকেত থাকা ছিল বাঞ্ছনীয়।

দশজনের হাতের কাজে ভুলত্রুটি এড়ানো সম্ভব হয় না। তবু আমাদের প্রত্যয়সিদ্ধ প্রত্যাশা ও দাবি আমাদের সংকলিত এ অভিধান লেখকদের আর জিজ্ঞাসু শিক্ষক-শিক্ষার্থীর এবং পাঠকদের প্রাত্যহিক প্রয়োজন পূরণ করবে। এ অভিধানের ভুলত্রুটি কারুর নজরে পড়লেই বাংলা একাডেমী কর্তৃপক্ষের গোচরীভূত করলে সংশোধনকাজ সহজ ও ত্বরান্বিত হবে। শব্দের কার্ড তৈরি, প্রেসকপি তৈরি, ভুলত্রুটির জ্ঞান-বুদ্ধির অনুযায়ী সংশোধন প্রভৃতি করেছেন বাংলা একাডেমীর অনেক বিদ্বান পরিচালক, উপপরিচালক ও কর্মকর্তা।

ঢাকা ৭-৯-৯২ আহ্‌মদ শরীফ

বাংলা একাডেমী
সংক্ষিপ্ত বাংলা অভিধান

অ

অ[১] বাংলা বর্ণমালার প্রথম স্বরবর্ণ।

অ[২](অন্) *অব্য* এটি 'নঞ্' অব্যয়ের রূপান্তর বলে 'ন'='অ'। এর পরবর্তী শব্দের প্রথম অক্ষর স্বরবর্ণ হলে এই 'অ' স্থলে 'অন্' হয়। সুতরাং 'ন'='অ'='অন্'। এর দ্বারা অভাব, অল্পতা, অপ্রশস্ততা, অন্যত্ব, সাদৃশ্য ও বিরোধ এই ছয় প্রকার অর্থ প্রকাশিত হয়, যথা—অভাব অর্থে (ন+যত্ন=অযত্ন); অল্পতা অর্থে (ন+আয়াস=অনায়াস); প্রশস্ততা অর্থে (ন+কাল=অকাল); অন্যত্ব অর্থে (ন+ঘট=অঘট); সাদৃশ্য অর্থে (ন+ব্রাহ্মণ = অব্রাহ্মণ); বিরোধ অর্থে (ন+ধর্ম=অধর্ম)। এছাড়া মধ্যবাংলায় এই 'অ' পূর্ণতা অর্থেও ব্যবহৃত হতো, যথা—অকুমারী=পূর্ণ কুমারী।

অই পদ্যে 'ঐ' নামক নির্দেশক স্বরবর্ণের পরিবর্তে ছন্দের খাতিরে 'অই' রূপের ব্যবহার দেখা যায়। ধ্বনি বিজ্ঞানে 'ঐ'='অই' যৌগিক বা যুক্ত স্বর (diphthong)।

অংশ *বি* ১ ভাগ; খণ্ড। ২ অঞ্চল; স্থান। ৩ মালিকানা; স্বত্ব; share। ৪ দেবতার ঔরস বা বীর্য। ৫ অবতার। ৬ বিষয় বা পক্ষ। ৭ প্রত্যঙ্গ। ৮ বৃত্তপরিধির ৩৬০ ভাগের এক ভাগ। ৯ রাশিচক্রের ত্রিশ বা বারো ভাগের এক ভাগ। [স. √অন্শ্+অ]। **অংশক** *বি* ১ জ্ঞাতি। ২ দিন। **অংশগ্রাহী** *বিণ* অংশীদার; শরিক। **অংশত** *ক্রিবিণ* অংশক্রমে; কিয়দংশে; আংশিকভাবে। **অংশন** *বি* বণ্টন; বিভাজন। **অংশভাক** *বি* ১ অংশীদার; উত্তরাধিকারী। ২ অংশ চায় যে। **অংশভাগী** *বিণ* অংশ পাওয়ার যোগ্য; অংশীদার।

অংশাংশি *বি* ভাগাভাগি।

অংশিত *বিণ* বিভিন্ন অংশে বিভক্ত।

অংশী *বিণ* ১ অংশবিশিষ্ট। ২ অংশ আছে এমন; ভাগী; partner; shareholder। **অংশীদার** *বি* সম্পত্তি বা কারবারে অংশ আছে যার। [স. অংশী+ফা. দার]। **অংশীদারি, অংশীদারী** *বি,বিণ* অংশীদারের কাজ, ভাব বা অবস্থা; অংশীদার সম্বন্ধীয়।

অংশু *বি* ১ কিরণ; রশ্মি; প্রভা। ২ তন্তু; আঁশ। [স.]। **অংশুপট্ট** *বি* গরদ, তসর, মটকা প্রভৃতি রেশমি সুতার কাপড়। **অংশুমালী** *বি* সূর্য। ❑ *বিণ* প্রদীপ্ত; তেজোময়।

অংশুক *বি* সূক্ষ্ম বস্ত্র। [স.]

অংস *বি* স্কন্ধ; কাঁধ। **অংসকূট** *বি* ষাঁড়ের কাঁধের মাংসপিণ্ড। [স.]

অকথন *বি* ১ অন্যায় উক্তি; অযৌক্তিক কথা। ২ যা ব্যক্ত করা অসাধ্য; যা প্রকাশ করার অযোগ্য; অবক্তব্য। ৩ কুকথা; অনুচিত কথা। [স. ন+কথন]। **অকথনীয়** *বিণ* বলার উপযুক্ত নয় এমন; বলা অনুচিত এমন।

অকথা *বি* ১ অশ্লীল বা অনুচিত কথা। ২ মিথ্যা কথা; রটানো কথা। [স. ন+কথা]

অকথিত *বিণ* অনুক্ত বা অনুচ্চারিত; বলা হয়নি এমন। [স. ন+কথিত]

অকথ্য *বি* ১ যে কথা অশ্লীল বা অনুচিত; অবাচ্য; বলার অযোগ্য। ২ কথায় প্রকাশ করা যায় না এমন; অনির্বচনীয়; গোপন। [স. ন+কথ্য]। **অকথ্য-কথন** *বি* ১ বলবার নয় এমন কথা; গালি। ২ অবর্ণনীয়; অনির্বচনীয়।

অকপট *বিণ* সরল; কপটতাহীন (মানুষ, মন, ভক্তি); ছলশূন্য; প্রবঞ্চনাহীন; শঠতাশূন্য। [স.]

অকবি *বি* ১ যিনি কবিপ্রতিভাহীন বা কবি নামের অযোগ্য। ২ চেষ্টাকৃত কবিতারচক। ❑ *বিণ* কবিত্বহীন। [স. ন+কবি]

অকমনীয় *বিণ* ১ অসুন্দর; অমনোহর; অস্নিগ্ধ; অমসৃণ। ২ অস্পৃহণীয়। [স. ন+কমনীয়]

অকম্প *বিণ* কাঁপে না এমন; স্থির। [স. ন+কম্প]

অকম্প্র *বিণ* কম্পনশূন্য; নিশ্চল; অনড়। [স. ন+কম্প্র]

অকরুণ *বিণ* নিষ্ঠুর; দয়াশূন্য; নির্মম। [স. ন+করুণ]

অকর্তব্য *বিণ* করা উচিত নয় এমন; অনুচিত; অকরণীয়। [স. ন+কর্তব্য]

অকর্ম(–মন্) *বি* ১ অপকর্ম; কুকাজ; খারাপ কাজ; অকাজ। ২ কর্মের অভাব; নিষ্ক্রিয়তা। [স. অ+√কৃ+মন্]। **অকর্মক** *বিণ* ১ (ব্যা.) কর্ম নেই এমন; intransitive (অকর্মক ক্রিয়া)। ২ বেকার; কর্মশূন্য। **অকর্মণ্য** *বিণ* ১ কর্মক্ষম নয় এমন; অপটু। ২ অকেজো; ব্যবহারের অযোগ্য। **অকর্মণ্যতা** *বি*। **অকর্মা** *বিণ* ১ কোনো কাজের নয় এমন। ২ অলস। **অকর্মার ধাড়ি** *বি* নিতান্ত অলস ব্যক্তি।

অকলঙ্ক *বিণ* ১ কলঙ্কহীন; অপবাদহীন; নির্দোষ। ২ দাগশূন্য। ৩ নির্মল; পবিত্র; সুন্দর। [স. ন+কলঙ্ক]। **অকলঙ্কিত, অকলঙ্কী** *বিণ* কলঙ্কমুক্ত; সাধু; নির্দোষ। **অকলঙ্কিনী** *স্ত্রী*।

অকলুষ *বিণ* মালিন্যহীন; নিষ্পাপ; নির্দোষ; পবিত্র। [স. ন+কলুষ]। **অকলুষিত** *বিণ*।

অকল্পনীয় *বিণ* কল্পনা করা যায় না এমন। [স. ন+কল্পনীয়]

অকল্পিত *বিণ* ১ মনগড়া বা কল্পিত নয় এমন; বাস্তবিক। ২ কল্পনা করা যায়নি এমন। [স. ন+কল্পিত]

অকল্যাণ *বি* অমঙ্গল; অশুভ; অনিষ্ট। ❑ *বিণ* অমঙ্গলকর; অকল্যাণকর; অশুভকর; ক্ষতিকর। [স. ন+কল্যাণ]।

অকস্মাৎ *অব্য, ক্রিবিণ* ১ হঠাৎ; সহসা; অতর্কিতে;

অজানিতভাবে। ২ আকস্মিক (প্রাপ্তি বা ঘটনা)। [স. ন+কস্মাৎ]

অকাজ *বি* ১বাজে কাজ বা অন্যায় কাজ; মন্দ কাজ। ২ নিষ্ফল কাজ; বৃথা কর্ম। [বা.]

অকাট *বিণ* ১ নিরেট; সম্পূর্ণ; আস্ত; অত্যন্ত (অকাট মূর্খ)। ২ কাটা নয় এমন। ৩ সারবান নয় এমন। [বা. আকাঠ> অকাট]

অকাট্য *বিণ* ১ কাটা যায় না এমন। ২ খণ্ডন করা যায় না এমন; অখণ্ডনীয়। ৩ চূড়ান্ত; অপরিবর্তনীয়। [বা.]

অকাতর *বিণ* ১ অব্যাকুল; অনভিভূত; খেদহীন। ২ অকুণ্ঠ; নিঃশঙ্ক। ৩ শ্রমে বা দুঃখে কাতর নয় এমন। [স. ন+কাতর]। **অকাতরতা** *বি*। **অকাতরে** *ক্রিবিণ* ১ অকুণ্ঠচিত্তে। ২ অক্লেশে; অনায়াসে। ৩ নিশ্চিন্ত আরামে বা প্রগাঢ়ভাবে।

অকার *বি* ১ 'অ' বর্ণ বা ধ্বনি। 'অ' কার সব সময়ে অদৃশ্য বা উহ্য থাকে, কোনো চিহ্নে লিখিত হয় না। তবে স্বরান্ত ব্যঞ্জনবর্ণের সঙ্গে অদৃশ্যভাবে উচ্চারিত হয়। ২ ব্রহ্ম। ৩ বেকার। **অকারান্ত** *বিণ* অন্তে 'অ' ধ্বনিযুক্ত।

অকারণ *বিণ* ১ অহেতুক; কারণবিহীন। ২ ব্যর্থ; বিফল; বৃথা। ৩ অনর্থক; শুধু শুধু। **অকারণে** *ক্রিবিণ*।

অকার্য *বি* ১ অকাজ; কুকাজ; বাজে কাজ। ২ নিষ্ফল কাজ; বৃথা কাজ; ক্ষতিকর কাজ। [স. ন+কার্য]

অকাল *বি* ১ অসময়; দুঃসময়; অশুভ কাল; অপরিণত কাল (অকালবর্ষা)। ২ দুর্ভিক্ষ। ৩ অপ্রশস্ত কাল; যে কাল শুভকাজের উপযোগী নয়। ৪ অসময়োচিত। [স. ন+কাল]। **অকালকুষ্মাণ্ড** *বি* ১ অকালে উৎপন্ন কুমড়া। ২ (আল.) মূর্খ; অকর্মণ্য; অপদার্থ। **অকালপক্ব** *বিণ* ১ অকালে পাকা। ২ (আল.) ইঁচড়ে পাকা; বাল্যে বৃদ্ধের ন্যায় আচরণসম্পন্ন। **অকালপক্বতা** *বি*। **অকালবার্ধক্য** *বি* অসময়ে আগত বৃদ্ধাবস্থা। **অকালবৃদ্ধ** *বিণ* যথাসময়ের পূর্বেই বার্ধক্যে উপনীত। **অকালবৃষ্টি** *বি* অসময়ে বর্ষণ। **অকালবোধন** *বি* ১ অসময়ে আহ্বান। ২ (আল.) অসময়ে কোনো কাজ সম্পাদন। **অকালমৃত্যু** *বি* পরিণত বয়সের পূর্বে মৃত্যু। **অকালসন্ধ্যা** *বি* অসময়ে আগত সন্ধ্যা।

অকিঞ্চন *বিণ* ১ কিছুই নেই এমন; নিঃস্ব; দরিদ্র। ২ দুঃখী; ইতর; মূঢ়; অধর্ম। ৩ তুচ্ছ; সামান্য; নগণ্য। [স. ন+কিঞ্চন]। **অকিঞ্চনতা, অকিঞ্চনত্ব** *বি*। **অকিঞ্চিৎ, অকিঞ্চিৎকর** *বিণ* যৎসামান্য; নগণ্য; তুচ্ছ। [স. ন+কিঞ্চিৎ+কর]। **অকিঞ্চিৎকরতা** *বি* সামান্য অবস্থা; নগণ্য ভাব।

অকীর্তি *বি* অখ্যাতি; নিন্দা; দুর্নাম। [স. ন+কীর্তি]। **অকীর্তিকর** *বিণ* অখ্যাতিকর। **অকীর্তিত, অকীর্ত** *বিণ* প্রচারিত হয়নি এমন; অঘোষিত; অজানা। **অকীর্তিমান** *বিণ* অখ্যাত; নিন্দিত।

অকুটিল *বিণ* সরল; অবক্র; অক্রূর; অকপট। [স. ন+কুটিল]। **অকুটিলতা** *বি*। **অকুটিলা** *স্ত্রী*।

অকুণ্ঠ, অকুণ্ঠিত *বিণ* ১ অকাতর; অসঙ্কুচিত। ২ অব্যাহত; অপ্রতিহত। ৩ নির্ভীক; নিঃশঙ্ক। ৪ অক্ষুব্ধ। [স. ন+কুণ্ঠ, +ত]। **অকুণ্ঠিতা** *স্ত্রী*। **অকুণ্ঠচিত্ত** *বিণ* উদারচিত্ত; মুক্তপ্রাণ; সরলমনা। **অকুণ্ঠচিত্তে** *ক্রিবিণ*।

অকুতোভয় *বিণ* কোথাও থেকে ভয় নেই এমন; নির্ভীক; নিঃশঙ্ক; অসমসাহসী। [স. ন+কুতঃ+ভয়]। **অকুতোভয়া** *স্ত্রী*। **অকুতোভয়তা** *বি* ভয়শূন্যতা; অসমসাহসিকতা।

অকুল *বি* নীচ বংশ; বিবাহাদি সম্পর্কের অযোগ্য বংশ; হীনবংশ; অকুলীন; মান-মর্যাদা-খ্যাতিশূন্য পরিবার; অঘর। [স. ন+কুল]

অকুশল *বিণ* ১ অমঙ্গল; অশুভ। ২ অপটু; অনিপুণ; অদক্ষ; আনাড়ি। [স. ন+কুশল]

অকূল *বি,বিণ* ১ তীরহীন; অপার; অসীম। ২ গভীর; নিবিড়। ৩ (আল.) কঠিন বিপদ; ঘোর সঙ্কট। [স. ন+কূল]। **অকূল পাথার** *বি* ১ অসীম সমুদ্র; দুস্তর পারাবার। ২ (আল.) কঠিন বিপদ; মহাসঙ্কট। **অকূলে কূল পাওয়া** *ক্রি* মহাবিপদ থেকে উদ্ধার পাওয়া; ঘোর সঙ্কটে সাহায্য পাওয়া। **অকূলে ডোবা, অকূলে ভাসা** *ক্রি* ভীষণভাবে বিপদগ্রস্ত হওয়া। **অকূলের ভেলা** *বি* অসহায় অবস্থায় প্রাপ্ত অবলম্বন বা আশ্রয়।

অকৃত *বিণ* ১ করা হয়নি এমন; অননুষ্ঠিত; অসম্পাদিত। ২ নিরর্থক; বিফল। [স. ন+কৃত]। **অকৃতকার্য** *বিণ* নিষ্ফল; ব্যর্থ। **অকৃতকার্যতা** *বি*। **অকৃতদার** *বিণ* অবিবাহিত; অনূঢ়। **অকৃতবিদ্য** *বিণ* অশিক্ষিত; নিরক্ষর।

অকৃতজ্ঞ *বিণ* উপকারীর উপকার স্বীকার করে না এমন; নিমকহারাম। [স. ন+কৃতজ্ঞ]। **অকৃতজ্ঞতা** *বি*।

অকৃতার্থ *বিণ* ১ অচরিতার্থ; অকৃতকার্য; ব্যর্থ। ২ বিফল মনোরথ। [স. ন+কৃতার্থ]

অকৃতিত্ব *বি* অক্ষমতা; অপটুতা; অযোগ্যতা; অদক্ষতা; অজ্ঞতা; অকুশলতা। [স. ন+কৃতিন্+ত্ব]

অকৃতী *বিণ* অপটু; কৃতিত্বপূর্ণ কোনো কাজের যোগ্যতাহীন; কাজে অকুশল; আনাড়ি। [স. ন+কৃতিন্]

অকৃত্য *বিণ* ১ অকর্তব্য; অকরণীয়। ২ নিন্দিত কাজ; কুকাজ। [স. ন+কৃত্য]

অকৃত্রিম *বিণ* ১ নকল নয় এমন; বিশুদ্ধ; খাঁটি; আদত; স্বাভাবিক; আসল; আন্তরিক; যথার্থ; অভেজাল। ২ অকপট; ছলনাশূন্য। [স. ন+কৃত্রিম]। **অকৃত্রিমতা** *বি*।

অকৃপণ *বিণ* ১ মুক্তহস্ত; বদান্য। ২ অমিতব্যয়ী। ৩ প্রচুর। **অকৃপণতা** *বি*। [স. ন +কৃপণ]

অকেজো *বিণ* কাজের অযোগ্য; কোনো কাজে আসে না এমন; অকর্মণ্য। [বা. আ+(কাজুয়া> কাউজ্যা)> কেজো]

অক্কা *বি* ১ মৃত্যু। ২ জননী; মা। [স.]। **অক্কা পাওয়া** *ক্রি* (ব্য.) মরে যাওয়া। **অক্কাপ্রাপ্তি** *বিণ*। [তুল. আ. অক্কা, ফা. আকা (প্রভু, মালিক, পিতা)]

অক্টোপাস *বি* ১ আট বাহুবিশিষ্ট হিংস্র সামুদ্রিক প্রাণীবিশেষ। এর আট বাহুর বেষ্টনে ও চাপে ধৃত প্রাণী মারা যায়। ২ (আল.) মারাত্মক শক্তিপ্রয়োগে যে শত্রুকে পর্যুদস্ত করে। [ই. octopus]

অক্ত[১] *বিণ* মিশ্রিত; লিপ্ত (রক্তাক্ত)। [স. √অন্জ্+ত]

অক্ত[২], **ওয়াক্ত** *বি* সময় (নামাজের অক্ত, দুপুরের অক্ত, খাবার অক্ত)। [আ. ওয়াক্ত]

অক্রিয় *বিণ* নিষ্ক্রিয়; কর্মশূন্য; নিরুদ্যম। **অক্রিয়া** *বি* ১ কর্মশূন্যতা; নিষ্ক্রিয়তা। ২ শাস্ত্রবিরুদ্ধ কাজ; অন্যায়

কাজ; অবৈধ ক্রিয়া [সং. ন+ক্রিয়া]।

অক্রীত *বিণ* ১ ক্রয় করা হয়নি এমন। ২ কেনা নয় এমন; বিনিময়ে অথবা বিনামূল্যে প্রাপ্ত। [সং. ন+ক্রীত]

অক্লান্ত *বিণ* ১ ক্লান্তিহীন; অশ্রান্ত; অনবসন্ন; শ্রান্তিশূন্য। ২ ক্লান্তিহীনভাবে; ক্রমাগত। [সং. ন+ক্লান্ত]। **অক্লান্তকর্মা** *বিণ* পরিশ্রমে অকাতর; অতিশয় পরিশ্রমী।

অক্লিষ্ট *বিণ* ১ ক্লেশহীন; ক্লেশ বোধ করে না এমন; ক্লান্তিশূন্য; শ্রান্তিহীন; অদম্য। ২ নিবৃত্তিহীন; অবিরাম; নিরবচ্ছিন্ন। ৩ অম্লান। [সং. ন+√ক্লিশ্+ত]। **অক্লিষ্টকর্মা** *বিণ* পরিশ্রমে অকাতর; অক্লেশে কর্মসমাপনকারী।

অক্লীব *বিণ* ১ পুরুষত্ববিশিষ্ট; বীর্যবান। ২ ধৈর্যশীল; সহিষ্ণু; অবন্ধ্য। [সং. ন+ক্লীব]

অক্লেশ *বি* ১ ক্লেশের অভাব; কষ্টের অভাব; দুঃখশূন্য। ২ ক্লেশহীন [সং. ন+ক্লেশ]। **অক্লেশে** *ক্রিবিণ* অনায়াসে; বিনা পরিশ্রমে; সহজে।

অক্ষ *বি* ১ খেলার পাশা। ২ (ভূ.) মেরুকেন্দ্র রেখা; axis। ৩ পদ্মবীজ; রুদ্রাক্ষ বীজ। ৪ (ভূ.) বিষুবরেখা হতে কোনো স্থানের কৌণিক দূরত্ব; latitude। ৫ ইন্দ্রিয়। ৬ চক্ষু। [সং. √অক্ষ্+অ]। **অক্ষক্রীড়া** *বি* পাশা খেলা। **অক্ষবৃত্ত, অক্ষরেখা** *বি* (ভূ.) বিষুবরেখা হতে সমদূরবর্তী উত্তর ও দক্ষিণের কল্পিত রেখা; parallel of latitude।

অক্ষত *বিণ* ১ ক্ষত বা আঘাতহীন; অনাহত। ২ নির্দোষ; নিখুঁত। ৩ অখণ্ডিত; অচ্ছিন্ন। ৪ আতপ চাল; যব; খই। [সং. ন+ক্ষত]। **অক্ষতযোনি** *বি, বিণ* যে স্ত্রীলোকের পুরুষ-সঙ্গম হয়নি; কুমারী।

অক্ষম *বিণ* ১ ক্ষমতাহীন; দুর্বল। ২ অসমর্থ; অপটু। ৩ অযোগ্য। [সং. ন+ক্ষমা]। **অক্ষমা** *স্ত্রী.*। **অক্ষমতা** *বি*।

অক্ষমা *বি* ক্রোধ; ক্ষমাহীনতা; ঈর্ষা; অসহিষ্ণুতা। [সং.]

অক্ষয় *বিণ* ১ ক্ষয়হীন; অমর; শাশ্বত; অবিনশ্বর; চিরন্তন। ২ অফুরন্ত। [সং. ন+ক্ষয়]। **অক্ষয় তৃতীয়া** *বি* চান্দ্র বৈশাখের শুক্লা তৃতীয়া; হিন্দুপর্ববিশেষ। **অক্ষয়লোক** *বি* স্বর্গ; বেহেশত।

অক্ষর *বি* ১ বর্ণ; হরফ; letter। ২ একবারে উচ্চারণযোগ্য শব্দের ক্ষুদ্রতম অংশ; syllable। ৩ যার ক্ষরণ নেই— জীবাত্মা, পরমাত্মা, আকাশ। [সং. ন+ক্ষর]। **অক্ষরান্তরীকরণ** *বি* এক ভাষার শব্দকে অন্য ভাষার অক্ষরে প্রকাশকরণ; প্রতিবর্ণীকরণ; transliteration। **অক্ষরে অক্ষরে** *ক্রিবিণ* যথাযথভাবে; অবিকল; হুবহু; ঠিক ঠিক।

অক্ষাংশ *বি* (ভূ.) বিষুবরেখা থেকে উত্তর বা দক্ষিণ দিকে কোনো স্থানের কৌণিক দূরত্ব; latitude। [সং. অক্ষ+অংশ]

অক্ষি *বি* চোখ; আঁখি; নয়ন; নেত্র। [সং.]। **অক্ষিকাচ** *বি* পরকলা; lens। **অক্ষিকোটর** *বি* চোখের খোল; orbit; socket of the eye। **অক্ষিগোলক** *বি* চোখের অভ্যন্তরস্থ সমস্ত গোলাকার অংশ; eyeball। **অক্ষিতারকা** *বি* চোখের তারা। **অক্ষিপক্ষ্ম, অক্ষিলোম** *বি* চোখের পাতার লোম; eyelash। **অক্ষিপট** *বি* অক্ষিগোলকের পশ্চাদ্‌ভাগস্থ অতি সূক্ষ্ম ঝিল্লি বা পর্দা; retina। **অক্ষিপটল** *বি* চোখের ছানি। **অক্ষিপুট** *বি* চোখের পাতা; eyelid।

অক্ষোভ *বিণ* ১ ক্ষোভরহিত; অকাতর। ২ ক্ষোভের অভাব; শান্তভাব। [সং. ন+ক্ষোভ]। **অক্ষোভে** *ক্রিবিণ*। **অক্ষোভিত** *বিণ*।

অক্ষৌহিণী *বি* ১,০৯,৩৫০ পদাতিক, ৬৫,৬১০ ঘোড়া, ২১,৮৭০ হাতি ও ২১,৮৭০ রথবিশিষ্ট সেনাবাহিনী; অগণিত সংখ্যা। [সং. অক্ষ+ঊহিনী]

অক্সিজেন *বি* প্রাণধারণের সহায়ক গ্যাস বা পদার্থবিশেষ; অম্লজান; দহনবায়ু। [ই oxygen]

অখণ্ড *বিণ* ১ খণ্ড করা হয়নি এমন; পূর্ণাঙ্গ; আস্ত; গোটা; সম্পূর্ণ; পূর্ণ; অবিভক্ত; অংশশূন্য। ২ অক্ষুণ্ণ। ৩ পরিপূর্ণ জমাট। ৪ অক্ষত; নিখুঁত। [সং. ন+খণ্ড] **অখণ্ডতা** *বি*। **অখণ্ডনীয়, অখণ্ড্য** *বিণ* ১ অকাট্য; অপরিবর্তনীয়। ২ অবিভাজ্য। **অখণ্ডনীয়তা** *বি*। **অখণ্ডিত** *বিণ*।

অখাদ্য *বিণ* খাওয়ার যোগ্য নয় এমন। ❑ *বি* কুখাদ্য; নিষিদ্ধ খাদ্য। [সং. ন+খাদ্য]

অখিল *বিণ* ১ গোটা; সমগ্র; সমুদয়; সমস্ত। ২ বিরাট। ❑ *বি* জগৎ; ভুবন। [সং. ন+খিল]

অখুশি *বি* অসন্তোষ। ❑ *বিণ* অসন্তুষ্ট। [ফা. খুশ্>খোশ>খুশি]

অখ্যাত *বিণ* অপ্রসিদ্ধ; নগণ্য; তুচ্ছ; অপ্রতিষ্ঠিত; সাধারণের স্মরণযোগ্য নয় এমন। [সং. ন+খ্যাত]। **অখ্যাতনামা** *বিণ* অজ্ঞাতনাম; অপরিচিত নাম (ব্যক্তি, গ্রন্থ)। [সং.]

অখ্যাতি *বি* নিন্দা; অপযশ; দুর্নাম। [সং.]

অগণন *বিণ* গণনার অসাধ্য; অসংখ্য; অগণ্য। [সং. ন+গণন]

অগণনীয় *বিণ* ১ অসংখ্য; গণনার অসাধ্য। ২ তুচ্ছ; নগণ্য; অগ্রাহ্য। [সং.]

অগণিত *বিণ* অসংখ্য; গণনার অসাধ্য।

অগতি *বিণ* গতিশূন্য; স্থির; নিরাশ্রয় বা নিরুপায়। ❑ *বি* ১ অন্ত্যেষ্টিক্রিয়া সুসম্পন্ন হওয়ার অভাব। ২ দুর্গতি; বিপদ। [সং. ন+গতি]। **অগতিক** *বিণ* অসুবিধাজনক; বেগতিক।

অগত্যা *অব্য, ক্রিবিণ* গতির বা উপায়ের অভাবে; অনন্যোপায় হয়ে; বাধ্য হয়ে; কাজেই। [সং. অগতি+বা. আ]

অগভীর *বিণ* ১ অল্প গভীর। ২ ভাসা-ভাসা; সামান্য; অল্প (বিদ্যা, বোধ)। [সং. ন+গভীর]

অগম *বিণ* ১ গতিহীন; অচল। ২ দুর্গম; দুরারোহ। ৩ দুর্বোধ্য। ❑ *বি* পর্বত; বৃক্ষ। [সং.]

অগম্য *বিণ* ১ দুর্গম; গমনের অযোগ্য। ২ যেখানে যাওয়া নিষিদ্ধ বা অকর্তব্য। [সং. ন+গম্য]। **অগম্যা** *বি, বিণ স্ত্রী.* যেসব নারীকে সম্ভোগ করা নীতি বা ধর্ম বহির্ভূত।

অগর্হিত *বিণ* অনিন্দিত; নির্দোষ; বৈধ। [সং. ন+√গর্হ্+ত]

অগস্ত্য *বিণ* ১ (জ্যো-বি) নক্ষত্রবিশেষ; Canopus। ২ প্রাচীন মুনি। ৩ পহেলা ভাদ্র। [সং.]। **অগস্ত্যযাত্রা বা অনন্ত যাত্রা** *বি* যে যাত্রায় আর ফিরে আসা যায় না (পুরাণ-বৃত্তান্ত); যে-কোনো মাস পহেলা; নিষিদ্ধ যাত্রা; শেষ যাত্রা; চিরজন্মের মতো প্রস্থান।

অগা, অঘা *বিণ* ১ হাঁদা; মূর্খ; নির্বোধ। ২ অকর্মা; অপদার্থ। [সং. অজ্ঞ>অগা]। **অগাকান্ত, অগাচণ্ডী, অগারাম** *বি* মূর্খ নির্বোধ বা অপদার্থ ব্যক্তি। **অগামারা** *বিণ* বোকা হয়ে গেছে এমন।

অগাধ *বিণ* ১ অতলস্পর্শ; অতি গভীর; প্রগাঢ়; অধিক; অসামান্য। ২ অপরিমেয়। ৩ অনন্ত; বিস্তৃত; অসীম।

৪ সুপ্রচুর। [স. অগাধ (তলস্পর্শী)]
অগীত *বিণ* গাওয়া হয়নি এমন। [স. ন+গীত]
অগুনতি, অগনতি *বিণ* অসংখ্য; অজস্র; অনেক; বহু। [স. অগণিত>অগন্‌তি>অগুনতি(স্বরসঙ্গতিতে)]
অগুরু, অগরু *বি* ১ সুগন্ধি কাঠবিশেষ; শিংশপা বৃক্ষ (শিশুগাছ); পীত সুগন্ধি কাঠ; aloe-wood; কৃষ্ণচন্দন বা কালো অগুরু; agallocha। ২ লঘু; হালকা; তুচ্ছ। [স.]
অগোচর *বিণ* বুদ্ধি বা ইন্দ্রিয়ের অতীত এমন; অদৃশ্য। [স. ন+গোচর]। **অগোচরে** *ক্রিবিণ*।
অগোছালো *বিণ* এলোমেলো; অবিন্যস্ত। [বা.]
অগৌণ *বি* অবিলম্ব; ত্বরা; সত্বর। ❑ *বিণ* মুখ্য; প্রধান। [স. ন+গৌণ]। **অগৌণে** *ক্রিবিণ* সত্বর; শীঘ্রই; অবিলম্বে।
অগৌরব *বি* অসম্মান; অমর্যাদা; অখ্যাতি। [স. ন+গৌরব]
অগ্নি *বি* ১ আগুন; অনল; বহ্নি; তেজ; শক্তি; পাবক; হুতাশন; দেবতা; জাতবেদ; পবনবাহন। ২ পরিপাকশক্তি; ক্ষুধা। ৩ জ্বালা। ❑ *বিণ* উজ্জ্বল বর্ণবিশিষ্ট; আগুনের মতো রং এমন। [স.]। **অগ্নিকণা** *বি* অগ্নিস্ফুলিঙ্গ; আগুনের ফুলকি। **অগ্নিকাণ্ড** *বি* গৃহদাহ; আগুনের ব্যাপক ধ্বংসলীলা। **অগ্নিকোণ** *বি* পূর্ব ও দক্ষিণ দিকের মধ্যবর্তী কোণ; পূর্ব-দক্ষিণ কোণ। **অগ্নিক্রীড়া** *বি* ১ আতস-বাজি পোড়ানো। ২ আগুনের খেলা। **অগ্নিগর্ভ** *বিণ* ভিতরে আগুন আছে এমন। **অগ্নিগিরি** *বি* আগুনের পর্বত। **অগ্নিপরীক্ষা** *বি* ১ (আল.) অতি কঠিন পরীক্ষা। ২ হিন্দুমতে আগুনের সাহায্যে শুদ্ধাশুদ্ধ নির্ণয় বা বিচার। **অগ্নিপুরুষ** *বি* আগুনের মতো তেজস্বী ব্যক্তি। **অগ্নিবাণ** *বি* ১ অগ্নিবর্ষণকারী তীরবিশেষ। ২ (আল.) চরম আঘাত। **অগ্নিমন্ত্র** *বি* ১ যে মন্ত্রে আগুনের মতো তেজ বিদ্যমান। ২ কঠিন সংকল্প। **অগ্নিমান্দ্য** *বি* পরিপাক-শক্তি হ্রাস; অজীর্ণ রোগ। **অগ্নিমূর্তি, অগ্নিশর্মা** (র্মন্) *বিণ* অতিশয় ক্রোধান্বিত। **অগ্নিমূল্য** *বি* দুর্মূল্য; মহার্ঘ। **অগ্নিযুগ** *বি* (আল.) বিপ্লব যুগ। **অগ্নিসংস্কার, অগ্নিসৎকার** *বি* হিন্দুদের অন্ত্যেষ্টিক্রিয়া; শবদাহ। **অগ্নিহোত্রী** *বি* যে প্রতিদিন হোম করে; সাগ্নিক ব্রাহ্মণ।
অগ্ন্যুৎপাত *বি* ১ আকাশবহ্নির উৎক্ষিপ্ত কণার ভূমিতে পতন। ২ ধূমকেতু; উল্কা; বজ্র প্রভৃতি গগন-অগ্নির পতন যা অমঙ্গলকর। ৩ উৎপাত; উপদ্রব। [স. অগ্নি+উৎপাত]
অগ্ন্যুৎসব *বি*. ১ অগ্নি জ্বেলে আমোদকরণ; বহ্ন্যুৎসব; bonfire। ২ বাজি পোড়ানো; আলোক-সজ্জা ইত্যাদি। [স. অগ্নি+উৎসব]
অগ্ন্যুদ্‌গম, অগ্ন্যুদ্‌গার, অগ্নি-উদ্‌গিরণ *বি* আগ্নেয় পর্বত অথবা কামানাদি আগ্নেয়াস্ত্র থেকে আগুন বের হওয়া। [স. অগ্নি+উদ্‌গম, উদ্‌গার, উদ্‌গিরণ]
অগ্র *বিণ* পুরোবর্তী; আদ্য; উত্তম; প্রথম; প্রধান। ❑ *বি* ১ শিখর; আগা; ডগা; প্রান্ত; সম্মুখ। ২ অবলম্বন; লক্ষ্য। [স.]। **অগ্রগণ্য** *বিণ* প্রথমে বা সবার আগে উল্লেখযোগ্য; প্রধান; শ্রেষ্ঠ। **অগ্রগতি, অগ্রগমন, অগ্রসরণ** *বি* সম্মুখ-গমন; উন্নতি; বৃদ্ধি। **অগ্রগামী** *বিণ* অগ্রে গমনকারী; সর্বোৎকৃষ্ট। **অগ্রজ** *বিণ* আগে জন্মেছে এমন; প্রথমে জাত; বড় ভাই। **অগ্রণী** *বিণ* শ্রেষ্ঠ; প্রধান। ❑ *বি* প্রবর্তক; পথিকৃৎ; নায়ক; প্রধান নেতা; pioneer। **অগ্রদানী** *বি* হিন্দুদের শ্রাদ্ধের তিলদান গ্রহণকারী পতিত ব্রাহ্মণ। **অগ্রদূত** *বি* ১ অগ্রনায়ক; পথপ্রদর্শক। ২ প্রথম সংবাদ বাহক। **অগ্রপথিক** *বি* অগ্রবর্তী লোক; পুরোগামী। **অগ্রপশ্চাৎ** *ক্রিবিণ* ১ আগপাছ; পূর্বাপর। ২ (আল.) ভালোমন্দ। ৩ (আল.) ভূত-ভবিষ্যৎ। **অগ্রবর্তী** *বিণ* সম্মুখস্থ; পুরোগামী; আগের। **অগ্রে** *ক্রিবিণ* ১ আগে; প্রথমে। ২ সম্মুখে; সমীপে। [স.]
অগ্রহণীয় *বিণ* গ্রহণের অযোগ্য; উপেক্ষণীয়; অগ্রাহ্য; অস্বীকার্য। [স. ন+গ্রহণীয়]
অগ্রহায়ণ, অঘ্রান *বি* বাংলা সনের অষ্টম মাস। এক সময় হায়নের (বৎসরের) প্রথম মাস হিসেবে গণ্য হতো হেমন্তের এ মাসটি— তাই 'অগ্রহায়ণ'। [স. অগ্র+হায়ন (=বৎসর)]
অগ্রাধিকার *বি* অগ্রে বিবেচনার অধিকার; প্রাধান্য; প্রথমেই বিবেচিত হওয়ার যোগ্যতার স্বীকৃতি; priority। [স. অগ্র+অধিকার]
অগ্রাহ্য *বিণ* অগ্রহণীয়; অবজ্ঞেয়; বাতিল; না-মঞ্জুর। [স. ন+গ্রাহ্য]। **অগ্রাহ্য করা** *ক্রি* ১ অবজ্ঞা করা; উপেক্ষা করা। ২ বাতিল বা না-মঞ্জুর করা।
অগ্রিম *বিণ* আগাম; অগ্রে দেয়; দাদন; বায়না। [স.]
অঘটন *বি* ১ অসম্ভব বা অপ্রত্যাশিত ঘটনা; অঘট; দুর্ঘট। ২ সংঘটিত না হওয়া। [স. ন+√ঘট্+অন]। **অঘটন-ঘটনপটিয়সী** *বিণ স্ত্রী.* অসাধ্য সাধনে সুনিপুণা।
অঘর *বি* অকুলীন; হীন বা বিয়ের সম্পর্ক স্থাপনের পক্ষে অনুপযুক্ত বা অযোগ্য বংশ বা পরিবার। [বা.]
অঘাট, আঘাট *বি* ১ ব্যবহারের অযোগ্য ঘাট; ঘাট নেই তেমন পাড়। ২ যেখানে ঘাট নেই এমন স্থান। [বা.]
অঘোর[১] *বিণ* ১ অচেতন; বেহুঁশ। ২ প্রচণ্ড; ভীষণ; গভীর (অঘোর ঘুম)। [বা. অ+স. ঘোর]
অঘোর[২] *বি* শিব। [স. অ+ঘোর]। **অঘোরতন্ত্রী, অঘোরপন্থি, অঘোরী** *বি* ১ শিবোপাসক সম্প্রদায়বিশেষ। ২ ভয়ঙ্কর; প্রগাঢ়; প্রচণ্ড; দুর্ধর্ষ; রুদ্র। [স.]
অঘোষ *বিণ* লঘুধ্বনিযুক্ত; অনুদাত্ত; অনিনাদিত; শব্দহীন; নিঃশব্দ। **অঘোষ ধ্বনি** *বি* যেসব ধ্বনি উচ্চারণের সময়ে স্বরযন্ত্রের ভিতরকার স্বরতন্ত্রী (vocal chords) যথারীতি কাঁপে না সেগুলো অঘোষ ধ্বনি। **অঘোষ বর্ণ** *বি* যেসব বর্ণ উচ্চারণকালে স্বরতন্ত্রী যথারীতি কম্পিত হয় না; লঘুধ্বনিযুক্ত বর্ণ; বাংলা বর্ণমালার বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ এবং শ স অঘোষবর্ণ।
অঘ্রাত *বিণ* ঘ্রাণ নেওয়া হয়নি এমন; অনাঘ্রাত; আশোঁকা। [স. ন+ঘ্রাত]
অঘ্রান *বি* বাংলা সনের অষ্টম মাস। 'অগ্রহায়ণ' দ্রষ্টব্য।
অঙ্ক *বি* ১ চিহ্ন; রেখাগণিতে আঁক; sum (অঙ্ক কষা)। ২ রাশি; সংখ্যা; number, digit, figure। ৩ হিসাব; গণনা। ৪ কোল; ক্রোড় (মাতৃ-অঙ্ক)। ৫ নাটকের পরিচ্ছেদ বা বিভাগ (পঞ্চাঙ্ক নাটক)। ৬ কলঙ্ক। ৭ অলঙ্কার; ভূষণ। [স.]
অঙ্কন *বি* ১ আঁকা; চিত্রণ। ২ চিহ্নিতকরণ; চিহ্ন দেওয়া। ৩ সংখ্যা লিখন। ৪ (জ্যা.) রেখাপাতন; construction। [স. √অঙ্ক্+অন]। **অঙ্কনি** *বি* পেন্সিল, খড়ি, তুলি ইত্যাদি অঙ্কনের উপকরণ। **অঙ্কনীয়** *বিণ* ১ আঁকবার যোগ্য; লেখনীয়। ২ আঁকতে হবে এমন। [স. √অঙ্ক্+অনীয়]

অঙ্কিত *বিণ* ১ চিহ্নিত; লিখিত। ২ চিত্রিত; ক্ষোদিত। ৩ বর্ণিত; বিবৃত। ৪ গ্রথিত; ছাপ পড়া। □ *বি* (জ্যা.) টাকা; অঙ্ক পাতন। [স. √অঙ্ক্+ত]

অঙ্কুর *বি* ১ বীজ থেকে যা প্রথম বের হয়; উন্মেষ; সঞ্চার (ভাবের অঙ্কুর); প্রকাশ; মুকুল। ২ আদি; মূল; সূত্রপাত (অঙ্কুরে বিনাশ); আগা (তৃণাঙ্কুর)। [স.]

অঙ্কুরিত *বিণ* ১ অঙ্কুর নির্গত হয়েছে এমন; মুকুলিত। ২ আবির্ভূত; প্রকাশিত। **অঙ্কুরোদ্‌গম, অঙ্কুরোদয়** *বি*।

অঙ্কুশ, অঙ্কুষ *বি* মাহুত যে লৌহদণ্ডের সাহায্যে হাতি পরিচালনা করে; ডাঙ্গশ; হস্তিতাড়নদণ্ড [স.]। **অঙ্কুশী** *বি* ১ আঁকশি। ২ অঙ্কুশধারী।

অঙ্গ *বি* ১ দেহের অংশ; অবয়ব; দেহ; শরীর। ২ মূর্তি; আকৃতি। ৩ একাংশে। ৪ অংশ; ভাগ। ৫ ভারতীয় উপমহাদেশের প্রাচীন প্রদেশ। ৬ পর্যায়; গ্রাম। [স.]। **অঙ্গচালন, অঙ্গচালনা, অঙ্গবিক্ষেপ, অঙ্গসঞ্চালন** *বি* ১ দেহের নাড়াচাড়া। ২ ব্যায়াম। **অঙ্গচ্ছেদ, অঙ্গচ্ছেদন** *বি* ১ দেহের কোনো অংশ কেটে ফেলা। ২ মূল থেকে কোনো অংশ বিচ্যুত বা ভাগ করা। **অঙ্গজ** *বি* ১ সন্তান। ২ দেহ থেকে উৎপন্ন। **অঙ্গজা** *স্ত্রী*। **অঙ্গপ্রত্যঙ্গ** *বি* দেহের বিভিন্ন অংশ। **অঙ্গপ্রসাধন, অঙ্গরক্ষা, অঙ্গরাখা** *বি* ১ জামাবিশেষ; আংরাখা। ২ অঙ্গত্রাণ; বর্ম। **অঙ্গরাগ** *বি* ১ দেহের সাজসজ্জা; দেহের প্রসাধন। ২ দেহসজ্জার উপকরণ; প্রসাধন দ্রব্য।

অঙ্গদ *বি* ১ ভূষণবিশেষ; বাহুর অলঙ্কার; কেয়ূর; বাজুবন্ধ। ২ কিষ্কিন্ধ্যার রাজা বালির পুত্র। [স.]

অঙ্গন *বি* ১ আঙিনা; উঠান। ২ চাতাল। [স.]

অঙ্গনা *বি* ১ স্ত্রী; নারী; রমণী। ২ অঙ্গসৌষ্ঠব সম্পন্না স্ত্রী; সুদর্শনা নারী। [স.]

অঙ্গাঙ্গি, অঙ্গাঙ্গী *বিণ* ১ শরীরের এক অঙ্গের সঙ্গে অন্য অঙ্গের সম্বন্ধযুক্ত। ২ স্বপক্ষীয়ের প্রতি পক্ষপাত। [স. অঙ্গ+অঙ্গ+বা. ই]। **অঙ্গাঙ্গিভাব, অঙ্গাঙ্গি সম্বন্ধ** *বি* অবিচ্ছেদ্য ঘনিষ্ঠতা; ঘনিষ্ঠ সৌহার্দ্য; গলাগলি ভাব।

অঙ্গাবরণ *বি* দেহাচ্ছাদন বস্ত্র; পরিচ্ছদ। [স. অঙ্গ+আবরণ]

অঙ্গার *বি* ১ কয়লা। ২ কলঙ্ক; গ্লানি (কুলাঙ্গার)। [স.]। **অঙ্গারক** *বি* কয়লা; carbon।

অঙ্গীকার *বি* ১ প্রতিশ্রুতি; প্রতিজ্ঞা; স্বীকার; ওয়াদা; কথা দেওয়া; commitment। ২ সম্মতি; স্বীকৃতি। ৩ অঙ্গীভূতকরণ। [স.]। **অঙ্গীকৃত** *বিণ* ১ প্রতিশ্রুত; প্রতিজ্ঞাবদ্ধ; অঙ্গীকারকৃত; স্বীকৃত। ২ অঙ্গীভূত করা; দেহের অন্তর্গত করা। [স.]

অঙ্গীভূত *বিণ* অঙ্গের অন্তর্ভুক্ত; অন্তর্গত; পূর্বে মূলের অংশরূপে গণ্য হতো না এখন অংশরূপে গণ্য। [স. অঙ্গ+ঈ+√ভূ+ত]

অঙ্গুরি, অঙ্গুরীয় *বি* আংটি; অঙ্গুলিভূষণ–অলঙ্কার। [স.]

অঙ্গুলি, অঙ্গুলী *বি* আঙুল; আঙ্গুল। [স.]। **অঙ্গুলি নির্দেশ, অঙ্গুলি সঙ্কেত, অঙ্গুলি হেলন** *বি* আঙুল দিয়ে নির্দেশদান বা ইশারাকরণ। **অঙ্গুলি মোটন, অঙ্গুলি স্ফোটন** *বি* আঙুল মটকানো বা ফুটানো। [স.]

অঙ্গুষ্ঠ *বি* বৃদ্ধাঙ্গুলি। [স. অঙ্গু+√স্থা+অ]

অঙ্গুস্তানা, অঙ্গুষ্ঠানা *বি* অঙ্গুলিত্রাণ; সেলাইয়ের সময়ে সুচের খোঁচা থেকে বাঁচার জন্য আঙুলে ব্যবহৃত আচ্ছাদনবিশেষ; gloves। [ফা. আঙ্গুশতানহ; তু. স. অঙ্গুষ্ঠত্রাণ]

অচকিত *বিণ* ১ অসন্ত্রস্ত; অশঙ্কিত। ২ অবিস্মিত। [স. ন+চকিত]

অচক্রী *বিণ* সরল; অকপট; অখল। [বা.]

অচঞ্চল *বিণ* ১ চঞ্চলতাশূন্য। ২ স্থায়ী; অবিচল; নিশ্চল; নিষ্কম্প; স্থির; অচপল; ধীর। [স. ন+চঞ্চল]। **অচঞ্চলা** *বিণ স্ত্রী*।

অচতুর *বিণ* ১ চালাক নয় এমন। ২ অকৌশলী; সরল; ছলশূন্য; স্বল্পবুদ্ধি; অপটু। **অচতুরা** *স্ত্রী*। [স. ন+চতুর]

অচপল *বিণ* ১ স্থির; স্থায়ী; চঞ্চলতাহীন। ২ ধীরবুদ্ধি; শান্ত; রাশভারী; অচাপল্য। [স. ন+চপল]

অচরিতার্থ *বিণ* অসফল; বিফল মনোরথ; অকৃতার্থ; ব্যর্থকাম। [স. ন+চরিত+অর্থ]

অচল *বিণ* ১ স্থির; গতিহীন। ২ অপ্রচলিত। ৩ ঘষা; মেকি; জাল। ৪ পতিত; একঘরে; সমাজচ্যুত। ৫ ব্যবহারের অযোগ্য; অকেজো। ৬ পরিচালনা বা নির্বাহের উপায়বিহীন। ৭ নিষ্ক্রিয়; স্পন্দনহীন। ৮ স্থায়ী; সুপ্রতিষ্ঠিত। □ *বি* পর্বত। [স. ন+চল]

অচিকিৎসা *বি* ১ চিকিৎসার অভাব। ২ কুচিকিৎসা। **অচিকিৎস্য, অচিকিৎসনীয়** *বিণ* চিকিৎসা বা প্রতিকার নেই এমন। [স. ন+চিকিৎসনীয়]

অচিকীর্ষু *বিণ* কিছু করতে অনিচ্ছুক; অনীহা। [স. ন+চিকীর্ষু]

অচিন *বি* ১ অচেনা; অজানা। ২ অচিহ্নিত; অপরিচিত; অনির্দিষ্ট। ৩ বহিরাগত। [বা.]

অচিন্তনীয়, অচিন্ত্য *বিণ* অভাবনীয়; ধারণার অতীত। **অচিন্তনীয়া** *স্ত্রী*। [স.]

অচিন্তিত, অচিন্তিতপূর্ব, অচিন্ত্যপূর্ব *বিণ* অভাবিত; অপ্রত্যাশিত; পূর্বে চিন্তা বা অনুমান করা যায়নি এমন। [স.]

অচির *বিণ* অল্পকাল; অবিলম্ব; শীঘ্র; অল্পকালস্থায়ী; ক্ষণস্থায়ী। [স. ন+চির]। **অচিরতা** *বি*। **অচিরকাল** *বি* ক্ষণকাল; অল্প সময়। **অচিরজীবী**(–বিন্) *বিণ* অল্পায়ুবিশিষ্ট; নশ্বর; অনিত্য। **অচিরদ্যুতি, অচিরপ্রভা** *বি* বিদ্যুৎ; চপলা। **অচিরে** *ক্রিবিণ* শীঘ্র; অনতিবিলম্বে; সত্বর।

অচিরাৎ *ক্রিবিণ* অবিলম্বে; শীঘ্র; অচিরে। [স.]

অচিহ্নিত *বিণ* চিনবার জন্য দাগযুক্ত নয় এরূপ; অনির্দিষ্ট; অপরিচিত। [ন+√চিহ্ন্+ত]

অচূর্ণ, অচূর্ণিত *বিণ* ১ গুঁড়া করা হয়নি এমন; অখণ্ডিত; আস্ত। ২ অবিনষ্ট; ধ্বংস করা হয়নি এমন। [স. ন+চূর্ণ, চূর্ণিত]

অচেত *বিণ* তত্ত্বজ্ঞানহীন; অজ্ঞান। [স.]। **অচেতচিত্ত** *বিণ* তত্ত্বজ্ঞানহীন চিত্ত এমন; জ্ঞানশূন্য মন এমন।

অচেতন *বিণ* ১ সংজ্ঞাহীন। ২ চেতনাশূন্য; জড়; নির্জীব; মূর্ছিত। ৩ বাহ্যজ্ঞানহীন। ৪ মোহগ্রস্ত। ৫ অজ্ঞান; মূর্খ। [স. ন+চেতন]

অচেনা *বিণ* অজানা; অপরিচিত। ❑ *বি* অপরিচিত ব্যক্তি। [বা.]

অচেষ্ট *বিণ* ১ নিরুদ্যম; নিশ্চেষ্ট; অলস; উদ্যমহীন। ২ অসাড়; জ্ঞানশূন্য। [স. ন+চেষ্টা]

অচৈতন্য *বিণ* সংজ্ঞাহীন; অচেতন। ❑ *বি* অজ্ঞানতা; তত্ত্বজ্ঞানহীনতা। [স. ন+চৈতন্য]

অচ্ছিদ্র *বিণ* ১ ছিদ্রহীন। ২ নির্দোষ; ত্রুটিহীন। [স. ন+ছিদ্র]

অচ্ছিন্ন *বিণ* অখণ্ডিত; অবিভক্ত; সম্পূর্ণ। [স.]

অচ্ছুৎ, অচ্ছুত *বিণ* ছোঁওয়া যায় না এমন; অস্পৃশ্য; হরিজন। [স. ন+√ছুপ্]

অচ্ছেদ্য *বিণ* ছেদন করা যায় না এমন; অবিভাজ্য; অখণ্ডনীয়। [স. ন+ছেদ্য]

অচ্ছোদ *বিণ* স্বচ্ছ; নির্মল। [স. অচ্ছ+উদ (উদক)]

অচ্যুত *বিণ* অস্খলিত; অপতিত; অভ্রষ্ট; স্থির; অটল; চ্যুত নয় এমন; স্বপদে স্থিত। **অচ্যুতা** *স্ত্রী*। [স. ন+√চ্যু+ত]

অছি, অসি *বি* (অপ্রাপ্তবয়স্কের বা নাবালকের) অভিভাবক; তত্ত্বাবধায়ক; ধন-সম্পত্তির পরিচালক; কার্যনির্বাহী। [আ. অসি(তু. অচি *বি* জ্যেষ্ঠভ্রাতা)]

অছিঅত, অসিয়ত *বি* ১ অন্তিম ইচ্ছা; অভিপ্রায়; উপদেশ বা নির্দেশ। ২ উইল। ৩ পরিবার-পরিজন; শিষ্য প্রভৃতির প্রতি নৈতিক-বৈষয়িক প্রভৃতি বিষয়ে নির্দেশনা। [আ. অসীয়ৎ]। **অছিয়তনামা, অসিয়তনামা** *বি* অছি নিয়োগপত্র; অন্তিম নির্দেশপত্র; লিখিত উইল। [অসীয়ৎ+ফা. নামহ্]। **অছিয়তি, অসিয়তি** *বি* সম্পত্তি রক্ষার জন্য নিযুক্ত অভিভাবকত্ব। [আ. অসীয়তী]

অছিপরিষদ, অসি পরিষদ *বি* নৈতিক ও বৈষয়িক বিষয়ে পরামর্শ ও নির্দেশনা দানের জন্য দায়িত্বপ্রাপ্ত সংস্থা; trustee board।

অছিলা *বি* ১ উপলক্ষ; মাধ্যম। ২ ওজর; অজুহাত; ছল; ছুতা; বাহানা। ৩ কারণ; যুক্তি; সূত্র; উপায়; অবলম্বন। [ফা.]

অজ *বিণ* ১ খাঁটি; পুরাদস্তুর। ২ নিরেট; আদ্য; আদি; দুর্গম; অনুন্নত। ❑ *বি* ১ ছাগল; মেষ। ২ (জ্যো-বি) মেষরাশি। ৩ স্বয়ম্ভু; ঈশ্বর; শিব; বিষ্ণু। ৪ রঘুর পুত্র ও দশরথের পিতা অজ। [ন+√জন্+অ]। **অজপাড়াগাঁ** *বি* খাঁটি দুর্গম অনুন্নত পল্লিগ্রাম। **অজা** *স্ত্রী*।

অজগর *বি* ছাগল হরিণ প্রভৃতি গিলে ফেলতে পারে এমন বড় সাপবিশেষ (মূলে অজভোজী অর্থেই অজগর)। [স. অজ+√গৃ+অ]

অজন্মা *বি* দুর্ভিক্ষ; খরা-বন্যাদি হেতু শস্যাদি উৎপন্ন না হওয়ার মতো অবস্থা। ❑ *বিণ* বেজন্মা; জারজ। [স. ন+জন্মন্]

অজবুক, উজবুক *বি* তাতার জাতিবিশেষ। ❑ *বিণ* মূর্খ; আহম্মক; অশিক্ষিত; আনাড়ি; বেওকুফ। [তু. উজবক>উজবুক>অজবুক (মূলে উজবেকিস্তানের অধিবাসী)

অজর *বিণ* জরা বা বার্ধক্যরহিত; চির অক্ষয়; অজীর্ণ। [স. ন+জরা]। **অজরামর** *বিণ* বার্ধক্য ও মৃত্যুরহিত। [স. অজর+অমর]

অজস্র *বিণ* (বাংলায়) অসংখ্য; দেদার। ❑ *ক্রিবিণ* ১ বহু; পর্যাপ্ত; প্রচুর; অঢেল; অপরিমিত; অশেষ। ২ (সংস্কৃতে) নিত্য; নিরন্তর; সতত; ক্রমাগত। [স. ন √জস্+র]

অজাত *বিণ* ১ জন্মেনি এমন। ২ জারজ। ৩ হীন বংশীয়; অঘর। [স. ন+জাত]। **অজাতশত্রু** *বিণ* শত্রু জন্মেনি এমন। **অজাতশ্মশ্রু** *বিণ* দাড়ি জন্মেনি এমন। [স.]

অজান্তে, অজানিতে *ক্রিবিণ* ১ অজ্ঞাতসারে; গোপনে। ২ অগোচরে; না জানিয়ে। [বা.]

অজিত *বিণ* অপরাভূত; অপরাজিত; অবশীভূত। [স. ন+জিত]

অজিন *বি* ১ ছাগচর্ম; মৃগচর্ম; বাঘছাল। ২ পশুচর্ম। ৩ চর্মনির্মিত আসন।

অজিফা, ওযীফা *বি* নিত্যপাঠ্য সুরা, দোয়া ইত্যাদি। [আ. অযীফা]

অজীর্ণ *বিণ* ১ পরিপাক বা হজম হয়নি এমন। ২ গলে ক্ষয় বা ক্ষীণ হয় না এমন। ❑ *বি* অপরিপাকজনিত উদরের রোগবিশেষ। [স.]

অজু, ওজু *বি* মুসলমানগণ নামাজ ও পবিত্র কর্মের পূর্বে দৈহিক পবিত্রতা সাধনের জন্যে যে নিয়মে হাত-মুখ-পা প্রভৃতি প্রক্ষালন করে তার নাম অজু বা ওজু। [আ.]

অজুহাত *বি* ১ কারণ; হেতু; ছুতা; বাহানা। ২ কৈফিয়ত; ওজর; আপত্তি। [আ. অযুহা]

অজেয় *বিণ* জয় করা যায় না এমন; দুর্জয়। [স. ন+জেয়]

অজৈব *বিণ* ১ প্রাণী বা উদ্ভিদ সম্বন্ধীয় নয় এমন। ২ জীববিষয়ক নয় এমন (অজৈব রসায়ন)।

অজ্ঞ *বিণ* মূর্খ; অজ্ঞান; নির্বোধ; জানে না এমন। **অজ্ঞতা** *বি*। [স. ন+√জ্ঞা+অ]

অজ্ঞাত *বিণ* অজানা; অবিদিত; অপ্রকাশিত। [স. ন+জাত]। **অজ্ঞাতকুলশীল** *বিণ* বংশপরিচয় ও স্বভাবচরিত্র জানা নেই এমন; সম্পূর্ণ অপরিচিত। **অজ্ঞাতনামা** *বিণ* অবিদিত বা অখ্যাত নামবিশিষ্ট। **অজ্ঞাতসারে, অজ্ঞাতে** *ক্রিবিণ* গোপনে; অগোচরে।

অজ্ঞান *বিণ* ১ মূর্খ; নির্বোধ; অজ্ঞ। ২ অচৈতন্য; মূর্ছিত; সংজ্ঞাহীন। ❑ *বি* অজ্ঞতা; জ্ঞানাভাব। ৩ মায়া; অবিদ্যা। [স. ন+জ্ঞান]। **অজ্ঞানকৃত** *বিণ* না জেনে করা হয়েছে এমন; অজ্ঞতাবশত কৃত। **অজ্ঞানতা** *বি*। **অজ্ঞানবাদ, অজ্ঞেয়বাদ** *বি* জগতের প্রকৃত রহস্য অজ্ঞেয় বা অজ্ঞাত—এইমত; ইন্দ্রিয়গ্রাহ্য জগতের বাইরে কিছু থাকলেও তা মানুষের পক্ষে জানা অসাধ্য—এইমত; agnosticism।

অজ্ঞেয় *বিণ* জ্ঞানাতীত; জানা যায় না এমন; বোঝা যায় না এমন। [স. ন+জ্ঞেয়]

অঝর, অঝোর *বিণ* ১ অবিশ্রান্ত; অবিরাম। ২ অজস্র ধারাবর্ষী। **অঝরে, অঝোরে** *ক্রিবিণ*। [স. অজস্র>]

অঞ্চল *বি* ১ যা অঞ্চ বা প্রান্ত প্রাপ্ত হয়; আঁচল। ২ দেশের অংশবিশেষ; এলাকা। ৩ আবরণ। ৪ প্রান্তভাগ। [স. √অঞ্চ্+অল]। **অঞ্চল প্রভাব** *বি* স্বামীর উপর স্ত্রীর কর্তৃত্ব বা প্রভাব।

অঞ্জন, আঞ্জ *বি* ১ নেত্রপ্রসাধন; আঁজনাই; সুর্মা; কাজল। ২ মালিন্য; কালিমা। ৩ আয়ুর্বেদ মতে বিবিধ ধাতু ঘটিত দ্রব্য। [স. √অন্জ্ (দীপ্তি)+অন]

অঞ্জনি *বি* ক্ষুদ্র ব্রণবিশেষ (বিশেষত চোখের)।
অঞ্জলি *বি* ১ করপুট; আঁজলা; যুক্তকর; জোড়াকর। ২ ভজনা; মান্য। ৩ যুক্তকরে প্রদত্ত পুষ্প ইত্যাদি নৈবেদ্য।
অটবি, অটবী *বি* ১ বন; অরণ্য। ২ বৃক্ষ; বিটপী। [স. অট+অবি]
অটল *বিণ* ১ টলে না এমন; স্থির; অচঞ্চল। ২ দৃঢ়। [স.]
অটাল *বি* অস্থান; কুস্থান।
অটুট *বিণ* ১ অভগ্ন; আস্ত; সম্পূর্ণ। ২ নিখুঁত; ত্রুটিহীন। [স. ত্রুট>]
অট্ট *বিণ* উচ্চ। [স.]। **অট্ট, অট্টট্ট** *বি* কলস্বর; অতি উচ্চ বা বিকট হাসি। **অট্টনাদ, অট্টনিনাদ, অট্টরব, অট্টরোল** *বি* অতি উচ্চধ্বনি বা শব্দ। **অট্টহাস, অট্টহাসি, অট্টহাস্য** *বি* অতি উচ্চ বা বিকট হাসি।
অট্টালিকা *বি* ১ বৃহৎ ও উচ্চ পাকা বাড়ি। ২ সুবৃহৎ ভবন; রাজার প্রাসাদ। [স.]
অড়হর, অড়র *বি* ডাল বা কলাইবিশেষ। [হি.]
অঢেল *বিণ* প্রচুর; অনেক; অজস্র। [হি.]
অণিমা *বি* ১ সূক্ষ্মত্ব। ২ অতি সূক্ষ্ম আকার ধারণের যৌগিক ক্ষমতা; যার সাহায্যে মানুষ অলক্ষ্যে সকল স্থানে ভ্রমণ করতে পারে বলে লোকের বিশ্বাস। ৩ অণিমা লঘিমা প্রভৃতি অষ্টসিদ্ধির অন্যতম। [স. অণু+ইমন্]
অণু *বি* পদার্থের অবিভাজ্য সূক্ষ্মতম বা ক্ষুদ্রতম অংশ; molecule। ❑ *বিণ* অল্প; ক্ষুদ্র; ঈষৎ। **অণুবীক্ষণ** *বি* অণু দেখবার যন্ত্র; মাইক্রোস্কোপ; microscope। **অণুমাত্র** *বিণ* সামান্য পরিমাণ; কিছুমাত্র; লেশমাত্র।
অণ্ড *বি* ১ ডিম; আণ্ডা। ২ অণ্ডকোষের বিচি। **অণ্ডকোষ** *বি* মুষ্ক। **অণ্ডজ** *বিণ* ডিম্বজাত। **অণ্ডাকার, অণ্ডাকৃতি** *বিণ* ডিমের ন্যায় আকারবিশিষ্ট; oval। **অণ্ডালু** *বিণ* ডিমযুক্ত; আণ্ডাদার। [স.]
অত *সর্ব* ঐ পরিমাণে। ❑ *ক্রিবিণ* বেশি পরিমাণে; প্রচুর। ❑ *বি* অধিক; এতো বেশি। **অতশত** *বি* এত বিষয়; নানা ব্যাপার; খুঁটিনাটি। ❑ *ক্রিবিণ* খুব তলিয়ে।
অতএব *অব্য* সুতরাং; কাজেই; কাজে কাজেই। [স. অতঃ+এব]
অতঃপর *অব্য* এরপর; তারপর; অনন্তর। [স.]
অতনু *বি* অনঙ্গ; মদন; কাম। ❑ *বিণ* ১ দেহহীন; অশরীরী। ২ অকৃশ; স্থূল। [স.]
অতন্দ্র, অতন্দ্রিত *বিণ* ১ নিদ্রাহীন; জাগ্রত। ২ মনোযোগী; উৎসাহী। ৩ সতর্ক; সাবধান। ৪ উজ্জ্বল। ❑ *ক্রিবিণ* অনলসভাবে। **অতন্দ্রিতা** *বিণ স্ত্রী.* নিদ্রাশূন্যা; জাগ্রতা। [স. ন+তন্দ্রা]
অতর্ক *বি* অহৈতুক; কুতর্ক; অনর্থক তর্ক; অযথা তর্ক। **অতর্কণীয়** *বিণ* তর্কাতীত; যুক্তি–বিচারে মীমাংসা করা যায় না এমন।
অতর্কিত *বিণ* অচিন্তিত; অপ্রত্যাশিত; অলক্ষিত। **অতর্কিতে** *ক্রিবিণ* হঠাৎ; অসতর্ক অবস্থায়; আকস্মিকভাবে।
অতল *বি* পাতাল; সপ্ত পাতালের মধ্যে প্রথম পাতাল। ❑ *বিণ* ১ অগাধ; গভীর; অথৈ; তলহীন; অশেষ। ২ অনধিগম্য। [স. ন(=অ)+তল]
অতলস্পর্শ *বিণ* তলদেশ স্পর্শ করা যায় না এমন; অতি গভীর।
অতলান্ত, অতলন্ত *বিণ* ১ অগাধ; গভীর; তলের নাগাল মেলে না এমন; তলের দূরত্ব বা গভীরতা অশেষ এরূপ। ২ Atlantic Ocean-এর বাংলা রূপান্তর।
অতসী *বি* ১ পীতবর্ণ ফুলবিশেষ। ২ তিসি; মসিনা। ৩ শণগাছ।
অতি *অব্য* অধিক অনুচিত অতিক্রান্ত প্রভৃতি অর্থে ব্যবহৃত উপসর্গবিশেষ। ❑ *বি* আতিশয্য; অন্যায্য পরিমাণ। ❑ *বিণ* ১ অসঙ্গত; অনুচিত; অতিরিক্ত। ২ অতিশয়। ৩ উৎকৃষ্ট। [স.]। **অতিকথা** *বি* অতিশয়োক্তি; বাজে কথা। **অতিকায়** *বিণ* প্রকাণ্ড দেহবিশিষ্ট। **অতিক্রম, অতিক্রমণ** *বি* পার হওয়া; লঙ্ঘন; ডিঙানো। **অতিক্রমণীয়, অতিক্রম্য** *বিণ* ডিঙানো যেতে পারে এমন; লঙ্ঘনসাধ্য। **অতিক্রান্ত** *বিণ* ১ অতীত; গত। ২ লঙ্ঘিত; ডিঙানো হয়েছে এমন। **অতিপ্রাকৃত** *বিণ* অলৌকিক; অস্বাভাবিক; supernatural। **অতিবাহিত** *বিণ* অতিক্রান্ত; উদ্‌যাপিত; অতীত। **অতিভুজ** *বি* সমকোণী ত্রিভুজে সমকোণের বিপরীত বাহু; hypotenuse। **অতিরঞ্জন** *বি* অত্যুক্তি; বাড়িয়ে বলা। **অতিরঞ্জিত** *বিণ*। **অতিরিক্ত** *বিণ* প্রয়োজনের চেয়ে বেশি; অত্যধিক; বাড়তি। **অতিরেক** *বি* প্রাচুর্য; আধিক্য; বাড়তি। **অতিশয়** *বিণ* অত্যন্ত বেশি; অতিরিক্ত। **আতিশয্য** *বি*। **অতিশয়োক্তি** *বি* ১ অত্যুক্তি; বাহুল্য বর্ণন। ২ (ব্যা.) কাব্যালঙ্কারবিশেষ। **অতিসার** *বি* উদরাময়; পেটের পীড়াবিশেষ।
অতিথি *বি* আগন্তুক; অভ্যাগত; মেহমান; পরগৃহাগত ব্যক্তি। [স. অত+ইথি]। **অতিথিনী** *বি স্ত্রী.* আগন্তুকা; অভ্যাগতা। **অতিথিপরায়ণ, অতিথিবৎসল, অতিথিসেবক** *বিণ*। **অতিথিপরিচর্যা, অতিথিসৎকার, অতিথিসেবা** *বি*। **অতিথিশালা** *বি*।
অতিষ্ঠ *বিণ* উত্যক্ত; অস্থির; স্থির থাকতে অক্ষম। [স. ন(=অ)+তিষ্ঠা]
অতীত *বিণ* ১ বিগত; হয়ে গিয়েছে এমন। ২ শেষ; সমাপ্ত। ৩ বহির্ভূত; অগোচর। ❑ *বি* বিগতকাল। [স. অতি+√ই+ত]। **অতীতবেত্তা** *বি* যিনি বিগতকালের বিষয় জানেন।
অতীন্দ্রিয় *বিণ* ইন্দ্রিয়াতীত; চক্ষুকর্ণাদির অগোচর। [স. অতি (অতিক্রম)+ইন্দ্রিয়]। **অতীন্দ্রিয়তা** *বি*। (transcendental অর্থেও ব্যবহৃত)।
অতীব *বিণ* অত্যন্ত; অধিক; অতিশয়; খুব। [স. অতি+ইব]
অতুল, অতুলনীয়, অতুলিত, অতুল্য *বিণ* অনুপম; নিরুপম; অনন্য; অসামান্য; অসাধারণ; অপূর্ব; অসদৃশ; উপমাহীন; সাদৃশ্য খুঁজে পাওয়া যায় না এমন; অদ্বিতীয়। **অতুলা, অতুলনীয়া, অতুলিতা, অতুল্যা** *বিণ স্ত্রী.*।
অতৃপ্ত *বিণ* ১ তৃপ্তিহীন; অপূর্ণকাম; সন্তোষহীন; অসন্তুষ্ট; অপরিতুষ্ট। ২ অচরিতার্থ; অসফল। [স.]। **অতৃপ্তি** *বি*।
অতৃপ্য *বি, বিণ* যা তৃপ্ত হয় না; তৃপ্ত করা যায় না এমন।
অত্যধিক *বিণ* অত্যন্ত বেশি; প্রয়োজনের অধিক। [স. অতি+অধিক]
অত্যন্ত *বিণ* অতিশয়; খুব বেশি। [স. অতি+অন্ত]। **অত্যন্তগামী** *বিণ* অতিশয় দ্রুতগামী।
অত্যল্প *বিণ* অতি অল্প; খুব কম; অতিসামান্য পরিমাণ;

যৎকিঞ্চিৎ। [স. অতি+অল্প]

অত্যাচার *বি* ১ উৎপীড়ন; জুলুম; উপদ্রব; দুর্ব্যবহার। ২ অপরিমিত বা অত্যধিক আহার বিহার পরিশ্রম ইত্যাদি (শরীরের উপর অত্যাচার)। [স. অতি+আচার]। **অত্যাচারী** *বিণ* জালিম; উৎপীড়ক। **অত্যাচারিণী** *স্ত্রী*। **অত্যাচারিত** *বিণ* উৎপীড়িত; দুর্ব্যবহারপ্রাপ্ত।

অত্যাজ্য *বিণ* ১ ত্যাগ করা যায় না এমন; অপরিহার্য। ২ আবশ্যিক; দরকারি। [স. অ+√ত্যজ+য]

অত্যাবশ্যক, অত্যাবশ্যকীয় *বিণ* অতি প্রয়োজনীয়; অত্যন্ত দরকারি। [স. অতি+আবশ্যক, আবশ্যকীয়]

অত্যাশ্চর্য *বিণ* অত্যন্ত বিস্ময়কর বা অদ্ভুত। [স. অতি+আশ্চর্য]

অত্যাসক্ত *বিণ* অতিশয় আসক্ত বা অনুরক্ত; অতি অনুরক্ত; অতিশয় লিপ্ত; একান্তভাবে লিপ্ত; অভিনিবেশ। [স. অতি+আসক্ত]। **অত্যাসক্তি** *বি*।

অত্যুচ্চ *বিণ* অতিশয় উচ্চ। [স. অতি+তুঙ্গ]

অত্যুক্তি *বি* অতিরঞ্জিত বর্ণনা; অতিশয়োক্তি; বাড়িয়ে বলা কথা। [স. অতি+উক্তি]

অত্যুগ্র *বিণ* অত্যন্ত প্রখর; অতি তীব্র; খুব তীক্ষ্ণ; অতিশয় উগ্র বা রুক্ষ; অতি উৎকট। [স. অতি+উগ্র]

অত্যুজ্জ্বল *বিণ* অত্যন্ত উজ্জ্বল; অতিশয় দীপ্তিমান; প্রদীপ্ত। [স. অতি+উজ্জ্বল]

অত্যুৎকৃষ্ট *বিণ* অতিশয় উত্তম; খুব ভালো। [স. অতি+উৎকৃষ্ট]

অত্যুৎপাদন *বি* অধিক মাত্রায় উৎপাদন। [স. অতি+উৎপাদন]

অত্যুষ্ণ *বিণ* অতিশয় উত্তপ্ত; অতিশয় গরম; অসহ্য তাপযুক্ত। [স. অতি+উষ্ণ]

অত্র *ক্রিবিণ* ১ এখানে; এ স্থানে। ২ এই। **অত্রত্য** *বিণ* এ স্থানের; এখানকার; এ দেশের। ☐ *ক্রিবিণ* সর্বত্র–সর্বস্থানে; যত্রতত্র; যেখানে–সেখানে। [স.]

অত্রস্ত *বিণ* ১ ত্রাসহীন; ত্রাসযুক্ত নয় এমন; অশঙ্কিত; ভয়শূন্য। ২ অব্যস্ত; ত্বরাশূন্য। [স. ন(=অ)+ত্রস্ত]

অথই, অথৈ *বিণ* স্থল বা তল পাওয়া যায় না এমন; অগাধ; গভীর; অতলস্পর্শ। [অ+স্থায়িকা> থাহিয়া> থাহি> থাই; থই অথবা ন(=অ)+স্থল>; ন(=অ)+স্থিতি>]

অথচ *অব্য* তথাপি; তবু; পক্ষান্তরে; তা সত্ত্বেও; কিন্তু। [স.]

অথবা *অব্য* কিংবা; বা; পক্ষান্তরে। [স.]

অথর্ব *বিণ* ১ জরাগ্রস্ত; উত্থানশক্তিরহিত (অথর্ব বৃদ্ধ)। ২ অকর্মণ্য; অকেজো; অকার্যকরী। ☐ *বি* চতুর্থ বেদ।

অথান্তর, আথান্তর *বি* দুঃখকষ্ট; দুশ্চিন্তা; বিপদ; মুশকিল; দুর্গতি; দুরবস্থা; অসুবিধা। [স. অবস্থান্তর>]

অদক্ষ *বিণ* অনিপুণ; অপটু। [অ. ন+দক্ষ]

অদমনীয়, অদম্য *বিণ* অজেয়; দমন করা যায় না এমন; দমন অসাধ্য এমন (অদম্য ইচ্ছা)। [স.]

অদরকারি *বিণ* অনাবশ্যক; অপ্রয়োজনীয়; অকেজো। [বা. অ+ফা. দরকার+বা. ই]

অদর্শন *বি* অপ্রত্যক্ষ; অগোচরতা; দর্শনের অভাব। ☐ *বিণ* দৃষ্টির অগোচর। [স. ন+দর্শন]

অদল *বি* পরিবর্তন। ☐ *বিণ* পাপড়িশূন্য; দলহীন (অদল ফুল)। [আ. উদূল]। **অদলবদল** *বি* বিনিময়; পরিবর্তন। [আ.]

অদহনীয়, অদাহ্য *বিণ* আগুনে পোড়ে না এমন; দগ্ধ হওয়ার অযোগ্য। [স. ন+দহনীয়, ন+দাহ্য]। **অদহনীয়তা** *বি*।

অদিতি *বি স্ত্রী*. পৃথিবী। ২ দক্ষপ্রজাপতির কন্যা; দেবমাতা ও কশ্যপমুনির পত্নী। [স.]। **অদিতিনন্দন** *বি* দেবতা; অদিতির পুত্র।

অদিন *বি* ১ অশুভ দিন; অসময়। ২ দুর্দিন; দুঃসময়; অকাল। [বা.]

অদীক্ষিত *বিণ* গুরুর কাছে কোনো আদর্শে বা নীতিতে কিংবা চর্যায় দীক্ষা বা উপদেশ (দেশনা) লাভ হয়নি এমন। [স. ন+দীক্ষিত]

অদীন *বিণ* ১ ধনী; সমৃদ্ধ; গরিব নয় এমন; অকাতর। ২ ভয়শূন্য; নির্ভীক। [স. ন+দীন]

অদূর *বিণ* নিকটবর্তী; অল্প দূরস্থিত [স. ন+দূর]। **অদূরে** *ক্রিবিণ* কাছে; নিকটে। **অদূরদর্শী** *বিণ* অপরিণামদর্শী; ভবিষ্যৎ সম্বন্ধে উদাসীন। **অদূরদর্শিনী** *স্ত্রী*। **অদূরদর্শিতা** *বি*। **অদূরবর্তী** *বিণ* নিকটস্থ; দূরে অবস্থিত নয় এমন। **অদূরবর্তিনী** *স্ত্রী*। **অদূরবর্তিতা** *বি*। **অদূরস্থ** *বিণ* নিকটবর্তী; অল্প দূরে অবস্থিত।

অদৃশ্য *বিণ* দেখা যায় না এমন; দৃষ্টির অগোচর। [স. ন+দৃশ্য]

অদৃষ্ট *বি* (পূর্বে দেখা যায়নি বা যায় না সে অর্থে) ভাগ্য; কপাল; নিয়তি। ☐ *বিণ* অদেখা। [স. ন+√দৃশ্+ত]। **অদৃষ্টক্রমে** *ক্রিবিণ* কপালগুণে; ভাগ্যবশত। **অদৃষ্টপরীক্ষা** *বি* ভাগ্য যাচাইকরণ; ভাগ্যগণনা। **অদৃষ্টপুরুষ** *বি* ভাগ্যবিধাতা। **অদৃষ্টপূর্ব** *বিণ* আগে দেখা যায়নি এমন। **অদৃষ্টবাদ** *বি* অদৃষ্ট বা ভাগ্যের দ্বারা জীবন নিয়ন্ত্রিত হয় এই মতবাদ; নিয়তিবাদ। **অদৃষ্টবাদী** *বিণ* ভাগ্যের উপর একান্ত নির্ভরশীল। **অদৃষ্টবান(–বৎ)** *বিণ* ভাগ্যবান। **অদৃষ্টবৈগুণ্য** *বি* ভাগ্যহীনতা; দুর্ভাগ্য। **অদৃষ্টলিপি** *বি* কপালের লেখা। **অদৃষ্টের পরিহাস** *বি* ভাগ্যের বিড়ম্বনা।

অদৃষ্টি *বি* ১ কুদৃষ্টি; বিরক্তিপূর্ণ দৃষ্টি; কুনজর। ২ দৃষ্টির অভাব; দৃষ্টিহীনতা। [স. ন+দৃষ্টি]

অদেখা, আদেখা *বিণ* দেখা হয়নি এমন; অদৃষ্ট। [বা. অ+দেখা]

অদেয় *বিণ* দিতে পারা যায় না এমন; দানের অযোগ্য; দেওয়া অনুচিত। [স. ন+দেয়]

অদ্ভুত *বিণ* ১ বিস্ময়কর; আশ্চর্যজনক; চমৎকার। ২ অসাধারণ। ৩ কাব্যের রসবিশেষ। [স.]। **অদ্ভুতকর্মা** *বিণ* ১ অলৌকিক কাজ করে এমন। ২ অসাধারণ কর্মশক্তিবিশিষ্ট। ৩ (ব্য.) সৃষ্টিছাড়া কাণ্ড করে এমন।

অদ্য *অব্য, ক্রিবিণ* আজ; সম্প্রতি; এখন। [স.]। **অদ্যকার** *বিণ* আজকার। **অদ্যাপি** *অব্য* আজও; এখনো; বর্তমান–কালেও। **অদ্যাবধি** *অব্য* আজ হতে; আজ পর্যন্ত।

অদ্রব *বিণ* গলে না এমন। [স. ন+দ্রব]

অদ্রি *বি* ১ পর্বত (বৃষ্টির জল পান করে যে, সে–ই অদ্রি)। ২ বৃক্ষ। ৩ সূর্য। [স.]

অদ্রোহ *বি* অহিংসা; অবিরোধ। [স.]
অদ্বয় *বিণ* অদ্বিতীয়; অতুল্য। [স. ন(=অ)+দ্বয়]। **অদ্বয়বাদ** *বি* ১ অদ্বৈতবাদ; একেশ্বরবাদ। ২ ব্রহ্ম; বৌদ্ধ; অদ্বয় মতবাদ; বজ্রকমলের অদ্বৈত সত্তা।
অদ্বিতীয় *বিণ* দ্বিতীয় বা তুল্য নেই এমন; শ্রেষ্ঠ; জুড়ি বা সদৃশ নেই এমন; অতুলনীয়। [স. ন+দ্বিতীয়]
অদ্বৈত *বিণ* দ্বিতীয় নেই এমন; একক; ভেদশূন্য; অদ্বিতীয়। ☐*বি* শ্রীচৈতন্যের অন্যতম পার্শ্বচর; অদ্বৈতাচার্য। [স. ন+দ্বৈত]। **অদ্বৈতবাদ** *বি* ব্রহ্ম ব্যতীত দ্বিতীয় কিছুই নেই, জীব ও ব্রহ্ম অভিন্ন—এই মতবাদ। **অদ্বৈতবাদী** *বিণ*।
অধ, অধঃ *অব্য* নিম্নে; নিচে। [স.]। **অধঃকৃত** বিণ ১ দমিত; পরাভূত। ২ নিপাতিত; নিম্নীকৃত। **অধঃপতন, অধঃপাত** *বি* অধোগতি; নৈতিক অবনতি; উচ্ছন্নপ্রাপ্তি। **অধঃপতিত** *বিণ*। **অধঃপাতে যাওয়া** *ক্রি* উৎসন্নে যাওয়া; খারাপ হওয়া। **অধঃস্থ, অধঃস্থিত** *বিণ* ১ নিম্নে আছে এমন; নিম্নস্থিত। ২ অধীন; নিম্নপদস্থ।
অধবা *বিণ* ১ 'ধব' (স্বামী) হীনা। ২ অবিবাহিতা; অনূঢ়া; কুমারী। [স.]
অধম *বিণ* হীন; তুচ্ছ; নীচ; জঘন্য। [স. অধস্+ম]। **অধমাঙ্গ** *বি* চরণ; পা। **অধমাধম** *বিণ* নীচতম; অত্যন্ত নিকৃষ্ট; অধম হতেও অধম।
অধমর্ণ *বি* দেনাদার; খাতক; ঋণী। [স. অধম+ঋণ]। (তুল. **উত্তমর্ণ**)।
অধর *বি* ১ নিচের ঠোঁট। ২ ওষ্ঠ; ঠোঁট। [স. ন+√ধৃ +অ]। **অধরচুম্বন** *বি* মুখচুম্বন। **অধরপল্লব** *বি* কিশলয়তুল্য কোমল ওষ্ঠ। **অধরমদিরা, অধরমধু, অধরসুধা, অধরামৃত পান করা** *ক্রি* চুম্বন করা।
অধরা *বিণ* ধরা যায় না এমন; ইন্দ্রিয়াতীত।
অধরোষ্ঠ, অধরৌষ্ঠ *বি* নিচের ও উপরের ঠোঁট। [স. অধর+ওষ্ঠ]। **অধরৌষ্ঠ** *বিণ* অধরোষ্ঠ দ্বারা উচ্চারিত হয় এমন।
অধর্ম *বি* ধর্মবিরুদ্ধ কাজ; পাপ; অন্যায়; স্বীকৃত বা চালু কিংবা শাস্ত্রীয় ন্যায়নীতিবিরুদ্ধ কর্ম ও আচরণ। [স.]। **অধর্মচারী, অধর্মাচারী, অধর্মনিষ্ঠ, অধর্মপরায়ণ, অধর্মী** *বিণ* ধর্মবিরুদ্ধ কাজে লিপ্ত; পাপী; অন্যায়কারী; ধর্মহীন। **অধর্মাচরণ, অধর্মানুষ্ঠান** *বি* পাপকাজ; ধর্মবিরুদ্ধ আচরণ বা কাজ। **অধর্ম্য** *বিণ* ধর্মবিরুদ্ধ, গর্হিত; অন্যায়।
অধস্তন *বিণ* ১ নিম্নস্থ; অধীন। ২ পদমর্যাদায় ন্যূন (অধস্তন কর্মচারী)। [স. অধস্+তন]
অধার্মিক *বি,বিণ* কর্মে-আচরণে শাস্ত্রীয় ন্যায়নীতি-বিধি-নিষেধ যে মেনে চলে না; ধর্মহীন; পাপী। [স. ন+ধার্মিক]। **অধার্মিকতা** *বি*।
অধি *অব্য* একটি উপসর্গ। উপরি প্রাধান্য আধিপত্য আধিক্য ইত্যাদি সূচক উপসর্গ। যেমন—অধিরোহণ অধিষ্ঠিত, অধিকার, অধিকরণ, অধিকর্তা, অধিগ্রহণ ইত্যাদি।
অধিক *বিণ* অনেক; বেশি; বহুল; অতিরিক্ত; অত্যন্ত। [স.]। **অধিকা** *স্ত্রী.* (তুমি সখী পরাণ অধিকা—মোহিত)। **অধিকতম** *বিণ* সর্বাপেক্ষা অধিক; সবচেয়ে বেশি। **অধিকতর** *বিণ* দুইয়ের মধ্যে অধিক; অপেক্ষাকৃত বেশি। **অধিকন্তু** *অব্য* আরো; বেশির ভাগ; উপরন্তু; তার উপর।
অধিকরণ *বি* ১ ব্যাকরণে কারকবিশেষ; স্থান (ধর্মাধিকরণ)। ২ অধিকার করণ; দখল করণ। [স.]
অধিকর্তা *বি* কোনো প্রতিষ্ঠানের দায়িত্বশীল ব্যক্তি; পরিচালক। [স. অধি+কর্তা]
অধিকাংশ *বিণ* বেশির ভাগ। [স. অধিক+অংশ]
অধিকার *বি* ১ স্বত্ব; দখল; দাবি; কর্তৃত্ব; ক্ষমতা। ২ জ্ঞান; অভিজ্ঞতা; ব্যুৎপত্তি (শাস্ত্রে অধিকার)। ৩ যোগ্যতা; উপযুক্ততা (স্বাধীনতার অধিকার)। [স. অধি+√কৃ+অ]। **অধিকারভেদ** *বি* যোগাযোগের পার্থক্য বিচার। **অধিকারী** *বিণ* স্বত্ববান; দখলিকার। ☐*বি* ১ মালিক; প্রভু। ২ যাত্রাদলের অধ্যক্ষ বা দলপতি (যাত্রার বালক অধিকারীর কানমলা খাইয়া—বঙ্কিম)। ৩ উপাধিবিশেষ। ৪ উচ্চপদস্থ কর্মচারী। **অধিকারিণী** *স্ত্রী.*।
অধিকৃত *বিণ* স্বত্বপ্রাপ্ত; দখলীকৃত; আয়ত্ত; লব্ধ। [স. অধি+√কৃ+ত]
অধিগত *বিণ* ১ প্রাপ্ত; লব্ধ; আয়ত্ত। ২ জ্ঞাত; শেখা হয়েছে এমন। [স. অধি+√গম+ত]
অধিগম, অধিগমন *বি* জ্ঞান-বুদ্ধিপ্রাপ্তি; লাভ; আয়ত্তি। [অধি+√গম+অ/অন]
অধিগম্য *বিণ* ১ জ্ঞেয়; জ্ঞানগম্য। ২ জ্ঞান-বুদ্ধি প্রাপ্য; লাভ; শিক্ষণীয়। [স. অধি+√গম্+য]
অধিত্যকা *বি* (ভূ.) পর্বতের সমতল উপরিভাগ বা সানুদেশ। [স. অধি+√ত্যক্+আ]
অধিদেব, অধিদেবতা, অধিদৈবত *বি* অধিষ্ঠাতা বা অধিষ্ঠাত্রী দেবতা; অন্তর্যামী পুরুষ। [স. অধি+দেব/দেবতা/দৈবত]
অধিনায়ক *বি* নেতা; দলপতি; সেনাপতি। [স.]
অধিপ, অধিপতি, অধিভূ *বি* মালিক; প্রভু; রাজা; অধিকারী। [স. অধি+√পা+অ/অতি]
অধিবর্ষ *বি* যে বৎসরে দিন গণনায় ১ দিন অতিরিক্ত ধরা হয়; leap-year (সাধারণত ঐ বৎসর ফেব্রুয়ারি মাসকে ২৮ দিনের স্থলে ২৯ দিন গণনা করা হয়)।
অধিবাস[১] *বি* নিবাস; বাসস্থান। [স. অধি+√বস+অ]
অধিবাস[২] *বি* বিয়ের আগে অথবা শুভ কর্মাদির আগে পালনীয় হিন্দু সংস্কারবিশেষ। [স.]। **অধিবাসন** *বি*।
অধিবাসী *বিণ* নিবাসী; বাসিন্দা। [স.]
অধিবিদ্যা *বি* সৃষ্টি ও জ্ঞান-সংক্রান্ত দর্শনশাস্ত্র; metaphysics। [স.]
অধিবৃত্ত *বি* (গ.) বৃত্তবৎ ক্ষেত্রবিশেষ; parabola। **অধিবৃত্তাকার** *বি* যার আকার অধিবৃত্তসম।
অধিবেশন *বি* সভা-সমিতি সম্মেলন ইত্যাদির বৈঠক; session। [স. অধি+√বিশ+অন]
অধিভুক্ত *বিণ* কোনো প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণে এমন (অধিভুক্ত কলেজ); affiliated-এর পরিভাষা।
অধিরাজ *বি* একাধিক রাজার রাজা; সম্রাট; শাহানশাহ; প্রধান রাজা। [স. অধি+রাজন্]। **অধিরাজ্য** *বি* সার্বভৌম রাষ্ট্রের অধীন রাজ্যবিশেষ।
অধিরূঢ়, অধ্যারূঢ় *বিণ* আরূঢ়; সমাসীন। [স. অধি+√রুহ্+ত]
অধিরোহণ *বি* আরোহণ। [স. অধি+√রুহ্+অ, অন]। **অধিরোহণী, অধিরোহিণী** *বি* যা দিয়ে উপরে ওঠা যায়;

মই; সোপান; সিঁড়ি। **অধিরোহী**(-হিন্) *বি,বিণ* আরোহী। **অধিরোহিণী** *স্ত্রী.*।

অধিষ্ঠাতা *বিণ* ১ অধিষ্ঠানকারী; অবস্থানকারী। ❑*বি* নিয়ন্তা। ২ অবস্থিত; উপস্থিত। **অধিষ্ঠাত্রী***স্ত্রী.*। [স. অধি+√স্থা+তৃ]

অধিষ্ঠান *বি*১ অবস্থিতি; স্থিতি। ২ আবির্ভাব; উপস্থিতি। ৩ আশ্রয়; আধার। ৪ উপবেশন। [স. অধি+√স্থা+অন]। **অধিষ্ঠিত** *বিণ* ১ অবস্থিত; অধ্যুষিত। ২ আবির্ভূত; উপস্থিত। ৩ অধিকৃত; আক্রান্ত; বেষ্টিত।

অধীত *বিণ* পঠিত; পাঠ করা হয়েছে এমন; অধিগত। [স. অধি+√ই+ত]। **অধীতি** *বি* অধ্যয়ন। **অধীতী** (-তিন্) *বি,বিণ* যে পাঠ করে; অধ্যয়নকারী; কৃতবিদ্য।

অধীন *বিণ* ১ আয়ত্ত; বশীভূত। ২ অন্তর্গত; অন্তর্ভুক্ত। ৩ অনুগত; বাধ্য। [স. অধি+ইন্]। **অধীনতা** *বি* আজ্ঞানুবর্তিতা; পরাধীনতা। **অধীনা, অধিনী** (বিরল), **অধীনী** *বিণ* আশ্রিতা; বশীভূতা; অনুগতা।

অধীর *বিণ* ১ অস্থির; চঞ্চল। ২ ধৈর্যহীন; অসহিষ্ণু। ৩ কাতর; বিহ্বল; ব্যাকুল। ৪ ব্যগ্র; উৎকণ্ঠিত। ❑*বি* ভীত; চকিত। [স. ন+ধীর]। **অধীরতা** *বি*। **অধীরা** *বিণ স্ত্রী.* ধৈর্যহারা; ধৈর্যহীনা।

অধীশ, অধীশ্বর *বি* ১ সম্রাট; মহারাজ; অধিপতি; মালিক; প্রভু। ২ পতি; কর্তা। [স. অধি+ঈশ, ঈশ্বর]

অধুনা *অব্য* সম্প্রতি; ইদানীং; বর্তমানে; এখন। [স.]। **অধুনাতন, অধুনাতনী** *বিণ* আধুনিক; বর্তমানকালীন; আজকালকার।

অধৈর্য *বি* অস্থিরতা; অসহিষ্ণুতা। ❑*বিণ* অধীর; অস্থির; ধৈর্যহীন; ব্যাকুল; বিকল; কাতর। [স. ন+ধৈর্য]

অধোগতি, অধোগমন *বি* ১ নিম্নগতি; নিচের দিকে যাওয়া। ২ হ্রাস; অবনতি; অধঃপতন; দুর্দশা। [স. অধঃ+গতি]। **অধোগত** *বিণ* অধোগতিপ্রাপ্ত। **অধোগামী**(মিন্) *বিণ* অধোগমনকারী।

অধোদৃষ্টি *বিণ* নিম্নদৃষ্টিসম্পন্ন; নিচের দিকে লক্ষ্য এমন। ❑*বি* নিম্নদিকে দৃষ্টি বা লক্ষ্য। [স. অধঃ+দৃষ্টি]

অধোদেশ *বি* নিচের দিক; নিম্নাংশ [স. অধঃ+দেশ]

অধোবদন, অধোমুখ *বিণ* নতমুখ; নতশির; মাথা হেঁট করে আছে এমন। [স. অধঃ+বদন, মুখ]

অধোভাগ *বি* নিম্নাঙ্গ; নিম্নস্থল; নিচের দিক; নিচের অংশ। [স. অধঃ+ভাগ]

অধোভুবন, অধোলোক *বি* পাতাল; রসাতল। [অধঃ+ভুবন, লোক]

অধ্যক্ষ *বি* ১ শিক্ষাপ্রতিষ্ঠানের, প্রধানত কলেজের প্রশাসনিক প্রধান। ২ কর্তা; প্রভু। ৩ ভারপ্রাপ্ত কর্মচারী (কোষাধ্যক্ষ, সংকলনাধ্যক্ষ)। ৪ আইনসভার পরিচালক (লোকসভার অধ্যক্ষ)। [স. অধি+অক্ষ]। **অধ্যক্ষত্ব, অধ্যক্ষতা** *বি* মাতব্বরি; বিজ্ঞপনা।

অধ্যবসায় *বি* ক্রমাগত চেষ্টা; অবিরাম সাধনা; ধৈর্যের সঙ্গে কার্য সাধনে লেগে থাকা। [স. অধি+অব+√সো+অ)]। **অধ্যবসায়ী**(-য়িন্); **অধ্যবসায়শীল** *বিণ* অক্লান্ত পরিশ্রমী; নিয়ত যত্নশীল; উদ্যোগী।

অধ্যয়ন *বি* পাঠ; মনোযোগের সঙ্গে পাঠ। [স. অধি+√ই+অন]। **অধ্যয়নশীল** *বিণ* গভীর মনোযোগের সঙ্গে পাঠ করার স্বভাববিশিষ্ট।

অধ্যাত্ম *বিণ* আত্মাবিষয়ক; পরমাত্মাবিষয়ক; জীব ও ব্রহ্মসম্বন্ধীয়; সৃষ্টি ও স্রষ্টা; জগৎ ও জীবন সম্বন্ধে রহস্য জিজ্ঞাসা; তত্ত্ব জিজ্ঞাসামূলক। [স. অধি+আত্মন্+অ]। **অধ্যাত্মজ্ঞান, অধ্যাত্মতত্ত্ব** *বি*। **অধ্যাত্মতত্ত্ববিদ, অধ্যাত্মতত্ত্ববিৎ** *বিণ* অধ্যাত্মজ্ঞান সম্পন্ন। **অধ্যাত্মবাদ** *বি* আত্মা বা পরমাত্মাই সকল কিছুর মূল—এই দার্শনিক মত। **অধ্যাত্মসাধনা** *বি* খোদাপ্রাপ্তির সাধনা।

অধ্যাদেশ *বি* বিশেষ আদেশ বা আইন; ordinace। [স. অধি+আদেশ]

অধ্যাপক *বি* শিক্ষক; কলেজ/বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার পদবিশেষ। [অধি+√ই+ণিচ+অক]। **অধ্যাপিকা** *স্ত্রী.*।

অধ্যাপন, অধ্যাপনা *বি* শিক্ষাদান; অধ্যাপকের কর্ম। [স. অধি+√ই+ণিচ্+অন+আ]

অধ্যায় *বি* গ্রন্থের পরিচ্ছেদ বা বিভাগ; স্বর্গ; পর্ব; কাণ্ড; পটল; অঙ্ক; প্রকরণ; বর্গ; ভাগপ্রভৃতি বিভাজন নির্দেশক। [স. অধি+√ই+অ]

অধ্যাস *বি* ১ কোনো বস্তুতে ভিন্ন বস্তুর গুণের কল্পনা; illusion। ২ অধিষ্ঠান; উপবেশন। [স. অধি+√অস্+অ]

অধ্যুষিত *বিণ* উপনিবিষ্ট; অধিষ্ঠিত; (যে স্থানে) বাস করা হয় এমন। [স. অধি+√বস্+ত]

অধ্রুব *বিণ* অনিত্য; পরিবর্তনশীল; চঞ্চল; অনিশ্চিত। [স. ন+ধ্রুব]

অনক্ষর *বিণ* বর্ণজ্ঞানহীন; নিরক্ষর। [স. ন+অক্ষর]

অনঙ্গ *বি* কামদেব; মদন; কন্দর্প। ❑*বিণ* দেহহীন। [স. ন+অঙ্গ]। **অনঙ্গকলা** *বি* কামকলা; রস; রতি।

অনটন, অনাটন *বি* অপ্রতুল; অভাব; টানাটানি; প্রয়োজনের চেয়ে কম। [স. ন+√অট্+অন]

অনড় *বিণ* নিশ্চল; স্থির; অপরিবর্তনীয়; দৃঢ়; অটল; নড়ে না এমন। [বা.]

অনত *বিণ* ১ গর্বিত; দুর্বিনীত। ২ উচ্চ। ৩ ঋজু; অবক্র। [স. ন+নত]

অনতি *বিণ* বেশি নয় এমন; অল্প। [স.ন+অতি]। **অনতিকাল** *বি* অল্প সময়; অচিরকাল। **অনতিদীর্ঘ** *বিণ* নাতিদীর্ঘ। **অনতিদূর** *বিণ* কিয়দ্দূর; খুব দূরে নয় এমন। **অনতিপক্ব** *বিণ* অল্প পাকা। **অনতিপূর্ব** *বিণ* খুব পূর্বের নয়; ক্ষণকাল পূর্বের। **অনতিবিলম্বে** *ক্রিবিণ*। **অনতিব্যক্ত** *বিণ* খুব স্পষ্ট নয় এমন; প্রায় অপ্রকাশিত (এই রকম অনতিব্যক্ত আভাসের আশ্চর্য জাদু আমরা দেখেছি—অচিন্ত্য)। **অনতিস্ফুট** *বিণ* বেশি ফোটেনি এমন; অর্ধস্ফুট।

অনতিক্রম, অনতিক্রমণ *বি* লঙ্ঘন না করা; পার না হওয়া। **অনতিক্রমণীয়, অতিক্রম্য** *বিণ* লঙ্ঘন করা উচিত নয় বা করা যায় না এমন। **অনতিক্রান্ত** *বিণ* লঙ্ঘিত হয়নি বা যাকে লঙ্ঘন করা হয়নি; অনুত্তীর্ণ। [স.]

অনধিক *বিণ* ১ উদ্দিষ্ট সংখ্যার বা পরিমাণের কিছু কম। ২ কিঞ্চিৎ; ঈষৎ; অল্প। ৩ বেশি নয় এমন। ৪ মধ্যে (হাজার টাকার অনধিক)। [স.]

অনধিকার *বি* অধিকারের বা স্বত্বের অভাব; অনায়ত্ত; অদখল; নিজের সাধ্য, দায়িত্ব কিংবা দাবির সীমা অতিক্রম করে কিছু করা বা বলা সম্বন্ধীয়। [স. ন+অধিকার]। **অনধিকার চর্চা** *বি* অনুচিত বা অনায়ত্ত বিষয়ে হস্তক্ষেপ বা তৎসম্বন্ধে আলোচনা। **অনধিকার প্রবেশ** *বি*

বেআইনিপ্রবেশ। **অনধিকারী**(-রিন্) *বিণ* অধিকারহীন; অযোগ্য। **অনধিকৃত** *বিণ* অনায়ত্ত।

অনধিগত *বিণ*১ অপঠিত; অনধীত; অজ্ঞাত। ২ অনায়ত্ত; অলব্ধ; অপ্রাপ্ত। [স. ন+অধিগত]

অনধিগম্য *বিণ* ১ অজ্ঞেয়; অবোধ্য। ২ অগম্য; দুর্গম। ❑*বি* বোঝা-জানা; দুঃসাধ্য বা অসাধ্য। [স. ন+অধিগম্য]

অনধীত *বিণ* অপঠিত; অনভ্যস্ত; অজ্ঞাত; পড়ে জানা হয়নি এমন। [স. ন+অধীত]

অননুকরণীয় *বিণ* অনুকরণ দুঃসাধ্য; অবাঞ্ছিত। [স. ন+অনুকরণীয়]

অননুভবনীয় *বিণ* অনুভূতির অতীত এমন; অনুভব করা যায় না এমন। [স. ন+অনুভবনীয়]

অননুভূত *বিণ* অনুভব করা হয়নি এমন; যে সম্বন্ধে অনুভূতি শূন্য বা নেই। [স. ন+অনুভূতি]

অননুমেয় *বিণ* অনুমান করা যায় না এমন। [স. ন+অনুমেয়]

অননুমোদন *বি* সম্মতির অভাব; অসমর্থন। [স. ন+অনুমোদন]। **অননুমোদিত** *বিণ* অনুমতি বা সমর্থন পাওয়া যায়নি এমন।

অননুশীলন *বি* অভ্যাস বা চর্চার অভাব। [স. ন+অনুশীলন]। **অননুশীলিত** *বিণ*।

অননুষ্ঠিত *বিণ* অনুষ্ঠান বা সম্পাদন করা হয়নি এমন। [স. ন+অনুষ্ঠিত] **অননুষ্ঠেয়** *বিণ*অনুষ্ঠিত করা অনুচিত।

অনন্ত *বিণ* ১ অসীম; অশেষ। ২ অক্ষয়; চিরস্থায়ী। ৩ স্ত্রীলোকের বাহুর অলঙ্কার। ❑*বি* ১ আকাশ। ২ বিষ্ণু; ব্রহ্মা। ৩ নাগবিশেষ; শেষ নাগ। [স. ন+অন্ত]। **অনন্তকাল** *বি* চিরকাল; আবহমান কাল। **অনন্ত নিদ্রা** *বি* মৃত্যু। **অনন্তরূপা, অনন্তরূপিণী** *বিণ স্ত্রী.* নানা রূপধারিণী। **অনন্তরূপী** *বিণ* অসংখ্য আকৃতিবিশিষ্ট। **অনন্তশয়ন, অনন্তশয্যা** *বি* বিষ্ণুর অনন্ত-নাগ শয্যা; (আল.) মৃত্যু।

অনন্তর *অব্য, ক্রিবিণ* অতঃপর; তারপর; পশ্চাৎ; পরে পরেই; সময়ের অব্যবধানে; শীঘ্রই; অবিলম্বে। [স. ন+অন্তর]

অনন্য *বিণ* একক; অভিন্ন; অন্যজন ভিন্ন; অদ্বিতীয়; স্বতন্ত্র। [স. ন+অন্য]। **অনন্যা** *বিণ স্ত্রী.*। **অনন্যকর্মা** *বিণ* একক কর্মে রত; একাগ্র। **অনন্যগতি, অনন্যচিত্ত** *বিণ* একাগ্রচিত্ত; অনন্যমনা; একমনা। **অনন্যচিন্তা** *বি* একক বিষয়ে চিন্তা; একাগ্র ধ্যান। **অনন্যতন্ত্র** *বিণ* মৌলিক। **অনন্যদৃষ্টি** *বিণ* বিষয়ান্তরে দৃষ্টিহীন; একাগ্র দৃষ্টি। **অনন্যমতি, অনন্যমন, অনন্যমনা** *বিণ* একাগ্রচিত্ত; অন্যদিকে মন নেই এমন। **অনন্যসহায়** *বিণ* গত্যন্তরহীন; অনন্যোপায়। **অনন্যসাধারণ, অনন্যসুলভ** *বিণ* অসাধারণ; অন্য ব্যক্তিতে দুর্লভ।

অনন্যোপায় *বিণ* উপায়ান্তরবিহীন; অসহায়; বিকল্প উপায়হীন। [স. অনন্য+উপায়]

অনন্বয় *বি* কাব্যালঙ্কারবিশেষ। [স. ন+অন্বয়]। **অনন্বিত** *বিণ* অসংলগ্ন; অসংযুক্ত। ❑*বি* ব্যাকরণে বাক্যে পদের সঙ্গে পদের সম্বন্ধহীনতা; পদের সঙ্গে সম্বন্ধের অভাব।

অনপেক্ষ *বিণ* নিরপেক্ষ; স্বাধীন; অন্যের মুখাপেক্ষী নয় এমন। [স. ন+অপেক্ষা]। **অনপেক্ষতা** *বি*। **অনপেক্ষিত** *বিণ* অপ্রত্যাশিত; অসম্ভাবিত।

অনবকাশ *বি* অবসরের বা সময়ের অভাব। ❑*বিণ* অবসরহীন। [স. ন+অবকাশ]

অনবগত *বিণ* অজানা; অজ্ঞাত; অবিদিত। [স. ন+অবগত]

অনবগুণ্ঠিত *বিণ* অনাবৃত; অনাচ্ছাদিত; সুপ্রকাশ; খোলা; ঘোমটাহীন। [স. ন+অবগুণ্ঠিত]। **অনবগুণ্ঠিতা** *স্ত্রী.*।

অনবচ্ছিন্ন *বিণ* বিরামহীন; নিরবচ্ছিন্ন; একটানা; অনবরত; অবিচ্ছিন্ন ধারায়। [স. ন+অবচ্ছিন্ন]

অনবচ্ছেদ *বি* বিরামহীনতা; ছেদহীনতা। [স. ন+অব+√ছিদ্+অ]

অনবদ্য *বিণ* অনিন্দ্য; নির্দোষ; নিখুঁত। [স. ন+অবদ্য]

অনবধান *বি* প্রমাদ; অমনোযোগ; উপেক্ষা। ❑*বিণ* অমনোযোগী; যত্নহীন; প্রমত্ত। [স. ন+অবধান]। **অনবধানতা** *বি*।

অনবরত *বিণ*১ *ক্রিবিণ* অবিরাম; সর্বদা; সতত; অবিরত; অবাধে। ২ অবিশ্রান্তে; নিরন্তর। [স. ন+অব+√রম্+ত]

অনবরুদ্ধ *বিণ* মুক্ত; স্বাধীন; অবরোধশূন্য। **অনবরোধ** *বি*।

অনবলম্বন *বিণ* অবলম্বনশূন্য; অবলম্বনের অভাব।

অনবসর *বিণ* অনবকাশ; অবসরহীন। [স. ন+অবসর]

অনবহিত *বিণ* ১ অমনোযোগী। ২ অসতর্ক। ৩ অবিদিত; জ্ঞাত নয় এমন। ৪ যত্নহীন। [স. ন+অবহিত]

অনভিজাত *বিণ* অসম্ভ্রান্ত; অকুলীন; বংশমর্যাদাহীন। [স. ন+অভিজাত]

অনভিজ্ঞ *বিণ* মূর্খ; অজ্ঞ; আনাড়ি; অপটু। [স. ন+অভিজ্ঞ]। **অনভিজ্ঞতা** *বি* অজ্ঞতা; অভিজ্ঞতাশূন্যতা (ঘরের লোকের বাধা, অনভিজ্ঞতার বাধা—রবীন্দ্র)। **অনভিজ্ঞা** *স্ত্রী.*।

অনভিপ্রায় *বি* ইচ্ছার অভাব; অসম্মতি; অনভীষ্ট। [স. ন+অভিপ্রায়]। **অনভিপ্রেত** *বিণ* ইচ্ছাবিরুদ্ধ; অবাঞ্ছিত; অননুমত।

অনভিভূত *বিণ* ১ অপরাজিত। ২ অব্যাহত। ৩ বিহ্বল বা বিমূঢ় হয়নি এমন; অব্যাকুল; অবিচল। [স. ন+অভিভূত]

অনভিলষণীয় *বিণ* অবাঞ্ছনীয়; অপ্রার্থনীয়। [স. ন+অভিলষণীয়]। **অনভিলষিত** *বিণ* অবাঞ্ছিত; অপ্রার্থিত। **অনভিলাষী** *বিণ* ইচ্ছার অভাব আছে এমন।

অনভ্যস্ত *বিণ* চর্চাহীন; অনুশীলনশূন্য; অনাচরিত; অভ্যাস নেই এমন; অনভিজ্ঞ; কাঁচা। [স. ন+অভ্যস্ত]

অনভ্যাস *বি* চর্চার বা অনুশীলনের অভাব; চর্চাশূন্যতা; অননুশীলন; অভ্যাসের অভাব। [স. ন+অভ্যাস]

অনমনীয় *বিণ* নত করা যায় না এমন; শক্ত; দৃঢ়। [স. ন+নমনীয়]

অনমিত *বিণ* নত নয় এমন; নত করা হয়নি এমন; অপরাভূত; অর্জিত; সমুন্নত। [স. ন+নমিত]

অনর্গল *ক্রিবিণ* অবিরাম; ক্রমাগত। বাধাশূন্য; খিলশূন্য (কপাট); অর্গলহীন; অবাধ; প্রতিবন্ধকহীন। [স. ন+অর্গল]

অনর্থ *বি*১ অমঙ্গল; অনিষ্ট; অশুভ। ২ অঘটন; বিপত্তি। ৩ ভুল অর্থ; কদর্থ। ❑*বিণ* নিরর্থক; ব্যর্থ; নিষ্ফল। [স. ন+অর্থ]। **অনর্থকর** *বিণ* অমঙ্গল ঘটায় এমন; অনিষ্টজনক। **অনর্থকরী** *স্ত্রী.*। **অনর্থদর্শী** *বিণ* দুঃখবাদী; সর্বত্র অমঙ্গল দর্শনকারী। **অনর্থপাত** *বি* অশুভ ঘটনা; বিপদ (কিছুই দিবেন না, দিলেই অনর্থপাত হইবে—

বিদ্যাসাগর)।
অনর্থক *বিণ* ১ ব্যর্থ; নিষ্ফল; বৃথা। ২ অকারণ; অহেতুক। ❑ *ক্রিবিণ* শুধু শুধু; বৃথা। [স. ন+অর্থ+ক]
অনল *বি* আগুন; অগ্নি; বহ্নি; পাবক। [স.]
অনলস *বিণ* আলস্যহীন; পরিশ্রমী; অবসাদমুক্ত [স. ন+অলস]
অনশন *বি* উপবাস; অনাহার। [স. ন+অশন]। **অনশনক্লিষ্ট** *বিণ* উপবাসপীড়িত; অনাহারে কাতর। **অনশনব্রত** *বি* উপবাসের দৃঢ় সংকল্প। **অনশনা** *বি স্ত্রী.* উপবাসিনী; অনাহারিণী।
অনশ্বর *বিণ* নাশহীন; অবিনাশী; অক্ষয়; নিত্য; স্থায়ী; চিরন্তন। [স. ন+নশ্বর]। **অনশ্বরতা** *বি*।
অনসূয় *বিণ* ঈর্ষাশূন্য; অহিংসুক; পরশ্রীকাতরতাশূন্য। [স. ন+অসূয়া]। **অনসূয়া** *বি স্ত্রী.* শকুন্তলার এক সখীর নাম। ❑ *বিণ স্ত্রী.* ঈর্ষাশূন্যা।
অনস্বীকার্য, অস্বীকার্য *বিণ* অস্বীকার করা যায় না এমন; মেনে নিতে বাধ্য। [স. ন+স্বীকার্য]
অনাকর্ষণীয় *বিণ* আকর্ষণীয় নয় এমন; অশ্রদ্ধেয়। [স. ন+আকর্ষণীয়]। **অনাকর্ষণ** *বি*।
অনাক্রম্য *বিণ* ১ আক্রমণ করা অসাধ্য বা অনুচিত এমন। ২ রোগের আক্রমণ হতে মুক্ত; immune। [স.]
অনাক্রান্ত *বিণ* আক্রান্ত হয়নি এমন; অনাবিষ্ট; অধৃত। [স.]
অনাগত *বিণ* এখনো আসেনি এমন; ভাবী; ভবিষ্যৎ; অনুপস্থিত। [স. ন+আগত]
অনাঘ্রাত, অঘ্রাত *বিণ* ১ আশোকা; ঘ্রাণ নেওয়া হয়নি এমন (অনাঘ্রাত ফুল)। ২ ভোগ করা হয়নি এমন। ৩ অকলুষিত। [স. ন+আঘ্রাত]। **অনাঘ্রাতা** *বিণ স্ত্রী.*।
অনাচার *বি* ধর্ম ও সমাজ-বিরুদ্ধ আচরণ; জঘন্য আচার; কদাচার; নিন্দনীয় বা অভদ্র আচার; যথেচ্ছাচার। [স. ন+আচার]। **অনাচারী**(-রিন্), **অনাচারকারী** *বি, বিণ* কদাচারী।
অনাচ্ছন্ন *বিণ* ১ অনাবৃত; অনাচ্ছাদিত। ২ অনভিভূত; অবিমূঢ়; অবিজড়িত।
অনাছিষ্টি = অনাসৃষ্টি।
অনাড়ম্বর *বি* ১ সাদাসিধে; আড়ম্বরের অভাব। ২ আড়ম্বরহীন; ঘটাহীন; জাঁকজমকশূন্য; সরল। [স. ন+আড়ম্বর]
অনাড়ষ্ট *বিণ* স্বচ্ছন্দ; জড়তাশূন্য। [বা.]
অনাত্মীয় *বিণ* ১ আত্মীয় নয় এমন; পর। ২ আত্মীয়শূন্য; আপনজন বা রক্তসম্পর্কিত নয় এমন। ৩ শত্রু; দুশমন। [স. ন+আত্মীয়]। **অনাত্মীয়তা** *বি* ১ আত্মীয়তার অভাব। ২ অসদ্ভাব; বিদ্বেষভাব; শত্রুতা।
অনাথ *বিণ* রক্ষক বা প্রতিপালনহীন; সহায়হীন; নিরাশ্রয়। [স. ন+নাথ]। **অনাথা, অনাথিনী**(অ-প্র) *বিণ স্ত্রী.* ১ নিরাশ্রয়; সহায়হীনা। ২ বিধবা; স্বামীহারা। **অনাথাশ্রম, অনাথনিবাস** *বি* এতিম বা পিতৃমাতৃহীন শিশুদের আশ্রয়স্থান; এতিমখানা।
অনাদর *বি* অবহেলা; অযত্ন; অসম্মান; উপেক্ষা; অমনোযোগ; অমর্যাদা; অপমান। [স. ন+আদর]। **অনাদরণীয়** *বিণ* অনাদরের যোগ্য; আদরের অযোগ্য। **অনাদৃত** *বিণ* উপেক্ষিত; অবজ্ঞাত। **অনাদৃতা** *স্ত্রী.*।

অনাদায় *বি* অপ্রাপ্তি; সংগৃহীত না হওয়া। ❑ *বিণ* বাকি; অপ্রাপ্ত। [বা.]। **অনাদায়ী** *বিণ* অপ্রাপ্ত; বাকি। **অনাদেয়**(অ-প্র) *বিণ* আদায় করা সম্ভব নয় এমন; আদায়ের অযোগ্য।
অনাদি *বিণ* ১ আদিহীন; উৎপত্তিবিহীন; স্বয়ম্ভু। ২ চিরকালীন। [স. ন+আদি]। **অনাদিকাল** *বি* স্মরণাতীত কাল।
অনাদ্য *বিণ* ১ আদিহীন। **অনাদ্যা** *বি* সৃষ্টির উৎস নারী স্বরূপ প্রকৃতি। [স.]
অনাদ্যন্ত *বিণ* আদি ও অন্তহীন; অনন্ত। [স. ন+আদি +অন্ত]
অনাবশ্যক *বি* অপ্রয়োজন; অদরকার। ❑ *বিণ* অপ্রয়োজনীয়; অদরকারি। [স. ন+আবশ্যক]
অনাবাসিক *বিণ* ১ বাস করে না এমন; non-resident (তৈরি পরিভাষা)। ২ যে প্রতিষ্ঠানে বাস করার বা থাকার ব্যবস্থা নেই (বিদ্যালয়)। [স.]
অনাবিল *বিণ* ময়লা বা ঘোলা নয় এমন; নির্মল; মালিন্যহীন; কলঙ্ক বা কলুষহীন। [স. ন+আবিল]
অনাবিষ্ট *বিণ* অমনোযোগী; অনাচ্ছন্ন। [স. ন+আবিষ্ট]
অনাবৃত *বিণ* অনাচ্ছাদিত; আবরণহীন; খোলা। [স. ন+আবৃত]
অনাবৃষ্টি *বি* বৃষ্টির অভাব; অপর্যাপ্ত বৃষ্টি। [স. ন+আ+বৃষ্টি]
অনামা, অনামিকা *বি* হাতের কনিষ্ঠাঙ্গুলির পার্শ্ববর্তী অঙ্গুলি। [স. ন+নামন+ আ; অনামা+ক+আ]।
অনায়ত *বিণ* সঙ্কীর্ণ; অবিস্তৃত; অপ্রশস্ত; সরু। [স. ন+আয়ত]
অনায়ত্ত *বিণ* আয়ত্তের বাইরে; অনধিকৃত; অবাধ্য; অবশ্য; অবশ; অদীর্ঘ। [স. ন+আয়ত্ত]
অনায়াস *বি* অল্প শ্রম; অক্লেশ। ❑ *বিণ* সহজ; আয়াসশূন্য; অনায়াসে; বিনা শ্রমে; কষ্টে ও চেষ্টায় (লভ্য)। [স. ন+আয়াস]। **অনায়াসকৃত** *বিণ* অক্লেশে সাধিত। **অনায়াসলব্ধ** *বিণ* সহজে প্রাপ্ত। **অনায়াসলভ্য** *বিণ* সহজে লভ্য এমন। **অনায়াসসাধ্য** *বিণ* সহজসাধ্য; বিনাক্লেশে কাজ করা যায় এমন। **অনায়াসে** *ক্রিবিণ* সহজে; অক্লেশে; বিনা পরিশ্রমে।
অনারব্ধ *বিণ* অনারম্ভ; শুরু হয়নি এমন। [স. ন+আরব্ধ]
অনার্য *বি* আর্য নয় এমন জাতি। ❑ *বিণ* অভদ্র; অসাধু; দুর্বিনীত। **অনার্যতা** *বি* অভদ্রতা; অসাধুতা। **অনার্যসুলভ** *বিণ* অনার্য জাতির মধ্যে সহজে লভ্য এমন।
অনালোচনীয়, অনালোচ্য *বিণ* আলোচনার অযোগ্য বা বহির্ভূত। [স. ন+আলোচনীয়, আলোচ্য]
অনাসক্ত *বিণ* আসক্তিহীন; নির্লিপ্ত; অনুরাগহীন। [স. ন+আসক্ত]
অনাসৃষ্টি *বিণ* সৃষ্টিছাড়া; কুৎসিত; আজগুবি; অদ্ভুত; বিচিত্র; নিন্দনীয়; রীতিবিরুদ্ধ। [বা. অনা(মন্দ)+স. সৃষ্টি]
অনাস্থা *বি* ১ আস্থার অভাব; অবিশ্বাস। ২ উপেক্ষা; অবহেলা; অনাদর। [স. ন+আস্থা]
অনাস্বাদ *বি* স্বাদহীনতা। ❑ *বিণ* স্বাদহীন। **অনাস্বাদিত** *বিণ* স্বাদ গ্রহণ করা হয়নি এমন।
অনাহার *বি* উপবাস; অনশন। [স. ন+আহার]। **অনাহারী** *বিণ*।
অনাহূত *বিণ* অনিমন্ত্রিত; ডাকা হয়নি এমন। ❑ *ক্রিবিণ*

অপ্রাসঙ্গিক; অসঙ্গত। [স. ন+আহত]
অনিকেত *বিণ* উন্মূল; গৃহহীন; বাসস্থান নেই এমন। [স. ন+নিকেত]
অনিচ্ছা *বি* ইচ্ছার অভাব; অমত; অনভিলাষ; আপত্তি; অসম্মতি; গররাজি। [স. ন+ইচ্ছা]। **অনিচ্ছাকৃত** *বিণ* ইচ্ছার বিরুদ্ধে সম্পাদিত বা অনুষ্ঠিত।
অনিত্য *বিণ* অস্থায়ী; নশ্বর। [স. ন+নিত্য]। **অনিত্যতা** *বি* নশ্বরতা; অস্থায়িত্ব।
অনিদ্র *বিণ* নিদ্রাহীন; বিনিদ্র। **অনিদ্রা** *বি* নিদ্রাহীনতা; ঘুমের অভাব। [স. ন+নিদ্রা]
অনিন্দনীয়, অনিন্দ্য *বিণ* ১ নিন্দার উর্ধ্বে। ২ অনবদ্য। ৩ সুন্দর; নিখুঁত। [স. ন+√নিন্দ্+অনীয়]। **অনিন্দিত** *বিণ* ১ নিন্দিত হয়নি এমন; অগর্হিত; অদুষ্ট। ২ নিখুঁত; সুন্দর; অনবদ্য। **অনিন্দিতা** *স্ত্রী*। **অনিন্দ্যসুন্দরী** *বিণ স্ত্রী* নিখুঁত সুন্দরী; সর্বাঙ্গসুন্দরী।
অনিপুণ *বিণ* অদক্ষ; অকুশলী; আনাড়ি; অপটু। [স. ন+নিপুণ]। **অনিপুণা** *স্ত্রী*।
অনিবার *বিণ* নিবারণ করা বা বাধা দেওয়া যায় না এমন। ❑ *ক্রিবিণ* বারবার; নিরন্তর; সর্বদা; ক্রমান্বয়ে। [স. ন+নিবার]। **অনিবারণীয়, অনিবার্য** *বিণ* ১ অপ্রতিরোধ্য। ২ অবশ্যম্ভাবী। **অনিবারিত** *বিণ* ১ অপ্রতিহত; অব্যাহত; অবাধ। ২ অনিষিদ্ধ।
অনিমিখ *বিণ* ১ অপলক; নিস্পন্দ; স্থিরনেত্র বা স্থির দৃষ্টি। ২ দেবতা; মৎস্য। [স. অনিমিষ>]। **অনিমিখে** *ক্রিবিণ* অনিমেষে; একদৃষ্টিতে।
অনিমিষ, অনিমেষ *বিণ* ১ অপলক; বদ্ধদৃষ্টি। ২ স্থির; নিস্পন্দ; অচল; অনিমেষ নেত্র সম্পন্ন। [স.]। **অনিমিষনেত্রে, অনিমিষলোচনে** *ক্রিবিণ* স্থির দৃষ্টিতে; অপলক দৃষ্টিতে।
অনিয়ত *বিণ* ১ অনিয়ন্ত্রিত; অসংযত; উচ্ছৃঙ্খল। ২ অনিশ্চিত; অনির্দিষ্ট; অস্থির। [স. ন+নিয়ত]
অনিয়ন্ত্রিত *বিণ* অসংযত; অনিবারিত; অদমিত। [স.]
অনিয়ম *বি* ১ নিয়মলঙ্ঘন; অনিয়ন্ত্রণ; নিয়মের অভাব; বিশৃঙ্খলা। ২ অব্যবস্থা। ৩ অসংযম। [স. ন+নিয়ম]। **অনিয়মিত** *বিণ*।
অনিরুদ্ধ *বিণ* ১ রোধহীন; অবাধ। ২ উন্মুক্ত। ❑ *বি* শ্রীকৃষ্ণের পৌত্রের নাম। [স. ন+নিরুদ্ধ]
অনির্ণীত *বিণ* নির্ণয় করা হয়নি এমন; অনিরূপিত; অস্থিরীকৃত; অনবধারিত; অনির্ধারিত। [স. ন+নির্ণীত]। **অনির্ণেয়** *বিণ* নির্ণয় করা যায় না এমন; অনির্ধার্য; অনিরূপেয়; অনির্ধারেয়; অনিশ্চিত। [স. ন+নির্ণেয়]
অনির্দিষ্ট *বিণ* অনির্ধারিত; অনিশ্চিত; অনিরূপিত; অনিয়মিত। [স. ন+নির্দিষ্ট]
অনির্দেশ *বি* নির্দেশের অভাব; অনির্দিষ্ট অবস্থা। **অনির্দেশ্য** *বিণ* নির্দিষ্ট করা যায় না এমন; অনির্ণেয়।
অনির্বচনীয়, অনির্বাচ্য *বিণ* বর্ণনাতীত; অবর্ণনীয়; ভাষায় প্রকাশ করা যায় না এমন। [স. ন+নির্বচনীয়]
অনির্বাণ *বিণ* ১ কখনো নেভে না এমন; চির জ্বলন্ত; চির অম্লান। ২ অনিবৃত্ত; অশান্ত। **অনির্বেয়** *বিণ* নির্বাপিত করা যায় না এমন। [স. ন+নির্বাণ]
অনিল *বি* ১ বায়ু; পবন। ২ অষ্ট বায়ুর মধ্যে পঞ্চম বায়ু। [স.]
অনিশ্চয় *বি* অনির্ণয়; সন্দেহ; সংশয়; স্থিরতাশূন্য। **অনিশ্চিত** *বিণ* অনির্ণীত; অনির্ধারিত। [স. ন+নিশ্চয়]
অনিষ্ট *বি* অমঙ্গল; অপকার; ক্ষতি। ❑ *বিণ* অবাঞ্ছিত; অনভিলষিত। [স. ন+ইষ্ট]। **অনিষ্টকর, অনিষ্টকারী, অনিষ্টকারক, অনিষ্টজনক, অনিষ্টদায়ক** *বিণ* ক্ষতিকারক; হানিকর। **অনিষ্টাচরণ** *বি* ক্ষতিসাধন।
অনিষ্ঠা *বি* নিষ্ঠার অভাব; অনাস্থা; অভক্তি; অনাকর্ষণ; অমনোযোগ; অবহেলা; ঔদাসীন্য।
অনীক, অনীকিনী *বি* ১ সৈন্যদল। ২ সৈনিক; সেনানী। ৩ যুদ্ধ; সংগ্রাম। [স.]
অনীতি *বি* কুনীতি; অবাঞ্ছিত বা ক্ষতিকর নীতি। [বা.]
অনীপ্সিত *বিণ* অনভিপ্রেত; অবাঞ্ছিত; অনভিলষিত। [স. ন+ঈপ্সিত]
অনীহ *বিণ* অনিচ্ছুক; নিরীহ; নিশ্চেষ্ট; নিস্পৃহ। [স. ন+ঈহা]। **অনীহা** *বি* অনিচ্ছা; অনুৎসাহ; চেষ্টার অভাব; নিস্পৃহতা।
অনু *অব্য* পশ্চাৎ; সাদৃশ্য; ব্যাপ্তি; অধীন; বারংবার ইত্যাদি অর্থবোধক তৎসম উপসর্গ, যেমন—অনুগমন, অনুরূপ, অনুক্ষণ, অনুগত, অনুলেপন। [স.]
অনুকম্পা *বি* সমবেদনা; দয়া; অনুগ্রহ; কৃপা। [স. অনু+√কম্প্+অ+আ]
অনুকরণ *বি* নকল; অনুসরণ। [স. অনু+করণ]। **অনুকরণকারী, অনুকর্তা** *বি, বিণ* যে অনুকরণ করে। **অনুকরণদক্ষ, অনুকরণপটু** *বিণ* অপরের অনুকরণ করতে নিপুণ। **অনুকরণপ্রিয়** *বি, বিণ* যে অনুকরণ করতে ভালোবাসে। **অনুকরণবৃত্তি** *বি* অনুকরণ করার অভ্যাস। **অনুকরণীয়** *বি* অনুকরণের যোগ্য।
অনুকার *বি* অনুকরণ; সদৃশীকরণ। [স. অনু+√কৃ+অ]। **অনুকার ধ্বনি** *বি* শাঁ শাঁ/ভন ভন। **অনুকারী** *বিণ*।
অনুকূল *বিণ* সহায়; পোষক; অবিরোধী। [স. অনু+কূল]
অনুকৃত *বিণ* অনুকরণ করা হয়েছে এমন। [স. অনু+কৃত]। **অনুকৃতি** *বি*।
অনুক্ত *বিণ* ১ বলা হয়নি এমন; অকথিত; উহ্য। ২ অব্যক্ত; অনুচ্চারিত। [স. ন+উক্ত]
অনুক্রম *বি* ১ যথাক্রম; ক্রমান্বয়; পারম্পর্য; অনুপূর্ব; পর্যায়ক্রম। ২ কর্মসূচি; কার্য-তালিকা। [স. অনু+√ক্রম+অ]। **অনুক্রমণ** *বি* অনুসরণ; অনুবর্তন। **অনুক্রমণিকা, অনুক্রমণী** *বি* ভূমিকা; মুখবন্ধ; অবতরণিকা। **অনুক্রমিক** *বিণ* ক্রমানুসারী।
অনুক্ষণ, অনুখন *ক্রিবিণ* সর্বদা; প্রতিক্ষণ। [স.]
অনুগ *বিণ* ১ অনুসরণকারী; অনুগমনকারী; অনুযায়ী। ২ পশ্চাদ্‌গামী; অনুচর; সেবক; অনুগত (নিয়মানুগ); অনুবর্তী। [স. অনু+√গম্+অ]
অনুগত *বিণ* ১ বাধ্য; অধীন; আশ্রিত; অনুবর্তী। ২ মতানুসারী; মতাবলম্বী। [স. অনু+√গম্+ত]। **আনুগত্য**।
অনুগমন, অনুগম *বি* ১ অনুসরণ; পশ্চাদ্‌গমন। ২ সহযাত্রা; একত্রে গমন। ৩ সহমরণ। [স. অনু+গমন]। **অনুগামী** *বি* ১ অনুসরণকারী; পশ্চাদ্‌গমনকারী। ২ সহচর; সহযাত্রী। **অনুগামিনী** *স্ত্রী*।
অনুগৃহীত *বিণ* ১ অনুগ্রহপ্রাপ্ত; কৃপাপ্রাপ্ত; উপকৃত; বাধিত। ২ প্রতিপালিত। [স. অনু+√গ্রহ্+ত]। **অনুগৃহীতা** *স্ত্রী*।
অনুগ্রহ *বি* ১ দয়া; কৃপা; করুণা। ২ সহায়তা; আনুকূল্য;

উপকার। ৩ প্রসন্নতা; সন্তুষ্টি। ৪ প্রসাদ। [স. অনু+√গ্রহ্+অ]। **অনুগ্রাহক, অনুগ্রাহী** *বিণ* অনুগ্রহকারী; সহায়। **অনুগ্রাহিকা** *স্ত্রী.*।

অনুঘটক *বি,বিণ* প্রভাবক; (রসায়নবিদ্যায় catalyst শব্দের পরিভাষা)।

অনুচর *বি* ১ সহচর; অনুগামী; সঙ্গী। ২ ভৃত্য; দাস। ❑ *বিণ* ১ অনুগমনকারী। ২ শিষ্য; চেলা; সহায়ক; সমর্থক; পরিকর; পার্শ্বচর। [স. অনু+√চর্+অ]। **অনুচারী** *বিণ* ১ অনুগামী; অনুসারী। ❑ *বি* ভৃত্য; পরিচারক। **অনুচারিণী** *স্ত্রী.*।

অনুচিকীর্ষা *বি* অনুসরণ বা অনুকরণ করার ইচ্ছা। [স. অনু+ চিকীর্ষা]। **অনুচিকীর্ষু** *বিণ* অনুসরণ বা অনুকরণ করতে ইচ্ছুক।

অনুচিত *বিণ* অন্যায়; অকর্তব্য; অযথা। ❑ *বি* বিধিনিষেধ; নিয়ম-নীতি; রীতি-পদ্ধতি বিরুদ্ধ কর্ম বা আচরণ কিংবা উক্তি। ❑ *ক্রিবিণ* অন্যায়ভাবে। [স. ন+উচিত]

অনুচিন্তন, অনুচিন্তা *বি* ১ অনুধ্যান; নিরন্তর চিন্তা; গভীর চিন্তা। ২ স্মরণ। [স.]

অনুচ্চ *বিণ* ১ উঁচু নয় এমন; নিচু। ২ মৃদু (অনুচ্চ কণ্ঠ)। [স. ন+উচ্চ]

অনুচ্চারণীয়, অনুচ্চার্য *বিণ* উচ্চারণ করা অসাধ্য বা অনুচিত; অকথ্য (অশ্লীল বা অবৈধ বলে)। [স. অনুচ্চার+অনীয়]। **অনুচ্চারিত** *বিণ* অনুক্ত। [স. ন+উৎ+চারি+অ=অনুচ্চার+ত=অনুচ্চারিত]

অনুচ্ছেদ *বি* (অনু-পশ্চাৎ, পরবর্তী+ছেদ) প্রবন্ধাদির বিভাগবিশেষ; ভাবভিত্তিক পর্ববিভাগ; paragraph। [স. অনু+ছেদ]

অনুজ, অনুজন্মা *বি* ছোট ভাই। [স. অনু+√জন্+অ]। **অনুজা** *স্ত্রী.*। **অনুজাত** *বিণ* পরে জাত বা উৎপন্ন; কনিষ্ঠ। বয়সে ছোট।

অনুজ্জ্বল *বিণ* ১ দীপ্তিশূন্য; প্রভাহীন; ম্লান। ২ অপ্রখর; মেধাহীন। [স. ন+উৎ+জ্বল]

অনুজ্ঞা *বি* ১ আদেশ; নির্দেশ; উপদেশ; অনুমতি; সম্মতি। ২ প্রবর্তনা; নিয়োগ। ৩ ব্যাকরণে ক্রিয়ার আদেশভাব। [স. অনু+√জ্ঞা+অ]। **অনুজ্ঞাত** *বিণ* আদেশ বা অনুমতিপ্রাপ্ত।

অনুতপ্ত *বিণ* ১ কৃতকর্ম বা আচরণের জন্য দুঃখিত বা অনুশোচনাগ্রস্ত। ২ সন্তপ্ত; অনুতাপযুক্ত; আফসোসক্লিষ্ট; আক্ষেপক্লিষ্ট; পরিতাপযুক্ত। [স. অনু+তপ্ত]

অনুতাপ *বি* কৃতকর্ম বা আচরণের জন্যে কিংবা ব্যর্থতায় বা অসাফল্যের জন্যে অনুশোচনা; পরিতাপ; আফসোস। [স. অনু+তাপ]। **অনুতাপগ্রস্ত** *বিণ* অনুতপ্ত; পরিতাপগ্রস্ত; আক্ষেপকারী। **অনুতাপী** *বিণ*।

অনুৎকর্ষ *বিণ* অপকর্ষ; অনুন্নতি। [স. ন+উৎকর্ষ]

অনুৎসাহ *বি* উৎসাহহীনতা; উদ্যমহীনতা। ❑ *বিণ* নিরুৎসাহ; উদ্যমহীন। [স. ন+উৎসাহ]

অনুৎসুক *বিণ* আগ্রহান্বিত নয় এমন; নিরুৎসুক। [স. ন+উৎসুক]

অনুদাত্ত *বিণ* উদাত্ত বা উচ্চস্বর নয় এমন। ❑ *বি* নিম্নস্বর। [স. ন+উদাত্ত]

অনুদান *বি* অর্থসাহায্য; ভাতা; রাষ্ট্রীয় বা সরকারি পর্যায়ে দানসদৃশ বা দানসমতুল্য আর্থিক সহায়তা (subsidy, grant)। [স. অনু+দান]

অনুদার *বিণ* ১ সঙ্কীর্ণমনা; হীনচেতা; নীচাশয়; ক্ষুদ্রাশয়। ২ কৃপণ। ৩ রক্ষণশীল। [স. ন+উদার]

অনুদিন *ক্রিবিণ* ১ প্রতিদিন; দিনের পর দিন; রোজ; প্রত্যহ। ২ সর্বদা। [স. অনু+দিন]

অনুদ্দিষ্ট *বিণ* ১ লক্ষ্যের বা বক্তব্যের বিষয় নয় এমন। ২ *বিণ* সন্ধান বা উদ্দেশ বা খোঁজ নেই এমন; নিরুদ্দিষ্ট; নিখোঁজ; লা-পাত্তা (বিদ্রূপে)। [স. ন+উদ্দিষ্ট]

অনুদ্ধত *বিণ* বিনীত; নম্র; শান্ত; ধীর। [স. ন+উদ্ধত]

অনুদ্বেগ *বি* নিশ্চিন্ততা; উদ্বেগশূন্যতা। **অনুদ্বিগ্ন** *বিণ* নিশ্চিন্ত। [স. ন+উদ্বেগ]

অনুধাবন *বি* ১ পশ্চাদ্ধাবন; অনুসরণ। ২ পর্যালোচনা; বিবেচনা। ৩ মনোনিবেশ; মনঃসংযোগ। ৪ অনুসন্ধান; খোঁজ। [স. অনু+ধাবন]। **অনুধাবিত** *বিণ* ১ পশ্চাদ্‌ধাবিত; অনুসৃত। ২ অভিনিবিষ্ট; বিবেচিত।

অনুধ্যান *বি* সর্বদা চিন্তন; চিন্তা করা বা স্মরণ; শুভচিন্তা। [স. অনু+ধ্যান]। **অনুধ্যায়ী** *বিণ*। **অনুধ্যেয়** *বিণ* অনুধ্যানের যোগ্য; সর্বদা ধ্যান করার যোগ্য।

অনুনয় *বি* মিনতি; বিনীত অনুরোধ; কাতরভাবে প্রার্থনা; সাধাসাধি করা। [স. অনু+√নী+অ]। **অনুনয়ী** *বিণ*। **অনুনয়-বিনয়** *বি* সাধ্য সাধনা; সকাতর প্রার্থনা; প্রার্থনা।

অনুনাসিক *বিণ* ১ নাকি (অনুনাসিক স্বর)। ২ নাসিকার সাহায্যে উচ্চার্য (বর্ণ—ঙ, ঞ, ণ, ন, ম, ঁ, ং)। [স.]

অনুন্নত *বিণ* ১ উন্নত বা উঁচু নয় এমন। ২ নিম্ন সমাজভুক্ত; হীনবংশীয় (অনুন্নত সম্প্রদায়)। ৩ অসমৃদ্ধ; অনগ্রসর (অনুন্নত দেশ)। [স. ন+উন্নত]

অনুপ *বিণ* উপমাহীন; অনুপম; সাদৃশ্যশূন্য; অতুল্য; অনন্য; সর্বশ্রেষ্ঠ। [স. ন+উপমা]

অনুপম, অনুপাম (পদ্য, ম-বা) *বিণ* নিরুপম; অতুলনীয়; উপমাহীন; অনন্য; অসামান্য; সর্বোত্তম। **অনুপমা** *স্ত্রী.*।

অনুপযুক্ত *বিণ* ১ অযোগ্য; অক্ষম। ২ প্রয়োজনের অনুরূপ নয় এমন। ৩ অনুচিত; অকেজো; অসঙ্গত। [স. ন+উপযুক্ত]। **অনুপযুক্ততা, অনুপযোগিতা** *বি* অপ্রয়োজনীয়তা। [স. ন+উপযোগিতা]

অনুপল *বি* ১ অত্যল্পকাল; সময়ের ক্ষুদ্রাংশ; ক্ষণ; মুহূর্ত। ২ *বি* $\frac{১}{১৫০}$ সেকেন্ড; $\frac{১}{৬০}$ বিপল। [স. অনু+পল]

অনুপস্থিত *বিণ* উপস্থিত নয় এমন; গর-হাজির। ❑ *বি* ১ অনাগত। ২ ভবিষ্যৎ; অনাগত কাল। [স. ন+উপস্থিত]। **অনুপস্থিতি** *বি*।

অনুপাত *বি* ১ এক রাশির সাথে অন্য রাশির ভাগ সম্বন্ধ; ratio। ২ এক বস্তুর হ্রাসবৃদ্ধি অনুসারে অন্য বস্তুর হ্রাস-বৃদ্ধি। [স. অনু+√পত্+অ]। **অনুপাতে** *ক্রিবিণ* অনুসারে; অনুযায়ী; তুলনায়।

অনুপান *বি* (আয়ুর্বেদ) ওষুধের সঙ্গে সেবনীয় অন্য পানীয় বা দ্রব্য। [স. অনু+পান]

অনুপায় *বিণ* নিরুপায়; অসহায়। ❑ *বি* উপায়হীনতা; সহায়শূন্যতা। [স. ন+উপায়]

অনুপুঙ্খ *বিণ* অতি সূক্ষ্ম; পুঙ্খানুপুঙ্খ।

অনুপূরক *বিণ* ১ কোনো কিছুর অপূর্ণতা দূর করে এমন; অন্য কোনো কিছুর সঙ্গে যুক্ত হয়ে তাকে পূর্ণতা দান করে

এমন; complementary। ২ অতিরিক্ত; supplementary। [সং. অনু+পূরক]

অনুপূর্ব *বি* অনুক্রম; যথাক্রম। ❑ *বিণ* আনুক্রমিক। [সং. অনু+পূর্ব]

অনুপ্রবেশ *বি* ১ ভিতরে প্রবেশ; অন্তঃপ্রবেশ। ২ ক্ষতি করার উদ্দেশ্যে পরের এলাকায় বা দলের গোপনে ও অবৈধভাবে প্রবেশ। ৩ কোনো বিষয় গভীরভাবে বুঝবার চেষ্টা; মর্মগ্রহণ। [সং. অনু+প্রবেশ]

অনুপ্রাণন *বি* প্রেরণাদান; শক্তি-সঞ্চারণ; উদ্দীপন। [সং. প্র+√অন+ণিচ্+অন]। **অনুপ্রাণিত** *বি*। **অনুপ্রাণনা** *বি* প্রেরণা; শক্তিসঞ্চার।

অনুপ্রাস *বি* একই ধ্বনি বা বর্ণের পুনঃপুন প্রয়োগ (যেমন—গগনে গরজে মেঘ ঘন বরষা—রবীন্দ্র)।

অনুপ্রেরিত *বিণ* উদ্দীপ্ত; অনুপ্রাণিত। **অনুপ্রেরণা** *বি* উদ্দীপনা; অনুপ্রাণনা; উৎসাহ। [সং.]

অনুবন্ধ *বি* ১ আরম্ভ; উপক্রম; উদ্যোগ; অবতারণা। ২ অনুরোধ; নির্বন্ধ। ৩ অভিলাষ; সঙ্কল্প; চেষ্টা। ৪ উপলক্ষ। ৫ প্রসঙ্গ। ৬ সম্বন্ধ; অবিচ্ছেদ। ৭ পারম্পর্য। **অনুবন্ধী** *বিণ* ১ সম্বন্ধীয়; সংক্রান্ত। ২ অবিচ্ছিন্ন; অকথিত। [সং. অনু+√বন্ধ+অ]

অনুবর্তন *বি* ১ অনুগমন; অনুসরণ; স্থানান্তরে গমন। ২ পশ্চাৎগমন; আবর্তন; অনগ্রসরতা; রীতির আনুগত্য বা অনুসরণ। ৩ সেবা; অনুবৃত্তি। [সং. অনু+√বৃত্+অন]। **অনুবর্তী** *বিণ* ১ অনুগামী; বশবর্তী। ২ অনুসারী; অনুযায়ী। **অনুবর্তিতা** *বি*। **অনুবর্তিনী** *স্ত্রী*।

অনুবাদ *বি* ১ ভাষান্তরকরণ; তরজমা; পুনঃপুন কথন। ২ অনুকরণ; নকল। ৩ বিড়ম্বনা; প্রতিকূলতা। ৪ নিন্দা; অপবাদ। [সং. অনু+√বিদ্+অ]। **অনুবাদক** *বি,বিণ* ১ ভাষান্তরকারী। ২ অনুকারক।

অনুবিধি *বি* আইন বা নিয়মাদির অন্তর্গত গৌণ বিধি। [সং. অনু+বিধি]

অনুবৃত্তি *বি* ১ অনুবর্তন; অনুকরণ। ২ পূর্ব প্রসঙ্গের জের; পূর্বানুবৃত্তি। ৩ সেবা; পরিচর্যা; আনুগত্য। [সং. অনু+√বৃত্+তি]

অনুভব *বি* ১ বোধ; উপলব্ধি; জ্ঞান। ২ প্রভাব; মাহাত্ম্য (জানিনু তোমার অনুভব—ভারত)। **অনুভবা** (ম-বা) *বিণ স্ত্রী.* প্রভাবমুক্তা; শক্তিসম্পন্না। **অনুভূত** *বিণ*। [সং. অনু+√ভূ+অ]

অনুভাব *বি* ১ কাব্যালঙ্কারবিশেষ (ক্রন্দন, রোমাঞ্চ, আস্ফালন ইত্যাদি)। ২ প্রভাব; মহিমা। ৩ সুখানুভূতি; সন্তোষ। ৪ মনোভাবব্যঞ্জক হাবভাব; ইশারা। [সং. অনু+ভাব]। **অনুভাবনা** *বি* অনুধ্যান; পশ্চাৎচিন্তা। **অনুভাবিত** *বিণ* অনুভব করা হয়েছে এমন।

অনুভূতি *বি* উপলব্ধি; অনুভব; সুখ-দুঃখাদির বোধ; সূক্ষ্ম চেতনা। [সং. অনু+√ভূ+তি]। **অনুভূত** *বিণ* উপলব্ধ; অবগত। ❑ *বি* উপলব্ধি; অনুভব।

অনুভূমিক *বিণ* দিকচক্রবালের সমান্তরাল; horizontal। [সং. অনু+ভূমি+ক]

অনুমত *বিণ* সম্মত; অনুমোদিত; আদিষ্ট।

অনুমতি *বি* সম্মতি; আদেশ। [সং.]

অনুমান, অনুমিতি *বি* ১ ধারণা; আন্দাজ; নির্ধারণ। ২ অর্থালঙ্কারবিশেষ। [সং. অনু+√মা+অন/তি]। **অনুমিত** *বিণ* অনুমান করা হয়েছে এমন। **অনুমেয়** *বিণ* অনুমানযোগ্য।

অনুমোদন *বি* ১ সম্মতি; সমর্থন। ২ মঞ্জুরি। [সং. অনু+√মুদ্+অন]। **অনুমোদক** *বিণ*। **অনুমোদিত** *বিণ* ১ সমর্থন করা হয়েছে এমন; সমর্থিত (শাস্ত্র সমর্থিত)। ২ সরকারি পর্যায়ে গৃহীত বা মঞ্জুরিপ্রাপ্ত।

অনুযায়ী *বিণ* ১ অনুরূপ; সদৃশ। ২ অনুগামী; অনুবর্তী। [সং. অনু+√যা+ইন্]

অনুযোগ *বি* ১ দোষারোপ; অভিযোগ; নালিশ। ২ ভর্ৎসনা; তিরস্কার। [সং. অনু+√যুজ্+অ]। **অনুযুক্ত** *বিণ* ১ যোগ্য; উপযুক্ত। ২ তিরস্কৃত; নিন্দিত।

অনুরক্ত *বিণ* অনুরাগবিশিষ্ট; আসক্ত; ভক্ত। [সং. অনু+√রন্‌জ্+ত]। **অনুরক্তা** *স্ত্রী.*। **অনুরক্তি** *বি* অনুরাগ; আসক্তি।

অনুরঞ্জক *বিণ* ১ প্রীতি সম্পাদনকারী। ২ বস্ত্রে রং প্রদানকারী।

অনুরঞ্জন *বি* সন্তোষ; তুষ্টিকরণ।

অনুরণন *বি* প্রথম উত্থিত ধ্বনির অনুবর্তী ক্রমবিলীয়মান ধ্বনিসমূহ; প্রতিধ্বনি। ❑ *ক্রি* অন্য ধ্বনির প্রভাবে ধ্বনিত হওয়া। [সং. অনু+√রণ্+অন]। **অনুরণিত** *বিণ* প্রতিধ্বনিত।

অনুরাগ *বি* ১ প্রেম; প্রীতি; স্নেহ; আদর; সোহাগ; যত্ন। ২ প্রবৃত্তি; আসক্তি (ধর্মানুরাগ)। ৩ দোষ; ফল। [সং. অনু+√রন্‌জ্+অ]। **অনুরাগী** *বিণ* ১ প্রেমিক। ২ আসক্ত; অনুরক্ত; অনুরত। **অনুরাগিণী** *স্ত্রী.*।

অনুরাধা *বি* নক্ষত্রবিশেষ; শুভজনক ১৭তম নক্ষত্র। [সং.]

অনুরুদ্ধ *বিণ* অনুরোধ করা হয়েছে এমন; উপরুদ্ধ; প্রার্থিত। [সং. অনু+√রুধ্+ত]

অনুরূপ *বিণ* তুল্য; সদৃশ; যোগ্য; অনুসারী। **আনুরূপ্য** *বি*। [সং. অনু+রূপ]

অনুরোধ *বি* মিনতিপূর্ণ যাচ্ঞা; প্রার্থনা। **অনুরোধে** *ক্রিবিণ* উপলক্ষে; খাতিরে (কাজের অনুরোধে)। [সং. অনু+√রুধ+অ]

অনুর্বর *বিণ* ১ উর্বর নয় এমন; শস্য কম ফলে এমন। ২ মেধাশূন্য; অপ্রখর (অনুর্বর মস্তিষ্ক)। [সং. ন+উর্বর]। **অনুর্বরা** *বিণ স্ত্রী.* নিষ্ফলা; ব্যর্থ; বন্ধ্যা।

অনুলিখন, অনুলিপি, অনুলেখ *বি* ১ অনুরূপ লিখন; শ্রুতিলিখন; dictation। ২ কোনো লেখা বা পাণ্ডুলিপির নকল। [সং. অনু+লিখন/লিপি/লেখা]। **অনুলেখক** *বি* লিপিকার; পাণ্ডুলিপি নকলকারী।

অনুলিপ্ত *বিণ* অনুরঞ্জিত; প্রলিপ্ত; লেপিত; মাখানো। [সং. অনু+√লিপ্+ত]।

অনুলেপ, অনুলেপন *বি* লেপন; প্রলেপ।

অনুলোম *বি* অনুক্রম; যথাক্রম। ❑ *বিণ* অনুকূল। [সং.]। **অনুলোম বিবাহ** *বি* হিন্দু উচ্চবর্ণের পুরুষের সাথে নিম্ন বর্ণের স্ত্রীলোকের বিয়ে। (তুল. প্রতিলোম বিবাহ)।

অনুশাসন *বি* ১ আদেশ; বিধান। ২ উপদেশ; শিক্ষা। [সং. অনু+শাসন]। **অনুশাসক** *বিণ*।

অনুশীলন *বি* আয়ত্তে রাখার জন্যে পুনঃপুন অভ্যাস; চর্চা; আলোচন, practice; দীর্ঘদিন যাবৎ চর্চা; অভ্যাস। [সং. অনু+√শীল্+অন]। **অনুশীলনী** *বি* অধীত পাঠের

আলোচনা; অনুশীলন সহায়। **অনুশীলনীয়** *বিণ* চর্চা বা অভ্যাস করা উচিত এমন। **অনুশীলিত** *বিণ* ১ অনুশীলন করা হয়েছে এমন। ২ সুমার্জিত। [স.]

অনুশোচন, অনুশোচনা *বি* অনুচিত কৃতকর্মের জন্যে অনুতাপ; খেদ; অনুতাপ; আফসোস; পশ্চাত্তাপ; শোক করা; আক্ষেপ। [স. অনু+√শুচ্‌+অন+আ]। **অনুশোচিত** *বিণ* অনুশোচনা করা হয়েছে এমন।

অনুষঙ্গ *বি* ১ সংশ্লিষ্ট বিষয়; প্রসঙ্গ; সম্বন্ধ। ২ আসক্তি; টান; স্নেহ; প্রণয়। ৩ অনুগ্রহ; অনুকম্পা; দয়া। ৪ সাহচর্য। [স. অনু+√সন্‌জ্‌+অ]। **আনুষঙ্গিক** *বিণ*। **অনুষঙ্গী** *বিণ* অনুষঙ্গবিশিষ্ট। [স.]

অনুষদ *বি* বিশ্ববিদ্যালয়ে পরস্পর সম্পর্কযুক্ত বিভাগসমূহের সমষ্টি; faculty।

অনুষ্টুপ, অনুষ্টুভ *বি* সংস্কৃত ছন্দবিশেষ (প্রত্যেক পর্বে আট অক্ষরবিশিষ্ট)। [স. অনু+√স্তুভ্‌+ক্বিপ্‌]

অনুষ্ঠান *বি* ১ আরম্ভ; উদ্যোগ; ক্রিয়াকর্ম; উৎসবাদি। ২ অধিবেশন। ৩ শাস্ত্রানুগ ক্রিয়াপদ্ধতি; সংস্কার। [স. অনু+√স্থা+অন]। **অনুষ্ঠাতা** *বি,বিণ* উদ্যোগকর্তা; সম্পাদক। **অনুষ্ঠাত্রী** *স্ত্রী.*। **অনুষ্ঠিত** *বিণ* নির্বাহিত; সম্পাদিত; আচরিত। **অনুষ্ঠেয়, অনুষ্ঠিতব্য**(অশুদ্ধ) *বিণ* অনুষ্ঠানযোগ্য; কর্তব্য। [স.]।

অনুসন্ধান *বি* অন্বেষণ; খোঁজ; জানতে চাওয়া। [স. অনু+সন্ধান]। **অনুসন্ধাতা, অনুসন্ধায়ক, অনুসন্ধায়ী** *বিণ* অন্বেষণকারী। **অনুসন্ধানী** *বিণ* অনুসন্ধানে পটু। **অনুসন্ধিৎসা** *বি* খুঁজে বের করার ইচ্ছা। **অনুসন্ধিৎসু** *বিণ* সন্ধানে ইচ্ছুক। **অনুসন্ধেয়** *বিণ* অনুসন্ধানযোগ্য। [স. অনু+সম+√ধা+সন+আ]

অনুসরণ *বি* অনুগমন; অনুবর্তন; অনুরূপ গঠন বা আচরণ; অনুকরণ। [স. অনু+√সৃ+অন]। **অনুসার, অনুসারী** (রিন্‌) *বিণ* ১ অনুসরণকারী; অনুগমনকারী। ২ অনুযায়ী; অনুরূপ। **অনুসারিণী** *স্ত্রী.*।

অনুসর্গ *বি* বিশেষ অর্থবোধক কিছু শব্দ যা বিশেষ্য পদের পরে বসে পদটিকে বিশেষ কোনো কারকে পরিণত করে, যেমন— থেকে, দিয়ে, কর্তৃক, চেয়ে। [স.]

অনুসিদ্ধান্ত *বি* ১ (জ্যা.) উপপাদ্য থেকে সহজে আসা যায় এমন সিদ্ধান্ত; corollary-র পরিভাষা। ২ প্রাসঙ্গিক সিদ্ধান্ত; সম্পৃক্ত সিদ্ধান্ত। [স.]

অনুসূচনা *বি* ১ অনুষ্ঠান। ২ আলোচনা; আন্দোলন। [স. অনু+সূচনা]

অনুসৃত *বিণ* অনুসরণ করা হয়েছে এমন। [স. অনু+√সৃ+ত]। **অনুসৃতি, অনুসরণ** *বি*।

অনুস্মৃতি *বি* পুরাতন ঘটনাদি পরবর্তীকালে স্মরণ; স্মৃতিরোমন্থন। [স. অনু+স্মৃতি]

অনুস্যূত *বিণ* ১ গ্রথিত; অবিচ্ছিন্ন; সংযুক্ত। ২ সতত বা নিত্য সম্বন্ধ। [স. অনু+√সিব+ক্ত]

অনুস্বর, অনুস্বার *বি* ১ অনুনাসিক বর্ণবিশেষ (ং)। ২ খয়ের খাঁ ব্যক্তি; লেজুড়; ব্যক্তিত্বহীন।

অনূঢ় *বিণ* অবিবাহিত; অপরিণীত। **অনূঢ়া** *বিণ স্ত্রী.* কুমারী; অবিবাহিতা। [স. ন+ঊঢ়]। **অনূঢ়ান্ন** *বি* হিন্দু সমাজে আইবুড়ো ভাত; গায়ে হলুদ দেওয়ার পর ও বিয়ের আগে কনেকে দেয় অন্ন।

অনূদিত, অনুবাদিত *বিণ* ভাষান্তরিত। [স. অনু+√বদ্‌+ত]

অনূপ *বি* জলা, বিল। [স.]

অনূর্ধ্ব *বিণ* অধিক নয় এমন; নিম্নস্থ।

অনৃত *বিণ* অসত্য; মিথ্যা। [স. ন+ঋত]। **অনৃতবাদী, অনৃতভাষী** *বি,বিণ* মিথ্যাবাদী। **অনৃতবাদিনী, অনৃতভাষিণী** *স্ত্রী.*।

অনেক *বিণ* একাধিক; নানা; প্রচুর; ঢের; বহু; বিস্তর। [স. ন+এক]

অনেকান্ত *বি* ১ অনিশ্চয়তা; সন্দেহ। ২ দার্শনিক মতবাদ; কোনো কার্যের বহু কারণ থাকতে পারে এমন বিশ্বাস। ৩ জৈন অনেকান্তা মত। [স.]

অনৈক্য *বি* ১ একতার অভাব; বিরোধ; গরমিল; অমিল; অসদ্ভাব। ২ মতভেদ; মতদ্বৈধ; মতবিরোধ। [স. ন+ঐক্য]

অনৈসর্গিক *বিণ* ১ অস্বাভাবিক; অলৌকিক; অতিপ্রাকৃত। ২ কৃত্রিম; নির্মিত; মনুষ্যসৃষ্ট। [স. ন+নৈসর্গিক]

অনৌচিত্য *বি* ১ অন্যায্যতা; অযুক্ততা। ২ কাব্যে আলঙ্কারিক ত্রুটি। [স. ন+ঔচিত্য]

অনৌদার্য *বি* সঙ্কীর্ণতা; হীনমন্যতা; চিত্তের বা মনের নীচতা; অসহিষ্ণুতা। [স. ন+ঔদার্য]

অন্ত *বি* ১ শেষ; সীমা; অবসান। ২ সীমা (গ্রামান্ত)। ৩ মৃত্যু; নাশ (অন্তকাল)। ৪ স্বরূপ; প্রকৃত মনোভাব (অন্ত পাওয়া ভার)। ☐ *অব্য* অবধি; পর্যন্ত (পক্ষান্ত, মাসান্ত)। [স.]। **অন্তকাল** *বি* অন্তিম সময়; মৃত্যুর সময়। **অন্তত, অন্ততঃ** *অব্য* অন্যূন; কমসে কম। **অন্তস্থ** *বিণ* প্রান্তস্থিত; সীমায় অবস্থিত।

-অন্ত কৃদন্ত প্রত্যয়। ধাতুর শেষে ঘটমান বর্তমানকাল (present progressive tense) বুঝাতে এই বাংলা কৃদন্ত প্রত্যয় ব্যবহৃত হয়। যথা √উঠ্‌+অন্ত=উঠন্ত (উদিত হচ্ছে এমন), √চল্‌+অন্ত=চলন্ত (চলছে এমন) ইত্যাদি। [স. √কৃৎ+অন্ত]

অন্তঃ *অব্য* (এই শব্দটি অন্য শব্দের সাথে যুক্ত হয়ে নতুন শব্দের সৃষ্টি করে) অন্তরে; হৃদয়ে; ভিতরে। **অন্তঃকরণ** *বি* হৃদয়; মন। **অন্তঃকোণ** *বি* (জ্যা.) ভিতরে অবস্থিত কোণ। **অন্তঃপাতী** *বিণ* অন্তর্গত; মধ্যবর্তী। **অন্তঃপুর** *বি* অন্দরমহল; অবরোধ। **অন্তঃপুরিকা** *বি* অন্তঃপুরবাসিনী রমণী। **অন্তঃসলিল** *বিণ* অভ্যন্তরে জলবিশিষ্ট। **অন্তঃসলিলা** *স্ত্রী.*। **অন্তঃস্থ** *বিণ* মধ্যবর্তী; অভ্যন্তরস্থ। **অন্তঃস্থ বর্ণ** *বি* য, র, ল, ব— এই চারটি বর্ণ।

অন্তর *বি* ১ হৃদয়; মন; অন্তঃকরণ। ২ ফাঁক; তফাত; ব্যবধান। ৩ অভ্যন্তর; মধ্য। ৪ পার্থক্য; তারতম্য; ভেদ (মতান্তর)। ৫ অবসান; শেষ। **অন্তরস্থ** *বিণ* মনোগত; হৃদয়ের অন্তর্গত। **অন্তর হওয়া** *ক্রি* দূরে যাওয়া; অন্তর্হিত হওয়া।

অন্তরঙ্গ *বি* আত্মীয়; সুহৃদ; বন্ধু। ☐ *বিণ* বিশেষ বন্ধুত্বপূর্ণ। [স. অন্তর+√গম+অ]। (তুল.) **রাজঅন্তরঙ্গ** *বি* রাজবৈদ্য বা রাজার চিকিৎসক।

অন্তরা *বি* গানের ধুয়া ও আভোগের মধ্যবর্তী অংশ। [স. অন্তর+আ]

অন্তরাত্মা *বি* ১ জীবাত্মা। ২ অন্তঃকরণ; প্রাণ; চিত্ত (অন্তরাত্মা কেঁপে উঠল)। [স. অন্তর+আত্মন্‌]

অন্তরায় *বি* বাধা; বিঘ্ন; প্রতিবন্ধক। [স.]

অন্তরাল *বি* আড়াল; ব্যবধান; অবকাশ। [স. অন্তর+√লা+অ]। **অন্তরালবর্তী** *বিণ* আড়ালস্থিত; অন্তরালে অবস্থিত। **অন্তরালবর্তিনী** *স্ত্রী.*।

অন্তরিত *বিণ* ১ অন্তর্হিত; লুক্কায়িত। ২ আবৃত; আচ্ছন্ন। ৩ অপসারিত; দূরীভূত। ৪ রাজাজ্ঞায় নির্দিষ্ট স্থানে আবদ্ধ। [স. অন্তর (ব্যবধান)+ইত]। **অন্তরীণ** *বি* নির্দিষ্ট স্থানে নজরবন্দী; internee।

অন্তরীক্ষ, অন্তরিক্ষ *বি* আকাশ; গগন। [স. অন্তর+ঋক্ষ]। **অন্তরীক্ষচারী** *বিণ* আকাশচারী; গগনবিহারী। **অন্তরীক্ষবাসী** *বিণ* আকাশবাসী। **অন্তরীক্ষ-মণ্ডল** *বি* নভোমণ্ডল; বায়ুমণ্ডল। [স.]

অন্তরীপ *বি* ভূভাগের তিন দিকে সমুদ্রবেষ্টিত সংকীর্ণ পরিসর, প্রান্তভাগ; cape। [স. অন্ত+√অপ্+অ]

অন্তর্গত *বিণ* মধ্যবর্তী; অভ্যন্তরস্থ; মধ্যগত; অন্তর্ভুক্ত; অন্তঃপাতী। [স. অন্তর+গত]

অন্তর্গূঢ় *বিণ* ভিতরে লুকানো; অপ্রকাশিত; মনে বা অন্তরে গুপ্ত (করুণা, বেদনা, ক্ষোভ)। [স. অন্তর+গূঢ়]

অন্তর্গৃহ *বি* ঘরের মধ্যে ঘর; গর্ভকক্ষ; অন্তঃপুর; কক্ষসমূহ। [স. অন্তর+গৃহ]

অন্তর্ঘাত *বি* ভিতরে থেকে গোপনে ক্ষতিসাধন। [স. অন্তর+ঘাত]। **অন্তর্ঘাতক, অন্তর্ঘাতী** *বিণ* অন্তর্ঘাতকারী।

অন্তর্জগৎ *বি* মনোজগৎ; ভাবলোক; চিন্তারাজ্য; চিত্তলোক; অনুভবের জগৎ; অধ্যাত্ম বা অলৌকিক চিন্তা-চেতনার জগৎ; চেতনালোক। [স. অন্তর+জগৎ]

অন্তর্জলি *বি* পারলৌকিক মঙ্গলের জন্য মুমূর্ষুর নিম্নাঙ্গ গঙ্গাজলে ডুবিয়ে রাখার অনুষ্ঠানবিশেষ। [স.]

অন্তর্দর্শন *বি* নিজ মন বা চিন্তার পরীক্ষা; আত্মদর্শন। [স. অন্তর+দর্শন]

অন্তর্দাহ *বি* ১ মনের জ্বালা; সন্তাপ। ২ দারুণ মনঃকষ্ট; হৃদয়ে জ্বালা অনুভবকরণ; হিংসায় ঈর্ষায় বুক-জ্বলা। [স. অন্তর+দাহ]

অন্তর্দৃষ্টি *বি* ১ সূক্ষ্ম বিবেচনাশক্তি প্রয়োগে সত্য বা তথ্য উপলব্ধির যে শক্তি তাই অন্তর্দৃষ্টি; সূক্ষ্ম দর্শনশক্তি; প্রকৃত সত্যের প্রতি দৃষ্টি; বিচার-বিবেচনার শক্তি; মনে মনে পরীক্ষা-নিরীক্ষার শক্তি। ২ সম্যক দর্শন; আত্মজ্ঞান; সূক্ষ্ম অনুভব শক্তি। [স. অন্তর+দৃষ্টি]

অন্তর্দেশ *বি* হৃদয়; চিত্তলোক; মধ্যবর্তী স্থান; দেশের মধ্য; দুই পর্বত মধ্যস্থ দেশ; উপত্যকা। [স. অন্তর+দেশ]

অন্তর্ধান *বি* ১ তিরোধান; অদৃশ্য হওয়া; প্রস্থান। ২ প্রয়াণ; মৃত্যু। [স. অন্তর+√ধা+অন]

অন্তর্নিবিষ্ট, অন্তর্নিহিত *বিণ* হৃদয়ে বা অভ্যন্তরে স্থাপিত; অন্তরে বা ভিতরে স্থিত সুপ্ত বা গুপ্ত (শক্তি, বাসনা, বেদনা)। ❑ *বি* বদ্ধমূল; সহজাত। [স. অন্তর+নিবিষ্ট, নিহিত]

অন্তর্বত্নী *বিণ* গর্ভবতী; গর্ভিণী। [স. অন্তর+√বৎ+ঈ]

অন্তর্বর্তী *বিণ* মধ্যবর্তী; অন্তর্গত; অন্তঃপাতী; অন্তর্ভূত। [স. অন্তর+√বৃৎ+ইন]

অন্তর্বাণিজ্য *বি* দেশের বা রাষ্ট্রের অভ্যন্তরীণ বাণিজ্য। **বহির্বাণিজ্য** *বিপ.*। [স.]

অন্তর্বাস *বি* ১ ভিতরে পরিধেয় বস্ত্র; জাঙ্গিয়া; ছায়া; গেঞ্জি; ফতুয়া; শেমিজ; পেটিকোট। ২ কৌপিন। [স. অন্তর+বাস(বাসস্)]

অন্তর্বাহ, অন্তর্বাহী *বিণ* (বৈ.) রাসায়নিক প্রক্রিয়ায় ভিতরের দিকে আকর্ষণকারী; ফল্গু-প্রবাহ; afferent-এর পরিভাষা।

অন্তর্বিগ্রহ, অন্তর্বিপ্লব, অন্তর্বিরোধ *বি* ১ গৃহবিবাদ; আত্মকলহ। ২ কোনো রাষ্ট্র বা দেশের অধিবাসীদের মধ্যে পরস্পর দ্বন্দ্ব; civil war। [স. অন্তর+বিগ্রহ, বিপ্লব, বিরোধ]

অন্তর্বেদনা *বি* মানসিক অশান্তি; মনোবেদনা; মনের জ্বালা-যন্ত্রণা। [স. অন্তর+বেদনা]

অন্তর্ভুক্ত, অন্তর্ভূত *বিণ* মধ্যস্থিত; অন্তর্গত। [স. অন্তর+ভুক্ত, ভূত]

অন্তর্ভেদী *বিণ* অন্তর ভেদ করে এমন; মর্মভেদী। [স. অন্তর+ভেদী]

অন্তর্মাধুর্য *বি* ১ অন্তরের সৌন্দর্য; অভ্যন্তরীণ সৌন্দর্য। ২ করুণা; প্রীতি; সৌজন্যাদিতে যা প্রকটিত। [স. অন্তর+মাধুর্য]

অন্তর্মুখ, অন্তর্মুখী *বিণ* নিবিষ্টচিত্ত; আত্মবিষয়ে চিন্তাশীল; অধ্যাত্ম চিন্তাপ্রবণ। [স.]

অন্তর্যামী *বি* ১ যিনি অন্তরের কথা জানেন। ২ খোদা; ঈশ্বর। [স. অন্তর+√যম্+ণিচ্+ইন অথবা অন্তর+√যামি+ইন]

অন্তর্হিত *বিণ* তিরোহিত; অদৃশ্য হয়েছে এমন; চোখের অগোচর। [স. অন্তর+√ধা+ত]

অন্তস্তল *বি* ১ ভিতর। ২ হৃদয়; মন। [স. অন্তর+তল]

অন্তস্পট, অন্তঃপট *বি* পর্দা; আবরণ। [স.]

অন্তিম *বিণ* ১ চরম; শেষ। ২ মৃত্যুকালীন। [স. অন্ত+ইম]। **অন্তিম অবস্থা, অন্তিম দশা** *বি* মুমূর্ষু অবস্থা; শেষ দশা। **অন্তিম কাল, অন্তিম সময়** *বি* মরণকাল; মৃত্যুর সময়। **অন্তিম শয়ন, অন্তিম শয্যা** *বি* যে শয়নে বা শয্যায় মৃত্যু হয়। [স. অন্ত+ইম]

অন্তেবাসী *বি* ১ গুরুগৃহবাসী; শিষ্য; ছাত্র। ২ গ্রামপ্রান্তবাসী; চণ্ডাল। ❑ *বিণ* সমীপবর্তী। [স. অন্তে+√বস্+ইন]

অন্ত্য *বিণ* ১ শেষ; চরম; অন্তিম। ২ শূদ্র; চণ্ডাল। [স. অন্ত+য]। **অন্ত্যজ** *বিণ* ১ নীচ বংশজাত; শূদ্রকুলজাত। ২ অস্পৃশ্য। **অন্ত্যদেশ** *বি* শেষ প্রান্ত।

অন্ত্যেষ্টি, অন্ত্যেষ্টিক্রিয়া *বি* মৃত সৎকার; অন্তিম অনুষ্ঠান। [স. অন্ত্য+ইষ্টি(যজ্ঞ)]

অন্ত্র *বি* ১ নাড়িভুঁড়ি; আঁতড়ি; আঁত; আতুড়ি। ২ পাকস্থলীর নিচের অংশ থেকে মলদ্বার পর্যন্ত যন্ত্র; intestine। [স. √অম্+ত্র]। **অন্ত্রবৃদ্ধি** *বি* এক ধরনের রোগ; hernia।

অন্দর, আন্দর *বি* ১ ভিতর; অভ্যন্তর। ২ অন্তঃপুর; অন্দরমহল। [ফা. অন্দর]

অন্ধ *বিণ* ১ দৃষ্টিহীন; কানা। ২ গাঢ় অন্ধকারময়। ৩ মূর্খ; অজ্ঞান। [স.]। **অন্ধকূপ** *বি* অপরিসর অন্ধকারময় কক্ষ; black-hole। **অন্ধতম** *বিণ* গাঢ় অন্ধকারবিশিষ্ট। **অন্ধতমস** *বি* গাঢ় অন্ধকার। **অন্ধতমিস্র** *বি* নিবিড় অন্ধকার। **অন্ধতা, অন্ধত্ব** *বি* দৃষ্টিহীনতা; চক্ষুহীনতা। **অন্ধবিশ্বাস** *বি* যুক্তিহীন গভীর আস্থা। **অন্ধ হওয়া** *ক্রি* ১ দৃষ্টিশক্তি থেকে বঞ্চিত হওয়া। ২ কোনো বিষয়ে বা কারও গুণ বা দোষ না দেখা। ৩ হিতাহিত জ্ঞানশূন্য হওয়া। **অন্ধের নড়ি, অন্ধের যষ্টি** *বি* অসহায়ের সহায়।

অন্ধকার *বি* আলোর অভাব; তিমির; আঁধার; তমিস্র। ❑ *বিণ* অন্ধকারময়। [স. অন্ধ+√কৃ+অ]। **অন্ধকার দেখা**

ক্রি ভয়ে ও ভাবনায় দিগ্বিদিক জ্ঞানশূন্য হওয়া। **অন্ধকারে ঢিল মারা** *ক্রি* আন্দাজ বা নিছক অনুমানের উপর নির্ভর করে কোনো কাজ করা অথবা কোনো বিষয়ে মন্তব্য করা। **অন্ধকারে হাতড়ানো** *ক্রি* অনুমানের উপর নির্ভর করে পথ চলা বা কোনো বিষয়ে অনুসন্ধান করা।

অন্ধানুকরণ *বি* নির্বিচারে অনুসরণ; যুক্তিহীন অনুরূপ আচরণ।

অন্ধিসন্ধি *বি* ১ ছিদ্র; ফাঁক; রন্ধ্র। ২ ভিতরের কথা; গুপ্ত তথ্য। ৩ উদ্দেশ; হদিস। ৪ উপায়; উদ্যোগ। [বা. অন্ধি—ফাঁক, ছিদ্র; সন্ধি—সন্ধান]

অন্ধ্র *বি* ১ প্রাচীন জাতিবিশেষ। ২ মাদ্রাজের উত্তর-পূর্ব অঞ্চল; তেলেগুভাষীদের হায়দ্রাবাদ প্রদেশ এলাকা।

অন্ন *বি* ভাত; ওদন; খাদ্য। [স.]। **অন্ন ওঠা** *ক্রি* ১ জীবিকা রহিত হওয়া। ২ পরমায়ু শেষ হওয়া। **অন্নকষ্ট, অন্নাভাব** *বি* ১ খাদ্যাভাব। ২ দুর্ভিক্ষ; আকাল। **অন্নগতপ্রাণ** *বিণ* খাদ্য ছাড়া বাঁচে না এমন। **অন্নচিন্তা** *বি* জীবিকার জন্যে উদ্বেগ। **অন্নজল** *বি* দানাপানি; আহার্য। **অন্নজল ওঠা** *ক্রি* আয়ু, আশ্রয় বা অবলম্বন শেষ হওয়া। **অন্নদা, অন্নপূর্ণা** *বি* অন্নদায়িনী; খাদ্য প্রদানকারিণী দেবী। **অন্নসত্র, অন্নক্ষেত্র** *বি* যে স্থানে অন্ন বিতরণ করা হয়।

অন্য *সর্ব* অপর; ভিন্ন। **অন্যকৃত** *বিণ* অন্যের দ্বারা সম্পাদিত। [স.]। **অন্যগত** *বিণ* ১ অপরের উপর নির্ভরশীল। ২ অপরের প্রতি আসক্ত। **অন্যতম** *বিণ* অনেকের মধ্যে এক। **অন্যতর** *বিণ* দুইয়ের মধ্যে এক। **অন্যত্র** *ক্রিবিণ* অন্য স্থানে বা অন্য বিষয়ে। **অন্যথা** *অব্য* নতুবা; না হয়তো। ☐*বি* ১ ভিন্নরূপ; অন্যরূপ। ২ ব্যতিক্রম; বৈপরীত্য। **অন্যথা করা** *ক্রি* লঙ্ঘন করা; অন্যরূপ করা। **অন্যথাচরণ** *বি* বিপরীত ব্যবহার; বিরুদ্ধ আচরণ। **অন্যদীয়** *বিণ* অপর সম্বন্ধীয়। **অন্যপূর্বা** *বিণ স্ত্রী.* যে পূর্বে অন্যের বাগ্‌দত্তা বা স্ত্রী ছিল। **অন্যপূর্ব** *পু.*। **অন্যবিধ** *বিণ* অপর প্রকার। **অন্যভাব** *বি* ভাবান্তর; ভিন্নভাব। **অন্যমনস্ক, অন্যমনা** *বিণ* আনমনা; অমনোযোগী। **অন্যমনস্কতা** *বি*। **অন্যমনে** *ক্রিবিণ* আনমনা অবস্থায়; অন্য বিষয়ে নিবিষ্ট থেকে। **অন্যসাপেক্ষ** *বিণ* অন্যের সঙ্গে সম্বন্ধযুক্ত।

অন্যান্য *বিণ* অপরাপর; ভিন্ন ভিন্ন।

অন্যাষ্য *বিণ* অন্যায়; অনুচিত; অসঙ্গত; ন্যায়বিরুদ্ধ; অযৌক্তিক। [স. ন+ন্যায্য]

অন্যায় *বি* ১ অনুচিত; গর্হিত। ২ অবিচার; জুলুম। [স. ন+ন্যায়]। **অন্যায়কৃৎ** *বি* অন্যায়কারী; জালিম। ☐*ক্রিবিণ* অন্যায়ভাবে। **অন্যায়াচরণ** *বি* অনুচিত ব্যবহার; ন্যায়বিরুদ্ধ ব্যবহার। **অন্যায়াচারী** *বিণ*।

অন্যূন *বিণ* ১ কমপক্ষে; অন্তত। ২ সম্পূর্ণ; আস্ত; কম নয়। [স. ন+ন্যূন]

অন্বয় *বি* ১ ব্যাকরণে পদের পরস্পর সম্বন্ধ। ২ সম্বন্ধযুক্ত পদসমূহের ক্রমবিন্যাস। ৩ ক্রম; ধারা। ৪ সম্বন্ধ; মিল।

অন্বিত *বিণ* ১ যুক্ত; সংলগ্ন; মিলিত। ২ পরস্পর সম্বন্ধযুক্ত; বাক্যে অন্বয়বিশিষ্ট।

অন্বিষ্ট *বিণ* অন্বেষিত; সন্ধান করা হচ্ছে এমন; খোঁজ বা আকাঙ্ক্ষা করা হচ্ছে এমন; বাঞ্ছিত; কাঙ্ক্ষিত। [অনু+√ইষ্+ত]

অন্বেষণ *বি* অনুসন্ধান; খোঁজ; তালাশ। [স. অন্+√ইষ্+অন]। **অন্বেষিত** *বিণ*। **অন্বেষক** *বি* অন্বেষণকারী।

অন্বেষা, এষা(অশু.) *বিণ* সন্ধানী; সন্ধানযোগ্য।

অপ[১], **অপ্** *বি* পানি; জল; সলিল। [স. অপ, ফা. আব]

অপ[২] *অব্য* উপসর্গবিশেষ; নিন্দা বিরোধ প্রতিকূল কুৎসিত অপকর্ষ কু অন্যায় ইত্যাদি জ্ঞাপক সংস্কৃত ও বাংলো উপসর্গবিশেষ। **অপকর্ম** *বি* ১ কুকর্ম; দুষ্কর্ম। ২ অন্যায়; ক্ষতির কাজ। **অপকর্মা** *বিণ* কুকর্মকারী; খারাপ কাজ করে এমন। **অপকীর্তি** *বি* দুর্নাম; দুষ্কর্ম। **অপঘাত** *বি* ১ দুর্ঘটনায় মৃত্যু; অপমৃত্যু। ২ আকস্মিক দুর্ঘটনায় আঘাতপ্রাপ্তি। **অপঘাতক, অপঘাতী** *বিণ* অপঘাতকারী। **অপচ্ছায়া** *বি* বিকৃত ছায়া; আবছায়া। **অপজাত** *বিণ* কুলোচিত সদ্‌গুণাবলী হতে বা পূর্বের উৎকর্ষ হতে বিচ্যুত; হীনাবস্থা প্রাপ্ত। **অপজাতি** *বি* হীনজাতি; নষ্টজাতি; নষ্টকুল। **অপদেবতা, অপদেব** *বি* ভূত-প্রেত ইত্যাদি। **অপপাঠ** *বি* অশুদ্ধ পাঠ; লিপিকর প্রমাদ। **অপপ্রয়োগ** *বি* অনুচিত উদ্দেশ্যে বা প্রক্রিয়ায় ভুল প্রয়োগ। **অপমিশ্রণ** *বি* ভেজাল বা নিকৃষ্ট দ্রব্য মিশানো।

অপকর্ষ *বি* ১ নিকৃষ্টতা; হীনতা। ২ অবনতি। [স. অপ+√কৃষ্+অ]। **উৎকর্ষ** *বিপ.*।

অপকার *বি* ক্ষতি; অনিষ্ট। [স. অপ+√কৃ+অ]। **অপকারক, অপকারী** *বিণ* ক্ষতিকর; অনিষ্টকারী।

অপকৃষ্ট *বিণ* ১ নিকৃষ্ট; জঘন্য; মন্দ। ২ অবনতিপ্রাপ্ত; অপনীত। [স. অপ+√কৃষ্+ত]

অপক্ব *বিণ* ১ পাকেনি এমন; কাঁচা। ২ অসিদ্ধ; পাক করা হয়নি এমন; আঁরাধা। ৩ অপরিণত (বয়স)। [স. ন+পক্ব]

অপক্ষপাত *বি* ১ নিরপেক্ষতা; সমদর্শিতা। ২ নিরপেক্ষ; পক্ষপাতহীন। [স. ন+পক্ষপাত]। **অপক্ষপাতিত্ব, অপক্ষপাতিতা** *বি*। **অপক্ষপাতী** *বিণ* ১ নিরপেক্ষ। ২ ন্যায়দর্শী।

অপগত *বিণ* ১ বিগত; পলায়িত; অপসৃত; বিদূরিত; রহিত। ২ মৃত। [স. অপ+√গম্+ত]

অপচয় *বি* ১ অপব্যয়; বাজে খরচ। ২ ক্ষতি; হ্রাস; ক্ষয়। [স. অপ+√চি+অ]। **অপচিত, অপচায়িত** *বিণ* ১ অপব্যয়িত। ২ ক্ষয়প্রাপ্ত; ক্ষীণ। **অপচিতি** *বি*। **অপচীয়মান** *বিণ* ক্ষয়প্রাপ্ত বা অপব্যয়িত হচ্ছে এমন; ক্ষীয়মাণ।

অপচিকীর্ষা *বি* অপকার করার ইচ্ছা। [স. অপ+√কৃ+সন+অ]। **অপচিকীর্ষু** *বিণ*।

অপটু *বিণ* ১ অনিপুণ; আনাড়ি; অক্ষম। ২ অসুস্থ; অশক্ত।

অপঠিত *বিণ* পাঠ করা হয়নি এমন। [স. ন+পঠিত]

অপত্য *বি* সন্তান; পুত্র বা কন্যা। [স. ন+√পত্+য]। **অপত্যনির্বিশেষে** *ক্রিবিণ* আপন সন্তানের ন্যায়; নিজ সন্তানবৎ। **অপত্যস্নেহ** *বি* সন্তানের প্রতি স্নেহ বা ভালোবাসা।

অপথ *বি* ১ কুপথ; বিপথ; মন্দপথ। ২ ভুল পথ; নির্লক্ষ্য; লক্ষ্যহীন বা লক্ষ্যভ্রষ্ট পথ; যে স্থানে পথ নেই। [স. ন+পথ]

অপথ্য *বি* কুপথ্য; রোগীর পক্ষে ক্ষতিকর খাদ্য। [স. ন+পথ্য]

অপদস্থ *বিণ* অসম্মানিত; লাঞ্ছিত। [স. ন+পদস্থ]

অপদার্থ *বিণ* ১ অসার। ২ অযোগ্য। ৩ অকর্মণ্য। [স. ন+পদার্থ]

অপনয়ন, অপনয় *বি* অপসারণ; দূরীকরণ। [স. অপ+

√নী+অন, অ]। **অপনীত** *বিণ* দূরীভূত; অপসৃত।
অপনোদন *বি* দূরীকরণ; অপসারণ; খণ্ডন। **অপনোদিত** *বিণ*। [স. অপ+√নুদ্+অন]
অপবাদ *বি* নিন্দা; কুৎসা; বদনাম। **অপবাদক** *বিণ* [স. অপ+√বিদ+অ]
অপবিত্র *বিণ* অশুচি; অশুদ্ধ; নাপাক। **অপবিত্রতা** *বি*। [স. ন+পবিত্র]
অপব্যবহার *বি*১ অপপ্রয়োগ; অন্যায় প্রয়োগ। ২ অনুচিত আচরণ। [স.]
অপব্যয় *বি* বাজে খরচ; অপচয়; বৃথা ব্যয়। [স. অপ+বি+√ই+অ]। **অপব্যয়িত** *বিণ* অন্যায়ভাবে ব্যয়িত। **অপব্যয়িতা** *বি* অপব্যয় করার অভ্যাস বা স্বভাব। **অপব্যয়ী**(–য়িন্) *বিণ* অপব্যয়কারী।
অপভাষা *বি* ১ অসাধু গ্রাম্য বা অশিক্ষিত ও অমার্জিত জনের ভাষা; অশ্লীল–অভদ্র ভাষা; গালির ভাষা। ২ আঞ্চলিক বুলি; বিকৃত ভাষা। [স.]
অপভ্রংশ *বিণ* সাধুভাষা থেকে ভ্রংশ বা ভ্রষ্ট; চ্যুত; পতিত; স্খলিত। ❑*বি* মূল শব্দের বিকৃত বা অশুদ্ধ রূপ; অপভাষা; প্রাকৃতের পরবর্তী এবং নব্যভারতীয় ভাষার পূর্ববর্তী রূপ; মূল ভাষার অশুদ্ধি; বিকৃতি। [স. অ+√ভ্রন্স্+অ]। **অপভ্রষ্ট** *বিণ* ১ বিকৃত; অশুদ্ধ। ২ স্খলিত; পতিত। [অপভ্রষ্ট>অবহট্‌ঠ]
অপমান *বি* অসম্মান; অবমাননা; লাঞ্ছনা; মর্যাদাহানি; অবহেলা; অবজ্ঞা; অমর্যাদা।[স. অপ+মান]। **অপমানিত** *বিণ* অপমান করা হয়েছে এমন। **অপমানিতা** *স্ত্রী.*।
অপমৃত্যু *বি* অস্বাভাবিক বা অপঘাত মৃত্যু। [স. অপ+√মৃ+ত্যু]
অপযশ *বি* দুর্নাম; কলঙ্ক; নিন্দা; অখ্যাতি। [স. অপ+যশ]
অপয়া *বিণ স্ত্রী.* ১ কুলক্ষণা। ২ অমঙ্গলজনক; অশুভ; ব্যর্থতার ও ক্ষতির কারণস্বরূপ সৌভাগ্যহীনা। [বা.]
অপর *বিণ*১ অন্য; পর (অপর ব্যক্তি)। ২ বিপরীত (অপর তীর)। ৩ শেষ; পশ্চাদ্‌বর্তী (পূর্বাপর আলোচনা)। ❑*সর্ব* অন্য লোক (অপরের কথা)। [স.]। **অপরাপর** *বিণ* অন্যান্য; অন্য সমস্ত। **অপরাবিদ্যা** *বি* অপ্রধান বিদ্যা।
অপরাজিত *বিণ* পরাস্ত হয়নি এমন; অপরাভূত। **অপরাজিতা** *বিণ স্ত্রী.* অপরাভূতা। ❑*বি*১ পুষ্পবিশেষ। ২ লতাবিশেষ। **অপরাজেয়** *বিণ* অজেয়; পরাভূত করা যায় না এমন।
অপরাধ *বি*১ দোষ; ত্রুটি। ২ আইন বিরুদ্ধ কাজ; দণ্ডনীয় কর্ম। ৩ পাপ; অধর্ম। [স. অপ+√রাধ্+অ]। **অপরাধিনী** *স্ত্রী.*। **অপরাধী** *বিণ*।
অপরামর্শ *বি* ১ কুপরামর্শ; কুমন্ত্রণা। ২ কুবুদ্ধি দান; ক্ষতিকর পরামর্শ। [বা. অ+পরা+√মৃশ্+অ]
অপরাস্ত *বিণ* অপরাজিত; অপরাভূত। [স. ন+পরা+√অস্+ত]
অপরাহ্ণ *বি* বিকাল; মধ্যাহ্ন থেকে সূর্যাস্ত সময় পর্যন্ত। [স. অপর+অহ্ন]
অপরিকল্পিত *বিণ* পরিকল্পিত নয় এমন; অচিন্তিত; মনোযোগ ও বিবেচনা দ্বারা নির্ধারিত নয় এমন। [স. ন+পরিকল্পিত]
অপরিগ্রহ *বি* ১ গ্রহণ না করা; প্রত্যাখ্যান; অগ্রহণ; অস্বীকার। ২ অবিবাহিত। [স. ন+পরিগ্রহ]
অপরিচয় *বি* পরিচয় বা জ্ঞানের অভাব। [স. ন+পরি+√চি+অ]। **অপরিচিত** *বিণ* অজানা; অচেনা; অজ্ঞাত। **অপরিচিতা** *স্ত্রী.*।
অপরিচ্ছন্ন *বিণ* মলিন; নোংরা; অপরিষ্কৃত। [স. ন+পরিচ্ছন্ন (পরি+√ছদ্+ত)]
অপরিজ্ঞাত *বিণ* অজ্ঞাত; অবিদিত; অপরিচিত। [স. ন+পরিজ্ঞাত]। **অপরিজ্ঞেয়** *বিণ* দুর্জ্ঞেয়; অজ্ঞেয়; জানা যায় না এমন। [স. ন+পরি+√জ্ঞা+এয়] ?
অপরিণত *বিণ*১ পরিণত হয়নি এমন। ২ অপূর্ণ; তরুণ। ৩ অপরিপক্ব; কাঁচা। [স. ন+পরি+√নম্+ত]। **অপরিণতবয়স্ক** *বিণ*১ অল্পবয়স্ক। ২ যৌবনপ্রাপ্ত নয় এমন। ৩ নাবালক। **অপরিণতবুদ্ধি** *বিণ* ১ বুদ্ধি পরিণত হয়নি এমন। ২ চপলমতি।
অপরিণামদর্শী(–র্শিন্) *বিণ* পরিণাম দেখে বা ভেবে কাজ বা আচরণ করে না এমন; অদূরদর্শী; অবিবেচক; অনভিজ্ঞ; হঠকারী। [স. ন+পরি+√নম্+অ]। **অপরিণামদর্শিতা** *বি*।
অপরিণীত *বিণ* অবিবাহিত। **অপরিণীতা** *স্ত্রী.*। [স. ন+পরিণীত (পরি+√নী+ত)]
অপরিতৃপ্ত *বিণ* অতৃপ্ত; অতুষ্ট; সন্তুষ্ট হয়নি এমন; অপূর্ণকাম; অপূর্ণবাঞ্ছা। [স. ন+পরিতৃপ্ত]
অপরিত্যাজ্য *বিণ* অপরিহার্য; পরিত্যাগ করা যায় না এমন; আবশ্যিক। [স. ন+পরি+√ত্যজ্+য]
অপরিপক্ব *বিণ*১ পাকা নয় এমন; কাঁচা। ২ অপরিণত; অনভিজ্ঞ। **অপরিপক্বতা** *বি*। [স. ন+পরি+পক্ব]
অপরিপাক *বি* অজীর্ণতা। **অপরিপাচ্য** *বিণ* বদহজমকারক।
অপরিমাণ *বিণ* অপরিমেয়; অপর্যাপ্ত; অঢেল। [স. ন+পরিমাণ]। **অপরিমিত** *বিণ* মাপজোখ বা সীমা–সংখ্যা নেই এমন; অপর্যাপ্ত; অসীম। **অপরিমেয়** *বিণ* পরিমাণ স্থির করা যায় না বা মাপা যায় না এমন।
অপরিশুদ্ধ *বিণ* শোধন করা হয়নি এমন; দোষ বা ত্রুটিমুক্ত কিংবা প্রয়োগযোগ্য নয় এমন; বিশুদ্ধ নয় এমন; অপবিত্র। [স. ন+পরিশুদ্ধ]
অপরিশোধনীয়, অপরিশোধ্য *বিণ* পরিশোধ করা যায় না এমন। [স. ন+পরিশোধনীয়]। **অপরিশোধিত** *বিণ* ১ পরিশোধ করা হয়নি এমন। ২ বিশুদ্ধ বা পরিষ্কৃত কিংবা ব্যবহার বা প্রয়োগযোগ্য করা হয়নি এমন।
অপরিসীম *বিণ* অসীম; অনন্ত; অশেষ; যার পরিমাণ বা পরিমাপ ধারণাতীত বা সাধ্যাতীত। [স. ন+পরিসীমা (পরি+সীমা)]
অপরিস্ফুট *বিণ* অস্পষ্ট; অস্ফুট; পূর্ণরূপে যা অপ্রকটিত। [স. ন+পরিস্ফুট (পরি+স্ফুট)]
অপরিহার্য, অপরিহরণীয় *বিণ* অপরিত্যাজ্য; এড়ানো যায় না এমন; অত্যাজ্য; আবশ্যিক। [স. ন+পরিহার্য/পরিহরণীয় (পরি+√হৃ+য/অনীয়)]
অপরীক্ষিত *বিণ* পরীক্ষা বা যাচাই করে দেখা হয়নি এমন। [স. ন+পরীক্ষিত]
অপরূপ *বিণ* ১ অপূর্ব; অতুলনীয়। ২ অদ্ভুত; অসামান্য; অসাধারণ; বিস্ময়কর; আশ্চর্য। ৩ কদাকার। ৪ বেয়াড়া। [স.]
অপরোক্ষ *বি* প্রত্যক্ষ; সাক্ষাৎ; বাস্তব। [স. ন+পরোক্ষ]
অপর্ণা *বি* যিনি তপস্যাকালে পর্ণ অর্থাৎ গাছের পাতা

পর্যন্ত খাননি; দুর্গা; পার্বতী।
অপর্যাপ্ত *বিণ* প্রচুর; অঢেল; প্রয়োজনের অধিক। [স. ন+পর্যাপ্ত]
অপলক *বিণ* স্থিরনেত্র; পলকহীন; অনিমেষ। ▢*বি* অভিভূত বিস্ময় বা ক্রোধ জ্ঞাপক অনিমেষ দৃষ্টি। [বা. অ+ফা. পলক]। **অপলকা** *স্ত্রী*।
অপলাপ *বি* ১ (সত্য) অস্বীকার। ২ গোপন। ৩ মিথ্যা উক্তি। [স.]
অপশব্দ *বি* অপভ্রংশ বা বিকৃত শব্দ; ব্যাকরণদুষ্ট শব্দ; অশ্লীল শব্দ; উদ্দিষ্ট ব্যঞ্জনাদানে অসমর্থ শব্দ। [স.]
অপশ্রুতি *বি* ধাতুর মূল স্বরধ্বনির অর্থাৎ মূলশ্রুতির গুণ–বৃদ্ধিজাত অপশ্রবণ বা বিকার এবং অর্থগত প্রায়োগিক পরিবর্তন (ablaut), এরূপ বিভিন্ন মূল স্বরধ্বনির বিকার বা পরিবর্তনের নমুনা—'চল–চাল'; 'পড়–পাড়'; 'জ্বল–জ্বাল'; 'কৃ–কার' ইত্যাদি।
অপসরণ *বি* স্থানান্তরে গমন; প্রস্থান; পলায়ন; নির্গত হওয়া। [স. অপ+√সৃ+অন]। অপসৃত *বিণ*।
অপসারণ *বি* দূরীকরণ; সরানো; স্থানান্তরিতকরণ; বিতাড়ন; [স. অপ+√সৃ+ণিচ্+অন]। **অপসারিত** *বিণ*।
অপসিদ্ধান্ত *বি* অনুচিত সিদ্ধান্ত; নিন্দিত সিদ্ধান্ত; ভুল সিদ্ধান্ত; ক্ষতিকর সিদ্ধান্ত। [স.]
অপহরণ *বি* চুরি; লুণ্ঠন। [স. অপ+√হৃ+অন]। **অপহর্তা, অপহারক, অপহারী** *বিণ* চোর; লুণ্ঠনকারী। **অপহৃত** *বিণ* চুরি গিয়েছে এমন।
অপহ্নব, অপহ্নুতি *বি* ১ সত্যের অপলাপ; (সত্য) গোপন; অস্বীকার। ২ কাব্যালঙ্কারবিশেষ। ৩ চুরি। [স. অপ+√হ্নু+অ/তি]
অপাঙ্‌ক্তেয়, অপাংক্তেয় *বিণ* ১ এক সারিতে বা পংক্তিতে বসার অযোগ্য; জাতিচ্যুত। ২ একঘরে; পতিত; ঘৃণ্য; নিন্দিত; অবজ্ঞেয়। [স. ন+পঙ্‌ক্তি+এয়]
অপাঙ্গ *বি* ১ নেত্রকোণ। ২ কটাক্ষ; আড়চোখ। [স. অপ+অঙ্গ]
অপাচ্য *বিণ* জীর্ণ বা হজম হয় না এমন। [স. ন+পাচ্য]
অপাঠ্য *বিণ* পাঠের অযোগ্য; অশ্লীল; দুষ্পাঠ্য। [স. ন+পাঠ্য]
অপাত্র *বি* অসৎ; অধম; অযোগ্য পাত্র; কুপাত্র। [স. ন+পাত্র]
অপাদান *বি* কারকবিশেষ। বিভক্তি 'এ' (মেঘে বৃষ্টি হয়)। কর্মপ্রবচনীয় *হতে; থেকে* (গাছ থেকে আম পাড়ো)।
অপার *বিণ* পারহীন; অকূল; অসীম; দুস্তর। [স. ন+পার]
অপারক, অপারগ *বিণ* অক্ষম; অসমর্থ; অশক্ত; পারে না এমন। **অপারগতা** *বি* অক্ষমতা; অসামর্থ্য। [স. পারঙ্গম>পারগ]
অপারেটর *বি* যিনি যন্ত্রাদি চালান (কম্পিউটার অপারেটর, টেলিফোন অপারেটর)। [ই.]।
অপার্থিব *বিণ* পার্থিব নয় এমন। অলৌকিক; স্বর্গীয়; পারলৌকিক; আধ্যাত্মিক; অতীন্দ্রিয়; নৈসর্গিক। [স. ন+পার্থিব]
অপিনিহিতি *বি* ব্যাকরণে শব্দ মধ্যে ই বা উ থাকলে যথাস্থানের পূর্বে তাকে উচ্চারণ করার প্রবণতা; যেমন—আজি>আইজ; রাতি>রাইত; সাধু>সাউধ। [স.]।
অপুত্রক, অপুত্র *বিণ* পুত্রহীন; নিঃসন্তান। [স. ন+পুত্র+(সমাসান্ত) ক]
অপূর্ণ *বিণ* ১ উন; ন্যূন; পূর্ণ নয় এমন; অসম্পূর্ণ; অসমাপ্ত। ২ অতৃপ্ত। [স. ন+পূর্ণ]। **অপূর্ণতা** *বি*। **অপূর্ণা** *স্ত্রী*।
অপূর্ব *বিণ* পূর্বে ছিল না এমন; অভিনব; অভূতপূর্ব; অত্যুৎকৃষ্ট; অতি সুন্দর। [স. ন+পূর্ব]। **অপূর্বতা** *বি*।
অপেক্ষা *বি* ১ প্রতীক্ষা। ২ ভরসা; নির্ভরতা। ৩ তোয়াক্কা; খাতির। ৪ প্রত্যাশা। ৫ সবুর; বিলম্ব। ▢*অব্য* চেয়ে; হতে। [স.]। **অপেক্ষমাণ** *বিণ* প্রতীক্ষমাণ; অপেক্ষা করে আছে এমন। **অপেক্ষাকৃত** *বিণ* অন্য বস্তু বা বিষয়ের তুলনায়।
অপেয় *বিণ* ১ পান করার যোগ্য নয় এমন; পান করা অনুচিত। ২ দূষিত। ৩ বিস্বাদ। [স. ন+পেয়]
অপোগণ্ড *বি* শিশু, নাবালক (নাবালেগ)। ▢*বিণ* ১ অনধিক পনেরো বছর বয়স্ক। ২ অপদার্থ; অযোগ্য। ৩ অপরিণত। [স. অপ+√গম্+ড]
অপৌরুষেয় *বিণ* অলৌকিক; মানুষ বা পুরুষকৃত নয় এমন; দৈব।
অপ্রকট *বিণ* ১ অব্যক্ত; অপ্রকাশিত; গোপন। ২ অন্তর্হিত; তিরোহিত। [স. ন+প্রকট]
অপ্রকম্প *বিণ* স্থিত; অনড়; কম্পনবিহীন। [স.]
অপ্রকাশ *বি* গোপন; অগোচরে স্থিতি। ▢*বিণ* অব্যক্ত; অপ্রকাশিত। [স.]। **অপ্রকাশিত** *বিণ* প্রকাশ হয়নি এমন; গোপন। **অপ্রকাশ্য** *বিণ* ১ প্রকাশের যোগ্য নয় এমন; গোপনীয়। ২ গুপ্ত।
অপ্রকৃত *বিণ* অযথার্থ; মিথ্যা; অসত্য; কল্পিত। [স. ন+প্রকৃত]
অপ্রকৃতিস্থ *বিণ* স্বাভাবিক অবস্থায় নেই এমন; বিকৃত মস্তিষ্ক। [স. ন+প্রকৃতিস্থ]। **অপ্রকৃতিস্থতা** *বি*।
অপ্রগল্‌ভ *বিণ* সংযত; লাজুক; বাচাল নয় এমন। [স. ন+প্রগল্‌ভ (প্র+√গল্‌ভ্+অ]। **অপ্রগল্‌ভা** *স্ত্রী*।
অপ্রগাঢ় *বিণ* হালকা; মৃদু; অগভীর; অঘন; অনিবিড়। [স. ন+প্রগাঢ় (প্র+গাঢ়)]
অপ্রচলিত, অচলিত *বিণ* চালু নয় এমন; অব্যবহৃত। ▢*বি* প্রচলনরহিত।
অপ্রজ *বিণ* প্রজা (সন্তান) নেই এমন; নিঃসন্তান; বন্ধ্যা; আঁটকুড়ে; সৃষ্টিশক্তিহীন। [স. ন+প্রজ(প্র+√জন্+অ)]
অপ্রজ্বলিত *বিণ* অপ্রদীপ্ত; জ্বলে ওঠেনি এমন। [স. ন+প্রজ্বলিত]
অপ্রতিদ্বন্দ্বী *বিণ* প্রতিদ্বন্দ্বীহীন বা শত্রুহীন; সমকক্ষহীন; প্রতিযোগীবিহীন। [স. ন+প্রতিদ্বন্দ্বী].
অপ্রতিভ *বিণ* অপ্রস্তুত; হতবুদ্ধি; লজ্জিত; ক্ষুব্ধ; বিব্রত; বিমূঢ়; প্রত্যুৎপন্নমতিত্বহীন। [স. ন+প্রতিভ]
অপ্রতিম *বিণ* নিরুপম; অনুপম; অতুলনীয়; প্রতিমা প্রতিমূর্তি তথা সাদৃশ্য নেই এমন। [স. ন+প্রতিম]
অপ্রতিষ্ঠ *বিণ* যশহীন; গৌরবশূন্য; প্রতিপত্তিহীন; কৃতিহীন; খ্যাতিহীন; পদাধিকারহীন। ▢*বিণ* ১ স্থিতিলাভ করেনি এমন। ২ অনির্ণীত। **অপ্রতিষ্ঠা** *বি*। **অপ্রতিষ্ঠিত** *বিণ* স্থাপিত হয়নি এমন; অপ্রতিষ্ঠ।
অপ্রতিহত *বিণ* অবাধ; অব্যাহত; অপ্রতিবন্ধ; নির্বিঘ্ন। [স. ন+প্রতিহত]
অপ্রতুল *বিণ* যথেষ্ট নয় এমন; প্রয়োজনের তুলনায় কম। ▢*বি* ১ অপ্রাচুর্য। ২ কমতি; অভাব; অনটন। ৩ অসমৃদ্ধি; শ্রীহানি; শ্রীভ্রষ্টতা। [স. ন+প্রতুল]

অপ্রত্যক্ষ *বিণ* ইন্দ্রিয়ের অগোচর; পরোক্ষ; অতীন্দ্রিয়। [ন+প্রত্যক্ষ (প্রতি+অক্ষ)]
অপ্রত্যাশিত *বিণ* ১ আশা করা যায়নি এমন; আশাতীত; অভাবনীয়। ২ আকস্মিক। [স. ন+প্রত্যাশিত (প্রতি+আশা+ত)]। **অপ্রত্যাশা** *বি*।
অপ্রধান *বি* প্রধান বা মুখ্য নয় এমন; গৌণ; গুরুত্বহীন; আনুষঙ্গিক; তুচ্ছ; সামান্য; লঘু। [স. ন+প্রধান]
অপ্রমত্ত *বিণ* ১ মত্ত বা মাতাল নয় এমন। ২ সযত্ন; সতর্ক; কর্তব্যসচেতন; সাবধান; ধীর; অবহিত। ৩ প্রমাদশূন্য। [স. ন+প্রমত্ত]
অপ্রমেয় *বিণ* ১ অপরিমেয়; প্রচুর। ২ অসীম; অজ্ঞেয়; প্রমাণ করা যায় না এমন; প্রমাণাতীত। ▯*বি* ব্রহ্ম। [স. ন+প্র+√মা+য]
অপ্রযুক্ত *বিণ* ১ অব্যবহার্য ও অব্যবহৃত। ২ অসঙ্গত; অনুচিত; অন্যায়।
অপ্রশমনীয় *বিণ* অনিবার্য; অদম্য। [স. প্র+√শম্+অন+অনীয়]
অপ্রশস্ত *বিণ* ১ প্রশস্ত বা চওড়া নয় এমন; সঙ্কীর্ণ; অবিস্তৃত। ২ অপ্রকৃষ্ট; নিন্দিত। ৩ প্রতিকূল। ৪ অনুপযুক্ত। [স. ন+প্রশস্ত (প্র+√শন্‌স্+ত)]
অপ্রসন্ন *বিণ* ১ বিরক্ত; অসন্তুষ্ট। ২ ম্লান; বিমর্ষ; আনন্দশূন্য। ৩ ক্ষুব্ধ; দুঃখিত। [ন+প্রসন্ন (প্র+সদ্+ত)]। **অপ্রসন্নতা** *বি*।
অপ্রস্তুত *বিণ* ১ প্রস্তুত হয়নি এমন; অনিষ্পন্ন। ২ লজ্জিত; বিব্রত; অপ্রতিভ; সলজ্জ। [স. ন+প্রস্তুত]। **অপ্রস্তুত প্রশংসা** *বি* অর্থালঙ্কারবিশেষ; এতে অপ্রাসঙ্গিক বর্ণনা থেকে প্রাসঙ্গিক বর্ণনীয় বিষয়টি ব্যঞ্জনায় বোঝা যায় (যেমন—কুকুরের কাজ কুকুর করেছে কামড় দিয়েছে পায়, তা বলে কুকুরে কামড়ানো কিরে মানুষের শোভা পায়? —সত্যেন্দ্র)।
অপ্রাকৃত=অতিপ্রাকৃত।
অপ্রাচুর্য *বি* ১ স্বল্পতা। ২ আধিক্যের অভাব। ৩ অভাব; প্রয়োজনের চেয়ে ন্যূনতা। [ন+প্রাচুর্য (প্রচুর+য)]
অপ্রাপ্তি *বি* ১ অলাভ। ২ প্রাপ্তির অভাব। ৩ অভাব; দুর্লভতা। [স. ন+প্রাপ্তি]
অপ্রাপ্য *বিণ* ১ পাওয়া যায় না এমন; প্রাপ্য নয় এরূপ। ২ দুর্লভ; দুষ্প্রাপ্য। [স. ন+প্রাপ্য]
অপ্রাসঙ্গিক *বিণ* অবান্তর; আলোচ্য বিষয়ের বহির্ভূত; প্রস্তাব বা আলোচ্য বিষয় বহির্ভূত। [স. ন+প্রাসঙ্গিক]
অপ্রিয় *বিণ* ১ অপ্রীতিকর; অরুচিকর; অবাঞ্ছিত; অশুভ; ক্ষতিকর; নিন্দাজনক। ২ বিরাগভাজন। [স. ন+প্রিয়]। **অপ্রিয়কর** *বিণ* অসন্তোষজনক; অপ্রীতিকর। **অপ্রিয়বাদী**(-দিন্), **অপ্রিয়ভাষী**(ষিন্) *বিণ* কটুভাষী; দুর্মুখ; মুখরা।
অপ্রীতি *বি* সদ্ভাবহীনতা; প্রীতির অভাব; অসন্তোষ; মনোমালিন্য; বিরাগ; অনুরাগশূন্যতা; হিংসা–ঈর্ষা–শত্রুভাব। [স. ন+প্রীতি (√প্রী+তি)]। **অপ্রীত** *বিণ*। **অপ্রীতিকর** *বিণ* অসন্তোষজনক; অপ্রিয়কর। **অপ্রীতিভাজন** *বিণ* বিরাগভাজন; অসন্তোষের পাত্র।
অপ্সরা, অপ্সর, অপ্সরী *বি* হিন্দুমতে স্বর্গ–বারাঙ্গনা, সুর–সুন্দরী। [স.]
অফর *বিণ* বিকাল; অপরাহ্ণ; অপ্রশস্ত (অফর বেলায় নাও বাইয়া যাও—জসীম)। [অ (অপ্রশস্ত)+প্রহর=অপ্রহর <অপ্‌পহরা>অফর (আঞ্চলিক)]
অফলা, আফলা *বিণ* ফল হয় না এমন; ফল ধরে না এমন; বন্ধ্যা; ব্যর্থ। [বা.]
অফিস *বি* দপ্তর; কার্যালয়। [ই. office]
অফিসার *বি* সিদ্ধান্ত গ্রহণ করতে পারে, আদেশ–নির্দেশ দিতে পারে এমন ক্ষমতাবান কর্মচারী; কর্মকর্তা। [ই. officer]
অফুরন্ত, অফুরান *বিণ* ফুরায় না এমন; অপর্যাপ্ত; অশেষ; অঢেল; অজস্র। [স. ন+√ফুরা+অন্ত, আন]
অব *অব্য* অনাদর; নিশ্চয়তা; ন্যূনতা; ব্যাপ্তি; নিম্নগতি ইত্যাদি অর্থে ব্যবহৃত সংস্কৃত ও বাংলা উপসর্গবিশেষ। তবে 'অব'–দান শব্দ যুক্ত হলে উৎকর্ষ, শ্রেষ্ঠ প্রভৃতি জ্ঞাপক হয়।
অবকাঠামো *বি* মধ্যে অবস্থিত অদৃশ্য কাঠামো; ঠাট; কোনো প্রতিষ্ঠানের গঠন ও কর্মপদ্ধতি; infrastructure। [বিশিষ্টার্থক]
অবকাশ *বি* ১ অবসর; বিরাম; ফাঁক; ছুটি; ফুরসত। ২ সুযোগ (সন্দেহের অবকাশ)। [স. অব+√কাশ্+অ]
অবক্ষয় *বি* ক্রমে মন্থরগতিতে ক্ষয়; বিনাশ; হানি; ক্ষতি। [স. অব+ক্ষয়]
অবগত *বিণ* জ্ঞাত; বিদিত; সংবাদপ্রাপ্ত; শ্রুত। **অবগতি** *বি*। [স. অব+√গম্+ত+বা. ই]
অবগাহ, অবগাহন *বি* জলে নেমে সমস্ত শরীর ডুবিয়ে স্নান। [স. অব+√গাহ্+অ, অন]
অবগুণ্ঠন *বি* ঘোমটা; স্ত্রীলোকের মুখাবরণ; নেকাব; নিকাব; বোরখা। [অব+√গুণ্ঠ্+অন]। **অবগুণ্ঠিত** *বিণ* ১ ঘোমটায় আবৃত। ২ লুক্কায়িত। **অবগুণ্ঠিতা** *স্ত্রী*।
অবচেতন *বিণ* চেতনার অন্তরালস্থিত; subconscious। ▯*বি* অস্পষ্ট চেতনা; আপাতসুপ্ত চেতনা। [স. অব+চেতনা]
অবচ্ছেদক *বিণ* ১ ছেদনকারী। ২ বিচ্ছেদ বা বিরাম সৃষ্টিকারী। ৩ বিভাগকারী। **অবচ্ছেদে** *ক্রিবিণ* সর্বসাকুল্যে; নির্বিশেষে। [স. অব+ছেদ]
অবজ্ঞা *বি* উপেক্ষা; তাচ্ছিল্য; ঘৃণা; অবমাননা; তুচ্ছজ্ঞান; অপমান। [স. অব+√জ্ঞা+অ]। **অবজ্ঞাত** *বিণ*। **অবজ্ঞেয়** *বি* অবজ্ঞার যোগ্য।
অবতংস *বি* ১ কর্ণভূষণ; শিরোভূষণ; গৌরবের বস্তু। ২ বংশের শ্রেষ্ঠ পুরুষ; খ্যাতিমান জন। [স. অব+√তংস+অ]
অবতরণ *বি* অবরোহণ; নামা। **অবতরণিকা** *বি* ১ ভূমিকা; মুখবন্ধ। ২ সোপান; সিঁড়ি। [স. অব+√তৃ+অন]
অবতার *বি* বিষ্ণু বা নারায়ণ নরদেহ ধারণ করে পৃথিবীতে আবির্ভূত হলে তাঁকে অবতার বলে। যেমন শ্রীরাম, শ্রীকৃষ্ণ। [স. অব+√তৃ+অ]। **অবতরণ** *বি*।
অবতারণা *বি* ১ উঁচু থেকে নিচে নামানো। ২ প্রস্তাবন। [স. অব+√তৃ+ণিচ+অন]। **অবতারণা** *বি* প্রস্তাবনা; ভূমিকা। **অবতারণী** *বি* সিঁড়ি; সোপান।
অবতীর্ণ *বিণ* ১ অবতরণ করেছে এমন; অবতাররূপে আবির্ভূত। ২ আবির্ভূত; উপনীত। ৩ উত্তীর্ণ; অতিক্রান্ত।
অবদমন *বি* নিজের অজ্ঞাতসারে অন্তরের কোনো স্বাভাবিক বাসনার দমন; repression। [স. অব+দমন]
অবদান *বি* সুসম্পাদিত কাজ; কীর্তি; প্রশংসনীয় কাজ; বিশেষ দান; শ্রেষ্ঠ দান বা কৃতি। [স. অব+√দৈ (=দা)+অন]

অবদ্ধ *বিণ* আবাধা; মুক্ত; অবিন্যস্ত; অগোছালো। [স. ন+বদ্ধ]

অবধান *বি* ১ প্রণিধান। ২ বিশেষ মনোনিবেশ; চিত্তের একাগ্রতা; অভিনিবেশ। ৩ মনোযোগ দিয়ে শোনা। [স. অব+√ধা+অন]

অবধারণ *বি* ১ নিরূপণ; নির্ণয়। ২ সীমা নির্ধারণ; পরিমাণ নির্ণয়। ৩ ধার্যকরণ; নির্ধারণ। [স. অব+ধারণ]। **অবধারিত** *বিণ* ১ নিশ্চিত; অনিবার্য। ২ নির্ধারিত।

অবধি *অব্য* ১ হতে থেকে। ২ পর্যন্ত। ❑ *বি* সীমা; শেষ; পার। [স. অব+√ধা+ই]

অবধূত *বি* সর্বসংস্কারমুক্ত সন্ন্যাসীবিশেষ। [স. অব+√ধু+ত]

অবধ্য *বিণ* বধ নিষিদ্ধ; বধ অনুচিত (দূত); বধের অযোগ্য; বধ করা যায় না এমন। [স. ন+বধ্য]। **অবধ্যতা** *বি*। **অবধ্যা** *স্ত্রী.*।

অবনত *বিণ* ১ আনত; বিনত। ২ পতিত; হীনাবস্থাপ্রাপ্ত। [স. অব+নত]। **অবনতমুখী** *বিণ* নতমুখী; লজ্জানত। **অবনতা** *বিণ স্ত্রী.* আনতা; বিনতা। **অবনতি** *বি* ১ অনুন্নতি; হীনতা। ২ নিম্নগতি; অধোগতি।

অবনমন, অবনয়ন *বি* ১ অবনতকরণ; নোয়ানো। ২ অবনতি; হীনাবস্থা। ৩ দমন। [স. অব+√নম্+অন/ অব+√নী+অন]। **অবনমিত** *বিণ* ১ অবনত করা হয়েছে এমন। ২ নত।

অবনিবনা, অবনিবনাও *বি* অমিল; অনৈক্য; অসদ্ভাব; অসম্প্রীতি; মন–মতের বৈপরীত্য। [বা.]

অবনী, অবনি *বি* পৃথিবী; ভূমি। [স.]। **অবনীতল** *বি* ভূতল; ধরণীতল। **অবনীপতি** *বি* রাজা; মহারাজা। **অবনীমণ্ডল** *বি* সমগ্র পৃথিবী; ভূমণ্ডল।

অবন্তী, অবন্তি *বি* মালব দেশ; শিপ্রানদী তীরস্থ অঞ্চল রাজ্য বা রাজধানী; উজ্জয়িনী।

অববাহিকা *বি* নদীর উভয় পাশের যে ভূমির উপর দিয়ে পানি এসে নদীতে পড়ে; basin of a river। [স.]

অবমাননা, অবমানন *বি* অপমান; অসম্মান। [স. অব+√মান্+অন+আ]। **অবমানিত** *বিণ*।

অবমুক্তি *বি* উন্মুক্তকরণ; প্রচার বা প্রসারের জন্য মুক্ত করা; release [বিশিষ্টার্থক]। **অবমুক্ত** *বিণ*।

অবয়ব *বি* ১ অঙ্গ; হাত পা ইত্যাদি প্রত্যঙ্গ। ২ চেহারা; আদল; আকৃতি। ৩ অংশ; উপকরণ। [স. অব+√যু+অ]। **অবয়বী** *বিণ* অবয়ববিশিষ্ট; অঙ্গী।

অবরুদ্ধ *বি* আবদ্ধ; আটক; বন্দীকৃত; রুদ্ধ; ঘেরাও। ❑ *বিণ* বেষ্টিত; শত্রু পরিবেষ্টিত। [স. অব+রুদ্ধ]

অবরেণ্য *বিণ* বরণ করার অযোগ্য; অবরণীয়; সমাদরের অযোগ্য। [স. ন+বরেণ্য]

অবরে সবরে, অবুরে সবুরে *ক্রিবিণ* কালে ভদ্রে; সময়ে অসময়ে; মধ্যে মধ্যে; কখনো কখনো। [ফা. অবুরে-সবুরে]

অবরোধ *বি* ১ বাধা; প্রতিবন্ধক; প্রতিবন্ধন। ২ অন্তঃপুর। ৩ পরিবেষ্টন। ৪ পর্দা। ৫ কারাগার; হাজত। [স. অব+রোধ]। **অবরোধক** *বিণ* অবরোধকারী। **অবরোধ প্রথা** *বি* পর্দা প্রথা।

অবরোহ *বি* অবতরণ; নৈয়ায়িক যুক্তিপদ্ধতিবিশেষ; উপর থেকে নিচে নামা, সাধারণ বা সামান্য থেকে বিশেষে আসা। [স. অব+√রুহ্+অ]। **অবরোহণ** *বি* অবতরণ। **অবরোহণী** *বি* সিঁড়ি; সোপান। **অবরোহী(-হিন্)** *বিণ* অবরোহণকারী।

অবর্জনীয় *বিণ* অপরিহার্য; অপরিত্যাজ্য; ত্যাজ্য নয় এমন; আবশ্যিক। [স. ন+বর্জনীয়]

অবর্তমান *বি* অনুপস্থিত; অবিদ্যমান; মৃত; গত। [স. ন+ বর্তমান]। **অবর্তমানে** *ক্রিবিণ* অবিদ্যমানে; মৃত্যুর পরে।

অবলম্ব *বি* অবলম্বন; আশ্রয়স্থল। ❑ *বিণ* লম্বিত; ঝুলছে এমন। **অবলম্বন** *বি* ১ নির্ভর; আশ্রয়। ২ আশ্রয়করণ; ধারণ; গ্রহণ। ৩ ভয়করণ। [অব+√লম্ব্+অ/অন]। **অবলম্বিত** *বিণ* ১ আশ্রিত; শরণাগত। ২ গৃহীত; ধৃত; অবলম্বন করা হয়েছে এমন। ৩ লম্বমান; অবনত। **অবলম্বী(-ম্বিন্)** *বিণ* ১ নির্ভরশীল; অবলম্বনকারী। ২ লম্বমান; ঝুলছে এমন।

অবলা *বিণ স্ত্রী.* ১ বলহীনা। ২ অসমর্থ; অক্ষম। ❑ *বি স্ত্রী* নারী; ললনা। [স. ন+√বল+আ]। **অবল** *পু.*। **অবলা জাতি** *বি* নারীকুল; স্ত্রীজাতি।

অবলিপ্ত *বিণ* প্রলিপ্ত; লেপন করা হয়েছে এমন। [স. অব+√লিপ্+ত]

অবলী *বিণ* দুর্বল; বলহীন। [বা.]

অবলীলা *বি* অনায়াস; অক্লেশ; হেলা; অসঙ্কোচ। [স.]। **অবলীলাকৃত** *বিণ* অনায়াসকৃত; সহজ। **অবলীলাক্রমে** *ক্রিবিণ* অনায়াসে; সহজে; অসঙ্কোচে।

অবলুণ্ঠন *বি* মাটিতে লুটিয়ে পড়া বা গড়াগড়ি দেওয়া; ভূলুণ্ঠন। [স. অব+লুণ্ঠন]। **অবলুণ্ঠিত** *বিণ* অবলুণ্ঠন করা হয়েছে এমন। **অবলুণ্ঠিতা** *স্ত্রী.*।

অবলুপ্ত *বিণ* লোপপ্রাপ্ত; অন্তর্হিত; অদৃশ্য। [স. অব+লুপ্ত]

অবলেপ *বি* ১ প্রলেপ; লেপন। ২ গর্ব; অহঙ্কার; দর্প। ৩ আক্ষেপ। ৪ হিংসা; বিদ্বেষ; আক্রোশ। ৫ দোষারোপ। ৬ ভূষণ; সম্বন্ধ; সংসর্গ। [স. অব+লেপ]। **অবলেপন** *বি* প্রলেপন; মাখান।

অবলেহ *বি* লেহন; জিহ্বা দিয়ে আস্বাদন; চাটা; চেটে খাওয়ার ওষুধ বা খাদ্য। [স. অব+√লিহ্+অ]

অবলেহন *বি* চাটা; চেটে আহার করা।

অবলোকন *বি* দেখা; দর্শন; সন্ধানী দৃষ্টি দিয়ে দেখা। [স. অব+√লোক্+অন]। **অবলোকিত** *বিণ* দৃষ্ট।

অবশ *বিণ* ১ অবাধ্য; অনায়ত্ত। ২ অসাড়; বিকল। ৩ অস্বাধীন; পরতন্ত্র। [স. ন+বশ]

অবশিষ্ট *বিণ* বাকি; উদ্বৃত্ত; অতিরিক্ত। [স. অব+√শিষ্+ত]

অবশেষ *বি* ১ অন্ত; শেষ। ২ অবশিষ্টাংশ; অবসান। ৩ পরিসীমা। ৪ উদ্বৃত্ত। [স. অব+শেষ]

অবশ্য *অব্য* যদিও; তবে। ❑ *ক্রিবিণ* নিশ্চয়; নিশ্চিতরূপে। ❑ *বিণ* অপরিহার্য; অনিবার্য। **অবশ্য অবশ্য** *ক্রিবিণ* নিশ্চয়ই। **অবশ্যম্ভাবী** *বিণ* নিশ্চয় ঘটবে বা না ঘটে পারে না এমন। **অবশ্যম্ভাবিতা** *বি*।

অবসন্ন *বিণ* ১ অবসাদগ্রস্ত; শ্রান্ত। ২ বিষণ্ণ। [স. অব+√সদ্+ত]। **অবসন্নতা** *বি*। **অবসন্না** *বিণ স্ত্রী.*। অবসানপ্রাপ্তা; ক্ষয়প্রাপ্তা।

অবসর *বি* ১ অবকাশ; ছুটি; ফাঁক; ফুরসত। ২ কাজ অথবা চাকরি থেকে বিদায় নেওয়া; retirement। ৩ উপযুক্ত সময়; সুযোগ। [স. অব+√সৃ+অ]। **অবসৃত** *বিণ* ১ অবসরপ্রাপ্ত; বিদায়ি। ২ অপসৃত; দূরীভূত।

অবসাদ *বি* অতিশয় শ্রান্তি; ক্লান্তিজনিত বিষণ্ন ভাব; উৎসাহহীনতা; নিরানন্দ-নিরুদ্যম অবস্থা। [স. অব+√সদ্+অ]
অবসান *বি* ১ শেষ; সমাপ্তি; অন্ত। ২ মৃত্যু। [অব+√সো+অন]। **অবসিত** *বিণ*।
অবস্তু *বি* অসার বস্তু। ❑ *বিণ* ১ অসার; অপদার্থ। ২ ক্ষেত্র। ৩ দুর্গতি।
অবস্থা *বি* দশা; ভাব; ধরন। [স. অব+√স্থা+অ] **অবস্থাগতিকে** *ক্রিবিণ* পারিপার্শ্বিক অবস্থার চাপে। **অবস্থান্তর** *বি* অবস্থার পরিবর্তন; অন্য অবস্থা। **অবস্থাপন্ন** *বিণ* সম্পদশালী; ধনবান।
অবস্থান *বি* ১ বাস; স্থিতি। ২ বাসস্থান। **অবস্থিত** *বিণ* ১ আছে বা বাস করছে এমন; বর্তমান; বিদ্যমান। ২ শান্তসমাহিত; নিবিষ্ট; স্থির; অবিচলিত। ৩ আশ্রিত। **অবস্থিতি** *বি*।
অবস্থাপন *বি* সংস্থাপন; সন্নিবেশ; স্থাপিতকরণ। **অবস্থাপিত** *বিণ* স্থাপিত; সন্নিবিষ্ট।
অবহিত *বিণ* ১ জ্ঞাত; বিদিত; পরিচিত। ২ নিবিষ্ট; মনোযোগী। ৩ অপ্রমত্ত; সতর্ক; সাবধান। [স. অব+√ধা+ত]
অবহেলন, অবহেলা *বি* ১ উপেক্ষা; হেলা; অবজ্ঞা। ২ অযত্ন; অনাদর। ৩ অবলীলা; অনায়াস। ৪ অমনোযোগ। [স.]
অবহেলিত *বিণ* অবহেলা করা হয়েছে এমন।
অবাক(অবাচ্) *বিণ* ১ নির্বাক; বাক্যহীন; বিস্মিত; স্তম্ভিত। ২ মূক; বোবা। ৩ বিস্ময়কর; আশ্চর্যজনক। [স. ন+বাচ]
অবাঙালি, অবাঙ্গালী *বি* ১ বাঙালি ব্যতীত অন্য ব্যক্তি বা জাতি। ২ বাংলাভাষী নয় এমন ব্যক্তি।
অবাধ *বিণ* ১ বাধাহীন; অবারিত; অপ্রতিবন্ধ। ২ অনর্গল; মুক্ত। [স.]। **অবাধ বাণিজ্য** *বি* বাধাহীন বাণিজ্য; free trade। **অবাধে** *ক্রিবিণ* ১ অনায়াসে। ২ নির্বিঘ্নে। ৩ অনর্গল; অবিরাম। ৪ দ্বিধাশূন্যভাবে।
অবাধ্য *বিণ* অবশ; অবশীভূত; অবশ্য; অননুগত; কথা শোনে না এমন। [স. ন+বাধ্য]। **অবাধ্যতা** *বি* আদেশ অমান্যকরণ; আজ্ঞা লঙ্ঘন।
অবান্তর *বিণ* অপ্রাসঙ্গিক; বাজে; মূল প্রসঙ্গের বহির্ভূত। [স. অব+অন্তর]
অবারিত *বিণ* ১ মুক্ত; অবাধ। ২ উন্মুক্ত; আবরণহীন। ৩ বারণ করা যায় না বা হয়নি এমন। [স. ন+বারিত]
অবাস্তব *বিণ* ১ অমূলক; অলীক। ২ কাল্পনিক। ৩ অযৌক্তিক; ভ্রমপূর্ণ। **অবাস্তবতা** *বি* সত্তাহীনতা; বস্তুহীনতা।
অবিকল *বিণ* ১ অবিকৃত; অভগ্ন; অখণ্ড; বিকল বা অঙ্গহীন নয় এমন। ২ পূর্ণাঙ্গ; সম্পূর্ণ। ৩ যথাযথ; একই রকম; সদৃশ। [বা.]
অবিকৃত *বিণ* ১ পূর্বাবস্থায় বা মূল আকারে বর্তমান; বিকৃত নয় এমন। ২ বিশুদ্ধ; খাঁটি। ৩ প্রকৃত অবস্থাযুক্ত। ৪ নষ্ট হয়নি বা পচেনি এরূপ। **অবিকৃতি** *বি*। [স. ন+বিকৃত]
অবিক্রীত *বিণ* বিক্রীত হয়নি বা বিক্রয় করা হয়নি এমন। [স. ন+বিক্রীত]
অবিচল, অবিচলিত *বিণ* ১ অচঞ্চল; দৃঢ়; স্থির। ২ অব্যাকুল। [স. ন+বিচল]
অবিচার *বি* ১ অন্যায় বিচার। ২ বিচারের অভাব। ৩ অবিবেচনা। ❑ *বিণ* বিচারহীন। [স. ন+বিচার]। **অবিচারক** *বিণ* অবিচারকারী; অন্যায়কারী। **অবিচারিণী** *বিণ স্ত্রী.* বিবেচনাহীন; অত্যাচারিণী।
অবিচ্ছিন্ন *বিণ* ১ ছেদ বা বিরতিহীন; অখণ্ডিত। ২ ধারাবাহিক। ❑ *ক্রিবিণ* অবিরাম; অনবরত। [স. ন+বিচ্ছিন্ন]
অবিচ্ছেদ *বি* ১ বিচ্ছেদের অভাব। ২ বিরহহীনতা; মিলন। ❑ *ক্রিবিণ* অবিরাম; লাগাতার; একটানা। ❑ *বিণ* অখণ্ড; অবিভক্ত; ধারাবাহিক। [স. ন+বিচ্ছেদ]। **অবিচ্ছেদে** *ক্রিবিণ* ১ অবাধে; সহজে। ২ বিরামহীনভাবে। **অবিচ্ছেদ্য** *বিণ* বিযুক্ত বা খণ্ডিতকরণের অযোগ্য বা অসাধ্য।
অবিচ্যুত *বিণ* সংলগ্ন; অস্খলিত; অচ্যুত। [স.]
অবিজড়িত *বিণ* নির্লিপ্ত; মুক্ত। [স.]
অবিজ্ঞ *বিণ* ১ অজ্ঞ; অনভিজ্ঞ; বিজ্ঞতাশূন্য। ২ অবিশেষজ্ঞ। ৩ অবহুদর্শী। ৪ মূর্খ। **অবিজ্ঞতা** *বি*।
অবিদিত *বিণ* ১ অজ্ঞাত; অজানা। ২ অপরিচিত; অখ্যাত। [স. ন+বিদিত]
অবিদ্ধ *বিণ* বিদ্ধ হয়নি এমন; অচ্ছেদিত; অচ্ছিদ্রিত। অবাধিত। [স. ন+বিদ্ধ]
অবিদ্যমান *বিণ* অবর্তমান; অনুপস্থিত। **অবিদ্যমানে** *ক্রিবিণ*। **অবিদ্যমানতা** *বি*।
অবিদ্বান *বিণ* অপণ্ডিত; বিদ্যাহীন; জ্ঞানহীন। [স.]
অবিধি *বি* অনিয়ম; অশাস্ত্রীয় বিধান। ❑ *বিণ* ১ নিয়মবিরুদ্ধ। ২ অনুচিত। [স. ন+বিধি]
অবিধেয় *বিণ* ১ বিধিসম্মত নয় এমন; অন্যায়; অকর্তব্য; অনুচিত। ২ শাস্ত্রবিরুদ্ধ; নীতিবহির্গত। [স. ন+বিধেয়]
অবিনয় *বি* ১ বিনয়ের অভাব। ২ অশিষ্টতা; ঔদ্ধত্য; ধৃষ্টতা। **অবিনয়ী**(-য়িন্) *বিণ* অশিষ্ট; উদ্ধত; ধৃষ্ট। [স. ন+বিনয়]
অবিনশ্বর, *বিণ* বিনাশ হয় না এমন; অমর; অক্ষয়; শাশ্বত। **অবিনশ্বরতা** *বি*।
অবিনাশ *বি* স্থিতি; অমরতা। ❑ *বিণ* বিকারহীন; ধ্বংসশূন্য; চিরন্তন; অক্ষয়; অব্যয়। [স.]
অবিনীত *বিণ* অবিনয়ী; উদ্ধত; অশিষ্ট; বেয়াদব। [স. ন+বিনীত]। **অবিনীতা** *বিণ স্ত্রী.*।
অবিন্যস্ত *বিণ* অসজ্জিত; অগোছালো; এলোমেলো; বিশৃঙ্খল; অপরিপাটি। [স. ন+বিন্যস্ত]
অবিবেক *বি* বিবেকের অভাব; অজ্ঞান; বিবেচনাশূন্য। ❑ *বিণ* বিবেকহীন; মূঢ়; অজ্ঞ। [স. ন+বিবেক]। **অবিবেকী**(-কিন্) *বিণ* অজ্ঞ; মূঢ়; বিবেকহীন।
অবিবেচক *বিণ* ১ হিতাহিত ভালোমন্দ বিবেচনাশূন্য; বিচারবুদ্ধিহীন। ২ হঠকারী; অন্যায়কারী। [স. ন+বিবেচক]। **অবিবেচনা** *বি* ১ বিবেচনা বা বিচারবুদ্ধির অভাব। ২ অবিচার; অন্যায়। **অবিবেচনীয়, অবিবেচ্য** *বিণ* বিবেচনার অযোগ্য; অবিচার্য। **অবিবেচিত** *বিণ* ১ বিবেচনা করা হয়নি এমন। ২ বিবেচনার অযোগ্য।
অবিভক্ত *বিণ* ১ ভাগ করা হয়নি এমন। ২ অখণ্ডিত; অনংশিত; অকর্তিত; অপৃথকীকৃত। ৩ সম্পূর্ণ; অখণ্ড। [স. ন+বিভক্ত]
অবিভাজ্য *বিণ* ভাগ করা অসাধ্য বা অনুচিত এমন। [স. ন+বিভাজ্য]
অবিমিশ্র *বিণ* অমিশ্র; বিশুদ্ধ; ভেজালমুক্ত; খাঁটি। [স.

ন+বি+মিশ্র]
অবিমৃষ্য *বিণ* অবিবেচক; অসহনশীল। [স. ন+বি+√মৃষ্+য]। **অবিমৃষ্যকারিতা, অবিমৃষ্যকারিত্ব** *বি* অবিবেচনা; গোঁয়ার্তুমি। **অবিমৃষ্যকারী**(-রিন্) *বিণ* হঠকারী; গোঁয়ার; অবিবেচক।
অবিযুক্ত *বিণ* অখণ্ডিত; সংলগ্ন; অবিচ্ছিন্ন; সংযুক্ত। [স. ন+বিযুক্ত]
অবিরত *বিণ* অনিবৃত্ত; অক্ষান্ত; অবিরাম; অবিচ্ছিন্ন; অবিশ্রান্ত; অনবরত; ধারাবাহিক। [স. ন+বিরত]। **অবিরতি** *বি* বিরামের অভাব; অবিশ্রাম।
অবিরল *বিণ*১ ঘন; ফাঁকহীন; নিবিড়।২ অজস্র; অসংখ্য। ❑ *ক্রিবিণ* অবিশ্রান্ত; নিরন্তর। [স. ন+বিরল]
অবিরাম *ক্রিবিণ* সর্বদা; নিরন্তর; থামে না এমন। ❑ *বিণ* বিরাম বা বিশ্রামহীন। [স. ন+বিরাম]
অবিরুদ্ধ *বিণ* অপ্রতিকূল; অবিরোধী; অনুকূল; অনুযায়ী; সঙ্গত; অনুরক্ত। [স. ন+বিরুদ্ধ]
অবিরোধ *বি* ১ অবিবাদ। ২ সমন্বয়; ঐকমত্য। **অবিরোধী**(-ধিন্) *বিণ* নিরীহ; শান্ত স্বভাব; নির্বিরোধ। **অবিরোধে** *ক্রিবিণ* নির্বিবাদে; অবাধে।
অবিলম্ব *বি* ত্বরা। ❑ *বিণ* দ্রুত; ত্বরিত। [স. ন+বিলম্ব]। **অবিলম্বে** *ক্রিবিণ* শীঘ্র; তাড়াতাড়ি; দেরি না করে।
অবিশেষ *বিণ*১ অভেদ; ভেদশূন্য।২ অভিন্ন; সমান।[স. ন+বিশেষ]। **অবিশেষত্ব, অবিশেষিত** *বি* সাধারণ; সামান্য। (তুল. ইতরবিশেষ)।
অবিশ্রান্ত, অবিশ্রাম *বিণ*১ অবিরাম; অনবরত; সতত। ২ অক্লান্ত; অশ্রান্ত।[স. ন+বিশ্রান্ত/ন+বিশ্রাম]।**অবিশ্রান্তা** *স্ত্রী.*।
অবিশ্রুত *বিণ* নাম শোনা যায়নি এমন; অখ্যাত; অপ্রসিদ্ধ। [স. ন+বিশ্রুত]
অবিশ্বাস *বি* বিশ্বাসের অভাব; অপ্রত্যয়; অনাস্থা। [স. ন+বিশ্বাস]। **অবিশ্বাসী**(-সিন্) *বিণ* ১ বিশ্বাস করে না এমন; সন্দিগ্ধ। ২ বিশ্বাস করা যায় না এমন।
অবিসংবাদ *বি* অবিরোধ; মিলন। [স. ন+বিসংবাদ]। **অবিসংবাদিত** *বিণ* বিরোধ বা মতানৈক্যশূন্য; সর্বসম্মত। **অবিসংবাদী**(-দিন্) *বিণ* অবিরোধী; অপ্রতিকূল। **অবিসংবাদিনী** *স্ত্রী.*। **অবিসংবাদে** *ক্রিবিণ* নির্বিবাদে; অবিরোধে।
অবিস্মরণীয় *বিণ* ভুলবার নয় এমন; চিরস্মরণীয়; স্মরণযোগ্য; চির জাগরূক। [স. ন+বিস্মরণীয়]
অবিহিত *বিণ* অবৈধ; শাস্ত্রবিরুদ্ধ; বিধিসম্মত নয় এমন। ❑ *বি* অকর্তব্য; অনুচিত কাজ। [স. ন+বিহিত]
অবুঝ *বিণ*১ অবোধ; নির্বোধ; বোকা। ২ বুঝ অর্থাৎ প্রবোধ মানে না বা বোঝানো যায় না এমন।
অবেক্ষণ (আবেক্ষণ), অবেক্ষা *বি*১ দর্শন; অবলোকন; পর্যবেক্ষণ। ২ বিচার; পর্যালোচনা। [স. অব+ঈক্ষণ]। **অবেক্ষক** *বিণ* পর্যবেক্ষক; পরিদর্শক; পরীক্ষক। **অবেক্ষণীয়** *বিণ* পর্যবেক্ষণ বা পরিদর্শনের যোগ্য। **অবেক্ষমাণ** *বিণ* দর্শন করছে এমন। **অবেক্ষমাণা** *স্ত্রী.*।
অবেক্ষাধীন *বিণ* পরীক্ষাধীন; বিবেচনাধীন। **অবেক্ষিত** *বিণ* অবলোকিত; দৃষ্ট। **অবেক্ষ্যমাণ** *বিণ* ১ আলোচিত হচ্ছে এমন। ২ দৃষ্ট বা পরিদৃষ্ট হচ্ছে এমন। **অবেক্ষ্যমাণা** *স্ত্রী.*।

অবেণীবদ্ধ, অবেণীসংবদ্ধ *বিণ* আলুলায়িত; মুক্ত; বেণী করে বাঁধা হয়নি এমন। [স. ন+বেণী+বদ্ধ]
অবেদন *বি* অননুভূতি; চেতনা লোপ; (anaesthesia-এর পরিভাষা)। [স.]। **অবেদনিক** *বিণ* অনুভূতি লোপকারী। ❑ *বি*১ অনুভূতিনাশক। ২ অপরিণয়; বিবাহে অনাগ্রহ; অপরিণীত। **অবেদনীয়, অবেদ্য** *বিণ*১ অজ্ঞেয়; অবোধ্য; বুদ্ধির অগম্য। ২ অজ্ঞেয়; বিবাহের অযোগ্য।
অবেলা *বি* অসময়; অশুভ সময়; বিকাল বেলা। [স. ন+বেলা]
অবৈতনিক *বিণ*১ বিনা বেতনে। ২ বেতন নেওয়া হয় না এমন। [স. ন+বেতন+ইক]
অবৈধ *বিণ* বিধিবিরুদ্ধ; বেআইনি; শাস্ত্রবিরুদ্ধ; অশাস্ত্রীয়; অবিহিত। [স. ন+বৈধ]
অবোধ *বিণ* অবুঝ; নির্বোধ; অজ্ঞান। [স. ন+বোধ]
অবোধ্য *বিণ* বোঝা যায় না এমন; অজ্ঞেয়; অস্পষ্ট; জটিল; বুদ্ধির অতীত। [স. ন+বোধ্য]
অবোলা, অবোল *বিণ*১ মূক; বাকশক্তিহীন; বোল নেই এমন। ২ অসহায়; নিরীহ।
অব্দ *বি*১ বছর; সন। ২ মেঘ। [স. √অব্+দ]
অব্যক্ত *বিণ* ১ অস্ফুট; অপ্রকাশিত; গুপ্ত; অস্পষ্ট; অজ্ঞাত। ২ সূক্ষ্ম। ❑ *বি* পরমাত্মা; প্রকৃতি; শিব; বিষ্ণু; কন্দর্প। [স. ন+ব্যক্ত]
অব্যবধান *বি* ১ অব্যবহিত; ব্যবধানহীনতা। ২ মোটেই ফাঁক বা বিরাম নেই এমন অবস্থা। [স. ন+ব্যবধান]
অব্যবস্থ, অব্যবস্থিত *বিণ* বিশৃঙ্খল; অস্থির। [স. ন+ব্যবস্থা]। **অব্যবস্থা** *বি* অবন্দোবস্ত; বিশৃঙ্খলা; অনিয়ম। **অব্যবস্থিতচিত্ত** *বিণ* অস্থিরমতি; চঞ্চলচিত্ত।
অব্যবহার *বি* ১ ব্যবহারের অভাব। ২ কদাচরণ; কুব্যবহার। [স. ন+ব্যবহার]। **অব্যবহার্য** *বিণ* ব্যবহারের অযোগ্য; অকেজো। **অব্যবহৃত** *বিণ*১ ব্যবহার করা হয়নি এমন। ২ অনাচরিত; অপ্রচলিত।
অব্যবহিত *বিণ* ব্যবধানহীন; সংলগ্ন। [স. ন+ব্যবহিত]। **অব্যবহিতপূর্ব** *ক্রিবিণ* ঠিক পূর্বে।
অব্যয় *বিণ*১ ক্ষয় বা পরিবর্তন নেই এমন; অনন্ত; নিত্য। ২ লিঙ্গ বচন কারক বা বিভক্তি ভেদে যে শব্দের কোনো পরিবর্তন ঘটে না। [স. ন+ব্যয় (ক্ষয়)]। **অব্যয়ীভাব** *বি* সমাসবিশেষ।
অব্যর্থ *বিণ* কখনো ব্যর্থ হয় না এরূপ; অমোঘ; সার্থক; সফল। [স. ন+ব্যর্থ]
অব্যাকুল *বিণ* অস্থির বা চঞ্চল নয় এমন; উৎকণ্ঠাহীন; নিরুদ্বেগ; শান্ত; চিত্তচাঞ্চল্যহীন।
অব্যাজ *বি* (বাংলা ভাষায়) অকপটতা; সারল্য। ❑ *ক্রিবিণ* (সংস্কৃতে) শীঘ্র; ত্বরা; অবিলম্বে। [স. ন+ব্যাজ (বিলম্ব)]। **অব্যাজে** *ক্রিবিণ*১ অবিলম্বে। ২ অকপটে।
অব্যাহত *বিণ*১ অবাধ; বাধাহীন; অপ্রতিহত। ২ অব্যর্থ। [স. ন+ব্যাহত]। **অব্যাহতরূপে** *ক্রিবিণ* বিনা বাধায়। **অব্যাহতি** *বি* নিস্তার; মুক্তি; পরিত্রাণ।
অব্রাহ্মণ *বি*১ ব্রাহ্মণেতর জাতি বা ব্যক্তি। ২ আচারভ্রষ্ট ব্রাহ্মণ; পতিত ব্রাহ্মণ। ❑ *বিণ* ব্রাহ্মণসুলভ নয় এমন। [স. ন+ব্রাহ্মণ]
অভক্তি *বি* অশ্রদ্ধা; ঘৃণা; ভক্তির অভাব; অবজ্ঞা। [স. ন+ভক্তি]

অভক্ষ্য, অভক্ষণীয় *বিণ* অখাদ্য; আহারের অযোগ্য। ❑*বি* নিষিদ্ধ খাবার; আহার করা নিষিদ্ধ এমন। [সং ন+ভক্ষ, ভক্ষণীয়]

অভগ্ন *বিণ* ১ ভাঙা নয় এমন; যুক্ত। ২ পূর্ণ; আস্ত; গোটা; অটুট। [সং ন+ভগ্ন]

অভঙ্গ *বিণ* ১ অখণ্ড; যুক্ত। ২ অটুট; গোটা। ❑*বি* মহারাষ্ট্রে প্রচলিত তুকারামের কবিতা। [সং ন+ভঙ্গ]

অভঙ্গুর *বিণ* ভাঙে না বা নষ্ট হয় না এমন। [সং ন+ভঙ্গুর]

অভদ্র *বিণ* ১ বেয়াদব; অশিষ্ট; অসভ্য; সংস্কৃতিশূন্য; অসুজন; আদবহীন; সৌজন্যহীন। ২ ইতর; নিন্দনীয়। [বা.]। **অভদ্রতা** *বি*।

অভব্য *বিণ* অশিষ্ট; অভদ্র; অমার্জিত; বর্বর; সৌজন্যশূন্য; সুরুচিহীন। [সং]

অভয় *বি* ১ ভয়শূন্যতা; নির্ভীকতা। ২ আশ্বাস; ভরসা; সাহস। ❑*বিণ* নির্ভীক; সাহসী। [সং ন+ভয়]। **অভয়া** *বিণ স্ত্রী.* ভয়হীনা। ❑*বি* দুর্গা দেবী। **অভয়ে** *ক্রিবিণ* নির্ভয়ে; অকাতরে।

অভাগা, অভাগ্য *বিণ* ভাগ্যহীন; হতভাগ্য। ❑*বি* করুণার পাত্র; দুরদৃষ্ট; মন্দভাগ্য; লক্ষ্মীছাড়া। [বা.]। **অভাগী, অভাগিনী** *স্ত্রী.*।

অভাজন *বি* ১ অপাত্র; অযোগ্য; অক্ষম; গুণহীন ব্যক্তি। ২ আশ্রয়শূন্য; নিরাধার। [সং ন+ভাজন]

অভাব *বি* অবিদ্যমানতা; অনটন; অর্থকষ্ট। [সং ন+√ভূ+অ]। **অভাবগ্রস্ত** *বিণ* দরিদ্র; গরিব। **অভাবপূরণ** *বি* দারিদ্র্যমোচন। **অভাবে স্বভাব নষ্ট**— দারিদ্র্যের কারণে মানুষের স্বীয় প্রকৃতিবিরুদ্ধ আচরণ।

অভাবনীয়, অভাব্য *বিণ* ১ ভাবা যায় না এমন; অচিন্তনীয়। ২ অঘটনীয়; অপ্রত্যাশিত। ❑*বি* অপ্রত্যাশিত বস্তু বা বিষয়। [সং ন+ভাবনীয়, ভাব্য]

অভাবিত *বিণ* ভাবা হয়নি এমন; অচিন্তিত; অপ্রত্যাশিত। **অভাবিতপূর্ব** *বিণ* পূর্বে ভাবা হয়নি এমন; অচিন্তিতপূর্ব।

অভি *অব্য* বাংলা ও সংস্কৃত উপসর্গ: সমীপ, সম্মুখ, নিকট, সাদৃশ্য, বীপ্সা ইত্যাদিসূচক।

অভিকর্ষ *বি* ভূ-কেন্দ্রের অভিমুখে জড় পদার্থের আকর্ষণ; gravitational attraction–এর পরিভাষা।

অভিকেন্দ্র *বিণ* কেন্দ্রের অভিমুখে গমনকারী; কেন্দ্রাতিগ; centripetal attraction-এর পরিভাষা।

অভিঘাত *বি* ১ আঘাত; প্রতিঘাত। ২ বিনাশ; হত্যা; ঘর্ষণ; ক্ষয়। [সং অভি+ঘাত]। **অভিঘাতী(–তিন)** *বিণ* ১ আঘাতকারী; বিনাশকারী। ২ শত্রু। **অভিঘাতিনী** *স্ত্রী.*।

অভিচার *বি* তান্ত্রিক মন্ত্র— যা দিয়ে নিজের ইষ্ট ও পরের অনিষ্ট সাধন করা হয়। [সং অভি+√চর+অ]। **অভিচারী (–রিন্)** *বিণ* অভিচার-কর্তা। **অভিচারিণী** *স্ত্রী.*।

অভিজাত *বিণ* ১ কুলীন; সদ্বংশজাত; সম্ভ্রান্ত। ২ ভদ্রোচিত; শিষ্ট। [সং অভি+জাত]। **অভিজাততন্ত্র** *বি* অভিজাত সম্প্রদায় দ্বারা শাসন; aristocracy। **আভিজাত্য** *বি*।

অভিজিৎ *বি* বিজেতা; নক্ষত্রবিশেষ; Vega। [সং]

অভিজ্ঞ *বিণ* বহুদর্শী; বিশেষজ্ঞ; জ্ঞানী; বিজ্ঞ। [সং অভি+√জ্ঞা+অ]। **অভিজ্ঞা** *স্ত্রী.*। **অভিজ্ঞতা** *বি* সাধনা বা বহুদর্শিতা দ্বারা লব্ধ জ্ঞান।

অভিজ্ঞান *বি* স্মারক; নিদর্শন; পরিচায়ক বস্তু বা চিহ্ন। **অভিজ্ঞান-পত্র** *বি* পরিচয়-পত্র।

অভিধা *বি* ১ নাম; সংজ্ঞা; উপাধি। ২ শব্দের সহজ মুখ্য অর্থবোধক শক্তি। [সং অভি+√ধা+অ]

অভিধান *বি* ১ অর্থসহ শব্দকোষ; dictionary; lexicon। ২ পরিচয়; নাম। [সং অভি+√ধা+অন]। **আভিধানিক** *বিণ* শব্দকোষ সম্বন্ধীয়।

অভিধেয় *বি* প্রতিপাদ্য অর্থ; অভিধা; নাম; সংজ্ঞা। ❑*বিণ* বাচ্য; বোধক।

অভিনন্দন *বি* প্রশংসাবাদ বা গুণকীর্তন দ্বারা আনন্দ প্রকাশ; সংবর্ধনা; সম্মানপ্রদর্শন। [সং অভি+√নন্দ্+অন]। **অভিনন্দনপত্র** *বি* কারও আগমন বা বিদায় উপলক্ষে দেওয়া সম্মান ও প্রশংসাসূচক পত্র; মানপত্র। **অভিনন্দিত** *বিণ*।

অভিনব *বিণ* নতুন; অপূর্ব; নব উদ্ভাবিত। **অভিনবতা, অভিনবত্ব** *বি* নতুনত্ব। [সং অভি+নব]

অভিনয় *বি* ১ নাট্যপ্রদর্শন। ২ কৃত্রিম ভাবপ্রকাশ; অপরের প্রতিশরীর হয়ে কথা ও আচরণ অভিব্যক্তকরণ; অনুকরণ। [সং অভি+√নী+অ]। **অভিনীত** *বিণ* অভিনয় করা হয়েছে এমন। **অভিনেতা** *বি* অভিনয়কারী। **অভিনেত্রী** *স্ত্রী.*। **অভিনেয়** *বিণ* অভিনয়যোগ্য।

অভিনিবেশ *বি* মনোযোগ; একাগ্রতা; প্রণিধান; আগ্রহ; সবিশেষ যত্ন; আবেশ; অনুরাগ। [সং অভি+নিবেশ]। **অভিনিবিষ্ট** *বিণ* ১ মনোযোগী। ২ একাগ্রচিত্ত। **অভিনিবিষ্টা** *স্ত্রী.*।

অভিন্ন *বিণ* ১ ভিন্ন বা পৃথক নয় এমন; ভেদশূন্য; সমান; অভগ্ন; অবিদারিত। ❑*বি* অপৃথক। **অভিন্নহৃদয়** *বিণ* একাত্ম; অন্তরঙ্গ।

অভিপ্রায় *বি* ১ ইচ্ছা; অভিলাষ; উদ্দেশ্য; মনের ভাব; অভিসন্ধি। ২ তাৎপর্য; অর্থ; মত। [সং অভি+প্র+√ই+অ]। **অভিপ্রেত** *বিণ* ১ অভিলষিত; বাঞ্ছিত। ২ উদ্দিষ্ট; লক্ষ্য।

অভিবাদন *বি* নমস্কার; প্রণাম; সম্মান জ্ঞাপন; আদাব; সালাম। [সং অভি+√বদ্+ণিচ্+অন]

অভিবাসন *বি* স্বদেশ ত্যাগ করে অন্য দেশে বসবাস; immigration। **অভিবাসী** *বি* স্বদেশ ত্যাগ করে অন্য দেশে বসবাসকারী।

অভিব্যক্তি *বি* ১ প্রকাশ; আবির্ভাব; ক্রমবিকাশ; পরিস্ফুটতা; স্পষ্টতা। ২ কোনো জীবের ক্রমবিকাশের ফলে নতুন জীবের উৎপত্তি; evolution। [সং অভি+বি+√অনজ্+তি]। **অভিব্যক্ত** *বিণ* সম্যক প্রকাশিত বা বিকশিত। **অভিব্যক্তিবাদ** *বি* ক্রমবিকাশনীতি; Theory of Evolution.

অভিভাবক *বি* রক্ষক; তত্ত্বাবধায়ক; আশ্রয়দাতা। [সং অভি+√ভূ+অক]। **অভিভাবিকা** *স্ত্রী.*।

অভিভাষণ *বি* সম্ভাষণ; সভায় ভাষণ; বক্তৃতা। [সং অভি+ভাষণ]

অভিভূত *বিণ* ১ আবিষ্ট; ভাবে বিহ্বল; আচ্ছন্ন; মুগ্ধ; ব্যাকুল। ২ পরাভূত; আক্রান্ত। [সং অভি+√ভূ+ত]। **অভিভূতি** *বি*।

অভিমত *বি* কোনো বিষয় বা ব্যক্তি সম্বন্ধে গুণাগুণ বিষয়ক মত বা মন্তব্য প্রকাশ।

অভিমান *বি* ১ প্রিয়জনের ত্রুটি বা অনাদরের জন্য ক্ষোভ; মনোবেদনা। ২ অহঙ্কার; গর্ব। ৩ আত্মমর্যাদাবোধ।

অভিমানী(–নিন্) *বিণ*। **অভিমানিনী** *স্ত্রী.*।
অভিমুখ *বি* ১ সম্মুখ; উদ্দেশ্য। ২ সম্মুখীন। ❑ *বিণ* উদ্দেশ্যে গমনোদ্যত বা গমনশীল। [স. অভি+মুখ]। **অভিমুখিতা** *বি*। **অভিমুখী, অভিমুখিনী** *স্ত্রী.*।
অভিযান *বি* যুদ্ধযাত্রা; কোনো কিছু জয়ের উদ্দেশ্যে সদলবলে যাত্রা। [অভি+√যা+অন]
অভিযুক্ত *বিণ* ১অভিযোগের পাত্র। ২ আসামি। **অভিযোক্তা** *বি,বিণ* অভিযোগকারী; বাদী; ফরিয়াদি। [স. অভি+√যুজ্+ত]
অভিযোগ *বি* নালিশ; দোষারোপ। [অভি+√যুজ্+অ] **অভিযোগী**(–গিন্) *বিণ* অভিযোগকারী; বাদী। **অভিযোগ্য** *বিণ* অভিযোগ আনা যেতে পারে এমন।
অভিযোজন *বি* উদ্দেশ্যসাধনের উপযুক্তকরণ; সংযোগকরণ; বৃদ্ধিকরণ; পরিবর্ধনের জন্য আরো কিছু যোগ করা; adaptation। [স. অভি+√যুজ্+ণিচ্+অন]। **অভিযোজিত, অভিযোজ্য** *বিণ*। **অভিযুজ্যতা, অভিযোজ্যতা** *বি*।
অভিরাম *বিণ*১ মনোরম; মনোহর; সুন্দর; রম্য; প্রীতিকর। ২ তৃপ্তিদায়ক। [স. অভি+√রম্+অ]।
অভিরুচি *বি* অভিলাষ; বাসনা; ইচ্ছা; প্রবৃত্তি। [স. অভি+√রুচ্+ই]
অভিলাষ *বি* ইচ্ছা; বাসনা; স্পৃহা। **অভিলষিত, অভিলষণীয়** *বিণ* বাঞ্ছিত; ঈপ্সিত; প্রার্থিত। [অভি+√লষ্+অ+অনীয়]। **অভিলাষিণী** *স্ত্রী.*।
অভিশাপ *বি*১ কারও ব্যবহারে ক্ষুব্ধ বা অপমানিত হয়ে তার অমঙ্গল কামনা। ২ অভিসম্পাত; শাপ। [স. অভি+√শপ্+ত]। **অভিশপ্ত** *বিণ*।
অভিশ্রুতি *বি* অপিনিহিতির ফলে উচ্চারিত ই বা উ ধ্বনির পূর্বস্থিত স্বরের সাথে সন্ধির ফলে উদ্ভূত নতুন স্বর। যেমন— করিয়া>কইরা>ক'রে; বানিয়া>বাইন্যা>বেনে; জালুয়া>জাউল্যা>জাইল্যা>জেলে।
অভিষেক *বি* ১ আনুষ্ঠানিকভাবে অধিষ্ঠিতকরণ। ২ রাজসিংহাসনে আরোহণের নিমিত্ত যথাবিহিত স্নানানুষ্ঠান; রাজপদে বরণ। ৩ অবগাহন; স্নান; কর্মে নিয়োগ। **অভিষিক্ত** *বিণ*১ অভিষেক করা হয়েছে এমন। ২ সিক্ত; আর্দ্র; সিঞ্চিত। ৩ কর্মে নিযুক্ত। [স. অভি+ √সিচ্+ত]
অভিসন্দর্ভ *বি* বৃহত্তর গবেষণাপত্র; dissertation।
অভিসন্ধান, অভিসন্ধি *বি* ১ গুপ্ত অভিপ্রায়; মতলব। ২ উদ্দেশ্য; অভিপ্রায়। [স.]
অভিসম্পাত *বি*১ অভিশাপ। ২ যুদ্ধ; বিগ্রহ; পতন। [স.]
অভিসার *বি* মিলনের ইচ্ছায় নায়ক–নায়িকার সংকেত–স্থানে গমন। [স. অভি+√সৃ+অ]
অভিসারক, অভিসারী(–রিন্) *বি* গোপন মিলনার্থে সংকেত–স্থলে গমনকারী। **অভিসারিকা, অভিসারিণী** *স্ত্রী.*।
অভিহিত *বিণ* নামযুক্ত; সংজ্ঞাপ্রাপ্ত; কথিত; উক্ত। [স. অভি+√ধা+ত]
অভীক *বিণ* ১ কামুক; লোভী। ২ নির্ভীক; ভয়হীন। [অভি+√কম্ (নিপাতনে)+অ; ন+√ভী+ক]।
অভীপ্সা *বি*একান্ত বাসনা; অভিলাষ। [স. অভি+ঈপ্সা]। **অভীপ্সিত, অভীপ্সু** *বিণ* একান্তভাবে কামনা করছে এমন।
অভীষ্ট *বিণ*১ বাঞ্ছিত; অভিলষিত; ঈপ্সিত। ২ প্রিয়। ৩ বাসনা; ইচ্ছা। [স. অভি+ইষ্ট]
অভুক্ত *বিণ* খাওয়া বা ভোগ করা হয়নি এমন; অনাহারী; উপবাসী। [স. ন+ভুক্ত]
অভূতপূর্ব *বিণ* পূর্বে হয়নি বা ঘটেনি এমন। [স. ন+ভূত]
অভেদ *বি* ভেদের অভাব; ঐক্য; নির্বিশেষ; সদৃশ; অভিন্ন। [ন+√ভিদ্+অ]। **অভেদনীয়, অভেদ্য** *বিণ*১ ভেদ করা যায় না এমন; ভেদের অযোগ্য (অভেদ্য কবচে ধর্ম্ম আবরেন তারে— মাইকেল)। ২ অপ্রবেশ্য। **অভেদাত্মা** *বিণ* অভিন্নহৃদয়; একাত্ম। **অভেদী**(–দিন্) *বিণ* ভেদভাবহীন; উদার।
অভোগ্য *বিণ* ভোগের অযোগ্য বা অসাধ্য। [স. ন+ভোগ্য]
অভোজন *বি* অনাহার; উপবাস। ❑ *বিণ* অখাদ্য; অভক্ষ্য। [স. ন+√ভুজ্+অন]
অভোজ্য *বিণ* অখাদ্য; অভক্ষ্য। [স. ন+ভোজ্য]
অভ্যন্তর *বি* ভিতর; মধ্য। [স. অভি+অন্তর]। **অভ্যন্তরীণ, আভ্যন্তরীণ** *বিণ*।
অভ্যর্থনা *বি* সংবর্ধনা; সম্ভাষণ; আপ্যায়ন। [স. অভি+অর্থ+অন+আ]। **অভ্যর্থিত** *বি*।
অভ্যাগত *বিণ*১ অভিমুখে আগত; অতিথিস্বরূপ আগত; অতিথি। ২ নিমন্ত্রিত। [স. অভি+আগত]। **অভ্যাগতা** *বি স্ত্রী.*।
অভ্যাস *বি* নিত্য আচরণজাত স্বভাব; পুনঃপুন আচরণ; নিত্য অনুশীলন। **অভ্যস্ত** *বিণ* নিত্য আচরণজাত স্বভাবপ্রাপ্ত। [স. অভি+√অস্+অ]। **অভ্যস্তা** *বিণ স্ত্রী.* স্বভাবপ্রাপ্তা; অভিজ্ঞা। **অভ্যাসী**(–সিন্) *বিণ* অভ্যাসকারী। **অভ্যাসিনী** *স্ত্রী.*।
অভ্যুত্থান *বি* ১ উদয়; ওঠা; উন্নতি। ২ বিদ্রোহ। [স. অভি+উত্থান]। **অভ্যুত্থিত** *বিণ* অভ্যুত্থান করছে এমন।
অভ্যুদয় *বি* ১ উদয়; উদ্গম। ২ শ্রীবৃদ্ধি; সমৃদ্ধি। [স. অভি+উদয়]। **অভ্যুদিত** *বিণ* উত্থিত; উদিত; উদ্গত।
অভ্র *বি*১ খনিজ ধাতুবিশেষ; mica। ২ মেঘ; আকাশ। [স.]। **অভ্রংলিহ** *বিণ* গগনস্পর্শী; অতি উঁচু। **অভ্রভেদী** (–দিন্) *বিণ* ১ আকাশ অথবা মেঘ ভেদকারী। ২ আকাশচুম্বী; অতি উঁচু। ৩ অনমনীয়; দৃঢ়।
অভ্রান্ত *বিণ* ভুল নয় এমন; নির্ভুল; প্রমাদশূন্য; সঠিক। [স. ন+ভ্রান্ত (√ভ্রম্+ত)]। **অভ্রান্তি** *বি*। **অভ্রান্ত লক্ষ্য** *বি* অব্যর্থ–সন্ধান; স্থির লক্ষ্য।
অমঙ্গল *বি*১ মঙ্গলের অভাব; অকল্যাণ; বিপদ; ক্ষতি। ২ অপকার। ❑ *বিণ* অশুভ; অকল্যাণময়। [স. ন+মঙ্গল]
অমজবুত *বিণ* অদৃঢ়; অশক্ত; দুর্বল; নড়বড়ে; শিথিলবদ্ধ। [বা. অ+আ. মজবুত]
অমত *বি* অসম্মতি। **অমতি** *বি* অপ্রবৃত্তি; কুমতি। **অমতে** *ক্রিবিণ* ইচ্ছার বিরুদ্ধে; অসম্মতিতে।
অমৎসর *বিণ* ঈর্ষাহীন; পরশ্রীকাতর নয় এমন; বিদ্বেষহীন। [স. ন+√মদ্+সর]
অমন *বিণ* ঐরূপ; ঐ প্রকার। **অমনই** *বিণ* ঐরকমই; ঐরূপই।
অমনি *বিণ* ঐপ্রকার; ঐরূপ। ❑ *ক্রিবিণ* ১ অকারণে; অনর্থক (অমনি কোথাও যাওয়া ঠিক নয়)। ২ খালি হাতে; কিছু না নিয়ে (আত্মীয় বাড়িতে অনেকেই অমনি যেতে পারে না)। ৩ অনাবৃত (অমনি গায়ে থাকা গাঁয়ের মানুষের

স্বভাব)। ৪ বিনামূল্যে (অমনি নেব কিনে —রবীন্দ্র)। ৫ বিনা শ্রমে; বিনা আয়াসে (সবার হাতে অমনি টাকা আসে না)। ৬ তৎক্ষণাৎ; তখনি (অমনি চারিধারে নয়ন উঁকি মারে—রবীন্দ্র)। **অমনি অমনি** *ক্রিবিণ* শুধু শুধু; বিনা কারণে। [বা.]

অমনোনীত *বিণ* মনোনীত হয়নি এরূপ; অনির্বাচিত।

অমনোযোগ *বি* মনোযোগের অভাব; অনবধানতা; উপেক্ষা; অবহেলা [স. ন+মনোযোগ]। **অমনোযোগী** (-গিন্) *বিণ* উদাসীন; মনোযোগী নয় এরূপ।

অমর *বিণ* মৃত্যুহীন; চিরজীবী; অবিনশ্বর। ❑ *বি* দেবতা। [স. ন+√মৃ+অ]। **অমরতা, অমরত্ব** *বি*। **অমরধাম, অমরলোক** *বি* স্বর্গ।

অমরা, অমরাবতী *বি* স্বর্গ; দেবলোক; দেবনিবাস; ইন্দ্রপুরী। [স.]

অমর্ত, অমর্ত্য *বিণ* ১ অপার্থিব; স্বর্গীয়। ২ অমর; অবিনাশী; সুধা; অমৃত। ❑ *বি* দেবতা। [স. ন+মর্ত্য]। **অমর্তলোক, অমর্ত্যলোক** *বি* স্বর্গ।

অমর্যাদা *বি* অসম্মান; অনাদর; অপমান; অবজ্ঞা। [স. ন+মর্যাদা]

অমল *বিণ* ১ নির্মল; অনাবিল; পরিষ্কৃত। ২ শুভ্র; স্বচ্ছ; ধবল। **অমলা** *স্ত্রী.*।

অমলক *বি* ১ আমলকী। ২ অধিত্যকাস্থ বাসস্থান। [স. অম+√লু+অ(ছ)+ক]

অমলিন *বিণ* ১ মলিন নয় এমন; উজ্জ্বল। ২ নির্দোষ; নিষ্কলঙ্ক। [স. ন+মলিন]

অমসৃণ *বিণ* ১ কর্কশ; অসমান; বন্ধুর; অসমতল। ২ অমার্জিত।

অমা, অমাবস্যা *বি* কৃষ্ণপক্ষের শেষ তিথি; চন্দ্রকলার অদৃশ্যকাল। [স.]

অমাত্য *বি* মন্ত্রী; মন্ত্রণাদাতা; রাজসহচর; রাজসভাসদ। [স.]

অমানব *বিণ* ১ অমানুষ; মনুষ্যত্বহীন। ২ মানবেতর; মানুষ ভিন্ন অন্য। [স. অ+মানব(মনু+অ)]

অমানিশা, অমানিশি, অমারজনী *বি* অমাবস্যা রাত।

অমানী(-নিন্) *বিণ* ১ মর্যাদাহীন; হীন; অবজ্ঞেয়; নগণ্য। ২ নিরহঙ্কার; নিরভিমান; বিনয়ী। [স. ন+মানী]

অমানুষ *বি* মানুষ বলে গণ্য করার অযোগ্য; কুলোক। ❑ *বিণ* ১ মনুষ্যত্ববর্জিত। ২ অলৌকিক; মনুষ্যাতীত। [স. ন+মানুষ+অ]। **অমানুষিক, অমানুষী** *বিণ* ১ মনুষ্যাতীত; অলৌকিক। ২ পাশবিক; মানব স্বভাববিরুদ্ধ।

অমান্য *বি* লঙ্ঘন; উপেক্ষা। ❑ *বিণ* অশ্রদ্ধেয়। [স. ন+মান্য]। **অমান্য করা** *ক্রি* লঙ্ঘন করা; অসম্মান করা।

অমায়িক *বিণ* ১ মায়া বা ছল আশ্রয়ী নয় যে; সরল; অকপট; নিরহঙ্কার। ২ ভদ্র; সদালাপী। ৩ স্নেহশীল; প্রীতিপূর্ণ। ৪ মধুর স্বভাব। **অমায়িকতা** *বি*। [স. ন+মায়া+ইক]

অমার্জিত *বিণ* ১ অসভ্য; অভদ্র। ২ অবিদগ্ধ। ৩ অপরিষ্কৃত; অসংস্কৃত। [স. ন+মার্জিত]

অমিত *বিণ* অপরিমিত; প্রচুর; অঢেল; অত্যধিক; অশেষ; অসীম। [স. ন+মিত]। **অমিততেজা** *বিণ* অপরিমিত তেজবিশিষ্ট; অসীম ক্ষমতাবান। **অমিতবুদ্ধি** *বিণ* চতুর; অতি বুদ্ধিমান; বিচক্ষণ। **অমিতব্যয়** *বি* বেহিসাবি খরচ; অযথা ব্যয়। **অমিতব্যয়িতা** *বি* বেহিসাবি খরচের অভ্যাস। **অমিতব্যয়ী**(-য়িন্), **অমিতভাষী**(-ষিন্) *বিণ*। **অমিতাচার** *বি* অসংযত আচরণ; ভোগবিলাসে অসংযম। ❑ *বিণ* অসংযমী; ভোগবিলাসী। **অমিতাচারী**(-রিন্) *বিণ*। **অমিতচারিতা** *বি*।

অমিতাভ *বি* ১ অমিত আভা যাঁর; বুদ্ধ। ২ পঞ্চধ্যানী বুদ্ধের চতুর্থ বুদ্ধ। ৩ এক শ্রেণীর দেবতা। ❑ *বিণ* অসীম তেজোময়।

অমিত্রাক্ষর *বি* চরণে চরণে অন্ত্যমিলহীন এবং যতির বাঁধাধরা নিয়ম লঙ্ঘনকারী ছন্দবিশেষ; blank verse। [স. অমিত্র+অক্ষর]

অমিয়, অমিয়া *বি* সুধা; অমৃত। ❑ *বিণ* সুধাময়; অমৃততুল্য। [স. অমৃত>]

অমিল *বি* ১ মিলের অভাব; গরমিল; বিরোধ; পার্থক্য; অসাদৃশ। ২ অভাব; অনটন। [বা. অ+মিল]

অমিশ্র, অমিশ্রিত *বিণ* ১ মিশানো নয় এমন। ২ বিশুদ্ধ; খাঁটি; নির্ভেজাল। ৩ পৃথক; আলাদা। [স. ন+মিশ্র (মিশ্রিত)]। **অমিশ্রণ** *বি* মিশ্রণের অভাব। **অমিশ্ররাশি** *বি* অখণ্ড সংখ্যা; পূর্ণ সংখ্যা।

অমীমাংসা *বি* অনিষ্পত্তি; নিষ্পত্তিশূন্যতা; অসিদ্ধান্ত; অসমাধান। [স. ন+মীমাংসা]। **অমীমাংসিত** *বিণ* অনিষ্পন্ন; অকৃত-নিশ্চয়।

অমুক *বিণ* অনির্দেশ্য নাম; অনির্দিষ্ট ব্যক্তি নির্দেশক শব্দ; অজ্ঞাতনামা (ব্যক্তি বা বস্তু)। [স.]

অমূর্ত *বিণ* মূর্তিহীন; নিরাকার; অনঙ্গ; বিমূর্ত; অবয়বশূন্য; অদৃশ্য। [স. ন+মূর্ত]

অমূল, অমূলক *বিণ* মূলহীন; অকারণ; ভিত্তিহীন; কাল্পনিক; মিথ্যা; বানানো; বানোয়াট। [স. ন+মূল+ক]

অমূল্য, অমূল, অমূলিত *বিণ* মূল্য দিয়ে কেনা যায় না এমন; মূল্য নির্ণয় করা যায় না এমন; অপরিসীম গুরুত্বসম্পন্ন। [স. ন+মূল্য]

অমৃত *বি* ১ সুধা; পীযূষ; যা পান করলে মৃত্যুকে এড়ানো যায়। ২ অতিশয় সুস্বাদু খাদ্য। ৩ অমর সত্তা; দেবতা (অমৃতের পুত্র)। ৪ দেবলোক; স্বর্গ; মোক্ষ। [স. ন+মৃত]। **অমৃতত্ব** *বি* অমরত্ব; মুক্তি। **অমৃতভাষী** *বিণ* মিষ্টভাষী; প্রিয়বাদী। **অমৃতভাষিণী** *স্ত্রী.*। **অমৃতলোক** *বি* স্বর্গ; দেবলোক; বেহেশ্ত। **অমৃতোপম** *বিণ* অমৃতের ন্যায়; অমৃততুল্য।

অমোঘ *বিণ* অব্যর্থ; অভ্রান্ত; সার্থক। [স.]

অম্বর *বি* ১ আকাশ। ২ বস্ত্র। ৩ গন্ধদ্রব্যবিশেষ; কুমকুম। ৪ কার্পাস। [স.]

অম্বরি, অম্বুরি, *বিণ* অম্বর দ্বারা সুবাসিত। [আ.]

অম্বরী *বি* শাড়ি (নীলাম্বরী)।

অম্বল *বি* ১ অম্ল; টক। ২ অম্লরোগ। ৩ অম্লস্বাদের ব্যঞ্জন; ঝোল। [স. অম্ল>]

অম্বা, অম্বালিকা, অম্বিকা *বি* ১ পুরাণোক্ত তিন বোন: কাশী রাজের বড় মেয়ের নাম 'অম্বা', দ্বিতীয়ার নাম 'অম্বিকা' (ইনি ধৃতরাষ্ট্রের জননী), ছোট মেয়ের নাম 'অম্বালিকা' (ইনি পাণ্ডুর জননী)। ২ মা। ৩ হিন্দু দেবীবিশেষ; দুর্গা। [স.]

অম্বু *বি* জল; পানি। [স.]। **অম্বুজ** *বি* পদ্ম; শঙ্খ। **অম্বুজা** *বি স্ত্রী.* ১ পদ্মিনী; নলিনী। ২ লক্ষ্মী। **অম্বুদ** *বি*

মেঘ; বারিদ; জলদ। ❑ *বিণ* জল দেয় এমন; জলদানকারী। **অম্বুধি, অম্বুনাথ, অম্বুনিধি** *বি* সমুদ্র; সাগর; জলধি; উদধি; দরিয়া; জলনিধি; পয়োধি; পয়োনিধি; অম্ভোধি; অম্ভোনিধি। **অম্বুবাচি, অম্বুবাচী** *বি* জ্যৈষ্ঠ সংক্রান্তির পর সূর্যের মিথুন রাশিতে গমনকালে আর্দ্রা নক্ষত্রের প্রথম-পাদ ভোগের সময়। **অম্বুবাহ, অম্বুবাহী**(-হিন্) *বিণ* জলবহনকারী। ❑ *বি* মেঘ। **অম্বুরাশি** *বি* সমুদ্র।

অম্ল *বি* ১ টক; টক ব্যঞ্জন; ঘোল। ২ রোগবিশেষ। ৩ দ্রাবক; acid। [স.]। **অম্লতা** *বি* অম্লপিত্ত রোগবিশেষ। **অম্লমধুর** *বিণ* মিষ্ট কিন্তু ঈষৎ অম্লস্বাদযুক্ত। ❑ *বি* তেঁতুল।

অম্লজান *বি* অক্সিজেন নামক গ্যাসবিশেষ; oxygen।

অম্লান *বিণ* ১ অমলিন; বিমল; অবিষণ্ণ; প্রফুল্ল; স্বস্থ। ২ কুণ্ঠাহীন; দ্বিধাহীন। [স. ন+ম্লান]। **অম্লানবদনে** *ক্রিবিণ* অসঙ্কোচে; দ্বিধাহীনভাবে। **অম্লানমুখ** *বি* প্রসন্ন বদন।

অযত্ন *বি* যত্নের অভাব; অবহেলা; অনাদর। ❑ *বিণ* যত্নহীন। [স. ন+যত্ন]। **অযত্নকৃত** *বিণ* বিনা কষ্টে বা চেষ্টায় সম্পাদিত। **অযত্নবান, অযত্নশীল** *বিণ* ১ নিশ্চেষ্ট। ২ অধ্যবসায়হীন।

অযথা *বিণ* অমূলক; অপ্রকৃত; অনর্থক; অকারণ; বৃথা (অযথা অর্থব্যয়)। ❑ *ক্রিবিণ* অন্যায়রূপে; অকারণে। [স. ন+যথা]

অযথার্থ *বিণ* ১ যথার্থ নয় এমন; মিথ্যা। ২ অবাস্তব; অপ্রকৃত; অলীক; কৃত্রিম; অসঙ্গত। [স. ন+যথার্থ]। **অযথার্থতা** *বি*।

অযশ, অযশঃ(-শস্) *বি* অপযশ; অখ্যাতি; নিন্দা; যশহীন।

অযাচিত *বিণ* প্রার্থনা করা হয়নি এমন; অপ্রার্থিত; যেচে বা স্বেচ্ছায় দেওয়া (বস্তু, সাহায্য)। [স. ন+যাচিত]

অযাত্রা *বি* ১ অশুভ ক্ষণে যাত্রা; অপ্রশস্ত লগ্নে যাত্রা। ২ যে সময়ে যাত্রা করা নিষেধ। ৩ যাত্রাকালে দেখা বা শোনা এমন বস্তু ব্যক্তি লক্ষণ প্রভৃতি। [স. ন+যাত্রা]

অযুক্ত *বিণ* ১ পৃথক; অসংলগ্ন; সংযোগহীন। ২ অন্যায়; অনুচিত; যুক্তিবিরুদ্ধ; অসঙ্গত। [স. ন+যুক্ত]। **অযুক্তি** *বি* ১ কুযুক্তি; কুপরামর্শ। ২ সংযোগহীনতা। ৩ বিচারে অসঙ্গতি। ৪ অন্যায় বা ভুল বিচার। ৫ অনৌচিত্য।

অযুগ্ম *বিণ* ১ বেজোড়; পৃথক; আলাদা; বিষম সংখ্যা; স্বতন্ত্র। ২ অসম্মিলিত। [স. ন+যুগ্ম]

অযুত *বি,বিণ* দশ হাজার। ❑ *বিণ* ১ অসংখ্য; অনির্দিষ্ট সংখ্যক। ২ অসংযুক্ত; সংযোগশূন্য; অসংলগ্ন। [স.]

অযোগ্য *বিণ* ১ যোগ্য নয় এমন; অনুপযুক্ত। ২ অকর্মণ্য; অব্যবহার্য; অকেজো। ৩ অক্ষম। ৪ অন্যায়। **অযোগ্যা** *স্ত্রী.*। **অযোগ্যতা** *বি*। [স. ন+যোগ্য]

অযোনি *বিণ* জন্মরহিত। [স. ন+যোনি]। **অযোনিজ, অযোনিসম্ভব, অযোনিসম্ভূত** *বিণ* ১ গর্ভজাত নয় এমন। ২ পরমেশ্বর; ব্রহ্মা। **অযোনিজা, অযোনিসম্ভবা, অযোনিসম্ভূতা** *বিণ স্ত্রী.* ১ অগর্ভজাতা। ২ সীতা; দ্রৌপদী।

অযৌক্তিক *বিণ* যুক্তিপূর্ণ নয় এমন; যুক্তিবিরুদ্ধ; অসঙ্গত; অন্যায়। **অযৌক্তিকতা** *বি*। [স. অ+যুক্তি+ইক]

অয়ন *বি* ১ পথ। ২ বৃহৎপথ। ৩ সূর্যের গতি। ৪ স্থান; ভূমি। ৫ শাস্ত্র। ৬ সাধনার মার্গ। ৭ আশ্রয়; অবলম্বন। [স. ন+√অয়্+অন]। **অয়নবৃত্ত, অয়নমণ্ডল** *বি* রাশিচক্র ও রাশিচক্রস্থ সূর্যের দৃশ্যমান গমন-পথ; ক্রান্তিবৃত্ত। **অয়নাংশ** *বি* সূর্যের ভ্রমণ-পথের অংশ বা পরিমাণ।

অয়ি, অয়ে *অব্য* ভক্তি ভালোবাসা বা স্নেহসূচক সম্বোধনবিশেষ। [স.]

অয়েল *বি* তেল। [ই.]। **অয়েল করা** *ক্রি* যন্ত্রাদি ঠিকমতো চালু রাখার জন্য তেল দেওয়া। **অয়েল-ক্লথ** *বি* পানি ঢুকতে পারে না এরূপ তেলা কাপড়বিশেষ। **অয়েল পেইন্টিং** *বি* তৈলচিত্র; oil-painting। **অয়েল পেপার** *বি* তেলা কাগজবিশেষ; oil-paper।

অর *বি* ১ চাকার পাখি; spoke; চাকার নাভি ও নেমির সংযোগ শলাকা বা কাঠ। ২ ব্যাসার্ধ; radius। [স.]

অরক্ষণীয়, অরক্ষ্য *বিণ* রক্ষা করা যায় না এমন। [স. ন+রক্ষণীয়/রক্ষ্য]। **অরক্ষণীয়া** *বিণ স্ত্রী.* অবিবাহিতা রাখা যায় না বা রাখা উচিত নয় এমন।

অরক্ষিত *বিণ* ১ রক্ষা করা হয়নি এমন। ২ সুরক্ষিত নয় এমন; অসহায়। ৩ অপালিত। ৪ অসঞ্চিত। [স. ন+রক্ষিত]

অরচিত *বিণ* এখনো রচনা করা হয়নি এমন। [স. ন+রচিত]

অরণি, অরণী *বি* ১ যে কাঠের ঘর্ষণে আগুন জ্বলে ওঠে; চকমকি পাথর; flint। ২ অগ্নি। [স. ঋ+অনি]

অরণ্য *বি* বন; জঙ্গল; কানন। [স.]। **অরণ্যচর** *বিণ* অরণ্যে বাস করে এমন। **অরণ্যষষ্ঠী** *বি* জ্যৈষ্ঠ মাসে পালিত হিন্দুর ব্রত বা পূজাবিশেষ। **অরণ্যানী** *বি* বিশাল অরণ্য; মহাবন। **অরণ্যে রোদন** *বি* বৃথা ক্রন্দন; বৃথা অনুনয়-বিনয়।

অরন্ধন *বি* ১ পর্ববিশেষ; হিন্দুমতে যে দিনে রন্ধন নিষিদ্ধ; ভাদ্র-সংক্রান্তি। ২ রন্ধনে বিরতি। [স. ন+রন্ধন]

অরবিন্দ *বি* পদ্ম; কমল; নীলপদ্ম; রক্ত-উৎপল। [স.]

অরসজ্ঞ, অরসিক *বিণ* বেরসিক; রসজ্ঞানশূন্য। **অরসজ্ঞা, অরসিকা** *স্ত্রী.*। [স. ন+রসজ্ঞ/রসিক]

অরাজক *বিণ* রাজশূন্য; শাসনবিহীন। ❑ *বি,বিণ* বিশৃঙ্খল। [স. ন+রাজন্+ক]। **অরাজকতা** *বি*।

অরাজি *বিণ* রাজি নয় এমন; গররাজি; অসম্মত। [আ.]

অরি *বি* শত্রু; বৈরী [স.]। **অরিন্দম** *বিণ* শত্রুদমনকারী। **অরিমর্দন** *বিণ* অরিন্দম। ❑ *বি* শত্রুদমন। **অরিমিত্র** *বি* শত্রুর বন্ধু।

অরিষ্ট *বি* ১ মদ্যজাতীয় আয়ুর্বেদীয় ওষুধবিশেষ। ২ অশুভ; মরণচিহ্ন। [স.]

অরীতি *বি* অনিয়ম; অপ্রথা; কুপ্রথা; চালু নিয়ম-নীতি-পদ্ধতি বিরুদ্ধ। [স. ন+রীতি]

অরুচি *বি* ১ অপ্রীতি; অপ্রবৃত্তি; অনিচ্ছা; বিরাগ। ২ রোগবিশেষ; খাদ্যগ্রহণে অনিচ্ছা। [স. ন+√রুচ্+ই]। **অরুচিকর** *বিণ* অপ্রীতিকর; বিরক্তিকর।

অরুণ *বি* ১ নবোদিত সূর্য। ২ উষা বা সন্ধ্যাকালীন সূর্যের দীপ্তি; উষা বা সন্ধ্যারাগ। ৩ সূর্য-সারথি। ৪ রক্তবর্ণ। ৫ কৃষ্ণাভ রক্তবর্ণ। ❑ *বিণ* আরক্ত। [স.]। **অরুণ বর্ণ** *বি* অব্যক্ত রক্তবর্ণ। **অরুণলোচন** *বি* রক্তচক্ষু। **অরুণিম** *বিণ* রক্তবর্ণ আভাবিশিষ্ট। **অরুণিমা**(-মন্) *বি* রক্তিমা; গোলাপি আভা। **অরুণোপল** *বি* রক্তবর্ণ মণিবিশেষ; চুনি বা পদ্মরাগ মণি।

অরুন্তুদ *বিণ* মর্মভেদী; অত্যন্ত পীড়াদায়ক। [স. অরুস্ (মর্মস্থল)+√তুদ্+অ]

অরুন্ধতী *বি* ১*স্ত্রী.* সপ্তর্ষিমণ্ডল পরিবেষ্টিত ক্ষীণ নক্ষত্রবিশেষ। ২ বশিষ্ঠ মুনির পত্নী। [স.]
অরূপ *বিণ* নিরাকার; রূপহীন; কুশ্রী। **অরূপা** *বিণ স্ত্রী.*। নিরাকার; আকারহীনা। [স. ন+রূপ]
অরে *অব্য* সম্বোধনসূচক শব্দ। (তুল. ওরে)।
অরোগী *বিণ* সুস্থ; রোগহীন। [স. ন+রোগিন্, (√রুজ+ত=রুগ্ন)]
অর্ক *বি* ১ সূর্য। ২ স্ফটিক; আতসী পাথর। ৩ কিরণ; আলোক। ৪ আকন্দ গাছ। ৫ তামা। [স.]
অর্গল *বি* ১ খিল; হুড়কা। ২ প্রতিবন্ধক; বাধা; অন্তরায়। [স.]
অর্ঘ *বি* মূল্য। [স.]
অর্ঘ্য *বি*১ পূজার উপকরণ। ২ সম্মানিত ব্যক্তিকে সংবর্ধনার জন্য প্রদত্ত মাল্য ইত্যাদি উপচার। [স.]
অর্চক *বি* অর্চনা করে যে; পূজক; পূজারী। [স. √অর্চ্+অক]
অর্চন, অর্চনা *বি* উপাসনা; পূজা। **অর্চনীয়, অর্চ্য** *বিণ* অর্চিত।
অর্চি, অর্চিঃ(–র্চিস্) *বি*১ শিখা; জ্বলা; দীপ্তি। ২ সূর্যকিরণ। [স. অর্চ+√ই+ইস]
অর্জন *বি* উপার্জন; রোজগার; আয় পরিশ্রম বা চেষ্টার দ্বারা প্রাপ্তি; লাভ। **অর্জিত** *বিণ*। [স. √অর্জ্+অনট]
অর্জুন *বি* ১ তৃতীয় পাণ্ডব। ২ চোখের রোগবিশেষ; আঞ্জুনি। ৩ গাছবিশেষ। ৪ হিন্দু পুরাণোক্ত কৃতবীর্যের পুত্র; কার্তবীর্য। [স.]
অর্ণব *বি* সমুদ্র। [স. অর্নস+ব (নিপাতনে)]। **অর্ণবতরী, অর্ণবপোত, অর্ণবযান** *বি* সমুদ্রগামী জাহাজ। [স.]
অর্থ[১] *বি*১ ধন; সম্পত্তি; বিত্ত। ২ প্রয়োজন; উদ্দেশ্য; হেতু (দেশ সেবার্থে দান)। ৩ তত্ত্ব; সত্য। ৪ জাগতিক সৌভাগ্য (ধর্ম–অর্থ–কাম–মোক্ষ)। ৫ ইচ্ছা; অভিলাষ; প্রার্থনা (মোক্ষার্থে তপস্যা)। ৬ ধনবিজ্ঞান (অর্থশাস্ত্র)। ৭ জ্ঞাতব্য বিষয় (সর্বার্থতত্ত্ববিদ)। ৮ কাম্যবস্তু (পুরুষার্থ)। [স.]। **অর্থকর** *বিণ* আয়জনক; উদ্দেশ্যসাধক। **অর্থকরী** *বিণ* অর্থোপার্জনে সহায়ক; আয়জনক (অর্থকরী বিদ্যা)। **অর্থকষ্ট, অর্থকৃচ্ছ্র** *বি* টাকা–পয়সার অভাবের জন্য কষ্ট। **অর্থকামী**(–মিন্) *বিণ* অর্থ বা টাকা–পয়সা কামনা করে এমন। **অর্থগৃধ্নু** *বিণ* ধনলোভী; কৃপণ। **অর্থদণ্ড** *বি* জরিমানা। **অর্থনীতি** *বি* ধর্মাধর্ম বিচার না করে ধনলোভে প্রয়াসী। **অর্থভাণ্ডার** *বি* তহবিল; কোষ। **অর্থশাস্ত্র** *বি*১ ধনবিজ্ঞান। ২ নীতিশাস্ত্র।
অর্থ[২] *বি* শব্দের তাৎপর্য; মানে। **অর্থগৌরব** *বি* সাহিত্যে ভাবের গুরুত্ব। **অর্থগ্রহ** *বি* অর্থবোধ। **অর্থবিদ, অর্থবিৎ** *বি, বিণ*১ শব্দার্থবেত্তা। ২ তত্ত্বজ্ঞ। **অর্থসঙ্গতি** *বি* তাৎপর্যের অভিন্নতা; ভাবের সামঞ্জস্য। [স.]
অর্থাৎ *অব্য* এর মানে।
অর্থান্তর *বি* অর্থভেদ; ভিন্ন অর্থ বা অপর তাৎপর্য। **অর্থান্তরন্যাস** *বি* অর্থালঙ্কারবিশেষ; বিশেষের দ্বারা সামান্যকে বা সামান্য দ্বারা বিশেষকে সমর্থন; ইংরেজিতে একে corroboration বলে।
অর্থাপত্তি *বি* ১ কাব্যালঙ্কারবিশেষ। ২ দর্শনে অনুমানের সাহায্যে সিদ্ধান্ত প্রাপ্তি।
অর্থায়ন *ক্রি* অর্থসংস্থান।
-অর্থী(–র্থিন্) *বিণ* ১ প্রার্থনাকারী; যাচক। ২ অভিলাষী; কামী (বিদ্যার্থী)। ৩ ধনবান; বিত্তশালী। ৪ বাদী; অভিযোক্তা। [স. অর্থ+ইন্]
অর্ধ *বি* আধা; দুই ভাগের একভাগ। ❑ *বিণ*১ আধাআধি; আধা। ২ অসম্পূর্ণ। ❑ *ক্রিবিণ* আংশিকভাবে। [স.]
অর্ধচন্দ্র *বি*১ অর্ধ প্রকাশিত চাঁদ। ২ (আল.) গলাধাক্কা। ৩ সেনা সন্নিবেশের কেতাবিশেষ। **অর্ধচন্দ্রাকার, অর্ধচন্দ্রাকৃতি** *বিণ* অর্ধচন্দ্রের আকৃতিবিশিষ্ট। **অর্ধনারীশ্বর** *বি* এক দেহে মিলিত হরগৌরীর যুগলমূর্তি।
অর্ধাংশ *বি* দুইভাগের একভাগ।
অর্ধাঙ্গ *বি*১ দেহের অর্ধেক। ২ পতি; স্বামী। ৩ আংশিক পক্ষাঘাত। **অর্ধাঙ্গী, অর্ধাঙ্গিনী** (অ-প্র) *বি স্ত্রী.* পত্নী।
অর্ধাবশিষ্ট *বিণ* অর্ধেক অবশিষ্ট বা বাকি আছে এমন; বাকি অর্ধেক; অবশিষ্ট অর্ধেক।
অর্ধার্ধ *বি* অর্ধেকের অর্ধেক; সিকি অংশ। **অর্ধাধি** *বি* সমান ভাগ; আধাআধি; সমান দুই ভাগ; অর্ধেক; সমান দুই ভাগের একভাগ।
অর্ধাসন *বি* আসনের অর্ধভাগ।
অর্ধেক *বি* দুই ভাগের একভাগ; অর্ধভাগ।
অর্ধোচ্চারিত *বিণ* অস্পষ্ট বা অসম্পূর্ণভাবে উচ্চারিত।
অর্পণ *বি* ১ দান; প্রদান; ন্যস্তকরণ। ২ সংস্থাপন। ৩ নিক্ষেপ। [স. অর্পি+অন]। **অর্পয়িতা** *বিণ* অর্পণকারী। **অর্পয়িত্রী** *স্ত্রী.*। **অর্পিত** *বিণ*। **অর্পিতা** *স্ত্রী.*। **অর্পণীয়** *বিণ*।
অর্বাচীন *বিণ*১ পরবর্তীকালের; নবীন; আধুনিক; অপ্রবীণ। ২ অপরিণত বুদ্ধি; অপরিপক্ব। [স. অর্বাচ+ঈন]। **অর্বাচীনতা** *বি*।
অর্বুদ *বি* ১ দশ কোটি। ২ ভ্রূণস্থ মাংসপিণ্ড। ৩ আব; tumour। [স.]
অর্শ *বি* মলনালীর রোগবিশেষ; piles। [স. √ঋ+শ+অ]
অর্সা, অর্শা, অর্সানো, অর্শানো *ক্রি* ১ বর্তানো; উত্তরাধিকারসূত্রে পাওয়া বা অধিকারে আসা; পাওয়া; প্রাপ্ত হওয়া। ২ স্পর্শ হওয়া; লাগা। [বা. ফা. উরস>]
অর্হ *বিণ* যোগ্য; উপযুক্ত (দণ্ডার্হ)। ❑ *বি* মূল্য। [স. √অর্হ্+অ]। **অর্হণ, অর্হণা** *বি*১ পূজা। ২ যোগ্যতা। **অর্হণীয়** *বিণ* পূজ্য; পূজনীয়; যথা প্রশংসার্হ; শ্রদ্ধার্হ; কৃপার্হ। **অর্হা** *স্ত্রী.*।
অর্হৎ, অর্হন *বি* ১ নির্বাণের অধিকারী বৌদ্ধ বা জৈন সন্ন্যাসী। ২ বুদ্ধদেব।
অলক *বি*১ চূর্ণকুন্তল; পাশের বা সম্মুখের হ্রস্ব কেশগুচ্ছ। ২ কুঞ্চিত ও তরঙ্গায়িত মেঘ। [স.]
অলকনন্দা, অলকানন্দা *বি* ১ নদীবিশেষের নাম। ২ পুরাণোক্ত স্বর্গে অবস্থিত গঙ্গার নাম। [স.]
অলকা *বি*১ ধনদেবতা কুবেরের পুরী। ২ অলক; কুঞ্চিত কেশ। [স.]
অলকাতিলক, অলকাতিলকা *বি* চন্দন দিয়ে মুখমণ্ডলের সজ্জা; তিলক ফোঁটা; পত্রলেখা; দেহলিপ্ত কুমকুম বিন্দু। [স. অলকা+তিলক/ তিলকা]
অলক্ত, অলক্তক *বি* লাক্ষারস; আলতা। [স. ন+রক্ত=অরক্ত>অলক্ত+ক]। **অলক্তরাগ** *বি* আলতার রং বা আভা।
অলক্ষণ *বি*১ কুলক্ষণ; অশুভ চিহ্ন। ২ অকল্যাণ; অমঙ্গল। ❑ *বিণ* কুলক্ষণযুক্ত; অপয়া। [স. ন+লক্ষণ]। **অলক্ষণা**

বিণ স্ত্রী. কুলক্ষণযুক্তা; অপয়া। **অলক্ষুনে** *বিণ* অমঙ্গলজনক; অশুভ; অপয়া।
অলক্ষিত *বিণ* লক্ষিত হয়নি এমন; নজরে পড়েনি এমন; অদৃষ্ট; অনিরীক্ষিত; অদেখা। **অলক্ষিতভাবে, অলক্ষিতে** *ক্রিবিণ* ১ অপরের অজ্ঞাতসারে। ২ দৃষ্টির অগোচরে। ৩ অতর্কিতে; অসতর্ক অবস্থায়।
অলক্ষ্মী *বি* দুর্ভাগিনী বা দুর্ভাগ্যদায়িনী নারী। [সং. ন+লক্ষ্মী]। **অলক্ষ্মীতে পাওয়া** *ক্রি* ১ দুর্দশাগ্রস্ত হওয়া। ২ দুর্ভাগ্যগ্রস্ত হতে হয় এমন আচরণে অভ্যস্ত হওয়া। **অলক্ষ্মীর দশা** *বি* শ্রীহীনতা; দারিদ্র্য। **অলক্ষ্মীর দৃষ্টি** *বি* অভাব; অনটন; দুর্দশা।
অলক্ষ্য *বিণ* দেখা যায় না এমন; অদৃশ্য; দৃষ্টির অগোচর। ❑ *বি* শূন্য; স্বর্গ। **অলক্ষ্যে** *ক্রিবিণ* অন্যের দৃষ্টির অগোচরে; গোপনে; অন্যের দৃষ্টি এড়িয়ে।
অলখ *বিণ* অলক্ষ্য; দৃষ্টির অগোচর। [সং. অলক্ষ্য>]। **অলখস্বামী** *বি* ঈশ্বর।
অলখবিহারী *বিণ* দৃষ্টির বাইরে বিচরণকারী। [বা.]। **অলখসাঁই** *বি* অলক্ষ্য স্বামী; ঈশ্বর।
অলঙ্কার, অলংকার *বি* ১ গহনা; আভরণ; ভূষণ। ২ প্রসাধন; সজ্জা; শোভা। ৩ গৌরব; সম্মান। ৪ ভাষার সৌন্দর্য ও মাধুর্যবৃদ্ধিকারী গুণ (অনুপ্রাস, রূপক, উপমা, যমক ইত্যাদি)। [সং. অলম্+√কৃ+অ]। **অলঙ্করণ, অলঙ্কৃতি, অলঙ্ক্রিয়া** *বি* ১ অলঙ্কার; সজ্জার উপকরণ। ২ অলঙ্কার দ্বারা সজ্জিতকরণ। ৩ অতিরঞ্জন। ৪ প্রসাধন। ৫ চিত্রণ। ৬ সাহিত্যে অনুপ্রাস যমক উপমাদির প্রয়োগ। **অলঙ্কর্তা** *বি*। **অলঙ্কর্ত্রী** *স্ত্রী.*। **অলঙ্কারক** *বিণ*। **অলঙ্কার শাস্ত্র** *বি* কাব্যালঙ্কার সংক্রান্ত বিষয় বা গ্রন্থ। **অলঙ্কৃত** *বিণ* ১ ভূষিত; সজ্জিত; আভরণমণ্ডিত। ২ সৌষ্ঠবমণ্ডিত; সমৃদ্ধ।
অলঙ্ঘন *বি* লঙ্ঘন বা অবহেলা না করা; পালন। [সং. ন+√লন্‌ঘ্+অন]। **অলঙ্ঘনীয়, অলঙ্ঘ্য** *বিণ* ১ লঙ্ঘনের অসাধ্য; লঙ্ঘন করা অসম্ভব এমন। ২ লঙ্ঘন করা যায় না বা লঙ্ঘন করা অনুচিত এমন। ৩ অবশ্য পালনীয়।
অলজ্জ *বিণ* লজ্জাহীন; নির্লজ্জ। [সং. ন+লজ্জা]
অলজ্জিত *বিণ* লজ্জা নেই এমন।
অলপ্পেয়ে, অল্পেয়ে *বি* গালিবিশেষ। ❑ *বিণ* ১ স্বল্পায়ু (ওরে বুড়া আঁটকুড়া নারদ অল্পেয়ে —ভারত)। ২ অদীর্ঘজীবী; অচিরজীবী; হতভাগ্য। [সং. অল্পায়ুঃ+বা. ইয়া (=অল্পায়ু্য> অল্পেয়ে)]
অলব্ধ *বিণ* অপ্রাপ্ত। [সং. ন+লব্ধ]
অলভ্য *বিণ* অপ্রাপ্য। [সং. ন+লভ্য]
অলম্বুস, অলম্বুষ *বি* ১ যে সাধারণের অনেক ক্ষতি করে। ২ গালিবিশেষ। ৩ লজ্জাবতী লতা। ৪ সুদীর্ঘ আঙুলবিশিষ্ট করতল বা হাতের তালু। ৫ রামায়ণ ও মহাভারতে রাক্ষসের ও রাজার নাম। ❑ *বিণ* নির্বোধ; হাবা; অমার্জিত। **অলম্বুষা** *বি* লজ্জাবতী লতা; ভুঁই কদম; কুকশিম। [সং.]
অলস *বিণ* ১ শ্রমবিমুখ। ২ মন্থর; জড়প্রকৃতিবিশিষ্ট। ❑ *বি* আলস্য; অলসতা। [সং. ন+লাভ]
অলাভ *বি* ১ লাভহীনতা; লোকসান; ক্ষতি। ২ অপ্রাপ্তি; ব্যবসায় বাণিজ্যে ক্ষতি। [সং. ন+লভ]
অলি[১] *বি* ১ ভ্রমর। ২ বৃশ্চিক। ৩ কোকিল। ৪ কাক। ৫ মদ [সং. অল+ই]
অলি[২]**, ওলি** *বি* ১ ইসলাম ধর্মের অধ্যাত্মসাধক; বুজর্গ ব্যক্তি; দরবেশ। ২ প্রশাসক; অভিভাবক; অছি। ২ দরবেশ। ৩ রক্ষক। [আ. ওয়ালি]
অলি-অছি, অলি-অসি *বি* নাবালকের অভিভাবক বা সম্পত্তি রক্ষক। [আ. ওলি (wali)]
অলিগলি *বি* সঙ্কীর্ণ পথ; গলিঘুঁজি; গুপ্ত পথ; সুড়ঙ্গ পথ।
অলিঞ্জর *বি* মাটির বড়ো পাত্র; জালা; জলাধার; কলস। [সং.]
অলিন্দ *বি* বারান্দা; চাতাল; রক। [সং.]
অলিমা, ওয়ালিমা *বি* বৌভাত; মুসলমানদের বিয়ের পর বরের দেওয়া ভোজ; বিয়ে উপলক্ষে বরপক্ষের আয়োজিত ভোজের অনুষ্ঠান। [আ.]
অলীক *বিণ* ১ অসত্য; মিথ্যা; কাল্পনিক। ২ অমূলক। ৩ অসার; বৃথা। [সং.]। **অলীকতা** *বি*।
অলুক *বিণ* লোপরহিত; লোপ হয় না এমন; লুকায় না এমন। **অলুক সমাস** *বি* সমাসবিশেষ; যে সমাসে পূর্ব পদের বিভক্তির লোপ হয় না (যেমন—হাতেখড়ি, গায়ে-হলুদ, তেলে ভাজা)।
অলুব্ধ *বিণ* লোভহীন।
অলোক *বিণ* ১ অসাধারণ। ২ নির্জন লোকবসতিহীন। [সং. ন+লোক]। **অলোকসাধারণ** *বিণ* ইহলোকে মানব সমাজে সচরাচর ঘটে না এমন; অসাধারণ। **অলোকসামান্য** *বিণ* লোকসমাজে সামান্য নয় এমন; অসামান্য; অসাধারণ। [সং. ন+লোক+সামান্য]। **অলোকসামান্যা** *স্ত্রী.*। **অলোকসুন্দর** *বিণ* মনুষ্যলোকে দেখা যায় না বা এ জগতে দেখা যায় না এমন সুন্দর; অসামান্য সুন্দর। **অলোকসুন্দরী** *স্ত্রী.*।
অলৌকিক *বিণ* ১ মানুষের পক্ষে অসম্ভব; লোকাতীত। ২ ইহলোকের নয় এমন। [সং. ন+লৌকিক]
অল্প *বিণ* ১ সামান্য; কম; ঈষৎ; লঘু। ২ অনুদার; হীন। ৩ ক্ষুদ্র। [সং.]। **অল্পতা, অল্পত্ব** *বি*। **অল্পচেতা** *বিণ* ক্ষুদ্রপ্রাণ; অনুদার। **অল্প জলের/ পানির মাছ** (আল.) যে ব্যক্তি সামান্য পুঁজি নিয়ে অধিক ধনের গর্ব করে; যে ব্যক্তি অল্প বিদ্যা নিয়ে অধিক পাণ্ডিত্যের ভান করে। **অল্পজীবী** (-বিন্), **অল্পায়ু** *বিণ* অল্পকাল বাঁচে এমন। **অল্পপ্রাণ বর্ণ** *বি* বর্গের ১ম ৩য় ও ৫ম বর্ণ এবং য র ল ব। **অল্পবিদ্যা** *বি* সামান্য লেখাপড়া বা জ্ঞান। **অল্পবিদ্যা ভয়ঙ্করী** সামান্য বিদ্যা বড় ক্ষতিকর, কারণ এতে জ্ঞান জন্মে না অথচ বিদ্বান বলে অহঙ্কার জন্মে। **অল্পবুদ্ধি** *বিণ* ১ সামান্য বুদ্ধিসম্পন্ন। ২ মন্দমতি। ৩ জড়বুদ্ধি। **অল্পভাষী** (-ষিন্) *বিণ* অল্প কথা বলে এমন। **অল্পমতি** *বিণ* হীনচেতা; নীচ। **অল্পস্বল্প** *বিণ* একটু আধটু; খুব কম। **অল্পে-অল্পে** *ক্রিবিণ* ১ ক্রমশ; ধীরে ধীরে। ২ সামান্যের উপর দিয়ে।
অল্পাশয় *বিণ* ১ হীনমতি; নীচাশয়; নীচপ্রকৃতি। ২ তুচ্ছ বিষয়ে আকাঙ্ক্ষা করে এমন; স্বল্পে তুষ্ট; অল্পাকাঙ্ক্ষী।
অল্পাহারী (-রিন্) *বি,বিণ* যার আহার কম; সামান্য আহার করে যে। **অল্পাহার** *বি*।
অশক্ত *বিণ* দুর্বল; অক্ষম; অপারগ। [সং. ন+শক্ত]। **অশক্তি** *বি* দুর্বলতা; শক্তির অভাব।
অশক্য *বিণ* অসাধ্য; ক্ষমতাতীত। [সং. ন+শক্য]

অশঙ্ক *বিণ* ১ নিঃশঙ্ক; শঙ্কা নেই এমন; শঙ্কাহীন; স্বস্থ। ২ নির্ভীক; নিরুদ্বেগ। ৩ নিঃসংশয়; নির্দ্বন্দ্ব। [স. ন+শঙ্কা]
অশথ *বি* অশ্বত্থবৃক্ষ; অশথ গাছ। [স. অশ্বত্থ>]
অশন *বি* ভোজন; খাদ্যদ্রব্য; আহার। [স. √অশ্+ অন]। **অশন-বসন** *বি* অন্ন-বস্ত্র; খাওয়া-পরা।
অশনি *বি* বজ্র; কুলিশ; বাজ। [স. √অশ্+অনি]। **অশনিপাত, অশনিসম্পাৎ** *বি* বজ্রপাত; বজ্রপতন; বাজপড়া।
অশরণ *বিণ* নিরাশ্রয়; নিঃসহায়; আশ্রয়হীন। [স. ন+শরণ]। **অশরণা** *বি স্ত্রী*।
অশরীরী(-রিন্) *বিণ* দেহ নেই এমন; কায়াহীন, দেহহীন; নিরাকার। [ন+শরীর+ইন]। **অশরীরিণী** *স্ত্রী*।
অশান্ত *বিণ* ১ চঞ্চল; অস্থির। ২ প্রবোধহীন; সান্ত্বনাহীন। ৩ দুরন্ত। ৪ উৎকণ্ঠিত; উদ্বিগ্ন। [স. ন+শান্ত]
অশান্তি *বি* ১ শান্তির অভাব; উপদ্রব; অত্যাচার। ২ মানসিক যন্ত্রণা; মানসিক অস্থিরতা। ৩ কলহ; বিবাদ; বিতর্ক; গোলমাল; কোলাহল। [স. ন+শান্তি]
অশাশ্বত *বিণ* চিরকালীন নয় এমন; অনিত্য; নশ্বর; অচির। [স. ন+শাশ্বত]
অশাসন *বি* ১ শাসনের অভাব; কুশাসন। ২ প্রশ্রয়। **অশাসিত** *বিণ* শাসন করা হয় না বা হয়নি এমন; শাসনশূন্য। [স. ন+√শাস্+অন]। **অশাস্য** *বিণ* শাসন করা যায় না এমন; শাসন বহির্ভূত।
অশাস্ত্র *বি* যা শাস্ত্র মধ্যে গণ্য নয়; কুশাস্ত্র। ❑ *বিণ* শাস্ত্রবিরুদ্ধ; অবৈধ। [স. ন+শাস্ত্র]। **অশাস্ত্রীয়** *বিণ* শাস্ত্রবিরুদ্ধ; অবৈধ। [স. ন+শাস্ত্র]
অশিক্ষা *বি* শিক্ষার অভাব; কুশিক্ষা। [স. ন+শিক্ষা]। **অশিক্ষাপটু** *বিণ* শিক্ষার অভাব সত্ত্বেও দক্ষ বা কুশলী।
অশিক্ষিত *বিণ* শিক্ষা পায়নি এমন; বিদ্যাহীন; মূর্খ। **অশিক্ষিতা** *স্ত্রী*।
অশিথিল *বিণ* অশ্লথ; দৃঢ়; গাঢ়; ঘনিষ্ঠ; ঢিলেঢালা নয় এমন; অনলস। [স. শ্লথ>]
অশিব *বি,বিণ* অকল্যাণ; অমঙ্গল; অশুভ; অনিষ্টকর; ক্ষতিকর। [স. ন+শিব]
অশিষ্ট *বিণ* ১ বেয়াদব; উদ্ধত; শিষ্টাচারহীন; দুর্ব্যবহারকারী; অসভ্য; অভদ্র; অভব্য। ২ দুরন্ত; অশান্ত। [স ন+শিষ্ট(√শাস্+ত)]। **অশিষ্টতা** *বি*।
অশিষ্টাচরণ, অশিষ্টাচার *বি* অভদ্র ব্যবহার; অমার্জিত আচরণ।
অশীতি *বি,বিণ* আশি; ৮০ সংখ্যা বা সংখ্যক। **অশীতিতম** *বিণ* আশি সংখ্যক। **অশীতিপর** *বিণ* আশিরও অধিক বয়সবিশিষ্ট।
অশীল *বিণ* ১ দুষ্ট; অশিষ্ট; সৌজন্যহীন; দুশ্চরিত্র; বেয়াদব। ২ দুঃশীল; অমার্জিত। [স. ন+শীল]। **অশীলতা** *বি*।
অশুচি *বিণ* অপবিত্র; অশুদ্ধ। [স. ন+শুচি]
অশুদ্ধ *বিণ* ১ অপবিত্র; অশোধিত; ভ্রমপূর্ণ। ২ শাস্ত্রমতে অসিদ্ধ। [স. ন+√শুধ্+ত]। **অশুদ্ধি** *বি* ১ অপবিত্রতা। ২ ভুল।
অশুভ *বি* ১ অকল্যাণ; অমঙ্গল। ২ পাপ। ❑ *বিণ* অকল্যাণকর; অমঙ্গলজনক। [স. ন+√শুভ্+অ]
অশুভকর, অশুভঙ্কর *বিণ* অমঙ্গল বা অমঙ্গলজনক।
অশুষ্ক *বিণ* ১ শুষ্ক নয় এমন; ভেজা। ২ সরস; তাজা। ৩ অনুভূতিপূর্ণ। ৪ রসিক; হৃদয়বান। [স. ন+√শুষ্+ত]
অশেষ *বিণ* ১ শেষহীন; অনন্ত; অসীম। ২ অঢেল; অজস্র; অনেক; অপরিমেয়। [স. ন+√শিষ্+অ]। **অশেষজ্ঞ, অশেষতত্ত্বজ্ঞ** *বিণ* সর্বজ্ঞ।
অশোক *বি* ১ গাঢ় লালবর্ণের পুষ্পবিশেষ। ২ মগধের বিখ্যাত রাজা। [স. ন+√শুচ্+অ]। **অশোক কানন, অশোক বন** *বি* অশোক বৃক্ষে পরিপূর্ণ বন। **অশোক ষষ্ঠী** *বি* চৈত্র মাসের শুক্লাষষ্ঠী। **অশোকস্তম্ভ** *বি* অশোক কর্তৃক স্থাপিত অনুশাসন লিপিযুক্ত প্রস্তর স্তম্ভ।
অশোধিত *বিণ* শোধন করা হয়নি এমন; অসংশোধিত। [স. ন+√শুধ্+ণিচ্+ত]
অশোভন *বিণ* বেমানান; অসঙ্গত; অসুন্দর; কুৎসিত। [স. ন+√শুভ+অন]। **অশোভনা** *স্ত্রী*। **অশোভনতা** *বি*।
অশৌচ *বি* অশুদ্ধি; হিন্দুদের আত্মীয়ের জন্মজনিত বা মৃত্যুজনিত দেহাশুদ্ধি। **অশৌচান্ত** *বিণ* অশৌচ অবস্থার শেষ বা শেষ দিন। [স. ন+√শুচ্+অ]
অশ্ম *বি* পাথর; শিলা; পাষাণ; শিলাজতু; bitumen। [স.]। **অশ্মীভূত** *বিণ* প্রস্তরীভূত; পাথরে পরিণত।
অশ্রদ্ধা *বি* ১ অভক্তি; অবজ্ঞা; ঘৃণা। ২ বিরাগ; অপ্রবৃত্তি। [স. ন+শ্রদ্ধা]। **অশ্রদ্ধ** *বিণ* ১ শ্রদ্ধাহীন। ২ আস্থাহীন। **অশ্রদ্ধেয়** *বিণ* ১ শ্রদ্ধার অযোগ্য। ২ হেয়; ঘৃণ্য।
অশ্রান্ত *বিণ* শান্তিহীন; অক্লান্ত; বিরামহীন। ❑ *ক্রিবিণ* অবিরত; অবিশ্রান্ত; অনবরত। [স. ন+√শ্রম্+ত]। **অশ্রান্তগতি** *বি* অবিরাম গতি। **অশ্রান্তি** *বি* ১ শ্রান্তিহীনতা। ২ বিরামহীনতা।
অশ্রাব্য *বিণ* ১ শোনার অযোগ্য; অশ্লীল। ২ কুৎসিত; কুরুচিপূর্ণ। [স. ন+শ্রাব্য]
অশ্রু *বি* চোখের পানি। [স. √অশ্+রু]। **অশ্রুআঁখি**। *বি* অশ্রুপূর্ণ আঁখি বা চোখ। **অশ্রুগদগদ** *বিণ* আবেগাতিশয্যে প্রায় রুদ্ধবাক বা অস্ফুটবাক। **অশ্রুজল** (অশু.) *বি* চোখের জল। **অশ্রুপাত, অশ্রুবর্ষণ** *বি* ক্রন্দন। **অশ্রুপ্লুত** *বিণ* অশ্রুপ্লাবিত; অশ্রুবিধৌত; অশ্রুপরিপূর্ণ।
অশ্রুত *বিণ* শোনা যায়নি বা হয়নি এমন। [স. ন+শ্রুত]। **অশ্রুতপূর্ব** *বিণ* পূর্বে কখনো শোনা যায়নি এমন।
অশ্রেয়, অশ্রেয়ঃ(-য়স্) *বিণ* ১ অমঙ্গল; অনর্থ; অহিতকর। ২ অপ্রশস্ত। ৩ অধম। ❑ *বি* অশুভ; অহিত; অনর্থ। [স. ন+শ্রেয়]। **অশ্রেয়সী** *স্ত্রী*। **অশ্রেয়স্কর** *বিণ* ১ অনুচিত; অবিধেয়। ২ অমঙ্গলজনক।
অশ্রোত্রিয় *বি* বেদাধ্যয়নবিহীন ব্রাহ্মণ। ❑ *বিণ* শোত্রিয়হীন; বেদজ্ঞব্রাহ্মণশূন্য। [স. ন+শোত্রিয়]
অশ্লীল *বিণ* কুৎসিত; জঘন্য; কুরুচিপূর্ণ; কদর্যরুচি। [স. ন+শ্লীল (<শ্রীল)]। **অশ্লীলতা** *বি*।
অশ্লেষা *বি* অশুভ সূচনাকারী নক্ষত্রবিশেষ। [স.]
অশ্ব *বি* ঘোড়া; ঘোটক; বাজী; হয়। [স.]। **অশ্বা, অশ্বী, অশ্বিনী** *স্ত্রী*। **অশ্বকোবিদ, অশ্ববিৎ** *বিণ* অশ্বসংক্রান্ত যাবতীয় ব্যাপারে অভিজ্ঞ। **অশ্বডিম্ব** *বি* অলীক কল্পনা; কাল্পনিক বা অসার বস্তু। **অশ্বতর** *বি* খচ্চর; ঘোড়া ও গাধার মিলনজাত প্রাণীবিশেষ। **অশ্বতরী** *স্ত্রী*। **অশ্বমুখী** *বি* কিন্নরী। **অশ্বমেধ** *বি* হিন্দু রাজাদের দিগ্বিজয়ের পর ঘোড়া বলির যজ্ঞ। **অশ্বশক্তি, অশ্বক্ষমতা** *বি* ব্যবহারিক ক্ষমতার নাম; horse power। **অশ্বশালা** *বি* আস্তাবল।
অশ্বত্থ *বি* বৃক্ষবিশেষ; অশ্বত্থ গাছ; বটজাতীয় বৃক্ষ;

পিপ্পল। [স.]

অশ্বিনী *বি স্ত্রী.* ১ নক্ষত্রবিশেষ। ২ সূর্যপত্নী। ৩ ঘোটকী। [স. অশ্ব+ইন্+ঈ]। **অশ্বিনীকুমার, অশ্বিনীসুত** *বি* যমজ দেবভ্রাতৃদ্বয়; দেবতাদের চিকিৎসক।

অষ্ট *বি, বিণ* আট সংখ্যা বা সংখ্যক। [স.]। **অষ্টঐশ্বর্য** *বি* আট প্রকার গুণ। **অষ্টক** *বিণ* আটের সমষ্টি। ❑*বি* ১ সনেটের প্রথম আট পংক্তি। ২ ঋগ্বেদের বিভাগবিশেষ। **অষ্টকুষ্ঠি** *বি* আঁটকুড়া; গালিবিশেষ। **অষ্টদিকপাল** *বি* ইন্দ্র বহ্নি যম নৈঋত বরুণ মরুৎ কুবের ও ঈশান এই আট দেবতা। **অষ্টধর্ম** *বি* সত্য শৌচ অহিংসা অনসূয়া ক্ষমা অনৃশংস্য অকার্পণ্য সন্তোষ—এই আট ধর্ম। **অষ্টধাতু** *বি* সোনা রুপা তামা পিতল কাঁসা রাং সীসা লোহা—এই আট ধাতু। **অষ্টনাগ** *বি* অনন্ত বাসুকি পদ্ম মহাপদ্ম তক্ষক কুলীর কর্কট শঙ্খ—এই আট প্রকার সাপ বা নাগ। **অষ্টনায়িকা** *বি* মঙ্গলা বিজয়া ভদ্রা জয়ন্তী অপরাজিতা নন্দিনী নারসিংহী কৌমারী—এই আট নায়িকা। **অষ্টপাদ** *বি* ১ শরভ। ২ মাকড়সা। ❑*বিণ* আটচরণবিশিষ্ট। **অষ্টবজ্র** *বি* বিষ্ণুর সুদর্শন চক্র; শিবের ত্রিশূল; ব্রহ্মার অক্ষ; ইন্দ্রের বজ্র; বরুণের পাশ; যমের দণ্ড; কার্তিকেয়ের শক্তি; দুর্গার অসি। **অষ্টবসু** *বি* পুরাণে মতে গঙ্গা থেকে উৎপন্ন ভব ধ্রুব সোম বিষ্ণু অনিল অনল প্রত্যুষ প্রভব—এই আট গণদেবতা। **অষ্টভুজা** *বি* ১ আট হাত বিশিষ্টা। ২ দুর্গাদেবী। **অষ্টমঙ্গলা** *বি স্ত্রী* হিন্দুমতে দুর্গার এক মূর্তি। **অষ্টমী** *বি স্ত্রী.* তিথিবিশেষ। **অষ্টমূর্তি** *বি* ১ শিব। ২ শিবের রুদ্র উগ্র প্রভৃতি আটটি মূর্তি। **অষ্টরম্ভা** *বি* কিছুই না; শূন্য; ফাঁকি। **অষ্টসিদ্ধি** *বি* অণিমা মহিমা গরিমা লঘিমা প্রাপ্তি প্রাকাম্য ঈশিত্ব বশিত্ব—যোগের এই অষ্ট অঙ্গ।

অষ্টাঙ্গ *বি* ১ দেহের আটটি অবয়ব (যথা—দুই হাত, হৃদয়, কপাল, দুই চোখ, কণ্ঠ ও মেরুদণ্ড; মতান্তরে দুই হাত, হৃদয়, কপাল, দুই চোখ, মন ও বাক্য; মতান্তরে পায়ের দুই বৃদ্ধাঙ্গুলি, দুই হাঁটু, দুই হাত, বুক ও নাক)। ২ যম নিয়ম আসন প্রাণায়াম প্রত্যাহার ধ্যান ধারণা সমাধি—এই আট প্রকার যোগ।

অষ্টাদশী *বিণ স্ত্রী.* আঠারো বছর বয়স্কা যুবতী।

অষ্টাবক্র *বি* পৌরাণিক মুনিবিশেষ। এঁর শরীর আট স্থানে বাঁকা ছিল বলে বর্ণিত আছে।

অষ্টাহ *বি* আটদিন। [স. অষ্ট+অহ্]

অষ্টি *বি* ফলের আঁটি; বিচি; বীজ। [স.]

অসংখ্য *বিণ* সংখ্যাতীত; অগণ্য; বহু। [স. ন+সম্+√খ্যা+আ]

অসংখ্যাত *বিণ* সংখ্যা নিরূপণ করা হয়নি/ যায়নি এরূপ; অপরিমিত; অগণিত।

অসংখ্যেয় *বিণ* সংখ্যা নিরূপণ করা অসম্ভব এমন; সংখ্যাতীত।

অসংবৃত, অসম্বৃত *বিণ* ১ অনাচ্ছাদিত; আবরণশূন্য; নগ্ন। ২ শরীরের পরিধেয় বস্ত্র আলগা হয়ে পড়ছে এমন; আলুলায়িত; এলোমেলো; বিস্রস্ত। **অসংবৃতা** *স্ত্রী.*। [স ন+সম্+√বৃ+অন]

অসংবরণীয় *বিণ* সংবরণ করা যায় না এমন; অনিবার্য।

অসংযত *বিণ* সংযমহীন; উচ্ছৃঙ্খল; বাধা বা নিয়ম মানে না এমন। [স. ন+সম্+√যম্+ত]

অসংযুক্ত *বিণ* সংযুক্ত নয় এমন; বিযুক্ত; বিচ্ছিন্ন; ভিন্ন। [স. ন+সম্+যুক্ত]

অসংলগ্ন *বিণ* অসম্বদ্ধ; পূর্বাপর সম্পর্কহীন; পরস্পরবিরোধী। [স. ন+সম্+লগ্ন]

অসংশয় *বিণ* নিঃসন্দেহ; নিশ্চিত। [স. ন+সংশয়]। **অসংশয়িত** *বিণ* সংশয়হীন; সন্দেহহীন। **অসংশয়ে** *ক্রিবিণ* নিঃসন্দেহে; দ্বিধাহীনভাবে।

অসংশোধনীয়, অসংশোধ্য *বি* সংশোধন করা যায় না এমন। [স. ন+সম+√শোধ্+য]। **অসংশোধিত** *বিণ* সংশোধন করা হয়নি এমন।

অসংশ্লিষ্ট *বিণ* সংশ্লিষ্ট নয় এমন; অসম্পর্কিত; সম্বন্ধশূন্য। [স. ন+সম্+√শ্লিষ্+ত]

অসংসক্ত *বিণ* অসংশ্লিষ্ট; নিঃসংসর্গ; নির্লিপ্ত। [স. ন+সম্+√সনজ্+ত]

অসংস্কৃত *বিণ* ১ অশোধিত; অমার্জিত; অবিন্যস্ত। ২ সংস্কৃত ভাষা থেকে ভিন্ন। [স. ন+সম্+√কৃ+ত]। **অসংস্কৃত বাক্য** *বি* ১ সংস্কৃত ব্যতীত অন্য ভাষায় কথিত বাক্য। ২ অসংশোধিত বা অশ্লীল বাক্য; অমার্জিত বাক্য।

অসংস্থান *বি* সংস্থানের অভাব; অসঙ্গতি; অপ্রতুল; প্রণালী বা ব্যবস্থাহীনতা। [স. ন+সম্+স্থা+অন]

অসংহত *বিণ* অসংলগ্ন; বিক্ষিপ্ত; অসংবদ্ধ; পরস্পর সঙ্গতিশূন্য; অসম্বদ্ধ; ছড়ানো–ছিটানো; বিচ্ছিন্ন। [স. ন+সম+√হন্+ত]

অসঙ্কুচিত, অসংকুচিত *বিণ* ১ সঙ্কোচহীন; কুণ্ঠাহীন; সঙ্কোচ নেই এমন। ২ প্রশস্ত; উদার। ৩ প্রশস্ততা; উদারতা। [স. ন+সঙ্কুচিত, সংকুচিত]

অসঙ্কোচ *বি* সঙ্কোচের অভাব। **অসঙ্কোচে** *ক্রিবিণ* অবাধে; সরলভাবে। [স. ন+সঙ্কোচ]

অসঙ্গ *বি* একজন প্রাচীন বৌদ্ধ ধর্মবেত্তা দার্শনিক। ❑*বিণ* সঙ্গীহীন। [স. ন+√সনজ্+অ]

অসঙ্গত *বিণ* ১ অযৌক্তিক; যুক্তিবিরুদ্ধ। ২ অন্যায্য; অবিহিত; অবান্তর।

অসঙ্গতি *বি* ১ যুক্তি বা সম্বন্ধহীনতা। ২ সংস্থানের অভাব।

অসচ্চরিত্র *বিণ* চরিত্রহীন; অসাধু। **অসচ্চরিত্রা** *স্ত্রী.*। [স. ন+সৎ+চরিত্র]। **অসচ্চরিত্রতা** *বি*।

অসচ্ছল *বিণ* ১ আর্থিক অনটন আছে এমন। ২ দারিদ্র্য। [স. ন+সৎ+শীল]

অসৎ *বিণ* ১ মন্দ; অসাধু। ২ সত্তা নেই এমন; অবিদ্যমান; অস্তিত্বহীন। [স. ন+সৎ]। **অসতী** *বিণ স্ত্রী.* ভ্রষ্টচরিত্রা; নষ্টা; ব্যভিচারিণী।

অসতর্ক *বিণ* অসাবধান; সতর্ক নয় এমন। **অসতর্কতা** *বি*। [স. ন+সতর্ক]

অসত্য *বিণ* নেই বা ঘটেনি এমন; অস্তিত্বহীন; অবিদ্যমান; অনুভব বহির্ভূত; মিথ্যা; অলীক; অযথার্থ। **অসত্যবাদী** *বিণ* মিথ্যা বলে এমন; মিথ্যাবাদী। [স. ন+সত্য]

অসদাচরণ *বি* দুর্ব্যবহার; মন্দ আচরণ। [স. ন+সৎ+আচরণ]

অসদাচার *বি* ১ কদাচার। ২ দুর্বৃত্ততা। **অসদাচারী** *বিণ*।

অসদুপদেশ *বি* কুপরামর্শ; কুমন্ত্রণা। [স. ন+সৎ+উপায়]

অসদৃশ *বিণ* ভিন্ন প্রকার; অন্য রকম; বিসদৃশ; পৃথক; ভিন্ন। [সং. ন+সদৃশ]

অসদ্ব্যবহার *বি* অভদ্র আচরণ; দুর্ব্যবহার। [সং. ন+সৎ+ব্যবহার]

অসদ্ভাব *বি* ১ মনোমালিন্য; কলহ; অভাব। ২ অপ্রতুল; অসংস্থান। [সং. ন+সৎ+ভাব]

অসন্তুষ্ট *বিণ* অপ্রসন্ন; অপ্রীত; ক্রুদ্ধ; অতৃপ্ত। [সং. ন+সম্+তুষ্ট]। **অসন্তুষ্টি, অসন্তোষ** *বি* ১ বিরাগ; বিরক্তি। ২ অতৃপ্তি।

অসন্দিগ্ধ *বিণ* ১ নিঃসংশয়; নিঃসন্দেহ; নিশ্চিত। ২ সন্দেহ করে না এমন। [সং. ন+সম্+√দিহ্+ত]

অসন্দিহান *বিণ* সন্দেহ করে না এমন; সংশয়শূন্য; অসন্দিগ্ধ। [সং. ন+সম্+√দিহ্+আন]

অসবর্ণ *বিণ* ভিন্ন বর্ণভুক্ত। [সং. ন+সবর্ণ]। **অসবর্ণ বিবাহ** *বি* ভিন্ন বর্ণের মধ্যে (যথা—ব্রাহ্মণ ও কায়স্থের মধ্যে) বিবাহ।

অসভ্য *বিণ* ১ অভদ্র; অশিষ্ট; অমার্জিত; দুর্বিনীত। ২ বর্বর; বন্য। **অসভ্যতা** *বি*। [সং. ন+সভ্য]

অসম *বিণ* অসমান; সাদৃশ্যহীন; অসমতল; বিজোড়। [সং. ন+সম]। **অসমকক্ষ** *বি, বিণ* সমকক্ষ নয় এমন; শক্তিতে সমান নয় এমন। **অসমদর্শী**(-র্শিন্) *বিণ* পক্ষপাতী; একচোখা। **অসমদর্শিতা** *বি*। **অসমবয়সী** *বিণ* সমবয়সী নয় এমন; অসমান বয়স্ক। **অসমসাহস** *বি* দুঃসাহসিক। **অসমসাহসিক, অসমসাহসী**(-সিন্) *বিণ* অকুতোভয়।

অসমক্ষ *বি* অসাক্ষাৎ; অদেখা। [সং. ন+সম্+ অক্ষি+অ]। **অসমক্ষে** *ক্রিবিণ* অসাক্ষাতে; অগোচরে; আড়ালে; পরোক্ষে।

অসমঞ্জস *বিণ* সামঞ্জস্যহীন; সাদৃশ্যহীন; বেখাপ্পা; অসমীচীন; অসদৃশ; বেমানান; অসঙ্গত; খাপ খায়নি এমন। [সং. ন+সমঞ্জস]

অসমতল *বিণ* অসমান; বন্ধুর; উঁচুনিচু; এবড়ো-খেবড়ো। [সং. ন+সমতল]

অসমর্থন *বি* অননুমোদন; নারাজ হওয়া; সম্মতি না দেওয়া; স্বীকার না করা; সহযোগিতা না করা। [সং. ন+সমর্থন]

অসমান *বি, বিণ* ১ অসমতল; বাঁকা। ২ অসমকক্ষ। □ *বি* বড় ছোট/হ্রস্ব-দীর্ঘ ভেদ। [সং. ন+সমান]

অসমাপক *বিণ* কাজ সমাপ্ত করে না এমন। **অসমাপিকা** *স্ত্রী.*। **অসমাপিকা ক্রিয়া** *বি* বাক্যের সমাপ্তি না ঘটিয়ে অপর ক্রিয়াপদের অপেক্ষা রাখে এমন ক্রিয়াপদ।

অসমাপ্ত *বিণ* ১ অসম্পন্ন; অনিষ্পন্ন; অসম্পূর্ণ। ২ অর্ধসমাপ্ত। [সং. ন+সমাপ্ত]। **অসমাপ্তি** *বি* অসম্পূর্ণতা।

অসমিয়া, অহমিয়া *বি* আসামের ভাষা বা আসামের অধিবাসী। □ *বিণ* আসাম সম্বন্ধীয় বা আসামে জাত।

অসমীচীন *বিণ* ১ অসঙ্গত; অনুচিত; অন্যায্য। ২ উপযুক্ত নয় এমন। [সং. ন+সম্+√অঞ্চ্+ঈন্]

অসম্পর্ক *বি* সম্পর্কের বা সম্বন্ধের অভাব। □ *বিণ* সম্পর্কহীন; নিঃসম্পর্ক। [সং. ন+সম্পর্ক]

অসম্পর্কীয় *বিণ* ১ সম্পর্কহীন; অনাত্মীয়। ২ সম্বন্ধহীন; যোগাযোগশূন্য।

অসম্পূর্ণ *বিণ* অপূর্ণ; অসমাপ্ত। [সং. ন+সম্+পূর্ণ]

অসম্পৃক্ত *বিণ* সম্বন্ধ বা সম্পর্ক বা সংযোগবিহীন। [সং. ন+সম্+√পৃচ্+ত]

অসম্বন্ধ, অসংবদ্ধ *বিণ* ১ অসংলগ্ন; সঙ্গতিবিহীন। ২ পূর্বাপর বিরুদ্ধ। [সং. ন+সম্+বদ্ধ]। **অসম্বদ্ধতা** *বি*।

অসম্ভব *বিণ* ১ সম্ভব নয় এমন; ঘটে না বা ঘটানো যায় না এমন। ২ অদ্ভুত; বিস্ময়কর। [সং. ন+সম্ভব]। **অসম্ভাবনীয়** *বিণ* ঘটবার সম্ভাবনা নেই এমন; সম্ভাবনাহীন। **অসম্ভাবিত** *বিণ* অপ্রত্যাশিত; ঘটবে বলে আশা করা যায়নি এমন। **অসম্ভাব্য** *বিণ* ১ সম্ভাবনার যোগ্য নয় এমন; অসম্ভবপর। ২ অলৌকিক।

অসম্ভূত *বিণ* উৎপন্ন হয়নি এমন; অজাত। [সং. ন+সম্+√ভূ+ত]

অসম্মত *বিণ* অনিচ্ছুক; অস্বীকৃত; নারাজ; প্রতিকূল। [সং. ন+সম্মত]। **অসম্মতি** *বি* অনিচ্ছা; অমত; অস্বীকৃতি।

অসম্মান *বি* অপমান; অমর্যাদা; অনাদর; অবহেলা। [সং. ন+সম্মান]। **অসম্মানিত** *বিণ* অপমানিত; হতমান।

অসরল *বিণ* সরল নয় এমন; কপট; শঠ। **অসরলতা** *বি* ১ কপটতা। ২ বাঁকা; অঋজু।

অসহ *বিণ* অসহিষ্ণু; ক্ষমাশূন্য; অসহ্য; অস্বস্তিকর। [সং. ন+√সহ্+অ]। **অসহন** *বি* অসহিষ্ণুতা। □ *বিণ* ১ অসহ্য; সহ্যশক্তি বহির্ভূত। ২ অসহিষ্ণু। **অসহনীয়** *বিণ* সহ্য করা যায় না এমন; অসহ্য।

অসহযোগ *বি* সহযোগ না করা; non co-operation, অপরের কাজে সাহায্য না করা। **অসহযোগ আন্দোলন** *বি* সরকারের শাসনকার্যে সাহায্য না করার উদ্দেশ্যে আন্দোলন; non co-operation movement। **অসহযোগিতা** *বি*। **অসহযোগী** (-গিন্) *বিণ*।

অসহায় *বিণ* ১ নিঃসহায়; সহায়হীন; নিরুপায়। ২ নিঃসঙ্গ; একা। [সং. ন+সহায়]

অসহিষ্ণু *বিণ* সহ্যশক্তিহীন; অধৈর্য; অধীর; অস্থির। [সং. ন+সহিষ্ণু]। **অসহিষ্ণুতা** *বি*।

অসহ্য *বিণ* সহ্য করা যায় না এমন; অসহনীয়; দুঃসহ। [সং. ন+সহ্য]

অসাক্ষাৎ *বি* অগোচর; অনুপস্থিতি। [সং. ন+সাক্ষাৎ]। **অসাক্ষাতে** *ক্রিবিণ* ১ দৃষ্টির বাইরে; আড়ালে। ২ গোপনে।

অসাড় *বিণ* অনুভূতিহীন; সংজ্ঞাহীন; চেতনাহীন; অচেতন; অবশ; শক্তিহীন। [বা.]। **অসাড়তা** *বি* অসাড়ের ভাব। **অসাড়ে** *ক্রিবিণ* ১ অসাড় অবস্থায়। ২ অজ্ঞাতসারে।

অসাদৃশ্য *বি* সাদৃশ্যের অভাব; অমিল; অনৈক্য; পার্থক্য; বেমিল; ভিন্নতা। [সং. ন+সাদৃশ্য]

অসাধারণ *বিণ* অসামান্য; সচরাচর বা সাধারণের মধ্যে দুর্লভ। [সং. ন+সাধারণ]। **অসাধারণত্ব, অসাধারণতা** *বি*।

অসাধু *বিণ* ১ অসৎ; মন্দ; প্রতারক; ঠক। ২ ব্যাকরণদুষ্ট (অসাধু প্রয়োগ)। ৩ অব্যবসায়ী; অবণিক। [সং. ন+সাধু]। **অসাধুতা** *বি*।

অসাধ্য *বিণ* ১ সাধন করতে পারা যায় না এমন; চেষ্টার অতীত। ২ দুঃসাধ্য; সাধ্যাতীত। [সং. ন+সাধ্য]। **অসাধ্যসাধন** *বি* অসম্ভবকে সম্ভব করা; অসাধ্য কাজ সম্পাদন।

অসাবধান *বিণ* অসতর্ক; অমনোযোগী। [বা. ন+সাবধান]। **অসাবধানতা** *বি*।

অসামঞ্জস্য *বি* সামঞ্জস্যের অভাব; অসঙ্গতি; অমিল।

অসমঞ্জস *বিণ*।
অসাময়িক *বিণ* কালোপযোগী নয় এমন; অকালিক। [সং. ন+সাময়িক]। **অসাময়িকী** *বিণ স্ত্রী.*।
অসামাজিক *বিণ* ১ সমাজ বহির্ভূত; অমিশুক। ২ অভদ্র; অসভ্য। [সং. ন+সামাজিক]
অসামান্য *বিণ* ১ অসাধারণ; অতুল্য; অনন্য; অলৌকিক। ২ অল্প নয় এমন। [সং. ন+সামান্য]। **অসামান্যতা** *বি*।
অসামাল *বিণ* ১ সামলাতে পারে না এমন; বেসামাল; অসংবৃত। ২ বেগ ধারণে অক্ষম। ৩ অসতর্ক; অসাবধান; অগোছালো। [তুল. হি. সভাল]
অসাম্প্রদায়িক *বিণ* ১ বিশেষ কোনো সম্প্রদায়ের প্রতি পক্ষপাতহীন। ২ সর্বজনীন। ৩ উদার মানবতাবাদী। [সং. ন+সাম্প্রদায়িক]। **অসাম্প্রদায়িকতা** *বি*।
অসাম্য *বি* সমতার অভাব; অসমতা; অমিল; বিষম অবস্থা; একতার অভাব। [সং. ন+সাম্য]
অসার *বিণ* সারহীন; তুচ্ছ; নিকৃষ্ট; অপদার্থ; কাজের অনুপযুক্ত; টেকসই নয় এমন; অকেজো; বাজে; মিথ্যা। [সং. ন+সার]। **অসারত্ব, অসারতা** *বি*।
অসি *বি* ১ তলোয়ার; তরবারি। ২ অস্ত্রবল। ৩ বৃক্ষবিশেষ। [সং.]। **অসিপত্র** *বি* ১ অসির মতো তীক্ষ্ণ পাতাযুক্ত গাছ; ইক্ষু। ২ তরবারির খাপ। ৩ নরকের বৃক্ষ। **অসিযুদ্ধ** *বি* তরবারির সাহায্যে লড়াই।
অসিত *বি* কৃষ্ণ; কৃষ্ণবর্ণ। ❑ *বিণ* কৃষ্ণবর্ণবিশিষ্ট; শ্যামল। [সং. ন+সিত]। **অসিতা** *স্ত্রী.*। **অসিতপক্ষ** *বি* কৃষ্ণপক্ষ। **অসিত বর্ণ** *বি* কৃষ্ণবর্ণ।
অসিদ্ধ *বিণ* ১ সিদ্ধ হয়নি এমন; কাঁচা। ২ অনিষ্পন্ন; অসম্পূর্ণ; অসমাপ্ত। ৩ অসফল; ব্যর্থ। [সং. ন+সিদ্ধ]। **অসিদ্ধি** *বি* অসাফল্য; ব্যর্থতা।
অসিয়ত, অছিয়ত *বি* ১ অন্তিম উপদেশ বা নির্দেশ। ২ উইল। [আ.]। **অসিয়তনামা, অছিয়তনামা** *বি* অছি নিয়োগপত্র; অন্তিম নির্দেশপত্র; লিখিত। [ফা.]। **অসিয়তি, অছিয়তি** *বি* সম্পত্তি রক্ষার জন্য নিযুক্ত অভিভাবকত্ব। [আ.]
অসিলা, অছিলা *বি* ১ উপলক্ষ; মাধ্যম। ২ ওজর; অজুহাত; বাহানা। ৩ খাতির; নিমিত্ত; কারণ। [আ.]
অসীম *বিণ* সীমাহীন; অনন্ত; অশেষ; প্রচুর; প্রভৃতি। [সং. ন+সীমা]। **অসীমতা** *বি* সীমাহীনতা।
অসু *বি* প্রাণ; life (যথা—গত+অসু=গতাসু)।
অসুখ *বি* ১ সুখের অভাব; দুঃখ; অশান্তি। ২ রোগ; ব্যাধি; পীড়া। [সং. ন+সুখ]। **অসুখবিসুখ** *বি* রোগব্যাধি।
অসুখী *বিণ* দুঃখিত; ব্যথিত।
অসুন্দর *বিণ* কুৎসিত; বিশ্রী; অশোভন। [সং. ন+সুন্দর]
অসুবিধা *বি* ১ অস্বস্তি; অস্বাচ্ছন্দ্য। ২ বাধা; বিঘ্ন। [সং. ন+সুবিধা]
অসুর *বি* ১ হিন্দু পুরাণোক্ত দেবশত্রু জাতিবিশেষ। ২ দৈত্য; দানব। **অসুরী** *স্ত্রী.*। **আসুরিক** *বিণ*।
অসুলভ *বি* ১ বিরল। ২ সস্তা নয় এমন। ৩ দুর্লভ; দুষ্প্রাপ্য। [ন+সু+√লভ্+অ]
অসুস্থ *বিণ* ১ রুগ্ণ; পীড়িত। ২ অপ্রকৃতিস্থ; অস্বচ্ছন্দ। [সং. ন+সুস্থ]। **অসুস্থা** *স্ত্রী.*। **অসুস্থতা** *বি*।
অসূক্ষ্ম *বিণ* মোটা; স্থূল। [সং. ন+সূক্ষ্ম]। **অসূক্ষ্মদর্শী** (-র্শিন্) *বিণ* স্থূলদর্শী; অতীক্ষ্ণবুদ্ধি। **অসূক্ষ্মদর্শিতা** *বি*।
অসূয়া *বি* ১ ঈর্ষা; দ্বেষ; হিংসা। ২ গুণে দোষারোপ। [সং. √অসূ(নামধাতু)+অ+আ]। **অসূয়াপর, অসূয়াপরতন্ত্র, অসূয়াপরবশ** *বিণ* ঈর্ষাযুক্ত; ঈর্ষান্বিত।
অসূর্যম্পশ্য *বিণ* সূর্যের মুখ পর্যন্ত দেখেনি এমন। **অসূর্যম্পশ্যা** *বিণ স্ত্রী.* ১ সূর্যের মুখ পর্যন্ত দেখেনি এমন। ২ অন্তঃপুরবাসিনী। [সং. ন+সূর্য+√পশ্+অ+আ]
অসৌজন্য *বি* ১ অভদ্রতা; অশিষ্টতা; অশিষ্টাচার। ২ শালীনতার অভাব। [সং. ন+সৌজন্য]
অস্ত *বি* ১ সূর্যচন্দ্রাদির পশ্চিমদিকে অদৃশ্য হওয়া। ২ শেষ; অবসান। [সং.]। **অস্তগত, অস্তমিত** *বিণ* অস্ত গিয়েছে বা অদৃশ্য হয়েছে এমন। **অস্তগিরি, অস্তাচল** *বি* পুরাণে কল্পিত গিরিবিশেষ যার অন্তরালে সূর্য অদৃশ্য হয় বলে কথিত হয়েছে। **অস্তপাট** *বি* অস্তাচল; যেদিকে সূর্যাদি অস্ত যায়। **অস্তায়মান, অস্তগামী** *বিণ* অস্ত যাচ্ছে এমন।
অস্তব্যস্ত, আস্তব্যস্ত *বিণ* অতিশয় ব্যস্ত; কাজের চাপে অস্থির; দিশেহারা। [বা. আস্ত+ব্যস্ত]
অস্তর[১], **আস্তর** *বি* ১ পলস্তারা; চুন সুরকি বালি ইত্যাদির প্রলেপ। ২ জামা টুপি ইত্যাদির লাইনিং বা ভিতর দিকের কাপড়। [ফা.]
অস্তর[২] *বি* অস্ত্রের কথ্যরূপ।
অস্তাভা *বি* ১ অস্তগমনকালীন সূর্যের আভা। ২ মৃদু ঔজ্জ্বল্য। [সং.]
অস্তি *বি* বিদ্যমানতা; স্থিতি; সত্তা। [সং. √অস্+তি]। **অস্তিত্ব** *বি* সত্তা; স্থিতি; বিদ্যমানতা। **অস্তিনাস্তি** *বি* থাকা না থাকা; অস্তিত্ব-অনস্তিত্ব।
অস্তোন্মুখ *বিণ* অস্তগমন করছে এমন; অস্তগমনে উদ্যত; অস্ত যায় যায় এমন।
অস্ত্র, অস্তর *বি* প্রহারের উদ্দেশ্যে যা নিক্ষেপ করা হয়; প্রহরণ; আয়ুধ; হাতিয়ার; কাটার যন্ত্র। [সং. √অস্+ত্র]। **অস্ত্র করা** *ক্রি* অস্ত্রের সাহায্যে চিকিৎসা করা; অপারেশন করা। **অস্ত্রকার** *বি* যে অস্ত্র নির্মাণ করে; অস্ত্রনির্মাতা। **অস্ত্রচিকিৎসা** *বি* রোগীর দেহে অস্ত্রচালনা দ্বারা চিকিৎসা; শল্য চিকিৎসা। **অস্ত্রত্যাগ, অস্ত্রসংবরণ** *বি* যুদ্ধে বিরত হয়ে অস্ত্রবর্জন। **অস্ত্রনিক্ষেপ** *বি* আঘাত করার উদ্দেশ্যে অস্ত্রবর্ষণ। **অস্ত্রধারণ** *বি* যুদ্ধ করার উদ্দেশ্যে অস্ত্রগ্রহণ। **অস্ত্রধারী**(-রিন্) *বিণ* ১ অস্ত্রধারণ করেছে এমন; সশস্ত্র; অস্ত্রসজ্জিত। ২ যোদ্ধা; সৈনিক; শাস্ত্রী। **অস্ত্রনিবারণ** *বি* অস্ত্রের আঘাত বা প্রহার রোধ। **অস্ত্রবিদ** *বিণ* অস্ত্রচালনায় পটু। **অস্ত্রলেখা** *বি* অস্ত্র দ্বারা আঘাতজনিত চিহ্ন; আঘাতের চিহ্ন। **অস্ত্রশস্ত্র** *বি* সর্বপ্রকার বা বিভিন্ন প্রকার অস্ত্র। **অস্ত্রশালা, অস্ত্রাগার, অস্ত্রালয়** *বি* অস্ত্র রাখার ঘর; অস্ত্রের ভাণ্ডার। **অস্ত্রাঘাত** *বি* ১ অস্ত্রের আঘাত; অস্ত্রের প্রহার। ২ প্রহারজনিত চিহ্ন। **অস্ত্রী**(-স্ত্রিন্) *বিণ* অস্ত্রধারী। ❑ *বি* যোদ্ধা।
অস্ত্রোপচার *বি* চিকিৎসার্থ রোগীর দেহে অস্ত্রপ্রয়োগ; অপারেশন।
অস্থান *বি* ১ মন্দস্থান; কুস্থান; অনুপযুক্ত বা অযোগ্য স্থান। ২ অযোগ্য পাত্র। [সং. ন+স্থান]
অস্থাবর *বিণ* স্থানান্তরিত করা যায় এমন; অস্থিতিশীল; জঙ্গম। [সং. ন+স্থাবর]

অস্থায়ী(-য়িন্) *বিণ* ১ স্থায়ী নয় এমন; অল্পকাল স্থায়ী; ক্ষণস্থায়ী। ২ ক্ষণভঙ্গুর; বিনাশী। ৩ পাকাপোক্ত নয় এমন। **অস্থায়িতা, অস্থায়িত্ব** *বি*।

অস্থি *বি* হাড়; কঙ্কাল। [স. √অস্+থি]। **অস্থিচর্মসার** *বিণ* ১ কেবল অস্থি ও চর্ম অবশিষ্ট আছে এমন। ২ অতিশয় শীর্ণ। **অস্থিবিজ্ঞান, অস্থিবিদ্যা** *বি* শরীরস্থ অস্থিসম্বন্ধীয় বিদ্যা; অস্থিবিষয়ক শাস্ত্র।

অস্থিতি *বি* ১ অবিদ্যমানতা। ২ চাঞ্চল্য। ৩ স্থায়ীভাবে অনড়; অটলভাবে স্থিত বা স্থির নয় এমন। **অস্থিতিস্থাপক** *বিণ* স্থিতিস্থাপকতাবিহীন।

অস্থির, অথির *বিণ* ১ চঞ্চল; চপল; আকুল। ২ অনিশ্চিত; অনির্ধারিত। ৩ নশ্বর। [স. ন+স্থির]। **অস্থিরতা, অস্থিরত্ব, অস্থৈর্য** *বি*।

অস্নাত *বিণ* স্নান করেনি এমন। [স. ন+স্নাত]

অস্নাতক *বি, বিণ* যে ব্যক্তি যথাবিধি ব্রহ্মচর্য পালন করার পর সমাবর্তনকালে রীতি অনুযায়ী স্নান করেনি; যে ব্যক্তি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষোত্তীর্ণ হয়ে উপাধি লাভ করেনি; undergraduate।

অস্পষ্ট *বিণ* অপরিস্ফুট; ঝাপসা; সহজে বা সম্পূর্ণভাবে বোঝায় না এমন। [স. ন+স্পষ্ট]। **অস্পষ্টতা** *বি*।

অস্পৃশ্য *বিণ* ১ ছোঁয়ার অযোগ্য; ছোঁয়া নিষিদ্ধ এমন; অচ্ছুত। ২ অশুচি; অপবিত্র। ৩ ঘৃণ্য। [স. ন+স্পৃশ্য]। **অস্পৃশ্যতা** *বি*। **অস্পৃশ্যা** *স্ত্রী*।

অস্পৃষ্ট *বিণ* ছোঁয়া হয়নি এমন; যে খাদ্য বা পানীয় এখনো গ্রহণ করা হয়নি। [স. ন+স্পৃষ্ট]

অস্ফুট *বিণ* ১ ফোটেনি এমন। ২ অপরিস্ফুট; অব্যক্ত; অস্পষ্ট। [স. ন+√স্ফুট্+অ]। **অস্ফুটবাক** *বিণ* আধো আধো কথা বলে এমন।

অস্বচ্ছ *বিণ* পরিষ্কার নয় এমন; ঘোলা; আবিল। [স. ন+স্বচ্ছ]

অস্বচ্ছন্দ *বিণ* ১ সহজ বা সাবলীল নয় এমন। ২ অস্বস্তিপূর্ণ। [স. ন+স্বচ্ছন্দ]

অস্বস্তি, অসোয়াস্তি *বি* ১ অস্বাচ্ছন্দ্য। ২ মনের অশান্তি; অস্বাচ্ছন্দ্য। ৩ স্বাচ্ছন্দ্য বা আরামের অভাব। [স. ন+স্বস্তি]

অস্বাচ্ছন্দ্য *বিণ* ১ স্বাচ্ছন্দ্যের অভাব। ২ অস্বস্তি।

অস্বাতন্ত্র্য *বিণ* পরাধীনতা। ❑ *বি* বৈশিষ্ট্যের অভাব; অভিন্নতা।

অস্বাদু *বিণ* বিস্বাদ; স্বাদহীন।

অস্বাভাবিক *বিণ* অলৌকিক; অসাধারণ; প্রকৃতি-বিরুদ্ধ। [স. ন+স্বাভাবিক]। **অস্বাভাবিকতা** *বি*।

অস্বাস্থ্য *বি* স্বাস্থ্যহীনতা; অসুস্থতা; পীড়া। [স. ন+স্বাস্থ্য]। **অস্বাস্থ্যকর** *বিণ* স্বাস্থ্যের পক্ষে হানিকর।

অস্বীকার *বি* ১ না মানা; লঙ্ঘন; অমান্য করা। ২ অসম্মতি বা অমত প্রকাশ। ৩ প্রত্যাখ্যান। **অস্বীকার্য** *বিণ* স্বীকার করা যায় না এমন; স্বীকারের অযোগ্য। **অস্বীকৃত** *বিণ* ১ অস্বীকার করা হয়েছে এমন। ২ স্বীকার করা হয়নি এমন। **অস্বীকৃতি** *বি*।

অহং, অহম্ *সর্ব* আমি। [স. অস্মদ্>]। ❑ *বি, অব্য* আমিত্ব; আমিত্ববোধ; আমিত্বজ্ঞানবিশিষ্ট সত্তা।

অহংবাদী *বিণ* আত্মশ্লাঘাপূর্ণ উক্তি করতে অভ্যস্ত; দম্ভকারী। **অহংবুদ্ধি** *বি* আমিত্ব সম্বন্ধে মাত্রাধিক সচেতনতা; অহঙ্কার।

অহমিকা *বি* ১ আমিত্ব; অহংসর্বস্বতা। ২ অহঙ্কার; দর্প; দম্ভ; নিরর্থক গর্ব। [স. অহম্+ইক+আ]

অহরহ *ক্রিবিণ* ১ সর্বদা; সতত; নিয়ত (কার বিরহ রক্ত ঝরায় বক্ষে অহরহ—নজরুল)। ২ নিত্য; প্রত্যহ; প্রতিদিন। [স. অহঃ+অহ]

অহর্নিশ *ক্রিবিণ* ১ দিবারাত্র; নিশিদিন। ২ সতত; সর্বদা। [স. অহঃ+নিশি]

অহল্যা *বিণ* অপূর্ব সুন্দরী। ❑ *বি* ১ পুরাণবর্ণিত গৌতম মুনির মতান্তরে রাজা ইন্দ্রদ্যুম্নের পত্নী। ২ হল বা লাঙ্গল পড়েনি এমন অকর্ষিত জমি।

অহি *বি* সাপ; সর্প। **অহিকোষ** *বি* সাপুড়িয়া; সাপুড়ে। [স.]। **অহিনকুল সম্বন্ধ** *বি* সহজাত শত্রুতা; সাপ ও বেজির মধ্যে বিদ্যমান বৈরীভাবের ন্যায় সম্বন্ধ। **অহিনকুলিকা** *বি* চিরবিরোধ; চিরশত্রুতা।

অহিংসা *বি* ১ হিংসা না করা; হিংসাবৃত্তির অভাব। ২ দ্বেষহীনতা। ৩ বলপ্রয়োগ বা পরপীড়নে নিবৃত্তি। [স. ন+√হিন্স্+আ]

অহিত *বি* অমঙ্গল; অশুভ; ক্ষতি; অকল্যাণ। [স. ন+হিত]। **অহিতকর, অহিতকারী, অহিতকামী** *বিণ*। **অহিতচারণ, অহিতাচার** *বি*। **অহিতচারিণী** *বিণ স্ত্রী*।

অহিফেন *বি* আফিম। [স. অহিফেন; অহি(সর্প)+ফেন (+বিষ); তুল. গ্রি. opion]। **অহিফেনসেবী** *বিণ* আফিমখোর।

অহিভুক *বি* ১ ময়ূর। ২ নকুল; বেজি। ৩ গরুড়।

অহৃত *বিণ* চুরি যায়নি বা হরণ হয়নি এমন।

অহে *অব্য* সম্বোধনসূচক শব্দ; ওহে।

অহেতু, অহেতুক *বিণ* ১ অকারণ। ২ অনর্থক; নিষ্প্রয়োজন। ৩ নিঃস্বার্থ। [স. ন+হি+তু]। **অহেতুকী** *বিণ* কারণহীন; অকারণ।

অহৈতুক *বিণ* ১ অকারণ। ২ অযৌক্তিক। **অহৈতুকী** *স্ত্রী*. (অহৈতুকী ভক্তি)।

অহো *অব্য* খেদ বিস্ময় প্রভৃতি ভাব প্রকাশক ধ্বনি; ওহো।

অহোরাত্র *অব্য* দিবারাত্র; সর্বক্ষণ। ❑ *ক্রিবিণ* এক সূর্যোদয় থেকে পরবর্তী সূর্যোদয় পর্যন্ত ২৪ ঘণ্টা। [স. অহঃ(অহন্)+রাত্রি]

অ্যাঁ *অব্য* বিস্ময় হতাশা সাড়া ইত্যাদিসূচক ধ্বনি।

অ্যাকসেন্ট *বি* উচ্চারণের ঝোঁক; প্রস্বর। [ই.]

অ্যাকাডেমি, একাডেমী, আকাদেমি *বি* ১ সাহিত্য, শিল্প, বিজ্ঞান প্রভৃতির উচ্চতর চর্চা ও গবেষণাকেন্দ্র (বাংলা একাডেমী)। ২ এথেন্সের নিকটবর্তী যে উদ্যানে শিক্ষা দান করা হতো তাকে অ্যাকাডেমি বলা হতো। [গ্রি.]

অ্যাটর্নি, এটর্নি *বি* ১ হাইকোর্টের আইনব্যবসায়ী-বিশেষ; আদালতে মোকদ্দমার তদ্বিরকারক ব্যবহারাজীব। ২ আম-মোক্তার; বিশেষ ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি বা কর্মচারী। [ই.]

অ্যাডভোকেট *বি* উকিল; আইনজীবী; ব্যারিস্টার; ব্যবহারাজীব। [ই.]

অ্যামপ্লিফায়ার *বি* ধ্বনিবর্ধক যন্ত্র; ধ্বনিকে উচ্চতর ও অধিক দূর হতে শ্রবণের উপযোগী করবার যন্ত্রবিশেষ। [ই. amplifier]

অ্যাম্বুলেন্স, এ্যাম্বুলেন্স *বি* রোগীবাহ যান; আহত লোক বা রোগী বহনের গাড়ি। [ই. ambulance]

অ্যারারুট, এরারুট *বি* গুল্মমূল থেকে প্রস্তুত

পালোবিশেষ। [ই. arrowroot]

অ্যারোপ্লেন, এরোপ্লেন *বি* বিমানপোত; বিমান; উড়োজাহাজ। [ই. aeroplane]

অ্যালবাম, এলবাম *বি* ফটো ইত্যাদি রাখার খাতা; আলেখ্য পুস্তক। [ই. album]

অ্যালাওন্স, এলাওন্স *বি* ১ বৃত্তি; ভাতা। ২ অনুমতি; অনুমোদন। [ই. allowance]

অ্যালোপ্যাথি, এলোপেথি *বি* ইউরোপীয় চিকিৎসা-প্রণালীবিশেষ। [ই. alopathy]

অ্যাসিড, এসিড *বি* ১ দ্রাবক। ২ রাসায়নিক অম্ল; তেজাব। [ই. acid]।

অ্যাসোসিয়েশন, এসোসিয়েশন *বি* সমিতি; সঙ্ঘ। [ই. association]

আ

আ[১] বাংলা বর্ণমালার দ্বিতীয় স্বরবর্ণ।

আ[২] *অব্য* নানা অর্থে এর ব্যবহার দেখা যায়; যথা (১) আনন্দ প্রকাশে (আ মরি বাংলা ভাষা—অতুল); (২) সুখবোধে (আ কী আরাম !); (৩) বিদ্রূপে (আ মরণ আর কি !); (৪) স্বস্তিতে (আ ! বাঁচা গেলো !) (৫) স্মরণে (আ, তাই বটে !) ইত্যাদি।

আ[৩] *অব্য* সংস্কৃত ও বাংলা উপসর্গরূপে ঈষৎ, অল্পতা, সীমানা, ব্যাপ্তি প্রভৃতি অর্থে এর ব্যবহার দেখা যায়, যথা—সংস্কৃত শব্দে (১) 'ঈষৎ' অর্থে (আনত নয়ন, আনত বদন); (২) 'ব্যাপ্তি' অর্থে (আসমুদ্রহিমাচল); (৩) 'পর্যন্ত' অর্থে (আকণ্ঠ ভোজন, আকর্ণ নয়ন); (৪) 'বিপরীত' অর্থে (আগমন = গমন বা যাওয়ার বিপরীত); (৫) 'সম্যক' অর্থে (আগত, আবিল); (৬) 'দিকে' অর্থে (আকর্ষণ) ইত্যাদি।

আ[৪] *অব্য* বাংলা শব্দে উপসর্গরূপে 'আ' ব্যবহৃত হলে (১) নঞর্থ জ্ঞাপন করে; যথা—'আকাড়া', 'আলুনি', 'আধোয়া', 'আঘাটা'; (২) 'সাদৃশ্য'-সূচক অর্থ জ্ঞাপন করে, যথা—'আকাট' মূর্খ; (৩) 'মন্দ' অর্থও প্রকাশ করে, যথা—'আকাল'।

-আ *অব্য* বাংলা প্রত্যয় রূপে এর ব্যবহার ব্যাপক। যথা (১) অবজ্ঞায় বা অনাদরে (পাগলা=পাগল+আ, রামা, শ্যামা, বাদলা); (২) বৃহৎ অর্থে (খাঁড়া, হাঁড়া, ঘড়া); (৩) সাদৃশ্যার্থে (জামার 'হাতা', পিছলা, বাঘা); (৪) বিশেষণ বোঝাতে ('কালা'-কানুন, 'আধা'-পথ; 'কাটা' কাপড়); (৫) উৎপন্ন অর্থে (ভয়সা, পানা, সাক্ষীর 'কাঠরা'); (৬) পুং-প্রত্যয়ে (হাঁসা, পাঁঠা, মুর্গা, কুত্তা); (৭) স্বার্থে (সুতা, মাথা, পাতা, মুড়া, লেজা)।

আই[১], **আয়ি** *বি* ১ (হিন্দুসমাজে ব্যবহৃত) মাতামহী; পিতামহী। ২ মাতা। ৩ নারী; স্ত্রীলোক। **আইমা, আজিমা** *বি* (হিন্দুসমাজে ব্যবহৃত) মাতামহী; মায়ের মা। **আইশাশ** *বি* শাশুড়ির মাতা। [স. আর্যিকা> আইয়া> আই, আঈ]

আই[২] *বি* আয়ু (পরমাই, অল্পাই)। **আই-হাঁড়ি** *বি* হিন্দুদের বিবাহকার্যে ব্যবহৃত মাঙ্গলিক হাঁড়ি।

-আই বাংলা প্রত্যয়বিশেষ (লম্বাই, ঢালাই, ধোলাই, মিঠাই, জগাই, মাধাই, বড়াই, ঢাকাই, যাচাই, বাঁধাই)।

আইচ *বি* ১ পুষ্প বা বৃক্ষবিশেষ। ২ কায়স্থদের উপাধিবিশেষ। [স. আদিত্য> আইচ্চ> আইচ]

আইড়, আড় *বি* ১ টেংরা জাতীয় বড় মাছবিশেষ। ২ ক্ষেতের আইল। ৩ আড়াল (আড়ে আড়ে থাকা)। ৪ প্রস্থ; পার্শ্ব। ❑ *বিণ* বাঁকা; তেরছা; তির্যক (আড় চোখে তাকানো)।

আইঢাই *ক্রিবিণ* ছটফট; অস্থির; ব্যাকুল; হাঁসফাঁস। [বা.]

আইবুড়ো, আইবড়ো *বিণ* অবিবাহিত; অবিবাহিতা। [স. অব্যূঢ় (=অবিবাহিত)> আইবুড়, আইবড়, আইবুড়ো]। **আইবুড়ো ভাত** *বি* ১ হিন্দুদের বিয়ের আগে পাত্র-পাত্রীর অবিবাহিত অবস্থার শেষ অন্নগ্রহণ অনুষ্ঠান। ২ উক্ত শেষ অন্নগ্রহণ অনুষ্ঠানের অন্ন।

আইশাশ *বি* শাশুড়ির মা; দিদিশাশুড়ি। [স. আর্যিকা+ শ্বশ্রূ>]

আউড়[১], **আউর** *বি* ১ আড়াল; আড়। ২ শস্যশূন্য খড়ের আঁটি। ❑ *বিণ* বক্র। [স. অন্তরাল/বা. আড়]

আউড়[২] *বি* খড়; বিচালি।

আউড়ি *বি* ধান রাখার গোলা।

আউন্স *বি* পরিমাণবিশেষ; প্রায় আধ ছটাক। [ই. ounce]

আউয়াল, আওয়াল *বিণ* ১ প্রথম; আদি। ২ শ্রেষ্ঠ; উৎকৃষ্ট। ❑ *ক্রিবিণ* প্রথম; প্রারম্ভ। **আউয়াল ওক্ত, আওয়াল ওক্ত** *বি* প্রথম সময়। [আ.]

আউল[১] *বি* সহজপন্থি সাধক সম্প্রদায়ের লোক। [আ. আউয়াল (আগম)> আউল/ অথবা স. আকুল>]। যুগ্মধ্বনি: আউল বাউল।

আউল[২], **আউলা** *বিণ* এলোমেলো; বিশৃঙ্খল। **আউলা-ঝাউলা** *বিণ* এলোমেলা; বিশৃঙ্খলাপূর্ণ। [স. আকুল> আউল]

আউলানো *ক্রি* ১ আলুলায়িত করা; বিশৃঙ্খল করা; বন্ধনমুক্ত করা। ২ ভুল করা; গুলিয়ে ফেলা। ❑ *বি* আলুলায়িত বা বিশৃঙ্খল করণ। ❑ *বিণ* আলুলায়িত; বিশৃঙ্খল। [স. আলুলায়িত>]

আউলি[১] *বি* ঘণ্ট; লাবড়া; ঘ্যাট। [বা.]

আউলি[২] *বিণ* ১ উদাস; আকুল। ২ অস্থির। ❑ *বি* বিশৃঙ্খলা। [স. আকুল> আউল+ই; অথবা আওয়াল (আগম-এর আরবি পরিভাষা)> আউল; আওয়ালবাদী> আউলি]

আউলিয়া, আওলিয়া *বি* সিদ্ধ তাপস বা দরবেশ। [আ. 'ওয়ালি' শব্দের বহুবচনের রূপ আউলিয়া]

আউশ, আশু *বিণ* আশু বা শীঘ্র পাকে এমন। ❑ *বি* বর্ষাকালে উৎপন্ন ধানবিশেষ। [স. আশু> আউশ]

আএমা, আয়মা *বি* বাদশাহগণ কর্তৃক ধর্মপ্রচারের বা পাণ্ডিত্যের পুরস্কার স্বরূপ ভক্তিভাজন ধার্মিকদেরকে প্রদত্ত নিষ্কর অথবা নামমাত্র করবিশিষ্ট ভূসম্পত্তি; জায়গির। [আ.]। **আএমাদার, আয়মাদার** *বি* ধর্মপ্রচার শিক্ষকতা ও দাতব্য কার্যের পুরস্কারস্বরূপ প্রাপ্ত নিষ্কর অথবা নামমাত্র করবিশিষ্ট জমি যিনি ভোগ করেন। [আ. আএমা+ফা. দারি/ দার]। **আএমাদারি** *বি*।

আওটানো, আউটানো *ক্রি* ১ আবর্তন বা আলোড়ন করা। ২ জ্বাল দিয়ে গাঢ় করা। ❑ *বি* আবর্তন বা আলোড়ন।

❑*বিণ*১ আলোড়িত বা আবর্তিত। ২ জ্বাল দিয়ে গাঢ় করা হয়েছে এমন। [স. আবর্তন>]
আওড় *বি* ১ প্রবর্তন; ঘূর্ণন। ২ নদীর ঘূর্ণি বা পাক। [স. আবর্ত> আবট্ট> আওড়]
আওড়ানো, আউড়ানো *ক্রি* বার বার বলা বা আবৃত্তি করা। ❑*বি* আবৃত্তিকরণ। ❑*বিণ* আবৃত্ত; পুনঃপুন পঠিত।
আওতা *বি*১ ছায়া; রৌদ্রহীন স্থান। ২ প্রভাব। ৩ অধিকার; আয়ত্ত; অধীন। ৪ পরিধি; পাল্লা; বেষ্টনী। [আ.]
আওধি *বিণ* আওধ বা অযোধ্যা সম্পর্কিত।
আওয়াজ *বিণ* শব্দ; ধ্বনি। ❑*বি* কণ্ঠস্বর। **আওয়াজ তোলা** *ক্রি* শব্দ করা; ফরিয়াদ করা। [ফা.]
আওয়ারা *বিণ* ভবঘুরে। [ফা.]। **আওয়া-আওয়ারি** *ক্রিবিণ* ঠিকানাহীন অবস্থায় এখানে ওখানে ঘুরে ঘুরে অনুসন্ধান। [ফা.]
আওর, আঅর(ম-বা) *অব্য* ১ এবং; আর; ও। ২ অতঃপর। [স. অপর> অবর> আওঅর> আওর; অন্তরাল> আড়াল> আওর]
আওরত, আউরত*বি*১ মহিলা; স্ত্রীলোক; নারী। ২ পত্নী; স্ত্রী। [আ.]
আওলাদ, আউলাদ *বি* সন্তান-সন্ততি। [আ.]
আংটা[১], **আঙটা**[১] *বি* কড়া; বলয়াকার হাতল।
আংটা[২], **আঙটা**[২] *বি* আগুন রাখবার পাত্র। [বা.]
আংটি, আঙটি *বি* অঙ্গুরীয়। [বা.]
আংরা, আঙরা *বি*১ কয়লা বা অঙ্গার। ২ দগ্ধ কাঠ। [স. অঙ্গার>]
আংরাখা, আঙরাখা *বি* পরিধেয় লম্বা ও ঢিলা জামাবিশেষ। [স. অঙ্গরক্ষা/অঙ্গরক্ষিকা>]
আংশিক *বিণ*১ অংশসম্বন্ধীয়; কিয়ৎ পরিমাণ। ২ খানিক; কতক। ৩ অসম্পূর্ণ। [স.]
আঃ[১], **আহ্** *অব্য* বিস্ময় ক্রোধ বিরক্তি আরাম সুখ খেদ ইত্যাদিসূচক ধ্বনিবিশেষ।
আঃ[২] 'আলাইহিস্ সালাম'-এর সংক্ষিপ্ত রূপ অর্থাৎ 'তাঁর উপর শান্তি বর্ষিত হোক'—রাসুল এবং নবিদের নামের পরে লেখা হয়।
আঁইশ, আঁশ *বি* মাছের শল্ক; গাত্রাবরণ। [স. আমিষ> আইষ; আঁইশ; আঁশ]
আঁক *বি* ১ চিহ্ন; দাগ; নিশান। ২ রেখা; আঁচড়। ৩ সংখ্যাসূচক চিহ্ন ১ ২ ৩ ইত্যাদি। ৪ সংখ্যাবিষয়ক চিহ্ন বা গণিতের অঙ্ক। [স. অঙ্ক> আঁক]। **আঁক করা, আঁক কষা** *ক্রি* সংখ্যাবিষয়ক প্রশ্নের সমাধান করা। **আঁক কাটা** *ক্রি* আঁচড় দেওয়া বা কেটে দাগ করা। **আঁকজোক** *বি* হিজিবিজি আঁচড়। **আঁকজোক কাটা** *ক্রি* যথেচ্ছভাবে হিজিবিজি আঁচড় কাটা বা রেখা টানা। **আঁকজোখ** *বি* হিসাব।
আঁকড়া *বি* ১ কিছু ঝুলিয়ে বা আটকে রাখার বাঁকানো লোহা; hook। ২ কড়া; আংটা। [স. আকর্ষি> আঁকড়া]। **আঁকড়া-আঁকড়ি** *বি* জড়াজড়ি; টানাটানি।
আঁকড়ানো *ক্রি* জড়িয়ে ধরা; বেষ্টন করা; আলিঙ্গন করা। ❑*বি* আলিঙ্গন করণ। ❑*বিণ* বেষ্টিত; জড়ানো। [স. কাণ্ড> কাঁড়; আ+কাঁড়+আনো]
আঁকড়ি, আঁকড়া *বি*১ ছোট আঁকড়া; আঁকশি। ২ 'ক' 'ফ' প্রভৃতি বর্ণের পার্শ্বস্থ বাঁকা অংশ। [অঙ্কল> আঁকড়+ই]
আঁকশি *বি* ১ ফুল-ফল পাড়বার জন্য বাঁকা-মুখ দণ্ড; লগি-লগা। ২ বাঁকা-মুখ কীলক যার সঙ্গে কোনো বস্তু ঝুলিয়ে রাখা যায়। [স. অঙ্কুশিকা> আঁকুশিআ> আঁকশি]
আঁকা *ক্রি*১ চিত্র করা; অঙ্কন করা। ২ রেখা টানা (কাজল আঁকা)। ৩ দাগ কাটা বা চিহ্নিত করা; অঙ্কপাত করা। ৪ লেখা। ❑*বি* অঙ্কন; চিত্রণ; লেখন; চিহ্নিতকরণ। ❑*বিণ* চিত্রিত; অঙ্কিত; লিখিত; চিহ্নিত। **আঁকা-জোকা, আঁকাজোখা** *বি* চিত্রকরণ; হিজিবিজি রেখা টানা। ❑*বিণ* চিত্রিত; অঙ্কিত। **আঁকানো** *ক্রি* অন্যের দ্বারা অঙ্কিত বা চিত্রিত করিয়ে নেওয়া। ❑*বিণ* অঙ্কিত করানো হয়েছে এমন।
আঁকাবাঁকা *বিণ*১ সাপের গতির মতো বহু স্থানে বাঁকা। ২ বহু ভঙ্গিযুক্ত। **এঁকেবেঁকে** *অক্রি* ঘুরে-ফিরে; বেঁকে-চুরে। [স. অঙ্কবঙ্ক অথবা ধন্যাত্মক অক্রবক্র>]
আঁকি-বুঁকি *বি* ১ আঁক-জোক; হিজিবিজি দাগ। ২ কারুকার্য। [বা.]
আঁকু-বাঁকু, আঁকু-পাকু *বি*১ অতিশয় ব্যগ্রতা বা ব্যস্ততা প্রকাশ; ছটফট অবস্থা; চিত্তচাঞ্চল্য। ২ উদ্বেগ বা ভয়; ব্যাকুলতা। ৩ বাহ্য আড়ম্বর বা উদ্যোগ। ❑*বিণ* ব্যগ্র; ব্যস্ত; ব্যাকুল; উদ্বিগ্ন। [বা.]
আঁখি, আঁখ *বি* চক্ষু; চোখ। [স. অক্ষি>]। **আঁখিজল** *বি* চোখের পানি। **আঁখিঠার** *বি* চোখের ইশারা; চোখের ইঙ্গিত। **আঁখিপুট** *বি* চোখের পাতা। **আঁখিমল** *বি* পিচুটি।
আঁচ[১] *বি*১ আভাস; ইঙ্গিত। ২ আন্দাজ; অনুমান; ধারণা (আঁচ করা)। [স. √অনচ্+অ> আঁচ]
আঁচ[২] *বি*১ জ্বাল; অগ্নিশিখা (নরম আঁচে রান্না করা)। ২ উষ্ণতা; তাপ (আঁচ লাগা)। ৩ ভাপ; ঝাঁজ; উষ্ণ স্পর্শ। [স. অর্চিস=অর্চিঃ>অচ্চি> আঁচ]
আঁচড় *বি*১ দাগ; ঈষৎ গভীর রেখা। ২ নখের আঘাত। ৩ স্বল্প পরীক্ষা বা চেষ্টা। [স. ছল্লি> ছড়(চামড়া)> চড়; আঁ (আঁক) + চড় = আঁচড়]। **আঁচড়া-আঁচড়ি** *বি* পরস্পর নখের আঘাত হানা।
আঁচড়ানো *ক্রি* ১ দাগ কাটা; রেখাপাত করা; নখাঘাত করা। ২ চিরুনি দ্বারা কেশবিন্যাস ইত্যাদি কাজ করা।
আঁচর, আঁচোর *বি* শাড়ির প্রান্তভাগ; অঞ্চল। [স. অঞ্চল> আঁচর ('ল'='র')]
আঁচল *বি* বস্ত্রের প্রান্তভাগ; দামন। [স. অঞ্চল>]। **আঁচল-ধরা** *বিণ* রমণীদের একান্ত অনুগত; স্ত্রৈণ।
আঁচা *ক্রি* আন্দাজ বা অনুমান করা। ❑*বি* আন্দাজ বা অনুমান করণ। [স. অনচ্> আঁচ+আ]। **আঁচা-আঁচি** *বি* পরস্পরের মনের ভাব অনুমান দ্বারা নির্ণয়করণ।
আঁচানো *ক্রি* আচমন করা; খাওয়ার পর হাত মুখ ধোয়া। ❑*বি* আচমন। [বা. √আঁচা + আনো]
আঁচিল *বি* চামড়ার উপরের উপমাংস। [স. চর্মকীল> চামচিল(ক=চ)> চাঁচিল> আঁচিল]
আঁজনাই, আজনাই *বি* ১ পিঠে নীল অঞ্জন বর্ণের ডোরাবিশিষ্ট টিকটিকির ন্যায় প্রাণীবিশেষ; জেটি। ২ চক্ষুরোগবিশেষ; চক্ষুর পাতায় উদ্গত ক্ষুদ্র ফোড়া; অঞ্জনি। [স. অঞ্জন> আঁজ+আই=আঁজনাই]
আঁজলা, আজল *বি* ১ করপুট; অঞ্জলি। ২ অঞ্জলি পরিমাণ। [স. অঞ্জলিকা> আঁজলি> আঁজলা]

আঁজি, আঞ্জি *বি* হিন্দুর 'ওঁ'-এর মতো মুসলিমদের আঁজি চিহ্ন '৭'—আল্লাহ্ প্রতীক। মধ্যযুগে বা তারও আগে লেখার পূর্বে আঁজি বা '৭' এই চিহ্ন দিয়ে লেখা আরম্ভ করা হতো। **আঁজি দেওয়া, আঁজি ধরা** *ক্রি* চুন সুরকি সিমেন্ট বালি ইত্যাদি দ্বারা ইট পাথরের জোড়ের মুখ বন্ধ করা; পাতলা প্রলেপ। ❑ *বি* রেখা; ডোরাকাটা; কাপড়ের রঙিন ডোরা; কাপড়ের পাড়ের সূত্ররেখা।

আঁট, আট *বি*১ দৃঢ়তা; কষণ (বাঁধনের আঁট, গিরাতে আঁট দেওয়া)। ২ যত্ন; মনোযোগ (কাজে আঁট)। ৩ সুসঙ্গতি; বাঁধুনি (কথার আঁট)। ৪ সংযম (মুখের আঁট)। ৫ টান টান; খাটো; মাপে ছোট। ❑ *বিণ* দৃঢ়বদ্ধ; দৃঢ়, শক্ত। **আঁটসাঁট** *বিণ*১ কষা; ঢিলে নয় এমন (আঁটসাঁট পোশাক)। ২ দৃঢ়; শক্ত। [বা.]

আঁটকুড়া, আঁটকুড়ে *বিণ* ১ পুত্রহীন; নিঃসন্তান। ২ পুত্র কন্যাদি জীবিত নেই এমন। **আঁটকুড়ি, আঁটকুড়ী** *স্ত্রী*।

আঁটা *ক্রি* ১ শক্ত করো বাঁধা। ২ পরিধান করা বা বাঁধা (পাগড়ি আঁটা)। ৩ বন্ধ করা বা লাগানো (দরজায় খিল আঁটা)। ৪ আঠা ইত্যাদির সাহায্যে লাগানো (টিকিট আঁটা)। ৫ ঠেকানো; দমন করা; (এঁটে ওঠা); বাধাদানে সক্ষম হওয়া। ৬ সমকক্ষ বা পারগ হওয়া (বুদ্ধিতে আঁটা)। ৭ ধরা; স্থান পাওয়া; সংকুলান (বুড়া রাজার মনে সুখ আঁটে না—দক্ষিণা)। ৮ পর্যাপ্ত হওয়া (যে পান খাইতে তাহা না আঁটে তাহারে—ভারত)। ৯ স্থির করা; নির্ধারণ করা। ❑ *বিণ* বদ্ধ; বন্ধ; জোড়া।

আঁটি১, আটি১ *বি* তৃণ বা শস্যাদির গুচ্ছ। **বোঝার উপর শাকের আঁটি** *বি* খুব ভারী জিনিসের উপর সামান্য বস্তুর ভার। [বা.]

আঁটি২, আটি২ *বি* ফলের মধ্যস্থ বড়ো বীজ বা বিচি। [স. অস্থি> অট্ঠি> আঠি, আঁটি]। **আঁটিসার** *ক্রিবিণ* আঁটিমাত্র অবশিষ্ট রেখে; নিঃশেষে। ❑ *বিণ* আঁটিসর্বস্ব; পরিমাণে বড় আঁটিযুক্ত।

আঁটুনি, আঁটনি *বি*১ কষণ; দৃঢ়বন্ধন। ২ যোজনা; বন্ধন; বাঁধুনি। [বা. √আঁট+উনি=আঁটুনি]। **আটুনি-কষুনি সার**—কাজের কিছুই নয় কেবল আড়ম্বর। **বজ্র আঁটুনি ফসকা গেরো**—কাজের আয়োজনের সময়ে খুব কড়াকড়ি কিন্তু কার্যক্ষেত্রে বা পরিণামে শিথিলতা।

আঁটো *বিণ* কষা; মাপে ছোট; আঁটসাঁট।

আঁঠু, আডু *বি* হাঁটু; জানু (আঁঠু ঢেকে কাপড় পর)। [বা.]

আঁত *বি*১ নাড়ি। ২ পেট; জঠর; উদর। ৩ হৃদয়; অন্তর। ৪ মনোভাব (আঁত বুঝতে পারা)। [স. অন্ত্র> আঁত]। **আঁত ওঠা** *ক্রি* দুর্গন্ধে বমন বমন ভাবের আতিশয্য হওয়া। **আঁত পাওয়া ভার**—মনের অভিপ্রায় জানা মুশকিল। **আঁত মরা** *বিণ* অল্পভোজী বা ভোজন শক্তিহীন। **আঁতে আঁতে** *ক্রিবিণ*১ মর্মে মর্মে; অন্তরে অন্তরে। ২ ভিতরে ভিতরে; গোপনে। **আঁতে ঘা** *বি* হৃদয়ে বা মর্মে আঘাত। **আঁতের টান** *বি* নাড়ির টান; রক্তের টান।

আঁতকানো *ক্রি* আতঙ্কিত হওয়া বা চমকে ওঠা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। [স. আতঙ্ক> বা. √আঁত্‌কা+আনো]। **আঁতকে ওঠা** *ক্রি* চমকে ওঠা; সচকিত হওয়া।

আঁতড়ি *বি* নাড়িভুঁড়ি। [স. অন্ত্র> (স্বরভক্তিতে) আঁতড়+ই]

আঁতাত *বি*১ গোপন কর্মে সহযোগিতার সম্পর্ক। ২ রাষ্ট্রে রাষ্ট্রে সদ্ভাব ও সহযোগিতার সম্পর্ক। ৩ পরস্পর বন্ধুত্ব বা সদ্ভাব। [ফ. entente]

আঁতিপাঁতি, আতিপাতি *ক্রিবিণ* সর্বত্র (আঁতিপাঁতি খোঁজা)। [বা.]

আঁতুড়, আঁতুড়ঘর *বি* সূতিকাগার বা সন্তান প্রসব গৃহ; আঁত (নাড়ি) কাটার স্থান; আঁত (গর্ভ) মোচন স্থান। [স. অন্তঃকুটি> অন্তউটি> আঁতউড়ি> আঁতুড়ি> আঁতুর+ঘর]। **আঁতুড়ি, আঁতুড়** *বি* ১ সূতিকাঘরের অগ্নিকুণ্ড। ২ নাড়িভুঁড়ি। **আঁতুড়ে খোকা, আঁতুড়ে ছেলে** *বি* ১ সদ্যজাত শিশু। ২ (ব্য.) নিতান্ত শিশু।

আঁদিসাঁদি *বি*১ ফাঁক; রন্ধ্র; অন্ধিসন্ধি। ২ শৃঙ্খলা। [স. অন্ধিসন্ধি>]

আঁধল, আঁধলা (ম—বা), **আন্ধল, আন্ধলা** (প্রা—বা) *বি* অন্ধ; চক্ষুহীন ব্যক্তি। ❑ *বিণ* কুদৃষ্টি। [স. অন্ধ+ল= অন্ধল]

আঁধার, আন্ধার *বি* অন্ধকার; আলোর অভাব। ❑ *বিণ*১ আলোকহীন; অন্ধকারাচ্ছন্ন। ২ বিষণ্ন; অপ্রসন্ন; গম্ভীর; নিরানন্দ। [স. অন্ধকার> অন্ধ+√কৃ+অ]। **আঁধার ঘরের বাতি, আঁধার ঘরের মানিক** *বি*১ দুঃখ ও কষ্টের জীবনে একমাত্র সুখের বস্তু। ২ অত্যন্ত প্রিয়জন বা বস্তু। ৩ বিধবার একমাত্র সন্তান। **আঁধারে, আন্ধারিয়া** *বিণ* অন্ধকারময়; তিমিরাচ্ছন্ন। **আঁধারে ঢিল ছোড়া, আঁধারে ঢিল মারা** *ক্রি*১ কোনো বিষয় সঠিক না জেনে আন্দাজে কিছু বলা। ২ আন্দাজের উপর নির্ভর করে কাজ করা।

আঁধি, আন্ধি *বি* ধুলা ও অন্ধকার সৃষ্টিকারী ঝড়ো হাওয়া; যে প্রবল বায়ু বা ঝড় ধুলায় চারদিক অন্ধকারময় করে ও সকলকে অন্ধ করে। [স. অন্ধিকা>]

আঁব *বি* আম; আম্র। [স. আম্র> আম্ব> আঁব]

আঁশ, আঁইশ *বি* ১ সূক্ষ্ম তন্তু; রোয়া; সূত্র। ২ বৃক্ষলতা। ৩ মাছ মাংসে কোটার পর পরিত্যাজ্য অংশ। ৪ আম প্রভৃতি ফলের ভিতরকার সূক্ষ্ম তন্তু। **আঁশটে** *বিণ* ১ আমিষ বা মাছের গন্ধযুক্ত। ২ আঁশযুক্ত। [বা. আঁশ+টিয়া>]

আঁশানো *ক্রি* ১ গুড় চিনি প্রভৃতির রসে জ্বাল দেওয়া (পিঠে আঁশানো)। ২ সামান্য শুষ্ক করা (রৌদ্রে আঁশায়)। ❑ *বি* জ্বাল দেওয়া বা শুষ্ককরণ। ❑ *বিণ* জ্বাল দিয়ে শুকানো হয়েছে এমন। [বা. √আঁশা(=স. অংশু)+আনো = আঁশানো]

আঁশফল, আষফল *বি* লিচুজাতীয় এক প্রকার ফল।

আঁশালো, আঁশুয়া *বিণ* আঁশযুক্ত; আঁশবহুল; এঁশো। [বা. আঁশ+আল+উয়া; স. অংশু>]

আঁস্তাকুড় *বি* আবর্জনা বা ভুক্তাবশিষ্ট দ্রব্যাদি ফেলার স্থান। [স. উচ্ছিষ্টকুণ্ড>] **আঁস্তাকুড়ের পাতা** *বি* ১ আবর্জনা; আঁস্তাকুড়ে ফেলে দেওয়া হয়েছে এমন বস্তু। ২ নীচ বা হেয় ব্যক্তি।

আকট-বিকট *বি* মুখবিকৃতি। [বা.]

আকণ্ঠ *ক্রিবিণ* গলা পর্যন্ত; গলা অবধি।

আকন্দ *বি* ১ বৃক্ষবিশেষ, অর্ক। ২ অর্কফুল (আকন্দ বদলে মাকন্দ পাব—কবিকঙ্কণ)। [স. অর্কমন্দার> অক্কমন্দ> আকন্দ]

আকবর *বিণ* ১ মহান; মহত্তম; শ্রেষ্ঠ; শ্রেষ্ঠতম। ২ বৃহৎ; বৃহত্তম। ❑ *বি* মোগল সম্রাট আকবর। [আ.]
আকর *বি* ১ খনি (রত্নাকর)। ২ উৎপত্তিস্থান; উৎস। ৩ আধার (গুণাকর)। [স. আ.√কৃ+অ]। **আকরিক, আকরীয়, আকরী, আকরজ** *বিণ* ১ খনিজ। ২ খনি সম্বন্ধীয়।
আকর্ণ *ক্রিবিণ* কান পর্যন্ত। [স. আ+কর্ণ]
আকর্ষ, আকর্ষণ *বি* ১ আকর্ষণ; টান। ২ যে জিনিস দ্বারা আকর্ষণ করা হয়; আঁকশি। ৩ লতার সূত্রাকার অঙ্গ; লতাতন্তু; প্রতান। [স. আ+√কৃ+অ]। **আকর্ষক, আকর্ষিক, আকর্ষী** *বিণ* আকর্ষণকারী। ❑ *বি* ১ আঁকশি। ২ চুম্বক লোহা। ৩ কষ্টিপাথর। ❑ *বি, বিণ* চুম্বক।
আকল *বি* বুদ্ধি; জ্ঞান। [আ.]। **আকলমন্দ, অকলমন্দ** *বিণ* বুদ্ধিমান; বিজ্ঞ। **আকলমন্দি** *বি* বুদ্ধিমত্তা; চতুরতা; বিচক্ষণতা। [আ. অকল+ফা. মন্দী]
আকসা, আকসি *বিণ* ফটোর সাহায্যে ব্লক করে মুদ্রণ। [আ.]
আকসার, আকছার *ক্রিবিণ* সর্বদা; সচরাচর; প্রায়ই [আ.]
আকস্মিক *বিণ* ১ অপ্রত্যাশিত; হঠাৎ ঘটেছে বা ঘটে এমন; অতর্কিত; অকস্মাৎ। ২ অকারণ; অহেতুক। [স. অকস্মাৎ+ইক]
আকাঁড়া *বিণ* সম্পূর্ণ কুঁড়ামুক্ত করা হয়নি এমন (আঁকাড়া চাল)। [স. অকণ্ডিত> আকণ্ডিঅ> আকাঁড়িঅ> আকাঁড়ি=আকাঁড়া]
আকাঙ্ক্ষা *বি* ইচ্ছা; বাসনা; অভিলাষ। [স. আ+√কাঙ্ক্ষ্+অ+আ]। **আকাঙ্ক্ষণীয়** *বিণ* বাসনার যোগ্য; কাম্য। **আকাঙ্ক্ষিত** *বিণ* আকাঙ্ক্ষা করা হয়েছে এমন। **আকাঙ্ক্ষী** (-ঙ্ক্ষিন) *বিণ* আকাঙ্ক্ষা করে এমন।
আকাট[১], **অকাট** *বিণ* অত্যন্ত নিরেট (আকাট মূর্খ)। [স. অ+কাষ্ঠ> অকাট> আকাট]
আকাট[২] *বিণ* খসখসে; অমসৃণ; অসার; সারবান নয় এমন; টেকসই নয় এমন। [বা.]
আকাটা *বিণ* কাটা হয়নি এমন; অকর্তিত। [বা. আ+√কাট+আ]
আকাঠা, আকাঠ *বি* বাজে কাঠ; অসার কাঠ (আকাঠার তৈরি পিঁড়ি)। ❑ *বিণ* অসংযত। [বা.]
আকাম, অকাম *বি* কুকাজ; নিন্দনীয় কাজ; নিষ্ফল কাজ; বৃথা কর্ম; নির্লক্ষ্য কর্ম। [স. ন+কর্ম>]
আকার *বি* ১ মূর্তি; চেহারা; আকৃতি; গঠন। ২ লক্ষণ। [স. আ+√কৃ+অ]। **আকার-ইঙ্গিত** *বি* ১ ভাবভঙ্গি। ২ ইশারা।
আ-কার *বি* স্বরবর্ণের পরিবর্তে ব্যবহৃত চিহ্নকে 'কার' বলে। 'আ' স্বরবর্ণ ব্যঞ্জনবর্ণের সঙ্গে শব্দের মধ্যে ও শেষে যুক্ত হলে 'া'-কার চিহ্নরূপে বসে। এর নাম 'আ' কার। (ক্+া+র্+া=কারা)।
আকাল *বি* ১ দুঃসময়। ২ দুর্ভিক্ষ। ৩ অভাব। [স. অকাল>]
আকালিক *বিণ* ১ অকালে জাত বা উৎপন্ন। ২ অসময়ে আগত। ৩ ক্ষণস্থায়ী। [বা.]
আকালী, অকালী *বি* অমর; ভারতের শিখ সম্প্রদায়ের একটি দলবিশেষ। [পাঞ্জাবি]
আকাশ *বি* ১ গগন; স্বর্গ; শূন্য; নভ; অন্তরীক্ষ; আসমান; ব্যোম; অম্বর। ২ আবহাওয়া (আকাশ ভালো নেই)। [স. আ+√কাশ্+অ]। **আকাশ-কুসুম** *বি* অলীক কল্পনা; কাল্পনিক বিষয় বা বস্তু। **আকাশগঙ্গা** *বি* ১ ছায়াপথ; Milkyway। ২ মন্দাকিনী; স্বর্গের গঙ্গা। **আকাশচুম্বী** *বিণ* অত্যন্ত উঁচু; গগনস্পর্শী। **আকাশ থেকে পড়া** *ক্রি* অজানা বিষয় হঠাৎ জানতে পেরে অত্যন্ত বিস্মিত হওয়া। **আকাশদীপ, আকাশপ্রদীপ** *বি* হিন্দুগৃহে কার্তিক মাসে সন্ধ্যাকালে উঁচু বাঁশের মাথায় জ্বালিয়ে রাখা বাতি। **আকাশ পাতাল** *ক্রিবিণ* ১ স্বর্গ থেকে পাতাল পর্যন্ত। ২ সর্ববিষয়ে বা সর্বত্র। **আকাশবাণী** *বি* ১ দৈববাণী; অশরীরী বাক্য। ২ ভারতের রেডিও-সার্ভিসের নাম। **আকাশ ভেঙে পড়া** *ক্রি* ১ হঠাৎ মহাবিপদে পতিত হওয়া। ২ দুঃখ বা ভাবনার বোঝা নেমে আসা। **আকাশে তোলা** *ক্রি* অতিরিক্ত প্রশংসা করা।
আকিকা, আকীকা *বি* মুসলমানের নবজাত শিশুর নামকরণ; চুল কামানো এবং শিশুর প্রাণের সদকা ও মূল্য হিসেবে ছাগল বা গরু জবাই করে খাওয়ানো বা বিলানোর অনুষ্ঠান। [আ.]
আকিঞ্চন *বি* ১ অভিলাষ; কামনা; আকাঙ্ক্ষা। ২ চেষ্টা; প্রযত্ন; প্রয়াস। ৩ দৈন্য; দারিদ্র্য। [স. অকিঞ্চন+অ]
আকিদা, আকীদা *বি* ১ ধর্মবিশ্বাস। ২ নিষ্ঠা; একাগ্রতা। [আ.]
আকীর্ণ *বিণ* ব্যাপ্ত; ছড়ানো। [স. আ+√কৃ(ব্যাপ্তি অর্থে)+ত]
আকুঞ্চন *বি* ১ সঙ্কোচন; কুঁচকানো; কুঁচকে যাওয়া। ২ নিষ্পেষণ। **আকুঞ্চিত** *বিণ* ঈষৎ সঙ্কুচিত। [স. আ+কুঞ্চন = (আ+√কুন্‌চ+অন)]
আকুল *বিণ* ১ উৎকণ্ঠিত; ব্যগ্র; উৎসুক। ২ কাতর। ৩ অশান্ত; অধীর; উতলা। ৪ উন্মুক্ত; আলুলায়িত। ৫ চঞ্চল। ৬ বিহ্বল। ৭ বিপর্যস্ত; বিক্ষিপ্ত। ৮ পরিব্যাপ্ত; আচ্ছন্ন। [স. আ+ √কুল্+অ]। **আকুলতা** *বি* ব্যগ্রতা; ব্যাকুলতা। **আকুলিত** *বিণ* ব্যাকুল; আকুল; হতাশাগ্রস্ত। **আকুলি-ব্যাকুলি, আকুলি-বিকুলি** *বি* উৎকণ্ঠা; আগ্রহ; ব্যস্তসমস্ত ভাব। ❑ *ক্রিবিণ* উৎকণ্ঠিত হয়ে; ব্যাকুলভাবে।
আকৃতি *বি* ১ গঠন; আকার। ২ অবয়ব; শরীর। [স. আ+√কৃ+তি]। **আকৃতি-প্রকৃতি** *বি* ১ হাবভাব। ২ আকার ও স্বভাব। **আকৃত** *বিণ* গঠিত।
আকৃষ্ট *বিণ* ১ আকর্ষণ করা হয়েছে এমন। ২ প্রলুব্ধ। ৩ মুগ্ধ। [স. আ+√কৃষ+ত]
আক্কেল *বি* ১ বুদ্ধি; বিবেচনা; কাণ্ডজ্ঞান। ২ জ্ঞান। ৩ শিক্ষা; শাস্তি। [আ.]। **আক্কেল গুড়ুম** *বি* হতবুদ্ধিতা। ❑ *বিণ* স্তম্ভিত; হতবুদ্ধি। **আক্কেল দাঁত** *বি* পরিণত বয়সে ওঠা দাঁত। **আক্কেল দেওয়া** *ক্রি* শিক্ষা দেওয়া; শাস্তি দেওয়া।
আক্কেল সেলামি, আক্কেল সালামি *বি* কৃত অপরাধ বা মূর্খতার জন্য প্রাপ্ত শাস্তি বা ফলভোগ। **আক্কেল হওয়া** *ক্রি* বিপদে পড়ে শিক্ষা পাওয়া।
আক্‌দ, আক্ত *বি* ১ বন্ধন। ২ বিবাহ-বন্ধন। ৩ গ্রন্থি; চুক্তি। [আ.]। **আকদ-রসুমাত** (মিলন) *বি* বিবাহ বন্ধন ও দম্পত্তির প্রথম সাক্ষাৎ।
আক্রমণ *বি* ১ অধিকার করার উদ্দেশ্যে কোনো দেশের বিরুদ্ধে লড়াই শুরুকরণ। ২ হিংসাবশে বা ক্ষতির উদ্দেশ্যে অন্যের প্রতি বলপ্রয়োগে হানা দেওয়া; হামলা করা। ৩

দেহে রোগ প্রকট হওয়া। [স. আ+√ক্রম্+অন]। **আক্রান্ত** *বিণ* ব্যাধিগ্রস্ত; পীড়িত।

আক্রা *বিণ* দুর্মূল্য; মহার্ঘ। [স. অক্রেয়> আক্রা> (অর্ধতৎসম)]

আক্রোশ *বি* ১ বিদ্বেষ; গায়ের ঝাল; ক্রোধ। ২ রোষ; অভিযোগ; নিন্দা; তিরস্কার; অভিসম্পাত; (দ্বন্দ্বে) আহ্বান। [স. আ+√ক্রুশ্+অ]

আক্ষরিক *বিণ* ১ অক্ষর সংক্রান্ত বা অক্ষর সম্বন্ধীয়। ২ অক্ষর অনুযায়ী। ৩ বর্ণে বর্ণে বা অক্ষরে অক্ষরে কৃত; হুবহু। [স. অক্ষর+ইক]

আক্ষেপ *বি* ১ অঙ্গবিক্ষেপ; হাত পা খিঁচুনি; তড়কা। ২ ক্ষোভ; দুঃখ; মনস্তাপ। ৩ ক্ষোভপ্রকাশ; বিলাপ। ৪ কাব্যের অর্থালঙ্কারবিশেষ। [স. আ+√ক্ষিপ্+অ]

আখ, আক *বি* ইক্ষু; গেণ্ডারি; কুশিয়ার। [স. ইক্ষু> ইক্‌খু> ইখ> আখ; তুল. হি. উখ্]

আখড়া, আখাড়া *বি* ১ নৃত্যগীত বাদ্যাদি শিক্ষা ও মল্লবিদ্যা অভ্যাসের স্থান। ২ আড্ডা। ৩ সন্ন্যাসীদের আশ্রম। [স. অক্ষবাট> অক্‌খবাড়> আখাড়+ আ=আখাড়া> আখড়া]। **আখড়াই** *বি* সঙ্গীত ও অভিনয়াদির অভ্যাস বা মহড়া।

আখন্দ, আকন্দ, আকন *বি* ১ উপাধিবিশেষ; খোন্দকার; আখুঞ্জি। ২ শিক্ষক; অধ্যাপক। [ফা.]

আখবার *বি* খবরের কাগজ; সংবাদপত্র। [ফা.]

আখর, আঁখর (বিরল) *বি* ১ অক্ষর; হরফ; বর্ণ। ২ কীর্তন গানে মাধুর্যের জন্য সংযোজিত অতিরিক্ত পদ। [স. অক্ষর>]। **আখর কাটা** *ক্রি* লেখা; দাগ কাটা। **আখর দেওয়া** *ক্রি* কীর্তন গানের সময়ে গায়ক গায়িকা কর্তৃক ভাব ব্যাখ্যামূলক নতুন নতুন শ্রুতিমধুর পদ জুড়ে দেওয়া। **আখরিয়া** *বি* লিপিকার; নকলনবিস।

আখরোট, আকরোট *বি* বৃক্ষ বা ফলবিশেষ; walnut। [পস্তু. আখরোট; স. অক্ষোট]

আখলাক *বি* ১ আদব-কায়দা; আচরণ-পদ্ধতি; আচার-ব্যবহার। ২ চরিত্র; স্বভাব। [আ.]

আখুঞ্জি *বি* উপাধিবিশেষ; শিক্ষক; অধ্যাপক। [ফা.]

আখুটি *বি* বায়না; আবদার। [স. আখট্টি>]

আখুটে, আখ্‌খুটে *বিণ* আবদারে। [স. অখট্টিকা> (=বায়না ধরা)]

আখেট *বি* ১ মৃগয়া; শিকার। ২ শিকার-কৃত প্রাণী; শিকার। [স. আখেটক, আখেটিক (=শিকারি, ব্যাধ)>]। **আখেটক, আখেটি, আখেটিক, অক্ষটি** *বি* শিকারি; ব্যাধ।

আখের, আখির *বি* ১ শেষ; পরিণাম। ২ অন্তিমকাল; মৃত্যুকাল। ৩ পরিণাম। ৪ ভবিষ্যৎ। ৫ পরকাল। [আ.]। **আখেরি, আখিরি** *বিণ* শেষ; অন্তিম। **আখিরি চাহার শম্বা** *বি* ১ হিজরি সফর মাসের চতুর্থ বুধবার। ২ মুসলমানদের পর্ববিশেষ। **আখেরি জমানা, আখেরি জামানা** *বি* ১ অন্তিম কাল। ২ পৃথিবীর শেষ যুগ; মহাপ্রলয়; কেয়ামতের নিকটবর্তী যুগ। ৩ হিন্দু পুরাণোক্ত কলিযুগ। ৪ পরকাল। [আ.]

আখেরাত, আখিরাত *বি* শেষকাল; পরকাল; পরজীবন। [আ.]

আখোট *বি* আখরোট ফল। [স. অক্ষোট> অকখোট> আখোট]

আখোলা *বিণ* খোলা নয় এমন; আবদ্ধ; বন্ধ; আটকানো। [বা. আ (নয়)+খোলা]

আখ্যা *বি* ১ সংজ্ঞা; উপাধি; নাম। ২ উল্লেখ; কথন। [স. আ+√খ্যা+আ]। **আখ্যাত** *বিণ* ১ উল্লিখিত; কথিত; সংজ্ঞাপ্রাপ্ত। ২ ব্যাখ্যাত। ৩ বিখ্যাত; প্রসিদ্ধ। **আখ্যান** *বি* ১ কাহিনী; ইতিহাস। ২ কথন; উল্লেখ। **আখ্যাপত্র** *বি* পুস্তকের প্রথমে যে পৃষ্ঠায় নাম থাকে; title page। **আখ্যায়ক** *বিণ* কথক; প্রচারক; বার্তাবহ। **আখ্যায়িকা** *বি* কাহিনী; গল্প। **আখ্যায়ী(-য়িন্)** *বিণ* আখ্যায়ক; কথক। **আখ্যেয়** *বিণ* ১ কথনীয়; বক্তব্য। ২ নামযুক্ত; আখ্যাযুক্ত।

আগ[১] *বি* আগুন; অগ্নি; অনল। [স. অগ্নি> অগ্‌গি> আগি> আগ]

আগ[২] *বি* অগ্রভাগ। □ *বিণ* ১ আদি; প্রথম; সর্বাগ্রবর্তী। ২ সর্বোচ্চ। [স. অগ্র> অগ্‌গ> আগ]। আগতোলা *ক্রি* পুণ্য কাজের জন্য কোনো দ্রব্যের কিয়দংশ আগে উঠিয়ে রাখা। **আগডাল** *বি* সর্বোচ্চ ডাল। **আগতোলা সন্দেশ** *বি* চূড়া-তোলা বা চূড়াকৃতি সন্দেশ। **আগদল** *বি* ১ যে সৈন্যদল পথ পরিষ্কার, পরিখা-খনন ইত্যাদি কাজ করে অগ্রসর হয়। ২ যুদ্ধে বিপক্ষ সৈন্যদলের সম্মুখবর্তী বাহিনী। **আগদুয়ার** *বি* ১ সিংহদ্বার; সদর দরজা। ২ বহির্বাটি। **আগপাছ** *ক্রিবিণ* অগ্রপশ্চাৎ; পূর্বাপর। **আগ বাড়ানো** *ক্রি* অগ্রবর্তী হওয়া।

আগড়, আগোড় *বি* ১ খিল; অর্গল। ২ কেওয়াড়; ঝাঁপ। ৩ বাধা; প্রতিবন্ধক। [স. অর্গল> অগ্‌গল> আগল> আগড় (ল-র=ড়)]

আগড়-বাগড়, অগড়-বগড় *বি* ১ নানা প্রকার বাজে জিনিস; অখাদ্য। ২ আবোল-তাবোল বা অসংলগ্ন কথা; বাজে কথা; বাজে কাজ। ৩ অপ্রয়োজনীয় গাছপালা। (তুল. আদাড় বাদাড়)। ৪ সবজির খোসা খোলা ইত্যাদি। [তুল. হি. অগর বগর]

আগড়ম-বাগড়ম, আগডুম-বাগডুম *বি* অর্থহীন অসংলগ্ন কথা; অপ্রয়োজনীয় বাক্য; বড়ো বড়ো কথা; বাজে কথা; আবোল-তাবোল। [তুল. হি. অত্তরম-বত্তরম]

আগত *বিণ* ১ উপস্থিত; আগমন করেছে এমন; ঘটেছে এমন। ২ প্রাপ্ত। [স. আ+গত]। **আগতপ্রায়** *বিণ* আসন্ন; প্রায় এসে পড়েছে এমন।

আগন *বি* অগ্রহায়ণ; অঘ্রান। [স. অগ্রহায়ণ> আগন]

আগন্তুক, আগন্তু *বি* ১ অতিথি; অভ্যাগত। ২ অপরিচিত; নবাগত ব্যক্তি। □ *বিণ* ১ অপ্রত্যাশিতভাবে আগত; হঠাৎ আগত। ২ বহিরাগত।

আগম *বি* ১ তন্ত্রশাস্ত্র; বেদাদি শাস্ত্র; সৃষ্টিতত্ত্ব শাস্ত্র। ২ আগমন। ৩ লাভ। ৪ উপার্জন; আয়। ৫ আমদানি। [আ+√গম্+অ]। **আগম শুল্ক** *বি* আমদানির উপর দেয় কর; import duty।

আগমন *বি* আসা; উপস্থিতি। [স. আ+গমন]। **আগমনী** *বি* আগমন সঙ্গীত; আহ্বানগীতি। □ *বিণ* আগমন সম্বন্ধীয়। [বা.]

আগর[১] *বি* অগুরু; গন্ধকাষ্ঠবিশেষ। **আগরবাতি** *বি* ধূপকাঠি।

আগর[২] *বি* কাষ্ঠাদিতে ছিদ্র করার যন্ত্রবিশেষ; ভ্রমরযন্ত্র;

তুরপুন।

আগরওয়ালা *বি* ১ দিল্লি আগ্রা প্রভৃতি অঞ্চলের কারো কারো নিবাস-নির্দেশক পদবি। ২ সাধারণ ব্যবসায়ী সম্প্রদায়। [হি.]

আগল *বি* ১ খিল; হুড়কা; অর্গল। ২ প্রতিবন্ধক; বাধা; বেড়া; ঝাঁপ; কেওয়াড়। ৩ আবরণ; পর্দা; বেষ্টনী। ৪ বন্ধন। [স. অর্গল> অগ্গল> আগল]

আগলানো *ক্রি* ১ পাহারা দেওয়া; রক্ষার জন্য সতর্ক দৃষ্টি রাখা; সামলানো। ২ আটক করা; অবরোধ করা। ❑ *বি* আটককরণ; রক্ষাকরণ। [বা. √আগ্‌লা+আনো]

আগাঁথা *বিণ* গাঁথা হয়নি এমন; অগ্রথিত। [স. গ্রন্থন> গাঁথা]

আগা[১] *বি* ১ ডগা; অগ্রভাগ। ২ সম্মুখভাগ। ৩ উপরিভাগ। **আগাগোড়া** *বি* আদ্যন্ত। ❑ *ক্রিবিণ* ১ প্রথম থেকে শেষ পর্যন্ত। ২ আপাদমস্তক। [স. অগ্র> অগ্‌গ> আগ+আ=আগা]

আগা[২] *বি* প্রভু; সম্ভ্রান্ত ব্যক্তি। [তু.]

আগাছা *বি* অপ্রয়োজনীয় গাছ; বাজে লতাপাতা বা তৃণ; weed। ❑ *বিণ* অকেজো; অসার। [বা.]

আগাজ *বি* আরম্ভ; শুরু। [ফা.]

আগাপাছতলা, আগাপাস্তলা *ক্রিবিণ* ১ আগাগোড়া; অগ্রপশ্চাৎ। ২ আপাদমস্তক; সর্বাঙ্গ। [স. অগ্রপদতল> আগাপাস্তলা]

আগাম *বিণ* আগামী; ভাবী। ❑ *বি* ক্রীত বস্তু প্রাপ্তির পূর্বে দেয় অর্থের অংশ; অগ্রিম; বায়না। [স. অগ্রিম>]

আগামী *বিণ* ভাবী; ভবিষ্যতে আসবে বা ঘটবে এমন। [স. আ+√গম্+ইন]

আগার *বি* ভবন; ঘর; গৃহ (প্রেক্ষাগার)। [স.]

আগু *বি* অগ্র; প্রথম; পূর্ব। ❑ *বিণ* অগ্রগামী; অগ্রবর্তী। ❑ *ক্রিবিণ* অগ্রে; প্রথমে। [বা.]। **আগুপাছু, আগুপিছু** *ক্রিবিণ* ১ অগ্রপশ্চাৎ; ভূত ভবিষ্যৎ। ২ আরম্ভ ও পরিণাম। ৩ ইতস্তত (আগুপিছু করা)।

আগুন, আগুনী *বি* অগ্নি। ❑ *বিণ* ১ প্রচণ্ড উত্তাপযুক্ত। ২ অগ্নিমূর্তি; অগ্নিশর্মা; অতিশয় ক্রুদ্ধ। [বা. স. অগ্নি>]। **আগুন নিয়ে খেলা** *ক্রি* বিপত্তিকর জিনিস নিয়ে খেলা করা; অনিষ্টকর জিনিসে হাত দেওয়া। **আগুন হওয়া** *ক্রি* ১ (আল.) অতি ক্রুদ্ধ হওয়া। ২ উত্তপ্ত বা গরম হওয়া। ৩ অতিদুর্মূল্য হওয়া। **ঘরে আগুন দেওয়া** *ক্রি* (আল.) গৃহবিবাদ বাঁধানো।

আগুয়ান, আগুসর *বিণ* অগ্রগামী; অগ্রবর্তী। [স. অগ্রবান/অগ্রসর>]

আগুলানো, আগলানো *ক্রি* ১ অবরোধ করা; পথ রোধ করা; আটকানো। ২ রক্ষণাবেক্ষণ করা; দেখাশুনা করা। ৩ অধিকার করা; আয়ত্তে আনা। [বা.]

আগে *ক্রিবিণ* ১ প্রথমে; পূর্বে। ২ সম্মুখে; সামনে। ৩ নিকটে; কাছে। **আগে আগে** *ক্রিবিণ* সামনে। [স. অগ্রে> আগে]

আগেকার, আগের *বিণ* ১ অগ্রবর্তী; প্রথমে। ২ অতীতের; বিগত। **আগে-পাছে** *ক্রিবিণ* সম্মুখে ও পিছনে।

আগ্নেয় *বিণ* ১ অগ্নিসম্বন্ধীয়। ২ অগ্নিগর্ভ।

আগ্নেয়গিরি, আগ্নেয়াদ্রি *বি* যে পর্বত থেকে অগ্নি অঙ্গার গলিত ধাতু ইত্যাদি নির্গত হয়। **আগ্নেয়াস্ত্র** *বি* কামান, বন্দুক ইত্যাদি অগ্নিনিঃসারক যন্ত্র।

আগ্রহ *বি* ১ প্রবণতা; ঝোঁক; ব্যগ্রতা। ২ ঐকান্তিক যত্ন বা মনোযোগ; অভিনিবেশ। ৩ আসক্তি; প্রবৃত্তি। [স. আ+√গ্রহ্+অ]। **আগ্রহাতিশয়** *বি* অতিরিক্ত আগ্রহ বা ব্যগ্রতা। **আগ্রহাতিশয্য, আগ্রহাতিশয়তা** *বি* অতিশয় আগ্রহের ভাব। **আগ্রহান্বিত, আগ্রহী** *বিণ* উৎসুক; আগ্রহযুক্ত। **আগ্রহান্বিতা** *স্ত্রী*।

আগ্রাসন *বি* অন্যদেশকে গ্রাস করার মনোভাব। **আগ্রাসী** *বিণ* অন্য দেশকে আক্রমণ করার মনোভাবযুক্ত। [স.]। তুল. aggression।

আঘাট, আঘাটা, অঘাট *বি* ১ অব্যবহার্য ঘাট; ব্যবহারের অযোগ্য ঘাট। ২ যেখানে ঘাট নেই এমন স্থান। [বা.]

আঘাত *বি* ১ চোট; ঘা; কোপ। ২ প্রহার। ৩ ব্যথা; বেদনা (মনে আঘাত দেওয়া)। [স. আ+√হন্+অ]

আঘ্রাণ *বি* ১ গন্ধগ্রহণ। ২ গন্ধ। **আঘ্রাত** *বিণ* ঘ্রাণ বা গন্ধ গ্রহণ করা হয়েছে এমন। **অনাঘ্রাত** *বিপ* (অনাঘ্রাত পুষ্প)। **আঘ্রায়ক** *বিণ* গন্ধ গ্রহণ করে এমন।

আঙরা ⟹ আংরা

আঙরাখা, আংরাখা *বি* ১ পরিধেয় লম্বা ও ঢিলা জামাবিশেষ। ২ জামা, কামিজ, আলখাল্লা, আসকান, শেরোয়ানি, চোকা, চাপকান প্রভৃতি শরীরের ঊর্ধ্বাঙ্গের সর্বপ্রকার সেলাই করা পরিচ্ছেদ। [স. অঙ্গরক্ষা> আঙরাখা]

আঙুল, আঙ্গুল *বি* অঙ্গুলি। [স. অঙ্গুলি> আঙুল]। **আঙুল ফুলে কলা গাছ**—অকস্মাৎ বা অতি দ্রুত পদোন্নতি বা ঐশ্বর্য বৃদ্ধি। **আঙুল মটকানো** *ক্রি* অভিশাপ দেওয়া। **আঙুলহাড়া** *বি* আঙুলের রোগবিশেষ; আঙুলের মাথায় ফোঁড়া।

আঙ্গিক *বিণ* ১ অঙ্গসম্বন্ধীয়। ২ অঙ্গজ। ৩ অঙ্গ দ্বারা সম্পাদিত। ❑ *বি* ভঙ্গি। [স. অঙ্গ+ই]

আঙ্গিনা, আঙিনা *বি* ১ অঙ্গন; উঠান; প্রাঙ্গণ। ২ কোল; বুক। [স. অঙ্গন]

আচমকা *ক্রিবিণ* সহসা; হঠাৎ; অকস্মাৎ। [তুল. হি. অচানক; আচানক]

আচমন *বি* ১ মুখ-হাত ধোয়া; প্রক্ষালন; আঁচানো; হিন্দুদের পূজাদি কর্মের পূর্বে বিধি অনুযায়ী জল দ্বারা দেহশুদ্ধি করণ। ২ আহারের পর জল দ্বারা হস্ত-মুখ প্রক্ষালন; আঁচানো। [স. আ+√চম্+অন]

আচম্বিত *ক্রিবিণ* সহসা; হঠাৎ; অকস্মাৎ; আচমকা; আকস্মিকভাবে; চমকে দিয়ে। ❑ *বিণ* আশ্চর্যান্বিত; বিস্মিত। **আচম্বিতে** *ক্রিবিণ* সহসা; অকস্মাৎ; আচমকা। [তুল. হি. অচম্ভা]

আচরণ *বি* ১ চালচলন; ব্যবহার। ২ অনুষ্ঠান পালন। [স. আ+√চর্+অন]। **আচরণীয়, আচরিত** *বিণ*।

আচানক *বিণ* অপরিচিত; অদ্ভুত; আজগুবি। ❑ *ক্রিবিণ* অকস্মাৎ; হঠাৎ। [হি.]

আচাভুয়া, আচাভুয়ো *বিণ* ১ অত্যদ্ভুত; কিম্ভূতকিমাকার। ২ আশ্চর্যান্বিত; অবাক। ৩ নির্বোধ; অজ্ঞ। [স. অত্যদ্ভুত> অচ্চভুআ> আচাভুয়া]

আচার[১] *বি* তৈল মসলা যোগে আম-লেবু-কুল-জলপাই প্রভৃতি ফলে প্রস্তুত মুখরোচক চাটনি। [পো. achar; তুল. ফা. আচার]

আচার[২] *বি* ১ ব্যবহার; চালচলন। ২ প্রথা; নিয়ম; পদ্ধতি;

রীতি। ৩ নিষ্ঠা; সদাচার। ৪ সংস্কার। [স. আ+√চর্+অ]। **আচারনিষ্ঠ** *বিণ* সদাচারপরায়ণ। **আচার-ব্যবহার** *বি* চালচলন; অন্যের সাথে আচরণ। **আচারভ্রষ্ট** *বিণ* শাস্ত্রসম্মত বিধি লঙ্ঘনকারী; আচারচ্যুত।

আচার্য *বি* ১ যিনি যে কোনো শাস্ত্রে জ্ঞান লাভ করে তদনুরূপ আচরণ করেন ও আচরণ শেখান তাঁকেই 'আচার্য' বলে—এই আচরণের মধ্যে শিক্ষাদানই প্রধান। ২ হিন্দুধর্মের শিক্ষাগুরু। ৩ যিনি শিষ্যকে বেদ পড়ান। ৪ গণক ব্রাহ্মণ। ৫ Chancellor— আচার্য; Vice Chancellor — উপাচার্য। **আচার্যা** *স্ত্রী*। **আচার্যানী** *বি স্ত্রী*, আচার্যের পত্নী।

আচালা *বিণ* ১ চালুনি দিয়ে চালা হয়নি এমন। ২ অপরিষ্কৃত। [বা.]

আচোট *বিণ* ১ অকর্ষিত; পতিত; অনাবাদি। ২ অক্ষত; অনাহত। [বা.]

আচ্ছন্ন *বিণ* ১ আবৃত; আচ্ছাদিত; ঢাকা। ২ পরিব্যাপ্ত। ৩ অভিভূত; অচৈতন্য; মূর্ছিতপ্রায়। [স. আ+√ছদ্+ত]

আচ্ছা *অব্য* ১ হাঁ; সম্মতি বা স্বীকারসূচক। ২ বেশ; খাসা; চমৎকার। ৩ ধরা যাক। ৪ খুব; ভালো। ৫ (ব্য.) বিলক্ষণ। [স. অস্তু> অচ্ছ(?)> আচ্ছা]

আচ্ছাদক *বিণ* আচ্ছাদনকারী; আবরক।

আচ্ছাদন, আচ্ছাদ *বি* ১ আবরণ; ঢাকনি। ২ চাঁদোয়া; ছাউনি। ৩ পরিধেয় বস্ত্রাদি [স. আ+√ছদ্+ ণিচ্+অক]। **আচ্ছাদনীয়, আচ্ছাদ্য** *বিণ* আচ্ছাদনের যোগ্য; আবৃত করণোপযোগী। **আচ্ছাদিত** *বিণ* ১ আচ্ছাদন করা হয়েছে এমন; আবৃত; ঢাকা। ২ ছাদবিশিষ্ট; ছাওয়া।

আছড়া *বি* ছিটা; ছড়া; সেচ। **আছড়া-আছড়ি** *বি* ১ পরপর আছাড় খেয়ে পড়ন। ২ ছড়াছড়ি; গড়াগড়ি; অঙ্গবিক্ষেপ। [বা. ছড়া; স. ছটা>]

আছড়ানো *ক্রি* আছাড় দেওয়া; সজোরে মাটিতে বা নিচে নিক্ষেপ করা। ❑ *বি* আছাড় দেওয়া; নিক্ষেপকরণ। ❑ *বিণ* আছাড় দেওয়া হয়েছে এমন। [বা.]

আছাঁকা *বিণ* ছাঁকা হয়নি বা ছাঁকা নয় এমন; অপরিশোধিত; অপরিষ্কৃত। [বা.]

আছাঁটা *বিণ* ১ ছাঁটা হয়নি বা ছাঁটা নয় এমন। ২ অকর্তিত; কাটা হয়নি এমন। [বা.]

আছাড় *বি* ঊর্ধ্বে উঠিয়ে সজোরে ভূতলে নিক্ষেপ; বেগে নিচে বা মাটিতে নিক্ষেপ বা পতন। [বা.]। **আছাড় খাওয়া** *ক্রি* পা পিছলে মাটিতে বা নিচে পড়ে যাওয়া। **আছাড় দেওয়া, আছাড় মারা** *ক্রি* আছড়ানো; নিক্ষেপ করা। **আছাড়িপিছাড়ি** *বি* উলট-পালট; এপাশ-ওপাশ।

আছুদা, আসুদা *বিণ* তৃপ্ত; পরিতৃপ্ত; সন্তুষ্ট। [ফা.]। **আছুদাগি** *বি* পরিতৃপ্তি; তৃপ্তি; সন্তুষ্টি।

আছোঁয়া *বিণ* ১ অস্পৃষ্ট; স্পর্শ করা হয়নি এমন। ২ অকলুষিত; অকলঙ্ক। [বা.]

আছোলা *বিণ* ১ খোসা ছাল বা ছিলকা ছাড়ানো হয়নি এমন (আছোলা আম)। ২ আচাঁছা; অমসৃণ (আছোলা তক্তা)।

আজ, আজি *বি* অদ্য; today। ❑ *অব্য, ক্রিবিণ* অধুনা; বর্তমানে। ❑ *ক্রিবিণ* এবার; এক্ষণ। [স. অদ্য> অজ্জ> আজ]। **আজকার, আজকের, আজিকার** *বিণ* বর্তমান দিনের; এই সময়ের। **আজকাল** *অব্য, ক্রিবিণ* বর্তমানকালে; অধুনা। **আজ-কাল করা** *ক্রি* গড়িমসি করা; টালবাহানা করা। **আজকে** *অব্য, ক্রিবিণ* ১ অদ্য; আজ। ২ এবার; এতদিনে। **আজ-নয়-কাল** *বি* দীর্ঘসূত্রতা; গড়িমসি। **আজ বাদে কাল** *ক্রিবিণ* শীঘ্র; অদূর ভবিষ্যতে।

আজগুবি, আজগবি *বিণ* ১ অদ্ভুত; অপূর্ব। ২ অবিশ্বাস্য। ৩ বানানো; ভিত্তিহীন। ৪ অদৃশ্য; আকাশ থেকে পাওয়া; আকাশ-ফোঁড়া। **আজগুবি কথা** *বি* অদ্ভুত কথা; ভিত্তিহীন অবিশ্বাস্য রটনা। [আ. আজ+গয়বী]

আজড়ানো *ক্রি* ১ খালি করা; শূন্য করা; এক পাত্র থেকে অন্য পাত্রে ঢেলে পাত্র মুক্ত করা। ২ ব্যক্ত করা; প্রকাশ করা। ৩ খুলে ফেলা (কাপড় আজড়ানো)। তুল. **উজাড়**।

আজন্ম *বিণ* যাবজ্জীবন; জন্মমুহূর্ত থেকে; চিরকালীন; আজীবন। ❑ *ক্রিবিণ* ১ জন্মাবধি। ২ যাবজ্জীবন; চিরকাল। [স. আজন্মন্]। **আজন্মকাল** *বি* চিরকাল; যাবজ্জীবন।

আজব, আজায়েব *বিণ* ১ অদ্ভুত; আশ্চর্য; অসাধারণ। ২ অলৌকিক। [আ.]। **আজব-ঘর, আজবখানা, আজায়েবখানা** *বি* যাদুঘর; প্রত্নশালা।

আজম[১] *বি* আরব ব্যতীত অন্যান্য দেশ বা তার অধিবাসী। [আ.]

আজম[২], **আযম** *বিণ* সবচেয়ে বড়; সবচেয়ে মহান। [আ.]

আজরাইল, আযরাইল *বিণ* প্রাণহরণকারী ফেরেশতা; মালেকুল মউত; যম। [আ.]

আজা *বি* (হিন্দু সমাজে ব্যবহৃত) মাতামহ। [স. আর্যক]। **আজি** *স্ত্রী*।

আজাজিল, আযাযীল *বি* শয়তান; ইবলিস। [আ.]

আজাড় *বিণ* ১ শূন্য; খালি; উজাড়। ২ উন্মুক্ত। ❑ *বি* অবসর; ফুরসত।

আজাদ, আযাদ *বিণ* ১ স্বাধীন; মুক্ত। ২ মুক্ত; নিষ্কৃতিপ্রাপ্ত। [ফা.]

আজাদি, আযাদী *বি* মুক্তি; স্বাধীনতা। [ফা.]

আজান, আযান *বি* নামাজ পড়তে আসার জন্য আহ্বান। [আ.]

আজানু *ক্রিবিণ* জানু পর্যন্ত; হাঁটু অবধি। [স. আ+জানু]। **আজানুলম্বিত** *বিণ* জানু বা হাঁটু পর্যন্ত দীর্ঘ।

আজাব, আযাব *বি* ১ শাস্তি; সাজা। ২ গোরশাস্তি; কবর-আজাব। [আ.]

আজার, আযার *বি* ১ দুঃখ; কষ্ট; অসুবিধা। ২ বাত; ফোঁড়া। [ফা.]

আজারি, আযারী *বিণ* ব্যথিত; রুগ্ন। [ফা.]

আজীব *বি* জীবিকা; জীবিকা অর্জনের উপায়; ব্যবসায় (ব্যবহারাজীব=উকিল)।

আজীবন *ক্রিবিণ* যাবজ্জীবন; চিরজীবন; সমগ্র জীবন ব্যেপে (আজীবন চলা)। ❑ *বিণ* ১ জীবনব্যাপী; যাবজ্জীবন। ২ জীবিকা। [আজীব> আজীবন]

আজীব্য, আজীব *বি* ১ উপজীব্য; জীবিকার আশ্রয়। ২ সহায়। [স.]

আজুড়ে, আজাড়ে *বিণ* ১ অত্যধিক; বেহুদা; অকারণ। ২ কর্মহীন, কর্মশূন্য। [ফা. আজার+বা. ইয়া>]

আজুরা, অজুরা *বি* মজুরি; পারিশ্রমিক; বেতন। [আ.]

আজেবাজে *বিণ* অকেজো; বাজে; তুচ্ছ।

আজ্ঞা[১], **আজ্ঞে** *অব্য* মাননীয় ব্যক্তির কথায় সাড়া-জ্ঞাপক বা সম্মতিসূচক (আদেশ করুন) শব্দ।
আজ্ঞা[২] *বি* আদেশ; হুকুম; নির্দেশ। ❑ *অব্য* সম্মতি বা সাড়াজ্ঞাপক ধ্বনি। [সং আ+√জ্ঞা+অ+আ]
আজ্ঞাধীন, আজ্ঞাবহ *বিণ* আদেশপালনকারী; বাধ্য। **আজ্ঞানুবর্তী** *বিণ* আদেশপালক; অনুগত। ❑ *বি* আদেশপালক অনুচর; অনুগামী। **আজ্ঞানুবর্তিতা** *বি*।
আজ্ঞাপত্র, আজ্ঞালিপি *বি* হুকুমনামা; আদেশপত্র।
আঝোড়া *বিণ* ডাল-পালা ছেঁটে ফেলা হয়নি এমন।
আঞ্চলিক *বিণ* স্থানীয়; বিশেষ এলাকা বা স্থান সংক্রান্ত।
আঞ্জনি, আঞ্জুনি *বি* ১ চোখের পাতার ব্রণ। ২ দেহে নীল অঞ্জনের মতো রেখাবিশিষ্ট ক্ষুদ্রকার প্রাণীবিশেষ; গিরগিটি; আঁজনাই। [সং অঞ্জনিকা>]
আঞ্জাম, আনজাম *বি* ১ আয়োজন; ব্যবস্থা; বন্দোবস্ত। ২ সমাপ্তি; নির্বাহ; পালন। ৩ সামগ্রী; দ্রব্যসম্ভার; উপকরণ। [ফা.]
আঞ্জিনে, আঞ্জিনেয় *বি* আঁজনাই; টিকটিকি জাতীয় প্রাণীবিশেষ।
আঞ্জির, আঞ্জীর *বি* ডুমুর জাতীয় সুমিষ্ট ফলের গাছ ও তার ফল; খোবানি; খেজুর। [ফা.]
আঞ্জুমন, আঞ্জুমান *বি* সমিতি; সভা; মজলিস। [ফা.]
আট *বি* ৮ম সংখ্যা। ❑ *বিণ* ৮ সংখ্যক। [সং অষ্ট> আট]। **আটকড়াই, আটকৌড়ে** *বি* হিন্দুসমাজে সন্তান জন্মের অষ্টম দিবসে আট প্রকার কলাই-ভাজা বিতরণ উৎসব। **আটখানা** *বিণ* অস্থির; কুটিকুটি। **আটখানা করা** *ক্রি* টুকরা টুকরা বা খণ্ড খণ্ড করা। **আটখানা হওয়া** *ক্রি* (আল.) অস্থির হওয়া বা ফেটে পড়া (আহ্লাদে আটখানা হওয়া)। **আটঘাট, আটকাঠ, আটকাট** *বি* ১ অষ্টদিক; সকল দিক। ২ সর্ব বিষয়। **আটঘাট বাঁধা** *ক্রি* ১ অষ্টঘাট বা চারদিক বন্ধ করা। ২ (আল.) সকল বাধা বিঘ্নের সম্ভাবনা রোধের চেষ্টা করা। ❑ *বিণ* আট স্বর-গ্রাম বাঁধা। **আটচালি** *বিণ* ঘরের চার চাল এবং চারদিকে ঘেরা বারান্দার চার চাল এরূপ আট চালবিশিষ্ট (আটচালা ঘর)। ❑ *বি* ১ আট চালবিশিষ্ট বড় ঘর। ২ উৎসবাদির জন্য নির্মিত প্রাচীরহীন ঘর বা মণ্ডপ। **আটপৌরে** *বিণ* অষ্টপ্রহর বা সর্বদা ব্যবহারের উপযুক্ত; পোশাকি নয় এমন। **আটপৌরে ভাষা** *বি* চলতি সাধারণ বা সর্বদা ব্যবহারের ভাষা। **আটপ্রহর, আটপহর** *বি* ১ দিনের চার প্রহর ও রাত্রির চার প্রহর (যাম)। ২ সমস্ত দিন ও রাত; সর্বদা; সর্বক্ষণ।
আটক, আটকা *বি* বাধা; প্রতিবন্ধক। ❑ *বিণ* বন্দী; কয়েদ; অবরুদ্ধ। [বা.]। **আটক পড়া, আটকা পড়া** *ক্রি* অবরুদ্ধ হওয়া; বন্দী হওয়া; বাধাপ্রাপ্ত হওয়া। **আটক-পাটক** *বি* বাধাবন্ধন; লাগাম। **আটকা-আটকি** *বিণ* কড়াকড়ি। ❑ *বি* দৃঢ় ব্যবস্থা।
আটকপালে, আটকপালিয়া *বিণ* হতভাগ্য; পোড়াকপালে। **আটকপালি, আটকপালী** *স্ত্রী*।
আটকা-টাটকা *বিণ* টাটকা; তরতাজা।
আটকানো *ক্রি* ১ আবদ্ধ করা; অবরুদ্ধ করা (ফাঁদে আটকানো)। ২ বাধা দেওয়া (জল আটকানো)। ৩ বাধাপ্রাপ্ত হওয়া (কথা আটকানো)। ৪ সাঁটা; সংবদ্ধ করা (দেয়ালে আটকানো)। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।
আটন *বি* ঘরের চালে ব্যবহৃত বাখারিবিশেষ। [বা.]
আটপিঠা, আটপিঠে *বিণ* ১ আষ্টেপৃষ্ঠে; আট দিক দিয়ে শক্ত বা দৃঢ় (বন্ধন)। ২ সর্বপ্রকার শ্রমে সুনিপুণ; সর্বকাজে দক্ষ। ৩ অতিশয় চালাক। ৪ মজবুত; শক্ত-সমর্থ। ৫ কষ্টসহিষ্ণু।
আটা[১] *বি* গমের গুঁড়া; গোধুমচূর্ণ। [বা.]। **আটপেষা করা** *ক্রি* (আল.) হাড় গুঁড়া করে প্রহার করা; বেদম প্রহার করা।
আটা[২] *বি* আট-ফোঁটার তাস।
আটালি, আঠালি *বি* গরু ছাগল প্রভৃতির দেহের পোকাবিশেষ; আঠার মতো লেগে থাকে যে কীট; এঁটুলি। **আটালির মতো লাগা** *ক্রি* (ব্যং) নাছোড়বান্দা হয়ে লেগে থাকা। [বা. আট+আলি> উলি]
আটাশে *বিণ* ১ আট মাসে ভূমিষ্ঠ হয় এমন। ২ দুর্বল; নিস্তেজ (মায়ের আটাশে ছেলে)। [বা. আটমাসিয়া>]
আটেপিঠে, আটেপিটে *অব্য* সর্ব অঙ্গে; সব রকমে (আটেপিঠে দড়)।
আটোপ(ম-বা) *বি* ১ আড়ম্বর; দর্প; গর্ব; দেমাক; অহঙ্কার। ২ প্রভাব; ক্রিয়া। [সং]। **আটোপ টঙ্কার** *বি* অহঙ্কারোক্তি; আস্ফালন।
আঠা, আটা *বি* ১ কাই; লেই; গাঁদ। ২ গাছের চটচটে রস বা নির্যাস। **আটাকাঠি** *বি* পাখি ধরবার জন্য আঠাযুক্ত কাঠি বা দণ্ডবিশেষ। **আঠালো, আটালো** *বিণ* আঠাযুক্ত; চটচটে, এঁটেল।
আড্ডা *বি* ১ আবাস; মিলনকেন্দ্র (চোরের আড্ডা)। ২ বাসস্থান; ঠিকানা (আড্ডা গাড়া)। ৩ মজলিস; বৈঠক (তাসের আড্ডা)। ৪ ভাড়ার গাড়ি দাঁড়াবার জায়গা (রিকসার আড্ডা)। ৫ সরাই; চটি। [বা. আড্ডা; দ্রাবিড় শব্দ। তুল. হি. অড্ডা]। **আড্ডা গাড়া** *ক্রি* বাসস্থান তৈরি করা বা বাসা বাঁধা (হাঁসেরা এসে আড্ডা গেড়ে বসল—অবনীন্দ্র)। তুল. **ডেরা**। **আড্ডা জমানো** *ক্রি* খোশগল্প করা। **আড্ডা দেওয়া, আড্ডা মারা** *ক্রি* ১ আড্ডায় যোগ দেওয়া। ২ দলবদ্ধ হয়ে আমোদ-স্ফূর্তি করা। **আড্ডাধারী** *বি* আড্ডা বা দলের প্রধান ব্যক্তি। ❑ *বিণ* আড্ডায় বহু সময় কাটায় এমন। **আড্ডাবাজ** *বিণ* আড্ডা বা খোশগল্পে অধিক সময় কাটায় এমন।
আড়[১] *বি* আড়াল; অন্তরাল।
আড়[২] *বিণ* ১ তির্যক; বাঁকা; তেরছা। ২ অর্ধেক; আধ (আড় পাগলা)। [সং > অর্ধ> অড্‌ঢ> আঢ> আড়]। **আড়কালা** *বিণ* এক কানে শোনে না এমন; আধকালা। **আড়কোলা** *বি* পিঠ ও জানুদ্বয়ের নিচে ধরে কোলে করবার অবস্থা। **আড়চোখ, আড়নয়ন** *বি* বাঁকা দৃষ্টি; চোরা কটাক্ষ। **আড়পাগলা** *বিণ* আধপাগলা; ক্ষেপাটে। **আড়বাঁশি** *বি* আড়ভাবে ধরে নিচের ঠোঁটে লাগিয়ে ফুঁ দিয়ে বাজানো হয় যে বাঁশি; মুরলী। **আড়বুঝ, আড়বুঝা, আড়বুঝো** *বিণ* ১ বিপরীত বুদ্ধি; বাঁকা বুদ্ধি; উল্টা বোঝে এমন। ২ গোঁয়ার; একগুঁয়ে। **আড় ভাঙা** *ক্রি* সোজা করা। ❑ *বি* জড়তা বা আলস্য ভাঙা। **আড়মোড়া ভাঙা** *ক্রি* জড়তা দূর করা; আলস্য ভাঙা।
আড়[৩] *বি* ১ প্রস্থ ও চওড়া (আড়ে তিন মাইল)। ২ জড়তা; আড়ষ্টতা (জিহ্বার আড়)। ৩ পার্শ্ব পাশ। ৪ কাপড় রাখবার দণ্ড; দাঁড়। [বা.]। **আড়কাঠ, আড়কাঠা** *বি* কড়িকাঠ; ছাদ বা চালের নিচের প্রস্থের কাঠ। **আড়খেয়া** *বি*

সরাসরি পারাপারের ছোট খেয়াবিশেষ। **আড়পার** *বি* অপর তীর; পরপার। **আড়ে** *ক্রিবিণ* প্রস্থের দিকে।

আড়ং, আড়ঙ্গ *বি* ১ হাট; গঞ্জ; ক্রয়-বিক্রয়ের প্রধান স্থান। ২ মেলা। ৩ কারখানা। ৪ গোলাঘর। [ফা. আওরংগ্>আড়ং]। **আড়ংঘাটা** *বি* নৌকায় আরোহণ করবার স্থান বা ঘাট। **আড়ংছাটা** *বিণ* বিক্রয়ের জন্যে ছাঁটা; সাধারণভাবে পরিষ্কৃত; ঢেঁকি-ছাঁটা নয় এমন। **আড়ংধোপ, আড়ংধোলাই** *বি* কোরা কাপড়ের রং ও মাড় উঠিয়ে সাদাকরণ।

আড়কাঠি, আরকাটি *বি* ১ কুলি বা মজুর সংগ্রাহক; কুলির ঠিকাদার। ২ কর্ণধার; বন্দরের নিকটবর্তী নদীতে বা মোহনায় অপ্রশস্ত পথে জাহাজ চালনাকারী; pilot। ৩ মাকু; বস্ত্র বয়নের উপকরণবিশেষ। ৪ কেন্দ্র; উপলক্ষ।

আড়গড়া, আড়গাড়া *বি* ১ কাঠগড়া; বেষ্টিত স্থান; বেষ্টন। ২ আস্তাবল; ঘোড়ার গাড়ির আড্ডা। [হি.]

আড়ত, আড়ৎ *বি* ক্রয়-বিক্রয়ের বড় কেন্দ্র; কারবারের স্থান; গঞ্জ; গোলা; depot। (তুল. হি. আড়ৎ>)। **আড়তদার** *বি* যে অন্যের মাল নিজের গোলায় রাখে এবং দালালি বা কমিশন নিয়ে বিক্রি করে দেয়। **আড়তদারি** *বি* ১ আড়তদারের ব্যবসায় বা পেশা। ২ আড়তদারের দস্তুরি বা কমিশন। ❑ *বিণ* আড়তদারের পেশা বা দস্তুরি বা কমিশন সংক্রান্ত।

আড়ম্বর *বি* ১ জাঁকজমক; সমারোহ; ঘটা; শান-শওকত। ২ বাহুল্য; আতিশয্য। ৩ মেঘগর্জন। ৪ রণবাদ্য। ৫ গর্ব; অহঙ্কার। [স.]

আড়ষ্ট *বিণ* ১ অসাড়; অবশ; জড়তুল্য। ২ অসচ্ছল; সঙ্কুচিত। ৩ নমনীয়তাবর্জিত। [স. আকৃষ্ট>]

আড়া, আড়ি[১] *বি* ১ পরিমাপবিশেষ; ধানের মাপবিশেষ। ২ বাঁশ বা বেত নির্মিত পাত্র; ধামা। [স. আঢ়ক>]

আড়াআড়ি *বিণ* প্রস্থের দিকে স্থিত; বাঁকা করে রক্ষিত। ❑ *ক্রিবিণ* কোনাকুনি; আড়ভাবে; বাঁকা করে। ❑ *বি* ১ প্রতিযোগিতা; প্রতিদ্বন্দ্বিতা। ২ শত্রুতা; পরস্পর হিংসাসুলভ মনোভাব।

আড়াই *বিণ* দুই এবং আধ; ২½। [স. অর্ধতৃতীয়>]

আড়ানা *বি* রাগিণীবিশেষ।

আড়ানি, আড়ানী(ম-বা) *বি* ১ বড় ছাতা। ২ বড়ো পাখা; টানাপাখা। ৩ চন্দ্রাতপ। ৪ লাউ-কুমড়ার জাংলা। [বা.]

আড়াল *বি* ১ অন্তরাল; পর্দা; আবরণ। ২ গোপন; ব্যবধান। [স. অন্তরাল>]

আড়াসি *বি* আড়ি; গোপনে শ্রবণ বা দর্শনের জন্য অন্তরালে অপেক্ষা। [বা.]

আড়ি[২] *বি* ১ অভিমান; বাক্যালাপ বন্ধ। ২ বিবাদ; শত্রুতা; ঝগড়া। ৩ আক্রোশ; ক্রোধ। ৪ আড়াল। [স. অন্তরাল>]। **আড়ি দেওয়া** *ক্রি* প্রতিযোগিতা বা বিবাদ করা। **আড়ি ধরা, আড়ি বাঁধা** *ক্রি* গোঁ ধরা। **আড়ি পাতা, আড়ি মারা** *ক্রি* (আল.) আড়াল থেকে গোপনে অন্যের কথা শোনা। **আড়ি ভাঙা** *ক্রি* ১ অভিমান দূর হওয়া; অসদ্ভাব শেষ হওয়া। ২ আলস্য ভাঙা।

আড়ুলি, আড়ুরি(ম-বা) *বি* নদীর উচ্চ পাড়।

আড়ে *ক্রিবিণ* আড়ালে। [বা.]। **আড়ে-ওড়ে** *ক্রিবিণ* আড়ালে আবডালে। **আড়ে-গেলা** *ক্রি* না চিবিয়ে তাড়াতাড়ি খাওয়া। **আড়ে-দিঘে** *ক্রিবিণ* লম্বায় চওড়ায়; দৈর্ঘ্যে প্রস্থে। **আড়ে হাতে** *ক্রিবিণ* ১ অত্যন্ত উৎসাহের সাথে; উদ্যমের সাথে (আড়ে হাতে কাজে লাগা)। ২ সজোরে (আড়ে হাতে ঘা দেওয়া)।

আঢাকা *বিণ* খোলা; অনাবৃত; অনাচ্ছাদিত। [বা.]

আঢুল *বিণ* তন্দ্রালস; ঢুলুঢুলু। [বা.]

আঢ্য *বিণ* ১ ধনী; সমৃদ্ধ; সম্পদশালী। ২ সম্পন্ন; যুক্ত (ধনাঢ্য)। [স. আ+√ধ্যৈ+অ]

আঢ়ক *বি* ১ মাপ বা পরিমাণবিশেষ। ২ শালি ধান; সরু হৈমন্তিক ধান। (তুল. আড়ি; দুই মণ ১৬ সের পরিমাণ]

আণবিক, আণব *বিণ* ১ অণুসংক্রান্ত; অণুসম্বন্ধীয়; molecular। ২ পরমাণু সংক্রান্ত; atomic। [স. অণু+অ+ইক]। **আণবিক বোমা** *বি* অণুশক্তিবিশিষ্ট মারণাস্ত্রবিশেষ; অ্যাটম বোম।

আণ্ডা *বি* অণ্ড; ডিম। [স. অণ্ড>]। **আণ্ডা বাচ্চা** *বি* ১ গর্ভস্থ ও ক্রোড়স্থ সন্তান। ২ ছোট ছেলেপুলে।

আণ্ডিল, আণ্ডীল *বি* স্তূপ; টাল। ❑ *বিণ* বহু টাকার মালিক; মহাধনী। [স. আণ্ডরী>]

আতঙ্ক *বি* ভয়; শঙ্কা; ত্রাস। [স. আ+√তন্‌ক্‌+অ]। **আতঙ্কিত** *বিণ* ১ ভীত; সন্ত্রস্ত; শঙ্কিত। ২ ভয়জড়িত; শঙ্কামিশ্রিত।

আততায়ী(-য়িন্) *বি, বিণ* ১ প্রাণনাশের উদ্দেশ্যে আক্রমণকারী বা আঘাতকারী। ২ গোপনে প্রাণনাশকারী। ❑ *বি* শত্রু; রিপু। [স. আতত+√ই+ঈন]। **আততায়িতা** *বি*।

আতপ *বি* রৌদ্র; সূর্যকিরণ। **আতপক্লান্ত** *বিণ* রৌদ্রের উত্তাপে পরিশ্রান্ত। **আতপ চাল** *বি* আলো চাল।

আতর *বি* পুষ্পসার; ফুলের নির্যাস; সুগন্ধি। [আ. 'ঈত্‌র]। **আতরদান, আতরদানি** *বি* আতর রাখবার পাত্র।

আতরাফ *বি* ১ নিম্ন সমাজের বা বংশের লোক। ২ অঞ্চল; আশপাশ। ❑ *বিণ* নিম্ন সমাজস্থ; নীচ বংশীয়। [আ.]

আতশ, আতস *বিণ* আগুন; অগ্নি। ❑ *বি* ১ হাউই; তুবড়ি। ২ উত্তাপ। ৩ হাউয়ের মতো; তুবড়ির ন্যায়। [ফা. আতিশ]। **আতশপরস্ত** *বি, বিণ* অগ্নিপূজক। **আতশবাজি** *বি* ১ তুবড়ি হাউই পটকা প্রভৃতি বাজি; fireworks। ২ আগুনের খেলা। **আতশি, আতসী** *বিণ* অগ্নিময়; আগ্নেয়। **আতশি কাচ** *বি* সূর্যের কিরণ কেন্দ্রভূত করে অগ্নি উৎপাদনকারী কাচবিশেষ।

আতা *বি* সুমিষ্ট ফলবিশেষ। [পো. ata]

আতিথেয়তা *বি* অতিথিসেবা; অতিথিসৎকার। [অতিথি+এয়+তা]

আতিথ্য *বি* অতিথিসেবা; অতিথি-সৎকার। [স. অতিথি+য]

আতিপাতি, আঁতিপাতি *ক্রিবিণ* তন্ন তন্ন করে; পুঙ্খানুপুঙ্খরূপে। [বা.]

আতিবিতি *ক্রিবিণ* শশব্যস্তে; আস্তেব্যস্তে; অতি সত্বর; তাড়াতাড়ি। [স. আস্তেব্যস্তে>]

আ-তু *অব্য* কুকুরকে ডাকবার সঙ্কেতবিশেষ; কুকুর আহ্বানের ধ্বনি। [বা.]

আতুর *বিণ* ১ রুগ্ন; পঙ্গু। ২ কাতর; আর্ত। ৩ অভিভূত (শোকাতুর)। [স. আ+√তুর্+অ]। **আতুরাশ্রম, আতুরনিবাস, আতুরালয়** *বি* আর্ত পীড়িতদের বিনামূল্যে থাকবার স্থান।

আত্তীকরণ *বি*১ অঙ্গীভূতকরণ; স্বীকরণ; assimilation। ২ অধিভুক্তকরণ; অন্তর্ভুক্তকরণ (চাকরিতে আত্তীকরণ); absorption।

আত্ম(–আত্মন্) *বিণ* আপনার; নিজের; স্বীয়; নিজ সম্বন্ধীয়। ❑ *বি* আপন; স্ব; নিজ। **আত্মকলহ** *বি*১ নিজের মধ্যে ঝগড়া; স্বজন–বিরোধ। ২ গৃহবিবাদ। **আত্মকৃত** *বিণ* নিজের হাতে সম্পন্ন; স্বকৃত। **আত্মগত** *বিণ*১ আত্মনিষ্ঠ। ২ নিজ আয়ত্তভুক্ত; স্বগত। **আত্মগরিমা, আত্মগর্ব, আত্মগৌরব** *বি* অহঙ্কার; দেমাগ। **আত্মগোপন, আত্মগুপ্তি** *বি* ১ লুকিয়ে অবস্থান; গা ঢাকা দেওয়া। ২ নিজের মনোভাব প্রকাশ না করা। **আত্মগ্লানি** *বি* নিজের উপর ক্ষোভ বা ধিক্কার; অনুতাপ; অনুশোচনা। **আত্মঘাত** *বি*১ আত্মহত্যা; নিজেই নিজের প্রাণনাশ করা। ২ নিজেই নিজের অনিষ্ট সাধন। **আত্মঘাতক, আত্মঘাতী**(–তিন্), **আত্মঘাতিকা, আত্মঘাতিনী** *বিণ স্ত্রী*। **আত্মঘ্ন** *বিণ* নিজেই নিজের প্রাণ নাশকারী। **আত্মচিন্তা** *বি* নিজের ভালো–মন্দ সম্বন্ধে চিন্তা। **আত্মচৈতন্য** *বি* আত্মজ্ঞান; আত্মবোধ। **আত্মজ** *বি* পুত্র। **আত্মজা** *স্ত্রী*। **আত্মজীবনী** *বি* নিজের লেখা জীবনকাহিনী। **আত্মজৈবনিক** *বিণ* আত্মজীবনীমূলক; স্বীয় জীবন সম্বন্ধীয়। **আত্মজ্ঞান, আত্মতত্ত্ব** *বি* ১ আত্মা বা পরমাত্মা সম্বন্ধীয় জ্ঞান। ২ অধ্যাত্ম বিদ্যা বা দর্শন। **আত্মতুল্য** *বিণ* নিজের মতো; আপনার সমান। **আত্মতুষ্ট, আত্মতৃপ্ত** *বিণ*। **আত্মতুষ্টি, আত্মতৃপ্তি** *বি* নিজের সন্তোষ; আত্মসুখ। **আত্মত্যাগ** *বি* ১ নিজের প্রাণ উৎসর্গ। ২ পরের মঙ্গলের জন্য স্বার্থ ত্যাগ করা। **আত্মত্যাগী**(–গিন্) *বিণ*। **আত্মত্রাণ** *বি* নিজকে বিপদ থেকে বাঁচানো; আত্মরক্ষা। **আত্মদমন** *বি* ১ আত্মসংযম। ২ ইন্দ্রিয় দমন। **আত্মদর্শন** *বি*১ আপন দোষগুণ পরীক্ষা; আত্মপরীক্ষা। ২ নিজ আত্মার স্বরূপ বোধ। **আত্মদর্শী**(–র্শিন্) *বিণ* আত্মদর্শনকারী। **আত্মদর্শিনী** *স্ত্রী*। **আত্মদান, আত্মবলি, আত্মবলিদান** *বি* অন্যের উপকারার্থে নিজের জীবনদান; নিজের প্রাণ উৎসর্গকরণ। **আত্মদ্রোহী**(–হিন্) *বিণ* ১ নিজের অনিষ্টকারী; আত্মপীড়ক। ২ গৃহশত্রু। **আত্মদ্রোহিণী** *স্ত্রী*। **আত্মদ্রোহিতা** *বি*। **আত্মনিগ্রহ** *বি*১ আত্মদমন; আত্মসংযম। ২ আত্মপীড়ন; আত্মশাসন। **আত্মনির্ভর** *বি* নিজের উপর ভরসা; স্বাবলম্বন। ❑ *বিণ* আত্মনির্ভরশীল। **আত্মপর** *বি*১ আপনজন ও অপর; আপন ও পর। ২ স্বপক্ষ ও বিপক্ষ; শত্রু–মিত্র। **আত্মপরায়ণ** *বিণ* স্বার্থপর। **আত্মপরায়ণা** *স্ত্রী*। **আত্মপরিচয়** *বি* নিজের পরিচয়; কোনো মানব-গোষ্ঠীর জাতিগত পরিচয়। **আত্মপ্রতারণা, আত্মপ্রবঞ্চন, আত্মপ্রবঞ্চনা** *বি* আত্মবঞ্চনা; নিজেকে ভুল বোঝানো; নিজেকে ঠকানো বা ফাঁকি দেওয়া। **আত্মপ্রতারক** *বিণ*। **আত্মপ্রত্যয়** *বি* নিজের শক্তির উপর আস্থা; আত্মবিশ্বাস। **আত্মপ্রত্যয়শীল, আত্মপ্রত্যয়ী** *বিণ*। **আত্মপ্রশংসা** *বি* নিজেই নিজের সুখ্যাতিকরণ; আত্মশ্লাঘা। **আত্মপ্রসাদ** *বি* নিজের মনে অনুভূত আনন্দ বা তৃপ্তি। **আত্মবৎ** *বিণ* নিজের মতো; আপনার ন্যায়। **আত্মবিকাশ** *বি* আত্মপ্রকাশ; অন্তর্নিহিত শক্তি বা গুণের স্ফুরণ। **আত্মবিক্রয়** *বি* অন্যের নিকট নিজের পূর্ণ বশ্যতা স্বীকার। **আত্মবিরোধ** *বি*১ আপন মতের বিরুদ্ধে মত; আত্মদ্রোহ। ২ নিজের লোকের সঙ্গে কলহ; গৃহবিবাদ। **আত্মবিলোপ** *বি*১ আপনার প্রাধান্যের বা কর্তৃত্বের চিহ্ন লোপ। ২ আত্মগোপন। **আত্মবিশ্বাস** *বি*স্বীয় শক্তি সামর্থ্য ও জ্ঞান বুদ্ধির উপর আস্থা; আত্মপ্রত্যয়। **আত্মবিসর্জন** *বি* আত্মত্যাগ; জীবনদান। **আত্মবিস্মৃত** *বিণ*১ আপন–ভোলা; তন্ময়; নিজের প্রকৃত অবস্থা ভুলে গেছে এমন। ২ আপনশক্তি সম্বন্ধে অচেতন এমন। **আত্মমর্যাদা, আত্মসম্মান, আত্মসম্ভ্রম, আত্মমান** *বি*আপনার মান; নিজের প্রতি শ্রদ্ধা; আত্মগৌরব। **আত্মম্ভরি** *বিণ* অহঙ্কারী; দাম্ভিক। **আত্মরক্ষণ, আত্মরক্ষা** *বি*অনিষ্ট থেকে নিজের দেহ–প্রাণ ও মান–মর্যাদা রক্ষা। **আত্মশক্তি** *বি* নিজের ক্ষমতা; স্বীয় বল; আপন সামর্থ্য। **আত্মশাসন** *বি*নিজেকে দমন; আপন রিপুগণকে বশে আনয়ন; জিতেন্দ্রিয়তা। **আত্মশুদ্ধি, আত্মশোধন** *বি* চিত্তশোধন; তওবা; অনুশোচনা ও কাফ্‌ফারা দ্বারা আপন দোষ বা পাপ খণ্ডন। **আত্মশ্লাঘা** *বি*নিজের মুখে নিজের তারিফ; আত্মপ্রশংসা। **আত্মসংবরণ, আত্মসম্বরণ** *বি* আত্মদমন; নিজের ভাবাবেগ নিরোধ। **আত্মসমর্পণ** *বি*১ আপনাকে অন্যের হাতে সম্পূর্ণরূপে ছেড়ে দেওয়া। ২ অস্ত্রাদি ত্যাগ করে বিপক্ষের অধীনতা বা বশ্যতা স্বীকার। **আত্মসর্বস্ব** *বিণ* স্বার্থপর। **আত্মসাৎ** *অব্য* অন্যায়ভাবে নিজের আয়ত্ত বা হস্তগত। **আত্মস্থ** *বিণ* ১ প্রকৃতিস্থ। ২ আত্মনিষ্ঠ; আত্মগত। **আত্মহত্যা, আত্মহনন** *বি* ১ আত্মনাশ; আত্মঘাত; স্বেচ্ছায় নিজের প্রাণনাশ। ২ নিজের বড় রকমের অনিষ্ট সাধন। **আত্মহারা** *বিণ* ১ আত্মবিস্মৃত; আত্মভোলা। ২ তন্ময়। ৩ বিহ্বল।

আত্মা, আত্ম (বিরল) *বি*১ প্রাণীদেহে ব্যাপৃত চৈতন্যময় সত্তা; প্রাণ; জীবাত্মা; নফ্‌স। ২ স্বভাব; হৃদয়। ৩ স্বয়ং; নিজ। ৪ পরমাত্মা; রুহ্। ৫ শরীর। [স. আত্মন্]

আত্মাবমাননা *বি*আত্মার অবমাননা; নিজের অসম্মান। [স. আত্ম+অবমাননা]

আত্মাবলম্বী(–বিন্) *বিণ* স্বাবলম্বী; আত্মনির্ভরশীল। **আত্মাবলম্বিনী** *স্ত্রী*। **আত্মাবলম্বিতা** *বি*।

আত্মাভিমান *বি* অহঙ্কার; অহমিকা। [স. আত্ম+অভিমান]। **আত্মাভিমানী**(–নিন্) *বিণ*। **আত্মাভিমানিনী** *স্ত্রী*।

আত্মারাম *বি* আত্মা; প্রাণপাখি। ❑ *বিণ* সন্তুষ্টচিত্ত; আত্মজ্ঞান লাভে তৃপ্ত। [স. আত্ম+আরাম]

আত্মাহুতি *বি* জান কোরবানি; আত্মবিসর্জন। [স. আত্ম+আহুতি]

আত্মীকরণ=আত্তীকরণ।

আত্মীয় *বি* স্বজন; জ্ঞাতি; কুটুম্ব। [স.]

আত্মোৎকর্ষ *বি*১ নিজের আত্মার উন্নতি বা শ্রীবৃদ্ধি। ২ স্বীয় গুণপনার সমৃদ্ধি। [স. আত্ম+উৎকর্ষ]

আত্মোৎসর্গ *বি*১ আত্মত্যাগ; নিজ জীবন দান। ২ সুখ বা স্বার্থ বিসর্জন। ৩ সম্যকভাবে আত্মনিয়োগ। [স. আত্ম+উৎসর্গ]

আত্মোদরপূর্তি *বি* নিজের পেট পূরণ; নিজের স্বার্থসিদ্ধি। [স. আত্ম+উদর+পূর্তি]

আত্মোপকার *বি* নিজের উপকার; আপনার মঙ্গল। [স. আত্ম+উপকার]

আত্মোপম *বিণ* নিজের মতো; স্বসদৃশ। [স.

আত্মন্+উপমা]। **আত্মোপমা** *বি*।
আত্যন্তিক *বিণ* ১ অতিরিক্ত; অত্যধিক; অত্যন্ত। ২ যৎপরোনাস্তি; অশেষ। **আত্যন্তিকতা** *বি*।
আথাল *বি* গোশালা; গোয়ালঘর।
আথালি পাথালি *ক্রিবিণ* এলোমেলো; এখানে-সেখানে; ইতস্তত; সর্বত্র; নির্বিচারে। [স. অস্থল-প্রস্থল>]
আদত, আদৎ *বি* ১ আসল; সত্য; মূল (কথা)। ২ আচার; রীতি; ধরন। ৩ স্বভাব; অভ্যাস। [আ. আদৎ]
আদনা *বিণ* ১ নীচ। ২ সামান্য; তুচ্ছ। [আ. আদ্না]
আদপে, আদবে *ক্রিবিণ* ১ আদৌ; একেবারেই; মোটেই। ২ আসলে; মূলে। [স. আদৌ>]
আদব *বি* শিষ্টাচার; ভদ্রতা; বিনয়; নম্রতা; আচরণ বা ব্যবহার রীতিপদ্ধতি। [আ. আদব]। **আদব-কায়দা, আদব-কায়দা দুরস্ত/ দোরস্ত** *বিণ* ১ আদব-কায়দায় সুশিক্ষিত বা অভ্যস্ত। ২ শিষ্টাচারসম্মত। **আদব-তমিজ** *বি* ১ ভদ্র সমাজের রীতি-পদ্ধতি। ২ ভদ্র ব্যবহার; শিষ্টাচার। **আদবে** *ক্রিবিণ* বিনয়ের সাথে; নম্রতার সাথে। **আদবের খেলাফ, আদবের বরখেলাফ** *বি* শিষ্টাচার লঙ্ঘন। ❑ *বিণ* শিষ্টাচার বহির্ভূত; ভদ্রতাবিরুদ্ধ।
আদম *বি* ১ ইসলাম, খ্রিস্টান ও ইহুদি ধর্মমতে সর্বপ্রথম সৃষ্ট মানুষ। ২ মানুষ। [আ. আদম]। **আদমখোর** *বিণ* নরখাদক। **আদমশুমারি** *বি* লোকগণনা; census।
আদমসুরাত, আদম-ছুরাত *বি* মানবাকৃতিবিশিষ্ট নক্ষত্রপুঞ্জ; কালপুরুষ। [আ.]
আদমি *বি* আদমসন্তান; মানুষ; লোক; ব্যক্তি।
আদর *বি* ১ যত্ন; খাতির। ২ সম্মান; মর্যাদা; কদর। ৩ স্নেহ; প্রীতি; সোহাগ। ৪ ভক্তি; শ্রদ্ধা। ৫ অনুরাগ। [স. আ+√দৃ+অ]। **আদর-অভ্যর্থনা** *বি* সমাদর ও যত্ন; খাতির ও তোয়াজ। **আদর-আপ্যায়ন** *বি* সমাদর ও সন্তোষ বিধান। **আদর করা** *ক্রি* স্নেহ করা; সোহাগ করা; যত্ন করা। **আদরণীয়** *বিণ* ১ আদরের যোগ্য। ২ মাননীয়; শ্রদ্ধেয়। ৩ গ্রহণযোগ্য। **আদরিণী** *বিণ স্ত্রী.* স্নেহ আদরের পাত্রী; সমাদরের যোগ্যা; সোহাগিনী।
আদর্শ *বি* ১ অনুকরণযোগ্য শ্রেষ্ঠ বিষয়। ২ নমুনা; দৃষ্টান্ত। ৩ আয়না; দর্পণ। [স. আ+√দৃশ্+অ]। **আদর্শবাদ** *বি* উচ্চ আদর্শ ও নীতি দ্বারা জীবন নিয়ন্ত্রিত করবার মতবাদ। **আদর্শলিপি** *বি* প্রাথমিক শিক্ষার্থীরা যে লিপি অনুসারে লিখতে শিক্ষা করে। **আদর্শস্থানীয়** *বিণ* আদর্শ হবার যোগ্য; অনুকরণীয়।
আদল *বি* ১ সাদৃশ্য; অবয়বের মিল। ২ গঠন; আকৃতি। [স. আদর্শ>]
আদা *বি* আদ্রক; ঝাঁজবিশিষ্ট এক প্রকার মূল। [স. আর্দ্রক>]। **আদাজল খেয়ে লাগা** *ক্রি* নাছোড়বান্দা হয়ে লাগা; দৃঢ় সংকল্প করা; মরিয়া হয়ে লাগা। **আদায় কাঁচকলায়** *বিণ* বিরুদ্ধ স্বভাবযুক্ত; পরস্পর শত্রুভাবাপন্ন; সাপে-নেউলে। **আদার ব্যাপারি** *বি* (আল.) নগণ্য লোক; ছোট কারবারি। **আদার ব্যাপারি হয়ে জাহাজের খবর নেওয়া** নিজের সামর্থ্যের বাইরে কাজ করতে যাওয়া (আদার ব্যাপারির জাহাজের খবরে কাজ কি?)।
আদাওত, আদাওতি *বি* শত্রুতা; বৈরভাব; দ্বেষাদ্বেষি। [আ.]
আদাগা *বিণ* দাগ দেওয়া হয়নি এমন; দাগা হয়নি এমন; অচিহ্নিত। [বা.]
আদান *বি* ১ গ্রহণ; লওয়া। ২ প্রতিগ্রহ। [স. আ+দান]। **আদত্ত** *বিণ*। **আদান-প্রদান** *বি* ১ দান ও গ্রহণ; দেওয়া-নেওয়া; বিনিময়। ২ সম্বন্ধ স্থাপন; কন্যাদান ও গ্রহণ। ৩ সামাজিক ব্যবহার।
আদাব *বি* সালাম; অভিবাদন। [আ.]। **আদাব তসলিমাত** *বি* সালাম বা অভিবাদনাদি।
আদায় *বি* ১ উসুল; গ্রহণ (খাজনা আদায় করা)। ২ লাভ সংগ্রহ। ৩ পরিশোধ (দেনা আদায় করা)। ৪ সম্পাদন; সাধন (নামাজ আদায় করা)। [আ. আদা]। **আদায়-উসুল করা** *ক্রি* আদায় করে জমা খরচের হিসাব লেখা।
আদালত *বি* বিচারালয়; কাছারি; কোর্ট (দেওয়ানি আদালত)। [আ. আদালত]। **আদালত করা** *ক্রি* মোকদ্দমা দায়ের করা। **আদালত খরচা** *বি* মোকদ্দমা সংক্রান্ত খরচপত্র। **আদালতি** *বিণ* ১ আদালত সম্বন্ধীয়। ২ ঢিমে তেতালা; দীর্ঘসূত্রী; বেশি ভোগায় এমন।
আদি *বি* ১ প্রথম; প্রারম্ভ; শুরু। ২ হেতু; কারণ। ৩ উৎপত্তি; উৎপত্তিস্থান। ৪ প্রভৃতি, ইত্যাদি। ৫ মূল। ❑ *বিণ* পূর্ব; পুরা; প্রাচীন (আদিকাল)। [স. আ+√দা+ই]। **আদিকবি** *বি* বাল্মীকি। **আদিকারণ** *বি* মূল কারণ। **আদি পুরুষ** *বি* কোনো বংশের প্রথম পুরুষ; বংশপ্রবর্তক; পূর্বপুরুষ। **আদিবাসী(-সিন্)** *বি* আদিম জাতি বা অধিবাসী। **আদিমানব** *বি* আদম; কুরআন ও বাইবেল অনুসারে প্রথম সৃষ্ট মানব। **আদিরস** *বি* অলঙ্কার শাস্ত্রোক্ত নয় রসের প্রথম রস; শৃঙ্গার রস; কাম-প্রেমবিষয়ক রস। **আদিরসাত্মক** *বিণ*।
আদিখ্যেতা, আধিখ্যেতা *বি* ১ ভান; ন্যাকামি। ২ বাড়াবাড়ি; আতিশয্য। [আঞ্চলিক; স. আধিক্য/ অদীক্ষিত+ইথা>]
আদিত্য *বি* ১ সূর্য। ২ কশ্যপপত্নী অদিতির গর্ভজাত দ্বাদশ পুত্র। [স. অদিতি+য]। ৩ কায়স্থের কুল-উপাধিবিশেষ (আদিত্য>আইচ)। ৪ অর্ক বা আদিত্য গাছ; আকন্দ গাছ।
আদিম *বিণ* ১ প্রথম; আদ্য। ২ অতি প্রাচীন; পুরাকালীন। [স. আদি+ম]। **আদিমতা, আদিমত্ব** *বি*।
আদিষ্ট *বিণ* ১ আদেশ দেওয়া হয়েছে এমন; আজ্ঞাপ্রাপ্ত; উপদিষ্ট। ২ নিয়োজিত। [স. আ+√দিশ্+ত]। **আদিষ্টা** *স্ত্রী.*।
আদুরে, আদুরিয়া *বিণ* ১ অতি আদরের; প্রচুর আদর পেয়ে থাকে এমন। ২ বেশি আদরের দরুন খারাপ হয়ে যাচ্ছে এমন। [স. আদর+বা. ইয়া>অদুরে]। **আদুরি, আদুরী** *স্ত্রী.*। **আদুরে কথা** *বি* আধ-আধ কথা। **আদুরে গোপাল** *বি* অতিরিক্ত আদরে লালিত-পালিত বালক।
আদুল, আদুর *বিণ* ১ অনাবৃত; উন্মুক্ত, উদম; খোলা। ২ নগ্ন। ৩ *বিণ* আলুলায়িত; অবিন্যস্ত। [বা. 'আদুল' (ল=র=ড়)]
আদৃত *বিণ* ১ সমাদৃত; আদর করা হয়েছে এমন। ২ সম্মানিত; অভিনন্দিত। ৩ আগ্রহের সাথে গৃহীত।
আদেখলা, আদেখলে *বিণ* ১ পাওয়ার/ দেখার জন্য এতো ব্যগ্র যে মনে হয় পূর্বে কখনো কোনো ভালো জিনিস ভোগ করেনি বা দেখে নি। ২ অতি লোভী। ৩ পেটুক। ৪ হ্যাংলা। [বা. আ (নঞর্থক)+দেখ+লা (সাদৃশ্যার্থক)]।

আদেখলাপনা, আদেখলেপনা *বি*।

আদেশ *বি* ১ হুকুম; আজ্ঞা। ২ অনুমতি। ৩ উপদেশ। ৪ অনুশাসন; বিধি। ৫ নিয়োগ। ৬ (ব্যা.) এক বর্ণের স্থানে অন্য বর্ণের উৎপত্তি। [সং. আ+√দিশ্+অ]। **আদেষ্টা, আদেশদাতা** *বিণ* হুকুম দেয় এমন; আদেশদানকারী। **আদেশপত্র** *বি* হুকুমনামা; সমন। **আদেশ লঙ্ঘন** *বি* হুকুম অমান্যকরণ; অবাধ্যতা। **আদেশানুবর্তী**(-তিন্) *বিণ* হুকুম পালনকারী; আদেশমতো কার্যকারী।

আদেষ্টা(-ষ্টৃ) *বি, বিণ* ১ আদেশকর্তা; আদেশদানকারী। ২ উপদেশক। ৩ শাসনকর্তা। **আদেষ্ট্রী** *স্ত্রী.*।

আদৌ *অব্য, ক্রিবিণ* ১ মোটেই; একেবারেই; আদপে। ২ আদিতে; প্রথমে; আগে। [সং. 'আদি' শব্দের সপ্তমীর একবচনে 'আদৌ']

আদ্দি, আদ্ধি *বি* কার্পাস সুতায় তৈরি সূক্ষ্ম বস্ত্র-বিশেষ। (ঢাকার প্রাচীন মসলিন কাপড়ের 'আধি' >আদ্দি নামক শ্রেণী)। [সং. আর্ধিক; হি. আধি]

আদ্দেক *বি* অর্ধেক; অর্ধাংশ। [আঞ্চলিক; সং. অর্ধেক>]

আদ্য, আদ্যি *বিণ* প্রথম; আদিম; আদিভূত। **আদ্যকৃত** *বি* ১ প্রথম করণীয় কাজ। ২ হিন্দুদের আদ্যশ্রাদ্ধ। **আদ্যন্ত** *বিণ, ক্রিবিণ* প্রথম থেকে শেষ পর্যন্ত; আগাগোড়া; সমস্ত। ❑*বি* প্রথম ও শেষ; আদি ও অন্ত। **আদ্যপান্ত** *ক্রিবিণ* পূর্বাপর; আগাগোড়া; আদি-অন্ত। **আদ্যরস** *বি* অলঙ্কার শাস্ত্রের প্রথম রস; আদিরস। **আদ্যশ্রাদ্ধ** *বি* হিন্দু-সমাজে প্রচলিত মৃতের উদ্দেশ্যে প্রথম শ্রাদ্ধ। **আদ্যিকালের বদ্যিবুড়ো** *বি* রোগের নিদানদাতা অত্যন্ত প্রাচীন বা অভিজ্ঞ ব্যক্তি।

আদ্যা *বিণ স্ত্রী.* ১ আদিভূতা। ২ প্রকৃতি। ৩ পরমেশ্বরী। ৪ মহাবিদ্যা; দুর্গা; কালী, মহামায়া। ৫ সৃষ্টির কারণস্বরূপা নারীশক্তি; পরমা প্রকৃতি; শাকাম্ভরী। [সং.]। **আদ্যাশক্তি** *বি স্ত্রী.* ১ পরমেশ্বরী; জগৎসৃষ্টির আদিকারণ। ২ মহামায়া; শক্তিস্বরূপা কালী।

আদ্যোপান্ত *ক্রিবিণ* প্রথম থেকে শেষ পর্যন্ত; আগাগোড়া। [আদ্য+উপান্ত]

আদ্রক *বি* আদা। [সং.]

আধ *বিণ* ১ অর্ধ; আধা। ২ আংশিক। **আধ-আধ, আধো-আধো** *বিণ* ১ অসম্পূর্ণ; অসম্যক। ২ অস্ফুট (আধ-আধ বুলি)। **আধ-আধপনা** *বি* (ব্য.) বালকোচিত আচরণ। **আধকপালে, আধকপালি** *বি* কপালের একদিকে ব্যথা বা কামড়ানি; অর্ধশিরঃপীড়া। ❑*বিণ* কপালের অর্ধেক জুড়ে আছে এমন। **আধখেঁচড়া, আধখেচড়া** *বিণ* ১ অসম্পূর্ণ; অর্ধসম্পাদিত। ২ বিশৃঙ্খল; এলোমেলো। **আধপর** *বিণ* ১ অর্ধপ্রহর। ২ দুপুর; মাঝ। **আধপাগলা, আধখেপা** *বিণ* প্রায় উন্মাদ; পাগলাটে। **আধপেটা** *বিণ* অর্ধেক পেট ভরে এমন। **আধপোড়া** *বিণ* অর্ধদগ্ধ; আংশিকভাবে দগ্ধ। **আধবয়সী, আধাবয়সী** *বিণ* মধ্যবয়স্ক; যৌবন ও প্রৌঢ়কালের মধ্যবর্তী বয়স্ক। **আধবুড়া, আধবুড়ো** *বিণ* প্রায় বৃদ্ধ; প্রৌঢ়। **আধবুড়ি** *স্ত্রী.*। **আধময়লা** *বিণ* ঈষৎ অপরিষ্কার; কিছু ময়লা। **আধমরা** *বিণ* ১ প্রায় মরা; অর্ধমৃত। ২ নির্জীব; নিস্তেজ; উদ্দীপনাহীন। **আধসারা, আধাসারা, আধাসারি** *বিণ* অসম্পূর্ণ; আধখেঁচড়া। ❑*ক্রিবিণ* আধাআধি নিঃশেষ; অর্ধেক সাবাড়।

আধলা *বি* ১ সাবেক আধপয়সা। ২ আধখানা; অর্ধাংশে। [সং. অর্ধ>আধ+লা]

আধা *বিণ* ১ অর্ধ (অর্ধপথ)। ২ অর্ধেক। [সং. অর্ধ>]। **আধাআধি** *বিণ* অর্ধেক; প্রায় অর্ধেক। ❑*ক্রিবিণ* অর্ধেক পরিমাণে। **আধা সরকারি, আধা সরকারী** *বিণ* সম্পূর্ণরূপে সরকারি নয় এমন; semi-government।

আধান *বি* ১ আধার; পাত্র। ২ উৎপাদন (গর্ভাধান)। ৩ ধারণ; গ্রহণ; স্থাপন; সঞ্চার। ৪ অগ্নি স্থাপন (অগ্ন্যাধান); হোম; যজন। [সং. আ+√ধা+অন]

আধার *বি* ১ খাদ্য। ২ পাখির খাদ্য; দানাপানি। ৩ পাত্র। [বা. সং. অর্ধাহার ?>অদ্ধাআর>আধার]। **আধার দেওয়া** *ক্রি* পাখিকে দানাপানি দেওয়া।

আধি[১] *বি* মনঃপীড়া; মানসিক রোগ; দুশ্চিন্তা; ভাবনা; উৎকণ্ঠা। [সং. আ+√ধা+ই]। **আধিক্লিষ্ট** *বিণ* মনঃপীড়ায় আক্রান্ত; মনোবেদনায় কাতর। **আধিজ** *বিণ* মনঃপীড়াজাত। **আধিব্যাধি** *বি* শারীরিক ও মানসিক রোগ (আধিব্যাধি নাহি হয় সর্পের দংশন—কবিকঙ্কণ)।

আধি[২] *বি* বর্গা; অর্ধেক ফসলের বিনিময়ে জমিচাষের ব্যবস্থা।

আধিকারিক *বিণ* অধিকার সংক্রান্ত; স্বত্ব বিষয়ক। ❑*বি* কর্মকর্তা; officer (পরিভাষা)। [সং.]

আধিক্য *বি* ১ আতিশয্য; বাড়াবাড়ি। ২ প্রাধান্য; প্রাবল্য। [সং. অধিক+য]

আধিজৈবিক *বিণ* পার্থিব; জীবন ও জগৎ সম্বন্ধীয়। ❑*বি* জাগতিক বিষয় বা বস্তু। [সং.]

আধিদৈবিক *বিণ* দেবতা থেকে আগত; প্রাকৃতিক; নৈসর্গিক; অনাবৃষ্টি ভূমিকম্প বজ্রপাত প্রভৃতি-জাত (আধিদৈবিক দুঃখ বা বিপদ)। [সং.]

আধিপত্য *বি* ১ কর্তৃত্ব; প্রভুত্ব। ২ প্রাধান্য। ৩ রাজত্ব। [সং. অধিপতি+য]

আধিভৌতিক *বিণ* পঞ্চভূত বা জীব থেকে জাত।

আধুনিক *বিণ* বর্তমান কালের; হালের; সাম্প্রতিক; অধুনাতন; নব্য। [সং. অধুনা+ইক]। **আধুনিকতা** *বি*। **আধুনিকা** *স্ত্রী.*।

আধুলি, আধলি *বি* এক টাকার অর্ধেক মূল্যের মুদ্রা; আট আনি; পঞ্চাশ পয়সার মুদ্রা। [বা. আধ+উলি = আধুলি]

আধেক *বিণ, ক্রিবিণ* অর্ধেক; আধা-আধি।

আধেয় *বি, বিণ* ১ স্থাপনযোগ্য। ২ উৎপাদ্য; অন্তর্গত বা ধারণ করা পদার্থ; content। [সং. আ+√ধা+য]

আধো-আধো *বিণ* অর্ধেক অর্ধেক; অস্পষ্ট; আভাষ; অপরিস্ফুট; অসম্পূর্ণ। ❑*বি* অস্পষ্ট-বোল; কথা।

আধোয়া *বিণ* ১ ধোয়া বা কাচা হয়নি এমন; অধৌত (আধোয়া কাপড়)। ২ অপরিষ্কৃত। ৩ কোরা। [সং. ধৌত>]

আধ্যাত্মিক *বিণ* ১ পারমার্থিক; spiritual; অপার্থিব; অলৌকিক; জন্ম জীবন মৃত্যু সৃষ্টি স্রষ্টা বিষয়ক চিন্তা; সাধনা; চর্যা। ২ আত্মা হতে জাত বা আত্মা সম্বন্ধীয়। ৩ মানসিক। [সং. অধ্যাত্ম+ইক]

আন[১] (পদ্য) *বিণ* অন্য; অপর। ❑*ক্রিবিণ* ১ অন্যথা অন্যরূপ। ২ অধিক; আর। [সং. অন্য>আন]। **আন-আন** *বিণ* অন্যান্য; অপরাপর।

আন[২] *অব্য* সকল গণ আদি সমূহ প্রভৃতি অর্থে ফারসি

বহুবচন বাচক (শরিক+আন=শরিকান, মালিক+আন= মালিকান, শহীদ+আন=শহীদান)। [ফা.]। **আনা** *বি*।

আনকোরা *বিণ* ১ সম্পূর্ণ নতুন। ২ আধোয়া; কোরা। ৩ অমলিন; অব্যবহৃত। ৪ টাটকা। ৫ অনভিজ্ঞ; কাঁচা। [হি.]

আনচান *বিণ* অস্থির; আকুল; উচাটন। ❑ *বি* ১ আকুলি-বিকুলি; চঞ্চল; উতলা। ২ প্রলাপ; বাজে কথা। [বা. আন (<অন্য)+ফা. চয়েন>=আনচান; তুল. হি. অনচৈন]

আনট, আনোট, আনোটা (ম-বা) *বি* পায়ের আঙুলের আংটি; আঙোট। [স. অঙ্গুষ্ঠ>আংগট্ঠ>আন্‌গুঠ>]

আনত *বিণ* ১ অবনত; ঈষৎ নত। ২ নম্র; বিনীত। ৩ প্রণত। [স. আ(ঈষৎ)+নত]। **আনতি** *বি* ১ বিনয়; নম্রতা। ২ প্রণাম; অবনমন।

আনন *বি* ১ মুখমণ্ডল; বদন। ২ মুখ। [স.]

আনন্দ *বি* ১ হর্ষ; পুলক। ২ সুখ; তৃপ্তি। ৩ সন্তোষ; পরিতোষ; সম্যক তৃপ্তি। ৪ স্ফূর্তি; আহ্লাদ। [স. আ+√নন্দ্‌+অ]। **আনন্দিত** *বিণ*।

আনন্দময় *বিণ* আনন্দপূর্ণ; সদানন্দ। **আনন্দময়ী** *স্ত্রী.*। **আনন্দলহরী** *বি* ১ আনন্দের ঢেউ; হর্ষতরঙ্গ। ২ একতন্ত্রী বাদ্যযন্ত্রবিশেষ। **আনন্দলাড়ু** *বি* চালের গুঁড়া ও গুড় সহযোগে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। [স. আ+√নন্দ্‌+অ]

আনমনা, আনমন *বিণ* অন্যমনস্ক; অমনোযোগী; উদাসীন। **আনমন** *বি*। **আনমনে** *ক্রিবিণ* শূন্য মনে; নির্লিপ্তভাবে; অন্যমনস্কভাবে। [স. অন্যমনঃ (মনস্‌)>অন্যমনা>আনমনা]

আনম্র *বিণ* বিনয়াবনত; বিনীত। [স.]

আনয়ন *বি* আনা; নিয়ে আসার কাজ। [স. আ+√নী+অন]

আনসার *বি* ১ স্বেচ্ছাসেবক বাহিনীবিশেষ। ২ হিজরতের পর মুহাজিরদের (উদ্বাস্তুদের) সাহায্যকারী মদিনাবাসী; আশ্রয়দাতা; পোষক-রক্ষক। [আ. *বহুব* মনসুর (আশ্রিত জন)]

আনা[১]**, আনি** *বি* ১ এক টাকার ষোলো ভাগের এক ভাগ; (পূর্বে প্রচলিত) চার পয়সা; (বর্তমানের ছয় পয়সা); কোনো কিছুর ষোলো ভাগের এক ভাগ। ২ তোলা বা ভরির ষোলো ভাগের এক ভাগ; ছয় রতি পরিমাণ। [স. আনক>প্রা. আনঅ>আনা]

আনা[২] *বি* ব্যবহার কর্ম অনুকরণ আচরণ প্রভৃতি সূচক প্রত্যয় (গরিবানা, বাবুয়ানা)। [ফারসি প্রত্যয়]

আনা[৩] =আনয়ন।

আনাগোনা *বি* যাওয়া-আসা; গমনাগমন; যাতায়াত। [স. আগমন+গমন(চর্যা) = অবনাগমন> আওনাগোন> আনাগোনা; তুল. হি. আনা-যানা]

আনাচ-কানাচ *বি* গলিঘুঁজি; কোণ; প্রান্ত; অস্থান-কুস্থান; পরিত্যক্ত স্বল্পালোকিত জনবিরল স্থান; আশপাশ; ক্ষুদ্র বন-বাদাড়। [বা.]

আনাজ *বি* ১ কাঁচা তরকারি; শাকসবজি। ২ শস্য; ফসল। [স. অন্নাদ্য>অন্নজ্জ>, তুল. হি. অনাজ>]। **আনাজপত্র** *বি* শাকসবজি; রন্ধনোপযোগী তরকারি ও শাকাদি। **আনাজি** *বিণ* আনাজের উপযোগী (আনাজি কলা)।

আনাড়ি, আনাড়ী *বিণ* ১ অপটু; অনভিজ্ঞ; অনিপুণ। ২ মূর্খ; অশিক্ষিত। ৩ হাতুড়ে। [স. অজ্ঞানী>প্রা. অন্নানী>আনাড়ি (ন=র=ড়); অথবা বা. আ (নঞর্থক)+স. নাড়ি=আনাড়ি (নাড়িজ্ঞান নেই এমন)]।

আনাড়িপনা *বি* আনাড়ির কাজ বা ব্যবহার। [তুল. হি. অনাড়ি]

আনার *বি* দাড়িম্ব; ডালিম; বেদানা। [ফা.]

আনারকলি *বি* ১ কচি ডালিম; ডালিমের কুঁড়ি। ২ জাহাঙ্গীরের যৌবনের এক প্রেমিকা। ৩ লাহোরের একটি বিখ্যাত স্থানের বা বাজারের নাম।

আনারস *বি* অম্লমধুর রসবিশিষ্ট ফলবিশেষ। [পো. আনানস ananas]

আনাল হক, আনল হক *বি* আমিই আল্লাহ (তুল. সোঽহম); আমি সত্য; আমি পরম সত্তা। আবু মুসা ইবনে মনসুর হাল্লাজ 'আনাল হক' বলায় প্রাণদণ্ড লাভ করেন। অদ্বৈতবাদী সুফি যাঁরা ফানাফিল্লাহ ও বাকাবিল্লাহ—আল্লাহ্‌তে লীন ও আল্লাহ-সত্তায় অভিন্ন হয়ে যাওয়ার সাধনা করেন তাঁরাই সিদ্ধিশেষে বলেন: আন্‌-আল্‌হক; যেমন বলেন অদ্বৈতবাদী সিদ্ধ সাধকরা—সোঽহম; আমিই সেই পরমব্রহ্ম।

আনীল *বিণ* ঈষৎ নীলবর্ণ; নীলাভ। ❑ *বি* নীলবর্ণ অশ্ব। **আনীলা** *স্ত্রী.*। [স. আ+নীল]

আনুকূল্য *বি* ১ পোষকতা; সাহায্য। ২ দাক্ষিণ্য; অনুগ্রহ; উপকার। [স. অনুকূল+য]

আনুগত্য *বি* ১ বশ্যতা; অধীনতা; বাধ্যতা। ২ অনুবর্তন; অনুসরণ। ৩ তোষামোদ।

আনুপাতিক *বিণ* ১ হার অনুসারে বিচারিত। ২ (গ.) অপর কোনো পরিবর্তনশীল রাশির সঙ্গে স্থির সম্বন্ধযুক্ত; proportional। [স. অনুপাত+ইক]

আনুপূর্ব, আনুপূর্ব্য *বি* যথাক্রম; পরম্পরা। **আনুপূর্বিক** *ক্রিবিণ* যথাক্রমে; প্রথম থেকে। ❑ *বিণ* ১ ধারাবাহিক। ২ আগাগোড়া। [স. অনুপূর্ব+অ/য/ইক]। **আনুপূর্বিকতা** *বি* ধারাবাহিকতা; ক্রমপরম্পরা। **আনুপূর্বী** *স্ত্রী.*।

আনুমানিক *বিণ* ১ অনুমান দ্বারা বোঝা যায় বা স্থির করা যায় এমন; অনুমানসিদ্ধ। ২ আন্দাজি; মোটামুটি। [স. অনুমান+ইক]

আনুরক্তি *বি* অনুরাগ; আসক্তি; ভালোবাসা। [স. [অনু+√রন্‌জ্‌+ত+ই]

আনুরূপ্য *বি* সাদৃশ্য; তুল্যতা; অনুরূপতা; যথোচিত। [স. অনুরূপ+য]

আনুষঙ্গিক, আনুষঙ্গ *বিণ* ১ সংশ্লিষ্ট; প্রাসঙ্গিক (আনুষঙ্গিক ব্যয়)। ২ গৌণ; অপ্রধান। ❑ *বি* সংশ্লিষ্ট বিষয় বা বস্তু। [স. অনুষঙ্গ+ইক]

আনুষ্ঠানিক *বিণ* ১ অনুষ্ঠান সম্বন্ধীয়। ২ বিহিত অনুষ্ঠান অনুযায়ী; রস্‌মি; বিধিবৎ; formal। ৩ শাস্ত্রীয় বিধিসম্মত। ৪ অনুষ্ঠান পালনকারী। [স. অনুষ্ঠান+ইক]

আন্তরিক, আন্তর *বিণ* ১ অকপট; অকৃত্রিম; প্রকৃত; ঐকান্তিক। ২ মনোগত; মানসিক। ৩ অন্তঃকরণ সম্বন্ধীয়; হৃদয়জাত; হৃদ্য। ৪ আভ্যন্তরিক। [স. অন্তর+অ/ইক]। **আন্তরিকতা** *বি*।

আন্তর্জাতিক, আন্তর্জাতীয় *বিণ* ১ বিভিন্ন রাষ্ট্র সম্বন্ধীয়; সর্বজাতি সম্পর্কিত। ২ সকল জাতি বা রাষ্ট্রের মধ্যে প্রচলিত; international (আন্তর্জাতিক সঙ্ঘ, আন্তর্জাতিক বাণিজ্য)। [স. অন্তর+জাতি+ইক]

আন্ত্র, আন্ত্রিক *বিণ* অন্ত্র সম্বন্ধীয়; অন্ত্রঘটিত (আন্ত্রিক জ্বর)।
আন্দাজ *বি* ১ অনুমান; ধারণা। ২ অনুভব; টের। ❑*বিণ* ১ অনুরূপ; অনুযায়ী; আনুপাতিক; পরিমিত। ২ আনুমানিক। [ফা.]। **আন্দাজি** *বিণ* ভিত্তিহীন; ভুয়া। ❑*ক্রিবিণ* অনুমানের উপর নির্ভর করে।
আন্দেশা, আনদেশ *বি* ১ আশঙ্কা; ভাবনা; সন্দেহ। ২ চিন্তা; কল্পনা। [ফা. আন্দীশাহ]
আন্দোলন *বি* ১ বিক্ষোভ; আলোড়ন। ২ বিশেষ উদ্দেশ্য সিদ্ধির জন্য প্রচার বা আলোচনা দ্বারা উত্তেজনা সৃষ্টিকরণ (ভাষা আন্দোলন)। ৩ দোলন; কম্পন; সঞ্চালন। ৪ দোলায়িতকরণ; সঞ্চালিতকরণ। ৫ বাদানুবাদ; আলোচনা। [স. আন্দোলি+অন]। **আন্দোলিত** *বিণ* কম্পিত; সঞ্চালিত।
আন্ধা-চক্কর *বি* গোলকধাঁধা। [স. অন্ধচক্র> আন্ধাচক্কর (অর্ধতৎসম রূপ)]
আন্নাকালী *বি* হিন্দুদের অনাকাঙ্ক্ষিত কন্যার নামবিশেষ—বার বার যাতে কন্যাসন্তান না জন্মে সেজন্য হিন্দুরা নবজাত কন্যার এই নাম রাখে। [বা. আর+না+কালী= আন্নাকালী; অর্থাৎ মা কালী, আর কন্যা নয়]
আপ[১] *বি* জলরাশি। [ফা. আব, স. অপ]
আপ[২] *বি* আপনি; নিজে; স্বয়ং। ❑*বিণ* আপন; আপনার; নিজের। [স. আত্ম>অপ্‌প>, তুল. হি. আপ]। **আপখোরাকি** *বিণ* নিজের খরচে খোরাক সংগ্রহ করতে হয় এমন। **আপরুচি** *বিণ* নিজের পছন্দমতো; আপন রুচিমাফিক। ❑*বি* নিজস্ব রুচি বা পছন্দ।
আপকাওয়াস্তে, আপকেওয়াস্তে *অব্য* ১ আপনার জন্য। ২ নিজের জন্য। ❑*বি,বিণ* চাটুকার; খোসামুদে। [হি.]
আপড়া *বিণ* অপঠিত; পড়া হয়নি এমন; আনপড়া। ❑*বি,বিণ* লেখাপড়া শেখেনি এমন; অশিক্ষিত। [বা.]
আপণ *বি* ১ দোকান; বিপণি। ২ হাট। [স.]
আপতিক *বিণ* আকস্মিক বা হঠাৎ সংঘটিত। [স. আ+√পত্‌+অ+ইক]। **আপতিত** *বিণ* ১ অকস্মাৎ বা হঠাৎ আগত। ২ সহসা সংঘটিত। ৩ নিপতিত; পতিত। ৪ অবতীর্ণ।
আপত্তি *বি* ১ অমত; অসম্মতি; ওজর। ২ বিপরীত যুক্তি প্রদর্শন; বিরুদ্ধ যুক্তিতর্ক। ৩ বিপত্তি; বিপদ। [স. আ+√পদ্‌+তি]
আপদ, আপৎ *বি* ১ বিপদ; বিপত্তি। ২ দুর্গতি; দুঃখ; দুর্দশা। ৩ বিরক্তিকর ব্যক্তি বস্তু বা বিষয়। **আপৎকাল** *বি* বিপদের সময়; সঙ্কটের কাল; বিপন্ন অবস্থা। **আপদগ্রস্ত** *বিণ* বিপদগ্রস্ত; বিপন্ন। **আপদবিপদ** *বি* বিবিধ দুঃখ-দুর্দশা। **আপদবালাই** *বি* আপদ-বিপদ; দুঃখ-দুর্দশা। [আ. আপদ+বালাই]
আপন, আপনার *বিণ* ১ নিজ; স্বীয়; নিজের; স্বকীয়। ২ আত্মীয়। ৩ সাক্ষাৎ (আপন খালাতো ভাই)। [স. আত্মন্>প্রা. অপ্‌পন> আপন]। **আপনপর** *বি,বিণ* ১ আত্মীয়-অনাত্মীয়। ২ শত্রুমিত্র। **আপনভোলা, আপনসর্বস্ব** *বিণ* স্বার্থপর; নিজের সুখ সুবিধাই প্রধান লক্ষ্য এমন। **আপনহারা** *বিণ* নিজের সুখশান্তি ও পরিপার্শ্ব সম্পর্কে উদাসীন; আত্মহারা; তন্ময়। **আপনার ঢাক আপনি বাজানো/ পিটানো** *ক্রি* নিজেই নিজের গুণগান করা; আত্মপ্রশংসা করা। **আপনার পায়ে কুড়াল মারা** *ক্রি* নিজেই নিজের ক্ষতি বা সর্বনাশ করা।
আপনি *সর্ব* ১ 'তুমি'র সম্ভ্রমসূচক রূপ; মধ্যম পুরুষের সম্ভ্রমসূচক সর্বনাম। ২ স্বয়ং; নিজে। [আত্মন্>আপন; সম্মানার্থে দ্বিতীয় ব্যক্তিকে তথা শ্রোতাকে নির্দেশ করা হয়]। **আপনি বাঁচলে বাপের নাম**— আত্মরক্ষাই সর্বশ্রেষ্ঠ ধর্ম; আত্মজীবনের মূল্য অন্য সব কিছু থেকে অধিক।
আপন্ন *বিণ* ১ আপদগ্রস্ত; বিপন্ন। ২ প্রাপ্ত; লব্ধ (শরণাপন্ন, বিপদাপন্ন)। [স. আ+√পদ্‌+ত]। **আপন্নসত্ত্বা** *বি,বিণ* অন্তঃসত্ত্বা; গর্ভিণী।
আপস, আপোস *বি* ১ মিটমাট; রফা। ২ পরস্পরের মত বিনিময়; উভয় পক্ষের সম্মতি। [হি., ফা. ওয়াপস]। **আপসে, আপোসে** *ক্রিবিণ* ১ উভয়পক্ষের সম্মতিক্রমে; পরস্পরে মিলে মিশে। ২ বন্ধুভাবে; সদ্ভাবে। [হি. আপ্‌স]। **আপ্‌সে, আপসে** *ক্রিবিণ* নিজের থেকে; আপনা থেকে।
আপা *বি* বড় বোন; দিদি। ❑*অব্য* বয়োজ্যেষ্ঠা মহিলা বা শিক্ষয়িত্রীর প্রতি সম্বোধনে ব্যবহৃত শব্দ। [তু.]
আপাত *বি* ১ উপস্থিত সময়; তৎকাল; ঘটনাকাল; আরম্ভকাল। ২ পতন; সংঘটন। [স. আ+√পত্‌+অ]। **আপাতকঠিন** *বিণ* আপাতত কঠিন মনে হয় এমন কিন্তু বস্তুত তা নয়। **আপাতত, আপাততঃ** *অব্য,ক্রিবিণ* সম্প্রতি; এক্ষণে; উপস্থিতমতো; এখনকারমতো। **আপাতমধুর** *বিণ* উপস্থিতমতো মধুর। **আপাতসুন্দর** *বিণ* উপস্থিতমতো মনোহর।
আপাদ, আপদ *ক্রিবিণ* ১ পা পর্যন্ত। ২ পা থেকে। [স.]। **আপাদচুম্বিত, আপাদলম্বিত** *বিণ* পা পর্যন্ত লম্বিত বা ঝুলানো। **আপাদমস্তক** *ক্রিবিণ* পা থেকে মাথা পর্যন্ত।
আপামর *ক্রিবিণ* পাপিষ্ঠ (পামর) থেকে সকল মানুষ; ছোটবড় অভেদে। [স.]
আপিল, আপীল *বি* ১ উচ্চতর বিচারালয়ে পুনর্বিচারের আবেদন। ২ আবেদন। [ই. appeal]
আপেক্ষিক *বিণ* ১ অপেক্ষাকৃত; তুলনামূলক; তুলনায় নির্ধারিত। ২ সাপেক্ষ; অন্য বিষয়ের উপর নির্ভরশীল; পরস্পর নির্ভরশীল; relative। **আপেক্ষিকতা** *বি*। **আপেক্ষিক গুরুত্ব** *বি* পরস্পর গুরুত্ব বা ওজন সম্বন্ধে তুলনা; অন্য বস্তুর তুলনায় গুরুত্ব বা ভার; specific gravity। **আপেক্ষিক তত্ত্ব** *বি* গতি মাত্রেই আপেক্ষিক এবং কাল জড়বস্তুর চতুর্থ মাত্রা—এই তত্ত্বের উপর প্রতিষ্ঠিত বিজ্ঞানের তত্ত্ব; Theory of Relativity।
আপেল *বি* ফলবিশেষ। [ই. apple]
আপ্ত[১] *বিণ* ১ প্রাপ্ত; লব্ধ। ২ অভ্রান্ত; ভুলত্রুটিশূন্য; প্রামাণিক। ৩ আত্মীয়; নিকট সম্পর্কীয়; সুহৃদ। **আপ্তবাক্য** *বি* ১ সিদ্ধবাক্য; ভ্রমপ্রমাদশূন্য বাক্য; অভ্রান্ত বাণী। ২ মহাপুরুষদের উক্তি বা বাণী।
আপ্ত[২], আফত *বিণ* নিজ; আপন (রইল কোথায় আফত স্বজন—ইজদানী)। [আঞ্চলিক]। **আপ্তগরজি** *বিণ* স্বার্থপর; কেবল নিজের প্রয়োজনে কাজ করে এমন।
আপ্যায়ন *বি* ১ অভ্যর্থনা; সংবর্ধনা। ২ প্রীতি সম্পাদন; সন্তোষ সাধন। [স. আ+√প্যায়্‌+অন]। **আপ্যায়িত** *বিণ* ১ অভ্যর্থিত; সংবর্ধিত; আদর আপ্যায়নপ্রাপ্ত। ২ তুষ্ট;

পরিতৃপ্ত। **আপ্রাণ** (অশু.) *বিণ* প্রাণপণ; যথাসাধ্য। ❑*ক্রিবিণ* প্রাণ থাকা পর্যন্ত; আজীবন।
আপ্লুত *বিণ*১ সিক্ত। ২ প্লাবিত। ৩ স্নাত। [স. আ+প্লুত]
আফগান *বি* আফগানিস্তানের অধিবাসী; পাঠান জাতিবিশেষ। **আফগানি, আফগানী** *বিণ* আফগানিস্তানে জাত; কাবুলি। [ফা.]
আফতাব *বি* সূর্য। [ফা. আফ্‌তাব]
আফতাবা *বি* জলপাত্র; চিলমচি।
আফলাতুন *বি* গ্রিক দার্শনিক প্লেটো। [আ.]
আফসোস, আপসোস *বি* খেদ; পরিতাপ; অনুতাপ; মনস্তাপ; অনুশোচনা। [ফা. আফ্‌সোস]
আফাটা *বিণ*১ ফাটা নয় এমন; ফাটলশূন্য। ২ ছিদ্রহীন। ৩ (আল.) মন্দ; পোড়া। [বা.]
আফিম, আফিং *বি* অহিফেন; পোস্ত ফলের রস থেকে তৈরি মাদক দ্রব্য। [স. অহিফেন; তুল. ফা. আফয়ুন; গ্রি. opion]। **আফিমখোর** *বিণ*।
আফুটন্ত *বিণ*১ ফোটেনি এমন; অপ্রস্ফুটিত; আফোটা। ২অর্ধস্ফুট; অর্ধপ্রস্ফুটিত। ৩ সিদ্ধ হয়নি এমন (আফুটন্ত ভাত)। [বা.]
আফ্রিদি, আফ্রিদী *বি* পাকিস্তানের উত্তর বা উত্তর পশ্চিম সীমান্তের সাহসী গোত্রবিশেষ।
আব[১] *বি*১ পানি; জল। ২ ঔজ্জ্বল্য (আবদার মুক্তা)। [ফা. আব]
আব[২] *বি* রোগজনিত মাংসপিণ্ড; tumour। [স. অর্বুদ>অব্বুআ>আবুঅ>আব]
আবওয়াব, আবোয়াব *বি* নির্ধারিত কর ব্যতীত অতিরিক্ত দেয় অর্থ; রাজস্ব ব্যতীত অন্যবিধ কর; illegal cess। [ফা. আবওয়াব]
আবক্ষ *বিণ* বুক অবধি। [স.]। **আবক্ষলম্বিত** *বিণ* বুক পর্যন্ত লম্বা।
আবখোরা, আফখোরা *বি* জল পান পাত্র। [ফা.]
আবগার *বি*১ মদ বা মাদক দ্রব্য প্রস্তুতকারক। ২ মদ্যাদি বিক্রয়কারী। [ফা.]। **আবগারি** *বি*১ মাদক দ্রব্যের ব্যবসায়। ২ মাদক দ্রব্য সংক্রান্ত রাজস্ব। ৩ মাদকদ্রব্য ব্যবসায় সম্বন্ধীয় রাজকীয় বিভাগ।
আবছায়া, আবছা *বি*১ ছায়ামূর্তি; অস্পষ্ট আকার। ২ আলো-আঁধার; আলোছায়া। ❑*বিণ* অস্পষ্ট। ❑*ক্রিবিণ* অস্পষ্টভাবে। (স. অপচ্ছায়া> অবছাআ> আবছায়া>আবছা]
আবডাল *বি* আড়াল; অন্তরাল। [স. অন্তরাল>]
আবদার *বি* বায়না; অসঙ্গত দাবি; অন্যায় অনুরোধ। [তুল. হি 'আবদা'=তীব্র বাসনা]। **আবদেরে, আবদারে** *বিণ* আবদার করে বা বায়না ধরে এমন।
আবদ্ধ *বিণ* ১ আটক; অবরুদ্ধ। ২ বদ্ধ। ৩ বাঁধা। ৪ বিজড়িত; ব্যাপৃত। ৫ বন্ধকি; mortgaged। [স. আ+বদ্ধ]
আবর[১] *বিণ* ১ মূর্খ; অবোধ। ২ অসভ্য; বর্বর। [স. অবর>আবর]
আবর[২] *বি* মেঘ; হালকা বৃষ্টি। [ফা. আব্‌র]
আবরক *বিণ*১ আচ্ছাদনকারী; আবরণকারী। ২ ঢাকনি। ❑*বি* ঘোমটা। [স. আ+√বৃ+অক]
আবরণ *বি* ১ আবৃতকরণ; ঢাকন। ২ গায়ের কাপড়; আচ্ছাদন। ৩ ঢাকনি। **আবরিত, আবৃত** *বিণ*। **আবরণী** *বি* ঢাকনি; আচ্ছাদন।
আবরা *বি* ১ টুপি বা জামার বহির্ভাগ। ২ লেপ বালিশ ইত্যাদির আবরণ; ওয়াড়; আস্তরণ। [ফা. আব্‌রা; আব্‌রহ্]
আবরু, আব্রু *বি*১ মর্যাদা; আভিজাত্য; মানসম্ভ্রম। ২ নারীর সম্ভ্রম; ইজ্জত; সতীত্ব। ৩ পর্দা; আবরণ। ৪ অন্তরাল; আড়াল। ৫ ভব্যতা; শ্লীলতা। [ফা. আবরূ]। **বে-আবরু** *বি* বে-ইজ্জৎ; অপমান।
আবরোয়া, আবরুঁয়া *বি* অতি সূক্ষ্ম বস্ত্রবিশেষ; মসলিন জাতীয় মিহি কাপড় যা ভিজলে পানির মতো দেখায়; এক প্রকারের মসলিন বস্ত্র। [ফা. আব্-ই-রবাঁ]
আবর্জনা *বি*১ জঞ্জাল; ময়লা; নোংরা বস্তু। ২ অবাঞ্ছিত বা অনভিপ্রেত ব্যক্তি। [স. আ+বর্জি+অনট+ বা. আ]
আবর্ত *বি* ১ ঘূর্ণি; কুণ্ডলী। ২ ঘূর্ণিজল; ঘূর্ণিপাক। ৩ আবর্তন; ঘূর্ণন। ❑*বিণ* ঘূর্ণায়মান। [স. আ+√বৃত্+অ]। **আবর্তিত** *বিণ*। **আবর্তবাত্যা** *বি* ঘূর্ণিবায়ু; cyclone।
আবর্তন *বি* ১ ঘূর্ণন; পরিভ্রমণ; চক্রাকারে ভ্রমণ। ২ পুনরাগমন; প্রত্যাবর্তন। ৩ আলোড়ন; আওটান; ঘোটন। ৪ পুনঃপুন অনুষ্ঠান। ৫ বেষ্টন। [স. আ+√বৃত্+অন]। **আবর্তনী, আবর্ত দণ্ড** *বি* ঘোটনকাঠি; মন্থনদণ্ড। **আবর্তমান** *বিণ* আবর্তন করছে এমন; বারবার ঘুরে বা ফিরে আসছে এমন।
আবলি, আবলী *বি*১ পংক্তি; সারি; রাশি; শ্রেণী। ২ সমষ্টি, সমূহ (গ্রন্থাবলি)। [স.]
আবলুস, আবলুশ *বি* কালো বর্ণের ভারী ও শক্ত কাঠবিশেষ; ebony। [ফা. আবনুস]
আবশ্যক *বি* প্রয়োজন; দরকার। ❑*বিণ* ১ প্রয়োজনীয়; দরকারি। ২ অপরিহার্য। [স. অবশ্যম্+ক]। **আবশ্যকতা** *বি* প্রয়োজনীয়তা। **আবশ্যকীয়** (অশুপ্র) *বিণ* প্রয়োজনীয়; দরকারি।
আবশ্যিক *বিণ* অবশ্যকরণীয়; বাধ্যতামূলক; compulsory; অপরিহার্য; জরুরি।
আবহ *বিণ*১ বহনকারী; ধারক (শোকাবহ)। ২ উৎপাদক; জনক (ভয়াবহ)। ❑*বি*১ সপ্ত বায়ুর অন্যতম বায়ুবিশেষ; ভূ-বায়ু। ২ চতুর্দিকের বায়ুমণ্ডল। ৩ চারপার্শ্বের ভাব-পরিমণ্ডল; atmosphere। [স. আ+√বহ্+অ]। **আবহবিজ্ঞান, আবহবিদ্যা** *বি* আবহাওয়া সংক্রান্ত বিজ্ঞান; বায়ুমণ্ডল বিদ্যা; meteorology। **আবহসংবাদ** *বি* ঝড়বৃষ্টি বায়ু ইত্যাদির গতি ও অবস্থা সম্বন্ধীয় খবর; meteorological report। **আবহসঙ্গীত** *বি* নাটকাদি অভিনয়কালে দর্শকের দৃষ্টির অন্তরালে নির্বাহিত নাটকীয় ঘটনার অনুষঙ্গী সঙ্গীত; background music।
আবহমান *বিণ* ক্রমাগত; চিরপ্রচলিত; নিরবচ্ছিন্ন। **আবহমানকাল** *ক্রিবিণ* চিরকাল; অনাদিকাল।
আবহাওয়া *বি* জলবায়ু; climate, weather। [ফা. আব ও হাওয়া]
আবা *বি* গলা থেকে হাঁটু পর্যন্ত বুক খোলা লম্বা জামাবিশেষ। [আ. আবা]
আবাআবা *অব্য* শিশুদের আনন্দধ্বনি—ঘন ঘন মুখে হাতের তালু বাজিয়ে এই ধ্বনি করা হয়। **আবা দেওয়া** *ক্রি* ক্ষণকাল খেলা বন্ধ করবার জন্য ইঙ্গিত করা।

আবাঁধা *বিণ* ১ অবিন্যস্ত; উন্মুক্ত; খোলা। ২ অগোছালো (আবাঁধা সংসার)। ৩ মলাট দিয়ে বাঁধানো হয়নি এমন। [বা.]
আবাগী *বি, বিণ স্ত্রী.* ভাগ্যহীনা; হতভাগিনী। [স. অভাগী (*স্ত্রী.*), বা. অভাগিনী]
আবাগে, আবাগা *বি, বিণ* হতভাগা; ভাগ্যহীন; পোড়াকপালে। [আঞ্চলিক বা.]
আবাছা *বিণ* বাছা হয়নি এমন; ভালোমন্দে মিশানো। [বা.]
আবাটা *বিণ* বাটা বা পেষা হয়নি এমন। [বা.]
আবাদ *বি* ১ কৃষিকর্ম; চাষ। ২ কর্ষিত বা চষা জমি। ৩ জনপদ; বসতি; বাসযোগ্য স্থান। [ফা. আবাদ]। **আবাদ করা** *ক্রি* ১ চাষ করা। ২ জঙ্গলাদি পরিষ্কার করে চাষ বা লোকবসতির উপযুক্ত করা। **আবাদি** *বিণ* ১ চাষযোগ্য; আবাদের উপযোগী। ২ কর্ষিত; চষা হয়েছে এমন।
আবাবিল *বি* ১ বাবুই জাতীয় পাখিবিশেষ। ২ ঝাঁকসমূহ —আরবি ভাষায় আবাবিল শব্দটি শুধু এই অর্থে ব্যবহৃত হয়। এর একবচন নেই। [আ.]
আবার *ক্রিবিণ* ১ পুনরায়; পুনর্বার। ২ অধিকন্তু; আরও; এতদ্ব্যতীত। ❑ *অব্য* অবিশ্বাস ও অনিশ্চয়তা বোঝাতে এবং নেতিবাচক প্রশ্নে। [বা. আর+বার=আরবার> আবার('র'-লোপে)]
আবাল *বি* ১ (অবোধ বা অসহায়) ছেলেমানুষ। ২ মূর্খ লোক। ৩ উট। ৪ মুষ্কহীন গরু (বলদ)। ❑ *অব্য* বালক পর্যন্ত। [আ. আবাল]। **আবালবৃদ্ধ** *বি* বালক থেকে বৃদ্ধ পর্যন্ত সকলেই। **আবালবৃদ্ধবনিতা, আবালবৃদ্ধরমণী** *বি* বালক থেকে বৃদ্ধ এবং স্ত্রীলোক পর্যন্ত সকলেই। **আবালি, আবালী** *বি, বিণ স্ত্রী.* অপ্রাপ্তবয়স্কা বা অবোধ বালিকা। ❑ *অব্য* ১ বালিকা পর্যন্ত। ২ বালিকা বয়স অবধি।
আবাল্য *অব্য, ক্রিবিণ* বাল্যকাল থেকে। [স. আ+বাল্য]
আবাস *বি* বাসস্থান; গৃহ; বাটী; বাসা। [স. আ+√বস্+অ]।
আবাসন *বি* গৃহসংস্থান; প্রধানত সরকারি উদ্যোগে নির্মিত বাড়িঘর—যা কর্মকর্তা কর্মচারীদের মধ্যে বণ্টন ও সংরক্ষণের দায়িত্ব সরকারিভাবে করা হয়।
আবাসিক *বিণ* ছাত্রাবাসে বাসকারী; resident (আবাসিক ছাত্র)। ❑ *বি* রক্ষণাবেক্ষণের ভারপ্রাপ্ত ব্যক্তি; care-taker। **আবাসিক বিদ্যায়তন, আবাসিক বিদ্যালয়** *বি* যে বিদ্যালয়ের অধিকাংশ ছাত্র আবাসিক। **আবাসিক বিশ্ববিদ্যালয়** *বি* যে বিশ্ববিদ্যালয়ে ছাত্রগণ সংলগ্ন ছাত্রাবাসে থাকতে বাধ্য হয়। **আবাসিক বৃত্তি** *বি* ছাত্রাবাসে বাসকারী ছাত্রদের জন্য নির্ধারিত অর্থ সাহায্য।
আবাহন *বি* ১ আমন্ত্রণ; নিমন্ত্রণ। ২ ডাক; আহ্বান। [স. আ+√বহ্+ণিচ্+অন]। **আবাহনী** *বিণ* আবাহন বিষয়ক (আবাহনী সঙ্গীত)। ❑ *বি* আবাহনের জন্য রচিত স্তুতি-গীত; অভ্যর্থনাসঙ্গীত।
আবিদ, আবেদ *বিণ* ১ উপাসনাকারী; এবাদতকারী; ভক্ত। ২ (বাংলায়) নিষ্পাপ; ধার্মিক; কোনো পাপ করেনি এমন। [আ. আবিদ]
আবির, আবীর *বি* ১ ফাগ। ২ সুগন্ধি রঞ্জক দ্রব্য। [স. অভ্র>আব/আবর>আবির]
আবির্ভাব *বি* প্রকাশ; উদয়; অধিষ্ঠান; মর্ত্যে অবতরণ (জন্ম)। ❑ *বিণ* আবির্ভূত; প্রকাশিত; উদিত; জন্মলাভ; অবতীর্ণ; অধিষ্ঠিত। [স. আবিস্+√ভূ+অন]
আবিল *বিণ* ১ কলুষিত; মলিন। ২ পঙ্কিল; ঘোলা। [স. আ+√বিল্+অ]। **আবিলতা** *বি* মলিনতা; কলুষতা।
আবিষ্কার, আবিষ্ক্রিয়া *বি* ১ অজ্ঞাত বা অপ্রকাশিত বিষয় বা বস্তুর সন্ধান বা প্রকাশ। ২ উদ্ভাবন। [স. আবিস্+কার, ক্রিয়া]। **আবিষ্করণীয়, আবিষ্কার্য** *বিণ* ১ আবিষ্কারযোগ্য। ২ আবিষ্কার করতে হবে বা করা উচিত এমন। **আবিষ্কর্তা, আবিষ্কারক** *বি*। **আবিষ্কর্ত্রী, আবিষ্কারিকা** *বি স্ত্রী.*। **আবিষ্কৃত** *বিণ*।
আবিষ্ট *বিণ* ১ অভিভূত; বিহ্বল। ২ অধিষ্ঠিত; আবেগগ্রস্ত (ভূতাবিষ্ট)। ৩ তদ্গত; অভিনিবিষ্ট। ৪ পরিব্যাপ্ত। [স. আ+√বিশ্+ত]
আবৃত *বিণ* ১ আচ্ছাদিত; ঢাকা। ২ পরিব্যাপ্ত; বিস্তারিত (মেঘাবৃত আকাশ)। ৩ বেষ্টিত; পরিবৃত। [স. আ+√বৃ+ত]। **আবৃতি** *বি* ১ আবরণ; আচ্ছাদন। ২ বেষ্টন। ৩ প্রাচীর; বেড়া। ৪ বেষ্টিত স্থান; ঘের; enclosure।
আবৃত্ত *বিণ* ১ আবৃত্তি করা হয়েছে এমন; পুনঃপুন পঠিত। ২ পুনরাগত; প্রত্যাগত। [স. আ+√বৃত্+ত]
আবৃত্তি *বি* ১ ছন্দ ভাব ভাষা প্রভৃতি অভিব্যক্ত করে পাঠ করা; recitation। ২ বার বার পাঠ বা অভ্যাসকরণ। ৩ প্রত্যাগমন; প্রত্যাবর্তন; পুনঃপুন আগমন। **বৃন্দ আবৃত্তি** *বি* যৌথ বা দলগত বিশেষ ধরনের পাঠ।
আবে কওসর, আব-ই-কওসর *বি* বেহেস্তের কওসর নামক ঝরনার বা নহরের পানি। [ফা. আব+আ. কওসর]
আবেগ *বি* ১ অনুভূতির প্রাবল্য। ২ উৎকণ্ঠা; ব্যাকুলতা; চিত্তচাঞ্চল্য। ৩ ব্যগ্রতা; ত্বরা। [স.]
আবে জমজম, আবে-যম্‌যম্ *বি* মক্কার পবিত্র জমজম কূপের পানি। [ফা. আব+আ. যমযম]
আবেদক *বিণ* আবেদনকারী; প্রার্থী। [স. আ+বেদি+অক]
আবেদন *বি* ১ প্রার্থনা; নিবেদন। ২ দরখাস্ত; আরজি; petition। ৩ নালিশ; অভিযোগ। ৪ অন্তঃকরণে ভাব উৎপাদন; চিত্তাকর্ষণ; appeal (সুরের আবেদন)। [আ+√বেদি+অক]। **আবেদনপত্র** *বি* দরখাস্ত; লিখিত প্রার্থনা; আরজি। **আবেদনীয়, আবেদ্য** *বিণ* ১ আবেদনযোগ্য; নিবেদ্য। ২ আবেদন করতে হবে এমন; নিবেদনীয়। [স. আবেদ+য]
আবেশ *বি* ১ ভাবাবেগ; বিহ্বলতা; তন্ময়তা। ২ আসক্তি; অনুরাগ। ৩ আচ্ছন্নতা; মোহ। [স. আ+√বিশ্+অ]
আবেষ্টক *বিণ* পরিবেষ্টক। ❑ *বি* বেড়া; প্রাচীর। **আবেষ্টন** *বি* ১ ঘেরাওকরণ; পরিবেষ্টন। ২ বেড়া; ঘের। ৩ পরিবেশ; পারিপার্শ্বিক অবস্থা। [স. আ+বেষ্টক/বেষ্টন]। **আবেষ্টনী** *বি* ১ বেষ্টনী; বেড়া। ২ প্রতিবেশ; পারিপার্শ্বিকতা; পরিবেশ; environment। ৩ পরিধি। **আবেষ্টিত** *বিণ* পরিবেষ্টিত; চতুর্দিক ঘেরা এমন।
আবেস্তা *বি* ১ অগ্নিপূজক। ২ জরথুস্ত্রীয়দের ধর্মগ্রন্থ। [ফা. জেন্দ+আবেস্তা, আবিস্তা]
আবে হায়াত, আব-ই-হায়াত *বি* জীবনবারি; অমৃতবারি। [ফা. আব+আ. হয়াত]
আবোল-তাবোল, আবল-তাবল *বি* ১ এলোমেলো কথা; অর্থহীন বাক্য; অসংলগ্ন উক্তি। ২ প্রলাপ। ❑ *বিণ* আজেবাজে। [তুল. হি. অন্‌বোল-তন্‌বোল]
আব্বা, আব্বু *বি* পিতা; বাবা। [আ. আব্>আব্বা;

(আদরে 'আব্বু')]
আভরণ (ম-বা) *বি* ভূষণ; অলঙ্কার; গহনা। [স.]
আভা *বি* ১ দীপ্তি; প্রভা; ছটা। ২ শোভা; সৌন্দর্য। ❑ *বিণ* বর্ণ (স্বর্ণাভ)। [স. আ+√ভা]
আভাঙ্গা, আভাঙা *বিণ* অভঙ্গ; অখণ্ড; চূর্ণিত নয় এমন।
আভাষ *বি* ১ অস্পষ্ট ভাষা; ভূমিকা; মুখবন্ধ। ২ আলাপ; সম্ভাষণ। [স. আ+√ভাষ্+অ]। **আভাষণ** *বি* ১ আলাপ; কথোপকথন; সম্ভাষণ। ২ উক্তি। ৩ অভিভাষণ; বক্তৃতা। **আভাষিত** *বিণ* কথিত; উক্ত।
আভাস *বি* ১ ইঙ্গিত। ২ অস্পষ্ট বা অসম্পূর্ণ প্রকাশ। ৩ সাদৃশ্য; আদল। ৪ ছায়া; প্রতিবিম্ব। ৫ জ্যোতি; দীপ্তি; আভা। [স. আ+√ভাস্+অ]
আভিজাতিক *বিণ* ১ অভিজাত সম্বন্ধীয়; বংশ মর্যাদা বিষয়ক। ২ কুল বা বংশ পরিচায়ক। [স. অভিজাত+ইক]। **আভিজাত্য** *বি* কৌলীন্য; বংশমর্যাদা।
আভিমুখ্য *বি* ১ অভিমুখিতা। ২ মুখামুখি অবস্থা। ৩ আনুকূল্য; সহায়তা। [স. অভিমুখ+য]
আভীর *বি* গোপ-জাতিবিশেষ। [স. আহীর>]
আভূমি *ক্রিবিণ* ভূমি পর্যন্ত (আভূমি নত)। [স. আ(=পর্যন্ত)+ভূমি]
আভোগ *বি* ১ গানের ভণিতাযুক্ত পদ। ২ সঙ্গীতের চতুর্থ চরণ বা অংশ; সঙ্গীতের শেষ অংশ। ৩ পরিপূর্ণতা; বিস্তার। ৪ সম্যক ভোগ; উপভোগ। [স.]
আভ্যুদয়িক *বিণ* ১ অভ্যুদয় সম্বন্ধীয়। ২ শুভজনক; উন্নতিপ্রদ; সমৃদ্ধিসাধক। ❑ *বি* হিন্দু বিবাহাদি উপলক্ষে করণীয় শ্রাদ্ধবিশেষ।
আম[১] *বি* ফলবিশেষ; আম্রফল। [স. আম্র>অম্ব>অম্ম>আম]। **আমসি, আমশি** *বি* কাঁচা আমের শুকনা ফালি; আমচুর। ❑ *বিণ* শুষ্ক; নীরস। [স. আম্রপেশী>আমএসী>আমেসি>আমসি, আমশি]। **আমসত্ত্ব** *বি* পাকা আমের রস শুকিয়ে প্রস্তুত অম্লমধুর খাদ্যবিশেষ।
আম[২]**, আওয়াম** *বি* জনসাধারণ। ❑ *বিণ* সাধারণ (আম-দরকার, আওয়ামী লীগ)। [আ. আম্ম; বহু 'আবাম্ম]। **আমখাস** *বিণ* সাধারণ ও বিশিষ্ট; ছোটবড়। **আমরাস্তা** *বি* সর্বসাধারণের ব্যবহারযোগ্য পথ; রাজপথ। **আমলোক, আমলোগ** *বি* সাধারণ লোক; জনসাধারণ; ইতর লোক। **আমজনতা** *বি* জনসাধারণ।
আম[৩] *বি* ১ উদরস্থ শ্লেষ্মা বা কফ। ২ আমাশয়; অন্ত্রের রোগবিশেষ। **আমরক্ত** *বি* রক্ত আমাশয়; রক্তাতিসার। **আমশূল** *বি* আমাশয়জনিত পেটের বেদনা।
আমট *বি* ১ আমসত্ত্ব। ২ আমের জমাট রসের আচারবিশেষ। [স. আমবর্ত>আমবট্ট>আমট]
আমড়া *বি* এক প্রকার অম্লমধুর ফল। [স. আম্রাতক>অম্বাটক>আমড়া]। **আমড়া কাঠের ঢেঁকি** *বি* অকেজো লোক।
আমতা, আমতা আমতা *ক্রিবিণ* ইতস্তত ভাব; স্বীকার-অস্বীকারের অস্পষ্টতাসূচক ভাব; দ্বিধা করা; উত্তর ঠিক করতে না পারা (আমতা আমতা করা)। [বা. আমি+তা]
আমদানি *বিণ* বিদেশ থেকে আনা। ❑ *বি* ১ স্থানান্তর বা দেশান্তর থেকে পণ্য দ্রব্য আনয়ন। ২ বিক্রয়ের পরিমাণ; আয়। [ফা. আমদ-রফৎ=আমদানি রপ্তানি]
আমন *বিণ* হৈমন্তিক; হেমন্তকালীন (আমন ধান)। ❑ *বি* হেমন্তকালে জাত ধান; শালি ধান। [স. হৈমন্ত>হৈমন>আমন]
আমন্ত্রণ *বি* ১ আহ্বান; নিমন্ত্রণ। ২ সম্বোধন; সম্ভাষণ। ৩ নিয়োগ। [স. আ+√মন্ত্র+অন]। **আমন্ত্রক, আমন্ত্রয়িতা** *বিণ* আমন্ত্রণকারী। **আমন্ত্রয়িত্রী** *স্ত্রী*। **আমন্ত্রিত** *বিণ*।
আমপারা *বি* কুরআনের ত্রিশতম বা সর্বশেষ খণ্ড; যার প্রথম শব্দ 'আম্ম'; তা থেকে এ খণ্ডের নাম আমপারা। [আ. 'আম্ম'+ফা. পারা]
আমবাত *বি* পিঁপড়ার বা বিছুটির কামড়ে যেরূপ ফুলে ওঠে সেরূপ গায়ের চর্ম ফুলে ওঠা রোগ; বাতবিশেষ। অঙ্গের শোথবিশেষ। [বা.]
আমমোক্তার *বি* বিষয় সম্পত্তি সংক্রান্ত কার্যনির্বাহের জন্য আইন অনুসারে নিযুক্ত প্রতিনিধি; atorney। [আ. আম্ম+আ. মুখতার]। **আমমোক্তারনামা** *বি* আমমোক্তার নিয়োগের দলিল; যে দলিল দিয়ে আমমোক্তারকে ক্ষমতা অর্পণ করা হয়; power of atorney। **আমমোক্তারি** *বি* আমমোক্তারগিরি।
আময় *বি* রোগ; ব্যাধি; পীড়া; (উদরাময়, নিরাময়)। [স.]
আ-মরি *অব্য* আহা মরি; প্রশংসা বিদ্রূপাদি সূচক শব্দ; তৃপ্তি ও আনন্দজ্ঞাপক ধ্বনি।
আমল *বি* ১ রাজত্বকাল; শাসনকাল (বাদশাহি আমল)। ২ অধিকার; দখল। ৩ কাল; সময়; যুগ। ৪ প্রশ্রয়। [আ.]। **আমল দেওয়া** *বি* প্রশ্রয় বা পাত্তা দেওয়া। **আমলনামা** *বি* ১ বিষয়াধিকারের হুকুমনামা; সম্পত্তি ভোগ দখল করবার নিমিত্ত মালিকের আদেশপত্র। ২ মানুষের পাপপুণ্যের হিসাবপত্র। [আ. আমল+ফা. নামহ্]
আমলকী, আমলক *বি* ১ ফলবিশেষ। ২ বৃক্ষবিশেষ। [স.]
আমলা *বি* অফিসার; কেরানি; কর্মচারী। [আ. আমলা]। **আমলাতন্ত্র** *বি* যে শাসনব্যবস্থায় কেবল সরকারি কর্মচারীদের আধিপত্যই বিরাজমান; রাজকর্মচারীদের শাসন; bureaucracy। **আমলা-ফয়লা** *বি* ছোট বড় কর্মচারী কেরানি প্রভৃতি। [আ. আমল+ফ. আলা ফালা]
আমলানো *ক্রি* ১ ক্রমে ব্যথাযুক্ত হওয়া; টাটানো। ২ পচে টক হয়ে যাওয়া। ❑ *বি, বিণ* উক্ত উভয় অর্থে। [বা.]
আমলিয়াত *বি* ১ আধ্যাত্মিক চিকিৎসা। ২ তাবিজ; মাদুলি। [আ. আমলিয়াৎ]
আমহুকুম *বি* সাধারণ আদেশ; সার্বিক নির্দেশ। [আ. আম্ম+হুকুম]
আমা *বিণ* আধপোড়া (আমা ইট)। [স. আম (=কাঁচা)+আ (বিশিষ্টতা দানে)]
আমান[১] *বি* নিরাপত্তা; আশ্রয়। [আ. আমান]
আমান[২] *বিণ* আস্ত; অখণ্ড।
আমানত, আমানৎ *বি* গচ্ছিত বস্তু। [আ. আমানৎ]। **আমানতি, আমানতী** *বি* গচ্ছিতকরণ। **আমানতদার** *বি* যার নিকট গচ্ছিত রাখা হয়। [আ. আমানৎ+ফা. দার]। **আমানত রাখা** *ক্রি* গচ্ছিত রাখা।
আমানি, আমানী *বি* ১ কাঞ্জি; কাঁজি; পান্তা ভাতের পানি। ২ ধেনো/ভেতো মদ; হালকা নেশার কয়েক দিনের বাসি ভাতজাত মদ। [স. অম্ল+পানীয়>আম্মআনি>আমানি]

আমামা *বি* পাগড়ি; শিরস্ত্রাণ। [আ.]
আমার *সর্ব* মদীয়; নিজের।
আমারি, আম্মারি *বি* হাতির বা উটের পিঠের আসনবিশেষ; হাওদা।
আমাশয় *বি* ১ উদরস্থ শ্লেষ্মাযুক্ত এক প্রকার উদরাময়; আমাতিসার রোগ। ২ আমস্থলী; পাকস্থলী; আময়রোগ; পীড়া।
আমিন[১] *বি* ১ জমি জরিপকারী কর্মচারীবিশেষ। ২ তত্ত্বাবধায়ক; তদারককারী। ৩ সত্যবাদী; বিশ্বস্ত। [আ.]। **আমিনি** *বি* জমি জরিপের কাজ।
আমিন[২]**, আমীন, আমেন** *অব্য* প্রার্থনা পূর্ণ হোক; তাই হোক; amen। [আ. আমীন; হিব্রু. আমেন]
আমির, আমীর *বি* ১ নেতা; প্রধান; শাসক। ২ ধনী; বিত্তবান সম্ভ্রান্ত ব্যক্তি। ৩ সম্পদশালী সম্ভ্রান্ত মুসলমান। [আ. আমীর; *বহুব* উমরাহ্]। **আমির ওমরা** *বি* ১ বড় লোক; ধনী লোক। ২ উচ্চপদস্থ কর্মচারী। ৩ বাদশাহি দরবারের সভাসদ। **আমিরজাদা** *বি* সম্পদশালী সম্ভ্রান্ত ব্যক্তির সন্তান। ❑ *বিণ* আলস্যপরায়ণ; কর্মবিমুখ। [আ. আমির+ফা. যাদহ্]। **আমিরানা** *বি* বড়লোকি; নবাবি। **আমিরি, আমীরি** *বি* নবাবি; বড় মানুষি। ❑ *বিণ* ১ আমিরের ন্যায়; আমির সুলভ। ২ আমির সম্বন্ধীয়।
আমিরুল মোমেনিন, আমিরুল মুমেনিন *বি* মুমিনদের বা মুসলিমদের নেতা; হজরত মুহম্মদের স্থলবর্তী খলিফা। [আ. আমিরুল মুমিনীন]
আমিল *বি* কর্মচারী। [আ. আমিল]
আমিষ *বি* ১ মাংস। ২ মাছ, মাংস, ডিম, প্রভৃতি জৈবখাদ্য; protein। **আমিষাশী**(-শিন্) *বিণ* ১ মাংসভোজী। ২ মাছ মাংস ডিম আহারকারী।
আমীলিত *বিণ* ঈষৎ উন্মুক্ত; সামান্য ফাঁক বা খোলা।
আমূল *ক্রিবিণ* মূল অবধি; গোড়া থেকে মূল পর্যন্ত। ❑ *বিণ* সম্পূর্ণ; আগাগোড়া। [স.]
আমৃত্যু *ক্রিবিণ* মৃত্যুকাল পর্যন্ত; সারা জীবন। [স.]
আমেজ *বি* ১ আবেশ; স্পর্শ; রেশ। ২ ঈষৎ প্রকাশ; আদরা; আভাস। ৩ আভা। ৪ মিশ্রণ। [ফা. আমিষ]
আমোদ *বি* ১ হর্ষ; আহ্লাদ; আনন্দ। ২ উৎসব; ক্রীড়াকৌতুক। ৩ কৌতুক; মজা। ৪ সুগন্ধ। ❑ *বিণ* সুগন্ধপূর্ণ; সৌরভযুক্ত; সুরভিত। [স. আ+√মুদ্+অ]। **আমোদ-আহ্লাদ, আমোদ-প্রমোদ** *বি* আনন্দ; উৎসব; ক্রীড়াকৌতুক। **আমোদপ্রিয়, আমুদে** *বিণ* কৌতুকপ্রিয়; স্ফূর্তিবাজ। **আমোদী**(-দিন্) *বিণ* ১ আনন্দিত; হর্ষযুক্ত। ২ সৌরভযুক্ত, সুগন্ধি।
আম্বর *বি* সুগন্ধিদ্রব্যবিশেষ; ambergies। [আ. আম্বর]
আম্বরি *বিণ* সুগন্ধি (আম্বরি তামাক)। [আ. আনবরী]
আম্বা *বি* ১ আস্ফালন; স্পর্ধা; বড়াই; উৎসাহ; উদ্যম। ২ শক্তি; পরাক্রম; আড়ম্বর; জাঁকজমক। ৩ দুরাকাঙ্ক্ষা; দুরাশা; উচ্চাশা। [বা. আঞ্চলিক]
আম্বিয়া *বি* নবিগণ; পয়গম্বরগণ। [আ. আম্‌বিয়া, নবির *বহুব*]
আম্মা *বি* ১ মাতা; জননী। ২ মাতৃস্থানীয়া মহিলা (শাশুড়ি, খালা, চাচী)। [আ. উম্ম]
আম্র, অম্র *বি* ১ আমগাছ। ২ আমগাছের ফল; আম। [স.]। **আম্রসার** *বি* আমের পাতা বা শাখা। [স. আম্র+সারি>আম্রসার]
আয় *বি* ১ অর্থাগম; রোজগার; উপার্জন। ২ লাভ; উপস্বত্ব। ৩ বিদ্যা, জ্ঞান, উপাধি, খ্যাতি ইত্যাদি অর্জন (আয় হয় না)। [স. √অয়্+অ]। **আয়কর** *বি* আয়ের উপর ধার্য কর; income tax। ❑ *বিণ* লাভজনক; আয় হয় এমন। **আয়ব্যয়** *বি* ১ রোজগার ও খরচ। ২ জমাখরচ।
আয়ত *বিণ* ১ বিশাল; টানাটানা (আয়তলোচন)। ২ প্রসারিত; বিস্তৃত। ৩ বিষম বাহুবিশিষ্ট সমচতুষ্কোণ (আয়তক্ষেত্র)। [স.]
আয়তন *বি* ১ ক্ষেত্রমান; দৈর্ঘ্য ও প্রস্থের গুণফল; area। ২ ঘনমান; volume। ৩ প্রস্থ; বিস্তার; পরিসর। ৪ গৃহ; প্রতিষ্ঠান। ৫ ভদ্রাসন; বাস্তুভিটা। ৬ দেবালয়; মন্দির। ৭ যজ্ঞবেদি। [স.]
আয়তি, আয়তী *বি* *স্ত্রী.* সধবা নারী। [স. আয়ুষ্মতী <এয়ো<অবিধবা]
আয়ত্ত *বি* ১ অধিকার; কবল। ২ ক্ষমতা; সামর্থ্য। ৩ অধীন; বশবর্তী। ❑ *বিণ* ১ অধিকৃত; হস্তগত। ২ শিক্ষালব্ধ। [স. আ+√যত+ত]
আয়না *বি* ১ দর্পণ; আরশি। ২ কাচ। [ফা. আইনহ্]
আয়নিত *বিণ* কোনো বস্তুর পরমাণুকে তড়িৎ করার ফলে তড়িৎ পরিবাহীকৃত।
আয়লা, আইলা, আইল্যা *বি* তুষের আগুন পুষে রাখার মাটির তৈরি পাত্র; মালসা। [বা. আঞ্চলিক]
আয়া *বি* *স্ত্রী.* দাই; সেবিকা; শিশুর পরিচারিকা; ঝি। [পো. aya]। **আয়াগিরি** *বি* আয়ার চাকরি। [দ্র. পো. আয়া+ফা. গিরি = আয়াগিরি]
আয়াত *বি* কুরআনের বাক্য বা বাক্যাংশ। [আ. আয়াৎ]
আয়াস *বি* ১ যত্ন; প্রচেষ্টা; প্রয়াস (আয়াসসাধ্য)। ২ ক্লান্তি; শ্রান্তি; অবসাদ। ৩ দুঃখ; ক্লেশ। ৪ পরিশ্রম। **আয়াস ছাড়া** *ক্রি* বিশ্রাম করা; শ্রান্তি দূর করা। **আয়াসলব্ধ** *বিণ* শ্রমার্জিত। **আয়াসসাধ্য** *বিণ* কষ্টসাধ্য; পরিশ্রমসাপেক্ষ; দুঃসাধ্য; সুকঠিন। **আয়াসী**(-সিন্) *বিণ* ১ পরিশ্রমী। ২ যত্নশীল; সচেষ্ট। ৩ শ্রান্ত; ক্লান্ত।
আয়ু *বি* ১ জীবনের মেয়াদ; পরমায়ু; হায়াত। ২ প্রাণ; জীবন। ৩ বয়স।
আয়ুধ *বি* অস্ত্রশস্ত্র; যুদ্ধাস্ত্র। [স.]
আয়ুর্বেদ *বি* ১ কবিরাজি চিকিৎসা পদ্ধতি। ২ অথর্ব বেদান্তগত চিকিৎসা শাস্ত্র বা বিদ্যা। [স. আয়ুঃ+বেদ]
আয়ুষ্কাল *বি* জীবৎকাল; জীবিতকাল।
আয়ুষ্মান *বিণ* দীর্ঘজীবী। **আয়ুষ্মতী** *স্ত্রী.*।
আয়েন্দা, আইন্দা (বিরল) *বি* ভবিষ্যৎ; আগামী। (ফা. আইনদহ্]
আয়েব, আএব *বি* ১ দোষ; ত্রুটি। ২ কলঙ্ক; নিন্দা; অখ্যাতি। [আ. অয়ব]
আয়েশ, আয়াশ *বি* ১ আরাম; বিলাস; সুখভোগ। ২ আমোদ; স্ফূর্তি। ৩ আনন্দোল্লাসময় জীবন। [আ. আয়্শ]। **আয়াশী** *বি* ১ আরামের জীবন যাপন। ২ ইন্দ্রিয়পরায়ণতা। **আয়েশি, আয়েশী** *বিণ* ১ আরামপ্রিয়; বিলাসী। ২ ইন্দ্রিয়পরায়ণ।
আয়োজন *বি* ১ উদ্যোগ; চেষ্টা। ২ সংগ্রহ; যোগাড়। ৩ সংগৃহীত উপকরণ বা খাদ্য-সামগ্রী। **আয়োজক, আয়োজনকর্তা** *বি,বিণ* আয়োজনকারী; উদ্যোক্তা।

আয়োজিত *বিণ*। [স. আ+√যুজ্+অন]
আর *অব্য* ১ এবং; ও (আমি আর তুমি)। ২ অতঃপর; এরপর। ৩ এর অধিক; এর বেশি। ৪ যুগপৎ; এককালে। ৫ কিংবা; অথবা। ৬ তদুপরি; তার উপর। ৭ পক্ষান্তরে। ৮ কাজেই। ৯ আক্ষেপ অবসাদ হতাশ ক্রোধ বিস্ময় বিরক্তি ইত্যাদি বোধক (আর বোলো না, আর যাবো না)। ❑*বিণ* ১ বিগত। ২ আগামী (আর রোববারে যাবো)। ৩ দ্বিতীয়; অন্য একটি (এমন মেয়ে আর পাবে না)। ৪ অপর; অন্য। ❑*ক্রিবিণ* ১ ভিন্ন রকম; অন্যরূপে। ২ পুনরায়; পুনর্বার। ৩ পরে; ভবিষ্যতে। ৪ বর্তমানে; এখন। ৫ এখনো। ৬ কখনো। ৭ পুনশ্চ; অধিকন্তু। ৮ তদবধি; সেই হতে। ৯ পূর্বে বা পরে কখনো। ১০ অব্যবহিত পরেই; প্রায় তখনই। ১১ অবশ্য। ❑*সর্ব* অন্য লোক বিষয় বা বস্তু। [স. অপর>অবর>আওর>আর]। **আর আর** *বিণ* অন্যান্য; অপরাপর। **আরও, আরো** *বিণ* ১এ ছাড়া অন্য; এতদ্ব্যতীত; অপর। ২অধিকতর; অপেক্ষাকৃত। ❑*ক্রিবিণ* এ ছাড়াও; অধিকন্তু। **আর কত, আর কতই** *ক্রিবিণ* অল্পই; খুব বেশি নয়। **আরকি** *ক্রিবিণ* প্রায় তদ্রূপ (নবাব আরকি!)। আরবার *ক্রিবিণ* আবার; পুনর্বার।
আরক *বি*১ সার; নির্যাস। ২ তীব্র রস; ঝাঁঝওয়ালা নির্যাস। ৩ চুয়ানো মদ। [আ. আরক]
আরক্ত, আরক্তিম *বিণ* ১ ঈষৎ রক্তবর্ণ; অল্প লাল; রক্তাভ। ২ গাঢ় রক্তবর্ণ; টকটকে লাল। [বা. আ+রক্ত বা রক্তিম]
আরক্ষ, আরক্ষক *বি*১ থানা; ঘাঁটি। ২ রক্ষীসৈন্য; প্রহরী। ❑*বিণ* রক্ষাকর্তা। [স. আ+√রক্ষ্+অ, অক]। **আরক্ষা** *বি* পুলিশ। **আরক্ষাবিভাগ** *বি* পুলিশ বিভাগ।
আরজ, আরয *বি* আবেদন; প্রার্থনা। [আ. আরয]। **আরজগুজার** *বিণ* আবেদনকারী; নিবেদক। [ফা. আরজ+গুযার]
আরজা *বিণ* সস্তা; অল্পমূল্য। [ফা. আরঁযা]
আরজি, আর্জি *বি*১ আবেদনপত্র; দরখাস্ত। ২ প্রার্থনা; অনুরোধ। [আ. আরজ+ফা. ই]
আরজু *বি* বাসনা; ইচ্ছা; অভিলাষ; বাঞ্ছা। [ফা. আরযু]
আরণ্য *বিণ* বনজাত; বন্য। [স. অরণ্য+অ]। **আরণ্যক** *বিণ* বনসম্বন্ধীয়। ❑*বি* হিন্দুধর্মগ্রন্থ বেদের অন্তর্গত ব্রাহ্মণের উপসংহার ভাগ।
আরতি[১] *বি* ১ বিরতি; নিবৃত্তি। ২ আসক্তি; অনুরাগ। ৩ আদেশ; আজ্ঞা। ৪ আগ্রহ। ৫ আহ্বান; নিয়োগ। ৬ আশা; আকাঙ্ক্ষা; প্রার্থনা। [স. আ+√রম্+তি]
আরতি[২] *বি* নীরাজনা; সন্ধ্যায় প্রদীপ ধূপ ধুনা ইত্যাদি দিয়ে দেবমূর্তি বরণ করার হিন্দু ধর্মীয় প্রথা। [স. আরাত্রিক>]
আরদালি, আর্দালি *বি* চাপরাশি; পিয়ন; পেয়াদা। [ই. orderly]
আরফাত, আরাফাত *বি* মক্কা থেকে প্রায় বারো মাইল পূর্বে অবস্থিত প্রসিদ্ধ ময়দান—প্রতি বছর জিলহজ্জ চাঁদের নয় তারিখে হাজিদের এই ময়দানে সমবেত হওয়া হজের অবিচ্ছেদ্য অঙ্গ। [আ. আরফাৎ]
আরব *বি* ১ একটি দেশের নাম। ২ জাতিবিশেষ। ৩ ঐ দেশের অধিবাসী। [আ. আরব]। **আরবি** *বি*১ আরব দেশের ভাষা। ২ আরব দেশে অধিবাসী; আরব জাতি। ❑*বিণ* আরব দেশ বা জাতি বিষয়ক।
আরব্ধ *বিণ* শুরু হয়েছে/ সূচিত হয়েছে এমন। [স.]
আরমানি, আরমানী *বি* আরমেনিয়া দেশের অধিবাসী। ❑*বিণ* আরমেনিয়া দেশীয় কিংবা ঐ দেশে জাত। [ই. Armenian]
আরম্ভ *বি*১ শুরু; সূত্রপাত; সূচনা। ২ উপক্রম; উদ্যোগ। ৩ উৎপত্তি। ৪ প্রস্তাবনা (গ্রন্থারম্ভ)। [স. আ+√রভ্+অ]
আরশ, আরস *বি* সর্বব্যাপী খোদার আসন; উচ্চতম স্বর্গীয় অবস্থান। [আ. আরশ]
আরশি, আরশী *বি* আয়না; মুকুর; দর্পণ। [স. আদর্শিকা>আঅরশিআ>আরশী, আরশি]
আরশোলা, আরসোলা *বি* তেলাপোকা। [বা.]। **আরশোলা আবার পাখি** *বি* তেলাপোকা যেমন পাখি বলে গণ্য হয় না তেমনি ক্ষুদ্র কখনো মহতের মর্যাদা পায় না।
আরা[১]**, আড়া** *বি* ১ করাত। ২ চর্মকারের সেলাইয়ের যন্ত্র। [ফা. আররহ্; তুল. স. আ+√ঋ+আ]
আরা[২] *বি* গাড়ির চাকার নাভি থেকে নেমি পর্যন্ত যে দণ্ড থাকে; spokes; পাখি। [স. অর>আর+আ (বিশিষ্টার্থে)]
আরাকশ, আরাকস *বি* করাতি; যারা করাত দিয়ে কাঠ চিরে তক্তা তৈরি করে। [ফা.]
আরাত *বি* অরুচি (বটের ফলে আরাত আর, রয়েছে লোভ নিমের তরে—রবীন্দ্র)। [স. অরতি>আরাত (সল অ>আ = অনাসক্তি)]
আরাধনা, আরাধন *বি* ১ প্রার্থনা; উপাসনা। ২ সেবা। [স. আ+√রাধ্+অন+অ]। **আরাধনীয়, আরাধ্য** *বিণ* আরাধনার যোগ্য; উপাস্য। **আরাধিত** *বিণ* ১ উপাসিত; পূজিত। ২ সেবিত। **আরাধ্যমান** *বিণ* আরাধনা করা হচ্ছে এমন; উপাস্যমান।
আরাব, আরব *বি* ধ্বনি; শব্দ; কোলাহল; নাদ। [স. আ+√রু+অ]।
আরাম *বি* ১ সুখ; আনন্দ; আয়েশ। ২ বিশ্রাম; শ্রান্তি-অপনোদন। ৩ সুস্থ; রোগমুক্ত; নীরোগ। [ফা. আরাম]। **আরাম-কেদারা, আরাম-কুর্সি, আরাম-কুর্সী** *বি* আরামে বসার চেয়ার; arm chair। [আ. আরাম+আ. কুর্সি]
আরারুট *বি* আদা বা হলুদ গাছের মতো দেখায় এমন এক প্রকার গুল্মের কন্দ থেকে তৈরি চূর্ণবিশেষ। [ই.]
আরাশ *বি* পালিশ; চুনকামের উপর মেজেঘষে অধিক সৌন্দর্যবিধান করার কাজ। [ফা. আরাইশ]
আরিন্দা *বি* বাহক; প্রেষ্য; খাজাঞ্চিখানার রাজস্ব বহনকারী। [ফা. আরিন্দহ্]। **আরিন্দা খরচ** *বি* পাঠানোর খরচ।
আরূঢ় *বিণ* চড়েছে এমন; সওয়ার (অশ্বারূঢ়); অধিরূঢ়; উপরে অধিষ্ঠিত। [স. আ+√রুহ্+ত]
আরেফিন, আরিফ *বি* মারফতপন্থিগণ; দরবেশগণ; সিদ্ধপুরুষ; মরমি সাধক। [আ. আরিফীন]
আরোগ্য *বি* ১ রোগমুক্তি; রোগনিবৃত্তি। ২ স্বাস্থ্য; রোগহীনতা; রোগাভাব। [স. আরোগ+য]
আরোপ *বি* ১ ভাগী বা দায়ীকরণ; অর্পণ (দোষারোপ)। ২ একের উপর অন্যের ধর্ম সংস্থাপন; অবভাস; অধ্যাস। ৩ সন্নিবেশ; স্থাপন। [স.]। **আরোপক** *বি* আরোপকারী।

আরোপণ *বি* স্থাপন; আরোহণ করানো। **আরোপিত, আরোপ্যমান** *বিণ*। [আ+রোহি+অপ]

আরোহ *বি*১ কার্য হতে কারণ অনুমান; induction। ২ আরোহণ (দুরারোহ)। ৩ উচ্চতা। ৪ নিতম্ব (বরারোহ)। ৫ দৈর্ঘ্য। ৬ শ্রেণী। [স. আ+√রুহ্+অ]। **অবরোহ** *বিপ.*।

আরোহণ *বি* ১ উপরে ওঠা; উর্ধ্বে গমন। ২ চূড়া (অশ্বারোহণ)। **আরোহণী** *বি* সোপান; সিঁড়ি। **আরোহী** (-হিন্) *বি,বিণ*১ আরোহণকারী। ২ সঙ্গীতে স্বরের নিম্নগ্রাম হতে উর্ধ্ব গতিযুক্ত বা অনুলোমগতিবিশিষ্ট। ৩ কার্য হতে কারণ বিচারের প্রণালীসম্মত।

আর্ট *বি*১ সাহিত্য চিত্রাঙ্কন নৃত্যগীতাভিনয়প্রভৃতি রসাত্মক রচনা বা বিদ্যা। ২ চারু ও সুকুমার শিল্পকলা। ৩ রসমধুর ভঙ্গি। ৪ ছলাকলা; ঢং। [ই. art]। **আর্টিস্ট** *বি* শিল্পী; রূপদক্ষ।

আর্ত *বিণ*১ বিপন্ন; অভিভূত। ২ কাতর; আকুল; বিহ্বল। ৩ পীড়িত; অসুস্থ। [স. আ+√ঋ+ত]। **আর্তনাদ, আর্তস্বর** *বি* কাতর চিৎকার; বিপদসূচক ক্রন্দনধ্বনি। **আর্তি** *বি*।

আর্তব *বি*১ স্ত্রীরজঃ। ২ ঋতু। ❑ *বিণ*১ স্ত্রীরজঃ সম্বন্ধীয় (আর্তব ব্যাধি)। ২ গ্রীষ্ম-বর্ষাদি ঋতুসংক্রান্ত। [স. ঋতু+অ]

আর্তি, আরতি *বি*১ কাতরতা; ব্যাকুলতা। ২ রোগ; পীড়া। ৩ ব্যথা; যন্ত্রণা; ক্লেশ।

আর্থনীতিক *বিণ* অর্থনীতি সম্বন্ধীয়। ❑ *বি* অর্থনীতিবিদ।

আর্থিক, আর্থ *বিণ*১ অর্থসম্বন্ধীয়; ধনবিষয়ক। ২ ব্যক্তিগত ধন বা সম্পত্তি সম্বন্ধীয় (আর্থিক অবস্থা)। ৩ শব্দার্থ বিষয়ক।

আর্দ্র *বিণ* ১ সিক্ত; ভেজা (আর্দ্রবসন)। ২ কোমল; নরম (দয়ার্দ্রচিত্ত)। [স. √অদ্+র]। **আর্দ্রতা** *বি* সিক্ততা; humidity।

আর্য[১] *বি* ১ একটি ভাষার নাম; আর্যভাষী গোত্রগুলোও আর্যনামে অভিহিত। ২ মনুষ্যজাতিবিশেষ। ❑ *বিণ* ১ মান্য; সম্মানিত। ২ সুসভ্য। **আর্য সমাজ** *বি* স্বামী দয়ানন্দ সরস্বতী কর্তৃক প্রতিষ্ঠিত বৈদিক ধর্মমূলক সমাজ বা সম্প্রদায়।

আর্যা *বি স্ত্রী.* ১ মান্যা স্ত্রীলোক। ২ শাশুড়ি। ৩ সংস্কৃত ছন্দবিশেষ। ৪ ছড়ার আকারে রচিত গণিতের সূত্র (শুভঙ্করের আর্যা)। **আর্যাবর্ত** *বি* আর্যগণ কর্তৃক প্রথম অধ্যুষিত পাকভারতের উত্তরাঞ্চল।

আর্যামি *বি*১ আর্যের ভাব। ২ সদাচার; ধর্মশীলতা।

আর্ষ *বিণ* ১ ঋষি সম্বন্ধীয়। ২ ঋষি প্রযুক্ত। [স. ঋষি+অ]

আল[১]**, আলি, আইল** *বি*১ জমির সীমা নির্দেশক বাঁধ। ২ উঁচু পথ। ৩ পাড়; তীর। ৪ বাধা; আটক। [আ. যা'ইল]

আল[২] *বি* আগুন রাখবার মাটির পাত্রবিশেষ; তুষ ঘুঁষে দিয়ে আগুন পুষে রাখার পাত্রবিশেষ; মালসা। [আল>আইল; আইলা; আইল্যা। আঞ্চলিক]

আলকাতরা *বি* পাথুরে কয়লা ইত্যাদি থেকে প্রস্তুত কালো ঘন নির্যাসবিশেষ। [পো. alcatraol]

আলকাপ *বি* উত্তরবঙ্গের হাসিঠাট্টাপূর্ণ গ্রামীণ লোকনাট্য।

আলকুশি, আলকুশী *বি* শুঁয়াপোকার রোঁয়ার ন্যায় আলযুক্ত লতাগাছ বা তার ফল। [বা.]

আলকে-তিলক (প্রা-বা) *বি* চুলের নিচে কপালে কুঙ্কুমাদি রচিত তিলক।

আলকেমি *বি* রসায়ন শাস্ত্র। [আ. আল-কিমিয়া]

আলখাল্লা, আলখিল্লা, আলখেল্লা *বি* লম্বা ঢিলা গাত্রাবরণ বা জামাবিশেষ। [আ. আলখলক]

আলগা *বিণ*১ পৃথক; আলাদা; স্বতন্ত্র। ২ শিথিল; ঢিলা; এলায়িত। ৩ অলগ্ন; অনাবদ্ধ। ৪ ফসকা। ৫ অনাবৃত; বস্ত্রহীন। ৬ উন্মুক্ত; খোলা। ৭ আঢাকা। ৮ বেঁফাস; অসংযত। ৯ আন্তরিকতাহীন; লোকদেখানো। ১০ উদাসীন; অসতর্ক। ১১ সম্পর্কহীন; বাইরের; উটকো (আলগা লোক)। ❑ *ক্রিবিণ* তফাত; দূর। [স. অলগ্ন> অলগ্‌গ>অলাগ>আলগ+আ]। **আলগা আলগা থাকা** *ক্রি* কোনো কিছুতে গা না লাগানো; দূরে দূরে থাকা। **আলগা দেওয়া** *ক্রি* প্রশ্রয় দেওয়া; শাসন শিথিল করা।

আলগোছ, আলগোচ *বিণ* ১ অলগ্ন; অসংলগ্ন। ২ অবলম্বনহীন। **আলগোছে, আলগছে**(ম-বা) *ক্রিবিণ*১ অসংলগ্নভাবে; স্পর্শদোষ বাঁচিয়ে। ২ সন্তর্পণে; অতি সাবধানে। [তুল. হি. আলগ+সে]

আলঙ্কারিক, আলংকারিক *বিণ* ১ অলঙ্কার শাস্ত্র সম্বন্ধীয়। ২ অলঙ্কার শাস্ত্রে বিশেষজ্ঞ। ❑ *বি* অলঙ্কার শাস্ত্রের গ্রন্থরচয়িতা। [স.]

আলজিভ, আলজিহ্বা *বি* উপজিহ্বা; গলনালির মুখে জিহ্বার আকৃতিবিশিষ্ট মাংস খণ্ড, uvula। [স. অলিজিহ্বা]

আলতা *বি* ১ অলক্ত; স্ত্রীলোকের পদরঞ্জনের রং বা রংমিশ্রিত তুলা। ২ লাক্ষারস। [স. অলক্ত> অলত্ত> আলতা]

আলতু-ফালতু *বিণ* আজেবাজে। [হিন্দি ফালতু এর দ্বিরুক্তিতে আলতু]

আলতো *বিণ* ১ আলগোছ। ২ আলগা; ফাঁপা। ৩ এলোমেলো; অসংলগ্ন। [আলঙ+তোলাহ=আলংতো> আলতো]। **আলতোভাবে** *ক্রিবিণ* আলগোছে; লঘুভাবে।

আলনা *বি*১ কাপড়-চোপড় রাখার দীর্ঘ পায়াযুক্ত মঞ্চ বা দণ্ডবিশেষ। ২ বস্ত্রাদি শুকাবার জন্য কাঠ বা বাঁশের তৈরি দণ্ডবিশেষ। [স. আলম্ব>আলনা]

আলপনা *বি* ১ মেঝে দেয়াল সিঁড়ি প্রভৃতিতে অঙ্কিত হিন্দুদের মঙ্গলসূচক চিত্রবিশেষ। ২ বিশেষ এক রীতির চিত্র। ৩ নকশাবিশেষ। [স. আলিম্পন>]

আলপাকা *বি* ১ মেষ জাতীয় পশুর মসৃণ ও উজ্জ্বল লোমজাত কাপড়বিশেষ। ২ দক্ষিণ আমেরিকার প্রসিদ্ধ মেষ জাতীয় পশুবিশেষ। [ই. alpaca]

আলপিন *বি* কাগজাদি ফুঁড়ে গেঁথে রাখার জন্য ধাতুর প্রস্তুত সরু কীলকবিশেষ; পিন; pin। [পো. alfinete]

আলবত, আলবাত (ম-বা) *অব্য* অবশ্য; নিশ্চয়। [আ. আলবত্ত]

আলবাটি (ম-বা) *বি* পিকদানি; থুথু বা কফ ফেলবার পাত্রবিশেষ। [স. লালা>লাল>+বা. বাটি=আলবাটি]

আলবেদা *বি* বিদায়। [আ. আলবিদ্যা]

আলবোলা, আলবালা *বি* দীর্ঘ নলবিশিষ্ট হুকাবিশেষ; গুড়গুড়ি; ফরসি। [ফা. আলবলা]

আলমপনাহ, আলমপানাহ, আলম্পনা *বি* জাঁহাপনা; বাদশাহ; পৃথিবীর রক্ষক; জগতের পোষক; দুনিয়ার মালিক; জাহানশাসক; পাদশাহ; সম্রাট; অধিপতি। [আ. আলম+ফা. পনাহ]

আলমারি *বি* জিনিসপত্র রাখার জন্য কপাট ও তাকযুক্ত

আধারবিশেষ। [ই. almirah, পো. almario, আ. আল্-মিরা]

আলম্ব *বি* আশ্রয়; অবলম্বন (নিরালম্ব)। [স.]

আলম্বন *বি* ১ আশ্রয়; অবলম্বন; আশ্রয়করণ। ২ (আল.) স্থায়ী ভাব উদ্রেককারী বিভাববিশেষ। **আলম্বিত** *বিণ* ১ আশ্রিত; অবলম্বিত। ২ লম্বিত; ঝুলানো। ৩ ধৃত। **আলম্বী** (-ম্বিন্) *বিণ* ১ আশ্রয়কারী; অবলম্বনকারী। ২ লম্বমান।

আলয় *বি* ১ বাড়ি; গৃহ; আগার (বিদ্যালয়)। ২ বাসস্থান (লোকালয়)। ৩ আশ্রয়; নিলয় (কমলালয়)। ৪ আধার (হিমালয়)। [স.]

আলস্য *বি* ১ কুঁড়েমি; অলসতা। ২ জড়তা। ৩ শ্রমবিমুখতা; কর্মে উপেক্ষা বা অনুৎসাহ। **আলস্য ত্যাগ** *বি* হাই তোলা; আড়মোড়া ভাঙ্গা।

আলহামদুলিল্লাহ *বি* ১ সমুদয় প্রশংসা আল্লাহর। ২ আল্লাহর প্রতি শোকর বা কৃতজ্ঞতা প্রকাশক বাক্য। [আ.]

আলহামরা *বিণ* রক্তবর্ণ; লাল। ❑ *বি* মুসলিম আমলে স্পেনের একটি বিখ্যাত প্রাসাদ। [আ.]

আলহেলাল *বি* নতুন চাঁদ। [আ.]

আলা[১] *বিণ* সর্বোচ্চ; প্রথম; শ্রেষ্ঠ; প্রধান (উজিরে আলা)। [আ. আ'লা]

আলা[২] *বিণ* আলোকিত; উদ্ভাসিত; উজ্জ্বল। ❑ *বি* আলোক; আলোকিত পরিবেশ। [স. আলোক>]

আলাইবালাই *বি* ১ আপদ-বিপদ; রোগ-শোক; অমঙ্গল। ২ জঞ্জাল। [আ. ইল্লৎ+আ. বলা+ই>]

আলাঝালা *বি* আদর। ❑ *বিণ* এলোমেলো; আউলা ঝাউলা। [ধ্বা.]

আলাদা, আলাহিদা *বিণ* ১ অন্য; ভিন্ন। ২ পৃথক; স্বতন্ত্র। [আ. আলাহিদহ]

আলান *বি* ১ হাতি বাঁধার থাম। ২ বেঁধে রাখার খুঁটি বা গোঁজ। [স.]

আলানো *ক্রি* ১ আলুলায়িত করা। ২ খোলা; মেলা। ৩ ওলটপালট করা; ছড়িয়ে দেওয়া। ৪ আলগা করা। ৫ বাসি হওয়া। [বা. আউল+আনো>]

আলাপ *বি* ১ কথাবার্তা; সম্ভাষণ। ২ পরিচয়; জানাশোনা। ৩ সঙ্গীতের সুর ভাঁজা। [স. আ+√লপ্+অ]। **আলাপচারিতা** *বি* আলাপ আলোচনার অবস্থা। **আলাপচারী**(-রিন্) *বিণ* আলাপ-আলোচনাকারী। **আলাপন** *বি* কথোপকথন; সম্ভাষণ। **আলাপ পরিচয়, আলাপ-সালাপ** *বি* বহুলোকের আলাপজনিত কলরোল; আনন্দ কলরব। **আলাপী** *বি* আলাপের পাত্র। ❑ *বিণ* মিশুক; আলাপ করতে ভালোবাসে এমন।

আলাভোলা *বিণ* ১ আত্মবিস্মৃত; আপন-ভোলা। ২ সাদাসিধা; অচতুর; সরল। [দেশী]

আলামত *বি* ১ চিহ্ন; নিদর্শন; লক্ষণ। ২ অলৌকিক ঘটনা; অবাক কাণ্ড। ৩ জমির সীমানির্দেশক চিহ্ন। [আ. আলামত]

আলায়কুম, আলাইকুম *বি* সালামের প্রত্যুত্তর অর্থাৎ আপনাদের উপরও শান্তি বর্ষিত হোক। [আ. আলাইকুমুস্সালাম]

আলাল *বি, বিণ* ধন; বড় লোক। **আলালের ঘরের দুলাল** *বি* ধনীর ঘরের অতি আদুরে ও প্রায় ক্ষেত্রে বখাটে ছেলে। [হি. আলাল=অকর্মণ্য]

আলিঙ্গন *বি* ১ কোলাকুলি; আশ্লেষ; প্রীতি বা স্নেহভরে বুকে জড়িয়ে ধরা। ২ সানুরাগে বরণ। [স. আ+√লিন্‌গ্+অন]

আলিম্পন, আলিম্পনা *বি* ১ আলপনা। ২ নকশা।

আলিসা, আলিশা, আলসে *বি* ১ ছাদের প্রান্তভাগ বা কার্নিশ। ২ ছাদের প্রান্তস্থ অনুচ্চ প্রাচীর। [স. আলি+বা. সা (সাদৃশ্যার্থে)]

আলু *বি* ১ একাধিক প্রজাতির সুপরিচিত কন্দ, যা সবজিরূপে ব্যাপকভাবে ব্যবহৃত। ২ গোলআলু, মিষ্টিআলু প্রভৃতি। [অনার্য ওঁরাও শব্দ 'আরু'>আলু>(র=ল)]। **গোলআলু** *বি* গোলাকৃতি আলুবিশেষ, আলু বলতে সাধারণত গোলআলুকেই বোঝায়; potato। **মিষ্টিআলু** *বি* মিষ্টি স্বাদবিশিষ্ট মোচাকৃতি আলু। **আলুর দোষ** *বি* (আল.) লাম্পট্য; চরিত্রদোষ।

আলুথালু *বিণ* ১ আলুলায়িত; শিথিল। ২ অসংবৃত; অসংযত। [বা. আলু (স. আলুলায়িত)+থালু(সহচর শব্দ)=আলুথালু]

আলুনি, আলুন *বিণ* লবণহীন; আলোনা; উপযুক্ত পরিমাণে লবণের অভাবজনিত বিস্বাদযুক্ত। [স. অলবণিত>আলোণিঅ>আলোণি>আলুনি (স্বরসাম্য)]

আলুবোখারা, আলুবুখারা *বি* অম্লস্বাদ কাবুলি ফলবিশেষ। [ফা. আলুবুখারা]

আলুলায়িত, আলুলিত *বিণ* এলায়িত; অসংযত।

আলেখা *বিণ* ১ অলিখিত। ২ সাদা। ৩ আঁচড়শূন্য।

আলেখ্য *বি* চিত্র; ছবি; প্রতিমূর্তি। [স. আ+√লিখ্ +য]

আলেপন, আলেপ *বি* ১ আলিপনা। ২ লেপন; প্রলেপ দেওয়া।

আলেম, আলিম *বি* ১ জ্ঞানী। ২ জ্ঞাত। ৩ শিক্ষিত। ৪ বিদ্বান। [আ. আলিম *বহুব* উলেমা]। **আলেমদার** (বিরল) *বিণ* বিদ্বান; পণ্ডিত। **আলুমুল-গায়েব** *বি, বিণ* যিনি অদৃশ্য বিষয় জানেন; সর্বজ্ঞ।

আলেয়া *বি* ১ জলাভূমিতে দৃষ্ট এক প্রকার বাষ্পোদ্ভূত আলোক বা জ্বলন্ত গ্যাস। ২ (আল.) ধাঁধা; প্রহেলিকা। **আলেয়ার আলো** *বি* (আল.) মিথ্যা মায়া; মিথ্যা প্রলোভন। [স. আলোকিকা(?)>আলোইআ> আলেইআ>আলেয়া]

আলো[১] *বি* ১ আলোক; দীপ্তি। ২ দীপ। ৩ রূপ; সৌন্দর্য। ❑ *বিণ* উজ্জ্বল; আলোকিত। [স. আলোক>আলোআ> আলো]। **আলো-আঁধারি** *বি* আলো ও আঁধারের মিশ্রণ; অস্পষ্ট আলোক। ❑ *বিণ* (আল.) কিছুটা স্পষ্ট ও কিছুটা অস্পষ্ট এমন ভাষায় বা ভাবে বর্ণিত বা চিহ্নিত। **আলো করা** *ক্রি* উদ্ভাসিত করা; শোভিত করা। **আলোচাল** *বি* আতপ চাল; অসিদ্ধ ধানের চাল। **আলোছায়া** *বি* আলো ও ছায়ার পাশাপাশি অবস্থান।

আলো[২], **আল, আ-ল** *অব্য* সম্বোধনসূচক।

আলোক *বি* জ্যোতি; কিরণ; দীপ্তি; প্রভা। **আলোকচিত্র** *বি* ছায়াচিত্র; ফটোগ্রাফ। **আলোকসজ্জা** *বি* আলো দ্বারা সজ্জিত মণ্ডপাদিতে বৈদ্যুতিক আলোকের সাজ। **আলোকস্তম্ভ** *বি* পথনির্দেশক আলোকযুক্ত উচ্চস্তম্ভ; বাতিঘর; lighthouse। [স.]

আলোকন *বি* ১ দর্শন; দেখা; অবলোকন। ২ প্রদর্শন; দেখানো। [স. আ+√লোক্+ণিচ+অন]। **আলোকনীয়** *বিণ* দর্শনযোগ্য; দ্রষ্টব্য। **আলোকনীয়া** *স্ত্রী.*।

আলোচনা, আলোচন *বি* ১ অনুশীলন; চর্চা। ২ বিচার।

৩ আন্দোলন। **আলোচনী** *বি* আলোচনার বিষয়। **আলোচনীয়, আলোচ্য** *বিণ* ১ আলোচনার জন্য উপস্থাপিত বা গৃহীত বা নির্দিষ্ট। ২ আলোচনার যোগ্য। **আলোচিত** *বিণ* আলোচনা করা হয়েছে এমন। **আলোচ্যমান** *বিণ* আলোচনা করা হচ্ছে এমন।

আলোড়ক *বি* ১ আলোড়নকারী। ২ আলোড়ন দণ্ড। [স. আ+ √লুড়্+অক]

আলোড়ন *বি* ১ মন্থন; আবর্তন; ঘোটন। ২ আন্দোলন; বিক্ষোভ। **আলোড়িত** *বিণ* আলোড়ন করা হয়েছে এমন।

আলোনা *বিণ* লবণাক্ত নয় এমন; আলুনি। [বা. আ+লোনা]

আলোপ, আলুপ *বিণ* ১ লুপ্ত; অন্তর্নিহিত। ২ বিনাশ; ধ্বংস। [স. অবলুপ্ত>]

আলোয়ান, আলওয়ান *বি* পশমি চাদরবিশেষ; পাড়বিহীন শাল। [আ. আলবান]

আল্লামা *বি* মহাবিদ্বান; মহাবিদগ্ধ; মহাপণ্ডিত; মহামহোপাধ্যায় (আল্লামা ইকবাল)। [আ. আল্লামা]

আল্লাহ, আল্লা *বি* খোদা; ইলাহি; কোরানোক্ত সৃষ্টিকর্তা —নিরাকার, বিশ্বচরাচরের স্রষ্টা ও রক্ষাকর্তা, একক, প্রভু, জাতও নন, জন্মও দেন না, পাপের শাস্তিদাতা, পুণ্যের পুরস্কারদাতা, সর্বশক্তিমান, সর্বজ্ঞ, সদাজাগ্রত, অক্লান্ত, পরম দয়ালু, ইসলাম ধর্মের বিশ্বাস অনুযায়ী মানুষের একমাত্র উপাস্য, সর্বজীব ও জগতের পরম পতি। [আ. আল্লাহ্ (মূলে সিরিয়ার প্রাচীন আরামীয় ভাষার শব্দ)]

আশ[১] *বি* আহার; ভোজন; অশন (প্রাতরাশ)।

আশ[২] (পদ্যে) *বি* ১ আশা; আকাঙ্ক্ষা; কামনা। ২ ইচ্ছা; অভিপ্রায়।

আশকারা, আস্কারা *বি* ১ প্রশ্রয়; আবদার। ২ তদন্তের পর রহস্য বা গুপ্ত বিষয় প্রকাশ। [ফা. আশকার]। **আশকারা দেওয়া, আস্কারা দেওয়া** *ক্রি* প্রশ্রয় দেওয়া।

আশঙ্কা *বি* ১ সংশয়; সন্দেহ। ২ ত্রাস; শঙ্কা। [স. আ+শঙ্কা]। **আশঙ্কনীয়, আশঙ্কিত** *বিণ*।

আশনাই, আসনাই *বি* ১ প্রেম; প্রণয়; আসক্তি। ২ অবৈধ প্রণয়; অসামাজিক প্রণয়। ৩ পরিচয়। [ফা. আশনাঈ]

আশপাশ *বি* চারপার্শ্ব; এদিক ওদিক; নিকটস্থ। ☐ *বিণ* চারদিকস্থ (আশপাশ গাঁয়ের ছেলেরা)। **আশপাশে, আশেপাশে** *ক্রিবিণ* ১ চারদিকে; চারপার্শ্বে। ২ ইতস্তত। [তুল. হি. আসপাস; বৈ. স. আশা (=পাশের দিক)>আশ+ (সহচর শব্দ) পাশ<পার্শ্ব]

আশরফি, আসরফি *বি* স্বর্ণমুদ্রাবিশেষ; সেকালের ষোলো টাকা মূল্যের সোনার মোহর। [আ. আশরফ+ফা. ঈ]

আশরাফ, আশরফ *বিণ* ১ সম্ভ্রান্ত; ভদ্র; উচ্চ খান্দানি; অভিজাত। ২ শ্রেষ্ঠ। [আ. আশরফ; *একব* শরীফ]। **আশরাফুল মখলুকাত** *বি, বিণ* সৃষ্টির সেরা (মানুষ)।

আশা *বি* ১ আশাজ্ক্ষিত কোনো কিছু পাওয়ার জন্য বাঞ্ছা; বাসনা; অভিলাষ; কামনা; কাম্যবস্তু পাওয়ার সম্ভাবনায় বিশ্বাস; প্রত্যাশা। ২ আশ্বাস; ভরসা। ৩ ইচ্ছা; বাসনা; আকাঙ্ক্ষা। ৪ দিক (পূর্বাশা, উত্তরাশা)। [স.]। **আশাভঙ্গ** *বিণ* হতাশ; ভরসাশূন্য। **আশা-ভরসা** *বি* ১ নির্ভর; অবলম্বন (এখন তুমিই আমার আশা-ভরসা)। ২ সম্ভাবনা (পাওয়ার আশা-ভরসা নেই)। **আশাহত, আশাহীন** *বিণ* হতাশ; নিরাশ।

আশাবরি, আশোয়ারি *বি* রাগিণীবিশেষ।

আশি *বি, বিণ* সংখ্যাবিশেষ; ৮০ সংখ্যা বা সংখ্যক; অশীতি।

আশিস *বি* আশীর্বাদ; শুভেচ্ছা; দোয়া; সাফল্য কামনা; শুভকামনা; কল্যাণবাঞ্ছা প্রকাশ। [স.]

আশী *বি* সাপের বিষদাঁত। **আশীবিষ** *বি* সর্প; সাপ। [স.]

আশীর্বাদ, আশীর্বচন *বি* কল্যাণ প্রার্থনা; শুভেচ্ছা; মঙ্গল কামনা; দোয়া। [স.]। **আশীর্বাদক** *বিণ* আশীর্বাদকারী; দোয়াকারী। **আশীর্বাদিকা** *স্ত্রী.*। **আশীর্বাদী**(-দিন্) *বিণ* আশীর্বাদের সঙ্গে দেয় (আশীর্বাদী ফুল, আশীর্বাদী কাপড়)। [স.]

আশু *বিণ* দ্রুত; ক্ষিপ্র (আশুগতি)। ☐ *ক্রিবিণ* সত্বর; শীঘ্রই; অবিলম্বে। [স. √অশ্+উ]

আশুরা, আশূরা *বি* মুহররম চান্দ্র মাসের দশম দিন। [আ. আশূরা]

আশেক, আশিক *বি* প্রেমিক; প্রণয়াসক্ত। তুল. **মাশুক** (প্রেমাস্পদ)। **এশক, ইশক** *বি* প্রেম। [আ. আশিক]

আশৈশব *অব্য, ক্রিবিণ* শিশুকাল থেকে; শৈশব থেকে।

আশ্চর্য *বিণ* ১ অদ্ভুত; বিস্ময়কর; আজব (আশ্চর্য ব্যাপার)। ২ বিস্ময়াপন্ন; আশ্চর্যান্বিত; বিস্মিত। ☐ *বি* অদ্ভুত বস্তু; বিস্ময়কর বিষয়। [স. আ+(শ)+√চর+য]

আশ্রম *বি* ১ সংসারত্যাগী সাধু সন্ন্যাসীদের বাসস্থান। ২ সাধনা বা শাস্ত্রচর্চার জন্য নির্দিষ্ট স্থান; মঠ; আস্তানা; আখড়া; খানকা; হুজুরা। ৩ তপোবন (মুনির আশ্রম)। ৪ আশ্রয়; স্থান; গৃহ (অনাথাশ্রম)। ৫ হিন্দু শাস্ত্রোক্ত জীবন কালের চতুর্বিধ অবস্থা—ব্রহ্মচর্য; গার্হস্থ্য; বানপ্রস্থ ও সন্ন্যাস। **আশ্রমধর্ম** *বি* আশ্রমাচার; আশ্রমবাসীদের পালনীয় কর্তব্য। **আশ্রমিক, আশ্রমী** *বি, বিণ* ১ আশ্রমধর্মাচারী; আশ্রমধর্ম পালনকারী। ২ আশ্রমে থাকে এমন। [স. আ+√শ্রম্+অ]

আশ্রয় *বি* ১ রক্ষক; শরণ; সহায় (গরিবের আশ্রয়)। ২ অবলম্বন। ৩ আধার (সর্বগুণের আশ্রয়)। ৪ আলয়; গৃহ; বাসস্থান (আশ্রয়হীন)। [স. আ+√শ্রি+অ]

আশ্রয়ার্থী(-র্থিন্), **আশ্রয়প্রার্থী**(-র্থিন্) *বিণ* আশ্রয় চায় এমন। **আশ্রয়ার্থিনী, আশ্রয়প্রার্থিনী** *স্ত্রী.*। **আশ্রিত** *বিণ* ১ আশ্রয়প্রাপ্ত; শরণাগত। ২ অনুগত; সেবক। ৩ অবস্থিত (দেহাশ্রিত)। **আশ্রিতা** *স্ত্রী.*। **আশ্রিতবৎসল** *বিণ* আশ্রিতের প্রতি স্নেহশীল; শরণাগত জনের প্রতি কৃপালু। **আশ্রিতবৎসলা** *স্ত্রী.*। [স.]

আশ্লেষ *বি* ১ আলিঙ্গন; মিলন। ২ একদেশসম্বন্ধ। ৩ শ্লেষ। [স. =আ+√শ্লিষ্+অ]

আশ্বস্ত *বিণ* আশ্বাস বা ভরসাপ্রাপ্ত; উদ্বেগহীন; আশঙ্কামুক্ত। [স. আ+√শ্বস্+ত]

আশ্বাস *বি* ১ প্রবোধ; সান্ত্বনা; অভয়। ২ ভরসা। ৩ উৎসাহদান। [স. আ+√শ্বস্+অ]

আশ্বিন *বি* বাংলা সনের ষষ্ঠ মাস। ☐ *বিণ* আশ্বিন মাস সম্বন্ধীয়; আশ্বিনের। [স.]। **আশ্বিনে, আশ্বিন্যা** *বিণ* আশ্বিন মাসকালীন।

আষাঢ় *বি* ১ বাংলা সনের তৃতীয় মাস। ২ (আল.) বর্ষা। [স.]। **আষাঢ়ে, আষাঢ়িয়া** *বিণ* ১ আষাঢ় মাসে জন্মে এমন। ২ আষাঢ় মাস সম্বন্ধীয়। **আষাঢ়ে গল্প** *বি* অদ্ভুত গল্প; অবিশ্বাস্য কাহিনী।

আষ্টেপৃষ্ঠে *ক্রিবিণ* সর্বাঙ্গে; অষ্টাঙ্গে। [স. অষ্ট>(আষ্ট+বা.এ=আষ্টে+পৃষ্ঠ+বা.এ=পৃষ্ঠে)=আষ্টেপৃষ্ঠে]

আসকে, আস্কে *বি* চাউলের গুঁড়া দ্বারা ছাঁচে প্রস্তুত পিঠাবিশেষ। [বা.]

আসক্ত *বিণ* ১ অতিশয় অনুরক্ত বা প্রীত (প্রণয়াসক্ত); নিবিষ্ট। ২ সংসক্ত; আবিষ্ট; সংলিপ্ত। [স. আ+√সন্‌জ্‌+ত]। **আসক্তি** *বি* ১ গভীর অনুরাগ; লিপ্সা। ২ ভোগ-বিলাস।

আসছে *বিণ* আসছে এমন; আগত; আগামী; আসন্ন (আসছে মাস)।

আসত্তি *বি* ১ মিলন; সংযোগ; নৈকট্য। ২ (ব্যা.) বাক্যে পরস্পর অন্বিত পদসমূহের সন্নিহিত অবস্থান। [স. আ+√সদ্‌+তি]

আসন *বি* ১ বসবার স্থান বা উপকরণ (কাষ্ঠাসন)। ২ বসবার ছোট কম্বল গালিচা ইত্যাদি। ৩ পীঠ। ৪ সম্মানিত অবস্থিতি; মর্যাদা (বিদ্বানের আসন)। ৫ বাসস্থান; গৃহ (ভদ্রাসন)। ৬ যোগসাধনায় উপবেশনের বিবিধ ভঙ্গি বা কৌশল (পদ্মাসন)। [স. √আস্‌+অন]। **আসন গ্রহণ** *বি* উপবেশন। **আসনপিঁড়ি, আসনপিঁড়ী** *বি* এক পায়ের উপর অন্য পা মুড়ে উপবেশন।

আসন্ন *বিণ* ১ উপস্থিত বা আগতপ্রায় (আসন্ন বিপদ)। ২ বিপন্ন বা অন্তিম (আসন্নকাল)। ৩ নিকটবর্তী; ঘনিষ্ঠ। [স. আ+√সদ্‌+ত]। **আসন্নকাল** *বি* ১ মৃত্যুর সময়; অন্তিমকাল। ২ বিপৎকাল। **আসন্নপ্রসবা** *বিণ স্ত্রী.* প্রসবকাল নিকটবর্তী হয়েছে এমন। **আসন্নমৃত্যু** *বিণ* মুমূর্ষু; মরণ অতি নিকটবর্তী এমন।

আসব *বি* ১ চুয়ানো মদ; চোলাই মদ। ২ তাড়ি। **আসবমত্ত, আসবমাতা** (প্রা-বা) *বিণ* সুরাপানে মত্ত; মাতাল; মদমত্ত। [স.]

আসবাব *বি* ১ গৃহসজ্জার উপকরণ। ২ উপকরণ; সরঞ্জাম। [আ. আসবাব]। **আসবাবপত্র** *বি* আসবাবপত্রাদি।

আসমান, আছমান *বি* আকাশ; স্বর্গ; গগন/শূন্যলোক। [ফা. আসমান]। **আসমান-জমিন** *বি* আকাশ ও পৃথিবী; দ্যুলোক ও ভূলোক। ❑ *বিণ* সীমাহীন; আকাশ-পাতাল; দূরতিক্রম্য (আসমান জমিন ফারাক)। **আসমান জমিন ফারাক, আসমান জমিন তফাত** *বি* আকাশ পাতাল প্রভেদ; দূরতিক্রম্য ব্যবধান। **আসমানি, আসমানী** *বিণ* ১ আকাশের রং; হালকা নীল; নীলাভ। ২ স্বর্গীয়; ঐশী (আসমানি কিতাব)। ৩ আকাশ সম্বন্ধীয়। **আসমানের চাঁদ হাতে পাওয়া**—দুষ্প্রাপ্য জিনিস লাভ করা।

আসমুদ্র *ক্রিবিণ* সমুদ্র থেকে বা সমুদ্র পর্যন্ত। **আসমুদ্রহিমাচল** *বিণ* সমুদ্র থেকে হিমালয় পর্যন্ত বিস্তৃত।

আসর[১] *বি* সভা; মজলিস; বৈঠক (গানের আসর, সাহিত্যের আসর)। [ফা. আশর =দশ; অর্থাৎ দশজনে মিলে সভা]। **আসর গরম করা**—কথাবার্তা বা বক্তৃতার দ্বারা উদ্দীপনার সৃষ্টি করা। **আসর জমা** *ক্রি* ১ লোকসমাগম হওয়া। ২ সভাস্থলের অন্তরে আনন্দ বা উদ্দীপনার সঞ্চার হওয়া। **আসর জমানো, আসর মাতানো** *ক্রি* বাকচাতুর্য হাস্য পরিহাস ইত্যাদি দ্বারা শ্রোতৃবর্গকে হর্ষোৎফুল্ল করে তোলা। **আসর জাঁকানো** *ক্রি* বাকচাতুর্য বা ভাবভঙ্গি দ্বারা নিজেকে শ্রোতৃবর্গের মধ্যে বিশিষ্ট করে তোলা। **আসরে নামা** *ক্রি* সভাস্থলে বা কার্যক্ষেত্রে অবতীর্ণ হওয়া।

আসর[২], আছর[১] *বি* ১ অপরাহ্ণ; বৈকাল। ২ নামাজের ওয়াক্তবিশেষ (আসরের নামাজ)। [আ. আসর]

আসর[৩], আছর[২] *বি* প্রভাব; চিহ্ন; ফল; ক্রিয়া (জিনের আসর)। [আ. আসর]

আসল *বিণ* ১ খাঁটি; বিশুদ্ধ; অবিকৃত; নির্ভেজাল (আসল সোনা)। ২ সত্য; প্রকৃত; যথার্থ (আসল ঘটনা)। ৩ মূল; আদি (আসল দলিল)। ৪ আনুষঙ্গিক খরচ বাদে মোট; নিট (আসল আয়)। ❑ *বি* ১ মূল বস্তু। ২ বাণিজ্যাদির মূলধন (সুদে আসলে)। [আ. আসল]। **আসলি** *বিণ* বিশুদ্ধ; খাঁটি; নির্ভেজাল (আসলি সোনা)। **আসলে** *ক্রিবিণ* প্রকৃতপক্ষে (আসলে সে একটি চোর)।

আসহাব *বি* হযরত মুহম্মদ (স.)-এর সহচরবৃন্দ; সাহাবিগণ। [আ. *একব* সাহাবি; *বহুব* আসহাব]

আসহাব-এ-কাহাফ *বি* কুরআনোক্ত গুহাবাসী সহচরগণ (এক সময়ে আল্লাহর উপর বিশ্বাসী কয়েকজন যুবক তাদের অবিশ্বাসী রাজার ভয়ে এক গুহায় প্রবেশ করে এবং অলৌকিকভাবে বহু বছর এক-ঘুমে কাটায়। জাগার পর তারা দেখে যে, দেশের পরিবর্তন হয়েছে এবং খোদার উপর বিশ্বাসী এক রাজা রাজত্ব করছে।) [আ.]

আসা[১] *ক্রি* ১ আগমন করা; উপস্থিত হওয়া (বাড়ি আসা)। ২ উদ্রেক হওয়া; দেখা দেওয়া (ঘেন্না আসা, চক্ষে জল আসা)। ৩ কোনো কিছুতে জ্ঞান শিক্ষা বা অভ্যাস থাকা (গান বাজনা আমার বড় আসে না)। ৪ যোগানো (মাথায় বুদ্ধি আসা)। ৫ কোনো কিছুতে লাগা; উপযোগী হওয়া (এটা কোনো কাজে আসবে না)। ৬ আরম্ভ হওয়া (বৃষ্টি আসা)। ৭ উপার্জন হওয়া; আমদানি হওয়া। ৮ ঘটা; হওয়া (বিপদ আসা, মৃত্যু আসা)। ৯ যাওয়া (এখন আসি, ফুরিয়ে আসা)। ১০ ঢোকা; প্রবেশ করা (জানালা দিয়ে আলো আসে)। ১১ উপক্রম হওয়া (বমি আসা)। ১২ বিস্তৃত হওয়া; বৃদ্ধি পাওয়া (উঠান পর্যন্ত পানি এসেছে)। ❑ *বিণ* আগত; এসেছে এমন (কাছে আসা)। ❑ *বি* আগমন; উপস্থিতি (আমার কাছে আসার মানে কি?)। **আসা-যাওয়া** *বি* ১ গমনাগমন; আনাগোনা; যাতায়াত (কেবল আসা-যাওয়া সার)। ২ মেলামেশা (আমাদের মধ্যে আসাযাওয়া নেই)। ❑ *ক্রি* ক্ষতিবৃদ্ধি হওয়া; ভাবান্তর আসা; প্রভাব বিস্তার করা।

আসা[২], আশা *বি* ১ দণ্ড; লাঠি। ২ রাজদণ্ড। [আ. আসা]। **আসানড়ি** *বি* লাঠি। **আসাবরদার** *বি* রাজদণ্ড বহনকারী; শাসক বা মাতব্বর গোছের লোকদের দণ্ডধারী অনুচর। [আ. আসা+ফা. বরদার]। **আসাসোঁটা** *বি* রাজদণ্ড; রাজশক্তির চিহ্ন। [আ. আসা+স. শোণ্ড>সোঁড়>সোঁট+আ=সোটা]

আসান, আছান (ম-বা) *বি* ১ অবসান; লাঘব (মুশকিল আসান)। ২ উদ্ধার। ৩ রেহাই; নিষ্কৃতি; মুক্তি। ৪ সুবিধা। ৫ সান্ত্বনা; নিরাময়। ❑ *বিণ* সহজ (আসান সবক)। [আ. আহসান]। **আসানি** *বি* মুক্তি; নিষ্কৃতি।

আসামি[১], আসামী[১] *বি* ১ অভিযুক্ত; অপরাধী; প্রতিবাদী। ২ খাতক; ঋণী; দেনাদার। ৩ প্রজা। [আ. আস্‌মা]

আসামি[২], আসামী[২] *বিণ* ১ অসম বা আসামদেশীয়; আসাম দেশজাত। ২ আসামসম্বন্ধীয়। ❑ *বি* ১ আসামের অধিবাসী। ২ আসামের ভাষা; অসমীয়া; অহমিয়া।

আসার[১] *বি* ১ প্রবল বর্ষণ। ২ জলবিন্দু।

আসার[১] *বি*১ নিদর্শন; চিহ্ন। ২ প্রাচীন চিহ্ন; প্রাচীন কীর্তি। [আ. আসার]

আসিদ্ধ *বিণ*১ সিদ্ধ নয় এমন; অপক্ব। ২ অর্ধসিদ্ধ। [বা.]

আসীন *বিণ*১ উপবিষ্ট। ২ অধিষ্ঠিত; অবস্থিত। ৩ অধিরূঢ় (সিংহাসনে আসীন)। [স.]। **আসীনা** *স্ত্রী*।

আসুর, আসুরিক *বিণ*১ অসুর সম্বন্ধীয়। ২ অসুরের ন্যায়; অসুরতুল্য। ৩ ভয়ঙ্কর; অতি ভীষণ। ৪ অসুরদের প্রথানুযায়ী। ৫ অপবিত্র। ৬ নিন্দিত; গর্হিত। **অসুরী, আসুরিকী** *স্ত্রী*। **আসুর বিবাহ** *বি* কন্যার অভিভাবকদের অর্থ প্রদানপূর্বক অনুষ্ঠিত বিবাহ। [স. অসুর+ইক]

আসেচন *বিণ* উত্তমরূপে সেচন বা ভিজানো। ❑*বি* ভালোভাবে সেক দেওয়া। [বা]

আসোয়ার, আসোবার *বি, বিণ* অশ্বারোহী; অশ্বারোহী সৈন্য বা সৈন্যদল। [হি. অশ্ববর>ফা. সওয়ার; বা. আসোয়ার]

আস্ত *বিণ*১ গোটা; অখণ্ড; অভগ্ন; সমগ্র; পূর্ণ। ২ পুরাপুরি; পুরাদস্তুর (আস্ত পাগল)। ৩ প্রকৃত; পাকা (আস্ত চোর)। ৪ মারাত্মক; ভয়ঙ্কর (আস্ত কেউটে)। **আস্ত না রাখা** *ক্রি* নির্মমভাবে প্রহার করা; মারের চোটে অস্থি বা অঙ্গ-প্রত্যঙ্গ চূর্ণ করা। [স. অস্তি>আস্ত]

আস্তব্যস্ত *বিণ* আবেগে বিচলিত; অতিশয় ব্যস্ত। [বা.]। **আস্তেব্যস্তে** *ক্রিবিণ* ব্যগ্রভাবে; ত্রস্ত হয়ে।

আস্তর, আস্তরণ *বি* ১ আচ্ছাদন বস্ত্র; পলস্তারা; চুন; সুরকি কিংবা সিমেন্ট বালির প্রলেপ। ২ কারুকার্যখচিত চাদরবিশেষ। ৩ হাতির পিঠে পাতবার নিমিত্ত কারুকার্যখচিত চাদর। ৪ গালিচা। [ফা. অস্‌তর]

আস্তাগফেরুল্লাহ 'আমি আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করি'—পাপাচরণ বা অন্যায়কর্ম করে অনুশোচনাজাত ক্ষমা প্রার্থনা। [আ. আস্‌তগ ফিরুল্লাহ্]

আস্তানা *বি*১ খানকা; আশ্রম; বাসস্থান; আখড়া; হুজরা। ২ দীনের পর্ণকুটির; অস্থায়ী নিবাস; ডেরা। ৩ আড্ডা; বসত। ৪ বাসস্থান; আশ্রয়স্থল। [ফা. আস্‌তানহ্]। **আস্তানা গাড়া, আস্তানা করা** *ক্রি* সাময়িকভাবে বাস করবার বা আড্ডা দেওয়ার জন্য কোনো স্থানে ওঠা। **আস্তানা গুটানো** *ক্রি* আড্ডা তোলা বা ভাঙ্গা।

আস্তাবল *বি* অশ্বশালা; হাতি ঘোড়া উট ইত্যাদি পশু রাখবার স্থান। [ফা. ইস্তবল>stable]

আস্তিক *বি* আল্লাহর অস্তিত্বে বিশ্বাসী; পরকাল মানে যে। ❑*বিণ* বেদাদি শাস্ত্রে আস্থাবান। **নাস্তিক** *বিপ*। **আস্তিকতা, আস্তিকত্ব, আস্তিক্য** *বি*। [স. অস্তি+ক]

আস্তিন, আস্তীন *বি* কোট জামা ইত্যাদির হাতা। [ফা. আস্‌তীন]। **আস্তিন গুটানো** *ক্রি* মারবার উদ্যোগ করা; মারমুখো হয়ে ওঠা; যুদ্ধংদেহি ভাব দেখানো।

আস্তীর্ণ, আস্তৃত *বিণ* ১ বিছানো বা পাতা হয়েছে এমন। ২ প্রসারিত; বিস্তীর্ণ। ৩ সমাকীর্ণ; অনাচ্ছাদিত (উন্নতির পথ কুসুমাস্তীর্ণ নয়)। [স. আ+স্তৃ+ত]

আস্তে *ক্রিবিণ*১ ধীরে (কাজটা আস্তে করো)। ২ সযত্নে; সন্তর্পণে (জিনিসটা আস্তে রাখো)। ৩ লঘুপদে (আস্তে হাঁটা)। ৪ অনুচ্চ কণ্ঠে; মৃদুস্বরে (আস্তে কথা বলা)। ৫ চুপে চুপে; নিঃশব্দে। [ফা. আহিস্‌তহ্]

আস্থা *বি*১ বিশ্বাস; ভরসা। ২ শ্রদ্ধা; নিষ্ঠা (ধর্মে আস্থা)। ৩ আশ্রয়; অবলম্বন। ৪ স্থিতি। ৫ সভা; সমিতি। [স. অ+√স্থা+অ]। **আস্থাবান** *বিণ* বিশ্বাসী; ভরসাশীল। **আস্থাভাজন** *বিণ*১ বিশ্বাসের উপযুক্ত; ভরসার পাত্র। ২ শ্রদ্ধার পাত্র; শ্রদ্ধার যোগ্য।

আস্থান *বি*১ অবস্থিতি। ২ আশ্রয়; স্থান। ৩ আস্থা। ৪ সভা।

আস্থায়ী *বি* সঙ্গীতের বা সুরের প্রথম চরণ।

আস্পদ *বি* আধার; পাত্র; ভাজন (স্নেহাস্পদ, প্রেমাস্পদ, কল্যাণস্পদ, শ্রদ্ধাস্পদ)। [স.]

আস্পর্ধা *বি* ১ স্পর্ধা। ২ দর্প; অহঙ্কার; বাড়; দম্ভ। ৩ আস্ফালন। [স্পর্ধার বিকৃত রূপ]

আস্ফালন, আস্ফাল *বি* ১ গর্বপ্রকাশ; দর্প; দাপট দেখানো; আত্মশ্লাঘা প্রকাশ। ২ জোরে সঞ্চালন; বেগে আন্দোলিতকরণ। ৩ তাড়ন। ৪ রোষ বা কোপ প্রকাশ। [স. আ+√স্ফল্+ণিচ+অন]। **আস্ফালিত** *বিণ*।

আস্বাদ *বি* ১ রসানুভূতি; স্বাদ। ২ আস্বাদন; রসগ্রহণ। **আস্বাদক** *বিণ*১ স্বাদগ্রহণকারী। ২ রসগ্রাহী (সাহিত্যের আস্বাদক)। **আস্বাদন** *বি* ১ স্বাদগ্রহণ; জিহ্বা দ্বারা অনুভবকরণ। ২ রসগ্রহণ (কাব্যের আস্বাদন)। **আস্বাদনীয়, আস্বাদ্য** *বিণ* আস্বাদনের যোগ্য। **আস্বাদিত** *বিণ*১ স্বাদ গ্রহণ করা হয়েছে এমন। ২ অনুভূত।

আহওয়াল, আওহাল, আওয়াল *বি* অবস্থা; দশা; সমাচার। [আ. আহ্‌বাল; *একব* হাল]

আহত *বিণ*১ আঘাতপ্রাপ্ত; প্রহৃত। ২ ধ্বনিত; বাদিত। ৩ তাড়িত। ৪ মর্দিত। **আহতি** *বি*।

আহব *বি*১ সংগ্রাম; যুদ্ধ। ২ হিন্দুদের যজ্ঞ; হোম করবার স্থান। [স. আ√হেব+অ]

আহম্মক, আহাম্মক *বিণ* নির্বোধ; বুদ্ধিহীন; কাণ্ডজ্ঞানশূন্য; স্থূল বুদ্ধিসম্পন্ন। [আ. আহমক্]। **আহম্মকি, আহাম্মকি** *বি* মূর্খতা; বোকামি; নির্বুদ্ধিতা। **আহম্মকের ধাড়ি** *বিণ* অত্যন্ত বোকা।

আহরণ *বি* ১ সংগ্রহ। ২ সঞ্চয়করণ। ৩ সঙ্কলন। ৪ উপার্জন। ৫ আয়োজন। ৬ যৌতুক; উপঢৌকন। [স. আ+√হৃ+অন]। **আহৃত** *বিণ* ১ সংগৃহীত; সঞ্চিত; সঙ্কলিত; আহরণ করা হয়েছে এমন। ২ উপার্জিত। ৩ আয়োজিত; আহরিত (অশুদ্ধ)।

আহা *অব্য* দুঃখ শোক আক্ষেপ সমবেদনা ইত্যাদি সূচক অব্যয় শব্দ। **আহা মরি** *অব্য* প্রশংসা অনুকম্পা বা বিদ্রূপসূচক শব্দ। ❑*বিণ* প্রশংসনীয়; অনিন্দ্যসুন্দর; চমৎকার (আহা মরি রূপ)।

আহাদ, আল-আহাদ *বি* আল্লাহ; খোদা; অদ্বিতীয় সত্তা; একক। [আ. আহদ]

আহার *বি*১ ভোজন; খাদ্যগ্রহণ; খাওয়া। ২ খাদ্য; ভোজ্য দ্রব্য। ৩ আহরণ। **আহার-নিদ্রা** *বি*১ শয়ন-ভোজন। ২ সকল কাজ; নিত্যনৈমিত্তিক যাবতীয় কর্তব্য। **আহার-বিহার** *বি* ভোজন ও আমোদ-আহ্লাদ; আহার ও বিচরণ।

আহার্য *বি* খাদ্যদ্রব্য; ভোজ্যবস্তু। ❑*বিণ*১ আহারের যোগ্য; ভক্ষ্য; ভোজ্য। ২ আহরণীয়; সংগ্রহযোগ্য।

আহা-হা *অব্য* দুঃখ ক্ষোভ শোক পরিতাপ অনুকম্পা আনন্দ ইত্যাদি সূচক শব্দ।

আহির, আহীর *বি* গোপ-জাতিবিশেষ; ভারতবর্ষের উত্তর ও পশ্চিম দেশীয় গোয়ালা। **আহীরী, আহিরণী, আহিরী** *স্ত্রী*। [সং. আভীর; তুল. হি. আহীর]

আহুট, আউটি *বি* সাড়ে তিন হাত পরিমিত; শরীরের যোগশাস্ত্রীয় বাংলা পরিভাষা। [সং. অর্ধ+চতুর্থ>আউটি প্রা. বা.]

আহুত *বিণ* আহুতি দেওয়া হয়েছে এমন। **আহুতি** *বি* ১ হিন্দু পূজার হোম। ২ মহৎ কার্যে আত্মোৎসর্গ (দেশের সেবায় আত্মাহুতি)।

আহূত *বিণ* আহ্বান করা হয়েছে এমন; আমন্ত্রিত; নিমন্ত্রিত। **আহূতি** *বি* আহ্বান; আমন্ত্রণ।

আহেল, আহ্লে, আহল *বিণ* ১ খাঁটি; খাস; অমিশ্র; আসল। ২ আনকোরা; নতুন। ☐ *বি* ১ পরিবার। ২ অধিবাসী (আহলে আরব)। [আ. আহল]। **আহেলে ইসলাম** *বি* ইসলামের অন্তর্ভুক্ত লোক; মুসলিম। **আহেলে কেতাব** *বি* ১ প্রত্যাদিষ্ট ধর্মগ্রন্থ অনুসারী। ২ ইহুদি ও খ্রিস্টান। **আহলে জবান** *বিণ* ১ মাতৃভাষাভাষী। ২ ভাষা বিশেষজ্ঞ লোক। (আহলে জবানের মতো উর্দু বলেন)। **আহেলে বিলাত, আহেল বেলাত** *বি* ১ বিদেশ হতে নবাগত এবং নতুন দেশ সম্পর্কে অভিজ্ঞ। ২ নতুন দেশ; নতুন রাজ্য।

আহ্নিক *বিণ* প্রাত্যহিক; দৈনিক। ☐ *বি* হিন্দুদের প্রতিদিনের ধর্মকর্ম। **আহ্নিক গতি** *বি* পৃথিবীর ২৪ ঘণ্টার বা প্রতিদিনের আবর্তন।

আহ্মা, আহ্মি, আহ্মো (প্রা-বা) *সর্ব* আমি।

আহ্লাদ *বি* ১ হর্ষ; আনন্দ; আমোদ। ২ আশকারা; (আহ্লাদ দিয়ে ছেলেটার মাথা খেয়েছে)। **আহ্লাদিত** *বিণ* প্রীত; হৃষ্ট; আনন্দিত। **আহ্লাদী** *বি, বিণ স্ত্রী.* অতিরিক্ত আমোদপ্রিয়া; হৃষ্টস্বভাবা। ☐ *বি, বিণ* কারণে অকারণে আহ্লাদ প্রকাশ করে বা আদায় করে এমন। **আহ্লাদে** *বিণ পু.*। **আহ্লাদে আটখানা** *বিণ* উল্লাসে আত্মহারা; খুশিতে ফেটে পড়ে এমন।

ই

ই¹ বাংলা বর্ণমালার তৃতীয় স্বরবর্ণ।

-ই² সর্বনামরূপে এর অর্থ 'ইহা' (ধরিআ ধর্মের পাএ রামাঞি পণ্ডিত গাএ; ই বড় বিষম গণ্ডগোল-রামাই)। এই 'ই' সংস্কৃত; 'ইদম্' [সং. ইদম্‌> ইদু> ইঅ> ই শব্দজাত]। বিশেষণরূপে এর ব্যবহারও লক্ষণীয়; তখন এর অর্থ 'এই', যথা—(ই ধন যার ঘরে নাই তার মিছাই জীবন—ছড়া)। [প্রাচীন ও আঞ্চলিক প্রয়োগ]

ই³ বাংলা তদ্ধিত প্রত্যয় হিসেবে 'ই' এর ব্যবহার বহু, যথা—(১) স্বভাব ভাব বা গুণ বোঝাতে—লম্বাই, খাড়াই, হাফ-আখড়াই। (২) ব্যবসায় অর্থে—চৌকিদারি, ডাক্তারি, মাস্টারি। (৩) ক্ষুদ্রার্থে—ঝুড়ি, নুড়ি, কলসি, হাঁড়ি। (৪) মাসের পাঁচ হতে আঠারো তারিখবাচক—পাঁচই, ছয়ই, সাতই, আটই, নয়ই, দশই, এগারোই, বারোই, তেরোই, চৌদ্দই, পনরোই, ষোলোই, সতেরোই, আঠারোই। (৫) তদজাত অর্থে— পাটনাই, ঢাকাই, রুপাই, কাঁসাই। (৬) দৃশ্যার্থে— ছেলেমানুষি, বড়লোকি (এমন ছেলেমানুষিও কেহ করে? গরিব মানুষের বড়লোকি সাজে না)।

-ই⁴ অব্যয়রূপে—'ই' বেশ কয়েক অর্থে বাংলায় ব্যবহৃত হয়। (১) নিশ্চয়ার্থে— সে বলবেই, কাজটা করবই করব। (২) বক্তব্যে জোর (emphasis) দেবার জন্য— তাকে বলতে হবেই। যেখানে ছিলে সেখানেই থাক। (৩) কেবল, শুধুমাত্র, একমাত্র, অনন্য অর্থে—পুস্তকটি তোমাকেই দেবো। তাকে তথায় যেতে হবে। (৪) অগ্রাহ্য বা অবজ্ঞা অর্থে যে যাই বলুক না কেন আমি কিছুই শুনবো না। (৫) আধিক্য অর্থে—তুমি যতই বলো সে আর কত খাবে? (৬) বাক্যকে দৃঢ় করার অর্থে—না বলো, নাই বললে; যদি না হয় খুশিই হবো। (৭) হেতুবাচক—তার কথাতেই তো আগুন জ্বলছে। কাজেই বলতে হয় যত দোষ তারই। (৮) অনিশ্চয়ার্থ পদে—যদিই যায় যাক না; দেখলেই কি আসে যায়।

ইউনানি *বিণ* ১ গ্রিসদেশীয়; গ্রিক। ২ (চি.) হেকিমি (ইউনানি দাওয়াখানা)। [আ. য়ুনানী; গ্রি. আইওনিয়ন]

ইউনিফর্ম *বি* ১ সমরূপ। ২ কোনো সঙ্ঘ দল বা প্রতিষ্ঠানের সদস্যদের জন্য সুনির্দিষ্ট পোশাক বা উর্দি—যেমন সৈন্য, ছাত্র-ছাত্রী বা নাবিকদের। [ই. uniform]

ইউনিভার্সিটি *বি* বিশ্ববিদ্যালয়। [ই. university]

ইউনিয়ন *বি* কোনো বিশেষ কার্য সম্পাদনের উদ্দেশ্যে মনোনীত বা নির্বাচিত সদস্য সমন্বয়ে গঠিত প্রতিষ্ঠান (ট্রেড ইউনিয়ন, কলেজ ইউনিয়ন)। গ্রামীণ পঞ্চায়েত অর্থে—ইউনিয়ন কাউন্সিল। [ই. union]

ইউনিয়ন বোর্ড, ইউনিয়ন কাউন্সিল *বি* গ্রামের স্বাস্থ্য শিক্ষা যাতায়াত ব্যবস্থা প্রভৃতির উন্নতির তত্ত্বাবধানার্থ গ্রামবাসীদের নির্বাচিত প্রতিনিধি নিয়ে গঠিত স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানবিশেষ।

ইংরেজ *বি* ইংলিশম্যান; ইংল্যান্ডের অধিবাসী।

ইংরেজি *বি* ইংরেজি ভাষা। ☐ *বিণ* ১ ইংল্যান্ডজাত; বিলাতি। ২ ইংরেজ সম্বন্ধীয়। [ই. English]।

ইংলিশ *বি* ইংরেজি ভাষা। ☐ *বিণ* ইংল্যান্ডজাত; বিলাতি।

ইঃ *অব্য* বিস্ময় দুঃখ বা কোপসূচক শব্দ।

ইঁচড়, এঁচড় *বি* অপক্ব কাঁঠাল; কাঁচা কাঁঠাল। **ইঁচড়ে পাকা** *বিণ* ১ অকালপক্ব। ২ (আল.) ফাজিল; জেঠা; বাচাল; বখাটে। [বা.]

ইঁচা, ইচা *বি* চিংড়ি (ইঁচা মাছ)। [সং. ইঞ্চাক> ইন্‌চাঅ> ইন্‌চ> ইঁচা। আঞ্চলিক]

ইঁদারা, ইন্দারা *বি* বড় পাকা কুয়া; পাতকুয়া [সং. ইন্দ্রাগার>]

ইঁদুর, ইন্দুর *বি* মূষিক। [সং.]

ইকড়ি-মিকড়ি *বি* ছোট ছেলেমেয়েদের খেলাবিশেষ—ছড়া কেটে এ খেলা খেলতে হয়।

ইকরা *ক্রি* "পড়"—হজরত মুহম্মদ (সা.)-এর নিকট সর্বপ্রথম যে ওহি নাজিল হয় তার প্রথম শব্দ। [আ. ইক্‌রা]

ইকলিম, একলিম *বি* ১ অঞ্চল— প্রাচীন ইকতা; ইকলিম; শিক; পরগনা—মধ্যযুগের বড় ছোট প্রশাসনিক বিভাগ ও এলাকার নাম। ২ একটি বিভাগ বা জেলার

মতো প্রশাসনিক এলাকা। [আ. ইকলীম]

ইকার *বি* স্বরবর্ণের প্রতীক চিহ্নকে 'কার' বলা হয়। 'ই' বর্ণের চিহ্ন 'ি'-কার। **ইকারাদি** *বিণ* আদিতে 'ই'-এর কারবিশিষ্ট যথা—বিল। **ইকারান্ত** *বিণ* অন্তে 'ই'-এর কারবিশিষ্ট যথা—বলি।

ইক্ষু *বি* আখ বা আখ গাছ; কুশিয়াল; গেণ্ডারি; সুমিষ্ট রসপূর্ণ এক ধরনের উদ্ভিদ। [স.]। **ইক্ষুদণ্ড** *বি* কাটা আখ গাছ; কর্তিত আখ। **ইক্ষুনেত্র** *বি* আখের গিট বা চোখ। **ইক্ষুবিকার** *বি* আখের গুড়। **ইক্ষুযন্ত্র** *বি* আখমাড়াই কল; যে যন্ত্রের সাহায্যে আখের রস বের করা হয়। **ইক্ষুসার** *বি* আখের গুড়।

ইক্ষ্বাকু *বি* সূর্য-বংশীয় প্রথম রাজা। [স.]

ইঙ্কার, ইনকার *বি* ১ অস্বীকার। ২ ঘৃণা; অপছন্দ। [আ. ইন্‌কার]

ইঙ্গবঙ্গ *বিণ* ১ ইংরেজি ও বাংলা মিশ্রিত (ইঙ্গবঙ্গ ভাষা)। ২ সাজসজ্জা ও চালচলনে ইংরেজি ভাবাপন্ন বাঙালি (ইঙ্গবঙ্গ সমাজ)। [ই. Anglo-Bengali]

ইঙ্গিত *বি* ১ সঙ্কেত; ইশারা; মনের ভাব প্রকাশার্থে আঙুল চালনা বা চোখের ঠার। ২ আভাস (ঝড়ের ইঙ্গিত)। **ইঙ্গিতকার** (প্রা-বা) *বি* হাবভাব; আকার-ইঙ্গিত।

ইঙ্গুদ, ইঙ্গুদী *বি* কণ্টকযুক্ত তাপস গাছ ও তার ফল (ইঙ্গুদী তৈল)। [স.]

ইচলা, ইচলি *বি* চিংড়ি মাছ। [স. ইঞ্চাক>ইনচাঅ >ইনচা>ইচা+লা, লি]

ইচ্ছা *বি* ১ অভিলাষ; স্পৃহা; বাসনা। ২ রুচিপ্রবৃত্তি (খাওয়ার ইচ্ছা নেই)। ৩ অভিপ্রায়। [স. √ইষ্+অ+আ]। **ইচ্ছাকৃত** *বিণ* নিজের ইচ্ছায় সম্পাদিত; নিজে জেনেশুনে করেছে এমন। **ইচ্ছানুযায়ী, ইচ্ছানুসারে, ইচ্ছাক্রমে** *ক্রিবিণ* নিজের বাসনানুসারে; স্বেচ্ছামতে। **ইচ্ছাপূর্বক** *ক্রিবিণ* ইচ্ছা করে; অভিপ্রায় করে। **ইচ্ছামতো, ইচ্ছামতে** *ক্রিবিণ* যথা অভিরুচি; খেয়ালমাফিক; বাসনানুযায়ী। **ইচ্ছাময়** *বি* যাঁর ইচ্ছায় সবকিছু সংঘটিত হয়; আল্লাহ; পরমেশ্বর। **ইচ্ছাময়ী** *স্ত্রী*। **ইচ্ছামৃত্যু** *বি* স্বেচ্ছায় দেহ বিসর্জন; আত্মহত্যা। □ *বিণ* স্বেচ্ছায় দেহত্যাগ করতে পারে এমন। **ইচ্ছাসুখ** *বি* নিজের জন্যই যে আনন্দ (কবীর স্বাধীন জীবিকার দ্বারা অর্জন করতেন টাকা, ইচ্ছাসুখে চালাতেন মাকু—অবনীন্দ্র)। **ইচ্ছু, ইচ্ছুক** *বিণ* ১ অভিলাষী; বাসনাযুক্ত (মিলনেচ্ছু)। ২ রাজি; সম্মত।

ইজতেহাদ, ইজতিহাদ *বি* গবেষণা; আবিষ্কার। [আ. ইজতিহাদ]

ইজননামা, এজিননামা *বি* চুক্তিপত্র; সম্মতিপত্র। [আ. ইযন+ফা. নামহ্]

ইজম *বি* মতবাদ; নীতি। [ই. ism]

ইজা *বি* জের; আগের পাতার খরচের সমষ্টি; পরের পাতার মাথায় লিখিত হলে তাকে ইজা বলে; carried over। [ফা. ইযা/আইযা]

ইজাব *বি* প্রস্তাবে সম্মতিসূচক বাক্য; মুসলমানি বিয়ে অনুষ্ঠানে কন্যাপক্ষের প্রস্তাব ও কন্যার স্বীকৃতি। [আ. ইজাব]। **ইজাব-কবুল** *বি* গ্রহণ করতে সম্মতি; বিয়ের প্রস্তাবে কন্যার সম্মতিসূচক বাক্য ও বরের গ্রহণে স্বীকারোক্তি।

ইজার, ইজের *বি* পায়জামা; পেন্টলুন। [ফা. ইযার]। **ইজারবন্ধ, ইজারবন্দ** *বি* কোমরে পায়জামা বাঁধবার ফিতা; নেয়ার; নেয়াড়।

ইজারা, ইজার *বি* ১ ঠিকা; নির্দিষ্ট খাজনায় জমির মেয়াদি বন্দোবস্ত; lease। ২ স্বত্ব দখল; একচেটিয়া অধিকার। ৩ এক জিনিসের বদলে অন্য জিনিস গ্রহণ। [আ. ইযারা]। **ইজারাদার** *বি, বিণ* কর বা খাজনা আছে এমন জমি প্রভৃতি ইজারা নেয় যে। **ইজারামহল** *বি* ইজারাপ্রাপ্ত জমি খাল বিল ফেরি সেতু ইত্যাদি।

ইজিচেয়ার *বি* আরাম কেদারা; যে চেয়ারে গা এলিয়ে দিয়ে আরাম করে শোয়া যায়। [ই.]

ইজ্জত, ইজ্জৎ *বি* ১ মান; সম্মান; সম্ভ্রম। ২ নারীর পবিত্রতা; সতীত্ব; শ্লীলতা; সম্ভ্রম। [আ. ইয্‌যত]

ইঞ্চি, ইঞ্চ *বি* এক ফুটের বারো ভাগের এক ভাগ। [ই.]

ইঞ্জিন, ইনজিন *বি* রেলগাড়ি কারখানা ইত্যাদি চালাবার যন্ত্র; বাষ্পাদি পরিচালিত গতি সম্পাদক যন্ত্র। [ই. engine]। **ইঞ্জিনিয়ার** *বি* যন্ত্র-বিজ্ঞানবিদ; প্রকৌশলী; পূর্ত কার্যের পরিকল্পনা ও পরিচালনাকারী। **ইঞ্জিনিয়ারিং** *বি* প্রকৌশল। □ *বিণ* যন্ত্রনির্মাণ বা যন্ত্রবিজ্ঞান সম্বন্ধীয়।

ইঞ্জিল, ইনজিল *বি* আরবি ভাষায় বাইবেল বা খ্রিস্টানদের ধর্মগ্রন্থের নাম। [আ. ইনজীল]

ইট, ইঁটা *বি* অট্টালিকাদি নির্মাণের জন্য চারকোণাকৃতি আয়তক্ষেত্রতুল্য অগ্নিদগ্ধ মৃত্তিকাখণ্ডবিশেষ। [স. ইষ্টক>ইট্‌ঠঅ>ইট]। **ইটখোলা** *বি* ইট তৈরির স্থান। **ইটপাটকেল** *বি* আস্ত ও টুকরা ইট। **ইটানো** *বি* ইট দিয়ে আঘাত বা ইট ছুড়ে মারা।

ইটা *বি* ঢেলা। **ইটাক্ষেত** *বি* ঢেলাপূর্ণ জমি। [স. ইষ্টক>]

ইড়কি, ইড়িক(ম-বা) *বি* ১ গুঁতা; ঠোকর; ঘা। ২ দ্রুত চলবার জন্য অশ্বের পেটে পা অথবা জুতার কাঁটায় গুতা বা মৃদু আঘাত দান। [বা.]

ইড়া *বি* ১ শরীরের বামদিকস্থ রক্তবাহিক নাড়িবিশেষ; যোগ-তন্ত্রে দেহের তিনটি প্রধান নাড়ি—ইড়া, পিঙ্গলা, সুষুম্না বা গঙ্গা, যমুনা, সরস্বতী। ২ স্বর্গ। ৩ পৃথিবী। [স.]

ইতঃপূর্বে *ক্রিবিণ* এর আগে; পূর্বেই; ইতিপূর্বে; ইতোমধ্যে।

ইতর *বিণ* ১ সাধারণ; সামান্য; তুচ্ছ; নিম্নশ্রেণীস্থ; নীচমনোভাবাপন্ন (ইতর লোক)। ২ পশুশ্রেণীস্থ (ইতর জীব)। ৩ নীচ; অধম। ৪ অপর; ভিন্ন; অন্য (মানবেতর)। ৫ সাধারণ (ইতর সুখ)। ৬ হীনমনোভাবাপন্ন লোক (ইতরের মতো কার্য)। [স.]। **ইতর কথা** *বি* নীচকথা; অভদ্রজনোচিত বাক্য। **ইতরজন, ইতর লোক** *বি* নীচ লোক; হীন-মনোভাবাপন্ন লোক। **ইতরজাতি** *বি* ১ নিকৃষ্ট বা হীনজাতি; সমাজের নিম্নশ্রেণী। ২ মানবেতর জাতি; সমাজের মনুষ্য ভিন্ন অন্য জাতি; জীবজন্তু। **ইতরতা, ইতরামি** *বি* নীচতা; ছোট লোকের ন্যায় আচরণ বা কাজ। **ইতর-বিশেষ** *বি* ১ পার্থক্য; ভিন্নতা। ২ তুলনা দ্বারা এক হতে অন্যের কমবেশি প্রভেদ। **ইতর ভাষা** *বি* ১ অভদ্র বা অমার্জিত ভাষা। ২ অকথ্য গালি; কটূক্তি। **ইতরেতর** *বিণ* পরস্পর। [স.]

ইতস্তত, ইতস্ততঃ *অব্য, ক্রিবিণ* এখানে সেখানে; নানা দিকে; সর্বত্র (জিনিসগুলি ইতস্তত বিক্ষিপ্ত)। □ *বি* দ্বিধা; সঙ্কোচ; মারবো কি মারবো না এরূপ ভাব। **ইতস্তত করা** *ক্রি* ১ সঙ্কোচ করা; কুণ্ঠাবোধ করা; দ্বিধাগ্রস্থ হওয়া। ২ সংশয়াবিষ্ট হওয়া; দোটানায় পড়া। ৩ গড়িমসি করা।

[স. ইতঃ+তত]
ইতি *অব্য* সমাপ্তিসূচক শব্দ। ☐ *বি* শেষ; খতম; অবসান; রক্ষা। ☐ *বিণ* এই; ওই (ইতিকর্তব্য)। **ইতি-উতি** *ক্রিবিণ* এদিকে-ওদিকে (সন্ধানী দৃষ্টি দিয়ে দেখা)। **ইতিকথা** *বি* ১ উপকথা; কাহিনী। ২ বানানো গল্প; কল্পিত কাহিনী। ৩ ইতিহাস। **ইতি করা** *ক্রি* শেষ করা। **ইতিকর্তব্য** *বি* কর্তব্যকর্ম; অনুষ্ঠেয় বিষয়। **ইতিকাহিনী** *বি* ইতিহাস। **ইতিপূর্বে** (অ-প্র) *অব্য, ক্রিবিণ* এর আগে; ইতঃপূর্বে। **ইতিবৃত্ত, ইতিহাস** *বি* অতীত কথা; প্রাচীনকাহিনী; পূর্ব বৃত্তান্ত। [স.]। **ইতিবৃত্তকার, ইতিহাসকার** *বি* ইতিহাস লেখক; পুরাতত্ত্ব রচয়িতা। **ইতিমধ্যে** (অ-প্র) *ক্রিবিণ* এ সময়ের মধ্যে; ইতোমধ্যে। **ইতিহ** *বি* ১ পরম্পরাগত লোকশ্রুতি; ইতিহাস। **ইতিহাস কথা** *বি* ইতিহাসে বর্ণিত কাহিনী; অতীত কথা। **ইতিহাসজ্ঞ, ইতিহাসবিদ, ইতিহাসবেত্তা** *বি* যিনি ইতিহাস জানেন; ঐতিহাসিক।
ইতোমধ্যে *অব্য, ক্রিবিণ* এর মধ্যে; এই সময়ের মধ্যে। 'ইতিমধ্যে'র শুদ্ধ রূপ।
ইত্তেফাক *বি* ১ মিল; ঐক্য; একতা; সম্প্রীতি। ২ ঢাকা থেকে প্রকাশিত একটি বিখ্যাত দৈনিক সংবাদপত্রের নাম। [আ. ইত্তিফাক]
ইত্তেহাদ, ইত্তিহাদ *বি* ১ ঐক্য; সংহতি; একতা। ২ বন্ধুত্ব। [আ. ইত্তিহাদ]
ইত্যবকাশে, ইত্যবসরে *অব্য, ক্রিবিণ* এ অবসরে; এ সুযোগে; এ ফাঁকে। [স. ইতি+অবসরে]
ইত্যাকার *বিণ* এ প্রকার; এরূপ। [স. ইতি+আকার]
ইত্যাদি *অব্য* ১ প্রভৃতি; ইহা; এবং এরূপ; আরো। ২ এই প্রকার। [স. ইতি+আদি]
ইথার, ঈথার *বি* ১ (বৈ.) মহাশূন্যে পরিব্যাপ্ত অতি সূক্ষ্ম কাল্পনিক বায়বীয় পদার্থবিশেষ। ২ উবে যায় এমন বর্ণহীন তরল পদার্থবিশেষ। [ই. ether, গ্রি. aither (আকাশ)]
ইদানীং *অব্য, ক্রিবিণ* আজকাল; সম্প্রতি; অধুনা। [স. ইদম্+দানীম্]। **ইদানীন্তন** *বিণ* আধুনিক; বর্তমানকালীন; সম্প্রতি হয়েছে এমন।
ইদ্দত, এদ্দাৎ (বিরল) *বি* বিধবা বা তালাকপ্রাপ্তা মুসলিম নারীর পুনর্বিবাহের পূর্ববর্তী শরিয়ত নির্দিষ্ট কাল। স্বামীর মৃত্যু বা তালাকের পরে সাধারণভাবে তিনমাস তেরো দিন ইদ্দতকাল। [আ. ইদ্দত]
ইনকিলাব *বি* ১ বিপ্লব; বিদ্রোহ। ২ আন্দোলন। ৩ ঢাকা থেকে প্রকাশিত একটি দৈনিক পত্রিকার নাম। [আ. ইনকিলাব]
ইনশাআল্লাহ, ইনশাল্লা *অব্য* আল্লাহর ইচ্ছায় বা কৃপায়।
ইনসান *বি* মানুষ। [আ. ইনসান]। **ইনসানিয়াত** *বি* মানবতা; মনুষ্যত্ব। **ইনসানে কামিল** *বি* ১ সমুদয় মানবীয় গুণ যার ভিতর পরিপূর্ণভাবে বিরাজমান। ২ সিদ্ধপুরুষ। [আ.]
ইনসাফ *বি* সুবিচার; পক্ষপাতহীন বিচার; ন্যায় বিচার। [আ.]
ইনাম, এনাম *বি* পুরস্কার; বখশিশ; পারিশ্রমিক। **এনাম বকশিশ** *বি* পুরস্কার; পারিশ্রমিক; কাজের স্বীকৃতিস্বরূপ অতিরিক্ত অর্থ-সম্পদ দান।
ইনি *সর্ব* (সম্মা.) এই ব্যক্তি; এই লোক। [স. এষাম=এনাম> এণহং>এণহ>এহি>এনি=ইনি (স্বরসঙ্গতিতে)। অথবা স. এতৎ কিংবা স. ইদম ('দ' লোপে)>ইম (সম্মানার্থে) >ইমানি বা ইনি]
ইনিয়ে বিনিয়ে *ক্রিবিণ* ১ নানা প্রকারে; বিস্তারিতভাবে; ঘুরিয়ে ফিরিয়ে। ২ যত্নের সাথে; সোহাগ করে। [বা.]
ইন্দিবর, ইন্দীবর *বি* নীলপদ্ম; নীলোৎপল। [স. ইন্দি (লক্ষ্মী)+বর (ইষ্ট)]
ইন্দিরা *বি* লক্ষ্মী; বিষ্ণুপত্নী; কমলা; শিবকন্যা। [স.]
ইন্দু *বি* চন্দ্র। [স.]
ইন্দ্র *বি* স্বর্গের দেবরাজ; সুরপতি। **ইন্দ্রজিৎ** *বি* ইন্দ্রকে যে জয় করেছে; দৈত্যরাজ; মেঘনাদ; রাবণের জ্যেষ্ঠ পুত্র। ☐ *বিণ* রাজশ্রেষ্ঠ; প্রভু। **ইন্দ্রত্ব** *বি* ১ স্বর্গের আধিপত্য। ২ প্রাধান্য। ৩ ইন্দ্রের পদ এবং ঐশ্বর্য। **ইন্দ্রপুরী, ইন্দ্রলোক** *বি* ১ অমরাবতী; দেবলোক। ২ (আল.) বিরাট প্রাসাদ।
ইন্দ্রজাল *বি* জাদুবিদ্যা; মায়াবিদ্যা; ভোজবাজি; ভেলকি। [স.]। **ইন্দ্রজালিক, ঐন্দ্রজালিক** *বিণ* ১ ইন্দ্রজাল সম্বন্ধীয়। ২ কুহকী; মায়াবী; যাদুকর। [স.]
ইন্দ্রনীল *বি* মরকতমণি; নীলকান্তমণি; পান্না; emerald। [স.]
ইন্দ্রানী *বি স্ত্রী.* ইন্দ্রপত্নী; শচী।
ইন্দ্রাসন *বি* সিংহাসন; তখ্‌ত; রাজপাট। [স. ইন্দ্র+আসন]
ইন্দ্রিয় *বি* যে সকল অঙ্গ বা শক্তি দ্বারা পদার্থের বা বাহ্য বিষয়ের উপলব্ধি বা জ্ঞান জন্মে এবং কর্মসাধন করা যায়। ইন্দ্রিয় মোট চৌদ্দটি যথা—চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক—এ পাঁচটি জ্ঞানেন্দ্রিয়; বাক, হস্ত, পদ, পায়ু, উপস্থ—এ পাঁচটি কর্মেন্দ্রিয়; মন, বুদ্ধি, অহঙ্কার, চিত্ত--এ চারটি অন্তরিন্দ্রিয় (মন সকল ইন্দ্রিয়ের পরিচালক)। **ইন্দ্রিয়পর, ইন্দ্রিয়পরতন্ত্র, ইন্দ্রিয়পরবশ, ইন্দ্রিয়পরায়ণ, ইন্দ্রিয়বশ, ইন্দ্রিয়সেবী** (-বিন্), **ইন্দ্রিয়াসক্ত** *বিণ* ১ ইন্দ্রিয় ভোগসুখে আসক্ত; ইন্দ্রিয়সেবায় রত; ভোগবিলাসী। ২ লম্পট। **ইন্দ্রিয়সেবা** *বি* ১ ইন্দ্রিয়ের সুখভোগের ইচ্ছা চরিতার্থকরণ; ইন্দ্রিয়সমূহের তৃপ্তিসাধন। ২ সুখভোগে আসক্তি; বিষয় সম্ভোগ। [স.]
ইন্ধন *বি* ১ আগুন জ্বালাবার উপকরণ; জ্বালানি কাঠ; কয়লা ঘুঁটে ইত্যাদি। ২ উদ্দীপনা।
ইন্নালিল্লাহ *অব্য* নিশ্চয়ই আমরা আল্লাহর জন্য। সাধারণত কারো মৃত্যুসংবাদে কিংবা কোনো বিপদ আপদের সংবাদে মুসলিমরা এ শব্দ উচ্চারণ করে।
ইফতার, এফতার *বি* সারাদিন রোজা রেখে সূর্যাস্তের পর কিছু খাদ্য ও পানীয় গ্রহণ করে রোজা ভঙ্গকরণ। [আ.]। **ইফতারি, এফতারি** *বি* যে খাদ্য ও পানীয় গ্রহণ করে সারা দিনের রোজা সাঙ্গ করা হয়।
ইবন, ইবনে, এবনে *বি* পুত্র (মুহম্মদ ইবনে কাসিম =কাসিমের পুত্র মুহম্মদ)। **বিনতে** *স্ত্রী.* (সখিনা বিনতে হোসেন = হোসেনের কন্যা সখিনা)।
ইবলিস, ইবলীস *বি* ১ শয়তান। ২ শয়তানের নাম বিশেষ। [আ.]
ইমন *বি* রাগিণীবিশেষ; মিশ্ররাগিণী (ইমন কল্যাণ, ইমন কেদারা, ইমন ভূপালী)। [স.]
ইমান, ঈমান *বি* আল্লাহতে, কুরআনে, মলকে বা ফিরিস্তায়, রসুলে ও হাসরে (প্রলয়ান্তে বিচার) আস্থা রাখাই হচ্ছে ইমান। যারা উক্ত পাঁচ সত্যে আস্থা (ইমান)

রাখে তারাই মুমিন বা বিশ্বাসী মুসলিম। **ইমানদার** *বি, বিণ* ১ ধর্মবিশ্বাসী; আস্তিক; ধার্মিক। ২ বিশ্বস্ত। **ইমানদারি, ঈমানদারী** *বি* ধর্মশীলতা; বিশ্বস্ততা; সাধুতা। [আ.+ফা.]

ইমাম, এমাম *বি* ১ যিনি নামাজে নেতৃত্ব করেন; যার পিছনে দাঁড়িয়ে জামাতে নামাজ পড়া হয়। ২ ধর্মীয় নেতা বা পথপ্রদর্শক; শাস্ত্রবিদ (ইমাম আবু হানিফা, ইমাম বোখারী)। [আ. ইমাম]। **ইমামত, ইমামতি, এমামতি** *বি* ১ নামাজের নেতৃত্ব; জামাতের নামাজ পরিচালনাকরণ। ২ নেতৃত্ব। **ইমামবাড়া** *বি* মুহররমের অনুষ্ঠানের জন্য ব্যবহৃত গৃহবিশেষ—যে স্থানে শিয়া সম্প্রদায় মুহররমের তাজিয়া রাখে।

ইমাম মেহদি, ইমাম মাহদি *বি* শিয়াদের শেষ ইমাম; ইসলামের সংস্কারের জন্য তিনি পুনরায় পৃথিবীতে আগমন করবেন এরূপ ধারণা করা হয়।

ইমারত, এমারত *বি* দালান; অট্টালিকা; পাকা বাড়ি। [আ. ইমারত]

ইমিটেশন *বি* নকল; অনুকরণ। [ই. imitation]

ইয়ত্তা *বি* ১ পরিমাণ; সংখ্যা; হিসাব। ২ সীমা। **ইয়ত্তারহিত, ইয়ত্তাহীন** *বিণ* ১ অসংখ্য। ২ অনন্ত। [স. ইয়ৎ+ত]

-ইয়া, -এ *বি* বাংলা প্রত্যয়বিশেষ (ডাকাতিয়া, খোশামুদে): ১. এ আকারের; এত (বড়ো বা ছোট); ২. ওহে; ও (ইয়াআল্লাহ—ও আল্লাহ)। [তুল. হি. ইয়া]

ইয়াংকি, ইয়াঙ্কি *বি* আমেরিকা মহাদেশের লোক। ▢ *বিণ* আমেরিকা সম্বন্ধীয় বা আমেরিকাজাত; আমেরিকান। মূলে উত্তর আমেরিকার মানুষ বস্তু ও বিষয় সম্বন্ধীয় অর্থে ব্যবহৃত। [ই. Yankee]। (তুল. মার্কিন <আমেরিকান)।

ইয়াকুত, এয়াকুত *বি* লালমণি; পদ্মরাগমণি; চুনি; ruby। [আ. য়াকূত]

ইয়াজুজ মাজুজ, এয়াজজ (বিরল) *বি* কুরআনে উল্লিখিত জাতিবিশেষ—কেয়ামতের পূর্বে যাদের আবির্ভাব ঘটবে। সম্ভবত মধ্য এশিয়ার পরাক্রান্ত প্রাচীন দস্যুগোত্র। [আ.]

ইয়াদ *বি* স্মরণ; খেয়াল। [হি. য়াদ]। **ইয়াদগার** *বি* স্মারকলিপি; স্মারকচিহ্ন; memorandum। [ফা. য়াদগার]

ইয়া নাফসি *অব্য* ১ হায়, আমার নিজের কী হবে। ২ আত্মচিন্তা, আত্মস্বার্থ ও নিরাপত্তা চেতনার অভিব্যক্তি জ্ঞাপক ধ্বনি। [আ.]

ইয়ার, এয়ার *বি* ১ সখা; বয়স্য; বন্ধু; boon companion। ২ রসিক; ফাজিল। [ফা. য়্যার; হি. ইয়ার]। **ইয়ারকি, ইয়ার্কি, এয়ার্কি** *বি* রসিকতা; ফাজলামি; তুচ্ছ বা বৃথা আমোদে তৎপরতা। **ইয়ারবন্ধু, এয়ারবন্ধু** *বি* ১ সমপর্যায়ের বন্ধুবান্ধব। ২ তুচ্ছ বা হালকা আনন্দে বা কাজে সাহায্যকারী বন্ধুর দল। ৩ কুকর্মের সঙ্গী।

ইয়ারিং, এয়ারিং *বি* কানের অলঙ্কারবিশেষ; মাকড়ি; দুল; কুণ্ডল। [ই. earring]

ইয়াসমিন, জেসমিন *বি* জুঁইফুল। [ফা. য়াসমীন; ই. yasmin]

ইয়ে *অব্য* মনে পড়ছে না এমন কিছু কথা বলার প্রারম্ভে উচ্চারিত মনোযোগ আকর্ষণসূচক ধ্বনি; মুদ্রাদোষ; কথাসূত্রের মুখ।

ইরশাল, ইরসাল *বি* ১ খাজনার চালান। ২ খাজানা বার। [আ. ইরসাল]

ইরা *বি* ১ পৃথিবী। ২ বাণী। ৩ জল; পানি। ৪ অন্ন। ৫ সুরা।

ইরাবতী *বি* ১ পাঞ্জাবের অন্তর্গত রাবী নদী। ২ ব্রহ্মদেশের নদীবিশেষ। [স.]

ইলশাগুঁড়ি, ইলশেগুঁড়ি *বি* গুঁড়িগুঁড়ি বৃষ্টি; drizzle; এরূপ বৃষ্টির সময়ে জালে অধিক ইলিশ মাছ ধরা পড়ে বলে ধারণা।

ইলা *বি* ১ পৃথিবী। ২ ধেনু। ৩ বাণী। ৪ জল; পানি। [স.]

ইলিমিলি *বি* অস্পষ্ট বাক্য; অর্থহীন শব্দ। [বা. ইলিমিলি> এলোমেলো]

ইলিশ, ইলশে, ইলসা *বি* বাংলাদেশের সুবিখ্যাত মাছ। [স. ইল্লীশ>]

ইলেক *বি* (গ.) টাকা গণ্ডা পাই মন সের ছটাক প্রভৃতি জ্ঞাপক চিহ্নবিশেষ যা অঙ্কের ডানে বা বামে বসে; যেমন— ২. (টাকা), ২ (গণ্ডা), ২/ (মণ), /২ (সের), ৶৹ (ছটাক) ইত্যাদি।

ইল্লত, ইল্লৎ *বি* নোংরামি; মলিনতা; অপরিচ্ছন্নতা। ▢ *বিণ* নোংরা। [আ. ইল্লত]। **ইল্লতে, ইল্লুতে** *বিণ* নোংরা; অপরিষ্কার; মলিন। **ইল্লতে কাণ্ড** *বি* নোংরা ব্যাপার।

ইশতেহার, ইস্তাহার *বি* প্রচারপত্র; বিজ্ঞাপন; নোটিশ। [আ. ইশতিহার]

ইশপিশ, ইসপিস *বি* অস্থিরতা; চাঞ্চল্য প্রকাশ। [বা.]। তুল. নিশপিশ।

ইশাদি, ইসাদি *বি* সাক্ষী। [ফা. ইশ্‌হাদ (সাক্ষ্য দেওয়ার জন্য ডাকা)]

ইশারা, ইসারা *বি* ইঙ্গিত; সঙ্কেত। [আ. ইশারহ্‌]

ইষ্ট *বিণ* ১ কাম্য; বাঞ্ছিত; অভিলষিত (ইষ্টকর্ম)। ২ কল্যাণকর (ইষ্টচিন্তা)। ৩ পূজিত; উপাস্য (ইষ্টদেবতা)। ৪ আত্মীয় বা প্রিয় (ইষ্টকুটুম্ব, ইষ্টজন)। ▢ *বি* ১ কল্যাণ (ইষ্টকামনা)। ২ কাম্যবস্তু বা বিষয় (ইষ্টলাভ)। ৩ প্রিয়জন; আত্মীয়স্বজন। [স. √ইষ্‌+ত]। **ইষ্টকবচ** *বি* অভীষ্ট সিদ্ধির জন্য মন্ত্রপূত মাদুলি; তাবিজ। **ইষ্টকুটুম্ব** *বি* আত্মীয়-স্বজন। **ইষ্টফল** *বি* অভিপ্রেত ফল; কাম্যফল। **ইষ্টবিয়োগ** *বি* প্রিয়জন বা আত্মীয়-স্বজনের মৃত্যু। **ইষ্টসাধন, ইষ্টসিদ্ধি** *বি* মনোবাঞ্ছা পূরণ; অভিপ্রেত বিষয়ে সাফল্য।

ইষ্টক, ইষ্টকা *বি* ইট। **ইষ্টকখণ্ড** *বি* ইটের টুকরা; ভাঙ্গা ইট।

ইষ্টানিষ্ট *বি* লাভ ও ক্ষতি; উপকার ও অপকার; হিতাহিত। [স. ইষ্ট+অনিষ্ট]

ইষ্টি *বি* ১ যজ্ঞাদি কর্ম। ২ যজমান কর্তৃক অনুষ্ঠেয় যজ্ঞ। ৩ মন্ত্রদাতা গুরু। [স. √যজ্‌+ত+ই]

ইস, ইশ *অব্য* বিস্ময়; অবিশ্বাস; যন্ত্রণা; ক্লেশ; দুঃখ ইত্যাদি সূচক শব্দ। [বা.]

ইসবগুল, ইসপগুল *বি* ঔষধি বীজবিশেষ। [ফা. ইস্‌পগুল]

ইসমাইলি, ইসমাঈলী *বি* মুসলিম শিয়া সম্প্রদায় বিশেষ;

আগা খানের শিষ্য সম্প্রদায়। [আ. ইসমাঈল+ই, ঈ (প্রত্যয়)]

ইসরাফিল, ইস্রাফিল *বি* চারজন শ্রেষ্ঠ ফেরেশতার অন্যতম—যাঁর শিঙার ফুৎকারে কেয়ামত হবে। [আ. ইসরাফীল]

ইসলাম *বি,বিণ* হজরত মুহম্মদ (সা.) কর্তৃক প্রচারিত বিশ্বজনীন ধর্ম। ❑*বি* ১ আল্লাহর নিকট পরিপূর্ণ আত্মসমর্পণ। ২ (আক্ষ.) শান্তি।

ইস্ক্রু, ইস্ক্রুপ *বি* ১ ধাতুর তৈরি পেঁচযুক্ত কীলকবিশেষ। ইস্ক্রুপের প্যাঁচ। ২ (আল.) কুটিল মনোভাব। [ই.]

ইস্তক, ইস্তেক *অব্য* ১ পর্যন্ত; অবধি। ২ এমনকি। ৩ হতে। ৪ তাস খেলায় রঙের সাহেব বিবি (ইস্তক বিস্তি)। [হি. ইস+তক (এই+পর্যন্ত)—সীমা]। **ইস্তক জুতা সেলাই নাগাদ চণ্ডী পাঠ**—সংসারের ছোট-বড় সব রকমের কাজ।

ইস্তফা, এস্তফা *বি* ১ কর্মত্যাগ; জবাব; চাকরি ইত্যাদি পরিত্যাগ। ২ ক্ষান্তি; সমাপ্তি; শেষ। ৩ ক্ষমা। [আ. ইসতিফা]

ইস্তিগফার *বি* আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা। [আ. ইস্তিগফার]

ইস্তিরি, ইস্ত্রি *বি* ১ ধোওয়া ও কোঁচকানো জামা-কাপড় সোজা ও মসৃণ করবার জন্য ধাতুর তৈরি যন্ত্রবিশেষ। ২ *বি* ধোয়া ও কোঁচকানো জামা-কাপড় সোজা মসৃণ করণ। [পো. estirar]

ইস্পাত *বি* অঙ্গারক ইত্যাদি দ্বারা কঠিনীকৃত লোহা; শক্ত লোহা; steel। [পো. এসপাদা aspada]

ইস্প্রিং, স্প্রিং *বি* যন্ত্রাদি চালু করবার কাজে ব্যবহৃত ধাতুর তৈরি কুণ্ডলীকৃত স্থিতিস্থাপক লোহার তারের বলয়বিশেষ। [ই. spring]

ইহ *অব্য* এই স্থানে; এ জগতে; একালে। ❑*বি* উপস্থিত; বর্তমান; এই। **ইহকাল** *বি* ১ জন্ম থেকে মৃত্যু পর্যন্ত সময়। ২ জীবিতকাল; এ জন্ম। **ইহজগৎ, ইহলোক, ইহসংসার** *বি* এই পৃথিবী; মর্ত্যলোক; এই সংসার। **ইহজন্ম, ইহজীবন** *বি* জীবনকাল; বর্তমান জীবন। [স. ইদম্+হ]

ইহা *সর্ব* এই বস্তু; এই বিষয়; এই। [স. এসত্য=ইসত্য> ইতস্স>ইতাহ>ইআহ>ইহা। অথবা স. ইদম>]

ইহুদি *বি* ১ প্রাচীন জুডিয়া দেশের লোক। ২ প্রাচীন ধর্ম সম্প্রদায়বিশেষ; jew। [হিব্রু Yuhud, আ. ইহুদী]। **ইহুদিনী** *স্ত্রী.*।

ঈ

ঈ বাংলা বর্ণমালার চতুর্থ স্বরবর্ণ।

-ঈ পুরনো রীতি অনুসারে পদান্তর ও লিঙ্গান্তরের বেলায় বহু ক্ষেত্রে '-ঈ' প্রত্যয় ব্যবহৃত হতো। কিছু স্ত্রীবাচক অর্থ ছাড়া বর্তমানে এসব ক্ষেত্রে '-ই' প্রত্যয়ের ব্যবহার বাংলা একাডেমীর প্রমিত বানান অনুসারী। যথা—(১) বিশেষণীয় 'ঈ'—তেজী (তেজি); নাকী (নাকি); রেশমী (রেশমি); সুতী (সুতি); সরকারী (সরকারি); দরকারী (দরকারি); দামী (দামি); (২) স্ত্রীপ্রত্যয় হিসেবে 'ঈ'—মামী; কাকী; চাচী; মাসী (মাসি); পিসী (পিসি); বানরী; গাধী। (৩) দেশের অধিবাসী বোঝাতে—কাবুলী (কাবুলি); বাঙ্গালী (বাঙালি); পাঞ্জাবী (পাঞ্জাবি); বিহারী (বিহারি); আরবী (আরবি); ইরানী (ইরানি); তুরানী (তুরানি); আফগানী (আফগানি)। (৪) ভাষা বোঝাতে হলে—ইংরেজী (ইংরেজি); ফরাসী (ফরাসি); হিন্দী (হিন্দি); আরবী (আরবি); ফারসী (ফারসি); আসামী (আসামি); মৈথিলী (মৈথিলি); সিন্ধী (সিন্ধি); বেলুচী (বেলুচি); কোনো বিশেষ শ্রেণীর ব্যবসায়ী বা কারিগর বোঝাতে—শাঁখারী (শাঁখারি); কেরানী (কেরানি)।

ঈঃ *অব্য* যন্ত্রণা ক্রোধ তুচ্ছতা ইত্যাদি সূচক শব্দ।

ঈ-কার *বি* স্বরবর্ণের প্রতীকচিহ্নের নাম 'কার'। ব্যঞ্জনবর্ণের সঙ্গে 'ঈ'-র কার প্রতীকস্বরূপে "ী" ব্যবহৃত, যথা—কীর্তন।

ঈক্ষণ *বি* দর্শন; দৃষ্টি নিরূপণ; পর্যবেক্ষণ। ❑*বিণ* নেত্র; নয়ন; চক্ষু। [স. ঈক্ষ্+অন। (তুল. প্র+ঈক্ষণ—প্রেক্ষণ; প্রেক্ষিত—দৃষ্ট; প্রেক্ষাগৃহ—প্রদর্শনের ঘর, দৃশ্য বস্তু দেখার আয়তন)]। **ঈক্ষমাণ** *বিণ* দেখছে এমন; নিরীক্ষমাণ। **ঈক্ষিত** *বিণ* অবলোকিত; দৃষ্ট।

ঈগল *বি* চিল জাতীয় মাংসাশী বৃহৎ পক্ষীবিশেষ, আধুনিক বাংলায় এর নাম বাজপাখি; মধ্যবাংলায় একে 'সাচান' বলা হতো। [ই. eagle]। **ঈগল-স্বভাব** *বিণ* হিংস্র প্রকৃতির।

ঈতি *বি* শস্য-শত্রু। শস্যোৎপাদনের ছয় প্রকারের বিঘ্ন যথা—অতিবৃষ্টি, অনাবৃষ্টি, মূষিক, পতঙ্গ, পক্ষী এবং নিকটস্থিত বৈরী রাজা। [স.]

ঈদ *বি* ১ মুসলমানদের বিখ্যাত পর্বদ্বয়বিশেষ; ইদুজ্জোহা ও ঈদুল ফিতর। ২ খুশি; উৎসব। [আ. ঈদ]। **ঈদগা, ঈদগাহ** *বি* যে স্থানে একত্র হয়ে ঈদের নামাজ পড়া হয়; ঈদের নামাজ পড়বার জায়গা। **ঈদুল আজহা, ঈদুজ্জোহা** *বি* জিলহজ্জ চান্দ্রমাসের ১০ই তারিখে কোরবানি উৎসব। [আ. ঈদুল আযহা]

ঈদুলফিতর, ইদুল-ফিতর *বি* শওয়াল মাসের প্রথম তারিখে রমজানের রোজা ভঙ্গের উৎসব। [আ. ঈ'দুল ফিৎর]

ঈদৃশ, ঈদৃক *বিণ* এর মতন; এরূপ; এতাদৃশ। **ঈদৃশী** *বিণ স্ত্রী.* এমন; এতাদৃশী; এরূপ। **ঈদৃশী, তাদৃশী** *বিণ* এমন; তেমন; সামান্য; তুচ্ছ।

ঈপ্সা *বি* ১ পাবার ইচ্ছা; বাঞ্ছা; আকাঙ্ক্ষা। ২ লোভ; লিপ্সা। **ঈপ্সিত** *বিণ* বাঞ্ছিত; অভিলষিত; আকাঙ্ক্ষিত। **ঈপ্সু** *বিণ* ইচ্ছুক; পেতে ইচ্ছুক। [স. আপ+√সন্+অ+আ]

ঈর্ষা, ঈর্ষ্যা *বি* ১ পরশ্রীকাতরতা; হিংসা; অসূয়া। ২ দ্বেষ। ৩ প্রেমিক-প্রেমিকার পরস্পর ভালোবাসায় সন্দেহজনিত মনোভাব। [স. √ঈর্ষ্+অ+আ]। **ঈর্ষাতুর, ঈর্ষ্যাতুর** *বিণ* ঈর্ষাপরবশ; পরশ্রীকাতর। ❑*বি* অন্যের মঙ্গল যে সহ্য করতে পারে না। **ঈর্ষানল** *বি* দ্বেষরূপ অনল। **ঈর্ষান্বিত** *বিণ* ১ হিংসাযুক্ত। ২ পরশ্রীকাতর। **ঈর্ষান্বিতা, ঈর্ষাপরায়ণ, ঈর্ষাপরায়ণা, ঈর্ষালু, ঈর্ষী** *বিণ স্ত্রী.*

১ হিংসুটে; পরশ্রীকাতরা; হিংসার বশীভূতা। ২ বিদ্বেষ-পরায়ণা। **ঈর্ষামূলক** *বিণ* ঈর্ষাজনিত; মূলে হিংসা আছে এমন।

ঈশ *বি*১ আল্লাহ; ঈশ্বর। ২ প্রভু; স্বামী। ৩ রাজা; অধিপতি। **ঈশত্ব** *বি* ১ প্রভুত্ব। ২ নেতৃত্ব। **ঈশপ্রাণতা** *বি* আল্লাহর প্রতি ভক্তি। **ঐশ** *বিণ*। **ঐশী** *স্ত্রী.*।

ঈশান *বি*১ উত্তর-পূর্ব কোণ। ২ (আল.) হিন্দু মতে প্রলয়ের দেবতা; ধ্বংসের রাজা; নটরাজ; শিব; মহাদেব; মহেশ্বর। **ঈশানী** *স্ত্রী.*। **ঈশান-কোণ** *বি* পূর্ব ও উত্তর।

ঈশ্বর *বি*১ আল্লাহ; খোদা; বিধাতা; সৃষ্টিকর্তা; স্রষ্টা। ২ প্রভু; অধিপতি। ৩ পতি; স্বামী। ৪ প্রণয়ী; হৃদয়েশ।

ঈষ *বি* ১ লাঙ্গলের ফলা; ঈশদণ্ড। ২ সীতা। [স.]

ঈষৎ *বিণ, অব্য* কিঞ্চিৎ; অল্প; কিছু; সামান্য। [স. √ঈষ্+অৎ]। **ঈষদচ্ছ** *বিণ* আলো আসতে পারে এমন কিন্তু স্বচ্ছ নয়; translucent। **ঈষদুচ্চ, ঈষদুত্থিত, ঈষদুন্নত** *বিণ* অল্প উঁচু; সামান্য উত্থিত। **ঈষদুদ্ভিন্ন** *বিণ* ১ অল্প বিকশিত; স্বল্প প্রকটিত বা প্রকাশিত; সামান্য পরিমাণে প্রস্ফুটিত। ২ স্বল্প অঙ্কুরিত। ৩ অল্প ফাঁক। **ঈষদুষ্ণ** *বিণ* সামান্য গরম; কবোষ্ণ; কুসুম কুসুম গরম। [স. √ঈষ্+অৎ+উষ্ণ]। **ঈষদূণ** *বিণ* কিছু কম; সামান্য কম।

ঈষিকা, ঈষীকা *বি*১ কাশ তৃণ। ২ তুলি। ৩ হাতির অক্ষি-গোলক। ৪ শর ইত্যাদি তৃণের কুশ। [স. ঈষ+ইক/ঈক+অ]

ঈসা, ইসা *বি* একজন নবি; যিশুখ্রিস্ট। **ইসায়ী** *বিণ* খ্রিস্টীয়।

ঈহা *বি* ১ চেষ্টা। ২ ইচ্ছা; স্পৃহা।

উ

উ বাংলা বর্ণমালার পঞ্চম স্বরবর্ণ

-উ বাংলা তদ্ধিত প্রত্যয় হিসেবে এর ব্যবহার লক্ষণীয়। যথা—(১) বিশেষণার্থে চাল+উ=চালু; ঢাল+উ=ঢালু; ঘাট+উ=ঘাটু। (২) স্বার্থে—নিচ+উ=নিচু; উঁচু; উনু (উনু ভাতে দুনু বল); উবু; নমু। (৩) আদরার্থে—লালু; দাদু; আব্বু; মামু; খালু; শিবু; হরু; ঝরু; কালু; ফজলু।

উই *বি* সাদা রঙের পিপীলিকা জাতীয় কীট; বল্মীক। **উইচারা, উইটিপি, উইঢিবি** *বি* উইপোকা নির্মিত মাটির স্তূপ; বল্মীক; উইপোকার বাসা। [স. উপদিকা>উঅঈআ>উইআ>উই]

উইল *বি* ১ শেষ ইচ্ছাপত্র; মৃত্যুর পরে সম্পত্তি বণ্টন বিষয়ে মালিকের ইচ্ছানুসারে প্রস্তুত ব্যবস্থাপত্র। ২ যে দানপত্র দাতার মৃত্যুর পরে বলবৎ হয়। [ই. will]

উঃ *অব্য* বিস্ময় ক্রোধ দয়া দুঃখ প্রভৃতির অভিব্যক্তিসূচক ধ্বনি।

উঁ *অব্য* ১ অ্যাঁ শব্দের সংক্ষিপ্ত রূপ; সাড়া দেবার জন্য ব্যবহৃত শব্দ। ২ আক্রোশসূচক ধ্বনি।

উঁকি *বি* আড়াল থেকে দেখা; গোপনে দেখা। **উঁকি-ঝুঁকি** *বি* আড়াল থেকে ক্রমাগত এদিকে সেদিকে দৃষ্টিপাত। **উঁকি দেওয়া, উঁকি মারা** *ক্রি* গোপনে দেখা; লুকিয়ে দেখা। [স. উদক্ষি (উৎ+অক্ষি)>উঅক্‌খি>উঅঁখি>উখি>উঁকি; উকি]

উঁচকপালি, উটকপালী *বিণ স্ত্রী.* ১ উচ্চ ললাটের দরুন কুশ্রী। ২ অলক্ষণা। [স. উচ্চকপাল+বা. ইয়া/ঈ]। **উঁচকপালে, উটকপালে** *বিণ* ১ ললাট উঁচু এমন। ২ সৌভাগ্যশালী।

উঁচল *বি* তৃণাদি ঝেড়ে শস্য কুড়ানো; ঝাড়ন; চালন। [স. উচ্চল>উঁচল]

উঁচলানো, ওঁচলানো *ক্রি* ঝাড়া; চাল কলাই প্রভৃতি তুষ ও কাঁকড় হতে পৃথক করা।

উঁচানো *ক্রি* উঠানো; উত্তোলন করা। **উঁচিয়ে উঠা** *ক্রি* হীন অবস্থা হতে উন্নত হয়ে ওঠা।

উঁচু, উচা *বিণ* ১ উচ্চ। ২ উন্নত; উদার। ৩ কর্কশ; রূঢ়। ৪ উৎকৃষ্ট (উঁচু দরের মাল মসলা)। [স. উচ্চ>]। **উঁচানো** *ক্রি* উত্তোলন করা; উঁচু করা। ❑ *বি* উত্তোলন। ❑ *বিণ* উর্ধ্বমুখী; উত্তোলিত। **উঁচু কথা** *বি* রূঢ় কথা; স্পর্ধাপূর্ণ কথা। **উঁচু গলা** *বি* উচ্চস্বর; মুক্তকণ্ঠ। **উঁচু দরের** *বিণ* উন্নত শ্রেণীর। **উঁচু নজর** *বি* উন্নত দৃষ্টি; বড় নজর এমন; উদার দৃষ্টিভঙ্গি। [স. উচ্চ>উঞ্চ>উঁচু]। **উঁচুনিচু, উঁচানিচা** *বিণ* অসমান; এবড়-খেবড়; বন্ধুর।

উঁচোট, উচোট *বি* ঠোকর; চলার সময়ে পায়ের আঙুলে হঠাৎ আঘাত; হোঁচট। ❑ *বিণ* আকস্মিক বাধাপ্রাপ্তজনিত চমক। ['উচোট' শব্দ 'হোঁচট' শব্দের আঞ্চলিক রূপ; এদের মূল সংস্কৃত রূপ উচ্চাট>উচাট >উচোট>হোঁচট, উচট প্রভৃতি আঞ্চলিক রূপ লাভ করে]

উঁহু *অব্য* অসম্মতিজ্ঞাপক ধ্বনি; না।

উক[১] *বি* আখ; sugarcane। [স. ইক্ষু>ইক্‌খু>ঈখু>ঈখ>উখ>উক আঞ্চলিক]

উক[২], **উকা** *বি*১ আগুনের কণা। ২ আগুন। ৩ মশাল। [স. উল্কা >উক্কা>উকা>উক]

উকড়া, উখড়া *বি* মুড়কি; গুড়মিশ্রিত খৈ। [স. ইক্ষুগুড়>উক্‌খুড়> উখুড় + বা. আ (বিশিষ্টার্থে) = উখুড়া>উখড়া, উকড়া]

উকা *বি* 'উকা' নামক মাছ ধরার বাঁশ বা বেতের তৈরি ফাঁদ; ঘুর্ণি; শির্কি।

উকার *বি* ১ 'উ'-বর্ণের 'কার'। ২ ব্যঞ্জনবর্ণের সঙ্গে উ স্বরধ্বনি বিভিন্ন প্রতীকে ব্যবহৃত হয়, যেমন—'ক' বর্ণের সঙ্গে 'কু', 'র' বর্ণের সঙ্গে 'রু', 'গ' 'শ' বর্ণের সঙ্গে—'গু' 'শু', 'হ' বর্ণের সঙ্গে 'হু', 'স্ত' 'স্ত' যুক্তবর্ণে 'স্তু' 'স্তু' প্রভৃতি।

উকি, উক্কি *বি* ১ উদ্‌গার; হিক্কা; হেঁচকি। ২ বমি বমি ভাব। **উকি তোলা, উক্কি তোলা** *ক্রি* হিক্কা তোলা। **উকি ওঠা** *ক্রি* হিক্কা ওঠা। [স. হিক্কিকা>ইক্কিআ>ইক্কি>উক্কি>উকি ?]

উকিল *বি*১ আইন ব্যবসায়ী; ব্যবহারজীবী। ২ প্রতিনিধি; মুখপাত্র; মুসলমানদের বিয়েতে যে ব্যক্তি কনের সম্মতি নিয়ে বরকে জানায়। [আ. ওয়কীল]। **উকিলি** *বিণ* উকিলসুলভ।

উকুন *বি* চুলের কীট; কেশকীট। [স. উৎকুণ>]

উক্ত *বিণ*১ বলা বা কথিত হয়েছে এমন; ব্যক্ত। ২ উল্লিখিত।

৩ উচ্চারিত। ৪ নির্দিষ্ট। [স. √বচ+ত=উক্ত]

উক্তি *বি* ১ কথা; বচন; বাক্য। ২ উল্লেখ। ৩ কথন। [স. √বচ+তি]

উখড়নো, ওখড়ানো *ক্রি* সমূলে উৎপাটন করা; উপড়ানো। ❑ *বি* উৎপাটন; উন্মূলন। ❑ *বিণ* উৎপাটিত; উন্মূলিত। [স. উৎখোড়ন>উখোড়ন; তুল. হি. উখাড়না]

উখল, উখলি (পদ্য) *বি* উদূখল। [স. উদূখল>উড়খল> উখল, ওখল]

উখা[১]**, উখা** *বি* ১ ডেকচি; হাঁড়ি। ২ উনান; চুলা। [স. উখা =হাড়ি; তুল. আখা=চুল্লি]

উখা[২]**, উকা** *বি* ধাতুদ্রব্যাদি ঘষার লোহার তৈরি যন্ত্রবিশেষ; রেতি। [স. উৎকর্ষণ> উকখঅন> উখা]

উগলানো, ওগরানো *ক্রি* বমন করা; উদ্‌গিরণ করা। [স. উদ্‌গিরণ> উগ্‌গিলান> উগলানো, ওগরানো]

উগ্র *বিণ* ১ কোপন; অসহিষ্ণু। ২ তীব্র; উৎকট; ভয়ানক (উগ্র বিষ)। ৩ প্রখর; প্রচণ্ড (উগ্র তাপ)। ৪ রূঢ়; কর্কশ; তীক্ষ্ণ (উপকণ্ঠ)। ৫ ক্রূর; নিষ্ঠুর। ❑ *বি* ১ ক্ষত্রিয় জাতিবিশেষ। ২ শিব; মহাদেব; শঙ্কর। [স.]। **উগ্রকণ্ঠ, উগ্রস্বর** *বিণ* কর্কশ ও ক্রুদ্ধ কণ্ঠস্বরবিশিষ্ট। **উগ্রকর্মা** *বিণ* অনায়াসে ভয়ানক কাজ করতে পারে এমন। **উগ্রক্ষত্রিয়** *বি* আগুরি জাতি; হিন্দু সম্প্রদায়বিশেষ। **উগ্রচণ্ডা, উগ্রচণ্ডী** *বি, বিণ স্ত্রী.* অতিশয় কোপন স্বভাবা ও কলহপরায়ণা। ❑ *বিণ স্ত্রী.* ভয়ঙ্করী। ❑ *বি স্ত্রী.* চণ্ডিকা দেবী। **উগ্রতপা** *বিণ* কঠোর তপস্যাকারী। **উগ্রতা, উগ্রত্ব, উগ্রবীর্য** *বিণ* তীব্র তেজবিশিষ্ট; অতিশয় তেজস্বী; অত্যন্ত ঝাঁঝালো। **উগ্রমূর্তি** *বিণ* ক্রুদ্ধ ও ভয়ানক চেহারাবিশিষ্ট। **উগ্রা** *বিণ স্ত্রী.* অতিশয় কোপনস্বভাবা; কলহপরায়ণা। ❑ *বি* যোগিনীবিশেষ।

উঘরানো *ক্রি* ১ উন্মুক্ত করা। ২ নগ্ন করা; উদ্‌ঘাটন করা। [স. উৎঘাটন>উগ্‌ঘাড়ন>উঘারন> উঘরানো]

উঘাড়, উঘার *বিণ* ব্যক্ত; প্রকাশিত। [স. উদ্‌ঘাটিত>উগ্‌ঘাড়িঅ>উঘাড়ি>]

উচক্কা, উচাক্কা *ক্রিবিণ* হঠাৎ; আচমকা। ❑ *বিণ* ১ উঠতি; নব্য; অপরিপক্ব। ২ অবাধ্য; হঠকারী। [চট্টগ্রামি উচক্কা; উচাক্কা— উড়ুউড়ু। স. উৎচক্ষু>উচকখু>উচক্ক+ আ=উচক্কা]

উচাটন *বিণ* ব্যাকুল; অস্বস্তিপূর্ণ; উৎকণ্ঠিত। ❑ *বি* ব্যাকুলতা; উৎকণ্ঠা। [স. উচ্চাটন>]

উচিত *বিণ* ১ কর্তব্য। ২ যোগ্য; উপযুক্ত। ৩ যথার্থ; ন্যায্য। [স. √বচ+ইত=উচিত]। **ঔচিত্য** *বি*। **উচিতবক্তা** *বিণ* উচিত কথা বলে এমন।

উচুর(ম-বা) *বিণ* অধিক; অতিরিক্ত।

উচ্চ *বিণ* ১ উচু; তুঙ্গ। ২ উন্নত; মহৎ। ৩ সম্ভ্রান্ত। ৪ চড়া। ৫ উর্ধ্বতন (উচ্চ কর্মচারী)। ৬ বড় বা সম্মানজনক (উচ্চপদ)। **উচ্চতা** *বি*। **উচ্চগ্রাম** *বি* উন্নত শ্রেণী; উন্নত পর্যায়। **উচ্চবাচ্য** *বি* ১ সাড়াশব্দ। ২ প্রতিবাদ। ৩ কোনো কথা উত্থাপন। **উচ্চবিদ্যালয়** *বি* যে প্রতিষ্ঠানে প্রবেশিকা বা মাধ্যমিক স্তর পর্যন্ত পাঠ দেওয়া হয়; high school। **উচ্চরোল** *বি* উচ্চশব্দ বা চিৎকার। **উচ্চহাসি, উচ্চহাস্য** *বি* অট্টহাস্য; কলরবময় হাস্য।

উচ্চকিত *বিণ* ১ উৎকণ্ঠিত; উদ্বেগকম্পিত; ত্রস্ত। ২ চঞ্চল। [স. উৎ+চকিত=উচ্চকিত]

উচ্চণ্ড *বিণ* ১ প্রচণ্ড; উদ্দাম; দুর্দান্ত; দুর্দমনীয়। ২ অতি কোপন। ৩ ভীষণ। [স. উৎ+চণ্ড]

উচ্চবাচ্য *বি* বাকবিতণ্ডা; প্রতিবাদ; ভালোমন্দ মত প্রকাশ। [স. উচ্চাবচ>; তুল. ও. উচাবাচা]

উচ্চরণ *বি* ১ উচ্চারণ; ব্যক্তকরণ। ২ উর্ধ্বে বিচরণ। **উচ্চরিত** *বিণ* উক্ত; কথিত; ব্যক্ত; উল্লিখিত; উচ্চারণ করা গিয়েছে এমন। [স. উৎ+√চারি+অন]

উচ্চাকাঙ্ক্ষ *বিণ* উচ্চাভিলাষী। **উচ্চাকাঙ্ক্ষা** *বি* উচ্চাভিলাষ।

উচ্চাটন *বি* ১ চঞ্চলকরণ। ২ তন্ত্রমতে অভিচার দ্বারা মনের ব্যাকুলতা সৃষ্টির অনুষ্ঠানবিশেষ। ৩ উৎকণ্ঠা; ব্যাকুলতা; চঞ্চলতা। ৪ উৎপীড়ন। ❑ *বিণ* চঞ্চল; অশান্ত; উচাটন; ব্যাকুল।

উচ্চাবচ *বিণ* উচুনিচু; বন্ধুর; অসমান। **উচ্চাবচতা** *বি* অমসৃণতা; বন্ধুরতা। [উদচ+অবাচ]

উচ্চার *বি* ১ মল; বিষ্ঠা। ২ মলত্যাগ। [স. উৎ+√চর(গমনে) +অ=উচ্চার—যা অপান বায়ুর বেগে ত্যাগ করা হয়]

উচ্চারণ *বি* ১ মুখ দ্বারা ধ্বনিকরণ। ২ বাচন; কথন। ৩ ব্যক্তকরণ; প্রকাশকরণ। ৪ বাচনভঙ্গি। [স. উৎ+√চারি+ অন]। **উচ্চারণতত্ত্ব** *বি* ধ্বনিবিজ্ঞান; phonetics। **উচ্চারণ-বিভ্রাট** *বি* ১ বিকৃত বা ভুল উচ্চারণ। ২ বিকৃত উচ্চারণের ফলে উদ্ভূত বিশৃঙ্খলায় বানান অর্থ ইত্যাদির বিকৃতি। **উচ্চারণীয়, উচ্চার্য** *বিণ* ১ উচ্চারণ করতে হবে এমন; উচ্চারণযোগ্য। ২ উচ্চারণ করা উচিত এমন। **উচ্চারিত** *বিণ* উচ্চারণ করা হয়েছে এমন। **উচ্চার্যমান** *বিণ* উচ্চারিত হচ্ছে এমন।

উচ্চাশয় *বি* উদারতা; সহৃদয়তা। ❑ *বিণ* উন্নতচেতা; উদার প্রকৃতিবিশিষ্ট। [স. উচ্চ+আশয়]

উচ্চিংড়া, উচ্চিংড়ে *বি* ১ পতঙ্গবিশেষ। ২ কোপন স্বভাব ব্যক্তি। [স. উচ্চিঙ্গট>উচ্চিটিঙ্গি> উইচিঙড়া> উইচিংড়ো]

উচ্চৈঃ *অব্য* উচ্চ উন্নত প্রচুর অধিক প্রভৃতি অর্থসূচক। **উচ্চৈঃশ্রবা, উচ্চৈশ্রবা** *বি* ইন্দ্রের বাহন। **উচ্চৈঃস্বর** *বি* উচ্চরব; চিৎকার। **উচ্চৈঃস্বরে** *ক্রিবিণ* ১ উচ্চরবে; চিৎকার করে; ডাক ছেড়ে; জোর গলায়। ২ উপরে; উর্ধ্বে; তীব্রভাবে।

উচ্ছল *বিণ* ১ উথলে বা ছাপিয়ে উঠছে এমন। ২ সর্বত্র ব্যাপ্ত। ৩ স্ফীত। ৪ উচ্ছ্বাসময়; চঞ্চল। [স. উৎ+√শল+অ]। **উচ্ছলন** *বি* উচ্ছল বা উচ্ছ্বসিত হওন। **উচ্ছলিত, উছলিত** *বিণ* ১ উচ্ছ্বসিত; উথলিত। ২ সংক্ষিপ্ত। ৩ উদ্‌গত।

উচ্ছিত্তি *বি* ১ উচ্ছেদ; সমূলে উৎপাটন। ২ বিনাশ। [স. উৎ+√ছিদ্‌(ছেদন) + তি=উচ্ছিত্তি]

উচ্ছিন্ন *বিণ* ১ উৎপাটিত; উন্মূলিত। ২ উৎসাদিত; বিনষ্ট। ৩ নির্মূল; বিলুপ্ত। [স. উৎ+√ছিদ্‌+ত]

উচ্ছিষ্ট *বিণ* ১ ভুক্তাবশেষ; এঁটো। ২ আহারান্তে পানি দিয়ে ধোয়া হয়নি এমন। ৩ রন্ধন করা অন্নব্যঞ্জনাদি ব্যবহারে স্পৃষ্ট হয়েছে এমন। ৪ পরিত্যক্ত। ৫ ভোগ করা হয়েছে এমন। **উচ্ছিষ্টভোগী** *বিণ* ১ অপরের ভুক্তাবশেষ আহারকারী। ২ হীন; পরমুখাপেক্ষী। **উচ্ছিষ্টান্ন** *বি* ভুক্তাবশিষ্ট অন্ন বা খাদ্যসামগ্রী।

উচ্ছৃঙ্খল *বিণ* ১ বিশৃঙ্খল; অনিয়ন্ত্রিত। ২ স্বেচ্ছাচারী; যথেচ্ছাচারী। ৩ অমিতাচারী; সমাজের অননুমোদিত রীতিতে চলে এমন। ৪ শৃঙ্খলহীন; বন্ধনমুক্ত। [স.

উৎ+শৃঙ্খল]। **উচ্ছৃঙ্খলতা** *বি* ১ যথেচ্ছাচার। ২ নিয়ম বিরোধিতা।

উচ্ছে, উচ্ছা *বি*১ রন্ধনোপযোগী তিক্তস্বাদ সবজিবিশেষ। ২ তিতকরলা; ছোট করলা।

উচ্ছেদ *বি* ১ উৎপাটন; উন্মূলন; উৎসাদন। ২ বিনাশ। **উচ্ছেদক** *বিণ* উচ্ছেদকারী। **উচ্ছেদনীয়, উচ্ছেদ্য** *বিণ* উচ্ছেদযোগ্য। [স. উৎ+√ছিদ্+অ]

উচ্ছ্বাস *বি*১ প্রবল ভাবাবেগ। ২ উল্লাস। ৩ বিকাশ; স্ফুরণ। ৪ নিঃশ্বাস। ৫ স্ফীতি। **উচ্ছ্বসিত** *বিণ* ১ প্রবল ভাবাবেগে আপ্লুত। ২ উন্মোষিত; বিকশিত। [স. উৎ+শ্বাস]

উছল *বিণ* ১ উচ্ছলিত; উছলে উঠছে এমন। ২ উদ্বেল। [স. উচ্ছল>]। **উছলানো, উছলনো** *ক্রি* ১ উথলে ওঠা। ২ স্ফীত হয়ে বা ছাপিয়ে ওঠা। ☐*বি* উথলন। ☐*বিণ* উথলিত। **উছলিত** *বিণ*।

উছাস(পদ্য) *বি* উচ্ছ্বাস-এর কোমল রূপ; প্রবল ভাবাবেগের প্রকাশ। [স. উৎ+শ্বাস]

উজবক, উজবুক *বিণ*১ আহাম্মক; মূর্খ। ২ অশিক্ষিত। ☐*বি* উজবেগ; তাতার জাতিবিশেষ। [তু. উয্‌বক]

উজাগর *বিণ* বিনিদ্র; নিদ্রাহীন। [স. উৎ + জাগর = উজ্জাগর> উজাগর]

উজান *বি*১ স্রোতের বিপরীত দিক। ২ জোয়ার। ৩ বিপরীত; উল্টা। [স. উদ্‌যান/উদ্ধান>]। **উজান-ভাটি** *বি* জোয়ার-ভাঁটা। **উজানো** *ক্রি* ১ উজান দিকে যাওয়া। ২ অতিক্রম করা; পার হওয়া। ☐*বি* উজান দিকে গমন। ☐*বিণ* উজান দিকে চলেছে এমন। **উজানি, উজানী** *বি* জোয়ার। [স. উদ্ধান>উজ্‌ঝান>উঝান>উজান>উজানি]

উজার, উজাড় *বিণ* ১ শূন্য; খালি; নিঃশেষ। ২ জনহীন; বসতিশূন্য। ☐*বি* জনশূন্য স্থান; বিরান জায়গা। [তুল. হি. উজাড়। তুল স. উৎ+জড় (ণিজন্ত)]

উজাল, উজালা *বিণ* উজ্জ্বল; দীপ্তিমান। [স. উৎ+জ্বল+আ = উজ্জলা>উঝালা>উজ্জালা>উজাল]। (পদ্যে **উজর, উজোর, উজল**)।

উজির *বি* মন্ত্রী; অমাত্য। [আ. ওয়যীর]। **উজিরে আজম, উজিরে আলা** *বি* প্রধানমন্ত্রী। **উজিরি, ওজারত** *বি* মন্ত্রিত্ব। **উজির-জাদা** *বি* মন্ত্রিপুত্র। **উজিরজাদী** *স্ত্রী*।

উজ্জয়িনী, উজ্জয়নী *বি* প্রাচীন নগরবিশেষ; রাজা বিক্রমাদিত্যের রাজধানী; ভারতের গোয়ালিয়রে অবস্থিত আধুনিক উজ্জৈন।

উজ্জীবন *বি*১ সঞ্জীবন; নবজীবন সঞ্চার। ২ মৃতপ্রায় হয়ে বা মৃত হয়ে পুনরায় চেতনালাভ। ৩ বিস্মৃত বিষয়ের পুনরুত্থান। [স. উৎ+√জীব্+অন]। **উজ্জীবিত** *বিণ* ১ নবজীবন প্রাপ্ত। ২ মৃতপ্রায় হয়ে পুনরায় প্রাণ-প্রাপ্ত। ৩ বিলুপ্ত বা বিস্মৃত ঘটনা বা বিষয়; নবীভূত।

উজ্জ্বল *বিণ*১ আলোকিত; দীপ্তিমান। ২ তীক্ষ্ণ; প্রখর। ৩ উদ্ভাসিত; শোভমান; ঝলমলে। ☐*বি* ঔজ্জ্বল্য। [স. উৎ+√জ্বল্+অ]। **উজ্জ্বলতা, ঔজ্জ্বল্য** *বি*। **উজ্জ্বল রস** *বি* রসশাস্ত্র বর্ণিত শৃঙ্গাররস। **উজ্জ্বলিত** *বিণ*১ প্রদীপ্ত; প্রজ্বলিত। ২ উজ্জ্বল হয়ে উঠেছে বা করা হয়েছে এমন। ৩ পরিষ্কৃত।

উঝটি *বি* অলঙ্কারবিশেষ। [স. উজ্‌ঝটিকা>]

উঞ্চ, উঞ্চল (ম-বা) *বিণ* উচ্চ। [স. উচ্চ>প্রা. উঞ্চ+ল]

উঝটি, উঝটি *বি* অলঙ্কারবিশেষ। [স. উজ্‌ঝটিকা>]

উঞ্ছ *বি* ১ হীনজীবিকা; উঞ্ছবৃত্তি; জীবিকানির্বাহের জন্য পরিত্যক্ত শস্যকণা সংগ্রহ। ২ পরিত্যক্ত অংশ। ☐*বিণ* হীন; নীচ; ওঁচা। **উঞ্ছজীবী, উঞ্ছশীল** *বি,বিণ* ১ উঞ্ছ বৃত্তিযোগে জীবিকা নির্বাহকারী। ২ ক্ষেত্রে পরিত্যক্ত শস্যকণা সংগ্রহ করে যে জীবিকা নির্বাহ করে। **উঞ্ছবৃত্তি** *বি*১ নীচবৃত্তি; হীন জীবিকা। ২ উঞ্ছকর্মদ্বারা জীবিকানির্বাহ। ৩ স্বল্প উপকরণে জীবন যাপন। **উঞ্ছলোভী** *বিণ* উঞ্ছবৃত্তিতেই আগ্রহ এমন।

উট *বি* কুব্জপৃষ্ঠ পশুবিশেষ; উষ্ট্র। **উটচোখা** *বিণ* উটের মতো ক্ষুদ্র চক্ষুবিশিষ্ট। **উটপাখি, উটপাখী** *বি* উটের মতো লম্বা গলাবিশিষ্ট স্থলচর বৃহৎ পাখি। **উটমুখো** *বিণ* (ব্য.) উটের মতো কদাকার মুখবিশিষ্ট [স. উষ্ট্র>উট্‌ঠ>উট]

উটকা[১]**, উটকো**[১] *বিণ* স্বামীর ঘর থেকে কেবলই পিতার ঘরে পলায়ন করে এমন (উটকা বউ)।

উটকো[২]**, উটকা**[২] *বিণ* ১ উদ্ভট; বাজে; অবিশ্বাস্য। ২ অনির্ভরযোগ্য; অবিশ্বাসযোগ্য; ভিত্তিহীন। ৩ অপরিচিত; অজানা; আগন্তুক। ৪ অপ্রত্যাশিত; আকস্মিক। ৫ কিম্ভূত; কদাকার। ৬ চঞ্চলচিত্ত। ☐*ক্রিবিণ* হঠাৎ; আকস্মিক-ভাবে। **উটকো খবর** *বি* অবিশ্বাসজনক বা ভিত্তিহীন সংবাদ। **উটকো মানুষ** *বি* অপরিচিত ব্যক্তি। **উটকোমুখো** *বিণ* কিম্ভূতদর্শন; কদাকার।

উটজ *বি* কুঁড়েঘর; পর্ণকুটির। **উটজশিল্প** *বি* কুটির শিল্প। [স. উট+√জন্+অ]

উটন, উটনো, উঠনা *বি* ১ ধার; বাকি। ২ একই স্থান থেকে নিয়মিত ধারে দ্রব্যাদি ক্রয়করণ। **উটনোওয়ালা, উঠনোওয়ালা** *বিণ* ধারে দ্রব্যাদি ক্রয়কারী। (তুল. হি. **উঠা রাখনা**) [স. উত্থান>উঠান; হি. উঠান (কাটতি/ব্যয়) ধারে খরিদ (বাকিতে কেনা)]

উঠতি, উটতি *বি* উন্নতি; বৃদ্ধি। ☐*বিণ* ১ উন্নতশীল। ২ নবীন। ৩ বৃদ্ধিশীল; চড়তি। [বা. √উঠ্+অতি+উঠতি> উঠতি]

উঠন্ত *বিণ* উঠছে এমন; উদীয়মান; বৃদ্ধিশীল।

উঠবন্দি, ওঠবন্দি *বি* জমি চাষ আবাদের জন্য রায়তদের সঙ্গে মালিকের মেয়াদি বন্দোবস্তবিশেষ।

উঠবস, ওঠবোস *বি*১ ক্রমানুয়ে উঠে ও বসে যে ব্যায়াম। ২ অনবরত ওঠা ও বসা প্রক্রিয়ায় প্রদত্ত শাস্তি।

উঠসার, ওঠসার *বি* দাবা বড়ে খেলায় কিস্তিবিশেষ।

উঠা, ওঠা *ক্রি* ১ উত্থিত হওয়া; উত্থান হওয়া বা করা; গাত্রোত্থান করা। ২ আসন ছেড়ে দাঁড়ানো। ৩ শয্যাত্যাগ করা; জাগা (ভোরে ওঠা)। ৪ অঙ্কুরিত হওয়া; গজানো (দাঁত ওঠা)। ৫ উদিত হওয়া; প্রকাশ পাওয়া (সূর্য ওঠা)। ৬ আরোহণ করা; চড়া (ঘোড়ায় ওঠা)। ৭ স্খলিত হওয়া; ঝরে যাওয়া। ৮ উদগীর্ণ হওয়া (মাটি ফুঁড়ে ওঠা)। ৯ বাড়া; বৃদ্ধি হওয়া (দাম ওঠা)। ১০ প্রমোশন পাওয়া (ক্লাশে ওঠা)। ১১ সংগৃহীত হওয়া (চাঁদা ওঠা)। ১২ প্রবেশ করা (কানে ওঠা)। ১৩ আমদানি হওয়া। ১৪ প্রচলিত হওয়া। ১৫ উন্নীত হওয়া। ১৬ লুপ্ত হওয়া। ১৭ নষ্ট হওয়া; জ্বলে যাওয়া। ১৮ উল্লিখিত হওয়া। ১৯ আবাদ হওয়া। ২০ বন্ধ হওয়া। **উঠতে বসতে** *বিণ* যখন-তখন; সদা-সর্বদা। **উঠানামা, ওঠানামা** *বি* ১ আরোহণ-অবরোহণ। ২ উত্থানপতন। **উঠাপড়া, ওঠাপড়া** *বি* উত্থানপতন; উন্নতি-অবনতি। **উঠি কি পড়ি** *ক্রিবিণ* ব্যস্তসমস্ত। **উঠে পড়ে**

লাগা *ক্রি* পূর্ণোদ্যমে কাজে লাগা। **উঠে যাওয়া** *ক্রি*১ লুপ্ত হওয়া। ২ অন্যত্র চলে যাওয়া। ৩ রহিত হওয়া।
উঠান, উঠোন *বি* প্রাঙ্গণ; আঙ্গিনা। [স. উৎ+স্থান+উত্থান> উট্‌ঠান> উঠান (ব্যবহারের জন্য পৃথক করে রাখা স্থান); স. অঙ্গন>]। **উঠান-সমুদ্র**—উঠানকেই দুস্তর সমুদ্রতুল্য মনে করা অর্থাৎ সামান্য ব্যাপার বড় করে দেখা। **উঠান চষা** *ক্রি*১ উচ্ছেদ করা; ভিটেমাটি উৎসন্ন করা। ২ ঘন ঘন আনাগোনা; নিত্য যাতায়াত।
উঠানো, ওঠানো *ক্রি*১ উত্তোলন করা; উন্নতি করা; খাড়া করা। ২ উপরে তুলে দেওয়া (মাচায় উঠানো)। ৩ উত্থাপন করা; উল্লেখ করা (কথা উঠানো)। ৪ চড়ানো; আরোহণ করানো (গাড়িতে উঠানো)। ৫ অপসারণ বা উচ্ছেদ করা (বস্তি উঠানো)। ৬ মুছে ফেলা; নিশ্চিহ্ন করা (দাগ উঠানো)। ৭ জাগরিত করা। ৮ উৎপাটিত বা নির্মূল করা। ৯ তোষামোদে স্ফীত করা। **উঠিয়ে দেওয়া** *ক্রি*১ উঠানো। ২ তুলে বা চড়িয়ে দেওয়া। ৩ উচ্ছেদ বা অপসারণ করা। পুরুষভেদে—উঠাও, উঠায়, উঠান, উঠাই।
উঠিত *বি* চাষের উপযোগী জমি। ❑ *বিণ* জঙ্গলাদি মুক্ত করে চাষের উপযোগী করা হয়েছে এমন; আবাদি। **উঠিত পতিত (জমি)** *বিণ* কোনো বছর আবাদ হয় এবং কোনো বছর হয় না এমন (জমি)। [স. √পত্‌+ত=পতিত শব্দের অনুকরণে গঠিত বা.]
উড্ডয়ন *বি* শূন্যে বিচরণ; শূন্যে গমন; উড়া। [স. উৎ+ √ডী+অন]
উড্ডীন, উড্ডীয়মান *বিণ*১ উড়ছে এমন; উড়ন্ত। ২ শূন্যে বিচরণকারী; ঊর্ধ্বগামী। **উড্ডীনোন্মুখ** *বিণ* উড়তে উন্মুখ; শূন্যে গমনোদ্যত। [স. উৎ+√ডী+মান (=শানচ)]
উড়কি *বি* ধানবিশেষ; উড়িধান। [স. ওড়িকা>]
উড়তি *বিণ*১ উড়ন্ত; উড়ছে এমন; উড্ডীয়মান। ২ মুখে মুখে শ্রুত (উড়তি খবর)। [বা. √উড়+অতি+উড়তি >উড়তি]
উড়নচড়ে, উড়নচণ্ডে *বিণ*১ অপব্যয়ী; অমিতব্যয়ী। ২ উচ্ছৃঙ্খল; অলক্ষ্মী। **উড়নচণ্ডী** *স্ত্রী*। **উড়নচণ্ডীভাব** *বি* অপব্যয়ী ভাব।
উড়ন্ত *বিণ* উড্ডীয়মান; উড়ছে এমন। [স. উড্ডীন>, বা. উড়+স.অন্ত]
উড়শ *বি* ছারপোকা। [স. উদ্দংশ>উদশ>উড়শ]
উড়া, ওড়া *ক্রি*১ শূন্যে বিচরণ করা। ২ দ্রুতগতিতে ছুটে যাওয়া। ৩ বাবুগিরি করা। [স. উড্ডীয়ন>হি. উড়না/বা.]
উড়া-উড়া, ওড়া-ওড়া *ক্রিবিণ* অনিশ্চিতভাবে; ভাসাভাসা। **উড়ে আসা** *ক্রি*১ হঠাৎ আসা। ২ অতি দ্রুত আসা। ৩ অযাচিতভাবে আসা। ❑ *বিণ* অযাচিত; অবাঞ্ছিত। **উড়ে এসে জুড়ে বসা** *ক্রি* অযাচিতভাবে বা বিনা অধিকারে এসে সর্বেসর্বা হয়ে বসা; অহেতুক বা অবৈধভাবে প্রাধান্য জাহির করা। **উড়ে যাওয়া** *ক্রি* ১ বন্ধনমুক্ত হয়ে পলায়ন করা। ২ অদৃশ্য হওয়া। ৩ দ্রুত ব্যয় হওয়া।
উড়ানি, উড়ুনি *বি* উত্তরীয়; ওড়না; একপাটা চাদর। [স. অবেষ্টনিকা> ওড়ঢনিআ> ওড়নিয়া> ওড়নি> উড়ানি, উড়ুনি]
উড়ানো, ওড়ানো *ক্রি* ১ উড্ডীন করা। ২ শূন্যে ভাসিয়ে দেওয়া। ৩ অপব্যয় করা। **উড়িয়ে দেওয়া** *ক্রি* ১ শূন্যে ভাসানো। ২ অগ্রাহ্য করা (কথাটা উড়িয়ে দিও না)। [স. উড্ডীন>]
উড়াল *বি* উড়ন; শূন্যে গমন; উড্ডয়ন। [বা. √উড়+আল]
উড়ি, উড়িধান *বি* অকর্ষিত জমিতে উড়ে পড়া বীজে উৎপন্ন ধান; নীবার। [স. ওড়িকা> ওড়িআ>ওড়ি]
উড়িয়া, উড়ে *বি,বিণ* উড়িষ্যা বা উৎকলদেশবাসী।
উড়িষ্যা *বি* উৎকল দেশ।
উড়ুউড়ু *বিণ*১ উড়তে উদ্যত। ২ অস্থির; উচাটন। ❑ *ক্রিবিণ* ১ পালাই পালাই; যাওয়ার জন্য অস্থির। ২ উদাস ভাবে।
উড়ুক্কু *বিণ* উড়তে পারে এমন; উড়তে সক্ষম।
উড়ো, উড়া *বিণ* ১ উড়তে সমর্থ; উড়েছে এমন। ২ ভিত্তিহীন; অনিশ্চিত; লোকমুখে শ্রুত গুজব। ৩ বেনামি। **উড়োজাহাজ** *বি* অ্যারোপ্লেন; বিমানপোত; ব্যোমযান। [বা. √উড়্‌+উয়া=উড়ুয়া>উড়ো]
উৎ, উদ্ *অব্য* ঊর্ধ্ব প্রাবল্য উৎকর্ষ বিরুদ্ধ অতিক্রান্ত প্রভৃতিসূচক তৎসম উপসর্গবিশেষ।
উতরাই, উৎরাই *বি* ১ উচ্চস্থান থেকে বা পাহাড় থেকে অবতরণের পথ। ২ ঢাল। [বা. √উৎরা+আই =উতরাই; তুল. হি. উৎরাই; স. উত্তরণ>]
উতরানো *ক্রি* ১ লক্ষ্যস্থলে বা গন্তব্যস্থলে পৌঁছানো। ২ নামা; নেমে আসা। ৩ বাসনা বা আশা অনুযায়ী হওয়া। ৪ ভালো হওয়া; নির্দিষ্ট মান অনুযায়ী হওয়া। ৫ সাফল্যলাভ করা। ৬ সঙ্কট কাটা; অবসান হওয়া। ৭ উত্তীর্ণ হওয়া; পার হওয়া। ৮ তরল পদার্থ উত্তপ্ত হয়ে আলোড়িত হওয়া; বলক আসা। ❑ *বি* ১ উত্তরণ। ২ সফল হওন। ৩ অতিক্রমণ। [বা. √উৎরা+আনো; তুল. স. উত্তরণ]
উতরোল *বি* কোলাহল; গণ্ডগোল। ❑ *বিণ* ১ অশান্ত; অধীর। ২ ব্যাকুল; উৎকণ্ঠিত। [স. উৎ+তরল=উত্তরল> উতরল>উতরোল (কলরোল) শব্দের সাদৃশ্যে 'উতরোল']
উতলা *বিণ*১ উদ্বিগ্ন; দুশ্চিন্তাগ্রস্ত। ২ ভাবাবেগে আকুল। ৩ চঞ্চল; অশান্ত। [স. উত্তল>প্রা. উত্থল্ল>উথল; উতল+ আ=উতলা]
উতার *বি*১ দাওয়াই; প্রতিষেধক; পানিপড়া। ২ ঢল; নাবাল; নিম্নতা। [হি.]
উতোর, উতর (পদ্য) *বি* উত্তর; জবাব।
উৎকট *বিণ*১ তীব্র; প্রখর। ২ উগ্র; ভয়ানক; বিকট। ৩ কঠিন; দুরূহ। ৪ কঠোর; দুঃসহ; নিদারুণ। ৫ অত্যধিক। ৬ অতি প্রবল; দুর্বহ।
উৎকণ্ঠ *বিণ* উদ্‌গ্রীব; অপেক্ষমাণ। [স. উৎ+কণ্ঠ]
উৎকণ্ঠা *বি* উদ্বেগ; আশঙ্কা; ব্যাকুলতা; ব্যগ্রতা।
উৎকণ্ঠিত *বিণ* উদ্বিগ্ন; ব্যাকুল। **উৎকণ্ঠিতা** *বিণ স্ত্রী.* উদ্বিগ্না; ব্যাকুলা। ❑ *বি স্ত্রী.* রসশাস্ত্রোক্ত নায়িকাবিশেষ।
উৎকপালী *বিণ* উঁচু কপালযুক্ত; কদাকার।
উৎকর্ণ *বিণ* ১ শুনবার জন্য অতিশয় ব্যগ্র। ২ শুনবার জন্য কান খাড়া করছে এমন। [স. উৎ+কর্ণ]
উৎকর্ষ *বি* ১ উৎকৃষ্টতা; শ্রেষ্ঠত্ব। ২ উন্নতি। ৩ বৃদ্ধি; আধিক্য। **উৎকৃষ্ট** *বিণ*। [স. উৎ+√কৃষ্‌+অ]
উৎকল *বি* উড়িষ্যা দেশ।
উৎকলিত *বিণ*১ উদ্ধৃত; গৃহীত। ২ উদ্বিগ্ন। ৩ তরঙ্গিত।
উৎকিরণ *বি* খোদাইকরণ।
উৎকীর্ণ *বিণ* ১ খোদাইকৃত; ক্ষোদিত। ২ চিত্রিত। ৩ বিদ্ধ। ৪ উৎক্ষিপ্ত।

উৎকুণ *বি* উকুন; কেশকীট; চুলের পোকা। [স.]
উৎকৃষ্ট *বিণ* ১ উত্তম; প্রকৃষ্ট। ২ শ্রেষ্ঠ। ৩ উন্নত। [উৎ+√কৃষ্+ত]। **উৎকর্ষ, উৎকৃষ্টতা** *বি*।
উৎকেন্দ্রিক *বিণ* কেন্দ্রত্যাগী; অদ্ভুত; খামখেয়ালি। **উৎকেন্দ্রিকতা** *বি*। [স. উৎ+কেন্দ্র+ক]
উৎকোচ *বি* ঘুষ। **উৎকোচক** *বি,বিণ* ঘুষ দেয় যে; উৎকোচদাতা; ঘুষদাতা। **উৎকোচগ্রাহী** *বিণ* ঘুষ গ্রহণ করে এমন; ঘুষখোর। [উৎ+√কুচ্+অ]
উৎক্ষিপ্ত *বিণ* ১ উর্ধ্বে নিক্ষিপ্ত। ২ উন্মূলিত; উৎপাটিত। ৩ উত্তোলিত। [স. উৎ+√ক্ষিপ্+ত]
উৎক্ষেপ, উৎক্ষেপণ *বি* উর্ধ্বে নিক্ষেপ। **উৎক্ষেপক** *বিণ* উর্ধ্বে নিক্ষেপকারী। [স. উৎ+√ক্ষিপ্+অ]
উৎখাত *বিণ* ১ সমূলে উৎপাটিত। ২ বিনষ্ট; ধ্বংসপ্রাপ্ত। ৩ খুঁড়ে তুলে ফেলা হয়েছে এমন। ৪ অধিকারচ্যুত। ☐ *বি* ১ উন্মূলন; উৎপাটন। ২ উৎখনন। ৩ বিদারণ। ☐ *বিণ* বিদীর্ণ। [উৎ+√খন্+ত]
উত্তপ্ত *বিণ* ১ অত্যন্ত তপ্ত; খুব গরম। ২ ক্রোধযুক্ত। [স. উৎ+তপ্ত]
উত্তম *বিণ* ১ খুব ভালো; উৎকৃষ্ট। ২ সর্বশ্রেষ্ঠ। ৩ উপাদেয়। [স. উৎ+তম]। **উত্তমা** *স্ত্রী.*। **উত্তমপুরুষ** *বি* (ব্যা.) আমি আমরা ইত্যাদি সর্বনাম পদ; first person। **উত্তম মধ্যম** *বি* প্রচুর প্রহার; বিস্তর পিটুনি। **উত্তম মধ্যম দেওয়া** *ক্রি* প্রচুর প্রহার করা; আচ্ছা পিটুনি দেওয়া।
উত্তমর্ণ *বি,বিণ* যে ঋণ দেয়; কর্জদাতা; মহাজন। [স. উত্তম+ঋণ; তুল. অধমর্ণ]
উত্তমাঙ্গ *বি* ১ মাথা; মস্তক। ২ প্রধান অঙ্গ। ৩ মস্তক থেকে কটি পর্যন্ত অংশ। [স.]
উত্তম্মন্যতা *বি* নিজের সম্বন্ধে উচ্চ ধারণা।
উত্তর *বি* ১ জবাব; প্রতিবাক্য। ২ সাড়া; আহ্বানের উত্তর। ৩ উত্তর দিক। ৪ মীমাংসা; সমাধান; সিদ্ধান্ত। ৫ আপত্তি খণ্ডন। ৬ অর্থালঙ্কারবিশেষ। ☐ *বিণ* ১ পরবর্তী; ভবিষ্যৎ (উত্তরকাল)। ২ দুর্লভ; অসাধারণ (লোকোত্তর প্রতিভা)। ৩ অধিক (অষ্টোত্তর)। ৪ শেষ (উত্তর কাণ্ড)। ৫ উপরিস্থ (উত্তরচ্ছদ)। ☐ *ক্রিবিণ* অব্যবহিত পরে; তারপর; অনন্তর; পশ্চাৎ (শ্রবণোত্তর বললেন)। ☐ *বিণ* উত্তর দিকস্থ (উত্তর মেরু)। [স. উৎ+√তৃ+অ]। **উত্তর-আধুনিকতা** *বিণ* আধুনিক–পরবর্তীকালের চিন্তা, দর্শন, সাহিত্যতত্ত্ব ইত্যাদি (দেরিদা, জুলিয়া, ফুকো প্রমুখের মতবাদ)। **উত্তরকাল** *বি* পরবর্তীকাল; ভবিষ্যৎকাল। **উত্তরকালীন** *বিণ* ১ পরবর্তীকালের। ২ ভবিষ্যতে ঘটবে এমন। **উত্তর কোশল** *বি* প্রাচীন অযোধ্যা। **উত্তরক্রিয়া** *বি* ১ মৃতের শ্রাদ্ধাদি কার্য। ২ উত্তরদান কার্য। **উত্তরদান** *বি* উত্তর দেওন। **উত্তর পশ্চিম** *বি* বায়ুকোণ। **উত্তরপুরুষ** *বি* পরবর্তী পুরুষ; বংশধর। **উত্তরপূর্ব** *বি* ঈশান কোণ। **উত্তর-প্রত্যুত্তর** *বি* বাদ-প্রতিবাদ; তর্ক-বিতর্ক। **উত্তর ফল্গুনী, উত্তর ফাল্গুনী** *বি* নক্ষত্রবিশেষ। **উত্তরভাদ্রপদ** *বি* নক্ষত্র-বিশেষ। **উত্তরমালা** *বি* সমাধানসূহ। **উত্তরমীমাংসা** *বি* বেদান্ত। **উত্তরমেরু** *বি* পৃথিবীর উত্তর প্রান্ত; সুমেরু। **উত্তররহিত, উত্তরবিহীন, উত্তরহীন** *বিণ* নিরুত্তর। **উত্তরসাধক** *বি* ১ পরবর্তীকালের সাধনকর্তা। ২ তান্ত্রিকের মুখ্য সহকারী। **উত্তরসাধিকা** *স্ত্রী.*। **উত্তরসূরি** *বি,বিণ* পরবর্তীকালের জ্ঞানী গুণী; উত্তরকালের পণ্ডিত।

উত্তরণ *বি* ১ নদী সাগর প্রভৃতি পার হওন। ২ গন্তব্যস্থানে পৌঁছানো বা উপস্থিত হওন। [স. উৎ+√তৃ+অন]
উত্তরা *বি* ১ মহাভারতোক্ত বিরাট রাজার কন্যা ও অভিমন্যুর পত্নী। ২ উত্তরদিকস্থ।
উত্তরাখণ্ড *বি* ভারতবর্ষের উত্তরাংশ— একে আর্যাবর্ত বলে। এর অপর নাম "উত্তরাপথ"। **দক্ষিণাপথ** *বিপ.*।
উত্তরাধিকার *বি* মৃতব্যক্তির সাথে সম্বন্ধজনিত দাবিতে মৃতের সম্পত্তিতে অধিকার; ওয়ারিসি; স্বত্ব। **উত্তরাধিকারসূত্র** *বি* বংশগত-অধিকারের ক্রমধারা; বংশানুক্রমিক অধিকার ঘটিত সম্পর্কবন্ধন। **উত্তরাধিকারী**(-রিন্) *বি,বিণ* আত্মীয়ের মৃত্যুর পরে সম্পত্তির অধিকারী। **উত্তরাধিকারিণী** *স্ত্রী.*।
উত্তরাপথ *বি* ভারতবর্ষের উত্তরস্থ হিমালয় অঞ্চল; আর্যাবর্ত; উত্তর-ভারত। তুল. **দক্ষিণাপথ** *বি* দক্ষিণ ভারত; দাক্ষিণাত্য।
উত্তরায়ণ *বি* ১ বিষুবরেখা হতে সূর্যের ক্রমশ উত্তরে গমন। ২ সূর্যের উক্ত সময়ের গতিকাল। **উত্তরায়ণান্তবৃত্ত** *বি* যে কল্পিত রেখা দ্বারা সূর্যের উত্তরায়ণ গতিসীমা নির্দেশ করা হয়; কর্কটক্রান্তি। [স. উত্তর+অয়ন]
উত্তরীয়, উত্তরী *বি* ১ উড়ানি; চাদর। ২ উপবীতের ন্যায় পরিহিত বস্ত্র। [স.]
উত্তরোত্তর *ক্রিবিণ* ক্রমে ক্রমে; ক্রমান্বয়ে; পরপর; ক্রমশ। [স. উত্তর+উত্তর]
উত্তাপ *বি* ১ তাপ; উষ্ণতা। ২ সন্তাপ। **উত্তাপিত** *বিণ* ১ তপ্তকৃত; তপ্ত করা হয়েছে এমন। ২ সন্তাপিত। [স. উৎ+তাপ]
উত্তাল *বিণ* ১ অত্যন্ত উচ্চ; উত্তুঙ্গ। ২ উৎকট; ভয়ঙ্কর; তরঙ্গময়। ৩ অত্যন্ত আলোড়িত। **উত্তালতা** *বি* ১ প্রচণ্ড আলোড়ন। ২ ভাবাবেগজনিত আলোড়ন বা আন্দোলন। [স. উৎ+তাল]
উত্তীর্ণ *বিণ* ১ পার হয়েছে এমন। ২ অতিক্রান্ত। ৩ উল্লঙ্ঘিত। ৪ উপস্থিত। ৫ কৃতকার্য; সফল। ৬ মুক্ত; নিষ্কৃতিপ্রাপ্ত। [স. উৎ+√তৃ+ত]
উত্তুঙ্গ *বিণ* অতিশয় উচ্চতাসম্পন্ন; খুব উঁচু।
উত্তুঙ্গতা *বি* উচ্চতা।
উত্তুরে *বিণ* উত্তরদিকস্থ; উত্তর দিকের। [(উত্তর+ইয়া)> উত্তুরে; আঞ্চলিক]
উত্তেজক *বিণ* উত্তেজনা সৃষ্টিকারী; উদ্দীপক। ☐ *বি* শরীরযন্ত্রের উত্তেজনা বৃদ্ধিকারী ঔষধ; stimulant। [স. উৎ+√তিজ্+অক]। **উত্তেজন** *বি* ১ উৎসাহদান; উদ্দীপন। ২ বিবর্ধন। ৩ কর্মপ্রবৃত্তি সঞ্চারণ। ৪ কামক্রোধাদি রিপুর উদ্দীপন। **উত্তেজনা** *বি* ১ উদ্দীপনা; প্রবল প্রেরণা। ২ অস্থিরতা; চিত্তচাঞ্চল্য। ৩ ভারসাম্যলুপ্ত মানসিক অবস্থা। **উত্তেজিত** *বিণ* ১ উত্তেজন করা হয়েছে এমন; উত্তেজনা-প্রাপ্ত। ২ উদ্দীপিত। ৩ প্রবর্তিত।
উত্তোলন *বি* ১ তোলা; উঁচুতে উঠানো; উঁচুকরণ। ২ উঁচুতে ধারণ; বহন বা স্থাপন। ৩ উত্থাপন। [স. উৎ+ √তুল্+ণিচ্+অন]। **উত্তোলিত** *বিণ* ১ উত্তোলন করা হয়েছে এমন। ২ উর্ধ্বে স্থাপন করা হয়েছে এমন। ৩ উত্থাপিত।
উত্ত্যক্ত *বিণ* ব্যতিব্যস্ত; বিরক্ত; অস্থির। [স. উৎ+ত্যক্ত]
উত্থান *বি* ১ উঠা; খাড়া হওন। ২ উন্নতি; অভ্যুদয়। ৩ গাত্রোত্থান। ৪ বিদ্রোহ। ৫ আবির্ভাব। [স.

উৎ+√স্থা+অন]। **উত্থান-পতন** *বি* ১ উন্নতি-অবনতি। ২ উঠানামা। ৩ হ্রাসবৃদ্ধি।

উত্থাপন *বি* ১ প্রসঙ্গের অবতারণা। ২ প্রস্তাবনা। ৩ উত্তোলন। ৪ উল্লেখ। [স. উৎ+√স্থা+ণিচ্+অনট্]। **উত্থাপক** *বি, বিণ* ১ উত্থাপনকারী। ২ উত্তোলনকারী। **উত্থাপনীয়** *বিণ* ১ উত্থাপন করা চলে এমন; উত্থাপনযোগ্য। ২ উত্থাপন করতে হবে এমন। **উত্থাপিত** *বিণ* উত্থাপন করা হয়েছে এমন।

উত্থিত *বিণ* ১ উর্ধ্বে উঠেছে এমন; উর্ধ্বগতি। ২ উদ্গত; নির্গত। ৩ বর্ধিত; উন্নত। ৪ বিরুদ্ধে দণ্ডায়মান। [স.]

উৎপত্তি *বি* ১ উদ্ভব; জন্ম। ২ আবির্ভাব; অভ্যুদয়। ৩ কারণ; মূল। [স. উৎ+√পদ্+তি]। **উৎপত্তিমূল** *বি* ১ জন্মের বা সৃষ্টির হেতু। ২ মূল কারণ; আদি কারণ। **উৎপত্তিস্থল, উৎপত্তিস্থান** *বি* উৎস; গোড়া।

উৎপন্ন *বিণ* ১ জাত; সৃষ্ট; নির্মিত। ২ *বিণ* উৎপাদিত; প্রস্তুত। ৩ উদ্ভূত। [স. উৎ+√পদ+ত]। **উৎপন্ন করা** *ক্রি* জন্মানো; সৃষ্টি করা। **উৎপন্নমতি** *বিণ* ১ উপস্থিত বুদ্ধিসম্পন্ন। ২ বুদ্ধিমান। **উৎপন্নমতিত্ব** *বি* উপস্থিত বুদ্ধিমত্তা; প্রয়োজনীয় দ্রুত চিন্তার ক্ষমতা।

উৎপল *বি* পদ্মফুল; কুমুদ। [স. উৎ+√পল্+অ]

উৎপলাক্ষ *বি* পদ্মের ন্যায় সুন্দর দলবিশিষ্ট নয়ন যার। ◻*বিণ* সুন্দর চক্ষুবিশিষ্ট। **উৎপলাক্ষী** *স্ত্রী.*।

উৎপাটন *বি* সমূলে উপড়ানো; উন্মূলন। [স. উৎ+√পদ+ণিচ্+অন]। **উৎপাটক** *বিণ* উন্মূলনকারী; উৎপাটনকারী। **উৎপাটনীয়** *বিণ* ১ উৎপাটনযোগ্য। ২ উৎপাটন করতে হবে এমন। **উৎপাটিত** *বিণ* সমূলে তুলে ফেলা হয়েছে এমন।

উৎপাত *বি* ১ উপদ্রব; দৌরাত্ম্য। ২ দৈব বিপদ। [স. উৎ+√পত্+অ]

উৎপাদন *বি* ১ নির্মাণ; সৃষ্টি; জনন। ২ নির্মিত বস্তু; শিল্পজাত দ্রব্য। [স. উৎ+√পদ্+ণিচ্+অন]। **উৎপাদক, উৎপাদয়িতা, উৎপাদী** *বিণ* ১ নির্মাতা; উৎপাদনকারী; প্রস্তুতকারী। ২ জনক; জন্মদাতা। ৩ উৎপত্তিকারী। ◻*বি* (গ.) গুণনীয়ক; factor। **উৎপাদিকা, উৎপাদয়িত্রী** *স্ত্রী.*। **উৎপাদনীয়, উৎপাদ্য** *বিণ* উৎপাদন করা যায় বা করতে হবে এমন। **উৎপাদিত** *বিণ* উৎপাদন করা হয়েছে এমন; উৎপন্ন। **উৎপাদ্যমান** *বিণ* উৎপাদিত হচ্ছে বা জন্মাচ্ছে এমন।

উৎপীড়ন *বি* ১ উত্যক্তকরণ; ক্লেশদান। ২ জুলুম বা অত্যাচারকরণ। **উৎপীড়ক** *বিণ* ১ পীড়নকারী; অত্যাচারী। ২ পীড়াদায়ক। **উৎপীড়িকা** *স্ত্রী.*। **উৎপীড়িত** *বিণ* উৎপীড়ন করা হয়েছে এমন; অত্যাচারিত; ক্লেশপ্রাপ্ত। **উৎপীড়িতা** *স্ত্রী.*।

উৎপ্রেক্ষা *বি* ১ (অল.) উপমান ও উপমেয়ের অভেদ কল্পনা। ২ বিতর্ক। ৩ অনুমান; আন্দাজ। [স. উৎ+প্র+√ঈক্ষ্+অ+আ]

উৎফুল্ল *বিণ* ১ অত্যন্ত প্রফুল্ল; উল্লসিত। ২ বিকশিত; প্রস্ফুটিত; ফুটন্ত। [স. উৎ+ফুল্ল+অ]

উৎস *বি* ১ প্রস্রবণ; নির্ঝর; ফোয়ারা। ২ উৎপত্তিস্থল (শক্তির উৎস)। [স. √উন্দ (আর্দ্র/সিক্ত হওয়া)>]

উৎসঙ্গ *বি* ১ ক্রোড়; অঙ্ক; কোল। ২ পর্বতের সানুদেশ; অধিত্যকা। ৩ আলিঙ্গন। [স. উৎ+√সন্জ্+অ]

উৎসন্ন, উচ্ছন্ন *বিণ* ১ উচ্ছন্ন; বিনষ্ট। ২ বিধ্বস্ত; ধ্বংসপ্রাপ্ত। ৩ অধঃপতিত। ৪ উৎসাদিত। [স. উৎ+√সদ্+ত]। **উৎসন্ন করা** *ক্রি* উচ্ছেদ করা; বিনাশ করা। **উৎসন্নে যাওয়া** *ক্রি* অধঃপতনে যাওয়া; গোল্লায় যাওয়া।

উৎসব *বি* ১ আনন্দানুষ্ঠান; পর্ব। ২ ধুমধাম। ৩ আনন্দানুভূতি; আহ্লাদ। [স. উৎ+√সূ(প্রসব)+অ]। **উৎসবকৌতুক** *বি* আমোদ-আহ্লাদ। **উৎসবময়** *বিণ* উৎসবপূর্ণ। **উৎসবময়ী** *স্ত্রী.*।

উৎসমুখ *বি* ১ প্রস্রবণ বা ঝরনার উৎপত্তিপ্রান্ত বা মুখ। ২ উৎপত্তিস্থান।

উৎসর্গ *বি* ১ সদুদ্দেশ্যে অর্পণ বা বিসর্জন। ২ স্বত্বত্যাগ; দান। ৩ কারো উদ্দেশ্যে নিবেদন। ৪ দেবতার উদ্দেশ্যে দান। ৫ প্রতিষ্ঠাকরণ। [স. উৎ+√সৃজ্+অ]। **উৎসর্গপত্র** *বি* গ্রন্থাদির যে পৃষ্ঠায় লিখিতভাবে কারও উদ্দেশ্যে নিবেদন বা সমর্পণের কথা বলা হয়। **উৎসর্গীকৃত, উৎসর্গিত** (অ-প্র) *বিণ* উৎসর্গ করা হয়েছে এমন।

উৎসর্জন *বি* নিবেদন; উৎসর্গ; ত্যাগ। [স. উৎ+√সৃজ্+অন]। **উৎসৃষ্ট** *বিণ* উৎসর্জন বা উৎসর্গ করা হয়েছে এমন। **উৎসর্জক** *বিণ* উৎসর্গকারী।

উৎসাদন *বি* ১ উৎপাটন; উন্মূলন। ২ বিনাশ; ধ্বংস। ◻*বিণ* উচ্ছেদ; বিতাড়ন। [স. উৎ+√সদ্+ণিচ্+অন]। **উৎসাদনীয়** *বিণ* ১ উৎসাদনযোগ্য। ২ উৎসাদন করতে হবে এমন। **উৎসাদিত** *বিণ* বিনষ্ট বা ধ্বংস করা হয়েছে এমন।

উৎসার, উৎসারণ *বি* ১ উর্ধ্বক্ষেপণ; চালন। ২ অপসারণ; দূরীকরণ। ৩ নিবারণ; অপনয়ন। [স. উৎ+√সৃ+ণিচ্+অন]। **উৎসারক** *বিণ* উৎসারণকারী। **উৎসারণীয়** *বিণ* ১ উৎসারণযোগ্য। ২ উৎসারণ করতে হবে এমন। **উৎসারিত** *বিণ* ১ দূরীকৃত। ২ উৎক্ষিপ্ত। **উৎসারিতা** *বিণ স্ত্রী.*।

উৎসাহ *বি* ১ কার্যে আগ্রহ; তৎপরতা; উদ্যম। ২ উদ্দীপনা। ৩ অধ্যবসায়; প্রযত্ন। [স. উৎ+√সহ্+অন]। **উৎসাহক** *বিণ* উৎসাহদানকারী। **উৎসাহিকা** *স্ত্রী.*। **উৎসাহজনক** *বিণ* উৎসাহ প্রদান করে এমন। **উৎসাহন** *বি* উৎসাহ প্রদান। **উৎসাহনীয়** *বিণ* উৎসাহদানের উপযুক্ত। **উৎসাহভঙ্গ** *বি* উদ্যমনাশ। **উৎসাহান্বিত** *বিণ* উদ্যমী; উৎসাহযুক্ত। **উৎসাহিত** *বিণ* ১ উৎসাহ পেয়েছে এমন। ২ উদ্যম; উদ্দীপনা। **উৎসাহী**(-হিন্) *বিণ* উৎসাহশীল। **উৎসাহিনী** *স্ত্রী.*।

উৎসুক *বিণ* আগ্রহান্বিত; ব্যগ্র; অধীর। **উৎসুকতা** *বি* ১ ঔৎসুক্য। ২ বিশেষ ব্যগ্রতা; আগ্রাহাতিশয়। **উৎসুকা** *বিণ স্ত্রী.* ঔৎসুক্যযুক্তা। **উৎসুকী** *বিণ* ঔৎসুক্যপূর্ণ; আগ্রহশীল।

উৎসৃষ্ট *বিণ* ১ উৎসর্গীকৃত; সদুদ্দেশ্যে অর্পিত। ২ পরিত্যক্ত। ৩ দত্ত। ৪ উপহৃত। ৫ উচ্ছিষ্ট; এঁটো। ৬ প্রযুক্ত। [স. উৎ+√সৃজ্+ত]

উথল, উথাল *বিণ* ১ উথলিত; উচ্ছ্বসিত; উদ্বেলিত। ২ উত্তাল; উত্তুঙ্গ। **উথল-পাথল, উথাল-পাথাল** *বিণ* ১ তরঙ্গক্ষুব্ধ; বিক্ষুব্ধ। ২ উত্তাল; উত্তুঙ্গ। [প্রা. উথল্ল-পথল্ল>উথাল-পাথাল]

উথলানো *ক্রি* ১ উথলে ওঠা। ২ উপচানো। ৩ ফেঁপে বা স্ফীত হয়ে ওঠা। ◻*বি, বিণ* উক্ত সকল অর্থে। **উথলিত** *বিণ* ১ স্ফীত; উদ্বেলিত। ২ পরিপ্লাবিত। [বা. √উথ্লা+আনো=উথলানো]

উদ, উদ্বিড়াল *বি* মাছ খেকো জলচর প্রাণী; ভোঁদড়। [স.]
উদক, উদ *বি* পানি; জল; বারি। [স. √উন্দ্+অক]। **উদজ** *বিণ* জলজাত।
উদগ্র *বিণ* ১ উর্ধ্বাভিমুখ। ২ উৎকট; ভয়ঙ্কর; প্রচণ্ড। ৩ সুউচ্চ। ৪ উদ্ধত। ৫ তীব্র। ৬ উৎকৃষ্ট। [স. উৎ+অগ্র]
উদজ *বিণ* জলজাত; পানিতে উৎপন্ন (জলজ উদ্ভিদ)।
উদজান (পরি.) *বি* এক প্রকার জলীয় গ্যাস; হাইড্রোজেন গ্যাস; hydrogen। [স.]
উদধি *বি* সমুদ্র। [স. উদ্+√ধা+ই]
উদয় *বি* ১ আবির্ভাব; উত্থান (চন্দ্রোদয়)। ২ উৎপত্তি। ৩ উদ্রেক; সঞ্চার। ৪ উৎকর্ষ; বৃদ্ধি; উন্নতি। ৫ ফলসিদ্ধি; লাভ। **উদয়কাল** *বি* ১ সূর্যোদয়ের কাল। ২ আবির্ভাবকাল। **উদয়গিরি, উদয়াচল** *বি* ১ সূর্যের উদয়স্থান। ২ উড়িষ্যার পর্বতবিশেষ। **উদীয়মান** *বিণ* উদিত হচ্ছে এমন। **উদয়াস্ত** *বি* ১ সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত সময়; সারাদিন। ২ উদয় ও অস্ত। ☐ *ক্রিবিণ* দিনভর; সারাক্ষণ। **উদয়োন্মুখ** *বিণ* উদিত হবার উপক্রম করেছে এমন। [স. উদয়+উন্মুখ; উৎ+√ই+অ/উৎ+√ই+অন=উদয়ন]
উদর *বি* ১ পেট; জঠর। ২ গর্ভ। ৩ অভ্যন্তর। ৪ কবল; গ্রাস। [স. উৎ+√ঋ+অ]। **উদরপরতা** *বি* ১ উদরপরায়ণতা; ঔদরিকতা। ২ যে রোগ হলে বার বার খেতে ইচ্ছে হয়। **উদরপরায়ণ, উদরসর্বস্ব** *বিণ* পেটুক; ঔদরিক। **উদরপরায়ণা** *স্ত্রী*। **উদরপিশাচ** *বি, বিণ* খাদ্যাখাদ্য সম্পর্কে বাছবিচার করে না এমন; খাদ্যাখাদ্য সম্পর্কে যথেচ্ছাচারী বা নির্বিকার। **উদরসাৎ** *বিণ* ১ উদরস্থ; উদরে গৃহীত; ভক্ষিত। ২ কবলিত; গ্রস্ত। **উদরাধ্মান** *বি* পেটফাঁপা। **উদরাময়** *বি* পেটের পীড়া; diarrhoea। **উদরী** *বি* এক প্রকার রোগ, এতে পেট ফুলে যায় ও পেটে জল জন্মে; dropsy। ☐ *বিণ* স্থূলোদর; ভুঁড়িওয়ালা।
উদলা, উদ্‌লা *বিণ* ১ আঢাকা; খোলা; উন্মুক্ত; নগ্ন; উলঙ্গ; উদোম। ২ নাঙ্গা; অনাবৃত। ৩ অবাধ; অবারিত। [বা.]
উদাত্ত *বি* ১ সঙ্গীতের স্বরভেদ। ২ অর্থালঙ্কারবিশেষ। ☐ *বিণ* ১ গম্ভীর এবং উচ্চ (উদাত্ত কণ্ঠে)। ২ মহান (ধীরোদাত্ত)। [স. উৎ+আ+√দা+ত]
উদাম, উদোম *বিণ* ১ উলঙ্গ; নগ্ন। ২ উদ্দাম। ৩ মুক্ত। ৪ দুরন্ত। [স. উদ্দাম>উদাম]
উদার *বিণ* ১ বদান্য; দানশীল। ২ মহৎ; উচ্চ; প্রশস্ত। ৩ করুণাপূর্ণ। ৪ সরলতাবিশিষ্ট; অসংকীর্ণ। [স. উৎ+আ+√ঋ+অ]। **উদারচরিত, উদারচিত্ত, উদারচেতা** *বিণ* মহাপ্রাণ; উদারহৃদয়। **উদারতা** *বি* ১ ঔদার্য। ২ বদান্যতা; দানশীলতা। ৩ অকপটতা; ঋজুতা; সরলতা। ৪ শ্রেষ্ঠত্ব; মহত্ত্ব। উদারনীতি *বি* অসংকীর্ণ মত বা রীতি। **উদারনীতিক, উদারনৈতিক** *বিণ* উদার নীতিতে বিশ্বাসী; উদারতন্ত্রী। **উদারমতি, উদারস্বভাব, উদারহৃদয়** *বিণ* মহদাশয়; উচ্চপ্রকৃতিবিশিষ্ট; প্রশস্তমনা।
উদারা *বি* নিম্ন সপ্তকের সুর। [স.]
উদাস *বিণ* ১ উদাসীন; বিষয়-বিতৃষ্ণ। ২ বিষণ্ন; উন্মনা। ☐ *বিণ* ঔদাস্য; বিষয়বৈরাগ্য। [স.]
উদাসী(-সিন্) *বিণ* ১ উদাস হয়েছে এমন। ২ বিষয়-বিস্মৃত। ☐ *বি* সন্ন্যাসী; সন্ন্যাসী সম্প্রদায়বিশেষ। **উদাসিতা** *বি*।
উদাসীন *বিণ* ১ নিরপেক্ষ; নিঃসম্পর্ক। ২ অনাসক্ত; নির্লিপ্ত। ৩ সংসারে বীতস্পৃহ; বৈরাগী। **উদাসীনতা** *বি*। **উদাসিনী** *স্ত্রী*। [স.]
উদাহরণ *বি* ১ দৃষ্টান্ত; নিদর্শন। ২ বক্তব্য বিষয় প্রাঞ্জল করবার উদ্দেশ্যে অনুরূপ প্রসঙ্গের উল্লেখ। [স. উৎ+আ+√হৃ+অন]। **উদাহৃত** *বিণ* ১ দৃষ্টান্তস্বরূপ ব্যবহৃত। ২ উল্লিখিত।
উদিত *বিণ* ১ উত্থিত; উদ্‌গম। ২ প্রকাশিত; আবির্ভূত। ৩ কথিত; উক্ত। ☐ *বি* উৎপন্ন। [স. উৎ+√ই+ত]
উদীচী *বি* উত্তর দিক। [স. উদ্‌চ+ঈ/উদক্+ঈপ্]। **উদীচী উষা** *বি* সুমেরু প্রভা; Aurora Borealis। **উদীচী জ্যোতি** *বি* উত্তরদিকের জ্যোতি বা আলো; সূর্য। **উদীচ্য** *বিণ* উত্তরদিকস্থ।
উদীয়মান *বিণ* ১ উদয় হচ্ছে এমন; উঠছে এমন। ২ প্রতিষ্ঠা লাভ করছে এমন। [উদ্+√ঈ+শান বা উদ+√ঈ+মান]। **উদীয়মানা** *স্ত্রী*।
উদূখল *বি* উখলি; শস্যাদি রেখে মুষলের সাহায্যে পরিষ্কার বা চূর্ণ করবার বিশেষ পাত্র। [স. উদ্+√উখ্+ল (নিপাতনে)]
উদো, উধো *বিণ* ১ নির্বোধ; মূর্খ; বোকা। ২ অধঃপতিত; কলঙ্কিত। [আঞ্চলিক]। **উদোমারা** *বিণ* ১ হাবাগোবা; বোকা; নির্বোধ। ২ অলস; অকর্মণ্য। **উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে**—একের দুষ্কর্মের ফল অন্য একজন নিরীহ নির্দোষ ব্যক্তির ঘাড়ে চাপানো।
উদ্‌গত *বিণ* ১ উদ্ভূত; উৎপন্ন। ২ বহির্গত। ৩ উত্থিত; উপচীয়মান। **উদ্‌গতি** *বি* ১ উদ্‌গম; উৎপত্তি। ২ উদয়। ৩ উর্ধ্বগতি; উদ্‌গমন। **উদ্‌গম** *বি* ১ উত্থান; উৎপত্তি। ২ উদ্ভব; উদয়। [উদ্+√গম্+ত/ উদ্+√গম্+অ=উদ্‌গম]
উদ্‌গাতা *বি* সামবেদ গায়ক। ☐ *বিণ* ১ উচ্চরবে গীতকারী। ২ পথ প্রদর্শনকারী; প্রচারক। [উদ্+√গৈ+তৃ]। **উদ্‌গাত্রী** *স্ত্রী*।
উদ্‌গার *বি* ১ ঢেকুর; মুখ দিয়ে উদরস্থ বায়ু নির্গম। ২ বমন। ৩ উচ্চারণ। ৪ নিঃসরণ। **উদ্‌গিরণ** *বি* ১ ঢেকুর তোলন। ২ বমিকরণ। ৩ উচ্চারণ। [স. উদ্+√গৄ+অ]। **উদ্‌গীরিত** *বিণ* নিঃসৃত; নির্গত।
উদ্‌গীত *বিণ* উচ্চকণ্ঠে বা উদাত্তস্বরে গীত। **উদ্‌গীতি** *বি* উচ্চকণ্ঠের বা উচ্চস্বরের গান। [স. উদ্+গীত]
উদ্‌গীর্ণ *বিণ* ১ বমি করে ফেলা হয়েছে এমন; উদ্‌গিরণ করা হয়েছে এমন। ২ নিঃসৃত। [স. উৎ+√গৄ+অ]। **উদ্‌গ্রীব** *বিণ* অত্যন্ত আগ্রহান্বিত; ব্যগ্র; উৎকণ্ঠিত।
উদ্‌ঘাটন *বি* ১ উন্মোচন; অনাবৃতকরণ। ২ উন্মুক্তকরণ। ৩ প্রকাশকরণ। [স. উৎ+√ঘট্+ণিচ্+অন]। **উদ্‌ঘাটক** *বি, বিণ* ১ উন্মোচনকারী; উদ্‌ঘাটনকারী; উন্মোচক। ২ প্রকাশক। **উদ্‌ঘাটিত** *বিণ* ১ উন্মোচিত। ২ প্রকাশিত।
উদ্দাম *বিণ* ১ অত্যন্ত প্রবল; দুর্দমনীয়। ২ অসংযত; উচ্ছৃঙ্খল; বন্ধনহীন। ৩ স্বেচ্ছাচারী। [স. উৎ+দাম (রজ্জু)]। **উদ্দামতা** *বি*।
উদ্দিষ্ট *বিণ* ১ অন্বিষ্ট। ২ লক্ষীকৃত; অভীষ্ট। [স. উৎ+√দিশ্+ত]
উদ্দীপক *বিণ* ১ প্রেরণাদায়ক; উত্তেজক। ২ প্রজ্বলক; দীপ্তিকারক। ৩ বিবর্ধক; প্রকাশক। [স. উৎ+√দীপ্+অক]
উদ্দীপন *বি* ১ উত্তেজক; বিবর্ধন। ২ প্রজ্বলন। ৩ প্রকাশন। [স. উৎ+দীপন]। **উদ্দীপনা** *বি* ১ উত্তেজনা; উৎসাহ;

প্রেরণা। ২ আগ্রহাতিশয্য। **উদ্দীপনীয়** *বিণ* উদ্দীপনের যোগ্য। **উদ্দীপিত** *বিণ* ১ উত্তেজিত। ২ প্রজ্বলিত। ৩ উদ্ভাসিত।

উদ্দীপ্ত *বিণ* ১ জ্বলে উঠেছে এমন; জ্বলন্ত; প্রজ্বলিত। ২ উত্তেজিত; উত্তেজনাপূর্ণ। ৩ আলোকিত; প্রদীপ্ত। [স.]। **উদ্দীপ্তি** *বি* উৎসাহ; উত্তেজনা; প্রেরণা।

উদ্দেশ *বি* ১ অন্বেষণ; সন্ধান; খোঁজ। ২ লক্ষ্য। ৩ উদ্দেশ্য; মতলব; অভিসন্ধি। ৪ খবর; বার্তা; সংবাদ। ৫ ঠিকানা। ৬ স্মরণ। [স. উৎ+√দিশ্+অ]। **উদ্দেশক** *বিণ* উদ্দেশকারী।

উদ্দেশ্য *বি* ১ অভিপ্রায়; অভিসন্ধি; মতলব। ২ লক্ষ্য; উদ্দেশ্যের বিষয়। ৩ তাৎপর্য; মানে। ৪ (ব্যা.) বাক্যে যার সম্বন্ধে কিছু বলা হয়। ▯ *বিণ* ১ অভিপ্রেত। ২ উদ্দেশ করা হয়েছে বা হয় এমন। [স. উৎ+√দিশ্+য]

উদ্ধত *বিণ* ১ দুর্বিনীত; ধৃষ্ট; স্পর্ধিত। ২ দুরন্ত; দুর্দান্ত; উগ্র। ৩ গর্বিত; গোঁয়ার। [স. উৎ+√হন্+ত]। **ঔদ্ধত্য** *বি* ১ স্পর্ধা; উচ্ছৃঙ্খলতা; ধৃষ্টতা। ২ গর্ব; অহঙ্কার। ৩ আত্মশ্লাঘার ভাব।

উদ্ধরণ *বি* ১ উদ্ধারকরণ। ২ উদ্ধার; মুক্তি। ৩ উত্তোলন। ৪ কোনো রচনা বা উক্তির অংশের উল্লেখ। [স. উৎ+√ধৃ+অন]

উদ্ধার *বি* ১ মুক্তি; পরিত্রাণ; নিষ্কৃতি; অব্যাহতি। ২ উত্তোলন; উন্নয়ন; প্রতিষ্ঠা। ৩ অপহৃত নষ্ট বিস্মৃত বা লুপ্ত বিষয়ের পুনরধিকার। ৪ দূরীকরণ; অপসারণ। ৫ কোনো রচনা বা অংশের উল্লেখ। [স. উৎ+√ধৃ+অ/অথবা উৎ+√হৃ+অ]। **উদ্ধারক** *বি* উদ্ধারকারী।

উদ্ধৃত *বিণ* ১ কোনো রচনা বা উক্তি হতে আহৃত। ২ উত্তোলিত; উত্থাপিত। ৩ অধিকৃত; পুনরধিকৃত। ৪ মোচিত। [স. উৎ+√ধৃ+ত]

উদ্ধৃতি *বি* ১ কোনো রচনা বা উক্তি হতে আহৃত অংশ। ২ উত্তোলন; উদ্ধার। ৩ মোচন। ৪ অধিকারায়ণ। **উদ্ধৃতিচিহ্ন, উদ্ধরণচিহ্ন, উদ্ধারচিহ্ন** *বি* " " এরূপ চিহ্ন; inverted commas বা quotation mark।

উদ্বন্ধন *বি* ১ ফাঁসি। ২ আত্মহত্যা বা বধের উদ্দেশ্যে গলায় দড়ি দিয়ে ঊর্ধ্বে বন্ধন। **উদ্বন্ধন রজ্জু** *বি* ফাঁসির দড়ি। [স.]

উদ্বর্তন *বি* ১ জীবন সংগ্রামে টিকে থাকা; survival। ২ গাত্র-মার্জনার জন্য ব্যবহৃত দ্রব্যাদি। ৩ গন্ধ দ্রব্যাদির দ্বারা গাত্রমার্জন। [স. উৎ+√বৃত্+অন]

উদ্বাস্তু *বিণ* ১ বাসভূমি থেকে বিচ্যুত বা বিতাড়িত; বাস্তুত্যাগী। ▯ *বি* ১ বাসভূমির সম্মুখস্থ ভূমি। ২ পোড়ো ভিটা। **উদ্বাসন** *বি*। [স.]

উদ্বাহ *বি* বিয়ে; পরিণয়। [স. উৎ+√বহ্+অ]। **উদ্বাহক্রিয়া** *বি* বিয়ের কাজ; পরিণয় কাজ। **ঔদ্বাহিক** *বিণ*।

উদ্বিগ্ন *বিণ* দুশ্চিন্তাগ্রস্ত; উৎকণ্ঠিত; ব্যাকুল। [স. উৎ+√বিজ্+ত]। **উদ্বিগ্নতা** *বি* ব্যাকুলতা; উদ্বেগ; ভাবনা।

উদ্বিড়াল *বি* ভোঁদড়; উদ; জলমার্জার; যে বিড়াল জলে ডুব দিয়ে মাছ ধরে খায়। [স.]

উদ্বুদ্ধ *বিণ* ১ প্রবুদ্ধ; অনুপ্রাণিত। ২ জাগরিত; চেতনাপ্রাপ্ত। ৩ উদিত; স্মৃতিপথে আগত। [স. উৎ+√বুধ্+ত]

উদ্বৃত্ত *বিণ* ১ বাকি। ২ বাড়তি; অতিরিক্ত। [উৎ+√বৃত্+ত]

উদ্বেগ *বি* ১ সন্দেহজনিত ব্যাকুলতা; উৎকণ্ঠা; দুশ্চিন্তা। ২ ভয়মিশ্রিত ভাবনা। ৩ অস্থিরতা; চাঞ্চল্য। [স. উৎ+√বিজ্(ভয়)+অ]

উদ্বেজক *বিণ* ১ উদ্বেগজনক। ২ ক্লেশকর; কষ্টকর। ৩ বিরক্তিকর। [উৎ+√বিজ্+অক]। **উদ্বেজন** *বি*। **উদ্বেজিত** *বিণ*।

উদ্বেল *বিণ* ১ উচ্ছলিত; উথলিত; বেলা বা তীরভূমি অতিক্রম করেছে এমন। ২ কূলাতিক্রান্ত। ৩ সীমাতিক্রান্ত। [স. উৎ+বেল (তীর, সীমা)]। **উদ্বেলিত** *বিণ* উচ্ছলিত; আকুলিত; উদ্বেল হয়েছে এমন।

উদ্বোধন *বি* ১ সূত্রপাত; আরম্ভ। ২ বোধোৎপাদন; জাগরণ। [স. উৎ+√বুধ্+ণিচ্+অন]। **উদ্বোধক** *বিণ* উদ্বোধনকারী। ▯ *বিণ, বি* ১ উদ্দীপক। ২ স্মারক। **উদ্বোধনী/ উদ্বোধন বক্তৃতা** *বি* যা দ্বারা উদ্বোধন করা হয়েছে এমন। **উদ্বোধিত** *বিণ* উদ্বোধন হয়েছে এমন। **উদ্ব্যক্ত** *বিণ* জোর বা ঝোঁক দিয়ে প্রকাশিত; বিশেষভাবে কথিত বা উক্ত; emphatic। **উদ্ব্যক্তি** *বি* প্রকাশ্যে জোর বা ঝোঁক; emphasis।

উদ্ব্যস্ত *বিণ* ১ অত্যন্ত ব্যস্ত; ব্যতিব্যস্ত। ২ সন্ত্রস্ত।

উদ্ভট *বিণ* ১ অদ্ভুত; আজগুবি। ২ উৎকট। ৩ গ্রন্থবহির্ভূত। ৪ অজ্ঞাতনামা লেখকের রচনা। [স.]

উদ্ভব *বি* উৎপত্তি; জন্ম। ▯ *বিণ* উৎপন্ন; জাত। [স. উৎ+√ভূ+অন]

উদ্ভাবন *বি* ১ আবিষ্করণ; অজ্ঞাত বিষয় প্রকাশকরণ। ২ উৎপাদন। ৩ পরিকল্পন। ৪ কল্পনা; চিন্তন। [স. উৎ+√ভূ+ণিচ্+অন]। **উদ্ভাবক** *বিণ* ১ উদ্ভাবনকারী। ২ আবিষ্কারক। ৩ পরিকল্পনাকারী। **উদ্ভাবনীয়, উদ্ভাব্য** *বিণ* উদ্ভাবনের যোগ্য। **উদ্ভাবিত** *বিণ* উদ্ভাবন করা হয়েছে এমন।

উদ্ভাস *বি* ১ বিকাশ; প্রকাশ। ২ শোভা। ৩ দীপ্তি; জ্যোতি। [স. উৎ+√ভাস্+অ]। **উদ্ভাসক** *বিণ* ১ উজ্জ্বলকারক। ২ প্রকাশক। ▯ *বি* উদ্দীপন। **উদ্ভাসিত** *বিণ* উদ্ভাসন করা হয়েছে এমন।

উদ্ভিজ্জ *বি* তরু-লতা-গুল্ম ইত্যাদি; যা মাটি ফুঁড়ে জন্মে। ▯ *বিণ* উদ্ভিদজাত।

উদ্ভিদ *বি* তৃণলতা-গুল্মাদি; যা মাটি ফুঁড়ে জন্মে; তৃণ-লতাদির অঙ্কুর। [স. উৎ+√ভিদ্+ক্বিপ্/অ]। **উদ্ভিদবিদ্যা** *বি* উদ্ভিদ বিজ্ঞান; Botany।

উদ্ভিন্ন *বিণ* ১ অঙ্কুরিত। ২ প্রকাশিত; প্রস্ফুট। ৩ ভেদ করে উঠেছে এমন। [স. উৎ+√ভিদ্+ত]

উদ্ভূত *বিণ* ১ উৎপন্ন; জাত। ২ প্রকাশিত। ৩ উদিত। [স. উৎ+√ভূ+ত]

উদ্‌ভ্রান্ত *বিণ* ১ ব্যাকুল; বিহ্বল। ২ দিশেহারা; হতজ্ঞান। ৩ পাগল। ৪ উদ্দেশ্যহীন বা উচ্ছৃঙ্খলভাবে বিচরণকারী। **উদ্‌ভ্রম** *বি*। [স. উৎ+√ভ্রম্+ত]

উদ্যত *বিণ* ১ উন্মুখ; উপক্রমকারী। ২ প্রবৃত্ত; নিরত। ৩ উদ্যোগী; উদ্যমশীল। ৪ উত্তোলিত। [স. উৎ+√যম্+ত]। **উদ্যতদণ্ড** *বিণ* শাসনোদ্যত; শাসনের নিমিত্ত দণ্ডোত্তোলন করে এমন। **উদ্যতবাহু** *বিণ* ১ উত্তোলিত বাহুবিশিষ্ট। ২ আকুল; ব্যাকুল। **উদ্যতমুষল** *বিণ* মারমুখী; উদ্দণ্ড। **উদ্যতি** *বি* উদ্যোগ; উদ্যম।

উদ্যম *বি* ১ উৎসাহ; অধ্যবসায়। ২ চেষ্টা; প্রয়াস; যত্ন। ৩ উদ্যোগ; উপক্রম। [স. উৎ+√যম্+অ]। **উদ্যমভঙ্গ** *বি* ১ নিরুৎসাহ। ২ উদ্যমহীনতা। **উদ্যমশীল, উদ্যমী** *বিণ*

কর্মে যত্নশীল; কর্মে উৎসাহী; উদ্যোগী।
উদ্যান *বি* বাগান; বাগিচা; উপবন। [স. উদ্+√যা+অন]
উদ্‌যাপন *বি* ১ পালন; সমাপন; নির্বাহ। ২ আরব্ধ ব্রত সম্পাদন। [স. উৎ+যাপন]। **উদ্‌যাপিত** *বিণ* উদ্‌যাপন করা হয়েছে এমন।
উদ্যোগ *বি* ১ আয়োজন; যোগাড়। ২ উপক্রম। ৩ উদ্যম; চেষ্টা। ৪ উৎসাহ। [স. উৎ+√যুজ্+অ]। **উদ্যোক্তা, উদ্যোগী, উদ্যোগশীল** *বিণ* ১ আয়োজনকারী। ২ উদ্যমী ও যত্নশীল; সচেষ্ট। ৩ উৎসাহী।
উদ্রেক *বি* ১ সঞ্চার; উদয়। ২ উত্তেজন; বৃদ্ধি। [স. উৎ+√রিচ্+অ]। **উদ্রিক্ত** *বিণ*।
উধাও *বি* উর্ধ্বে ধারণ। [স. উদ্ধারণ>উদধাও> উধাও >উধাও]। ☐ *বিণ* ১ অদৃশ্য; নিরুদ্দেশ। ২ দৃষ্টির বহির্ভূত।
উধার *বি* ধার; কর্জ; ঋণ। [স. উদ্ধার>উধার>ধার]
উনপাঁজুরে, উনপাঁজুরি *বিণ* ১ কমবখত। ২ দুর্বল; অক্ষম। ৩ হতভাগ্য। [বা. উন+পঞ্জরিয়া> উনপাঁজইর‍্যা> উনপাঁজুরে]
উনান, উনুন *বি* ১ চুল্লি; চুলা; আখা। ২ তাপে গলা; তরল হওয়া। [স. উষ্ণাপন>উনহাবণ>উনাওন>উনান; স. উদ্‌ধ্মান> প্রা. উদ্ধান>উন্নান>উনান]
উনিশ *বি* ১৯ সংখ্যা; ঊনবিংশ। ☐ *বিণ* ১৯ সংখ্যক। **উনিশ-বিশ** *বি* সামান্য পার্থক্য; তুচ্ছ প্রভেদ। **উনিশে** *বি, বিণ* মাসের উনিশ তারিখ।
উন্নত *বিণ* ১ মহৎ; উদার। ২ উঁচু; উচ্চ; তুঙ্গ। ৩ শ্রীবৃদ্ধিসম্পন্ন; সমৃদ্ধ। ৪ মার্জিত; সভ্য। ৫ গৌরবান্বিত; উচ্চ অবস্থাবিশিষ্ট। ৬ ভাগ্যবান। [স. উৎ+নত]
উন্নতি *বি* ১ অগ্রগতি। । ২ শ্রীবৃদ্ধি। ৩ উচ্চ বা সমৃদ্ধ অবস্থা; সৌভাগ্য। ৪ উচ্চতা। ৫ অভ্যুদয়। [স.]
উন্নয়ন *বি* ১ উন্নতিসাধন। ২ উত্তোলন। ৩ উন্নতি। **উন্নয়ন প্রকল্প** *বি* উন্নতিবিষয়ক পরিকল্পনা।
উন্নাসিক *বিণ* ১ অবজ্ঞায় নাক উঁচু করে বা বাঁকায় এমন। ২ সবকিছুকেই তুচ্ছ করে এমন; snob। [স. উৎ+নাসা]। **উন্নাসিকতা** *বি*।
উন্নীত *বিণ* ১ উন্নতিপ্রাপ্ত। ২ উর্ধ্বে নীত বা স্থাপিত; উত্তোলিত। [স. উৎ+নীত]
উন্মত্ত *বিণ* ১ উন্মাদ; পাগল; বাতুল। ২ উত্তেজিত; ক্ষিপ্ত। ৩ হিতাহিত জ্ঞানশূন্য। ৪ মাতাল; অতিশয় আসক্ত। ৫ আত্মহারা; তন্ময়। [স. উৎ+মত্ত]
উন্মনা, উন্মনাঃ *বিণ* ১ উৎকণ্ঠিত; ব্যাকুল। ২ অন্যমনস্ক; আনমনা। ৩ উদাস। ৪ উৎসুক; আগ্রহশীল। [স. উৎ+মনস্+আ]
উন্মাদ *বিণ* ১ পাগল; উন্মত্ত; ক্ষিপ্ত। ২ হিতাহিত জ্ঞানহারা। ৩ প্রচণ্ড। ☐ *বি* পাগলামি; উন্মত্ততা; বায়ু রোগ। **উন্মাদাগার** *বি* পাগলাগারদ; পাগলদের চিকিৎসালয়।
উন্মাদন *বি* উন্মত্ততা জন্মানো; পাগলকরণ। ☐ *বিণ* উন্মত্ত করা যায় এমন; উন্মত্ততা সম্পাদক। [স. উৎ+√মদ্+ণিচ্+অন]। **উন্মাদক** *বিণ* ১ উন্মত্ততা জন্মায় এমন; পাগল করে এমন। ২ মত্ততা সৃষ্টিকারী; মাতাল করে এমন। **উন্মাদনা** *বি* ১ উত্তেজনা। ২ প্রেরণা; প্রবল উৎসাহ। ৩ চিত্তবিক্ষোভ।
উন্মার্গ *বি* ১ কুপথ; অবিহিত পন্থা। ২ ভ্রষ্টাচার, কদাচার। ☐ *বিণ* ১ কুপথ বা বিপথগামী। ২ কদাচারী; ভ্রষ্টাচারী। ৩ অন্যপথে বা বিপথে চালিত। [স. উৎ+মার্গ]। **উন্মার্গগামী** *বিণ* ১ কুপথগামী; বিপথগামী। ২ অসদাচারী।
উন্মীলন *বি* ১ চোখ মেলে চাওয়া; চোখ খোলা। ২ বিকাশ। ৩ উদ্‌ঘাটন; উন্মোচন। [স. উৎ+√মীল্+অন]। **উন্মীলিত** *বিণ* ১ উন্মীলন হয়েছে এমন। ২ প্রকাশিত। ৩ বিকশিত। ৪ উন্মোচিত; উদ্‌ঘাটিত।
উন্মুক্ত *বিণ* ১ খোলা; বন্ধনরহিত; অবরোধমুক্ত। ২ মুক্তিপ্রাপ্ত; নিষ্কৃতিপ্রাপ্ত; খালাসপ্রাপ্ত। ৩ অনাবৃত; খোলা। ৪ অকপট; উদার। [স. উৎ+মুক্ত]। **উন্মুক্ততা** *বি*।
উন্মুখ *বিণ* ১ ব্যগ্র; উৎসুক। ২ উদ্যত। ৩ প্রবৃত্ত তৎপর। [স. উৎ+মুখ]। **উন্মুখতা** *বি*।
উন্মূল *বিণ* ১ নির্মূল। ২ উচ্ছেদ। [স. উৎ+মূল]। **উন্মূলন** *বি*। **উন্মূলিত** *বিণ*।
উন্মেষ, উন্মেষণ *বি* ১ উন্মীলন; চোখ মেলে চাওয়া। ২ উদ্রেক; সঞ্চার। ৩ ঈষৎ প্রকাশ। ৪ উদ্ভব। [স. উৎ+√মিষ্+অ/অন]। **উন্মেষিত, উন্মিষিত** *বিণ* ১ উন্মেষপ্রাপ্ত। ২ বিকশিত; উন্মীলিত। **উন্মেষিত যৌবনা** *বিণ* সদ্য বিকশিত যৌবনসম্পন্না।
উন্মোচন *বি* ১ বন্ধনমোচন; আবরণ মুক্তকরণ। ২ মুক্তিদান; নিষ্কৃতিদান। **উন্মোচিত** *বিণ* উন্মোচন করা হয়েছে এমন।
উপ *অব্য* সাদৃশ্য নৈকট্য উৎকর্ষ স্বল্পতা উদ্‌যোগ ইত্যাদি সূচক তৎসম উপসর্গ (উপনির্বাচন)।
উপকণ্ঠ *বি* ১ গ্রাম-নগরাদির প্রান্ত; উপান্ত। ২ নিকট; সমীপ।
উপকথা *বি* ১ উপাখ্যান; কল্পিত গল্প; কাহিনী। ২ মিথ্যা কথা।
উপকরণ *বি* ১ উপাদান। ২ কার্য সাধনের জন্য প্রয়োজনীয় বস্তু। ৩ *বি* নৈবেদ্যাদি; উপচার। [স. উপ+√কৃ+অন]
উপকার *বি* ১ হিতসাধন; আনুকূল্য; সাহায্য। ২ হিত; কল্যাণ। ৩ অনুগ্রহ। **উপকারক, উপকারী, উপকৃত** *বিণ*।
উপকূল *বি* কূলের নিকটবর্তী স্থান; বেলাভূমি।
উপক্রম *বি* ১ উদ্যোগ; আয়োজন; জোগাড়। ২ চেষ্টা। ৩ আরম্ভ; সূত্রপাত; সূচনা। [স. উপ+√ক্রম্+অ]। **উপক্রমণিকা** *বি* ১ ভূমিকা; মুখবন্ধ; প্রস্তাবনা। ২ আরম্ভ; সূত্রপাত। **উপক্রমণীয়** *বিণ* আরম্ভ করার যোগ্য। **উপক্রমমান** *বিণ* আরম্ভ করছে এমন। **উপক্রান্ত** *বিণ* আরম্ভ হয়েছে এমন; সূত্রপাত হয়েছে এমন; আরব্ধ।
উপগত *বিণ* ১ উপস্থিত; সন্নিহিত; সমাগত। ২ লব্ধ; প্রাপ্ত। ৩ জাত। ৪ সংঘটিত। ৫ কৃতমৈথুন; স্ত্রীরত। ৬ অনুরক্ত; আসক্ত। [স. উপ+√গম্+ত]
উপগ্রহ *বি* ১ বৃহৎ গ্রহের চতুপার্শ্বে পরিক্রমণরত ক্ষুদ্র গ্রহ; অনুষঙ্গী গ্রহ। ২ আপদ। [স. উপ+গ্রহ]
উপচানো *ক্রি* ১ ছাপিয়ে পড়া; পাত্র থেকে বের হয়ে পড়া। ২ অতিরিক্ত হওয়া। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [বা. √উপ্‌চা+আনো]
উপচার *বি* ১ পূজার সামগ্রী। ২ উপকরণ। ৩ চিকিৎসা (অস্ত্রোপচার)। ৪ ধর্মানুষ্ঠান। ৫ ভোগ; ব্যবহার। [স. উপ+√চর্+অ]। **উপচরিত** *বিণ* ১ উপচারপ্রাপ্ত। ২ সেবিত। ৩ পূজিত।
উপচিকীর্ষা *বি* পরহিত সাধনের ইচ্ছা; পরহিতৈষণা।

[স. উপ+√কৃ+সন+অ+আ]। **উপচিকীর্ষু** *বিণ* পরের উপকার করতে ইচ্ছুক।
উপচিত *বিণ*১ সংগৃহীত; সঞ্চিত। ২ বর্ধিত; পরিপুষ্ট। ৩ মহার্ঘ; মূল্যবান। ৪ সমৃদ্ধ। [স. উপ+√চি+ত]। **উপচিতি** *বি*১ সংগ্রহকরণ; সঞ্চয়। ২ বিবর্ধন; পরিপুষ্টি। ৩ মূল্যবৃদ্ধি; মহার্ঘতা। ৪ সমৃদ্ধি। ৫ (প্রাণি.) দেহস্থ কোষের পোষণ; anabolism।
উপচ্ছায়া *বি* ১ অপচ্ছায়া; অমঙ্গলজনক ছায়া; অশুভ ছায়া। ২ *বি* ছায়াময় কায়া; দেহ। ৩ (প.) প্রচ্ছায়া বা নিবিড় ছায়ার প্রান্তস্থ লঘু ছায়া; penumbra। [স. উপ+ছায়া]
উপজয়(পদ্য) *ক্রি* উপস্থিত হয়; জন্মায়। [স. উৎপদ্যতে> উপজ্জএ>উপজএ]। **উপজিল** (পদ্য) *ক্রি* জন্মিল; উৎপন্ন হলো।
উপজাত *বি* প্রধান বস্তুর উৎপাদনকালে জাত অপর কোনো বস্তু; byproduct। [স. উপ+√জন্+ত]
উপজাতি *বি* ১ প্রধান জাতির অন্তর্ভুক্ত ক্ষুদ্র জাতি। ২ পাহাড়ি আদিবাসী সম্প্রদায়। ৩ সংস্কৃত কবিতার ছন্দবিশেষ। [স. উপ+জাতি]
উপজীবিকা *বি* জীবনযাত্রা নির্বাহের উপায় বৃত্তি; পেশা; জীবিকা। **উপজীবী**(-বিন্) *বিণ*১ পেশা বা বৃত্তি অবলম্বন করেছে এমন। ২ পরাশ্রিত। **উপজীব্য** *বিণ* জীবিকার বা প্রয়োজনের জন্য গ্রহণযোগ্য। ▢ *বি*১ আশ্রয়। ২ অবলম্বন।
উপজ্ঞা *বি* সহজাত জ্ঞান; জন্মগত বোধ; instinct-এর পরিভাষা। [স.]
উপড়ানো, ওপড়ানো *ক্রি*১ উৎপাটিত করা; উন্মূলিত করা। ২ উৎপাটন; উন্মূলিতকরণ। ▢ *বিণ* উৎপাটন করা হয়েছে এমন; উন্মূলিত। [বা. √উপড়া+আনো; স. উৎপাটন>]
উপঢৌকন *বি*১ উপহার; ভেট; সওগাত; ডালি। ২ ঘুষ। [স. উপ+√ঢৌকি+অন]
উপত্যকা *বি*১ দুই পর্বতের মধ্যবর্তী সমতল বা নিম্নভূমি। ২ পর্বতপার্শ্বস্থ ভূমি। [স. উপ+ত্যকন (হওয়ার অর্থে)+আ]
উপদংশ *বি*১ সংক্রামক যৌনরোগবিশেষ; গরমি বা ফেরঙ্গ রোগ; syphilis। ২ সুরাপানকালীন আনুষঙ্গিক ভক্ষ্য; চাট। [স. উপ+√দন্শ্+অ]
উপদিষ্ট *বিণ* ১ উপদেশ দেওয়া হয়েছে এমন। ২ আদেশপ্রাপ্ত; আদিষ্ট। ৩ উপদেশ লাভ করেছে এমন; উপদেশপ্রাপ্ত। [স. উপ+√দিশ্+ত]
উপদেবতা *বি*১ হীন শ্রেণীর দেবযোনি; ভূতপ্রেত ইত্যাদি। ২ অকুলীন দেবতা; অপ্রধান দেবতা। [স. উপ+দেবতা/দেব]। **উপদেবী** *স্ত্রী.*।
উপদেশ *বি*১ করণীয় সম্পর্কে নির্দেশ। ২ মন্ত্রণা; পরামর্শ। ৩ শিক্ষা। ৪ অনুশাসন। [স. উপ+√দিশ্+অ]। **উপদেশক** *বি, বিণ* ১ যিনি উপদেশ দান করেন; উপদেষ্টা; উপদেশদাতা। ২ শিক্ষক; অধ্যাপক। **উপদেশমূলক, উপদেশাত্মক** *বিণ* উপদেশপূর্ণ; উপদেশ রয়েছে এমন। **উপদিষ্ট** *বিণ* উপদেশ দেওয়া হয়েছে এমন। **উপদেষ্টা** *বি, বিণ* উপদেশ দান করেন যিনি; পরামর্শ বা মন্ত্রণাদাতা। ▢ *বি*১ গুরু; শিক্ষক। ২ মন্ত্রী।
উপদ্রব *বি*১ উৎপাত; দৌরাত্ম্য; অত্যাচার। ২ অমঙ্গল-জনক ঘটনা; বিপদ। [স. উপ+√দ্রু+অ]। **উপদ্রুত** *বিণ* ১ অত্যাচারিত। ২ বিপর্যস্ত। ৩ বিধ্বস্ত।
উপদ্বীপ *বি* প্রায় চতুর্দিকে জল দ্বারা বেষ্টিত ভূভাগ; সমুদ্রবেষ্টিত প্রধান ভূভাগের অংশবিশেষ; peninsula।
উপধা *বি*১ (ব্য.) অন্ত্যবর্ণের পূর্ববর্ণকে 'উপধা' বলে। ২ ছল। ৩ উপায়। ৪ অমাত্যদের সাধুতার পরীক্ষা। [স. উপ+√ধা+অ(অচ)+আ]
উপধাতু *বি* ১ স্বর্ণ ইত্যাদি প্রধান ধাতুর ন্যায় ধাতু বা ধাতুঘটিত বিবিধ দ্রব্য যেমন—মাক্ষিক, তুত্থক, অভ্র ইত্যাদি। ২ দেহ থেকে উদ্ভূত পদার্থ—স্তন্য রজঃ স্বেদ ইত্যাদি। [স. উপ+ধাতু]
উপধান *বি* ১ উপাদান; বালিশ। ২ ধারণ। ৩ প্রণয়। ৪ ব্রতবিশেষ। [স. উপ+√ধা+অন]। **উপধানীয়** *বি* বালিশ; উপাধান।
উপনগর *বি*১ ক্ষুদ্র নগর। ২ নগরের উপকণ্ঠস্থ ক্ষুদ্র নগর; শহরতলি।
উপনদ, উপনদী *বি* যে নদী স্বতন্ত্রভাবে উৎপন্ন হয়ে বৃহত্তর নদীতে পতিত হয়। [স.]
উপনয়ন *বি* আনুষ্ঠানিকভাবে ব্রাহ্মণ-বালকের যজ্ঞোপবীত ধারণ; পৈতা দেওন (নবম বৎসরে মুচিরামের উপনয়ন হইল—বঙ্কিম)। [স. উপ+√নী+অন]
উপনাম *বি*১ প্রকৃত নামের পরিবর্তে ব্যবহৃত অন্য নাম; surname। ২ উপাধি; আখ্যা।
উপনায়ক *বি*১ নাটকে বা উপন্যাসে মূল চরিত্র বিকাশে সাহায্যকারী চরিত্র; অপ্রধান নায়ক। ২ সহকারী; সহচর।
উপনিবেশ *বি* জীবিকানির্বাহের জন্য বা স্থায়ীভাবে বাস করার জন্য দলবদ্ধভাবে বিদেশে যে বসতি স্থাপন করা হয়; colony। [স. উপ+নি+√বিশ্+অ]। **ঔপনিবেশিক, উপনিবিষ্ট, উপনিবেশিত** *বিণ* ১ উপনিবেশে রয়েছে এমন। ২ উপনিবেশ স্থাপন করা হয়েছে এমন।
উপনির্বাচন *বি* কোনো নির্বাচিত সদস্যের মৃত্যু বা তাঁর সদস্যপদ বাতিল বা দীর্ঘকাল অনুপস্থিতির কারণে পদটি শূন্য হলে ঐ পদের জন্য পুনরায় যে নির্বাচন।
উপনিষদ, উপনিষৎ *বি*১ হিন্দু ধর্মগ্রন্থ বেদান্ত; বেদতত্ত্বের নির্যাসগ্রন্থ; জ্ঞানকাণ্ড; বেদান্ত। ২ ব্রহ্মবিদ্যা। [স. উপ+নি+√সদ+ক্বিপ্(অ)]। **ঔপনিষদ, ঔপনিষদিক** *বিণ*।
উপনীত *বিণ*১ উপস্থিত; আগত। ২ আনীত। ৩ উপনয়ন দ্বারা সংস্কৃত; পৈতা হয়েছে এমন। [স. উপ+√নী+ত]
উপনেতা *বি, বিণ* ১ কৃত্রিম বা সহকারী নেতা। ২ যিনি উপনয়ন করান। ৩ যিনি আনয়ন করেন। [স. উপ+√নী+তৃ]
উপন্যাস *বি* ১ দীর্ঘ আখ্যায়িকা; বড় গল্প; novel। ২ কাল্পনিক উপাখ্যান। ৩ মুখবন্ধ। ৪ প্রস্তাব। [স. উপ+নি+√অস্+অ]। **উপন্যাসিকা** *বি* ক্ষুদ্র উপন্যাস; novelette।
উপপতি *বি* নাগর; অবৈধ প্রণয়ী; জার। [স. উপ+পতি]। **উপপত্নী** *স্ত্রী.*।
উপপত্তি *বি*১ (ন্যায়.) যুক্তি; প্রমাণ। ২ সিদ্ধান্ত; মীমাংসা। ৩ সম্পাদন। ৪ প্রাপ্তি। ৫ ঘটনা। [স. উপ+√পদ্+তি]
উপপত্নী *বি* অবৈধ প্রণয়িনী; রক্ষিতা; উপস্ত্রী। [স.] **উপপতি** *পু.*।
উপপদ *বি*১ (ব্যা.) সমাসবিশেষ; পূর্বপদের সাথে কৃদন্ত পদের সমাস। ২ পদের নিকটস্থ পদ; পূর্বপদ। ৩ অপ্রধান পদ। [স.]

উপপাদনীয় *বিণ* ১ উপপাদনযোগ্য। ২ প্রতিপাদ্য। ৩ সম্পাদ্য। [স. উপ+√পদ্+ণিচ্]। **উপপাদ্য** *বি* (গ.) যথার্থ বলে প্রমাণ করতে হবে এমন, প্রতিজ্ঞা; theorem। **উপপাদন** *বি*।
উপপুরাণ *বি* অপ্রধান পুরাণ (কালিকা পুরাণ, নৃসিংহ পুরাণ ইত্যাদি]। [স.]
উপপ্লব *বি*১ বিপ্লব; বিদ্রোহ। ২ প্রাকৃতিক দুর্যোগ বা উপদ্রব। ৩ বিপদ। [উপ+√প্লু+অ]। **উপপ্লাবী** *বিণ* ১ বিদ্রোহী। ২ প্রচণ্ড; উন্মত্ত (উপপ্লাবী বাসনার বর্বর জোয়ারে—বুদ্ধদেব)। **উপপ্লুত** *বিণ* ১ প্রাকৃতিক উপদ্রবে পীড়িত। ২ বিপদগ্রস্ত।
উপবন *বি*১ উদ্যান; বাগান। ২ বিলাসকুঞ্জ; উদ্যান-বাটিকা। ৩ বনের সমীপস্থ ক্ষুদ্র বন। ৪ পরিকল্পনানুযায়ী নির্মিত কৃত্রিম বন।
উপবাস *বি* অনশন; উপোস। **উপবাসী, উপবাসক** *বিণ* না খেয়ে আছে এমন; অনাহারী। [স. উপ+√বস্+অ]
উপবিদ্যা *বি* গৌণ বা অপ্রদান বিদ্যা। [স.]
উপবিধি *বি* প্রধান বা মূল আইনের অন্তর্গত অন্য আইন; bylaw। [স.]
উপবীত *বি* পৈতা; যজ্ঞসূত্র। **উপবীতী**(-তিন্) *বিণ* উপবীত ধারণ করেছে এমন; যজ্ঞসূত্রধারী। [স. উপ+√বী+ত]
উপবৃত্তাকার *বি* বৃত্তাকারতুল্য; বৃত্তাকার সদৃশ। [স. বৃত্ত+আকার]
উপবেদ *বি* আয়ুর্বেদ, ধনুর্বেদ, গন্ধর্ববেদ, স্থাপত্যবিদ্যা ইত্যাদি। [স.]
উপবেশন *বি* ১ বসা; আসন গ্রহণ। ২ বসানো। [উপ+√বিশ্+অন]। **উপবিষ্ট** *বিণ* বসে আছে এমন; আসীন। **উপবেশয়িতা** *বি,বিণ* বসায় বা বসিয়ে দেয় এমন। **উপবেশিত** *বিণ* উপবেশন করানো হয়েছে এমন।
উপভাষা *বি* মূল ভাষার বিভিন্ন আঞ্চলিক রূপ; dialect। [স.]
উপভোগ *বি*১ বিশেষ তৃপ্তির সাথে ভোগকরণ; সম্ভোগ। ২ ভক্ষণ। ৩ ব্যবহারকরণ। **উপভুক্ত** *বিণ*১ উপভোগ করা হয়েছে এমন। ২ ভক্ষিত। ৩ ব্যবহৃত। [স.]। **উপভোক্তা** *বি, বিণ* যে ভোগ করেছে; উপভোগকারী। **উপভোগ্য** *বিণ* উপভোগের যোগ্য বা উপভোগ করতে হবে এমন। **উপভোগ্যা** *স্ত্রী*।
উপম, উপাম (ম-বা) *বিণ* সদৃশ; তুল্য (প্রাসাদোপম)। ❑ *বি* উপমা; তুলনা। [স. উপমা>]
উপমন্ত্রী *বি* সহকারী মন্ত্রী। [স.]
উপ-মহাধ্যক্ষ *বি* Vice-Chancellor-এর অন্যতর বাংলা পরিভাষা; উপাচার্য। [স.]
উপমা *বি*১ তুলনা; সাদৃশ্য। ২ (অল.) এক ধর্মবিশিষ্ট দুই ভিন্নজাতীয় বস্তুর সাদৃশ্য বর্ণনা। [স. উপ+√মা+অ]
উপমাংস *বি* আঁচিল। [স.]
উপমান *বি* যার সাথে তুলনা করা হয়।
উপমিত *বিণ* তুলনা করা হয়েছে এমন; তুলিত।
উপমিতি *বি*১ উপমা; তুলনা। ২ সাদৃশ্য সম্পর্কে জ্ঞান। **উপমেয়** *বি* উপমার বিষয়। ❑ *বিণ* উপমিত হয়েছে এমন।
উপযাচক *বিণ*১ নিজে এসে করে এমন; স্বয়ংপ্রার্থী। ২ উপরপড়া। ৩ বিনা আহ্বানে অপরের দায়িত্ব নিয়ে কাজ করে দেয় এমন। [স. উপ+√যাচ্+অক]। **উপযাচিকা** *বি,বিণ* যে রমণী আপনা হতে আসক্তি প্রকাশ করে বা সম্ভোগ প্রার্থনা করে। **উপযাচিত** *বিণ* ১ নিজ থেকে প্রার্থিত। ২ প্রার্থনা করা হয়েছে এমন।
উপযুক্ত *বিণ* ১ যোগ্য; যথোপযোগী। ২ সমকক্ষ; তুল্য; অনুরূপ। ৩ ন্যায্য; উচিত। ৪ সমর্থ; সক্ষম। [স. উপ+√যুজ+ত]। **উপযুক্ততা, উপযুক্তি** *বি*।
উপযোগ *বি*১ উপযোগিতা; আবশ্যকতা; কার্যকারিতা। ২ উপকার; আনুকূল্য। ৩ ব্যবহার প্রয়োগ। ৪ ভোজন; ভোগ। [উপ+√যুজ্+অ]। **উপযোগবাদ** *বি* (দ.) জগতের সমস্তই মঙ্গলকর এই মতবাদ।
উপযোগী *বিণ* ১ উপযুক্ত; যোগ্য; সঙ্গত। ২ প্রয়োজন সাধনে সমর্থ। ৩ কার্যকর। ৪ অনুকূল। [স. উপ+√যুজ্+অ=উপযোগ+ইন্]। **উপযোগিতা** *বি*।
উপর *বি*১ উর্ধ্বভাগ; উর্ধ্বদিক। ২ ঘরের চাল বা ছাদ। ❑ *বিণ*১ উর্ধ্বে স্থিত; উচ্চ। ২ অতিরিক্ত। ❑ *অব্য* প্রতি। [বা.]। **উপর-উপর** *অব্য, ক্রিবিণ* ভাসাভাসা; আলগা আলগা; অগভীরভাবে। ❑ *বিণ* উপর্যুপরি; একের পর আর। **উপরওয়ালা** *বি*১ উর্ধ্বতন কর্মচারী। ২ মালিক; প্রভু। ❑ *বিণ* উপরিতম; উপরস্থ। **উপর-চড়া** *বিণ*১ গায়ে পড়ে ঝগড়া করে এমন। ২ আক্রমণকারী। **উপরচাল** *বি* ১ দাবা সতরঞ্জ বা ঐ জাতীয় খেলার প্রতিপক্ষের চালকে বিফল করে পরাস্ত করবার জন্য প্রদত্ত চাল। ২ চতুর বিপক্ষকে পরাস্ত করবার মতো পাল্টা চাতুরী। **উপরচালাক** *বিণ*১ অতিরিক্ত ধূর্ত; মাত্রাতিরিক্ত চালাক। ২ ফাজিল। **উপরচালাকি** *বি* লোক দেখানো বুদ্ধিমত্তা; অযথা চাতুরী। **উপরপড়া** *বিণ* উপযাচক; স্বয়ংপ্রবৃত্ত।
উপরন্তু *অব্য* এতদ্ব্যতীত; এছাড়া; অধিকন্তু। [স. অপরন্তু>উপরন্তু]
উপরি[১] *বিণ*১ নির্দিষ্টের অতিরিক্ত; বাড়তি (উপরি খরচ)। ২ অপ্রত্যাশিত (উপরি লাভ)। ❑ *বি* ঘুষ; নিয়ম বহির্ভূত আয়। [বা. উপর+ই]
উপরি[২] *অব্য* ১ উপরে; উর্ধ্বে। ২ তারপর; অনন্তর; অতঃপর। **উপরি-উপরি, উপরাউপরি** *অব্য, ক্রিবিণ*১ পরপর; উপর্যুপরি। ২ ভাসা ভাসা; অগভীরভাবে। ❑ *বিণ* একটির উপর আর একটি। **উপরিভাগ** *বি* বস্তুর যে অংশ উপরে থাকে; পৃষ্ঠ। **উপরিস্থ, উপরিস্থিত** *বিণ* উপরে রয়েছে এমন। [বা.]
উপরুদ্ধ *বিণ* ১ অনুরুদ্ধ। ২ আবদ্ধ। ৩ উৎপীড়িত; অত্যাচারিত। [স. উপ+√রুধ্+ত]
উপরোধ *বি*১ বিশেষ অনুরোধ। ২ সুপারিশ। ৩ খাতির। [উপ+√রুধ্+অ]। **উপরোধক** *বিণ* উপরোধকারী। **উপরোধে ঢেঁকি গেলা**—অনুরোধ এড়াতে না পেরে অনিচ্ছাসত্ত্বেও কোনো কাজ করা।
উপর্যুক্ত, উপরোক্ত(অশু.) *বিণ* পূর্বে উক্ত হয়েছে এমন; পূর্বে কথিত। [স. উপরি+উক্ত]
উপর্যুপরি *অব্য*১ একটির উপর অন্য একটি; উপরিউপরি। ২ ক্রমাগত; ক্রমান্বয়ে। [স. উপরি+উপরি]
উপল *বি* ১ শিলা; পাথর। ২ মহার্ঘ প্রস্তর। ৩ রত্ন। [স. উপ+ √লা+অ]। **উপলধোওয়া** *বিণ* পাথরের উপর দিয়ে প্রবাহিত ও স্বচ্ছ।
উপলক্ষ *বি*১ উদ্দেশ্য; প্রয়োজন। ২ অবলম্বন; ব্যপদেশ।

৩ অজুহাত; অছিলা; ছুতা। ৪ উদ্দেশ্য। [উপ+√লক্ষ+অ]
উপলক্ষণা *বি* (অল.) শব্দের অর্থবোধক শক্তিবিশেষ; অর্থালঙ্কারবিশেষ। [স.]
উপলব্ধ *বিণ* ১ অনুভূত; বোধিত। ২ প্রাপ্ত; লব্ধ। ৩ জ্ঞাত। [স. উপ+√লভ্+ত]। **উপলব্ধি** *বি* ১ অনুভূতি; বোধ। ২ প্রাপ্তি লাভ। ৩ জ্ঞান।
উপলেপ, উপলেপন *বি* ১ উপরে লেপন। ২ উপরে প্রলেপ। [স. উপ+√লিপ্+অ, অন]। **উপলিপ্ত** *বিণ*।
উপশম *বি* ১ শান্তি; নিবৃত্তি। ২ রোগের সমতা। ৩ ইন্দ্রিয় দমন। [স. উপ+√শম্+অ]। **উপশমক** *বিণ* উপশমকারী। **উপশমনীয়** *বিণ* উপশমের যোগ্য বা সাধ্য। **উপশমিত, উপশান্ত** *বিণ* উপশম হয়েছে এমন।
উপশিরা *বি* প্রধান শিরার সাথে যুক্ত সূক্ষ্ম শিরা। [স.]
উপশিষ্য *বি* ১ অপ্রধান শিষ্য। ২ শিষ্যের শিষ্য; প্রশিষ্য। [স.]
উপশ্লেষ *বি* ১ বঞ্চনাহেতু মূল শব্দার্থ ত্যাগ করে কূটার্থের অনুসন্ধান। ২ উপহাস; বিদ্রূপ।
উপসংহরণ *বি* ১ উপসংহার। ২ সংকোচন। [স. উপ+সম্+√হৃ+অন]
উপসংহার *বি* ১ শেষ অংশ; সমাপ্তির অব্যবহিত পূর্ববর্তী অংশ। ২ সমাপ্তি; শেষ; পরিশেষ। [স. উপ+সম্+√হৃ+অ]। উপসংহৃত *বিণ*। **উপসংহৃতি** *বি*।
উপসঙ্ঘ *বি* মূল সঙ্ঘের অন্তর্গত ক্ষুদ্র সঙ্ঘ; sub-committee। [স.]
উপসন্ন *বিণ* সমীপে আগত; আসন্ন; নিকটবর্তী।
উপসর্গ *বি* ১ মূল রোগের আনুষঙ্গিক অন্য রোগ। ২ রোগের লক্ষণ; রোগজাত বিকার। ৩ আনুষঙ্গিক অন্য বস্তু বা ব্যক্তি। ৪ বিঘ্ন; উৎপাত। ৫ (ব্যা.) প্র পরা ইত্যাদি অর্থহীন বর্ণ বা বর্ণসমষ্টি—যা ধাতুর পূর্বে যুক্ত হয়ে এর বিভিন্ন অর্থ সূচিত করে। [স. উপ+√সৃজ্+অ]
উপসাগর *বি* তিন দিকে স্থল দ্বারা বেষ্টিত সাগরাংশ; ক্ষুদ্র সাগর। [স.]
উপসেচন *বি* ১ জলসিঞ্চন; জলসেক। ২ সিক্তকরণ। [স.]
উপস্থ *বিণ* সমীপস্থ; নিকটস্থ। ❑ *বি* জননেন্দ্রিয়; লিঙ্গ; যোনি। [উপ+√স্থা+অ]
উপস্থাপক, উপস্থাপয়িতা *বিণ* ১ উপস্থাপনকারী; আনয়নকারী। ২ প্রস্তাবকারী; উত্থাপনকারী। **উপস্থাপিকা, উপস্থাপয়িত্রী** *স্ত্রী*।
উপস্থাপন *বি* ১ উপস্থিতকরণ; আনয়ন। ২ অবতারণা; প্রস্তাবনা; উত্থাপন। ৩ দাখিলকরণ; পেশকরণ। [স.]। **উপস্থাপিত** *বিণ* উপস্থিত করা হয়েছে এমন।
উপস্থিত *বিণ* ১ সমাগত; আগত; হাজির। ২ বর্তমান; বিদ্যমান। ৩ সম্মুখস্থ; নিকটবর্তী; আসন্ন। ❑ *বি* বিদ্যমান বস্তু বা বিষয়। [স. উপ+√স্থা+ত]। **উপস্থিতবক্তা** *বি* যে ব্যক্তি পূর্বে প্রস্তুতি ব্যতিরেকেই বক্তৃতা করতে পারে। **উপস্থিতবক্ত্রী** *স্ত্রী*। **উপস্থিত বক্তৃতা** *বি* পূর্বপ্রস্তুতি ব্যতিরেকে বক্তৃতা। **উপস্থিতবুদ্ধি** *বি* প্রত্যুৎপন্নমতিত্ব। **উপস্থিতি** *বি* ১ সমীপে আগমন; হাজিরি; সমাগম। ২ বর্তমানতা; বিদ্যমানতা।
উপস্বত্ব *বি* ১ সম্পত্তি থেকে লব্ধ আয়। ২ খাজনা। [স. উপ+স্বত্ব]
উপহসিত *বিণ* উপহাস করা হয়েছে এমন। [স. উপ+√হস্+ত]
উপহার *বি* প্রীতিসূচক দান; উপঢৌকন। [স. উপ+√হৃ+অ]। **উপহৃত** *বিণ* ১ উপহারস্বরূপ প্রদত্ত। ২ উৎসর্গীকৃত। ৩ অর্পিত। ৪ আনীত; আহৃত।
উপহাস *বি* ১ বিদ্রূপ; ঠাট্টা। ২ উপেক্ষা; অবজ্ঞা। **উপহাস্য** *বিণ* উপহাসের যোগ্য। [স. উপ+√হস্+অ]
উপহৃত *বিণ* উপহার দেওয়া হয়েছে এমন। [স. উপ+√হৃ+ত]
উপহ্রদ *বি* যে হ্রদের সাথে সমুদ্রের যোগ রয়েছে; lagoon। [স.]
উপাঙ্গ *বি* ১ অঙ্গের অঙ্গ; প্রত্যবয়ব; প্রত্যঙ্গ। ২ বেদের অঙ্গীভূত শাস্ত্রবিশেষ। ৩ পরিশিষ্ট। [স.]
উপাখ্যান *বি* ১ কাল্পনিক কাহিনী। ২ গল্প। ৩ মূল কাহিনীর অন্তর্গত ক্ষুদ্র কাহিনী। ৪ বিবরণ; বৃত্তান্ত। [স. উপ+আখ্যান]
উপাচার্য *বি* Vice-Chancellor–এর পরিভাষা। [স. উপ+আচার্য]
উপাড়া *ক্রি* উৎপাটন করা। [বা. √উপ্‌ড়া<; স. উৎ+√পট্ (ণিজন্তরূপ √পাটি)>]
উপাত্ত *বি* ১ যা অবলম্বনে অনুমান বা সিদ্ধান্ত করা হয়; অনুমান বা সিদ্ধান্তের অবলম্বন; data। ❑ *বিণ* ১ গৃহীত; স্বীকৃত। ২ প্রাপ্ত; লব্ধ। ৩ অর্জিত। [স. উপ+আ+√দা+ত]
উপাদান *বি* উপকরণ; মালমশলা। [স. উপ+আ+√দা+অন]
উপাদেয় *বিণ* ১ উৎকৃষ্ট। ২ সুস্বাদু। ৩ মনোরম। ৪ উপভোগ্য। [স. উপ+আ+√দা+য]
উপাধান *বি* বালিশ; শিরোধান; তাকিয়া। [স. উপ+আধান]
উপাধি *বি* ১ পদবি জাতি বংশ বিদ্যা সম্মান ইত্যাদির পরিচয়সূচক নামান্তে ব্যবহৃত শব্দ। ২ খেতাব। ৩ গুণ। [স. উপ+আ+√ধা+ই]। **উপাধিধারী** *বিণ* উপাধিপ্রাপ্ত; খেতাবপ্রাপ্ত; ডিগ্রিধারী। **উপাধিক** *বিণ* ১ উপাধিধারী। ২ বিশেষ। **উপাধিপত্র** *বি* যে পত্রে উপাধি লিখে দেওয়া হয়; certificate।
উপাধ্যায় *বি* ১ বেদের অধ্যাপক। ২ হিন্দু ব্রাহ্মণের পদবিবিশেষ। [স. উপ+অধি+√ই+অ(অপাদানে)]। **উপাধ্যায়া, উপাধ্যায়ী**[১] *বি স্ত্রী.* মহিলা উপাধ্যায়। **উপাধ্যায়ী**[২], **উপাধ্যায়িনী** *বি স্ত্রী.* উপাধ্যায়ের স্ত্রী।
উপান্ত *বি* ১ উপকণ্ঠ; সমীপ। ২ প্রান্ত। ৩ অন্তের অব্যবহিত পূর্বে বা পরে অবস্থিত। [স. উপ+অন্ত]। **উপান্ত্য** *বিণ* ১ উপান্তে অবস্থিত; উপান্তবর্তী। ২ (ব্যা.) শব্দান্তের পূর্ববর্তী (উপান্ত বর্ণ)।
উপায় *বি* ১ কার্যসিদ্ধির পন্থা বা প্রণালী। ২ রোজগার; উপার্জন; আয়। ৩ প্রতিকার। ৪ কৌশল; সন্ধান। ৫ রাজ্য পরিচালনা নীতি। [স. উপ+√ই+অ]। **উপায়ক্ষম** *বিণ* উপার্জন করতে সমর্থ। **উপায়জ্ঞ** *বিণ* প্রতিকারের ক্ষমতা বা কৌশল জানা আছে এমন। **উপায়ান্তর** *বি* অন্য উপায়; গত্যন্তর। **উপায়ী(-য়িন্)** *বিণ* উপার্জনকারী; রোজগেরে।
উপার্জন *বি* ১ আয়; রোজগার; কামাই। ২ লাভ; প্রাপ্তি। ৩ সংগ্রহ; অর্জন। [স. উপ+অর্জন]। **উপার্জক** *বিণ* উপার্জনকারী; রোজগারি। **উপার্জিত** *বিণ* উপার্জন করা হয়েছে এমন।
উপাসনা, উপাসন *বি* ১ এবাদত; আরাধনা; পূজা। ২

আল্লাহর ধ্যান; জিকির; ঈশ্বরচিন্তা। ৩ উপকারের আশায় অপরের মনস্তুষ্টি সাধন। ৪ সাধ্যসাধনা। [স. উপ+আস্+√অন+আ]। **উপাসক** *বি, বিণ* উপাসনা করে যে; উপাসনাকারী; আবিদ। **উপাসিকা** *স্ত্রী.*। **উপাসিত** *বিণ* উপাসনা করা হয়েছে এমন।

উপাস্থি *বি* দেহের অভ্যন্তরস্থ অস্থিতুল্য পদার্থ; কোমল অস্থি; cartilage-এর পরিভাষা। [স.]

উপাস্য *বিণ* ১ উপাসনা করা যায় এমন; উপাসনার যোগ্য; আরাধ্য; । ২ আরাধিত; পূজিত। [স. উপ+√আস্+য]

উপাহার *বি* জলযোগ; অতি অল্প খাদ্য গ্রহণ; স্বল্পাহার। [স. উপ+আহার]

উপুড়, উবুড় *বিণ* অধোমুখী; নিম্নমুখী; উল্টামুখী; ভূমির দিকে মুখ করে শয়ান আছে এমন; চিতের বিপরীত। **উপুড় হস্ত করা, উপুড় হাত করা** *ক্রি* দান করা; দেওয়া। [স. অবমূর্ধা>উপুড় ?]

উপেক্ষা, উপেক্ষণ *বি* ১ তুচ্ছতাচ্ছিল্য বা অগ্রাহ্যকরণ। ২ অযত্ন; অনাদর; অবহেলা; তাচ্ছিল্য। ৩ ঔদাসীন্য। ৪ অমনোযোগ। ৫ অস্বীকার। [স. উপ+√ইক্ষ+অ]। **উপেক্ষক** *বিণ* উপেক্ষাকারী বা উদাসীন। **উপেক্ষণীয়** *বিণ* উপেক্ষার যোগ্য; অবজ্ঞেয়। **উপেক্ষিত** *বিণ* উপেক্ষা করা হয়েছে এমন। **উপেক্ষিতা** *স্ত্রী.*।

উপোস, উপাস *বি* অনশন। **উপোসি, উপাসি** *বিণ* উপবাসী; অভুক্ত। [স. উপবাস>উপোস]

উপ্ত *বিণ* বপন করা বা বোনা হয়েছে এমন। [স. √বপ্+ত]। **উপ্তি** *বি* বপন; বোনা।

উফর ফাঁফর (ম-বা) *বিণ* ১ অস্থির; অতিশয় অস্বস্তিযুক্ত। ২ শ্বাস নেওয়া যাচ্ছে না এমন অবস্থা। [বা.]

উবরানো *ক্রি* উদ্বৃত্ত বা বাড়তি হওয়া। ❑ *বি* উদ্বৃত্ত হওন। ❑ *বিণ* উদ্বৃত্ত; বাড়তি। [বা. √উবড়া(=স. উৎ+√বৃৎ) +আনো); আঞ্চলিক]

উবা, উপা *ক্রি* ১ বাতাসে মিলিয়ে যাওয়া; উড়ে যাওয়া; অদৃশ্য হওয়া। ২ শেষ হয়ে যাওয়া; অতীত হওয়া। [স. উৎ+√বহ্=উদ্বহ>উবহ>উব্]

উবু, উপু *বি, বিণ* দুই পা একত্রে রেখে হাঁটু ভাঁজ করে বসবার ভঙ্গি বা ভঙ্গিযুক্ত। ❑ *বিণ* উঁচু; চূড়ার ন্যায়। [স. ঊর্ধ্ব>উবভ>উবু]

উভ[১] (পদ্য) *সর্ব* যুগল; দুইজন। [স.]। **উভচর** *বিণ* জলে ও স্থলে বিচরণকারী। **উভবলী** (বিরল) *বিণ* উভয়ে বলীয়ান; দুই-ই শক্তিশালী। **উভলিঙ্গ** *বিণ* ১ (প্রাণি.) একদেহে পুরুষ ও স্ত্রী লিঙ্গবিশিষ্ট; hermaphrodite। ২ (ব্যা.) স্ত্রী ও পুরুষ উভয় লিঙ্গই বোঝায় এমন।

উভ[২] *বিণ* উচ্চ। [স. ঊর্ধ্ব>উব্‌ভ>উভ]। **উভরড়ে** *ক্রিবিণ* দ্রুতবেগে। **উভরায়** *ক্রিবিণ* উচ্চরবে। **উভরোল** *বি* উচ্চশব্দ।

উভয় *সর্ব, বিণ* দুই; দুইজন; যুগল। [স. √উভ্+অয়]। **উভয়ত** *ক্রিবিণ* দুই পক্ষে বা দুই দিকে। **উভয়তোমুখ** *বিণ* দুই দিকে মুখ আছে এমন। **উভয়তোমুখী** *স্ত্রী.*। **উভয়ত্র** *অব্য* দুই পক্ষে; দুইদিকে। **উভয়থা** *ক্রিবিণ* উভয় প্রকারে; দুই প্রকারে। **উভয়সঙ্কট** *বি* উভয় দিকেই বিপদ অর্থৎ কোনো দিক দিয়ে যাওয়া যায় না বা পরিত্রাণ পাওয়া যায় না এমন অবস্থা; dilema।

উম, ওম *বি* তাপজনিত আরাম; উষ্ণতা; গরম; তাপ। [স. উষ্ণ>উষ্ম>উম্‌হ>উম, ওম]। **উম দেওয়া, ওম দেওয়া** *ক্রি* তা দেওয়া।

উমদা, ওমদা *বিণ* ১ উত্তম; উৎকৃষ্ট। ২ উপাদেয়। ৩ মনোহর। [আ. 'উম্‌দহ্>]

উমরা *বি* ১ হজের ন্যায় ধর্মীয় অনুষ্ঠান। ২ জিয়ারত। [আ. উমরা]

উমানো *ক্রি* ১ তপ্ত করা; গরম করা। ২ তাতানো। ৩ তা দেওয়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। ❑ *বি* মাপ; পরিমাণ; ওজন। [স. উষ্ণ>বা. √উম্+আনো]

উমেদ, উম্মীদ *বি* ১ আশা; আকাঙ্ক্ষা। ২ প্রতীক্ষা; অপেক্ষা। ৩ প্রার্থনা। [ফা. <উম্মীদ্]

উমেদার, ওমেদার *বিণ* ১ প্রত্যাশী; প্রার্থী। ২ চাকরিপ্রার্থী; কর্মপ্রত্যাশী। ❑ *বি* মোসাহেব; স্বার্থসিদ্ধির জন্য পরের মনস্তুষ্টি সম্পাদনকারী ব্যক্তি। [ফা. উম্মীদ্‌কার]। **উমেদারি, ওমেদারি** *বি* ১ চাকরি প্রার্থনা; চাকরির আশায় অন্যের নিকট ঘোরাঘুরি। ২ মোসাহেবি।

উম্মত *বি* ১ শিষ্য; অনুচর। [আ. উম্মৎ]

উম্মি, উম্মী *বিণ* নিরক্ষর; অজ্ঞ। [আ. উম্মী]

উয়ারি, উয়ারী (ম-বা) *বি* বহির্বাটি; বৈঠকখানা। [স. উপকারিতা>উঅআরিআ>উআরী>উয়ারি]

উয়ারি মেহারি, মেহারি উয়ারি *বি* মহিলাদের তাঁবু। [স. উপকারিকা (=তাঁবু)> উয়ারি; মহিলা>মেহারি]

উর[১] *বি* বক্ষঃস্থল।

উর[২], **উরহ** *ক্রি* ১ অবতীর্ণ হও; আবির্ভূত হও। ২ এসে অধিষ্ঠান কর। [স. উত্তর>]

উরঃ(উরস) *বি* বক্ষ; বক্ষঃস্থল।

উরগ, উরঙ্গ, উরঙ্গম *বি* সর্প; বুক পেতে হাঁটে যে। [স. উরস্+√গম্+অ]। **উরগী, উরঙ্গী, উরঙ্গমী** *স্ত্রী.*।

উরজ *বি* স্তন। [স. উরঃ+জ (জাত)=উরোজ>উরজ্]

উরত, উরুত *বি* উরু; জানুর উপরিভাগ; রান। [স. উরু+ত>]

উরস[১] *বি* বক্ষঃস্থল; উরঃ।

উরস[২], **ওরস** *বি* অলি-দরবেশের মৃত্যুবার্ষিকী এবং সে উপলক্ষে দোয়া ও জিয়াফত। [আ. উরুস]

উরসিজ *বি* স্তন; উরজ; কুচ; বক্ষে জন্মে যা। [স. উরস্+√জন্+অ]

উরা, উরা *ক্রি* উত্তরণ করা; আর্বিভূত হওয়া; অবতীর্ণ হওয়া।

উরু, উরু *বি* মানবদেহের কুঁচকি থেকে হাঁটু পর্যন্ত অংশ; জানুর ঊর্ধ্বভাগ। **উরু/উরুগ্রাহ** *বি* উরুস্তম্ভ। **উরু/উরুভঙ্গ** *বি* উরু বা জানুর ঊর্ধ্বভাগ খণ্ডন। **উরু/ উরুস্তম্ভ** *বি* উরুতে জাত দুষ্টব্রণ বা স্ফোটক যাতে উরু অবশ হয়ে যায়।

ঊর্ণা, ঊর্ণা *বি* ১ মেষাদি পশুর লোম; পশম; wool। ২ জাল। **ঊর্ণাময়, ঊর্ণাময়** *বিণ* মেষাদি পশুর লোম থেকে প্রস্তুত; পশমি।

উর্দি *বি* কর্মচারীদের জন্য নির্দিষ্ট পোশাক; uniform। [তু. ওয়রদী]

উর্দু, উর্দূ *বি* ১ আরবি ও ফারসি শব্দবহুল এবং ফারসি লিপিতে হিন্দুস্তানি ভাষা। ২ পাকিস্তানের রাষ্ট্রভাষা। ৩ সেনানিবাস। [তু. উর্দু]। **উর্দুওয়ালা** *বিণ* উর্দুভাষী; উর্দু ভাষা বলে এমন। **উর্দুনবিশ** *বি* যে উর্দু ভাষায় লেখাপড়া

জানে। **উর্দুবাজার** *বি* সেনানিবাস সংলগ্ন বাজার।
উর্বর, উর্বর *বিণ* ১ প্রচুর সৃষ্টিশক্তিবিশিষ্ট (উর্বর মস্তিষ্কপ্রসূত চিন্তা)। ২ সর্বপ্রকার শস্যের উৎপাদক। [স. উরু+√ঋ+অ]। **উর্বরা, উর্বরা** *স্ত্রী.*।
উর্বশী, উর্বশী *বি* পুরাণোক্ত সুন্দরীশ্রেষ্ঠা ও অনন্তযৌবনা অপ্সরাবিশেষ। [স. উরু (মহৎ)+√বশ্+ অ+ঈ]
উল *বি* পশম; পশুলোমজাত সুতা। [ই. wool]
উলকি, উল্কি *বি* ছাঁচ বা সুচের সাহায্যে দেহে অঙ্কিত স্থায়ী নকশা বা চিত্র। [বা., হি.]
উলকুড় *ক্রিবিণ* মূলসহ; শিকড়সমেত; জড়শুদ্ধ।
উলঙ্গ *বিণ* ১ নগ্ন; বিবস্ত্র; নেংটা। ২ অকপট; উন্মুক্ত; উদার। ৩ খাপমুক্ত; অনাবৃত (উলঙ্গ কৃপাণ)। [স. উৎ+নগ্ন=উন্নগ্ন>]। **উলঙ্গা, উলঙ্গিনী** *স্ত্রী.*।
উলঝুল (বিরল) *বিণ* এলোমেলো; বিশৃঙ্খল; আলুথালু।
উলট-পালট, ওলট-পালট, উল্টা-পাল্টা *বিণ* ১ বিপর্যস্ত; বিশৃঙ্খল। ২ অসংলগ্ন; পরস্পরবিরোধী। ৩ বিপরীত। ৪ বিধ্বস্ত; বিনষ্ট। ৫ এলোমেলো; গোলমেলে। ৬ বিশৃঙ্খলা। ◻ *ক্রিবিণ* নড়চড়। [প্রা. অল্লট্ট-পল্লট্ট> উলট-পালট]
উলপ *বি* উলুখড়। [স.]
উলা *বি* মাদ্রাসার দ্বাদশ শ্রেণী। (তুল. জামাত-ই-উলা)।
উলু[১]**, উলুধ্বনি, হুলুধ্বনি** *বি* ১ মুখগহ্বরে জিহ্বার দ্রুত সঞ্চালনে সৃষ্ট মঙ্গলধ্বনিবিশেষ; জোকার। ২ আনন্দধ্বনি। [স. উলুলু]
উলু[২]**, উলুখড়** *বি* তৃণবিশেষ। [স. উলুপ>]
উলুখাগড়া *বি* ১ উলুখড় ও নল। ২ (আল.) গরিব বা অকিঞ্চিৎকর ব্যক্তি। ৩ (আল.) নিরীহ প্রজা। [বা. উলু+খাগড়া]
উলূক, উলুক *বি* ১ পেচক; পেঁচা। ২ দেবরাজ ইন্দ্র। ৩ উলুখড়। **উলূকী, উলুকী** *বি স্ত্রী.* পেঁচী।
উলূপী, উলুপী *বি* ১ শিশুক; শিশুমার। ২ কৌরব্য নামক নাগরাজের কন্যা; অর্জুনপত্নী।
উল্কা *বি* ১ আকাশ থেকে পতিত জ্বলন্ত প্রস্তরাদি। ২ আকাশে দ্রষ্টব্য সঞ্চরণশীল জ্বলন্ত অগ্নিপিণ্ড; meteor। ৩ মশাল। **উল্কাপাত** *বি* উল্কা পতিত হওন। **উল্কাপিণ্ড** *বি* উল্কাস্বরূপ পতিত প্রস্তরাদি; meteor। **উল্কামুখী** *বি* ১ খেঁকশেয়ালি। ২ আলেয়া। ৩ ক্রোধজনিত রক্তমুখী স্ত্রীলোক।
উল্টা, উলটা *বিণ* ১ অধোমুখ; উপুড়। ২ বিপর্যস্ত। ৩ বিপরীত। ৪ ঘোরালো; প্যাঁচালো। [প্রা. অল্লট্ট>উলট্> (তুল. হি. উল্লাট>উলট)]। **উল্টা বুঝলি রাম**—ভালো কথার মন্দ অর্থ বোঝা; বিপরীত মানে করা। **উল্টা কথা** *বি* বিপরীত কথা। **উল্টা বোঝা** *ক্রি* ভালো কথার মন্দ অর্থ বোঝা; ভুল বোঝা; বিকৃত অর্থ করা। **উল্টা-রথ** *বি* ১ রথযাত্রার অষ্টম দিনে রথ যথাস্থানে ফিরিয়ে আনার উৎসব। ২ বৈপরীত্যসূচক যাত্রা।
উল্টানো, ওল্টানো *ক্রি* ১ উল্টা হওয়া বা করা। ২ অস্বীকার করা; বদলানো। ৩ পরিবর্তন করা; প্রত্যাহার করানো। ৪ পার্শ্ব পরিবর্তন করা। ৫ ভাব পরিবর্তন করা। ◻ *বি* বিপর্যস্ত করা। ◻ *বি,বিণ* উক্ত সকল অর্থে। [বা. √উল্‌টা+আনো]।
উল্লঙ্ঘন *বি* ১ লাফ দিয়ে পার হওন; ডিঙানো; অতিক্রমকরণ। ২ লঙ্ঘন; অগ্রাহ্যকরণ। ৩ বিরুদ্ধাচরণ; অমান্যকরণ। [স. উৎ+লঙ্ঘন]। **উল্লঙ্ঘনীয়, উল্লঙ্ঘ্য** *বিণ* ১ উল্লঙ্ঘনের যোগ্য। ২ উল্লঙ্ঘন করতে হবে বা করা প্রয়োজন এমন। **উল্লঙ্ঘিত** *বিণ* উল্লঙ্ঘন করা হয়েছে এমন।
উল্লম্ফন, উল্লম্ফ *বি* ১ লাফ দিয়ে পার হওন; উল্লঙ্ঘন; ডিঙানো। ২ লাফঝাঁপ করণ। [স. উৎ+লম্ফন]
উল্লসিত *বিণ* হৃষ্ট; আনন্দিত; উৎফুল্ল; আহ্লাদিত। [স. উৎ+√লস্+ত]
উল্লাল (ম-বা) *বি* শিশুকে দুলিয়ে আদর (করা); সোহাগ (করা)। [স. উল্লোল>]
উল্লাস *বি* ১ পরম আনন্দ; আহ্লাদ; হৃষ্টতা। ২ গ্রন্থের পরিচ্ছেদ (পঞ্চমোল্লাস)। **উল্লাসী** *বিণ* উল্লাসযুক্ত; আনন্দিত। **উল্লাসিনী** *বি,বিণ স্ত্রী.*।
উল্লিখিত, উল্লেখিত (অশু.) *বিণ* ১ উপরে বা পূর্বে লিখিত। ২ পূর্বে উক্ত। [স. উৎ+লিখিত]
উল্লুক *বি* ১ লেজহীন বানরের ন্যায় জন্তু; gibbon। ২ (আল.) মূর্খ অভদ্র এই অর্থে প্রযুক্ত গালি।
উল্লেখ *বি* ১ কোনো বিষয় সম্বন্ধে প্রসঙ্গত কিছু বলন। ২ বর্ণন। ৩ কথন। ৪ অর্থালঙ্কারবিশেষ। [স. উৎ+√লিখ্+অ]। **উল্লেখন** *বি* ১ কথন। ২ উল্লেখকরণ। ৩ কীর্তন। **উল্লেখনীয়, উল্লেখ্য** *বিণ* ১ উল্লেখের উপযুক্ত। ২ উল্লেখ করতে হবে বা করা উচিত এমন। **উল্লেখযোগ্য** *বিণ* ১ বিশিষ্ট। ২ উল্লেখ করার উপযুক্ত। [স. উৎ+লেখন, অর্থান্তরপ্রাপ্ত]
উল্লোল *বি* বৃহৎ তরঙ্গ; বড় ঢেউ। ◻ *বিণ* ১ দোদুল্যমান। ২ তরঙ্গময়; আন্দোলনশীল; লীলাচঞ্চল। [স. উৎ+√লোড়+অ]
উশপিশ *অব্য* অস্থিরতা বা অধীরতা প্রকাশসূচক ধ্বনি। [বা.]
উশাস (ম-বা) *বি* শ্বাস। [স. উৎ+শ্বাস>]
উশীর, উষীর (বিরল) *বি* বেনার মূল; খসখসে গুল্ম। **উশীরস্তম্ব** *বি* বেনার মূল বা খসখসে গুল্মের গোছা। [স.]
উশো *বি* রাজমিস্ত্রিদের ব্যবহার্য পলস্তরা সমান করার কাঠের তৈরি যন্ত্র। [স.]
উষা, ঊষা *বি* ১ প্রাতঃকাল; ভোরবেলা; প্রত্যুষ। ২ বাণ রাজার কন্যা ও অনিরুদ্ধ-পত্নী। **উষাকাল** *বি* প্রাতঃকাল; প্রভাত। **উষাকালীন** *বিণ* প্রাতঃকালীন। **উষাবালা** *বি স্ত্রী.* ১ (আল.) প্রভাতরূপিণী। ২ শুকতারা। **উষালগ্ন** *বি* উষাকাল।
উস্কখুস্ক, উস্কোখুস্কো *বিণ* ১ রুক্ষ; শুষ্ক। ২ তৈলহীন; অবিন্যস্ত। [বা.]
উষ্ট্র *বি* ১ ভারবাহী জন্তুবিশেষ; উট। ২ মরুভূমির জাহাজ। [স.]। **উষ্ট্রগ্রীব** *বিণ* উটের মতো গ্রীবাবিশিষ্ট। **উষ্ট্রী** *স্ত্রী.*।
উষ্ণ *বিণ* ১ তপ্ত; গরম। ২ ক্রুদ্ধ। ৩ প্রখর। ◻ *বি* ১ তাপ; তপ্ততা। ২ ক্রোধ; উষ্মা। ৩ রৌদ্র। [স.]। **উষ্ণকাল** *বি* গ্রীষ্মকাল। **উষ্ণতা, উষ্ণত্ব** *বি* ১ তাপ। ২ তাপমাত্রা; temperature। **উষ্ণপ্রস্রবণ** *বি* যে ঝরনা বা প্রস্রবণের জল উষ্ণ। **উষ্ণবীর্য** *বিণ* উত্তেজক; তেজস্কর।
উষ্ণীষ *বি* মস্তকাচ্ছাদক পরিধেয়বিশেষ; পাগড়ি; কিরীট; আমামা। **উষ্ণীষকমল** *বি* বৌদ্ধতন্ত্রোক্ত মস্তকস্থিত পদ্ম।
উষ্ম, উষ্মা *বি* ১ তপ্ততা; তাপ। ২ গ্রীষ্মকাল। ৩ ক্রোধ;

দুশ্চিন্তা; আক্ষেপ; উত্তেজনা। ৪ প্রখরতা। ৫ তাপের মাত্রা। **উষ্মবর্ণ** *বি* (ব্যা.) শ ষ স হ—শ্বাসবায়ুর প্রাধান্যযুক্ত এই চারটি বর্ণ।

উসকানো *ক্রি*১ উজ্জ্বল করে বাড়িয়ে দেওয়া। ২ উত্তেজিত করা; প্ররোচিত করা। ৩ ফোড়া ইত্যাদির মুখ ফাটিয়ে দেওয়া। ❑*বি* ১ প্ররোচিতকরণ; উত্তেজিতকরণ। ২ প্রবর্ধন। ❑*বিণ*১ প্ররোচিত; উত্তেজিত। ২ প্রবর্ধিত। [বা. √উস্‌কা(=স. উৎ+√কৃষ্)+আনো]। **উসকানি** *বি* ১ উত্তেজনা। ২ প্ররোচনা।

উসখুস, উশখুশ *বিণ*১ এলোমেলো; বিশৃঙ্খল; বিস্রস্ত।

উসুল, উশুল *বি*১ আদায়; সংগ্রহ। ২ জমা। [আ. ওয়সুল]

উহ্, উঃ *অব্য* কাতরতা তাচ্ছিল্য বা বিরক্তি ইত্যাদি প্রকাশক শব্দ।

উহা *সর্ব*১ ঐ বা সেই প্রাণী বা বস্তু বা বিষয়। ২ তাহা।

উহু, উহুউহু *অব্য* যন্ত্রণা বা কাতরতা প্রকাশক শব্দ।

উহুঁ, উঁহু *অব্য* অসম্মতিজ্ঞাপক ধ্বনি।

ঊ

ঊ বাংলা বর্ণমালার ষষ্ঠ স্বরবর্ণ।

ঊ-কার *বি*১ ব্যঞ্জনবর্ণের সঙ্গে ঊ স্বরধ্বনির প্রতীক রূপে ব্যবহৃত ' ূ ' চিহ্ন। ২ 'ঊ' বর্ণ। **ঊ-কারাদি** *বিণ* আদিতে 'ঊ'-কার আছে এমন।

ঊঝটি=উঝটি।

ঊঢ় *বিণ* বিবাহিত। **ঊঢ়া** *স্ত্রী.*। অনূঢ়া *বিপ.*। **ঊঢ়ি** *বি* বিবাহ।

ঊন *বিণ*১ কম; ন্যূন। ২ দুর্বল; কমজোর। ৩ অসম্পূর্ণ। ৪ হীন। (তুল. ঊনবিংশতি ঊননবতি ইত্যাদি)।

ঊনকোটি *বিণ* বহুসংখ্যক; অন্তহীন; প্রায় কোটি খানেক (ঊনকোটি অজুহাত)।

ঊপ *বি* হনুমানের ডাক। ❑*অব্য* অকস্মাৎ।

ঊরা⟹ উরা।

ঊরু⟹ উরু।

ঊর্ণনাভ, ঊর্ণনাভি *বি* মাকড়সা। [স. ঊর্ণা+নাভি]

ঊর্ধ্ব *বি*১ উপরের দিক; উপরিভাগ। ২ উচ্চতা। ❑*বিণ*১ বেশি (ঊর্ধ্বপক্ষে)। ২ উপরিদিকস্থ। ৩ উন্নত; উচ্চ। **ঊর্ধ্বকণ্ঠ** *বিণ*১ উচ্চকণ্ঠ। ২ উন্নতগ্রীব। **ঊর্ধ্বগ, ঊর্ধ্বগামী** *বিণ*১ ঊর্ধ্বে গমনশীল; ক্রমান্বয়ে উপরে উঠছে এমন। ২ আকাশবিহারী। ৩ বায়ুরোগবিশিষ্ট (ঊর্ধ্বগ বিকারে মোর পড়িয়াছে দাঁত—ভারত)। ৪ সৎপথগামী। **ঊর্ধ্বগতি** *বি* ১ ঊর্ধ্বে গমন। ২ উন্নতি; সমৃদ্ধি। ৩ পারলৌকিক সদ্‌গতি। **ঊর্ধ্বগ্রীব** *বিণ*১ উন্নত গ্রীবাবিশিষ্ট। ২ উদ্‌গ্রীব; উৎকণ্ঠ। **ঊর্ধ্বচারী** *বিণ* ১ ঊর্ধ্বে বা শূন্যে বিচরণকারী। ২ উচ্চাকাঙ্ক্ষী; উচ্চ কল্পনাপ্রবণ। **ঊর্ধ্বতন** *বিণ* ১ উপরিস্থিত। ২ পূর্বতন; পূর্ববর্তী (ঊর্ধ্বতন পুরুষ)। **ঊর্ধ্বতল** *বি* উপরতল; উপরতলা। **ঊর্ধ্বদৃষ্টি, ঊর্ধ্বনয়ন, ঊর্ধ্বনেত্র** *বিণ*১ উলটানো দৃষ্টিবিশিষ্ট; মৃত্যুর অব্যবহিত পূর্বে চোখের যে অবস্থা হয় সেই অবস্থাগ্রস্ত। ২ উদাসদৃষ্টিসম্পন্ন; উদাসীন। ❑*বি* উপরের দিকে নিবদ্ধ দৃষ্টি; যোগদৃষ্টি। **ঊর্ধ্বদেহ** *বি* মৃত্যুর পরে প্রাপ্ত শরীর; সূক্ষ্মদেহ। **ঊর্ধ্বপক্ষে** *ক্রিবিণ* বেশির পক্ষে; বড়জোর। **ঊর্ধ্বপাতন** *বি* রাসায়নিক প্রক্রিয়াবিশেষ; চোলাই; distillation। **ঊর্ধ্বফণা** *বিণ* উদ্যতফণা। **ঊর্ধ্ববর্ত্ম** *বি* শূন্যমার্গ; আকাশ। **ঊর্ধ্ববাহু** *বিণ* হস্ত উত্তোলন করে আছে এমন; ঊর্ধ্বহস্ত। ❑*বি* ঊর্ধ্বহস্ত সন্ন্যাসী। **ঊর্ধ্বভাগ** *বি* উপরের অংশ। **ঊর্ধ্বমুখ** *বি* মুখের উপরের দিক। ❑*বিণ* উপরের দিকে মুখ এমন; ঊর্ধ্বমুখী। **ঊর্ধ্বরেতা, ঊর্ধ্বরেতাঃ** *বিণ*১ জিতেন্দ্রিয়। ২ সংযতেন্দ্রিয়; যোগী। **ঊর্ধ্বলোক** *বি* স্বর্গ; বেহেস্ত। **ঊর্ধ্বশ্বাস** *বি* দ্রুত ধাবনের ফলে ঘন ঘন শ্বাস গ্রহণের অবস্থা। **ঊর্ধ্বশ্বাসে** *ক্রিবিণ* অতি দ্রুতবেগে; সঘন; নিঃশ্বাসের সাথে; তীব্রগতিতে। **ঊর্ধ্বস্থ, ঊর্ধ্বস্থিত** *বিণ* ঊর্ধ্বে অবস্থিত; উপরিস্থিত।

ঊর্মি *বি* ১ তরঙ্গ; ঢেউ। ২ জলপ্রবাহ; তরঙ্গের স্রোত। **ঊর্মিছন্দা** *বিণ* ঢেউয়ের ছন্দযুক্ত; তরঙ্গের ছন্দময় (ঊর্মিছন্দা শত নদী স্রোতধারায় নিত্য পবিত্র-সিনান-শুদ্ধ পূর্ববঙ্গ—নজরুল)। **ঊর্মিমালী** *বি* সমুদ্র। **ঊর্মিল** *বিণ* ঢেউ খেলানো; তরঙ্গিত।

ঊর্মিলা *বি* রামায়ণোক্ত লক্ষ্মণের পত্নী।

ঊলুপ *বি* চন্দ্র; শশধর।

ঊষর *বি* লোনা বা ক্ষারময় অনুর্বর ভূমি। ❑*বিণ*১ অনুর্বর। ২ মরুময়।

ঊষসী, ঊষসী *বি*১ সূর্যোদয়ের প্রাক্‌কাল; প্রভাত। ২ উষা; প্রভাতরূপিণী। ৩ প্রদোষ; সন্ধ্যা। ৪ রূপবতী; পরমা সুন্দরী। ❑*বিণ* প্রভাতী।

ঊষা⟹উষা।

ঋ

ঋ বাংলা বর্ণমালার সপ্তম স্বরবর্ণ।

ঋক্, ঋক *বি*১ বেদের শ্লোক বা ছন্দোবদ্ধ মন্ত্রবিশেষ। ২ ঋগ্বেদ। ৩ গায়ত্রী। [স. √ঋচ্+ক্বিপ্]

ঋ-কার *বি*১ ব্যঞ্জনবর্ণের সহিত ঋ স্বরধ্বনির প্রতীকরূপে ব্যবহৃত ' ৃ ' চিহ্ন। ২ 'ঋ' বর্ণ।

ঋকৃথ *বি* ১ উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত ধনসম্পত্তি। ২ মৃতব্যক্তির স্থাবর-অস্থাবর সম্পত্তি। ৩ স্বর্ণ।

ঋকৃথী *বিণ* ধনী। **ঋকৃথভাগী** *বিণ* উত্তরাধিকারী। [স. √ঋচ্+থ]

ঋক্‌বেদ, ঋগ্বেদ, ঋগ্‌বেদ *বি* হিন্দুদের ধর্মগ্রন্থ; চতুর্বেদের মধ্যে প্রাচীনতম বেদ; প্রথম বেদ। উল্লেখ্য যে ঋক্‌বেদের বিভিন্ন অংশ ভিন্ন ভিন্ন উদ্দেশ্যে সংকলিত হয়ে সাম ও যজুর্বেদ তৈরি হয়েছে।

ঋক্ষ *বি* ১ ভল্লুক। ২ নক্ষত্র। **ঋক্ষমণ্ডল** *বি* সপ্তর্ষিমণ্ডল। **ঋক্ষগন্ধ, ঋক্ষগন্ধিকা** *বি* ভূমিকুষ্মাণ্ড।

ঋজু *বিণ* ১ অবক্র; সোজা। ২ সরল; অকুটিল; অকপট। **ঋজুতা** *বি*। **ঋজুপ্রকৃতি, ঋজুস্বভাব** *বিণ* সরলমতি। **ঋজুরেখা** *বি* সরলরেখা। [স.]

ঋণ *বি* ১ কর্জ; ধার; দেনা। ২ (গ.) বিয়োগচিহ্ন। **ঋণগ্রস্ত, ঋণী** *বিণ* ১ দেনাদার; খাতক; কর্জদার। ২ উপকারীর নিকট কৃতজ্ঞ। **ঋণগ্রহণ** *বি* ধার নেওয়া; কর্জ গ্রহণ। [স.]। **ঋণজাল** *বি* ঋণের বন্ধন; দেনার দায়। **ঋণপত্র** *বি* ঋণের দলিল। **ঋণপরিশোধ, ঋণশোধ** *বি* কর্জশোধ। **ঋণমুক্ত** *বিণ* দেনার দায় থেকে উদ্ধার পেয়েছে এমন। **ঋণিতা** *বি* ঋণগ্রস্ত অবস্থা।

ঋত *বি* ১ সত্য। ২ পরব্রহ্ম; ধ্রুব সত্য। ❑ *বিণ* ১ পূজিত। ২ পীড়িত। ৩ দীপ্ত। (অনৃত *বিপ.*)। **ঋতপরায়ণ** *বিণ* সত্যনিষ্ঠ। **ঋতানৃত** *বি* সত্য মিথ্যা। [স. ঋত (সত্য)+অনৃত (মিথ্যা)]

ঋতি *বি* ১ গমন; গতি। ২ সৌভাগ্য।

ঋতু *বি* ১ বৎসরের প্রাকৃতিক বিভাগ—গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত—এই ছয় কাল; মৌসুম। ২ স্ত্রীরজ; মাসিক রক্তস্রাব। **আর্তব** *বিণ* ঋতুবিষয়ক; রজঃসম্বন্ধীয়। [স. √ঋত+অ=আর্তব]।

ঋতুকামিনী *বি* পৃথিবী (এ কি রীত তব হে ঋতুকামিনী ! — মাইকেল)। **ঋতুকাল** *বি* রজঃস্বলা অবস্থা; যে কয়দিন স্ত্রীলোকের ঋতু থাকে। **ঋতুপতি, ঋতুনাথ, ঋতুমতী** *বি, বিণ* রজঃস্বলা। **ঋতুরাজ** *বি* বসন্তকাল।

ঋত্বিক *বি* যজ্ঞের পুরোহিত; যাজক।

ঋদ্ধ *বিণ* পুষ্ট; সমৃদ্ধ; উন্নত। **ঋদ্ধি** *বি* ১ বৃদ্ধি; পুষ্টি; সমৃদ্ধি; উন্নতি। ২ সর্বাঙ্গীণ উন্নতি। ৩ সম্পত্তি। ৪ সৌভাগ্য। **ঋদ্ধিমান** *বিণ* ১ সমৃদ্ধিশালী; ধনবান। ২ সৌভাগ্যশালী। **ঋদ্ধিমতী** *স্ত্রী.*।

ঋভু *বি* ১ হিন্দুদের দেবতাবিশেষ। ২ দেবত্বপ্রাপ্ত মনুষ্যবিশেষ। ❑ *বিণ* মেধাবী।

ঋষভ *বি* ১ বৃষ। ২ শ্রেষ্ঠজন। ৩ (সং) স্বরগ্রামের দ্বিতীয় স্বর 'রে'-ধ্বনি। ৪ পর্বতবিশেষ।

ঋষি[১] *বি* ১ বিদ্যা তপ শ্রুতি ও সত্য যার আয়ত্তে তিনিই ঋষি। ২ শাস্ত্রজ্ঞ; তপস্বী; মুনি; যোগী। ৩ মন্ত্রদ্রষ্টা; বেদের সূক্ত বা কারিতারচক। ৪ জ্ঞানীপুরুষ; প্রজ্ঞাবান; ত্রিকালদ্রষ্টা; মহাসাধক ও বাকসিদ্ধপুরুষ। ৫ শাস্ত্রপ্রণেতা। **ঋষিকল্প, ঋষিতুল্য, ঋষিসদৃশ** *বিণ* ঋষির ন্যায় জ্ঞানী ও শ্রদ্ধার্হ। **ঋষিপ্রোক্ত** *বিণ* ১ ঋষি কর্তৃক উক্ত বা নির্দেশিত। ২ আর্য।

ঋষি[২] *বি* বাঙালি চর্মকার জাতি; মুচির কুলোপাধি।

ঋষ্ট *বিণ* অশুভজনক; অকল্যাণকর। ❑ *বি* সর্বাঙ্গ শ্বেতবর্ণ বিন্দু দিয়ে চিত্রিত হরিণ। **ঋষ্টি** *বি* গ্রহদোষ; অশুভ।

ঋষ্য *বি* সর্বাঙ্গে শ্বেতবর্ণ বিন্দু চিহ্নিত হরিণ। **ঋষ্যমূক** *বি* রামায়ণোক্ত দাক্ষিণাত্যের পর্বতবিশেষ। **ঋষ্যশৃঙ্গ** *বি* রামায়ণোক্ত মুনিবিশেষ।

এ

এ[১] বাংলা বর্ণমালার অষ্টম স্বরবর্ণ।

এ[২] এই স্বরবর্ণটি নিম্নের কয়েকটি পদে ব্যবহৃত হয়; যথা—(১) সর্বনামরূপে—তখন এর অর্থ '*ইহা*'; ব্যক্তি বস্তু বা প্রাণী বা বিষয়ের পরিবর্তেও 'এ' সর্বনামরূপে ব্যবহৃত হয়; যথা—এ (ইহা) ভাল নয়। এ কে ? এ আর যাই হোক, সন্দেশ নয়। (২) বিশেষণরূপে তখন এর অর্থ 'এই', 'আলোচ্য' ইত্যাদি; যেমন—এ কাজ করতে নেই [উৎপত্তি ঐ]। (৩) অব্যয় পদরূপে—তখন এর অর্থ '*হে*', 'ওহে', 'ওলো' ইত্যাদি; যেমন—'এ সখি, হামারি দুখের নাহি ওর'—বিদ্যাপতি। [স. এতদ্>এত>এ>এ]

-এ (ক) প্রত্যেক কারকে 'এ' একটি বিভক্তির চিহ্নরূপে ব্যবহৃত হয়; যথা— (১) কর্তৃকারকে পাগলে কিনা বলে। (২) কর্মকারকে—কেরোসিন শিখা বলে মাটির প্রদীপে। (৩) করণ কারকে—হাতে না মেরে ভাতে মারো। (৪) সম্প্রদানকারকে—খোদার এ জীবে আহার কে দিবে ? (৫) অপাদানকারকে—মেঘে বৃষ্টি হয়। (৬) অধিকরণকারকে—তিলে আছে তেল আর কুসুমে সৌরভ। (খ) ক্রিয়াবিশেষণে '-এ' ব্যবহৃত হয়; যথা ধীরে ধীরে কথা বলো। (গ) মাসের তারিখ বোঝাতে ১৯ থেকে ৩২ পর্যন্ত সংখ্যায় পূরণবাচক '-এ' বিভক্তি যুক্ত হয়; যথা—উনিশে (লিখিত হয় ১৯শে) মাঘ, বাইশে (=২২শে) চৈত্র ইত্যাদি।

এই (ক) সর্বনাম পদরূপে ব্যবহৃত হলে এর অর্থ হয় '*ইহা*', যেমন আমি এই চাই। (খ) বিশেষণ পদরূপে—কাছের; নিকটবর্তী (এই গাছটি, এই মানুষ সেই মানুষ নয়)। (গ) ক্রিয়া বিশেষণে—অবিলম্বে; এখন (এই এলাম ব'লে)। (ঘ) অব্যয় পদরূপে—বিস্ময় সূচকার্থে (এই সেরেছে রে। এই মেরেছে ইত্যাদি)। [স. এতদ্>এঅ>এত>এ+বা. ই (নিশ্চিতার্থে)]

এইছা, এইসা *বিণ* এইরূপ; এমন। (তুল. হি. ঐসা)।

এও[১] *সর্ব* ১ যা বলা হলো সেটা (এও কি সম্ভব ?)। ২ উপস্থিত যার সম্বন্ধে বলা হলো সেই ব্যক্তি (এও তোমার সঙ্গে যাবে।)। ৩ দুই পক্ষই (সদাচারে এও হয় ওও হয়।)। ৪ নানাবিধ বস্তু (এও সঙ্গে নিতে হবে)।

এও[২]**, এয়ো** *বি* এয়ো; সধবা। [স. অবিধবা> অবিহবা> অইহওয়া> আইহ> আয়্>এও]

এওজ, এওয়াজ *বি* ১ বদল; বিনিময়; পরিবর্ত। ২ প্রতিনিধি। [আ. ইওয়াজ]। এওজে *ক্রিবিণ*।

এওজ-বদল, এওজ-তরাজ *বি* পরস্পর বিনিময়। **এওজি, এওয়াজি** *বিণ* বিনিময়ে বা পরিবর্তে প্রাপ্ত সম্পত্তি (এওজি জমি)।

এওড়া-কেওড়া *বিণ* এলোপাতাড়ি; এলোমেলো; বিশৃঙ্খল। [দেশী]

এঃ, এহ্‌ *অব্য* বিস্ময় ঘৃণা বিরক্তি দুঃখাদি-সূচক ধ্বনি।

এঁ *সর্ব* (সম্মা.) ইনি (এঁকে যেন কোথায় দেখেছি, এঁদের)।

এঁকেবেঁকে⟹আঁকাবাঁকা।[বা. *অক্রি* আঁকিয়া-বাঁকিয়া]

এঁচে *ক্রিবিণ* ১ আঁচ করে; আচমন করে; আঁচিয়ে। ২ উনুনে আগুন জ্বালিয়ে? [স. আর্চি> আচ্চি> আচি>]

এঁটুলি, এঁটল *বি* গরু কুকুর প্রভৃতি পশুর গায়ে এঁটে থেকে রক্ত শোষণ করে এমন ক্ষুদ্র চর্মকীটবিশেষ। [স. অস্থি> অট্‌ঠি> আঁঠি; আঁটি+উলি= আঁটুলি> এঁটুলি]

এঁটে[১], এটে[১] *বি* গেঁড়; কন্দ; কলা; কচু ইত্যাদি গাছের মূল। [স. অষ্টিকা>অট্টিআ> আটিয়া> আইটা>এটে, এঁটে]

এঁটে[২], এটে[২] *ক্রিবিণ* কষে; শক্ত করে। **এঁটে ওঠা** *ক্রি* সামলে ওঠা; পেরে ওঠা। **এঁটে যাওয়া** *ক্রি* সঙ্কুলান হওয়া; ধরা। **এঁটে দেওয়া** *ক্রি* লাগিয়ে দেওয়া; চেপে জুড়ে দেওয়া। [বা. √আঁট+ইয়া= আঁটিয়া>আঁইট্ট্যা>এঁটে]

এঁটেল, এটেল *বি* (ভূ.) শুষ্কাবস্থায় শক্ত ও সিক্তাবস্থায় আঁটালো মাটিবিশেষ।❑ *বিণ* আঠালো; পিচ্ছিল ও চটচটে। [অর্ত>অট্ট>আট+আ=আটা+ আল= আটাল> এটেল, এঁটেল]

এঁটো, এঁঠো *বিণ* উচ্ছিষ্ট; ভুক্তাবশিষ্ট।❑ *বি* ঝুটা খাদ্য। [স. উচ্ছিষ্ট> অস্থিকা>অট্টিকা, অণ্টিকা> আঁটিআ> আঁইট্যা> এঁটো (তুল. চট্টগ্রামী আইগুা)]। **এঁটোকাটা** *বি* ভুক্তাবশেষ; উচ্ছিষ্ট খাদ্য দ্রব্যাদি। **এঁটোখেকো** *বিণ* ১ উচ্ছিষ্টভোগী। ২ পরমুখাপেক্ষী; অন্যের কৃপাপাত্র; অত্যন্ত হীন। **এঁটো পাড়া, এঁটো উঠানো** *ক্রি* উচ্ছিষ্ট পরিষ্কার করা। **এঁটোপাত** *বি* উচ্ছিষ্ট ভোজনপাত্র।

এঁড়, এঁড়বিচি *বি* অণ্ডকোষ। [স. অণ্ড>অঁড়>এঁড়]

এঁড়ে *বি* মদ্দা বাছুর; ষাঁড়; বৃষ; বলদ।❑ *বিণ* ১ মর্দা; পুরুষজাতীয় (এঁড়ে বাছুর)। ২ একরোখা; একগুঁয়ে (এঁড়ে লোক)। [স. অণ্ড=বা. এঁড়+ইয়া>এঁড়িয়া>এঁইড়্যা>এঁড়ে]। **এঁড়ে ডাক** *বি* কর্কশ কণ্ঠস্বর। **এঁড়ে তর্ক** *বি* ন্যায়যুক্তিহীন একগুঁয়ে তর্ক। **এঁড়ে তেল দেওয়া** *ক্রি* চাটুবাক্যে তোষামোদ করা। **এঁড়ে লাগা** *ক্রি* শিশুদের অজীর্ণ রোগে আক্রান্ত হওয়া।

এঁদের *সর্ব* সম্মানার্থে ব্যবহৃত সর্বনামবিশেষ; এই ব্যক্তিগণের।

এঁদো, এঁধো *বিণ* ১ অন্ধকারাচ্ছন্ন; বনজঙ্গলপূর্ণ; অব্যবহার্য। ২ পঙ্কিল; পরিত্যক্ত। ৩ নোংরা; স্যাঁৎসেঁতে; সঙ্কীর্ণ ও আলোকবিহীন। [স. অন্ধ+ বা.উয়া= অন্ধুয়া> অউন্দ্যা>এঁদো]

এঁশে, এঁশে-ঘা *বি* গরু ছাগল ইত্যাদির খুর বা মুখের ঘা-বিশেষ। [স. আমিষ (মাছ, মাংস ইত্যাদি)> আঁইষ+ইয়া=আঁইষ্যা>এঁশে (মাংসপচা গন্ধযুক্ত ঘা)]। **এঁশে-রোগা** *বিণ* খুরে বা মুখে ঘা রোগযুক্ত।

এঁশো *বিণ* আমিষবিশিষ্ট; আঁশবিশিষ্ট (আম)।

এঁষানি, এঁসানি *বি* আমিষ গন্ধ; আঁষ্টে গন্ধ। [স. আমিষ+পানীয়=আঁই+সানি>এঁসানি]। **এঁষানি মারা** *ক্রি* মাছ-মাংস সাঁতলিয়ে আমিষ গন্ধ দূর করা; মাছ-মাংস কষানো।

এক *বি* ১ সংখ্যা। ২ একজন; এক ব্যক্তি।❑ *বিণ* ১ এক সংখ্যাবিশিষ্ট; একটি মাত্র। ২ অনির্দিষ্ট কোনো। ৩ ভরা; পূর্ণ। ৪ সমবেত; মিলিত; একতাবদ্ধ। ৫ একই; অভিন্ন। ৬ মিশ্রিত। ৭ অদ্বিতীয়। ৮ সম্মিলিত। ৯ অন্যতম। ১০ অবিরাম; অবিচ্ছিন্ন। **এক আঁচড়ে বোঝা** *ক্রি* সামান্য পরীক্ষায় বা পরিচয়ে কারও চরিত্র বা কোনো কিছুর প্রকৃতি চেনা। **এক আঁটি, এক গোছা, এক তাড়া, এক থোলো** *বিণ* কতক বা অনেকগুলো একত্রে বাঁধা। **এক-আধ** *বিণ* অল্পস্বল্প; সামান্য কিছু; অতি সামান্য পরিমাণ। **এক-আধ বার** *ক্রিবিণ* কদাচিৎ। **একই** *বিণ* ১ অভিন্ন (একই মায়ের সন্তান)। ২ সমান (একই বয়সী)। ৩ এক প্রকারই (একই কথা)। **এক-এক** *বিণ* ১ কোনো কোনো (এমন এক একজন লোক আছে)। ২ বিভিন্ন; ভিন্ন ভিন্ন (এক-এক দেশে এক-এক নিয়ম)। ৩ একটি একটি; একজন একজন (এক-এক করে)।❑ *ক্রিবিণ* একে একে। **একক** *বিণ* ১ একলা; একাকী; সঙ্গীহীন (একক প্রচেষ্টা)। ২ কেবল; একমাত্র (সাধারণ তবুও একক—রশীদ খান)।❑ *বি* (গ.) সংখ্যার ডানের প্রথম অঙ্ক; সংখ্যা বা পরিমাণ নির্ধারণের জন্য গৃহীত লঘিষ্ঠ পূর্ণরাশি; unit। **এক কড়ার কাজ** *বি* সামান্য কাজ; তুচ্ছ কাজ। **এক কথা** *বি* স্থির কথা; অপরিবর্তনীয় বাক্য; যে কথায় নড়চড় হয় না। **এক কথায় দুই কথায়** *ক্রিবিণ* আলাপ আলোচনায়। **এক কথার মানুষ** *বি* যে বেশি কথা বলে না কিন্তু যা বলে সেটা রাখে; যার কথায় নড়চড় বা বরখেলাপ হয় না। **এক-কলমি** *বি, বিণ* কলাম-লেখক; সংবাদপত্রে কলাম লেখেন এমন লোক; columnist। **এক্কা**⟹এক্কা। **এক কলসি দুধে এক ফোঁটা চোনা**—অনেক ভালো জিনিস নষ্ট করে এমন অল্প অথচ উৎকট মন্দ বস্তু। **এক কাড়ি, এক গাদা, একরাশ** *বিণ* প্রচুর; রাশীকৃত; স্তূপীকৃত। **এক কাজের কাজি** *বিণ* সমব্যবসায়ী; সমান কার্যকারী। **এক কাট্টা**⟹একাট্টা। **এক কাঠি সরেশ** *বিণ* (ব্য.) অন্য কোনো লোক বা বস্তুর চেয়ে বেশি দোষবিশিষ্ট। **এক কানে শোনা আর এক কানে বের করা** *ক্রি* অবহেলা বা অগ্রাহ্য করা; অমনোযোগী হওয়া। **এক কাপড়ে বেরিয়ে পড়া** *ক্রি* পরিধেয় বস্ত্র ছাড়া আর সব জিনিস রেখে যাত্রা করা; প্রস্তুতি ছাড়া হঠাৎ যাত্রা করা। **এককালীন** *বিণ* ১ একবারের মতো দেয় বা করণীয়। ২ এক সময়ের; সমসাময়িক।❑ *ক্রিবিণ* একযোগে; একই সময়ে; যুগপৎ। **এককালীনতা** *বি*। **এককুড়ি** *বি* ২০ সংখ্যা।❑ *বিণ* ২০ সংখ্যক। **এককুলা, এককুলো** *বিণ* লম্বা ও প্রচুর (এককুলো দাড়ি)। **এককে একুশ করা** *ক্রি* সামান্য জিনিসকে অযথা বাড়ানো। **এক ক্ষুরে মাথা মুড়ানো** *ক্রি* এক স্বভাবের মানুষ হওয়া বা সমান অপরাধে অপরাধী হওয়া। **একগলা** *বিণ* গলা সমান উঁচু। **এক গা** *বিণ* সমস্ত দেহব্যাপী; সর্বাঙ্গময় (এক গা গয়না)। **একগাল** *বিণ* গালভরা; মুখপূর্ণ (এক গাল হাসি)। **একগুঁয়ে** *বিণ* জেদি; একরোখা; অবাধ্য। **এক গুরুর শিষ্য** *বি* একই স্বভাববিশিষ্ট লোক; সমান দুষ্ট প্রকৃতির লোক। **এক গোয়ালের গরু** *বি* একই দলের লোক। **এক গ্লাসের ইয়ার, এক সানকির ইয়ার** *বি* ১ অন্তরঙ্গ বা ঘনিষ্ঠ বন্ধু।

২ সমান আচরণবিশিষ্ট লোক; এক দলের লোক। **একঘরে** *বিণ* স্বীয় সমাজ কর্তৃক বর্জিত; জাতিভ্রষ্ট। **একঘাট** *বিণ* একদল। **একঘেয়ে** *বিণ* বৈচিত্র্যহীন; নতুনত্বহীন; বিরক্তিকর। **একঘেয়েমি** *বি*। **একচক্ষু** *বিণ* এক চোখবিশিষ্ট; কানা। **একচক্ষু হরিণ** *বিণ* ১ একরোখা; একগুঁয়ে। ২ পক্ষপাতী। **একচালা, একচাল** *বিণ* একচালবিশিষ্ট। ❑ *বি* একচালবিশিষ্ট ঘর। **একচুল** *বিণ* ১ লেশমাত্র; সামান্যতম। ২ একগাছি চুল পরিমাণ। **একচেটিয়া** *বিণ* একায়ত্ত; এক ব্যক্তি বা প্রতিষ্ঠানের অধীন; প্রতিদ্বন্দ্বীশূন্য। **একচোখ দেখানো** *ক্রি* ঝগড়া হবার সম্ভাবনা সৃষ্টি করা। **একচোখা, একচোখো** *বিণ* ১ এক দিকে যার দৃষ্টি এমন; পক্ষপাত দোষদুষ্ট। ২ এক চোখবিশিষ্ট; কানা। **একচোখোমি, একচোখা** *বি* পক্ষপাতিত্ব। **একচোট** *ক্রিবিণ* ১ এক দফায় প্রচুর; যথেষ্ট। ২ বেশ কিছুক্ষণ। **একচ্ছত্র, একছত্র** *বিণ* ১ এক রাজা বা শাসকের শাসনাধীন; এক সাম্রাজ্যভুক্ত। ২ সার্বভৌম। **একছাঁচে ঢালা** *বিণ* সম্পূর্ণ একরকম। **একছার, একছের** *ক্রিবিণ* সরাসরি, সোজাসুজি। [ফা. একসার]। **একছুট**[১] *বিণ* এক প্রস্থ; ধুতি শাড়ি ইত্যাদি একখানি মাত্র; উত্তরীয়হীন। **একছুট**[২] *বি* একদৌড়; বাধাবিরতিহীন দৌড়। **একছুটে** *ক্রিবিণ*। **একজন-না-একজন** *বি* অন্তত একজন। **একজাই, একজায়** *বিণ* ১ একত্র; জড়; সম্মিলিত। ২ সমতালিকাবদ্ধ। ❑ *ক্রিবিণ* বার বার; একাদিক্রমে; পরপর; অবিরাম (তবু ঢালে আর পান করে একজাই—মোহিত)। ❑ *বি* ১ একস্থানে। ২ মোট হিসাব; একুন। **একজাই চালানো** *বি* বৎসরান্তে একুন চালানো; একসঙ্গে চালানো। **একজাতি** *বি* মানসিক, মনস্তাত্ত্বিক, নৃতাত্ত্বিক, সাংস্কৃতিক ও অভিন্ন আর্থনীতিক জীবনধারা-সম্পন্ন সংগঠিত জনগোষ্ঠী। **একজোট, একজুটি** *বিণ* ১ দলবদ্ধ; একত্র মিলিত। ২ একমতাবলম্বী। **একজোটে** *ক্রিবিণ*। **একজ্বর, একজ্বরী** *বিণ* অবিরাম জ্বরে ভোগে এমন। **এক ঝাড়ের বাঁশ** *বি* এক দলের লোক বা এক জাতের লোক। **একঝোঁকা** *বিণ* একদিকে ঝুঁকে পড়ার স্বভাববিশিষ্ট; একদিকে বেগবান। **একটা, একটি** *বিণ* ১ এক সংখ্যক (একটা টাকা)। ২ নির্দিষ্ট কোনো এক লোক (একটা কথা বলি)। ৩ অনির্দিষ্ট কোনো এক; যে কোনো। ❑ *ক্রিবিণ* একবার। **একটা কথা** *বি* সংক্ষিপ্ত আলাপ। **একটানা** *ক্রিবিণ* ১ বিরামহীন; ক্রমাগত; অবিশ্রান্ত; লাগাতার। ২ একঘেয়ে। ❑ *বিণ* একদিকে প্রবাহিত। **একটা-না-একটা** *বিণ* অন্তত একটি। **একটি** *বিণ* একটা-এর বানানভেদ। **একটিপ** *বিণ* সামান্য পরিমাণ; দুই আঙুলের মাথায় যতটুকু ধরা যায়। **একটু** *বিণ* সামান্য; অতি অল্প। ❑ *ক্রিবিণ* ১ সামান্যক্ষণ; খানিক (একটু দাঁড়াও)। ২ একবার। **একটুকু, একটুক** *বিণ* অত্যল্প; কিঞ্চিন্মাত্র; কিছু। ❑ *ক্রিবিণ* একটুকুতে; একটুতে। **একটুখানি** *বিণ* ১ সামান্য; অল্প। ২ অল্পবয়স্ক; কচি (একটুখানি মেয়ে)। ❑ *ক্রিবিণ* অল্প; কিছুক্ষণ (একটুখানি সবুর কর)। **একটেরে** *বি* এক পাশে; এক দিকে। ❑ *ক্রিবিণ* দূরে; অন্যত্র; পৃথকভাবে। **একঠাঁই** *বিণ* সম্মিলিত। **একঠামা** (ম-বা) *বিণ* একটুও; অল্পমাত্রও। **এক ডাকে চেনা** *বিণ* খ্যাতিমান; সর্বজনবিদিত। **এক ডাকের পথ** *বি* অদূরের পথ। **একডোল** *বি* একাকার; এক সমান। **এক ঢিলে দুই পাখি মারা** *ক্রি* এক উপায়ে বা কৌশলে দুই কাজ সিদ্ধ করা। **একত** *অব্য* ১ একদিকে; একপক্ষে। ২ একদিক থেকে; একপক্ষ থেকে। **একতৎপর** *বিণ* একাগ্রচিত্ত; অনন্য বিষয়ে নিরত। **একতন্ত্রী** *বি* একতারা; মাত্র একটি তার বিশিষ্ট বাদ্যযন্ত্রবিশেষ। ❑ *বিণ* ১ এক মতাবলম্বী; এক সম্প্রদায়ভুক্ত। ২ এক শাসকের অধীন। **একতম** *বিণ* বহুর মধ্যে এক; অন্যতম। **একতর** *বিণ* ১ দুয়ের মধ্যে এক। ২ পৃথক; স্বতন্ত্র। ❑ *ক্রিবিণ* এক প্রকার; এক রকম; এক ধরনের। [এক>তরহ(ফা. য়ক্+ফা. তরহ্)]। **একতরফ** *বি* একপক্ষ; একদিক; একপার্শ্ব। **একতরফা** *বিণ* ১ কেবল এক পক্ষ বিবেচনা করে কৃত বা মীমাংসিত; এক পক্ষের অনুকূলে বা প্রতিকূলে। ২ কোনো একজনের দ্বারা কথিত। [ফা.]। **একতলা, একতালা** *বিণ* এক তলবিশিষ্ট; ভূপৃষ্ঠ থেকে এক ছাদবিশিষ্ট। ❑ *বি* বাড়ির নিচুতলা; ground floor। **একতা** *বি* ১ ঐক্য; মিলন; এক ভাব। ২ অভিন্নতা; একত্ব; অভেদ। **একতান** *বি* সম্মিলিত সুর; বহু বাদ্যযন্ত্রের একসুরে এক তালে লয়; concert। ❑ *বিণ* একাগ্র, এক বিষয়ে নিবিষ্ট। **একতানে** *ক্রিবিণ* ১ সমকণ্ঠে; সমস্বরে। ২ একাগ্রচিত্তে। **একতাপন্ন** *বিণ* অভিন্ন; ভেদাভেদহীন। **একতারা** *বি* একটিমাত্র তারবিশিষ্ট বাদ্যযন্ত্রবিশেষ। **একতাল** *বি* ১ সমান তাল; সমন্বিত লয়। ২ ধারাবাহিক নৃত্যগীত ইত্যাদি। ৩ সঙ্গীতের তালবিশেষ। **একতালা** *বি* সঙ্গীতের তালবিশেষ; দ্বাদশ মাত্রাযুক্ত তাল। **একতীর্থ** *বি* ১ সহপাঠী; সতীর্থ। ২ এক গুরুর শিষ্য। **একত্র** *অব্য, বিণ* সমবেত; মিলিত; সম্মিলিত। ❑ *ক্রিবিণ* এক স্থানে। **একত্র করা** *ক্রি* ১ এক স্থানে জমা করা; জড় করা। ২ দলবদ্ধ করা। **একত্র হওয়া** *ক্রি* সঙ্ঘবদ্ধ হওয়া; এক সঙ্গে মিলিত হওয়া। **এক থোকে** *ক্রিবিণ* একেবারে; এক সঙ্গে, সমষ্টিগতভাবে। **একদন্ত, একদংষ্ট্র** *বিণ* এক দাঁত এমন। ❑ *বি* গণেশ। **একদম** *বিণ* পুরোপুরি; সম্পূর্ণ; অত্যন্ত। ❑ *ক্রিবিণ* মোটেই; একেবারেই; আদৌ। [ফা.]। **একদমক** *বি* এক ঝটকা; এক দৌড়। **একদমা** *বিণ* একবার আওয়াজ করেই নিঃশেষিত হয়ে যায় এমন। **একদা** *ক্রিবিণ* ১ কোনো এককালে; কোনো এক সময়ে। ২ একই কালে; যুগপৎ। **একদাপটে** *ক্রিবিণ* এক দমে; এক নিঃশ্বাসে; এক দৌড়ে। **একদিন না একদিন** *ক্রিবিণ* কখনো না কখনো। **একদিল** *বিণ* সমমনোভাববিশিষ্ট; অভেদাত্মা। [ফা. য়ক্+দিল]। **একদৃষ্টি, একদিঠি, একদিঠ** *বিণ* স্থির নেত্র; এক লক্ষ্য; অনন্যদৃষ্টি। ❑ *বি* ১ এক নজর; একবার দৃষ্টিপাত। ২ একদিকে দৃষ্টিপাত; এক বিষয়ে দর্শন। **একদৃষ্টে** *ক্রিবিণ* অনিমেষ নয়নে; অপলক চোখে। **একদেশ** *বি* ১ এক অংশ; কোনো অংশে। ২ কোনো একটি দেশ। **একদেশদর্শী** *বিণ* ১ এক পক্ষ বা অংশ বা দিক বিবেচনা করে এমন। ২ সংকীর্ণ; অনুদার। ৩ একচোখা; পক্ষপাতী।

৪ অপরিণামদর্শী। **একদেশদর্শিতা** *বি*। **একদেশীয়, একদেশী** *বিণ* ১ এক দেশে জাত। ২ একই দেশের অধিবাসী; স্বদেশবাসী। ৩ একদেশ সম্বন্ধীয়। **একদেহ** *বি* ১ অভিন্ন শরীর; একাত্মা। ২ সগোত্র। **একদেহ, একপ্রাণ** *বিণ* সবদিক দিয়ে মিল আছে এরূপ; সব বিষয়ে একতাবদ্ধ। **একধর্মা** *বিণ* এক প্রকৃতি বিশিষ্ট; এক ধর্মবিশিষ্ট; সমগুণসম্পন্ন। **একধর্মী**(-র্মিন্) *বিণ* অভিন্ন ধর্মসম্প্রদায়ভুক্ত। **একধর্মিণী** *স্ত্রী.*। **একধা** *অব্য* ১ এক প্রকার। ২ একদিকে; এক বিষয়ে। **একনবতি** *বি* ৯১ সংখ্যা; একানব্বই। ❑*বিণ* ৯১ সংখ্যক। **একনলা** *বিণ* একটিমাত্র নলবিশিষ্ট। **একনাগাড়ে** *ক্রিবিণ* অবিরামভাবে; ক্রমাগত; অবিচ্ছেদে। **একনায়ক** *বি* ১ একমাত্র শাসনকর্তা বা প্রভু। ২ স্বৈরাচারী শাসক। ৩ একমাত্র শাসক বা রাজার অধীন; এক ব্যক্তির শাসনাধীন। **একনায়কতন্ত্র, একনায়করাজ্যতন্ত্র** *বি* একজন মাত্র শাসক বা রাজার নির্দেশানুসারে প্রবর্তিত শাসনব্যবস্থা; autocracy। **একনিঃশ্বাসে** *ক্রিবিণ* দ্রুত; খুব সংক্ষেপে। **একনিষ্ঠ** *বিণ* ১ একাগ্র; এক বিষয়বস্তু বা ব্যক্তিতে নিষ্ঠাবান। ২ সৎ; অব্যভিচারী। **একনিষ্ঠা** *স্ত্রী.*। **একনিষ্ঠতা, একনিষ্ঠা** *বি*। **একপংক্তিক** *বিণ* এক শ্রেণীভুক্ত। **একপক্ষ** *বিণ* এক ডানাবিশিষ্ট। **একপঞ্চাশ** *বি* একান্ন; ৫১ সংখ্যা। ❑*বিণ* একান্ন সংখ্যক। **একপত্নীক** *বিণ* একমাত্র পত্নীবিশিষ্ট; দ্বিতীয়বার বিয়ে করেনি এমন। **একপদ, একপা** *বি* অল্প দূরত্ব; এক কদম পরিমাণ জায়গা। ❑*বিণ* এক পা-বিশিষ্ট; খোঁড়া। **একপদী** *বি* সংকীর্ণ পথ; মাত্র এক জনের গমনযোগ্য পথ। **একপদীকরণ** *বি* (ব্যা.) একাধিক পদকে সমাসবদ্ধকরণ বা একপদে পরিণত করণ। **এক পয়সার মা-বাপ**—কৃপণ। **এক পা কবরে**—মৃত্যুর আর দেরি নেই এমন। **এক পা জলে, এক পা স্থলে**—অনিশ্চিত অবস্থা। **একপাঠী** *বিণ* সহপাঠী; সতীর্থ। **একপাঠিনী** *স্ত্রী.*। **একপাব** *বিণ* এক গ্রন্থি গাঁট বা পর্ববিশিষ্ট। **একপার্শ্ব, একপাশ** *বি* ১ একদিক; একধার। ২ দেহের অর্ধাংশ। ❑*বিণ* পৃথক; আলাদা। **একপার্শ্বে, একপাশে** *ক্রিবিণ*। **একপাল** *বি* একদল; একই পশু বা জন্তুর সমষ্টি। ❑*বিণ* অনেক; বহু; প্রচুর। **একপিতৃক** *বিণ* এক পিতার ঔরসজাত; অভিন্ন পিতা এমন। **একমাতৃক** *বিণ স্ত্রী.*। **একপুরুষ** *বি* ১ বংশানুক্রম হিসাবে এক ব্যক্তির জীবনকাল। ২ পরম পুরুষ; আল্লাহ। **একপেট** *ক্রিবিণ* পেটভরে। ❑*বিণ* ভরপেট। **একপেশে** *বিণ* ১ একপাশে ঝোঁকা; একদিকে ভারী। ২ পক্ষপাতদুষ্ট। **একপ্রস্ত** *বিণ* একদফা; একবারের মতো। **একফালি, একফালা** *বি* একখণ্ড; লম্বভাবে কাটা এক টুকরা। **একবংশীয়** *বিণ* একই বংশজাত; স্বগোত্রীয়। **একবচন** *বি* (ব্যা.) একটিমাত্র ব্যক্তি বস্তু বা বিষয় নির্দেশক পদ; singular number। **একবর্গা, এক বগ্‌গা** *বিণ* একগুঁয়ে। **একবস্ত্র** *বি* একটিমাত্র বস্ত্র এমন। ❑*বিণ* একটিমাত্র পরিধেয় বস্ত্র সম্বল; এক কাপুড়ে। **একবস্ত্রা** *স্ত্রী.*। **একবাক্যে** *ক্রিবিণ* এক কথায়; সমস্বরে; কোনোরূপ মতভেদ না রেখে। **একবার** *ক্রিবিণ* ১ এক সময়ে। ২ একের অনধিকার; একদফা। [ফা. য়ক+বার]। **একবারে** *ক্রিবিণ* এক দফায়; এক চেষ্টায়, সম্পূর্ণরূপে। **একবাস** *বি* একমাত্র বস্ত্র। ❑*বিণ* একমাত্র বস্ত্র পরিহিত। **একবিংশ, একবিংশতি** *বি* ২১ সংখ্যা, একুশ। ❑*বিণ* ২১ সংখ্যক। **একভাব** *বিণ* একমন; এক চিত্ত। ❑*বি* এক বা অনন্য বিষয়ে আসক্তি; কোনো বিষয়ে একনিষ্ঠতা। **একভিতে** *ক্রিবিণ* একদিকে; একপাশে; একান্তে। **একমত** *বিণ* সমমতাবলম্বী; মতে বা ভাবনায় অভিন্ন। **একমতাবলম্বী** *বিণ* একমতে বিশ্বাসী; অভিন্ন মত পোষণকারী। **একমতি, একমতী** (প্রা-বা) *বিণ* একনিষ্ঠ। **একমনা, একমনাঃ** *বিণ* একাগ্রচিত্ত; এক বিষয়ে নিবিষ্টমনা। **একমনে** *ক্রিবিণ* একাগ্রচিত্তে; একনিষ্ঠভাবে; বিষয়ান্তরে মনোনিবেশ না করে। **একমাতৃক** *বিণ* একই মায়ের গর্ভে জাত; সহোদর। **একমাত্র** *বিণ* ১ কেবল একটি; একের অনধিক। ২ অদ্বিতীয়। **একমাত্রা** *বি* ১ একবারে উচ্চার্য শব্দাংশ; one syllable। ২ (ছ.) ছন্দ পরিমাপক কাল বিভাগের একভাগ। ❑*বিণ* (চি.) এক দাগ; একবার সেবনের মতো; one dose। **একমাত্রিক** *বিণ* (ছ.) এক শব্দাংশযুক্ত; monosyllabic। **একমুখী** *বিণ* এক মুখ বা ছিদ্রবিশিষ্ট। **একমুখে** *ক্রিবিণ* একদিকে। **একমুখে দুই কথা**—কথায় ঠিক না থাকা; কথার বরখেলাপ। **এক মুরগি দুবার জবাই**—১ একই অপরাধের জন্য দুই বার শাস্তি প্রদান। ২ একই জিনিসকে দুই কাজে লাগানো। **একমুষ্টি, একমুঠো, একমুঠ** *বিণ* একমুষ্ঠি পরিমিত; অতি অল্প পরিমিত। **একমুষ্টি ভাত, একমুঠো ভাত** *বি* অতি সাধারণ ও সামান্য পরিমাণে আহার। **একমেটে** *বিণ* ১ অসম্পূর্ণ; আংশিকভাবে কৃত। ২ একবার মাত্র মাটির প্রলেপ দেওয়া হয়েছে এরূপ; আরব্ধ মাত্র। ৩ একহারা। **একমেটে করা** *ক্রি* কোনো কাজ আংশিকভাবে করা; কোনো কিছুর প্রাথমিক কাজ করে রাখা। **এক রকম, একরূপ** *বিণ* একই ধরনের; একজাতীয়। ❑*ক্রিবিণ* কোনো প্রকারে; যেমন তেমন করে; অনির্দিষ্ট ধরনে। **একরঙা** *বিণ* এক রঙে রঞ্জিত। **একরত্তি, একরতি** *বিণ* ১ সামান্য পরিমাণ; একটুখানি; অত্যল্প। ২ খুব ছোট; অতি ক্ষুদ্র; কচি। **এক রা** *বি* এক যুক্তি; এক ধরনের মত। **একরোখা, একরোকা** *বিণ* ১ একগুঁয়ে; বদরাগী; জেদি। ২ একদিকে রোখ বা গতি এমন। ৩ একদিকে নকশা বা চাপ আছে এমন। **একরোখামি** *বি* একগুঁয়েমি। **এক লাঠিতে সাত সাপ মারা** *ক্রি* এক উপায়ে বা একই সঙ্গে অনেক কাজ হাসিল করা। **একশত, একশ** *বি* ১০০ সংখ্যা। ❑*বিণ* ১ ১০০ সংখ্যক। ২ অগণিত; অনেক। **একশরণ** *বি* একমাত্র আশ্রয়স্থল; একমাত্র গৃহ। ❑*বিণ* একমাত্র আশ্রয়বিশিষ্ট; এক গৃহসম্পন্ন; একের উপর নির্ভরশীল। **একশিলা** *বিণ* অখণ্ড শিল বা পাথরের গড়া। **একশৃঙ্গ** *বিণ* এক শিং বিশিষ্ট। ❑*বি* গণ্ডার। **একশেষ** *বি* ১ চূড়ান্ত; চরম অবস্থা; আতিশয্য। ২ (ব্যা.) দ্বন্দ্ব সমাসবিশেষ। **একষট্টি, একষষ্টি** *বি* ৬১ সংখ্যা। ❑*বিণ* ৬১ সংখ্যক। **একষট্টিতম, একষষ্টিতম** *বিণ* ৬১ সংখ্যক। **একসপ্ততি** *বি* ৭১ সংখ্যা; একাত্তর। ❑*বিণ* ৭১ সংখ্যক। **একসপ্ততিতম** *বিণ* ৭১ সংখ্যক। **একসর** *বিণ* একা; নিঃসঙ্গ। **একসূত্র, একসুত** *বিণ* একসুতা পরিমাণ চওড়া; এক ইঞ্চির অষ্টমাংশ। **এক হাত** *বিণ* ১৮ ইঞ্চি পরিমিত; এক হাত পরিমিত। ❑*ক্রিবিণ* এক চোট; এক দফায় প্রচুর পরিমাণ রাগ প্রকাশ (তাকে এক হাত দেখে নেবো)। ❑*বি* এক বাজি। **এক হাত দেখা** *ক্রি* প্রতিশোধ নেওয়ার চেষ্টা। **এক হাত নেওয়া বা লওয়া** *ক্রি* স্পষ্ট দুই কথা শুনানো; তিরস্কার করা।

একহাতে *ক্রিবিণ* একাকী; অন্যের সাহায্য ছাড়া। **এক হৃদয়** *বিণ* একাত্মা; অভিন্ন হৃদয়।

একতেদা *বি* নামাজে ইমামের অনুকরণ; পশ্চাদ্গমন; নির্ভরকরণ; আস্থা স্থাপন। [আ.]

একমেবাদ্বিতীয়ম, একম্ এব অদ্বিতীয়ম্—এক এবং অদ্বিতীয়।

একর *বিণ* ৪৮৪০ বর্গগজ পরিমিত। তেত্রিশ (৩৩) শতাংশে এক বিঘা, এক শত (১০০) শতাংশে এক একর, অতএব তিন বিঘায় এক একর। ❑ *বি* ৪৮৪০ বর্গগজ পরিমিত জমি। [ই.]

একরাট *বিণ* ১ সার্বভৌম; একচ্ছত্র। ২ প্রধান; প্রভাবশীল (কিছুদিনের ফরাসি ভাষা ইউরোপে একরাট ভাষা হয়ে উঠেছিল—প্রমথ)। [স. এক+রাষ্ট্র (>রাট্ট)>রাট]

একরার, ইকরার *বি* ১ স্বীকার; কবুল। ২ প্রতিজ্ঞা; শপথ; undertaking। ৩ চুক্তি। [আ.]। **একরার, ইকরারনামা** *বি* চুক্তিপত্র।

একরোখা *বিণ* দৃষ্টি একদিকে নিবদ্ধকরণ; একগুঁয়ে [ফা.]

একলপ্ত, একলফত *বিণ* লাগালাগি; সংলগ্ন; সংযুক্ত; অখণ্ড। [ফা.]

একলব্য *বি* ১ (মহাভারতে উক্ত) নীচ জাত বলে প্রত্যাখ্যাত দ্রোণাচার্যের শিষ্য, যিনি দ্রোণাচার্যের মূর্তি বানিয়ে ঐ মূর্তির কাছেই ধনুর্বিদ্যা শিক্ষা করেন। ২ (আল.) গুরুভক্তির পরাকাষ্ঠা।

একলসেঁড়ে, একলষেঁড়ে *বিণ* ১ অসামাজিক; অমিশুক; হিংসুক; ষাঁড়ের মতো একা থাকতে ও একা ভোগ করতে চায় এমন। ২ স্বার্থপর। [স. একল+বা. ষাঁড়+ইয়া= ষাঁড়িয়া>ষাঁইড়্যা>ষেঁড়ে]

একলা, একেলা *বিণ* ১ একাকী; নিঃসঙ্গ। ২ অসহায়। [স. একলা; (তুল. হি. অকেলা)]

একলাই *বি* সাদা ফুলতোলা চাদর; এক ফর্দ বা এক পাট্টা মিহি চাদর; সাদা ফুলকাটা উড়ানি। [বা. 'দোলাই' শব্দের প্রভাবে 'একলাই'। স. দুকূল+আমিকা> দূউল+ আই>দুলাই>দোলাই]

একলা-একলি *ক্রিবিণ* একাকী; নির্জনে।

একলা-দুকলা, একলা-দোকলা *বি* ১ কখনো একাকী কখনো দুজন। ২ অত্যল্প লোক (এটা একলা-দোকলার কর্ম নয়)। ❑ *বিণ* নিঃসঙ্গ।

একলি *বিণ* একাকী বা একাকিনী।

একলিঙ্গ *বি* ১ শিব। ২ কুবের; কানা; একচক্ষু।

একলে *বিণ* একাকী; নিঃসঙ্গ।

একশা, একসা *বিণ* ১ একে পরিণত; একাকার; একসঙ্গে মিলিত; একত্র। ২ মিশ্রিত। [স. একশ; (তু. হি. একসা)]

একশিরা *বি* যে রোগে অণ্ডকোষের একটি স্ফীত হয়; orchitis।

একহারা *বিণ* ছিপছিপে গড়নের; মোটাও নয় রোগাও নয়; কৃশাঙ্গ; ছিপছিপে। [স. একসর>একহর+আ= একহরা> একহারা। (তুল. দোহারা)]

একা *বিণ* ১ একলা; নিঃসঙ্গ; একক। ২ কেবল। ❑ *ক্রিবিণ* নির্জনে। [স. একাকিন্]। **একাই একশ** *বিণ* একাই প্রতিপক্ষের সঙ্গে লড়তে সমর্থ; অত্যন্ত ক্ষমতাশীল।

একাকার *বিণ* ১ একশা; একত্রমিশ্রিত। ২ ভেদরহিত; পার্থক্যহীন। ৩ সমান আকৃতিবিশিষ্ট; একই রকম চেহারার অধিকারী। **একাকারা** *স্ত্রী.*।

একাকী(-কিন্) *বিণ* ১ একলা; নিঃসঙ্গ। ২ অসহায়। ❑ *ক্রিবিণ* নির্জনে। **একাকিনী** *স্ত্রী.*।

একাকৃতি *বিণ* তুল্যাকৃতি; একই রকমের চেহারাবিশিষ্ট।

একাগ্র *বিণ* একনিষ্ঠ; অনন্যমনা; এক বিষয়ে আসক্ত। [স. এক+অগ্র]। **একাগ্রতা** *বি*। **একাগ্রচিত্ত** *বিণ* কেবল এক বিষয়ে নিবিষ্টচিত্ত; অনন্যমনা।

একাট্টা, এককাট্টা *বিণ* ১ একজোট; দলবদ্ধ; সংহত। ২ একস্থানে জড়; সমবেত। ❑ *বি* (আঞ্চলিক) একগাট্টা। [স. একত্র>একত্ত> একট্ট+আ= একট্টা, একাট্টা]

একাত্তর *বি* ৭১ সংখ্যা। ❑ *বিণ* ৭১ সংখ্যক। [স. একসপ্ততি>একাত্তর]

একাত্মবাদ *বি* অদ্বৈতবাদ; ব্রহ্ম ও জগৎ এক—এই মতবাদ। **একাত্মবাদী** *বিণ* এক ব্রহ্ম ছাড়া আর কিছুই নেই—বেদান্তের এই মতবাদ পোষণকারী।

একাত্মা *বিণ* অভিন্ন হৃদয়; একপ্রাণ। **একাত্মতা** *বি*।

একাদশী *বি* ১ তিথিবিশেষ। ২ এই তিথিতে হিন্দুদের পালনীয় উপবাস। ❑ *বিণ স্ত্রী.* এগারো বৎসর বয়স্কা; একাদশ বর্ষীয়া।

একাদিক্রমে *ক্রিবিণ* ১ আনুক্রমিকভাবে; প্রথম থেকে শুরু করে পরপর নিরবচ্ছিন্নভাবে। ২ এক নাগাড়ে; ক্রমাগত; নিরন্তর।

একাধার *বি* একই পাত্র। **একাধারে** *ক্রিবিণ* একই সঙ্গে; যুগপৎ। [স. এক+আধার]

একাধিক *বিণ* একের বেশি। [স. এক+অধিক]

একাধিকার *বি* একচেটে অধিকার।

একাধিপতি *বি* ১ একমাত্র অধীশ্বর বা প্রভু; সার্বভৌম রাজা; সর্বোচ্চ শাসক। ২ সর্বেসর্বা। [স. এক+অধিপতি]। **একাধিপত্য** *বি* সার্বভৌমত্ব; প্রতিদ্বন্দ্বীহীন; একজনের কর্তৃত্ব।

একান্ত *বিণ* ১ নিতান্ত; অত্যন্ত। ২ অবধারিত; নিশ্চিত। ৩ নির্জন। ❑ *বি* নিজস্ব; খাস। [স. এক+অন্ত]। **একান্তপক্ষে** *অব্য* ১ নিতান্তই যদি। ২ কমপক্ষে। **একান্তে** *ক্রিবিণ* নির্জনে; গোপনে। **একান্ত সচিব** *বি* দবির-খাস।

একান্তর *বিণ* একটির পর একটি করে বাদ দেওয়া; একের ব্যবধানে অবস্থিত; alternate। **একান্তর কোণ** *বি* (জ্যা.) দুইটি সরলরেখা পরস্পরকে ছেদ করলে যে চারটি কোণ উৎপন্ন হয় তার প্রত্যেকটির বিপরীত দিকের কোণটি এর একান্তর কোণ; alternate angle—এর পরিভাষা।

একান্ন[১] *বি* ৫১ সংখ্যা। ❑ *বিণ* ৫১ সংখ্যক। [স. একপঞ্চাশৎ> একান্ন]

একান্ন[২], **একান্নবর্তী, একান্নভুক্ত, একান্নভোজী** *বিণ* যৌথ পরিবারভুক্ত; এক গৃহস্থালীর অন্তর্ভুক্ত। ❑ *বি* একত্রে আহারকারী। **একান্নবর্তী পরিবার** *বি* যৌথ পরিবার (এক হাড়ির অন্নভোজী); খাওয়া পরা ও বসবাস এক সঙ্গে করে এমন পরিবার; joint family।

একাবলী, একাবলি *বি* ১ একনরি হার; কণ্ঠাভরণ-বিশেষ। ২ এগারো অক্ষরের বাংলা ছন্দবিশেষ।

একাব্বরী=আকবরি।

একামত, আকামত *ক্রি* দাঁড়িয়ে যাওয়া। ❑ *বি* ফরজ নামাজের প্রারম্ভে নামাজে দাঁড়ানোর জন্য উচ্চারিত

আজানের অনুরূপ শব্দাবলী। [আ. ইকামৎ]। **একামতি** *বি* একামত বলার কার্য বা পদ।

একার[১] *বি* ১ ব্যঞ্জনবর্ণের সঙ্গে 'এ' স্বরধ্বনির প্রতীক রূপে ব্যবহৃত 'ে' চিহ্ন। ২ 'এ' বর্ণ। **একারাদি** *বিণ* আদিতে 'এ' বর্ণবিশিষ্ট (বেল)। **একারান্ত** *বিণ* অন্তে 'এ' বর্ণবিশিষ্ট (বিকেলে)।

একার[২] *বি* কেবল একজনের। [বা. একা+সম্বন্ধে র]। **একের** *বি* একজনের; একক ব্যক্তি ব্য বস্তুর।

একার্থ, একার্থক *বিণ* ১ সমার্থবোধক; তুল্যার্থ; যাদের অর্থ একরূপ। ২ একই অভিপ্রায়বিশিষ্ট। **একার্থতা** *বি*। **একার্থপ্রতিপাদক, একার্থবোধক** *বিণ* এক অর্থজ্ঞাপক; একই অর্থবিশিষ্ট। **একার্থপ্রতিপাদকতা, একার্থবোধকতা** *বি*।

একাল *বি* ১ বর্তমানকাল। ২ ইহকাল। [বা.]

একাল ওকাল *বি* ১ ইহকাল ও পরকাল। ২ বর্তমান কাল ও অতীত বা প্রাচীনকাল। **একাল-সেকাল** *বি* বর্তমান কাল ও অতীতকাল। [এই+ কাল=এইকাল>একা; অনুরূপভাবে সেই+ কাল>সেকাল]

একাশ্রয়, একাশ্রিত *বিণ* কেবল একজনের উপর নির্ভরশীল; যার অন্য আশ্রয় নেই; অনন্যগতি।

একাসন *বি* ১ অভিন্ন আসন; একমাত্র উপবেশন স্থান। ২ অন্য আসন নেই বা আসন বদল করে না এমন।

একাহার *বি* সারা দিনরাত্রে একবার মাত্র খাদ্যগ্রহণ। **একাহারী** *বিণ*।

একি *অব্য* বিস্ময়সূচক—এটি কেমন; এ কিরূপ।

একিদা, আকিদা *বি* ঈশ্বরে বিশ্বাস; একচিত্ততা; একাগ্রতা; নিষ্ঠা; দৃঢ়সংকল্প; অংশীদার। [আ. আকিদহ্]

একিন, একীন *বি* স্থির বিশ্বাস; দৃঢ় প্রত্যয়; নিশ্চিত আস্থা। [আ.]। **একিনি, একীনী** *বিণ* নিশ্চিত; দৃঢ়।

একীকরণ *বি* ১ সমানকরণ; এক আকারে পরিণত করণ। ২ একত্রীভবন; মিলন। **একীকৃত** *বিণ*। **একীভবন** *বি* ১ একাকার হওন; সমান অবস্থা প্রাপ্তি। ২ একত্রে মিশ্রণ।

একীভাব *বি* ঐক্য; এক হওন। **একীভূত** *বিণ* ১ এক অবস্থা প্রাপ্ত; সমতাপ্রাপ্ত। ২ স্তূপীকৃত; একত্রমিলিত।

একুন *বি* মোট; সর্বশুদ্ধ, সমষ্টি। **একুনে** *ক্রিবিণ* সর্বশুদ্ধ; সাকুল্যে; মোট। [স. একাপন>]

একুল ওকুল *বি* ১ পিতৃকুল ও শ্বশুরকুল। ২ উভয় অবলম্বন। [বা.]। **একুল ওকুল দুকুল যাওয়া** *ক্রি* উভয় অবলম্বন থেকে ভ্রষ্ট বা বিচ্যুত হওয়া; নিরাশ্রয় হওয়া।

একুশে ফেব্রুয়ারি *বি* ১৯৫২ খ্রিস্টাব্দের ভাষা-আন্দোলনের ঐতিহাসিক শহীদ-দিবস।

একে[১] *সর্ব* তাকে; এ ব্যক্তিকে। [স. ইদম্>বা. এ+কে (কর্ম কারকের বিভক্তি)]

একে[২] *সর্ব* ১ এক বস্তুকে বা কোনো এক বিষয়ে। ২ একটিতে। ☐ *ক্রিবিণ* একদিকে; একপক্ষে (একেতো অন্ধ, তার উপর অসুস্থ)। **একে একে** *ক্রিবিণ* পরপর; একের পর এক করে। **একেবারে** *ক্রিবিণ* ১ নিতান্ত। ২ সম্পূর্ণভাবে।

একেশ্বর *বিণ* এক ঈশ্বর; একাধিপতি; সর্বময় প্রভু। ☐ *বি* এক ও অদ্বিতীয় আল্লাহ। **একেশ্বরবাদ** *বি* আল্লাহ এক এবং অদ্বিতীয় এই দার্শনিক মত। **একেশ্বরবাদী** *বিণ* আল্লাহ এক ও অদ্বিতীয় এ মতে বিশ্বাসী।

একেসর, একসর *বি* ১ একজন। (তুল. দোসর—দুজন, সহকারী, সহায়, বন্ধু। সোসর/ সমসর—সমকক্ষ অপর জন)। ২ একাকী; একক। [বা. হি. দুসরা]

এক্কা *বি* দুই চাকাবিশিষ্ট এক ঘোড়ার গাড়ি। [ফা. তুল. হি. এককা]। **এক্কাওয়ালা** *বি* এক্কাচালক।

এক্ষণ *বি* ১ এ সময়; এ মুহূর্ত; এখন। ২ বর্তমানকাল। **এক্ষণকার** *বিণ* ১ এখনকার; এ সময়ের। ২ বর্তমান সময়ের; ইদানীন্তন। **এক্ষণে** *ক্রিবিণ* বর্তমানে। [স. ইদম্> এহি>এই>এ+ক্ষণ=এক্ষণ]

এক্সপ্রেস *বি* দ্রুতগামী ট্রেন, ডাক ইত্যাদি। [ই. express]

এখতিয়ার, এক্তিয়ার *বি* ১ অধিকার; ক্ষমতা; আয়ত্ত। ২ সাধ্য; শক্তি। ৩ ইচ্ছা; বাসনা; অভিরুচি। [আ.]। **এখতিয়ার করা** *ক্রি* গ্রহণ করা; ধারণ করা।

এখন *বি* এ সময়; বর্তমানকাল। ☐ *ক্রিবিণ* ১ এ সময়ে। ২ অধুনা; ইদানীং; সম্প্রতি। ৩ বর্তমানকালে; এযুগে। ৪ এতক্ষণ পরে; এত দেরিতে। ৫ এক্ষেত্রে; এ অবস্থায়। ৬ অবসরমতো; সুযোগমতো; পরে কোনো এক সময়ে। ৭ অসময়ে; যখন প্রয়োজন নেই তখন। ৮ এবার। ৯ অবশেষে। ☐ *অব্য* আসলে; প্রকৃতপক্ষে। [বা. এই+স. ক্ষণ= এইক্ষণ>এখন]। **এখনই, এখনি** *ক্রিবিণ* এ মুহূর্তে; অবিলম্বে। **এখনও, এখনো** *ক্রিবিণ* ১ আজও; বর্তমান সময় পর্যন্ত। ২ এর পরেও; এ সত্ত্বেও; প্রমাণ পাবার পরেও। ৩ এ অবস্থাতেও; প্রতিকূল অবস্থার মধ্যেও; তথাপি। **এখনকার** *বিণ* আজকালকার; বর্তমানের; ইদানীন্তন। **এখনকার মতো** *ক্রিবিণ* আপাতত; সম্প্রতি। **এখন-তখন** *বিণ* মুমূর্ষু; মর-মর।

এখান *বি* ১ এ স্থান। ২ এ পৃথিবী; ইহলোক। [স. স্থান>খান]। **এখানকার** *বিণ* এ স্থানের; এখানের। **এখানে** *ক্রিবিণ* এ স্থানে; এ জায়গায়; অত্র।

এখো *বিণ* ইক্ষুজাত; আখের তৈরি। [স. ইক্ষু=বা. আখ+ উয়া=আখুয়া>আউখ্যা> এখো]

এগনো, এগুনো *ক্রি* ১ অগ্রসর হওয়া; এগিয়ে যাওয়া। ২ অগ্রসর; আগুয়ান। [স. অগ্রগমন> আগ্গঅন>অগ্গন> অগন>এগ; এগো, এগুই। বা. এগা (স. √অগ্) আনো= এগনো]

এগানা *বি* আত্মীয়; স্বজন; আপন কুটুম্ব। [ফা.]। **এগানা-বেগানা** *বি* ১ আত্মীয় অনাত্মীয়। ২ আপন-পর। [ফা.]

এগারো *বি* ১১ সংখ্যা। ☐ *বিণ* ১১ সংখ্যক। [স. একাদশ>এগারহ> এগারো]। **এগারো ইঞ্চি** *বিণ* এগারো ইঞ্চি পরিমাণ লম্বা। ☐ *বি* এগারো ইঞ্চি মাপের বড় ইট।

এগিয়ে দেওয়া *ক্রি* ১ পথে কিছু দূর পর্যন্ত সঙ্গে যাওয়া। ২ উন্নতির পথে অগ্রসর হতে সাহায্য করা।

এগিয়ে যাওয়া *ক্রি* ১ সামনের দিকে অগ্রসর হওয়া। ২ উন্নতি করা।

এজমালি, ইজমালি *বিণ* যৌথ; সাধারণ; একাধিক জনের অধিকারভুক্ত। [আ.]

এজলাস, ইজলাস *বি* বিচারাসন; বিচারালয়। [আ.]

এজাজাত, ইজাজত *বি* অনুমতি; সম্মতি। [আ.]। **এজাজাতনামা** *বি* অনুমতিপত্র; ছাড়পত্র।

এজাহার, ইজাহার *বি* কোনো ফৌজদারি ঘটনা সম্পর্কে প্রদত্ত বিবৃতি; থানায় খবর দেওয়া বা নালিশ করা। [আ.]

এজেন, এজিন *বি* মুসলমানদের বিয়েতে পাত্রীর প্রদত্ত

সম্মতি বা অনুমতি। [আ.]
এজেন্ট *বি* ১ প্রতিনিধি। ২ আম-মোক্তার। ৩ প্রধান কর্মচারী; গোমস্তা। [ই.]
এজেন্সি *বি* ১ কোনো ব্যবসায়ীর প্রতিনিধিরূপে মাল বিক্রয়ের ব্যবস্থা বা ক্ষমতাদান। ২ প্রতিনিধিত্ব। ৩ প্রধান কর্মচারী বা গোমস্তারূপে কর্তৃত্ব। [ই.]
এটা, এটি *সর্ব* ইহা; এই ব্যক্তি বস্তু প্রাণী বা বিষয়। **এটা-ওটা-সেটা** *সর্ব* ১ নানা জিনিস; অবান্তর বা বাজে জিনিসপত্র। ২ অনির্দিষ্ট বা অবান্তর ব্যাপার।
এটা-সেটা *সর্ব* ১ নানাবিধ জিনিস; অকেজো বা বাজে বস্তু। ২ নানা বিষয়; বাজে বা অবান্তর বিষয়।
এড় *বি* পরিহার; ত্যাগ। [স. √ইড়=বা. √এড়]
এড়া[১] (ম-বা) *বিণ* ১ বাসি; পচা। ২ উচ্ছিষ্ট; এঁটো। [বা. √এড়+আ]
এড়া[২] *ক্রি* ১ নিক্ষেপ করা; ছাড়া। ২ ত্যাগ করা। [বা. √এড় (স.√ইড়) +বা. আ=এড়া]। **এড়িতেও পারে না বেড়িতেও পারে না**— উভয় সঙ্কট। **এড়াই-বেড়াই** *ক্রিবিণ* জড়িয়ে; এড়িবেড়ি করে। **এড়িয়ে যাওয়া** *ক্রি* পাশ কাটিয়ে যাওয়া; উপেক্ষা করা; এলোমেলো হওয়া।
এড়ানো *ক্রি* ১ অতিক্রম করা; পাশ কাটানো। ২ বর্জন করা; পরিহার করা। ৩ অমান্য করা; উপেক্ষা করা। ৪ অব্যাহতি লাভ করা; মুক্তি পাওয়া। ৫ এলোমেলো হওয়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [বা. এড়া+আনো]
এণ(ম-বা) *বি* হরিণ; মৃগ। [স., তুল. এণাক্ষি]
এণ্ডি, এড়ি *বি* ১ মোটা রেশমি কাপড়; তসরবিশেষ। ২ জুতার গোড়ালি। [স. এড়গু>এণ্ড+ই=এণ্ডি; অথবা এরণ্ডিকা>এণ্ডিআ>এণ্ডি>এঁড়ি]
এত *বিণ* ১ এ পরিমাণ। ২ এ সংখ্যক। ৩ প্রচুর; অনেক। [স. এতাবৎ>প্রা. এত্তও>এত্তিঅ; ইত্তিঅ> এত্ত>এত; অথবা এতৎ> এত]। **এতটুকু হয়ে যাওয়া** *ক্রি* অপ্রতিভ হওয়া; সঙ্কুচিত হওয়া।
এতক *বিণ* এ পর্যন্ত; এ অবধি; এখন পর্যন্ত। [স. ইয়ৎ>হি তলক/তক্]
এতৎ, এতদ্ *সর্ব* ইহা; এই; ইনি। ❑ *বিণ* সম্মুখস্থ। **এতদতিরিক্ত** *বিণ* এছাড়া; এর বেশি। **এতদনুযায়ী** *বিণ* এর অনুরূপ; এ অনুসারে। **এতদবস্থা** *বি* এ প্রকার অবস্থা; এরূপ ক্ষেত্র। **এতদর্থ** *বি* এ মর্ম, এ বক্তব্য। **এতদীয়** *বিণ* এই ব্যক্তি বা বিষয় সংক্রান্ত। **এতদুদ্দেশ্য** *বি* এ অভিপ্রায়; এ মতলব। **এতদ্দেশ** *বি* এ দেশ; এ স্থান। **এতদ্দেশীয়** *বিণ* এ দেশের। **এতদ্ব্যতীত** *অব্য* এ ছাড়া; এ ব্যতীত। **এতদ্রূপ** *বিণ* এরূপ অবস্থা।
এতাদৃশ *বিণ* এ প্রকার; এরূপ; ঈদৃশ। এতাদৃশী *স্ত্রী.*।
এতাবৎ *অব্য* এ পর্যন্ত। ❑ *বিণ* এ পরিমিত; এতটুকু; এ সমস্ত। এতাবতী *স্ত্রী.*। **এতাবৎকাল** *ক্রিবিণ* এতদিন ধরে; আজ পর্যন্ত। ❑ *বি* এ পরিমাণ সময়; এতদিন।
এতিম *বি* মাতাপিতাহীন বালক-বালিকা। ❑ *বিণ* অনাথ; অসহায়। [আ.]। **এতিমখানা** *বি* অনাথ আশ্রম।
এতেক *বিণ* এ পরিমাণ; এতটা; অত। ❑ *ক্রিবিণ* এ পর্যন্ত; এতদূর। [বা. এত+এক]
এতেকাফ, ইতিকাফ *বি* ইবাদতের উদ্দেশ্যে রমজান মাসে নির্দিষ্টকালের জন্য মসজিদে বা নির্জন ঘরে অবস্থিতি। [আ.]
এত্তেলা, ইত্তিলা *বি* সংবাদ; খবর; নোটিস। [আ.]। **এত্তেলানামা** *বি* সমন; বিজ্ঞাপন; লিপিবদ্ধ বর্ণনা।
এথা *অব্য, ক্রিবিণ* অত্র; এখানে; এদিকে। [স. অত্র>প্রা. এত্থ>এথ+আ=এথা]
এদিক *বি* ১ এই দিক। ২ এ স্থান বা অঞ্চল বা দেশ। ৩ এ পক্ষ। **এদিক-ওদিক, এদিক-সেদিক** *বি* চারদিক। ❑ *ক্রিবিণ* ইতস্তত। **এদিক-ওদিক করা** *ক্রি* ইতস্তত করা; দ্বিধায় পড়া। **এদিক-সেদিক করা** *ক্রি* ১ হেরফের করা; ফাঁকি দেওয়া। ২ কম দেওয়া। **এদিকে** *ক্রিবিণ* ১ এ স্থানে; এ অঞ্চলে; এ দেশে; এখানে। ২ এ পক্ষে। ৩ এ অবস্থায়; ইতোমধ্যে।
এধার *বি* ১ এদিক। ২ এ অঞ্চল। **এধার-ওধার** *বি* এদিক-ওদিক; চতুর্দিক; সর্বত্র। ❑ *ক্রিবিণ* ইতস্তত। [বা. এ+ধার (দিক)+ঐ+ধার=এধার-ওধার; তুল. হি. ইধর-উধর]। **এধারে** *ক্রিবিণ*।
এনকোর *বি* ১ অভিনয় নৃত্যগীত পুনরায় দেখাবার বা শুনাবার জন্য অনুরোধ। ২ বাহবা। [ই. encore]
এনামেল, ইনামেল *বি* প্রলেপ; কলাই; মিনা। ❑ *বিণ* কলাই করা; মিনা করা। [ই. enamel]
এন্ট্রান্স, এনট্রান্স *বি* প্রবেশিকা; পরীক্ষা; মাধ্যমিক শিক্ষা বোর্ডের প্রথম পরীক্ষা। [ই. entrance]। **এন্ট্রান্স পাশ** *বিণ* প্রবেশিকা পরীক্ষোত্তীর্ণ।
এন্তার *বিণ* অজস্র; দেদার। ❑ *ক্রিবিণ* ক্রমাগত; বিরামহীন (এন্তার গান তার ভাসে ভোর বাতাসে—নজরুল)। [পো. entaro]
এন্তেকাল, ইন্তেকাল *বি* মৃত্যু। [আ. ইনতিকাল]
এন্তেকালি, ইন্তেকালি *বি* জমির মালিকানা বদল, এক নামের পরিবর্তে অন্য নাম বসানো।
এপার *বি* একূল; এদিক। **এপার-ওপার** *বি* ১ নদীর এপার থেকে ওপার; পারাপার। ২ কোনো কিছুর এপিঠ থেকে ওপিঠ পর্যন্ত; সম্মুখ থেকে পশ্চাৎ পর্যন্ত। [বা. এই>এ+স. পার=এপার+বা. ওই> ও+স. পার+এপার-ওপার]
এপাশ-ওপাশ *বি* উভয়দিক; সবদিক। **এপাশ-ওপাশ করা** *ক্রি* ১ বিছানার এক পাশ থেকে অন্য পাশ পর্যন্ত গড়াগড়ি করা। ২ যন্ত্রণায় ছটফট করা।
এপিঠ-ওপিঠ *বি* দুদিক; উভয়দিক; উপর-নীচ। [বা. এই>এ+পিঠ<স. পৃষ্ঠ⟹এপিঠ+ওই>ও+পিঠ<স. পৃষ্ঠ]
এফিডেভিট *বি* হলফনামা; শপথ করে লেখা উক্তি। [ই.]
এফোঁড়-ওফোঁড় *ক্রিবিণ* ১ একদিক থেকে অপরদিক পর্যন্ত। ২ সম্পূর্ণভাবে বিদ্ধ (এফোঁড়-ওফোঁড় করা)। [বা. √ফুঁড়<স.√স্ফুট্ (ছেঁদা করা)]
এবং *অব্য* ১ আর; ও; and। ২ এমন; এ প্রকার (এবংবিধ, এবম্প্রকার)। **এবংবিধ, এবম্প্রকার** *বিণ* এরকম; এরূপ; ঈদৃশ।
এবড়ো-থেবড়ো, এবড়ো-খেবড়ো *বিণ* ১ অসমতল; উচুনিচু; বন্ধুর। ২ অমসৃণ। [বা. তুল. হি. উভড়-খাপড়]
এবতেদায়ি মাদ্রাসা *বি* ধর্মশিক্ষার প্রাথমিক পর্যায়ের মাদ্রাসা।
এবাদত, ইবাদত *বি* উপাসনা; প্রার্থনা। [আ. ইবাদৎ]। **এবাদতখানা** *বি* ১ (ফতেপুর সিক্রিতে) আকবরের বিখ্যাত ধর্মচর্চার আসর। ২ উপাসনালয়। **এবাদতগাহ** *বি* উপাসনার স্থান; মসজিদ। **এবাদত-বন্দেগি, ইবাদত-**

বন্দেগি *বি* উপাসনা; আরাধনা; প্রার্থনা।

এবার *ক্রিবিণ* ১ এখন; এ সময়ে। ২ এ যাত্রা; এ দফা। ৩ এ বৎসর। ৪ এ অবস্থায়; এক্ষেত্রে। ৫ এ জীবন বা জীবনে। **এবারকার** *বিণ* ১ এবারের। ২ এ বৎসরের।

এবারত, ইবারত *বি* ১ রচনা-রীতি; form; বাগ্‌ধারা। ২ মুসাবিদা; খসড়া। ৩ রচনা বিবরণী। [আ. ইবারৎ]

এবে (পদ্য) *ক্রিবিণ* ১ এ সময়; এখন। ২ অতঃপর। ৩ অধুনা; আজকাল।

এবেলা *ক্রিবিণ* ১ এই সময়ে। ২ দিবসের যে কোনো এক ভাগে।

এভিনিউ *বি* তরুশ্রেণীর মধ্যবর্তী প্রশস্ত পথ। [ই. avenue]

এম এ *বি* ১ বিশ্ববিদ্যালয়ের কলাবিভাগের উচ্চতর ডিগ্রি বা উপাধিবিশেষ; কলাবিদ। ২ ঐ উপাধিধারী ব্যক্তি। [ই. Master of Arts]।

এম এস-সি *বি* ১ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের উচ্চতর ডিগ্রি বা উপাধিবিশেষ; বিজ্ঞানবিদ। ২ ঐ উপাধিধারী ব্যক্তি। [ই. Master of Science]

এম ডি *বি* ১ চিকিৎসা শাস্ত্রে বিশ্ববিদ্যালয়ের উচ্চ উপাধিবিশেষ। ২ ঐ উপাধিধারী ব্যক্তি। [ই. *Medicinae Doctor* (Doctor of Medicine)]

এমন *বি, বিণ, ক্রিবিণ* এরূপ; এ প্রকার; ঈদৃশ। [বা. এই> এ + মন= এমন]। **এমনই, এমনি** *বি* এরূপই; এরকম। **এমনকি** *অব্য* অধিকন্তু; আরো। **এমন কিছু** *বিণ* বিশেষ কিছু; উল্লেখযোগ্য; প্রয়োজনীয়। **এমনটি** *সর্ব* এমন দ্বিতীয়টি; ঠিক এ ধরনের আরেকটি। **এমনতর, এমনিতর** *বিণ* এ প্রকার; ঠিক এ রকম। **এমন তেমন** *বি* ১ সাধারণ আগ্রহ করার মতো। ২ বেগতিক; বিপদের সম্ভাবনা। **এমনধারা** *বিণ* এ ধরনের।

এম বি *বি* বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা বিজ্ঞান বিষয়ের উপাধি; চিকিৎসা-স্নাতক। [ই. *Medicinae Baccalaureus* (Bachelor of Medicine)]

এম বি বি এস *বি* চিকিৎসা ও শল্যবিদ্যায় স্নাতক। [ই. Bachelor of Medicine and Bachelor of Surgery]

এমুখো *ক্রিবিণ* এদিকবর্তী; এদিকগামী (এখন যে আর এমুখো হও না)।

এমুড়া-ওমুড়া, এমুড়ো-ওমুড়ো *ক্রিবিণ* ১ এ মাথা থেকে ও মাথা পর্যন্ত; এ প্রান্ত থেকে ও প্রান্ত পর্যন্ত। ২ আপাদমস্তক। ☐ *বিণ* সম্পূর্ণ; সমগ্র। [বা. এই> এ+মুড়+ আ<মুড়<মুঁড়<স. মুণ্ড]

এযাত্রা *বি, ক্রিবিণ* এ পর্যন্ত; এখন পর্যন্ত; একাল পর্যন্ত।

এযাবৎ *অব্য, ক্রিবিণ* এ পর্যন্ত; এখন পর্যন্ত; একাল পর্যন্ত।

এয়ার হোস্টেস *বি* বিমানবালা; বিমানের যাত্রীদের সেবিকা; বিমানস্থ যাত্রীসহায়িকা। [ই. air-hostess]।

এয়ো *বি* সধবা নারী। ☐ *বিণ* সধবা; স্বামী বর্তমান আছে এমন। **এয়োত, এয়োতি** *বি* অবৈধব্য; সধবার চিহ্ন। **এয়োতি** *বিণ* সধবা। ☐ *বি* সধবা নারী। [স. অবিধবা> অবিহবা> অইহওয়া> আইহয়া> আয়্যা> এয়ো; এও]

এরণ্ড, এরণ্ডক *বি* ১ ভেরেণ্ডা গাছ; রেড়ি গাছ। ২ আগাছা; বাজে গাছ। **এরণ্ডপত্রিকা, এরণ্ডপত্রী** *বি* দন্তীবৃক্ষ। **এরণ্ড** *বি* পিপ্পলী গাছ।

এরশাদ, ইরশাদ *বি* আদেশ; নির্দেশ। [আ. ইরশাদ]

এরাদা, ইরাদা *বি* সঙ্কল্প; অভিপ্রায়; ইচ্ছা। [আ. ইরাদা]

এরূপ *বি, সর্ব, ক্রিবিণ* এ প্রকার।

এল এম এস *বি* চিকিৎসা শাস্ত্রে বিশ্ববিদ্যালয়ের উপাধিবিশেষ। [ই. Licentiate in Medicine and Surgery]

এলা[১] *বি* এক প্রকার লতা; তার ফল এলাচ; এলাচি। [স.]

এলা[২] *বিণ* আলগা; ঝুরঝুরে; শিথিল; এলো; বিস্রস্ত। [স. আকুল> আউল+আ+আউলা> আইলা> এলা]

এলাকা, এলেকা *বি* ১ অঞ্চল; প্রদেশ। ২ সম্পর্ক; সংস্রব; সম্বন্ধ। ৩ সীমা। ৪ অধিকার; দখল। [আ. ইলাকা]

এলাকাড়ি, এলাকাঁড়ি *বি* শৈথিল্য; ঢিলেমি; অমনোযোগ। **এলাকাড়ি দেওয়া** *ক্রি* শৈথিল্য দেখানো; মনোযোগী না হওয়া। [আঞ্চলিক]

এলাচ, এলাচি *বি* সুগন্ধি মসলাবিশেষ; বীজযুক্ত ফলবিশেষ। [স. এলা+বা. চি> ইচ]

এলানো *ক্রি* ১ আলুলায়িত করা; শিথিল করা; আলগা করা। ২ অবসন্ন হওয়া (গা এলিয়ে পড়া)। ৩ ধান ভানা; তুষ ছাড়ানো। ☐ *বিণ* ১ আলুলায়িত; শিথিল; এলো। ২ ক্লান্ত; অবসন্ন। [স. আকুল> আউল+আ= আউলা> এলা> +আনো]। **এলে দেওয়া** *ক্রি* ১ আলগা করে দেওয়া; ছড়িয়ে দেওয়া। ২ ভানার সময়ে ধান নেড়ে দেওয়া। ৩ শাসন শিথিল করা।

এলাহি, ইলাহি *বি* আল্লাহ; খোদা; ঈশ্বর। ☐ *বিণ* বিরাট; বৃহৎ (এলাহি কাণ্ড কারখানা)। [আ. ইলাহী]। **এলাহি কাণ্ড, এলাহি কারখানা, এলাহি ব্যাপার** *বি* বিরাট ব্যাপার; মহা ধুমধাম। **এলাহি সন** *বি* সম্রাট আকবর কর্তৃক প্রবর্তিত সাল। **দীন-ই-এলাহি** *বি* আকবরের প্রবর্তিত একেশ্বরবাদ।

এলুয়া, এলুয়ে *বিণ* এলোমেলো; খোলা। [স. আকুল> আউল+উয়া=আউলুয়া> এলুয়া; আঞ্চলিক]

এলেঙ্গা, এলেংগা *বি* এক প্রকার মাছ। [দেশী]

এলেম, ইলম *বি* বিদ্যা; জ্ঞান; বিজ্ঞান। [আ. ইলম]। **এলেমদার** *বি, বিণ* বিদ্বান; জ্ঞানী; সুধী। **এলেমবাজ** *বিণ* ১ বিদ্বান; জ্ঞানী। ২ বুদ্ধিমান; সুচতুর। ৩ বিশেষজ্ঞ; কার্যকুশল। [আ]। **তালিব-ই-ইলম** *বি* ছাত্র; বিদ্যার্থী। [আ.]

এলো[১] *ক্রি* আগমন করলো। [স. আয়াত+ প্রা. ইল্ল> আয়াতিল্ল> আয়াইল্ল> এলো]

এলো[২] *বিণ* ১ আলুলায়িত; মুক্ত; এলানো। ২ শিথিল; আলগা (এলো খোঁপা)। ৩ অসম্বদ্ধ; অসংযত (এলো কথা)। ৪ গোলমেলে; বিশৃঙ্খল। ৫ অবাধ্য। [স. আকুল> আউল> আলু> এলো]। **এলোকেশ, এলোচুল** *বি* আলুলায়িত বা অসংযত কেশ; খোলাচুল। **এলোকেশী, এলোচুল** *বি* আলুলায়িত চুল যার; মুক্তকেশী। **এলোথেলো** *বিণ* ১ আলুথালু; শিথিল; অবিন্যস্ত; আলগা। ২ বিশৃঙ্খল; গোলমেলে।

এলোপাতাড়ি, এলোপাথাড়ি *বিণ* বিশৃঙ্খল; এলোমেলো। ☐ *ক্রিবিণ* বিশৃঙ্খলভাবে; এলোমেলোভাবে; যেমন তেমন করে। ☐ *বিণ* ১ বেধড়ক; মাত্রাজ্ঞানশূন্য। ২ দিগ্বিদিক জ্ঞানশূন্য। ৩ ক্রমাগত। [বা. এলো+পাথ+ওয়াড়ি =এলোপাথোয়াড়ি> এলোপাথাড়ি?]

এলোমেলো *বিণ* ১ বিশৃঙ্খল; অগোছালো; বিক্ষিপ্তভাবে

ছড়ানো। ২ অসংলগ্ন; সম্বন্ধহীন; অসম্বন্ধ।

এশা, ইশা *বি* ১ পাঁচবেলা নামাজের শেষতম নামাজের নাম; রাত্রির প্রথম প্রহরে পঞ্চমবার নামাজের সময়। ২ রাত্রিকালীন নামাজ। ৩ রাত্রির প্রথম যাম। [আ.]

এশ্‌ক, এস্‌ক, ইশ্‌ক *বি* ১ প্রেম; প্রণয়। ২ আসক্তি; অনুরাগ। [আ. ইশ্‌ক]। **এস্কে দেওয়ানা** *বি* প্রেমের পাগল।

এষণা, এষা[১] *বি* ১ অন্বেষণ; অন্বেষা; অনুসন্ধান। ২ বাসনা; কামনা; ইচ্ছা। [সং. √ইস্‌]

এষা[২] *বিণ স্ত্রী.* ১ বাঞ্ছিতা; ঈপ্সিতা। ২ অন্বেষণযোগ্যা। ৩ স্মরণীয়া।

এসপার-ওসপার, এসপার কি ওসপার *বি* ১ চূড়ান্ত নিষ্পত্তি; শেষ মীমাংসা। ২ সফলতা কিংবা বিফলতা; জীবন কিংবা মৃত্যু; বাঁচা বা মরা। ৩ ভালো কিংবা মন্দ; লাভ বা ক্ষতি। [হি.]

এসরাজ, এস্রাজ *বি* সেতার ও সারঙ্গীর মিশ্রণে তৈরি আধুনিক বাদ্যযন্ত্রবিশেষ। [আ. এস্‌রার]।

এসেন্স *বি* পুষ্পাদির সুগন্ধ নির্যাস; গন্ধসার। [ই. essence]

এস্টেট *বি* জমিদারি। [ই.]

এস্তেঞ্জা, ইস্তিনজা *বি* ১ পবিত্রতা অর্জন। ২ মলমূত্র ত্যাগান্তে পবিত্রতা লাভ। [আ.]

এস্তেমা, ইস্তিমা *বি* ধর্মীয় জমায়েত (টঙ্গী বিশ্ব এস্তেমা; সম্মেলন। [আ.]

এস্তেমাল, ইস্তিমাল *বি* ১ ব্যবহার; প্রয়োগ। ২ অনুশীলন; অভ্যাস। [আ. ইস্‌তিমা'ল]

এহ (প্রা-বা) *সর্ব* এই; এই ব্যক্তি বস্তু বা বিষয়।

এহরাম, ইহরাম *বি* হজব্রত গ্রহণের চিহ্নস্বরূপ সেলাইহীন কাপড় পরা, বৈষয়িক চিন্তা-কর্ম-আচরণ পরিহার, মাথা মুড়ানো এবং দাড়ি বা নখ না-কাটা ইত্যাদি প্রারম্ভিক কর্ম ও আচার। [আ.]

এহেন (প্রা-বা) *ক্রিবিণ* এমন; এ প্রকার; এরূপ।

ঐ

ঐ[১] বাংলা বর্ণমালার নবম স্বরবর্ণ।

ঐ[২], **ওই, অই** *অব্য* ১ অদূরে বা সম্মুখবর্তী কোনো কিছু নির্দেশ। ২ স্মরণ সম্বোধন ও আক্ষেপাদি সূচক। ❑ *বিণ* নির্দিষ্ট; উল্লিখিত; সেই।

ঐকতান *বি* সম্মিলিত সুর; বহু সুন্দরের সমন্বয়ে এক সুরঝঙ্কার; একাধিক কণ্ঠ বা বাদ্য হতে উত্থিত গীতধ্বনির পরস্পর সংঘাতজনিত সুরতরঙ্গ; concert।

ঐকপদিক *বিণ* ১ (ব্যা.) অভিন্ন বিভক্তিযুক্ত পদ থেকে জাত, যেমন—দ্বন্দ্ব সমাসবদ্ধ পদ প্রভৃতি। ২ এক পদ থেকে উদ্ভূত।

ঐকপদ্য *বি* একপদতা; একাধিক পদের এক অর্থ প্রকাশ ক্ষমতা, যেমন—বহুব্রীহি সমাসবদ্ধ পদ বীণাপাণি।

ঐকবাদন *বি* একাধিক বাদ্যযন্ত্রের সমস্বর বাদ্য।

ঐকমত্য *বি* একমত; মতের অভিন্নতা; মতের মিল বা ঐক্য; consensus।

ঐকান্তিক *বিণ* ১ নিবিড়; প্রগাঢ়; আত্যন্তিক; একনিষ্ঠ; দৃঢ়। ❑ *ক্রিবিণ* একাগ্রভাবে; অনন্যমনে; একনিষ্ঠার সঙ্গে; অভিনিবিষ্ট হয়ে। **ঐকান্তিকতা** *বি*।

ঐকার *বি* ১ ব্যঞ্জনবর্ণের সঙ্গে ঐ স্বরধ্বনির প্রতীকরূপে ব্যবহৃত 'ৈ' চিহ্ন। ২ ঐ বর্ণ।

ঐক্য *বি* ১ একত্ব; একতা। ২ সাদৃশ্য; সাযুজ্য; সাধর্ম্য; সমতা; মিল। ৩ অভেদ।

ঐচ্ছিক *বিণ* ইচ্ছাধীন; ইচ্ছাসাপেক্ষ; optional। ২ ইচ্ছানুরূপ; ইচ্ছানুযায়ী।

ঐছন, অইছন *বিণ* ঐরূপ। ❑ *ক্রিবিণ* ঐছনে। [ব্রজবুলি. তুল. হি. 'এসন' এবং 'ঐসে']

ঐছে, ঐসে, অইছে (ম-বা) *ক্রিবিণ* ঐরূপে।

ঐটি, ঐটা *সর্ব* নিকটস্থ বা আলোচ্য বহু বিষয় বা পদার্থের মধ্যে উদ্দিষ্ট একটি—সম্ভ্রমার্থে টি তুচ্ছার্থে টা, টে।

ঐতরেয় *বি* ঐতরেয় মুনি প্রণীত ঋগ্বেদের সটীক অংশবিশেষ; (ঐতরেয় ব্রাহ্মণ) গ্রন্থ।

ঐতিহাসিক *বি* ১ ইতিহাসজ্ঞ; ইতিহাসবেত্তা। ২ ইতিহাসকার; ইতিহাস লেখক। ❑ *বিণ* ১ ইতিহাস সম্বন্ধীয়; ইতিহাসভিত্তিক। ২ ইতিহাসে স্থান লাভের যোগ্য; ইতিহাসরূপে গণ্য হবার উপযুক্ত ঐতিহাসিক ঘটনা।

ঐতিহ্য *বি* ১ পরম্পরাগত কথা বা প্রথা; পুরুষানুক্রমিক ধারা। ২ ঐতিহাসিক কথা। ৩ কিংবদন্তী; বিশ্রুতি; লোকপ্রসিদ্ধি; ব্যক্তির, পরিবারের, দেশের, জাতির, মানুষের গৌরবময় কৃতি-কীর্তি, বাণী, মনীষা ও মহৎ চিন্তা-চেতনাই ঐতিহ্য; অতীতের যে মর্মবস্তু বা প্রেরণা বর্তমান ও ভবিষ্যতে কাজে লাগে। [সং. ইতিহ+য]

ঐন্দ্র *বিণ* ইন্দ্রসম্বন্ধীয়। ❑ *বি* ইন্দ্রপুত্র।

ঐরাবত *বি* ১ হাতি। ২ পুরাণপ্রসিদ্ধ সমুদ্রমন্থনে উত্থিত হস্তী; হিন্দুপুরাণে ইন্দ্রের বাহনের নাম 'ঐরাবত'।

ঐরূপ *বিণ* ঐ প্রকার; ঐ রকম; ঐমতো; অমন।

ঐশ, ঐশিক, ঐশ্বর *বিণ* ঈশ্বর সম্বন্ধীয়; ঈশ্বরের; ঈশ্বরকৃত। **ঐশী** *বিণ স্ত্রী.* ঐশী মায়া।

ঐশ্বরিক *বিণ* ঈশ্বর বিষয়ক; ঈশ্বর সম্বন্ধীয়। [সং. ঈশ্বর+ ষ্ণিক]

ঐশ্বর্য *বি* ১ অর্থ; ধন; সম্পত্তি; বিভব প্রভৃতির মালিকানা। ২ বিপুল ধনসম্পত্তির সঙ্গে প্রভাব-প্রতিপত্তি। ৩ অণিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রকাশ্য, মহিমা, ঐশিত্ব, বশিত্ব, কামাবসায়িতা—এই আট প্রকারের যোগলব্ধ অলৌকিক শক্তি বা গুণ। [সং. ঈশ্বর+য]

ঐহলৌকিক *বিণ* ইহলোক সম্বন্ধীয়; ঐহিক। **পারত্রিক** *বিপ.*।

ঐহিক *বিণ* ১ ইহলোকের; এ জন্মের। ২ ইহলোক বিষয়ক; ইহলোক সংক্রান্ত। [সং. ইহ+ষ্ণিক]। **ঐহিকদর্শী** *বিণ* ইহকালের সুখদুঃখ দর্শনকারী; সাংসারিক; ভোগান্বেষী; ইহকালসর্বস্ব। **ঐহিকদর্শিতা** *বি*। **ঐহিকদর্শিনী** *স্ত্রী.*। **ঐহিকবাদী** *বিণ.* ভোগবাদী; জাগতিক সুখ সমর্থক; ইহলৌকিক সুখের পক্ষাবলম্বী।

ও

ও[১] বাংলা বর্ণমালার দশম স্বরবর্ণ।
ও[২] *অব্য* ১ সংযোজক অব্যয়। ২ পর্যন্ত। ৩ সম্ভাবনা বোঝাতে। ৪ অধিকন্তু বোঝাতে।
ও[৩] *সর্ব* নির্দিষ্ট ব্যক্তি বস্তু বা বিষয়। ☐ *বিণ* ১ অপর; অন্য। ২ ঐ; ওই (ও কথা, ও লোক)।
ও[৪] *অব্য* ১ বিস্ময় প্রকাশে। ২ সম্বোধনে। ৩ স্মরণ বা অনুধাবন (ও তাই বলো)।
ও[৫] *অব্য* বাংলা পদান্তিক 'অ'-স্বরের অর্ধস্ফুট উচ্চারণজাত 'ও', যথা—'ভালো', 'মতো', 'করানো', 'মন মাতানো' ইত্যাদি।
ওই *অব্য* ১ নির্দেশে। ২ ভয় বা আতঙ্কসূচক। ☐ *বিণ* সেই; একই।
ওঃ *অব্য* মনস্তাপ দুঃখ ক্রোধ বিরক্তি বিস্ময় স্মরণ অবজ্ঞা ইত্যাদিসূচক।
ওঁ, ওম, ওঙ্কার *অব্য* ১ ওঁ=ওম্— এটি 'অ' (=বিষ্ণু) +'উ' (=শিব) +ম্ (=ব্রহ্মা) এই তিন সাঙ্কেতিক অক্ষরের সমাহার; এই সকল মন্ত্রের আদি বীজ 'প্রণব'। এর অপর নাম 'ওঙ্কার'। ২ আঁজি বা আদ্যক্ষর; সর্বপ্রকার অক্ষরের বা ধ্বনির আদ্য বীজ। এটি হিন্দু সমাজের বিশ্বাসের একটি তাৎপর্যপূর্ণ অঙ্গ। মুসলিমরাও মধ্যযুগে আঁজি অর্থে 'আল্লাহ' বুঝতো এবং '৭' চিহ্ন দিয়ে তা লেখায় ব্যক্ত করতো। এই চিহ্ন বিসমিল্লাহর প্রতীকও। [স.]
ওঁচলা *বি* আবর্জনা; জঞ্জাল; তরকারি ইত্যাদির খোসা। ☐ *বিণ* আবর্জনাময়; জঞ্জালপূর্ণ। [স. উঞ্ছ (তুচ্ছ; অকিঞ্চিৎকর অর্থে)>উচ>ওঁচ+লা=ওঁচলা]
ওঁচা, ওঁছা *বিণ* ১ বাজে; নিকৃষ্ট; খোলা। ২ পরিত্যক্ত। ৩ ঘৃণ্য; হেয়; নীচ। [স. উঞ্ছ ('তুচ্ছ' অর্থে) উছ+আ=ওঁচা, ওঁছা]
ওঁয়াওঁয়া *অব্য* নবজাত শিশুর ক্রন্দনধ্বনি।
ওকড়া *বি* ক্ষুদ্রাকার গুল্মবিশেষ বা এর কণ্টকময় ফল।
ওকার *বি* ১ ব্যঞ্জনবর্ণের সঙ্গে 'ও' স্বরধ্বনির প্রতীক রূপে ব্যবহৃত 'ো' চিহ্ন। ২ 'ও' বর্ণ। **ওকারাদি** *বিণ* আদিতে 'ও' ধ্বনিবিশিষ্ট। **ওকারান্ত** *বিণ* অন্তে 'ও' ধ্বনিবিশিষ্ট।
ওকালত *বি* ১ উকিলের কাজ বা চাকরি। ২ ভারার্পণ; মনোনয়ন। [আ.]। **ওকালতনামা, উকিলনামা** *বি* উকিলের প্রতি ক্ষমতা অর্পণের পত্র; আমমোক্তারনামা; power of attorney। **ওকালতি, ওকালতী** *বি* ১ উকিলের কর্ম বা পেশা। ২ বিশেষ পক্ষ সমর্থন। ☐ *বিণ* উকিল সম্বন্ধীয়।
ওকি *অব্য* প্রশ্ন বিস্ময় বা ভয়সূচক।
ওক্ত=ওয়াক্ত।
ওখান *বি* ঐ স্থান; নির্দিষ্ট স্থান। **ওখানে** *ক্রিবিণ*। **ওখানকার** ঐ স্থানের।
ওগর *বি* চাল ডাল একত্র সিদ্ধ করা খিচুড়ি। [বা.]
ওগরানো, ওগলানো = উগলানো।
ওগায়রা, ওগয়রহ *অব্য* ইত্যাদি; প্রভৃতি; আর; অন্যান্য। [আ. ওগয়রহ্]। **ওগায়রা-ওগায়রা** *অব্য* ইতাদি ইত্যাদি।
ওগো *অব্য* সম্বোধনসূচক।
ওঙ্কার *বি* ওঁ; প্রণব।
ওজঃ (ওজস্) *বি* ১ তেজ; বল। ২ সাহিত্যের গুণবিশেষ; রচনায় যে ধর্ম বা স্টাইল থাকলে চিত্ত উদ্দীপ্ত হয়। ৩ দীপ্তি।
ওজন *বি* ১ মাপ; তৌল। ২ গুরুত্ব। ৩ মর্যাদা। ৪ ক্ষমতা; শক্তি; সঙ্গতি। [আ. ৱযন]
ওজর *বি* ১ আপত্তি। ২ মিথ্যা; অজুহাত; ছল। ৩ কৈফিয়ত। [আ. উযর]
ওজস *বি* দীপ্তি; শোভা। [স.]
ওজস্বী *বিণ* ওজোগুণবিশিষ্ট; উদ্দীপনাপূর্ণ; তেজোদীপ্ত। [স. ওজস্+বিন্]। **ওজস্বিনী** *স্ত্রী*। **ওজস্বিতা** *বি* বলিষ্ঠতা; ওজোগুণ।
ওজারত *বি* উজিরের পদ; মন্ত্রিত্ব। [আ. ওযারৎ]। **ওজারতি** *বিণ*।
ওজিফা, অজিফা *বি* ১ দৈনিক নির্দিষ্ট সময় তসবিহ পড়া; কুরআনের সুরাহ্ পড়া। ২ সংকলন বা কুরআনের নির্দিষ্ট কিছু সুরা পড়ার গ্রন্থ। ৩ দৈনিক নির্দিষ্ট ভাতা। [আ.]
ওজু ⇒ অজু।
ওজুদ *বি* ১ দেহ। ২ অস্তিত্ব। [আ. ওজুদ]
ওজোগুণ *বি* সাহিত্যের গাম্ভীর্য সম্পাদনকারী গুণবিশেষ; রচনায় যে ধর্ম বা প্রকাশভঙ্গি থাকলে চিত্ত উদ্দীপ্ত হয়। [স. ওজস্+গুণ]
ওজোন *বি* তিন পরমাণুবিশিষ্ট অক্সিজেন (O_3)। **ওজোন-স্তর** *বি* বায়ুমণ্ডলস্থ ওজনের স্তর—যা ক্ষতিকর মহাজাগতিক রশ্মি থেকে পৃথিবীকে রক্ষা করে।
ওজ্জা, ওয্যা (বিরল) *বি* পৌত্তলিক যুগের আরবের প্রসিদ্ধ আরাধ্যদেবী; লা'ত মনাত ও ওজ্জা পৌত্তলিকদের উপাস্য 'আল্লাহ'র তিন কন্যা। [আ.]
ওঝা *বি* ১ সাপের বিষ চিকিৎসক; যারা সাপের বিষ ঝাড়ে। ২ মন্ত্র উচ্চারণপূর্বক ভূত ছাড়ায় যারা। ৩ উপাধিবিশেষ। ৪ বাজিকর; কুহকী; মায়াবী। [স. উপাধ্যায়> ওবজ্ঝায়> ওঝাঅ>ওঝা]
ওটকিস্তি *বি* দাবা খেলার এক পক্ষের বল উঠে যাওয়ায় যে কিস্তি পড়ে। [বা. উঠা+ফা. কিস্তি=উঠা কিস্তি>ওটা কিস্তি> ওটকিস্তি]
ওটা *সর্ব* নির্দিষ্ট কোনো কিছু বোঝাতে বিশেষ বস্তু বা বিষয় উল্লেখে ব্যবহৃত সর্বনাম।
ওড্র, ওঢ্র (ম-বা) *বি* ১ ওড়িষ্যা; উৎকল দেশ। ২ জবাফুল।
ওড়[১], **ওড়ফুল**[১] *বি* জবাফুল। [স. ওড্র>ওডঢ> ওঢ়>ওড়]
ওড়ং *বি* নারিকেল মালার তৈরি হাতাবিশেষ। [স. উদঙ্ক> উড়ঙ্ক>ওড়ং; তুল. পালি 'উলঙ্ক']
ওড়না *বি* ১ চাদরজাতীয় গাত্রাবরণবিশেষ। ২ অবগুণ্ঠন; অববেষ্টন। [স. অববেষ্টনিকা> ওবেড়ঢ়নিআ>ওঢ়নিঅ> উড়নি>]
ওড়ব, ঔড়ব *বি* (সং) পঞ্চস্বরাত্মক রাগের নাম; সঙ্গীতের রাগরাগিণীর নামবিশেষ।
ওড়ম্বা, উরম্বা *বিণ* অমিতব্যায়ী; নিষ্কর্মা; লম্পটপ্রকৃতির —কোনো কোনো অঞ্চলে 'ওলাম্বরে' প্রচলিত—[তুল. হি. উড়ঙ্কু; উড়ঙ্কা। আ. 'মুলম্মা>বা. 'মলম্বা' শব্দের প্রভাবে বা. 'উডম্বা' শব্দ 'ওড়ম্বা' গঠিত বলে মনে হয়।
ওড়া[১] (ম-বা) *বি* ঝাঁকা; মাটি বা মোট বহনের কাজে ব্যবহৃত ধামাবিশেষ; টুকরি।

ওড়ামুড়ি *বি* অস্থিরতাব্যঞ্জক পার্শ্ব-পরিবর্তন; কাতরতা জনিত ছটফটানি। [ওড়ামুড়ি=মোড়ামুড়ি বা. √মুড় (মোচড় দেওয়া; বাঁকানো)+ আ=মোড়ামুড়ি (দ্বিরুক্তিতে)]
ওড়িয়া, উড়িয়া, উড়ে *বি*১ উড়িষ্যার লোক। ২ উড়িষ্যার ভাষা। ☐ *বিণ*১ উড়িষ্যা সম্বন্ধীয়। ২ উড়িষ্যাদেশে জাত; উড়িষ্যা দেশীয়।
ওত, ওঁত *বি* আক্রমণের জন্য সতর্কতার সঙ্গে প্রতীক্ষা। **ওত পাতা, ওঁৎ পাতা** *ক্রি*। [স. ওতু (বিড়াল)+বৎ= ওতুবৎ>ওউওত>ওত, ওঁত]
ওতপ্রোত *বিণ* বিশেষভাবে জড়িত; অন্তর্ব্যাপ্ত; সব স্থান ব্যেপে অবস্থান; পরস্পর জড়িত; পরিব্যাপ্ত; নিঃশেষে মিশ্রিত। [স. ওত (ব্যাপ্ত)+প্রোত (গ্রথিত)=ওতপ্রোত]
ওদন *বি* অন্ন; ভাত। **ওদনপ্রাশন** *বি* হিন্দু সমাজের অন্নপ্রাশন; মুখে ভাত দেওয়া অনুষ্ঠান।
ওদা *বিণ* ভেজা; নরম; খাস্তা নয় এমন। [স. আর্দ্র> প্রা. ওদ্দ+আ=ওদ্দা>ওদা]
ওদিক *বি*১ ঐদিক; অপর দিক। ২ ঐদেশ। ৩ অপর পক্ষ।
ওধার *বি* ওদিক; অপর দিক; দূরবর্তী নির্দিষ্ট স্থল। [বা. ও+স. ধার=ওধার]
ওফাত, ওফাৎ *বি* মৃত্যু; পরলোকগমন। [আ.]
ওফাদার *বিণ* অনুগত; বাধ্য; বশ; বিশ্বস্ত। [আ. ওফা+ফা. দার]। **ওফাদারি, ওফাদারী** *বি* আনুগত্য; বশ্যতা; বাধ্যতা; অঙ্গীকার পূরণ; বিশ্বস্ততা।
ওম১⇒ওঁ।
ওম২⇒উম। [স. উষ্ণ>উম্‌হ>ওম]।
ওমর, উমর *বি*১ বয়স। ২ ইসলামের অন্যতম খলিফা। [আ.]
ওমরা, উমরা *বি*১ আমিরগণ; বাদশাহের অধীন বিশেষ ক্ষমতাসম্পন্ন ব্যক্তিবর্গ। ২ অভিজাত বর্গ; ক্ষমতাশালী ধনী সম্প্রদায়। [আ.]
ওয়াক *অব্য*১ বমনের শব্দ। ২ বমি; উদ্‌গার। ৩ ছিঃ।
ওয়াকিফ, ওয়াকিব *বিণ* জ্ঞাত; বিদিত; অভিজ্ঞ; কোনো বিষয়ে সংবাদ বা জ্ঞানপ্রাপ্ত। ☐ *বি* জ্ঞাপন; ব্যক্ত। [আ.]। **ওয়াকিফহাল** *বিণ* বিশেষ অবস্থা সম্পর্কে জ্ঞাত বা অভিজ্ঞ।
ওয়াকফ *বি* ধর্ম বা পুণ্যের উদ্দেশ্যে সম্পত্তি দান; এক প্রকার উইল। [আ.]। **ওয়াকফনামা** *বি* ধর্ম বা খোদার নামে প্রদত্ত দানপত্র বা দেবত্রের (দেবোত্তরের) দলিল।
ওয়াক্ত *বি*১ সময়; কাল। ২ সুযোগ; উপযুক্ত সময়। ৩ নির্দিষ্ট সময়, বিশেষত নামাজের সময়। **ওয়াক্তি, ওক্তিয়া** *বিণ* নির্ধারিত সময়ের; নির্দিষ্ট ওয়াক্তের। [আ.]
ওয়াজ *বি* উপদেশ বা বক্তৃতা; ধর্মব্যাখ্যা; ধর্মপ্রচার। [আ.]। **ওয়াজ-নসিহত** *বি* ধর্ম সম্বন্ধীয় বক্তৃতা ও উপদেশ। **ওয়ায়েয** *বিণ* ধর্মীয় উপদেশদাতা; ধর্মসম্বন্ধীয় বক্তা।
ওয়াজেব, ওয়াজিব *বিণ*১ ন্যায্য; যুক্তিসঙ্গত; ন্যায়সঙ্গত। ২ পালনীয়। ৩ প্রয়োজনীয়; দরকারি। [আ.]
ওয়াড়, ওসার *বি* গেলাফ; বালিশ লেপ ইত্যাদির আবরণ বা খোল। [স. অপসার>অবসার> অবহার> ওসার, ওহার; তুল. চট্ট. 'ওয়ার']
ওয়াদা *বি*১ শপথ; প্রতিজ্ঞা; প্রতিশ্রুতি; অঙ্গীকার; কথা দেওয়া। ২ মেয়াদ; নির্দিষ্ট সময়। [আ.]। **ওয়াদাদার** *বিণ* অঙ্গীকারাবদ্ধ; প্রতিশ্রুতি পালনকারী।
ওয়ার *বি* তরবারির আঘাত; আক্রমণ; চোট। [হি. ওয়ার>]
ওয়ারপার *ক্রিবিণ* এফোঁড় ওফোঁড়। [হি.]
ওয়ারিশ, ওয়ারিস, ওয়ারেশ *বি* বংশধর; উত্তরাধিকারী। **ওয়ারিশান, ওয়ারিসান** *বি*১ বংশধরগণ; উত্তরাধিকারীগণ। ২ পূজারী বা অনুসারীগণ।
ওয়ারেন্ট *বি* হুলিয়া; গ্রেপ্তারি পরোয়ানা। [ই.]
-ওয়ালা, -ওলা, -আলা *অব্য* তদ্ধিত প্রত্যয়বিশেষ (কাপড়ওয়ালা, পয়সাওয়ালা, পাড়ওয়ালা ইত্যাদি)। **-ওয়ালী** *স্ত্রী*। [তুল. হি. ওয়ালা]
ওয়ালি, ওলি *বি* শাসক; প্রাদেশিক শাসনকর্তা। [আ.]
ওয়ালেদ *বি* পিতা। [আ.]। **ওয়ালেদা** *বি স্ত্রী.* মাতা।
ওয়াশিল, ওয়াসিল *বি* প্রাপ্য আদায়; উসুল। [আ.]। **ওয়াশিলাত, ওয়াশীলাত** *বি* প্রাপ্য সম্পত্তি অন্যের অধিকারে থাকাকালের ক্ষতিপূরণ।
ওয়াস্তে *অব্য* হেতু; নিমিত্ত; উদ্দেশ্যে; খাতিরে; (আল্লাহর ওয়াস্তে)। [হি.]
ওয়েটিং রুম *বি* যাত্রীদের রেল-স্টিমার-বিমানের অপেক্ষায় বসে থাকার কক্ষ; প্রতীক্ষাগার; বিশ্রামাগার। [ই.]
ওয়েস্টকোট *বি* আস্তিনবিহীন বুক-পিঠ আচ্ছাদক জামা যা কোটের নিচে পরা হয়। [ই. এরই ফারসি-আরবি নাম সদরী, সদুরী, সদরিয়া; হি. ফতুয়া; তুল. জওহরকোট, মুজিবকোট]
ওর১ *বি*১ সীমা; অবধি; শেষ। ২ দিক; পক্ষ; তরফ। ৩ প্রান্তদেশ। [স. অপার>পা. ওর>বা. ওর]
ওর২ *সর্ব* ঐ ব্যক্তির; উহার।
ওরফে, ওর্ফে *অব্য* বনাম; নামান্তর; alias। [আ.]
ওল *বি* প্রসিদ্ধ কন্দজাতীয় আনাজ। [স. ওল্ল>ওল]
ওলকপি *বি* শালগমজাতীয় সবজি।
ওলন, ওলনদড়ি *বি* গাঁথনির মাপ ও খাড়াই পরীক্ষার জন্য নিচে বর্তুল আকৃতির ভার বাঁধা লম্বা দড়ি বা সুতাবিশেষ। [স. অবলম্ব> ওলম্ব(?)> ওলওন(?)> ওলন]
ওলন্দাজ *বি* ডাচ; নেদারল্যান্ড বা হল্যান্ড দেশের অধিবাসী। ☐ *বিণ* নেদারল্যান্ড বা হল্যান্ড সংক্রান্ত। [ফ.]
ওলা *বি*১ সাদা চিনি বা মিছরির লাড়ুবিশেষ। ২ বৃষ্টির সহিত পতিত শিলা। [তুল. চট্টগ্রামের 'মোলা' শব্দ। এর অর্থ গুড়মাখানো 'মুড়ির লাড়ু'; মোয়া। সুকুমার সেনের মতে- -উলুক>ওলা (চিনির লাড়ু)]
ওলাইচণ্ডী, ওলাবিবি, ওলা *বি* অন্ত্যজ হিন্দুসমাজে পূজ্য বিসূচিকা রোগের দেবী। **ওলাবিবি** *বি* সাধারণ শ্রেণীর মুসলমানেরা 'ওলাইচণ্ডী'কে এই নামে পরিচয় দিয়ে থাকে ও ভয় করে। [ওলা+চণ্ডী; বা. ওলা+তু. বীবী]
ওলাউঠা *বি* ভেদবমন; বিসূচিকা রোগ; কলেরা। [বা. ওলা (=নামা)+উঠা=ওলাউঠা(=ভেদবমি)]
ওলান *বি* গাভীর স্তন; পালান। [স. উলুন ('অভিব্যক্তি' অথবা 'জরায়ু' অর্থ থেকে)> ওলান]
ওলামেলা *বি* আনাগোনা; মেলামেশা। [ম-বা]
ওলো *অব্য* সম্বোধনসূচক অব্যয়। [প্রা. হলা> অলা> ওলো]
ওশারা *বি* বারান্দা। [স. উপশালা>প্রা. ওসারিআ> বা. ওসারা; তুল; হি. উসারা। আঞ্চলিক ময়মনসিংহ]

ওষধি *বি* যে গাছ একবার ফল দিয়েই মারা যায়।
ওষ্ঠ, ওঠ *বি* ১ উপরের ঠোঁট। ২ নিচের বা উপরের যে কোনো ঠোঁট।
ওষ্ঠাগত *বিণ* ওষ্ঠের নিকট আগত; প্রায় বহির্গত হওয়ার মতো। [স. ওষ্ঠ+আগত]। **ওষ্ঠাগতপ্রাণ** *বিণ* ১ মুমূর্ষু; মর-মর। ২ অতিষ্ঠ; জর্জরিত।
ওষ্ঠাধর *বি* ওষ্ঠ এবং অধর; উপরের এবং নিচের ঠোঁট। [স. ওষ্ঠ+অধর]
ওষ্ঠ্য, ঔষ্ঠ্য *বিণ* ওষ্ঠজাত; ওষ্ঠের সাহায্যে উচ্চার্য বর্ণ (প, ফ, ব, ভ ইত্যাদি ওষ্ঠ্যবর্ণ)।
ওস, ওসা *বি* শিশির। [স. অবশ্যায়>ওস্সাঅ>ওসা; তুল. পা. ওস্সাব]
ওসার, ওশার *বি* বিস্তার; চওড়াই; প্রস্থ; পরিসর। ❑ *বিণ* বিস্তৃত; চওড়া। [স. প্রসার>ওসার]
ওস্তা *বি* ১ শিশুর খৎনাকার। ২ পশুর মুষ্ক ছেদনকারী। ৩ হাজাম। [আঞ্চলিক]
ওস্তাগর, উস্তাগার *বি* ১ নিপুণ কারিগর; রাজমিস্ত্রি। ২ প্রধান দরজি। [ফা.]
ওস্তাদ, উস্তাদ *বি* ১ গুরু; শিক্ষক; ধর্মশিক্ষক। ২ বিশেষজ্ঞ। ৩ উচ্চাঙ্গ সঙ্গীতজ্ঞ; দক্ষ সঙ্গীতশিল্পী; সঙ্গীত বিশেষজ্ঞ। ❑ *বিণ* ১ দক্ষ; কুশলী; পারদর্শী। ২ (ব্য.) অতি চালাক; ফাজিল। ৩ কুকর্মে দক্ষ। [আ.]। **ওস্তাদি, উস্তাদি** *বি* ১ নৈপুণ্য; কুশলতা; দক্ষতা। ২ বাহাদুরি; চালাকি; মাতব্বরি। ৩ শিক্ষকতা। ❑ *বিণ* ওস্তাদের উপযুক্ত; পারদর্শী।
ওহাবি, ওয়াহাবি *বি* ১ ধর্ম-সংস্কারক নজদবাসী আবদুল ওয়াহাবের পুত্র মুহম্মদের (জন্ম: ১৭২০ খ্রী.) অনুসারী বা শিষ্য। ২ ওহাবি মতবাদ জাত (ওহাবি আন্দোলন)। [আ.]
ওহি, অহি *বি* ১ ঐশী বাণী; আল্লাহর প্রেরিত বাণী। ২ প্রত্যাদেশ। [আ.]
ওহে *অব্য* সম্বোধনসূচক শব্দ।
ওহো *অব্য* স্মরণ; আক্ষেপ; বিস্ময় বা আনন্দসূচক ধ্বনি।

ঔ

ঔ বাংলা বর্ণমালার একাদশ স্বরবর্ণ।
ঔকার *বি* ১ ব্যঞ্জনবর্ণের সঙ্গে ঔ স্বরধ্বনির প্রতীকরূপে ব্যবহৃত 'ৌ' চিহ্ন। ২ ঔ বর্ণ। **ঔকারাদি** *বিণ* আদিতে ঔ-কার আছে এমন। **ঔকারান্ত** *বিণ* অন্ত বা শেষে 'ঔ'-কার আছে এমন।
ঔচিত্য *বি* ১ উপযোগিতা; যথাযোগ্যতা; ন্যায্যতা। ২ সত্য। ৩ অভ্যস্ততা; পরিচিত ভাব। [স. উচিত+য =ঔচিত্য]
ঔজসিক *বিণ* তেজস্বী; বলশালী। **ঔজস্য** *বি* তেজস্বিতা; ওজস্বিতা; বলিষ্ঠতা। [স. ওজস্+ইক]
ঔজ্জ্বল্য *বি* ১ উজ্জ্বলতা; দীপ্তি; প্রখরতা। ২ চাকচিক্য; চেকনাই। **উজ্জ্বল** *বিণ*। [স. উজ্জ্বল+য]
ঔড় *বিণ* উড়িষ্যাদেশ সংক্রান্ত।
ঔৎসুক্য *বি* ১ আগ্রহ; উৎসুকভাব। ২ উৎকণ্ঠা; উদ্বেগ।
ঔদরিক *বিণ* ১ পেটুক; উদরসর্বস্ব; উদরপরায়ণ। ২ উদরসম্বন্ধীয়। **ঔদরিকতা** *বি* পেটুকতা; উদরসর্বস্বতা; উদরপরায়ণতা।
ঔদার্য *বি* ১ উদারতা; প্রশস্ততা; মহানুভবতা; সংস্কারশূন্যতা। ২ বদান্যতা; অকৃপণতা। ৩ বাক্যের অর্থগাম্ভীর্য। ৪ নায়ক বা নায়িকার সত্ত্বজ গুণবিশেষ। ৫ বিনয়।
ঔদাসীন্য, ঔদাস্য *বি* ১ উদাসীনতা; নির্লিপ্ততা। ২ অনাসক্তি; বৈরাগ্য। ৩ উপেক্ষা; অবহেলা। ৪ নিরপেক্ষতা। **উদাসীন** *বিণ*।
ঔদ্ধত্য *বি* ১ ধৃষ্টতা; স্পর্ধা। ২ অশিষ্টতা; অবিনয়। ৩ উগ্রতা; চণ্ডভাব। ৪ দর্প; গর্ব; অহঙ্কার। **উদ্ধত** *বিণ*।
ঔদ্বাহিক, ঔদবাহিক *বিণ* ১ বিবাহলব্ধ; বিবাহে প্রাপ্ত। ২ বিবাহসম্বন্ধীয়। ❑ *বি* বিবাহের পণ বা যৌতুকাদি।
ঔদ্ভিজ্জ, ঔদ্ভিদ *বিণ* ১ উদ্ভিদ থেকে জাত। ২ উদ্ভিদ-সংক্রান্ত। ❑ *বি* সৈন্ধব লবণ।
ঔপকূলিক *বিণ* ১ উপকূল সম্পর্কিত। ২ উপকূলে উৎপন্ন।
ঔপনিবেশিক *বিণ* ১ উপনিবেশ সংক্রান্ত। ২ উপনিবেশে উৎপন্ন। ৩ উপনিবেশ স্থাপনকারী।
ঔপনিষদিক *বিণ, বি* উপনিষদজ্ঞ; বেদান্তবিদ। ❑ *বিণ* উপনিষদ সম্বন্ধীয়; বেদান্ত সংক্রান্ত। [স. উপনিষদ+ইক]
ঔপন্যাসিক *বি* উপন্যাস রচয়িতা। ❑ *বিণ* ১ উপন্যাস সম্বন্ধীয়। ২ উপন্যাসে আলোচিত বা বর্ণিত।
ঔপপত্তিক *বিণ* ১ যুক্তিতর্ক দ্বারা প্রতিপন্ন; গ্রন্থাদি সাহায্যে প্রামাণ্য। ২ উপপত্তি সম্বন্ধীয়। ৩ সিদ্ধান্ত প্রতিপাদক।
ঔপমিক *বিণ* ১ উপমা দ্বারা কল্পিত বা বর্ণিত। ২ উপমা সম্বন্ধীয়।
ঔপম্য *বি* ১ তুল্যতা; সমানতা। ২ সাদৃশ্য; আনুরূপ্য। ৩ সামঞ্জস্য; সঙ্গতি। [স. উপমা+য]
ঔপল *বিণ* ১ প্রস্তরময়; উপলনির্মিত। ২ উপল সম্বন্ধীয়।
ঔপাধিক *বিণ* উপাধি সম্বন্ধীয় বা উপাধি জাত। ❑ *বি* (বাংলায়) ন্যায্য মূল্যের অধিক অর্থ।
ঔরস, ঔরস্য *বিণ* আপন বীর্যে স্বীয় স্ত্রীর গর্ভে জাত। ❑ *বি* ১ বীর্য। ২ ধর্মপত্নীজাত পুত্র। [স. উরস্=বক্ষ]। **ঔরসী** *স্ত্রী.*।
ঔর্ণ *বিণ* উর্ণাময়; মেষলোমজাত।
ঔর্ণনাভ *বিণ* মাকড়সা সম্বন্ধীয়।
ঔর্ধ্বদেহ *বিণ* মৃত্যুর পর অন্ত্যেষ্টি সম্বন্ধীয়; দেহ দাহ সম্পৃক্ত অনুষ্ঠানাদি।
ঔর্ধ্বদেহিক *বি* মৃত্যুর পরে দেহ সম্পর্কিত করণীয় হিন্দুদের অগ্নিসংস্কার; শ্রাদ্ধ তর্পণাদি; অন্ত্যেষ্টি; প্রেতকৃত্য। ❑ *বিণ* অন্ত্যেষ্টি সম্বন্ধীয়।
ঔর্বর *বিণ* ভূমি সম্বন্ধীয়; পার্থিব। [স. উর্বর+অ]
ঔলুক *বি* পেঁচার ঝাঁক।
ঔশীর *বি* ১ চামরদণ্ড। ২ উশীর বা বেনার মূল দিয়ে প্রস্তুত শয্যা। ৩ চৌকি; আসন। ❑ *বিণ* উশীর সংক্রান্ত।
ঔষধ, ওষুধ *বি* ১ যার দ্বারা রোগ নাশ হয় বা প্রতিকার হয় এমন দ্রব্য; পীড়া বা ক্লেশ নিবারণকারী পদার্থ; ভেষজ; দাওয়াই। ২ (আল.) প্রতিকার। **ঔষধীয়** *বিণ* ঔষধ সম্বন্ধীয়। **ঔষধ, ওষুধ** *বি* তুকতাক; বশীকরণ। **ওষুধ করা** *ক্রি* ১ চিকিৎসা করা। ২ প্রতিকার করা। ৩ তুকতাক বশীকরণ মন্ত্র ইত্যাদি দ্বারা বশ করা; গুণ করা। **ঔষধ ধরা,**

ঔষুধ ধরা *ক্রি* ১ কারও উপর তুকতাক বশীকরণাদি কাজ করা। ২ কেহ বশীভূত হওয়া। ৩ কারও পরামর্শ বা চক্রান্ত অপর কারও উপর সফল হওয়া। **ঔষধ সেবন** *বি* ঔষধ খাওয়া; ঔষধ গ্রহণ; ঔষধ পান। **ঔষধালয়** *বি* ঔষধের দোকান। **ঔষধি** *বি* ১ যে সকল গাছগাছড়া থেকে ঔষধ প্রস্তুত হয়। ২ ঔষধ।

ঔষর *বিণ* ক্ষারভূমিজাত; উষরভূমিজাত; লবণ-মৃত্তিকা জাত; অনুর্বর ভূমিজ; উষরতা; শুষ্কতা। □ *বি* পাঙ্গা লবণ; পাংশু ক্ষার। [স. উষর+ষ্ণ]

ঔষ্ণ, ঔষ্ণ্য *বি* উষ্ণত্ব।

ঔষ্ণীক *বিণ* উষ্ণীষধারী; কিরীটধারী; মুকুটধারী। □ *বি* ১ পাগড়ি; আমামা। ২ রাজা।

ঔষ্ট্র *বিণ* ১ উষ্ট্র বিষয়ক। ২ উষ্ট্রজাত।

ঔষ্ট্রক *বি* উষ্ট্রসমূহ; উটের পাল।

ঔষ্ট্ররথ *বিণ* উষ্ট্রবাহী যানসম্বন্ধীয়। □ *বি* উটের গাড়ি।

ঔষ্ঠ্য *বিণ* ওষ্ঠ দ্বারা উচ্চার্য; ওষ্ঠজাত। [স. ওষ্ঠ+ষ্ণ; (উদাহরণ—ওষ্ঠ্যবর্ণ='উ'-বর্ণ এবং 'প'-বর্গীয় বর্ণ)]

ং ঃ ঁ

ং ঃ ঁ —বর্ণ হিসাবে এগুলোর স্বতন্ত্র অস্তিত্ব ও অবস্থান আছে। তবে অন্য ধ্বনির সঙ্গে মিলিত হলেই কেবল উচ্চারিত হতে পারে বলে এগুলো 'পরাশ্রয় বর্ণ' নামে চিহ্নিত। ধ্বনি হিসাবে ং এবং ঁ অনুনাসিক বা নাসিক্য (nasal)। বাংলা ভাষার কোনো শব্দেই এগুলো আদি বর্ণরূপে ব্যবহৃত হয় না, হতে পারে না। তবে সাধারণ বর্ণানুক্রম অনুসারে এরা যথাক্রমে সাঁইত্রিশ, আটত্রিশ ও উনচল্লিশতম ব্যঞ্জনবর্ণ হিসাবে লিখিত হয়।

ং—অনেকটা ম-এর মতো উচ্চারিত বলে ং (অনুস্বার বা অনুস্বর) ঘোষ (voiced) ধ্বনি। **(ক)** ং কখনো কখনো নাসিক্য 'ঙ'-এর সংক্ষিপ্ত রূপ মাত্র। যেমন—ব্যাঙ=ব্যাং, রঙ=রং, সঙ=সং। **(খ)** ং কখনো কখনো নাসিক্য ম্-এর পরিবর্তে ব্যবহৃত হয়। যেমন—সম্+বাদ=সংবাদ।

ঃ —'হ্' অঘোষরূপে উচ্চারিত হলে 'ঃ' (বিসর্গ) ধ্বনি পাওয়া যায়। তাই 'ঃ' অঘোষ (unvoiced) ধ্বনি। **(ক)** ঃ কখনো কখনো উচ্চারণে 'হ' ধ্বনির নিকটবর্তী। যেমন; বাঃ=বাহ্; উঃ=উহ্। **(খ)** ঃ কখনো কখনো র্-জাত। তাই ঃ-এর উচ্চারণ র্-এ পর্যবসিত হয়। যেমন—দুঃ+মূল্য=দুর্মূল্য, দুঃ+ঘটনা= দুর্ঘটনা। **(গ)** ঃ কখনো কখনো স্-জাত। এই অবস্থায় ঃ-এর উচ্চারণ শ, ষ, বা স-এ পরিণত হয়। যেমন—নভঃ+চর= নভশ্চর, দুঃ+কর= দুষ্কর, দুঃ+তর= দুস্তর। ১. বিস্ময়, শোক, দুঃখ প্রভৃতি প্রকাশক অব্যয়ে (আঃ, উঃ, বাঃ) বিসর্গ ধ্বনি শোনা যায়। ২. তৎসম শব্দের শেষে অবস্থিত বিসর্গ (বস্তুতঃ, ইতস্ততঃ) বাংলায় উচ্চারিত হয় না।

ঁ —**(ক)** ঁ কখনো কখনো ঞ, ণ, ন থেকে উৎপন্ন (পঞ্চ=পাঁচ, কণ্টক=কাঁটা, চন্দ=চাঁদ)। **(খ)** ঁ কখনো কখনো ম্ থেকে উৎপন্ন (ওম=ওঁ)। হিন্দু সম্প্রদায়ে প্রচলিত কোনো কোনো শব্দের আদিতে ঁ দেবতা ও স্বর্গের প্রতীক। এক্ষেত্রে ঁ (চন্দ্রবিন্দু) লিখিত হয় কিন্তু ধ্বনি হিসেবে উচ্চারিত হয় না। যথা—ঁগঙ্গা; ঁঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। **(গ)** ওঁ-শব্দের সংক্ষিপ্ত রূপ—ঁশ্রীশ্রীহরিশরণম। **(ঘ)** ঈশ্বর বা দেববাচক বর্ণরূপে—ঁগঙ্গা। **(ঙ)** স্বর্গগত রূপে—ঁকুমুদিনী দেবী।

ক

ক[১] বাংলা বর্ণমালার প্রথম ব্যঞ্জনবর্ণ।

ক[২] *ক্রি* (সকর্মক) বলা; কওয়া। [স. √কথ্>প্রা. √কহ্> বা. √কহ্>কঅ>ক (অনুজ্ঞায়—তুই ক'/কঅ)]

ক[৩] বিশেষণ রূপে ব্যবহৃত সর্বনাম—কয়েক; কতিপয়; কয় (যে ক'দিন বেঁচে আছি কাজ করে যাব। তার ক'পাটি দাঁত, বলোতো?)। [স. কতি>প্রা. কই>ক]

ক[৪] *বি* ১ বর্ণমালা (ছেলেটার 'কখ' শিখতেই ছয় মাস চলে গেল)। ২ বর্ণ-জ্ঞান; শূন্য ('ক' অক্ষর গোমাংস= বর্ণজ্ঞানহীন, জ্ঞানশূন্য)। ৩ প্রাথমিক বা প্রারম্ভিক জ্ঞান, বা জ্ঞানদানের পুস্তক (মার্শাল প্রণীত অর্থনীতির কখ)।

-ক বাংলা বিভক্তি, প্রত্যয় প্রভৃতি রূপে ব্যবহৃত 'ক'। ব্যবহার ১. তদ্ধিত প্রত্যয়—ঢোল+ক=ঢোলক (ক্ষুদ্রার্থে); মড়+ক=মড়ক (বিশিষ্টার্থে); ব্যক্তি+ক= ব্যক্তিক (ব্যক্তিগত বা সম্বন্ধীয় অর্থে)। ২. উনবিংশ শতাব্দীতে ব্যবহৃত ক্রিয়ান্তিক 'ক' পাঁচজন বসিবেক, খাইবেক, লইবেক (ক্রিয়াপদের এই রূপগুলো সম্ভ্রমাত্মক অনুজ্ঞার রূপ)। ৩. উপেক্ষাপ্রবণতাজ্ঞাপক প্রত্যয়রূপে নাস্তিবোধক 'না'-এর সাথে ব্যবহৃত 'ক' (থাকব নাক বদ্ধ ঘরে দেখব এবার জগতটাকে—নজরুল; এখন যেও নাক)। এই 'ক'>'কো' হয়েও থাকে। নাহিক>নাইক> নাইকা/> নাইকো (আঞ্চলিক)। ৪. কর্ম বা সম্প্রদান কারকের বিভক্তির চিহ্নরূপে মধ্যযুগীয় বাংলায় ব্যবহৃত 'ক' তোম্মাক; আম্মাক; 'ময়নাক বিবা করিল'।

কআ *ক্রি* অল্প ভাজা; রসমারা (তরকারিটা তেলে কআও)। [স. √কষ্>+আ]

কই[১], **কৈ**[১] *বি* স্বনামখ্যাত মৎস্যবিশেষ। [স. কবয়ী>]

কই[২], **কৈ**[২] *অব্য* ১ কোথায় (কই বইটা তো দেখতে পাচ্ছি না)। ২ প্রশ্নবাচক 'কোথায়' (কই গো কই মেঘ উদয় হও—সত্যেন্দ্র)। ৩ হতাশাব্যঞ্জক 'কখন' (বাঁশরী বাজাতে চাহি বাঁশরী বাজিল কই—রবীন্দ্র)। (তুল. কস্মিনকালে; কোনোকালে; কখনো)। [স. কস্মিন্>কই]

কইতর *বি* কবুতর; কপোত; পায়রা। [ফা.]

কইয়ে *বিণ* কথক; বক্তা; গুছিয়ে আকর্ষণীয়ভাবে বলতে/কইতে জানে এমন। (তুল. গাইয়ে, বাজিয়ে, লিখিয়ে, বলিয়ে)। [বা. কথয়িতা> কহইয়া> কহিয়ে> কইয়ে]

কওম, কৌম *বি* জাতি; সম্প্রদায়। [আ.]

কওমি *বিণ* জাতীয় [আ.]

কওসর *বি* ১ অমৃত; সুধা। ২ উৎস; বেহেস্তের প্রধান জলধারার (নহরের) নাম—যার পানি অফুরন্ত; অতি সুস্বাদু ও সুগন্ধময়; এ পানি একবার পান করলে কখনও পিপাসা হয় না। [আ.]

কংগ্রেস *বি* ১ রাজনৈতিক মহাসভা; যুক্তরাষ্ট্রের ব্যবস্থাপক পরিষদ; ভারতের সর্বপ্রাচীন রাজনৈতিক দল (প্রতিষ্ঠা ১৮৮৫)। ২ সভা; সম্মেলন; সমিতি। [ই.]

কংস[১] *বি* কৃষ্ণের মাতুল ও পরম শত্রু মথুরাপতি। **কংসজিৎ** *বি* কংসজয়ী; কৃষ্ণ। **কংসহা** *বি* কংসকে যিনি বধ করেছেন; কৃষ্ণ। **কংসারি** *বি* কংসের অরি; কৃষ্ণ।

কংস[২] *বি* ১ কাঁসা; ধাতুবিশেষ। ২ কাঁসার তৈরি পাত্র। **কংসকার** *বি* কাঁসার পাত্রাদি নির্মাতা; কাঁসারি।

কংসক *বি* হীরাকষ; চোখের ধাতুজ ঔষধবিশেষ।

কংসবণিক *বি* ১ কাঁসা ব্যবসায়ী; কাঁসারি। ২ হিন্দুদের পদবিবিশেষ।

কবখটি *বি* খটাশ।

ককটেল[১] *বি* এক ধরনের হাত-বোমা।

ককটেল[২] *বি* নানা প্রকার মদের মিশ্রণ। ❑ *বিণ* মিশ্র মদের ব্যবহারযুক্ত (ককটেল পার্টি)।

ককানো *ক্রি* ১ কাতরানো; কাতর রব করা। ২ দম বন্ধ হয়ে এলেও কাঁদতে থাকা; কাঁদতে কষ্ট হচ্ছে এই অবস্থায় কাতর ধ্বনি করা। [বা. √ককা+আনো, আনি=ককানো, ককানি]। **ককানি** *বি* কাতর ক্রন্দনধ্বনি।

কক্ষ *বি* ১ কাঁকাল; কোমর। ২ বগল; কাঁখ; বাহুমূল। ৩ কামরা; ঘর; প্রকোষ্ঠ। ৪ গ্রহের পরিভ্রমণ পথ। **কক্ষচ্যুত** *বিণ* নির্দিষ্ট ভ্রমণ-পথ থেকে ভ্রষ্ট। **কক্ষভ্রষ্ট** *বিণ* পরিক্রমণ পথ থেকে বিচ্যুত। **কক্ষস্থ** *বিণ* নিকটবর্তী; ক্রোড়ের সন্নিকটস্থ; ক্রোড়স্থ। **কক্ষান্তর** *বি* ভিন্ন প্রকোষ্ঠ; অন্য কামরা।

কখন *অব্য* ১ কোন সময়—এই প্রশ্নবাচক। ২ বহুক্ষণ; অনেকক্ষণ। [বা. তখন (তৎক্ষণ) শব্দের অনুকরণে 'কখন' (কিম্+ক্ষণ>কিক্ষণ>কখন)]। **কখনই, কখনও, কখনো** *অব্য, ক্রিবিণ* কোনো সময়ে বা উপায়ে বা কারণে বা কোনো অবস্থাতেই। **কখনো কখনো, কখন কখন** *ক্রিবিণ* কোনো কোনো সময়ে। **কখনো সখনো, কখন সখন** *ক্রিবিণ* ১ কালেভদ্রে; কদাচিৎ। ২ মাঝে মাঝে।

কঙ্ক *বি* ১ কাঁক পাখি; হাড়গিলা। ২ বিরাট নগরে যুধিষ্ঠিরের অজ্ঞাত বাসকালীন ছদ্মনাম।

কঙ্কণ *বি* কাঁকন; বলয়; খাড়ু; কংকং শব্দকারী অলঙ্কারবিশেষ। বাংলাভাষায় 'কঙ্কণ' শব্দ শ্রেষ্ঠবাচক; যেমন—'কবিকঙ্কণ মুকুন্দরাম'।

কঙ্কণী *বি* নূপুর; ছোট ঘুঙুর; কিঙ্কিণী।

কঙ্কমুখ *বি* চিমটা; সাঁড়াশি।

কঙ্কর *বি* ১ কাঁকর; অতি ক্ষুদ্র প্রস্তরখণ্ড। ২ তক্র; ঘোল। ৩ কর্কশ; কুৎসিত; কঠিন। [স. কর্কর> কক্কর>কাঁকর অথবা স. কং ('কং' ধ্বনি) = √কৃ+খ (অ=কঙ্কর>কাঁকর]

কঙ্করোল *বি* আনাজবিশেষ; কাঁকরোল লতা এবং ফল। [স. কর্কোটিক>। তুল. হি. কংকরোল; শব্দকল্পদ্রুম—কঙ্ক+লোল্। আঞ্চলিক কাকরোল]

কঙ্কাল *বি* ১ দেহের কাঠামো; অস্থিপঞ্জর। ২ কটি; কাঁকাল। [স. √কঙ্ক্+আলচ্]। **কঙ্কালমালী** *বি* কঙ্কালের মালা পরিহিত শিব। **কঙ্কালমালিনী** *বি* কঙ্কালমালাধারিণী কালী। **কঙ্কালসার** *বিণ* অস্থিপঞ্জর মাত্র অবশিষ্ট আছে এমন; অস্থিসার; অত্যন্ত শীর্ণ।

কঙ্গু, কঙ্গুনি *বি* চীনক; চীনাধান; কাউন ধান।

কঙ্গুরা *বি* চূড়া; শিখর; বুরুজ। [হি. কঁগূরা; ফা. কন্‌গূরহ্]

কচ[১] *বি* পুরাণোক্ত বৃহস্পতি পুত্র; শুক্রাচার্যের শিষ্য।

কচ[২] *বি* চুল; কেশ। [স.]

কচ[৩] *অব্য* ধারালো অস্ত্র বা দাঁত দিয়ে কিছু কাটবার ধ্বনি (কচ করে কেটে গেল)।

কচকচি *বি* ঝগড়াঝাঁটি; বাদবিসম্বাদ; বিরক্তিকর আলোচনা (পাণ্ডিত্যের কচকচি)। [বা.]

কচকচানি, কচকচি *বি* ১ একটানা কচকচ শব্দ। ২ বিরক্তিকর দীর্ঘ বা একঘেয়ে বক্তৃতা বা উপদেশ। ৩ কলহ; বচসা। ৪ তর্কবিতর্ক; বাকবিতণ্ডা। ৫ বিরক্তিকর; একঘেয়েমি। **কচকচে** *বিণ* চিবানোর সময়ে কচকচ আওয়াজ হয় এমন।

কচটানো *ক্রি* ১ কচলানো; রগড়ানো। ২ চটকানো; মাখা। ❑ *বি, বিণ* উভয় অর্থে। [বা. √কচটা+আনো]

কচড়া[১] *বি* মোটা দড়ি; কাছি; দীর্ঘ দড়া। [স. কচ (=চুল)+ড়া। বা.=কচড়া অর্থাৎ চুলের বেণীর মতো মোটা 'দড়া')]

কচড়া[২] *বি* মহুয়া ফল। ❑ *বিণ* ১ দরকাঁচা; আঘাত লেগে শক্ত হয়েছে এমন। ২ কৃত্রিম উপায়ে পক্ব (কচড়া আম)। (তুল. কাঁচা-করছা=কাঁচা ও কচি)।

কচর-কচর, কচমচ, কচর-মচর *অব্য* বিশেষ ধরনের খাদ্য চর্বণের শব্দ; ধ্বন্যাত্মক শব্দ। [দেশী]

কচলা-কচলি *বি* ১ দরকষাকষি; কথা কাটাকাটি; অনাবশ্যক তর্কবিতর্ক; এক কথা নিয়ে অপর পক্ষের সাথে প্রচুর বাক্য ব্যয়; রগড়া। ২ রগড়ানো; চটকানো; মর্দন; মার্জন; মলা। ৩ চটকা-চটকি।

কচলানো *ক্রি* ১ কচটানো; মার্জনা করা; রগড়ানো। ২ মর্দন; চটকানো; উত্তমরূপে মাখা। ৩ বিশেষভাবে মার্জনা করা; রগড়ে ধৌত করা; প্রক্ষালন। [বা.√কচ্‌লা (মর্দিত করা)+আনো=কচলানো]

কচা *বি* ১ ডাঁটা। ২ গাছ থেকে কাটা সরু ডাল। ৩ লাঠি; দণ্ড। ৪ কলহ; বিবাদ; কচকচি। ৫ পাটকেল; ইটের টুকরা।

কচাকচি *বি* দর কষাকষি; ক্যাচকেচি; খ্যাচখেচি; তুচ্ছ বাকবিতণ্ডা; অনুকার শব্দ।

কচাত *অব্য* নরম বা সরস বস্তু এক কোপে কাটবার শব্দ; অনুকার শব্দ।

কচানো *ক্রি* কচলানো; কচটানো। [বা. √কচ্+আনো=কচানো]

কচাল *বি* ১ অযথা বাকবিতণ্ডা; নীচ কলহ। ২ কুৎসা; ইতরের ভাষা; নিন্দাবাদ। ৩ বড় জাল; মাছ ধরার ফাঁদবিশেষ। [বা.]। **কচালে, কুচুলে** *বিণ* ঝগড়াটে। (তুল. হি. 'কুচাল'=দুষ্ট আবরণ)।

কচি *বিণ* ১ কোমল; পেলব। ২ নবীন; নবজাত। [তুল. হি কচ্চী]। **কচিকাঁচা** *বি* ছোট ছোট ছেলে-মেয়ে; অল্প বয়স্ক বালক-বালিকা। **কচিখোকা** *বি* ১ অবোধ শিশু। ২ (আল.) অপরিণতবুদ্ধি সম্পন্ন লোক। **কচিখুকি** *স্ত্রী.*।

কচু *বি* ১ স্বনামখ্যাত কন্দবিশেষ। ২ কিছুই না। [স. কচু=স্বনামখ্যাত কন্দ]। **কচুকাটা** *বিণ* খণ্ডবিখণ্ড; অবলীলাক্রমে খণ্ডিত। **কচুঘেঁচু** *বি* ১ ঘেঁচু এক প্রকার কন্দ

যা খেলে মুখ চুলকায়; শূকরের খাদ্য। আনাজের তুচ্ছতা প্রকাশার্থে কচুঘেঁচু একত্র উল্লিখিত হয়। ২ বাজে সবজি; অখাদ্য তরিতরকারি। ৩ তুচ্ছ জিনিস; বাজে জিনিস। **কচুপোড়া** *বি* ১ অখাদ্য। ২ কিছুই না।

কচুয়া *বি* বাদ্যযন্ত্রবিশেষ; এক ধরনের সেতারের নাম 'কচুয়া সেতার'। [স. কচু+বা. উয়া= 'কচুয়া' অর্থাৎ কচুর মতো]

কচুরি *বি* ময়দার তৈরি ঘিয়ে ভাজা নিমকি খাবারবিশেষ; পিঠাবিশেষ। [স. কর্চরিকা> কচ্চরিআ> কাচরি= কচুরি (স্বরসাম্যে); তুল. হি. কচৌরি]

কচুরিপানা *বি* জলজ উদ্ভিদবিশেষ; বিদেশাগত দ্রুত বৃদ্ধিশীল জলজীবী ভাসমান ফুলগাছবিশেষ; water hyacinth। [বা. কচুরি+(সাদৃশ্যার্থে) পানা= কচুরিপানা]

কচ্ছ[১] *বি* ১ কাছা; পরিধেয় বস্ত্রের পিছনের আঁচল। ২ নদীর প্রান্তভাগ। ৩ নৌকার পশ্চাদ্‌ভাগ। ৪ পর্বতের নিকটস্থ সমতল অঞ্চল (কাছাড়)। ৫ গুজরাটের উত্তরে সমুদ্র-তীরবর্তী দেশবিশেষ। ৬ জলময় অঞ্চল। **কচ্ছটিকা** *বি* ১ কাছা; কাছুটি। ২ কৌপীন; লেঙ্গোটি।

কচ্ছ[২] *বি* চুলকানি রোগ; খোসপাঁচড়া দাদ ইত্যাদি।

কচ্ছপ *বি* কাছিম; কূর্ম। [স.]। **কচ্ছপী** *স্ত্রী.*।

কছবি, কসবি *বি* বেশ্যা; দেহব্যবসায়িনী; দেহোপজীবিনী; বারাঙ্গনা। [আ.]

কছেল্লা, কসেল্লা *বি* দুঃখ; কষ্ট; যন্ত্রণা; বেদনা; ক্লান্তি। [আ.]

কজলবাস, কিজিলবাশ *বি* লাল মাথা; লাল টুপি পরা পারস্যদেশীয় সৈন্য। [তু. কিযিলবাস]

কজলা *বিণ* কাজলবর্ণ; শ্যামল। [স. কজ্জল>]

কজ্জল *বি* ১ কাজল; অঞ্জন। ২ কালি; মসী; ভূসা। ৩ মেঘ। ৪ কাজল; অঞ্জন। ৫ কাজলবর্ণ; কৃষ্ণ। ⎕ *বিণ* মলিন; অন্ধকার।

কজ্জলা *বি স্ত্রী.* কাজলা মাছ।

কঞ্চি, কঞ্চিকা *বি* বাঁশের সরু শাখা; বাঁশের গ্রন্থিমূল থেকে নির্গত সরু ডাল। [তুল. হি. কম্‌চী; স. কঞ্চিকচ> কঞ্চিআ> কঞ্চি]

কঞ্চু, কঞ্চুক *বি* ১ সাঁজোয়া; কবচ; বর্ম। ২ গাত্রাবরণ; বস্ত্র; জামা বা আবরণ। ৩ কাঁচুলি। ৪ সাপের খোলস; নির্মোক।

কঞ্চুকী *বি* ১ অন্তঃপুরের নপুংসক বা খোজা প্রহরী; অন্তঃপুররক্ষী। ২ বর্মধারী। ৩ রাজান্তঃপুর প্রবেশাধিকারী বৃদ্ধ বিচক্ষণ ব্রাহ্মণ। ৪ সর্প। ৫ নারীর বক্ষাবরণ।

কঞ্চুল, কঞ্চুলিকা *বি* কাঁচুলি (কাঁঞ্চুলি); স্ত্রীলোকের স্তনাবরণবিশেষ; নারীদের জামা। [তু. হি. চৌলি>চুলি]

কঞ্জুস, কঞ্জুষ *বিণ* কৃপণ; কিপটে। [স. কণ (=কণা)+ চুষ (=চুষে খাওয়া)= কঞ্জুষ; প্রা. কঞ্জুষ= যে একটি কণাও ছাড়ে না অর্থাৎ হদ্দ কৃপণ; তুল; হি. কংজূস্= কৃপণ]। **কঞ্জুষপনা, কঞ্জুসপনা** *বি* কৃপণতা। **কঞ্জুসি, কঞ্জুসী** *বি* কৃপণতা।

কট *বি* নির্দিষ্ট শর্তের দলিল; খত; তমসুক। **কটকবলা, কটকবালা** *বি* 'বন্ধকি দলিল'—যার ফলে সময় উত্তীর্ণ হলে 'বন্ধক রাখা' জমি মহাজনের হাতে চলে যায়; মর্গেজ। [স. কট+আ. কবালাহ্]

কটক *বি* ১ সৈন্য; সেনাবাহিনী। ২ বলয়; ভূষণবিশেষ। ৩ চক্র। ৪ পর্বতের সানুদেশ। ৫ শিবির; ছাউনি; সেনানিবেশ। ৬ উড়িষ্যার নগরবিশেষ।

কটকট *অব্য* ১ (ধ্বন্যা.) শক্ত বস্তু কাটতে থাকার শব্দ। ২ তীব্র বেদনা বোধসূচক। **কটকটা** *বি* কড়মড়ানির শব্দ; দাঁতে দাঁতে ঘষার শব্দ। **কটকটি** *বি* ১ কট কট শব্দে দাঁতে কেটে খাবার মিঠাইবিশেষ। ২ খেতে কটকট শব্দ হয় এরূপ বস্তু। **কটকটে** *বিণ* কড়া; তীব্র। ⎕ *বি* কটকট ধ্বনি করে এরূপ ব্যাঙ।

কটমট *বিণ* ১ কড়া (কটমট দৃষ্টি)। ২ নীরস। [বা.]। ⎕ *অব্য* দন্তঘর্ষণজাত ধ্বনি; দন্তে কঠিন বস্তু ভাঙার শব্দ। **কটমটে** *বিণ* কাঠখোট্টা; রসহীন; শুষ্ক। **কটর মটর** *অব্য* (ধ্বন্যা.) কঠিন বস্তু বার বার চিবিয়ে ভাঙতে থাকার শব্দ।

কটলেট⟹ কাটলেট।

কটা[১] *বি* ১ বর্ণবিশেষের নাম; পিঙ্গল বর্ণ। ২ রুক্ষতা। [স. কড়ার>প্রা. কটার> বা. কটা]। **কটাসে** *বিণ* কটাবর্ণ ঘেঁষা; প্রায় কটা; পিঙ্গল। [বা. কটা+সিয়া> সে=কটাসে]

কটা[২] *বি* কাঠবিড়াল; বেজিজাতীয় প্রাণী। [আঞ্চলিক]

কটাক্ষ *বি* ১ বাঁকা চাহনি; বক্রদৃষ্টি; আড়চোখের চাওয়া; অপাঙ্গ দৃষ্টি। ২ বক্র আলোচনা; প্রতিকূল সমালোচনা; বিদ্রূপপূর্ণ সমালোচনা। **কটাক্ষপাত** *বি* ১ চোরাচাহনি; বাঁকা বা তির্যক দৃষ্টি। ২ ব্যঙ্গসূচক দৃষ্টি বা উল্লেখ; পরোক্ষে বিরূপ মন্তব্য বা সমালোচনা; শ্লেষ; বক্রোক্তি।

কটাৎ, কটাস *অব্য* (ধ্বন্যা.) দন্ত বা অস্ত্রে এক প্রয়াসে কঠিন বস্তু ছেদনের শব্দ। [স. √কট্ (গতি) > (দ্রুত অর্থে)]

কটার, কাটারি *বি* অস্ত্রবিশেষ; ছোরা; কাটারি; দা। [স. কর্তরী> কত্তরি> কাতরি> কাটারি> কটার]

কটাল, কোটাল *বি* অমাবস্যা ও পূর্ণিমার জলস্ফীতি; জোয়ার [স. করাল=স্ফীত, তুঙ্গ, উচ্চ। তুল. তামিল 'কড়েল' (সমুদ্র অর্থে) > কটেল> কটাল, কোটাল]। **ভরা কটাল** *বি* ভরা জোয়ার। **মরা কটাল** *বি* ভাঁটা।

কটাহ *বি* কড়াই; লৌহনির্মিত রন্ধনের পাত্রবিশেষ। [স.]

কটি *বি* কোমর; কাঁকাল; মাজা। [স. কটি, কটী]। **কটিতট, কটিদেশ** *বি* কোমর। **কটিত্র, কটিবন্ধ** *বি* কোমরবন্ধ; বেল্ট; ঘুনসি। **কটিবসন, কটিবাস** *বি* কটিদেশলগ্ন বস্ত্র; কটিদেশের পরিধেয়। **কটিভূষণ** *বি* অলঙ্কারবিশেষ; মেখলা। **কটিশূল** *বি* কোমরের বাত। **কটিসূত্র** *বি* ঘুনসি; কোমরবন্ধ।

কটু *বিণ* ১ তিক্ত। ২ ঝালযুক্ত বা ঝাঁঝালো। ৩ বিস্বাদ। ৪ উগ্র; কঠোর; তীব্র। ৫ পীড়াদায়ক। ⎕ *বি* দুর্বাক্য; কুকথা। **কটুকাটব্য** *বি* কড়া কথা; গালিগালাজ; রূঢ় বাক্য। **কটুতা** *বি* কঠোরতা; উগ্রতা। **কটুভাষী** *বিণ* রূঢ় বাক্য প্রয়োগকারী; অপ্রিয়বাদী; দুর্মুখ। **কটূক্তি** *বি* দুর্বাক্য; গালিগালাজ।

কটোরা *বি* খুরি; বাটি; পানপাত্র; কাপ; পানের ধাতব পাত্র। [তুল. হি. কটোরা (পান পাত্র). স. কট+হি. ওরা]

কট্টর *বিণ* কড়া; নিয়মের কড়াকড়ি আছে এরূপ; গোঁড়া। [স. 'কঠোর'; বাংলায় ও হিন্দিতে আতিশয্যে 'কট্টর']

কঠিন *বিণ* ১ শক্ত; দৃঢ়; অনমনীয়। ২ গাঢ়; নিবিড়; নিশ্ছিদ্র। ৩ দুর্বোধ্য; দুরূহ; দুরধিগম্য। ৪ নির্দয়; স্নেহবিহীন; হৃদয়হীন। ৫ ভয়ানক (কঠিন লোক)। ৬ দুরারোগ্য; জটিল (কঠিন রোগ)। [স. √কঠ্+ইন]। **কঠিনত্ব, কঠিনতা, কাঠিন্য** *বি*।

কঠিয়া *বি* ১ কণ্ঠী; কণ্ঠমালা। ২ কণ্ঠীধারী বৈষ্ণব। [স. কণ্ঠিকা> কণ্‌ঠিআ> কাঠিআ> কঠিয়া; আঞ্চলিক]

কঠোপনিষদ, কঠোপনিষৎ *বি* ঋষি কঠ উক্ত ব্রহ্মবিষয়ক তত্ত্বগ্রন্থ; কঠপ্রোক্ত ব্রহ্মবিদ্যা সংক্রান্ত বেদান্তগ্রন্থ।

কঠোর *বিণ* ১ কঠিন; দৃঢ়; শক্ত। ২ নিষ্ঠুর; নির্মম; পরুষ; কর্কশ। ৩ অবিচল; অনমনীয়; দৃঢ়। ৪ স্নেহহীন; নীরস; শুষ্ক। ৫ দুঃসাধ্য; দুরূহ। ৬ কষ্টকর; দুঃসহ। **কঠোরতা** *বি*।

কড়ই, কড়য়ি *বি* বৃক্ষবিশেষ; শ্বেত শিরীষ গাছ। [বা.]

কড়ক *বি* পুষ্পবিশেষ। [বা.]

কড়কচ *বি* পাথুরে লবণ; সামুদ্রিক লবণ। [স. কড়কশ্চ> প্রা-বা. কড়কচ> অ-বা. করকচ; তুল. হি. 'কর্‌কস্‌']

কড়কট্যে *বি* একজাতীয় ভেক; কটকটে ব্যাঙ। [বা. কট্‌কটিয়া> কড়কইট্যা> করকট্যে]

কড়কড়[১]**, কড়কড়া**[১] *বিণ* পর্যুষিত (অন্ন); বাসি (ভাত); শুষ্ক শক্ত ও বাসি (ভাত)। [স. কর্কর (=কাঁকর) কর্‌কর্‌ (র=ড়); কড়কড়+বা. আ=কড়কড়া; (বরিশাল ও চট্টগ্রামের উচ্চারণে 'করকরা ভাত' অর্থাৎ বাসি হয়ে শুকিয়ে কাঁকরের মতো শক্ত হয়েছে যে ভাত)]।

কড়কড়[২] *অব্য* ১ (ধ্বন্যা.) মেঘগর্জন ধ্বনি; বজ্রপাতের শব্দ। ২ খড়খড়ে বা কড়া বস্তুর স্পর্শ বোঝাতে।

কড়কড়া, কড়কড়ি, কড়কড়ে *বিণ* (ধ্বন্যা.) ১ যে ভক্ষ্য চর্বণে কড়কড় শব্দ উৎপন্ন হয়। ২ বাসি শুষ্ক অন্ন।

কড়কা *বি* শিলাবৃষ্টি; বজ্রপাত। [বা. কড় (ধ্বন্যাত্মক)+ অকা=কড়কা]

কড়চা, করচা *বি* ১ পদ্যে লেখা বিবরণী; দিনলিপি; রোজনামচা; ইতিবৃত্ত। ২ খাজনা সম্পর্কিত হিসাবের খাতা। ৩ খণ্ড খণ্ড পদ্য রচনা। ৪ সংক্ষিপ্ত দিনপঞ্জি। [দেশী; তুল. হি. 'কড়খা']

কড়মড় *অব্য* (ধ্বন্যা.) ১ কঠিন দ্রব্য চিবানোর শব্দ। ২ আক্রোশ বা ক্রোধসূচক দন্তঘর্ষণজাত শব্দ।

কড়মড়ানো *ক্রি* রাগে কড়মড় শব্দ করা; ক্রোধ বা আক্রোশের ভাবব্যঞ্জক দন্তঘর্ষণ (দাঁত কড়মড়ানো)।

কড়মড়ি *অসক্রি* (নামধাতুজ) কড়মড় করা; দন্তঘর্ষণ শব্দ করা। ❑*বি* বজ্রপাতের পূর্বমুহূর্তে মেঘে-মেঘে ঘর্ষণের ধ্বনি।

কড়মা *বি* ১ দধির সঙ্গে মেশানো ময়দা বা ছাতু কিংবা চিড়া ও মুড়কি; হিন্দুদের মঙ্গলাচারে ব্যবহার্য ভক্ষ্যবিশেষ। ২ ধান কাটার পরে নাড়া থেকে যে নতুন অঙ্কুর উদ্‌গত হয় তাকে কড়মা বলে। [স. করম্ভ, করম্ব (=মিশ্রিত)> করম্ম> করমা, কড়মা]

কড়ম্ব *বি* ১ শাকবিশেষ; কলমি শাক। ২ শাকাদির ডাঁটা। **কড়ম্বী** *বি স্ত্রী.* কলমি শাক। [স. কলম্বী (=কলমি শাক); স. কড়ম্ব বা কলম্ব]

কড়সি, কড়সী *বি* ঘুনসি; কটিসূত্র; কটিবন্ধন; কোমরে বাঁধা সুতা বা রেশম বা ফিতা। [স. কটিরশ্মি (=কটির দড়ি বা রসি)> কড়রশি> কড়সি]

কড়া[১] *বি* কলঙ্কচিহ্ন; ঘাটা; নিত্য ঘর্ষণজাত চিহ্ন। [স. কটুক> প্রা. কডুঅ> বা. কডুআ> কড়া]

কড়া[২] *বিণ* ১ তীব্র; অকোমল। ২ কঠিন; কর্কশ; কঠোর; নিষ্ঠুর; পরুষ (কড়া কথা)। ৩ প্রখর (কড়া বিচারক)। ৫ সতর্ক; দুর্ভেদ্য; নিশ্ছিদ্র (কড়া পাহারা)। ৬ চড়া; উচ্চ (কড়া সুদ)। ৭ অবিচল; কঠোর; অলঙ্ঘ্য (কড়া নির্দেশ)। ৮ কষা; দৃঢ় (কড়া বাঁধন)। ৯ উগ্র; রুক্ষ (কড়া মেজাজ)। ১০ উগ্র; তীব্র (কড়া ঔষধ)। [স. কটুক> কড়ুঅ> কড়ুআ> কড়া; তুল হি. কর্‌রা]

কড়া[৩] *বি* ধাতুবলয়; বালার ন্যায় হাতল; আংটা। [স. কটক (=বলয়)> কড়অ> কড়া; তুল. হাতকড়া; বড় ডেকচির কড়া]

কড়া[৪] *বিণ* অপরিণত; নবোদ্‌গত; নিতান্ত কচি (কড়া আম, কড়া মরিচ)। [দেশী অথবা স. কুট্মল> প্রা. কড্ড> কড়+আ=কড়া]

কড়া[৫] *বি* কপর্দক। **কড়াকিয়া** *বি* কড়ার নামতা; একশত পর্যন্ত কড়ার হিসাব। **কড়াক্রান্তি** *বি* ১ সামান্য কোনো কিছু; বিন্দুবিসর্গ। ২ মুদ্রার অতি ক্ষুদ্র ক্ষুদ্র সংখ্যা। ৩ সূক্ষ্ম হিসাব। **কড়াক্রান্তি হিসাব** *বি* পাই পয়সা পর্যন্ত হিসাব; নিঃশেষে সম্পূর্ণ হিসাব; নিখুঁত হিসাব। **কড়ায় গণ্ডায়** *ক্রিবিণ* নিঃশেষে; হিসাবের শেষ কদর্পক পর্যন্ত।

কড়া[৬] *বি* কড়াই; কটাহ; রন্ধন পাত্রবিশেষ। [স. কটাহ> কডাহ> কড়াঅ> কড়া, কড়াই]

কড়াই *বি* রন্ধন পাত্রবিশেষ; কটাহ। [স. কটাহ; দ্রষ্টব্য— 'কড়া'[৬]; চট্ট. 'কড়াই'—ছোট রন্ধন পাত্র (লোহার); বা. কড়া+আই]

কড়াক্কড় *বিণ* শক্ত; কঠিন; দৃঢ়। [ধ্বন্যাত্মক]

কড়ি[১]**, কৌড়ি** *বি* ১ শামুকজাতীয় সামুদ্রিক জীবের খোল। ২ কপর্দক; অর্থ; ধন; টাকা-পয়সা। ৩ বিক্রয়লব্ধ অর্থ। ৪ পারানির পাশুল; পার হওয়ার উপযুক্ত অর্থ; পারের সম্বল। [স. কপর্দিকা> করড্‌ডিয়া> কউডিয়া> কৌড়ি> কড়ি]। **কড়িখেলা** *বি* ক্রীড়াবিশেষ; ভূমিতে কড়ি ঢেলে যে খেলা। **কড়িপিশাচ** *বিণ* অর্থপিশাচ; ধনলোভী। **কানাকড়ি** *বি* খুঁতযুক্ত কড়ি; ভাঙা বা ফুটা কড়ি। ❑*বিণ* (আল.) অতি তুচ্ছ; মূল্যহীন। **টাকা-কড়ি, পয়সা-কড়ি** *বি* ধনদৌলত; অর্থসঙ্গতি; টাকাপয়সা। **কড়িয়াল, কড়িআল** *বিণ* বিত্তশালী; ধনী; অর্থসঙ্গতি সম্পন্ন। [বা. কড়ি+বালা (ওয়ালা)]

কড়ি[২] *বিণ* কড়া; তীব্র; অকোমল। [স. কটুক> কড়ুঅ> কড়ুআ> কড়া; তুল. কড়ুয়া> করুয়া (তেল)= সরিষার ঝাঁঝালো তৈল]। **কড়িমধ্যম** *বি* তীব্র মধ্যম সুর।

কড়ি[৩] *বি* ১ গৃহস্থদের অবলম্বন আড়কাঠ; লৌহ বা কাষ্ঠময় আড়া; beam। ২ লৌহদণ্ড; rod। [স. কাণ্ড> কাঁড়(হিন্দি); তুল. বা. কড়ি (কাঠ)]। **কড়ি গোনা, কড়িকাঠ গোনা** *ক্রি* বেকার অবস্থা যাপন; কর্মহীন অলস অবসর যাপন; নিষ্কর্মা বসে থাকা।

কড়িয়াল *বি* ঘোড়ার লাগামের কড়াওয়ালা অংশ; অশ্ববল্গার ধাতুময় অংশবিশেষ। [কড়ুবাল> কড়িয়াল]

কড়ুই-রাঁড়ি *বি* বালবিধবা; কচি বয়সের বিধবা। [বা. কড়া ('অপরিণত' অর্থে)+আই=কড়াই> কড়ুই (স্বরসাম্যে)+ স. রণ্ডা> রংড়া> রাঁড়া, রাঁড়, রাঁড়ি]

কড়ুয়া *বিণ* ১ তীব্র; কটু; ঝাঁঝালো; সরিষার (তেল)। ২ কড়া। [স. কটুক> কড়ুঅ> কড়ুআ> কড়ুয়া]

কণা *বি* ১ অণু; তিল পরিমাণ; সামান্যতম। ২ রেণু; বিন্দু (জলকণা)। ৩ চালের খুদকুঁড়া। ৪ খণ্ড; অংশ; টুকরা (চাঁদের কণা)। **কণাবাদী** *বি* অণুবিজ্ঞানীদের

একদল বা শাখা।

কণাদ *বি* বৈশেষিক দর্শনকার মুনিবিশেষ। ❑*বিণ* পণ্ডিত; নৈয়ায়িক শ্রেষ্ঠ।

কণি, কুণি *বি* নখের কোণ; নখপ্রান্তিক ছুঁচালো অংশ। [সং. কোণ+বা. 'ই'=কোণি> কুণি (স্বরসাম্যে)]

কণিকা *বি* কণা; খুদ; ক্ষুদ্র অংশ; চাউলের কণা; অতি সূক্ষ্ম বস্তু।

কণ্টক *বি* ১ কাঁটা; লতা-গুল্ম বৃক্ষাদির ছুঁচালো অংশবিশেষ। ২ মাছের কাঁটা; মাছের হাড় পাঁজরা। ৩ (আল.) বিঘ্ন; অন্তরায়; বাধা। **কণ্টকশয্যা** *বি* ১ কণ্টক বিছানো শয্যা; কণ্টকে প্রস্তুত শয্যা। ২ যন্ত্রণার অবস্থা; দুঃসহ অবস্থা। **কণ্টকিত** *বিণ* ১ কণ্টকবিদ্ধ; কণ্টকযুক্ত। ২ রোমাঞ্চিত (ভয়ে শরীর কণ্টকিত হওয়া)। **কণ্টকাকীর্ণ** *বিণ* ১ কাঁটায় ছাওয়া। ২ দুর্গম।

কণ্টী *বি* ১ (উদ্ভিদ) গোক্ষুর। ২ খদির।

কণ্ঠ *বি* ১ স্বরযন্ত্র। ২ গলার স্বর। ৩ গলদেশ। ৪ টুঁটি (কণ্ঠরোধ)। **কণ্ঠবদ্ধ, কণ্ঠলগ্ন, কণ্ঠলীন** *বিণ* কণ্ঠে জড়িয়ে আছে এমন; কণ্ঠের সাথে যুক্ত। **কণ্ঠভূষণ, কণ্ঠভূষা, কণ্ঠাভরণ** *বি* কণ্ঠে ধারণ করবার অলঙ্কার; হার। ❑*বিণ* প্রিয়; আদরণীয় বিষয়। **কণ্ঠরোধ** *বি* ১ শ্বাসরোধ। ২ কথা বলতে না দেওয়া। **কণ্ঠস্থ** *বিণ* মুখস্থ; বিশেষরূপে আয়ত্ত। **কণ্ঠাগত** *বিণ* কণ্ঠ পর্যন্ত আগত; বহির্গমনোন্মুখ (কণ্ঠাগত প্রাণ)।

কণ্ঠা *বি* কণ্ঠের অস্থি; কণ্ঠদেশের নিম্নদেশের নিম্নবর্তী ও বক্ষপাঁজরের উপরস্থ দীর্ঘ অস্থিদ্বয়।

কণ্ঠি, কণ্ঠিকা, কণ্ঠী *বি* একনরা; কণ্ঠমালা; কণ্ঠের ভূষণবিশেষ। **কণ্ঠি ছেঁড়া** *বি* বৈষ্ণব সম্প্রদায় পরিত্যাগ; বৈষ্ণব সম্প্রদায় থেকে বিচ্যুত হওয়া। **কণ্ঠিধারণ, কণ্ঠীধারণ** *বি* ১ আনুষ্ঠানিকভাবে বৈষ্ণব মতে দীক্ষাগ্রহণ। ২ বৈষ্ণবের ন্যায় ফোঁটা তিলকাদি গ্রহণ। **কণ্ঠিধারী, কণ্ঠীধারী** *বি* বৈষ্ণব; বৈরাগী। **কণ্ঠিবদল, কণ্ঠীবদল** *বি* বৈষ্ণব সম্প্রদায়ের মধ্যে প্রচলিত কণ্ঠের মালা বদল করে বিয়ে।

কণ্ঠ্য *বিণ* ১ কণ্ঠজাত; কণ্ঠ থেকে উৎপন্ন বা উচ্চারিত (কণ্ঠ্যবর্ণ—অ, আ, ক–বর্গ, হ)। ২ কণ্ঠবিষয়ক। **কণ্ঠৌষ্ঠ্য** *বিণ* কণ্ঠ ও ওষ্ঠ থেকে উচ্চারিত (কণ্ঠৌষ্ঠ্য বর্ণ—ও, ঔ)।

কণ্ডু, কণ্ডূ *বি* খোস; পাঁচড়া; চুলকানি; নানাজাতীয় চর্মরোগ। **কণ্ডূয়ন** *ক্রি* চুলকানো।

কণ্ডোল, কণ্ডোলক *বি* ১ বাঁশ বা নল দ্বারা নির্মিত শস্যাধার; ডোল; গোলা। ২ উট। [সং. কণ্‌ড্+ওল]

কণ্ব *বি* পুরাণখ্যাত মুনিবিশেষ; শকুন্তলার পালক পিতা। **কণ্বসুতা** *বি* শকুন্তলা।

কত, কতো *বিণ* ১ কী পরিমাণ; কী সংখ্যক ইত্যাদি প্রশ্নবাচক। ২ বহু; অনেক। ❑*ক্রিবিণ* ১ একাধিকবার; বেশি পরিমাণে (কত সাধাসাধি করে তবে খাওয়ানো গেল)। ২ কী দর; কী মূল্য (মাছটা কত হলে দেবে?) ❑*বি* অনেক কিছু; বহু জিনিস (কর্তাদের আমলে কত দেওয়া-থোওয়া হতো)। [সং. কতি>প্রা. কতে>]। **কতই, কতোই** *বিণ, ক্রিবিণ* কত না; কত যে; অনেক। ❑*বিণ* (ব্য.) অল্প; সামান্য খুব কম। **কতক** *সর্ব* কিছু অংশ; খানিকটা; কিছুটা। ❑*বিণ* কিছু পরিমাণ; কিছু কিছু (কতক লোক গোলমাল করতেই আসে)। ❑*ক্রিবিণ* কিছু ভাগ; কিছু দূর পর্যন্ত (খাতাগুলো কতক দেখা হয়েছে)। **কতকটা** *বিণ* খানিকটা; কিছুটা; কিছু পরিমাণ। **কত করে, কতো করে** *ক্রিবিণ* বহু অনুনয় বিনয়পূর্বক; বহু প্রকারে; নানাভাবে (কত করে বলি তবু বদখেয়াল ছাড়ে না)। **কত কত, কতো কতো** *বিণ* বহু; ঢের; ঢের অনেক রকমের (কত কত মানুষ দেখলাম অমনটি আর চোখে পড়লো না)। **কত/কতো কি**—বহু কিছু; নানা কিছু। **কতক্ষণ, কতোক্ষণ** *বি* ১ কিছু সময়। ২ বহু সময়। ৩ কোন সময়ে বা কখন এলে এই প্রশ্নবোধক। **কতখান, কতোখান** *বি* নানা স্থান; বহু স্থান (কত খান থেকে লোক এসেছে)। ❑*বিণ* ১ নানা রকম; অতিরঞ্জিত (ননদ এসে ভাইকে কতখান করে লাগালো)। ২ কয় খানা; কতগুলি; কী পরিমাণ (কত খান কাপড় বিলি হবে?)। **কতটা, কতোটা** *বি, বিণ* কী পরিমাণ; কয়খানা। **কতটুকু, কতোটুকু** *বিণ* ১ কী আন্দাজ বা পরিমাণ এই প্রশ্নবাচক। ২ কিছুটা; খানিক। ৩ পরিমাণে লঘু; সামান্য (এ আর কতটুকু)। **কত না, কত যে** *বিণ, ক্রিবিণ* অনেক সংখ্যা বা পরিমাণ নেই এরূপ। **কতমত** *বিণ, ক্রিবিণ* বহুপ্রকার; নানা রকম; অনেক। **কতশত** *বিণ* অগণ্য; বহু; অসংখ্য। **কতহুঁ** (ব্রজ.) *বিণ* কতই; অনেক; বহু।

কতল, কোতল *বি* শিরশ্ছেদ; তরবারির আঘাতে মানুষ খুন; হত্যা; বধ। [আ.]

কতিপয় *বিণ* কয়েকটি; কিছু সংখ্যক; অল্প পরিমাণ। [সং. কতি+অয়চ্(=অয়) স্বার্থে, তৎপূর্বে 'প' আগম= কতিপয়]

কতেক *বিণ* ১ কত পরিমাণ; কতখানি; কী পর্যন্ত; কতই। ২ কতক; কিছু অংশ। [বা. কত+এক=কতেক]

কৎবেল, কদবেল *বি* অম্লস্বাদ বেল সদৃশ ফলবিশেষ। [সং. কপিত্থ> কইত্থ>কৈত্থ>কত>কৎ+বেল<বিল্ব]

কথক *বি* অঙ্গভঙ্গিসহ হিন্দুদের পুরাণকথা বর্ণনা করে যে; ভক্তি ও ব্যাখ্যাসহ পুরাণ পাঠ করে শুনায় যে। [সং. √কথ্+অক]। **কথক ঠাকুর** *বি* ব্রাহ্মণ পুরাণপাঠক। **কথকতা** *বি* ১ কথকের বৃত্তি বা পেশা; আসরে গীতবাদ্যযোগে বক্তৃতা; পুরাণ পাঠ ও ব্যাখ্যা। ২ কথকবৃত্তি। ৩ বক্তা; পাঠক।

কথন *বি* ১ বাচন; ভাষণ; কথা; উক্তি; বিবৃতি। ২ কথা। ❑*বিণ* কথনীয়।

কথা *বি* ১ বচন; ভাষা; উক্তি। ২ উচ্চারণ (জড়ানো কথা)। ৩ প্রসঙ্গ; বিষয়। ৪ বিবরণ; বৃত্তান্ত। ৫ প্রতিশ্রুতি। ৬ অনুনয়; প্রার্থনা; মিনতি। ৭ চুক্তি। ৮ সাধ; আকাঙ্ক্ষা; অভিলাষ। ৯ রহস্য; গোপন বাণী। ১০ বক্তব্য। ১১ খবর; তথ্য; সংবাদ। ১২ বাক্যালাপ। ১৩ কাহিনী; উপাখ্যান (কথাসাহিত্য)। ১৪ কথকতা। ১৫ প্রবচন (ডাকের কথা)। ১৬ বাচালতা (কথায় দড়)। ১৭ প্ররোচনা; পরামর্শ। ১৮ তুলনা। ১৯ ঘটনা; ব্যাপার। ২০ করার; বাঁধাবাঁধি; কড়াকড়ি; অবশ্যবাধ্যতা। ২১ কৈফিয়ত; ওজর। ২২ মত (এ কথায় আমার সায় আছে)। ২৩ বিতর্ক; বিতণ্ডা (এত

কথার পর আর এখানে থাকতে চাই না)। ২৪ আলোচনা। ২৫ সহজে; পারিশ্রমিক বিনা (শুধু কথায় তাকে দিয়ে কাজ করাতে পারবে না)। ২৬ নিন্দাবাদ; কানভাঙানি। ২৭ আদেশ; নির্দেশ; হুকুম (আমার কথামতো চলবে কি না তাই বলো)। ২৮ তিরস্কার; কটুকাটব্য (তোমার কথায় তার কিছু আসবে যাবে না)। ২৯ বাণী (হাদিসের কথা)। ৩০ স্থির সিদ্ধান্ত; দৃঢ় মত; প্রতিজ্ঞা। ৩১ ফ্যাকড়া; গোলমাল (এর মধ্যে কিছু কথা আছে)। ৩২ কলঙ্ক; নিন্দা; সমালোচনা; আপত্তি (এই নিয়ে চারদিকে কথা উঠেছে)। ৩৩ ভাষা (কথার বাঁধুনি)। ৩৪ প্রস্তাব (মেয়ের একটা বিয়ের কথা এসেছে)। **কথা আসা** *ক্রি*১ আলোচনা চলা; প্রস্তাব উত্থাপন হওয়া (বিয়ের কথা আসছে)। ২ মুখে কথা জোগানো (মুখে কথা আসছে না কেন?)। **কথা কাটা** *ক্রি* যুক্তি দ্বারা কোনো মত খণ্ডন করা; বিতর্ক উত্থাপন করা; এড়াবার চেষ্টায় প্রত্যুত্তর করা। **কথা কাটাকাটি** *বি* তর্কবিতর্ক; বাকবিতণ্ডা; বাদানুবাদ; বাকযুদ্ধ। **কথা চালা** *ক্রি* এক কান থেকে অন্য কানে সংবাদ রটনা করা; গোপনে খবর ছড়ানো। **কথা চালাচালি** *ক্রি* গোপন সংবাদের লেনদেন বা লেনদেনের মাধ্যমে গোপন সংবাদ বিস্তার। **কথা দিয়ে কথা নেওয়া** *ক্রি* গোপন সংবাদের আভাস দিয়ে উত্তেজিত করে অপরের গোপনতর সংবাদ বের করা; কৌশলে কথা বলে অপরের মনোভাব জেনে নেওয়া। **কথা দেওয়া** *ক্রি* অঙ্গীকার করা; প্রতিশ্রুতি দেওয়া। **কথা পাড়া** *ক্রি* প্রসঙ্গ উত্থাপন করা। □ *বি* প্রস্তাব দেওয়া; বিবাহ বিষয়ক আলাপ করা। **কথা ফেলা** *ক্রি*১ অগ্রাহ্য করা; অবহেলা করা। ২ সিদ্ধান্ত প্রকাশ করা; কোনো বিষয়ে মত স্থির করে বলা। **কথা ফোটা** *ক্রি*১ বাকস্ফুরণ; বাচন ক্ষমতার উন্মেষ হওয়া (ও বাড়ির খোকার কেমন আধো-আধো কথা ফুটেছে)। ২ কলহপটুত্ব জন্মানো (আজই মেয়ের কথা ফুটেছে দেখ)। **কথা বাড়ানো** *ক্রি* তর্কবিতর্ক প্রলম্বিত করা; সামান্য বিষয়কে অযথা ফেনানো; বাদ প্রতিবাদ দীর্ঘ করা। **কথা বেচে খাওয়া** *ক্রি* কথা-কুশলতায় জীবিকার্জন; বাকচাতুর্য দ্বারা অর্থ সংস্থান করা। **কথামাত্র সার**—বাকসর্বস্ব; বাগাড়ম্বর যার একমাত্র আশ্রয়; অন্তঃসারশূন্য; বাকপটু। **কথায় কথা বাড়া** *ক্রি* উত্তর প্রত্যুত্তরে বাদানুবাদ দীর্ঘ হওয়া। **কথায় কথায়** *ক্রিবিণ*১ প্রসঙ্গক্রমে; কথা বলতে বলতে (কথায় কথায় সেকথা উঠল)। ২ প্রতি ব্যাপারে; প্রতি পদক্ষেপে; সর্বদা (কথায় কথায় মান অভিমান)। **কথায় চিঁড়ে ভেজা**—সহজে উদ্দেশ্য সিদ্ধ; সহজে অপরকে বশ করার দরুন কার্যসিদ্ধি। **কথায় থাকা** *ক্রি* আলোচনায় অংশগ্রহণ; আলোচনায় অনুপ্রবেশ; কোনো প্রসঙ্গে লিপ্ত হওয়া। **কথায় না থাকা** *ক্রি* কোনো বিষয়ে জড়িত হওয়ার অনিচ্ছা; কোনো প্রসঙ্গ থেকে দূরে থাকা বা মত প্রকাশে বিরত থাকা। **কথার আঁটুনি** *বি*১ কথার সৌকর্য; বক্তব্যের পারিপাট্য; কথার শ্রীছাঁদ। ২ বাকসংযম। **কথার কথা** *বি* অগভীর উক্তি; মূল্যহীন কথা; নিতান্ত লঘু কথা। **কথার খেলাফ/খিলাফ** *বি* প্রতিশ্রুতি ভঙ্গ; অঙ্গীকারের অন্যথা; চুক্তির ব্যতিক্রম। **কথার তুবড়ি** *বি* কথার দ্রুত ও দুর্বার গতি; সরব দ্রুত কথন। **কথার ধরন, কথার ধারা** *বি*১ কথা বলার শ্রী; ছিরি; ছাঁদ; গঠন (কথার ধরনটা দেখো একবার)। ২ উদ্দেশ্যের আভাসযুক্ত বাকপ্রণালী; কথার যে বিশেষ ভঙ্গিতে বক্তার মনোভাবের আঁচ পাওয়া যায়। **কথার ধার না ধারা** *ক্রি* গণ্য না করা; অগ্রাহ্য করা। **কথার নড়বড়** *বি* প্রতিশ্রুতির ব্যতিক্রম; চুক্তির অন্যথা; পূর্ব-নির্ধারিত বন্দোবস্তের ব্যতিক্রম; কথার খেলাপ। **কথার পিঠে কথা** *বি* প্রসঙ্গক্রমে আগত কথা; কথোপকথন ধারায় উত্থিত প্রসঙ্গ। **কথার বাঁধুনি** *বি*১ কথার পারিপাট্য; বাক্য-বিন্যাসের চারুতা। ২ (ব্য.) কথার কুশ্রীতা; কথার চারুতার অভাব। **কথার ফের** *বি* কথার ফাঁক; কথার ছুতা; কথার কৌশল। **কথার মতো কথা** *বি* মূল্যবান কথা; যথার্থ কথা। **কথার মাথামুণ্ডু** *বি* পূর্বাপর সঙ্গতি; বক্তব্যের আনুপূর্বিক শৃঙ্খলা। **কথার মারপ্যাঁচ** *বি* কথার কৌশল; কূট কৌশলপূর্ণ বাক্যজাল। **কথার শ্রী, কথার ছিরি** *বি* ১ বাচনভঙ্গির শোভনতা; কথার সৌন্দর্য। ২ বক্র অর্থে—বাচনভঙ্গির কর্কশতা; কথায় শোভা সৌন্দর্যের বা লালিত্যের অভাব। **কথার হাত পা বের হওয়া**—এক কথার নানা অর্থ হওয়া; একই কথার বিভিন্ন ব্যাখ্যা। **কথা শোনা** *ক্রি* মান্য করা; আদেশ পালন করা; উপদেশ শিরোধার্য করা। **কথা শোনানো** *ক্রি* অপ্রিয় বাক্য বর্ষণ করা; তিরস্কার বর্ষণ; অপবাদমূলক উক্তি শুনিয়ে দেওয়া। **উচিত কথা** *বি* ন্যায্য কথা; খাঁটি কথা; যথোপযুক্ত কথা; যথার্থ কথা; কঠোর সত্য কথা (উচিত কথা বলব, ভয় কিসের)। **উলটা কথা, উল্টাপাল্টা কথা** *বি* এলোমেলো কথা; অস্বাভাবিক উক্তি; প্রতিকূল অবস্থা উদ্ভাবক অর্বাচীন মন্তব্য। **এক কথা** *বি* ১ যে-কথার ব্যতিক্রম নেই; যে-কথার পরিবর্তন হয় না; যে-কথার অন্যথা হতে পারে না (যে যাই বলো, আমার এক কথা)। ২ যে কথার দ্বিতীয় অর্থ নেই; অভিন্ন মত (মনে মুখে এক কথা)। ৩ দ্বিধাহীন চিত্ত; নির্দ্বন্দ্বভাব (এক কথায় রাজি)। **কাজের কথা** *বি* প্রয়োজনীয় কথা; মূল্যবান কথা; যুক্তিযুক্ত কথা। **কানকথা** *বি* গোপনে অপর লোকের কাছ থেকে কারও দুর্নাম শুনে তদনুসারে সেই লোকটিকে খারাপ মনে করা। **ছোট মুখে বড় কথা**—অর্বাচীন উক্তি; অযোগ্যের মুখে বেমানান উদ্ধত উক্তি; বেয়াদবের মতো কথা। **দশ কথা** *বি* ১ নিন্দাসূচক নানা কথা; অপবাদপূর্ণ কথা। ২ অনেক কথা; বহু রকম কথা। **দুই কথা** *বি*১ কিছু তিরস্কারপূর্ণ উক্তি (তাকে বেশ দুই কথা শুনিয়ে দিয়েছি)। ২ কিছু কথা; অল্প কথা; স্বল্প কথাবার্তা; কথোপকথন (দুই কথায় তাকে কিছু সান্ত্বনা দিয়ে যাও)। **পাঁচ কথা** *বি* নানা কথা। **পাকা কথা** *বি* সঠিক কথা বা প্রতিশ্রুতি; অনড় বাক্য। **ফলকথা** *বি* আসল কথা; সার কথা; মোট কথা। **বেফাঁস কথা** *বি* অচিন্তিত কথা; অস্থানে অসাবধানে বলে ফেলা কথা; অসঙ্গত উক্তি। **মোট কথা** *বি* আসল কথা; সার সংক্ষেপ; সংক্ষেপ; in short। **যে কথা সে কাজ**—কথায় ও কর্মে সঙ্গতি; বাক্য ও কর্মের অভিন্নতা। **লাখ কথার এক কথা**—মূল্যবান কথা; যুক্তিসঙ্গত কথা; এমন এক অমূল্য উক্তি যার পাশে লক্ষ কথা তুচ্ছ। **শেষ কথা** *বি* যে-কথার পর সেই প্রসঙ্গ সমাপ্ত হয়; যার পরে কথা নেই; চরম বাক্য। **শোনা কথা** *বি* পরম্পরায় জ্ঞাত কথা; প্রত্যক্ষভাবে জানা নয় অথচ অপরের নিকট থেকে প্রাপ্ত কথা। **সোজা কথা** *বি*১ যে কথার ভিন্ন অর্থ নেই; সহজ কথা। ২ বলিষ্ঠ উক্তি; দ্বিধাহীন সরল কথা। **হক কথা** *বি* ন্যায্য কথা;

খাঁটি কথা; উচিত কথা; সত্য কথা (হক কথায় আল্লাহ রাজি)। **কথান্তর** *বি* বাকবিতণ্ডা; বাদপ্রতিবাদ; বচসা; মতান্তর। **কথাপ্রসঙ্গ** *অব্য* কথাসূত্র; কথার ধারা; আলোচনাসূত্র। **কথাবার্তা** *বি* কথোপকথন; বাক্যালাপ। **কথারম্ভ** *বি* ভূমিকা; প্রসঙ্গের অবতারণা; প্রসঙ্গের আনুষ্ঠানিক সূচনা। **কথাশিল্পী** *বি* গল্পলেখক; উপন্যাস রচয়িতা; কাহিনীকার; উপাখ্যানমূলক সাহিত্য রচয়িতা। **কথাসরিৎসাগর** *বি* সংস্কৃত সাহিত্যের বিখ্যাত গল্পগ্রন্থবিশেষ। **কথাসাহিত্য** *বি* গল্প উপন্যাস ইত্যাদি কাহিনী জাতীয় সাহিত্য।

কথাকলি *বি* পৌরাণিক যুদ্ধকাহিনী অবলম্বনে কল্পিত ভারতীয় নৃত্য। [স. কলি(=যুদ্ধ)+কথা (=কাহিনী) =কলিকথা> কথাকলি (শব্দ বিপর্যয়ে)]

কথিকা *বি* ১ ক্ষুদ্রায়তনের রচনা; সংক্ষিপ্ত পরিসরে বর্ণনাত্মক রচনা (বেতার কথিকা; radio-talk)। ২ নিবন্ধ; কোনো বিষয়ে সংক্ষিপ্ত বা সার কথার নিবন্ধ; সংক্ষিপ্ত কথা। [কথা+ইকা=কথিকা]

কথিত *বিণ* বর্ণিত; বিবৃত; উক্ত; উল্লিখিত। [স. √কথ্+ত(কর্মভাববাচ্যে)]

কথোপকথন *বি* ১ বাক্যালাপ; কথাবার্তা। ২ আলোচনা। [স. কথা+উপকথন=কথোপকথন]

কথ্য *বিণ* ১ কথনীয়; কথনযোগ্য; বলার মতো। ২ কথায় ব্যবহৃত; কথিত। [স. √কথ্+য]

কদ *বি* বিশেষ এক প্রকার বাঁশের বাঁশি। [আ. কত্ত]

কদম[১] *বি* বৃক্ষবিশেষ ও উক্ত বৃক্ষের ফুল। [স. কদম্ব>কদম]। **কদমা** *বি* কদম ফুলের আকৃতিবিশিষ্ট মিঠাইবিশেষ; চিনির তৈরি এক প্রকার বাতাসা। **কদম ছাঁট** *বি* যে ছাঁটে বা কেশ সংস্কারে মাথার চুল কদম ফুলের কেশরের মতো খাড়া হয়ে থাকে; খুব ছোট করে ছাঁটা বিশেষ এক ধরনের কেশসংস্কার। **কদমতলা** *বি* কদম্ব বৃক্ষতল।

কদম[২] *বি* ১ পা; চরণ। ২ পদক্ষেপ। ৩ অশ্বের গতিভঙ্গিবিশেষ। ৪ পদচিহ্ন। [আ. কদম]। **কদমবুসি, কদমবুচি** *বি* পদচুম্বন; পায়ে হাত দিয়ে সালাম করা। [আ. কদম+ফা. বুসী]

কদমা *বি* ১ এক প্রকার চাউলের নাম। ২ কদম আকৃতির চিনির নাড়ু। [স. কদম্বক> কদম্বঅ> কদমা]

কদম্ব *বি* ১ কদম ফুল বা ঐ ফুলের গাছ। ২ শ্রেণী; সমূহ; সমষ্টি। **কেলি কদম্ব** *বি* কেলিকদম; কৃষ্ণলীলার সঙ্গে সম্পর্কিত এক প্রকার কদম গাছ।

কদর *বি* ১ সম্মান; মূল্য; মর্যাদা। ২ সমাদর; যত্ন; খাতির। ৩ শবেকদর বা পুণ্য বা পরম মর্যাদাপূর্ণ রজনী; রমজান মাসের ২১, ২৩, ২৫, ২৭ বা ২৯ তারিখ দিবাগত রাতে বিশেষ করে ২৭শে রমজানের রাতে 'শবে কদর' ঘটে বলে মুসলমানদের ধারণা। [আ.]। **কদরদান** *বিণ* গুণগ্রাহী; সমঝদার; পৃষ্ঠপোষক। [আ. কদর+ফা. দান]। **কদরদানি, কদরদানী** *বি* সমাদর; সম্মাননা; পৃষ্ঠপোষকতা।

কদর্থ *বি* কু-অর্থ; বিকৃত অর্থ; কুৎসিত ব্যাখ্যা। [স. কৎ+অর্থ]

কদর্য *বিণ* ১ অতি কুৎসিত; কদাকার; অত্যন্ত বিশ্রী। ২ ঘৃণ্য; নীচ; হেয়; ইতর। ৩ কৃপণ; লোভী। ☐ *বি* অরুচিকর; জঘন্য। [স. কু √ঋ+য বা. কু(কুৎ)+অর্য]। **কদর্যতা** *বি*।

কদলী, কদলিকা *বি* ১ কলাগাছ। ২ কলা। [স.]। **কদলী প্রদর্শন করা**—কলা দেখানো অর্থাৎ ফাঁকি দেওয়া।

কদাকার *বিণ* কুশ্রী; কুরূপ; দেখতে খারাপ; কুৎসিত আকৃতিবিশিষ্ট। [স. কৎ (কু)+আকার]

কদাচ, কদাচিৎ *অব্য* ১ কদাচিৎ; কৃচিৎ। ২ কদাপি; কখনও; কোনো সময়ে। [স. কিম্ (=ক)+দা (কালার্থে)=কদা; স. কদা+চন; চিৎ=কদাচ; 'কদাচিৎ'; 'কদাচ' বাংলা অর্ধতৎসম; মূলশব্দ 'কদাচন'>'কদাচ']

কদাচার, কদাচরণ *বি* কুৎসিত আচার; জঘন্য আচরণ; নোংরা ব্যবহার বা চালচলন। ☐ *বিণ* কুৎসিত আচরণবিশিষ্ট; যার চালচলন জঘন্য। [স. কু(কৎ)+ আচার=কদাচার]। **কদাচারী** *বিণ* জীবনযাত্রা জঘন্য এমন; আচরণ ঘৃণ্য এমন।

কদাচিৎ *অব্য* কৃচিৎ; কখনো; কখনো কখনো; সংখ্যায় কয়েকবার মাত্র। (মূল. দ্র. কদাচ)।

কদাপি *অব্য* কখনো; ককখনো; কখনই; কোনোকালে; কদাচ। [স. কদা+অপি]

ক'দিন, কয়দিন *ক্রিবিণ* ১ 'কয়দিন' ও 'কতদিন' –এর সংক্ষিপ্ত রূপ। ২ কয়েকদিন; সংখ্যায় অল্পদিন। ৩ বেশি দিন নয়; অল্পদিন। [কত+দিন= কদ্দিন (সন্ধিতে)]

কদু *বি* লাউ; অলাবু। [ফা. কদু, কদ্দ]

কনক *বি* ১ স্বর্ণ; সোনা। ২ গম। ☐ *বিণ* স্বর্ণবর্ণ; স্বর্ণের মতো উজ্জ্বল; প্রভাময়; দ্যুতিমান। [স.]। **কনকচাঁপা** *বি* স্বর্ণচাপা; কনকবর্ণ পুষ্পবিশেষ। **কনকচূড়** *বি* ১ এক প্রকার ধান। ২ স্বর্ণনির্মিত শিরোভূষণ। ৩ স্বর্ণ আভাযুক্ত চূড়া যার। **কনকধুতুরা** *বি* হলুদবর্ণের ধুতুরা ফুল ও এর গাছ। [স. কনকধুস্তূর=কনক+ধুস্তূ>ধুত্থুর>ধুতুর+আ=ধুতুরা]। **কনকমুকুট** *বি* সোনার মুকুট; কনকবর্ণ মুকুট যার। **কনকলতা** *বি* স্বর্ণলতা; সোনালি লতাবিশেষ; আলোকলতা। **কনকাচল** *বি* সুমেরু পর্বত। **কনকাঞ্চল** *বি* সোনার মতো ঝলমলে শাড়ির আঁচল। **কনকাঞ্জলি** *বি* সুবর্ণ নিবেদন; স্বর্ণ অর্ঘ্য; হিন্দুমতে শুভকর্মে আনুষ্ঠানিক দানবিশেষ। [স. কনক+অঞ্জলি]

কনকন[১] (ধ্বন্যা.) *বি* ক্ষীণ তীক্ষ্ণ আওয়াজ; অলঙ্কার; সিজন; নিক্বণ। **কনকনি** *বি*।

কনকন[২] *বি* তীক্ষ্ণ অনুভূতিসূচক শব্দ (দাঁত কনকন করা)। **কনকনানি** *বি*। **কনকনে** *বিণ* তীব্র; তীক্ষ্ণ অনুভূতি সৃষ্টি করে এরূপ (কনকনে শীত)।

কনসার্ট, কনসাট *বি* ঐকতান; বিভিন্ন কণ্ঠ বা যন্ত্র থেকে উত্থিত বিভিন্ন সুরের যোগে সৃষ্ট ঐকতান। [ই.]

কনস্টবল, কনেস্টবল *বি* থানার সিপাহি; পুলিশ প্রহরী; সরকারের শান্তিরক্ষী। [ই.]

কনিষ্ঠ *বিণ* ১ সকলের ছোট। ২ বয়সে ছোট। ৩ অনুজ। **কনিষ্ঠা** *বিণ স্ত্রী.* ১ সকলের ছোট। ২ বয়সে ছোট। ৩ অনুজা। ☐ *বি* কড়ে আঙ্গুল। [স.]

কনীনিকা *বি* ১ চোখের তারা; চোখের মণি। ২ কনিষ্ঠাঙ্গুলি; কড়ে আঙ্গুল। ৩ ছোট বোন; কনিষ্ঠা ভগিনী। [স.]

কনীয়ান *বিণ* দুইয়ের মধ্যে ছোট বা অল্পবয়স্ক; অতি ক্ষুদ্র। [স.]

কনুই *বি* বাহু ও হস্তের মিলনস্থল। [স. কফোণি> কহোণি> কনুই; তুল. হি. কুহ্‌নী]

কনে *বি* ১ বিবাহের পাত্রী; বিবাহ অনুষ্ঠানের বধূ। ২

বিবাহযোগ্য কন্যা; বিবাহের কথাবার্তা চলতে পারে এমন কুমারী। ৩ নববধূ; নব বিবাহিতা কন্যা। [স. কন্যা> কইন্যা>কনে]। **কনে বউ** *বি* নব বিবাহিতা বধূ।

কন্ট্রাক্ট *বি* চুক্তি; বন্দোবস্ত। **কন্ট্রাক্টর** *বি* ঠিকাদার। [ই.]

কন্থা *বি* কাঁথা; জীর্ণ বস্ত্রনির্মিত শীত নিবারক আবরণ; লেপ; রেজাই-এর বিকল্প। [স.]

কন্দ[১] *বি* উদ্ভিদের শাঁসালো মূল; আলু কচু ওল ইত্যাদি। [স.]

কন্দ[২] *বি* স্কন্ধ; কাঁধ [স. স্কন্ধ>কন্ধ>কন্দ]। **কন্দকাটা** *বিণ* কবন্ধ; মস্তকবিহীন। ☐*বি* গলা কাটা ভূতপ্রেত ইত্যাদি ভয়ানক মূর্তি।

কন্দর *বি* ১ গুহা; পর্বত-গহ্বর। ২ অঙ্কুশ; হস্তী শাসনের দণ্ড। ৩ আদা গাজর ওল প্রভৃতি ফলাকার উদ্ভিদ মূল।

কন্দর্প *বি* হিন্দুশাস্ত্রমতে মদন; কামদেব। ☐*বিণ* কন্দর্প বা মদনের তুল্য রূপবান বা সুপুরুষ। **কন্দর্পকান্তি** *বিণ* কন্দর্পের ন্যায় সুপুরুষ; কন্দর্পের ন্যায় সুদেহী। [স.]

কন্দল *বি* ১ কোন্দল; বচসা; কলহ। ২ অঙ্কুর; পত্রোদ্‌গম। ৩ কলাগাছ। ৪ লড়াই; হাতাহাতি; মারামারি। [স.]

কন্দলী[১] *বি* কলহপটু নারী; কলহপ্রিয় স্ত্রীলোক; কুঁদুলে নারী; ঝগড়াটে নারী।

কন্দলী[২] *বি* ১ পুষ্পবিশেষ। ২ পতাকা। ৩ কলার মোচা। ৪ মৃগীবিশেষ। ৫ ব্যাঙের ছাতা।

কন্দাল *বি* মিষ্টি আলু; খাম আলু; মুচড়ি আলু। [আ. কন্দ্‌+ফা. আলু]

কন্দিল *বি* দোদুল্যমান আলোকাধার; ঝাড়লণ্ঠন; প্রদীপ; চেরাগ; বাতি। [আ.]

কন্দু *বি* কড়াই; তাওয়া; তন্দুর; কড়া আঁচে সেঁকা বা ভাজার কাজে ব্যবহার্য পাত্র। [স. √স্কন্দ্‌+উ]

কন্দুক, কন্দক *বি* বল; গেণ্ডুয়া; গেড়ুয়া; ভাঁটা; খেলবার গোলক। **কন্দুকভূমি** *বি* বল খেলার মাঠ। [স.]

কন্ধ *বি* স্কন্ধ; কাঁধ। [স. স্কন্ধ>কন্ধ]। **কন্ধকাটা** *বিণ* স্কন্ধ থেকে কাটা; মস্তকবিহীন। ☐*বি* ১ মস্তকবিহীন ধড়; কবন্ধ। ২ হিন্দুমতে মুণ্ডবিহীন ভূতবিশেষ।

কন্না, করনা *বি* করণীয়; ক্রিয়া; কর্তব্য। [বা. √কর্‌+ অনা=করনা>কর্না; কন্না]। **ঘরকন্না** *বি* ঘরের কাজ; গৃহকর্ম; গৃহস্থালী।

কন্নাল *বি* বাদ্যযন্ত্রবিশেষ। [ফা.]

কন্নিক, কন্নি *বি* দালানে পলস্তারা করার ও তা সমান করার লৌহনির্মিত কাঠের হাতলওয়ালা যন্ত্রবিশেষ। [স. কর্ণিক>কন্নিক]

কন্যা *বি* ১ দুহিতা; আত্মজা; তনয়া; সুতা; নন্দিনী; মেয়ে। ২ কুমারী মেয়ে; বিবাহযোগ্যা নারী। ৩ পাত্রী; ভাবীবধূ; বিবাহ অনুষ্ঠানের নায়িকা। ৪ রাশিবিশেষের নাম। **কন্যাকর্তা** *বি* ভাবী বধূর অভিভাবক। **কন্যাদান** *বি* ১ দুহিতা বা রক্ষণাধীনার বিবাহদান। ২ বিবাহ আসরে আনুষ্ঠানিকভাবে বরের হাতে কন্যা সমর্পণ অনুষ্ঠান। **কন্যাদায়** *বি* কন্যাকে পাত্রস্থ করবার দায়িত্ব। **কন্যাদায়গ্রস্ত** *বিণ* কন্যার জন্যে বর পাওয়ার সমস্যাগ্রস্ত।

কপ *অব্য* চোখের নিমেষে মুখে পুরবার কল্পিত শব্দ; একবারে মুখে পুরে ফেলার শব্দ। **কপকপ** *অব্য* একাধিকবার বা বারংবার দ্রুত মুখে পুরবার শব্দ। **কপাকপ** *অব্য* দ্রুত মুখে পুরে খাওয়ার শব্দ।

কপচানো *ক্রি* ১ পাখির মতো বুলি আওড়ানো; অর্থ না বুঝে আওড়ানো; শেখা কথা বলে যাওয়া; মুখস্থ বা বাঁধা বুলি বলে যাওয়া। ২ বকে যাওয়া; বকবক করা; অনর্থক আওড়ানো। ৩ মুখস্থ করা; মুখস্থ করার জন্য আওড়াতে থাকা। [বা. √কপ্‌চা আনো= কপচানো]। **কপচানি** *বি*।

কপট *বিণ* ১ প্রতারক; শঠ; প্রবঞ্চক; মিথ্যাচারী; ভণ্ড। ২ ছদ্ম; পরিচয় গোপনকারী; কৃত্রিম। ☐*বি* ছল; প্রতারণা; চাতুরী; শাঠ্য। **কপটতা, কাপট্য** *বি* ছল; প্রবঞ্চনা; শঠতা।

কপনি, কপিন *বি* কৌপীন; নেংটি। [তুল. স. কৌপীন এবং আ. কফনী; উভয় শব্দ প্রায় সমার্থক; এদের অর্থ সন্ন্যাসী বা ফকিরের পরিচ্ছদ। তুল. মারাঠি কফণী; হি কফনী; কিন্তু মৈ. কপ্‌পা]

কপর্দ *বি* শিবের জটা; কড়ি। [স.]

কপর্দক *বি* ১ ঐ নামে প্রাচীন মুদ্রার ন্যূনতম ভাগ; কড়ি; সামুদ্রিক প্রাণীবিশেষের খোল। ২ অর্থরূপে ব্যবহৃত কড়ি; দ্রব্য ক্রয়কালে যা মূল্য হিসাবে প্রদান করা হয়। ৩ কড়া; সামান্য পরিমাণ ধন। ৪ অর্থের সর্বাপেক্ষা তুচ্ছ পরিমাণ; কড়া পরিমাণ ধন।

কপর্দী(-র্দিন্‌) *বি* হিন্দুদের দেবতা শিব; মহাদেব।

কপাট, কবাট *বি* ১ দরজার পাল্লা; দরজার দুই পাট। ২ আবরণ (মনের কপাট)। [স. কপাট>কবাট (প>ব)]

কপাটি, কাবাডি *বি* ১ হা-ডু-ডু খেলা। ২ বন্ধ কপাটির ন্যায় আবদ্ধ অবস্থা। [তুল. হি কবড্ডী]। **দাঁতকপাটি** *বি* দাঁতে দাঁতে খিল লাগা। [স. দন্তকপাট>+ই]

কপাল *বি* ১ ললাটদেশ। ২ করোটি; মাথার খুলি। ৩ ভাগ্য; অদৃষ্ট; বিধিলিপি; ললাট লিখন। ৪ দুরদৃষ্ট; দুর্ভাগ্য। ৫ কলসের খাপরা; খোলা; কর্পর। ৬ ভিক্ষাপাত্র; টুকনি। **কপালক্রমে** *ক্রিবিণ* ভাগ্যক্রমে; ভাগ্যবশত; অদৃষ্টের আনুকূল্যবশত; সৌভাগ্যগুণে। **কপালগুণে** *ক্রিবিণ* ১ সৌভাগ্যবশত; ভাগ্যের জোরে। ২ দুর্ভাগ্যবশত; ভাগ্যের দোষে। **কপাল চাপড়ানো** *ক্রি* ১ শোকবশত শিরে করাঘাত করা; ভাগ্যকে দোষারোপ করে দুঃখ প্রকাশ করা। ২ হায় হায় করা; আফসোস করা। **কপালজোর** *বি* অদৃষ্টের জোর; প্রবল সৌভাগ্য। **কপাল ঠোকা** *ক্রি* ১ হিন্দু প্রথায় প্রণাম করা। ২ মাথা খোঁড়া। ৩ কপাল ঠুকে কাজ আরম্ভ; ভাগ্য সম্বন্ধে বৃথা চিন্তা না করে মরিয়া হয়ে কাজে নামা। **কপালপোড়া** *বিণ* হতভাগ্য; দুর্ভাগা। **কপাল পোড়া** *ক্রি* সৌভাগ্য নষ্ট হওয়া; দুর্ভাগ্যজনক ঘটনা ঘটা। **কপাল ফেরা** *ক্রি* ভাগ্যের পরিবর্তন হওয়া; সৌভাগ্যের উদয় হওয়া; অবস্থার উন্নতি হওয়া। **কপাল ভাঙা** *ক্রি* সৌভাগ্য নষ্ট হওয়া; অবস্থার অবনতি হওয়া; দুর্গতি হওয়া। **কপালভাঙা** *বিণ* মন্দ অদৃষ্ট; ভাগ্যহত। **কপালের লেখা** *বি* বিধিলিপি; ভাগ্যলিপি; ভবিতব্য; অদৃষ্টের লিখন। **উঁচুকপাল** *বিণ* সৌভাগ্যবান; উন্নত ভাগ্য। **ছাই কপাল, ছাই কপালে** *বিণ* মন্দ অদৃষ্ট; মন্দভাগ্য; ছাই-চাপা-কপাল; পাথরচাপা-কপাল। ☐*বি* যার ভাগ্য বরাবর অপ্রসন্ন; যার ভাগ্যে কখনও সুদিন উদয় হয় না; অদৃষ্ট যার প্রতি চিরদিন বিমুখ। **পোড়াকপাল** *বি* ১ মন্দভাগ্য; দুর্ভাগ্য। ২ আক্ষেপসূচক উক্তি। **ফাটাকপাল, ভাঙা কপাল**—বিনষ্ট ভাগ্য; খণ্ডিত অদৃষ্ট। **ফাটা/ভাঙা কপাল জোড়া লাগা**—সৌভাগ্যের পুনরাবির্ভাব হওয়া; নষ্টভাগ্য সৌভাগ্যরূপে পরিবর্তিত হওয়া; ভাগ্যচক্রের আবর্তনে

সুদিনের পুনরাগমন হওয়া।
কপালি *বি* ১ চৌকাঠের মাথার কাঠ; দ্বারের শীর্ষভাগের কাষ্ঠময় অংশবিশেষ। ২ খেজুর গাছের শীর্ষে যে অংশ থেকে রস সংগৃহীত হয়।
কপালী[১] (-লিন্) *বি* শিব; মহাদেব। **কপালিনী** *বি স্ত্রী* কালীদেবী; বাংলায় ভাগ্যবান ও ভাগ্যবতী।
কপালী[২], **কাপালি** *বি* কৃষিজীবী বাঙালি হিন্দু সম্প্রদায়বিশেষ।
কপালে, কপালিয়া *বি* ভাগ্যবান; ভাগ্যবন্ত; সৌভাগ্যসম্পন্ন। [স. কপাল+বা. ইয়া=কপালিয়া>কপাইলা>কপালে]। **আঁটকপালে** *বিণ* মন্দভাগ্য; ভাগ্যে নানা প্রকার দুঃখ আছে এরূপ।
কপি[১] *বি* বানর; মর্কট। **কপিধ্বজ** *বি* যার ধ্বজায় কপি চিহ্নিত আছে; অর্জুন। [স. √কপ্+ই]
কপি[২] *বি* সবজিবিশেষ; ফুলকপি; বাঁধাকপি; ওলকপি; শালগম জাতীয় আনাজ। [পো. couve]
কপি[৩] *বি* ১ প্রতিলিপি; হুবহু অনুলিপি; নকল। ২ মুদ্রণের জন্য প্রস্তুত রচনা সামগ্রী। [ই.]। **কপিবুক** *বি* যে খাতায় হাতের লেখা অভ্যাস করা হয়; exercise book।
কপিকল *বি* ভারী ওজনের বস্তু উত্তোলনের যন্ত্র; ক্রেন জাতীয় যন্ত্র।
কপিনাশ, কপিলাস *বি* বাদ্যযন্ত্রবিশেষ; কপির নাসার আকৃতি বিশিষ্ট বাদ্যযন্ত্র। [স. কপিনাস= কপিনাসাকৃতি (?) বাদ্যযন্ত্র; কপিলাস শব্দে ন=ল লক্ষণীয়]
কপিল, কবিল *বি* ১ পিঙ্গল বর্ণ। ২ মুনিবিশেষ; সাংখ্যদর্শন প্রণেতা মুনি। □ *বিণ* পিঙ্গল বর্ণযুক্ত। **কপিলা, কবিলা** *বি স্ত্রী.* ১ পিঙ্গল বর্ণের গাভী। ২ বাছুর; কইলা। ৩ কামধেনু। [স.]
কপিশ *বি* রংবিশেষ; পাঁশুটে রং; মেটে রং। □ *বিণ* মেটে রংযুক্ত; পাঁশুটে; পাংশু। [স. কপি+(বানরের বর্ণ) ইশ]
কপোত *বি* কবুতর; পায়রা। **কপোতিনী** *স্ত্রী.*। [স.]
কপোতাক্ষ *বি* যশোর জেলার নদবিশেষ। এই নদের তীরবর্তী সাগরদাঁড়ি গ্রাম মহাকবি মাইকেল মধুসূদন দত্তের জন্মভূমি। [কোল. কব+দাক; সংস্কৃতায়িত রূপ—কপোতাক্ষ]
কপোল *বি* গণ্ড; গাল। **কপোল-কল্পনা** *বি* উদ্ভট অবাস্তব কল্পনা; কাল্পনিক রচনা বা কাহিনী; বানানো গল্প; গালগল্প। **কপোলকল্পিত** *বিণ* মনগড়া; অবাস্তব; ভিত্তিহীন। [স. √কপ্+ওল]
কফ[১] *বি* শ্লেষ্মা; গয়ের; থুথু। **কফ ওঠা** *ক্রি, বি* বুকে জমে থাকা কফ বের হওয়া। **কফ বসা** *ক্রি, বি* বুকে কফ জমে যাওয়া। **কফ সরা** *ক্রি, বি* বুকের জমা কফ নিঃসৃত হওয়া। [স.]
কফ[২], **কাপ** *বি* ১ জামার হাতার প্রান্তভাগ; আস্তিনের মুখের পটি দেওয়া অংশ। ২ হাতের তালু; পাঞ্জা; কব্জি পর্যন্ত হাত। [আ. কফ্; ই. cuff]
কফণি, কফোণি, কফোণী *বি* কনুই। [স.]
কফি, কাফি *বি* ১ একজাতীয় গাছ ও বীজ। ২ কফি বীজের চূর্ণ। ৩ কফিবীজের চূর্ণ দ্বারা প্রস্তুত পানীয়বিশেষ। [ই.]
কফিন *বি* শবাধার। [আ. কফন; ই. coffin]
কবচ, কবজ[১] (আঞ্চলিক) *বি* ১ আবরণ; বর্ম; আরক্ষক। ২ মাদুলি; তাবিজ। [স. ক (বায়ু) √বন্চ্+অ]। **কবচপত্র** *বি* ১ যে পত্র বা কাগজে মাদুলি ইত্যাদির মন্ত্র লেখা হয়। ২ অধিকারপত্র; খত।
কবজ[২], **কব্জ** *বি* গ্রহণ; অধিকার; কবলিত করণ। □ *বিণ* অধিকৃত; হস্তগত; আয়ত্ত। [আ.]
কবন্ধ *বি* ১ মুণ্ডহীন ধড়; মস্তকহীন দেহ; খণ্ডিতমস্তক দেহ। ২ প্রেতবিশেষ; স্কন্ধকাটা। ৩ রাহু। ৪ ধূমকেতু। □ *বিণ* আকৃতিবিহীন; নিরবয়ব। [স.]
কবয়ী *বি* কই মাছ।
কবর *বি* সমাধি; গোর। **কবরখানা** *বি* সমাধিভূমি; কবরস্থান। [আ. কবর+ফা. খানা]। **কবরগাহ** *বি* গোরস্তান; সমাধিস্থান। [আ.+ফা.]। **কবর দেওয়া** *ক্রি* ১ দাফন করা; মাটি দেওয়া; গোর দেওয়া; কবরস্থ করা। ২ বিসর্জন করা; সম্পূর্ণ পরিত্যাগ করা। **কবরস্থান** *বি* গোরস্থান; সমাধিক্ষেত্র। [আ. কবর+ফা. স্তান]
কবরী *বি* ১ খোঁপা; কেশবিন্যাসবিশেষ। ২ বেণী। [স. ক(শির)+√বৃ+ঈ]। **কবরীবন্ধ** *বি* বেণীবন্ধ বা খোঁপার সুবিন্যাস; খোঁপার সুপারিপাট্য। **কবরীবন্ধন** *বি* বেণীবন্ধ, খোঁপার সযত্ন বিন্যাস; খোঁপা পারিপাট্য।
ক-বর্গ—ক, খ, গ, ঘ, ঙ এই বর্ণসমষ্টি।
কবল *বি* ১ গ্রাস। ২ জবরদখল; বলে বা কৌশলে অধিকার। ৩ মুষ্টি; মুঠা। ৪ কুলকুচা। **কবলিত, কবলীকৃত** *বিণ* জোরপূর্বক অধিকৃত; বলপ্রয়োগে হস্তগত; ভক্ষিত। [স. ক+√বল্+অচ্]
কবলানো[১], **কবুলানো**[১] *ক্রি* বলানো; কওয়ানো; বিশেষ পরিচয় দানের জন্য বলানোর চেষ্টা। [আ.]
কবলানো[২], **কবুলানো**[২] *ক্রি* ১ স্বীকার করা; প্রতিশ্রুত হওয়া। ২ গোপনে মুঠা ভরে দেওয়া; ঘুষরূপে দেওয়া। □ *বিণ* অঙ্গীকৃত; স্বীকৃত; পরিচয় দান (খান্দানি কওলায়)। [আ.]
কবাবচিনি *বি* গোলমরিচসদৃশ ফলবিশেষ। [ফা.]
কবালা, কওলা *বি* বিক্রয়ের চুক্তি-দলিল। [আ.]। **কট-কবালা** *বি* শর্তবিশিষ্ট বিক্রয়ের দলিল।
কবি *বি* ১ কাব্য রচয়িতা; কবিতা-লেখক; কাব্যশক্তির অধিকারী। ২ তত্ত্ববিদ; পণ্ডিত; ভূয়োদর্শী। ৩ অষ্টাদশ শতাব্দীতে উদ্ভূত দুই দল গায়কের বিতর্কমূলক গান। **কবিওয়ালা, কবিয়াল** *বি* কবিগানে তাৎক্ষণিক পদকর্তা; কবির সরকার (সরকার)। **কবিকঙ্কণ** *বি* উপাধিবিশেষ; কাব্য রচনা শক্তির স্বীকৃতিসূচক উপাধি। **কবিকল্পনা** *বি* ১ অবাস্তব কল্পনা; মনগড়া কথা। ২ কবিসুলভ কথা; কাব্য রচনার যোগ্য কল্পনা। ৩ কবির মানসলোক; কবির মনোজগৎ। **কবিগান** *বি* কবিয়াল রচিত এক জাতীয় গান; সর্বসাধারণের উপভোগ্য কথকতা সম্পৃক্ত গানবিশেষ। **কবিপ্রসিদ্ধ** *বি* যুগে যুগে কবিগণ কর্তৃক গৃহীত সুপ্রচলিত কল্পনাদি। **কবিভাষা** *বি* কবিগণ কর্তৃক ব্যবহৃত বিশেষ ভাষা; কবিতা রচনার বিশেষ ভাষা। **কবির লড়াই** *বি* কবিয়ালদের দুইপক্ষে কোনো শাস্ত্রিক নৈতিক বা সামাজিক বিষয়ে বিতর্কমূলক কবিগান; পরস্পর দোষারোপ ও অপবাদ খণ্ডনমূলক উত্তর প্রত্যুত্তরপূর্ণ গানবিশেষ। **কবিরাজ**[১] *বি* কবিশ্রেষ্ঠ; কাব্য রচনার ক্ষমতা স্বীকৃতিমূলক উপাধি। **আদিকবি** *বি* সংস্কৃত ভাষার প্রথম কবি বলে কথিত বাল্মীকি। **গীতিকবি** *বি* গীতিকবিতা রচয়িতা। **দাঁড়াকবি** *বি*

কবিগানের একটি রূপ, যেখানে বিতর্কমূলক গান ও ছড়া পূর্বরচিত থাকে। **মহাকবি** *বি* ১ মহাকাব্য লেখক। ২ মহৎ কবিতা-রচয়িতা; উচ্চশ্রেণীর কবিত্বশক্তির অধিকারী।

কবিতা *বি* কাব্য; পদ্য; শ্লোক; কল্পনামিশ্রিত ছন্দোময় রচনা।

কবিত্ব *বি* ১ কবিতা রচনাশক্তি। ২ কাব্যময়তা; কল্পনার সৌন্দর্য। ৩ কল্পনাবিলাস; অসার কল্পনা। **কবিত্বশক্তি** *বি* কবিপ্রতিভা; কবিতা রচনার ক্ষমতা।

কবিরা *বিণ* মারাত্মক; বড় ধরনের। **কবিরা গুনাহ** *বি* খুব গর্হিত পাপ। [আ.]

কবিরাজ[১] ⟹ কবি।

কবিরাজ[২] *বি* আয়ুর্বেদীয় চিকিৎসক; বৈদ্য। **কবিরাজি** *বি* আয়ুর্বেদ শাস্ত্রমতে চিকিৎসা; কবিরাজের চিকিৎসা।

কবিলা *বি* ১ স্ত্রী; পত্নী; ঘরনি। ২ গোত্র। [আ.]

কবীর *বি* ষোড়শ শতাব্দীর ভারতবিখ্যাত সাধক। তিনি খ্যাতনামা কবিও ছিলেন। **কবীরপন্থি** *বি* কবীর প্রবর্তিত ভক্তিমার্গের অনুসারী গোষ্ঠীবিশেষ।

কবুতর *বি* পায়রা; কপোত; পারাবত। [ফা.]। **জালালি কবুতর** *বি* কালো ও ছাই-রঙা বুনো কবুতরবিশেষ।

কবুল *বি* ১ বিবাহের সম্মতি; বিবাহের চুক্তিতে স্বীকৃতি; বিবাহের অঙ্গীকার। ২ সম্মতি; স্বীকৃতি। ৩ অনুমোদন; স্বীকার; পালন। [আ.]। ☐*বিণ* ১ দায় স্বীকার। ২ অনুমোদিত; স্বীকৃত। **কবুল করা** *ক্রি* ১ পাত্ররূপে গ্রহণ করা; বরণযোগ্য বলে স্বীকার করা। ২ স্বীকার করা; মেনে নেওয়া। **কবুল জবাব** *বি* ১ সম্মতি; স্বীকৃতি; সম্মতিমূলক বাক্য। ২ স্পষ্ট স্বীকৃতি; দোষ স্বীকারমূলক উত্তর।

কবুলিয়ত *বি* অঙ্গীকারপত্র; খাজনা দেবার চুক্তিপত্র; একরারনামা। [আ.]

কবে[১] *ক্রি* কইবে, বলবে। [কহিবে>কবে; বা√কহ্>]

কবে[২] *ক্রিবিণ* কোন সময়ে, কখনো। ☐*অব্য* সে অনেকদিন হলো; বহু কাল হয়। **কবেকার** *অব্য* ১ কখনকার; কোন সময়ের। ২ অনেক পূর্বের; বহু কালের। [সং. কদা, তুল. হি. কব]

কবোষ্ণ *বিণ* অল্প গরম; ঈষদুষ্ণ; কুসুম কুসুম গরম। [সং. কু (ঈষদর্থে) উষ্ণ= কবোষ্ণ]

কব্জা, কব্জি *বি* ১ মণিবন্ধ। ২ হাতের মুঠা; মুষ্টি। ৩ কপাট সন্ধি; চৌকাঠের সাথে পাল্লা যুক্ত করবার ধাতুপাতবিশেষ। ৪ আয়ত্ত; অধিকার; করতল; দখল। [আ.]

কব্য *বি* হিন্দুদের স্বর্গগত পিতৃলোকের প্রতি উৎসর্গীকৃত ভোগ; পিণ্ড।

কভু (পদ্য) *অব্য* কখন; কখনও। [সং. কদা> প্রা. কব+ও>]

কম[১] *বিণ* কমনীয়; মনোহর।

কম[২] *বিণ* ১ সংখ্যায় বা পরিমাণে অল্প। ২ গুচ্ছ; সামান্য; অবহেলার যোগ্য; ছোট-খাটো; লঘু। ৩ খাটো; অযোগ্য; অসমর্থ; দুর্বল; হীন; অনগ্রসর; পশ্চাৎপদ। ৪ ঘাটতি; অকুলান। ৫ ন্যূন; অনধিক। ☐*ক্রিবিণ* কুচিৎ; কখন; অল্পবার; কদাচিৎ। [ফা.]। **কমজাত** *বিণ* ১ হীনকুলজাত; নীচ কুলোদ্ভব; নীচ শ্রেণীজাত। ২ হীনমনা; নীচমনা; ইতর। [ফা.+আ.]। **কমজোর** *বিণ* দুর্বল; ক্ষীণ; হীনবল। [ফা.]। **কমজোরি, কমজোরী** *বি* দুর্বলতা; শক্তিহীনতা। ☐*বিণ* কমজোরবিশিষ্ট; অল্পশক্তি; দুর্বল। [ফা.]। **কমনজর** *বিণ* ১ স্বল্পদৃষ্টি; চোখের জ্যোতি কম এমন; ক্ষুদ্রমনা। ২ হীনচেতা। [ফা. আ.]। **কমবক্ত, কমবখত** *বিণ* হতভাগ্য; দুর্ভাগ্য; দুরদৃষ্ট; অল্পভাগ্য। [ফা.]। **কম মজবুত** *বিণ* টেকসই নয় এমন; অমজবুত; অশক্ত; অদৃঢ়। [ফা.+আ.]

কমণ্ডলু *বি* ১ সাধু-সন্ন্যাসীর জলপাত্রবিশেষ।

কমন-রুম *বি* ছাত্র বা শিক্ষকদের মেলামেশা করার ঘর। [ই.]

কমনীয় *বিণ* ১ রমণীয়; মনোহর। ২ বাঞ্ছনীয়; কাম্য। ৩ শোভন; সুন্দর। [সং. √কম্+অনীয়]। **কমনীয়তা** *বি*।

কমনে *ক্রিবিণ* কেমনে; কিরূপে; কী প্রকারে। [আঞ্চলিক]

কমপোক্ত *বিণ* কমজোর; পাকা বা শক্ত নয় এমন। [ফা.]

কমর *বি* মাজা। [ফা.]

কমরবন্দি *বি* প্রতিদ্বন্দ্বিতা। [ফা.]

কমরবন্ধ/বন্দ *বি* কটিসূত্র। [ফা.]

কমল *বি* পদ্ম। **কমলালয়** *বি* লক্ষ্মীর নিবাস। **কমলাসনা** *বি* লক্ষ্মী।

কমলা[১] *বি* কমলালেবু।

কমলা[২] *বি* হিন্দুদেবী লক্ষ্মী; বিষ্ণুর ধনসম্পদের অধিষ্ঠাত্রী দেবী। **কমলাপতি** *বি* হিন্দু দেবতা বিষ্ণু।

কমলিওয়ালা, কমলিওয়ালে *বিণ* কম্বল পরিহিত। ☐*বি* কম্বলাবৃত সাধু।

কমলিনী *বি স্ত্রী.* ১ পদ্ম। ২ পদ্মের ঝাড়; পদ্মসমূহ।

কমলেকামিনী *বি* হিন্দুদের চণ্ডীদেবীর এক রূপ বা মূর্তি; সমুদ্রে পদ্মাসনা চণ্ডী।

কমসে কম *ক্রিবিণ* খুব কম করে ধরেও; সবচেয়ে কমপক্ষে; অন্ততপক্ষে। [ফা.+হি.+আ.]। **কমতি** *বি* ১ অল্পতা; সামান্যতা; ঘাটতি। ২ প্রয়োজন অপেক্ষা কম অংশ; কমের ভাগ। [ফা.+উ.]

কমহার *বি* কণ্ঠাভরণবিশেষ।

কমা[১] *বি* বিরতি-চিহ্নবিশেষ। [ই.]

কমা[২] *ক্রি* হ্রাস পাওয়া বা কমে যাওয়া। **কমানো** *ক্রি* ১ হ্রাস বা কম করা। ২ খাটো করা।

কমি *বি* ১ অল্পতা; কমতি; ন্যূনতা। ২ খর্বতা; হ্রাস। [ফা.]

কমিটি *বি* ১ কার্যনির্বাহক সভা; সংস্থা; কার্যভারপ্রাপ্ত সঙ্ঘ। ২ মন্ত্রণাসভা; জটলা। [ই.]

কমিন *বিণ* ১ অসৎ; বদ। ২ নীচ বংশজাত; ছোটলোক; ইতর। **কমিনা** *বিণ স্ত্রী.* ১ দুশ্চরিত্রা; নষ্টা। ২ নীচ কুলজাত; নিম্নশ্রেণীর। [ফা.]

কমিশন *বি* ১ দালালি; ক্রয়-বিক্রয়ে সহায়তার দস্তুরি। ২ তদন্ত কমিটি। [ই.]

কমিশনার, কমিসনার *বি* ১ বিভাগের প্রধান শাসনকর্তা। ২ পৌরসভার সদস্য। ৩ তদন্ত কমিটির সদস্য। [ই.]

কম্প, কম্পন *বি* কাঁপন; শিহরণ; স্পন্দন। **কম্পমান** *বিণ* ১ অস্থির; কম্পনযুক্ত; স্পন্দিত। ২ মৃদুসঞ্চারিত; ঈষৎ আন্দোলনশীল।

কম্পাউন্ড *বি* যে ঘেরা স্থানের মধ্যে বাড়ি থাকে; উঠান; অঙ্গন। [ই.]

কম্পাউন্ডার *বি* ডাক্তারের নির্দেশানুসারে ঔষধমিশ্রণকারী। [ই.]। **কম্পাউন্ডারি** *বি* কম্পাউন্ডারের কাজ বা পদ। [ই.+বা.]

কম্পাস *বি* দিগ্‌দর্শন যন্ত্র; বৃত্ত আঁকবার যন্ত্র। [ই.]

কম্প্র *বিণ* ১ কম্পিত; কম্পমান। ২ স্পন্দিত। ৩ ভয়কম্পিত; কম্পান্বিত।

কম্ফর্টার *বি* পশমি গলাবন্ধ। [ই.]
কম্বল *বি* শীত নিবারক মোটা পশমি বস্ত্রবিশেষ; শীত নিবারক শয্যা উপকরণ। [স.]
কম্বু *বি* শাঁখ; শঙ্খ। **কম্বুকণ্ঠ** *বি* ১ যে কণ্ঠ শঙ্খের ন্যায় রেখাযুক্ত। ২ যে কণ্ঠধ্বনি শঙ্খধ্বনির ন্যায় প্রবল। ☐ *বিণ* ১ শঙ্খের ন্যায় রেখাযুক্ত কণ্ঠধারী। ২ শঙ্খের ন্যায় উচ্চ ও গম্ভীর কণ্ঠধ্বনিবিশিষ্ট। **কম্বুকণ্ঠী** *বিণ স্ত্রী.* শঙ্খের ন্যায় রেখা বা ধ্বনিবিশিষ্ট নারী। **কম্বুগ্রীব** *বিণ* শঙ্খের মতো রেখাযুক্ত গ্রীবাধারী। **কম্বুগ্রীবা** *বি* যে গ্রীবা শঙ্খের মতো রেখাবিশিষ্ট। **কম্বুনিনাদ** *বি* শঙ্খের গভীর ধ্বনি; শঙ্খের নির্ঘোষ।
কম্র *বিণ* ১ মনোহর; কমনীয়; প্রিয়দর্শন; সুন্দর। ২ কামনাযুক্ত। ৩ কামু; অভিলাষী। [স.]
কয়[১] *বিণ* ১ কত। ২ কিছু বা কতক। ৩ অল্পতাবাচক। [স.]
কয়[২] *ক্রি* কহে; বলে।
কয়[৩] *বি* বমি। [আ.]
কয়ড়া *বি* কড়া; লোহার বেড়ি।
কয়লা *বি* জ্বালানিবিশেষ; অঙ্গার। [ই. coal>কিংবা প্রা. কোইলা>কয়লা]
কয়াল *বি* ১ পাট ইত্যাদি ওজনকারী। ২ শস্য সংগ্রাহক; ওজনদার ও মজুতদার। [আ.]। **কয়ালি** *বি* কয়ালবৃত্তি বা কয়ালের মজুরি।
কয়েক *বিণ* ১ কিছুসংখ্যক; কতিপয়। ২ অল্প কিছু।
কয়েদ, কএদ *বি* জেল; কারাদণ্ড। ☐ *বিণ* ১ আটক; আবদ্ধ; বন্দী। ২ কারারুদ্ধ। [আ.]। **কয়েদখানা** *বি* জেলখানা; ফাটক। [আ.+ফা.]। **কয়েদি, কয়েদী** *বি, বিণ*।
কর[১] *বি* ১ হস্ত; হাত। ২ হাতির শুঁড়। **করকবলিত** *বিণ* আয়ত্ত; হস্তগত। **করকমল, করপদ্ম** *বি* পদ্মহস্ত; পদ্মের ন্যায় সুন্দর বা কোমল হস্ত। **করকোষ্ঠী** *বিণ* কোষ্ঠী বিচারে সহায়ক হস্তরেখা। ☐ *বি* হস্তরেখা বিচারে প্রস্তুত কোষ্ঠী। **করজোড়ে** *ক্রিবিণ* যুক্ত করে; বদ্ধাঞ্জলি হয়ে। **করতল** *বি* হাতের তালু। **করতলগত** *বিণ* হস্তগত; আয়ত্ত। **করতালি** *বি* হাততালি। **করপল্লব** *বি* পল্লবের ন্যায় কোমল হস্ত। **করপুট** *বি* অঞ্জলি; জোড়হাত। **করপৃষ্ঠ** *বি* হাতের তালুর অপর পিঠ। **করমর্দন** *বি* হস্তে হস্তে প্রীতিমূলক বিশেষ স্পর্শ। [স.]
কর[২] *বি* কিরণ; রশ্মি। [স.]
কর[৩] *বি* ট্যাক্স; খাজনা; রাজস্ব; শুল্ক। **করগ্রাহী, করগ্রাহক** *বি, বিণ* খাজনা আদায়কারী। **করদাতা** *বি, বিণ* খাজনা প্রদানকারী। **করপীড়িত, করপ্রপীড়িত** *বিণ* করভারে জর্জর; রাজস্বের চাপে দুর্দশাগ্রস্ত। **করমুক্ত** *বিণ* ১ রাজস্ব প্রদানে অব্যাহতিপ্রাপ্ত। ২ নিষ্কর। [স.]
কর[৪] *বি* হিন্দুদের উপাধিবিশেষ।
কর[৫] *ক্রি* কর্মের অনুজ্ঞা। **করই** (ব্র.) *ক্রি* করে। **করল** (ব্র.) *ক্রি* করলো। **করহ** (ম-বা) *ক্রি* করো।
-কর, -করী *বিণ* উৎপাদক; সৃজন; জনক; করে এমন; ([illegible]কর, চিত্রকর, অর্থকরী)।
করঙ্ক, করঙ্গ *বি* ১ পানের বাটা; পানের ডিবা। ২ কমণ্ডলু। ৩ নারিকেলের মালা। ৪ ভিক্ষাপাত্র। ৫ কৌটা; পাত্র। ৬ মাথার খুলি; করোটি। ৭ জলপাত্র।
করকর *অব্য* ১ জ্বালা-যন্ত্রণার অনুভূতি। ২ কঙ্কর ঘর্ষণের শব্দ; কর্কশ শব্দ। ৩ অস্থিরতা; অস্বস্তিবোধ। **করকরানো** *ক্রি* কর্কশ শব্দ করা; শ্রুতিকটু কথা বলে যাওয়া। **করকরে** *বিণ* ১ করকর ধ্বনি বা কর্কশতা উৎপন্ন করে এরূপ। ২ নতুন বা তরতাজা; আনকোরা। ৩ কড়া; কর্কশ।
করকা *বি* মেঘ থেকে পতিত শিলা।
করকাপাত *বি* শিলাবৃষ্টি।
করঞ্চা, করঞ্জক *বি* করমচা গাছ ও তার ফল। ☐ *বিণ* করমচার মতো লাল; করমচার ন্যায়। [আ.+ফা.]
করণ *বি* ১ কার্য; সম্পাদন। ২ কারণ; কার্যের প্রধান সাধন। ৩ ব্যাকরণে 'করণ' নামক কারক। ৪ (ভারতে) অফিস। ৫ (জ্যোতিষ শাস্ত্রে) তিথির অংশবিশেষ। ৬ (দর্শন শাস্ত্রে) ইন্দ্রিয় (অন্তঃকরণ)। [স.]। **করণকারণ** *বি* ১ করণোপযোগী কারণ। ২ বিবাহে আদান-প্রদান সংক্রান্ত অনুষ্ঠান। **করণীয়** *বিণ* করবার যোগ্য; কর্তব্য।
করণ্ড *বি* ১ ফুলের সাজি। ২ মৌচাক। ৩ ঝাঁপি; ঝুড়ি। [স.]
করণ্ডক *বি* ১ জলচর পক্ষীবিশেষ। ২ খুঙ্গি; ঝাঁপি। [স.]
করতার *বি* প্রভু; স্রষ্টা; আল্লাহ। [স. কর্তার> করতার]
করতাল *বি* ১ কাঁসার দ্বারা তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। ২ বড় মন্দিরা। [স.]
করদ *বিণ* কর দেয় এমন; কর দিয়ে বশ্যতা স্বীকারকারী (করদ রাজ্য)। [স.]
করনাল, কর্নাল *বি* বাদ্যযন্ত্রবিশেষ। [ই., ফা.]
করবাল *বি* তরবারি; খড়্গ; তলোয়ার। [স.]
করবী *বি* পুষ্পবিশেষ (রক্তকরবী, শ্বেতকরবী)। [স.]
করভ *বি* ১ হস্তিশাবক; হাতির বাচ্চা। ২ উষ্ট্র; উষ্ট্রশাবক। ৩ খচ্চর; অশ্বতর। **করভী** *স্ত্রী.*। [স.]
করম[১] *বি* 'কর্ম' শব্দের কবিতায় ব্যবহৃত রূপ; কার্য। ২ ভাগ্য; অদৃষ্ট। [স. কর্ম>করম (স্বরভক্তিতে)]
করম[২] *বি* অনুগ্রহ; দয়া; কৃপা। [আ.]
করমচা, করঞ্জা *বি* টক স্বাদযুক্ত ফলবিশেষ; করঞ্জা। ☐ *বিণ* করমচার ন্যায় লাল বর্ণ। [স. করঞ্জক>করঞ্জা, করঞ্চা, করমচা]
কররুহ *বি* হাতের আঙুল; অঙ্গুলি। ২ নখ; নখর। ৩ তরবারি; কৃপাণ। [স.]
করলা, করেলা *বি* উচ্ছে; তিক্ত আস্বাদযুক্ত আনাজবিশেষ। [স. কারবেল্লা>কারএল>করেল> করলা]
করা *ক্রি* ১ সম্পাদন করা; সাধন করা; অনুষ্ঠান করা (কাজ করা, পাঠ করা, বিবাহ করা)। 'করা' ক্রিয়াপদরূপে বিভিন্ন বিশেষ্যপদসহ বিচিত্র অর্থে ব্যবহৃত হয়; যথা 'লওয়া' অর্থে কোলে করা; কাঁধে করা। 'ঘটা' অর্থে অসুখ করা ইত্যাদি। ২ রচনা করা; লেখা (সাহিত্য করা, ব্যাখ্যা করা)। ৩ পেশা বা বৃত্তি হিসেবে চালানো (ডাক্তারি করা, ওকালতি করা)। ৪ কষা (অঙ্ক করা, দাগ করা)। ৫ পাতা (বিছানা করা)। ৬ অর্জন করা (সে খুব নাম করেছে)। ৭ ক্রিয়ার সকল অর্থে; করণ সম্পাদন ইত্যাদি অর্থে। ☐ *ক্রিবিণ* সম্পাদিত; কৃত; করেছে এমন। [স. √কৃ>বা. √কর্+আ=করা]
করাঘাত *বি* চাপড়; হাত দ্বারা আঘাত; কর তাড়ন। [স.]। **শিরে করাঘাত করা** *ক্রি* ১ অত্যন্ত আক্ষেপ করা। ২ হতাশাব্যঞ্জক ভঙ্গি করা।

করাত *বি* কাঠ ইত্যাদি চিরবার অস্ত্রবিশেষ। **করাতি** *বি* করাতের কাজ করে যে জীবিকা অর্জন করে। **শাঁখের করাত** *বি* ১ শঙ্খ কাটবার জন্য উভয় প্রান্তে ধারবিশিষ্ট করাত। ২ (আল.) যা আসতে কাটে যেতেও কাটে বলে সর্বপ্রকারে কষ্টদায়ক বা যা থেকে কোনোরূপেই নিস্তার নেই।

করানো *ক্রি* করিয়ে নেওয়া। [ণিজন্ত]

করায়ত্ত *বিণ* হস্তগত; সম্পূর্ণ আয়ত্ত; হাতের মুঠায় প্রাপ্ত।

করার, করাল *বি* ১ চুক্তি; শর্ত। ২ অঙ্গীকার; স্বীকৃতি; ওয়াদা। [আ.]

করাল *বিণ* ১ ভীষণ দর্শন; ভয়ঙ্কর মূর্তি। ২ বৃহৎ দন্তবিশিষ্ট; দাঁতাল। ৩ ভয়াল; ভয়ঙ্কর; ভীষণ। ৪ উচ্চ; তুঙ্গ। [স.]। **করালী, করালিনী** *বি স্ত্রী.* হিন্দুদের চণ্ডী দেবী; চামুণ্ডা। ❑ *বিণ স্ত্রী.* ভয়ঙ্করী; ভীষণা।

করিডর *বি* বারান্দা; দরদালান। [ই.]

করী *বি* হস্তী; হাতি; গজ। **করিণী** *স্ত্রী.*। [স.]

করুণ *বিণ* ১ কাতর; বেদনাপূর্ণ। ২ স্নেহ বা সহানুভূতিময়; দরদি। ৩ বিষণ্ন; বেদনামলিন। ৪ বেদনা উদ্দীপক; দুঃখাবেগজনক। ❑ *বি* সাহিত্যের নবরসের অন্যতম রস। [স.]। **করুণলোচনা** *বিণ স্ত্রী.* সহানুভূতিপূর্ণ দৃষ্টিসম্পন্না; স্নেহদৃষ্টিবিশিষ্টা। **করুণিমা** *বি* বিষণ্নতা; ম্লানিমা; করুণভাব।

করুণা *বি* ১ কৃপা; দয়া। ২ অনুকম্পা; অনুগ্রহ। ৩ বিলাপ; কাতরতা প্রকাশ; দুঃখ। [স.]। **করুণানিধান, করুণানিধি, করুণাময়** *বি* রহমান; রহিম। **কারুণ্য** *বি*।

করোগেট, করগেট *বি* দস্তার কলাই করা লোহার ঢেউ টিন; গৃহ-ছাদের উপকরণবিশেষ। [ই.]

করোটি *বি* মাথার খুলি; নরকপাল। [স.]। **করোটি-কঙ্কাল** *বি* অস্থিপঞ্জর; মুণ্ড ও দেহাস্থি।

কর্ক *বি* শিশি-বোতলের মুখ আটকানোর ছিপি; কাক। [ই.]

কর্কট *বি* ১ কাঁকড়া। ২ টিউমার জাতীয় মারাত্মক প্রসারণশীল রোগবিশেষ; ক্যান্সার। ৩ জ্যোতিষশাস্ত্রোল্লিখিত রাশিবিশেষ। [স.]। **কর্কটক্রান্তি** *বি* বিষুবরেখার উপরস্থ নিরক্ষীয় অঞ্চলের সীমা নির্দেশক অক্ষরেখা।

কর্করা, করকরা, কড়কড়া *বিণ* শুষ্ক; বাসি (ভাত); পর্যুষিত।

কর্কশ *বিণ* ১ শ্রীহীন; দৃষ্টিকটু; অসুন্দর। ২ অমসৃণ; খশখশে। ৩ পরুষ। ৪ শ্রুতিকটু। ৫ শুষ্ক; নীরস; কঠিন। ❑ *বি* **কর্কশতা**। [স.]

কর্জ *বি* ঋণ; হাওলাত। [আ.]

কর্ণ[১] *বি* ১ (জ্যা.) যে রেখা চতুর্ভুজের বিপরীত দুই কোণকে যুক্ত করে। ২ মহাভারতোক্ত চরিত্রবিশেষ; সূর্যের ঔরসজাত কুমারী কুন্তীর পুত্র। [স.]

কর্ণ[২] *বি* হাল; বৈঠা। [স.]। **কর্ণধার** *বি* নৌকার প্রধান মাঝি; কাণ্ডারি।

কর্ণ[৩] *বি* কান; শ্রবণেন্দ্রিয়। [স.]। **কর্ণকুহর, কর্ণপথ, কর্ণবিবর** *বি* কানের গর্ত বা ছিদ্র। **কর্ণগত** *বিণ* শ্রুতিগত বা শ্রুত। **কর্ণগোচর** *বিণ* শ্রুত; শ্রবণগত। **কর্ণপট, কর্ণপটহ** *বি* কানের পর্দা, যার স্পন্দনের ফলে ধ্বনি শ্রুত হয়। **কর্ণপাত** *বি* কান দেওয়া; শ্রবণ। **কর্ণফুল** *বি* কানফুল; অলঙ্কারবিশেষ। **কর্ণবেধ** *বি* কান বিঁধানো অনুষ্ঠান। **কর্ণভূষণ** *বি* কানের অলঙ্কার। **কর্ণমূল** *বি* কানের গোড়া। **কর্ণরন্ধ্র** *বি* কানের গর্ত বা গহ্বর। **কর্ণশূল** *বি* রোগবিশেষ। কানের বেদনা। **কর্ণান্তর** *বি* এক কান থেকে অন্য কান।

কর্ণাট *বি* দাক্ষিণাত্যের দেশবিশেষ। [স.]। **কর্ণাটী** *বিণ* কর্ণাটদেশীয়।

কর্ণিক, কর্ণিকা *বি* ১ রাজমিস্ত্রিদের পলস্তারা লাগাবার কাজে ব্যবহৃত যন্ত্রবিশেষ। ২ কর্ণভূষণ। [স.]

কর্তন *বি* কাটা; ছেদন।

কর্তব্য *বিণ* ১ করণীয়। ২ উচিত; বিধেয়। ৩ করণীয় কর্ম। ❑ *বি* উচিত কর্ম। [স.]

কর্তা *বি, বিণ* ১ করে যে। ২ করবার ক্ষমতা যার হাতে; মনিব; মালিক। ৩ প্রধান; অধ্যক্ষ। ৪ নির্মাতা; স্রষ্টা; প্রণেতা। ❑ *বি* ১ বিধাতা। ২ কারকবিশেষ। [স.]। **কর্তৃত্ব** *বি* প্রভুত্ব; নেতৃত্ব; নায়কত্ব।

কর্তাভজা *বি* চৈতন্যপরবর্তী কালে আউল চাঁদের মতাবলম্বী ধর্মসম্প্রদায়। ❑ *বিণ* মালিক শ্রেণীর স্তাবক; তোষামোদকারী।

কর্তিত *বিণ* ১ ছিন্ন; খণ্ডিত (কর্তিত শির)। ২ কাটা হয়েছে এমন (কর্তিত ফসল)। [স.]

কর্তৃক *অব্য* দ্বারা; হইতে; সহায়তায়; আনুকূল্যে।

কর্তৃকারক *বি* (ব্যা.) বাক্যে ক্রিয়ার সম্পাদকই কর্তৃকারক।

কর্তৃপক্ষ, কর্তৃবর্গ *বি* কর্তাস্থানীয়গণ; প্রধানগণ; কর্মকর্তাগণ। [স.]

কর্তৃবাচ্য *বি* যে বাচ্যে কর্তৃপদ প্রধান। [স.]

কর্ত্রী *বি, বিণ স্ত্রী.* ১ ক্ষমতার অধিকারী। ২ গৃহিণী। ৩ গৃহস্বামিনী; প্রভুপত্নী।

কর্দম *বি* ১ কাদা; পাঁক। ২ পাপ; কলুষ। **কর্দমপিচ্ছিল** *বিণ* অত্যন্ত কর্দমাক্ত; কাদায় পিছল। **কর্দমময়, কর্দমাক্ত** *বিণ* পঙ্কিল; পাঁকভরা; কাদামাখা। [স.]

কর্নি, কন্নি *বি* চুনবালির প্রলেপ দেওয়ার জন্য রাজমিস্ত্রি কর্তৃক ব্যবহৃত লৌহযন্ত্রবিশেষ। [স. কর্ণিকা>কন্নিআ> কর্নি, কন্নি]

কর্পূর *বি* বৃক্ষরস থেকে প্রস্তুত গন্ধদ্রব্যবিশেষ। এটা বাতাসের সংস্পর্শে অল্প সময়ের মধ্যে ক্ষয়প্রাপ্ত হয়। [স.]

কর্বুর *বি* রাক্ষস। [স.]

কর্ম *বি* ১ কাজ; যা করা হয়। ২ ক্রিয়া; অনুষ্ঠান। ৩ সুকৃতি দুষ্কৃতি নির্বিশেষে সকল কাজের অনিবার্য ফল। ৪ অদৃষ্ট; ভাগ্য। ৫ সার্থকতা; উপযোগিতা। ৬ জীবিকা; ব্যবসায় (কর্মক্ষেত্র, কর্মস্থল)। ৭ অন্ত্যেষ্টিক্রিয়া (ক্রিয়াকর্ম)। ৮ কারকবিশেষ। [স.]। **কর্মকর্তা** *বি* যিনি কর্মনির্বাহ করান; অফিসার (officer)। **কর্মকুশল, কর্মপটু** *বিণ* কাজ করতে নিপুণ বা দক্ষ। **কর্মক্ষম** *বিণ* কাজ করতে সক্ষম; কাজ করার ক্ষমতা রাখে এরূপ। **কর্মক্ষেত্র** *বি* কাজের জায়গা বা চাকরিস্থল। **কর্মচারী** *বি* বেতনভোগী কর্মী; আমলা। **কর্মঠ** *বিণ* কর্মে পটু; কর্মের অন্ধিসন্ধি বিষয়ে জ্ঞানী। **কর্মফল** *বি* কৃতকর্মের পাপ বা পুণ্য; জীবনের সকল কর্মের পরিমাণ। **কর্মভোগ** *বি* ১ দুষ্কর্মের পরিণাম।

২ দুর্ভোগ; অযথা হয়রানি। **কর্মযোগ** *বি* কার্যসাধনে একান্ত নিষ্ঠা। **কর্মযোগী** *বিণ* কার্যসাধনে যোগীর ন্যায় নিষ্ঠাবান (এরূপ বহুবিশিষ্ট ব্যবহার রয়েছে)। **কর্মস্থল, কর্মস্থান** *বি* চাকরিস্থল; কার্যক্ষেত্র; অফিস।

কর্মকার *বি* কামার; লৌহের কারিগর। [স.]

কর্মধারয় *বি* সমাস বিশেষের নাম। [স.]

কর্মপ্রবচনীয় *বিণ* ব্যাকরণে ব্যবহৃত পারিভাষিক শব্দ; বিশেষ্য অথবা সর্বনাম পদের পর বসে যে অব্যয় শব্দ কারক-বিভক্তির কাজ করে, তাকে ব্যাকরণের পরিভাষায় 'কর্মপ্রবচনীয়' (বা কারক-অব্যয়) বলে; যথা— লাঠি, 'দিয়া' মারো। [স.]

কর্মাধ্যক্ষ *বি* প্রধান কার্যনির্বাহক; secretary-র বাংলা পরিভাষা। [স.]

কর্মানুবন্ধ *বি* কার্যগতিক; কার্যব্যপদেশ; কাজের তাগিদ বা তাড়া। [স.]

কর্মান্তর *বি* অন্য কর্ম; অপর কাজ; কার্যান্তর। [স.]

কর্মিষ্ঠ *বিণ* একান্ত কর্মঠ; কর্মপরায়ণ; সক্রিয়। [স.]

কর্মী *বি,বিণ* ১ যে কাজ করে; শ্রমিক বা কর্মচারী। ২ কর্মকুশল; কর্মপটু। [স.]

কর্মোদ্যম *বি* কর্মের উৎসাহ; কর্মপ্রচেষ্টা। [স.]

কর্ষ[১] *বি* স্বর্ণ-রৌপ্যাদি ওজনের পরিমাণবিশেষ। কবিরাজি মতে দুই তোলায় এক 'কর্ষ'। [স.]

কর্ষ[২], **কর্ষণ** *বি* ১ চাষ। ২ ঘর্ষণে যাচাই। ৩ আকর্ষণ। □*বিণ* কর্ষিত; কৃষ্ট। [স.]। **কর্ষক** *বি* ১ কৃষক; চাষি; কর্ষণজীবী। ২ আকর্ষক। **কর্ষিত** *বিণ* ১ ঘর্ষণে যাচাইকৃত। ২ চষা।

কল[১] *বি* ১ যন্ত্র; মেশিন। ২ ফাঁদ; ভ্রমোৎপাদনের জন্য গুপ্ত কৌশলপূর্ণ যন্ত্র। ৩ কারখানা। ৪ কৌশল; কায়দা; প্যাঁচ। ৫ যন্ত্রের বোতাম বা সুইচ বা হাতল বা চাবি যা টিপলে বা ঘুরালে বা টানলে যন্ত্র চালু করা বা বন্ধ করা যায়। ৬ পানির কল; নলকূপবিশেষ। [দেশী. তুল. হি. 'কল']। **কলকব্জা** *বি* যন্ত্রপাতি; যন্ত্রের বিভিন্ন অংশ। **কলকাঠি** *বি* চাবিকাঠি। **কলকারখানা** *বি* মিল; যান্ত্রিক উৎপাদনের কেন্দ্র; বিভিন্ন ধরনের কারখানাস্থল। **কলকৌশল** *বি* নানা কায়দা; বিবিধ রকম চাতুর্য। **কলঘর** *বি* ১ কারখানা ঘর বা মেশিন ঘর। ২ গোসলখানা; স্নানাগার। **কল টেপা** *ক্রি* ১ বন্দুকের ঘোড়াকল (ট্রিগার) টিপে গুলি নিক্ষেপ। ২ (আল.) গোপন মন্ত্রণা দ্বারা পরিচালনা করা। **কলেপড়া** *বিণ* ছকবাঁধা; গতানুগতিক; নিয়মবদ্ধ। **কলবল** *বি* কায়দা-কৌশল; যান্ত্রিক কৌশল। **কলের গান** *বি* গ্রামোফোন। **কলের পুতুল** *বি* ১ যন্ত্রচালিত পুতুল। ২ স্বকীয়তাশূন্য; অন্ধভাবে আদেশ পালনকারী।

কল[২] *বি* সুললিত ধ্বনি; কাকলি। □*বিণ* সুললিত; মধুর। [স.]। **কলকণ্ঠ** *বি,বিণ* মধুর স্বর; ললিত কণ্ঠধ্বনি। **কলকল** *বি* জলপ্রবাহজনিত মৃদু মধুর ধ্বনি। **কলগুঞ্জন, কলতান** *বি* মধুর রব। **কলধ্বনি** *বি* কাকলি। **কলনাদ** *বি* কলশব্দ। **কলরব, কলরোল** *বি* বহুকণ্ঠের সম্মিলিত গুঞ্জন; কোলাহল; গণ্ডগোল।

কল[৩] *বি* অঙ্কুর। [স. কলল>কল]। **কলই** *বি* শস্যবিশেষ; মাষ কলাই।

কলকা, কল্কা *বি* কাপড়ের পাড় প্রভৃতিতে মোরগ ফুলের মতো অথবা পাতার আকৃতির নকশা, ছোট ছোট পাতার বা পদ্মকুঁড়ির আকৃতির নকশা। **কলকাদার** *বিণ* কলকার দ্বারা চিত্রিত। **কলকাপেড়ে** *বিণ* কলকার দ্বারা বুটিদার পাড়যুক্ত।

কলকে⟹কল্কে।

কলঙ্ক *বি* ১ অপবাদ; দাগ; মরিচা। ২ মালিন্য। [স.]। **কলঙ্ক-কালিমা** *বি* কলঙ্কজনিত মালিন্য বা দাগ, বিরাট অখ্যাতি; নিন্দা বা অপযশ। **কলঙ্ক ধরা, কলঙ্ক পড়া** *ক্রি* দাগ পড়া; কলঙ্কিত হওয়া। **কলঙ্কভঞ্জন** *বি* কলঙ্ক বা অপযশ স্খালন; দোষ বা অপরাধ মোচন। **কলঙ্ক মোচন** *বি* কলঙ্ক ভঞ্জন; অপযশ স্খালন। **কলঙ্ক রটানো** *ক্রি* দুর্নাম বা নিন্দা ছড়ানো; অসচ্চরিত্রতা সম্বন্ধে প্রচার করা। **কলঙ্কী** *বিণ* অপযশ-লাঞ্ছিত; কলঙ্কযুক্ত; দুর্নামগ্রস্ত; দাগি; অঙ্কিত; অপযশ ঘটেছে এমন। **কলঙ্কিনী** *স্ত্রী.*। **কুলের কলঙ্ক** *বি* কুলাঙ্গার; কুলের পক্ষে অযোগ্য বা অসম্মানাস্পদ।

কলত্র *বি* পত্নী; স্ত্রী। [স.]

কলন্দর, কালন্দর *বি* ১ ইতস্তত পরিভ্রমণকারী মুসলমান ফকিরবিশেষ। ২ বুআলি কলন্দরের অনুসারী সম্প্রদায়। [আ.]

কলপ *বি* ১ খেজাব; পাকাচুল কালো করবার রং। ২ ভাতের মাড় অ্যারারুট প্রভৃতি। [আ. কলফ্]

কলব *বি* হৃদয়; মন। [আ.]

কলম[১] *বি* ১ লেখনী; নল পালক খাগড়া ইত্যাদি থেকে প্রস্তুতকৃত এক প্রকার লেখনী। ২ কলমের আকৃতিবিশিষ্ট কাঁচ কাটবার যন্ত্রবিশেষ। [আ.]। **কলমচি** *বি* শ্রুত-লেখক; লিপিকর। **কলমদান, কলমদানি** *বি* লেখনী রাখবার পাত্র। **কলমপেশা** *বিণ* লিপিজীবী; মসীজীবী। **কলম পেশা** *ক্রি* কেরানিগিরি করা; অবিশ্রাম লেখনী চালনা। **কলমবাজ** *বি* পোক্ত লিখিয়ে; রচনাশক্তিসম্পন্ন। **কলমবাজি** *বি* ১ লেখনী চালন; লেখনী যুদ্ধ। ২ লেখকের বৃত্তি বা চাতুর্য। **কলমি**[১] *বিণ* ১ হস্তলিখিত (কলমি পুঁথি)। ২ কলমের আকৃতিবিশিষ্ট। **কলমি পুঁথি** *বি* পাণ্ডুলিপি। **কলমিয়া, কলুমে, কলমি** *বি*।

কলম[২] *বি* ছোট শাখার একপ্রান্ত কলমের মুখের মতো কেটে গাছের ডালে বেঁধে উৎপন্ন করা চারা। **কলমি**[২] *বিণ* কলমজাত বা কলমের গাছে উৎপন্ন।

কলম[৩], **কলাম** *বি* স্তম্ভ; পত্রিকার কলম। [ই.]

কলমা, কলেমা *বি* ইসলামে বিশ্বাসমূলক স্বীকারোক্তি, যেমন— কলেমা তয়্যিবা; কলেমা শাহাদাৎ। **কলমা পড়া** *ক্রি* (আল.) ১ ইসলাম গ্রহণ করা। ২ ইসলামসম্মতভাবে বিয়ে করা।

কলমি[৩] *বি* শাকবিশেষ। [স. কলম্বী>কলম্মি; কলম্মী>কলমি]

কলম্ব *বি* ১ বাণ; তীর; শর। ২ শাকের ডাঁটা। ৩ কদম গাছ। ৪ কলম; লেখনী। [স. কলম্ব>কলম (খাগড়া) প্রাচীনকালে খাগড়া কেটেই কলম বা লেখনী তৈরি করা হতো—তাই খাগড়ার অপর নাম কলম]

কলস, কলসি *বি* ১ ঘড়া; গাগরি; জলপাত্রবিশেষ। ২ কলসাকৃতি গৃহচূড়া। [স. কল+ √শো+অ]

কলহ *বি* ঝগড়া; বিবাদ; বচসা; বাকবিতণ্ডা। [স. কল (মধুর ধ্বনি)+√হন্+অ]

কলহংস *বি* রাজহাঁস বা বালিহাঁস। **কলহংসী** *স্ত্রী.*।

কলহান্তরিতা *বি* কলহ (বিবাদ) দ্বারা অন্তরিতা (ব্যবধানে স্থিতা); যে নায়িকা নায়কের সাথে ঝগড়া বা কলহ করে দূরে থেকে অনুতাপ করে তাকে 'কলহান্তরিতা' বলে; বৈষ্ণব সাহিত্যে রাধার মানস অবস্থাবিশেষ। [স.]

কলহাস্য *বি* মধুর উচ্চহাস্য; উচ্ছ্বসিত মধুর হাসি; হাস্যময় মধুর ধ্বনি।

কলা[১] *বি* ১ চাঁদের ষোলো ভাগের এক ভাগ। ২ কালের পরিমাণবিশেষ; অল্প সময়; ৮ সেকেন্ডের মতো সময়। ৩ গীতবাদ্য নৃত্যাদি চৌষট্টি বিদ্যা (ললিত কলা)। ৪ শিল্প; চারুশিল্প। ৫ কৌশল; কারিগরি; নির্মাণ-কুশলতা; কারুশিল্প। ৬ ছলচাতুরী; ছলাকলা। ৭ চারু; কারু; ললিত শিল্পকলা। ৮ দেহের উপাদান তন্তু; tissue। [স.]। **কলাধর** *বি* চন্দ্র। **কলাবৎ, কলাবত** *বিণ,বি* ওস্তাদগায়ক; কালোয়াত; সঙ্গীত-শিল্পে পারদর্শী। **কলাবতী** *বি স্ত্রী.* সুকুমার শিল্পে নিপুণা; শিল্পকুশলা স্ত্রী। **কলাবিদ** *বিণ* শিল্পজ্ঞানী; শিল্পরসজ্ঞ; শিল্পরসিক। **কলাবিদ্যা** *বি* শিল্পবিজ্ঞান। **কলাভবন** *বি* নানাবিধ শিল্পবিদ্যার আগার বা শিক্ষাকেন্দ্র।

কলা[২] *বি* ১ স্বনামপ্রসিদ্ধ ফল; কদলী; রম্ভা। ২ কলাগাছ; কদলীতরু। ৩ বৃদ্ধাঙ্গুষ্ঠ; অবজ্ঞাসূচক শব্দ। ৪ অকিঞ্চিৎকর কিছু। [স. কদল (কদলী)> কঅল> কেল; কল> কলা]। **কলা খাওয়া** *ক্রি* নিরাশ হয়ে ফাঁকিতে পড়া; অবজ্ঞা প্রকাশক উক্তি। **কলা দেখানো** *ক্রি* ফাঁকি দেওয়া; বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদর্শন; ঠকানো। **কলাপোড়া খাও** *ক্রি* ফাঁকিতে পড়ো; উৎসন্নে যাও।

কলাই[১] *বি* শস্যবিশেষ; মাষকলাই; মটর কলাই ইত্যাদি জাতীয় শস্য। [স. কলায়>কলাই> (অর্ধ-তৎসম)]

কলাই[২] *বি* ধাতুপাত্রের পালিশ; ধাতুর ঔজ্জ্বল্য সাধক প্রলেপ। [আ.]। **কলাইকর, কলাইগর** *বি* কলাইকারী বা কলাই ব্যবসায়ী। **কলাই করা** *ক্রি* উক্ত প্রলেপ দেওয়া।

কলাপ *বি* ১ ময়ূরের পুচ্ছ। ২ অলঙ্কার (কেশকলাপ)। ৩ চন্দ্রহার। ৪ গুচ্ছ; সংহতি; সমূহ (ক্রিয়াকলাপ)। ৫ বিখ্যাত সংস্কৃত ব্যাকরণ। [স. কল+√আপ্+অ]

কলাপী *বি* ময়ূর। [স.]

কলাবউ, কলাবৌ, কলাবধূ *বি* ১ দীর্ঘ অবগুণ্ঠনবতী বধূ; অতি লজ্জাশীলা বধূ। ২ পূজার জন্যে কদলীপত্রে রচিত বস্ত্রালঙ্কার সজ্জিত নব পত্রিকারূপিণী নবদুর্গা বা নববধূ। [স. কলাবধূ> কলাবহু> কলাবৌ, কলাবউ]

কলার *বি* জামার গলা। [ই.]

কলি[১] *বি* ১ ফুলের কুঁড়ি; কলিকা; কোরক; ফুলের কলি। ২ বৈষ্ণবদের তিলকবিশেষ। ৩ কবিতা বা গানের পদ। ৪ কলির আকারে কাটা পোশাকে লাগবার বস্ত্রখণ্ড। ৫ কলির ন্যায় হুকার খোল। [স.]

কলি[২] *বি* চুনকাম। [আ.]। **কলিচুন** *বি* চুনকামের কাজে ব্যবহৃত ঔজ্জ্বল্যসাধক বিশেষ চুন। **কলি ফিরানো** *ক্রি* চুনকাম করা গৃহের দেয়ালে চুনের প্রলেপ দেওয়া।

কলি[৩] *বি* হিন্দুদের পুরাণ-বর্ণিত চতুর্থ বা শেষ যুগ; ধর্মভাবের অভাবের ফলে অঘটন সংঘটনের যুগ। [স.]। **কলির সন্ধ্যা** *বি* কলির সূচনা। **ঘোরকলি** *বি* চরম দুর্নীতির বা অধর্মের যুগ।

কলিঙ্গ *বি* উড়িষ্যা বা উৎকলদেশ ও তৎপার্শ্ববর্তী কিয়দংশের পুরনো নাম। [স.]

কলিজা, কলজে *বি* ১ যকৃৎ; মেটুলি। ২ সাহস; বুকের পাটা। ৩ মর্ম; প্রাণ; অন্তর। [হি. 'কলিজা']

কলিঞ্জ *বি* তৃণাদি নির্মিত দরমা মাদুর চাঁচ প্রভৃতি।

কলু *বি* তৈল ব্যবসায়ী জাতিবিশেষ। **কলুর বলদ** *বিণ* বিনা বিচারে পরের নির্দেশে অন্ধের মতো পরিশ্রম করে এমন। [বা. তুল. হি. 'কোলহু']

কলুই *বি* কলাই; কড়াই।

কলুষ *বি* ১ পাপ; দোষ। ২ মলিনতা; আবিলতা। ❑ *বিণ* পাপ-মলিন; আবিল। [স. কল্+উষ]। **কলুষিত** *বিণ* মলিন; দূষিত।

কলেজ, কালেজ *বি* হাইস্কুলের পরবর্তী উচ্চশিক্ষা কেন্দ্র; মহাবিদ্যালয়। [ই.]। **কলেজীয়** *বিণ* কলেজ সম্পর্কিত।

কলেবর *বি* দেহ; শরীর। [স.]

কলেরা *বি* বিসূচিকা রোগ; ওলাউঠা; ভেদবমি; উদরাময় রোগ। [ই.]

কলোনি *বি* উপনিবেশ; মহল্লা; আবাসন। [ই.]

কল্কি, কল্কী *বি* কলিযুগের শেষ অবতার। পুরাণ মতে ইনি কলিযুগের শেষে অধর্মনাশের জন্য আগমন করবেন। [স. কল+কি/কল্ক+ইন]। **কল্কিপুরাণ** *বি* হিন্দুমতে কল্কিঅবতার বিষয়ক পুরাণবিশেষ। এর অন্য নাম 'অনুভাগবত'।

কল্কে, কলকে, কলকি *বি* চিলিম; যে ক্ষুদ্র মৃৎপাত্রে তামাক সাজা হয়। **কল্কে পাওয়া, কলকে পাওয়া** *ক্রি* ১ আসরে মর্যাদা পাওয়া; খাতির-যত্ন পাওয়া; সম্মান পাওয়া। ২ পাত্তা পাওয়া। [তুল. হি. 'কলিআঁ']

কল্প *বি* ১ আটশত চৌষট্টি কোটি বৎসর। ২ হিন্দুদের পূজাবিধি সংক্রান্ত বেদাঙ্গ গ্রন্থবিশেষ। ৩ ঈষৎ ন্যূনার্থে অর্থাৎ মূলের চেয়ে কিঞ্চিৎ কম—এই অর্থে ব্যবহৃত তদ্ধিতপ্রত্যয়। ৪ সিদ্ধান্ত; সংকল্প; অভিপ্রায়। ৫ প্রলয়। ৬ পক্ষ। ৭ পূজাবিধি। **কল্পতরু, কল্পদ্রুম, কল্পবৃক্ষ** *বি* যে স্বর্গীয় বৃক্ষের নিকট থেকে আকাঙ্ক্ষিত ফল লাভ করা যায়। **কল্পলতা** *বি* অভীষ্ট প্রদানের ক্ষমতাবিশিষ্ট লতা। **কল্পলোক** *বি* কল্পনার জগৎ; মানসভূমি। [স.]

কল্পন *বি* ১ পরিকল্পনাকরণ; উদ্ভাবন। ২ সিদ্ধান্তকরণ; স্থিরীকরণ। ৩ অলীক; মনগড়া বিষয়। ৪ ধারণা; আন্দাজ; অনুমান। ৫ রচনাশক্তি; সৌন্দর্য সৃষ্টির ক্ষমতা। [স.]

কল্পান্ত *বি* ১ আটশত চৌষট্টি কোটি বৎসর শেষ। ২ কেয়ামত; মহাপ্রলয়। [স.]

কল্পারম্ভ *বি* হিন্দুমতে পূজাবিধির আরম্ভ। [স.]

কল্পিত *বিণ* ১ কল্পনা করা হয়েছে এমন। ২ রচিত; সম্পাদিত। ৩ অনুমিত; অবাস্তব। ৪ মনগড়া; উদ্ভাবিত। ৫ আরোপিত। [স.]

কল্য *বি* ১ আগামীকাল; পরবর্তী দিবস। ২ গত দিবস। গতকাল। [স.]

কল্যকার *বিণ* পূর্ব বা পর দিবসের।

কল্যাণ *বি* ১ মঙ্গল; শুভ। ২ কুশল। ৩ সমৃদ্ধি।

কল্যাণবর, কল্যাণবরেষু *বি* কল্যাণ কামনার পাত্রের প্রতি লিখিত সম্বোধনের পাঠ। (অশুদ্ধ রূপেই বিশেষ প্রচলিত। শুদ্ধরূপ— কল্যাণীয়বর, কল্যাণীয়বরেষু)।

কল্যাণীয়েষু *বি* বয়ঃকনিষ্ঠের নিকট লিখা সম্বোধনের পাঠ। **কল্যাণীয়াসু** *স্ত্রী.*।

কল্লা *বি* মাথা; মুণ্ড। [ফা.]
কল্লিদার, কলিদার *বি,বিণ*১ সুন্দর করবার জন্যে কলির আকারে কাটা বস্ত্রখণ্ড। জামায়/ কোর্তায় বসানো হলে তাকে কলিদার বা কল্লিদার কামিজ/ কোর্তা/ জামা বলা হয়। ২ ফুলেল চিত্রিত সূচিকর্ম করা পাঞ্জাবি। [বা. কলি (কল্লি)+ফা. দার= কলিদার> কল্লিদার]
কল্লোল *বি*১ জলস্রোতের কলকল শব্দ; মহাতরঙ্গ। ২ শব্দ; ধ্বনি; কোলাহল; কলরব; আনন্দধ্বনি। ৩ পরম আনন্দ। **কল্লোলিত** *বিণ* কলধ্বনিতে মুখরিত; কোলাহলমুখর। **কল্লোলিনী** *বিণ স্ত্রী.* কলধ্বনিতে মুখরিতা। ❑*বি* নদী। [স.]
কশ, কস *বি*১ ওষ্ঠাধারের দুই কোণ; পাশ। ২ কোণ; কোনা। [ফা.]
কশা *বি* চাবুক ; কোড়া। **কশাঘাত** *বি* চাবুকের আঘাত। [স. √কশ্> (ছান্দস—অশ্বতাড়নী)]
কশাকশি *বি* টানাটানি (দ্র. কষাকষি); আঁটাআঁটি। [ফা.]
কশেরুকা *বি*১ মেরুদণ্ড। ২ মেরুদণ্ডের এক একটি অংশ।
কশ্যপ *বি* ১ মুনিবিশেষ। ২ সপ্তর্ষিমণ্ডলের অন্যতম তারকা। [স.]। **কশ্যপনন্দন** *বি*১ কশ্যপের পুত্র। ২ গরুড়। [স.]
কষ[১] *বি* ১ কষায় রস; ফল বা গাছের কটুরসবিশেষ। ২ কষায় রসের ছোপ। ৩ ক্বাথবিশেষ; উদ্ভিজ্জসার; পশুর চামড়া পাকিয়ে কার্যোপযোগী করবার কষায় রস। [স. কষায়]
কষ[২] *বি* কৃষ্ণবর্ণ প্রস্তরবিশেষ; কষ্টিপাথর। [স. কষ্টি> কষটি>কষই>কষ ?]
কষণ[১] *বি* কষ্টিপাথরে ঘষে পরীক্ষাকরণ; স্বর্ণাদি যাচাইকরণ।
কষণ[২], **কষন** *বি* ১ বন্ধন; বাঁধাবাঁধি। ২ আঁটন; বাঁধন; দৃঢ়বন্ধন। ❑*ক্রি* কষানো; মাছমাংস জ্বাল দিয়ে সাঁতলানো।
কষণ[৩] *বি* চামড়ায় কষ দেওয়া।
কষা[১] *বিণ* কষায় রসবিশিষ্ট। [স. কষায়>]
কষা[২] *ক্রি,বি* ১ কষ্টিপাথরে ঘষে সোনা যাচাই করা। ২ অঙ্ক করা; গণনা করা। ৩ নির্ণয় করা; স্থির করা। [ফা.]
কষাকষি, কশাকশি *বি* ১ কোনো বিষয়ে দুই পক্ষের বাদানুবাদ; টানাটানি; তর্কবিতর্ক। ২ দুই পক্ষে অসন্তোষজনিত বিরূপ ভাব। [ফা.]
কষায় *বি*১ কটু বা তিক্ত রস। ২ কষ। ৩ লালচে রং। ৪ ক্বাথ। ❑*বিণ* ১ কটুস্বাদ; তিক্ত। ২ লোহিত; আরক্ত। [স.]। **কষায়িত** *বিণ* রক্তিম; রঞ্জিত। [স.]
কষিত *বিণ*১ কষ্টিপাথরে পরীক্ষিত। ২ খাঁটি; নিখাদ। [স.]
কষ্ট *বি*১ দুঃখ; ক্লেশ; বেদনা। ২ শ্রম; বিশেষ যত্ন; মেহনত; দুঃসাধ্য চেষ্টা। ❑*বিণ* ক্লিষ্ট; স্বতঃস্ফূর্ত নয় এমন। [স.]। **কষ্টক্লিষ্ট** *বিণ* যন্ত্রণাপীড়িত; দুঃখ-তাপিত। [স.]। **কষ্টেসৃষ্টে** *ক্রিবিণ* দুঃখের মধ্য দিয়ে কোনো মতে; কঠিন চেষ্টায়।
কষ্টি *বি* স্বর্ণাদি যাচাই করবার প্রস্তরবিশেষ; নিকষপাথর। [স.]। **কষ্টিপাথর** *বি* নিকষপাথর।
কস, কষ *বি* ফল ও গাছ থেকে নির্গত রসবিশেষ; কষায় রস; কটু বা তিক্ত রস।
কসব, কসবি *বি*১ বারবনিতা; বেশ্যা। ২ ব্যবসা। [আ.]
কসবা *বি*১ সমৃদ্ধ গ্রাম—যেখানে শহরের সুবিধাদি পাওয়া যায়। ২ তুর্কি প্রশাসনের সদর দপ্তর। [আ.]
কসম, কছম *বি* শপথ; কিরা; দিব্যি। [আ.]। **কসম খাওয়া** *ক্রি* শপথ করা; দিব্যি করা। [আ.]
কসরত, কসরৎ *বি*১ ব্যায়াম; অঙ্গ চালনার কৌশল। ২ কায়দা; কৌশল। ৩ অভ্যাস; চর্চা; অনুশীলন। ৪ প্রয়াস; প্রতিকূল অবস্থার সাথে যুদ্ধ। [আ.]
কসাই, কশাই *বি* ১ যারা গবাদি পশু হত্যা করে মাংস বিক্রি করে; পশুবধকারী। ২ অতিশয় নির্মম ব্যক্তি। ৩ (আল.) অত্যন্ত স্বার্থপর ব্যক্তি; অন্যের দুঃখ-দুর্দশার প্রতি ভ্রূক্ষেপহীন লোক। [আ.]। **কসাইখানা** *বি* ১ যেখানে মাংস বিক্রি হয়; কসাইয়ের দোকান। ২ যে স্থানে পশু জবাই হয়। ৩ (আল.) অতি নির্মম স্থান। **কসাইগিরি** *বি* ১ কসাইয়ের ব্যবসা। ২ (আল.) কসাইয়ের মতো ব্যবহার; নির্মমতা; হৃদয়হীন আচরণ। **কসাইয়ের হাতে পড়া**— নিষ্ঠুর ব্যক্তির সংস্পর্শে আসা; অধীন হওয়া; নির্দয় ব্যক্তির পাল্লায় পড়া।
কসিদা, কাসিদা *বি* উদ্দেশ্যমূলক প্রশংসাসূচক দীর্ঘ কবিতা। [আ.]
কসুর *বি*১ ত্রুটি; অপরাধ; অন্যায়। ২ ভুল। ৩ অবহেলা। ৪ ন্যূনতা; কমতি; অপূর্ণতা। [আ.]। **কসুর নাই কামাইও নাই**—এক নাগাড়ে চলেছে এমন; বিরতিহীন।
কসেল্লা *বি*১ কষ্ট; ব্যথা; জ্বালা; দুঃখ; যন্ত্রণা; বেদনা। ২ ব্যায়াম; কসরত। ৩ শিক্ষা; অনুশীলন; চর্চা। [আ.]
কস্তা *বিণ* টকটকে লাল; লোহিত বর্ণ। [বা. স. কষায়িত>কস্ত>]। **কস্তাপাড়** *বি* চওড়া লাল পাড়। **কস্তাপেড়ে** *বিণ* চওড়া লাল পাড়যুক্ত।
কস্তাকস্তি, কোস্তাকুস্তি *বি*১ ধ্বস্তাধ্বস্তি; পাল্লাপাল্লি। ২ কুস্তি। [হি. কুস্তমকুস্তা]
কস্তি, কস্তী *বি* জরথুস্ত্রীয়দের তথা অগ্নি-উপাসকদের পুরোহিতের কটিলগ্ন উপবীত। [ফা.]
কস্তুর, কস্তূর *বি*১ কস্তুরী মৃগ। ২ মৃগনাভি। [স. কস্তুর, কস্তূরী]। **কস্তুরী, কস্তুরিকা** *বি* মিশক; মৃগনাভি। [স.]
কস্মিনকালে *ক্রিবিণ* কোনো কালে; কখনও। [স. 'কিম্' শব্দের সপ্তমীতে 'কস্মিন্'+কালে= কস্মিনকালে]
কহন *বি* বলা; কহা; কথন। ❑*বিণ* কহতব্য; বলবার যোগ্য। [স. কথন>প্রা. কহণ>কহন]
কহর *বি*১ অভিশাপ। ২ বিপদ; প্রাকৃতিক দুর্যোগ। ৩ অত্যাচার; উপদ্রব; জুলুম। [আ.]
কহিতুর *বি* কুহিতুর-এর বিকৃত রূপ; তুর পাহাড়। [ফা.]
কাই *বি* ১ আঠা; লেই; ঘন মাড়। ২ ক্বাথ। [স. ক্বাথ> কাহ্> কাঅ, কাই]
কাইট, কাট *বি* তৈলাদির গাদ। [স. কিট্ট, ক্বাথ> কাইট (অর্ধতৎসম)]
কাইনি *বি* কাহিনীর বিকৃত রূপ; ঘটনা; ইতিহাস; কিচ্ছা; গল্প। [স. কাহিনী>কাইনী]
কাউ, কাউয়া *বি* কাক। [স. কাক+বা. উয়া=কাকুয়া> কাউয়া, কাউ]
কাউন, কাউনি *বি* সরিষার আকারের এক প্রকার খাদ্যশস্য; কাকুন। [স. কঙ্গুনী> কগ্গুনী> কাগুনি> কাউনি, কাউন]
কাউন্সিল *বি* আইন সভা; পরিষদ। [ই.]
কাউর *বি* চর্মরোগবিশেষ। [আ.]
কাওয়াজ *বি* সৈন্যদের যুদ্ধ-কৌশল শিক্ষা। **কুচকাওয়াজ**

বি যুদ্ধের ব্যায়াম ও রণকৌশল শিক্ষা। [ফা.+আ.]
কাওয়াল *বি* যারা কাওয়ালি গান গায়; আল্লাহ্ ও রসুল প্রশস্তিবাচক হাম্‌দ ও না'ত শ্রেণীর স্তুতিমূলক সঙ্গীত গায়ক। [আ.]। **কাওয়ালি, কাওয়ালী** *বি* ১ আল্লাহ্ ও রসুলের প্রশস্তিবাচক হাম্‌দ ও না'ত শ্রেণীর স্তুতিমূলক সঙ্গীত। ২ ঐ সঙ্গীতের তাল ও সুর। [আ.]
কাওরা *বি* হিন্দু ধর্মাবলম্বী অনুন্নত জাতিবিশেষ; কাহার।
কাংস্য, কাংসক *বি* ১ কাঁসা তামা ও রাং-এর মিশ্রণে জাত ধাতু। ২ কাঁসার বাসন বা পেয়ালা। ৩ কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ; কাঁসি। ৪ কাঁসার তৈরি।
কাঁইমাই *বি* অস্পষ্ট দুর্বোধ্য কথা।
কাঁক, কাঁখ *বি* ১ কটিদেশ; কোমর; কাঁকাল। ২ বগল; কক্ষ। [স. কক্ষ>কক্‌খ>কাখ; কংখ> কাঁখ]
কাঁকই, কাঁকুই, কাকই *বি* বড় ও মোটা দাঁড়ার চিরুনি। [স. কঙ্কতিকা>কাঁকইআ> কাঁকই, কাকই]
কাঁকড়া, কাঁকড় *বি* কর্কট; এক প্রকার জলজ প্রাণী। [স. কর্কট>কাঁকড়+আ=কাঁকরা]। **কাঁকড়া বিছা** *বি* বিচ্ছু; বৃশ্চিকবিশেষ।
কাঁকন, কাঁকণ *বি* কঙ্কণ; হাতের অলঙ্কারবিশেষ। [স. কঙ্কণ>কাঁকন]
কাঁকর *বি* ছোট প্রস্তরখণ্ড; পাথরের ছোট কুচি। [স. কঙ্কর> কাঁকর]। **কাঁকুরে** *বিণ*।
কাঁকরোল *বি* কাঁটাযুক্ত আনাজবিশেষ। [স. কর্কোটক> হি. কংকরোল> বা. কাঁকরোল]
কাঁকাল, কাঁকালি *বি* মাজা; কটি; কোমর; কাঁক। [স. কক্ষালিকা>কাঁকাল]
কাঁকুড় *বি* অপক্ব ফুটি; শশা জাতীয় ফলবিশেষ। [স. কর্কটিকা>কক্কড়ি>কাক(কাঁক)ড়= কাঁকড়]
কাঁখতলি, কাঁকতলি *বি* বগল; কক্ষতল। [স. কক্ষতল> কক্‌খতলি>কাঁখ(কাঁক)তলি]
কাঁচকলা *বি* আনাজি কলা; তরকারিরূপে ব্যবহৃত এক প্রকার কলা। [বা. কাঁচা+কলা(কদলী)= কাঁচাকলা]
কাঁচপোকা, কাচপোকা *বি* বোলতা জাতীয় উজ্জ্বল নীলবর্ণের পতঙ্গবিশেষ— এর লেজের আবরণ থেকে মেয়েদের কপালে পরার টিপ হয়।
কাঁচল, কাঁচুলি *বি* স্ত্রীলোকদের স্তনাবরক; বস্ত্র; বুকের আবরণ। [স. কাঞ্চুলিকা>প্রা. কংচুলিআ>কাঁচুলি]
কাঁচা *বিণ* ১ অপক্ব। ২ অসিদ্ধ; আঁরাধা। ৩ অদগ্ধ। ৪ অপরিণত। ৫ মাটির তৈরি; মেটে (কাঁচা ঘর)। ৬ অনিপুণ; আনাড়ি; অদক্ষ। ৭ অপটুভাবে কৃত; অসাবধানে কৃত। ৮ কোমল; কচি। ৯ তরুণ (কাঁচা বয়স)। ১০ অস্থায়ী; উঠে যায় এমন। ১১ পরিবর্তনশীল; প্রাথমিক; খসড়া (কাঁচা খাতা)। ১২ বিশুদ্ধ, ভেজালহীন (কাঁচা সোনা)। ১৩ অশুদ্ধ। ১৪ ওজনে কম (কাঁচা সের)। ১৫ হাল্কা; স্থূল। ❑ *ক্রি* পণ্ড হওয়া (সব আয়োজন এক মুহূর্তে কেঁচে গেল)। [দেশী তুল. হি. 'কচ্চা']। **কাঁচা কথা** *বি* যে কথা স্থায়ী হয় না বা থাকে না; অনির্ভরযোগ্য কথা। ২ যুক্তিহীন বা মূল্যহীন কথা। **কাঁচা কাজ** *বি* ১ অপটু হাতের কাজ। ২ বোকামি। **কাঁচাগোল্লা** *বি* নরম পাকের সন্দেশবিশেষ। **কাঁচা ঘুম** *বি* ঘুমের ঘোর কাটেনি এমন; অপূর্ণ ঘুম; অপক্ব চুল। **কাঁচা টাকা, কাঁচা পয়সা** *বি* ১ ধাতুনির্মিত টাকা পয়সা। ২ অল্পশ্রমে বা অনায়াসে লব্ধ অর্থ। **কাঁচানো** *ক্রি* ১ কাঁচা করা। ২ কাজে বেশ কিছুদূর অগ্রসর হয়ে সব পণ্ড করা; পুনরায় পূর্বাবস্থা পাওয়ানো। ❑ *বি, বিণ* উক্ত উভয় অর্থে। **কাঁচাপাকা** *বিণ* ১ অর্ধেক পাকা এবং অর্ধেক কাঁচা। ২ অর্ধেক সাদা অর্ধেক কালো। ৩ যে জিনিসের শেষ নিষ্পত্তি হয়নি অথচ নিষ্পত্তির দিকে এগিয়েছে। **কাঁচা বয়স** *বি* অল্পবয়স। **কাঁচা বুদ্ধি** *বি* অপরিণত বুদ্ধি। **কাঁচা মাথা** *বি* ১ (আল.) অপরিণত বুদ্ধি। ২ অল্পবয়স্ক ছেলেমেয়েদের মস্তিষ্ক। **কাঁচা মাল** *বি* যেসব কৃষিজাত বনজ ইত্যাদি দ্রব্য থেকে শিল্পদ্রব্য প্রস্তুত হয়। **কাঁচামিঠা, কাঁচামিঠে** *বিণ* অপক্ব বা কাঁচা অবস্থাতেই মিষ্ট লাগে এমন। **কাঁচা রসিদ** *বি* সাময়িক প্রাপ্তিস্বীকার। **কাঁচা লেখা** *বি* ১ অপরিণত হাতের লেখা; নিম্নস্তরের রচনা। ২ খারাপ হস্তাক্ষর। **কাঁচা লোক** *বি* অনভিজ্ঞ লোক; আনাড়ি ব্যক্তি। **কাঁচা হাটবাজার** *বি* মাছ-তরকারি ও শাকসবজির হাট। **কাঁচা হাত** *বি* অশিক্ষিত অনিপুণ বা শিক্ষানবিসের হাত।
কাঁচি, কাচি, 'কাইচা' *বি* কাস্তে।
কাঁচুমাচু, কাছুমাছু *বিণ* লজ্জা ভয় ইত্যাদির জন্য সংকুচিত; জড়সড়। [দেশী]
কাঁচ্চা *বি* সিকি ছটাক; ছটাকের এক-চতুর্থাংশ।
কাঁজি *বি* ১ আমানি; গাঁজানো পান্তা ভাতের পানি। ২ গাঁজানো পান্তা ভাত থেকে প্রস্তুত সিরকা। [স. কাঞ্জিক> কাঁজিঅ>কাঁজি]
কাঁটা *বি* ১ বৃক্ষের গায়ে উদ্‌গত সূচি; কণ্টক। ২ মাছের অস্থি। ৩ ঘড়ির লৌহসূচি। ৪ ছোট পেরেক; তারকাঁটা; লৌহকীলক। ৫ তুলাদণ্ড; তৌল। ৬ খোঁপা গুঁজবার কণ্টক; গুঁজি। ৭ মুখে খাদ্যবস্তু তুলবার জন্য শলাকাবিশেষ। ৮ অন্তরায়; বিঘ্ন; প্রতিবন্ধক। [স. কণ্টক>কাঁটঅ>কাঁটা]। **কাঁটা দিয়া কাঁটা তোলা** *ক্রি* এক শত্রুর সাহায্যে অন্য শত্রু বিনাশ করা। **কাঁটা দেওয়া** *ক্রি* রোমাঞ্চ হওয়া; শীতে বা ভয়ে গায়ের লোম কাঁটার মতো খাড়া হয়ে ওঠা। **কাঁটায় কাঁটায়** *ক্রিবিণ* ১ যথাসময়ে; ঠিক নির্দিষ্ট সময়ে। ২ ঠিক ঠিক। **কাঁটালো** *বিণ* কাঁটাযুক্ত। [বা. কাঁটা+আল]
কাঁঠাল, কাঁটাল *বি* সর্বাঙ্গে কাঁটাযুক্ত ফল; পনস। [স. কণ্টকী]। **কাঁঠাল-চাঁপা** *বি* পাকা কাঁঠালের মতো গন্ধযুক্ত ফুলবিশেষ। **কাঁঠালের আঠা** *বি* যা সহজে ছাড়ে না। **কাঁঠালের আমসত্ত্ব** *বি* ১ অসম্ভব বস্তু। ২ ভুল বা মিথ্যা নামকরণ; অপপ্রয়োগ।
কাঁঠি, কাঁটি *বি* মাছ-ধরা জালে ব্যবহৃত লোহার তৈরি বর্তুলাকার দ্রব্যবিশেষ। [স. কণ্ঠী>কংঠি> কাঁঠি]
কাঁড়[১], **কাঁড়ি** *বি* স্তূপ; রাশি; অঢেল। [স. কাণ্ড> কংড>কাঁড়]
কাঁড়[২], **কাঁর** *বি* বাঁশের বা তক্তার উঁচু মাচাবিশেষ যার উপর বাড়ির জিনিসপত্র রাখা হয়। [স. কাণ্ড>]
কাঁড়া *ক্রি* ছাটন; পরিষ্কার করা; তুষহীন করা (ধান কাঁড়া)। ❑ *বিণ* পরিষ্কৃত; ছাঁটা হয়েছে এমন (কাঁড়া চাল)। [স. √কণ্ড=বা. √কাঁড়+আ = কাঁড়া]। **কাঁড়ানো** *ক্রি* ছাটানো; পরিষ্কার করানো।
কাঁথ *বি* ১ মাটির তৈরি ভিত; মৃন্ময়ভিত্তি। ২ দেয়াল; প্রাচীর। [স. কন্থা>]
কাঁথা *বি* জীর্ণ বস্ত্রে প্রস্তুত শোয়ার সময়ে গায়ে দেবার মোটা শীতবস্ত্রবিশেষ। [স. কন্থা>কাঁথা]

কাঁদন *বি* রোদন ক্রন্দন; কান্না। [সং. √কন্দ্=বা. √কাঁদ; সং. ক্রন্দন>কান্দন>কাঁদন]। **কাঁদ কাঁদ, কাঁদো কাঁদো** *বিণ* ক্রন্দনোন্মুখ।

কাঁদা *ক্রি* ১ রোদন করা; ক্রন্দন করা। ২ রোদন; ক্রন্দন। **কাঁদা-কাঁটি, কাঁদা-কাটা** *বি* ১ কান্নাকাটি; বিলাপ; খেদোক্তিসহ কান্না। ২ অনুনয়-বিনয়। **কাঁদানো** *ক্রি* অপরকে কাঁদতে প্রবৃত্ত করা; ক্রন্দন করানো। [বা. কাঁদ্-এর ণিজন্ত রূপ কাঁদা+আনো]

কাঁদানে *বি* যা কাঁদায়। [ণিজন্ত]। **কাঁদানে গ্যাস** *বি* যে গ্যাস ছড়িয়ে দিলে বায়ুবাহিত হয়ে চোখে লেগে চোখ জ্বালা করে ও চোখে পানি আসে।

কাঁদি *বি* ফলের বড় গুচ্ছ বা স্তবক। [সং. স্কন্ধ> কন্দ> কাঁদ+ই=কাঁদি]

কাঁদুনি, কাঁদনি *বি* ১ কান্না; রোদন। ২ কাতরতা। ৩ বিলাপ। [সং. ক্রন্দন+বা. ই]। **কাঁদুনি গাওয়া** *ক্রি* সকাতরে অনুযোগ করা।

কাঁদুনে *বিণ* কথায় কথায় কাঁদে এমন। [বা. √কাঁদ্+উনিয়া = কাঁদুনিয়া>কাঁদুনে]।

কাঁধ *বি* ঘাড়; স্কন্ধ। [সং. স্কন্ধ>; কন্দ> কাঁধ]। **কাঁধ দেওয়া** *ক্রি* ১ কোনো কাজের দায়িত্ব গ্রহণ করা। ২ ভার বহনের জন্য প্রস্তুত হওয়া। ৩ শ্মশানে নেওয়ার জন্য মৃতদেহসহ মাচা বহন করা। **কাঁধাকাঁধি** *বি* পরস্পরের স্কন্ধে বহন; একাধিক ব্যক্তির ভার বহনে কাঁধ বদলানো; কাঁধে কাঁধ ঘেঁষে দাঁড়ানো।

কাঁপ, কাঁপন, কাঁপুনি *বি* কম্পন; স্পন্দন। [সং. কম্প, কম্পন>কাঁপ, কাপন= কাঁপ+উনি= কাঁপুনি]

কাঁসর *বি* কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ।

কাঁসা *বি* রাং ও তামা মিশ্রিত ধাতু। [সং. কাংস্য> কাঁস+আ = কঁসা]

কাঁসারি *বি* ১ কাঁসার জিনিস নির্মাতা বা এর ব্যবসায়ী। ২ জাতিবিশেষ। [সং. কাংস্যকার> কাঁসআর> কাঁসার+ই; ঈ=কাঁসারি]

কাঁসি *বি* ১ কাঁসার তৈরি কিনারা উঁচু থালাবিশেষ। ২ কাঁসর; কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। [বা. কাঁসা+ই=কাঁসি]

কাঁহাতক *ক্রিবিণ* ১ কতদূর পর্যন্ত। কোন সীমা পর্যন্ত। ২ কতক্ষণ পর্যন্ত; কতকাল।

কাক, কব্ক *বি* ১ বায়স; পক্ষীবিশেষ। ২ কড়ার চতুর্থাংশ; এক কড়ার সিকি ভাগ। [সং. 'কাক'; পরবর্তী 'ক' এর বিকৃত উচ্চারণে 'কাগ']। **কাক-কোকিলে ভেদ**— ভালোমন্দ ভেদজ্ঞান। **কাকচক্ষু** *বিণ* কাকের চোখের মতো স্বচ্ছ নীল। **কাকজ্যোৎস্না** *বি* রাত্রি শেষের ম্লান জ্যোৎস্না; যে জ্যোৎস্নায় কাক দিনের আলো মনে করে জেগে ওঠে। **কাকতন্দ্রা, কাকনিদ্রা** *বি* ১ অগভীর সতর্ক ঘুম। ২ কপট ঘুম। **কাকতাড়ুয়া** *বি* কাক ও অন্যান্য পাখিকে ভয় দেখাবার জন্য রক্ষিত মানুষের প্রতিমূর্তি। **কাকতালীয়** *বিণ* ১ কার্যকারণহীন ঘটনা; তালগাছে কাক বসামাত্র তালপতনের মতো ঘটনা। ২ হঠাৎ সংঘটিত বা আকস্মিক যোগাযোগজাত কোনো ঘটনা। **কাকপদ** *বি* ১ উদ্ধার চিহ্ন; " " এই চিহ্ন। ২ লেখার মধ্যে পরিত্যক্ত বা শূন্যস্থান বুঝাবার চিহ্ন; ×××। ৩ ভুলক্রমে পরিত্যক্ত অক্ষরাদির স্থানসূচক চিহ্ন; (∧) এই চিহ্ন; caret। **কাকফল** *বি* ১ নিমফল। ২ নিমগাছ। **কাকবন্ধ্যা** *বি* একগর্ভা; যে নারী একবার মাত্র গর্ভ ধারণ করে বন্ধ্যা হয়ে গেছে। **কাকভীরু** *বি* পেঁচা। **কাক-ভোর** *বি* উষাকাল; প্রাতঃকাল। **কাকস্নান** *বি* কাকের মতো অল্প পানি গায়ে ছিটিয়ে গোসল। **কাকের ছা বকের ছা, কাকের ঠ্যাং বকের ঠ্যাং**— অতি কুৎসিত হাতের লেখা।

কাকলি, কাকলী *বি* কলধ্বনি; মধুর অস্ফুট ধ্বনি। [সং.]

কাকা, কাকু[১] (আদরে) *বি* চাচা পিতার ছোট ভাই। **কাকী** *স্ত্রী*। [ফা. কাকা]

কাকাতুয়া *বি* শুকজাতীয় পাখিবিশেষ। [মালয়— কাকাতু]

কাকু[২] *বি* রাগ ভয় শোক ইত্যাদির জন্য বিকৃত কণ্ঠস্বর; স্বরবিকৃতি। **কাকুবাদ** *বি* কাতর বাক্য; মিনতি। **কাকূক্তি** *বি* ১ কাতরোক্তি। ২ বক্রোক্তি। [সং.]

কাকুতি *বি* ১ কাতর অনুনয়; মিনতি। ২ খেদোক্তি। [সং. কাকূক্তি> কাকূত্তি> কাকূতি; কাকুতি]। **কাকুতি-মিনতি** *বি* অনুনয়-বিনয়।

কাকোদর *বি* সর্প। [চলার সময়ে দেহ বাঁকা করে বলেই কাকোদর]।

কাগজ *বি* ১ কাপড় তুলা খড় কাঠ পাতা বাঁশ ইত্যাদির আঁশ বা কাঠের মণ্ড থেকে প্রস্তুত পাতলা পত্র বা লেখনের উপকরণ। ২ দলিলপত্র। ৩ সংবাদপত্র। [ফা. কাগয]। **কাগজি** *বিণ* ১ কাগজের তৈরি। ২ কাগজ সম্বন্ধীয়। **কাগজে-কলমে** *ক্রিবিণ* লিখিতভাবে।

কাগমলা, কাগমালা *বি* রান্নাঘরে বাসন রাখবার জন্য বাঁশের খুঁটির উপরিস্থিত আধার। [দেশী]

কাঙাল, কাঙ্গাল *বিণ* ১ নিঃস্ব; দরিদ্র; গরিব। ২ লোভী; লোলুপ। ৩ দুঃখী। ৪ অক্ষম; নিঃশক্ত। ☐ *বি* ভিখারি; ভিক্ষুক। [সং. কঙ্কাল>]। **কাঙালি, কাঙালিনী, কাঙ্গালিনী** *স্ত্রী*। **কাঙালপনা, কাঙালিপনা** *বি* কাঙালের মতো মনোভাব, আচরণ বা লোলুপতা। **কাঙালি-ভোজ** *বি* পুণ্য-অর্জন বা মৃতব্যক্তির আত্মার সদ্‌গতির উদ্দেশ্যে দরিদ্রদের জন্য আয়োজিত ভোজ।

কাঙ্গুরা *বি* প্রাসাদ-শিখর; সৌধচূড়া। [ফা.]

কাচ *বি* ১ বালি ও এক প্রকার ক্ষার থেকে প্রস্তুত স্বচ্ছ ও ভঙ্গুর বস্তুবিশেষ; আরশি; আয়না; গ্লাস; পরকলা। ২ এক প্রকার মণি; স্ফটিকবিশেষ।

কাচা *ক্রি* কাপড় ধোয়া; আছড়িয়ে ধৌত করা। ☐ *বি* ধৌতকরণ। ☐ *বিণ* ধৌত; প্রক্ষালিত। [সং. √কন্‌চ্>]

কাছ *বি* ১ নিকট; সমীপ। ২ নদীর তীর; তট; কূল। ৩ পরিধেয় বস্ত্রের দ্বিতীয়াঞ্চল; কচ্ছ। [সং. কক্ষ>প্রা. কচ্ছ> বা. কাছ]। **কাছে** *ক্রিবিণ* ১ নিকটে; সন্নিধানে। ২ পাশে। ৩ তুলনায় (ওর কাছে তুমি কিছুই নও)। ৪ বিবেচনায় (আমার কাছে আপন পর সব সমান)। **কাছে পিঠে** *ক্রিবিণ* সন্নিকটে।

কাছা *বি* পরিধেয় বস্ত্রের যে অংশ পায়ের ফাঁক দিয়ে কটিদেশের পিছনে গোঁজা হয়। [সং. কচ্ছ>কাছা]। **কাছা আলগা** *বিণ* অসাবধান; শিথিল; ঢিলে স্বভাব। **কাছাঢিলা, কাছাটিলে, কাছাখোলা** *বিণ* ১ অসতর্ক; অসাবধান। ২ বিশৃঙ্খল। ৩ নিস্তেজ; কমজোর। **কাছাধরা** *বিণ* ১ তোষামোদকারী। ২ অপরের উপরে নির্ভরশীল।

কাছাকাছি *বিণ,ক্রিবিণ* নিকটবর্তী; সন্নিকটে। ☐ *বিণ* প্রায় সমান।

কাছানো *ক্রি* নিকটবর্তী হওয়া; ঘনানো (লালুর ফিরিবার সময় অনেকটা কাছাইয়া আসে—ওদুদ) □*বি, বিণ* উক্ত অর্থে। [বা. √কাছ্+আনো=কাছানো]

কাছারি, কাচারি *বি* ১ জমিদারের বা নায়েবের দফতর বা কার্যালয় জমিদারের খাজনা আদায় বিচার নির্বাহ ইত্যাদির স্থান। ২ আদালত; বিচারালয়। ৩ অফিস; কাজকর্মের স্থান। [সং. কৃত্যগৃহ> কচ্ছঘর>কাছহর+ই =কাছারি]। **কাছারিঘর** *বি* বৈঠকখানা।

কাছি *বি* ১ মোটা দড়ি; মোটা রশি। ২ জাহাজ বা নৌকা বাঁধবার মোটা রশি (গুড়ুকে মারিয়া টান কাছি ধরে ছাড়ে গান— ঈশ্বর)। [সং. কক্ষা> কচ্ছা> কাছা>কাছি]

কাছিম *বি* বড় কচ্ছপ; কূর্ম। [সং. কচ্ছপ>প্রা. কচ্ছিম্ভ (কচ্ছভ)> কাছিম]

কাজ *বি* ১ কর্ম; কার্য। ২ আবশ্যক; দরকার। ৩ কৃত বিষয়। ৪ কর্তব্য (তোমার কাজ তুমি করো)। ৫ জীবিকা; চাকরি। ৬ বৃত্তি; পেশা। ৭ স্বভাব; অভ্যাস (ঝগড়া করাই তার কাজ)। [সং. কার্য>প্রা. কজ্জ>বা. কাজ]। **কাজ আদায় করা** *ক্রি* কর্মে নিযুক্ত ব্যক্তিকে খাটিয়ে কাজ নেওয়া। **কাজ আনা** *ক্রি* কাজ সংগ্রহ করা। **কাজকর্ম** *বি* ১ জীবিকা; চাকুরি; পেশা। ২ দৈনন্দিন বিবিধ কার্য। **কাজ দেওয়া** *ক্রি* ১ কর্মে নিযুক্ত করা; চাকুরি দেওয়া। ২ কাজের ভার দেওয়া। **কাজ দেখা** *ক্রি* ১ কাজ পরীক্ষা করা। ২ কাজের দেখাশুনা করা; কাজ পরিচালনা করা। ৩ চাকরি অন্বেষণ করা। **কাজ দেখানো** *ক্রি* কাজ করে নিজের যোগ্যতা প্রকাশ করা। **কাজপাগলা** *বিণ* যে কাজ করতে ভালোবাসে। **কাজ বাগানো** *ক্রি* ১ কাজ জোগাড় করে নেওয়া। ২ উদ্দেশ্য সিদ্ধ করা। **কাজের কাজি** *বি* যোগ্যতাসম্পন্ন কর্মী; কাজ করবার উপযুক্ত ব্যক্তি। **কাজের বা'র** *বিণ* অকর্মণ্য; অকেজো।

কাজরি, কাজরী *বি* ১ বর্ষাকালে গেয় এক প্রকার গান। ২ উক্ত গানের সুর; উক্ত গান সহযোগে নৃত্য।

কাজল, কাজর *বি* অঞ্জন। □*বিণ* কাজলের মতো বর্ণবিশিষ্ট। [সং. কজ্জল> কাজল> কাজর(ল=র)]

কাজলা[১] *বি স্ত্রী.* কাজলবর্ণা; উজ্জ্বল শ্যামবর্ণা। [বা. কাজল+আ (আদরে বা স্ত্রীলিঙ্গে)=কাজলা]

কাজলা[২] *বি* ইক্ষুবিশেষ (কাজলা আখ)। [সং. কজ্জলাভ> কাজলা]

কাজা করা *ক্রি* ধর্মীয় অনুষ্ঠান যথাসময়ে সম্পাদন না করা। [আ. ক্বযা]

কাজি, কাজী *বি* ১ বিচারক; মুসলমান বিচারপতি। ২ মুসলমান ধর্ম আচার ব্যবহার ইত্যাদির ব্যবস্থাপক। ৩ যিনি মুসলমানদের বিবাহাদি রেজিস্ট্রি করেন। [আ. ক্বাযী]। **কাজিয়ালি, কাজিগিরি** *বি* কাজির পেশা বা কর্ম।

কাজিয়া, কাইজা *বি* ১ ঝগড়া; বিবাদ। ২ দাংগা; মারামারি। [আ. কৃজীয়াহ্]

কাজেই, কাজে কাজেই *অব্য* অতএব; সুতরাং। [বা.]

কাঞ্চন *বি* স্বর্ণ; সোনা। [সং.]

কাঞ্চা *বিণ* কচি; তরুণ; কাঁচা। (প্রা. কংচা? বা> কাঞ্চা>কাঁচা]

কাঞ্চি, কাঞ্চী *বি* কটিভূষণবিশেষ; মেখলা; গোট। [সং.]

কাঞ্জি, কাঞ্জিক *বি* আমানি; কাঁজি; গাঁজানো পান্তা ভাতের পানি। [সং. কাঞ্জিক>কাঞ্জিঅ> কাঞ্জি; কাঁজি]

কাট *বি* ১ কাটার ভঙ্গি; কর্তিত রূপ (জামার কাট)। ২ গড়ন। [ই.]

কাটপিস *বি* জামা, প্যান্ট ইত্যাদি তৈরির উপযোগী বিভিন্ন মাপের কাপড়ের টুকরা যা বাজারে বিক্রি হয়।

কাটকাট *বিণ* কর্কশ; কটু; কড়া। □*বি* কটূক্তি; কড়া কথা। [সং. কাষ্ঠ>কট্‌ঠ> কাট; কাঠ—কাঠের মতো নীরস ও শক্ত অর্থে কটু কথা; কড়া কথা]

কাটখোট্টা, কাঠখোট্টা *বিণ* ১ গোঁয়ার; একগুঁয়ে। ২ রসবোধহীন; শুষ্ক বা নীরস। ৩ নির্দয়; দয়ামায়াহীন; পাষাণ। [সং. কাষ্ঠখট> কট্‌ঠখোট্ট> কাটখোট্ট+আ= কাটখোট্টা অর্থাৎ কাঠের মতো শক্ত ও অস্থিতিস্থাপক]

কাটমোল্লা *বি* অল্পশিক্ষিত কাণ্ডজ্ঞানহীন ও ধর্মান্ধ মুসলমান। [কাঠ>+আ. মোল্লা=বা. কাটমোল্লা]

কাটরা, কাঠরা *বি* ১ কাঠের ঘর। ২ কাঠগড়া। ৩ কাঠের ঘের বা রেলিং। ৪ কাঠের জিনিস। [সং. কাষ্ঠগৃহ>কাঠঘর+ আ=কাঠঘরা>কাঠহরা>কাঠঅরা; কাঠরা; তুল. কাটগড়া]

কাটলেট *বি* ইউরোপীয় প্রণালীতে ভাজা মাছ-মাংসের পিঠা বা বড়া। [ই.]

কাটা *ক্রি* ১ ছেদন বা কর্তন করা। ২ খনন করা; খোঁড়া (পুকুর কাটা)। ৩ খণ্ডন করা (যুক্তি কাটা)। ৪ প্রতিবাদ করা (কথাকাটা)। ৫ অতিবাহিত হওয়া; যাপিত হওয়া (সময় কাটা)। ৬ রেখা এঁকে কোনো লেখা বাতিল করা (ভুল কাটা)। ৭ দাগ দেওয়া; অঙ্কন করা; আঁকা (লাইন কাটা)। ৮ দূর হওয়া (বিপদ কাটা)। ৯ বিক্রয় হওয়া; চালু হওয়া (মাল কাটা)। ১০ রচনা করা (ছড়া কাটা)। ১১ লিখে দেওয়া (চেক কাটা)। ১২ অতিবাহিত হওয়া; দূর হওয়া (মেঘ কাটা)। ১৩ সামঞ্জস্যচ্যুত হওয়া; নির্দিষ্ট ক্রম থেকে বিচ্যুত হওয়া (তাল কাটা)। ১৪ নিঃসৃত হওয়া; নির্গত হওয়া (জল কাটা)। ১৫ তৈরি করা (খাল কাটা, সুতা কাটা)। ১৬ বিন্যাস করা (টেড়ি কাটা)। ১৭ ছিন্ন হওয়া (ঘুড়ি কাটা)। ১৮ খোদাই করা; কোঁদা (পাথর কাটা)। ১৯ কাটবার ভঙ্গি করা (চিমটি কাটা)। ২০ দেওয়া (সাঁতার কাটা)। ২১ পৃথক করা (ছানা কাটা)। □*বিণ* ১ কর্তিত; ছিন্ন। ২ খণ্ডিত। ৩ বাতিল। ৪ উক্ত সকল অর্থে। [সং. √কৃৎ=বা. √কাট্ (তুল. ই. cut+আ=কাটা]। **কাটকুট** *বি* ১ ভুল কাটাকাটি; ভুল সংশোধন। ২ সংক্ষেপকরণ। **কাটছাঁট** *বি* ১ পোশাক ইত্যাদি কাটবার ভঙ্গি। ২ বাদসাদ; কেটে ছেঁটে যা বাদ দেওয়া হয়। **কাটতি** *বি* ১ বিক্রয়াধিক্য; অতিরিক্ত চাহিদার জন্য বেশি পরিমাণে বিক্রয়। ২ বিক্রয়ের পরিমাণ। **কাটন** *বি* কাটা। **কাটা কাটা কথা** *বি* মর্মভেদী তীক্ষ্ণ কথা। **কাটাকাটি** *বি* ১ হানাহানি; খুনাখুনি; পরস্পর অস্ত্রাঘাত। ২ পরস্পর খণ্ডন বা অপনয়ন। **কাটা কান চুল দিয়ে ঢাকা**—বিপন্ন সম্মান কোনো প্রকারে রক্ষা করা; নিজের প্রতি অবমাননা গোপন করা। **কাটাকুটি** *বি* লেখা প্রভৃতি সংশোধন; কাটকুট। **কাটা ঘায়ে নুনের ছিটা বা ছিটে**— ১ এক কষ্টের উপর অন্য কষ্ট। ২ লজ্জা ও কষ্টের উপর অতিরিক্ত আঘাত।

কাটানো *ক্রি* ১ অন্যের দ্বারা কাটিয়ে নেওয়া। ২ অতিবাহিত করা; যাপন করা। ৩ অতিক্রম করা; মুক্ত হওয়া। ৪ বিক্রয় করা। ৫ নির্গত করানো। ৬ খনন করানো। **কাটিয়ে ওঠা** *ক্রি* কোনো বিপদ থেকে উত্তীর্ণ হওয়া; বেঁচে থাকা। [বা. √কাট্+আনো=কাটানো]

কাটারি *বি* কাটবার অস্ত্রবিশেষ; সরু ও লম্বা দা; ছুরি। [স. কর্তরী>কট্টরী>কাটারি]
কাটুর কুটুর (অনু.) *অব্য* কাটবার শব্দবিশেষ; প্রাণীদের দন্ত দ্বারা কাটবার শব্দ। [দেশী]
কাঠ *বি* কাষ্ঠ; গাছের কাণ্ড ও শাখার শক্ত অংশ। [স. কাষ্ঠ>কট্ঠ>কাঠ]। **কাঠ-খড়** *বি* মাল-মসলা। **কাঠখড় পোড়ানো** *ক্রি* অভীষ্ট সিদ্ধির জন্য বহুবিধ চেষ্টা ও উদ্যোগ আয়োজন করা; ব্যয় ও পরিশ্রম করা। **কাঠখড়ি** *বি* ১ শক্ত খড়িমাটিবিশেষ। ২ জ্বালানি কাঠ। **কাঠখোলা** *বি* বালি না দিয়ে যে খোলায় ভাজা হয়। **কাঠগড়** *বি* উদূখল। **কাঠগড়া** *বি* বিচারালয়ে কাঠের বেড়া দেওয়া আসামির বা সাক্ষীর মঞ্চ। **কাঠঠোকরা** *বি* এক রকম পাখি। **কাঠপিঁপড়া, কাঠপিঁপড়ে** *বি* কালো রঙের বড় পিঁপড়াবিশেষ যা কাঠে থাকে। **কাঠফড়িং** *বি* কাঠির মতো সরু ফড়িংবিশেষ। **কাঠফাটা** *বিণ* কাঠও ফেটে যায় এমন তীব্র (দুপুরের এই কাঠফাটা রোদ— এয়াকুব)। **কাঠবিড়াল** *বি* ইঁদুর জাতীয় বৃক্ষচর প্রাণীবিশেষ। **কাঠবিড়ালী** *স্ত্রী*। **কাঠের পুতুল** *বি* ব্যক্তিত্বহীন মানুষ।
কাঠা *বি* ১ এক বিঘার বিশ ভাগের এক ভাগ, ৩২০ বর্গহাত পরিমাণ। ২ ধান ইত্যাদি মাপবার পাত্রবিশেষ। **কাঠাকালি** *বি* কাঠা হিসাবে জমির মাপ। **কাঠাকিয়া** *বি* এক থেকে একশ কাঠা পর্যন্ত গণনা। [স. কাষ্ঠা> কট্ঠা>কাঠা]
কাঠামো *বি* ১ ফ্রেম; ঠাট। ২ কাঠ কিংবা বাঁশের তৈরি আধার; মোটামুটি গড়ন। [স. কাষ্ঠকর্ম> কাঠকাম> কাঠআম>কাঠাম>]
কাঠি, কাটি *বি* ১ কাঠ বাঁশ ধাতু ইত্যাদির লম্বা সরু টুকরা। ২ শলাকা। [স. কাষ্ঠিকা>কাট্ঠিআ>কাঠি, কাটি]
কাঠি কাঠি *বিণ* কাঠির মতো সরু বা কৃশ।
কাঠিন্য *বি* ১ কঠিনতা; দৃঢ়তা; শক্তভাব। ২ কঠোরতা; নির্দয়তা।
কাঠুরিয়া, কাঠুরে *বি* কুঠার বা কুড়াল দিয়ে গাছ বা কাঠ কাটা যার পেশা; কাষ্ঠছেদক। [স. কুঠারিক>কাঠুরিঅ> কাঠুরিয়া ('উ' এবং 'আ' বর্ণবিপর্যয়ে)]
কাড়ন *বি* কেড়ে নেবার কাজ; বলপূর্বক গ্রহণ; লুঠ। [√কাড়+অন]
কাড়া[১] *বি* ঢাক জাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। **কাড়া নাকাড়া** *বি* ঢাক জাতীয় বাদ্যযন্ত্র। [স. কটাহ>কাড়া+ফা. নাকাড়া (আ. নক্কারা)]
কাড়া[২] *ক্রি* ১ কেড়ে নেওয়া; সবলে ছিনিয়ে নেওয়া; জোর করে আদায় করা। ২ মুগ্ধ করা। ৩ টানা; আকর্ষণ করা। ৪ উচ্চারণ করা; বলা। ৫ ব্যবহারে আনা; কাজে লাগানো (নতুন হাঁড়ি কাড়া)। ৬ রচনা করা। ৭ পরিষ্কার করা; আবর্জনা ইত্যাদি সাফ করা। ৮ চাওয়া (আদর কাড়া)। ❑ *বি* ১ আকর্ষণ। ২ লুণ্ঠিত; বলপূর্বক গৃহীত। [স. √কৃষ=বা. √কাড়+আ= কাড়া (ণিজন্ত)]। **কাড়াকাড়ি** *বি* ১ পরস্পরের নিকট থেকে ছিনিয়ে নেওয়া বা তার চেষ্টা করা। ২ টানাটানি। **কাড়ানো** *ক্রি* ১ অন্যের দ্বারা কাড়া; কাড়তে বাধ্য করা। ২ আদায় করা (আদর কাড়ানো)। ৩ স্বীকার করানো।
কাণ্ড *বি* ১ গাছের গুঁড়ি। ২ ব্যাপার; ঘটনা। ৩ পর্ব; দুই গাঁটের মাঝের অংশ। ৪ অধ্যায়; গ্রন্থের ভাগ। ৫ বিষম ব্যাপার। [স.]। **কাণ্ডকারখানা** *বি* ১ ব্যাপার বা ঘটনাসমূহ। ২ কার্যাবলী; কার্যপ্রণালী। **কাণ্ডজ্ঞান** *বি* সাধারণ বুদ্ধি বিবেচনা; সময় বা অবস্থানুযায়ী বিচার বিবেচনার শক্তি। **কাণ্ডাকাণ্ড** *বি* ভালোমন্দ; ন্যায়-অন্যায়।
কাণ্ডার *বি* ১ নৌকার হাল। ২ মাঝি। [স. কর্ণধার> কণ্ণধার> কণ্ডার> কাণ্ডার]। **কাণ্ডারি** *বি* মাঝি; কর্ণধার; নাবিক। [স. কর্ণধারী> কাণ্ডারী> কাণ্ডারি]
কাত[১], **কাৎ** *বিণ* ১ একপেশে; আড়; বক্র। ২ ভূলুণ্ঠিত; পর্যুদস্ত।
কাত[২] *বি* কায়স্থ। [স. কায়স্থ> কায়ত্থ>কায়েত, কাত]
কাতর *বিণ* ১ বিপন্ন। ২ দুঃখে পীড়িত। ৩ অধীর; ব্যাকুল। ৪ কুণ্ঠিত। ৫ অভাবগ্রস্ত; কাঙাল। [স.]
কাতরা *বি* ফোঁটা; এক অঞ্জলি। [আ. কাৎরা]
কাতরানো *ক্রি* ১ যন্ত্রণায় কাতর হয়ে শব্দ করা বা আর্তনাদ করা। ২ ছটফট করা। **কাতরানি** *বি* ১ যন্ত্রণাসূচক কাতর শব্দ; আর্তনাদ; গোঙানি। ২ ছটফটানি। [বা. √কাতরা+আনো, আনি]
কাতল, কাৎলা *বি* ১ বড় আকারের মাছবিশেষ। ২ (আল.) বড়লোক। ৩ (আল.) মস্ত দাঁও। [স. কাতলা]
কাতা *বি* ১ নারিকেল-ছোবড়ার রশি বা দড়ি। ২ নাপিতের কাঁচি ক্ষুর চিরুনি ইত্যাদি রাখবার থলি। [বা.]
কাতান *বি* দা; কাটারি; কাটবার অস্ত্র। [পো. catana, তুল. স. কর্তনী]
কাতার *বি* সারি সারি; শ্রেণী; পঙ্‌ক্তি। [আ. কিতার]। **কাতারবন্দি** *বিণ* শ্রেণীবদ্ধ। [আ. কিতার+ফা. বন্দী]
কাতি[১] *বি* ১ শাঁখের করাত। ২ ক্ষুর। ৩ কাঁচি। ৪ খড়্গ; খাড়া। [স. কর্তরী> প্রা. কত্তরী> বা কাতি]
কাতি[২] *বি* কার্তিক মাস। [স. কার্তিক>কাত্তিঅ>কাতি]
কাতুকুতু, কুতুকুতু *বি* অঙ্গস্পর্শ দিয়ে সুড়সুড়ি; শরীরের স্থান বিশেষে স্পর্শ দিয়ে হাসানো। [বা.]
কাতেল, কাতিল *বি* হন্তা; ঘাতক; হত্যাকারী। [আ. কাতিল]
কাত্যায়নী *বি* হিন্দুদেবী দুর্গা। [স.]
কাদম্বরী *বি স্ত্রী.* হিন্দুদের দেবী সরস্বতী। [স.]
কাদম্বিনী *বি* মেঘমালা; মেঘশ্রেণী; সারি সারি মেঘ। [স.]
কাদা *বি* পানিতে ভেজা নরম মাটি; পাঁক; কর্দম। ❑ *বিণ* কর্দমাক্ত; পঙ্কিল। [স. কর্দম>কদ্দ>কাদা]। **কাদাখোঁচা** *বি* কাদার পোকা খায় এমন পাখি; চ্যাগা।
কান *বি* ১ কর্ণ; শ্রবণেন্দ্রিয়। ২ কানের গহনাবিশেষ। ৩ তানপুরা সেতার বেহালা ইত্যাদি বাদ্যযন্ত্রের তার কষবার হাতল বা চাবি। [স. কর্ণ>কন্ন>কান]। **কানকথা** *বি* গোপন মন্ত্রণা; কানে কানে কথা বলা; বদনাম। **কান কাটা** *ক্রি* বেহায়া; সম্পূর্ণরূপে পরাভূত করা। **কানকাটা** *বিণ* নির্লজ্জ। **কানখাড়া করা** *ক্রি* উৎকর্ণ হওয়া; শোনার জন্য উদ্‌গ্রীব হওয়া। **কানখুস্কি** *বি* কানের মল বের করার জন্য ধাতুর তৈরি দণ্ডবিশেষ; কর্ণশোধনী। **কান দেওয়া** *ক্রি* ১ কর্ণপাত করা; শোনা। ২ গ্রাহ্য করা। **কান-পাতলা** *বিণ* নির্বিচারে অন্যের লাগানো কথায় বিশ্বাস করে এমন। **কান পাতা** *ক্রি* ১ শুনবার জন্য মনোযোগী হওয়া। ২ গোপনে শোনা। **কান-ফাটানো, কান-ফাটা** *বিণ* কানের পর্দা ফাটিয়ে ফেলবার মতো উচ্চ শব্দযুক্ত (কান-ফাটা আওয়াজ)। **কানফুল** *বি* কানের অলঙ্কারবিশেষ। **কানবালা** *বি* কানের গহনা; কর্ণালঙ্কারবিশেষ; মাকড়ি

জাতীয় গহনাবিশেষ। **কান ভারী করা** *ক্রি* কারও মনে অপরের সম্পর্কে খারাপ ধারণার সৃষ্টি করা। **কান মলা** *ক্রি* ১ কর্ণ মর্দন করা। ২ (আল.) শোচনীয়ভাবে অপদস্থ করা। ৩ (আল.) শোচনীয়ভাবে পরাজিত করা। ৪ ঠেকে শিক্ষালাভ করা। ❑ *বি* কর্ণমর্দন। **কানাকানি** *বি* ১ পরস্পর চুপে চুপে বলাবলি। ২ গোপনে রটনা; গোপনে পরামর্শ। **কানাঘুষা, কানাঘুষো** *বি* গোপনে এক কান থেকে অন্যের কানে খবর চালানো; গোপনে রটনা। **কানে আঙুল দেওয়া** *ক্রি* অশ্রাব্য বা অবাঞ্ছিত কোনো কিছু শুনতে না চাওয়া। **কানে আসা** *ক্রি* শুনতে পাওয়া; শ্রবণগোচর হওয়া। **কানে ওঠা** *ক্রি* কর্ণগোচর হওয়া; শোনা। **কানে কানে** *ক্রিবিণ* কানের খুব নিকটে; চুপি চুপি; মৃদু স্বরে। **কানে-খাটো** *বিণ* কানে কম শোনে এমন; জোরে না বললে শোনে না এমন। **কানে তালা ধরা বা লাগানো** *ক্রি* উচ্চ শোরগোল বা দুর্বলতা হেতু কানে কিছু শুনতে না পাওয়া; ভয়ানক শব্দে কান অসাড় হয়ে যাওয়া। **কানে তুলা দেওয়া** *ক্রি* না শোনা; কর্ণপাত না করা। **কানে তোলা** *ক্রি* ১ শোনানো। ২ শ্রবণযোগ্য বা বিচারযোগ্য জ্ঞানে গ্রাহ্য করা বা বিবেচনা করা। **কানে বাজা** *ক্রি* শ্রুতিকটু হওয়া। **কানের পোকা বের করা** *ক্রি* ক্রমাগত ঘ্যান ঘ্যান করে বিরক্ত করা। **কানে লাগা** *ক্রি* ১ শ্রুতিমধুর বোধ হওয়া। ২ বিশ্বাস বা সম্মতির যোগ্য হওয়া।

কানকো *বি* মাছের ফুলকার উপরের শক্ত আবরণ। [স. কর্ণকূপ>কর্ণ+কূপ; কর্ণ>কন্ন>কান; কূপ>কূঅ>কো]

কানড়ি (প্রা-বা), **কানড়ী** (প্রা-বা) *বি* কর্ণাটদেশীয় স্ত্রীলোকের খোঁপা। [স. কর্ণাটী> কনাড়ী> কানড়ী, কানড়ি]

কানন *বি* অরণ্য; বন; উপবন। [স.]

কানা[১] *বিণ* ১ চক্ষুহীন; অন্ধ। ২ একচক্ষুহীন। ৩ ফুটা; ছেদা (কানা পাতিল)। **কানী, কানি** *স্ত্রী*। **কানা কড়ির উপকার** *বি* অতি সামান্য পরিমাণ উপকার। **কানা করে দেওয়া** *ক্রি* একেবারে হারিয়ে দেওয়া; নষ্ট করে ফেলা; দূষিত করে দেওয়া। **কানা কলসির জল**— ক্ষণস্থায়ী বস্তু। **কানা গরুর ভিন্ন পথ**— অজ্ঞান লোক কানা গরুর মতো গোয়ালের পথ অর্থাৎ নিরাপদ পথ ত্যাগ করে বিপথে যায়। **কানাঘুষা করা** *ক্রি* কানে কানে বলাবলি করা; গোপনে বলাবলি করা। **কানামাছি** *বি* ছোট ছেলেমেয়েদের চোখ বেঁধে কানা সেজে খেলাবিশেষ। [স. কাণ (অর্থ একচক্ষুহীন)>+আ=কানা]

কানা[২] *বি* ১ প্রান্তভাগ; কিনারা। ২ পাত্রাদির মুখের বেড়; হাঁড়ি কলসির গলা। **কানায় কানায়** *ক্রিবিণ* গলা পর্যন্ত; কানা পর্যন্ত; পরিপূর্ণভাবে। [স. স্কন্ধ>কণ্ন>কান+আ=কানা]

কানাই, কানু *বি* শ্রীকৃষ্ণ। [পা. কণ্হ>বা. কাহ্ন (বর্ণবিপর্যয়ে)>কান+আই, উ(আদরে)=কানাই, কানু]

কানাচ *বি* ১ দেয়ালের বাইরে স্থিত চালাঘরের ছাঁচ। ২ ছাঁচতলা; বাসগৃহের পশ্চাদ্‌ভাগ। [আ. কুনাসাহ্‌ ফা. কুনজ; তুল. কানাত]। **কানাচি পাতা** *ক্রি* আড়ালে লুকিয়ে অন্যের কথা শোনা।

কানাড়া, কানড়া *বি* সঙ্গীতের রাগবিশেষ; কর্ণাট রাগিণী; কর্ণাট দেশীয়। [স. কর্ণাট>]

কানাত, কানাৎ *বি* ১ তাঁবুর পর্দা বা দেয়াল। ২ তাঁবু; বস্ত্রগৃহ। [আ. কনাত্‌]

কানি *বি* ১ ন্যাকড়া; ছেঁড়া; বস্ত্রখণ্ড। ২ পাতলা বা হালকা কাঁথা; অঙ্গাবরণ।

কানীন *বিণ* অবিবাহিতার বা অনূঢ়ার সন্তান। [স. কন্যা+অ(অন্)=কানীন (অপত্যার্থে নিপাতনে সিদ্ধ)]

কানুন *বি* ১ আইন; রাজ্যশাসনের ব্যবস্থা। ২ নিয়ম; বিধিব্যবস্থা। [আ. কানুন]

কানুনগো *বি* ১ জমি জরিপকারী বা জমির হিসাবরক্ষক সরকারি কর্মচারী। ২ রাজস্ব বিভাগীয় হিসাব পরীক্ষক। [আ. কানুন+ফা. গোয়]

কানেস্তারা, ক্যানেস্তারা *বি* তেল ঘি ইত্যাদি রাখবার টিনের বড় পাত্রবিশেষ। [ই. ক্যানিস্তার]

কান্ত *বি* ১ স্বামী; পতি। ২ প্রণয়ী; বল্লভ। ৩ মণি; পাথর। ❑ *বিণ* ১ সুন্দর; মনোরম; কমনীয়। ২ প্রিয়। [স.]

কান্তা *বি স্ত্রী.* ১ পত্নী; ভার্যা; স্ত্রী। ২ প্রিয়া; প্রণয়িনী। [স.]

কান্তার *বি* নিবিড় বন; গহীন জঙ্গল। [স.]

কান্তি *বি* ১ লাবণ্য; সৌন্দর্য; ঔজ্জ্বল্য। ২ দীপ্তি; শোভা। **কান্তিবিদ্যা** *বি* সৌন্দর্য বিদ্যা। [স.]

কান্না *বি* রোদন; ক্রন্দন। [বা. √কাঁদ্‌+অনা =কাঁদনা> কাঁদ্‌না>কান্না]। **কান্নাকাটি** *বি* ১ অবিরাম ক্রন্দন; খেদের সঙ্গে কান্না বা বিলাপ। ২ ঐকান্তিক আবদার। ৩ অনুনয় বিনয়। ৪ একদিকে অধিক ভার (ঘুড়ির কান্না)।

কাপ *বি* বাটি; পেয়ালা। [ই.]

কাপড় *বি* বস্ত্র; বসন; ধুতি। [স. কপট>প্রা. কপ্‌পড়> বা. কাপড়]। **কাপড় কাচা** *ক্রি* বস্ত্র ধৌত করা। **কাপড় খারাপ করা** *ক্রি* বাহ্যের বেগ ধারণে অক্ষম হওয়া। **কাপড়-চোপড়** *বি* পোশাক-পরিচ্ছদ; বস্ত্রাদি। **কাপড়ের জমিন** *বি* বুনন; টানাপোড়েন। **আটপৌরে কাপড়** *বি* নিত্য বা সর্বদা ব্যবহারের কাপড়। **তোলা কাপড়** *বি* অপেক্ষাকৃত উত্তম ও দামি কাপড়; পালাপার্বণে পরিধেয় বস্ত্র। **থানকাপড়** *বি* সাদা পাড়হীন কাপড়।

কাপালিক *বি* ১ নর-কপালধারী ও বামাচারী তান্ত্রিকবিশেষ। ২ কাপালী জাতিবিশেষ। ❑ *বিণ* কপাল সম্বন্ধীয়।

কাপুরুষ *বি* পুরুষোচিত সাহসহীন ব্যক্তি, ভয়ে কর্তব্যচ্যুত হয় বা আত্মসম্মান বিসর্জন দেয় এরূপ ভীরু বা পৌরুষহীন লোক। [স.]। **কাপুরুষতা, কাপুরুষত্ব** *বি*।

কাপ্তেন, কাপ্তান *বি* ১ জাহাজের অধ্যক্ষ বা পরিচালক। ২ সেনাধ্যক্ষ। ৩ খেলোয়াড়দের সর্দার। [ই.]। **কাপ্তানি** *বি* সর্দারি; নেতৃত্ব।

কাফন *বি* মুসলমানদের মৃতদেহ আচ্ছাদনের কাপড়। [আ. কফন্‌]

কাফফারা *বি* পাপ মোচনার্থ দেয় জরিমানা; অপরাধের প্রায়শ্চিত্ত করার ব্যবস্থাদি। [আ. কফ্‌ফারা]

কাফি *বি* ১ সঙ্গীতের রাগিণীবিশেষ। ২ যথেষ্ট; প্রচুর। [আ. কাফী]

কাফুর *বি* কর্পূর। [স. কর্পূর>কপ্‌পুর> কাপুর, কাফুর]

কাফে *বি* ১ কফিখানা; চা-ঘর। ২ রেস্তোরাঁ। [ফা.]

কাফের, কাফির *বি* ১ সত্যপ্রত্যাখ্যানকারী। ২ পৌত্তলিক; বহু-ঈশ্বরবাদী। [আ.]। **কাফেরি, কাফেরী** *বি* ইসলাম বিরোধিতা; অবিশ্বাস; সত্য প্রত্যাখান।

কাফেলা, কাফিলা *বি*১ যূথবদ্ধ যাত্রীর দল।২ ভ্রমণকারীর দল; পথিকের দল; উষ্ট্রারোহী যাত্রীদল। [আ.]
কাফ্রি *বি* আফ্রিকার অধিবাসী; নিগ্রো জাতি। [পো.]
কাবা১, কা'বা *বি* মক্কায় অবস্থিত আল্লাহর ঘর। [আ.]
কাবা২, কাবাই *বি* ঢোলা অঙ্গাবরণ; আলখাল্লা জাতীয় লম্বা জামাবিশেষ। [আ. কবা']
কাবাডি *বি* হাডুডু খেলা। [দেশী]
কাবাড়ি, কাবারি১ *বি* ১ যারা সস্তায় মালপত্র কিনে বিক্রি করে; নিলামে জিনিসপত্র কিনে সস্তা দরে বিক্রয়কারী। ২ একশ্রেণীর ধীবর; নিকারি। [স. কর্বটী> কাবাড়ি; কাবারি]
কাবাব, কবাব *বি* শলাকা বিদ্ধ করে সেঁকা মাংস। **কাবাব চিনি** *বি* গোলমরিচের মতো এক প্রকার মশলা। [আ. কবাব+ফা. চিনি]
কাবার *বি* ১ খতম; শেষ; সমাপ্তি। ২ শেষদিন। ৩ অতিবাহন; যাপন। [পো. আকাবর]। **মাস-কাবারি** *বি* মাসান্তে; মাসের শেষে।
কাবারি২, কাবাড়ি *বি* বাঁশের বাখারি বা শলাকা। [বাং. বাখারি>কাবারি (বর্ণবিপর্যয়ে)]
কাবিন *বি* মুসলমানদের বিবাহে কন্যাকে দেয় মোহরানা। **কাবিননামা, কাবীননামা** *বি* বিবাহের চুক্তিপত্র। [কাবীন>ফা. নামা]
কাবিল, কাবেল *বিণ* ১ উপযুক্ত; যোগ্য; লায়েক। ২ আদিপুরুষ আদমের এক সন্তানের নাম। [আ. কাবিল]। **কাবিলতি, কাবেলতি** *বি* ১ যোগ্যতা; উপযুক্ততা। ২ পারদর্শিতা; পাণ্ডিত্য। ৩ দর্শিতা; পাণ্ডিত্য।
কাবু *বিণ* ১ নিস্তেজ; দুর্বল। ২ জব্দ; পরাজিত হওয়ার ফলে বশীভূত। [তু. কাবু]। **কাবু করা** *ক্রি* বশীভূত করা।
কাবুলি, কাবলি *বিণ* কাবুল সম্পর্কিত; আফগানিস্তানে জাত। ❑ *বি* আফগানিস্তানের লোক। [ফা. কাবুলী]। **কাবুলিওয়ালা, কাবলিওয়ালা** *বি* কাবুল বা আফগানিস্তানের লোক। [ফা. কাবুলী+বালা উ.]
কাব্য *বি*১ ছন্দোময় রসাত্মক ও ভাবমধুর রচনা; কবিতা। ২ কবিতাগ্রন্থ। ৩ পদ্য সাহিত্য (বাংলা কাব্য)। ৪ পদ্যরচনা। [স.]। **কাব্যকলা** *বি* কাব্য রচনার কৌশল। **কাব্যকার** *বি* কবি, কাব্যের রচয়িতা। **কাব্য-কোবিদ** *বি* কাব্যসাহিত্যে পারদর্শী; কাব্যবিদ। **কাব্যগ্রন্থ** *বি* কবিতার বই। **কাব্যি** (ব্য.) *বি* কবিত্ব।
কাম১ *বি* মদন; কন্দর্প; অনঙ্গ। [স.]
কাম২ *বি* ১ কাজ; কর্ম। ২ প্রয়োজন; দরকার। [স. কর্ম>কম্ম>কাম]। **কামচোর** *বিণ* অলস; ফাঁকিবাজ।
কাম৩ *বি*১ যৌন সম্ভোগেচ্ছা (কামাতুর)।২ কামনা; ইচ্ছা; অভিলাষ। ৩ অনুরাগ। [স.]। **কামকলা** *বি* রতিশাস্ত্র; রতিবিদ্যা। **কামকেলি** *বি* যৌনসম্ভোগ; রতিক্রীড়া। **কামজ** *বিণ*১ যৌনসম্ভোগের ইচ্ছা থেকে জাত। ২ বাসনাজাত। **কামজ্বর** *বি* কামাগ্নি; প্রবল কামপ্রবৃত্তি। **কামতন্ত্র** *বি* ১ কাম বা রতি পরতন্ত্র।২ রতিশাস্ত্র। **কামদ, কামপ্রদ** *বিণ* অভীষ্টপূরক; প্রার্থিত বস্তু দান করে এমন। **কামদা** *বিণ স্ত্রী.* অভীষ্টদাত্রী; কামনাদায়িনী।❑ *বি* কামধেনু। **কামদেব** *বি* মদনদেব; প্রেমের দেবতা। **কামধেনু, কামদুধা** *বি* হিন্দু পুরাণে বর্ণিত অভীষ্ট দায়িকা গাভী— সুরভি নন্দিনী ইত্যাদি। **কামপত্নী** *বি* হিন্দুদের রতিদেবী। **কামশর** *বি* (আল.) মদনের পঞ্চবাণ; কামোদ্দীপক শর। **কামশাস্ত্র, কামসূত্র** *বি* রতিশাস্ত্র; কামকলা সম্বন্ধীয় শাস্ত্র।
কামঠ *বি* কচ্ছপের মাংস।❑ *বিণ* কচ্ছপ সম্বন্ধীয়। [স. কমট (কচ্ছপ)+ষ্ণ=কামট>]
কামড় *বি*১ দংশন; দাঁতের চাপ বা আঘাত। ২ নির্দয় দাবি বা চাপ; অন্যায় লোভ। ৩ যন্ত্রণা; বেদনা। [বা.]। **কামড় কাটা, কামড় দেওয়া, কামড় বসানো, কামড় মারা** *ক্রি* ১ দাঁতের সাহায্যে দংশন করা; দন্তাঘাত করা। ২ অধিক অর্থাদি দেওয়ার জন্য চাপ দেওয়া। **কামড়াকামড়ি** *বি* ১ পরস্পর দংশন। ২ মারামারি। **কামড়ানি, কামড়ি** *বি* ব্যথা; যন্ত্রণাবোধ; শূল। **পেট কামড়ানি** *বি* ১ পেটের যন্ত্রণা; পেটের অসুখ।২ গোপন কথা বলার জন্য অস্থিরতা। **হাত কামড়ানি** *বি* ক্ষোভ; মনস্তাপ; আফসোস।
কামদানি, কামদানী *বি*১ কাপড়ে ফুল তোলার কাজ; এমব্রয়ডারি।২ সল্‌মাচুমকির কাজ–করা কাপড়।৩ তুলার কাপড়ের উপর জরি বসানোর কাজ। **কামদার** *বিণ* কারুকার্যবিশিষ্ট। [স. কাম+ফা. দার]
কামনা *বি* বাসনা; ইচ্ছা; অভিলাষ; মনোরথ। [স.]
কামরা *বি* কক্ষ; ঘর; কুঠরি। [পো.]
কামরাঙা, কামরাঙ্গা *বি* পাঁচটি শিরাযুক্ত অম্লমধুর ফলবিশেষ। [স. কর্মরঙ্গ>কামরাঙ্গ+আ=কামরাঙ্গা, কামরাঙা]
কামলা, কামিলা *বি* জনমজুর; যারা দিন–মজুরি করে খায়। [বা. কাম+ওয়ালা (অলা)= কামলা; উচ্চারণ বিভ্রাটে 'কামিলা']
কামাই১ *বি*১ রোজগার; আয়; উপার্জন।২ উপার্জিত অর্থ বা ধন। [বা. কাম+আই=কামাই]
কামাই২ *বি* ১ অনুপস্থিতি; গরহাজিরি। ২ বিরাম।❑ *ক্রি* কামাই করা। [ফা. কম+বা. আই= কামাই>কামাই]। **কাজও নাই কামাইও নাই**— কাজ না থাকলেও বিরাম নেই এরূপ অবস্থা।
কামাক্ষী *বি স্ত্রী.* হিন্দুদের কামাখ্যা দেবী; মহাদেবী। [স.]
কামাখ্যা *বি স্ত্রী.* হিন্দু তীর্থরূপে পরিগণিত বাহান্ন পীঠের অন্যতম। [স.]
কামাগ্নি, কামানল *বি* প্রবল সম্ভোগেচ্ছা; অতিশয় কাম–লালসা। [স.]
কামাতুর *বিণ* কামার্ত; কামে জর্জরিত; কামবিহ্বল। **কামাতুরা** *স্ত্রী.*। [স.]
কামান১ *বি* তোপ; বড় আগ্নেয়াস্ত্র। [ই.]
কামান২ *বি* ধনুক। [ফা. কমান]
কামানি, কামানী *বি*১ ক্ষৌরকাজের মজুরি।২ বেতন। [বা. √কামা+আনি]
কামানো *ক্রি*১ উপার্জন করা; রোজগার করা।২ ক্ষৌরকর্ম করা।❑ *বি* ১ রোজগার; উপার্জন।২ ক্ষৌরকর্ম।❑ *বিণ* ১ উপার্জিত। ২ মণ্ডিত। [বা. √কাম+আনো]
কামান্ধ *বিণ* কামার্ত হয়ে ভালোমন্দ বিচারশূন্য; কামাসক্ত হয়ে হিতাহিত জ্ঞানশূন্য; কামাতুর। [স.]
কামার *বি* কর্মকার; যে কারিগর লোহার জিনিস তৈরি করে। [কর্মকার>কম্মআর> কামআর>কামার]। **কামারনী** *স্ত্রী.*।

কামার্ত *বিণ* কামাতুর; কামের একান্ত বশীভূত; কামপীড়িত।

কামাল *বি* নৈপুণ্য; চরমোৎকর্ষ; পূর্ণ পরাকাষ্ঠা। ❑*বিণ* কৃতী; সার্থক। [আ. কমাল]

কামাসক্ত *বিণ* ১ কামবৃত্তিতে আসক্ত; যৌনসম্ভোগপ্রিয়। ২ লম্পট; অত্যধিক যৌনসম্ভোগে লিপ্ত।

কামিজ, কামেজ *বি* এক রকম জামা; মেয়েদের সালোয়ারের উপরে পরার জন্য ঢিলা কোর্তা। [আ. কমীস]

কামিন *বি স্ত্রী.* ঝি; দাসী; নারীশ্রমিক; মজুরনি। [স. কর্মিণী>কামিনী>কামিন]

কামিনী *বি স্ত্রী.* ১ রমণী; স্ত্রীলোক। ২ পত্নী। ৩ অতিশয় কামার্ত নারী। ৪ এক প্রকার সুগন্ধ ফুল। [স.]

কামিয়াব *বিণ* কৃতকার্য; সফল। **কামিয়াবি** *বি* কৃতকার্যতা; সফলতা। [ফা.]

কামুক *বিণ* ১ যৌনসম্ভোগেচ্ছা খুব প্রবল এমন; কামাতুর। ২ অভিলাষী। **কামুকা, কামুকী** *স্ত্রী.*। [স.]

কামেল, কামিল *বিণ* সিদ্ধ; পূর্ণাঙ্গ; নিষ্কলঙ্ক। ❑*বি* সিদ্ধপুরুষ; সাধুব্যক্তি। [আ.]

কামোদ *বি* সঙ্গীতের রাগবিশেষ। **কামোদা** *বি স্ত্রী.* সঙ্গীতের রাগিণীবিশেষ।

কামোদ্দীপক *বিণ* কামলালসার উদ্রেক করে বা বৃদ্ধিসাধন করে এমন। [স. কাম+উদ্দীপক]

কাম্য *বিণ* ১ বাঞ্ছনীয়; অভিলষণীয়; অভীষ্ট। ২ ভোগ্য। ৩ ফল লাভের জন্য অনুষ্ঠেয়।

কাম্যফল *বি* কামনার ফল বা পরিণতি। [স.]

কায় *বি* দেহ; শরীর। **কায়কল্প** *বি* দীর্ঘায়ু ও দীর্ঘ যৌবন বা পূর্ণ যৌবন লাভের জন্য আয়ুর্বেদীয় চিকিৎসাবিশেষ। [স.]। **কায়ক্লেশ** *বি* শারীরিক পরিশ্রম। **কায়মনোবাক্যে** *ক্রিবিণ* দেহ মন ও কথায়; সর্বতোভাবে; সর্বান্তঃকরণে। **কায়সাধনা** *বি* দেহকে অমর করার জন্য যৌগিক সাধনা। **কায়সিদ্ধি** *বি* যৌগিক সাধনাযোগে দেহের অমরত্ব লাভ।

কায়কারবার *বি* দৈনন্দিন কাজকর্ম; ব্যবসা–বাণিজ্য। [ফা. কায়+কারবার]

কায়দা, কাএদা *বি* ১ কৌশল; পটুতা; দক্ষতা। ২ উপায়। ৩ আচার–ব্যবহারের রীতি বা পদ্ধতি। ৪ আরবি বর্ণমালা ও বানান শিক্ষার প্রাথমিক বই। [আ. কায়দা]

কায়দাদুরস্ত *বিণ* নির্ভুল চালচলনযুক্ত; মার্জিত আচার–ব্যবহার সম্পন্ন। [আ. কায়দা+ফা. দুরস্ত]। **কায়দায় পাওয়া** *ক্রি* আপনার অধিকারের মধ্যে পাওয়া; বাগে পাওয়া; কাউকে জব্দ করার সুযোগ লাভ করা; হাতের মুঠোয় পাওয়া।

কায়স্থ *বি* ১ কায়েত; হিন্দু সম্প্রদায়বিশেষ। ২ কেরানি; মুহুরি; সরকারি কর্মচারীবিশেষ।

কায়া *বি* দেহ; শরীর। [স.]

কায়িক *বিণ* ১ শারীরিক; দৈহিক। ২ শ্রমসাধ্য। [স.]

কায়েত, কায়েৎ *বি* কায়স্থ। ❑*বিণ* (আল.) চালাক; ওস্তাদ।

কায়েম, কায়েমি *বিণ* ১ সুদৃঢ়; স্থায়ী; মজবুত; পাকাপাকিভাবে প্রতিষ্ঠিত। ২ চিরস্থায়ী। [আ.]

–কার[১] *বি* ১ শিল্পী; নির্মাতা; রচয়িতা (স্বর্ণকার, কুম্ভকার)। ২ উক্তি; শব্দকরণ; উচ্চারণ (জয়জয়কার, ধিক্কার)। ৩ কর্ম; কার্য; ক্রিয়া (বহিষ্কার, বেকার)। ৪ অক্ষর বা অক্ষরের চিহ্ন (আ–কার, ই–কার)। [স. √কৃ=বা. √কার]

–কার[২] *বি* সম্বন্ধনার্থ বাংলা প্রত্যয়বিশেষ। (এখনকার, আগেকার, ভিতরকার)।

কারক *বি* (ব্যা.) ক্রিয়ার সঙ্গে যার সম্বন্ধ আছে। ❑*বিণ* করে এমন; কর্ম সম্পাদক। [স.]

কারকুন *বি* ১ জমিদারির তত্ত্বাবধায়ক; বিষয়–সম্পত্তির তদারককারী বা হিসাবরক্ষক। ২ তুর্কি–মোগল আমলের রাজস্ব বিভাগীয় কর্মচারী। [ফা.]

কারখানা *বি* ১ কর্মশালা; যে স্থানে পণ্যদ্রব্য প্রস্তুত হয়। ২ কাণ্ড; বিরাট ব্যাপার। [ফা.]

কারগো *বি* জাহাজের মাল। [ই]

কারচুপি, কারচোপ *বি* ১ চালাকি; কৌশল। ২ কাপড় বা অন্য কিছুর উপর নকশার কাজ। [ফা. কারচোব]

কারণ *বি* ১ হেতু; নিমিত্ত। ২ উদ্দেশ্য; প্রয়োজন। ৩ যা থেকে বা যার সহযোগে কাজ সম্পন্ন হয়। ৪ যা থেকে কোনো বিষয় সংঘটিত হয়। ৫ মূল; বীজ। ৬ তান্ত্রিক পদ্ধতিতে ব্যবহৃত মদ। ❑*অব্য* কেননা; যেহেতু। **কারণজল, কারণবারি** *বি* ১ শাস্ত্রোক্ত আদিম পানি যা থেকে জীবের উৎপত্তি হয়েছে বলে মনে করা হয়। ২ (ব্য.) মদ। **কারণমালা** *বি* কাব্যালঙ্কারবিশেষ। **কারণশরীর** *বি* বেদান্তোক্ত সূক্ষ্ম দেহবিশেষ। **কারণিক** *বিণ* কারণ সম্বন্ধীয়। ❑*বিণ, বি* পরীক্ষক; বিচারক; কারণ অনুসন্ধান করে যে। **কারণীভূত** *বিণ* ১ কারণস্বরূপ। ২ কারণরূপে কল্পিত বা উপস্থাপিত]। [স.]

কারতুজ, কারতুশ *বি* বন্দুকের টোটা। [পো.]

কারদানি, কেরদানি *বি* কায়দা; কৌশল।

কারফা *বি* সঙ্গীতের তালবিশেষ। [হি. কাহারবা> বা. কারফা]

কারফিউ *বি* সান্ধ্য আইন; নির্ধারিত সময়ে বাইরে বের না হওয়ার নির্দেশ। [ই. curfew]

কারবা *বি* নৃত্যবিশেষ। [হি. কাহ্‌রবা]

কারবার *বি* ১ ব্যবসা। ২ পেশা; বৃত্তি। ৩ ব্যবহার; আদান–প্রদানজনিত সম্পর্ক। ৪ কাজকর্ম। [ফা.]। **কারবারি** *বিণ* ব্যবসায়ী।

কারবালা *বি* ১ ইরাক দেশস্থ কুফার এক প্রসিদ্ধ ময়দান—হযরত ইমাম হোসেন দামেস্কাধিপতি এজিদের ষড়যন্ত্রমূলক যুদ্ধে এখানে শহীদ হন। ২ (আল.) যে স্থানে পানি দুর্লভ।

কারসাজি *বি* ১ চালাকি; কূটকৌশল। ২ ছলচাতুরী। [ফা.]

কারা *বি* কয়েদ; আটক। [স.]। **কারাগার, কারাগৃহ** *বি* জেলখানা; কয়েদখানা; বন্দীশালা। **কারাধ্যক্ষ, কারাপাল** *বি* জেলখানার মুখ্য অধিকর্তা। **কারাবাস** *বি* বন্দীভাবে কারাগারে অবস্থিতি; বন্দীদশা।

কারাতে *বি* জাপানি ক্রীড়াবিশেষ; আক্রমণ প্রতিহত করার জন্য ঘুষি ও পদাঘাত–প্রধান এক ধরনের অঙ্গ–কৌশল।

কারাভান, কারোয়াঁ *বি* ১ অভিযাত্রীদল। ২ মরুযাত্রীদল। [ফা.]

কারি[১], **কারী**[১] *বি* কালিয়া; মাছ, মাংসে ইত্যাদির ঝোল। তামিল ভাষায় 'কারি' শব্দের অর্থ 'আমিষ ব্যঞ্জন', বাংলায় 'তরকারি' শব্দের শেষাংশ 'কারি' তুলনীয়। পরে ইংরেজরা এই শব্দকে 'curry' রূপে গ্রহণ করে।

কারি[১]**, কারী**[১] *বি* কুরআন পাঠক; যিনি বিশুদ্ধভাবে কুরআন পাঠ করেন। [আ.]

কারিকর, কারিগর *বি* শিল্পী; কারুমিস্ত্রি। [ফা. কারগর]। **কারিকরি, কারিগরি**— *বি*১ সূক্ষ্ম শিল্পকার্য; শিল্পনৈপুণ্য। ২ কারিগরের কাজ বা পেশা। ৩ কৌশল; চালাকি; ফন্দি। ৪ গতি; উপায়। ❑*বিণ* ১ শিল্প বা শিল্পনৈপুণ্য সম্বন্ধীয়; কারিগর সংক্রান্ত। ২ শিল্পনৈপুণ্যবিশিষ্ট।

কারিকা *বি* ১ শ্লোকপূর্ণ ব্যাখ্যা পুস্তক; অল্পাক্ষর ব্যাখ্যা দ্বারা বহু অর্থজ্ঞাপক কবিতা। ২ শিল্পকার্য। ❑*বি স্ত্রী.* কর্মকর্ত্রী; কারয়িত্রী। [স.]

কারু *বি* শিল্প; শিল্পকার। ❑*বিণ* নির্মাতা; কর্তা। **কারুকর্ম, কারুকলা, কারুকার্য, কারুশিল্প** *বি* ১ শিল্পকর্ম; কাঠ ধাতু ইত্যাদির কারিগরি শিল্প। ২ নকশা। ৩ শিল্পবিদ্যা। **কারুছত্র** *বি* কারুকর্ম বিদ্যার সত্র বা বিতরণের স্থান। **কারুপণ্য** *বিণ* ক্ষুদ্র ও কুটির শিল্পজাত পণ্য। **কারুশিল্পী, কারুকর্মী** *বি* কারিকর; শিল্পী। **কারু-সমবায়** *বি* ১ ক্ষুদ্র শিল্পোৎপাদন ও তা বিক্রির উদ্দেশ্যে গঠিত সম্মিলিত প্রতিষ্ঠান। ২ যেখানে শিল্পীরা একত্রে মিলিত হয়ে শিল্প সম্বন্ধীয় বিষয় আলোচনা করেন। [স.]

কারুণিক *বিণ* দয়ালু; করুণাময়। [স.]

কারুণ্য *বি* করুণা বা করুণার ভাব; দয়াশীলতা। [স.]

কারেন্সি নোট *বি* নগদ মুদ্রার পরিবর্তে দেয় সরকারি ছাপমারা কাগজ বা নোট। [ই.]

কার্ক *বি* শিশিবোতলের ছিপি। [ই. কর্ক>]

কার্ড *বি* ১ মোটা কাগজের টুকরা; পুরু কাগজখণ্ড। ২ পোস্টকার্ড; চিঠি লেখার পুরু কাগজখণ্ড। [ই.]

কার্তিক, কার্ত্তিক *বি* ১ বাংলা বছরের সপ্তম মাস। ২ দেব-সেনাপতি। [স. কৃত্তিকা+অ] ❑*বিণ* সুন্দর চেহারাবিশিষ্ট; রূপবান। **কার্তিকে** *বিণ* কার্তিক মাসে হয় এমন। [স. কার্তিক+বা. ইয়া=কার্তিকিয়া>কার্তিকে]। **লোহার কার্তিক** *বি* (ব্য. ও আল.) মাকাল ফল, বহিঃসৌন্দর্যযুক্ত অপদার্থ ব্যক্তি।

কার্তুজ, কার্টিজ *বি* বন্দুকের টোটা। [ই.]

কার্নিভ্যাল *বি* আনন্দমেলা; আনন্দোৎসব। [ই.]

কার্নিস, কার্নিশ *বি* দেয়াল বা ছাদের বাইরের দিকে বেড়েথাকা প্রান্তভাগ। [ই.]

কার্পাস, কাপাস *বি* তুলাবিশেষ। ❑*বিণ* কার্পাসে প্রস্তুত দ্রব্য। [স. কার্পাস>প্রা. কপ্পাস>বা. কাপাস]

কার্পেট, কারপেট *বি* গালিচা। [ই.]

কার্বন *বি*১ অঙ্গার। ২ অঙ্গার হীরক ও কৃষ্ণ সীসকাদিরূপে পরিণত অমিশ্র পদার্থ। [ই.]। **কার্বনিক** *বিণ*। **কার্বন-পেপার** *বি* এক পিঠে কালি মাখানো কাগজবিশেষ যার উপরে ও নিচে কাগজ রেখে লিখলে বা টাইপ করলে তলার কাগজে লেখা ওঠে। **কার্বনিক এসিড** *বি* অঙ্গারাম্ল।

কার্বলিক *বিণ* অঙ্গার বা আলকাতরাজাত; অম্ল সম্বন্ধীয়। [ই.]। **কার্বলিক সোপ** *বি* কার্বলিক অম্লমিশ্রিত সাবান।

কার্য *বি* ১ কাজকর্ম। ২ প্রয়োজন; নিমিত্ত। ৩ উপকার; ফল। ৪ শাস্ত্রবিহিত কর্ম; শ্রাদ্ধ ইত্যাদি ক্রিয়া। ❑*বিণ* কর্তব্য; করণীয় কৃত্য (অবশ্য কার্য)। [স.]। **কার্যকর, কার্যকরী** *বিণ* ফলদায়ক; উপযোগী; ক্রিয়া সাধক। **কার্যকরী, কার্যকারিণী** *স্ত্রী.*। **কার্যকর, কার্যকরী** *বিণ* ১ কাজে পরিণত। ২ কার্য পরিচালনা করে এমন। **কার্যকরতা, কার্যকারিতা** *বি*। **কার্যকলাপ** *বি* কাজকর্ম; কর্মপ্রবাহ; কর্মসমূহ। **কার্যকারণ সম্বন্ধ** *বি* কাজের সঙ্গে কারণের ও কারণের সঙ্গে কাজের সম্বন্ধ। **কার্যকাল** *বি* ১ কর্মকাল; চাকরি ইত্যাদির ব্যাপ্তিকাল। ২ প্রয়োজনের সময়। **কার্যকুশল** *বিণ* কর্মনিপুণ। **কার্যক্রম** *বি* কার্যতালিকা। **কার্যক্ষম** *বিণ* কাজ করতে সক্ষম; কর্মক্ষম। **কার্যগতিকে** *ক্রিবিণ* কাজের প্রয়োজনে; কাজের তাগিদে। **কার্যত** *ক্রিবিণ* ১ প্রকৃত প্রস্তাবে; ফলত। ২ কার্যকালে; প্রয়োজনের সময়। **কার্যতৎপর** *বিণ* ১ কাজে উদ্যমী বা সচেষ্ট। ২ কর্মপটু; কার্যদক্ষ। **কার্যনির্বাহ** *বি* কার্যসমাধা; কার্যসাধন। **কার্যনির্বাহক** *বিণ*১ কার্যসমাধা; কার্যসাধন। ২ কার্য সমাধানকারী; কর্মসম্পাদক। **কার্যনিষ্পত্তি** *বি* কাজের মীমাংসা বা সমাধান। **কার্যপদ্ধতি** *বি* কর্মপ্রণালী; কাজের রীতি। **কার্যবশত** *অব্য, ক্রিবিণ* কাজের প্রয়োজনে। **কার্যসাধন** *বি* কর্মনির্বাহ; কাজের শেষ। **কার্যসিদ্ধি, কার্যোদ্ধার** *বি*১ অভীষ্টলাভ; বাঞ্ছিত কাজের ফল লাভ। ২ সাফল্য; কৃতকার্যতা। **কার্যাধ্যক্ষ** *বি* কর্মনিয়ন্তা; কর্মাধ্যক্ষ; কাজের তত্ত্বাবধায়ক। **কার্যানুরোধে** *ক্রিবিণ* কার্যবশে; কাজের প্রয়োজনে। **কার্যান্তর** *বি* অন্য কাজ; ভিন্ন কর্ম।

কাল[১] *বি*১ সময়; ঋতু। ২ যুগ। ৩ মানব জীবনের বিভিন্ন স্তর বা সময় বিভাগ। ৪ আয়ুষ্কাল; জীবন। ৫ অবসর (কালাভাব)। ৬ সর্বনাশের হেতু; ধ্বংসের কারণ। ৭ মৃত্যু (তার কাল হয়েছে)। ৮ (ব্যা.) ক্রিয়ার কার্যের সময়; অতীত বর্তমান ভবিষ্যৎ ইত্যাদি। ❑*বিণ* মারাত্মক; ভীষণ; জীবন-বিনাশক; প্রাণহন্তা। [স.]। **কাল কাটানো** *ক্রি* ১ সময় অতিবাহিত করা; কালক্ষেপণ করা। ২ জীবনযাপন করা। **কালক্রমে** *ক্রিবিণ*১ কালে কালে; কালের গতিতে। ২ কিছুকাল পরে; পরবর্তী এই সময়ে। ৩ কালবশে। **কালক্ষয়** *বি* ১ বিলম্ব; দেরি। ২ কালাতিপাত; কাল কাটানো। **কালক্ষেপ, কালক্ষেপণ, কালযাপন** *বি* সময় কাটানো; কালাতিপাত। **কালগ্রাস** *বি* মৃত্যু; মৃত্যুর কবল। **কালঘাম** *বি* মৃত্যুকালীন ঘাম। **কালঘুম** *বি* মৃত্যু; চিরনিদ্রা। **কালচক্র** *বি* চাকার মতো অবিরাম ঘুরছে যে কাল; সময়ের অনন্ত আবর্তন। **কালচিহ্ন** *বি* মরণের চিহ্ন; মৃত্যুর লক্ষণ। **কালজ্ঞ** *বিণ* কালবিদ; সময়ের মূল্য বুঝে যে কাজ করে; কখন কি কর্তব্য তা বুঝে যে কাজ করে। ❑*বি* দৈবজ্ঞ। **কালজ্ঞান** *বি* ১ যথাযোগ্য সময়ের বোধ। ২ জ্যোতিষশাস্ত্র। **কালতুল্য** *বিণ* মারাত্মক; মৃত্যুবৎ। **কালপ্রাপ্তি** *বি* মৃত্যু। **কালহরণ** *বি*১ সময় নষ্ট; অযথা কালক্ষয়। ২ কালাতিপাত; দিন গুজরানো। **কালে** *ক্রিবিণ*১ ভবিষ্যতে; উত্তরকালে। ২ যুগে (কলিকালে)। **কালে কালে** *ক্রিবিণ*১ কালক্রমে; সময়ের পরিবর্তনের ফলে। ২ যুগে যুগে; মাঝে মাঝে। **কালেভদ্রে** *ক্রিবিণ* কদাচিৎ; অনেক দিন অন্তর; কখন-সখন।

কাল[২]**, কালকে, কালি** (পদ্য) *বি, ক্রিবিণ* আগামী দিন; পরদিন। ❑*ক্রিবিণ* আগের দিন; পূর্বদিন। [স. কল্য>কল্ল>কাল]। **কালকের** *বিণ* ১ আগামী দিনের; পর দিনের। ২ পূর্ব দিনের; আগের দিনের। **আজকাল করা** *ক্রি*১ গড়িমসি করা। ২ বৃথা সময় কাটানো। ৩ ইচ্ছাপূর্বক

বিলম্ব করা।

কাল[৩]**, কালো** *বি* ১ কৃষ্ণবর্ণ। ২ শ্যামবর্ণ। ❑ *বিণ* কৃষ্ণ বা শ্যামবর্ণবিশিষ্ট। **কালো আঁচড়** *বি* লেখাপড়ার চিহ্ন। **কালচিটা, কালচিটে** *বি* কালো চটচটে দাগ। **কালচে** *বিণ* ঈষৎ কালো; কৃষ্ণাভ। **কালোবাজার, কালবাজার** *বি* সরকার নিয়ন্ত্রিত দ্রব্যাদি ও মুদ্রার অবৈধ ক্রয়-বিক্রয় অথবা তার স্থান। **কালশিটা, কালশিটে** *বি* আঘাতের ফলে রক্ত জমে দেহে যে কালো দাগ উৎপন্ন হয়।

কালকূট *বি* তীব্র বিষ; গরল। [স.]

কালক্রমে *ক্রিবিণ* কিছুকাল পরে; সময়ের ব্যবধানে; সময়-স্রোতে।

কালঘুম *বি* মৃত্যু; মৃত্যুবৎ নিদ্রা; চিরনিদ্রা; অতি দীর্ঘ নিদ্রা।

কালচার *বি* ১ সংস্কৃতি; কৃষ্টি; তাহ্‌জীব। ২ মার্জিত রুচি। ৩ অনুশীলন। ৪ কর্ষণ। [ই.]

কালনেমি *বি* রাবণের মাতুল। **কালনেমির লঙ্কাভাগ**— রাবণের মাতুল কালনেমি হনুমানকে মারার পূর্বে যেভাবে লঙ্কা ভাগ করার কল্পনা করেছিল, সেরূপ কোনো দুর্লভ বস্তু লাভের আগে তা উপভোগ করার অলীক কল্পনা।

কালপুরুষ *বি* নক্ষত্রপুঞ্জবিশেষ; আদমসুরত। [স.]।

কালপৃষ্ঠ *বি* কর্ণের ধনু। [স.]

কালপেঁচা *বি* ধূসরবর্ণ মস্তকবিশিষ্ট কটা রঙের পেঁচা— যার আওয়াজ অশুভসূচক বলে সাধারণ লোকের ধারণা। [বা. কাল(=যম) স. পেঁচা<পেচক]

কালবাউশ, কালিবাউশ *বি* রুইমাছের মতো এক জাতীয় মাছ যার রং কালো হয়। [বা.]

কালবেলা *বি* (জ্যো-শা) অশুভ সময়। [স. কাল+বেলা]

কালবৈশাখী, কালবোশেখি *বি* চৈত্র-বৈশাখ মাসের বিকেলের ঝড়।

কালরাত্রি *বি* ১ মৃত্যু বা বিপদের ভয় আছে এমন রাত্রি; ভয়ঙ্কর রাত্রি। ২ (জ্যো-শা) রাত্রির অশুভ সময়। [স.]

কালসাপ, কালনাগ, কালফণী *বি* কামড়ে মৃত্যু ঘটায় এমন বিষাক্ত সাপ।

কালা[১] *বিণ* বধির; কানে শোনে না বা কম শোনে এমন। [স. কল্ল>কাল+আ]

কালা[২] *বিণ* ১ কালো; কৃষ্ণবর্ণ। ২ কলঙ্কিত (কালামুখ)। ❑ *বি* কৃষ্ণ। **কালা আদমি, কালা আদমী** *বি* যাদের গায়ের রং ময়লা; প্রাচ্য দেশের লোক। **কালা কানুন** *বি* অন্যায় আইন; জনস্বার্থ বিরোধী আইন। **কালাচাঁদ** *বি* কৃষ্ণ। [স. কাল+বা. আ=কালা]

কালাইগর, কালাইকর *বি* যে ব্যক্তি ধাতব হাঁড়ি-পাতিল কালাই (মেরামত) করে। [আ. কল. ঈ+ফা. গর]

কালাকাল *বি* সময় অসময়; শুভ ও অশুভ সময়। [স. কাল+অকাল]

কালাগ্নি, কালানল *বি* সৃষ্টি ধ্বংসকারী আগুন। [স.]

কালাচাঁদ⟹কালা[২]। **চিকন-কালা** *বি* আদরার্থে শ্রীকৃষ্ণের নামান্তর; সুন্দর কৃষ্ণ।

কালাজাম *বি* ১ কালো রঙের জাম। ২ কালাজামের মতো মিষ্টিবিশেষ।

কালাজ্বর *বি* প্লীহা রক্তাল্পতা ইত্যাদি লক্ষণযুক্ত এক প্রকার জ্বর। [স. কাল+ফা. আজার=কালাজার; পরে জ্বরের সঙ্গে এক মনে করে 'জ্বর'=কালাজ্বর]

কালান্তক *বি* যম। ❑ *বিণ* প্রলয়ঙ্কর; কালের বা যুগের অন্ত ঘটায় এমন; ধ্বংসকারী। [স. কাল+অন্তক]

কালান্তর *বি* ১ অন্য কাল; সময়ান্তর। ২ সময়ের বা যুগের পরিবর্তন; যুগশেষ; ভিন্নযুগ। [স. অন্যকাল=কালান্তর, নিত্য সমাস]

কালাপানি *বি* ১ দ্বীপান্তর দণ্ড; ব্রিটিশ আমলে ভারতবর্ষ থেকে আন্দামানে নির্বাসন দণ্ড। ২ সমুদ্র। ৩ সমুদ্রের পানি; মহাসাগরের কালো পানি। [বা. কাল+আ=কালা+ পানি<স. পানীয়]

কালাপাহাড় *বি* ১ বিরাটকায় ও ভয়ঙ্কর প্রকৃতির লোক। ২ (আল.) চলিত সংস্কার বা রীতিনীতির ধ্বংসকারী বিদ্রোহী। ৩ সোলায়মান কররানির রাজু নামের সেনাপতি যিনি প্রথমে ব্রাহ্মণ ছিলেন এবং পরে ইসলাম গ্রহণ করে হিন্দুদের বহু দেবমন্দির ও দেবমূর্তি ধ্বংস করেন। **কালাপাহাড়ি** *বিণ* কালা পাহাড়ের মতো; কালপাহাড় সংক্রান্ত। ❑ *বি* ধ্বংসলীলা।

কালাবাজার, কালোবাজার⟹কাল[৩]।

কালাম *বি* বাণী; উক্তি; বাক্য; হুকুম। **কালামুল্লাহ** *বি* আল্লাহর বাণী কুরআন। [আ. কালাম+আ. আল্লাহ্=কালামুল্লাহ্]

কালাশৌচ *বি* হিন্দুদের পিতামাতা ইত্যাদি গুরুজনের মৃত্যুর পর বর্ষব্যাপী পালনীয় অশৌচ। [স. কাল+অশৌচ]

কালি[১] *বি* ১ তরল বা সজল রং; মসী। ২ কলঙ্ক। ৩ মালিন্য। **কালিঝুলি** *বি* মসী ও ঝুল। **চুনকালি** *বি* কলঙ্ক। **মুখে চুনকালি পড়া**— কলঙ্কে ভরে যাওয়া। **হাড়কালি হওয়া**— অত্যন্ত কষ্ট ভোগ করে বাঁচা।

কালি[২] *বি* ক্ষেত্রের বা ঘন পদার্থের মাপ; বর্গফল; ঘন ফল। **কালি করা/ কষা** *ক্রি* ক্ষেত্রফল বের করা।

কালিক *বিণ* কাল বা সময় সংক্রান্ত; সাময়িক। [স.]

কালিকা *বি স্ত্রী.* কালী ও চণ্ডী। **কালিকা পুরাণ** *বি* কালিকা দেবীর মাহাত্ম্য বর্ণিত গ্রন্থবিশেষ। **কালিকাশ্রম** *বি* বিপাশা নদীর কূলে অবস্থিত কালিকা দেবীর মন্দির ও তীর্থ। [স.]

কালিজিরা *বি* কৃষ্ণবর্ণের 'জিরা' নামক মসলা। [বা. কালি+জিরা<স. জীরক]

কালিদহ *বি* কালীয়নাগের যমুনা নদী সংলগ্ন অবস্থান হ্রদ, কৃষ্ণ এ নাগকে দমন বা হত্যা করেন।

কালিদাস *বি* সমুদ্র গুপ্ত-কুমার গুপ্তের আমলের ভারতবর্ষের শ্রেষ্ঠ কবি।

কালিন্দী *বি* ১ যমুনা নদী। ২ রাগিণীবিশেষ।

কালিমা *বি* ১ মলিনতা; কালির দাগ। ২ কলঙ্ক। [স.]

কালিয়া[১] *বি* মাছ মাংস ইত্যাদির ব্যঞ্জনবিশেষ। [আ.]

কালিয়া[২] *বি* শ্রীকৃষ্ণ; কালা। [আঞ্চলিক]

কালী *বি* ১ হিন্দুদের দেবতা শিবের পত্নী। ২ কৃষ্ণবর্ণা নারী।

কালীয় *বি* হিন্দু পুরাণ মতে ভয়ঙ্কর সাপ, কৃষ্ণ যাকে দমন করেছিলেন; ভাগবতে বর্ণিত যমুনা গর্ভস্থ নাগবিশেষ। **কালীয় দমন** *বি* ১ কালীয় নামক ভয়ঙ্কর নাগের দমন বা শাসন। ২ কৃষ্ণ; কালীয় নাগের দমনকারী।

কালেক্টর, কালেক্টার *বি* ১ জেলার রাজস্ব আদায়ের প্রধান কর্মচারী। ২ সংগ্রহকারী। [ই.]। **কালেক্টরি, কালেক্টারি** *বি,বিণ* কালেক্টরের দফতর বা দফতর সংক্রান্ত। ❑ *বি* কালেক্টরের বৃত্তি।

কালো *বি,বিণ* কৃষ্ণবর্ণ বা কৃষ্ণবর্ণ বিশিষ্ট। ⟹ **কাল**৩।

কালোয়াত *বি* ধ্রুপদ খেয়াল ইত্যাদি সঙ্গীতে পারদর্শী শিল্পী; উচ্চাঙ্গ সঙ্গীত ও বাদ্যাদিতে ওস্তাদ। [স. কলাবৎ>কলাওয়াত>কালোয়াত]। **কালোয়াতি, কালোয়াতী** *বি* ১ উচ্চাঙ্গ সঙ্গীতে নৈপুণ্য; রাগসঙ্গীতে পারদর্শিতা। ২ কালোয়াতের পেশা। ৩ (ব্য.) ওস্তাদি; পোজপাচ। ❑*বিণ* উচ্চাঙ্গ সঙ্গীত সম্বন্ধীয়; কালোয়াত সংক্রান্ত।

কাল্পনিক *বিণ* ১ কল্পনাপ্রসূত; মনগড়া। ২ মিথ্যা; অলীক। ৩ অবাস্তব। [স.]

কাশ১ *বি* এক প্রকার লম্বা ঘাস বা তার ফুল। [স.]

কাশ২**, কাশি** *বি* ১ এক প্রকার রোগ; কাশরোগ। ২ কাশির শব্দ। ৩ গয়ার; কণ্ঠনিঃসৃত সর্দির শ্লেষ্মা।

কাশা *ক্রি* কণ্ঠ থেকে শ্লেষ্মা তুলবার জন্য খক খক শব্দ করে বেগ দেওয়া; কাশ বের করার জন্য গলশব্দ করা। ❑*বি* উক্ত অর্থে। [বা. √কাশ+আ=কাশা]

কাশী *বি* বেনারস; বারাণসী; হিন্দুদের তীর্থস্থান। [স.]। **কাশীনাথ, কাশীশ, কাশীশ্বর** *বি* শিব; কাশীর অধিদেবতা। **কাশীপ্রাপ্তি, কাশীলাভ** *বি* ১ কাশীতে মৃত্যুবরণ। ২ (আল.) হিন্দুমতে স্বর্গলাভ।

কাশ্মীর *বি* ১ ভারতীয় উপমহাদেশের উত্তর-পশ্চিম অঞ্চলে প্রাকৃতিক সৌন্দর্যের জন্য ভূস্বর্গ বলে খ্যাত একটি শীতপ্রধান অঞ্চল—যার এক অংশ পাকিস্তানের এবং অন্য অংশ ভারতের অন্তর্ভুক্ত। ২ জাফরান; কুঙ্কুম। **কাশ্মীরি, কাশ্মীরী** *বিণ* কাশ্মীর দেশীয়; কাশ্মীরে জাত বা উৎপন্ন।

কাশ্যপ *বিণ* কশ্যপ মুনি সম্বন্ধীয়। ❑*বি* ১ কশ্যপ মুনির সন্তান বা বংশধর। ২ গোত্রবিশেষ। ৩ হিন্দুদের একজন প্রাচীন ঋষির নাম; কণাদ মুনি। [স.]। **কাশ্যপেয়** *বি* ১ কশ্যপ মুনির পুত্র। ২ হিন্দু পুরাণে উল্লিখিত পক্ষিরাজ গরুড়। ৩ সূর্য। **কশ্যপ গোত্র** *বি* কশ্যপ মুনির বংশ।

কাষায় *বিণ* কষায় বর্ণের দ্বারা রঞ্জিত; গৈরিক; খয়ের বর্ণবিশিষ্ট। [স.]

কাষ্ঠ *বি* কাঠ; দারু। ❑*বিণ* নীরস। **কাষ্ঠকুট্ট** *বি* কাঠঠোকরা পাখি। **কাষ্ঠপদ** *বি* কাঠের তৈরি কৃত্রিম পা। **কাষ্ঠপাদুকা** *বি* খড়ম। **কাষ্ঠপুত্তল, কাষ্ঠপুত্তলিকা** *বি* কাঠের তৈরি পুতুল। **কাষ্ঠফলক** *বি* ১ তক্তা; কাঠের ফলক। ২ কাঠের তৈরি বোর্ড। **কাষ্ঠহাসি** *বি* কৃত্রিম হাসি; আন্তরিকতাশূন্য লোক দেখানো হাসি।

কাসুন্দি, কাসন *বি* ১ রৌদ্রতপ্ত জলে গোলানো সরিষা-বাটা, যা খাবারে রুচি বাড়ায়। ২ কাসুন্দি মিশ্রিত আমের আচার। [স. কাসমর্দ>প্রা. কাসুংদ> বা. কাসুন্দি]

কাসেদ, কাসিদ *বি* পত্রবাহক; দূত; বার্তাবহ। [আ.]

কাস্তে *বি* ঘাস শস্যাদি কাটার বাঁকা দাঁতালো অস্ত্রবিশেষ; কাঁচি।

কাহন *বি,বিণ* ১৬ পণ; ১২৮০টি। [স. কার্ষাপণ>কহাবন>]

কাহাত *বি* আকাল; দুর্ভিক্ষ। [আ.]

কাহার *বি* শিবিকা বাহক; বেহারা; হিন্দু সম্প্রদায়বিশেষ। [স. কাহারক (শব্দকল্পদ্রুমে)>কাহারঅ>কাহার]

কাহারবা *বি* সঙ্গীতের তালবিশেষ; কাহার সম্প্রদায়ের নৃত্যগীত থেকে উৎপন্ন এক প্রকার তাল। [হি.]

কাহাল *বি* এক প্রকার বাদ্য। [স. কলাহক>কহলক (বর্ণবিপর্যয়ে)> কহলঅ>কহাল]

কাহিনী *বি* ১ গল্প; উপন্যাস। ২ বৃত্তান্ত। [স. কথানিকা> কহানিআ>কহানি>কাহিনী (স্বরবিপর্যয়ে)]

কাহিল *বিণ* ১ দুর্বল; অবসন্ন; নিস্তেজ; ক্লান্ত। ২ ক্ষীণ; কৃশ। ৩ রোগা। ❑*বি* ক্লান্তি। [আ. কাহিল তুল.; স. কাহল (শুষ্ক, কৃশ)> হি. কাহিল]

কাহ্ন, কাহ্নাঞি, কাহ্নে (ম-বা) *বি* ১ মহাভারতে উল্লিখিত কৃষ্ণ; কানাই। ২ চর্যাপদের কবি।

কি, কী (*সর্ব,বিণ ও ক্রিবিণ* রূপে স্বতন্ত্র পদ হিসেবে ব্যবহৃত হলে ঈ-কার, যেমন—'কী রূপ' কিন্তু 'কিরূপে') *সর্ব* কোন বস্তু; কোন বিষয় (তুমি কী খাবে?)। ❑*অব্য* ১ সংশয়সূচক প্রশ্নবোধক শব্দ (তুমি কি খাবে?)। ২ অথবা; কিংবা। ❑*বিণ,ক্রিবিণ* ১ কোন রকমের (কী জিনিস?)। ২ কেমন (কী করে এ কথা বললে?। ৩ কতো (কী আনন্দ!)। [স. কিম্>]

কিউ *বি* সিনেমার টিকিট কেনা, বাসে ওঠা প্রভৃতি কাজের জন্য প্রতীক্ষারত মানুষের সারি; ট্রাফিক জামে দাঁড়ানো যানবাহনের সারি। [ই.]

কিংকর্তব্য *বি* কী করা উচিত বা দরকার তা। [স.]। **কিংকর্তব্যবিমূঢ়** *বিণ* ১ ভয় লজ্জা বিস্ময় বা আকস্মিকতার জন্য কী করা উচিত তা স্থির করতে অসমর্থ; কর্তব্য নিরূপণে অক্ষম। ২ হতবুদ্ধি; হতভম্ব। **কিংকর্তব্যবিমূঢ়তা** *বি*।

কিংখাপ, কিংখাব *বি* জরির নকশা করা মূল্যবান রেশমি কাপড়বিশেষ। [ফা.]

কিংবদন্তি, কিংবদন্তী *বি* ১ জনশ্রুতি; লোক পরম্পরায় শ্রুত ও কথিত কথা। ২ গুজব; জনরব। [স.]

কিংবা *অব্য* অথবা; পক্ষান্তরে; বিকল্পে। [স.]

কিংশুক *বি* ১ পলাশ ফুল বা এর গাছ। ২ নির্গন্ধ পলাশের মতো নির্গুণ ব্যক্তি। [স.]

কিঙ্কর *বি* ১ চাকর; ভৃত্য; সেবক; পরিচারক। ২ অনুচর। [স.]। **কিঙ্করী** *স্ত্রী*।

কিঙ্কিণী *বি* ১ ঘুঙুর; ঘণ্টিকা; ছোট ঘণ্টা। ২ ক্ষুদ্র ঘণ্টিকাবিশিষ্ট কটিভূষণবিশেষ। [স.]

কিচকিচ, কিচিরমিচির *বি* ১ পাখি, বানর, ইঁদুর ইত্যাদির কলরব; ক্ষুদ্র পশুপাখির সম্মিলিত কোলাহল ধ্বনি। ২ কোলাহল; গোলমাল। ৩ ঝগড়া; বচসা; গালাগালি।

কিছু *বিণ* অল্প পরিমাণ; সামান্য কয়েক (কিছু দুধ, কিছু টাকা)। ❑*সর্ব* কোনো বস্তু বা বিষয় (আমি কিছুর মধ্যে নেই)। ❑*ক্রিবিণ* নিশ্চয়তা বিধান অর্থে; অবশ্য। [স. কিঞ্চিৎ>]। **একটা কিছু** *সর্ব* যে-কোনো বস্তু বিষয় বা কাজ। **কিছু কিছু** *বিণ* অল্প স্বল্প; কিঞ্চিৎ কিঞ্চিৎ। ❑*সর্ব, বি* কিয়দংশ। ❑*ক্রিবিণ* সামান্য পরিমাণে। **কিছুতে** *ক্রিবিণ* কোনো উপায়ে; কোনোমতে। ❑*সর্ব* কোনো বিষয়ে বা বস্তুতে।

কিঞ্চিৎ *অব্য* কিছু; সামান্য; অল্প; একটু। **কিঞ্চিদধিক** *অব্য* সামান্য বেশি; কিছু বেশি। [স. কিঞ্চিৎ+অধিক]। **কিঞ্চিদুষ্ণ** *বিণ* সামান্য গরম। [স. কিঞ্চিৎ+উষ্ণ]। **কিঞ্চিদূন** *বিণ* ঈষৎ কম; কিছু ন্যূন। **কিঞ্চিন্মাত্র** *বিণ,বি* অল্প পরিমাণ; কিছুমাত্র; একটুও। ❑*ক্রিবিণ* সামান্য পরিমাণেও; একটুও। [স. কিঞ্চিৎ+মাত্র]

কিটকিটা, কিটকিটে *বিণ* মলিন; অতিশয় ময়লা। [স. কিট্ট দ্বিরুক্তিতে কিট্টকিট্ট>+বা. ইয়া=কিটকিটিয়া> কিটকিটে]

কিঠিমিঠি *বি* মন কষাকষি; ঠোকাঠুকি।

কিড়মিড়, কিড়িমিড়ি *অব্য* দাঁতে দাঁতে ঘষার শব্দ।

কিড়া, কিড়ে *বি* পোকা; কীট। [স. কীট> কীড় (ট=ড়)+আ=কিড়া]

কিতাব, কেতাব *বি* ১ বই; পুস্তক; গ্রন্থ। ২ কুরআন। ৩ পুঁথি। [আ.]

কিত্তা, কিতা *বি* খণ্ড; অংশ। [আ. কিত']

কিনা *অব্য* ১ সন্দেহ বা বিতর্কসূচক শব্দ (টাকা দেবে কিনা জানি না)। ২ এই কারণে; যেহেতু (জ্বর হয়েছে কিনা তাই আসেনি)। ৩ অর্থাৎ। ৪ প্রশ্নবোধক শব্দ। [স. কিংনু>]

কিনারা, কিনার *বি* ১ কূল; পাড়; তীর। ২ প্রান্ত; পার্শ্ব; সীমা। ৩ উপায়; প্রতিকার। ৪ উদ্ধার; সন্ধান; খোঁজ। ৫ মীমাংসা; নিষ্পত্তি। ৬ তদন্ত দ্বারা সত্য প্রকাশ। [ফা.]। **কিনারা করা** *ক্রি*।

কিন্ডারগার্টেন *বি* শিশুবিদ্যালয়; যে বিদ্যালয়ে ক্রীড়াচ্ছলে বা জিনিসপত্রের সাহায্যে শিশুদের শিক্ষা দেওয়া হয়। [ই.]

কিন্তু *অব্য* ১ অথচ; তবু; পরন্তু। ২ তবে; পক্ষান্তরে। □ *বিণ* সঙ্কুচিত; জড়সড়; দ্বিধাগ্রস্ত। □ *বি* দ্বিধা; সঙ্কোচ। [স.]। **কিন্তু কিন্তু** *বি* আমতা আমতা ভাব; দ্বিধার ভাব প্রকাশ।

কিন্নর *বি* ১ হিমালয়ের পাদদেশস্থ গোত্রবিশেষ। ২ কিম্পুরুষ; দেবলোকের সুকণ্ঠ গায়ক; ঘোড়ার মতো মুখ ও মানুষের মতো দেহ অথবা মানুষের মতো মুখ ও ঘোড়ার মতো দেহবিশিষ্ট স্বর্গীয় গায়ক। [স.]। **কিন্নরী** *বি স্ত্রী.* দেবলোকের গায়িকা; কিন্নরজাতীয় স্ত্রী। □ *বি* বীণা বা তানপুরাবিশেষ।

কিপটে *বিণ* কৃপণ; কঞ্জুষ; বখিল। [স. কপট+বা. ইয়া=কপটিয়া>কপটে>কিপটে]

কিমা *বি* কুচি কুচি করে কাটা গোশ্‌ত। [ফা.]

কিমিয়া *বি* রসায়নবিদ্যা। [আ.]

কিম্ভূত *বিণ* ১ কিরূপে; কী রকম। ২ অদ্ভুত। [স. কিম্ (কি) ভূত (যা হয়েছে)=কিম্ভূত]। **কিম্ভুতকিমাকার** *বিণ* কদাকার; বিকট; কুৎসিত আকৃতিবিশিষ্ট।

কিম্মত *বি* মূল্য; দাম। [আ.]

কিয়ৎ *বিণ* ১ কিঞ্চিৎ; কিছু একটু। ২ কী পরিমাণ; কতো। [স.]। **কিয়দংশ** *বি* কিছু অংশ। **কিয়দ্দিন** *বি* কিছু দিন; অল্প কয়েক দিন। **কিয়দ্দুর** *বি* কিছু দূর; অল্প পরিমাণ দূর; খানিক দূর।

কিয়াস, কেয়াস *বি* অনুমান; সাদৃশ্যমূলক সিদ্ধান্ত। [আ.]

কিরণ *বি* আলো; রশ্মি; কর; অংশু।

কিরা, কিরে *বি* শপথ; দিব্যি। [স. ক্রিয়া> কিরিয়া> কিরা]। **কিরা কাটা, কীরা কাটা** *ক্রি* শপথ করা।

কিরাত *বি* ১ ব্যাধ। ২ প্রাচীন ম্লেচ্ছ (মঙ্গোলীয়) জাতিবিশেষ। ৩ পূর্বহিমালয়স্থ দেশবিশেষ।

কিরিচ, কিরীচ *বি* এক প্রকার বাঁকা ছোরা বা তরবারি। [মা. 'ক্রীস'>পো. kris]

কিরীট *বি* মুকুট; শিরোভূষণ। [স.]। **কিরীটী(-টিন্)** *বিণ* ১ মুকুটধারী। ২ অর্জুন। [স.]

কিরূপ *বিণ* কী প্রকার; কী রকম; কেমন।

কিরে *অব্য* প্রশ্ন বা সম্বোধনসূচক শব্দ (কিরে; ভাত খাবিনে?)। [স. কিম্>+বা. রে=কিরে]

কিল *বি* ১ মুষ্টির দ্বারা আঘাত; ঘুষি। ২ বদ্ধমুষ্টি। **কিলকলাপ** *বি* কিলাবার বিদ্যা। **কিল খেয়ে কিল চুরি করা**—মুষ্ট্যাঘাত পেয়েও প্রতিশোধ না নিয়ে সহ্য করা; অপমান সহ্য করা। **কিলাকিলি** *বি* ১ পরস্পর মুষ্ট্যাঘাতকরণ। ২ মারামারি। **কিলানো** *ক্রি* ১ মুষ্টির সাহায্যে প্রহার করা; ঘুষি মারা। ২ মুষ্ট্যাঘাত; ঘুষি।

কিলবিল *অব্য* বহু সংখ্যক জীবজন্তু বিশেষত সাপ কেঁচো কৃমি প্রভৃতির একসঙ্গে বিচরণসূচক। [বা.]

কিল্লা, কেল্লা *বি* দুর্গ। **কেল্লা ফতে** *বিণ* উদ্দেশ্য সিদ্ধ হয়েছে এমন। [আ. কিল; আ; ফৎহ্]।

কিশমিশ, কিসমিস *বি* বীজশূন্য ছোট আকারের শুকনা আঙুর। [ফা.]

কিশলয়, কিসলয় *বি* গাছের নতুন পাতা; কচি পাতা। [স.]

কিশোর *বিণ* বাল্য ও যৌবনের মাঝামাঝি বয়সী; ১১ থেকে ১৫ বছর বয়স্ক। [স.]। **কিশোরী** *স্ত্রী.*।

কিষান, কিষাণ *বি* ১ কৃষক; চাষি। ২ ভূমিহীন চাষি; হালচাষের মজুর। [স. কৃষাণ> কিষান (অর্ধতৎসম)]

কিষ্কিন্ধা, কিস্কন্ধ্যা *বি* রামায়ণোক্ত বানরদের দেশ বা তার রাজধানী। [স.]

কিসমত *বি* ভাগ্য; বরাত; অদৃষ্ট। [আ.]

কিসিম *বি* রকম; প্রকার; মতো। [আ. কিসম্]

কিসে *অব্য* ১ কী থেকে; কী জন্য; কেন (কিসে কী হলো)। ২ কোন উপায়ে; কেমন করে। ৩ কোন বিষয়ে বা বস্তুতে। ৪ কিসের মধ্যে; কোন বস্তুর মধ্যে; কাহাতে। [স. কস্মাৎ>প্রা. কীস; কীস্স> কিস+এ=কিসে]

কিস্তি[১] *বি* নৌকা বা জাহাজ; মালবাহী বড় নৌকা। [ফা. কিশ্‌তি]। **কিস্তি টুপি** *বি* কিস্তি বা নৌকার আকারের টুপি; সূক্ষ্ম কাপড়ের তৈরি টুপিবিশেষ।

কিস্তি[২] *বি* দাবা খেলায় বিপক্ষের রাজাকে আক্রমণের জন্য বিশেষ চাল; বল দ্বারা বিপক্ষের রাজাকে আক্রমণ। [ফা. কিস্‌ত]। **কিস্তিমাত, কিস্তিমাৎ** *বি* ১ দাবা খেলার শেষ চাল যাতে বিপক্ষের সমস্ত পথ বন্ধ হয়ে যায়। ২ সম্পূর্ণরূপে জয়লাভ; পূর্ণ সফলতা লাভ। [ফা. কিশ্‌ৎ+আ. মাৎ=কিস্তিমাত]

কিস্তি[৩] *বি* ১ ঋণ পরিশোধযোগ্য দেয় টাকা ইত্যাদির অংশ; ইনস্টলমেন্ট। ২ আংশিকভাবে ঋণ পরিশোধের সময়; খাজনা আদায় করার বা দেওয়ার নির্দিষ্ট সময়। ৩ দফা; বার; ক্ষেপ। [আ. কিস্‌ত]। **কিস্তি খেলাফ** *বি* নির্ধারিত সময়ে ঋণ পরিশোধের অক্ষমতা; কিস্তিবন্দি অবস্থায় কিস্তির শর্তমতো টাকা না দেওয়া। **কিস্তিবন্দি** *বি* ১ কয়েক দফায় ঋণ পরিশোধের ব্যবস্থা; ক্রমে ক্রমে টাকা দেওয়ার প্রতিশ্রুতি। ২ অবধারিত সময় নিরূপক চুক্তি বা পত্র।

কী⟹কি

কীচক *বি* ১ বায়ু সংযোগে শব্দকারী ছিদ্রবিশিষ্ট বাঁশবিশেষ। ২ মহাভারতোক্ত বিরাট রাজার শ্যালক। [স.]

কীট *বি* ১ পোকা। ২ কৃমি। [স.]। **কীটঘ্ন** *বিণ* কীটনাশক; পোকা নাশ করে এমন। **কীটজ** *বিণ* কীটজাত। **কীটদষ্ট**

বিণ পোকা-ধরা। **কীটপতঙ্গ** *বি* পোকামাকড়। **কীটাণু** *বি* খুব ছোট পোকা যা খালি চোখে দেখা যায় না; চোখের অগোচরে অতি ক্ষুদ্র কীট। **কীটাণুকীট** *বি* ১ কীটাণু অপেক্ষাও অতি ক্ষুদ্র কীট। ২ (আল.) অতি নগণ্য ব্যক্তি; নিতান্ত তুচ্ছ ব্যক্তি।

কীর *বি* শুক জাতীয় পাখি।

কীর্তন *বি* ১ গুণ বর্ণনা; যশ বা মহিমা প্রচার। ২ হিন্দুদের রাধাকৃষ্ণ লীলা বিষয়ক সঙ্গীত; সংকীর্তন। ৩ গানের পদ্ধতিবিশেষ। [স.]। **কীর্তনাঙ্গ** *বি* কীর্তন গানের সুর। **কীর্তনিয়া, কীর্তনে** *বি,বিণ* যারা কীর্তন করে; কীর্তনগায়ক। **কীর্তনীয়** *বিণ* ১ কীর্তনযোগ্য; বর্ণনীয়। ২ প্রচারযোগ্য। **কীর্তিত** *বিণ* ১ প্রশংসার সঙ্গে বর্ণিত; সগৌরবে প্রচারিত। ২ খ্যাত।

কীর্তি *বি* ১ যশ; খ্যাতি; সুনাম। ২ কৃতিত্বের পরিচায়ক কাজ বা প্রতিষ্ঠান (তাজমহল শাহজাহানের অমর কীর্তি)। ৩ *বি* (ব্য.) অকাণ্ড; খারাপ কাজ। [স.]। **কীর্তিকলাপ** *বি* ১ যশোরাশি। ২ কৃতিত্বের পরিচায়ক ভালো কাজ বা প্রতিষ্ঠান। [স.]। **কীর্তিধ্বজা** *বি* যশোনিশান; গৌরব প্রকাশক পতাকা। **কীর্তিনাশা** *বি* পদ্মা নদীর অপর নাম; রাজা রাজবল্লভের কীর্তি ধ্বংসকারিণী নদী। **কীর্তিবাস, কীর্তিমান, কীর্তিশালী** *বিণ* যশস্বী; অতিশয় খ্যাতিসম্পন্ন। **কীর্তিস্তম্ভ** *বি* মহৎ ব্যক্তির কাজ বা ঘটনার স্মরণার্থে প্রতিষ্ঠিত স্তম্ভ; স্মারকস্তম্ভ।

কীল, কীলক *বি* ১ হুড়কা; খিল। ২ খোঁটা; গোঁজ। ৩ শলাকা; শল্য। ৪ গজাল; পেরেক। [স.]

কীলকলিপি *বি* তীরের ফলার মতো দাগ কেটে লিখন পদ্ধতি; তীরাক্ষর; cuniform লিপি। [স.]

কুইনাইন, কুইনিন *বি* ম্যালেরিয়া জ্বরের ঔষধবিশেষ; সিনকোনা গাছের ছালে তৈরি এক প্রকার বটিকা [ই.]। **কুইনাইন গেলা** *ক্রি* (আল.) অনিচ্ছায় কিছু করা।

কুওত, কুয়ত *বি* শক্তি; বল; সামর্থ্য। [আ.]

কুইকুঁই *অব্য* ১ কুকুর ছানার ডাক। ২ ক্ষুধা শীতকষ্ট প্রভৃতি সূচক চাপা আর্তনাদ।

কুঁকড়া, কুঁকড়ো *বি* মোরগ; কুক্কুট। [স. কুক্কুট>কুঁকুড়+আ=কুঁকড়া>কুঁকড়া, কুঁকড়ো]। **কুঁকড়ী** *স্ত্রী.*।

কুঁকড়ানো, কোঁকড়ানো *ক্রি* ১ কুঞ্চিত হওয়া বা করা; জড়সড় হওয়া বা করা। ২ কোঁচকানো। ❑ *বিণ* কুঞ্চিত; কোঁকড়া। ❑ *বি* উক্ত সকল অর্থে। [বা. √কুঁক্‌ড়া+আনো]

কুঁকড়িমুকড়ি *বি* জড়সড়; কুঞ্চিত; কুণ্ডলীকৃত। [বা. √কুঁকড়া+ই=কুঁকড়ি+মুকড়ি (সহচর শব্দ)]

কুঁচ *বি* ১ গুঞ্জাফল; লালবর্ণ বীজবিশেষ। ২ রতি পরিমাণ ওজন। ❑ *বিণ* লাল (কুঁচবরণ কন্যা)। [স. কুঞ্চিকা>কুঁচিআ>কুঁচি>কুঁচ অথবা গুঞ্জা>কুঁংচা (গ=ক; জ=চ)>কুঁচা>কুঁচ]

কুঁচকানো, কোঁচকানো *ক্রি* কুঞ্চিত করা বা হওয়া; কোঁকড়ানো। ❑ *বি* ১ কুঞ্চন। ২ কুঞ্চিত। [স. √কুন্‌চ্‌=বা. √কুঁচ্‌কা+আনো = কুঁচকানো]

কুঁচকি *বি* উরু ও কোমরের সংযোগস্থল।

কুঁচা, কুঁচি *বি* ১ শূকর ইত্যাদি পশুর মোটা লোম। ২ মুড়া ঝাঁটা; মুড়ি ইত্যাদি ভাজবার ছোট ঝাঁটা। ৩ বুরুশ। ৪ অতি ক্ষুদ্র খণ্ড; কুটি বা কুটা। [স. কূর্চিকা>কুচ্চিআ>কুঁচি]

কুঁচানো, কোঁচানো *ক্রি* ১ কুঞ্চিত করা। ২ কুঞ্চিতকরণ; কোঁকড়ানো। ❑ *বিণ* কুঞ্চিত; কোঁকড়া। [স. কুঞ্চ্‌+অনট=কুঞ্চন>কুঁচন>]

কুঁচিয়া, কুঁচে *বি* সাপের আকারের মাছবিশেষ। [স. কুঞ্চিকা>কুঁচিয়া>কুঁচে]

কুঁচো, কুচো *বিণ* ১ কুঁচে মাছের মতো হ্যাংলো বা লিকলিকে। ২ ছোট; বাচ্চা। [স. কুঞ্চিকা>কুঁচে>কুঁচো]

কুঁজ *বি* পিঠের অস্বাভাবিক বক্রতা বা স্ফীতি। **কুঁজা, কুঁজো** *বিণ* ১ যার পিঠ বাঁকা বা ফোলা। ২ সুরাহি; পানপাত্রবিশেষ। **কুঁজী** *স্ত্রী.*। [স. কুব্‌জ>কুজ্জ>কুঁজ+আ; ও]

কুঁজড়া, কুঁজড়ো *বি* ফলমূল বিক্রেতা। ❑ *বিণ* ঝগড়াটে; কুপ্রকৃতি; কুটিল হৃদয়। [তুল. কুঁজ+বা. ড়া]। **কুঁজড়াপনা, কুঁজড়ামি** *বি*।

কুঁজি *বি* চাবি। [স. কুঞ্চিকা>কুঁজিআ (চ=জ)>কুঁজি]। **কুঁজিকাঠি** *বি* চাবিকাঠি।

কুঁড়া, কুড়ো *বি* তুষের কণা; তুষের নিচে চালের গায়ে যে পাতলা আবরণ থাকে। [স. কণ্ডন> কুঁড়=বা. ও]

কুঁড়াজালি, কুঁড়োজালি *বি* ১ মাছ ধরার ছোট জাল। ২ *বি* (ব্য.) বৈষ্ণবের জপ করার থলি।

কুঁড়ি *বি* আফোটা ফুল; মুকুল; কলিকা। [স. কুণ্টল>কুড্‌মল>কুঁড়ি(?) স. কোরক> কোরঅ> কুঁড় (ও=উ; র=ড়)+ই=কুঁড়ি]

কুঁড়ে *বি* কুটির; পাতা বা ঘাসে ছাওয়া ছোট ঘর। [স. কুটিরা>কুঁড়িয়া>কুঁড়ে]

কুঁতা, কোঁতা *ক্রি* ১ কাতরতা বা ক্লেশ প্রকাশক ধ্বনি প্রকাশ করা। ২ মলাদি ত্যাগের জন্য দম বন্ধ করে বেগে বা জোরে চাপ দেওয়া; কুন্থন। ৩ উক্ত সকল অর্থে। [স. কুন্থন>কোঁতান, কুঁতা]। **কুঁতানো, কোঁতানো, কোঁথানো** *ক্রি* ১ শারীরিক বল নিয়োগে কষ্ট করা; অতিরিক্তি শক্তি প্রকাশক শব্দ করা। ২ কুঁততে বাধ্য করা। ৩ (আল.) কষ্ট দেওয়া। ❑ *বি* উক্ত সকল অর্থে। [স. কুন্থন>কুঁথন>]

কুঁদ *বি* ১ ছুতারের যন্ত্রবিশেষ; কুঁদান বা খরাদ করার যন্ত্র। ২ সাদা ফুলবিশেষ। [স. কুন্দ>কুঁদ]। **কুঁদ বাটালি** *বি* খরাদ করার জন্য ব্যবহৃত হয় এমন বাটালি]

কুঁদনো *ক্রি* লাফানো। [স. √কুদ্‌+বা. √কুঁদ্‌> কুঁদনো]

কুঁদা, কুঁদো *বি* ১ কাঠের গুঁড়ি; মোটা কাষ্ঠখণ্ড। ২ বন্দুক ইত্যাদির কাঠের হাতল। ৩ চাঙড়; স্থূল ও বড় খণ্ড (মিছরির কুঁদা)। [ফা. কন্দহ্‌]

কুঁদুলি, কুঁদুলে *বিণ স্ত্রী.* কোঁদল করে এমন; ঝাগড়াটে। **কুঁদুলে** *পু.*। [স. কন্দল+ইয়া= কন্দলিয়া> কুঁদুলে]

কুক[১] *অব্য* উচ্চ সংকেত ধ্বনি; ডাকাতদের হুঙ্কার বা সংকেত ধ্বনি। [দেশী]

কুক[২] *বি* রন্ধনকারী; বাবুর্চি। [ই.]

কুকথা *বি* ১ অশ্লীল বা কুৎসিত কথা। ২ দুর্বাক্য; কঠিন কথা। ৩ পৃথিবী সম্বন্ধীয় কথা বা তন্ত্রের ব্যাখ্যা। ৪ বেদ

কথা। [স.]
কুকর্ম, কুকার্য *বি* অসৎ বা খারাপ কাজ; নিন্দনীয় কাজ; পাপকর্ম। **কুকর্মা** *বিণ* অসৎ বা পাপ কাজ করে এমন।
কুকুর *বি* গৃহপালিত পশুবিশেষ; কুত্তা; সারমেয়। [স. কুক্কুর>]। **কুকুরী** *স্ত্রী.*। **কুকুরকুণ্ডলি, কুকুরকুণ্ডলী** *বি* কুকুরের মতো কুণ্ডলি পাকিয়ে শোয়ার প্রণালী; শায়িত কুকুরের ন্যায় কুণ্ডলিকার। **খেঁকি কুকুর** *বি* ১ যে কুকুর সহজেই রেগে খেঁক খেঁক করে কামড়াতে আসে। ২ (আল.) ক্রুদ্ধ ও অসহিষ্ণু ব্যক্তি। **যেমন কুকুর তেমন মুগুর**—যেমন পাজি তেমন শাসক; দুষ্টের উপযুক্ত শাসক।
কুক্কুট *বি* মোরগ। **কুক্কুটী** *স্ত্রী.*। [স.]
কুক্কুর *বি* কুকুর। **কুক্কুরী** *স্ত্রী.*। [স.]
কুক্ষণ *বি* অশুভ মুহূর্ত; মন্দ সময়। [স.]।
কুক্ষি *বি* ১ জঠর; কোঁক; উদর-গহ্বর। ২ গর্ভ। ৩ গুহা। ৪ অভ্যন্তর স্থান। **কুক্ষিগত** *বিণ* ১ উদরেপ্রবিষ্ট; উদরসাৎ। ২ গর্ভাশয়স্থিত। ৩ (আল.) আত্মসাৎকৃত; দখলীকৃত।
কুখ্যাত *বিণ* বহু নিন্দিত; দুর্নামযুক্ত; গর্হিত কাজের জন্য খ্যাত। [স.]। **কুখ্যাতি** *বি* নিন্দা; অপযশ; দুর্নাম।
কুগ্রহ *বি* ১ হিন্দুমতে অশুভ গ্রহ; দুর্ভাগ্যজনক গ্রহণ। ২ অমঙ্গল। ৩ (আল.) উৎপাত; অবাঞ্ছিত ব্যক্তি বা বস্তু।
কুঙ্কুম *বি* ১ জাফরান; কাশ্মীরে জাত সুগন্ধি ফুলবিশেষের কেশর। ২ ফুল; কুসুম ফুল। [স.]
কুচ[১] *বি* যুবতীর স্তন; পয়োধর। **কুচকুম্ভ** *বি* কলসাকৃতি উচ্চ স্তন। **কুচশম্ভু** *বি.* কুচ রূপ শম্ভু বা শিবলিঙ্গ। [স.]
কুচ[২] *বি* সৈন্যদের যুদ্ধযাত্রা বা শৃঙ্খলাবদ্ধ হয়ে একস্থান থেকে অন্যত্র যাত্রা। [ফা.]। **কুচকাওয়াজ** *বি* সৈনিকদের রণশিক্ষা; লড়াইয়ের প্রস্তুতিমূলক ব্যায়াম ও কৌশলাদি শিক্ষা। [ফা. কুচ+আ. কবাইদ]
কুচকুচ *অব্য* উজ্জ্বল ও গাঢ় কৃষ্ণবর্ণের আভা। **কুচকুচে** *বিণ* গাঢ় ও চকচকে; তৈলচিক্কন (কুচকুচে কালো)।
কুচক্র *বি* ষড়যন্ত্র; চক্রান্ত; দুষ্টচক্র। **কুচক্রী** *বিণ* ১ চক্রান্তকারী; ষড়যন্ত্রকারী। ২ কুমন্ত্রণা দেয় যে। [স.]
কুচনি, কোচনী *বি* ১ কোচ নারী; কোচবিহার অঞ্চলের রমণী; স্তনবতী যুবতী। ২ বেশ্যা। [বা.]
কুচফল *বি* ১ গুঞ্জাফল। ২ ডালিম; দাড়িম্ব ফল। [স.]
কুচরিত্র *বি* খারাপ স্বভাব; অসচ্চরিত্র; মন্দ স্বভাব। **কুচরিত্রা** *স্ত্রী.*। [স.]
কুচা, কুচি, কুচো *বি* ১ ছোট টুকরা। ২ গলি; সংকীর্ণ পথ বা রাস্তা। ☐ *বিণ* সংকীর্ণ। [ফা.]। **কুচি করা** *ক্রি* টুকরা টুকরা করে কাটা। **কুচি কুচি করা** *ক্রি* ক্রমাগত কেটে খণ্ড খণ্ড করা।
কুচাগ্র *বি* স্তনের অগ্রভাগ ও বোঁটা। [স. কুচ+অগ্র]
কুচানো, কুচনো *ক্রি* ছোট ছোট করে কাটা; কুচি কুচি করা। ☐ *বিণ* ছোট ছোট করে কর্তিত। ☐ *বি* ছেদন; ছোট ছোট করে কর্তন। [বা. √কুচা+আনো]
কুচিন্তা *বি* ১ দুর্ভাবনা। ২ অসৎ বিষয়ের চিন্তা; কুৎসিত বা মন্দ বিষয়ের কল্পনা। [স.]
কুচুটে, কুচুণ্ডে *বিণ* কুচিন্তাকারী; কুটিল প্রকৃতিবিশিষ্ট; হিংসুক; কুচক্রী। [আঞ্চলিক]
কুচেষ্টা *বি* অপচেষ্টা; মন্দ অভিসন্ধি।
কুজ *বি* মঙ্গলবার; মঙ্গল গ্রহ। [স.]
কুজা, কুজো *বি* সুরাহি মৃন্ময় বা মাটির জলপাত্রবিশেষ। [ফা. কুজহ]
কুজ্ঝটিকা, কুজ্ঝটি *বি* কুহেলিকা; কুয়াশা। [স.]
কুঞ্চন *বি* ১ সংকোচন; কোঁকড়ানো; কোঁচকানো। ২ বক্রীকরণ। [স.]। **কুঞ্চিত** *বিণ* ১ কোঁকড়া; বক্রীকৃত; কোঁচকানো। ২ সংকুচিত। ৩ ভ্রূর লোমের সংকোচনের জন্য চোখের তারার অল্প মগ্ন অবস্থা।
কুঞ্চি *বি* ১ পরিমাণবিশেষ; আট কুষ্টিতে এক কুঞ্চি। ২ মাপার পাত্রবিশেষ। খুঁচি। [স.]
কুঞ্চিকা *বি* ১ গুঞ্জা ফল; কুঁচ। ২ চাবি। ৩ নির্ঘণ্ট; সূচি। ৪ কঞ্চি। ৫ কুঁচে মাছ। [স.]
কুঞ্জ[১] *বি* ১ লতাপাতায় আচ্ছাদিত গৃহাকার স্থান; উপবন (কুঞ্জ-কানন)। ২ বৈষ্ণবদের তপোবন বা আশ্রম। **কুঞ্জকানন, কুঞ্জবন** *বি* কুঞ্জময় কানন বা বন; যে কাননে লতাপাতায় আচ্ছাদিত গৃহাকার স্থান বিদ্যমান। রাধাকৃষ্ণের বিগ্রহ প্রতিষ্ঠিত ভজন স্থান। **কুঞ্জভঙ্গ** *বি* ১ কুঞ্জে নিদ্রিত রাধাকৃষ্ণের নিদ্রাভঙ্গের সঙ্গীত। ২ কীর্তন গানের একটি পালা।
কুঞ্জ[২] *বি* বস্ত্রাদির কোণে বা আঁচলে ফুল ও লতাপাতার নকশা; কলকা। [ফা.]
কুঞ্জর *বি* হাতি; হস্তী; করী। [স.]
কুঞ্জি, কুঁজি *বি* চাবি। [স. কুঞ্চিকা>কুংজিআ>কুঁজি, কুঞ্জি—(অর্ধতৎসম)]। **কুঁজিকাঠি** *বি* চাবি।
কুট[১] *বি* ১ কেল্লা; দুর্গ; গড়। ২ পর্বত; পর্বতশৃঙ্গ। ৩ বৃক্ষ। [স.]। **কুটজ, কূটজ** *বি* ১ কুড়চি গাছ; গিরিমল্লিকা ফুলের গাছ। ২ অগস্ত্য। ৩ দ্রোণাচার্য।
কুট[২] *বি* কীট পতঙ্গাদির দংশনের শব্দ। [বা.]। **কুটকুটানি, কুটকুটুনি** *বি* কামড়ানি; চুলকানি; কণ্ডূয়নপ্রবৃত্তি। **কুটকুটে** *বিণ* ১ চুলকানি বা কামড়ানির ভাব জন্মায় এমন (কুটকুটে ওল)। ২ কেবল দংশন ছাড়া আর কিছুই জানে না এমন।
কুটনা, কোটনা *বি* ১ রান্নার উপযোগী করে কাটা তরকারি। ২ কাটা তরকারি। [স. কুট্টন>]। **কুটনা কোটা, কোটনা কোটা** *ক্রি* রান্নার জন্য খণ্ড খণ্ড করে তরকারি কাটা; রান্নার জন্য ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে কর্তিত করা বা রন্ধনযোগ্য তরকারি তৈরি করা।
কুটনি *বি স্ত্রী.* ১ নারী-পুরুষের অবৈধ মিলনে সাহায্যকারিণী; নায়ক ও নায়িকার অবৈধ মিলন সংগঠনকারিণী দূত। ২ যে স্ত্রীলোক কান ভাঙানি দিয়ে বিবাদ বাধায়। [স. কুট্টনী>কুটনি]। **কুটনিগিরি, কুটনিপনা** *বি* নারী-পুরুষের অবৈধ মিলনে সাহায্যকারিণী দূতীর দৌত্যকার্য; কুটনির আচরণ বা ব্যবসায়।
কুটা, কুটো *বি* ১ খড়; তৃণ ইত্যাদির ক্ষুদ্রাংশ। ২ কণা (চোখে কুটা পড়া)। [বা., তুল. হি. কুট্টী]। **কুটাকাটা,**

কুটো-কাটা *বি* খড় তৃণ লতা পাতা ইত্যাদির টুকরা। **দাঁতে কুটা নেওয়া** *ক্রি* অত্যধিক বিনয় প্রকাশ করা; একান্ত হীনতা ও বশ্যতা স্বীকার করা।

কুটিকুটি[১] *বি* ক্ষুদ্র ক্ষুদ্র টুকরা। **কুটি কুটি করা** *ক্রি* কেটে ক্ষুদ্র ক্ষুদ্র টুকরা করা। [তুল. হি. কুট্টী]

কুটিকুটি[২] *বি* টুকরা টুকরা; আহ্লাদে আটখানা।

কুটির, কুটীর *বি* কুঁড়েঘর; গরিবের নিতান্ত ছোট্ট ঘর। **কুটির শিল্প** *বি* গৃহে উৎপন্ন শিল্পদ্রব্য। [স.]

কুটিল *বিণ* ১ অসরল; বক্র; ঋজু বা সোজা নয় এমন। ২ ক্রূর; শঠ; কপট। ৩ কূট; জটিল। **কুটিলতা, কৌটিল্য** *বি*। **কুটিলচিত্ত** *বিণ* মন সরল নয় এমন; ক্রূরচিত্ত; অসরল। **কুটিলচিত্তা** *স্ত্রী*। **কুটিলা** *বিণ স্ত্রী*. ১ অসরল। ২ ক্রূরা; ধূর্তা।

কুটুম্ব, কুটুম *বি* ১ আত্মীয়; জ্ঞাতি; স্বগোত্রজ ব্যক্তি। ২ পরিবার পরিজন; পোষ্যবর্গ। ৩ যার সঙ্গে বৈবাহিক সম্বন্ধ ঘটেছে। [স. কুটুম্ব>কুটুম=সম্বন্ধী বা শালা অর্থে 'কুটুম' তদ্ভব শব্দ]। **কুটুম্বিতা** *বি* ১ আত্মীয়তা। ২ বৈবাহিক সম্বন্ধ ও তন্নিমিত্ত প্রীতিপূর্ণ আদান-প্রদান; কুটুম্বসুলভ আদর আপ্যায়ন বা লৌকিকতা। **বড় কুটুম** *বি* (বিদ্রূপাত্মক) শ্যালক বা সম্বন্ধী।

কুটুর *অব্য* ইঁদুর প্রভৃতির দাঁত দ্বারা কাষ্ঠাদি কাটার শব্দ; 'কুট'-এর চেয়ে হালকা শব্দ। [বা.]

কুঠ *বি* কুষ্ঠ রোগ। **কুঠিয়া, কুঠো** *বিণ* কুষ্ঠরোগী। [স.]। কুষ্ঠ>কুট্‌ঠ>কুঠ+ইয়া= কুঠিয়া>কুঠো]

কুঠরি, কোঠরি *বি* ১ কামরা; খোপ; প্রকোষ্ঠ; কক্ষ। ২ ছোটঘর। [স. কোষ্ঠ>কুঠ+বা. রি=কুঠরি]

কুঠার, কুঠারী *বি* ১ কুড়াল; কাষ্ঠছেদক যন্ত্র। ২ টাঙ্গি; পরশু। ৩ সুতারের বাইস। [স.]

কুঠি, কোঠি *বি* ১ ইটের তৈরি গৃহ; অট্টালিকা। ২ বাণিজ্যালয়; ব্যবসায়ীর কার্যালয়; পণ্যশালা। [স. কোষ্ঠিকা>কোট্‌ঠিআ>কুঠি]। **কুঠিয়াল** *বি* ১ কুঠির কর্তা মালিক বা অধ্যক্ষ। ২ নীলকুঠিতে কার্যরত লোক।

কুড়[১] *বি* ১ বৃক্ষ বা ওষুধবিশেষ। ২ ঔষধি বা বৃক্ষবিশেষ। ৩ কুষ্ঠরোগ। [স. কুষ্ঠ>কুট্‌ঠ>কুট>কুড়]

কুড়[২] *বি* ১ স্তূপরাশি; গাদা (পাঁশকুড়)। ২ আবর্জনা ফেলার স্থান; কুণ্ড (আঁস্তাকুড়)। [স. কুণ্ড>কুঁড়>কুড়]। **আঁস্তাকুড়** *বি* যে স্থানে জঞ্জাল ফেলা হয়।

কুড়[৩], **কুড়া** *বি* বিঘা; বিশ কাঠা জমির পরিমাণ। [স. কুড়ব>]

কুড়কুড়, কুড়মুড় *অব্য* ভাজা কড়াই মুড়ি ইত্যাদি কঠিন দ্রব্য চিবানোর শব্দ। [বা. ধ্বন্যাত্মক শব্দ]

কুড়চি *বি* কুটজ নামক গাছ ও তার ফুল। [স. কুটজ> কুড়চা (ট=ড়, জ=চ)+ই]

কুড়বা *বি* বিঘা; বিশ কাঠায় এক কুড়বা। [স. কুড়ব+বা. আ=কুড়বা (অর্ধতৎসম)]

কুড়ল *বি* মৎস্যভোজী পাখিবিশেষ। [স. কুরর>কুড়ল (র=ড়, র=ল)]

কুড়ানো, কুড়নো *ক্রি* বিক্ষিপ্ত বস্তু তুলে নেওয়া; ছড়ানো বা পতিত বস্তু তুলে জড় করা; সংগ্রহ করা। [বা. √কুড়া+আনো=কুড়ানো]। **কুড়ানি, কুড়ুনি** *বিণ, বি স্ত্রী*. আহরণকারিণী; যে কুড়ায়। ☐ *বি স্ত্রী*. অত্যন্ত দরিদ্রা স্ত্রী।

কুড়াল, কুড়ালি, কুড়ুল *বি* কুঠার; পরশু; কাষ্ঠছেদক অস্ত্রবিশেষ। [স. কুঠার>কড়াল(ঠ=ড়, র=ল)]

কুড়ি[১] *বি* বিশ; ২০ সংখ্যা। ☐ *বিণ* ২০ সংখ্যক। [বা.]

কুড়ি[২], **কুড়ী** *বি* ১ কুষ্ঠরোগ। ২ কুষ্ঠরোগগ্রস্ত। [স. কুষ্ঠ>কুড়+ই; ঈ=কুড়ি, কুড়ী]

কুড়ে, কুঁড়ে *বিণ* অলস; কাজে অনিচ্ছুক। **কুড়েমি, কুঁড়েমি** *বি*। [স. কুষ্ঠ> কুঁড়+আমি>এমি=কুঁড়েমি]

কুণ্ঠ *বি* অনিচ্ছুক; অনুদার; কাতর (ব্যয়কুণ্ঠ)। ☐ *বিণ* ১ সংকুচিত। ২ অকর্মণ্য; অলস। ৩ ব্যাহত; প্রতিবদ্ধ। [স.]। **কুণ্ঠা** *বি* ১ সংকোচ। ২ লজ্জা। ৩ জড়তা। ৪ ভয়। **কুণ্ঠিত** *বিণ* ১ সংকুচিত; সংকোচগ্রস্ত; দ্বিধান্বিত। ২ লজ্জিত; অপ্রতিভ।

কুণ্ড *বি* ১ গর্ত; গহ্বর। ২ তীর্থজলাশয়। ৩ অগ্নি পানি প্রভৃতি রাখার গর্ত। ৪ পাত্র; ভাণ্ড; আধার। ৫ চৌবাচ্চা; জলাধার। [স.]

কুণ্ডল বি ১ কর্ণভূষণ; কানের অলঙ্কার। ২ বলয়। ৩ বলয়াকৃতি অলঙ্কার বা বস্তু; পায়ের মল; বেড়ি। ৪ সমূহ। [স.]। **কুণ্ডলিত** *বিণ* ১ বলয়াকার; গোলাকার। ২ কুণ্ডলাকারে অবস্থিত বা আবর্তিত। ৩ কুণ্ডলীকৃত। **কুণ্ডলায়িত** *বিণ* কুণ্ডলের আকারে পাকানো; কুণ্ডলীকৃত।

কুণ্ডলিনী *বি* ১ তন্ত্রানুসারে অর্থাৎ তান্ত্রিক পরিভাষায় জীবের মূলশক্তির নাম। ২ পতঞ্জলি প্রমুখ ঋষি কর্তৃক প্রদত্ত জীবের মূল শক্তির বা 'আদ্যাশক্তি'র সংজ্ঞা। [স.]। **কুলকুণ্ডলিনী** *বি* মূলাধারস্থ সর্পীতুল্য শক্তিবিশেষ। তন্ত্রমতে মূলাধারস্থ পদ্মমৃণাল মধ্যবর্তী সূক্ষ্ম তন্তুবৎ প্রকাশমানা ও মূলাধারে শঙ্খাবর্তবৎ বিদ্যুৎপ্রভা মধুর অস্ফুট কূজনকারিণী নিঃশ্বাস প্রশ্বাসরূপে বিরাজিত।

কুণ্ডলী(-লিন্) *বি* ১ যার কুণ্ডল আছে; কুণ্ডলধারী। ২ কুণ্ডলাকারে পাকানো বা গুটানো বস্তু। [স.]। **কুণ্ডলীকৃত** *বিণ* গুটানো হয়েছে এমন। **কুণ্ডলী পাকানো** *ক্রি* অঙ্গকে পাকিয়ে কুণ্ডলে পরিণত করা।

কুতর্ক *বি* যুক্তিহীন; তর্ক; বাজে তর্ক। [স.]

কুতুপ *বি* ১ চামড়ার তৈরি ক্ষুদ্র তৈলপাত্র; তেলের কুপি। ২ তরল পদার্থ রাখার পাত্রবিশেষ। [স. কূপিকা>]

কুতুব *বি* মুসলিম দরবেশের উপাধিবিশেষ। [আ.]

কুত্তা *বি* কুকুর। **কুত্তী** *স্ত্রী*. [তুল. হি. কুত্তা]। **কুত্তার বাচ্চা** *বি* ১ কুকুর শাবক। ২ গালিবিশেষ। **খেঁকি কুত্তা, নেড়ি কুত্তা** *বি* ইতর শ্রেণীর এক প্রকার কুকুর। **ডালকুত্তা** *বি* দীর্ঘপদ শিকারি কুকুর।

কুত্রাপি *অব্য, ক্রিবিণ* কোথাও; কোনো জায়গায়। [স.]

কুৎসা, কুচ্ছা *বি* নিন্দা; দোষ কীর্তন; কলঙ্ক রটনা। [স. কুৎসা> কুচ্ছা]

কুৎসিত, কুচ্ছিত *বিণ* ১ বিশ্রী; কদাকার; কুরূপ। ২ কদর্য;

জঘন্য। ৩ অশ্লীল। [স. কুৎসিত>]

কুদরত, কুদরৎ *বি*১ মহিমাবিশেষ; ক্ষমতা; অলৌকিক শক্তি। ২ ক্ষমতা; শক্তি; দক্ষতা। [আ.]। **কুদরতি** *বি* মহিমা; অলৌকিক ক্ষমতা। ❑ *বিণ* মহিমাযুক্ত; বিশেষ ক্ষমতাশালী। [ফা.]

কুদিন *বি*১ দুঃসময়, দুর্দিন, বিপৎকাল। ২ জ্যোতিষশাস্ত্র মতে অশুভ দিন; তিথি নক্ষত্রাদির দোষযুক্ত দিন। ৩ বাদলার দিন, বর্ষাকাল। [স.]

কুদৃষ্টি *বি*১ অশুভদৃষ্টি; অমঙ্গলজনক দৃষ্টি। ২ দুরভিসন্ধিপূর্ণ দৃষ্টি; কুনজর। ৩ ভ্রান্ত দৃষ্টি। [স.]

কনকন *বি* সূচিবিদ্ধ করার ন্যায় সামান্য বেদনা। [বা.]। **কুনকুনানো** *ক্রি* (পেট) কনকন করা; কেবল নিজে শুনতে পায় এমন করে গান করা। **কুনকুনানি** *বি* উক্ত অর্থে।

কুনজর *বি* অশুভ দৃষ্টি; কুদৃষ্টি; বদ নজর। [স. কু+আ. নজর]

কুনাল *বি* হিমালয়জাত পাখিবিশেষ।

কুনি *বি* হাতের কনুই। [স. কফোণি>কহোনি> কোহনি>কোন্নি>কুনি (স্বরসাম্যে)]। **কুনি মারা** *ক্রি* কনুই দ্বারা প্রহার করা।

কুনিকা, কনকে *বি*১ শস্যাদি মাপার এক প্রকার পাত্র; বেতের পাত্র বা রেক। ২ মাপ বা পরিমাণবিশেষ। [স. কুঞ্চিকা>কুন্নিকা>]

কুনীতি *বি* ১ দুর্নীতি; খারাপ নিয়ম; কুৎসিত আচরণ। ২ ভ্রান্তনীতি; অনুচিত নীতি। [স.]

কুনো, কুণো *বিণ*১ কোণ সংক্রান্ত; ঘরের কোণে থাকতে ভালোবাসে এরূপ; ঘর থেকে বের হতে চায় না এমন। ২ অমিশুক; অন্যের সঙ্গে আলাপে অনিচ্ছুক। ৩ সদাসংকুচিত; লাজুক। **কুনোব্যাঙ, কুনোবেঙ** *বি* ১ যে ব্যাঙ ঘরের কোণে বাস করে এবং কোণের গণ্ডীর বাইরে কদাচিৎ যায়; কূপমণ্ডূক। ২ (আল.) ঘরকুনো যে; কূপমণ্ডূক, বহুদর্শী নয় এমন লোক।

কুন্তল *বি* চুল; কেশপাশ। [স.]। **কুন্তলা** *বিণ স্ত্রী.* কেশযুক্তা।

কুন্তি, কুন্তী *বি* পাণ্ডব-মাতা; পাণ্ডুরাজার মহিষী; শূরসেনের কন্যা। [স.]

কুন্দ *বি*১ সাদা ফুল। ২ কুঁদার যন্ত্র; ছুতারের ভ্রমিযন্ত্র। [স.]। **কুন্দকলি** *বি* কুন্দফুলের কুঁড়ি বা মুকুল।

কুন্দনো *ক্রি* অস্ত্রে চেঁছে সুন্দর করা; কোঁদা। [ফা. কুন্দহ্]

কুন্দা *বি*১ মোটা কাষ্ঠখণ্ড; কাঠের গুঁড়ি। ২ কুঁদ যন্ত্র। [ফা. কুন্দহ্; বা. কন্দহ্>কুন্দা]

কুপথ *বি* পাপের পথ; অসৎ পথ; নিন্দিত পথ। [স.]

কুপথ্য *বি* অপকারী বা অহিতকর পথ্য; যে খাদ্য রোগীর জন্য ক্ষতিকর। [স.]

কুপন *বি*১ মনিঅর্ডার ফর্মের যে ছেদ্য অংশে প্রেরক টাকা গ্রহণকারীর নিকট তার বক্তব্য লেখে এবং টাকা গ্রহণকারী তা কেটে রাখে। ২ এক ধরনের টিকিট যা দেখালে কোনো কিছু দাবি করতে পারা যায়। ৩ রসিদ। [ই.]

কুপরামর্শ *বি* মন্দ বা অহিতকর কাজ করার জন্য সলা বা যুক্তি; অনিষ্টকর উপদেশ। [স.]

কুপাত্র *বি*১ অযোগ্য বা অসৎ ব্যক্তি; অপাত্র। ২ অযোগ্য বর; রূপহীন বা গুণহীন পাত্র। [স.]।

কুপি *বি* ১ ছোট কুপা; মশক; চামড়ার তৈরি থলিবিশেষ। ২ টিনের তৈরি কেরোসিনের প্রদীপবিশেষ; টিনের ডিবার বাতি। ৩ তৈলাদি ঢালার চোঙ্গা বা ডিবাবিশেষ। [স. কূপিকা, কূপী>]

কুপিত *বিণ*১ রাগান্বিত; ক্রুদ্ধ; বিরক্ত; অসন্তুষ্ট। ২ প্রবল; বৃদ্ধিপ্রাপ্ত; দূষিত। [স.]। **কুপিতা** *স্ত্রী.*।

কুপোকাত, কুপোকাৎ *বি* পতন; ভূমিসাৎ। ❑ *বিণ* পরাজিত; পর্যুদস্ত।

কুফর, কোফর *বি*১ আল্লাহর প্রত্যাদিষ্ট সত্য প্রত্যাখ্যান; অবাধ্যতা। ২ বহু ঈশ্বরবাদ; আল্লাহর একত্বের প্রতি অবিশ্বাস; আল্লাহতে অবিশ্বাস। [আ.]। **কুফরি, কুফরী** *বিণ*। **কুফরি ফতোয়া** *বি* কাফের সাব্যস্ত করে প্রদত্ত ফতোয়া।

কুফল *বি* অশুভ পরিণাম; মন্দ বা খারাপ ফল। [স.]

কুবচন, কুবাক্য, কুবাণী *বি* ১ কুৎসিত কথা; অশ্লীল বাক্য; কটুকথা। ২ কুৎসা; নিন্দা। [স.]

কুবলয় *বি*১ নীলপদ্ম; নীলোৎপল। ২ পদ্ম; নলিনী। [স.]

কুবুদ্ধি *বি*১ নির্বুদ্ধিতা; মূর্খতা; মন্দবুদ্ধি। ২ দুর্বুদ্ধি; অসৎ বুদ্ধি। ❑ *বিণ* মন্দবুদ্ধিবিশিষ্ট; দুর্বুদ্ধিযুক্ত। [স.]

কুবৃত্তি *বি* ১ মন্দ আচরণ; খারাপ ব্যবহার। ২ নিন্দিত জীবিকা। ❑ *বিণ* অসৎবৃত্তিপরায়ণ। [স.]

কুবেনি *বি* মাছের খালুই বা চুবড়ি।

কুবের *বি*১ যক্ষরাজ; ধনাধিপ। ২ মহাধনী (ধনকুবের)। [স.]

কুব্জ *বিণ*১ কুঁজা; কুঁজো। ২ বাঁকাপিঠ; ন্যুব্জপিঠ; বক্রপৃষ্ঠ; কুঁজবিশিষ্ট। [স.]। **কুব্জা, কুব্জী** *বিণ স্ত্রী.* কুঁজী; কুঁজবিশিষ্টা। ❑ *বি স্ত্রী.* কংসের এক দাসীর নাম; শ্রীকৃষ্ণের এক প্রণয়িনী। ❑ *বি* রামায়ণোক্ত মন্থরা দাসী।

কুমকুম, কুম্কুম *বি* আবির ও সুগন্ধি পানিতে পূর্ণ গোলকবিশেষ। [আ.]

কুমড়া, কুমড়ো *বি* কুষ্মাণ্ড; তরকারি রূপে রান্না করে খাওয়ার এক প্রকার ফল। [স. কুষ্মাণ্ড>কুমহণ্ড (প্রা.)>কুম্হর>কুমড়+আ]। **কুমড়া গড়াগড়ি** *বি* ক্ষেতের লুণ্ঠিত কুমড়ার ন্যায় গড়াগড়ি। **মিঠাকুমড়া, বিলাতি কুমড়া** *বি* মিষ্ট স্বাদযুক্ত এক প্রকার কুমড়া। **চাল কুমড়া, চুনকুমড়া, ছাঁচি কুমড়া, দেশী কুমড়া** *বি* মাচা বা চালের উপর উৎপাদিত কুমড়া।

কুমতলব *বি* দুরভিসন্ধি; খারাপ বা অনিষ্টকর মতলব। [স. কু+আ. মৎলব]

কুমতি *বি* দুর্বুদ্ধি; কুবুদ্ধি; অসৎ অভিপ্রায়। ❑ *বিণ* মন্দ বুদ্ধিসম্পন্ন; অসৎ অভিপ্রায়বিশিষ্ট। [স.]

কুমার[১] *বি* ১ যুবরাজ; রাজপুত্র; শাহজাদা। ২ পুত্র। ৩

আঠারো থেকে ত্রিশ বছরের পুরুষ। ৪ অবিবাহিত পুরুষ (চিরকুমার)। ৫ হিন্দুদেবতা কার্তিকেয়; দেবসেনাপতি। [স.]। **কুমারতন্ত্র** *বি* ধাত্রীবিদ্যা ও শিশু চিকিৎসাবিদ্যা।

কুমার[২], **কুমোর** *বি* ১ কুম্ভকার; যে মাটির পাত্র পুতুল ইত্যাদি নির্মাণ করে। ২ হিন্দু বৃত্তিজীবীবিশেষ। [স. কুম্ভকার>কম্মআর>কুমার]। **কুমারশাল** *বি* মাটির পাত্র ইত্যাদি তৈরি করার স্থান; কুম্ভশালা; কুমারের কর্মশালা। **কুমারের চাক** *বি* হাঁড়ি কলসি প্রভৃতি পাত্রাদি নির্মাণ কাজে ব্যবহৃত এক প্রকার গোলাকার চাকা।

কুমারী *বি* ১ অবিবাহিতা নারী বা বালিকা। ২ দশ থেকে বারো কিংবা ষোলো বছর বয়স্ক অবিবাহিতা কন্যা। ৩ কন্যা। ৪ রাজকন্যা। ❑ *বিণ* অবিবাহিত; অনূঢ়া। [স.]। **কুমারীব্রত** *বি* অবিবাহিতা হিন্দু বালিকাদের ব্রতবিশেষ।

কুমির, কুমীর *বি* নক্র; বিরাটকায় জলচর জন্তুবিশেষ; জলচর সরীসৃপবিশেষ। [স. কুম্ভীর>কুম্মীর>কুমির]। **জলে কুমির ডাঙায় বাঘ**— উভয় সঙ্কট। **জলে বাস করে কুমিরের সাথে বিবাদ**— প্রভাব-প্রতিপত্তিশালী লোকের আওতায় থেকে তার সঙ্গে বিবাদ। **মেছো কুমির** *বি* মাছ খেকো কুমির যা আকারে ছোট হয়।

কুমুদ, কুমুদী *বি* শালুক ফুল; লাল বা সাদা শাপলা ফুল। [স.]। **কুমুদনাথ** *বি* চাঁদ। **কুমুদিনী** *বি* ১ কুমুদের ঝাড়; শালুকের দল। ২ কুমুদ-শোভিত পুকুর বা সরসী।

কুমেরু *বি* দক্ষিণ মেরু; পৃথিবীর দক্ষিণ দিকের শেষপ্রান্ত। **সুমেরু** *বিপ.*। [স.]

কুম্ভ *বি* ১ ঘট; কলস। ২ (জ্যো-বি) দ্বাদশ রাশির একাদশ রাশি। ৩ হাতির মাথার দুই পাশের মাংসপিণ্ড। [স.]। **কুম্ভকার** *বি* কুমার; কুম্ভ নির্মাতা। **কুম্ভমেলা** *বি* দ্বাদশ বছর পর পর মাঘ ফাল্গুন মাসে তিথি বিশেষে হরিদ্বার প্রয়াগ দ্বারকায় মেলা ও সাধু সন্ন্যাসীদের মহাসম্মেলন। **কুম্ভশালা, কুম্ভশাল** *বি* কুমোরের পোয়ানঘর; কুমোরশাল।

কুম্ভক *বি* নিঃশ্বাসরোধমূলক যোগসাধনাবিশেষ। [স.]

কুম্ভকর্ণ *বি* ১ রামায়ণোক্ত রাবণের ছোট ভাইয়ের নাম--যে ছয় মাস ঘুমাতো। ২ (আল.) যে খুব ঘুমাতে পারে; সহজে যাকে জাগানো যায় না। [স.]। **কুম্ভকর্ণের ঘুম/নিদ্রা** *বি* যে ঘুম অতি দীর্ঘস্থায়ী এবং যে ঘুম থেকে কাউকে জাগানো সুকঠিন।

কুম্ভিল, কুম্ভিলক, কুম্ভীলক *বি* ১ যে লেখক অন্যের গ্রন্থের ভাব ভাষা প্রভৃতি চুরি করে নিজের নামে চালায়। ২ চোর। ৩ শালমাছ। ৪ শ্যালক। [স.]

কুম্ভীপাক *বি* হিন্দু শাস্ত্রোক্ত একটি নরকের নাম। [স.]

কুম্ভীর *বি* কুমির। [স.]। **কুম্ভীরাশ্রু** *বি* মায়াকান্না।

কুযাত্রা *বি* অশুভ যাত্রা। [স.]

কুযুক্তি *বি* ১ অসঙ্গত যুক্তি। ২ কুমন্ত্রণা; ক্ষতিকর পরামর্শ। [স.]

কুয়া, কুয়ো *বি* কূপ; ইঁদারা; ক্ষুদ্র গভীর জলাশয়বিশেষ। [স. কূপ>কুঅ+আ=কুয়া]। **কুয়ার ব্যাঙ/ বেঙ** *বি* ১ কূপমণ্ডূক; যে ব্যাঙ ঘরে বাস করে এবং কদাচিৎ বাইরে যায়। ২ (আল.) সঙ্কীর্ণচিত্ত লোক; কুনো লোক।

কুয়াশা, কুয়াসা *বি* কুজ্ঝটিকা; কুহেলিকা। [স. কুহা+আসার=কুহাসার>কুআসা (অন্ত্য 'র' বর্জনে)> কুয়াসা (য়-শ্রুতি)]

কুরঙ্গ *বি* হরিণ; মৃগ। [স.]। **কুরঙ্গী, কুরঙ্গিনী** *স্ত্রী.*।

কুরঙ্গগঞ্জন *বিণ* হরিণকে লজ্জা দেয় এমন; হরিণ থেকে উৎকৃষ্ট।

কুরচিনামা, কুরসিনামা *বি* ১ বংশতালিকা। ২ নসবনামা; কুলজি। [আ. কুরসী+ফা. নামহ্]

কুরণ্ড, কোরণ্ড *বি* অণ্ডকোষ বৃদ্ধি রোগ। [স.]

কুরল *বি* ১ ঈগল জাতীয় পাখি; চিল জাতীয় বড় পাখি; উৎক্রোশ; কুরর; কুড়ল। ২ চূর্ণকুন্তল; অলক। [স.]

কুরসি, কুরছি *বি* বসার উঁচু আসনবিশেষ; চেয়ার; কেদারা। [আ.]

কুরআন, কোরআন *বি* হজরত মুহম্মদ (সা.) কর্তৃক আল্লাহর নিকট থেকে প্রাপ্ত বাণীসমষ্টি (ওহী); ইসলাম ধর্মের মূল গ্রন্থ। [আ. কুরআন]।

কুরআনখানি *বি* মৃতব্যক্তির আত্মার মাগফিরাতের জন্য কুরআন পাঠ, ফাতেহা; কুলখানি। [আ.]

কুরি, কুরী *বি* ১ হিন্দু সম্প্রদায়বিশেষ। ২ নারকেলাদির কোরানো শাঁস। [তুল. হি. কোরী]

কুরীতি *বি* মন্দ প্রথা বা ধারা; অন্যায় আচারব্যবহার। [স.]

কুরুক্ষেত্র *বি* ১ মহাভারতোক্ত কুরুপাণ্ডবের যুদ্ধক্ষেত্র। ২ (আল.) ভীষণ ঝগড়া; তুমুল কাণ্ড বা যুদ্ধ। [স.]

কুরুচি *বি* অশ্লীল বা কুৎসিত বিষয়ে স্পৃহা; নীচ প্রবৃত্তি। [স.]

কুরুবক, কুরবক *বি* ১ ঝাঁটিফুল; রক্তবর্ণ ঝিণ্টি ফুল। ২ ঝিণ্টি বা ঝাঁটি ফুলের গাছ। [স.]

কুর্তা, কোর্তা *বি* পুরুষের জামা বা পিরহান। [ফা.]

কুর্তি *বি* ছোট কুর্তা বা জামা। [ফা.]

কুর্দন *বি* লম্ফন; আস্ফালন; কোঁদন। [স.]

কুর্নিশ, কুর্নিস *বি* মুসলমানি কায়দায় অভিবাদন; সম্ভ্রমপূর্ণ সালাম; বাদশাহ ও আমিরকে সম্মান দেখাবার জন্য পিছনে হটে গিয়ে অবনত মস্তকে যে সালাম। [তু.]

কুল[১] *বি* ১ বংশ; গোষ্ঠী; গোত্র। ২ সদ্বংশ। ৩ আভিজাত্য; বংশমর্যাদা। কৌলীন্য। ৪ পুঞ্জ; সমূহ; গণ। ৫ যূথ; পাল। [স.]। **কুলকণ্টক** *বি* বংশের কলঙ্কস্বরূপ ব্যক্তি; যে ব্যক্তি বংশের আপদ ডেকে আনে। **কুলকন্যা, কুলকামিনী, কুলনারী, কুলবতী, কুলবধূ, কুলবালা, কুলস্ত্রী** *বি* ১ সৎকুলের কন্যা বা বধূ; অভিজাত বংশের মেয়ে। ২ সতী নারী। **কুলকর্ম, কুলক্রিয়া** *বি* কুলের উপযুক্ত ক্রিয়াকলাপ। **কুলকলঙ্ক** *বি* বংশের গ্লানি বা অগৌরব। **কুলকামিনী** *বি* কুলকন্যা। **কুলক্রম** *বি* বংশের রীতি বা ধারা। **কুলক্রিয়া** *বি* কুলকর্ম। **কুলগর্ব** *বি* সদ্বংশে জন্মের জন্য অহঙ্কার; আভিজাত্যভিমান। **কুলগুরু** *বি* বংশের গুরু; পরিবারের ধর্মোপদেষ্টা।

কুলগৌরব *বি* বংশের মর্যাদা বা সম্মান। **কুলচ্যুত** *বিণ* স্বীয় বংশ থেকে ভ্রষ্ট; কুলভ্রষ্ট। ❑ *বি* জাতিচ্যুত। **কুলজি, কুলজী** *বি* বংশের ইতিহাস; নসবনামা; বংশ–পরিচয়; বংশ তালিকা। [সং. কুলপঞ্জি>]। **কুলতিলক, কুলপ্রদীপ, কুলভূষণ** *বি, বিণ* যার গুণে ও ক্ষমতায় বংশের গৌরব বৃদ্ধি পায়। **কুলত্যাগ** *বি* স্বীয় বংশ বা স্বামীগৃহ ত্যাগ। **কুলদেবতা** *বি* হিন্দুদের বংশানুক্রমে পূজ্য দেবতা। **কুলধর্ম** *বি* বংশগত আচার–অনুষ্ঠান; স্বজাতীয় ধর্ম; কুলাচার। **কুলপঞ্জি** *বি* বংশ–তালিকা; নসবনামা; বংশ–পরিচয়। **কুলপতি** *বি* বংশের প্রধান ব্যক্তি; গোষ্ঠীর প্রধান; কুলশ্রেষ্ঠ। **কুলব্রত** *বি* বংশানুক্রমে আচরিত অনুষ্ঠান। **কুলভঙ্গ** *বি* বংশমর্যাদাহীন; কৌলীন্য নাশ। **কুল রাখা কি শ্যাম রাখা** *ক্রি* ১ একদিকে শ্যামের সঙ্গে অবৈধ প্রণয় এবং অন্যদিকে সতীধর্ম ও বংশের সম্মান রক্ষা—রাধিকার মতো এই বিপরীত আকর্ষণের মধ্যে পড়া। ২ (আল.) উভয় সঙ্কটে পড়া। **কুলশীল** *বি* বংশ ও চরিত্র। ❑ *বিণ* সৎ বংশে জাত ও সাধুস্বভাবের। **কুলে কালি দেওয়া** *ক্রি* কুকর্ম করে বংশকে কলঙ্কিত করা। **একুল ওকুল দুকুল খাওয়া** *ক্রি* (আল.) সব দিক দিয়ে ক্ষতিগ্রস্ত হওয়া; উভয় দিক হতে বঞ্চিত হওয়া।

কুল[২] *বি* বদরী ফল, বরই; এক প্রকার অম্লস্বাদ ফল। [সং. কোলি, কোল>কুল]

কুল[৩] *বি* তান্ত্রিক সাধনপন্থা; তান্ত্রিক ধর্মসম্প্রদায়বিশেষ। [সং.]। **কৌল** *বিণ*।

কুল[৪] *বিণ* সমগ্র; সমস্ত। [আ.]। **বিলকুল** *বিণ* সমুদয়; বেবাক; সমস্ত। [আ.]

কুলকুচা, কুলকুচো *বি* কুলি; মুখের ভিতর পানি দিয়ে পরিস্করণ; পরিষ্কার করার জন্য মুখভর্তি পানি নিয়ে ইতস্তত সঞ্চালন। [বা., তুল. হি. 'কুলকুলানা']

কুলকুণ্ডলিনী *বি* ১ হিন্দু তন্ত্র ও যোগশাস্ত্রানুসারে জীবের মূলাধারস্থ কুণ্ডলাকৃতি শিবশক্তিবিশেষ। ২ (আল.) জীবনীশক্তি; প্রাণ–সঞ্জীবনী শক্তি। [সং.]

কুলকুল *অব্য* জলপ্রবাহের মৃদু কলকল ধ্বনি। [ধ্বন্যাত্মক শব্দ]

কুলখানি=কুরআনখানি।

কুলঙ্গি, কুলুঙ্গী *বি* জিনিসপত্র রাখার জন্য দেয়ালের মধ্যস্থিত ছোট খোপ।

কুলপি, কুলফি *বি* বরফ জমাবার জন্য ব্যবহৃত টিনের চোঙ বা নলবিশেষ; বরফ জমাট করার ছাঁচ। [আ. কুলফ.+ই]। **কুলপি বরফ** *বি* কুলপি বা টিনের ছাঁচে জমানো বরফ। **কুলপি মালাই** *বি* মালাই বরফ; দুধ–চিনি মিশ্রিত কুলপিতে জমানো বরফ।

কুলা, কুলো *বি* শূর্প; ধান ইত্যাদি শস্য ঝাড়ার অর্ধবৃত্তাকার ডালাবিশেষ। [সং. কূল্য>কুল্ল>কুল+আ, ও=কুলা, কুলো]। **ছাই ফেলতে ভাঙা কুলা**— তুচ্ছ কাজের জন্য নিযুক্ত নগণ্য লোক।

কুলাঙ্গার *বি* কুলকলঙ্ক; কুলের কালি; যার চরিত্রদোষে কুলের কলঙ্ক হয়। [সং.]

কুলাচার *বি* ১ কুলে প্রচলিত আচরণ; কুলধর্ম; বংশগত আচার। ২ তান্ত্রিক আচারবিশেষ। [সং. কুল+আচার]

কুলাচার্য *বি* ১ হিন্দুদের কুল–পুরোহিত বা ধর্মগুরু। ২ বংশ পরম্পরাগত পারিবারিক ধর্মোপদেষ্টা। ৩ তান্ত্রিক ধর্মসম্প্রদায়বিশেষের গুরু। ৪ কুলের পরিচয় প্রদান করা যার ব্যবসায়; ঘটক। [সং. কুল+আচার্য]

কুলানো *ক্রি* ১ উদ্ধার; যথেষ্ট হওয়া; প্রয়োজন মেটা; অভাব দূর হওয়ার মতো হওয়া। ২ জায়গা পাওয়া; স্থান সংকুলান হওয়া। ৩ সংস্থান বা উপায় করা; বন্দোবস্ত করা। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [বা. √কুল্+আনো=কুলানো]

কুলাভিমান *বি* আভিজাত্যের অহঙ্কার; উচ্চবংশে জন্মের জন্য গর্ব। [সং. কুল+অভিমান]। **কুলাভিমানী** *বিণ*।

কুলায় *বি* নীড়; পাখির বাসা। [সং.]

কুলাল *বি* কুমার; কুমোর; কুম্ভকার। **কুলালচক্র** *বি* কুমারের চাক; কুম্ভকার–চক্র। [সং.]

কুলি,[১] **কুল্লি** *বি* কুলকুচা (কুলি করা)। [বা.]

কুলি[২] *বি* ১ মুটে; ভারবাহী। ২ শ্রমিক; মজুর। [তু.]। **কুলিকামিন** *বি* কুলি ও কুলি রমণী; নারী ও পুরুষ শ্রমিক। **কুলি ধাওড়া** *বি* কুলিদের বস্তি।

কুলিশ, কুলীশ *বি* বাজ; বজ্র; অশনি। **কুলিশকঠোর** *বিণ* বজ্রকঠোর। [সং.]

কুলীন *বিণ* ১ অভিজাত বংশে জাত; সদ্বংশোদ্ভব। ২ বল্লাল সেন কর্তৃক প্রদত্ত কুলমর্যাদার অধিকারী। ৩ আচার বিনয় বিদ্যা নিষ্ঠা প্রতিষ্ঠা তীর্থদর্শন আবৃত্তি দান তপস্যা—এ নব গুণযুক্ত। [সং.]। **কৌলীন্য** *বি*।

কুলুখ, কুলুফ *বি* ১ মাটির ঢেলা; মলমূত্র ত্যাগের পর পানির অভাবে শুদ্ধির জন্য ব্যবহৃত মাটির ঢেলা। ২ প্রস্রাবের পর লিঙ্গমুখ শুকনা করার মুসলমানি প্রথা। [ফা. কলুখ]

কুলুপ, কুলুফ *বি* তালা। ২ মোহর। ৩ বন্ধন; আটক; অবদ্ধকরণ। [আ. কুফ্ল্ (বর্ণবিপর্যয়ে)]

কুল্লে *ক্রিবিণ* ১ সর্বশুদ্ধ; সমুদয়ে; সাকল্যে। ২ কেবল; মাত্র। ৩ সমুদয়; যাবতীয়। [আ. কুল্]

কুশ *বি* ১ এক প্রকার তৃণ। ২ রামের জ্যেষ্ঠপুত্র; লবের ভাই। ৩ পুরাণোক্ত সপ্তদ্বীপের এক দ্বীপ। [সং.]

কুশণ্ডিকা *বি* হিন্দুদের বিবাহাদি উৎসবে শাস্ত্রীয় অনুষ্ঠানবিশেষ; যজ্ঞের অন্য অনুষ্ঠিত অগ্নি সংস্কার ক্রিয়া। [সং.]

কুশপুত্তলি, কুশপুত্তলিকা *বি* ১ কুশ বা অন্য কিছু দ্বারা নির্মিত মানবাকৃতি পুতুল; কুশে তৈরি মানুষের প্রতীক মূর্তি। ২ নকল মূর্তি। [সং.]

কুশর, কুশার *বি* ইক্ষু; আখ। [সং. কোশকার>কোশআর>কোশার>কুশর; তুল. আঞ্চলিক কুশিয়াল, কুশাল]। **কুসিরা** *বিণ* ইক্ষুজাত (কুসিরা গুড়ের ভাঁড়— বন্দে)।

কুশল[১] *বি* মঙ্গল; শুভ; কল্যাণ। ❑ *বিণ* ১ মঙ্গলময়;

কল্যাণযুক্ত। ২ নির্বিঘ্ন; নিরাপদ।
কুশল[২] *বিণ* নিপুণ; দক্ষ। [স.]। **কুশলতা** *বি*। **কুশলা** *স্ত্রী*। **কুশলী** (অ-প্র) *বিণ* কৌশলী; দক্ষ।
কুশাগ্র *বি* কুশতৃণের অগ্রভাগ। ❑ *বিণ* কুশের ডগার মতো অতি সূক্ষ্ম; তীক্ষ্ণ। [স. কুশ+অগ্র]। **কুশাগ্রবুদ্ধি** *বি* কুশাগ্রতুল্য সূক্ষ্ম বুদ্ধি। ❑ *বিণ* অতি সূক্ষ্ম বুদ্ধিসম্পন্ন।
কুশাঙ্কুর *বি* কুশতৃণের নবজাত তীক্ষ্ণাগ্র পত্র বা ফলা। [স. কুশ+অঙ্কুর]
কুশাসন[১] *বি* কুশতৃণের তৈরি আসন। [স. কুশ+ আসন= কুশাসন]
কুশাসন[২] *বি* অন্যায় বা অত্যাচারমূলক শাসন; প্রজাদের পক্ষে অবিচারমূলক শাসন। [স. কু+শাসন]
কুশি[১], **কুশী** *বি* ১ হিন্দুদের পূজাদি কাজে ব্যবহৃত তামার তৈরি জল সিঞ্চন করার পাত্রবিশেষ। ২ কোষা থেকে জল তুলবার পাত্রবিশেষ। [স. কোষ+ই, ঈ=কুশি, কুশী]
কুশি[২] *বি* আম ইত্যাদির খুব কচি ফল। ❑ *বিণ* কচি (কুশি আম)। [স. কোশ+(ক্ষুদ্রার্থে) ই]
কুশী *বি* লাঙলের ফাল।
কুশীলব *বি* ১ নাটকের পাত্রপাত্রীগণ; নট; অভিনেতা। ২ গান করে যে বা যারা; গায়ক; চারণ। ৩ রামচন্দ্রের কুশ ও লব নামক পুত্রদ্বয়।
কুশুই *বি* এক রকমের শক্ত সরু আখ; ইকড়ি; আখ; উক। [তুল. কুশর]
কুশূল, কুসূল *বি* শস্যাদি রাখার ঘর; ধানের গোলা। [স.]
কুশ্রী *বিণ* শ্রীহীন; কুৎসিত; কদর্য। [স.]
কুষ্ঠ *বি* মহারোগবিশেষ; কুঠ। [স.]। **কুষ্ঠাশ্রম** *বি* কুষ্ঠরোগীদের চিকিৎসালয়। [স. কুষ্ঠ+আশ্রম]। **কুষ্ঠী** *বিণ* কুষ্ঠরোগী। ❑ *বি* যার কুষ্ঠরোগ হয়েছে; কুঠে; কুড়ে।
কুষ্মাণ্ড *বি* ১ কুমড়া। ২ ছাঁচি কুমড়া। ৩ জরায়ু; গর্ভাশয়। [স. কুষ্ম+অণ্ড]। **অকালকুষ্মাণ্ড** ⟹ অকাল।
কুসংসর্গ *বি* অসৎসঙ্গ; দুষ্টলোকের সংস্রব। [স.]। **কুসংসর্গী** *বিণ*।
কুসংস্কার *বি* চিরাচরিত ভ্রান্ত ধারণা বা বিশ্বাস; সামাজিক প্রথা বা ধর্মাদি বিষয়ে যুক্তিহীন বিশ্বাস।
কুসঙ্গ *বি* অসৎ সংসর্গ; দুষ্টের সংস্রব। **কুসঙ্গী** *বিণ* দুষ্ট সঙ্গী; অসৎ বন্ধু। [স.]
কুসী *বি* ১ কচি আম। ২ আম বা অন্য যে কোনো গাছের কচি পাতা। [স. কোশ+(ক্ষুদ্রার্থে) ঈ]
কুসীদ, কুশীদ *বি* ১ সুদ। ২ সুদে ঋণদান ব্যবসায়। [স.]। **কুসীদজীবী** *বি* সুদখোর; যে সুদে টাকা ধার দিয়ে জীবিকার্জন করে।
কুসুম[১] *বি* ফুলবিশেষ; কাপড় ইত্যাদি রং করতে ব্যবহৃত কুসুম্ভ ফুল। [স. কুসম্ভ>]
কুসুম[২] *বিণ* ঈষৎ উষ্ণ; কবোষ্ণ; সামান্য গরম। [বা.]। **কুসুম কুসুম** *বিণ* অল্প অল্প; অল্প উষ্ণ।
কুসুম[৩] *বি* ১ পুষ্প; ফুল। ২ স্ত্রীলোকের ঋতুস্রাব। ৩ নেত্ররোগবিশেষ। ৪ ডিমের হলদে অংশ। [স.]। **কুসুমকলি, কুসুমকলিকা** *বি* ফুলের কুঁড়ি; পুষ্প-কোরক। **কুসুমকানন** *বি* ফুল বাগান। **কুসুমকুণ্ডলা** *বিণ স্ত্রী.* ১ পুষ্পকেশী। ২ পুষ্পে শোভিতা। **কুসুমকোমল কুসুমপেলব** *বিণ* ফুলের ন্যায় নরম; পুষ্পবৎ কোমল। **কুসুমকোরক** *বি* ফুলের কুঁড়ি; পুষ্পকলিকা। **কুসুমদাম** *বি* ১ ফুলের মালা। ২ পুষ্পরাশি। **কুসুমমালিকা** *বি* ১ ফুলের ক্ষুদ্র মালা। ২ সংস্কৃত ছন্দবিশেষ। **কুসুমশয্যা, কুসুমশয়ন** *বি* ১ ফুলশয্যা; নরম বিছানা। ২ (আল.) আরাম। **কুসুমস্তবক** *বি* পুষ্পগুচ্ছ; ফুলের তোড়া। **কুসুমাঞ্জলি** *বি* অঞ্জলিপূর্ণ পুষ্পরাশি; পুষ্পাঞ্জলি। **কুসুমাদপি** *অব্য* কুসুম থেকেও; কুসুম অপেক্ষাও। **কুসুমাসব** *বি* ফুলের মধু; পুষ্পরস। **কুসুমিত** *বিণ* পুষ্পিত কুসুমযুক্ত। **কুসুমিতা** *বিণ স্ত্রী.* ১ পুষ্পিতা। ২ রজঃস্বলা।
কুসুম্ভ, কুসুম্ব *বি* ১ কুসুম নামক ফুল। ২ কুসুম ফুলের গাছ বা রং। [স. কুসুম্ভ>]
কুস্তি, কুশ্‌তি *বি* মল্লযুদ্ধ। ২ ব্যায়াম। **কুস্তিগির, কুস্তিবাজ** *বি* মল্ল; পাহ্‌লোয়ান; কুস্তিতে পারদর্শী। [ফা.]
কুস্বপ্ন *বি* ১ দুঃস্বপ্ন; অমঙ্গলসূচক স্বপ্ন। ২ দুরাশা। [স.]
কুস্বভাব *বি* মন্দ চরিত্র; অসৎ প্রকৃতি। ❑ *বিণ* মন্দ চরিত্রবিশিষ্ট। **কুস্বভাবা** *স্ত্রী*। [স.]
কুহক *বি* ১ মায়া; ভেলকি; ইন্দ্রজাল। ২ ছলনা; প্রতারণা। ৩ সর্পবিশেষ। ৪ অন্ধকাল; আচ্ছাদন। **কুহকজাল** *বি* ইন্দ্রজাল; ফাঁদ; মোহিনীশক্তি। **কুহকী**(-কিন্) *বিণ* মায়াবী; যাদুকর; ঐন্দ্রজালিক। [স.]
কুহর *বি* ১ গর্ত; ছিদ্র; গহ্বর। ২ কণ্ঠধ্বনি; কণ্ঠস্বর। [স.]
কুহরণ *বি* ১ কুহুধ্বনি; কোকিল ইত্যাদির ডাক বা কূজন। ২ কুহুধ্বনি করা। [স.]
কুহরা *ক্রি* কুহুধ্বনি করা। [স. কুহর+বা. আ=কুহরা]। **কুহরই, কুহরয়** (প্রা-বা, পদ্য) *ক্রি* কুহুধ্বনি করে। **কুহরিত** *বিণ* ১ কূজিত; ধ্বনিত। ২ কূজনে রত; মুখরিত। **কুহরিল** (পদ্য) *ক্রি* কুহুধ্বনি করলো।
কুহু, কুহূ *বি* ১ কোকিলের কূজন। ২ অমাবস্যা। [স.]। **কুহুকণ্ঠ, কুহূকণ্ঠ** *বি* কোকিল। **কুহুতান, কুহূতান** *বি* কোকিলের গান। **কুহুরব, কুহূরব** *বি* ১ কোকিলের ডাক। ২ কোকিল।
কুহেলিকা, কুহেলি *বি* কুয়াশা; কুজ্ঝটিকা (সহসা কুহেলি পড়িল টুটিয়া— সত্যেন্দ্র)। [স. কুহেলিকা> কুহেলিআ>কুহেলি]
কূজন *বি* ১ পক্ষীর রব; পাখির ডাক; কাকলি। ২ অব্যক্ত ধ্বনি। [স.]। **কূজিত** *বিণ* ধ্বনিত; পাখির ডাকে মুখরিত।
কূট *বিণ* ১ কুটিল; অসরল; বক্র। ২ জটিল; দুর্বোধ্য। ৩ জাল; মিথ্যা; কপট। ৪ শট; অসরল। ৫ তীব্র; মারাত্মক। ৬ রাষ্ট্রীয় ব্যাপারে চাকরি যা গোপনতাপূর্ণ। ❑ *বি* ১ দুর্বোধ্য উক্তি বা বাক্য; জটিল কথা; অস্পষ্ট বিষয়। ২ পর্বতশৃঙ্গ (চিত্রকূট)। ৩ চূড়া। ৪ জাল; হরিণ ইত্যাদি ধরার ফাঁদ (কূট যন্ত্র)। ৫ স্তূপ। ৬ ছলনা। ৭ বিরোধাভাস; আপাতবিরোধী উক্তি। [স.]। **কূটকচাল** *বিণ* ১ অন্তরায়;

বাধাবিঘ্ন। ২ জটিলতা; ঘোরপেঁচ। **কূটকর্ম** *বি* ১ জালিয়াতি; প্রতারণা। ২ জুয়াচুরি। **কূটকৌশল** *বি* চতুর কৌশল। **কূট-তার্কিক** *বি* যে ন্যায়বিরুদ্ধ তর্ক করে। **কূটনীতি** *বি* ১ কপটতা; কুটিলতাপূর্ণ নীতি। ২ জটিল রাজনীতি; রাষ্ট্র চালনার উপযোগী কৌশলপূর্ণ নীতি। **কূটনৈতিক** *বিণ*। **কূটপ্রশ্ন** *বি* ছলনা বা জব্দ করার জন্য যে প্রশ্ন করা হয়।

কূটজ, কুটজ *বি* কুড়চি গাছ; তিক্তস্বাদ এক প্রকার গাছ। [স.]

কূটাভাস *বি* অসম্ভব বা বিরুদ্ধ মনে হলেও প্রকৃতপক্ষে সত্য এমন বাক্যালঙ্কার। [স. কূট+আভাস]

কূটার্থ *বি* ১ জটিল অর্থ। ২ গূঢ় বা গুপ্ত অর্থ। ৩ বিপরীত অর্থ। [স. কূট+অর্থ]

কূপ *বি* ১ কুয়া; ইঁদারা; পাতকুয়া। ২ গর্ত; ছিদ্র (লোমকূপ)। [স.]। **কূপমণ্ডূক** *বি* ১ কুয়ার ব্যাঙ। ২ (আল.) সীমাবদ্ধ জ্ঞানবিশিষ্ট লোক; অল্পজ্ঞ; কুয়ার ব্যাঙের মতো সংকীর্ণ স্থানে আবদ্ধ। ৩ (আল.) সংকীর্ণচেতা লোক।

কূর্ম *বি* কচ্ছপ। **কূর্মী** *স্ত্রী*। **কূর্মপিঠ, কূর্মপৃষ্ঠ** *বি* ১ কচ্ছপের পিঠ। ২ অসমতল ভূ-পৃষ্ঠ। **কূর্মপুরাণ** *বি* হিন্দুদের অষ্টাদশ পুরাণের অন্যতম 'কূর্ম' নামক পুরাণ। [স.]

কূল *বি* ১ তীর; কিনারা। ২ আশ্রয়। ৩ সীমা; অন্ত; অবধি। [স.]। **কূলকিনারা** *বি* ১ প্রতিকার; গতি; মুক্তির উপায়। ২ নিষ্কৃতি।

কৃচ্ছ্র *বি* ১ কষ্টসাধ্য ধর্মকার্য। ২ শারীরিক ক্লেশ; শরীর পীড়ন; কষ্ট। ❑ *বিণ* কষ্টসাধ্য (কৃচ্ছ্রব্রত)। **কৃচ্ছ্রসাধনা** *বি* অতীব কষ্টসাধ্য ব্রত বা সাধনা। [স.]

কৃৎ[১] *বি* (ব্যা.) ধাতুর উত্তর বিহিত প্রত্যয় যাকে 'কৃৎ-প্রত্যয়' বলে। [স.]

কৃৎ[২] *বি* যে করে বা করেছে; কর্তা সম্পাদক প্রভৃতি অর্থসূচক। [স.]

কৃত *বিণ* ১ রচিত; সম্পাদিত; সাধিত; আচরিত; করা হয়েছে এমন। ২ শিক্ষাপ্রাপ্ত; লব্ধ; আহৃত (কৃতবিদ্যা)। ৩ রচিত। ৪ নির্মিত; গঠিত। ৫ গৃহীত (কৃতদার)। ৬ নির্ধারিত; নিযুক্ত। ৭ পূর্ণ; সফল। **কৃতঋণ** *বিণ* অন্য ভাষা থেকে ঋণ করা হয়েছে এমন। **কৃতকর্মা, করিতকর্মা** *বি* কৃতী; কর্মপটু; কার্যদক্ষ। ❑ *বিণ* ১ অভিজ্ঞ। ২ নিজ হাতে কাজ করেছে এরূপ। **কৃতকার্য** *বিণ* কার্য সম্পন্ন হয়েছে এমন; সফলকাম। **কৃতকার্যতা** *বি*। **কৃতকৃত্য** *বিণ* কৃতকার্য; সফলকাম; চরিতার্থ। **কৃতদার** *বিণ* বিবাহিত; পত্নী গ্রহণ করেছে এমন। **কৃতনিশ্চয়** *বিণ* ১ দৃঢ়প্রতিজ্ঞ; স্থিরসঙ্কল্প; কর্তব্য নিরূপণ করেছে এমন। ২ সাফল্য সম্পর্কে নিঃসংশয়। **কৃতবিদ্যা** *বিণ* সুশিক্ষিত; বিদ্বান। [স.]। **কৃতবিদ্যতা** *বি*। **কৃতসংকল্প, কৃতসঙ্কল্প** *বিণ* দৃঢ়প্রতিজ্ঞ; স্থিরনিশ্চিত।

কৃতঘ্ন *বিণ* উপকারীর উপকার স্বীকার করে না এমন; উপকারীর অপকার করে এমন; নিমকহারাম; অকৃতজ্ঞ। **কৃতঘ্নতা** *বি*। [স.]

কৃতজ্ঞ *বি,বিণ* যে উপকারীর উপকার স্বীকার করে; যে উপকারীর নিকট ঋণী মনে করে; যে উপকারীর প্রত্যুপকারের চেষ্টা করে। [স.]। **কৃতজ্ঞতা** *বি*। **কৃতজ্ঞচিত্ত, কৃতজ্ঞহৃদয়** *বি* কৃতজ্ঞতাপূর্ণ মন; যার চিত্ত কৃতজ্ঞতায় ভরা।

কৃতাঞ্জলি *বি* ১ বদ্ধাঞ্জলি; হাত জোড় করেছে এমন। ২ জোড়হাত; যুক্তকর। [স. কৃত+অঞ্জলি]। **কৃতাঞ্জলিপুটে** *ক্রিবিণ* হাতজোড় করে।

কৃতান্ত *বি* যম; শমন; আজরাইল। [স. কৃত+অন্ত]

কৃতাপরাধ *বিণ* অপরাধ করেছে এমন; অপরাধী; দোষী। [স. কৃত+অপরাধ]

কৃতার্থ *বিণ* ১ সফল; সিদ্ধকাম; চরিতার্থ। ২ ধন্য। [স. কৃত+অর্থ]

কৃতার্থম্মন্য *বিণ* যে নিজেকে কৃতার্থ বলে মনে করে। [স.]

কৃতি *বি* ১ কার্য; সম্পাদিত কর্ম। ২ নির্মাণ; রচনা (কৃতির পুরস্কার)। ৩ নির্মিত বস্তু। ৪ যত্ন; চেষ্টা; সাধনা। [স.]

কৃতিত্ব *বি* কার্যদক্ষতা; নিপুণতা; উপযুক্ততা। [স.]

কৃতী(-তিন্) *বিণ* ১ নিপুণ; কর্মকুশল; কার্যক্ষম। ২ মহৎ কাজে সফলতা লাভ করে খ্যাত হয়েছে এমন; সৎকার্য করেছে এমন। [স.]

কৃত্তি *বি* ১ পশুচর্ম (কৃত্তিবাস)। ২ ত্বক। [স.]

কৃত্তিকা *বি* ১ একটি নক্ষত্রের নাম। ২ হিন্দু পুরাণোক্ত কার্তিকেয়ের ছয় ধাত্রীর অন্যতম। [স.]

কৃত্তিবাস *বি* ১ হিন্দুদের দেবতা মহাদেব; শিব; যিনি বাঘের ছাল পরিধান করেন। ২ বাংলা ভাষায় রামায়ণ রচনাকারী কবি। [স.]। **কৃত্তিবাসী** *বিণ* কৃত্তিবাস রচিত (কৃত্তিবাসী রামায়ণ)।

কৃত্য *বিণ* ১ করতে হবে বা করা উচিত এমন; করণীয়; কর্তব্য। ২ কর্ম; কর্তব্যকার্য (প্রাতঃকৃত্য)। ❑ *বি* (ব্যা.) প্রত্যয়বিশেষ। [স.]

কৃত্রিম *বিণ* ১ ক্রিয়াসিদ্ধ; স্বভাবজ বা প্রকৃতি সৃষ্ট নয় এমন। ২ কৌশলে প্রস্তুত; নকল। ৩ জাল; মেকি। ৪ কপট; মিথ্যা; অপ্রকৃত। [স.]। **কৃত্রিমতা** *বি*। **কৃত্রিমরাশি** *বি* (গ.) অন্য দুই রাশির গুণন দ্বারা উৎপন্ন রাশি; যে রাশি মৌলিক নয়।

কৃদন্ত *বিণ* (ব্যা.) কৃৎ-প্রত্যয়ান্ত (কৃদন্ত শব্দ)। ❑ *বি* যে সকল শব্দ কৃৎ-প্রত্যয় দ্বারা সাধিত হয়েছে; কৃৎ-প্রত্যয়ান্ত শব্দ। [স. কৃৎ+অন্ত]

কৃপণ *বিণ* ১ অত্যন্ত ব্যয়কুণ্ঠ; কিপটে; কঞ্জুস; যে খরচ না করে কেবল সঞ্চয় করতে চায়। ২ অনুদার; নীচপ্রবৃত্তি। [স.]। **কৃপণা** *স্ত্রী*। **কৃপণতা, কার্পণ্য** *বি*।

কৃপা *বি* ১ করুণা; দয়া; অনুগ্রহ। ২ অনুকম্পা। ৩ প্রসন্নতা। [স.]। **কৃপাপাত্র** *বি,বিণ* করুণাভাজন; অনুগ্রহ লাভের উপযুক্ত ব্যক্তি। **কৃপাবর্ষণ** *বি* করুণা প্রদর্শন। **কৃপাবান, কৃপাময়, কৃপালু** *বিণ* অত্যন্ত দয়ালু; করুণাময়।

কৃপাণ *বি* ১ তরবারি; অসি; খড়্গ। ২ ছোরা। **কৃপাণ-পাণি** *বিণ* খড়্গহস্ত; অসিধারী। [স.]

কৃমি, ক্রিমি *বি* ১ কীট; পোকা। ২ পাকস্থলীস্থ কেঁচো জাতীয় পোকাবিশেষ। ৩ শুয়া পোকার মতো ক্ষুদ্র ও সরু কীটবিশেষ। [স.]

কৃশ *বিণ* ১ শীর্ণ; রোগা; ক্ষীণ। ২ দুর্বল; কাহিল। **কৃশতা** *বি*। [স.]

কৃশাঙ্গ *বিণ* ১ ক্ষীণকায়; কৃশকায়। ২ দুর্বল দেহবিশিষ্ট; কাহিল শরীরধারী। [স. কৃশ+অঙ্গ]। **কৃশাঙ্গী** *স্ত্রী*।

কৃশানু, কৃষাণু (বিরল) *বি* আগুন; অগ্নি; অনল। [স.]
কৃষক *বি* চাষি; কৃষিজীবী; ভূমিকর্ষক। [স.]
কৃষাণ, কিষান *বি* ১ চাষি; কৃষক। ২ চাষের মজুর। ৩ যে জমিতে লাঙল দেয়। **কৃষাণী, কিষানী** *স্ত্রী*।
কৃষি *বি* ১ চাষ; কর্ষণকার্য। ২ কৃষকের কর্ম। [স.]। **কৃষিকা** *বি* লাঙলের ফাল। **কৃষিজাত** *বিণ* কৃষি থেকে উৎপন্ন; জমি চাষের ফলে লব্ধ। **কৃষিজীবী**(-বিন্) *বিণ* কৃষক; চাষি; কৃষিকর্মের দ্বারা জীবিকা নির্বাহকারী। [স.]
কৃষ্টি *বি* ১ কর্ষণ; কৃষিকার্য; হালচাষ। ২ সংস্কৃতি। ৩ চর্চা; অনুশীলন। [স]
কৃষ্ণ *বি* ১ হিন্দুমতে বিষ্ণুর অবতারবিশেষ। ২ শ্যাম; কানাই; কেষ্ট। ❑ *বিণ* কালো; কৃষ্ণবর্ণ; অসিত। **কৃষ্ণকলি, কৃষ্ণকেলি** *বি* ছোট ফুল বা তার গাছবিশেষ। **কৃষ্ণকীর্তন** *বি* ১ শ্রীকৃষ্ণের নাম-কীর্তন; কৃষ্ণবিষয়ক গীত। ২ বড়ুচণ্ডীদাস রচিত কৃষ্ণের লীলাবিষয়ক কাব্য। **কৃষ্ণচূড়া** *বি* লাল ও হলদে রঙের ফুল গাছবিশেষ বা তার ফুল; গুলমোহর। **কৃষ্ণদ্বৈপায়ন** *বি* ব্যাস; পরাশর ও সত্যবতীর পুত্র। **কৃষ্ণপক্ষ** *বি* চান্দ্রমাসের যে পক্ষে চন্দ্রে ক্ষয় হয়। **কৃষ্ণপ্রাপ্তি** *বি* হিন্দুমতে মৃত্যু। **কৃষ্ণশার, কৃষ্ণসার** *বি* এক প্রকার হরিণ। **কৃষ্ণসারথি** *বি* অর্জুন; যার রথের সারথি স্বয়ং কৃষ্ণ। **কৃষ্ণা** *বিণ* কৃষ্ণবর্ণা। ❑ *বি স্ত্রী*. ১ দ্রৌপদী। ২ দাক্ষিণাত্যের প্রসিদ্ধ নদীবিশেষ।
কৃষ্ণাভ *বিণ* কালো আভাযুক্ত; ঈষৎ কৃষ্ণবর্ণ। [স. কৃষ্ণ+আভা]। **কৃষ্ণাষ্টমী** *বি* ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথি; কৃষ্ণের জন্মতিথি; জন্মাষ্টমী। [স. কৃষ্ণ+অষ্টমী]
-কে *সর্ব* ১ কোন লোক। ২ অনির্দিষ্ট কোনো লোক। ৩ দিকে; উদ্দেশ্যে; প্রতি (বেলা যে পড়ে এল জলকে চল— রবীন্দ্র)। ৪ কী সম্বন্ধ অর্থে। ৫ সর্ব; প্রতি; প্রত্যেক। [স. কিম্>কে(পু. ১ম বহুবচন)> বা. কে; মাগধি—কে]। **কে কে** *সর্ব* কোন কোন ব্যক্তি; কারো। **কেবা** *সর্ব* কেউ; বোধ হয় কেউই না।
কেউকেটা, কেওকেটা *বিণ* ১ তুচ্ছ; নগণ্য; যেমন-তেমন; যে-সে। ২ (আল.) খ্যাত ও ক্ষমতাবান; হোমরা চোমরা [বা. কে+ও+কে+টা]।
কেউটে *বি* তীব্র বিষধর সাপবিশেষ; কালসাপ। [স. কৃষ্ণটিকা (যার মাথার কাল টিকা আছে এই অর্থে)>'কেউটিয়া'> কেউটে]
কেওট, কেয়ট *বি* হিন্দু সম্প্রদায়বিশেষ; কৈবর্ত বা ধীবর জাতি। **কেওটনী** *স্ত্রী*। [স. কৈবর্ত>কেবট্ট> কেওট]
কেওড়া *বি* ১ কারোয়া; এক প্রকার সুগন্ধি ফুল বা তার গাছ। ২ কেওড়া ফুলের নির্যাস। ৩ কেওড়া ফুলজাত সুগন্ধি পানি। [ফা. করাবিয়া; তুল. স. কেতক>প্রা. কেবড়+আ=কেওড়া]
কেওয়ার, কেওয়াড় *বি* কপাট; কবাট; দরজার পাল্লা। [স. কপাট>কবাড়>কেওয়াড়]
কেঁউ, কেঁউ কেঁউ *অব্য* কুকুরের আর্ত চিৎকার।
কেঁচুয়া *বি* কেঁচো। [স. কিঞ্চুলুক> কেঁচুয়া> কেঁচো]
কেঁচেগণ্ডুষ *বি* অর্ধসমাপ্ত কাজ পুনরায় নতুনভাবে আরম্ভ করা।
কেঁচো, কেঁচুয়া *বি* ১ ভূমি মধ্যস্থ কৃমিজাতীয় কীটবিশেষ; মহীলতা; কৃমি সদৃশ পোকা। ২ কেঁচোর মতো হীন বা কৃশকায় ব্যক্তি। [স. কিঞ্চুলুক>]। **কেঁচো খুঁড়তে সাপ বের হওয়া**—সামান্য বা তুচ্ছ বিষয় থেকে অপ্রত্যাশিতভাবে ভীষণ বিপদের সম্মুখীন হওয়া; সামান্য নিরাপদ কাজ গুরুতর আকার ধারণ করা।
কেঁদো *বিণ* অতিকায়; খুব মোটা; অত্যন্ত স্থূল। [স. স্কন্ধ>কাঁধ+উয়া = কাঁধুয়া>]
কেক *বি* ইউরোপীয় প্রণালীতে ময়দা ডিমপ্রভৃতি সহযোগে তৈরি এক প্রকার পিঠা। [ই.]
কেকা, কেকাধ্বনি, কেকারব *বি* ময়ূরের ডাক। [স.]
কেঙ্গারু, কেঙারু, ক্যাঙ্গারু *বি* অস্ট্রেলিয়ার উদ্ভিদভোজী প্রাণীবিশেষ—যার সামনের দুই পা পিছনের দুই পায়ের তুলনায় খুব ছোট। [ই.]
কেচ্ছা, কিচ্ছা, কিস্‌সা *বি* ১ কাহিনী; গল্প; উপাখান। ২ কুৎসা; কলঙ্ক কথা। [আ.]
কেজু, কাজু *বি* এক ধরনের বাদাম।
কেজো *বিণ* ১ কাজের উপযুক্ত বা সহায়ক; কার্যোপযোগী। ২ কার্যকুশল। ৩ দরকারি; প্রয়োজনীয়। [স. কার্য>কজ্জ> কাজ+উয়া = কাজুয়া>]
কেটলি, কেতলি *বি* পানি গরম করার জন্য নলযুক্ত লোহা বা অ্যালুমিনিয়ামের এক প্রকার পাত্র। [ই.]
কেড়ি *বি* সঞ্চিত চাল গম ইত্যাদির ক্ষতিকারক কীটবিশেষ। [স. কীট>কীড়+আ=কীড়া>]
কেতকী *বি* কেয়া ফুল বা তার গাছ।
কেতন *বি* ১ পতাকা; নিশান। ২ কুঞ্জ।
কেতা[১] *বি* টুকরা; খণ্ড; ভাগ। [আ. কিত্‌আ]
কেতা[২] *বি* ১ শৃঙ্খলা; বন্দোবস্ত। ২ কায়দা; ধরন। ৩ সামাজিক রীতি; ফ্যাশন। **কেতাদুরস্ত** *বিণ* রীতিমাফিক, সুনিয়ন্ত্রিত। তুল. **ধোপদুরস্ত**।
কেতাব = কিতাব।
কেতু *বি* ১ ভারতীয় জোতির্বিদ্যা অনুসারে নবগ্রহের নবম গ্রহ; ধূমকেতু। ২ ধ্বজ; পতাকা।
কেদারা[১] *বি* বেত বা কাঠনির্মিত বসবার আসন; চেয়ার। [পো. cathedra]
কেদারা[২] *বি* একটি রাগিণীর নাম।
কেন *অব্য* ১ কী কারণে; কী জন্য। ২ আহ্বান বা ডাকের জবাব। [স. কিম্>]
কেননা *অব্য* ১ কারণ; যেহেতু। ২ অবশ্য; নিশ্চয়। [কেন+না]
কেনা *ক্রি* ক্রয় করা। ❑ *বিণ* ক্রীত; কেনা হয়েছে এমন। **কেনানো** *ক্রি* অন্যকে দিয়ে ক্রয় করানো। **কেনাবেচা, বেচাকেনা** *ক্রি* ক্রয়-বিক্রয় বা বিনিময় করা; হাটবাজার করা।
কেনি *বি* ১ নখপ্রান্তের এক প্রকার রোগ। ২ নখের কোণে প্রদাহ বা যন্ত্রণা। [স. কোণ+বা. ই+কোনি>]
কেন্দ্র *বি* ১ গোল বস্তুর মধ্যবিন্দু; বৃত্তের অভ্যন্তরীণ যে বিন্দু থেকে বৃত্তের পরিধি পর্যন্ত অঙ্কিত যাবতীয় সরলরেখা পরপর সমান, centre। ২ পৃথিবীর উত্তর দক্ষিণ প্রান্ত; মেরু। ৩ প্রধান বা মূল স্থান। **কেন্দ্রগত** *বিণ* মধ্যস্থ; মধ্যগত। **কেন্দ্রবিমুখ** *বিণ* কেন্দ্র থেকে দূরে গমনশীল। **কেন্দ্রাভিমুখ** *বিণ* কেন্দ্রের প্রতি ধাবমান। **কেন্দ্রিক, কৈন্দ্রিক** *বিণ* কেন্দ্র সংক্রান্ত; কেন্দ্র পরে। [স. কৈন্দ্রিক]। **কেন্দ্রী** *বিণ* ১ কেন্দ্রযুক্ত। ২ কেন্দ্রস্থ। **কেন্দ্রীভূত** *বিণ* কেন্দ্রে পরিণত; কেন্দ্রগত। **কেন্দ্রীয়** *বিণ* ১ কেন্দ্রযুক্ত; কেন্দ্রে

অবস্থিত; কেন্দ্র সংক্রান্ত। ২ প্রধান বা মূল (কেন্দ্রীয় কমিটি)।
কেন্নো *বি* বহুপদ কীটবিশেষ; কর্ণকীট।
কেবল *বিণ* ১ অদ্বিতীয়; একমাত্র। ২ অনন্য; আর কিছু নেই এমন। ৩ ক্রমাগত; নিরবচ্ছিন্ন। ৪ অমিশ্র; শুদ্ধ। ৫ শূন্য; রিক্ত। ৬ সমগ্র; সমস্ত। ৭ নির্ণয়; অবধারণ; নিশ্চয়। ৮ অবিরাম; নিরন্তর, সর্বদা। ❑ *ক্রিবিণ* এইমাত্র; সবেমাত্র।
কেবলা[১] *বি* ১ মক্কার কাবাগৃহ যার দিকে মুখ করে নামাজ পড়া হয়। ২ পিতামাতা বা শিক্ষকের তুল্য শ্রদ্ধেয় ব্যক্তি। ৩ পিতা।
কেবলা[২]=ক্যাবলা।
কেবিন *বি* হাসপাতাল, জাহাজ, লঞ্চ প্রভৃতির ছোট কামরা। [ই.]
কেবিনেট *বি* ১ মন্ত্রিসভা; মন্ত্রিপরিষদ। ২ মন্ত্রণাগৃহ। [ই.]
কেমন *ক্রিবিণ* কী প্রকারের; কী ধরনের। ❑ *বিণ* ১ এক রকম; এক প্রকার। ২ ব্যাকুল; উচাটন; উদ্বিগ্ন। ৩ বেশ; আচ্ছা। **কেমন-কেমন** *বিণ* সন্দেহজনক; ভালোমন্দ বোঝার মতো অবস্থা নয় এমন। **কেমনতরো** *বিণ* ১ কী রকমের; কী প্রকারের। ২ অদ্ভুত; অপরূপ। **কেমন যেন** *বিণ* ১ ভালো নয় এমন সন্দেহজনক; কিছু পরিমাণে বোধ হয় এমন। [স. কিম্>]
কেমিক্যাল *বিণ* ১ রাসায়নিক প্রক্রিয়ায় প্রস্তুত এমন। ২ কৃত্রিম; নকল। [ই.]
কেয়া[১] *বি* কেতকী ফুল বা তার গাছ। [স. কেতক>]
কেয়া[২] *অব্য* কী চমৎকার। **কেয়াবাত** *অব্য* বাহবা; বেশ; কী চমৎকার কথা। [হি.]
কেয়াম, কিয়াম *বি* ১ দাঁড়ানো; নামাজে দণ্ডায়মান অবস্থা। ২ মিলাদ পাঠের সময়ে হজরত মুহম্মদ (স.)-এর স্মৃতির সম্মানে দাঁড়ানো। [আ.]
কেয়ামত, কিয়ামত, রোজ-কেয়ামত *বি* ১ ইসলাম ধর্মমতে প্রলয়ের দিন—এই দিন আল্লাহ্ মানুষের পাপ-পুণ্যের বিচার করেবেন; মহাপ্রলয়ের দিন; অন্তিম বিচারের জন্য মৃতদের পুনরুত্থানের দিন। ২ প্রলয়; ধ্বংস। [আ. কিয়ামৎ]
কেয়ার *বি* যত্ন; মনোযোগ; গ্রাহ্য; সমীহ; তত্ত্বাবধান। [ই.]
কেয়ূর *বি* বাজু; অঙ্গদ; বাহুর অলঙ্কারবিশেষ। [স.]
কেরদানি *বি* কর্মকৌশল; অভিজ্ঞতা; বাহাদুরি। [ফা. কারদানী]
কেরল *বি* ভারতের দক্ষিণ-পশ্চিম প্রান্তের প্রদেশবিশেষ; কেরালা; প্রাক্তন মালাবার। [স.]
কেরাত, কিরাত *বি* ১ কুরআনের বিশুদ্ধ পাঠ। ২ কুরআন পাঠের বিশেষ নিয়ম পদ্ধতি। [আ.]
কেরানি, কেরানী *বি* অফিসে বা প্রতিষ্ঠানের লেখক; কর্মচারী; মুনশি; দপ্তরের নিম্নপদস্থ কর্মচারী; এখনকার অফিস সহকারী; করণিক। [স. করণিক> করণি> কেরানি]। **কেরানিগিরি** *বি* কেরানির কাজ; মুনশিগিরি। **মাছিমারা কেরানি** *বি* যে অর্থ না বুঝে বা অর্থের সামঞ্জস্য না রেখে হুবহু নকল করে।
কেরামত, কেরামতি *বি* ১ ক্ষমতা; শক্তি; প্রতাপ। ২ অলৌকিক ক্ষমতা; ঐশশক্তি; বুজুর্গি। ৩ বাহাদুরি; নৈপুণ্য। ৪ ফের; বিপর্যয়। [আ.]। **কেরামতকারী** *বি, বিণ* ক্ষমতার অধিকারী; প্রতাপশালী। **কেরামতি** *বিণ* জাদুময়; অলৌকিক ক্ষমতাসম্পন্ন।
কেরামন কাতেবিন *বি* ১ যে ফেরেশতাগণ মানুষের দৈনন্দিন কাজের বিশদ বিবরণ লিপিবদ্ধ করতে নিযুক্ত। ২ সম্মানিত লেখকগণ। [আ.]
কেরায়, কেরেয়া *বি* বাড়ি গাড়ি নৌকা ইত্যাদির ভাড়া। ❑ *বিণ* ভাড়া করার উপযোগী; ভাড়ায় খাটে এমন। **কেরায়াদার** *বি* ভাড়াটে; প্রজা। [আ.]
কেরুয়াল, কেরোয়াল *বি* নৌকার হাল বা দাঁড়। [স. করবাল (তরবারি)>কেরুয়াল (তরবারির সাদৃশ্যে কল্পিত)]
কেরুল *বি* অঙ্কুর। [তুল. চট্ট. প(খ)রুল (বাঁশের পরুল বা খরুল)। [বা.]
কেরোসিন, কেরাসিন *বি* খনিজাত এক প্রকার জ্বালানি তৈল। [ই.]
কেলি, কেলী *বি* ১ প্রমোদ; বিহার। ২ ক্রীড়া; কৌতুক; হাসি-তামাসা। [স. √কেল্+ই=কেলি]
কেলিকদম্ব *বি* একশ্রেণীর কদম গাছ বা ফুল; কেলিকদম।
কেলু *বি* দেবদারু বা পাইন জাতীয় পার্বত্য গাছবিশেষ।
কেলে *বিণ* কালো। [বা. কালো+ইয়া= কালিয়া>কেলে]। **কেলেভূত** *বি* খুব কালো ও কদাকার ব্যক্তি; ভূতের মতো কালো ব্যক্তি। **কেলেমানিক, কেলেসোনা** *বি* ১ কালো ছেলে। ২ কাঁলাচাদ; কালো হলেও দেখতে সুন্দর। **কেলেহাঁড়ি** *বি* দীর্ঘদিন রান্নার ফলে যে হাঁড়িতে কালি লেগেছে।
কেলেঙ্কার *বিণ* কলঙ্কজনক; নিন্দাজনক। [স. কলঙ্ককর]। **কেলেঙ্কারি** *বি* ১ কলঙ্ক; অপযশ; নিন্দা। ২ কুৎসিত বা নিন্দজনক কাজ; কলঙ্ককর ব্যাপার।
কেল্লা, কিল্লা *বি* দুর্গ; সেনানিবাস; গড়। [আ.]
কেল্লাদার *বি* ১ দুর্গরক্ষক; কেল্লার ভারপ্রাপ্ত সেনানায়ক। ২ দুর্গশাসক। **কেল্লা ফতে** *বি* ১ দুর্গ জয়। ২ (আল.) সিদ্ধিলাভ; বাজিমাত। **কেল্লা ফতে করা, কেল্লা মাত করা, কেল্লা মারা** *ক্রি* ১ দুর্গ জয় করা। ২ (আল.) কঠিন কাজে সফলকাম হওয়া; উদ্দেশ্য সিদ্ধ হওয়া; কাজ হাসিল করা।
কেশ *বি* চুল। [স.]। **কেশকলাপ, কেশগুচ্ছ, কেশদাম, কেশপাশ** *বি* কেশরাশি; চুলের গোছা। **কেশকীট** *বি* উকুন। **কেশতৈল** *বি* কেশবর্ধক সুগন্ধি তেল; মাথায় মাখার উপযুক্ত তেল। **কেশ সংস্কার** *বি* ১ চুল আঁচড়ানো বা চুল বাঁধার কাজ; কবরীবন্ধন; টেরিকাটা। ২ সাবান সোডা বেশম ইত্যাদি দ্বারা চুল পরিষ্কার করা বা চুলের পরিচর্যা করা। **কেশস্পর্শ, কেশাগ্র স্পর্শ** *বি* (আল.) সামান্যতম ক্ষতি।
কেশব *বি* কৃষ্ণ; বিষ্ণু। [স.]
কেশর *বি* ১ ফুলের পাপড়ির মধ্যস্থ কেশের মতো সূক্ষ্ম অঙ্গ। ২ সিংহে অশ্ব প্রভৃতির ঘাড়ের দীর্ঘ লোম। ৩ জাফরান। ৪ বকুল ফুল বা তার গাছ। [স.]
কেশরী *বি* ১ সিংহ। ২ কেশরযুক্ত প্রাণী। ৩ শ্রেষ্ঠ; প্রধান। (বীরকেশরী)।
কেশিয়ার *বি* খাজাঞ্চি; কোষাধ্যক্ষ। [ই.]
কেশী *বিণ* ১ দীর্ঘ ঘন ও সুন্দর কেশবিশিষ্ট। ২ কেশ আছে এমন। ❑ *বি* কৃষ্ণ কর্তৃক নিহত কংসের একজন মল্লের নাম। **কেশিনী** *স্ত্রী*। [স.]

কেশুর, কেসুর *বি* মুথা জাতীয় এক প্রকার কন্দ। [স.]

কেষ্ট *বি* কৃষ্ণ। [স. কৃষ্ণ>কেষ্ট (অর্ধতৎসম)]

কেষ্টবিষ্টু *বি* (বিদ্রূপে) সম্মানিত লোক; হোমরাচোমরা।

কেস *বি* ১ মোকদ্দমা। ২ ঘটনা; ব্যাপার। ৩ রোগসংক্রান্ত ও মোকদ্দমা সংক্রান্ত ব্যক্তি বা ঘটনা; রোগী বা মক্কেল। ৪ এক ধরনের আলমারি; বাক্স বা কাপ। [ই.]

কেহ, কেউ *সর্ব* ১ কোনো ব্যক্তি বা জন্তু। ২ কোনো আত্মীয়; আপনজন; কোনো সম্বন্ধসূত্রে আত্মীয় ব্যক্তি। [স. কঃ অপি=কোপি>মাগধি প্রা. কেবি> বা. কেহ, কেহু> কেউ]। **কেউ কেউ, কেহ কেহ** *সর্ব* কোনো কোনো ব্যক্তি; কিছু সংখ্যক লোক। **কেউ না কেউ, কেহ না কেহ** *বি* একজন না একজন; কোনো না কোনো ব্যক্তি।

কৈকেয়ী, কৈকেয়ী *বি* ভরতের মা; রাজা দশরথের মধ্যমা স্ত্রী। [স.]

কৈছালি *বি* যন্ত্রণায় ধড়ফড় করা; কৈ মাছ ছাইয়ে পড়লে বা ছাই-মাখা কৈ মাছের যে বিপন্ন অবস্থা হয় সেই অবস্থা। [স. কবয়ি> কই+ছালি<ছালিআ< স. ক্ষারিকা]

কৈটভ *বি* একটি দৈত্যের নাম। [স.]

কৈতব *বি* ১ কপটতা; প্রতারণা; ছল। ২ জুয়াখেলা। [স.]। **কৈতববাদ** *বি* ১ মিথ্যা কথা। ২ চাটুবাদ। **কৈতববাদী** *বিণ* মিথ্যাভাষী; কপট। **কিতব** *বি* প্রবঞ্চক; কপট; মিথ্যাবাদী।

কৈফিয়ত *বি* ১ নিজ দোষাদির কারণ প্রদর্শন; জবাবদিহি। ২ জমা খরচের বাকি হিসাব-নিকাশ। [আ.]। **কৈফিয়ত তবল করা** *ক্রি* দোষাদির কারণ দেখাতে বলা; জবাব চাওয়া।

কৈবর্ত *বি* ১ ধীবর; জেলে। ২ হিন্দু সম্প্রদায়বিশেষ। [স. কৈবর্ত>কেওট]

কৈবল্য *বি* ১ (দ.) পরমাত্মভাব; পরমাত্মায় আত্মার বিলীন হয়ে যাওয়া। ২ (দ.) মোক্ষ; সংসারমুক্তি। ৩ (দ.) প্রকৃতির প্রভাব থেকে মুক্তিলাভ। [স.]। **কৈবল্যদায়িনী** *বি স্ত্রী.* হিন্দুমতে মুক্তিদায়িনী; আদ্যাশক্তি; পরমাশক্তি।

কৈলাস *বি* হিমালয় পর্বতের একটি অংশ। হিন্দুমতে শিবলোক; শিবের বাসস্থান। [স.]

কৈশোর *বি* যৌবনের পূর্বাবস্থা; কিশোর কাল; দশ বছর থেকে পনেরো বছর পর্যন্ত কাল। মানুষের জীবনের ছয় স্তরের তৃতীয় স্তর— শৈশব, বাল্য, কৈশোর, যৌবন, প্রৌঢ়ত্ব ও বার্ধক্য। [স.]

কোঁ, কোঁ কোঁ *অব্য* অনুকার শব্দবিশেষ; বেদনাবোধক অস্পষ্ট শব্দ।

কোঁক, কোঁখ *বি* ১ উদর; পেট। ২ গর্ভ (দশ মাস দশদিন ধরেছিনু কোঁখে)। ৩ উদরের পার্শ্বদেশ; কুক্ষি। [স. কুক্ষি>কোঁখ>কোঁক]

কোঁকড়া *বিণ* কুঞ্চিত; বক্র। [স. কর্কট>কক্কড়>]

কোঁকানো *ক্রি* ১ কোঁথানো। ২ অনুচ্চস্বরে কাঁদা। ৩ কোঁ কোঁ করা; যন্ত্রণায় কোঁকানো। ৪ উক্ত সকল অর্থে। [বা. √কোঁক+আনো]

কোঁচ[১]**, ক্যাচাঁ** *বি* মাছ কচ্ছপ ইত্যাদি মারবার তীক্ষ্ণাগ্র বহু লৌহশলাকাযুক্ত বর্শাবিশেষ। [স. কুন্ত> কুংতে> কুব্চ>কোঁচ]

কোঁচ[২] *বি* কুঞ্চনের ভাব। [স. কুঞ্চন>কুঁচন>কোঁচ]

কোঁচ[৩] *বি* এক প্রকার জলচর পাখি। [স. ক্রৌঞ্চ> কোঁচ]

কোঁচকা *বিণ* ১ কুঞ্চিত; কোঁকড়া। ২ বলি রেখান্বিত। [স. কুঞ্চ>বা. √কোঁচ্+কা]

কোঁচড় *বি* কোঁচার বা ক্রোড়ের বস্ত্রাংশের আধার বা থলিবিশেষ। [স. কুঞ্চ>বা. √কোঁচ্+অড়=কোঁচড়]

কোঁচা, কোঞ্চা *বি* পরিধেয় বস্ত্রের কুঞ্চিত অগ্রভাগ; ধুতি শাড়ি বা লুঙ্গির সম্মুখের কোঁচানো ঝোলা অংশ। [স. √কুঞ্চ=বা. √কোঁচ+আ=কোঁচা; কোঞ্চা]। **কোঁচা দুলিয়ে বেড়ানো** *ক্রি* দায়িত্বশূন্যভাবে আলস্যে ঘুরে বেড়ানো; বাবুগিরি করা। **বাইরে কোঁচার পত্তন ভিতরে ছুঁচোর কেত্তন**—অভাবহেতু ঘরে দারুণ অশান্তি ও দুরবস্থা কিন্তু বাইরে বড়মানুষি দেখানো।

কোঁড়, কোঁড়া, কুরুল *বি* ১ বাঁশ ইত্যাদির অঙ্কুর। ২ কুঁড়ি।

কোঁড়ল[১]**, কোড়ল** *বি* ১ কুড়ল পাখি; পাখিবিশেষ। ২ বাঁশ বেত ইত্যাদির নতুন অঙ্কুর; কোড়া।

কোঁড়ল[২] *বি* কোষবৃদ্ধি রোগ। [স. কুরণ্ড>কুড়ল্ল> কোড়ল, কোঁড়ল]

কোঁড়া *ক্রি* গর্ত করা; খনন করা; খোঁড়া। [স. √ক্ষুদ্র=বা. √খুড়= √কুড়+আ=কোড়া, কোঁড়া]

কোঁত, কোঁথ *বি* ১ মল ইত্যাদি ত্যাগের বেগ; মল প্রভৃতি ত্যাগের উদ্দেশ্যে দম বন্ধ করে জোর বা চাপ দেওয়া। ২ কাতরতা প্রকাশক ধ্বনি; কাতরানি। [স. কুন্থ>বা. কোঁথ> কোঁত]। **কোঁত দেওয়া** *ক্রি*।

কোঁৎকা, কোঁতকা *বি* ১ মোটা লাঠি; লগুড়; মুষল (একটা কোঁৎকা ছাড়া হাইকিঙ্গে বেরোতে নেই)। ২ লাঠির আঘাত। [ফা. কুতক]

কোঁথলি *বি* ছোট পাতলা কাঁথা। [স. কন্থা> কোঁথ+লী]

কোঁদা[১]**, কুঁদা**[১] *ক্রি* ১ খরাদ করা; কুঁদ নামক যন্ত্রে ঘুরিয়ে কাটা। ২ কেটে প্রয়োজনীয় রূপ দেওয়া। ৩ খোদাই করা। ❑ *বিণ* কুঁদে গঠন করা হয়েছে এমন। [স. √ক্ষুদ্=বা. √খুদ্ কুঁদ+আ]। **কুঁদন, কোঁদন** *বি*।

কোঁদা[২]**, কুঁদা**[২] *ক্রি* ১ আস্ফালন করা; কুর্দন করা; মারবার জন্য রুখে যাওয়া। ২ লাফানো।। ❑ *বি* ১ আস্ফালন; কুর্দন। ২ লম্ফন। [স. √কুদ্ বা. √কুঁদ+আ=কুঁদা]। **কুঁদন, কোঁদন** *বি* ১ আস্ফালন; কুর্দন। ২ লম্ফন। **কুঁদাকুঁদি, কুঁদোকুঁদি** *বি* লাফালাফি।

কোঁয়াজ্বর, কোয়াজ্বর *বি* বাতশিরা জ্বর; অণ্ডকোষস্ফীতিজনিত জ্বর।

কোক[১] *বি* সামান্য পোড়ানো পাথুরে কয়লা; রান্নার উপযোগী পোড়ানো খনিজ কয়লা। [ই.]

কোক[২]**, কোকাকোলা** *বি* মার্কিনি নরম পানীয়। [ই.]

কোকনদ *বি* ১ রক্তপদ্ম। ২ লাল শালুক; রাঙা সুঁদি। ৩ (আল.) রত্ন। [স.]

কোকাফ, কাহ্‌কাফ *বি* কবিপ্রসিদ্ধি অনুসারে পৃথিবী বেষ্টনকারী পাহাড়বিশেষ যেখানে জিনপরীরা বাস করে; ককেসাস পর্বত। [ফা.]

কোকিল *বি* এক প্রকার কালো রঙের সুকণ্ঠ পাখি; পিক; পরভৃত। [স.]। **কোকিলা** *স্ত্রী.*। **কোকিলকণ্ঠ** *বিণ*

কোকিলের মতো সুমধুর স্বরবিশিষ্ট। **কোকিলকণ্ঠী** *স্ত্রী.*।
কোকিলাসন *বি* এক প্রকার তান্ত্রিক যোগাসন।
কোকেন *বি* আমেরিকার কোকাগাছের পাতা থেকে প্রস্তুত এক প্রকার মাদকদ্রব্য ও ওষুধবিশেষ। [ই.]
কোঙর, কোঁয়র *বি* ১ পুত্র; সন্তান; তনয়। ২ কুমার; রাজপুত্র। [স. কুমার>কোঙর; কোঁয়ার]
কোঙা, কোঙ্গা *বিণ* কুঁজো; বক্রপৃষ্ঠ। [হি. কোঙা]
কোঙ্কণ *বি* ১ ভারতের মহারাষ্ট্রের একটি জনপদ। ২ এক প্রকার অস্ত্র। **কোঙ্কণা** *বি স্ত্রী.* হিন্দু পুরাণোক্ত পরশুরামের মা রেণুকা। [স.]
কোচ[১], কোঁচ (কূচ) *বি* ১ ভারতের কোচবিহারের আদিম বাসিন্দা। ২ ধীবর সম্প্রদায়বিশেষ।
কোচ[২] *বি* মাছ ধরার অস্ত্র বা যন্ত্রবিশেষ; প্রাচীন কোচ জাতির নাম থেকে তাদের মাছ ধরার যন্ত্রের নাম।
কোচবাক্স *বি* গাড়োয়ান যেখানে বসে গাড়ি চালায়; গাড়িতে কোচমানের বসার আসন। [ই.]
কোচম্যান, কোচোয়ান *বি* গাড়োয়ান; ঘোড়ার গাড়ির চালক। [ই.]
কোজাগর *বি* আশ্বিন মাসের পূর্ণিমা। [স. কঃ (ক)+জাগর (<√জাগ্) (জাগিতেছে) (এই পূর্ণিমায়) কে জাগে?]। **কোজাগরী** *বিণ* ১ কোজাগর সংক্রান্ত। ২ কোজাগর কালে।
কোট[১] *বি* ১ দুর্গ। ২ নগর। ৩ অধিকার; দখল। ৪ গোঁ; পণ। ৫ সীমানা; চতুঃসীমা; চৌহদ্দি। [স. কোষ্ঠ>কোট্ট>]
কোট[২] *বি* অন্যান্য জামার উপরে পরার ইউরোপীয় প্রণালীতে তৈরি সুপরিচিত জামা। [ই.]
কোটন, কুটন *বি* খণ্ড খণ্ড করা; গুঁড়া বা চূর্ণ করা। [স. √কুট্ট=বা. √কুট্+অন=কুটন, কোটন]
কোটনা[১] *বি* ১ একের বিরুদ্ধে মিথ্যা কথা বলে অপরের সঙ্গে বিবাদ বাধায় যে। ২ স্ত্রী-পুরুষের অবৈধ মিলনদূত; গুপ্ত প্রণয় ইত্যাদি কাজের মধ্যস্থ ব্যক্তি। [স. কুট্টনা>কোটনা]। **কোটনাগিরি, কোটনাপনা** *বি* কুপরামর্শ। **কোটনামি** *বি* ১ কানভাঙানি। **কোটনি**⇒কুটনি
কোটর *বি* ১ গাছের গুঁড়ির মধ্যস্থ গর্ত বা খোঁড়ল। ২ গহ্বর। ৩ কুটির; ক্ষুদ্র কক্ষ; ছোটঘর; খোপ। **কোটরগত** *বিণ* কোটরে বা গহ্বরে প্রবিষ্ট।
কোটরা, কটোরা *বি* কোটা; পাত্র; ভাণ্ড। [স. কটোর+আ(প)=কটোরা, কোটরা]
কোটা[১], কুটা *ক্রি* ১ কেটে খণ্ড খণ্ড করা; ছোট ছোট করে কাটা। ২ চূর্ণ করা। ৩ ছেঁচা; ঠোকা; ক্রমাগত আঘাত করা। ৪ ছেনি দিয়ে ঠুকে খাঁজ কাটা। ❑ *বিণ* আঁকশি; ফল পাড়ার লগি। ❑ *বি* কর্তন; চূর্ণন; পেষণ। [স. √কুট্ট=বা. √কুট্+আ=কুটা, কোটা]। **কুটানো, কোটানো** *ক্রি* ১ অন্যের দ্বারা কাটানো বা খণ্ড খণ্ড করানো। ২ চূর্ণ করানো; ছেঁচানো। ৩ ছেনি ঠোকানো ❑ *বিণ* অপরের দ্বারা কর্তিত; খণ্ডিত; চূর্ণিত।
কোটা[২] *বি* নির্দিষ্ট অংশ। [ই. quota]
কোটারি *বি* ক্ষুদ্র চক্র; স্বার্থবাদী ক্ষুদ্র গোষ্ঠী। [ফ.]
কোটাল[১]⇒কটাল। অমাবস্যা বা পূর্ণিমায় সমুদ্রের পরে জলস্রাস (মরা কটাল)। [তা. 'কড়েল'=সমুদ্র। তা. কড়েল> কটাল, কোটাল, তুল, হি. 'কটাল']
কোটাল[২] *বি* ১ নগররক্ষক; কোতোয়াল। ২ প্রহরী; পাহারাদার। [স. কোট্টাল> কোট্টবাল>কোট্টআল> কোটাল। তুল. ফা. কুৎৱাল]
কোটালি *বি* কোটালগিরি; কোটালের পদ। [বা. কোটাল+ই=কোটালি]
কোটি, কোটী *বি* ১ ক্রোর; শত লক্ষ; ১,০০,০০,০০০ সংখ্যা। ২ ধনু খড়্গ ইত্যাদির অগ্র বা প্রান্তভাগ। ৩ ধার; প্রান্ত। ৪ অগ্র। ৫ উৎকর্ষ; পরাকাষ্ঠা। ৬ তর্কবিতর্কে এক পক্ষ। ৭ শ্রেণী; কোঠা। ❑ *বিণ* ১ শত লক্ষ সংখ্যক; ১,০০,০০,০০০ সংখ্যা পরিমিত। ২ অসংখ্য। [স.]। **কোটিকল্প** *বি* ১ হিন্দুমতে ব্রহ্মার এক কোটি দিন অর্থাৎ মানুষের ৮৬৪,০০,০০,০০০,০০,০০,০০০ বছর। ২ অনন্তকাল; চিরদিন। **কোটিপতি** *বি* ধনকুবের; মহাধনবান।
কোটেশন *বি* ১ উদ্ধৃতি। ২ উদ্ধার-চিহ্ন; " – " এই চিহ্ন। ৩ দরপত্র; মূল্য বা পারিশ্রমিক; ব্যবসায়ী যে দরে মাল সরবরাহ করতে পারে সেই দর। [ই.]
কোট্ট, কোঠ *বি* দুর্গ; গড়; সুরক্ষিত গৃহ বা প্রাসাদ।
কোঠা *বি* ১ প্রকোষ্ঠ; কামরা। ২ পাকাঘর; অট্টালিকা। ৩ স্তর; শ্রেণী; অবস্থা (জীবনের শেষ কোঠা)। ❑ *বিণ* পাকা (বাড়িখানি কোঠা—খগেন্দ্র)। [স. কোষ্ঠ> কোট্ট>কোঠ> কোট+আ]
কোড *বি* ১ আইনের সারগ্রন্থ। ২ নিয়মাবলী; প্রচলিত রীতি। ৩ সংকেত পদ্ধতি। [ই.]
কোড়য়, কড়ুই *বি* এক প্রকারের গাছ যাকে গ্রামে সাধারণত 'কড়ে' বা 'কড়ৈ' গাছ বলে।
কোড়া[১] *বি* কশা; চাবুক; এক ধরনের বেত। [হি.]
কোড়া[২] *বি* এক প্রকারের বুনো/পোষা পাখি; ময়মনসিংহ গীতিকায় উল্লিখিত কালো রঙের পাখি।
কোণ *বি* ১ (জ্যা.) দুই সরলরেখার মিলনবিন্দুতে উৎপন্ন। ২ দুই পার্শ্বের মিলন স্থান। ৩ সূক্ষ্ম প্রান্ত। ৪ অস্ত্রাদির অগ্রভাগ। ৫ খুঁট (কাপড়ের কোণ)। ৬ গৃহাভ্যন্তর; অন্তঃপুর। ৭ চালের কণা; চাল থেকে বিক্ষিপ্ত কোণাংশ। [স. কণ্]। **কোণঘেঁষা** *বিণ* অমিশুক, লাজুক; নির্জনবাসী। **কোণঠাসা** *বিণ* ১ সঙ্কীর্ণ গণ্ডীর মধ্যে আবদ্ধ; অপর সকলের চাপে জড়সড়; একঘরে। ২ উপেক্ষিত; অবজ্ঞাত। **সন্নিহিত কোণ** *বি* (জ্যা.) এক সরলরেখার উপর অপর সরলরেখা স্থাপিত হলে পাশাপাশি যে দুটি কোণের সৃষ্টি হয় তাদের যে কোনো একটি। **সমকোণ** *বি* (জ্যা.) এক সরলরেখার উপর অপর সরলরেখা স্থাপিত হলে পরস্পর সমান যে দুটি সন্নিহিত কোণের সৃষ্টি হয় তাদের যে কোনো একটি; ৯০°। **সূক্ষ্মকোণ** *বি* (জ্যা.) সমকোণ অর্থাৎ ৯০° অপেক্ষা ক্ষুদ্রতর কোণ। **স্থূলকোণ** *বি* (জ্যা.) সমকোণ অর্থাৎ ৯০° অপেক্ষা বৃহত্তর কোণ।
কোতোয়াল, কোতওয়াল *বি* নগররক্ষক; প্রহরী; থানাদার; কোটাল। [স. কোষ্ঠপাল> কোট্টরল> কোতওয়াল; ফা. কোৎওয়াল]। **কোতোয়ালি, কোতোয়ালী** *বি* ১ কোতোয়ালের কর্ম বা পদ। ২ কোতোয়ালের স্থান; থানা।
কোথা *অব্য, বি* কোন স্থান। ❑ *অব্য, ক্রিবিণ* কোন স্থানে; কোথায়। [স. কুত্র>কুত্থ>কুথ+আ=কোথা]। **কোথাকার** *বিণ* কোন স্থানের।
কোদণ্ড *বি* ১ ধনু; শরাসন; চাপ। ২ ভ্রূলতা; ভ্রূভঙ্গি। **কোদণ্ড-টঙ্কার** *বি* ধনুকের ছিলা আন্দোলনের শব্দ।

কোদাল, কোদালি *বি* কাটার এক প্রকার অস্ত্র বা যন্ত্র। [স. কুদ্দাল>কোদাল]। **কোদলানো, কোদাল পাড়া** *ক্রি* কোপানো; কোদাল দিয়ে মাটি কাটা।

কোন *সর্ব,বিণ* ১ কী; কে। ২ অনির্ধারিত বা অনির্দিষ্ট কোনটি। ❑ *ক্রিবিণ* ১ কী প্রকারে; কিভাবে; কিসে। ২ কেন; কী হেতু; কী কারণে। ৩ কেননা; কই; কোথায়।

কোনা *বি* ১ পানের হিসাব; ৩০০ পানেএক কোনা। ২ পোয়া; এক কুনিকা। ৩ ধানের কণা। ৪ কোণ।

কোনো *সর্ব,বিণ* ১ অনির্দিষ্ট বা অনির্ধারিত একজন লোক বা একটি বস্তু। ২ বহুর মধ্যে একটি বা একজন। [স. কিম্>প্রা. কবণ>কৌণ; কোন]। **কোনো একটা, কোনো একটি** *সর্ব* অনির্ধারিত বা অনির্দিষ্ট বস্তু।

কোন্দল, কোঁদল *বি* ঝগড়া। **কোন্দলিয়া, কুন্দলিয়া, কুন্দল** *বিণ* ঝগড়াটে; কুঁদুলে; কলহপ্রিয়। [স. কুন্দল>কোঁদল, কোন্দল+উলিয়া= কুন্দলিয়া> কুঁদুলে]

কোপ[১] *বি* ১ ক্রোধ; রাগ। ২ বিরক্তি; অসন্তোষ; বিরাগ। [স. √কুপ্(ক্রোধ করা)+অ(ঘঞ), ভাববাচ্যে=কোপ। স. √কুপ্+আ=কুপা; কোপা]। **কোপকটাক্ষ** *বি* ক্রুদ্ধ দৃষ্টি; রোষকষায়িত দৃষ্টি। **কোপন** *বিণ* ১ ক্রোধী; রাগী; সহজে ক্রুদ্ধ হয় এমন। ২ ক্রুদ্ধ; রাগান্বিত। **কোপনা** *স্ত্রী*। **কোপনপ্রকৃতি, কোপনস্বভাব** *বিণ* সামান্য কারণেই ক্রুদ্ধ হয় এমন স্বভাববিশিষ্ট; যে সহজেই রেগে যায় এমন। **কোপানল** *বি* ক্রোধাগ্নি; ক্রোধরূপ বহ্নি। **কোপান্বিত, কোপাবিষ্ট** *বিণ* ক্রুদ্ধ; রুষ্ট; ক্রোধে অভিভূত। **কোপী**(পিন্) *বিণ* রাগ করে এমন।

কোপ[২], কোব *বি* ১ তীক্ষ্ণ ও ভারী অস্ত্র দ্বারা আঘাত। ২ (আল.) কথা বা ব্যবহারের আঘাত; ব্যথা; চোট। [ফা. কূব্]

কোপানো *ক্রি* ১ তীক্ষ্ণধার অস্ত্র দ্বারা বারবার আঘাত করা। ২ তীক্ষ্ণ অস্ত্রের কোপ দেওয়া। ৩ কোদাল ইত্যাদি দ্বারা কাটা; কোপ মেরে কাটা। [ফা. কোব+বা. আনো= কোবানো/ কোপানো]

কোপিত, কুপিত *বিণ* রাগানো বা চটানো হয়েছে এমন; ক্রোধান্বিত; রোষিত। [স. √কুপ্+ক্ত(ত) =কোপিত]

কোপ্তা, কোফতা *বি* মসলা সহযোগে প্রস্তুত মাছ বা মাংসের ভাজা বড়াবিশেষ। [ফা. কুফতা]

কোবিদ *বিণ* ১ জ্ঞানী; পণ্ডিত; পারদর্শী। ২ দক্ষ; নিপুণ। [স.]

কোমর *বি* কটিদেশ; মাজা। **কোমরপাটা** *বি* মেখলা; নারী ও শিশুদের কটিভূষণবিশেষ। **কোমরবন্দ(-ন্ধ)** *বি* কটিবন্ধ; পেটি; পরিকর। [ফা. কমর+ ফা. বন্দ্]। **কোমর বাঁধা, কোমর কষা** *ক্রি* ১ দৃঢ়সংকল্প হওয়া। ২ কোনো কার্যসাধনে উঠে পড়ে লাগা।

কোমল *বিণ* ১ নরম; কাঠিন্যশূন্য। ২ ললিত; মধুর; সুকুমার। ৩ মৃদু। ❑ *বি* নরম সুর। [স.]। **কোমলতা, কোমলত্ব** *বি*। **কোমলা** *বি স্ত্রী*।

কোম্পানি, কম্পানি, কোং *বি* ১ যৌথ ব্যবসায় প্রতিষ্ঠান। ২ বণিক সমিতি। ৩ ইস্ট ইন্ডিয়া কোম্পানি নামে খ্যাত বণিক সম্প্রদায় যারা ভারতবর্ষে ব্রিটিশ সাম্রাজ্য স্থাপন করে। ৪ ইংরেজ সরকার। **কোম্পানির আমল** *বি* ভারতবর্ষে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনকাল। [ই. কোম্পানি+আ. আমল]। **কোম্পানির কাগজ** *বি* সরকার কর্তৃক গৃহীত ঋণের স্বীকারোক্তিবিশেষ।

কোয়া, কোআ *বি* কাঁঠাল কমলা ইত্যাদি ফলের কোষ। [স. কোষ>কোহ্+আ= কোহ্বা>কোআ> কোয়া]। **কোয়াওলা** *বিণ* কোষবিশিষ্ট।

কোয়েল (পদ্য) *বি* কোকিল। **কোয়েলা** *স্ত্রী*। [স.]।

কোরক *বি* কলিকা; মুকুল; কুঁড়ি।

কোরফা, কোর্ফা *বিণ* ১ (যে প্রজা) অন্য প্রজার নিকট থেকে জমি নিয়ে চাষ করে; প্রজার অধীন। ২ রায়তের অধীন রায়ত, জমিতে যার স্বত্ব থাকে না। [আ. কুরফা]। **কোরফা পত্তন, কোর্ফা পত্তন** *বি* রায়তের পক্ষ থেকে নতুন প্রজা বসানো। **কোরফা প্রজা, কোর্ফা প্রজা** *বি*।

কোরবান, কুরবান *বি* আল্লাহ্‌র সন্তুষ্টির উদ্দেশ্যে ত্যাগ; উৎসর্গ; বিশেষ উদ্দেশ্যে জীবন বা আত্মদান। [আ.]। **কোরবানি, কুরবানি** *বি* আল্লাহ্‌র উদ্দেশ্যে জিলহজ্জ মাসের দশ এগারো ও বারো তারিখে ইসলামি বিধান অনুযায়ী পশু জবাই।

কোরা[১] *বিণ* ১ মাড়যুক্ত, আধোয়া; যা ধোলাই হয়নি। ২ সম্পূর্ণ নতুন; আনকোরা; অব্যবহৃত। [হি. 'কোরা'=একেবারে নতুন। তুল. 'আনকোরা']

কোরা[২], কুরা *ক্রি* কোরানি দিয়ে (নারিকেলের শাঁস) চাঁছা; কোরানো। ❑ *বি* যা চেঁছে বের করা হয়েছে; কুরে প্রস্তুত করা (কোরা নারিকেল)। [বা. √কুর্+আ]

কোরানি, কুরানি *বি* নারকেল ইত্যাদি কোরাবার জন্য দাঁতালো ও বটির আকৃতিবিশিষ্ট অস্ত্র।

কোরানো *ক্রি* ১ কোরানি দিয়ে চাঁছা, আঁচড়িয়ে বের করা (নারিকেল কোরানো)। ২ ক্রমে ক্রমে ক্ষয় করা বা কাটা। ❑ *বি,বিণ* উক্ত সকল অর্থে। [বা. √কুর+আনো]

কোরাম *বি* বৈধভাবে সভা পরিচালনার জন্য ন্যূনতম সদস্যের উপস্থিতি।

কোরাল *বি* ভেটকি জাতীয় বড় মাছ।

কোরাস *বি* সমবেত বা বৃন্দগান; ঐকতান।

কোরেশ *বি* মক্কার বিখ্যাত কুরাইশ বংশ; যে বংশে হযরত মুহম্মদ (সা.) জন্মগ্রহণ করেন। [আ.]। **কোরেশী** *বি,বিণ* কুরাইশ বংশীয়।

কোর্ট *বি* আদালত; ধর্মাধিকরণ। [ই.]

কোর্টশিপ *বি* পাশ্চাত্য প্রথায় বিয়ের আগে পাত্রপাত্রীর মধ্যে হৃদয়ের আদান-প্রদান; পূর্বরাগ; মন দেওয়া-নেওয়া। [ই.]

কোর্মা, কোরমা *বি* তুর্কি পদ্ধতিতে প্রস্তুত ঘি দিয়ে ঝালহীন রান্নাকরা মাংস। [তু. কোর্মা]

কোল[১] *বি* ভারতবর্ষের আদিম অস্ট্রিক গোত্রীয় লোক।

কোল[২] *বি* নদীতে চড়া পড়ে স্রোত বন্ধ হয়ে যে খাল বা ডোবার সৃষ্টি হয়; নদীর চর ও তীরের মধ্যবর্তী অপরিসর ও অগভীর ডোবা। [ফা.; চট্টগ্রামে (আঞ্চলিক) ঘোনা]

কোল[৩] *বি* ১ অঙ্ক; ক্রোড়। ২ আলিঙ্গন। ৩ পেট বা মধ্যভাগ; পেটি। ৪ কিনারা; তীর। ৫ মধ্যদেশ; বক্ষ। ৬ সান্নিধ্য; সন্নিকট। [স. ক্রোড়>কোড়> কোর>কোল(র=ল)]। **কোল আঁধার** *বি* নিজের ছায়ার জন্য অন্ধকার সম্মুখভাগ। **কোলকুঁজা, কোলকুঁজো** *বিণ* দেহ কোমরের দিকে বেঁকে সামনের দিকে একটু কুঁজো হয়েছে এমন। **কোলজোড়া, কোলজোড়ানো** *বিণ* কোলে বসে মায়ের মনে আনন্দ ও শান্তি দেয় এমন; মায়ের অতি আদরের ধন

এমন। **কোলজোড়া হয়ে থাকা** *ক্রি* ১ মায়ের কোল অধিকার করে থাকা। ২ (আল.) বেঁচে থাকা। **কোল দেওয়া** *ক্রি* আলিঙ্গন করা। **কোল পাওয়া** *ক্রি* মায়ের আদর পাওয়া। **কোল পাতলা** *বিণ* পরস্পর খানিক দূরবর্তী; ঘেঁষাঘেঁষি নয় এমন। **কোলপোঁছা, কোলপুঁছা, কোলমোছা, কোলঝাড়া** *বিণ* সর্বশেষ গর্ভজাত; (সন্তানের ক্ষেত্রে) কনিষ্ঠ। **কোলবালিশ** *বি* পাশবালিশ; যে বালিশ কোলে রেখে শয়ন করা হয়। **কোলে কাঁখে করা, কোলে পিঠে করা** *ক্রি* বিশেষ যত্নের সঙ্গে লালনপালন করা; শিশুকাল থেকে সযত্নে লালনপালন করা। **কোলের ছেলে** *বি* ১ দুগ্ধপোষ্য বা মাইখেকো ছেলে। ২ সর্বকনিষ্ঠ ছেলে।

কোলন *বি* যতিচিহ্নবিশেষ; ' : ' এই চিহ্ন। [ই.]

কোলা *বিণ* মোটা; স্ফীতোদর। ❑*বি* পেটমোটা বড় জালাবিশেষ।

কোলাকুলি *বি* পরস্পর আলিঙ্গন।

কোলা ব্যাঙ/ব্যাং *বি* পেটমোটা বড় ব্যাঙবিশেষ যা অল্প গভীর জলাশয়ে বাস করে। [বা. কোলা+স. ব্যঙ্গ> =কোলা ব্যাঙ]

কোলাহল *বি* অনেক লোকের মিলিত কণ্ঠস্বর; গোলমাল; শোরগোল। **কোলাহলময়, কোলাহলময়ী** *বিণ* মুখর; কোলাহলপূর্ণ।

কোশল, কোসল *বি* কাশীর উত্তরস্থ অযোধ্যা প্রদেশ এবং নিকটের জনপদ।

কোশাদা, কুশাদা *বিণ* ১ প্রশস্ত; বিস্তৃত; চওড়া। ২ খোলা; অনাবৃত; মুক্ত। ৩ সুপ্রশস্ত। [ফা. কোষাদহ্]। **কোশাদা করা, কুশাদা করা** *ক্রি* প্রশস্ত করা।

কোশেশ, কুশিশ *বি* বিশেষ চেষ্টা; প্রয়াস; প্রযত্ন। [ফা. কুশিশ]। **কোশেশ করা** *ক্রি* বিশেষ চেষ্টা করা।

কোষ *বি* ১ ভাঁড়ার; ভাণ্ডার। ২ ধনরত্ন; ধনরাশি। ৩ আধার; থলি। ৪ খাপ। ৫ কোয়া। ৬ অভিধানগ্রন্থ। ৭ রেশমের গুটি। ৮ মুকুল; কুঁড়ি। ৯ (প্রাণি.) প্রাণীদেহের সূক্ষ্ম অংশবিশেষ। ১০ জৈবসত্তার বিভিন্ন স্তর। ১১ মুষ্ক; প্রাণীদেহের অণ্ড। ১২ মঞ্জুষা; পেটিকা। ১৩ কোষা। [স.]। **কোষকাব্য** *বি* বিভিন্ন কবিতার সংকলন গ্রন্থ। **কোষকার** *বি* ১ অভিধান প্রণেতা। ২ গুটি পোকা। **কোষবৃদ্ধি** *বি* কুরণ্ডরোগ; অণ্ডকোষের স্ফীতিজনিত রোগবিশেষ। **কোষমুক্ত** *বিণ* নিষ্কোষিত; খাপ থেকে বের করা হয়েছে এমন।

কোষা, কোশা *বি* ১ হিন্দুদের পূজার কাজে ব্যবহৃত নৌকাকৃতি ও তামার তৈরি জলপাত্রবিশেষ। ২ ডোঙ্গা; এক ধরনের ছোট নৌকা বা ডিঙ্গি। [স. কোষ+বা. আ=কোষা; কোশা]

কোষাধ্যক্ষ *বি* ১ ধনভাণ্ডারের রক্ষক; ধনাগারের কর্তা। ২ খাজাঞ্চি। [স. কোষ+অধ্যক্ষ]

কোষী, কোশী *বি* ছোট কোষা; কুশি; যা দিয়ে কোষা থেকে পানি তোলা যায়। [স.]

কোষ্টা, কোষ্টাপাট *বি* পাটখড়িবিহীন শুষ্কপাট; বিক্রির জন্য তৈরি পাট; পাটের গুচ্ছ। [দেশী]

কোষ্ঠ *বি* ১ কক্ষ; ঘর; গৃহ। ২ গোলা; শস্যভাণ্ডার। ৩ জলাশয়; উদরের মধ্যস্থিত (মলভাণ্ড)। ৪ মল। **কোষ্ঠকাঠিন্য, কোষ্ঠবদ্ধতা** *বি* মলাশয়ের মল সহজে নির্গম না হওয়া; পেটের মল পরিষ্কার না হওয়ার রোগ।

কোষ্ঠী, কুষ্ঠি *বি* জন্মপত্রিকা; যার মধ্যে জীবনের শুভাশুভ লেখা থাকে। [স. কোষ্ঠ+ঈ]। **কোষ্ঠী বিচার** *বি* কোষ্ঠীর ফলাফল নির্ণয়।

কোস্তাকুস্তি *বি* ধ্বস্তাধ্বস্তি। [ফা. কুশতম-কুশতা। বাংলায় শব্দের উচ্চারণ বিভ্রাটে আগেপিছে হয়ে দাঁড়িয়েছে— 'কোস্তাকুস্তি']

কোহল *বি* ১ এক প্রকার প্রাচীন মদ। ২ সুরাসার। ৩ বাদ্যযন্ত্রবিশেষ। [আ. কুহল]

কোহিতুর, কুহতুর *বি* তুর বা সিনাই পর্বত। [ফা. কূহ্-ই-তুর]

কোহিনুর *বি* ১ ঐ নামের সুপ্রসিদ্ধ হীরক; মহামূল্য মণি। ২ (আল.) সর্বাপেক্ষা মূল্যবান পদার্থ। ৩ আলোর পাহাড়। ৪ গৌরবজনক ব্যক্তি। [ফা. কূহ্-ই-নূর]

কৌ *বি* কাউগাছ; বৃক্ষবিশেষ। [দেশী]

কৌসুলি⟹ কৌন্সিল।

কৌচ *বি* ১ গদি-আঁটা বড় আরাম কেদারা বা বসার আসনবিশেষ। ২ পালঙ্ক। [ই.]

কৌটা, কৌটো *বি* ঢাকনিযুক্ত ছোট পাত্র বা আধার-বিশেষ। [দেশী]

কৌটিল্য *বি* ১ কুটিলতা। ২ ক্রূরতা; নিষ্ঠুরতা; নির্দয়তা। ৩ বক্রতা। ৪ চাণক্য; মৌর্যবংশীয় সম্রাট চন্দ্রগুপ্তের কূটনীতিবিশারদ ও অর্থশাস্ত্র রচয়িতা মন্ত্রীর নাম। [স.]

কৌণিক *বিণ* ১ কোণ সংক্রান্ত। ২ কোনাচে; কোনাকুনি। [স.]

কৌতুক *বি* ১ আমোদ; আনন্দ; মজা। ২ পরিহাস; ঠাট্টা; তামাসা; রহস্য। ৩ কৌতূহল; ঔৎসুক্য। [স.]। **কৌতুকাবহ** *বিণ* ১ আমোদজনক; কৌতূহলজনক; মজার। ২ আমোদজনক। **কৌতুকী** *বিণ* ১ কৌতুকপূর্ণ। ২ কৌতুককারী। ৩ আমুদে; রহস্যপ্রিয়; পরিহাসপ্রিয়। ৪ কৌতূহলী। [স.]

কৌতূহল *বি* ঔৎসুক্য; নতুন বা অজ্ঞাত বিষয় জানার আগ্রহ। [স.]। **কৌতূহলপরবশ** *বিণ* জিজ্ঞাসু; উৎসুক। **কৌতূহলী** *বিণ* ১ উৎসুক; নতুন কিছু জানবার জন্য আগ্রহী বা ইচ্ছুক। ২ কৌতূহল উদ্রেককর। **কৌতূহলোদ্দীপক** *বিণ* ঔৎসুক্যবর্ধক; যাতে কোনো অজানা বিষয় জানার আগ্রহ বাড়ে।

কৌন্তেয় *বি* মহাভারতোক্ত কুন্তীর পুত্র— যুধিষ্ঠির, ভীম, অর্জুন ইত্যাদি। [স.]

কৌন্সিল *বি* মন্ত্রণাসভা; পরিষদ। **কৌন্সিলি, কৌসুলি** (counsel) *বি* উচ্চ আদালতের উকিলবিশেষ; ব্যারিস্টার। [ই.]

কৌপীন *বি* নেংটি; লেঙ্গট; কপ্নি। [স.]

কৌম *বি* গোষ্ঠী; সম্প্রদায়; কওম। [আ.]

কৌমার্য *বি* অনূঢ় অবস্থা; অবিবাহিত অবস্থা। [স.]

কৌমুদী *বি* জ্যোৎস্না; চাঁদের আলো।

কৌরব *বি* ১ মহাভারতোক্ত কুরুর বংশধর। ২ ধৃতরাষ্ট্রের পুত্রগণ; দুর্যোধনাদি একশত ভাই। [স.]

কৌল[১] *বিণ* ১ কুলীন; সদ্বংশজাত। ২ তান্ত্রিক বামাচার। ৩ বামাচারী তান্ত্রিক। ৪ কৌলিক। [স.]

কৌল[২] *বি* কথা; বাণী। [আ. কওল]।

কৌলাচারী *বি* তান্ত্রিক সাধক। [স.]

কৌলিক *বিণ* ১ কুল বা বংশসম্বন্ধীয়। ২ বংশপরম্পরাগত।

৩ কুলধর্ম প্রবর্তক। ৪ বামাচারী; তান্ত্রিক; বামাচার মতানুসারে শক্তির উপাসক।❑*বি* ১ কুলপ্রথা; কুলধর্ম বা কুলাচার অনুযায়ী। ২ তন্তুবায়; তাঁতি। [স.]

কৌলীন্য *বি* কুলীনত্ব; বংশমর্যাদা। [স.]। **কৌলীন্য প্রথা** *বি* (বল্লাল সেন কর্তৃক প্রবর্তিত) কতগুলো বংশকে সৎকুল বলে নির্দেশ করার প্রথা।

কৌশল *বি* ১ কুশলতা; দক্ষতা; নিপুণতা। ২ ফন্দি; চাতুর্য; ছল। ৩ কারিগরি; সাধনচাতুর্য। (শিল্প–কৌশল)। [স.]। **কৌশলী** *বিণ* ১ কৌশলযুক্ত; নিপুণ; কর্মকুশল। ২ ছলচাতুরীতে পটু বা ওস্তাদ; ফন্দিবাদ; ধূর্ত।

কৌশল্যা *বি* রামচন্দ্রের মা। [স.]

কৌশাম্বী *বি* প্রয়াগের নিকটবর্তী প্রাচীন নগরী। [স.]

কৌশিক *বি* বিশ্বামিত্র; কুশিক মুনির পুত্র। [স.]।

কৌষিক, কৌষেয় *বিণ* রেশমি। [স.]

কৌস্তুভ *বি* পুরাণোক্ত মণিবিশেষ। [স.]

ক্যাঁক *অব্য* (অনুকার শব্দ) হঠাৎ আঘাত ইত্যাদির ফলে বেদনাব্যঞ্জক ধ্বনি। **ক্যাঁক ক্যাঁক করা** *ক্রি* ক্যাঁক ধ্বনি উচ্চারণ করে বিরক্তি বা ক্রোধ প্রকাশ করা; রাগের জ্বালায় অসন্তোষ প্রকাশ করা।

ক্যাঁচ *বি* এক আঘাতে কাটার ধ্বনি। [বা.]। **ক্যাঁচ ক্যাঁচ, ক্যাঁচর–ক্যাঁচর** *অব্য, বি* ক্রমাগত কর্তন ঘর্ষণ বা দংশনের শব্দ। **ক্যাঁচর ম্যাচর** *অব্য, বি* বহু কণ্ঠস্বরের মিলিত কলরব। **ক্যাঁচক্যাঁচানি** *বি* ক্রমাগত ক্যাঁচ ক্যাঁচ শব্দ করা।

ক্যাঁট ক্যাঁট, ক্যাট ক্যাট *অব্য* পুনঃপুন বিঁধবার আওয়াজ। ❑*বি* কটু ও বিরক্তিকর কথা। [বা.]। **ক্যাঁটকেটে** *বিণ* ১ কর্কশ ও তীব্র। ২ মর্মবিদারক।

ক্যাঁত *অব্য* লাথি মারার শব্দ। [বা.]

ক্যাঙারু, ক্যাঙ্গারু *বি* অস্ট্রেলিয়ার উদ্ভিদভোজী প্রাণীবিশেষ—যার সামনের দুই পা পিছনের দুই পায়ের তুলনায় খুব ছোট। [ই.]

ক্যাটালগ *বি* বিবরণপত্রিকা; ক্রমানুযায়ী বা বর্ণনাক্রমিক নির্ঘণ্ট বা তালিকা। [ই.]

ক্যাডেট *বি* শিক্ষানবিস সৈনিক। [ই.]

ক্যানভাস *বি* ভোট প্রার্থনা; নির্বাচনে জয়লাভ করার জন্য ভোটারদের সমর্থন লাভের চেষ্টা; মোটা কাপড়। ❑*ক্রি* ভোট প্রার্থনা করা। [ই.]

ক্যান্টিন *বি* স্কুল–কলেজ অফিসাদি সংলগ্ন চা নাস্তা খাদ্য প্রভৃতির দোকান। [ই.]

ক্যান্সার *বি* দুরারোগ্য ক্ষতরোগবিশেষ; কর্কটরোগ। [ই.]

ক্যামেরা *বি* ফটো বা আলোকচিত্র গ্রহণের যন্ত্র। [ই.]

ক্যাম্পখাট, ক্যাম্পকট *বি* ক্যাম্পের উপযোগী হালকা খাট; পায়ার উপর ক্যানভাস কাপড়ের তৈরি খাট; যে খাট এক স্থান থেকে অন্য স্থানে বহন করে নিয়ে যাওয়া যায়। [ই.]

ক্যাম্পাস *বি* শিক্ষা–প্রতিষ্ঠানের এলাকা (বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস)। [ই.]

ক্যাম্বিস, কেম্বিস *বি* মোটা ও মজবুত কাপড়বিশেষ; চটজাতীয় কাপড়। [ই.]

ক্যারাম, ক্যারোম *বি* এক ধরনের খেলা; কাঠের তৈরি চৌকোনা বোর্ডে গুটি দিয়ে খেলা। [ই.]

ক্যারিকেচার *বি* ব্যঙ্গাত্মক বর্ণনা; ব্যঙ্গ চিত্র; হাসি উদ্রেকের জন্য বিদ্রূপাত্মক অনুকরণ বা সাদৃশ্য বর্ণনা। [ই.]

ক্যালেন্ডার, কেলেন্ডার *বি* দেয়ালপঞ্জিকা। [ই.]

ক্যাশবাক্স *বি* যে বাক্সে টাকা–পয়সা রাখা হয়; ছোট সিন্দুক। [ই.]

ক্যাস্টর অয়েল *বি* ১ রেড়ির তেল। ২ জোলাপ; বিরেচক ওষুধরূপে ব্যবহৃত রেড়ির তেল। [ই.]

ক্রন্দন *বি* কান্না। [স.]। **ক্রন্দনরোল, ক্রন্দনধ্বনি** *বি* কান্নার আওয়াজ; রোদন–রব। **ক্রন্দিত** *বিণ* ১ কাঁদছে এমন; ক্রন্দনরত। ২ গর্জনকারী। ❑*বি* ১ ক্রন্দন; রোদন। ২ আহ্বান।

ক্রন্দসী *বি* ১ পৃথিবী ও আকাশ; স্বর্গ ও মর্ত্য। ২ আকাশ। ❑*বিণ স্ত্রী.* রোরুদ্যমানা; কাঁদছে এমন। [স.]

ক্রম *বি* ১ অনুক্রম; পরম্পরা; পর্যায়। ২ পদ্ধতি। ৩ অনুসরণ; অনুযায়ী। ৪ অতিক্রম। ৫ পদক্ষেপ। ৬ বিধান; নিয়ম; নির্দেশ। ৭ শক্তি; বিক্রম; বল। [স.]। **ক্রমণ** *বি* ১ পদচারণ; পায়চারি। ২ গমন। **ক্রমনিম্ন** *বি* ক্রমশ নিচু; ঢালু; গড়ানো। **ক্রমবর্ধমান** *বিণ* ক্রমশ বৃদ্ধিশীল; একটু একটু করে বাড়ছে এমন। **ক্রমবিকাশ** *বি* ১ পর্যায়ক্রমে বিকাশ; ক্রমোন্নতি; একটু একটু করে উন্নতি। ২ অভিব্যক্তি; বিবর্তন। **ক্রমভঙ্গ** *বি* ১ পর্যায়ের ব্যতিক্রম; প্রচলিত পদ্ধতির লঙ্ঘন; পরম্পরায় বিচ্ছেদ। ২ বিশৃঙ্খলা। **ক্রমশ, ক্রমে ক্রমে** *ক্রিবিণ* ১ পরপর; পর্যায়ক্রমে; ক্রমাগত। ২ ধীরে ধীরে; অল্প অল্প করে।

ক্রমাগত *বিণ* ১ ধারাবাহিক; অবাধ; অবিরাম। ২ পরম্পরাগত। ❑*ক্রিবিণ* অনবরত; নিরন্তর; কেবলই। [স.]

ক্রমানুসারে *ক্রিবিণ* পর্যায়ক্রমে; ঠিক পরপর। [স.]

ক্রমান্বয় *বি* ১ ধারাবাহিকতা। ২ ক্রমের অনুসরণ; যার পর যা এই নিয়মে সংঘটন। [স.]। **ক্রমান্বয়ে** *ক্রিবিণ* পরপর; পর্যায়ক্রমে; একের পর এক, এভাবে।

ক্রমিক *বিণ* ১ ধারাবাহিক; ক্রমশ আগত; পরপর আগত। ২ ক্রমশ ঘটিত। [স.]। **ক্রমিক সংখ্যা** *বি* পর্যায়ক্রমে বা পরপর আগত সংখ্যা।

ক্রমোৎকর্ষ *বি* ১ ক্রমোন্নতি। ২ ক্রমশ বিকাশ; বিবর্তন। [স.]

ক্রমোন্নত *বিণ* ১ ক্রমশ উচু। ২ ক্রমে ক্রমে উচু হওয়ার ভাব। ❑*বি* ১ একটু একটু করে উন্নতি; ক্রমোৎকর্ষ। ২ চড়াই; উর্ধ্বপথে আরোহণ। [স.]। **ক্রমোন্নতি** *বি* ক্রমোৎকর্ষ; ক্রমবিকাশ।

ক্রয় *বি* খরিদ; কেনা; মূল্য বিনিময়ে গ্রহণ। [স.]। **ক্রয়–বিক্রয়** *বি* ১ কেনাবেচা; বিকিকিনি। ২ ব্যবসা–বাণিজ্য। **ক্রয়িক** *বি* যে দ্রব্যাদি ক্রয় করে; খরিদ্দার; ক্রয়কারী। **ক্রয়ী** *বিণ* ক্রেতা; ক্রয়কারী। **ক্রয়িনী** *স্ত্রী.*। **ক্রয্য** *বিণ* ক্রয়ের যোগ্য।

ক্রান্ত *বিণ* ১ ব্যাপ্ত। ২ আক্রান্ত। **ক্রান্তদর্শী**(–র্শিন্) *বিণ* সমস্ত দর্শন করে এমন সর্বদর্শী; সর্বজ্ঞ; সর্বদ্রষ্টা। [স.]

ক্রান্তি *বি* ১ সংক্রমণ; সঞ্চরণ। ২ আক্রমণ। ৩ গতি; গমন। ৪ দশান্তরপ্রাপ্তি; অবস্থার পরিবর্তন। ৫ (জ্যা.) অয়নবৃত্ত; অয়নমণ্ডল; বিষুবরেখা থেকে উত্তরে কর্কটক্রান্তি ও দক্ষিণে মকরক্রান্তি পর্যন্ত গ্রহের ভ্রমণকক্ষ। ৬ এক কড়ার এক–তৃতীয়াংশ। [স.]। **ক্রান্তিকাল** *বি* অবস্থা পরিবর্তনের

সময়। **ক্রান্তিপাত** *বি* বিষুববৃত্ত ও ক্রান্তিবৃত্ত যে বিন্দুতে ছেদ করেছে।

ক্রান্তিবৃত্ত *বি* পৃথিবীর বার্ষিক ভ্রমণকক্ষ; সূর্যের আপাত-গতিপথ; উপবৃত্ত ভ্রমণকক্ষ। **কড়া-ক্রান্তি হিসাব** *বি* অত্যন্ত সূক্ষ্ম হিসাব।

ক্রিকেট *বি* প্রতি দলে ১১ জন খেলোয়াড়বিশিষ্ট দুটি দলের মধ্যে অনুষ্ঠিত জনপ্রিয় খেলা—ব্যাট, বল, উইকেট, আম্পায়ার ও খেলুড়ে এর আবশ্যিক উপাদান। একদল ব্যাট করে রান তোলে, অন্য দল ফিল্ডিং ও বোলিং-এর মাধ্যমে প্রতিপক্ষকে আউট করে, এভাবে খেলা এগোয়। একদিনের সীমিত ওভারের খেলা ও তিন চার বা পাঁচ দিনের টেস্ট খেলাও হয়। [ই.]

ক্রিয়া *বিণ* কাজ; কর্ম। ❑ *বি* ১ হিন্দু শাস্ত্রীয় অনুষ্ঠান; সংস্কার। ২ আচার। ৩ (ব্যা.) ধাতুর অর্থপ্রকাশক পদ। [স.]। **ক্রিয়াকর্ম** *বি* শাস্ত্রীয় বা সামাজিক কাজের অনুষ্ঠান। **ক্রিয়াকলাপ, ক্রিয়াকাণ্ড** *বি* অনুষ্ঠানসমূহ; শাস্ত্রীয় ও সামাজিক অনুষ্ঠানাদি। ২ কার্যাবলী। **ক্রিয়াবিশেষণ** *বি* (ব্যা.) ক্রিয়াপদের বিশেষণ। **ক্রিয়াশীল** *বিণ* ১ কর্মপরায়ণ। ২ কর্মরত। **ক্রিয়াসক্ত** *বিণ* ১ কর্মে অনুরক্ত; কর্মপ্রিয়। ২ শাস্ত্রীয় অনুষ্ঠান প্রভৃতিতে রত। **ক্রিয়াসিদ্ধ** *বিণ* কাজে নিপুণ; কাজ করতে করতে দক্ষতা অর্জন করেছে এমন।

ক্রীড়ক *বি* খেলোয়াড়; ক্রীড়াপ্রদর্শক; যে খেলা করে বা খেলা দেখায়। [স.]

ক্রীড়ন *বি* খেলার কাজ। [স.]। **ক্রীড়নক** *বি* খেলার পুতুল; খেলনা। **ক্রীড়নীয়** *বিণ* ১ খেলার উপকরণ; ক্রীড়াসামগ্রী। ২ খেলার যোগ্য বা উপযুক্ত। **ক্রীড়মান** *বিণ* খেলছে এমন; খেলায় রত; ক্রীড়ারত।

ক্রীড়া *বি* ১ খেলা। ২ তামাসা; পরিহাস। ৩ কৌতুকপ্রদ অনুষ্ঠান (মল্লক্রীড়া)। [স.]

ক্রীত *বিণ* ক্রয় করা হয়েছে এমন; কেনা হয়েছে এমন; খরিদকৃত। [স.]

ক্রীতদাস *বি* কেনা গোলাম; মূল্য দিয়ে যে ভৃত্যকে যাবজ্জীবনের জন্য কেনা হয়েছে। **ক্রীতদাসী** *স্ত্রী.*। [স.]

ক্রুদ্ধ *বিণ* রাগান্বিত; রুষ্ট; ক্রোধবিশিষ্ট। **ক্রুদ্ধা** *স্ত্রী.*। [স.]

ক্রুশ, ক্রুস *বি* ১ খ্রিস্টানদের মতে যিশুখ্রিস্টকে যে কাষ্ঠদণ্ডে বিদ্ধ করা হয়েছিল। ২ খ্রিস্টানদের মতে যে আকারের কাষ্ঠদণ্ডে বিদ্ধ করে যিশুকে হত্যা করা হয়েছিল তার প্রতীক '†' এই চিহ্ন। ৩ খ্রিস্টধর্মের প্রতীক। [ই.]

ক্রুশকাঠি, কুশিকাটি, কুরুশ-কাঁটা *বি* সুতা বা পশম দিয়ে জামা বুনবার বক্রমুখ শলাকাবিশেষ। [ই.]

ক্রূর *বিণ* ১ নির্দয়; নিষ্ঠুর। ২ হিংস্র। ৩ খল; কপট। ৪ অহিতকর; অশুভকর। [স.]। **ক্রূরতা** *বি*। **ক্রূরকর্মা** *বিণ* নিষ্ঠুর কাজ করে এমন। **ক্রূরমতি** *বিণ* নিষ্ঠুরহৃদয়; পাষাণপ্রাণ।

ক্রেতা *বিণ, বি* খরিদ্দার; যে ক্রয় করে। **ক্রেত্রী** *স্ত্রী.*। [স.]

ক্রেয় *বিণ* ১ ক্রয়যোগ্য; কেনার উপযুক্ত। ২ কিনতে হবে এমন; ক্রয় করা উচিত এমন; ক্রেতব্য। [স.]

ক্রোক, কোরক *বি* দেনার দায়ে সম্পত্তি আটক; আইনের সাহায্যে সম্পত্তি আটক। [আ. কূর্ক]। **ক্রোকি** *বিণ* ১ ক্রোক করা হয়েছে এমন (ক্রোকি সম্পত্তি)। ২ ক্রোক সংক্রান্ত (ক্রোকি পরোয়ানা)। **মালক্রোক** *বি* অস্থাবর সম্পত্তি আটক।

ক্রোটন *বি* পাতাবাহারের গাছ। [ই.]

ক্রোড়১ *বি* উৎসঙ্গ; কোল; অঙ্ক। [স.]। **ক্রোড়অঙ্ক, ক্রোড়াঙ্ক** *বি* নাটকের শেষে যোগ করা হয় যে অংশ। **ক্রোড়চ্যুত** *বিণ* কোলছাড়া। **ক্রোড়পত্র** *বি* ১ গ্রন্থে প্রদত্ত পৃথকভাবে মুদ্রিত পত্র পুস্তক দলিল প্রভৃতির বাড়তি অংশ। ২ উইলের বাড়তি অংশ।

ক্রোধ *বি* রাগ; রোষ; গোসা। [স.]। **ক্রোধন** *বিণ* সহজে রাগান্বিত হয় এমন; ক্রোধপ্রবণ। **ক্রোধবহ্নি, ক্রোধাগ্নি, ক্রোধানল** *বি* ১ প্রচণ্ড ক্রোধ; দারুণ রাগ। ২ ক্রোধের দাহ বা তেজ। **ক্রোধান্ধ** *বিণ* অত্যধিক ক্রোধের ফলে হিতাহিত জ্ঞানশূন্য; অতিশয় ক্রুদ্ধ। **ক্রোধান্বিত** *বিণ* ক্রুদ্ধ; রুষ্ট; কোপিত। **ক্রোধান্বিতা** *স্ত্রী.*। **ক্রোধোদ্দীপক** *বিণ* ক্রোধবর্ধক; অত্যন্ত রাগ হয় এমন।

ক্রোর, ক্রোড়২ *বি* কোটি; শত লক্ষ; ১,০০,০০,০০০ সংখ্যা (দু'এক ক্রোর রুষবাসীর অকাল মৃত্যু—সুধীন)। ❑ *বিণ* কোটি বা শতলক্ষ সংখ্যক; ১,০০,০০,০০০ সংখ্যক। [স. কোটি>, ক্রোর, ক্রোড়। তুল. হি. করোড়]। **ক্রোরপতি** *বি* কোটি টাকা আছে যার; কোটি টাকার মালিক। ❑ *বিণ* অতিশয় ধনবান; মহাধনী।

ক্রোশ, কোশ *বি* কোনো স্থানের দূরত্বের পরিমাণবাচক শব্দ; দুই মাইলের কিছু বেশি পথ; ৮,০০০ হাত পরিমাণ।

ক্রৌঞ্চ *বি* বকবিশেষ; কোঁচবক। **ক্রৌঞ্চী** *স্ত্রী.*। **ক্রৌঞ্চদ্বীপ** *বি* দ্বীপবিশেষ; হিন্দু পুরাণে উল্লিখিত এক দ্বীপ। **ক্রৌঞ্চমিথুন** *বি* ক্রৌঞ্চদম্পতি; ক্রৌঞ্চক্রৌঞ্চী।

ক্লাউন *বি* ১ ভাঁড়। ২ বিদূষক; বয়স্য। ৩ অশিক্ষিত লোক; অসভ্য লোক। [ই.]

ক্লান্ত *বিণ* ১ অতিশয় শ্রান্ত; পরিশ্রান্ত। ২ অবসন্ন; অবসাদগ্রস্ত। **ক্লান্তা** *স্ত্রী.*। **ক্লান্তি** *বি* ১ শ্রান্তি; পরিশ্রান্তি। ২ অবসাদ; অবসন্নতা।

ক্লাব *বি* আমোদপ্রমোদ খেলাধুলা বা কোনো বিশেষ উদ্দেশ্যে স্থাপিত স্থায়ী সঙ্ঘ গোষ্ঠী সভা বা সমিতি। [ই.]

ক্লাস *বি* ১ বিভাগ; শ্রেণী। ২ বিদ্যালয়াদির পাঠশ্রেণী। ৩ স্তর; পর্যায়; জাতি। [ই.]। **ক্লাসফ্রেন্ড** *বি* সহপাঠী; সতীর্থ; একই ক্লাসের ছাত্র বা ছাত্রী।

ক্লাসিক *বি* ১ ধ্রুপদী শিল্প ও সাহিত্য। ২ সকল দেশ ও সকল যুগোপযোগী শিল্প ও সাহিত্য। ৩ উচ্চ স্তরের; উঁচু দরের; উঁচু মানের; উচ্চাঙ্গের। [ই.]। **ক্লাসিক্যাল, ক্লাসিকাল** *বিণ, বি* উচ্চ স্তরের; উঁচু দরের; উঁচু মানের; উচ্চাঙ্গের; ধ্রুপদী।

ক্লিন্ন *বিণ* ১ ক্লেদযুক্ত; ময়লাযুক্ত। ২ আর্দ্র; ভেজা। [স.]। **ক্লিন্নতা** *বি*।

ক্লিষ্ট *বিণ* ১ ক্লেশপ্রাপ্ত; জর্জরিত; কষ্ট পেয়েছে এমন। ২ ক্লান্ত। [স.]। **ক্লিষ্টতা, ক্লেশ** *বি*।

ক্লীব *বি* ১ নপুংসক; হিজড়া। ২ পুরুষত্বহীন ব্যক্তি; বীর্য বা বিক্রমহীন। ❑ *বিণ* ১ কাপুরুষ; ভীরু। ২ অক্ষম। **ক্লীবতা, ক্লীবত্ব, ক্লৈব্য** *বি*। **ক্লীবলিঙ্গ** *বি, বিণ* (ব্যা.) পুরুষ বা স্ত্রীবাচক নয় এমন শব্দ। [স.]

ক্লেদ *বি* ১ তরল ময়লা; মলযুক্ত পানি বা কাদাপানি। ২ ময়লা; কলুষ। ৩ পুঁজ লালা ঘাম ইত্যাদি ময়লাযুক্ত তরল বস্তু। ৪ আর্দ্রতা। [স.]। **ক্লেদাক্ত** *বিণ* ক্লেদবিশিষ্ট; ক্লেদযুক্ত; ক্লিন্ন।

ক্লেশ *বি* ১ দুঃখ; কষ্ট। ২ যন্ত্রণা। [স.]। **ক্লেশিত** *বিণ* দুঃখ যন্ত্রণা বা ক্লেশ দেওয়া হয়েছে এমন।
ক্লৈব্য *বি* ১ ক্লীবতা; ক্লীবের ভাব। ২ কাপুরুষতা। ৩ পুরুষকারের অভাব; পৌরুষহীনতা। ৪ কাতরতা। [স.]
ক্লোজ আপ, ক্লোস আপ *বি* ১ পদার্থের অতি নিকটে স্থাপিত ক্যামেরার সাহায্যে গৃহীত চলচ্চিত্র। ২ কোনো কিছুর নিকট দৃশ্য। ৩ বদ্ধ; নিবিড়। [ই.]
ক্লোরেট *বি* উগ্র মদবিশেষ। [ই.]
ক্বচিৎ *অব্য,ক্রিবিণ* ১ কোথাও; কুত্রাপি; কোনো স্থানে। ২ কখনও। ৩ অত্যন্ত কম। [স.]
ক্বণন *বি* ১ ধ্বনিত বা ঝঙ্কৃতকরণ; বীণাদি থেকে সুর তোলা। ২ বীণাদির ধ্বনি। **ক্বণিত** *বিণ* ধ্বনিত; আওয়াজ করছে এমন; শব্দায়মান। [স.]
ক্বাথ, কাথ *বি* ১ গাছগাছড়া পানিতে সিদ্ধ করে তৈরি নির্যাস। ২ মাড়। [স. ক্বাথ> প্রা. কত্থ> কাথ]
ক্ষণ *বি*১ সময়ের পরিমাণবাচক শব্দ। ২ সময়। ৩ মুহূর্ত। ৪ অতি অল্পকাল। [স.]। **ক্ষণকাল** *বি* অতি অল্প সময়; মুহূর্তকাল। **ক্ষণচর** *বিণ* ১ অল্প সময় বিচরণকারী। ২ অল্পকাল স্থায়ী। **ক্ষণজন্মা** *বি*১ শুভক্ষণে জন্মেছে এমন। ২ মহাপুরুষ; মহামানব। □ *বিণ* ভাগ্যবান। **ক্ষণপ্রভা** *বি* বিদ্যুৎ; বিজলি। **ক্ষণভঙ্গুর** *বিণ* অল্পকাল পরেই ভেঙে যায় বা নষ্ট হয়ে যায় এমন। **ক্ষণস্থায়ী** *বিণ* অল্পকাল মাত্র স্থিতিশীল; ক্ষণিক। **ক্ষণিক** *বিণ* ক্ষণস্থায়ী; অল্পকালমাত্র স্থায়ী। □ *বি* ক্ষণকাল। **ক্ষণে** *অব্য* মুহূর্তে; ক্ষণে ক্ষণে; থেকে থেকে; ঘন ঘন। **ক্ষণেক** *বি* একটি ক্ষণ পরিমাণ সময়।
ক্ষত *বি*১ ঘা। ২ শরীরের কর্তিত বা ছিন্ন স্থান; আঘাতপ্রাপ্ত স্থান। ৩ ব্রণ। □ *বিণ* আঘাতপ্রাপ্ত; প্রহার দ্বারা ছিন্ন; বিদারিত; কর্তিত। [স.]। **ক্ষতচিহ্ন** *বি* আরোগ্যলাভের পর ঘা বা আঘাতের যে দাগ থাকে। **ক্ষতবিক্ষত** *বিণ* আঘাতের জন্য দেহের বহু স্থানে ক্ষতযুক্ত; সর্বাঙ্গছিন্ন বা কর্তিত। **ক্ষতাশৌচ** *বি* দেহের ক্ষতের জন্য বা দেহ থেকে রক্তস্রাবের জন্য অপবিত্রতা। [স. ক্ষত+অশৌচ]
ক্ষতি *বি*১ অনিষ্ট। ২ লোকসান; অর্থনাশ; অপচয়। ৩ ক্ষয়। [স.]। **ক্ষতিকর, ক্ষতিজনক** *বিণ*১ অনিষ্ট বা লোকসান হয়েছে এমন; অপচয়ভাগী। ২ ক্ষতিভোগ করছে এমন। **ক্ষতিপূরণ** *বি* খেসারত; লোকসানের জন্য মূল্যদান।
ক্ষত্র *বি* ক্ষত্রিয়জাতি। [স.]। **ক্ষত্রবিদ্যা** *বি* যুদ্ধবিদ্যা; ধনুর্বেদ।
ক্ষত্রিয় *বি*১ হিন্দুদের চারবর্ণের দ্বিতীয় বর্ণ। ২ জাতিবিশেষ; ক্ষেত্রী বা ছত্রী সম্প্রদায়। [স.]
ক্ষমতা *বি* ১ শক্তি; সামর্থ্য; পটুতা; দক্ষতা; যোগ্যতা। ২ প্রভাব। [স.]। **ক্ষমতাবান, ক্ষমতাশালী** *বিণ*১ শক্তিশালী; সামর্থ্যসম্পন্ন। ২ পটু; নিপুণ। **ক্ষমতা-ক্ষম** *বিণ* সমর্থ (কার্যক্ষম)।
ক্ষমা *বি* ১ দোষ বা অপরাধ মার্জনা। ২ সহিষ্ণুতা; সহনক্ষমতা; তিতিক্ষা। ৩ নিবৃত্তি (ক্ষমা দেওয়া)। ৪ অপকার সহন। □ *ক্রি* মার্জনা করা। **ক্ষমা করা** *ক্রি*। **ক্ষমাগুণ, ক্ষমাধর্ম** *বি* ক্ষমারূপ গুণ বা ধর্ম। **ক্ষমার্হ** *বিণ* ক্ষমার যোগ্য; ক্ষমার উপযুক্ত।
ক্ষয় *বি*১ হ্রাস; ক্রমে ক্ষীণ হওয়া; ক্রমে ক্রমে কমে যাওয়া। ২ অতিরিক্ত ব্যবহার; ঘর্ষণ ইত্যাদির জন্য জীর্ণ হওয়া। ৩ ধ্বংস; বিনাশ (শত্রুক্ষয়)। ৪ ক্ষতি; অপচয় (অর্থক্ষয়)। ৫ পরাজয়। ৬ অবসান; অন্ত। ৭ যক্ষ্মা; ক্ষয়কাশ রোগ। ৮ প্রাকৃতিক কারণে ভূপৃষ্ঠস্থ শিলার ক্রমধ্বংস। [স.]। **ক্ষয় করা** *ক্রি*১ নষ্ট করা; ধ্বংস করা। ২ হারিয়ে ফেলা। **ক্ষয় পাওয়া** *ক্রি* ক্রমে ক্রমে ক্ষীণ হয়ে লোপ পাওয়া; কমে যাওয়া। **ক্ষয়শীল, ক্ষয়িষ্ণু** *বিণ* ক্ষয়প্রাপ্ত হয় এমন।
ক্ষর *বি*১ ক্ষরণ; নিঃসরণ; চুয়ানো। ২ নাশ। □ *বিণ* ক্ষরিত হয় এমন। **ক্ষরণ** *বি*১ নিঃসরণ। ২ ফোঁটা ফোঁটা করে বের হওয়া। ৩ নাশ; ধ্বংস। **ক্ষরিত** *বিণ* নিঃসৃত; স্রুত; ক্ষার পড়েছে এমন।
ক্ষান্ত *বিণ*১ বিরত; নিবৃত্ত; নিরস্ত। ২ সহিষ্ণু। ৩ ক্ষমাশীল। ৪ নিবৃত্তি। **ক্ষান্ত দেওয়া** *ক্রি* নিবৃত্ত বা নিরস্ত হওয়া। **ক্ষান্তি** *বি* নিবৃত্তি; বিরতি।
ক্ষার *বি* সাজিমাটি; সোডা; চুন; ক্ষারীলবণ; যবক্ষার সোরা ইত্যাদি; alkali।
ক্ষারক *বি* অ্যাসিডের বিপরীতধর্মী পদার্থগুলো বেস (base) বা ক্ষারক নামে পরিচিত। **ক্ষারজল** *বি* ক্ষার মিশ্রিত পানি। **ক্ষারধাতু** *বি* যার অম্লযান-জারিত অবস্থা ক্ষার; alkali metal। **ক্ষারভূমি** *বি* লোনা জায়গা বা জমি।
ক্ষালন *বি*১ প্রক্ষালন; ধোয়া। ২ মোচন; শোধন; অপসারণ। [স.]
ক্ষিতি *বি* ১ পৃথিবী; ধরণী। ২ মাটি। **ক্ষিতিজ** *বিণ* ভূমিজাত; মাটি থেকে উৎপন্ন; পৃথিবীজাত। □ *বি*১ দিগন্ত; চক্রবাল; horizon। ২ মঙ্গলগ্রহ।
ক্ষিপ্ত *বিণ* ১ নিক্ষিপ্ত। ২ বিক্ষিপ্ত; বিকীর্ণ; ছড়ানো। ৩ উন্মত্ত; ক্ষেপা; বাতুল। [স.]। **ক্ষিপ্ততা** *বি*। **ক্ষিপ্তা** *স্ত্রী*।
ক্ষিপ্র *ক্রিবিণ,বিণ* দ্রুত; শীঘ্র; সত্বর। [স.]। **ক্ষিপ্রকারী** *বিণ* দ্রুত কার্য সম্পন্ন করে এমন; চটপটে; লঘুহস্ত। **ক্ষিপ্রগতি, ক্ষিপ্রগামী** *বিণ* ১ দ্রুতগামী; বেগবান। **ক্ষিপ্রগামিনী** *স্ত্রী*। **ক্ষিপ্রতা** *বি*।
ক্ষীণ *বিণ* ১ কৃশ; রোগা; শীর্ণ (ক্ষীণ দেহ)। ২ ক্ষয়িত; ক্ষয়প্রাপ্ত। ৩ সরু; চিকন। ৪ অত্যল্প; সামান্য। ৫ মৃদু; অস্পষ্ট। ৬ দুর্বল (ক্ষীণদৃষ্টি) [স.]। **ক্ষীণকটি** *বিণ* ক্ষীণ কটি এমন। **ক্ষীণজীবী** *বিণ* অল্পপ্রাণ; অতি দুর্বল; অল্প জীবনীশক্তিবিশিষ্ট; জীবন সহজেই বিনষ্ট হতে পারে এমন। **ক্ষীণতা** *বি*। **ক্ষীণশক্তি** *বিণ* দুর্বল; শক্তিহীন; অল্প শক্তিবিশিষ্ট। **ক্ষীণা** *স্ত্রী*।
ক্ষীয়মাণ *বিণ* ক্ষয় হচ্ছে এমন।
ক্ষীর *বি* ১ দুধ। ২ জ্বাল দেওয়া ঘন দুধ; এক ধরনের মিষ্টান্ন। ৩ রস; নির্যাস। [স.]। **ক্ষীরমোহন** *বি* মিঠাইবিশেষ; ক্ষীরের পুর দেওয়া এক প্রকার রসগোল্লা। **ক্ষীরসমুদ্র, ক্ষীরসাগর** *বি* হিন্দু পুরাণোক্ত সপ্ত সমুদ্রের অন্যতম।
ক্ষীরা, ক্ষীরই, খিরই *বি* শশাজাতীয় ফল। [স. ক্ষীর+ বা. আই]
ক্ষীরোদ *বি* ক্ষীর সমুদ্র।
ক্ষুণ্ণ *বিণ*১ ক্ষুব্ধ; ব্যথিত; অন্যের অপ্রত্যাশিত ব্যবহারের জন্য কিংবা আশাভঙ্গের জন্য দুঃখিত (ক্ষুণ্ণ মন)। ২ খর্ব; ব্যাহত (গৌরব ক্ষুণ্ণ হওয়া)। ৩ অপূর্ণ; ত্রুটিযুক্ত। ৪ চূর্ণীকৃত; গুঁড়া করা হয়েছে এমন। [স.]। **ক্ষুণ্ণমনা** *বিণ* মনে মনে দুঃখিত ব্যথিত বা ক্ষুব্ধ।

ক্ষুৎ *বি* ক্ষুধা (ক্ষুৎপিপাসা)।[স.]। **ক্ষুৎকাতর** *বিণ* ক্ষুধায় কাতর; ক্ষুধার্ত। **ক্ষুৎপিপাসা** *বি* ক্ষুধা ও তৃষ্ণা। **ক্ষুৎপীড়িত** *বিণ* ক্ষুধার্ত; ক্ষুধায় কাতর।

ক্ষুদ্র *বিণ*১ ছোট (ক্ষুদ্রকায়)। ২ হ্রস্ব। ৩ নীচ; হীন; অনুদার (ক্ষুদ্র মন)। ৪ অপ্রশস্ত; সংকীর্ণ (ক্ষুদ্র স্থান)। ৫ কৃপণ। ৬ সামান্য ধন ক্ষমতাশূন্য বা আধিপত্যহীন (ক্ষুদ্র লোক)। ৭ অল্প (ক্ষুদ্র প্রাণ)। **ক্ষুদ্রতা, ক্ষুদ্রত্ব** *বি*। **ক্ষুদ্রচেতা, ক্ষুদ্রাশয়** *বি* নীচমনা; সঙ্কীর্ণচিত্ত।

ক্ষুধা *বি* খিদে; ভোজনেচ্ছা; খাবার প্রবৃত্তি; বাসনা। [স.]। **ক্ষুধাতৃষ্ণা** *বি* ক্ষুধা এবং পিপাসা; ক্ষুৎপিপাসা। **ক্ষুধামান্দ্য** *বি* ক্ষুধার অল্পতা; ক্ষুধার অভাবে আহারে অনিচ্ছা। **ক্ষুধার্ত, ক্ষুধাতুর** *বিণ* ক্ষুধায় কাতর।

ক্ষুন্নিবৃত্ত *বিণ* ক্ষুধার উপশম হয়েছে এমন।[স.]। **ক্ষুন্নিবৃত্তি, ক্ষুন্নিবারণ** *বি* ১ ক্ষুধার উপশম; আহারের ফলে ক্ষুধার তৃপ্তি। ২ ভোজন; আহার। [স. ক্ষুৎ+ নিবৃত্তি, নিবারণ]

ক্ষুব্ধ *বিণ*১ বিচলিত; ব্যাকুল; চঞ্চল। ২ আলোড়িত; মথিত। ৩ দুঃখিত; ক্ষুণ্ণ; ব্যথিত। [স.]। **ক্ষুব্ধা** *স্ত্রী*।

ক্ষুর *বি* ১ চুল কামাবার তীক্ষ্ণ ধারালো অস্ত্রবিশেষ। ২ গবাদি পশুর অস্থিময় পদতল। ৩ খাট পালঙ্ক ইত্যাদির পায়া। **ক্ষুরধার** *বিণ* ১ ক্ষুরের মতো তীক্ষ্ণ ধারবিশিষ্ট। ২ অতি তীক্ষ্ণ। **ক্ষুরা, খুরা** *বি* ১ কাঠের তৈরি আসবাব পত্রাদির পায়া। ২ গবাদি পশুর পায়ের এক প্রকার ক্ষত রোগ। **ক্ষুরী** *বি* ১ ক্ষৌরকার; নাপিত। ২ ক্ষুরযুক্ত পশু।

ক্ষেত *বি* মাঠ; চাষের জমি; শস্যোৎপাদনের মাঠ। [স. ক্ষেত্র>ক্ষেত্ত>ক্ষেত]। **ক্ষেতখামার** *বি* আবাদি জমি; চাষির কর্মক্ষেত্র। **ক্ষেতি** *বিণ* ১ চাষ-আবাদ। ২ ক্ষেত কর্ষণের বা চাষ-আবাদের কাজ।

ক্ষেত্র *বি* ১ ক্ষেত; জমি; শস্য জন্মানোর মাঠ। ২ স্থান; জায়গা (যুদ্ধক্ষেত্র)। ৩ রেখা দ্বারা সীমাবদ্ধ স্থান। ৪ তল; surface। ❑ *বিণ* ভূমি। **ক্ষেত্রজ** *বিণ*১ কৃষিজাত; জমিতে উৎপন্ন হয় এমন। ২ নিজ পত্নীর গর্ভে অপরের ঔরসজাত। **ক্ষেত্রাজীব** *বি* কৃষিজীবী। **ক্ষেত্রতত্ত্ব** *বি* জ্যামিতি। **ক্ষেত্রপাল** *বি* জমির রক্ষক; কৃষক; ভূ-দেবতা। **ক্ষেত্রফল** *বি* জমির কালি বা পরিমাণ ফল। **ক্ষেত্রাধিকারী** *বি* ভূস্বামী; জমির মালিক।

ক্ষেত্রী *বি* হিন্দুস্থানী ক্ষত্রিয় জাতিবিশেষ; ছত্রী। [স. ক্ষত্রিয়> ছত্রী>ক্ষেত্রী]

ক্ষেপ *বি* ১ নিক্ষেপ করা; ফেলা; ক্ষেপণ করা; ত্যাগ করা; চালন। ২ ভাড়া বা পারিশ্রমিকের বিনিময়ে কোনো কাজের জন্য চুক্তি বা পাকা কথা। ৩ যাপন (কালোক্ষেপ)। [স. √ক্ষিপ্+অ]

ক্ষেপণ *বি* ১ নিক্ষেপ। ২ ফেলা; পাতিতকরণ। ৩ অতিবাহন; যাপন। [স.]। **ক্ষেপণাস্ত্র** *বি* যে অস্ত্র নিক্ষেপ করা হয়; missile। **ক্ষেপনিক** *বি* যে ব্যক্তি দাঁড় চালনা করে; দাঁড়ি। **ক্ষেপণী, ক্ষেপণি** *বি* ১ নৌকার দাঁড়। ২ খেপলা জাল।

ক্ষেম *বি* কল্যাণ; শুভ; কুশল; মঙ্গল। [স.]

ক্ষেমা *বি* ক্ষমা। **ক্ষেমা দেওয়া** *ক্রি* ক্ষান্ত বা নিবৃত্ত হওয়া।

ক্ষোদন *বি* ১ খোদাইকরণ; উৎকীর্ণকরণ; পাথরে অক্ষর বা চিত্র অঙ্কন; engraving। ২ চূর্ণন; গুঁড়াকরণ। [স.]। **ক্ষোদিত** *বিণ* ১ উৎকীর্ণ; খোদাইকৃত। ২ চূর্ণিত; পিষ্ট।

ক্ষোভ *বি* মানসিক চাঞ্চল্য বা আলোড়ন বা আন্দোলন। ❑ *বিণ* আন্দোলিত; আলোড়িত। [স. √ক্ষুভ্+অ]

ক্ষোম *বি* ১ মসিনার তেল। ২ রেশমের কাপড়; পট্টবস্ত্র; শণ থেকে প্রস্তুত কাপড়। ৩ চিলেকোঠা। ❑ *বিণ* রেশমি; শণনির্মিত। [স.]

ক্ষৌর *বি* খেউরি; চুলদাড়ি প্রভৃতি কামানো; ক্ষুরকর্ম। ❑ *বিণ* ক্ষুর সম্বন্ধীয়। [স.]। **ক্ষৌরি** *বি* খেউরি; চুলদাড়ি কামানো।

ক্ষৌরিক *বি* নরসুন্দর; নাপিত; ক্ষুরকার। [স.]

ক্ষৌরী *বি* ক্ষুর; ক্ষুরকর্ম। [স.]

খ

খ[১] বাংলা বর্ণমালার দ্বিতীয় ব্যঞ্জনবর্ণ।

খ[২] *বি* ১ আকাশ; আসমান; নভঃ; শূন্য; স্বর্গ। ২ সূর্য। ৩ ব্রহ্ম। ৪ (সুখ, দুঃখ) অবস্থা; অনুভব।

খই, খৈ *বি* ধান আগুনে ভেজে তৈরি খাদ্যবিশেষ। **খই চড়া, খই ছড়া** *বি* ভাজবার সময় যে খই ভালো ফোটে না। **খইচালা** *বি* খই থেকে অফোটা খই খোসা প্রভৃতি পৃথক করার চালনি। **খইচুর** *বি* তপ্ত গুড়মাখা খইয়ের মোয়াবিশেষ। **খইঢেকুর, খইয়াঢেকুর** *বি* অজীর্ণজাত খইয়ের গন্ধযুক্ত ঢেকুর; চোঁয়া ঢেকুর; অজীর্ণ উদ্গার। **খই ফুটা** *ক্রি* ১ ধান ভাজবার সময়ে খোলার সশব্দে দ্রুত খই ফোটার শব্দ। ২ অনর্গলভাবে কথা বলা; বড় বড় করে কথা বলা; অনবরত দ্রুত কথা বলা। **খইয়া, খইয়ে** *বিণ* ১ খইসম্বন্ধীয় (খইয়া খোলা)। ২ দেখতে খইয়ের মতো (খইয়া গোখুর)। ৩ খইয়ের মতো সাদা দাগযুক্ত বা চিত্রিত। **খইয়া খোলা** *বি* যে খোলায় খই ভাজা হয়। [আঞ্চলিক]। **খইয়া ধান** *বি* যে ধানে ভালো খই হয়। [আঞ্চলিক]। **খইয়া বাঁধনে পড়া, খইয়ের বন্ধনে পড়া** *ক্রি* (আল.) দুই বাহুর মধ্যবর্তী স্থানে ঘরের থাম রেখে যুক্তহাতে খই গ্রহণকারী তাঁতির মতো উভয় সঙ্কটে পড়ে কিংকর্তব্যবিমূঢ় হওয়া; কঠিন পরিস্থিতিতে পড়ে হতবুদ্ধি হওয়া; সঙ্কটে বা সমস্যায় পড়া। **খইরঙা** *বিণ* খইয়ের মতো রঙবিশিষ্ট; সাদা।

খইনি, খৈনি *বি* চুন-মাখানো শুকনা তামাক পাতা; নেশার বস্তু; মুখে পুরে রাখা (চুনমাখা) তামাক। [হি.]

খইল, খৈল *বি* ১ তিল সরিষা প্রভৃতি থেকে তেল বের করে নেওয়ার পর যা অবশিষ্ট থাকে; তেলের ক্বাথ; ছিবড়া বা কল্ক। ২ কানের ভিতরের ময়লাবিশেষ। [স. খলি>প্রা. খলী>খইল]

খওফ *বি* ভয়; ডর; ভীতি; আতঙ্ক। [আ. খৌফ্]

খওয়া, ক্ষওয়া *ক্রি* ক্ষয় হওয়া বা পাওয়া; ঘষা মাজা বা ব্যবহারে ক্রমশ ক্ষয় হয়ে যাওয়া। ❑ *বিণ* ক্ষয়প্রাপ্ত। ❑ *বি* ক্ষয়-প্রাপ্তি। [স. ক্ষয়]। **খয়িত, ক্ষয়িত** *বিণ*। **খওয়ানো** *ক্রি* ক্ষয় করা।

খক *অব্য* কাশির শব্দ। **খকর খক** *অব্য* উপর্যুপরি কাশির শব্দ। [ধ্বন্যাত্মক শব্দ]। **খক খক** *অব্য*১ ক্রমাগত কাশির শব্দ। ২ শুষ্ক হাসির শব্দ। **খক-খকানি** *বি*

কাশির বা শুষ্ক হাসির আওয়াজ। **খকখকে** *বিণ* খক খক শব্দযুক্ত।

খগ *বিণ* আকাশে গমনকারী; শূন্যে বিচরণকারী; খেচর (খ–আকাশ, গ–গমনকারী)। ☐ *বি*১ পাখি; গরুড়। ২ বায়ু। ৩ সূর্য; গ্রহ।

খগাবগা *বিণ*১ বিশৃঙ্খল; বিশ্রী। ২ নোংরা। ৩ ফেলাছড়া; বিক্ষিপ্ত।

খগুন *বি* বীজগণিতের শূন্য যে রাশির গুণক। [স.]

খগোল *বি*১ আকাশমণ্ডল। ২ গ্রহ–নক্ষত্রাদির প্রতিরূপক কৃত্রিম গোলক; the Celestial Sphere। [স.]। **খগোলবিদ্যা** *বি* যে বিদ্যা শিক্ষা করলে আকাশের গ্রহ–নক্ষত্রাদি সম্পর্কে জ্ঞান জন্মে; জ্যোতির্বিজ্ঞান; astronomy।

খচ *অব্য* খট শব্দের কোমলরূপ; একচোটে কাটবার বা বিধবার শব্দ। **খচখচ** *অব্য* অনবরত কাটবার বা বিধবার কল্পিত শব্দ। **খচখচি** *বি* ১ কচকচি; বাদানুবাদ; তর্কবিতর্ক। ২ মনে অশান্তি বা দ্বিধার ভাব।

খচাখচ *ক্রিবিণ* খচখচ করে; অতি দ্রুতভাবে (খচাখচ কাটা)। [ধ্বন্যাত্মক শব্দ]। **খচাখচি, খেচাখেচি** *বি* আখেজ; মতবিরোধজনিত বাদানুবাদ; বিবাদ।

খচিত *বিণ*১ জড়িত। ২ বিন্যস্ত; মধ্যে মধ্যে স্থাপিত। ৩ অলঙ্কৃত; ভূষিত; পরিশোভিত। ৪ গ্রথিত। ৫ পরিব্যাপ্ত। [স. √খচ্+অ]

খচ্চর *বি* ১ ঘোড়া ও গর্দভের মিলনে উৎপন্ন পশু; অশ্বতর। ২ জারজপুত্র। ৩ গালিবিশেষ। ☐ *বিণ* দুষ্ট; বদমাশ। **তিলে খচ্চর** *বি*১ তিলের ন্যায় দাগযুক্ত খচ্চর। ২ দাগী বদমাশ লোক; খুব পাজি লোক।

খজ্যোতি *বি* জোনাকি পোকা। [স.]

খঞ্চ, খাঞ্চা *বি*১ বড় থালা; tray। ২ বারকোশ। [ফা. খ্বাঞ্চহ্]। **খঞ্চাপোষ** *বি* খঞ্চা ঢাকবার কাপড় বা আবরণ।

খঞ্জ *বিণ* খোঁড়া; বিকলপদ। **খঞ্জা** *স্ত্রী*। **খঞ্জতা, খঞ্জত্ব** *বি* পদের বিকলতা। [স. √খিন্জ্+অ]

খঞ্জন *বি* এক জাতীয় ক্ষুদ্রপাখি; যে পাখি সাধারণত চঞ্চল ও সর্বদা পুচ্ছ নাচায়। [স.]। **খঞ্জনা** *স্ত্রী*। **খঞ্জনআঁখি, খঞ্জননয়ন** *বি,বিণ* খঞ্জন পাখির মতো চঞ্চল চোখ; চটুল নয়ন। **খঞ্জনগঞ্জন** *বিণ* চঞ্চলতায় খঞ্জনকে লজ্জা দেয় এমন।

খঞ্জনি, খঞ্জরি *বি* একদিকে চর্মাবৃত ক্ষুদ্র গোলাকার বাদ্যযন্ত্রবিশেষ; বৈষ্ণবরা যে বাদ্য বাজিয়ে গান গেয়ে ভিক্ষা করে। [বা.]

খঞ্জর *বি* এক প্রকার ছোরা যার দুই দিকেই ধার। [আ. খঞ্জর]

খট[১] *অব্য* ধ্বন্যাত্মক শব্দ; কাঠ বা প্রস্তরাদি জাতীয় কঠিন জিনিসের পরস্পর আঘাতজনিত অনুচ্চ শব্দ। **খটখট** *অব্য* বারবার খট শব্দ। **খটখট করা** *ক্রি* দরজায় শিকল বা কড়া বা অন্য কোনো কঠিন বস্তুর আঘাতে শব্দ করা; knock। **খটখটে** *বিণ* অত্যন্ত শুষ্ক; কঠিন; নীরস। **খটাখট** *অব্য* কঠিন দ্রব্যের পরস্পর অনবরত আঘাতের শব্দ। ☐ *ক্রিবিণ* ১ ক্রমাগত খটখট শব্দ করে। ২ চটপট; দ্রুত। [ধ্বন্যা.]

খট[২] *বি* রাগবিশেষ। **খটটোড়ি, খটতোড়ি** *বি* খট ও টোড়ি রাগিণীর মিশ্রণে উৎপন্ন রাগবিশেষ। **খটযোগিয়া** *বি* খট ও যোগিয়া রাগের মিশ্রণে উৎপন্ন রাগবিশেষ। [হি.]

খটকা *বি*১ সংশয়; সন্দেহ। ২ দ্বিধা। ৩ অবিশ্বাস। [তুল. হি. খুটকা]

খটমট *অব্য* ১ জুতার গোড়ালির শব্দ। ২ কঠিন গোড়ালিযুক্ত জুতা পায়ে দিয়ে গর্বিতভাবে চলবার শব্দ। [ধ্বন্যা.]

খটরমটর *বি,বিণ* জটিল। ☐ *বিণ* আজেবাজে (কথা); অর্থহীন (কথা)।

খটাশ[১] ⟹ খাটাশ।

খটাশ[২]**, খটাস** *অব্য* শক্ত জিনিসে ঠোকাঠুকির শব্দ। [ধ্বন্যা.]

খটেল *বিণ* খুঁত বা দোষ ধরা স্বভাব বা ত্রুটি বের করতে ওস্তাদ এমন।

খট্টাশ, খট্টাস *বি* খাটাশ; বনবিড়াল; ভাম; গায়ের গন্ধের জন্য পরিচিত জন্তুবিশেষ; গন্ধ গোকুল; pole cat, civet cat। [স.]

খড় *বি*১ শুষ্ক শস্যহীন ধান গাছ; বিচালি। ২ শুষ্ক তৃণ; শুকনা ঘাস; গরুর খাদ্য। [স.]। **খড়কুটা, খড়কুটো** *বি* খড় ও সেই জাতীয় শুষ্ক তৃণ। **খড়কুটি** *বি* পোড়াবার শুকনা লতাপাতা; খড় ও শুষ্ক তৃণাদি। **খড়ুয়া, খড়ো** *বিণ* খড় দিয়ে ছাওয়া বা তৈরি; তৃণনির্মিত; তৃণাচ্ছাদিত। **খড়ের আগুন** *বি*১ যা সহজেই দাউদাউ করে জ্বলে ওঠে এবং সহজে নিভে যায়। ২ উগ্র প্রকৃতি; কোপন স্বভাব।

খড়কি, খড়কী *বি* খিড়কি দরজা; পাছদুয়ার। [স. খড়ক্কীন>]

খড়খড়, খড়মড় *অব্য* শুষ্ক পত্র বা কাগজের নাড়াচাড়ায় উত্থিত শব্দ। [ধ্বন্যা.]

খড়খড়ি *বি* দরজা জানালার ফাঁকযুক্ত কপাটবিশেষ; ঝিলমিল। [স. খড়ক্কী>]

খড়ম *বি* কাঠের তৈরি পাদুকা। [তুল. হি. খড়ঙ]। **খড়মপেটা** *বিণ* খড়মের দ্বারা প্রহৃত। **খড়ম পেয়ে** *বিণ*১ খড়ম পায়ে পরেছে এমন। ২ পদতলের মধ্যভাগ ভূমি স্পর্শ করে না এমন।

খড়রা *বি* ঘোড়ার গা মাজবার লোহার চিরুনিবিশেষ।

খড়ি, খড়ী *বি*১ সাদামাটিবিশেষ; chalk। ২ তিলকমাটি। ৩ অঙ্ক; গণনা। ৪ জ্বালানি কাঠ; শুকনা কাঠকুটা। ৫ খুসকি। ৬ চিহ্ন; দাগ; খড়ির আঁক। ৭ নৈপুণ্য; শিল্পচাতুর্য। ৮ উপদেশ; পরামর্শ। ৯ কাজ–কর্ম। [স. খটিকা>]। **খড়ি ওঠা, খড়ি উড়া** *ক্রি* খড়ির মতো সাদা শুষ্ক চর্ম ওঠা, সাদা মরা মাস ওঠা; খুসকি ওঠা। **খড়ি করা** *ক্রি* অঙ্ক কষা। **খড়ি পাতা** *ক্রি* মাটিতে খড়ির আঁক কেটে ভাগ্য নির্ণয় করে বলা। **খড়িমাটি** *বি* ফুল খড়ি বা চা খড়ি; chalk। **খড়িয়া, খড়ে** *বিণ* ১ খড়ির মতো। ২ সাদা; ফ্যাকাশে। **হাতেখড়ি** *বি* শিশুদের বিদ্যা শুরু করবার একটি অনুষ্ঠান।

খড়িকা, খড়কে *বি*১ চিকন কাঠি। ২ দাঁত পরিষ্কার করবার সরু কাঠি; toothpick। ৩ উলুখড়ের কঠিন অংশ। [স. খড়+বা. ইকা]

খড়্গ *বি*১ মারণযন্ত্রবিশেষ; খাঁড়া। ২ অসি; তরবারি। ৩ গণ্ডারের শৃঙ্গ। ৪ লৌহ। [স.]। **খড়্গকোষ** *বি* তলোয়ারের খাপ। **খড়্গচর্ম** *বি* ঢাল; তলোয়ার। **খড়্গধেনু** *বি* ছোরা; ছোট খড়্গ। **খড়্গনাসা** *বিণ* নাকের অগ্রভাগ খড়্গের মতো সূক্ষ্ম ও বাঁকা এমন। **খড়্গপত্র** *বি*১ খড়্গের পাতা;

sword bade। ২ খড়্গের মতো তীক্ষ্ণ পাতা যার; আখ। ৩ ঢাল। **খড়্গপাণি** *বিণ* ১ খড়্গধারী। ২ অন্যায়ের প্রতিকারের জন্য প্রস্তুত। **খড়্গফল, খড়্গফলক** *বি* তরবারির সূক্ষ্মাগ্র মুখ। **খড়্গবিধান** *বি* তরবারির খাপ। **খড়্গমৃগ** *বি* গণ্ডার। **খড়্গহস্ত** *বিণ* ১ খড়্গধারী। ২ অস্ত্রের সাহায্যে আঘাত করতে উদ্যত; প্রহারোদ্যত। ৩ অত্যন্ত চটা। ৪ শাস্তিদানে হত্যায় উদ্যত।

খড়্গী *বি* ১ গণ্ডার। ২ মহাদেব। ☐ *বিণ* ১ খড়্গধারী। ২ জল্লাদ; হন্তা। [স.]

খণ্ড[১] *বি* ১ টুকরা; হিস্‌সা; অংশ। ২ পরিচ্ছেদ; ভাগ। ৩ অঞ্চল; দেশ। ৪ টি; টা; খানি; খানা। ☐ *বিণ* ১ ভগ্ন। ২ আংশিক। [স.]। **খণ্ডকথা** *বি* ছোট গল্প; ক্ষুদ্র আখ্যায়িকা। **খণ্ডকপাল, খণ্ডকপালে** *বিণ* ভাঙা কপাল; মন্দ ভাগ্য। **খণ্ডকাব্য** *বি* বৈচিত্র্যে ও দৈর্ঘ্যে মহাকাব্যের মতো নয় এমন; এক বিষয়াত্মক ছোট কাব্য। **খণ্ড খণ্ড** *বিণ* টুকরা টুকরা; ছিন্ন-বিচ্ছিন্ন। ☐ *বি* ক্ষুদ্র ক্ষুদ্র অংশ। **খণ্ডগিরি** *বি* উড়িষ্যার পাহাড়বিশেষ। **খণ্ডচাষ** *বি* টুকরা জমির চাষ। **খণ্ডতাল** *বি* সঙ্গীতের তালবিশেষ। **খণ্ডপ্রলয়** *বি* ১ ক্ষুদ্র প্রলয়; উলট-পালট। ২ তুমুল কলহ; তুলকালাম। ৩ দাঙ্গা-হাঙ্গামা। **খণ্ডবাক্য** *বি* জটিল বাক্যের অন্তর্গত ক্ষুদ্র বাক্য। **খণ্ড-বিখণ্ড** *বি* ছিন্নভিন্ন। **খণ্ডব্রত** *বি* ১ অপূর্ণাঙ্গ ব্রত। ২ খণ্ড; খণ্ডিত।

খণ্ড[২] *বি* ১ খাঁড়া। ২ চোর; ডাকাত; দস্যু; ছ্যাঁচড়। [স.]

খণ্ড[৩] *বি* গুড়; খাঁড়। [স.]

খণ্ডন *বি* ১ অংশ বা ভাগকরণ; খণ্ডকরণ। ২ ছেদন; কর্তন; ছিন্নকরণ। ৩ অপনোদন; নিরাকরণ; মোচন; স্খালন। ৪ যুক্তির সাহায্যে মিথ্যা বা ভ্রান্ত বলে প্রমাণকরণ। ৫ নিবারণ; ভঞ্জন; প্রতিবিধান। ৬ বর্জন; ত্যাগ; পরিহার। [স.]। **খণ্ডন করা** *ক্রি* ১ যুক্তি দ্বারা অপ্রকৃত বলে প্রমাণ করা। ২ নিবারণ বা প্রতিবিধান করা। ৩ ছেদন করা। ৪ ভাগ করা। **খণ্ডনীয়, খণ্ড্য** *বিণ* ১ খণ্ডনযোগ্য। ২ খণ্ডন করার উপযুক্ত।

খণ্ডা[১] *ক্রি* ত্যাগ করা; বর্জন করা; খণ্ডন করা; পরিহার করা। [স. খণ্ড+বা. আ]

খণ্ডা[২] *বি* খাঁড়া; খড়্গ। [স.]

খণ্ডানো *ক্রি* খণ্ডন করা বা করানো।

খণ্ডিত *বিণ* ১ খণ্ড বা খণ্ডন করা হয়েছে এমন। ২ অঙ্গহীন; অসম্পূর্ণ। [স.]। **খণ্ডিতা** *বি স্ত্রী.* দ্বিধাকৃতা; ছিন্না। ☐ *বি* ১ নিরাকৃতা। ২ নায়কের অঙ্গে পরনারী সম্ভোগচিহ্ন দর্শনে কুপিতা অপমানিতা ও ঈর্ষান্বিতা নায়িকা।

খত, খৎ *বি* ১ চিঠিপত্র; লিপি। ২ কর্জের প্রতিজ্ঞাপত্র বা দলিল; তমসুক; ঋণপত্র। ৩ শপথনামা; স্বীকৃতিপত্র। ৪ স্বাক্ষর; সই। ৫ ঘর্ষণ। ৬ চিহ্ন; রেখা; আঁচড়। [আ. খৎ; তুল. দস্তখত]

খত-খতেন, খত-খতিয়ান *বি* দলিল ও হিসাবের খাতা। [আ. খয়ত-খীতান]। **নাকে খত** *বি* অপরাধের শাস্তি হিসেবে মাটিতে নাক ঘর্ষণ। **ফারখত** *বি* ছাড়পত্র; ফিরিয়ে দেওয়ার প্রতিজ্ঞাপত্র।

খতনা, খৎনা *বি* সুন্নত; মুসলমানি; লিঙ্গমুখের ত্বক ছেদন; circumcision। [আ. খত্‌নঃ]

খতম *বি* ১ শেষ; সমাপ্তি। ২ মৃত্যু; অবসান। ☐ *বিণ* ১ সমাপ্ত; সাঙ্গ। ২ বিনষ্ট। [আ. খত্‌ম]। **খতম করা** *ক্রি* ১ শেষ করা; সমাপ্ত করা। ২ মেরে ফেলা; সাবাড় করা। **খতম পড়া** *ক্রি* মৃতের সদ্‌গতির জন্য, বিপদ আপদ বা রোগ মুক্তির জন্য কিংবা অন্য কোনো উদ্দেশ্যে পুরো কুরআন পাঠ করা বা করানো। **খতম পড়ানো** *ক্রি* মৃতের আত্মার সদ্‌গতির জন্যে সমগ্র কুরআন তেলাওয়াতের অনুষ্ঠান করা।

খতর *বি* ১ বিপদ। ২ ভয়। [আ. খত্‌র]। **খতরনাক** *বিণ* বিপদসঙ্কুল।

খতানো *ক্রি* ১ হিসাব-নিকাশ করে দেখা; লাভ লোকসান বিচার করা; বুঝে দেখা। ২ গণনা করা। ৩ হিসাব-নিকাশকরণ। ৪ খতেন; খতিয়ান। [আ খত্‌+বা আন, আনো]

খতি *বি* ১ ঘুষ; উৎকোচ (বিনা উপকারে খায় খতি—কবিকঙ্কণ)। ২ কাপড়ের থলি। [আ. খত্‌+বা. ই]

খতিব, খতীব *বি* ১ খুতবা পাঠকারী। ২ শুক্রবারে জুমার নামাজে কিংবা ঈদের নামাজে বক্তৃতাদাতা। ৩ লিখিত ধর্মবাণী পাঠক; ধর্মবেত্তা। [আ. খতীব]

খতিয়ান, খতেন *বি* ১ খাজনার পরিমাণ ও আদায়-উসুলের হিসাবপত্র এবং প্রজার জমিজমা সংক্রান্ত তথ্য নিরূপক বই; ledger book। ২ বিষয়ানুক্রমে বা নামওয়ারি হিসাব। ৩ যে হিসাব-বইয়ে ক্রয়-বিক্রয়, আমদানি-রপ্তানি প্রভৃতি স্বতন্ত্র হিসাব থাকে। [আ. খীতান]। **খতিয়ান করা** *ক্রি* ১ জমা খরচের বিস্তারিত বিবরণ তৈরি করা। ২ প্রজার চিঠার দাগের নম্বর, জমির পরিমাণ, প্রকৃতি ইত্যাদির স্বতন্ত্র ফর্দ লেখা।

খতো, খতুয়া *বিণ* ১ ভাঙা; ভগ্ন। ২ জীর্ণ; ক্ষয়প্রাপ্ত। ☐ *বি* চোখের কোণে ও পাতায় ঘা-বিশেষ। [স. ক্ষত>]। **খতো ধরা, খতো মারা, খতুয়া ধরা, খতুয়া মারা** *ক্রি* ১ ক্ষতপ্রাপ্ত হওয়া। ২ ছাতা ধরে যাওয়া। ☐ *বি* ক্ষতদুষ্ট।

খত্তাল *বি* কাঁসার তৈরি এক প্রকার বাদ্যযন্ত্র; করতাল; সংকীর্তনাদির সঙ্গে বাজাবার সুপরিচিত যন্ত্র। [স. করতাল>]

খদির *বি* ১ খয়ের; খয়ের গাছের নির্যাস। ২ খয়ের গাছ। [স.]। **খদির কষায়, খদির ক্বাথ** *বি* খদিরের নির্যাস।

খদিরিকা *বি* ১ লাক্ষা; গালা। ২ লজ্জাবতী লতা। [স.]

খদ্দর, খদ্দি, খাদি *বি* চরকায় কাটা কার্পাস সুতায় প্রস্তুত মোটা কাপড়। [গুজরাটি শব্দ]

খদ্যোত *বি* দেহে আলোক-সন্নিবিষ্ট এক প্রকার পতঙ্গ; জোনাকি পোকা। [স.]। **খদ্যোতিকা** *স্ত্রী.*। **খদ্যোতমালা** *বি* জোনাকির ঝাঁক বা দল।

খনক, খনৎকার *বি* ১ যে খনন করে; খননকারী। ২ খনি থেকে ধাতু উত্তোলনকারী; miner। ৩ সিঁধেল চোর। ৪ ইঁদুর। [স. খন্‌+অক্]

খনখন *অব্য* ধাতুপাত্রে আঘাতজনিত তীক্ষ্ণ শব্দ। [ধ্বন্যা.]। **খনখনে, খনখনে** *বিণ* শব্দবিশিষ্ট তীক্ষ্ণ ধ্বনিজ্ঞাপক।

খনন *বি* খাত সৃষ্টিকরণ; গর্তকরণ; খোঁড়া। [স.]। **খননকারী** *বি* যে খনন করে। **খননীয়, খন্য** *বিণ* ১ খনন করা যায় এমন; খননযোগ্য। ২ খনন করতে হবে এরূপ। **খনিত, খাত** *বিণ* খোঁড়া হয়েছে এমন।

খনয়িত্রী *বি স্ত্রী.* ১ যে খনন করায়। ২ খন্তা। [স.]

খনা[১] *বি* কিংবদন্তির বিখ্যাত বাঙালি মহিলা জ্যোতিষী; মিহিরের স্ত্রী। **খনার বচন** *বি* জ্যোতিষশাস্ত্র অনুযায়ী

শস্যবৃক্ষ রোপণ; গৃহনির্মাণ প্রভৃতি শুভাশুভ বিষয়ক সুপ্রচলিত প্রবচন যা খনার উক্তি বলে প্রসিদ্ধ।
খনা[২], **খোনা** *বিণ* নাকি সুরে কথা বলে এমন।
খনি[১], **খনী** *বি* ধাতু কয়লা প্রভৃতির উৎপত্তিস্থান বা আকর। [স. √খন্+ই, ঈ] । **খনিজ** *বিণ* খনিতে উৎপন্ন হয় বা খনি থেকে পাওয়া যায় এমন; খনিজাত; আকরিক।
খনি[২] *বি* বস্ত্রবিশেষ; টেকসই পাটের পাছড়া।
খনিত্র *বি* খন্তা; শাবল; মাটি খুঁড়বার যন্ত্র। [স.]
খন্তা, খন্তিক, খোন্তা *বি* ১ খনন করবার যন্ত্র। ২ শাবল; খনিত্র। [স. খনিত্র>খনিত্ত>]
খন্দ[১] *বি* ১ নালা; গর্ত। ২ নিম্নভূমি। [ফা. কন্দহ্<আ. খন্দক]
খন্দ[২] *বি* ১ ফসল; শস্য। ২ চাষের মৌসুম। [স. কন্দ>]। **খন্দ-খেরাজ** *বি* শস্যাদি ও খাজনা। **খন্দমাল** *বি* রবিশস্য; বসন্তকালীন শস্য; মুগ মটর কলাই ইত্যাদি।
খন্দক *বি* গর্ত; নালা; খানা। [আ. খনদক]
খন্নাস *বি,বিণ* ১ শয়তান। ২ ধূর্ত; দুষ্ট। [আ. খননাস]
খপ *অব্য, ক্রিবিণ* হঠাৎ; সহসা; শীঘ্র; দ্রুত; অতর্কিতভাবে; আচম্বিতে। **খপ-খপানি** *বি* ১ মনের ভিতরকার অস্বস্তি; বুক ঢিপ ঢিপ করা ভাব। ২ অসন্তোষ; অতৃপ্তি; উদ্বেগ। [ধ্বন্যা.]
খপাৎ *অব্য* নরম জিনিস দ্রুত ধরে ফেলার শব্দ। ❑ *ক্রিবিণ* হঠাৎ। [ধ্বন্যা.]
খপুর *বি* ১ খর্পর। ২ মাটির কলসি। ৩ পান-সুপারি রাখার ডাবর। ৪ সুপারিগাছ। ৫ শূন্যে কল্পিত প্রাসাদ; castle in the air। [স. খর্পর>]
খপুষ্প *বি* ১ আকাশ-কুসুম। ২ অস্তিত্বহীন পদার্থ। ৩ অলীক বস্তু। ৪ যা বাস্তব নয়। [স. খ (আকাশ)+পুষ্প]
খপ্পর *বি* ১ ফাঁদ; কবল; চক্রান্ত; ছলনাজাল। ২ খোলা; খাপরা; খোলার চাল। [স. খর্পর>]
খপ্পা, খাপ্পা *বিণ* কুপিত; অসন্তুষ্ট; ক্ষিপ্ত; ক্রুদ্ধ; চটা। [ফা. খফা>খপা>খপ্প+আ]
খবর *বি* ১ বার্তা; সংবাদ। ২ তথ্য; বৃত্তান্ত। ৩ তত্ত্ব। ৪ যত্ন; তত্ত্বাবধান। ৫ সন্ধান; উদ্দেশ্য। [আ. খবর]। **খবরগির** *বি* ১ সংবাদবাহক; সংবাদদাতা। ২ গোয়েন্দা, চর। ❑ *বিণ* তত্ত্বাবধানকারী। **খবরগিরি** *বি* ১ খোঁজ-খবর নেওয়ার কাজ; সংবাদবাহকের কাজ। ২ গোয়েন্দার কাজ। ৩ তত্ত্বাবধান; খবরদারি। **খবরদার**[১] *অব্য* সাবধান; হুঁশিয়ার; হুঁসিয়ার। **খবরদার**[২] *বিণ* তত্ত্ববিদ বা তত্ত্বজ্ঞ। **খবরদারি** *বি* ১ তত্ত্বাবধান। ২ সাবধানতা; সতর্কতা; হুঁশিয়ারি। **খবর পাওয়া** *ক্রি* ১ সংবাদ পাওয়া। ২ খোঁজ পাওয়া; সন্ধান পাওয়া; উদ্দেশ পাওয়া। **খবর নেওয়া** *ক্রি* ১ তত্ত্বাবধান করা। ২ সংবাদ জানা; খোঁজ নেওয়া। **খবর রাখা** *ক্রি* খোঁজ রাখা; ওয়াকিফহাল থাকা। **খবর হওয়া** *ক্রি* ১ সংবাদ পৌঁছা; খবর প্রকাশিত হওয়া। ২ সাড়া পড়ে যাওয়া। **খবরাখবর** *বি* ১ পরস্পর সংবাদ বিনিময়। ২ খোঁজ-খবর। ৩ তত্ত্বাবধান। **খবরের কাগজ** *বি* সংবাদপত্র; newspaper। **খোশখবর** *বি* ভালো খবর; সুসংবাদ।
খবিশ, খবিস *বি* ১ নোংরা; অপরিষ্কার। ২ কদাচারী; নষ্ট। ৩ অপবিত্র হৃদয়; অশুদ্ধ চিত্ত। ৪ অপবিত্র ভূত; অপদেবতা। ৫ শয়তান। ❑ *বিণ* কুটিল। [আ. খবীস]
খমক *বি* বাদ্যযন্ত্রবিশেষ। [ফা. খুমক]
খয়না *বি* আফোটা খই; খই ভাজবার পর যে ধান খই না হয়ে অবশিষ্ট থাকে। [খই<স. খদিকা+না]
খয়রাত *বি* ১ ভিক্ষা। ২ পুণ্যার্থে দান। ৩ বিতরণ। [আ. খয়রাত]। **খয়রাতি, খয়রাতী** *বিণ* ১ দাতব্য। ২ দানের জিনিস। ❑ *বি* ভিক্ষা।
খয়ের[১] *বি* খদির গাছের নির্যাস থেকে তৈরি পানের মসলাবিশেষ। [স. খদির>]। **খয়েরি, খয়রা** *বিণ* খয়েরের রংবিশিষ্ট; খয়ের বর্ণের।
খয়ের[২] *বি* মঙ্গল; কুশল; ভালাই; শুভ। [আ. খয়র]। **খয়ের খাঁ** *বিণ* ১ স্তাবক; খোশামুদে; মোসাহেব। ২ হিতাকাঙ্ক্ষী। [আ. খয়র+আ+ফা. খাহ্]। **খয়েরখাহি** *বি* ১ মঙ্গল কামনা; হিতাকাঙ্ক্ষা। ২ খোশামুদি; মোসাহেবি।
খর[১] *বিণ* ১ ধারালো; তীক্ষ্ণ। ২ প্রবল। ৩ অতি দ্রুতগতি; তীব্রগতি। ৪ কর্কশ; কঠোর; রূঢ়। ৫ উগ্র; কড়া। ৬ প্রখর; প্রচণ্ড। ৭ ধাতব পদার্থ মিশ্রিত। [স.]। **খর কর** *বি* ১ তীব্র কিরণ; প্রখর তেজ। ২ সূর্য। **খরখরে** *বিণ* ১ কর্কশ; তীক্ষ্ণস্পর্শ; অমসৃণ। ২ চালাক; চতুর; চটপটে। ৩ অতিরিক্ত ভাজা। **খরখরে বুদ্ধি** *বি* তীক্ষ্ণ বুদ্ধি, প্রখর বুদ্ধি; সজাগ বুদ্ধি। **খরজল, খরপানি** *বি* লবণ, ক্ষার প্রভৃতি ধাতব পদার্থযুক্ত পানি; hard water। **খরজালি** *বি* রৌদ্রতাপে পানি শুষ্ক করে প্রস্তুত লবণ। **খরতর** *বিণ* তীক্ষ্ণতর; অত্যন্ত প্রখর। **খরধার, খরশান** *বিণ* খুব ধারালো; তীক্ষ্ণ ধারবিশিষ্ট। **খরপোড়া** *বিণ* বেশি পোড়া। **খরশান, খরসান** *বিণ* তীক্ষ্ণ শানযুক্ত; খুব ধারালো। **খরস্রোত** *বি* প্রবল স্রোত; অত্যন্ত বেগবান প্রবাহ। **খরস্রোতা** *বিণ*।
খর[২] *বি* ১ গর্দভ; খচ্চর; অশ্বতর। ২ রাক্ষসবিশেষ; লঙ্কার রাজা রাবণের বৈমাত্রেয় ভ্রাতা। [ফা. খর]
খরগোশ, খরগোস *বি* শশক; hare। [ফা. খরগোশ]
খরচ, খরচা *বি* ১ ব্যয়। ২ ব্যয় করার অর্থ। [আ. খরজ্>ফা. খরচ]। **খরচ, খরচা, খরচপত্র, খরচাপাতি** *বি* নানা প্রকার ব্যয়। **খরচান্ত** *বি* ১ অত্যধিক ব্যয়; বেশি খরচ। ২ খরচের ফলে ফতুর বা রিক্তহস্ত। **খরচি** *বিণ* অতিরিক্ত খরচ করে এমন। **খরচে, খরচিয়া** *বিণ* ১ মুক্তহস্তে ব্যয় করে এমন; উদারহস্ত। ২ অমিতব্যয়ী। **খরচের খাতায় লেখা** *ক্রি* লাভের আশা ত্যাগ করা; ক্ষতি বলে ধরে রাখা। ❑ *বিণ* উদ্ধারের আশা নেই এমন।
খরজ *বি* সঙ্গীতের সপ্তস্বরের প্রথম স্বর; 'সা' এই স্বর। [স. ষড়জ]
খরমুজ *বি* তরমুজের মতো ফুটি জাতীয় ফল। [ফা. খরবুযহ্]
খরযান *বি* গাধা টানা গাড়ি। [ফা. খর+স. যান]
খরশাল *বি* গাধার বাসস্থান। [ফা. খর+স. শালা]
খরশুলা, খরসুলা *বি* ১ ছোট ছোট মাছবিশেষ। ২ বাটা মাছ। [বা.]
খরসান, খর্সান *বি* শুকনো তামাক পাতা; দোক্তা। ❑ *বিণ* ঝাঁঝালো; কড়া। **খরসানি** *বি* ঘোড়ার খুরের ঘর্ষণ ও হ্রেষাধ্বনি; ঘর্ষণের ধ্বনি।
খরস্নায়ু *বিণ* তীব্র সংবেদনশীল; তীব্র অনুভূতিপূর্ণ। [স.]
খরা[১] *বি* ১ রোদ; রৌদ্র। ২ অনাবৃষ্টি। ৩ গ্রীষ্ম। [স. খর+বা. আ]
খরা[২] *বি* ১ খরগোশ। ২ গর্দভ। [স.]

খরাংশু *বি* খরগোশ। [স. খর+অংশু]
খরাদ *বি* ১ কুঁইযন্ত্র, lathe। ২ কাঠ প্রভৃতি কুঁদযন্ত্রে চেঁছে মসৃণ বা গোলকরণ। [আ. খরাদী]। **খরাদি** *বি* খরাদ করবার লোক; কুঁদযন্ত্র বানাবার লোক।
খরান[১] *বি* ১ অনাবৃষ্টি। ২ একটানা প্রখর রৌদ্র। ৩ গরমকাল; গ্রীষ্ম।
খরানি *বি* ১ একটানা রোদের কাল; dry season। ২ চুয়ে পড়া অবস্থা। [স. ক্ষর>+আনি]
খরানো *ক্রি* কড়া করে ভাজা। ☐ *ক্রিবিণ* অতিরিক্ত শুষ্ক করে নেওয়া। [স. খর+বা. আনো]
খরিতা *বি* চামড়ার তৈরি থলি; টাকা রাখবার থলি। [আ. খরীত]
খরিদ *বি* কেনা; ক্রয়। [ফা. খরীদ]। **খরিদ খাতা** *বি* যে খাতায় জিনিস ক্রয়ের হিসাব থাকে। **খরিদ দর** *বি* ক্রয়মূল্যের হার। **খরিদদার, খরিদ্দার, খদ্দের** *বি* যে খরিদ করে; ক্রেতা। **খরিদমূল্য** *বি* যে মূল্যে খরিদ করা হয়েছে; কেনা দাম। **খরিদা** *বিণ* ক্রীত; কেনা। **খরিদানি** *বি* খরিদ্দার; ক্রয়কালীন মূল্য।
খরিফ, খরীফ *বি* হৈমন্তিক ফসল। (তুল. রবিশস্য)। [আ. খরীফ্]
খরে দজ্জাল, খারে-দজ্জাল *বি* দজ্জালের গাধা; যে দজ্জাল গাধায় চড়ে আসবে। [ফা. খরে+আ. দজ্জাল]
খরোষ্ঠী, খারস্থি *বি* ভারতের উত্তর পশ্চিম সীমান্ত অঞ্চলের প্রাচীন ভাষা ও লিপিবিশেষ। [স. খরোষ্ঠী]
খর্জন *বি* কণ্ডূয়ন; গা চুলকানো। [স. √খরজ্+অনট্]
খর্জুর *বি* ১ খেজুর ফল। ২ খেজুর গাছ। [স. খর্জু+র]। **খর্জুরিকা** *বি* মিঠা গজা; মিঠাইবিশেষ।
খর্পর *বি* ১ খোলা; খাপরা; মেটে হাঁড়ির ভগ্ন অংশ। ২ মড়ার মাথার খুলি। ৩ মৃৎপাত্রের কেজো ভগ্নাংশ। ৪ ভিক্ষাপাত্র। ৫ ধূর্ত; চোর। [স.]
খর্ব *বিণ* ১ বেঁটে; বামন। ২ হীন; খাটো; ছোট। ৩ হ্রস্ব; অল্প; কম। ☐ *বি* সহস্রকোটি সংখ্যা। [স.]। **খর্বকায়** *বি* ক্ষুদ্রদেহ। ☐ *বিণ* বেঁটে; বামন।
খল[১] *বিণ* ১ কপট; ক্রূর। ২ দুর্জন। ৩ হিংসুক। ৪ নীচ। [স.]। **খলকপট** *বিণ* খলতা ও কপটতাযুক্ত লোক। **খলতা** *বি*।
খল[২] *বি* ১ ওষুধ পেষণের পাথরের পাত্র। ২ দুর্বৃত্ত; ভিলেন; দুর্জন। [স. √খিল্+অ]
খল[৩] *বি* ১ খামার; ধান মাড়ানোর জায়গা। ২ তেলের শিটা বা খৈল; কল্ক বা ক্বাথ। ৩ কানের ময়লা। [স.]
খলখল *অব্য* উচ্চহাসির শব্দ। **খলখল করা** *ক্রি* অল্প পানিতে মাছ দ্রুত চললে যে শব্দ হয় সেরূপ শব্দ করা। [ধ্বন্যা.]
খলট *বি* ১ উঠান। ২ ধান মাড়াই করবার স্থান।
খলতা *বি* হিংসাপ্রবৃত্তি; কূটিলতা; নীচতা; দুর্জনতা। [স.]
খলধান *বি* খামার; খামারবাড়ি। [স. খল+√ধা+অনট্]
খলন *বি* পতন; স্খলন; বিচ্যুতি। [স. স্খলন>]।
খলপা, খলফা *বি* ১ শস্যের গোলাবিশেষ। ২ দরমা; দরমার তৈরি চাটাই; mat। ৩ বাঁশের বেড়া। ৪ সহজেই ভেঙে যায় এরূপ গাছের ডাল; পটকা ডাল। ৫ পায়ের গোড়ালি। [স. খল>]
খলবল *অব্য* অল্প পানিতে মাছ লাফানোর শব্দ। ☐ *বিণ* চঞ্চল; অস্থির। [ধ্বন্যা.]। **খলবলানি** *বি* খলবল শব্দে নড়ন-চড়ন; প্রবল চাঞ্চল্য।
খলল *বি* ১ ব্যাঘাত; হানি। ২ গোলযোগ। [আ. খলন]
খলশে, খলিশা *বি* কই জাতীয় ছোট মাছবিশেষ। [স. খলিশ, খলেশয়]
খলা, খোলা *বি* ১ ক্ষেত্র; উন্মুক্ত স্থান। ২ ধান মাড়াবার ও শুকানোর জন্য বিস্তৃত স্থান। [স. খোলা]। **ইটখোলা** *বি* ইট কেটে পোড়ানোর স্থান।
খলি *বি* খোল; তেলের শিটা; ক্বাথ; খৈল। [স.]
খলিত *বিণ* টাকবিশিষ্ট; টেকো। [স. স্খলিত>; আদিবর্ণ লোপ]
খলিন, খলীন *বি* ১ লাগাম। ২ ঘোড়ার লাগামের কড়িয়ালির লোহা। [স.]
খলিফা *বি* ১ প্রতিনিধি। ২ হজরত মুহম্মদের (সা.) পর মুসলিম রাষ্ট্রের নির্বাচিত প্রধান শাসনকর্তা— তিনি একাধারে শাসনকর্তা ও ধর্মনেতা। ৩ দরজি। ৪ উস্তাদ কারিগর। ৫ সর্দার; প্রধান; দলপতি। [আ. খলীফঃ]
খলেন[১], **খইলান** *বি* শস্য মাড়াবার নির্দিষ্ট জায়গা। [স. খল]
খলেন[২] *বি* খলিশা মাছ। [স. খল]
খস[১], **খশ** *অব্য* ১ শুষ্ক বস্ত্র বা পত্রাদির শব্দ। ২ পালকের কলম দিয়ে দ্রুত লেখার শব্দ। ৩ খসে পড়ার শব্দ। **খসখস, খশখশ** *অব্য* ১ শুকানো কাপড়, গাছের পাতা প্রভৃতির ঘর্ষণের শব্দ। ২ পালকের কলম দিয়ে দ্রুত লেখার শব্দ। **খসখসানি** *বি* শুষ্ক বস্ত্র বা পত্রাদির ঘর্ষণজনিত শব্দ। **খসখসে** *বিণ* ১ অমসৃণ; কর্কশ। ২ শুষ্ক। [ধ্বন্যা.]
খস[২] *বি* খোস; পাঁচড়া; চুলকানি। [স. খ (ইন্দ্রিয়)+ √সো (অবসন্ন করা)+অ]
খসই *অক্রি* খসে; স্খলিত হয়ে।
খসড়া *বি* ১ মুসাবিদা; নকশা; draft। ২ পাণ্ডুলিপি। ৩ দৈনিক সাধারণ হিসাবকিতাব। [আ. খুসর]
খসম *বি* স্বামী; পতি। [আ. খসম]
খসলত *বি* অভ্যাস; স্বভাব; বৈশিষ্ট্য। [আ. খসলৎ]
খসা *ক্রি* ১ স্খলিত হওয়া; খুলে পড়ে যাওয়া। ২ বাঁধন শিথিল হয়ে পড়া; খুলে যাওয়া। ৩ ধসে যাওয়া। ৪ বের হওয়া; নির্গত হওয়া। ৫ খরচ হওয়া। ৬ দল ছেড়ে যাওয়া, সরে পড়া। ৭ ঝরা। ৮ মরে যাওয়া। ☐ *বি* উক্ত সকল অর্থে। ☐ *বিণ* বিচ্যুত; স্খলিত। [স. √স্খল্+বা. আ; আদিবর্ণ লোপে]। **খসে পড়া** *ক্রি* পালিয়ে যাওয়া; সম্পর্ক না রাখা।
খসানো *ক্রি* ১ খুলে ফেলা; খসিয়ে ফেলা। ২ স্খলিত করা; বিচ্যুত করা। ৩ পৃথক করা; সরানো। ৪ খরচ করানো। ☐ *বিণ* উক্ত সকল অর্থে। [খসা+আনো]
খাই[১] *ক্রি* ১ ভক্ষণ করি; আহার করি। ২ ভোজন। [স. √খাদ্>বা. √খা]। **খাইকুঁড়** *বিণ* পেটুক; ঔদরিক। **খাইকুড়ি** *স্ত্রী*। **খাই-খরচ, খাই-খরচা** *বি* খাওয়া-খরচ, খোরাকি। **খাইখাই** *বি* ১ সর্বদা খাওয়ার জন্য আগ্রহ; খাওয়ার লালসা। ২ খাকতি; চাহিদা। **খাইয়ে** *বিণ* ১ বেশি খেতে পারে এমন; পেটুক। ২ খেতে জানে এমন; ভোজনরসিক। ৩ খাওয়াতে জানে এমন।
খাই[২] *বি* ১ গর্ত; পরিখা। ২ গভীরতা। [স. খাত>]
খাই-খালাসি *বিণ* জমির ফসল বা উপস্বত্ব থেকে ধার

শোধের শর্তযুক্ত। ❑*বি* জমির উপস্বত্ব খেয়ে ঋণমুক্তি। [স. খাদ>+ফা. খালাসি]

খাউকি, খাউকী *বিণ স্ত্রী.* খেতে ওস্তাদ; ভোজন–পটু। (তুল. **নিখাকি**)। **খাউকা, খাউকো** *পু.*। [স. √খাদ্>বা. খা]

খাউজ *বি* চুলকানি; খোস। [স. খর্জন>]

খাওন *বি*১ আহার; ভোজন। ২ খাদ্য; ভোজ্য। [স. খাদন>]

খাওয়া *ক্রি* ১ আহার করা; ভোজন করা। ২ পান করা; পানীয় গ্রহণ করা। ৩ দংশন করা। ৪ সেবন করা। ৫ ভোগ করা। ৬ অন্যায়ভাবে নেওয়া। ৭ নষ্ট করা; বরখাস্ত করা। ৮ খারাপ করা। ৯ দেওয়া। ১০ ভোজন। ❑*বিণ*১ ভক্ষিত। ২ উচ্ছিষ্ট। [স. √খাদ>বা. √খা+বা. ওয়া]। **খাওয়া-দাওয়া** *বি* আহারাদি ক্রিয়া; পান–ভোজন। ❑*ক্রি* খাওয়া ও খাদ্য দান করা; খাওয়া ও খাওয়ানো। **টাকা খাওয়া** *ক্রি* ঘুষ নেওয়া; অন্যায়ভাবে টাকা গ্রহণ করা। **নুন খাওয়া, নিমক খাওয়া** *ক্রি* উপকার পাওয়া; উপকৃত হওয়া। **মিশ খাওয়া** *ক্রি* একীভূত হওয়া; মিলে যাওয়া। **খাওয়ানো** *ক্রি* ১ ভোজন বা পান করানো। ২ মজা দেখানো বা শাস্তি দেওয়া।

খাঁ, খান *বি* পাঠানদের উপাধি; মুসলিমদের সম্মানসূচক উপাধিবিশেষ; সুলতান বা বাদশাহ কর্তৃক প্রদত্ত উপাধিবিশেষ; নব দীক্ষিত মুসলমানের পদবিবিশেষ। [ফা. খান]। **খান-ই-খানান** *বি* খানের খান। **খাঁসাহেব, খাঁবাহাদুর, খানবাহাদুর** *বি* ইংরেজ আমলের সরকার কর্তৃক মুসলমানকে প্রদত্ত সম্মানসূচক উপাধি। [খাঁ ও বাহাদুর মূলে মঙ্গোলীয় শব্দ]

খাঁই *বি*১ লোভ; আকাঙ্ক্ষা। ২ দাবি; চাহিদা। [ফা. খ্বাহিস]। **খাঁই করা** *ক্রি* দাবি করা বা আকাঙ্ক্ষা করা। **খাঁই খাঁই করা** *ক্রি* বেশি পাওয়ার আকাঙ্ক্ষা করা; পাওয়ার জন্য লালায়িত হওয়া। **খাঁই মেটা** *ক্রি* লালসা পূর্ণ হওয়া; আকাঙ্ক্ষা পূরণ হওয়া। [ফা. খ্বাহিস্/ স. কাঙ্ক্ষা>]

খাঁকতি, খাঁক্তি *বি*১ কমি; অভাব; অপ্রতুলতা; অনটন। ২ লোভ; খাঁই।

খাঁকারি *বি* গলা ঝাড়ার শব্দ; কৃত্রিম কাশি; নিজের আগমন বা অস্তিত্ব জানাবার জন্য শব্দ করা।

খাঁখাঁ, খাঁখা *অব্য* ১ শূন্যতা; করুণ নির্জনতা; রিক্ততাজ্ঞাপক। ২ ব্যাকুল ভাব।

খাঁখার *বি* কলঙ্ক; দুর্নাম; নিন্দা; অখ্যাতি। [হি.]

খাঁচা *বি* ১ পিঞ্জর। ২ পিঞ্জরার মতো ঘর বা খোপ। ৩ অস্থিপঞ্জর। ৪ খাদ্যদ্রব্য ঢেকে রাখার জন্য শলাকা নির্মিত আবরণী। ৫ কাঠামো। [স. কঞ্চিকা> খনচিআ> খাঁচা; হি. খাঁচা]। **খাঁচা-ছাড়া** *বিণ* পিঞ্জর–ত্যাগী।

খাঁচি *বিণ* খাঁচার মতো টুকরি; তরকারি ধোয়ার জন্য ব্যবহৃত এক রকম টুকরি। [খাঁচা+হ্রস্বার্থে ই=খাঁচি]

খাঁজ, খাঁচ *বি*১ রেখা। ২ ভাঁজ। ৩ ইটের জোড়ের মুখের ফাঁক। ৪ বের হয়ে থাকা অংশ। [হি. খাঁচ]

খাঁট *বিণ* শঠ; প্রতারক; দুষ্ট প্রকৃতি। [স. খণ্ড> খনট> খাঁট]। তুল. **খাণ্ডার**।

খাঁটি, খাঁটী *বিণ* ১ নির্ভেজাল; বিশুদ্ধ। ২ অকৃত্রিম; অকপট। ৩ আসল; প্রকৃত। ৪ সত্যপরায়ণ; ন্যায়বান। ৫ মূল্যবান; সারগর্ভ; সত্য। [হি.]

খাঁড় *বি*১ দানাদার গুড়। ২ খণ্ড। [স. খণ্ড>খন্ড>খাঁড়]

খাঁড়া *বি* খড়্গ; খাণ্ডা। [হি খান্ড়া ও খণ্ডা; স. খণ্ড> খন্ড> খাঁড়া]। **মরার উপর খাঁড়ার ঘা**— দুঃখের উপর আরো দুঃখ প্রদান।

খাঁড়াতি *বিণ* যে অস্ত্র দিয়ে পশু বলি দেয়। [খাঁড়া+তি]

খাঁড়ি[১], খাড়ি *বি* নদী সাগর বা খালের সঙ্কীর্ণ অংশ বা শাখা; নদীর মোহনা; সাগর–সঙ্গম; যে সঙ্কীর্ণ জলধারা সাগরে প্রবেশ করেছে।

খাঁদা, খেঁদা *বিণ*১ বোঁচা; থ্যাবড়া; চ্যাপটা। ২ বোঁচা; থ্যাবড়া বা চ্যাপটা নাকবিশিষ্ট। [দেশী]। **খাঁদি, খেঁদি** *বিণ স্ত্রী.*। **খাঁদা-বোঁচা** *বিণ* ১ নাক–মুখের রেখা সুস্পষ্ট বা তীক্ষ্ণ নয় এরূপ। ২ নির্লজ্জ; নাক–কান কাটা।

খাক[১] *বি* ১ মাটি; মৃত্তিকা। ২ ছাই; ভস্ম। ৩ ধুলা–বালি; ধুলামাটি। ৪ ধ্বংস; ধ্বংসাবশেষ। [ফা. খাক]। **খাক হওয়া** *ক্রি* মাটি হওয়া; ভস্ম হওয়া; পুড়ে যাওয়া; ধ্বংসে হওয়া।

খাকছার, খাকসার *বি*১ ধুলামাটি তুল্য দীন–হীন, তুচ্ছ সেবক। ২ আল্লামা মাশরেকি কর্তৃক প্রবর্তিত রাজনৈতিক দলবিশেষ। ❑*বি, বিণ* আকিঞ্চন; অধম; বিনয়াবনত। [ফা. খাকসার]

খাকড়ানো, খাঁকড়ানো *ক্রি*১ ঝিনুক দিয়ে কড়কড় বা খড়খড় করে দুধের বা তরকারির হাঁড়ি চাঁছা। ২ ইঙ্গিতপূর্ণ কণ্ঠধ্বনি করা।

খাকড়ি, খাঁকড়ি *বি* দুধের চাঁছি।

খাকতি, খাক্তি *বি* কমি; অভাব; ঘাটতি।

খাকান *বি* সম্রাট। [তু. খাকান]

খাকি *বিণ* ঘোর বাদামি রঙের; মেটে রঙের; পাংশু বর্ণ; কপিশ বর্ণ। ❑*বি* ১ খাকি রঙের জামা; সামরিক পোশাকবিশেষ। ২ মাটি থেকে প্রস্তুত অর্থাৎ মানুষ। [ফা. খাকী]

খাকি[২], খাগি *বিণ স্ত্রী.* খায় এমন; খাদিকা; ভক্ষণকারিণী। [স. খাদিকা>খাইকা>খাকি]। **গতরখাকি, গতরখাগি** *বি* ১ অত্যন্ত অলস নারী। ২ দেহের অসুস্থতায় নড়তে চড়তে অক্ষম স্ত্রীলোক। ৩ গালিবিশেষ। **চোখখাকি, চোখখাগি** *বি, বিণ* চোখ খেয়েছে যে নারী; দৃষ্টিহীনা। **নিখাকি, নিখাকী** *বিণ স্ত্রী.* কিছু খায় না এমন। **ভাতার-খাকি** *বিণ* পতিহন্ত্রী; স্বামীর মৃত্যুর কারণ এমন। ❑*বি* ভর্ৎসনাবিশেষ। **খেকো, খেগো** *পু.*।

খাগ, খাক[২] *বি*১ নল; খাগ; শর। ২ খাগের কলম; নল–খাগড়ার কলম। [স. খড়্গ>খগ্গ>খাগ]

খাগড়া *বি*১ নলজাতীয় দীর্ঘ ঘাস বা শর। ২ মুর্শিদাবাদ জেলায় অবস্থিত কাঁসার জিনিসের জন্য প্রসিদ্ধ স্থানবিশেষ। ৩ চিনির সিরায় খই ফেলে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। [স. খড়্গ>খগড়(বর্ণ–বিপর্যয়ে)> খাগড়া]। **খাগড়াই** *বিণ* খাগড়া নামক স্থানে প্রস্তুত।

খাচরা, খাচড়া *বিণ* দুষ্ট; খারাপ স্বভাবের লোক। [স. খচর>খচ্চর>খাচর+আ]। **খাচড়ামি** *বি* খারাপ স্বভাব।

খাজনা *বি*১ রাজা সরকার বা ভূম্যধিকারীকে দেয় কর বা শুল্ক; রাজস্ব; ভূমিকর। ২ ধনাগার; খাজাঞ্চিখানা। [আ. খিযানঃ]। **খাজনাখানা** *বি* কোষাগার; খাজাঞ্চিখানা; খাজনা জমা রাখার স্থান।

খাজা[১], খুজা *বি*১ প্রভু। ২ মুসলমানদের উপাধিবিশেষ। [ফা. খ্বাজহ্]

খাজা[২] *বি* ময়দার তৈরি মিষ্টিবিশেষ। ❑*বিণ*১ কচকচে; খাস্তা। ২ নিরেট মূর্খ; অপদার্থ। [স. খাদ্য>খাজ্জ>খাজা]

খাজাঞ্চি, খাজাঞ্চী *বি* ১ কোষাধ্যক্ষ; খাজনার বা রাজস্বকরের অধ্যক্ষ। ২ যে কর্মচারী মফস্বলের খাজনার চালান প্রভৃতি বুঝে নেয় এবং জমা-খরচের হিসাব রাখে। [তু. খযান্‌চি]

খাজারি *বি* ইটের এক প্রকার গাঁথুনি; ইট না পেতে খাড়াভাবে গাঁথা।

খাঞ্চা[১], **খান্‌চা** *বি* কাঠের বড় থালা; খঞ্চা; বারকোশ; tray। [ফা. খ্বান্‌চহ্]। **খাঞ্চাপোশ** *বি* খাঞ্চা ঢাকবার গিলাফ। [ফা. পোশ]

খাঞ্চা[২] *বি* খাঁচা; পিঞ্জর। [স. কঞ্চিকা>]

খাঞ্জা খাঁ, খানজা খাঁ *বি* ১ খান জাহান আলী খাঁ (মৃ. ১৪৬০ খ্রী.) নামের দক্ষিণবঙ্গের সেনানী শাসক; বাগেরহাট খুলনার সামন্ত শাসক। ২ খান জাহান খানের মতো দিল-দরিয়া ও নবাবি চালচলন।

খাট *বি* পালঙ্ক; পর্যঙ্ক; খাটিয়া। [স. কটা]

খাটা *ক্রি* ১ শ্রম করা; পরিশ্রম করা; মেহনত করা। ২ মানানো; উপযুক্ত হওয়া। ৩ কাজ করা। ৪ স্থাপন করা। ৫ নির্দিষ্ট কাজে বিনিয়োগ করা। ৬ যথাযথ হওয়া। □*বি* উক্ত সকল অর্থে। □*বিণ* খাটে এরূপ; খাটবার জন্য এরূপ। [বা. √খাট+আ]। **খাটাখাটি** *বি* অনেক পরিশ্রম; বেশ পরিশ্রম। **খাটানো** *ক্রি* ১ মেহনত বা পরিশ্রম করানো। ২ কাজ করানো। ৩ নিয়োগ করা। ৪ প্রয়োগ; বিনিয়োগ বা ব্যবহার করা। ৫ টাঙানো। ৬ স্থাপন করা (তাঁবু খাটানো)। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। **খাটা পায়খানা** *বি* যে পায়খানার মল পরিষ্কার করার জন্য মেথর খাটানো হয়; service latrine। **খাটুনে, খাটুন্তে** *বিণ* শ্রমশীল। **খেটেখুটে** *অক্রি* পরিশ্রম করে; কষ্ট করে।

খাটাল *বি* ১ গোয়াল; পশুশালা। ২ মধ্যস্থল; অন্তর। ৩ ঘরের মেঝে। [বা.]

খাটাশ, খাটাস *বি* বনবিড়াল—গায়ের গন্ধের জন্য বিখ্যাত; polecat। ২ নোংরা স্বভাববিশিষ্ট ব্যক্তির প্রতি প্রযুক্ত গালিবিশেষ। [স. খট্টাশ>]

খাটিয়া *বি* ক্ষুদ্র খাট— সাধারণত দড়ি দিয়ে ছাওয়া। [স. খট্টিকা>খট্‌টিআ>খাটিআ]

খাটিয়ে *বিণ* পরিশ্রমী। [বা. √খাট+ইয়ে]

খাটুনি, খাটনি *বি* ১ শ্রম; পরিশ্রম; মেহনত। ২ প্রয়াস; চেষ্টা। **খাটুনে, খাটুন্তে** *বি* শ্রমিক; মজুর। □*বিণ* পরিশ্রমী; খাটিয়ে। [বা. √খাট্+উনি; উনিয়া> নিয়া, নে]

খাটুলি, খাটলি *বি* ১ ক্ষুদ্র খাট। ২ মড়ার খাট [স. খট্টা+বা. উলি, অলি]। **খাটলিতে চাপা** *ক্রিবিণ* মৃতদেহরূপে শেষকৃত্যের জন্য বাহিত হওয়া।

খাটো *বিণ* ১ খর্ব; বেঁটে। ২ হীন; তুচ্ছ। ৩ মৃদু; অনুচ্চ; চাপা। ৪ দুর্বল; ক্ষীণ। **খাটো করা** *ক্রি* ১ কমানো; ছোট করা। ২ হেয় করা; অপমানিত করা। **খাটো কথা** *বি* তুচ্ছ কথা; সামান্য কথা; অনুচ্চ স্বরের কথা। **খাটো-দৃষ্টি, খাটো-নজর** *বি* ১ দূরে দেখার অক্ষমতা; short sight। ২ ছোট নজর। ৩ কৃপণতা; বখিলি। **খাটো হওয়া** *ক্রি* হীন হওয়া।

খাট্টা, খাটা *বি, বিণ* অম্ল; অম্বল; টক। [হি. খট্টা]। **খাটামিঠা** *বিণ* অম্লমধুর। **মন খাট্টা বা খাটা করে দেওয়া** *ক্রি* মন বিরূপ করে দেওয়া; মেজাজ খারাপ করে দেওয়া।

খাড়ব *বি* ১ যে সমস্ত রাগ-রাগিণীতে ছয়টি সুরের ব্যবহার হয়; ছয়টি সুর ব্যবহার করে গাইবার রাগ (তুল. পাঁচ সুরে ঔড়ব, ছয় সুরে খাড়ব)। ২ আয়ুর্বেদীয় দন্ত-পরিষ্কারক চূর্ণ; দাঁতের মাজনবিশেষ।

খাড়া[১] *বিণ* ১ সোজা; সিধা; স্থির। ২ সতর্ক। ৩ দণ্ডায়মান। ৪ পুরাপুরি বা একটানা। ৫ লম্বরূপে অবস্থিত; সটান উঠে যাওয়া; খাঁজ না থাকায় যাতে আরোহণ বেশ কঠিন। ৬ অবশ্য প্রতিপাল্য। □*ক্রি* সাজানো। [স. স্থির>খড়া]। **খাড়াই** *বি* লম্বা অবস্থায় মাপ; উচ্চতা। **খাড়াখাড়া, খাড়াকখাড়া** *ক্রিবিণ* ১ দাঁড়িয়ে দাঁড়িয়ে। ২ শীঘ্র; তাড়াতাড়ি; দেখতে না দেখতে। **খাড়া-পাহারা** *বি* কড়া পাহারা; সতর্ক প্রহরা। **খাড়া ফসল** *বি* জমির পাকা ফসল যা এখনো কাটা হয়নি। **খাড়াহুন্ডি** *বি* যে হুন্ডি উপস্থিত করলেই টাকা দিতে হয়; দর্শনমাত্র বা তৎক্ষণাৎ পরিশোধ্য ঋণশোধের প্রতিশ্রুতিপত্র।

খাড়া[২] *বি* সজনে ইত্যাদির ডাঁটা। **খাড়া বড়ি খোড়, খোড় বড়ি খাড়া**—দৈনন্দিন খাদ্য তালিকার এক-ঘেয়েমি; বৈচিত্র্য-শূন্যতা। □*বিণ* একঘেয়ে; পূর্বাপর এক প্রকার। [স. খণ্ড>খাড়+আ]

খাড়া[৩] *বি* বাজ; ঠাটা। **খাড়াজিলিক, খাড়াঝিলিক** *বি* বিদ্যুতের তীব্র ঝলক; চোখ ঝলসানো বিদ্যুচ্চমক। **খাড়াদজ্জাল, খরেদজ্জাল** *বিণ* ১ প্রবল অত্যাচারী। ২ ভয়ানক ধরনের উৎপীড়ক। □*বি* দজ্জালের বাহন গর্দভ। [আ. খর+দজ্জাল]

খাড়ু, খাড়ুয়া *বি* ১ হাত বা পায়ের অলঙ্কারবিশেষ; বাঁক মল। ২ হাতের অলঙ্কারবিশেষ। [বা.]

খাণ্ডব *বিণ* খণ্ড থেকে জাত। □*বি* মহাভারতে বর্ণিত যমুনা-তীরে বর্তমান দিল্লির নিকটস্থ বনবিশেষ। **খাণ্ডবদাহ, খাণ্ডবদাহন** *বি* ১ অগ্নিকে সন্তুষ্ট করার জন্য কৃষ্ণ ও অর্জুন কর্তৃক জীবজন্তুসহ খাণ্ডববন দাহন ঘটনা। ২ ভীষণ অগ্নিকাণ্ড। **খাণ্ডবপ্রস্থ** *বি* ইন্দ্রপ্রস্থ; উক্ত স্থানের আধুনিক নাম দিল্লি। **খাণ্ডবানল** *বি* ১ যে অনলে খাণ্ডব বন দগ্ধ হয়েছিল। ২ ভীষণ অগ্নিকাণ্ড। [স.]

খাণ্ডা *বি* ১ খড়্গ; খাঁড়া। ২ টুকরা (মাছের খাণ্ডা)। [স. খণ্ড>খাণ্ডা]

খাণ্ডার *বি* ডাকাত; দস্যু; খণ্ডহস্ত ব্যক্তি। □*বিণ* ১ কলহে ভীষণ; ভয়ঙ্কর কুঁদুলে। ২ প্রচণ্ড; উগ্রস্বভাবা। **খাণ্ডারনি, খাণ্ডারি** *বিণ* স্ত্রী।

খাণ্ডিক *বি* ময়রা। [স. খণ্ড+বা. ইক]

খাত *বি* ১ গর্ত; খাই; খনিত স্থান। ২ খাঁড়ি। ৩ খনি। ৪ পুকুর; খানা। ৫ পরিখা; গড়খাই। □*বিণ* খনন করা হয়েছে এমন; খনিত। [স. √খন্+ত]

খাতক *বি* ১ ঋণী; অধমর্ণ, দেনাদার। ২ যে মহাজনের নিকট থেকে টাকা কর্জ করেছে। [স. খাদক>]। **খাতকি, খাতকী** *বিণ* ঋণদান সম্বন্ধীয়; তেজারতি। **খাতকি কারবার** *বি* লগ্নি কারবার; মহাজনি ব্যবসা; সুদের ব্যবসা।

খাতা[১] *বি* ১ একত্র বাঁধা পত্রাদি। ২ হিসাবের বই। ৩ দল; ঝাঁক। [আ. খত্+ফা. হা]। **খাতাখোলা** *ক্রি* লেনদেন আরম্ভ করা। **খাতাপত্র** *বি* বিভিন্ন বিষয়ের খাতা; হিসাবপত্র। **খাতাবন্দি** *বি* ১ খাতা অনুসারে কর নির্ধারণ প্রণালী। ২ খাতায় লিখিত; খাতায় নির্দিষ্ট। **খাতা লেখা**

ক্রি দৈনিক আয়-ব্যয় বা কেনাবেচার বিবরণ খাতায় লিপিবদ্ধ করা। **হালখাতা** *বি* ব্যবসায় প্রতিষ্ঠানসমূহে হিসাব ইত্যাদি শুরু করার জন্য নতুন খাতা খোলার অনুষ্ঠান।

খাতা[২] *বি* দোষ; ত্রুটি; অপরাধ; ভুল। [আ. খতা]। **গুনাহ্‌খাতা** *বি* দোষত্রুটি; পাপ অপরাধ।

খাতাল, খত্তলি, খত্তাবল *বিণ* ঝগড়াটে; দুষ্ট; বহুভাষী। [আ. খত্‌তাল]

খাতির, খাতের *বি* ১ কারণ; নিমিত্ত; জন্য। ২ সমাদর; যত্ন; কদর। ৩ সৌহার্দ্য বা প্রীতিপূর্ণ সম্পর্ক। ৪ অন্তঃকরণ; মন। ৫ প্রতি; নিকট; কাছে। ৬ প্রভাব; দৌলত। [আ. খাতির]। ❑ *ক্রিবিণ* সম্মানার্থ; সম্মানহেতু। **খাতিরজমা, খাতের জমা** *ক্রিবিণ* নিশ্চিন্তে; নিরুদ্বেগে। **খাতির তোয়াজ, খাতির তোয়ায** *বি* সম্প্রীতি ও শিষ্টতা। [আ. খাতির তাওয়ায]। **খাতিরদারি, খাতেরদারি** *বি* সমাদর; আপ্যায়ন।

খাতুন *বি* ১ মহিলা। ২ গৃহিণী। ৩ মুসলিম মহিলাদের নামের শেষে ব্যবহৃত উপাধি। [তু.]

খাদ[১], **খাইদ** *বি* ১ সোনারুপার সাথে মিশ্রিত নিকৃষ্ট ধাতু; পান; alloy। ২ ভেজাল। [স. ক্ষয়দ>খয়দ> খঅদ> খইদ>খাদ; খাইদ; হি. খাদ]

খাদ[২] *বি* ১ গর্ত; খাই; গহ্বর। ২ খাত; গভীর উপত্যকাভূমি। ৩ থানা; ডোবা। ৪ পরিখা; গড়খাই। ৫ খনিত স্থান। ৬ খনি। ৭ গভীরতা। ৮ উদারার সুর। [স. খাত>]

খাদক *বিণ* ১ খাদ্য খায় যে; ভক্ষক। ২ পণ্য প্রভৃতির ব্যবহারকারী বা ক্রেতা। ৩ অধমর্ণ; ঋণী। **খাদিকা** *বিণ স্ত্রী.*। [স.]

খাদরি *বি* ইটের গাঁথুনি বা সাজানো বিশেষ ইট শায়িতভাবে না পেতে প্রস্থের দিকে খাড়া রেখে কোনাকুনিভাবে পরপর সাজানো গাঁথুনি; খাজারি গাঁথুনি। [বা.]

খাদা[১], **খান্দা** *বি* ১ জমির পরিমাণবিশেষ; ষোলো বিঘায় এক খাদা। ২ গর্ত; খাদ। [আ. খন্দ]

খাদা[২] *বি* পাথর বা কাঠের তৈরি গামলাজাতীয় পাত্র। [আ. কদ্‌হ্‌]

খাদারি *বি* লবণ প্রস্তুত করার কারখানা; খালাড়ি; খালারি। [ফা. খালরী]

খাদাবাড়ি *বি* বসতবাটী; খানাবাড়ি। [ফা.+বা.]

খাদিত *বিণ* খাওয়া হয়েছে এমন; ভক্ষিত। [স.]। **খাদিতা** *স্ত্রী.*।

খাদুন *বি* মাছ ধরার যন্ত্রবিশেষ। [বা.]

খাদেম, খাদিম *বি* ১ যে খেদমত করে; সেবক; ভৃত্য। ২ সেবাইত। [আ খাদিম]। **খাদেমদার, খাদিমদার** *বি* খাদ্য পরিবেশক; সেবক; ভৃত্য। [ফা. দার]। **খাদেমদারি, খাদিমদারি** *বি* পরিবেশন; সেবা। **খাদেমা, খাদিমা** *বি* ১ সেবিকা; পরিচারিকা। ২ উপপত্নী। **মখদুম** *বি* সেবিত জন; সেবাপ্রাপ্ত ও সেবাযোগ্য ব্যক্তি। [আ.]

খাদ্য *বি* আহার্য বস্তু; ভোজ্য দ্রব্য; খাবার। ❑ *বিণ* খাওয়ার যোগ্য; ভক্ষ্য। **খাদ্য খাদক সমন্ধ** *বি* একে অপরের ক্ষতিকরমূলক অপকার করতে চায় এরূপ সম্পর্ক; প্রবল বৈরীভাব। **খাদ্যনালী** *বি* যে অন্ত্রপথে খাদ্যদ্রব্য পরিপাকের জন্য পরিবাহিত হয়। **খাদ্যপ্রাণ** *বি* খাদ্যবস্তুতে বিদ্যমান পদার্থ যা জীবনীশক্তি বর্ধন করে; vitamin। **খাদ্যশস্য** *বি* খাওয়ার ফসল প্রভৃতি; কৃষিজাত আহার্যদ্রব্যাদি; আনাজ। **খাদ্যাখাদ্য** *বি* খাবার যোগ্য বা অযোগ্য বস্তু। [স. খাদ্য+অখাদ্য]

খাদ্যাভাব *বি* দুর্ভিক্ষ। [স. খাদ্য+অভাব]

খান[১] *বি* স্থান (এখানে সেখানে)। [স. স্থান ফা. স্তান]> থান (আদ্যবর্ণ লোপে)> খান (থ=খ)]। **খানে খানে** *ক্রিবিণ* স্থানে স্থানে; বিভিন্ন স্থানে। [ফা. খানহ্‌]

খান[২], **খানা** *বিণ* ১ টুকরা; খণ্ড। ২ সংখ্যা। [স. খণ্ড]। **খান খান** *অব্য* টুকরা টুকরা; খণ্ড খণ্ড।

খান[৩] *বি* ১ মুসলিম সম্ভ্রান্ত উপাধিবিশেষ। ২ সম্মানিত; শ্রেষ্ঠ। [ফা.]

খানকা[১], **খানকাহ্‌** *বি* ১ বৈঠকখানা। ২ পীরের আস্তানা। [ফা. খানগাহ্‌; আ. খানকাহ্‌]

খানকি *বি* বারাঙ্গনা; বেশ্যা; দেহপসারিণী। [ফা. খানগী]। **খানকিখোর** *বিণ* বেশ্যায় আসক্ত। **খানকিগিরি** *বি* ১ বেশ্যাবৃত্তি। ২ বেশ্যার হাবভাব বা আচরণ। **খানকিবাজ** *বিণ* বেশ্যাসক্ত; লম্পট। **খানকিবাজি** *বি*।

খানখানান *বি* ১ উচ্চ উপাধিবিশেষ। ২ মহাসম্মানিত; সম্মানিতদের মধ্যে শ্রেষ্ঠ। [ফা. খান-ই খানান; তুল. রায়রায়ান]

খানদান, খান্দান *বি* ১ বংশ। ২ উচ্চবংশ। ৩ বংশধর। ৪ তরিকা; সাধনপথ। ৫ সাধক সম্প্রদায় (চিশ্‌তিয়া খানদান)। [ফা. খানদান]

খানদানি, খান্দানি *বিণ* ১ বংশে মর্যাদাযুক্ত; বংশগৌরব-বিশিষ্ট। ২ অভিজাত; উচ্চবংশীয়। ❑ *বিণ, বি* বংশজ; বংশধর।

খানম, খানুম *বি স্ত্রী.* ১ খানের স্ত্রী; খানপত্নী; খানকন্যা। ২ উচ্চমর্যাদাসম্পন্ন মহিলাদের নামের শেষে ব্যবহারের পদবি। [তু. হানুম, খানুম, খানম]

খানসামা *বি* আহার পরিবেশনকারী ভৃত্য; পরিচারকবিশেষ। [ফা. খান-ই-সামান]। **খানসামাগিরি** *বি* খানসামার পদ বা কাজ।

খানা[১] *বি* গর্ত; গহ্বর; খাই; খাত। [পো. cana]। **খানাখন্দ** *বি* গর্ত; খাদ; ডোবা। [পো. cana+আ. খন্দক্‌]। **খানাখন্দল** *বি* গর্তাদি।

খানা[২] *বি* গৃহ; স্থান; কক্ষ। [ফা. খান্‌হ্‌]। **খানাতল্লাস, খানাতল্লাসি** *বি* গৃহে অনুসন্ধান; বাসস্থানে বিশেষ অনুসন্ধান; search। **খানাপুরী** *বি* ১ ঘরকাটা কাগজের বিভিন্ন ঘরে প্রজার জমি ইত্যাদি সম্বন্ধে বিস্তারিত বিবরণ লিপিবদ্ধকরণ। ২ ফর্মের ঘর পূরণ। **খানাবাড়ি** *বি* ১ বসতবাড়ি। ২ জমিদার বাড়ির ভৃত্যাদির বাড়ি ও জমি। **খানাশুমারি** *বি* ১ বাড়ি গণনা। ২ আদমশুমারি; census।

খানা[৩] *বি* ১ খাওয়ার বস্তু; খাদ্য; আহার্য; আহার। ২ বৃহৎ ভোজ। [হি. খানা]। **খানাঘর** *বি* খাওয়ার ঘর। **খানাদানা, খানাপিনা** *বি* পান-ভোজন; খাওয়া-দাওয়া।

খানা[৪], **খানি** *অব্য* ১ খণ্ড; টুকরা। ২ বস্তু বা বিষয় নির্দেশক। ৩ সংখ্যা পরিমাণ; সংখ্যামাত্র। [স. খণ্ড>]। ক্ষুদ্রার্থে **খানি**।

খানিক *ক্রিবিণ* ক্ষণেক; কিছুক্ষণ। ❑ *বিণ* অল্প; কিছু; একটু; কতক। [স. ক্ষণিক]। **খানিকটা** *ক্রিবিণ* কিছু কিঞ্চিৎ। **খানিকক্ষণ** *বি* কিছু সময়।

খানেক *বিণ* প্রায় এক; একের সামান্য কম বা বেশি (মাইল খানেক)। [বা. খান+স. এক]
খান্নাস *বি* শয়তান। [আ. খন্নাস]
খাপ *বি* ১ অসিকোষ; অস্ত্রাধার। ২ আবরণ; খোল; কোষ। ৩ বস্ত্রাদির ঠাস বা ঘন বুনন। ৪ মিল; সামঞ্জস্য; সঙ্গতি। ৫ ওত; গোপনে প্রতীক্ষা। ৬ খাঁজ। [ফা. খাম]। **খাপ খাওয়া** *ক্রি* ১ মিল হওয়া; সামঞ্জস্য হওয়া। ২ যোগ্য বা উপযোগী হওয়া; match। **খাপ খাওয়ানো** *ক্রি* মিল খাওয়ানো; সামঞ্জস্য বিধান করা। **খাপ-খোলা** *বিণ* খাপ থেকে মুক্ত। **খাপ-খোলা তলোয়ার** *বি* সদা প্রস্তুত সাহসী বীরপুরুষ। **খাপছাড়া** *বিণ* ১ বেমানান। ২ অদ্ভুত; উদ্ভট। **খাপ পাতা** *ক্রি* শিকার ধরবার জন্য ওত পেতে বসা। **খাপানো** *ক্রি* ১ খাপ খাওয়ানো; মানানো। ২ খাপি করা। **খাপে খাপে বসা** *ক্রি* খাঁজে খাঁজে বসা।
খাপচি *বি* ১ খামচি। ২ চিমটি। ৩ পরিমাণ; খাবলা। [খাপা+চি; হি. বা. খামচা; খামচি; খাবলা]
খাপর *বি* ভিক্ষাপাত্র। [স. খর্পর> খপ্পর> খাপর]
খাপরা, খাবরা, খাপ্রা *বি* ১ কলসি; হাঁড়ি; প্রভৃতির ভাঙা অংশ বা টুকরা। ২ খোলা; ঘর ছাওয়ার টালি। ৩ মাটি বা পাথরের পাত্রবিশেষ। [স. খর্পর+বা. আ.]। **খাপরেল** *বি* ১ খোলার ছাউনি দেওয়া ঘর। ২ ঘর ছাওয়ার জন্য ব্যবহৃত খোলা।
খাপা, খাপ্পা *বিণ* ক্রুদ্ধ; ক্ষিপ্ত। [ফা. খল্‌ফ; ফা. খপহ্‌]
খাপি, খাপী *বিণ* ১ ঠাস বুননের; ঘন জমিনবিশিষ্ট। ২ মোটা; পুরু।
খাবরি *বি* পাত্রবিশেষ; খাপরা জাতীয় কাঁসা বা পিতলে নির্মিত পাত্র। [স. খর্পর> খপ্পর>খাবর+বা. ই]
খাবল, খাবলা *বি* ১ পাঞ্জা পরিমাণ হাতের কোষ বা কোষ পরিমাণ; খাবার পরিমাণ; মুষ্টি; মুঠা। ২ গ্রাস। ৩ দংশন। [স. কবল> খাবল]। **খাবলা মারা** *ক্রি* হঠাৎ দংশন করা; অতর্কিতে থাবা মারা। **খাবলা-খাবলা** *ক্রিবিণ* থাবা-থাবা; বার বার থাবায় করে। **খাবলানো** *ক্রি* ১ খাবলা দেওয়া; থাবায় থাবায় নেওয়া; হাত দিয়ে তুলে নেওয়া। ২ কামড়ানো; ছোবলানো।
খাবার *বি* ১ খাদ্যদ্রব্য। ২ মিষ্টি ইত্যাদি অল্পপরিমিত খাবার দ্রব্য; নাশতা। □ *বিণ* খাদ্য; আহার্য; ভোজ্য। [স. খাদ্>বা. খা+বা. ইবার]
খাবার-দাবার *বি* নানান খাদ্যদ্রব্য; খাদ্যদ্রব্যাদি। **জলখাবার** *বি* নাশতা; টিফিন; অল্প খাদ্য।
খাবি *বি* ১ শ্বাসকষ্ট হেতু নিঃশ্বাস গ্রহণের জন্য মুখব্যাদান। ২ হাঁসফাঁস; ধড়ফড়ি; ছটফটি। [বা.]। **খাবি খাওয়া** *ক্রি* ১ বাধাপ্রাপ্ত নিঃশ্বাস টানবার জন্য প্রাণপণ চেষ্টায় ধড়ফড় করা। ২ মুক্তির জন্য প্রাণান্তকর চেষ্টায় ছটফট করা। ৩ হাঁসফাঁস করা।
খাম[১] *বি* ঘরের বাঁশের বা কাঠের খুঁটি; স্তম্ভ; থাম। [স. স্তম্ভ; ফা. খম্ব>খাম; হি. খম্বা]। **খাম-আলু** *বি* খামের আকারবিশিষ্ট এক প্রকার মেটে আলু; চুপড়ি আলু।
খাম[২] *বি* চিঠিপত্রাদির আবরণ; আচ্ছাদন; লেফাফা। [ফা.]
খামখা, খামাখা, খামোখা *ক্রিবিণ* ১ হঠাৎ; অকস্মাৎ। ২ অযথা; অনর্থক; অকারণে। [ফা. খাহ্‌মখাহ্‌]
খামখেয়াল, খামখিয়াল *বি* ১ চঞ্চলচিত্ততা; অস্থিরমতি; অপরিণত খেয়াল। ২ অদ্ভুত বা উদ্ভট বা অস্বাভাবিক খেয়াল বা ইচ্ছা; আজগুবি খেয়াল। ৩ মর্জি; খেয়ালখুশি। ৪ অকারণ বা অযৌক্তিক ইচ্ছা বা কল্পনা; কল্পনাবিলাস। □ *বিণ* অস্থিরচিত্ত; কল্পনাবিলাসী। [ফা. খাম+আ. খয়াল]। **খামখেয়ালি, খামখেয়ালী** *বি* অস্থিরমতিত্ব। □ *বিণ* অকারণ বা অযৌক্তিক খেয়াল-খুশিমতো চলা যার স্বভাব। **খামখেয়ালিপনা** *বি*।
খামচ, খামচা, খামচি *বি* ১ আঙ্গুলের সব নখ দিয়ে আঘাত; খোঁচা বা আঁচড়। ২ থাবা; খাবল। [দেশী]। **খামচা-খামচি** *বি* ১ পরস্পর নখাঘাত; আঁচড়া-আঁচড়ি। ২ কাড়াকাড়ি। **খামচানো** *ক্রি* আঙুলের সব নখ দিয়ে আঘাত করা বা খাবলানো।
খামটি, খামাটি, খামুটি *বি* ১ উপরের দাঁত দিয়ে নিচের ঠোঁট চেপে ধরা; দাঁতে দাঁতে ঘর্ষণ; দাঁত কিড়মিড় করা; দাঁতে দাঁতে সংযোগ। ২ ভেংচি। ৩ মালকোঁচা; মালসাট। ৪ দৃঢ় সংকল্প। [বা.]
খামা, খামাখামা *বিণ* জমাট; চাকা চাকা। [বা.]
খামার *বি* ১ মাঠ থেকে শস্য এনে রাখার ও ঝাড়াই মাড়াই করবার স্থান; গোলাবাড়ি; শস্য মাড়ানোর স্থান; শস্যাঙ্গন। ২ উপযোগী জমি। [তুল. ফা. খিরমন]। **খামার জমি** *বি* ভূস্বামীর নিজ আবাদি জমি। **খামার পতিত** *বিণ* খাস খামারের অনাবাদি জমি। **খামার বাড়ি** *বি* শস্যাগার; গোলাবাড়ি। **খামারিয়া** *বি* খামার সম্পর্কিত। **খাস-খামার** *বি* জমিদারের খাস দখলীভূত জমি; প্রজাদের মধ্যে যে জমি বিলি করা হয়নি।
খামির[১], **খমির** *বি* ১ জিলিপি অমৃতি প্রভৃতি মিঠাই প্রস্তুত করবার উপকরণ; গাঁজ। ২ গাঁজলা। ৩ মসলাযুক্ত সুগন্ধি তামাকবিশেষ। [আ. খমীর]
খামির[২] *বিণ* সিদ্ধ; পক্ব। **খামিরি** *বিণ* ভাপানো; সিদ্ধ; পাক দেওয়া হয়েছে এরূপ।
খামোশ, খামুশ *অব্য* চুপ থাকবার নির্দেশ; চুপ থাকো। □ *বিণ* নীরব; নিঃশব্দ। □ *বি* খামোশি। [ফা. খামুশ]
খাম্বা *বি* খাম; মোটা খুঁটি; স্তম্ভ। [হি. খম্বা; স. স্তম্ভ]
খাম্বাজ *বি* একটি রাগিণীর নাম।
খায়েশ, খায়েস *বি* ১ ইচ্ছা; আকাঙ্ক্ষা। ২ বাসনা; কামনা; অভিলাষ। ৩ শখ; সাধ। [ফা. খাহিশ]
খার, ক্ষার *বি* সাজিমাটি সোডা ইত্যাদি ময়লা কাটানোর রাসায়নিক পদার্থ। [স. ক্ষার]
খারাপ, খারাব *বিণ* ১ মন্দ; নষ্ট; দুষ্ট; বদ। ২ অশুভ; মন্দ। ৩ অশ্লীল; অভদ্র; গর্হিত। ৪ অকেজো; অব্যবহার্য। ৫ পয়মাল; বরবাদ; অপচিত। ৬ বিকৃত; বিনষ্ট। ৭ রুক্ষ; উগ্র। ৮ দুশ্চিকিৎস্য ও সংক্রামক; কঠিন। ৯ বিমর্ষ; নিরুৎসাহ; দুঃখিত। ১০ অনুদার; সংকীর্ণ। ১১ দূষিত; ক্লেদাক্ত; কলুষিত। ১২ শ্রীহীন; লাবণ্যশূন্য; সৌন্দর্যহীন। ১৩ অননুকূল; প্রতিকূল। ১৪ দুর্দশাগ্রস্ত; দুঃস্থ। ১৫ খেলো; সস্তা; অপকৃষ্ট। ১৬ অপরিষ্কার; নোংরা। ১৭ অসুস্থ। ১৮ বিকারযুক্ত; অপ্রকৃতিস্থ। ১৯ ভেজাল মিশ্রিত; অবিশুদ্ধ। ২০ অসৎ; সমাজের অননুমোদিত বা নিষিদ্ধ। ২১ কু; অসারল্য; কুটিলতা। [আ. খরাব]। **খারাপ নজর** *বি* ১ ভূতপ্রেত জিনপরীর দৃষ্টি— যার ফলে জিনপরীর প্রভাব বা ভূত-প্রেতের ভর বা অধিষ্ঠান। ২ লোভী বিদ্বেষী বা দুষ্টলোকের কুদৃষ্টি। **পেট খারাপ করা** *ক্রি* উদরাময়

হওয়া; অজীর্ণ হওয়া। **মুখ খারাপ করা** *ক্রি* অশ্লীল কথা বলা; কটুবাক্য ব্যবহার করা।

খারাবি, খারাপি *বি*১ ক্ষতি; অনিষ্ট; অহিত। ২ অপচয়। ৩ সর্বনাশ; চরম দুর্দশা বা দুরবস্থা। ৪ বদমায়েশি। [আ. খরাবী]। **খুনখারাবি**[১], **খুনখারাপ, খুনখারাপি** *বি* হত্যাকাণ্ড সংঘটিত হওয়ার মতো মারামারি; দাঙ্গা-হাঙ্গামা। **খুনখারাবি**[২] *বি* গাঢ় লাল রং।

খারি[১], **খারী** *বি* ১ ধানের পরিমাণবিশেষ; চার খারিতে এক দ্রোণ। ২ শস্য মাপবার পাত্রবিশেষ। [স.]

খারি[২] *বি* ৩ শস্য; হৈমন্তিক শস্য; শারদীয় শস্য। [আ. খরীফ=শরৎকাল; শারদীয় শস্য]

খারিজ *বিণ*১ বাতিল হয়েছে এমন; অগ্রাহ্য। ২ পরিত্যক্ত। ৩ অপরিবর্তিত। ৪ বর্জিত; বাদ। ❑ *বি* ১ বর্জন। ২ অগ্রাহ্যকরণ। ৩ পরিবর্তন। [আ. খারিজ]। **খারিজ করা** *ক্রি*১ এক প্রজার নাম থেকে অন্য প্রজার নামে জমিজমার পরিবর্তন করে নেওয়া। ২ বাতিল করা। **খারিজ দাখিল** *বি* ক্রয়-বিক্রয় মঞ্জুর করে ক্রেতাকে প্রজা স্বীকার করা। **খারিজা** *বিণ* খারিজ করা হয়েছে এমন। **খারিজা তালুক** *বি* যে তালুকের রাজস্ব সোজাসুজি কালেক্টরিতে দাখিল করতে হয়।

খারিজি, খারিজী *বি* হজরত আলীর বিরোধী সম্প্রদায়বিশেষ। [আ. খারিজী]

খারিফ *বি* হৈমন্তিক ফসল। [আ. খরীফ]।

খারেজি *বিণ* সরকারি শিক্ষা ব্যবস্থার বহির্ভূত; দেওবন্দের নেসাব বা পাঠ্যতালিকা অনুসারে পরিচালিত মাদ্রাসা। [আ.]

খারেদজ্জাল *বি* প্রবল উৎপীড়ক দজ্জালের বাহন গর্দভ। ❑ *বিণ* প্রবল অত্যাচারী।

খাল[১] *বি* পরিখা; নালা; প্রণালী। [স. খাত]। **খাল কেটে কুমির আনা**—বাইরের বিপদ ঘরে আনা; বিপদ বা সর্বনাশ ডেকে আনা।

খাল[২], **খাইল** *বি* চামড়া; ছাল। [স. খল্ল]

খালসা[১] *বি* গুরুগোবিন্দের অনুসারী শিখ সম্প্রদায়। ❑ *বিণ* অকৃত্রিম; বিশুদ্ধ; খাঁটি; পবিত্র। [আ. খালিস]

খালসা[২], **খালিসা** *বি*১ সরকারি রাজস্ব বিভাগের দপ্তর। ২ খাসমহল। ৩ প্রধান রাজস্ব আদালত। [আ. খালিস]

খালা *বি* *স্ত্রী.* মায়ের বোন; মাসি। [আ. খাল]। **খালাত ভাই** *বি* খালার ছেলে; মাসতুত ভাই।

খালাড়ি, খালাড়ী *বি* যে স্থানে ক্ষারী লবণ প্রস্তুত হয়। [স. ক্ষার>খাল (র=ল)+বা. আড়ি, আড়ী]

খালাস, খলাস *বি* ১ ছাড়; মুক্তি। ২ কারামুক্তি; বন্ধনমোচন। ৩ রেহাই; নিষ্কৃতি; অব্যাহতি। ৪ প্রসব। ❑ *বিণ*১ মুক্ত; উদ্ধার। ২ দায়মুক্ত। ৩ ভারমুক্ত। ৪ বিযুক্ত; বিরত। ৫ খালি; শূন্য। ৬ ছাড়ানো। ৭ শেষ; খতম। [আ. খলাস]। **খালাসপত্র** *বি* ছাড়পত্র; মুক্তি নির্দেশক পত্র।

খালাসি, খালাসী *বি* জাহাজাদিতে মাল খালাসের জন্য নিযুক্ত শ্রমিক। ❑ *বিণ* মুক্তিসূচক। [আ. খলাসী]

খালি[১] *বিণ* ১ শূন্য; শুধু। ২ অনাবৃত; আবরণহীন। ৩ ফাঁকা। ❑ *ক্রিবিণ*১ শুধু; কেবল। ২ ক্রমাগত; অনবরত। ৩ সদাই। [আ. খালী]। **খালি খালি** *ক্রিবিণ* অনর্থক; অকারণ; শুধু শুধু। ❑ *বিণ* শূন্যপ্রায়; প্রায় ফাঁকা; যেন ফাঁকা এরূপ। **খালি ঠেকা, খালি খালি ঠেকা** *ক্রি* শূন্য বোধ হওয়া।

খালি[২] *বি* ছোট খাল। **খালিজুলি** *বি* ক্ষুদ্র জলস্রোত। [স. স্খলিত>খলিত>খালি, আঞ্চলিক]

খালিত্য *বি* টাক; খলিতি; মাথায় কেশশূন্যতা। [স.]

খালু *বি* খালার স্বামী; মেসো। [আ. খাল]

খালুই, খালই *বি* বাঁশনির্মিত মাছ বা তরিতরকারি প্রভৃতি বহন করবার খাড়া ঝুড়িবিশেষ।

খাস *বিণ*১ আসল; বিশুদ্ধ; খাঁটি। ২ বিশেষ। ৩ স্বকীয়; নিজস্ব। ৪ সরকারের অধিকারভুক্ত। [আ. খাস]। **খাস আপিল** *বি* বিশেষ আপিল; আপিলের উপর আপিল। **খাস করা** *ক্রি* অন্যের অধিকার থেকে ভূসম্পত্তি নিজের অধিকারে আনা। **খাস কামরা** *বি* ১ নিজস্ব ঘর। ২ আদালতের বিচারকদের বিশেষ বিশ্রামাগার। **খাস খামার** *বি* জমির মালিকের নিজ চাষ-আবাদের জমি। **খাস গেলাস** *বি* বিয়ের শোভাযাত্রায় ব্যবহৃত অভ্রের তৈরি বাতিদানবিশেষ। [আ. খাস+ই. glass)। **খাস তালুক** *বি* জমিদারের নিজ তত্ত্বাবধানের ভূসম্পত্তি। **খাস দখল** *বি* ১ ভূস্বামীর নিজস্ব অধিকার। ২ প্রজার দখল উপেক্ষা করে জমিদারের নিজস্ব অধিকার স্থাপন। **খাসদান** *বি* পানের খিলি রাখার সুদৃশ্য পাত্রবিশেষ। [আ. খাস+ফা. দান]। **খাস মহল, খাস মহাল** *বি*১ যে মহাল বা মৌজা প্রজার নিকট বিলি না করে জমিদার বা সরকার সরাসরি নিজ তত্ত্বাবধানে রাখে। ২ নিজস্ব আবাস।

খাসনবিশ, খাসনবিস *বি* শাসনকর্তা বা তাঁর সমপর্যায়ের কর্মচারীর ব্যক্তিগত কার্য পরিচালক; এ কালের personal assistant/private secretary। [আ. খাস+ফা. নবীস]

খাসবরদার *বিণ, বি* আসা-সোটাধারী দেহরক্ষী; অগ্রচর সিপাই। ❑ *বি* দেহরক্ষী সৈনিক। [আ. খাস+ফা. বরদার]

খাসলত *বি* স্বভাব; আচরণ; অভ্যাস। [আ. খসলত]

খাসা *বিণ*১ অতি উৎকৃষ্ট; প্রথম শ্রেণীর। ২ চমৎকার; উত্তম। ৩ উপাদেয়। ❑ *ক্রিবিণ* বেশ; দিব্যি। [আ. খাস্সঃ]

খাসি, খাসী[১] *বি* ১ ছিন্নমুষ্ক ছাগল/ মোরগ। ❑ *বিণ* অণ্ডহীন; ছিন্নমুষ্ক। [আ. খস্সী]। **খাসি করা** *ক্রি* অণ্ডকোষ বের করে ফেলা।

খাসিয়ত *বি*১ গুণ। ২ স্বভাব; প্রবণতা। ৩ বিশেষত্ব। [তুল. আ. খসলত]। **খো-খাসিয়ত** *বি* স্বভাব চরিত্র। [ফা. খু]

খাসিয়া *বি*১ আসামের পার্বত্য জাতিবিশেষ। ২ আসামের একটি পাহাড়।

খাসী=খাসি।

খাস্ত, খাস্তা[১] *বিণ*১ নষ্ট; পীড়িত; বিকৃত। ২ লুপ্ত। [ফা. খাস্তা]। **তিন/ পাঁচ/ সাত নকলে আসল খাস্তা** *বি* একের পর এক অনুকরণের ফলে বিকৃত হতে হতে আসলই নষ্ট হয়ে যাওয়া।

খাস্তগির, খাস্তগীর *বি* ১ প্রার্থী; আবেদনকারী। ২ উপাধিবিশেষ। ৩ আবেদনপেশকারী। [ফা. খাস্তগর]

খাস্তা[২] *বিণ*১ উৎকৃষ্ট; উত্তম। ২ প্রচুর ঘিয়ের ময়ান দেওয়ার ফলে মচমচে— যা অল্প চাপে ভাঙে। [ফা. খাস্তহ্]

খি, খে *বি* ১ সুতার মুখ; খেই। ২ আলোচনার সূত্র।

৩ সুতার তার বা গাছা। [স. ক্ষেপ]।

খিঁচ, খেঁচ *বি*১ টান; আকর্ষণ; খিচুনি। ২ কাঁকর। ৩ ত্রুটি; গোলযোগ। ৪ মনান্তর; কলহ; বিবাদ। ৫ তর্কাতর্কি। [হি.]। **খিঁচা, খেঁচা** *ক্রি* আকর্ষণ করা; টানা।

খিঁচানো, খিচানো *ক্রি* ১ ভেংচানো; ভেংচি কাটা; মুখ বিকৃত করা। ২ আক্ষেপ করা; বিকারবশত বিশেষভাবে হাত–পা ছোঁড়া। [হি. খিচ্+বা. আনো]। **খিঁচুনি, খিচুনি** *বি*১ ভেংচানি; বিকৃত অঙ্গভঙ্গি। ২ বিকারজনিত দৈহিক আক্ষেপ।

খিচক *ক্রিবিণ* দূরে; তফাত।

খিচমিচ, খিচমিচি *অব্য* একটানা বিতণ্ডা কলহ বা তর্কাতর্কি; অনবরত বকাবকি। [ধ্বন্যা.]

খিচড়, খাচড় *বিণ* দুষ্ট; বদ; পাজি। [হি.]। **খিচড়ামি** *বি* পেজোমি; দুষ্টামি।

খিচুড়ি, খিচড়ি *বি* ১ চাল ও ডাল মিশিয়ে তৈরি হলুদ রঙের ঝাল অন্নবিশেষ। ২ নানা বস্তু বা বিষয়ের বিসদৃশ সংমিশ্রণ। ৩ দুই বিপরীত ভাষা বা বর্ণের মিশ্রণ। [স. কৃশর>প্রা. কিসর>খিচুরি>; হি. খিচরি]। **খিচুড়ি পাকানো** *ক্রি* নানা রকম বিসদৃশ বস্তুর একত্র সমাবেশ করা। □ *বি* (আল.) তালগোল পাকানো; গুলিয়ে ফেলা।

খিজলানো *ক্রি* বিরক্ত করা; বার বার অপ্রিয় কথা বলে উত্যক্ত করা। [আ. খিজালৎ]

খিজির, খেজের *বি* জনৈক ওলি বা নবীর নাম। [আ. খিযর]। **খাজা খিজির, খোওয়াজ খিজির** *বি* সেমিটিক উপকথার নায়ক; জলদেবতা।

খিঞ্চিল *বিণ* খচিত (মানিকে খিঞ্চিল দুইপাশে—বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন)।

খিঞ্জির, খিঞ্জীর *বি*১ শূকর। ২ নিকৃষ্ট শ্রেণীর জীব। [আ. খিন্‌যীর]

খিটকাল, খিটকেল *বি* ১ নিন্দা; অপবাদ। ২ ব্যাঘাত; বিঘ্ন; ঝঞ্ঝাট; গোলযোগ।

খিটখিট, খিটমিট *বি* ১ সর্বদা ভর্ৎসনা বা তিরস্কার। ২ ছোটখাট বিষয় নিয়ে সর্বদা অসন্তোষ; বিরক্তি বা ক্রোধ প্রকাশ। [বা.]। **খিটখিটানি, খিটমিটানি** *বি*। **খিটখিটা, খিটখিটে** *বিণ*১ যে সর্বদা খিটখিট করে; নিয়ত অসন্তোষ প্রকাশকারী; বদমেজাজি। ২ অসহিষ্ণু; সহজেই উত্যক্ত হয় এরূপ।

খিটিমিটি, খিটিরমিটির *বি* তুচ্ছ কলহ; সামান্য বিষয় নিয়ে সর্বদা মতবিরোধ ও কলহ; মতানৈক্যজনিত অবনিবনা ও বিরোধ। [বা.]। **খিটিমিটি করা, খিটিরমিটির করা** *ক্রি* বিরোধ ও বাদানুবাদ করা; খচাখচি করা।

খিড়কি *বি* ১ জানালা; বাতায়ন; ঝরোকা। ২ বাড়ির পশ্চাদ্দিক। [স. খড়ক্কী>]। **খিড়কি দুয়ার** *বি* অন্তঃপুর দ্বার; বাড়ির পিছন দিকের ছোট দরজা। **খিড়কি পুকুর** *বি* বাড়ির পশ্চাদ্দিকে অবস্থিত অন্তঃপুরের মেয়েদের ব্যবহারের পুকুর।

খিদা, খিদে, খিধা, খিধে *বি*১ ভোজনস্পৃহা; আহারের ইচ্ছা; ক্ষুধা। ২ বাসনা; লালসা। [স. ক্ষুধা>]। **খিদা মরে যাওয়া** *ক্রি* ক্ষুধা মন্দা হওয়া; ক্ষুধা নষ্ট হওয়া। **দুষ্টু খিদা** *বি* যা সত্যিকার ক্ষুধা নয়; পুষ্টির অভাবে রোগলক্ষণরূপ ক্ষুধা।

খিন্ন *বিণ* ১ দুঃখিত; খেদযুক্ত। ২ ক্লিষ্ট; অবসন্ন; ক্লান্ত; পরিশ্রান্ত; পীড়িত। ৩ কাতর। ৪ শুষ্ক; ম্লান। [স. খেদ>]

খিমচি, খামচি *বি* সামান্য বা লঘু ধরনের খামচি; চিমটি; নখাঘাত। **খিমচানো** *ক্রি* খামচি দেওয়া; লঘু খামচি দেওয়া; খিমচি কাটা। [বা. খিম বা খাম+চি, চানো]

খির *বি* ক্ষীর। [স. ক্ষীর>]

খিরকা =খেলকা।

খিরকিচ *বি*১ জগা–খিচুড়ি। ২ ঝগড়া–বিবাদ; গোলযোগ। ৩ ঝঞ্ঝাট; বিঘ্ন; ব্যাঘাত। [বা.]

খিরা, খিরে *বি* শসাজাতীয় ফলবিশেষ। [হি. খিরা]

খিল[১] *বি*১ কপাটের অর্গল; হুড়কা; কীলক। ২ মাংসপেশির আড়ষ্টতা বা টেনে ধরার ভাব। [স. কীলক>কীল>কিল>খিল]। **খিল লাগা, খিল ধরা** *ক্রি*১ অঙ্গ–প্রত্যঙ্গে টান বা খিচুনি ধরা। ২ দাঁতে দাঁতে লাগা।

খিল[২] *বিণ*১ পতিত; অনাবাদি; চাষের অনুপযুক্ত; অনুর্বর। ২ আকষা; অকর্ষিত। [স.]। **খিল ভাঙা** *ক্রি* পতিত জমি চাষ–আবাদ করা।

খিলখিল *অব্য* ১ ক্রমাগত হাসির শব্দ। ২ শিশু বালক–বালিকা নরনারী নির্বিশেষে সকলের আনন্দময় হাস্যধ্বনি। ৩ বিদ্রূপাত্মক হাসির শব্দ। [ধ্বন্যা.]

খিলা *বিণ* ১ পতিত; অনাবাদি; চাষের অনুপযুক্ত। ২ নিষ্ফল; বিফল। [স. খিল+বা. আ]

খিলাত, খেলাত *বি* রাজাদি দত্ত সম্মানসূচক পরিচ্ছদ। [খিল+আৎ]

খিলান, খিলেন *বি* ইট বা পাথরের অর্ধ–গোলাকার গাঁথনি; arch।

খিলাল, খেলাল *বি* ১ যে কাঠি দিয়ে দাঁতের ফাঁক পরিষ্কার করা হয়; দাঁতকাঠি; খড়কে। ২ কাঠি দিয়ে দাঁত পরিষ্কারকরণ। ৩ হাতের আঙুল দিয়ে দাড়ি গোঁফ আঁচড়ানো বা পানি দিয়ে পরিষ্কার করা। [আ. খিলাল]

খিলি *বি* তৈরি করা পান; সাজা পান; পানের বিড়া। [হি. ঠিলি]। **খিলিদানি** *বি* পানদান; পানের ডিবা; খাসদান।

খিলিজি, খলজি *বি* দিল্লির ইতিহাস–প্রসিদ্ধ রাজবংশ–বিশেষ।

খিস্তি, খিস্তী *বি* খেউর; অমার্জিত বা কুৎসিত ভাষায় গালাগালি।

খীর (ম–বা) *বি* ক্ষীর; ঘন দুধ; পায়েস। [স. ক্ষীর]। **খীরকম্মা** *বি* এক প্রকার ধান।

খুঁইয়া *বি* তাল, নারকেল প্রভৃতি পাতার আঁশে তৈরি অধুনালুপ্ত এক ধরনের মোটা কাপড়।

খুঁচি[১] *বি* কুনকে; চাল মাপার পাত্র। [স. কুঞ্চি>]

খুঁচি[২] *বি* যা গুঁজে দেওয়া হয়। **চালে খুঁচি দেওয়া**—চাল না ছেয়ে মাঝে মাঝে খড় বা ছন গুঁজে দিয়ে সংস্কার করা।

খুঁজা, খোঁজা *ক্রি* ১ অনুসন্ধান করা; তালাশ করা। ২ অন্বেষণ করা। ৩ যাচ্ঞা করা; চাওয়া। [বা.]। **খুঁজে পেতে** *অক্রি* খুব তল্লাশি করে। **খোঁজতল্লাশি** *বি* অন্বেষণ। [বা. খুজ; হি. খোজনা]

খুঁট[১]**, খোঁট, খোট** *বি* ১ ধুতি বা শাড়ির প্রান্তভাগ বা কোণ। ২ সুতার শেষভাগ। [স. কুট> তুল. হি. খুঁট]

খুঁট[২] *বি* খাজনা।

খুঁট৩ *বি* ১ ত্রুটি; দোষ; খুঁত। ২ অসম্পূর্ণ; খণ্ড। ৩ পুঙ্খানুপুঙ্খ; অনুপুঙ্খ। [স. খণ্ড>]। **খুঁট আখুঁরে** *বিণ* যে অতি কষ্টে নাম সই করতে পারে।

খুঁটন, খোঁটন *বি* ১ নখ বা চঞ্চুর সাহায্যে খোঁচানো বা চিমটানো। ২ কুড়িয়ে নেওয়া।

খুঁটরানো *ক্রি* খুঁটে বের করা।

খুঁটা১, খোঁটা১, খুঁটো *বি* খুঁটি; ক্ষুদ্র কাষ্ঠদণ্ড; গোঁজ। [তুল. হি. খুঁটা]। **খুঁটা গেড়ে বসা**—অনেকক্ষণের জন্য আড্ডা গেড়ে বসা; নড়বার লক্ষণ নেই এরূপভাবে বসা; অটল হয়ে বসা। **খুঁটা পেতে দাঁড়ানো** *ক্রি* ১ পা শক্ত করে দাঁড়ানো। ২ দৃঢ় সংকল্পের সঙ্গে কাজে লাগা।

খুঁটা২, খোঁটা২ *ক্রি* ১ ক্ষুদ্রাকৃতি বস্তু একটি একটি করে কুড়িয়ে তোলা। ২ বেছে নেওয়া; নির্বাচন করা। ৩ পাখির ঠোঁট দিয়ে শস্যকণা তুলে খাওয়া। ৪ নখাঘাত করা। [বা.]। **খুঁটনি** *বি* যা দিয়ে খোঁটা হয়। **খুঁটিয়ে দেখা** *ক্রি* যত্নপূর্বক সব দিক পরীক্ষা করে দেখা। **খুঁটে খাওয়া** *ক্রি* ১ কুড়িয়ে খাওয়া। ২ স্বচেষ্টায় অন্নসংস্থান করা। **খুঁটে খেতে শেখা**— উপার্জনে সক্ষম হওয়া। **দাঁত খোঁটা** *ক্রি* খিলাল দিয়ে দাঁতের ফাঁক থেকে ভুক্তাবশিষ্ট খাদ্যকণা বের করা।

খুঁটা৩, খোঁটা৩ *বি* ১ কলঙ্ক; নিন্দা; দোষ। ২ গঞ্জনা। [স. খণ্ড>]। **খোঁটা দেওয়া** *ক্রি* গঞ্জনা দেওয়া; দোষ দেওয়া।

খুঁটি, খুঁটী *বি* ১ বাঁশ বা কাঠের খাম/থাম। ২ অবলম্বন; নির্ভর। ৩ সেতার এসরাজ প্রভৃতি বাদ্যযন্ত্রের তার বাঁধার কাষ্ঠদণ্ড। [স. ক্ষোড>প্রা. খুণ্টি> বা. খুঁটি]। **খুঁটি গাড়া** *ক্রি* ১ নৌকা বাঁধা। ২ শক্ত বা স্থায়ী হয়ে বসা। **খুঁটির জোর** *বি* মুরুব্বির পৃষ্ঠপোষণ; শক্তিমানের মদদ।

খুঁটিনাটি *বি* ১ সূক্ষ্মাতিসূক্ষ্ম সব বিষয়। ২ সামান্য ত্রুটি।

খুঁত *বি* ১ দোষ; ত্রুটি; অসম্পূর্ণতা। ২ কলঙ্ক। ৩ ক্ষতচিহ্ন। ▢ *বিণ* ক্ষতচিহ্নযুক্ত; দোষযুক্ত। [স. ক্ষত>]। **খুঁত কাড়া** *ক্রি* খুঁত বের করা; দোষ দেখানো। **খুঁত খুঁত করা** *ক্রি* ১ অব্যক্ত শব্দে অসন্তোষ প্রকাশ করা বা বিরক্তি প্রকাশ করা। ২ সাধারণ ত্রুটিতে অসন্তোষ প্রকাশ করা বা অসন্তুষ্ট হওয়া। ৩ সম্পূর্ণ সন্তুষ্ট হতে না পারা। **খুঁতখুঁতে** *বিণ* যে খুঁত ধরে বা অসন্তোষ প্রকাশ করে; সন্দেহপ্রবণ; প্রায় কিছুই যার পছন্দ হয় না। **খুঁত ধরা** *ক্রি* ১ দোষ ধরা। ২ ছল ধরা। **খুঁতো** *বিণ* ত্রুটিপূর্ণ; দোষযুক্ত।

খুঁতি, খুতি *বি* টাকা রাখার ছোট থলে; দোলমাল।

খুঁয়া *বি* ১ রেশম। ২ শণ; পাট। ৩ রেশমি বা শণের সুতায় প্রস্তুত কাপড়। ৪ মোটা কাপড়বিশেষ। [স. ক্ষুমা>খুমা> খুআঁ>খুঁয়া]। **খুঁয়া তাঁতি** *বি* তিসি গাছের ছালের সুতা থেকে কাপড় তৈরি করে যারা; যারা মোটা কাপড় বোনে।

খুক *অব্য* অল্প কাশির শব্দ। **খুকখুক** *অব্য* ক্রমাগত অনুচ্চ কাশির শব্দ। **খুকখুকানি** *বি* অনবরত অনুচ্চ কাশি।

খুকরি, কুকরি *বি* ভোজালি; নেপালদেশীয় ছোরাবিশেষ।

খুকি, খুকী *বি* ১ ছোট মেয়ে; শিশু কন্যা। ২ মেয়ের আদরের ডাকনাম। **খুকিপনা** *বি* খুকির মতো আবদারপূর্ণ বা শিশুসুলভ আচরণ। **খুকু** *বি* খুকি (আদরে)। [স. কুক্ষি>]

খুঙ্গি, খুঙি *বি* বেত বা বাঁশ দিয়ে তৈরি বিশেষত বই কাগজ পত্র রাখার ঝাঁপিবিশেষ; ক্ষুদ্র পেটিকা। **খুঙ্গি পুঁথি, খুঙি পুঁথি** *বি* ঝাঁপি ও তন্মধ্যকার পুঁথি সমেত ঝাঁপি। [স. করাঙ্গ>; তুল. মারাঠি—খোঙ্গা]

খুচখুচ, খুচুরখুচুর *বি* সাবধানতার সঙ্গে আস্তে আস্তে চলা বা নড়াচড়া করা। ▢ *অব্য* ছোট জিনিস নাড়বার শব্দ। [ধ্বন্যা.]

খুচরা, খুচরো *বি* ১ ছোট; ক্ষুদ্র; ছোট ছোট; ছোটখাটো। ২ টাকার ভাঙ্গানি; রেজকি। ▢ *বিণ* ভাঙ্গানি। **খুচরা কথা** *বি* বাজে কথা; অবান্তর কথা। **খুচরা কাজ** *বি* ছোটখাটো কাজ; সাধারণ কাজ। **খুচরা খরচ** *বি* ১ ছোটখাটো খরচ। ২ বাজে খরচ। **খুচরা বিক্রি** *বি* ভেঙে ভেঙে যে বিক্রি; অল্প অল্প করে যে বিক্রি। [স. ক্ষুদ্র; হি. খুদরা; ফা. খুরদহ্]

খুজলি *বি* চুলকানি; খোস-পাঁচড়া। [হি. খুজলি]

খুট *অব্য* কাঠে কঠিন বস্তুর মৃদু আঘাতের শব্দ। **খুটখুট** *অব্য* অনবরত খুট শব্দ। [ধ্বন্যা.]

খুটারি, খুটুরি *বি* ছোট কৌটা বা খোরা; কুঠুরি।

খুটুর মুটুর *অব্য* মৃদু শব্দে কিছু কাটবার (ইঁদুর প্রভৃতির) ধ্বনি; ঠোকাঠুকিজনিত শব্দ। ▢ *বি* ছোটখাটো বিবাদ বিসংবাদ। [ধ্বন্যা.]

খুড়তুত, খুড়তুতো, খুড়াতো *বিণ* খুড়ার ঔরসে জাত; খুড়ার সম্পর্কে সম্পর্কিত (খুড়তুতো ভাই)। [স. খুল্লতাত> খুড়(ল্ল=ড়)+তুত]

খুড়শ্বশুর, খুড়াশ্বশুর *বি* স্বামী বা স্ত্রীর খুড়া; শ্বশুরের ছোট ভাই। **খুড়শাশুড়ি, খুড়িশাশুড়ি** *স্ত্রী.*।

খুড়া১, খুড়ো *বি* চাচা; কাকা; পিতৃব্য; পিতার ছোট ভাই। [স. খুল্লতাত=পিতার কনিষ্ঠ ভাই]। **খুড়ি** *স্ত্রী.*।

খুদ১, ক্ষুদ *বি* ১ চাউলের ক্ষুদ্র অংশ বা কণা। ২ যে কোনো শস্যের ক্ষুদ্রাংশ বা কণা। [স. ক্ষুদ্র>প্রা. খুদ্দ>বা. খুদ]। **খুদকুঁড়া, খুদকুঁড়ো** *বি* ১ খুদের সাথে মেশানো কুঁড়া। ২ অতি সামান্য আহার্য। **খুদ মাগা** *বি* হিন্দুদের বিয়েতে স্ত্রী-আচারবিশেষ। ▢ *ক্রি* ভিক্ষা করা।

খুদি১, খুদে *বিণ* অতি ক্ষুদ্র। [স. ক্ষুদ্র>]

খুদি২, খুদী *বি* সত্তা; স্বকীয়তা। [ফা. খুদী]। **খুদ** *বি* স্বয়ং স্বাধীন সত্তা। (তুল. **খুদা, খোদা**)।

খুদে *বিণ* ক্ষুদ্র; অতি ছোট। [স. ক্ষুদ্র>]। **ক্ষুদে পিঁপড়া** *বি* ছোট পিপীলিকা। **খুদে রাক্ষস** *বি* ১ পেটুক; ভোজনপটু; যে রাক্ষসের মতো বেশি খায়। ২ ছোট ছোট রাক্ষসের ন্যায়; বৃহৎকায় মানুষ। **খুদে শয়তান** *বি* ১ শয়তানের ক্ষুদ্র সংস্করণ। ২ ক্ষুদ্রকায় অথচ অতিশয় দুষ্ট। ৩ অতিমাত্রায় দুষ্ট বালক।

খুন *বি* ১ হত্যা; বধ। ২ রক্ত; লহু। ▢ *বিণ* ১ আকুল; ব্যতিব্যস্ত; নাজেহাল। ২ নিহত। ৩ মৃতপ্রায়; আধমরা। ৪ অতিশয় ক্লান্ত; অত্যন্ত পরিশ্রান্ত। [ফা. খুন]। **খুন-খারাব** *বি* খুনাখুনি; রক্তারক্তি; হত্যাকাণ্ড; [ফা. খুন-খরাব]। **খুনখারাবি** *বি* ১ হত্যাকাণ্ড; রক্তারক্তি; রক্তপাত। ২ দাঙ্গা-হাঙ্গামা। ৩ অত্যুজ্জ্বল লাল রংবিশেষ। **খুন চড়া**

বি ১ ক্রোধে রক্ত গরম হওয়ার ফলে প্রায় জ্ঞানশূন্য বা উন্মত্ত হওয়া। ২ হত্যা করবার প্রবৃত্তি হওয়া। **খুন চাপা** *বি* ১ ক্রোধে উত্তেজিত হওয়ার ফলে মাথায় রক্ত ওঠা। ২ ক্রোধোন্মত্ত হয়ে হত্যা করবার জন্য প্রবৃত্ত হওয়া। **খুন হওয়া** *ক্রি* ১ নিহত হওয়া। ২ হত্যা সংঘটিত হওয়া। **খুনাখুনি, খুনোখুনি** *বি* ১ পরস্পর মারামারি; কাটাকাটি; রক্তারক্তি; রক্তপাত। ২ বিষম ঝগড়া–বিবাদ ও দাঙ্গা। **মাথায় খুন চাপা, মাথায় খুন চড়া** *ক্রি* হত্যা করাও সম্ভব এমন উত্তেজিত হওয়া।

খুনখুনে *বিণ* অত্যন্ত বৃদ্ধ।

খুনসুড়ি, খুনসুটি *বি* ১ কলহের ছল; কৃত্রিম বিবাদ–বিসংবাদ; প্রণয়–কলহ। ২ তুচ্ছ দোষারোপ ও লঘু কলহ; অভিমান।

খুনি, খুনী *বিণ* ১ ঘাতক; হত্যাকারী। ২ দাঙ্গাবাজ; বিবাদ–প্রিয়। ৩ অতিশয় নিষ্ঠুর; ঘাতকের মতো নিষ্ঠুর। ৪ রক্তবর্ণ। [ফা. খুন+বা. ই, ঈ]। **খুনি আসামি** *বি* হত্যার দায়ে ধৃত ব্যক্তি।

খুন্তি, খুন্তী *বি* ১ রান্নার কাজে ব্যবহৃত হাতাবিশেষ। ২ ছোট খন্তা। [স. খনিত্র>খনিত্ত>]

খুপরি, খুপরী *বি* ১ খোপের মতো ঘর। ২ খোপ; ছোট তাক, কুলুঙ্গি। [স. ক্ষুপ>]

খুপি, খুপী *বিণ* ১ খোপের মতো ঘরযুক্ত। ২ খোপের মতো। ৩ খোপের মতো নকশা করা হয়েছে এমন। ☐ *বি* অত্যন্ত ছোট ঘর বা খোপ। [স. ক্ষুপ>]

খুব *বিণ,ক্রিবিণ* ১ অত্যন্ত; অতিশয়। ২ যথোচিত; যথোপযুক্ত। ☐ *ক্রিবিণ* ১ বেশ; ভালো; উত্তম; চমৎকার; যথেষ্ট। ২ নিশ্চয়; অবশ্য; নিঃসন্দেহে। ৩ অত্যন্ত; বেশি। ৪ আচ্ছা রকম; বেশ ভালোমতো। [ফা.]। ☐ *অব্য* প্রশংসাসূচক ধ্বনি; অতি উত্তম। **খুব করা** *ক্রি* বেশ করা; যথাযোগ্য কর্ম করা। **খুব করে ধরা** *ক্রিবিণ* অনুনয়–বিনয় করে বলা; নাছোড় হয়ে মিনতি করা। **খুব করে বলা** *ক্রি* বিশেষ অনুরোধ করা। ☐ *বিণ* মনের ক্ষোভ মিটিয়ে কথা শুনিয়ে দেওয়া। **খুবসে** *ক্রিবিণ* ভালোরূপে; আচ্ছামতো; বেশ করে।

খুবলানো, খোবলানো *ক্রি* খাবলিয়ে তুলে নেওয়া।

খুবসুরত, খাপসুরত *বিণ* ১ অত্যন্ত সুন্দর বা সুন্দরী; সুরূপ বা সুরূপা, সুদর্শন বা সুদর্শনা। ২ সুশ্রী। [ফা. খুব+আ. সুরত]। **খুবসুরতি** *বি* সৌন্দর্য।

খুবানি, খোবানি *বি* একজাতীয় ফল। [ফা. খুবানী]

খুবি[1]**, খুবী** *বি* ১ মঙ্গল; কল্যাণ; ভালাই। ২ সৌন্দর্য; শোভা। [ফা. খুবী]

খুবি[2] *বি* বীজ বোনার জন্য ছোট ছোট গর্ত।

খুম্ভী *বি* কানের অলঙ্কারবিশেষ। [হি. খুম্বী]

খুর, খুরা = ক্ষুর। **খুর–তোলা** *বিণ* উঁচু গোড়ালিবিশিষ্ট; হিলওয়ালা। **খুরে দণ্ডবৎ, খুরে নমস্কার**— (ব্য.) নমস্যরূপে গ্রহণ করে পরাজয় স্বীকারকরণ। [স. √খুর> পশুর পায়ের গোড়ালির অস্থিময় অংশ; পায়ের পাতা]

খুরপি, খুরপা *বি* ১ ছোট খন্তা; মাটি খুঁড়বার জন্য ব্যবহৃত এক প্রকার ছোট খন্তা। ২ চর্মকারের অস্ত্রবিশেষ। [স. ক্ষুর>প্রা. খুরপ্প>বা. খুরপা]

খুরা, ক্ষুরা *বি* আসবাবপত্রের পায়া; খাটের বা তক্তপোষের পায়া; খুঁটা। [স. খুরক>]

খুরি, খুরী *বি* ১ মাটি বা ধাতব পদার্থের ছোট বাটি; ছোট খোরা; ভাঁড়বিশেষ। ২ গবাদি পশুর ক্ষুর। [ফা. খোরা]

খুলি[1]**, খুলী**[1] *বি* ১ মাথার উপরিভাগ; করোটি; খর্পর। ২ মাটির পাত্রবিশেষ।

খুলি[2]**, খুলী**[2] *বি* যে খোল বাজায়; খোলবাদক।

খুল্ল *বিণ* ১ ক্ষুদ্র। ২ অল্প। ৩ কনিষ্ঠ। [স.]

খুল্লতাত *বি* পিতার কনিষ্ঠ ভাই; চাচা; কাকা। [স.]

খুশকা, খোশকা পোলাও *বি* ১ অল্প ঘি দিয়ে রান্না করা পোলাও। ২ ঘৃতহীন ভাত; সাদা ভাত। [ফা. খুশক্‌হ্‌]

খুশকি, খুস্কি *বি* ১ মরা মাস। ২ মাথার শুষ্ক চামড়া। ৩ শুষ্ক স্থান; শুকনা জায়গা। [ফা. খুশকী]

খুশি, খুশী *বি* ১ আনন্দ; সন্তোষ। ২ আহ্লাদ; আমোদ। ৩ ইচ্ছা; মর্জি; খেয়াল। ☐ *বিণ* আনন্দিত; সন্তুষ্ট; প্রীত। [ফা. খুশী]। **খুশিতে বাগ বাগ** *বিণ* আনন্দে উৎফুল্ল। [ফা. বাগ]। **খুশির মউজ** *বি* আনন্দের ঢেউ। [আ. মউজ]

খেই, খে *বি* ১ সুতার মুখ বা প্রান্ত। ২ প্রসঙ্গ; ধারা; সূত্র। ৩ সন্ধান। ৪ সুতার তারের সংখ্যা। **খেই–হারানো** *ক্রি* কথার সূত্র ভুলে যাওয়া।

খেউর[1]**, খেউড়** *বি* ১ বাদ–প্রতিবাদমূলক অশ্লীল গ্রাম্য গান বা কবিতাবিশেষ। ২ অকথ্য ভাষায় গালাগালি; খিস্তি। ৩ বাদ–প্রতিবাদ; কচাল।

খেউরি, খৌরি *বি* ক্ষৌর কার্য; নাপিতের দ্বারা চুল দাড়ি কাটানো; কামানো। [স. ক্ষৌর>খউর> খেউর+বা. ই]। **খেউরি বন্ধ করা**— সামাজিক শাস্তি হিসেবে নাপিত বন্ধ করা; একঘরে করা।

খেঁক, খ্যাঁক *অব্য* ১ কুকুর শৃগাল প্রভৃতির বিরক্তি বা ক্রোধ প্রকাশকারী ধ্বনি। ২ রূঢ়তাব্যঞ্জক বাক্য; কর্কশ শব্দময় বাক্য। [বা.]। **খেঁকখেঁক, খেঁকখেক** *অব্য* কর্কশভাবে ক্রোধ বা বিরক্তিপ্রকাশক শব্দ। **খেঁকানো** *ক্রি* খেঁক খেঁক শব্দ বা ধ্বনি করা; খ্যাঁক খ্যাঁক শব্দ করে ক্রোধ বা বিরক্তি প্রকাশ করা। **খেঁকানি, খেঁকখেঁকানি** *বি* ১ শৃগাল–কুকুরের কলহের শব্দ। ২ খেঁক খেঁক শব্দ বা ধ্বনি।

খেঁকশিয়াল *বি* একজাতীয় শৃগাল। **খেঁকশিয়ালি** *বি স্ত্রী.*।

খেঁকি, খেঁকী *বিণ* ১ খেঁক খেঁক শব্দ করে এমন। ২ রাগী; ক্রোধী; কোপন স্বভাববিশিষ্ট। ☐ *বি* যে রোগা শীর্ণ কুকুর সহজেই খেঁক করে ওঠে। [বা.]। **খেঁকি কুত্তা** *বি* যে সকল ইতরজাতীয় কুকুর অকারণে খেঁক খেঁক করে তাড়া করতে অভ্যস্ত।

খেঁচড়া *বিণ* অশিষ্ট; দুষ্ট; বজ্জাত। **খেঁচড়ামি** *বি* দুষ্টামি; বজ্জাতি। **আধা–খেঁচড়া** *বিণ* সম্পূর্ণ হয়নি এমন; অসম্পূর্ণ; অর্ধপক্ব।

খেঁচা, খিঁচা *ক্রি* ১ হঠাৎ টানা; আকস্মিকভাবে আকর্ষণ করা। ২ অঙ্গের আক্ষেপ হওয়া। **খেঁচুনি** *বি* অঙ্গের আক্ষেপ; রোগে হাত–পা প্রভৃতি খিল ধরা বা খেঁচা।

খেঁচাখেঁচি *বি* ১ মনোমালিন্য; মন–কষাকষি। ২ বাদ–প্রতিবাদ; কলহ।

খেঁচে হাওয়া *বি* টানা দৌড়; ভোঁ দৌড়।
খেঁটে *বি* মোটা ছোট লাঠি।
খেড়ু *বি* খেউড় গান; আখড়াই গান; কবিগানের পূর্ববর্তী রূপ বলে অনুমিত, যার মধ্যে আদিরসের প্রাধান্য থাকতো। ▢*বিণ* খেউড় গান সম্পর্কিত।
খেঁড়ো *বি*১ কাঁকুড়জাতীয় ফলবিশেষ। ২ যে গাভী অনেক দিন বাচ্চা দিয়েছে অথচ এখনো বাচ্চা দুধ খায়। [স. কর্কটি>বা. কাঁকড়>খেঁড়ো]
খেঁতখেঁত, খ্যাঁতখ্যাঁত *বি* শিশুর অল্প কাঁদার শব্দ। **খেঁতখেতানি** *বি*। **খেঁতখেতানো** *ক্রি*।
খেচর *বি,বিণ* আকাশে বিচরণকারী; পাখি। [স.]
খেজাব, খিযাব *বি* কলপ; রংবিশেষ; সাদা চুল লাল বা কালো করবার রং। [আ. খিযাব]
খেজুর *বি* একজাতীয় ফল; খেজুর গাছ। [স. খর্জুর> খজ্জুর>খাজুর, খেজুর (স্বরসাম্যে)]। **খেজুর গুড়, খাজুড় গুড়** *বি* খেজুর গাছের রস থেকে প্রস্তুত গুড়। **খেজুর ছড়ি, খেজুর ছড়া** *বি*১ খেজুরের ছড়ি বা কাঁদি। ২ খেজুর পাতার নকশাযুক্ত পাড়ের শাড়ি কাপড়। ৩ একজাতীয় ধান। **খেজুর-মাথি** *বি* খেজুর গাছের মাথার কোমল শাঁস যা খাদ্যরূপে ব্যবহৃত হয়। **খেজুর রস** *বি* খেজুর গাছের রস যা জ্বাল দিয়ে গুড় প্রস্তুত করা হয়। **খেজুরে, খাজুরে** *বিণ* ১ খেজুর সম্বন্ধীয়। ২ খেজুরের রস থেকে প্রস্তুত। ৩ খেজুরের ন্যায় মিষ্ট। **খেজুরে বা খাজুরে আলাপ**—সময় অপচয়কারী বিরক্তিকর আলাপ। [খেজুর+ ইয়া>এ; তুল. *গোঁফখেজুরে (অলস)*]
খেজের *বি*১ সবুজ। ২ নবীন; তরুণ। ৩ সবুজ গাছপালা বা লতাপাতা। [আ. খিয্‌র]
খেটক *বি* গদা; মুগুর; চাল। [স.]
খেটে[১] *বি* ছোট মুগুর; ছোট মোটা লাঠি। [স. খেট>]
খেটে[২] *ক্রিবিণ* মেহনত ক'রে।
খেটে জাল *বি* ইলিশ মাছ ধরবার জালবিশেষ।
খেটেল *বি,বিণ* শ্রমিক; মজুর; মজুর খাটে এমন। ▢*বি* সামান্য ভৃত্য।
খেতাব, খিতাব *বি* সম্মানজনক উপাধি। [আ. খিতাব]। **খেতাবধারী** *বিণ* খেতাব লাভ করছে এমন। **খেতাবি** *বিণ* সম্মানসূচক উপাধিধারী।
খেদ *বি*১ দুঃখ; আফসোস; অনুতাপ। ২ বিলাপ; আক্ষেপ। ৩ ক্লান্তি; অবসন্নতা। [স.]। **খিদ্যমান, খিন্ন, খেদিত** *বিণ*।
খেদমত, খিদমত *বি*১ সেবাযত্ন; পরিচর্যা। ২ চাকরি। ৩ দাসত্ব। [আ. খিদ্‌মৎ]। **খেদমতগার, খিদমতগার** *বি* সেবক; ভৃত্য; পরিচারক। **খেদমতগারি, খিদমতগারি** *বি* সেবকত্ব; দাসত্ব; গোলামি।
খেদা *বি* হাতি ধরবার এক প্রকার ফাঁদ।
খেদানো *ক্রি* তাড়িয়ে দেওয়া; বিতাড়িত করা; দূর করে দেওয়া। ▢*বি* বিতাড়ন। ▢*বিণ* বিতাড়িত। [স. √খিদ্+বা. আনো]। **খেদানে** *বিণ* বিতাড়নকারী। **খেদিত** *বিণ*১ যাকে খেদিয়ে বা তাড়িয়ে দেওয়া হয়েছে। ২ ব্যথিত; দুঃখিত; অবসাদগ্রস্ত; খিন্ন।
খেপ, ক্ষেপ *বি* ১ দফা। ২ নৌকা ও গাড়ির মাল নিয়ে যাত্রা। ৩ একবারে বহনযোগ্য মাল। ৪ মাছ ধরার জন্য জাল নিক্ষেপণ। [স. ক্ষেপ>]। **খেপ দেওয়া** *ক্রি* নৌকা বা গাড়িতে মাল আনা-নেওয়া করা। **খেপের নৌকা** *বি* মাল বহনকারী নৌকা।
খেপলা, খ্যাপলা *বিণ,বি* মাছ ধরার জন্য যে জাল মাথার উপর দুই হাতে ঘুরিয়ে ছড়িয়ে ফেলতে হয়; গোলাকার ক্ষেপণযোগ্য জালবিশেষ। [স. √ক্ষিপ্>+বা. লা]। (**ঝাঁকি জাল**— ক্ষেপণের বিশেষ কায়দার দরুন এই নাম)।
খেপা[১], **ক্ষেপা**[১] *ক্রি* নিক্ষেপ করা; ক্ষেপণ করা। ▢*বিণ,বি* উক্ত অর্থে। [স. √ক্ষিপ্+বা. আ]
খেপা[২], **ক্ষেপা**[২] *ক্রি*১ পাগল হওয়া। ২ ক্ষিপ্ত হওয়া। ৩ ক্রুদ্ধ হওয়া। ৪ প্রমত্ত হওয়া। ৫ উত্তেজিত বা অবাধ্য হওয়া। ৬ উদ্দাম বা উদ্বেল হওয়া। ▢*বিণ*১ পাগল; উন্মাদ। ২ বাতিকগ্রস্ত। ৩ ভাবোন্মত্ত; ভাবে ভোলা। ৪ অবোধ; অবুঝ। ▢*বি* ১ ক্ষিপ্ত ব্যক্তি; উন্মত্ত ব্যক্তি। ২ ভাবোন্মত্ত ব্যক্তি। ৩ স্নেহসূচক সম্বোধনবিশেষ। [স. ক্ষিপ্ত>খিপ্প> খেপা>খ্যাপা]। **খেপি, ক্ষেপি** *স্ত্রী*। **খেপানো, ক্ষেপানো** *ক্রি*১ ক্ষিপ্ত করা; খেপিয়ে তোলা। ২ মাতিয়ে তোলা। ৩ জ্বালাতন করা; উত্যক্ত করা। **খেপামি, খ্যাপামি, ক্ষ্যাপামি** *বি* পাগলামি; পাগলাটে ভাব। [খেপা+বা. মি]
খেমচা *বি* ১ এক প্রকার বাদ্যযন্ত্র। ২ একমুষ্টি পরিমাণ; এক খামচা; এক খাবলা।
খেমটা, খ্যামটা *বি*১ সঙ্গীতের এক প্রকার তাল। ২ ঐ তালের নৃত্য। **খেমটাওয়ালী** *বি* নর্তকী; খেমটা গান সহযোগে নৃত্যকারিণী রমণী; খেমটা নর্তকী।
খেমি *বি* ক্ষৌমবস্ত্র; পট্টবস্ত্র; রেশমি কাপড়। [স. ক্ষৌম> খাম>খেমি]
খেয়া *বি*১ নৌকাদি দিয়ে খেয়া পারাপার। ২ নদী পারাপারের নৌকা; গুদারা। [স. ক্ষেপ>]। **খেয়াকড়ি** *বি* নদী পার হওয়ার জন্য দেয় মাশুল বা অর্থাদি। **খেয়াঘাট** *বি* যে স্থান থেকে নৌকাযোগে নদী পারাপার হওয়া যায়; পারঘাট। **খেয়া দেওয়া** *ক্রি* খেয়া নৌকায় পারাপার করা। **খেয়ানৌকা, খেয়াতরী** *বি* নদী পারাপার করবার নৌকা। **খেয়াপার** *বি* নৌকাযোগে নদীর একপার থেকে অন্য পারে গমন। **খেয়ামাঝি** *বি* যে মাঝি খেয়ানৌকা চালায়। **খেয়ারি, খেয়ারী** *বি* যে মাঝি নদী পারাপার করে। [স. ক্ষেপ/আঞ্চলিক খেপ]
খেয়ানত, খিয়ানত *বি* ১ ক্ষতি; বিশ্বাসঘাতকতা; নাশ। ২ গচ্ছিত দ্রব্য আত্মসাৎ। ৩ তহবিল তসরুফ। ৪ বিশ্বাসভঙ্গ। ৫ অসাধুতা। [আ. খিয়ানৎ]
খেয়াল, খিয়াল *বি* ১ স্বপ্ন; কল্পনা। ২ জ্ঞান; চেতনা। ৩ লীলা; খেলা। ৪ শখ; সাধ; বাসনা। ৫ মর্জি; ইচ্ছা। ৬ খুশি। ৭ নিয়মছাড়া ব্যাপার; অনিয়ম। ৮ স্মরণ। ৯ বিশেষ লক্ষ্য; মনোযোগ। ১০ অনুমান; আন্দাজ। ১১ চিন্তা। ১২ ঝোঁক; প্রবৃত্তি। ১৩ মতলব। ১৪ উচ্চাঙ্গের সঙ্গীতবিশেষ। [আ. খেয়াল]। **খেয়াল খাতা** *বি*১ খুশিমতো রচনার খাতা। ২ আত্মগত রচনা বা ব্যক্তিগত নিবন্ধের বিভাগ। **খেয়ালমাফিক** *ক্রিবিণ* খুশিমতো; মর্জিমাফিক। **খেয়ালি, খেয়ালী** *বিণ*১ কল্পনা-বিলাসী; আত্মভোলা। ২ মর্জির ঠিক নেই এমন; স্বেচ্ছাচারী; অব্যবস্থিতচিত্ত। ৩ খেয়াল গায়ক। **খেয়ালি পোলাও** *বি* অবাস্তব কল্পনা।
খেয়োখেয়ি *বি* পরস্পর তর্জনগর্জনসহ তুমুল ঝগড়া বা মারামারি; পরস্পরকে ছিড়ে খাওয়ার মতো আক্রোশপূর্ণ

বিবাদ। ◻*অব্য* কুকুর-বিড়ালাদির খাউ খাউ শব্দে পরস্পর কামড়া-কামড়ি। [বা. খাওয়া খাওয়ি> খেয়োখেয়ি, (তুল. হাতাহাতি, চুলোচুলি)]

খেরাজ, খিরাজ *বি* খাজনা; ভূমিকর; রাজস্ব। [আ. খিরাজ]। **খেরাজি, খরাজী** *বিণ*। **খেরাজি জমি** *বি, বিণ* যে জমির জন্য নির্দিষ্ট খাজনা দিতে হয়। **লাখেরাজ** *বিণ*।

খেরুয়া, খাড়ুয়া *বি*১ লালবর্ণের মোটা সুতার এক প্রকার কাপড়। সাধারণত পোশাক তৈরি করা ও খাতা বাঁধার কাজে ব্যবহৃত হয়। ২ শিশুদের হাত ও পায়ের অলঙ্কার। [হি. খারুয়া> খেরুয়া; খেরো> খড়ো]

খেরেস্তান *বি* ১ খ্রিস্টান। ২ কদাচারী খ্রিস্টান। [ই. Christian]

খেল *বি*১ খেলা; ক্রীড়া; লীলা। ২ ভেলকিবাজি। ৩ কৌতুক; তামাসা। [স. √খেল্>]। **খেল খেলা, খেল দেখানো** *ক্রি* বুদ্ধির কৌশল দেখানো; চালাকি করা।

খেলকা, খিরকা *বি* ফকির-দরবেশদের দীর্ঘ অঙ্গাবরণবিশেষ; শবের কূর্তা। [আ. খিরক]। **খেলকা নেওয়া** *ক্রি* বাউলদের পন্থা ও পোশাক গ্রহণ করা; জিন্দা দেহে মরার পোশাক পরা।

খেলন *বি*১ খেলা; ক্রীড়া। ২ পরিহাস; কৌতুককরণ। [স. √খেল্+অন]

খেলনা *বি* খেলার জিনিস; পুতুল; ক্রীড়নক। [তুল. হি. খেলৌনা]। **খেলনাপাতি** *বি* খেলার সাজ-সরঞ্জাম; খেলার জিনিসপত্র।

খেলা[১] *বি* ১ ক্রীড়া; লীলা। ২ প্রমোদ; বিলাস; কেলি। ৩ কৌশল বা পারদর্শিতা প্রদর্শন। [স.]। **খেলাঘর** *বি* শিশুদের খেলার স্থান; ছেলেখেলার ঘরকন্না; কৃত্রিম সংসার। **খেলাধুলা** *বি* ১ নানা প্রকার ক্রীড়া; sports, ক্রীড়া-কৌতুক। ২ শিশুর সাধারণ জিনিস নিয়ে খেলা।

খেলা[২] *ক্রি*১ খেলা করা। ২ চমকানো। ৩ স্ফুরিত হওয়া। ৪ ভালোবাসার ভান করা।

খেলানো, খেলান *ক্রি*১ অন্যকে খেলা করানো। ২ খেলা দেখানো। ৩ কৌতুক প্রদর্শন করা; তামাশা দেখানো। ৪ নিজের বা নিজেদের ইচ্ছেমতো পরিচালিত করা। ৫ লীলা বা প্রমোদ করা। **খেলানে** *বি* যে খেলা করায় বা খেলায়। ◻*বিণ*১ খেলা করে এমন; খেলুড়ে। ২ ক্রীড়াপ্রিয়। **খেলানী** *স্ত্রী*।

খেলাফ, খিলাফ *বি*১ অন্যরূপ আচরণ; বৈপরীত্য। ২ নড়চড়; ব্যতিক্রম; ব্যত্যয়; অন্যথা। ◻*বিণ*১ বিপরীত; প্রতিকূল। ২ মিথ্যা। [আ. খিলাফ]

খেলাফত, খিলাফত *বি*১ প্রতিনিধিত্ব; খলিফার পদ বা মর্যাদা। ২ রাজত্ব বা খিলাফতের আমল। [আ. খিলাফৎ]। **খেলাফত আন্দোলন** *বি* প্রথম মহাযুদ্ধের পর তুরস্ক সাম্রাজ্য বিলুপ্ত করে খলিফাকে রাজ্যচ্যুত করার ষড়যন্ত্রের বিরুদ্ধে এই উপমহাদেশীয় মুসলমানদের আন্দোলন।

খেলুড়ে *বি*১ খেলোয়াড়; খেলোয়ার। ২ খেলার সাথি; খেলার সহচর। **খেলুড়ী** *স্ত্রী*। [হি. খেলাড়ী; বা. খেলা+ড়িয়া> খেলাড়ে> খেলুড়ে]

খেলুয়া *বিণ* খেলোয়াড়।

খেলো *বিণ* ১ মন্দ; নিকৃষ্ট; ব্যক্তিত্বহীন; বাজে; অত্যন্ত খারাপ। ২ মূল্যহীন; অসাড়; অন্তঃসারশূন্য। ৩ হীন; নীচ; অপদস্থ। ৪ উপহাস বা তাচ্ছিল্যের বিষয়।

খেলোয়াড় *বি*১ যে খেলে; ক্রীড়াবিদ; খেলুড়ে। ২ ক্রীড়াপটু; যে ভালো খেলতে পারে। ৩ চালাক; কৌশলী; ফন্দিবাজ। ৪ ধূর্ত; কূটকৌশলী; প্রবঞ্চক; চক্রান্তকারী। [তুল. হি. খেলাড়ী]। **খেলোয়াড়ি** *বিণ* ১ খেলোয়াড়সুলভ; খেলোয়াড়ের উপযুক্ত। ২ খেলোয়াড় সম্পর্কীয়।

খেশ, খেস *বিণ* আপন। [ফা. খেশ]। **খেশ-কুটুম** *বি* আত্মীয়স্বজন। **খেশি** *বি* ১ কুটুম্বিতা; আত্মীয়তা। ২ আত্মীয়কুটুম্ব।

খেসারত *বি* ক্ষতিপূরণ। [আ. খসারৎ]। **খেসারতি** *বি*১ ক্ষতিপূরণের তথ্যাদি। ২ ক্ষতিপূরণের মোকদ্দমা।

খেসারি *বি* দাল বা ডালবিশেষ। [দেশী]

খেসালা *বি* আত্মীয়তা; কুটুম্বিতা। [ফা. খেশ+হি. ওয়ালা> আলা]

খৈ *বি* ধান ভেজে প্রস্তুত খাদ্যবিশেষ।

খৈনি, খৈনী *বি* দোক্তা; তামাকপাতা ও চুনের এক প্রকার মিশাল; খৈনি মুখে পুরে দাঁতে চেপে রাখা ও নিঃসৃত রস উপভোগ করা এক প্রকার নেশা। [হি.]

খৈরি *বি* কাদাখোঁচা জাতীয় পক্ষীবিশেষ।

খৈল *বি* তিল সরিষা প্রভৃতি হতে তেল বের করার পর অবশিষ্ট ছিবড়া। [স.]

খো[১] *বি* ১ খোয়া; ইটের ক্ষুদ্র খণ্ড। ২ দুধ থেকে প্রস্তুত মিষ্টান্নবিশেষ; মাওয়া। ৩ রস নিংড়িয়ে নেওয়া ইক্ষুর ছোবড়া।

খো[২] *বি* মেচেতা (দর্পণে নিহালি দেখ পড়িয়াছে খো—কঙ্কণ)।

খো[৩] *বি* স্বভাব; অভ্যাস; প্রকৃতি। [ফা. খু, (তুল. খো-খাসিয়ৎ)]

খোআরি *বি*১ বিপদ। ২ অনিষ্ট; ক্ষতি। [তুল. আ. খুমার]

খোখর *বিণ* কঠিন; কঠোর।

খোঁচ *বি*১ কণ্টক; কাঁটা। ২ সুচের মতো তীক্ষ্ণাগ্র। ৩ কোঁচ। ৪ সামান্য ঝামেলা বা ঝঞ্ঝাট। ৫ কুঞ্চন। ◻*বিণ* কোণাকৃতি ফাঁকা।

খোঁচা[১] *বিণ*১ খোঁচবিশিষ্ট; তীক্ষ্ণমুখ। ২ তীক্ষ্ণ; ধারালো। [বা. খোঁচ+আ]

খোঁচা[২], **খুচা** *বি*১ সূক্ষ্মাগ্র বস্তুর আঘাত। ২ কোনো কিছুর আগা দিয়ে আঘাত। ৩ তীক্ষ্ণ আঘাত। ৪ আঁচড়। **খোঁচাখোঁচি, খোঁচাখুচি** *বি* ১ পরস্পর আঘাতকরণ। ২ কোনো অপ্রিয় বিষয় নিয়ে কটাক্ষপূর্ণ আলোচনা; লেখায় পরস্পরের প্রতি তীক্ষ্ণ মন্তব্য প্রকাশ। ◻*বিণ* বারবার আঘাত দেওয়া।

খোঁচানো, খুঁচানো *ক্রি*১ খোঁচা দেওয়া। ২ উত্তেজিত করা। ৩ উত্যক্ত করা। ৪ বারবার তাগাদা দেওয়া।

খোঁজ *বি* ১ অন্বেষণ; তল্লাশ। ২ সন্ধান; খবর। ৩ দিশা; ঠিকানা; হদিস; পাত্তা। [হি. খোঁজ]। **খোঁজখবর** *বি* তল্লাশকরণ; অনুসন্ধান করণ। **খোঁজা, খুঁজা** *ক্রি* খোঁজ করা; তল্লাশ করা; সন্ধান করা; অন্বেষণ করা। ◻*বি* অন্বেষণ। **খোঁজাখুঁজি** *বি* চতুর্দিকে অনুসন্ধান; আঁতিপাঁতি করে সন্ধান।

খোঁজানো, খুঁজানো *ক্রি* অন্যের দ্বারা অনুসন্ধান করানো। ◻*বি* অন্যকে দিয়ে সন্ধানের কাজ সম্পাদন। **খোঁজারু** *বিণ* অনুসন্ধানের জন্য যাকে নিযুক্ত করা হয়েছে; সন্ধানী। **খোঁজেলা** *বিণ* সন্ধানকারী; যে সন্ধান রাখে।

খোঁটা[1], **খুঁটা**[1] *বি* ১ খুঁটি; দণ্ড। ২ গোঁজ; কীলক। ৩ স্তম্ভ। ৪ অবলম্বন। [স. ক্ষোড> খোট, খোট্ট>খোঁটা, খুঁটা]

খোঁটা[2], **খুঁটা**[2] *ক্রি* ১ দন্ত চঞ্চু নখ দ্বারা ছিন্ন করা বা খোঁচানো। ২ ক্ষুদ্র বস্তু একটি একটি করে সংগ্রহ করা বা তুলে নেওয়া। ৩ শলাকা দিয়ে খোঁচানো। **খোঁটানো** *ক্রি* অন্যকে দিয়ে খুঁটিয়ে নেওয়া।

খোঁটা[3], **খোটা** *বি* ১ গঞ্জনা; দোষ উল্লেখ; নিন্দা; দোষের প্রতি ইঙ্গিত। ২ অপবাদ; কলঙ্ক। ৩ ত্রুটি; খুঁত; দোষ। ❑ *বিণ* খুঁতযুক্ত; মেকি; দোষযুক্ত। **খোঁটা দেওয়া** *ক্রি* ১ দোষারোপ করা; গঞ্জনা দেওয়া। ২ ত্রুটির প্রতি ইঙ্গিত করা; ত্রুটির জন্য ধিক্কার দেওয়া। **কুলের খোঁটা** *ক্রি* বংশের দোষ-ত্রুটি উল্লেখ করে গঞ্জনা দেওয়া।

খোঁড়ল, খোন্দল *বি* গর্ত; কোটর; খাদ; গহ্বর; বিবর।

খোঁড়া[1], **খুঁড়া**[1] *ক্রি* ১ খনন করা। ২ ঠোকা; কোটা (মাথা খোঁড়া)। ৩ কুনজর দেওয়া। ৪ প্রশংসোচ্ছলে কারো নিন্দা করা; মুখ লাগানো। [স. খন্>]

খোঁড়া[2], **খুঁড়া**[2] *বিণ* খঞ্জ; পঙ্গু; পা ভাঙা বা বিকল এমন। [স. খঞ্জ]। **খুঁড়ি** *স্ত্রী.*। **খোঁড়ার পা খানায় পড়ে**— (আল.) বিপন্নের আরো বিড়ম্বনা সম্বন্ধে সহানুভূতিসূচক উক্তি। **খোঁড়া হওয়া** *বিণ* ১ চলবার বা হাঁটবার ক্ষমতা না থাকা। ২ (আল.) যানবাহনের অভাবে অচল হওয়া। **ঘোড়া দেখে খোঁড়া হওয়া**— ১ (আল.) যানবাহন দেখে হাঁটতে অনিচ্ছা প্রকাশ। ২ (আল.) অন্যকে দেখে কাজ করতে অনিচ্ছা।

খোঁড়ানো[1] *ক্রি* অন্যের দ্বারা খনন করানো। ❑ *বি* অপরের দ্বারা খনন কার্য সম্পাদন। ❑ *বিণ* খনন করা হয়েছে এমন। [স. খনন (ণিজন্ত)>]

খোঁড়ানো[2] *ক্রি* খোঁড়ার মতো হাঁটা; খুঁড়িয়ে খুঁড়িয়ে চলা। ❑ *বি* খোঁড়ার মতো গমন। **খুঁড়িয়ে বড় হওয়া** *ক্রি* ১ পায়ের আঙুলের উপর ভর দিয়ে উঁচু হওয়া; ডিঙি মেরে উঁচু হওয়া। ২ (আল.) প্রকৃতপক্ষে বড় নয় কিন্তু ছলে বলে কৌশলে নিজেকে বড় বলে প্রতিপন্ন করা; কষ্টেসৃষ্টে কোনোমতে নিজেকে বড় বলে চালানো।

খোঁদা *বি* গর্ত। ❑ *ক্রি* গর্ত করা। ❑ *বিণ* ১ খোঁড়া; খনিত। ২ গর্তবিশিষ্ট। [স. √ক্ষুদ্>]

খোঁপা, খোপা *বি* কবরী; নারীদের কেশবন্ধন পদ্ধতিবিশেষ। [মি-বা. খোম্পা; স. ক্ষুপ]

খোঁয়াড় *বি* ১ গরু-ছাগল প্রভৃতি পশু রাখবার স্থান। ২ খোলা বা ছাড়া গরু-ছাগলাদি বন্দী করে রাখার স্থান।

খোঁয়ারি, খোঁয়াড়ি *বি* ১ মদের নেশা কাটবার পর অবসাদ। ২ অবসাদ-প্রযুক্ত ঘোর বা আচ্ছন্নতা বা আবেশ। **খোঁয়ার ভাঙা, খোঁয়ারি ভাঙা** *ক্রি* মদের নেশা কাটলে অবসাদ দূর করার জন্য পুনরায় অল্প মাত্রায় মদ খাওয়া। [আ. খুমারি; ফা. খ্বারী]

খোকন *বি* খোকা। 'খোকা' শব্দ আদরে 'খোকন'।

খোকসা *বিণ* শুষ্ক, তেলহীন। ❑ *বি* ডুমুরজাতীয় ফলবিশেষ।

খোকা *বি* ১ শিশু; শিশুপুত্র। ২ অল্পবয়সী বালক। ৩ বয়স্ক অথচ বালকের মতো বিবেচনাহীন। (তু. কোকা)। **খুকি** *স্ত্রী.*। **খোকাপনা, খোকামি** *বি* বয়স্ক লোকের শিশু বা বালকের মতো ব্যবহার; ছেলেমানুষি। **খোকামো** *বি* ১ শিশুর ন্যায় আচরণ। ২ দায়িত্বহীন আচরণ; ছেলেমানুষি। ৩ আদুরে ভাব।

খোক্কশ, খোক্কস *বি* রাক্ষস জাতীয় কাল্পনিক জীববিশেষ (রাক্ষস-খোক্কস)।

খোঙ্গ *বি* কোঠর, খোড়ন, গর্ত।

খোজা *বি* নপুংসক; ক্লীব। [ফা. কোজহ্]। **খোজাপ্রহরী** *বি* ভারতের সুলতান শাসক-সামন্তদের হেরেম বা অন্তঃপুরে নিযুক্ত নপুংসক প্রহরী।

খোট *বি* ১ ইলিশমাছ ধরবার জালবিশেষ। ২ জিদ। ৩ শিশুর আবদার বা বায়না।

খোটেল *বিণ* ১ আবদারে; বাহানাবাজ। ২ দুষ্ট; দুরন্ত। ❑ *বি, বিণ* খল; ধূর্ত; ফাঁকিবাজ।

খোট্টা *বি, বিণ* হিন্দুস্তানি; পশ্চিমা লোক। ❑ *বিণ* নীরস; শুষ্ক; রুক্ষ; রসবর্জিত। **খোট্টানি** *স্ত্রী.*। (তুল. কাঠখোট্টা)।

খোট্টাই *বিণ* খোট্টা দেশীয়; হিন্দুস্তানি; পশ্চিমা। [বা. খোট্টা+ই]

খোতবা, খুতবা *বি* দেশনা; জুমআর নামাজের আগে বা ঈদের নামাজের পরে ইমাম-প্রদত্ত অভিভাষণ— এতে ধর্মের বিধি-নিষেধ আলোচনা করার ও মুসলমান খলিফার প্রতি আনুগত্য জ্ঞাপনের রেওয়াজ আছে। [আ. খুৎবহ্]। **খতিব, খতীব** *বি* যিনি খোতবা পাঠ করেন। [আ. খতীব]। **খতিবি, খতিবী** *বি* খতিবের কাজ।

খোদ[1], **খুদ** *বিণ* ১ নিজে; স্বয়ং। ২ আসল। ৩ নিজ; স্ব; আত্ম। [ফা. খুদ]

খোদ-কর্তা *বি* ১ আসল মালিক বা কর্তা। ২ প্রভু; স্বয়ং।

খোদকস্তা, খুদকস্তা *বি* স্থানীয় প্রজা যে নিজে জমি চাষ করে। **খোদকুশি** *বি* আত্মহত্যা। **খোদগরজ** *বিণ* স্বার্থপর। **খোদজমি** *বি* বাস্তুভূমি। **খোদপছন্দ** *বিণ* ১ যে নিজের ইচ্ছামতো বা খুশিমতো কাজকর্ম করে। ২ আত্মসর্বস্ব; দাম্ভিক। **খোদপরস্ত** *বিণ* ১ আত্মপূজক; আত্মাভিমানী। ২ স্বার্থপর। **খোদপরস্তি** *বি* আত্মপূজা। **খোদমোক্তার** *বি* যে নিজেই নিজের প্রতিনিধি; স্বাধীন; স্বনির্ভর। **খোদমোক্তারি** *বি* স্বাধীনতা; সার্বভৌমত্ব। **খোদহাকিমি** *বি* স্বায়ত্ত সরকার।

খোদকার, খোদগার *বিণ* ১ খোদাই কাজ করে এমন। ২ স্বয়ংক্রিয়। [ফা.]। **খোদার উপর খোদকারি** *বি* যোগ্যতম বা দক্ষব্যক্তির সম্পাদিত কোনো কাজকে নিজ বুদ্ধিতে অধিকতর সুন্দর ও বৈচিত্র্যপূর্ণভাবে সম্পাদনের প্রয়াস বা ইচ্ছা। **খোদকারি, খোদকারী** *বি*।

খোদা[1] *বি* আল্লাহ। [ফা. খুদা]। **খোদাই খিদমতগার** *বি* ১ খোদার পথের সেবক। ২ নিঃস্বার্থ সেবক। **খোদাই ষাঁড়** *বি* ১ খোদার নামে ছেড়ে দেওয়া ষাঁড়; ধর্মের নামে উৎসর্গিত ষাঁড়। ২ স্বেচ্ছাচারী; স্বাধীন। **খোদাবন্দ, খোদাওন্দ** *বি* ১ প্রভু; দীন-দুনিয়ার মালিক; কর্তা। ২ হুজুর; রাজা; মনিব বা মান্য ব্যক্তিদের প্রতি সম্বোধনে ব্যবহৃত হয়। **খোদাতায়ালা, খোদাতা'লা** *বি* মহান আল্লাহ। **খোদা না খাস্তা** *ক্রি* আল্লাহ না করুন। **খোদার কসম** *বি* খোদার নামে শপথ। **খোদার খাসি** *বি* ১ খোদার নামে ছেড়ে দেওয়া খাসি। ২ (আল.) যথেচ্ছভাবে চলাফেরা করার জন্য হৃষ্টপুষ্ট লোক। ৩ (আল.) চিন্তাভাবনাহীন অলস অকর্মণ্য হৃষ্টপুষ্ট ব্যক্তি। **খোদার জীব** *বি* খোদার সৃষ্ট জীব। **খোদার নুর** *বি* আল্লাহর জ্যোতি। **খোদা হাফেজ** *ক্রি* আল্লাহ তোমাকে রক্ষা করুন।

খোদা[১], **খুদা** *ক্রি* ১ খনন করা। ২ উৎকীর্ণ করা; ক্ষোদিত করা। ◻ *বি* উৎকৃতি; খনন। ◻ *বিণ* ক্ষোদিত; উৎকীর্ণ। [সং. ক্ষুদ>]। **খোদাই** *বি* উৎকীর্ণ; খোদাইয়ের কাজ।

খোনা, খোঁনা *বিণ* ১ নাকি সুর; অনুনাসিক। ২ নাকি সুরে কথা বলে এমন। [আ. খান্না; স. খোনা]

খোন্দকার[১], **খন্দকার**[১] *বি* ১ সম্ভ্রান্ত মুসলমানদের উপাধিবিশেষ। ২ শিক্ষক। [ফা. খোন্দকার]। **খোন্দকারি** *বি* খোন্দকারের কাজ।

খোন্দকার[২], **খন্দকার**[২] *বি* কৃষক; চাষাবাদকারী। [ফা. কন্দহ্+কার]।

খোপ, খোপর *বি* ১ ক্ষুদ্র ঘর বা কোটর; খুপরি। ২ হাঁস-মুরগি বা পায়রার বাসা। ৩ গর্ত; কোটর; খাঁজ বা তাক। ৪ দেয়ালের ভিতরের গর্ত বা ফাঁক-ফোঁকর। **খোপেখাপে** *ক্রিবিণ* ১ ফাঁকে ফোকরে। ২ অজানিত স্থানে।

খোবর *বি* গহ্বর; খানা; গর্ত। [স. গহ্বর>]। **খোবরানো** *বিণ* গর্তযুক্ত।

খোয়া[১], **খুয়া** *বি* ১ ক্ষয়, ব্যয়; নাশ। ২ হারানো। [স. ক্ষয়>]। *ক্রি* হারিয়ে ফেলা; নষ্ট করা। **খোয়ানে** *বিণ* হারিয়ে নষ্ট করে ফেলেছে এমন। **খোয়ানী** *স্ত্রী*। **খোয়া যাওয়া** *ক্রি* ১ হারিয়ে যাওয়া; নিখোঁজ হওয়া; অদৃশ্য হওয়া। ২ হানি হওয়া; নাশ হওয়া।

খোয়া[২] *বি* ১ ইটের ভাঙা টুকরা। ২ গাঢ় শক্ত ক্ষীর। ৩ আখের ছোবড়া। **খোয়াক্ষীর** *বি* গাঢ় শক্ত শুষ্ক ক্ষীর।

খোয়া[৩] *বি* কুয়াশা। [স. কুয়াশা>কুয়া>খোয়া]

খোয়াই *বি* পশ্চিমবঙ্গের নদীবিশেষ।

খোয়াব, খাব *বি* স্বপ্ন; অলীক স্বপ্নবৎ বস্তু। [ফা. খ্বাব]

খোয়ার, খুয়ার *বি* ১ অপমান; লাঞ্ছনা। ২ দুর্গতি; দুর্দশা। ৩ ক্ষতি; অনিষ্ট। ৪ কলঙ্ক; কুৎসা; নিন্দা। [ফা. খ্বার]। **খোয়ারি**[১] *বিণ স্ত্রী.* খোয়ার-প্রাপ্ত; লাঞ্ছনা-প্রাপ্ত। **শতেক-খোয়ারি**[২] *বিণ স্ত্রী.* ১ ভীষণভাবে লাঞ্ছিতা বা অপমানিতা। ২ সর্বনাশকারিণী; সর্বনাশী।

-খোর *বিণ* ১ খাতক; ভক্ষণকারী। ২ আসক্ত; একান্ত অনুরক্ত (মদখোর)। [ফা. খোর]।

খোরপোশ, খোরপোষ *বি* ১ খাদ্য ও বস্ত্র; খোরাক-পোশাক; গ্রাসাচ্ছাদন। ২ ভরণপোষণের ব্যয়।

খোরমা, খুরমা *বি* বড় খেজুরবিশেষ। [ফা. খুরমা]

খোরশোলা, খোরসোলা=খরশুলা।

খোরা *বি* মাটি বা পাথরের বাটি বা পাত্রবিশেষ। [ফা. আবখোরা]

খোরাক *বি* ১ খাদ্য; আহার্য। ২ ভোগ। ৩ খাওয়ার পরিমাণ। [ফা. খুরাক]। **খোরাকি, খোরাকী** *বি* ১ আহার্য বা ভরণপোষণের ব্যয়। ২ খাইখরচ; খোরাকের জন্য প্রয়োজনীয় অর্থ।

খোরাসান *বি* পারস্যের অন্তর্গত স্থানবিশেষ। **খোরাসানি, খোরাসানী** *বিণ* ১ খোরাসান দেশের লোক। ২ খোরাসান দেশীয়।

খোল *বি* ১ বাদ্যযন্ত্রবিশেষ; মৃদঙ্গ। ২ শূন্যগর্ভ গহ্বর বা কোটর। ৩ কাপড়ের মধ্যে তুলা ভরে বালিশ তোশক লেপ ইত্যাদি তৈরি হয়। ৪ আবরণ। ৫ গর্ত; গহ্বর; কোটর। ৬ গাছের বাকলবিশেষ। ৭ তুম্ব। ৮ খোলস; নির্মোক। [স.]। **খোল নলচে বদলানো**— (আল.) রূপের আমূল পরিবর্তন; সম্পূর্ণ ভিন্নরূপ দান। **খোল-ভাড়া** *বি* মাঝি-মাল্লার মজুরি বাদে কেবল নৌকা ভাড়া।

খোলক *বি* ১ আবরণ; খোলা। ২ সর্বাঙ্গের আবরক বস্ত্র। ৩ সুপারির খোল। ৪ রান্নার হাঁড়িবিশেষ। ৫ খোল; মৃদঙ্গ। ৬ টোপর। ৭ বল্মীক। [স. খোল+ক]

খোলতা *বিণ* দীপ্তিমান; উজ্জ্বল; সুস্পষ্ট; শোভমান; সুবিকশিত। [তুল. হি. খোলতা]। **খোলতাই** *বি* ঔজ্জ্বল্য; দীপ্তি। ◻ *বিণ* উজ্জ্বল; সুবিকশিত।

খোলস, খোলশ *বি* ১ সাপের গাত্রচর্ম; নির্মোক; কঞ্চুক। ২ বহিরাবরণ; খোল; আচ্ছাদন। ৩ ছদ্মাবরণ। [স. খোলক>]। **খোলসছাড়া** *ক্রি* ১ সাপের নির্মোক মোচন ক্রিয়া। ২ ছদ্ম আবরণ ত্যাগ করে স্বমূর্তি ধারণ করা। [স. খোলক>]

খোলা[১] *বি* ১ টালি; খাপরা। ২ ভাজবার পাত্র। ৩ খোসা; ছিলকা; চোকলা। ৪ শক্ত আবরণ বা আধার। ৫ কলাগাছ বা ঐ জাতীয় অন্য গাছের বাকল। ৬ ক্ষেত; কর্ষণভূমি। ৭ আখের রস জ্বাল দেওয়ার পাত্রবিশেষ। ৮ ভিক্ষাপাত্র; খর্পর। [স. খোলক>]

খোলা[২] *ক্রি* ১ মুক্ত বা উন্মুক্ত করা। ২ প্রতিষ্ঠা করা। ৩ বাঁধন ছাড়ানো। ৪ পুনরায় কাজ আরম্ভ করা। ৫ গজানো; বিকশিত করা; উন্মীলন করা। ৬ ছাড়া; মোচন করা। ৭ অবিন্যস্ত করা। ৮ অবারিত করা; উদ্‌ঘাটন করা। ◻ *বিণ* ১ সরল; অকপট। ২ অবাধ; অবারিত। **খোলাখুলি** *বিণ* অকপট; স্পষ্ট। ◻ *ক্রিবিণ* অকপটে; প্রকাশ্যভাবে।

খোলাচিঠি *বি* দাবি বা আভিযোগ সম্বলিত মুদ্রিত পত্র—যা কর্তৃপক্ষকে লিখিত হলেও জনসাধারণের মধ্যে প্রচারিত। **খোলা তালাক** *বি* যে তালাক স্ত্রীর ইচ্ছায় সাধারণত অর্থের বিনিময়ে দেওয়া হয়। **খোলা দলিল** *বি* ১ প্রত্যক্ষ বা স্পষ্ট প্রমাণ। ২ রেজিস্ট্রি হয়নি এমন দলিল। **খোলা ভাঁটি** *বি* অবাধ মদ চোয়ানোর কারখানা। **খোলাহাতে খরচ করা** *বি* অমিতব্যয়ীর ন্যায় বা উদারভাবে খরচ করা। **মন খোলা, প্রাণ খোলা** *ক্রি* অকপটভাবে মনের ভাব প্রকাশ করা। **মন-খোলা, প্রাণ-খোলা** *বিণ* অকপট। **মুখ খোলা** *ক্রি* বলতে শুরু করা; গোপন কথা প্রকাশ করা।

খোলামকুচি *বি* ১ মাটির হাঁড়ি কলসি প্রভৃতির ভাঙা টুকরা। ২ সাধারণ বা তুচ্ছ; মূল্যহীন অকিঞ্চিৎকর বস্তু। [স. খর্পর>খাবরা> খাওলা>খোলা(ম) খোলামকুচি; বা. খোলা+কুচি]

খোলাসা *বিণ* ১ স্পষ্ট; বিশদ; পরিস্ফুট। ২ পষ্টাপষ্টি; খোলাখুলি। ৩ অবারিত; উন্মুক্ত; খোলা। ৪ অকপট; অমায়িক; সরল; সাদা। ৫ খালি; শূন্য; উজাড়। ৬ ভারমুক্ত। ৭ পরিষ্কার। ৮ সমুদয়; আগা-গোড়া; আনুপূর্বিক। ◻ *বি* ১ অব্যাহতি; রেহাই; মুক্তি। ২ সারমর্ম; সংক্ষিপ্তসার। [আ. খুলাসা]

খোশ, খুশ *বিণ* ১ আনন্দিত; সন্তুষ্ট। ২ মজাদার; আমোদপূর্ণ। ৩ প্রীতিকর; আনন্দজনক। ৪ ভালো; শুভ। ৫ সু; সুন্দর। ৬ স্বেচ্ছাকৃত বা স্বেচ্ছাপ্রণোদিত। ৭ সৎ; উত্তম। ◻ *বি* সন্তোষ; প্রীতি। [ফা. খুশ্]। **খোশ আমদেদ** *বি* সাদর অভ্যর্থনা; স্বাগতম। **খোশ কবালা** *বি* স্বেচ্ছাকৃত সম্পূর্ণ স্বত্ব বিক্রয়পত্র; স্বেচ্ছাপ্রণোদিত বিক্রয়পত্র। **খোশখবর** *বি* সুসংবাদ; শুভসংবাদ। **খোশখেয়াল** *বি* খামখেয়াল; যেরূপ ইচ্ছা; মর্জি। **খোশ-খেয়ালি** *বিণ*

খামখেয়ালি। **খোশগল্প** *বি* ১ আমোদজনক গল্পগুজব। ২ মজার কাহিনী। **খোশনবিশ, খুশনবিস** *বিণ* যার হাতের লেখা সুন্দর; সুন্দর হস্তাক্ষরবিশিষ্ট ব্যক্তি। □*বি* উপাধিবিশেষ। **খোশনসিব, খুশনসিব** *বিণ* সৌভাগ্যবান। □*বি* সৌভাগ্য। **খোশনসিবি** *বি*। **খোশনাম, খুশনাম** *বি* সুনাম; সুখ্যাতি। **খোশনামি, খুশনামি** *বি* সুখ্যাতি; প্রশংসা। **খোশবু, খুশবু** *বি* সুগন্ধ। **খোশবুদার** *বিণ* সুগন্ধযুক্ত; সৌরভময়। **খোশমেজাজ** *বিণ* প্রফুল্ল বা প্রসন্নচিত্ত। □*বি* প্রফুল্লতা; হাসিখুশি ভাব। **খোশরং** *বি* শোভন বা সুন্দর রং। **খোশরোজ** *বি* ১ খুশির দিন; আনন্দের দিন। ২ নওরোজ; নববর্ষের উৎসব; New Year's Day। **খোশহাল** *বি* উত্তম; সুখের; আনন্দের অবস্থা বা বহাল তবিয়ত। □*বিণ* সচ্ছল।

খোশামোদ, খুশামোদ *বি* চাটুকারিতা; তোষামোদ; স্তুতি। [ফা. খুশামদ]। **খোশামুদি, খোশামোদি** *বি* স্তুতি; তোষামোদ; স্তাবকতা। **খোশামুদে** *বিণ* চাটুকার; মোসাহেব; স্তাবক। **খোশামোদ করা** *ক্রি* ১ তোষামোদ করা। ২ অনুনয় বিনয় করা।

খোশাল, খুশহাল *বিণ* আনন্দিত; হৃষ্ট। □*বি* বহাল তবিয়ত। [ফা. খুশ+আ. হাল]

খোস *বি* এক প্রকার চর্মরোগ; খুজলি; পাঁচড়া। [স. কচ্ছু> খচ্ছু>খোস]

খোসা *বি* ১ ফল বা আনাজের আবরণ। ২ ত্বক; ছাল; চামড়া। □*বিণ* দাড়ি গোঁফ নেই এমন। [স. কোষ>]। **খোসাপুরু** *বিণ* ১ মোটা চামড়া; পুরু ত্বকবিশিষ্ট। ২ লজ্জাহীন; লজ্জাশূন্য। □*বি* গণ্ডারচর্ম।

খ্যাংরা, খেংরা *বি* ঝাঁটা; সম্মার্জনী। [স. খিল্ভখরী>]। **খ্যাংরামুখী** *বিণ স্ত্রী.* মুখ দিয়ে ঝাঁটা মারবার কাজ সম্পাদিত হয় এমন; দুর্মুখ। **খ্যাংরামুখো** *পু.*।

খ্যাঁচখেঁচি, খ্যাঁচাখেঁচি *বি* সর্বদা কলহ; নিরন্তর অবনিবনা ও ঝগড়া-বিবাদ।

খ্যাঁচম্যাচ (ধ্বন্যা.) *বি* ১ কলহ; ঝগড়া-বিবাদ। ২ বিরক্তি প্রকাশ।

খ্যাঁট, খেট *বি* ১ ভোজ। ২ ভোজন; আহার। ৩ খাদ্য। [স. খেট]

খ্যাত *বিণ* ১ বিখ্যাত; বিশ্রুত; প্রসিদ্ধ। ২ কথিত; উক্ত। ৩ পরিচিত। [স. √খ্যা+ত]। **খ্যাতনামা** *বিণ* যাকে দশজনে চেনে; স্বনামধন্য; সুপ্রসিদ্ধ; বিখ্যাত।

খ্যাতি *বি* ১ আখ্যা। ২ প্রসিদ্ধি; যশ; সুনাম। ৩ প্রচার। **খ্যাতি-প্রতিপত্তি** *বি* সুনাম ও প্রভাব; নামডাক।

খ্যাতিমান *বিণ* খ্যাতিযুক্ত; যশস্বী।

খ্যাপা *বিণ* ১ ভাবুক; ভাবোন্মত্ত। ২ পাগল। ৩ খেয়ালি; উদাসীন। [স. ক্ষিপ্ত]। **খ্যাপামি** *বি* ১ পাগলামি। ২ মত্ততা; ভাবাকুলতা।

খ্রিস্ট, খ্রিষ্ট *বি* খ্রিস্টধর্ম প্রবর্তক যিশু; Christ। [ই.]। **খ্রিস্টধর্ম, খ্রিষ্টধর্ম** *বি* যিশুখ্রিস্ট কর্তৃক প্রবর্তিত ধর্ম। **খ্রিস্টপূর্ব, খ্রিষ্টপূর্ব** *বিণ* যিশুখ্রিস্টের জন্মের পূর্ববর্তী (B. C. before Christ)। **খ্রিস্টান, খ্রিষ্টান** *বি* খ্রিস্ট ধর্মাবলম্বী। □*বিণ* ১ খ্রিস্টধর্ম সম্বন্ধীয়। **খ্রিস্টানি, খ্রিষ্টানি** *বি* ১ খ্রিস্টানসুলভ আচরণ। ২ সাহেবিআনা। □*বিণ* ১ খ্রিস্টানসুলভ। ২ খ্রিস্ট ধর্ম সম্বন্ধীয়। □*বি স্ত্রী.* খ্রিস্টান ধর্মাবলম্বী নারী। **খ্রিস্টাব্দ, খ্রিষ্টাব্দ** *বি* যিশু খ্রিস্টের জন্ম থেকে গণিত বৎসর (AD—Anno Domini)। **খ্রিস্টীয়, খ্রিষ্টীয়** *বিণ* ১ যিশুখ্রিস্ট সংক্রান্ত। ২ খ্রিস্টের জন্ম থেকে গণিত।

গ

গ[১] বাংলা বর্ণমালার তৃতীয় ব্যঞ্জনবর্ণ।

গ[২] *অব্য* ১ গো; ওগো; সম্বোধনসূচক ধ্বনিবিশেষ। ২ গণেশ; গন্ধর্ব। ৩ গীত। [স.]। ৪ গায়ক। ৫ সুমেরু; স্বর্গ; গুরু।

-গ[৩] *বিণ* গামী; গমনকারী; ধাবমান; অভিমুখী। যথা- অনুগ, অনুগা, ভুজগ, খগ। [স. √গম্+অ]। **-গা** *স্ত্রী.*।

গইচ *বি* গাড়া; গর্ত; খানা। [আঞ্চলিক]

গইন *বিণ* গহীন; গভীর; অতল। [স. গহন; আঞ্চলিক]

গওর *বি* গভীর চিন্তা; বিবেচনা; ধ্যান। [আ.]

গওস, গাউস *বি* দরবেশদের স্তরবিশেষ। [আ. গওস]

গওহর *বি* মূল্যবান মোতিবিশেষ; রত্ন; jewel। [আ. গওহর (তুল. আ. জওহর)]

গং গয়রহ-র সংক্ষিপ্ত রূপ: ইত্যাদি, প্রভৃতি, অন্যান্য, সহযোগীরা। [আ. গায়রুহু]

গঁদ *বি* ১ আঠা। ২ বাবলা জিওল ইত্যাদি জাতীয় বৃক্ষের নির্যাস। **গঁদের গঁদ**— খুব দূর সম্পর্কিত ব্যক্তি; দূর কুটুম্বের কুটুম্ব।

গগন *বি* আকাশ; খ; নভ। [স. √গম্+অনট্ (নিপাতনে)]। **গগনচারী** *বি* খেচর। □*বিণ* আকাশে বিচরণ করে এমন; অবাস্তব কল্পনাকারী। **গগনচুম্বী** *বিণ* ১ আকাশকে স্পর্শ করে এমন। ২ অতি উচ্চ। **গগনতল** *বি* ১ আকাশের পৃষ্ঠ; আকাশের গা। ২ আকাশের পট। **গগনপট** *বি* পটরূপে কল্পিত আকাশ; নভোতল; আকাশ। **গগনপথ** *বি* শূন্যমার্গ; আকাশপথ। **গগনপ্রান্ত** *বি* ১ দিকচক্রবাল; দিগন্ত। ২ আকাশের এক কোণ বা প্রান্ত। **গগনবিদারী** *বিণ* আকাশভেদী। **গগনবিহারী** *বিণ* ১ গগনে বিহার করে এমন; খেচর। ২ আকাশচারী; ঊর্ধ্বচারী। **গগনমণ্ডল** *বি* নভোমণ্ডল; সমস্ত আকাশ। **গগনমূল** *বি* আকাশপ্রান্ত। **গগনস্পর্শী** *বিণ* আকাশস্পর্শকারী; আকাশচুম্বী; অত্যুচ্চ। **গগনাঙ্গন** *বি* নভঃস্থল; আকাশপট। **গগনাম্বু** *বি* বৃষ্টির পানি।

গঙ্গা *বি* ১ হিন্দুদের দেবীবিশেষ। ২ নদীবিশেষ; গঙ্গা নদী; ভাগীরথী। হিন্দুরা এ নদীকে পবিত্র বলে মনে করে। [স. √গম্+গ+আ]। **গঙ্গাজ** *বিণ* গঙ্গাজাত। □*বি* ১ মহাভারতোক্ত ভীষ্ম। ২ হিন্দু দেবতা কার্তিক। **গঙ্গাজল** *বি* ১ গঙ্গা নদীর পানি। ২ হিন্দুদের কাছে যে জল পবিত্র। **গঙ্গাজলি**[১] *বি* ১ অন্তর্জলি; হিন্দুমতে গঙ্গার জলে মুমূর্ষু ব্যক্তির শরীরের নিম্নাঙ্গ ডুবিয়ে রাখা। ২ মুমূর্ষু হিন্দুকে গঙ্গার জল পান করানো। ৩ হাতে গঙ্গার জল নিয়ে শপথ। **গঙ্গাজলি**[২], **গঙ্গাজলী** *বিণ* গঙ্গার পানির ন্যায় গেরুয়া রং-বিশিষ্ট। **গঙ্গাধর** *বি* হিন্দুদেবতা শিব। **গঙ্গাপুত্র** *বি* ১ মহাভারতোক্ত ভীষ্ম। ২ মৃতদেহ দাহনকারী। **গঙ্গাপ্রাপ্তি,**

গঙ্গালাভ *বি* ১ মৃত্যু। ২ গঙ্গানদীর তীরে যে মৃত্যু। **গঙ্গাফড়িং** *বি* সবুজ রংবিশিষ্ট এক প্রকার পতঙ্গ। **গঙ্গাবাসী** *বিণ,বি* গঙ্গানদীর সন্নিকটে বা তীরে যে বাস করে। **গঙ্গা-যমুনা** *বি* গঙ্গা ও যমুনা নদী। □*বিণ* ১ সাদা ও কালো বা দুই রঙের মিলনজাত মিশ্র রং। ২ সোনা ও রুপার মিশ্রণ। **গঙ্গা-যমুনা গাঁথনি** *বি* কাদা ও সুরকি দ্বারা ইট গাঁথার কার্য।

গঙ্গোত্তরী, গঙ্গোত্রী *বি* ১ নিম্নাভিমুখী অবতরণকালীন গঙ্গা। ২ হিমালয়ের প্রান্তবর্তী যে স্থানে গঙ্গা নদী অবতরণ করেছে। [স.]

গঙ্গোদক *বি* গঙ্গা নদীর পানি। [স. গঙ্গা+উদক]

গঙ্গোপাধ্যায় *বি* বাঙালি ব্রাহ্মণদের উপাধিবিশেষ; গাঙ্গুলি।

গচ্চা, গচ্ছা *বি* ১ অনর্থক অর্থদণ্ড। ২ ক্ষতিপূরণ। ৩ অসাবধানতাবশত লোকসান।

গচ্ছিত *বিণ* রক্ষণাবেক্ষণের জন্য জমা রাখা হয়েছে এমন; রক্ষিত; ন্যস্ত; আমানত।

গছা, গছানো *ক্রি* কৌশলে সম্মত করে চাপানো; ঘাড়ে চাপানো; অর্পণ করা; লওয়ানো।

গজ[১] *বি* ১ হাতি; হস্তী। ২ দাবা খেলার ঘুঁটিবিশেষ। ৩ কীটবিশেষ। [স.]। **গজকচ্ছপ** *বি* ১ হিন্দু পুরাণোক্ত প্রবল বিদ্বেষভাবাপন্ন দুই সহোদর মুনিকুমার। ২ দুই প্রবল প্রতিদ্বন্দ্বী। **গজকচ্ছপের লড়াই** *বি* ১ তুমুল প্রতিদ্বন্দ্বিতা। ২ দুই স্থূলকায় ব্যক্তির বা দুই প্রবল পক্ষের লড়াই; ভাইয়ে ভাইয়ে যুদ্ধ। **গজকপালী** *বিণ* হস্তীর ন্যায় প্রশস্ত ললাটবিশিষ্ট; ভাগ্যবান। **গজকুম্ভ** *বি* হস্তীর মস্তকোপরি কলস-সদৃশ মাংসপিণ্ড যাকে 'করিকুম্ভ' বলা হয়। **গজগতি** *বিণ* ১ হস্তীর ন্যায় ধীর ও গুরুগম্ভীর চালবিশিষ্ট। ২ হস্তীর গমন বা গমনভঙ্গি। ৩ সংস্কৃত ছন্দবিশেষ। **গজগামিনী** *বিণ,বি স্ত্রী.* ১ হাতিতে আরোহণকারিণী নারী। ২ হাতির মতো ধীরগতি নারী। **গজগামী**(-মিন্) *বিণ* ১ হস্তীর পৃষ্ঠে আরোহণপূর্বক গমনকারী। ২ হস্তীর ন্যায় ভারিক্কি ও মন্থর গতিবিশিষ্ট। **গজগিরি, গজগীর** *বিণ* প্রকাণ্ড; সুবিশাল। □*বি* ১ কুয়া ইত্যাদির পাড়ে শান-বাঁধানো চত্বর। ২ ঘরের মেঝে বা দেয়ালে চুনের কারুকার্য; পঙ্খের কাজ। **গজঘণ্টা** *বি* হস্তীর গলায় বাঁধার ঘণ্টা। **গজচক্ষু** *বি* ঈষৎ বক্র ও দেহের তুলনায় অতি ক্ষুদ্র ও বেমানান চক্ষু। **গজদন্ত** *বি* ১ হাতির দাঁত। ২ দন্তের উপর উদ্ভূত দন্ত। **গজপতি** *বি* ১ শ্রেষ্ঠ হস্তী। ২ গজপ্রধান। ৩ উড়িষ্যার প্রাচীন রাজাদের উপাধি। **গজবীথি** *বি* ১ হস্তীদের সুশৃঙ্খল ও সুবিন্যস্ত শ্রেণী। ২ ঐরাবত অবস্থানের দ্বিতীয় স্থান। **গজভুক্ত কপিত্থবৎ** *অব্য,ক্রিবিণ* গজ নামক ক্ষুদ্র কীট কর্তৃক ভক্ষিত কৎবেলের মতো। এই কীট কৎবেলের ভিতরে ঢুকে সমস্ত সার খেয়ে ফেলে অথচ বাইরে থেকে কিছু বোঝা যায় না। □*বিণ* অন্তঃসারশূন্য। **গজমুক্তা, গজমোতি** *বি* যে মুক্তা হাতির মাথায় জন্মে বলে প্রবাদ আছে। **গজরাজ** *বি* গজশ্রেষ্ঠ; ঐরাবত। **গজারোহী** *বিণ,বি* গজে বা হাতিতে সওয়ার; হাতিতে আরোহণকারী। [স. গজ+আরোহী]

গজ[২] *বি* ১ দুই হাত বা তিন ফুট বা ৩৬ ইঞ্চি পরিমিত মাপ। ২ কাপড় মাপার জন্য ব্যবহৃত ঐ মাপবিশিষ্ট ফিতা ইত্যাদি; এক মিটারের কিছু কম। □*বিণ* ঐ মাপের (তিন গজ কাপড়)। [ফা. গয্]। **গজকাঠি** *বি* একগজি মাপের কাঠি। **গজি** *বিণ* গজবিশিষ্ট বা পরিমিত; গজ পরিমাণ।

গজগজ, গজর গজর *অব্য* ১ বিরক্তি প্রকাশক অস্পষ্ট উক্তি; অসন্তোষ প্রকাশ। ২ প্রকাশ করার জন্য উন্মুখ। ৩ অতিরিক্ত বোঝাই। **গজগজানো** *ক্রি* বিরক্তি প্রকাশ করা; গজ গজ করা। **গজগজানি** *বি* বিরক্তিব্যঞ্জক অস্পষ্ট উক্তি। [স. গর্জন>]

গজব, গযব *বি* ১ আল্লাহ্ প্রদত্ত শাস্তি; খোদার মার; দৈবশাস্তি। ২ জুলুম; অত্যাচার। ৩ প্রচণ্ড ক্রোধ। [আ. গযব]

গজরানো *ক্রি* ১ গজর গজর করা, বিরক্তি প্রকাশ করা। ২ আক্রোশ ভরে চাপা গর্জন করা। ৩ নিষ্ফল আক্রোশে গজগজ করা। ৪ গর্জন। [স. গর্জন]। **গজরানি** *বি* চাপা গর্জন।

গজল, গযল *বি* ১ এক ধরনের সঙ্গীত; কবিতাবিশেষ; প্রণয়গীতি। ২ ধর্মসঙ্গীত। [আ. গযল]

গজা[১] *বি* এক ধরনের মিষ্টি। **গজয়া** *বি* ছোট আকারের মিষ্টিবিশেষ। [বা. গজ+উয়া]

গজা[২], **গজানো** *ক্রি* ১ জন্মানো; অঙ্কুরিত হওয়া। ২ বাড়া; বৃদ্ধি পাওয়া।

গজানন *বি* হাতির মতো মুখ যার; হিন্দু দেবতা গণেশ। [স. গজ+আনন]

গজানীক *বি* হাতিতে চড়ে যুদ্ধ করে এমন সৈন্যদল। [স. গজ+অনীক]

গজার *বি* শোল জাতীয় মাছ।

গজারি[১] *বি* একজাতীয় বৃক্ষ ও তার কাঠ।

গজারি[২] *বি* ১ হাতির শত্রু; সিংহ। ২ হিন্দুমতে গজাসুর হন্তা শিব। [স. গজ+অরি]

গজাল *বি* ১ বড় আকারের পেরেক। ২ গজার মাছ। [ফা. গজ+বা. আল]

গজেন্দ্র *বি* ১ শ্রেষ্ঠ বা উত্তম হাতি। ২ গজরাজ; গজশ্রেষ্ঠ। ৩ ঐরাবত। [স. গজ+ইন্দ্র]। **গজেন্দ্রগমন** *বি* ১ হাতির ন্যায় মন্থরগতি। ২ বৃহৎ হস্তীর ন্যায় মহিমাব্যঞ্জক গতি। **গজেন্দ্রগামিনী** *বিণ স্ত্রী.* গজেন্দ্রের ন্যায় গতিবিশিষ্টা; মন্থর মনোহর চলনবিশিষ্টা।

গঞ্জ *বি* ১ ব্যবসা-বাণিজ্যের স্থান; হাট; গোলা। ২ শস্যাদি কেনাবেচার স্থান। ৩ ধনভাণ্ডার। [ফা. গন্জ্]

গঞ্জন *বি* ১ তিরস্কারকরণ; গালিবর্ষণ। ২ লাঞ্ছিতকরণ। □*বিণ* তুচ্ছকর; লাঞ্ছনাকর। [স. √গন্জ্+অন]। **গঞ্জনা** *বি* ১ তিরস্কার; কটূক্তি। ২ খোঁটা। ৩ লাঞ্ছনা। **গঞ্জিত** *বিণ* লাঞ্ছনাকারী; তুচ্ছকারী; লাঞ্ছিত; তিরস্কৃত। [স.] **গঞ্জিনী** *বিণ স্ত্রী.* তুচ্ছকারিণী।

গঞ্জায়িশ, গুনজায়িশ *বি* স্থান-সঙ্কুলান; জায়গা ধারণ ক্ষমতা; জমিতে মাপের হেরফেরে অঘোষিত ও অলিপিবদ্ধ অতিরিক্ত জমি। [ফা. গুন্জায়িশ]

গঞ্জিকা *বি* গাঁজা; সিদ্ধি গাছের জটা; এক প্রকার মাদক দ্রব্যবিশেষ। **গঞ্জিকাসেবী** *বি,বিণ* গাঁজা খায় যে; গাঁজাখোর। [অর্বাচীন স.]

গটগট, গটমট *অব্য* সগর্বে দৃঢ়ভাবে পদক্ষেপের শব্দ।

গটরা *বি* উচ্চ শব্দ; তুমুল শব্দ। □*বিণ* বড়; বৃহৎ। [আঞ্চলিক]

গঠন *বি* ১ গড়া; রচনা; নির্মাণ। ২ গ্রন্থন; বিন্যাস; বাঁধুনি।

৩ আকৃতি; অবয়ব; চেহারা; গ্রথন বা ঘটন। [স. √গঠ্+অন]। **গঠিত** *বিণ* নির্মিত; রচিত; বিন্যস্ত।
গড্ডল, গড্ডর *বি*১ ভেড়া। ২ গাড়ল। [স.]। **গড্ডলিকা, গড্ডরিকা** *বি* ১ এক মেষের অনুবর্তী মেষদল; পূর্ববর্তী মেষের অনুসরণকারী ভেড়ার পাল। ২ মেষপালের সর্বাগ্রবর্তিনী ভেড়ি। **গড্ডলিকা প্রবাহ** *বি*১ ভেড়া স্রোতে সাঁতরাতে পারে না কিন্তু অন্ধভাবে নেতৃত্বানুসারী বলে চোখে দেখেও নেতা বা নেত্রীর অনুসরণে প্রবহমান জলে ঝাঁপ দিয়ে পড়ে ও মরে। ২ ভালোমন্দ না বুঝে অন্ধের ন্যায় অনুসরণ।
গড়[১] *বি* ১ কেল্লা; দুর্গ। ২ পরিখা; খাত। ৩ ঢেঁকি দ্বারা শস্যাদি কুটবার গহ্বর। [স. গর্ত>গড়>গড়]। **গড়খাই** *বি* ১ কেল্লার চতুর্দিকের খাত বা পরিখা। ২ দুর্গের দুর্ভেদ্যতা বিধানের জন্য গভীর খাত। **গড়খানা** *বি* গভীর গহ্বর বা পরিখা। **গড়ের বাদ্যি** *বি* কেল্লার সেনাদলের বাজনা। **গড়ের মাঠ** *বি* ১ বৃহৎ শহর বা নগর মধ্যস্থ দুর্গ বা অট্টালিকাসমূহের মধ্যবর্তী মাঠ বা সমতল জমি। ২ কলকাতার ফোর্ট উইলিয়মের পার্শ্ববর্তী মাঠ। ৩ (আল.) ফাঁকা।
গড়[২] *বি* ১ হাত পা ছড়িয়ে মাটিতে উপুড় হয়ে শুয়ে পড়ে সাষ্টাঙ্গে (অষ্ট অঙ্গে) প্রণাম। ২ প্রণতি; প্রণাম; প্রণিপাত; দণ্ডবৎকরণ। [দেশী]। **গড় করা** *ক্রি* প্রণাম করা। **গড় হওয়া** *ক্রি* প্রণত বা দণ্ডবৎ হওয়া। [স. গল্ত (পতন—ভূলুণ্ঠন) গড়]
গড়[৩] *বি* গড়পড়তা বা মোটামুটি হিসাব; স্থূল বা মাঝামাঝি ধরনের গণনা; average। **গড়পড়তা** *ক্রিবিণ* মোটামুটিভাবে; গড়ে; স্থূল গণনাক্রমে।
গড়[৪] *বি* চেহারা; গঠন। [স. গণ]
গড়গড়, গড়ই *বি*১ গড়ই। ২ চ্যাঙ মাছ। ❑ *অব্য* গাড়ি ইত্যাদি চলার, মেঘগর্জনের বা কোনো কিছু আবর্তিত হওয়ার বা গড়িয়ে যাবার শব্দ। [স. গড়]। **গড়গড় করে** *ক্রিবিণ* অতি সহজে; অবলীলাক্রমে; কোথাও না আটকিয়ে।
গড়খাই *বি* পরিখা; পরিবেষ্টনকারী খাল; খাত। [গর্ত> +খাত> গড়খাই]
গড়গড়া *বি* ১ তামাক খাবার জন্য ব্যবহৃত ধাতুনির্মিত বৃহৎ হুঁকা; নলযুক্ত হুঁকা। ২ ক্ষুদ্র আলবোলা। ৩ কুলকুচা।
গড়ন *বি*১ নির্মাণ; গঠন। ২ চেহারা; সৌষ্ঠব; গঠনপারিপাট্য। [স. গ্রন্থন বা ঘটন অথবা গঠন> গড়ন]
গড়নদার *বি* ধাতু গলিয়ে ও পিটিয়ে যে জিনিস গড়ে। **গড়ন-পিটন, গড়ন-পেটন** *বি* গঠন; দেহসৌষ্ঠব।
গড়া[১] *বি* এক প্রকার মোটা থান বা ধুতি।
গড়া[২] *ক্রি*১ প্রস্তুত করা; তৈরি করা; নির্মাণ করা। ২ সৃষ্টি করা। ৩ লেখাপড়া শেখানো; পালন করা। ৪ উৎসাহিত বা উন্নত করা। ৫ সংগঠন করা। ৬ প্রতিষ্ঠা করা। ❑ *বি* উক্ত সকল অর্থে। ❑ *বিণ*১ নির্মিত; গঠিত। ২ বানানো বা সাজানো। [স. √ঘট্>]। **গড়াপেটা** *বি* পছন্দমতো আকৃতিদান বা সৃজন; আপন রুচি অনুযায়ী গঠন বা সৌষ্ঠব দান। **মনগড়া** *বিণ* কাল্পনিক; অসত্য; অলীক; অবাস্তব। **শিব গড়তে বাঁদর গড়া**— খুব উৎকৃষ্ট কিছু সৃষ্টি করতে গিয়ে নিকৃষ্ট কিছু করা।
গড়াগড়ি *বি*১ মাটিতে লুণ্ঠিত অবস্থা; লুটোপুটি। ২ ছড়াছড়ি প্রাচুর্যজনিত হেলা-ছড়ার অবস্থা।
গড়ানো[১] *ক্রি* অপরের দ্বারা গঠন বা নির্মাণ করানো। [স. √ঘট্>গড়]
গড়ানো[২] *ক্রি*১ গড়িয়ে যাওয়া; গড়িয়ে অবতরণ। ২ ঢালা। ৩ শুয়ে বিশ্রাম করা। ৪ লুণ্ঠিত হওয়া। ৫ ভূলুণ্ঠিত হওয়া। ৬ অতিশয় আহ্লাদ বা ভাবাবেগ দেখানো। ৭ বয়ে যাওয়া; প্রবাহিত হওয়া। ৮ পৌঁছানো; অনেক অগ্রসর হওয়া বা পরিচিত হওয়া। ৯ চুঁইয়ে পড়া বা ক্ষরিত হওয়া। **গড়ানে** *বিণ* ১ ঢালু; ক্রমাবনত। ২ গড়ায় এমন। **গড়ায় গড়ায়, গড়াগড়া** *ক্রিবিণ* পাশাপাশি; সারি সারি।
গড়িমসি *বি* ১ ঢিলামি; দীর্ঘসূত্রতা; হচ্ছে-হবে ভাব। ২ অনিচ্ছাজনিত এড়িয়ে যাওয়ার ভান; টালবাহানার ভাব।
গডু *বি*১ কুঁজ বা গলগণ্ডাদির মতো দেহের স্থান-বিশেষের মাংসস্ফীতি। ২ কুব্জ; কুঁজা। [স.]
গডুলীমন্ত্র *বি* গরুড়মন্ত্র। [স. গরুড় মন্ত্র>]
গ'ড়ে *বিণ*১ অলস; গেঁতো; দীর্ঘসূত্রী। ২ সারাদিন শুয়ে গড়িয়ে থাকতে চায় এমন। **গ'ড়ে গোরু** *বি* যে গোরু লাঙল টানতে টানতে শুয়ে পড়ে ও সহজে উঠতে চায় না।
গণ *বি*১ সমূহ; সমষ্টি। ২ বহুবচন-বাচক শব্দ। ৩ বর্গ; শ্রেণী। ৪ দল। ৫ জনসাধারণ। ৬ গোষ্ঠী; বর্গ। ৭ নক্ষত্রানুসারে জাতকের প্রকৃতি-ভেদ। ৮ ধাতুসমূহ। [স.]। **গণকবর** *বি* বহু মৃতদেহের একত্রে গোর বা সমাধি। **গণটোকাটুকি** *বি* পরীক্ষাকক্ষে পরীক্ষার্থীগণ কর্তৃক পাইকারিভাবে অসদুপায় অবলম্বন। **গণতন্ত্র** *বি* ১ জনসাধারণের ভোটে নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে দেশ শাসনের ব্যবস্থা। ২ অনুরূপ উপায়ে শাসিত রাষ্ট্র; সাধারণতন্ত্র। **গণতন্ত্রী, গণতান্ত্রিক** *বিণ* গণতন্ত্রের নীতি অনুসরণকারী; গণতন্ত্রমূলক। **গণদেব** *বি* হিন্দুমতে গণশক্তির দেবতা। **গণনায়ক** *বি* জনগণের নেতা। **গণপতি, গণনাথ** *বি*১ হিন্দুদেবতা গণেশ। ২ দলপতি। ৩ হিন্দুদেবতা শিব। **গণপিটুনি** *বি* পাইকারি প্রহার; সকলের এলোপাতাড়ি প্রহার। **গণবাহিনী** *বি* জনগণ কর্তৃক গঠিত বাহিনী। **গণমাধ্যম** *বি* তথ্য সরবরাহ বা জনমত গঠনের জন্য প্রচার মাধ্যম; যেমন—রেডিও, টেলিভিশন, সংবাদপত্র ইত্যাদি।
গণক *বি*১ ভাগ্য ইত্যাদি গণনাকারী; দৈবজ্ঞ; গণৎকার। ২ যে গণনা করে; গণনাকারী। [স. √গণ্+অক]
গণন, গণনা *বি* ১ সংখ্যা গণনার কাজ; অঙ্ক করা বা কষা। ২ অবধারণ; নিরূপণ; নির্ধারণ। ৩ হিসাব। ৪ গ্রাহ্য বা স্বীকারকরণ। ৫ উল্লেখ; বর্ণনা; নির্দেশ। ৬ রাশি-নক্ষত্রের সাহায্যে ভবিষ্যৎ শুভাশুভ স্থিরীকরণ।
গণনীয় *বিণ* গণনার উপযুক্ত; মাননীয়; মান্য; গণনা করতে হবে এরূপ। [স.]
গণিকা *বি* অর্থের বিনিময়ে যে নারী/পুরুষ দেহ দান করে; বারাঙ্গনা; বারনারী; বেশ্যা; কসবি। [স. গণ+ইক+আ]। **গণিকালয়** *বি* বেশ্যালয়; বেশ্যাবাড়ি।
গণিত *বি*১ অঙ্কশাস্ত্র; গণনা-বিজ্ঞান। ২ গণনার দ্বারা নির্দিষ্ট স্থিরীকৃত বা ধার্য। ❑ *বিণ* গণনা করা হয়েছে এমন; সংখ্যাত। [স. √গণ্+ণিচ্+ত]। **গণিতক** *বি* হিসাব। **গণিতজ্ঞ** *বি* গণিতশাস্ত্রে অভিজ্ঞ বা শিক্ষিত; গণিতশাস্ত্রবেত্তা। **গণিতবিজ্ঞান, গণিতবিদ্যা** *বি* অঙ্কশাস্ত্র; গণনাবিজ্ঞান।

গণেশ *বি* হিন্দু দেবতাবিশেষ শিব ও দুর্গার জ্যেষ্ঠ পুত্র; হিন্দুমতে সিদ্ধিদাতা, গণপতি; গজানন। [স. গণ+ঈশ]। **গণেশ উলটানো** (আল.) ভাগ্যবিপর্যয়; ক্ষমতার উলট-পালট।

গণ্ড *বি* ১ গাল; কপোল। ২ বৃহৎ স্ফোটক; ফোঁড়া; আব; মাংস ফোলা রোগ। ৩ গ্রন্থি। ৪ চিহ্ন। ৫ যোগবিশেষ। ৬ প্রধান বৃহৎ। [স. √গণ্ড+অ]। **গণ্ডকূপ** *বি* ১ গালের টোল। ২ অধিত্যকা। **গণ্ডগাত্র** *বি* আতা নোনা বা ডেউয়া জাতীয় ফল। **গণ্ডগ্রাম** *বি* ১ জনবহুল বড় গ্রাম। ২ ক্ষুদ্রগ্রাম; পল্লীগ্রাম অর্থেও ব্যবহৃত। **গণ্ডদেশ** *বি* গাল; কপোল। **গণ্ডমালা** *বি* গলার গ্রন্থিস্ফীতি রোগ। **গণ্ডমূর্খ** *বিণ* অকাট মূর্খ; অত্যন্ত নির্বোধ। **গণ্ডযোগ** *বি* যোগবিশেষ; যে যোগে জন্ম হলে সন্তানের মাতাপিতার মৃত্যু হয়। **গণ্ডশৈল** *বি* ১ পর্বত থেকে উৎক্ষিপ্ত বড় প্রস্তরখণ্ড। ২ গণ্ডসদৃশ ছোট পাহাড়। **গণ্ডস্থল** *বি* গণ্ডদেশ; গাল।

গণ্ডক *বি* ১ গণ্ডার। ২ বিঘ্ন; অন্তরায়; প্রতিবন্ধক। ৩ সংখ্যাবিশেষ; গণ্ডা। [সংস্কৃতে গৃহীত অনার্য শব্দ]

গণ্ডকারী *বি* ১ বৃক্ষবিশেষ। ২ লজ্জাবতী লতা। ৩ খয়ের গাছ। ৪ বনচালিতা। ৫ কাউয়াঠুঁটি।

গণ্ডকী *বি* বিহার প্রদেশস্থ নদীবিশেষ। [স. গণ্ডক+ঈ] **গণ্ডকী শিলা** *বি* গণ্ডকী নদীতীরে উৎপন্ন শালগ্রাম শিলা।

গণ্ডগোল *বি* ১ গোলমাল; অতিশয় কোলাহল; শোরগোল; বহু লোকের কলবর। ২ গোলযোগ; বিবাদ; অবনিবনা। ৩ ওলটপালট, বিশৃঙ্খলা।

গণ্ডা *বি* ১ চারটি। ২ চার কড়া। ৩ প্রাপ্য। ৪ প্রাপ্য টাকা। [সংস্কৃতে গৃহীত অনার্য শব্দ]। **গণ্ডাকিয়া** *বি* গণ্ডা হিসাব করার পদ্ধতি। **গণ্ডা গণ্ডা** *বিণ* ১ বহু সংখ্যক; প্রচুর; অনেক। ২ যথেষ্ট পরিমাণ। **গণ্ডায় এণ্ডা দেওয়া**— গোলমালের মধ্যে আপন কর্তব্যে ফাঁকি দিয়ে চলে যাওয়া।

গণ্ডার *বি* মোটা ও শক্ত চামড়া এবং নাকের ওপর খড়গযুক্ত বৃহদাকার জন্তুবিশেষ। **গণ্ডারের চামড়া**— গালাগাল বা অপমানসূচক কথা যার গায়ে লাগে না বা তাতে যার চৈতন্য হয় না এরূপ লোক সম্বন্ধে বলা হয়।

গণ্ডারি *বি* পক্ষীবিশেষ।

গণ্ডি, গণ্ডী *বি* ১ পরিধি; চৌহদ্দি; বেষ্টনরেখা। ২ সীমা; নির্দিষ্ট পরিসর। ৩ মন্ত্রের সাহায্যে যে স্থান নিরাপদ করা হয়েছে। [স. গণ্ড>]

গণ্ডূষ *বি* ১ মুখে বা হাতের কোষে যে পরিমাণ ধরে; এক মুখ বা এককোষ পানি। ২ হাতের কোষ। ৩ অত্যল্প। [স.]। **গণ্ডূষ করা** *ক্রি* (হিন্দুমতে) মন্ত্রপাঠপূর্বক হাতের কোষে পানি নিয়ে পান করা। **কেঁচে গণ্ডূষ করা** *বি* সম্পূর্ণ নতুন করে আরম্ভ করা।

গণ্য *বিণ* ১ গণনা করা চলে এমন; গণনার যোগ্য; গণনীয়। ২ গ্রাহ্য; স্বীকৃত। ৩ বিবেচনার যোগ্য; বিবেচ্য। ৪ সংখ্যেয়। [স.]। **গণ্যমান্য** *বিণ* সম্ভ্রান্ত। □*বি* বিশেষ মান্য; সম্মানবিশিষ্ট; বিশেষ সম্মানযোগ্য।

গত *বিণ* ১ চলে গিয়েছে এমন; শেষ। ২ বিগত; পূর্বে সংঘটিত; অতীত। ৩ বর্তমান কালের পূর্ববর্তী; অব্যবহিত পূর্ববর্তী। ৪ অধিগত; লব্ধ; প্রাপ্ত। ৫ নিহিত; নিবেশিত; স্থাপিত। ৬ অনুযায়ী; অনুমত; সম্মত। □*বিণ* মৃত। [স. √গম্+ত]। **গতকল্য** *বি* আজকের অব্যবহিত পূর্বদিন। **গতচেতন** *বিণ* চেতনাহীন; চেতনা নেই এমন; সংজ্ঞাহীন; হতচৈতন্য। **গতচেতনা** *বিণ স্ত্রী.*। **গতজীব, গতজীবন, গতপ্রাণ** *বিণ* প্রাণহীন; মৃত; বিগত প্রাণ। **গতপ্রায়** *বিণ* প্রায় চলে গিয়েছে বা শীঘ্রই চলে যাবে এরূপ। **গতবল** *বিণ* বলহীন; হতশক্তি। **গতবুদ্ধি** *বিণ* হতজ্ঞান; বুদ্ধি-শুদ্ধি লোপ পেয়েছে এমন। **গতযৌবন** *বিণ* ১ যৌবনোত্তীর্ণ; বিগত যৌবন। ২ প্রৌঢ় বা বৃদ্ধ। ৩ লুপ্তযৌবন। **গতযৌবনা** *বিণ স্ত্রী.*। **গতশোক** *বিণ* শোকশূন্য; শোকোত্তীর্ণ। **গতশোচনা** *বি* অতীত বিষয়ের জন্য অনুতাপ; কৃতকর্মের জন্য খেদ। **গতসঙ্গ** *বিণ* আসক্তিহীন; নিরাসক্ত। **গতস্পৃহ** *বিণ* বীতরাগ; কামনাশূন্য; নিষ্কাম।

গতর *বি* ১ শরীর; দেহ; কায়া। ২ স্থূলকায়া; শরীরের স্থূলতা। ৩ স্বাস্থ্য। ৪ সামর্থ্য; দেহের শক্তি। **গতরখাকি, গতরখাগি** *বিণ স্ত্রী.* সামর্থ্য থাকা সত্ত্বেও পরিশ্রমবিমুখ স্ত্রীলোক; কুঁড়ে মেয়েলোক। □*বি, বিণ* গালিবিশেষ। **গতর খাটানো** *ক্রি* শারীরিক পরিশ্রম করা। **গতরখেকো** *বি* সামর্থ্য থাকলেও যে খাটতে চায় না।

গতানুগতিক *বিণ* ১ নতুনত্ববর্জিত। ২ নির্বিচারে পূর্বপ্রথানুসারী; পূর্বদৃষ্টান্তের অনুবর্তী; মামুলি বা প্রচলিত ধারার অনুগামী। ৩ একঘেয়ে। [স. গত+ অনুগতিক]

গতানুশোচনা, গতানুশোচন *বি* পশ্চাত্তাপ; গত বিষয়ের জন্য অনুতাপ; অতীত বিষয় বা কৃতকার্যের জন্য শোক বা খেদ। [স. গত+অনুশোচনা]

গতায়াত, গতাগত *বি* গমনাগমন; যাতায়াত। [স. গত+আয়াত, আগত]

গতায়ু *বিণ* ১ আয়ু শেষ হয়েছে এমন। ২ আসন্ন মৃত্যু; মুমূর্ষু। □*বি* মৃত। [স. গত+আয়ু]

গতার্তবা *বি* ১ যে স্ত্রীলোকের আর্তব অর্থাৎ ঋতু বন্ধ হয়েছে; বৃদ্ধা স্ত্রী। ২ বন্ধ্যা। [স. গত+আর্তবা]

গতাসু *বিণ* মৃত; যার জীবন শেষ হয়েছে। [স. গত+অসু]

গতিক *বি* ১ অবস্থা; হাল; দশা। ২ কৌশল। ৩ লক্ষণ ধরন; ভঙ্গি; রকম। [স. গতি+ক]। **কার্যগতিকে** *ক্রিবিণ* কাজের তাগিদে; প্রয়োজনে; দরকারে।

গতিবিধি *বি* ১ চালচলন; কার্যকলাপ। ২ যাতায়াত; যাওয়া আসা। ৩ মুক্তির উপায় বা পথ। [স.]

গত্যন্তর *বি* অন্য উপায়; উপায়ান্তর। [স. গতি+অন্তর]

গৎ *বি* ১ গানের নির্ধারিত বা বাঁধা সুর; নির্দিষ্ট সুরবিন্যাস। ২ নিয়ম। [হি./বা.]

গদ *বি* ১ রোগ; ব্যাধি। ২ বিষ; গরল। ৩ গুরুভোজনজনিত ভার। ৪ সর্পবিষ প্রতিষেধক। [স.]

গদগদ, গদ্‌গদ *অব্য* অব্যক্ত কণ্ঠধ্বনিবাচক। □*বি* ভাবের প্রাবল্যজনিত অব্যক্ত কণ্ঠস্বর। □*বিণ* ১ আবেগে বিভোর বা বিহ্বল। ২ আবেগের আতিশয্যে রুদ্ধ বা জড়িত। [স.]। **গদগদকণ্ঠ** *বিণ* ভাবে বা আবেগের প্রাবল্যে জড়িত কণ্ঠ। **গদ্‌গদবচন** *বিণ* শোক; অভিমান; ক্রোধ ইত্যাদি হেতু অস্ফুট কথা।

গদা *বি* ১ মুদ্গর জাতীয় যুদ্ধাস্ত্র। ২ মুদ্গর; মুগুর। ৩ শক্ত ও মোটা লাঠি। [স.]। **গদাঘাত** *বি* গদার দ্বারা আঘাত; গদা দ্বারা প্রহার। [স. গদা+আঘাত]। **গদাধর, গদাপাণি** *বি* যিনি গদা ধারণ করেন বা গদা যার অস্ত্র; হিন্দু দেবতা বিষ্ণু। **গদাযুদ্ধ** *বি* যে যুদ্ধে গদা অস্ত্রস্বরূপ ব্যবহৃত হয়, গদা দ্বারা সংগ্রাম।

গদাই *বি* গদাধর (আদরে অথবা অতি পরিচয়ে)। [স. গদা+বা. আই]
গদাই লশকরি, গদাই লস্করি *বিণ* গাধাবোটের ন্যায় অতি মন্থর গতি; কুঁড়ে; অলস; ঢিমে; ভারীগদাবাহক সিপাহির মন্থর গতি। [স. গদাই+ফা. লস্করী]
গদি *বি* ১ বড় গোল বালিশ; দুই পাশে দুটো এবং পিছনে একটা গদি রেখে তৈরি আসনকেও গদি বলে; ক্ষমতার ও সম্মানের আসন; তুলা নারিকেলের ছোবড়া প্রভৃতি দ্বারা তৈরি নরম আসন। ২ ব্যবসায়ীর অফিস বা দফতর। ৩ রাজাসন। ৪ রাজা বাদশাহ পীর প্রভৃতি প্রভাবশালী লোকদের আসন বা পদ। [হি. গদ্দী]
গদ্য *বি* যে রচনা ছন্দোবদ্ধ নয়। ❑ *বিণ* ছন্দোবদ্ধ নয় এমন। [স.]। **গদ্যছন্দ** *বি* যে গদ্য রচনার মধ্যে ছন্দ আছে; ছন্দবিশেষ।
গনগন *অব্য* অগ্নি শিখার প্রজ্বলনের আওয়াজ বা তার প্রাখর্যের ভাবসূচক। **গনগনে** *বিণ* তেজালো; লেলিহান; পূর্ণ প্রজ্বলিত।
গনৎকার, গণৎকার *বি* যে ব্যক্তি রাশিচক্র বিচার করে ভাগ্য নিরূপণ করতে পারে বলে দাবি করে; দৈবজ্ঞ; গণক। [স. গণকার>]
গনা, গোনা *ক্রি* ১ সংখ্যা স্থির করা; গণনা করা। ২ গণ্য করা; গ্রাহ্য করা। ৩ অনুমান করা; আঁচ করা; ধারণা করা। ❑ *বি* ১ গণন। ২ গণ্যকরণ। ৩ অনুমান; বোধকরণ। ❑ *বিণ* ১ গণিত। ২ ঠিক ঠিক; পূর্ণ; সম্পূর্ণ; পুরাপুরি। [স. √গণ্]। **গনাগনতি, গনাগুনতি, গনাগাঁথা** *বিণ* একদম ঠিক; একেবারে ঠিক বা বেশি নয় এমন।
গনাগোষ্ঠী, গণগোষ্ঠী *বি* গোষ্ঠীবর্গ; সমস্ত আত্মীয় স্বজন। [গণ>+গোষ্ঠী]
গনিমত *বি* ১ যুদ্ধক্ষেত্রে শত্রু থেকে লুণ্ঠিত বা প্রাপ্ত দ্রব্য; লুটের মাল। ২ অনায়াস-লব্ধ। ৩ যথেষ্ট। ৪ সৌভাগ্য। [আ. গনীমৎ]
গন্তব্য *বিণ* ১ যেতে হবে এমন; যাওয়া কর্তব্য এমন; গমনের লক্ষ্য। ২ অধিগম্য; জ্ঞাতব্য। [স. √গম্+তব্য]। **গন্তব্যপথ** *বি* কোনো স্থানে যাবার জন্য যে পথে চলতে হয়; লক্ষ্যস্থলে পৌঁছাবার রাস্তা।
গন্দম, গন্দুম *বি* ১ গম; গোধুম। ২ বেহেশ্‌তের নিষিদ্ধ ফল। [ফা. গনদুম]
গন্ধ *বি* ১ বাস; সুবাস বা দুর্গন্ধ; নাক দ্বারা অনুভূত পদার্থের গুণ। ২ ঘ্রাণ। ৩ সুগন্ধ দ্রব্য। ৪ সামান্যতম; অতিসামান্য; লেশমাত্র। ৫ সম্পর্ক; সম্বন্ধ। ৬ আঁচ। [স. √গন্ধ্+অ]। **গন্ধকাষ্ঠ** *বি* ১ সুগন্ধি কাঠ; চন্দনকাঠ। ২ কালাগুরু; কৃষ্ণচন্দন। **গন্ধগোকুল, গন্ধগোকুলা** *বি* বেজি বা নকুল জাতীয় জন্তুবিশেষ; একজাতীয় খট্টাশ। **গন্ধতৈল** *বি* সুবাসিত তৈল। **গন্ধদ্রব্য** *বি* সুগন্ধযুক্ত দ্রব্য। **গন্ধবণিক** *বি* ১ গন্ধদ্রব্যের ব্যবসা করে যারা; গন্ধদ্রব্য ব্যবসায়ী। ২ মসলা ব্যবসায়ী; গন্ধবেনে। ৩ হিন্দু সম্প্রদায়বিশেষ। **গন্ধবহ, গন্ধবাহ** *বি* বায়ু; বাতাস। **গন্ধভাদাল, গন্ধভাদুলি** *বি* এক জাতীয় লতা; গাঁধাল। **গন্ধমাদন** *বি* রামায়ণোক্ত পর্বতবিশেষ। **গন্ধমূষিক** *বি* ছুঁচো। **গন্ধমৃগ** *বি* কস্তুরী মৃগ; মৃগবিশেষ। **গন্ধরাজ** *বি* সুগন্ধি সাদা ফুলবিশেষ। **গন্ধশালি** *বি* এক প্রকার ধান। **গন্ধে গন্ধে** *ক্রিবিণ* সূত্র অনুসরণ করে; সূত্র দ্বারা অবস্থান নির্ণয় করে।
গন্ধর্ব *বি* ১ হিন্দুমতে এক প্রকার দেবযোনি; স্বর্গের গায়কগোষ্ঠী। ২ স্বভাব গায়ক বা সঙ্গীতকারী। [স. গন্ধ+√অর্ব্+অ]। **গন্ধর্ব ছুটানো** *ক্রি* প্রহারের চোটে বেসুরে চিৎকার করানো। **গন্ধর্বপূজা** *বি* প্রথমে আদর করে পরে প্রহারে বিদায় দান। **গন্ধর্ববিদ্যা** *বি* সঙ্গীত বা গীতবিদ্যা। **গন্ধর্ববিবাহ** *বি* শুধু পাত্রপাত্রীর সম্মতিতে সিদ্ধ হিন্দু বিবাহ বিধিবিশেষ। **গন্ধর্ববেদ** *বি* সঙ্গীত শাস্ত্র। **গন্ধর্বলোক** *বি* গন্ধর্বদের বাসস্থান।
গন্ধাদিবাস, গন্ধাধিবাস, গন্ধাধিবাসন *বি* হিন্দুদের দেবপূজা বা বিবাহাদি শুভকর্মের পূর্বে চন্দন তৈল হরিদ্রাদি দ্বারা অনুষ্ঠেয় কৃত্যবিশেষ। [স.]
গন্নাকাটা *বিণ* (গন্না=খোনা=নাসা বা নাক, অতএব গন্না কাটা—নাক কাটা) নাকের ডগা থেকে ওষ্ঠাবধি অংশ কাটা। ❑ *বি* যার উপরের ঠোঁট কর্তিত। [তু. ওড়িয়া গ্রহণ-খণ্ডিয়া; তু. ঠোঁট কাটা]
গপ *বি* ১ গল্প। ২ কল্পকথা। [স. গল্প>]
গপগপ, গবগব *অব্য* বড় বড় গ্রাসে তাড়াতাড়ি গিলে খাওয়ার শব্দ। **গপাগপ, গবাগব** *ক্রিবিণ* তাড়াতাড়ি গপগপ শব্দ করে।
গবচন্দ্র, গবুচন্দ্র, গোবুচন্দ্র *বি* গল্পবর্ণিত হবুচন্দ্র রাজার মূর্খ মন্ত্রী। ❑ *বি, বিণ* (আল.) অকাট মূর্খ। ❑ *বিণ* গরুর মতো বুদ্ধিহীন বা বোধ-শক্তিতে ক্ষীণ। [স. গো+চন্দ্র]
গবদা *বিণ* স্থূলদেহী; স্ফীতকায়। ❑ *বি* গরুর মতো পেট-মোটা মানুষ। [হি. গবদা]
গবরাট *বি* দরজা জানালার চৌকাঠের নিচের দিকের কাঠ।
গবা *বি, বিণ* ১ নির্বোধ; বোকা; হাঁদা; স্থূলবুদ্ধি। ২ নিরেট মূর্খ। ৩ হাবা; অল্পবুদ্ধি। [স. গো, ই. গবেট]
গবাক্ষ *বি* ১ ঘুলঘুলি; বায়ু চলাচলের ক্ষুদ্র পথ। ২ জানালা। [স. গো+অক্ষ]
গবাদি *বিণ* গরু এবং গরুরমতো গৃহপালিত। [স. গো+আদি]
গবেষণা, গবেষণ *বি* কোনো বিষয়ে উন্নত মানের পড়াশুনা ও তত্ত্ব-তথ্যের অনুসন্ধানের মাধ্যমে নতুন সত্য বা বৈজ্ঞানিক রীতি-পন্থার প্রতিষ্ঠা; অনুসন্ধানমূলক বিচার-বিশ্লেষণ। [স. √গবেষ্+ অন+আ]। **গবেষক** *বিণ, বি* যিনি গবেষণা করেন; গবেষণাকারী। **গবেষিত** *বিণ* তত্ত্বানুসন্ধান বা গবেষণা করা হয়েছে এমন।
গভীর *বিণ* ১ তলায় বহুদূর বিস্তৃত গর্ত আছে এমন। ২ অত্যন্ত নিচু। ৩ অত্যন্ত নিচু তলবিশিষ্ট। ৪ দুর্গম; জটিল; দুর্বোধ; দুর্জ্ঞেয়। ৫ গম্ভীর; ভার। ৬ নিবিড়। ৭ প্রগাঢ়; সুপ্রচুর; অত্যন্ত। ৮ অনেক; বিস্তর; অধিক। ৯ জমাট। ১০ দুর্গম গোপন স্থান। [স. √গম্+ঈর]। **গভীর পানির মাছ**— (আল.) অগাধ পানিতে বাসকারী মৎস্যের ন্যায় বুদ্ধিমান ও চাপা; যার ক্রিয়াকলাপের উদ্দেশ্য বোঝা দুষ্কর।
গম *বি* এক প্রকার শস্য; গোধুম। [স. গোধুম]
গমক *বি* সঙ্গীতের স্বর; কম্পন। [স.]
গমগম *অব্য* ১ ধ্বনিতে পূর্ণ হওয়ার ভাব। ২ সরগরম।
গমন *বি* ১ প্রস্থান; যাত্রা; যাওয়া। ২ চলন পদক্ষেপণ। ৩ গতি। ৪ সম্ভোগ; সঙ্গম। **গমনাগমন** *বি* যাতায়াত; যাওয়া

আসা। [স. গমন+আগমন]
গম্ভীর *বিণ*১ গভীর। ২ নিচু ও ভারী শব্দবিশিষ্ট। ৩ ভারিক্কি; গুরু। ৪ গুরুতর; ভয়ানক। ৫ মনমরা; নিরানন্দ। [স. √গম্+ঈর]। **গম্ভীর প্রকৃতি** *বি* ভারিক্কি স্বভাব; অলঘু চিত্ত। **গম্ভীরবেদী** *বি* মত্ত হস্তী।
গম্ভীরা *বি* ১ হিন্দুদের গাজনের উৎসবে অনুষ্ঠানবিশেষ। ২ শিবের গাজনের গান। ৩ হিন্দু মন্দিরের অভ্যন্তর। [স. গম্ভীর+বা. আ]
গম্য *বিণ*১ গমনযোগ্য; গন্তব্য; গমনীয়। ২ প্রাপ্য; পাওয়ার যোগ্য। ৩ বোধ্য; জ্ঞেয়। ৪ ভোগ্য; সম্ভোগযোগ্য। ৫ উপভোগের যোগ্য। [স. √গম্+য]।
গয়ংগচ্ছ *বি*১ যাচ্ছি-যাব ভাব; যাত্রায় বিলম্ব। ২ দীর্ঘসূত্রতা; ঢিলেমি। ৩ কুঁড়েমি। [স.]
গয়র (>গর) *বিণ* ভিন্ন; ব্যতীত। [আ. গায়র]। **গয়র ইসলামি** *বিণ* ইসলাম-বহির্ভূত; ইসলামবিরোধী। **গয়রহাজির** *বিণ* অনুপস্থিত।
গয়রহ্ *অব্য* ইত্যাদি; প্রভৃতি; অন্যান্য; অপরাপর; সংক্ষিপ্তরূপ— গং। [আ. গায়রহ্]
গয়া *বি* বিহার প্রদেশের একটি স্থান এবং হিন্দুদের তীর্থক্ষেত্রবিশেষ। [স.]। **গয়ালি** *বি* গয়ার পাণ্ডা।
গয়ানদার *বি* গায়ক।
গয়ার, গয়ের *বি* শ্লেষ্মা; কফ। [দেশী]
গয়াল *বি* বন্য মহিষ বা বন্য বৃষ।
গর *অব্য* অভাব বৈপরীত্য বা প্রভৃতি বোধক। [আ. গায়র]। **গর-কবুল** *বি* অস্বীকার। ☐*বিণ* অস্বীকৃত। [আ. গায়র কবুল]। **গরকায়েম** *বিণ* অস্থায়ী। [আ. গায়র কায়িম]। **গরহাজির** *বিণ* উপস্থিতির অভাব; অনুপস্থিত। [আ. গায়র হাযির]
গরগর[১] *ক্রি* ক্রোধের ভাব প্রকাশ করা; চাপা গর্জন করা। **গরগরানি** *বি* ক্রোধ প্রকাশ। **গরগরে** *বিণ*১ গরগর শব্দ বা ভাবযুক্ত। ২ টকটকে ঘোর বর্ণযুক্ত।
গরগর[২] *বিণ*১ গদগদ; বিবশ; অভিভূত। ২ ব্যাকুলিত; উল্লাসযুক্ত; আহ্লাদিত। ☐*বি* ১ আরামসূচক ধ্বনি। ২ অনর্গল অবাধ আবৃত্তি; গরগর বলে যাওয়া। [স. গদ্‌গদ]
গরগরা, গড়গড়া *বি* কুলকুচা; কুলি; মুখের মধ্যে পানি নিয়ে গরগর শব্দ করে মুখ পরিষ্কার করণ।
গরচা *বি* গচ্চা; অযথা খেসারত।
গরজ, গরয *বি*১ দরকার; প্রয়োজন; আবশ্যক; দায়। ২ আগ্রহ। ৩ যত্ন। ৪ স্বার্থ। [আ. গরয্]। **আত্মগরজি** *বিণ* নিজের জন্য আগ্রহযুক্ত; স্বার্থপর। **গরজ বড় বালাই**— প্রয়োজনের দাবি না মিটিয়ে উপায় নেই। **গরজি, গরজী** *বিণ* গরজবিশিষ্ট স্বার্থযুক্ত; আগ্রহযুক্ত। **খোদগরজ** *বিণ* স্বার্থপর। [ফা. খোদ+আ. গরয]
গরজারি *বিণ* রহিত; স্থগিত; মুলতবি। [ফা.]
গরঠিকানা *বি* ভুল ঠিকানা। ☐*বিণ* লাপাত্তা; নিখোঁজ। [আ. গায়র+ঠিকানা]। **গরঠিকানিয়া** *বিণ* যার ঠিকানা জানা নেই; ঠিকানাহীন।
গরদ *বি* এক প্রকার রেশমি কাপড়। [দেশী]
গরদা, গর্দা *বি* ধুলা; মাটি ময়লা। ☐*বিণ* অপরিষ্কার; অস্পষ্ট; আবছা। [ফা. গরদ]
গরদিশ *বি* ১ অবস্থা-বৈগুণ্য; বিপর্যয়। ২ কালচক্রের আবর্তন। [ফা. গরদিশ]

গরপসন্দ, গরপছন্দ *বি,বিণ* অপসন্দ; অপছন্দ; অমনোনীত। [আ. গায়র+ফা. পসন্দ]
গরবা[১] *বি* গুজরাটের এক প্রকার নৃত্যগীত। [গুজ.]
গরবা[২] *বি* অভাবগ্রস্ত ব্যক্তিগণ; দরিদ্র লোকেরা। [গরিব শব্দের বহুব, আ. গুারাবা। চট্টগ্রামের আঞ্চলিক— অতিথি, মেহমান, আগন্তুক]
গরবিনী *বিণ স্ত্রী.* ১ গর্বিতা; মহিমান্বিতা। ২ গর্বযুক্ত। [স. গর্বিণী>]। **গরবী** *পু.*।
গরবী *বিণ* ১ গর্বিত। ২ গৌরবযুক্ত। [স. গর্ব>]
গরম *বি*১ তাপ; উত্তাপ। ২ গ্রীষ্মকাল। ৩ দর্প; অহঙ্কার; গর্ব; ঔদ্ধত্য; উগ্রতা। ৪ রোগ; অসুস্থতা; পীড়া। ☐*বিণ*১ তপ্ত। ২ ক্রুদ্ধ; রুষ্ট। ৩ উদ্ধত; উগ্র; চড়া। ৪ শীতনিবারক (গরম কাপড়)। ৫ কড়া; তীব্র; ভৎর্সনাপূর্ণ। ৬ গ্রীষ্ম। ৭ উত্তেজক। ৮ মহার্ঘ চড়া। ৯ উত্তেজনাপূর্ণ; শান্তিভঙ্গের জন্য উন্মুখ। ১০ টাটকা; সদ্যপ্রাপ্ত। [ফা. গরম]। **গরম-গরম, গরমা-গরম** *বিণ* খোলা থেকে সদ্য নামানো; সদ্য ভাজা; টাটকা ভাজা। **গরম মসলা** *বি* এলাচ লবঙ্গ দারুচিনি প্রভৃতি উত্তেজক মসলা। **গরম মোজা** *বি* পশমি মোজা। **কুসুম কুসুম গরম** *বিণ* ঈষদুষ্ণ; সামান্য গরম; কবোষ্ণ। **গা গরম** *বি* সামান্য জ্বর। **নরম-গরম** *বি* মৃদু ও কড়া ভর্ৎসনা। **মাথা গরম হওয়া** *ক্রি* ক্রুদ্ধ বা রাগান্বিত হওয়া। **গরমি, গর্মি** *বি* ১ গরম; উত্তাপ। ২ গ্রীষ্মকাল; নিদাঘ। ৩ উপদংশ রোগ। ৪ দেমাক; গরিমা বা ঔদ্ধত্য। ৫ ক্রোধ; রোষ; উষ্মা। ☐*বিণ* উষ্ণ; উত্তপ্ত। [ফা. গর্মী]
গরমিল *বি*১ অনৈক্য; অমিল। ২ জমা ও খরচের বৈষম্য; হিসাবের গোলযোগ। ৩ মনান্তর; মন কষাকষি। [আ. গায়র+হি. মিল]
গররা *বি* হুল্লা; উচ্চ হাস্যধ্বনিসহ কলরব। **গররাজি, গররাজী** *বিণ* অরাজি; নারাজ; অসম্মত বা অনিচ্ছুক। [আ. গায়র রাযী]
গরল *বি* ১ বিষ। ২ এক প্রকার ক্ষত; ঘা। [স. √গর্+ল]
গরহাজির, গরহাজীর *বি* উপস্থিতির অভাব; অনুপস্থিত। [আ. গায়র হাযির]
গরাদে *বি* জানালার শিক। [পো. grade]।
গরান, গরাণ *বি* বন্য বৃক্ষবিশেষ ও তার মজবুত কাঠ।
গরাস *বি* গ্রাস; কবল। [স. গ্রাস>]
গরিলা[১] *বি* আফ্রিকা দেশীয় বৃহদাকার ও বলবান বানর জাতীয় প্রাণী; gorilla। [ই.]
গরিলা[২]**, গেরিলা** *বি* অনিয়মিত খণ্ড যুদ্ধ। [স্পে. গেরিলা]
গরিষ্ঠ *বিণ*১ সর্বাপেক্ষা বেশি গুরু। ২ সর্বাপেক্ষা বৃহৎ। ৩ সর্বাধিক শ্রদ্ধেয়। [স.]। **গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক, গ.সা.গু.**— যে গরিষ্ঠ সংখ্যা দ্বারা কয়েকটি রাশিকে ভাগ করলে মিলে যায়; উক্ত রাশিগুলোর গ. সা. গু.; যে প্রণালীতে উক্ত সংখ্যা বের করা হয়।
গরিব, গরীব *বিণ*১ দরিদ্র। ২ অপরিচিত; নবাগত; অজ্ঞাত পরিচয়; অচেনা। ৩ দীন; বিনীত। ৪ বেচারা। [আ. গরীব]। **গরিবখানা** *বি*১ দরিদ্রের কুটির। ২ আপন গৃহ সম্পর্কে। [আ. গরীব+ফা. খানা]। **গরিব-গুরবা, গরিব-গুরবো** *বি*১ কাঙ্গাল; ফকির; দীন-দরিদ্র। ২ বিত্তহীন সম্প্রদায়। [আ. একবচন গরীব+বহু গুরাবা]
গরীয়ান *বিণ*১ গুরুতর; অধিকতর সম্মানযোগ্য; বৃহত্তর। ২ গৌবরসম্পন্ন; মর্যাদাপূর্ণ; মহার্ঘ। ৩ অধিকতর পূজনীয়।

গরীয়সী *স্ত্রী.*। [স.]

গরু, গোরু *বি* ১ গোজাতি। ২ বৃষ; ষণ্ড। ৩ গাভী; গাই। ৪ নির্বোধ ব্যক্তি; মূর্খ লোক। [স. গো>]। **গরু-খোঁজা করা** *ক্রি* গরু হারিয়ে গেলে যেমন মাঠ জঙ্গল সর্বত্রই খুঁজতে হয় সেরূপভাবে সন্ধান করা; সম্ভব অসম্ভব সকল স্থানে সন্ধান করা; সর্বত্র সন্ধান করে বের করার চেষ্টা। **গরুচোর** *বি* গরু হরণকারী। ☐*বিণ* ১ নীচ কাজ করবার জন্য যে সমস্ত জ্বালা-যন্ত্রণা মুখ বুজে সহ্য করে। ২ নিপীড়ন বা লাঞ্ছনার ভয়ে ত্রস্ত থাকে এরূপ লোক; ভীরু স্বভাবের। ☐*বি, বিণ* (গালি) অত্যন্ত ইতর লোক। **গরু মেরে জুতা দান**—গুরুতর পাপের প্রায়শ্চিত্ত স্বরূপ সামান্য পুণ্য করা; বড় অপরাধের পর যৎসামান্য ক্ষতি স্বীকার করা; ভীষণভাবে ক্ষতিগ্রস্ত করে যৎসান্য দানের প্রস্তাব।

গরুড় *বি* ১ পুরাণোক্ত পক্ষিশ্রেষ্ঠ; হিন্দুমতে বিষ্ণুর বাহন এবং কশ্যপ ও বিনতার পুত্র। ২ ঈগল পাখি। [স.]। **গরুড়ধ্বজ** *বি* হিন্দুদেবতা বিষ্ণু; কৃষ্ণ। ☐*বিণ* গরুড় মূর্তি অঙ্কিত ধ্বজাবিশিষ্ট। **গরুড়বাহন** *বি* বিষ্ণু। **গরুড়শয়ন** *বি* হিন্দু পুরাণমতে জন্মের পূর্বে গরুড় যেমন দীর্ঘদিন ডিম্ব মধ্যে সুপ্ত ছিলেন সেরূপ দীর্ঘ নিদ্রা। **গরুড়াসন** *বি* যোগাসনবিশেষ।

গর্গর *বি* ১ কলস; ঘট। ২ ঘূর্ণাবর্ত; জলাবর্ত। ৩ চাপা ধ্বনিবিশেষ; গর্গর ধ্বনি। [স.]। **গর্গরী** *বি* গাগরি; কলসি।

গর্জক *বিণ* গর্জন করে এমন। [স.]

গর্জন[১] *বি* ১ উচ্চ ও গম্ভীর শব্দ বা ধ্বনি; নাদ। ২ ক্রোধ; স্পর্ধা বা প্রচণ্ড তিরস্কারব্যঞ্জক ধ্বনি। **গর্জিত** *বিণ* নিনাদিত; গম্ভীর শব্দে শব্দিত। [স.]

গর্জন[২], **গরজন** *বি* বৃক্ষবিশেষ ও এর কাষ্ঠ। **গর্জনতৈল** *বি* রঙে ঔজ্জ্বল্য সৃষ্টির জন্য ব্যবহার্য বৃক্ষনির্যাস বিশেষ; মাসতেল; বাত-নাশক কবিরাজি তৈলবিশেষ। [স. গর্জ+অন]

গর্জমান *বিণ* গর্জন করছে এমন; গর্জনরত। [স. √গর্জ+আন]। **গর্জমানা** *স্ত্রী.*।

গর্জা, গর্জানো, গরজানো *ক্রি* ১ গর্জন করা। ২ গর্জন। [স. √গর্জ+বা. আ, আনো]। **গর্জানি, গরজানি** *বি* ১ গর্জন। ২ গর্জনের শব্দ।

গর্ত *বি* ১ খাদা; গহ্বর। ২ রন্ধ্র; ছিদ্র। ৩ বিবর; কোটর; খোঁড়ল। ৪ ছেঁদা; ফুটা। [স. √গৃ+ত]

গর্দভ *বি* ১ গাধা; লম্বকর্ণ চতুষ্পদ পশুবিশেষ; রাসভ। ২ নিরেট মূর্খ ব্যক্তি বা অত্যন্ত নির্বোধ। [স. গর্দ+অভ]। **গর্দভী** *স্ত্রী.*।

গর্দান, গরদান *বি* ১ স্কন্ধ; ঘাড়; গলা। ২ ঘাড়সহ মাথা। [ফা. গরদন]। **গর্দান যাওয়া** *ক্রি* শিরশ্ছেদ হওয়া; মাথা কাটা যাওয়া। **গর্দান লওয়া** *ক্রি* শিরশ্ছেদ করা; মাথা কাটা। **গর্দানি** *বি* ঘাড় ধাক্কা; গলা ধাক্কা।

গর্ব, গরব *বি.* ১ অহঙ্কার; তকববরি; আত্মশ্লাঘা; দর্প। ২ বড়াই; জাঁক। ৩ গৌরব; গর্বের বস্তু; মহিমা। [স. গর্ব> গরব]। **গর্বান্ধ** *বিণ* অতিগর্বে শোভনতাবোধশূন্য। **গর্বিত, গরবিত, গর্বী** *বিণ* অহঙ্কারী; দর্পযুক্ত। **গর্বিতা, গর্বিণী, গরবিণী** *স্ত্রী.*। **গর্বোজ্জ্বল** *বিণ* গৌরবে উদ্ভাসিত; মহিমায় দীপ্ত। **গর্বোদ্ধত** *বিণ* দাম্ভিক; অহঙ্কার-মত্ত।

গর্ভ *বি* ১ ভিতর; মধ্য। ২ তলদেশ। ৩ উদর; জঠর; গর্ভাশয়। ৪ ভ্রূণ; জঠরস্থ সন্তান। ৫ অন্তঃসত্ত্বা অবস্থা। [স. √গৃ+ভ]। **গর্ভকেশর** *বি* পুষ্পের ভিতরের কেশর—এর নিচে বীজকোষ অবস্থিত। **গর্ভকোষ** *বি* গর্ভাশয়; জরায়ু। **গর্ভগৃহ** *বি* ১ ভিতরে অবস্থিত ঘর। ২ আঁতুড়ঘর; সূতিকাগৃহ। **গর্ভচ্যুত** *বিণ* গর্ভ থেকে নিঃসৃত। **গর্ভজ** *বিণ* গর্ভে উৎপন্ন; গর্ভে প্রসূত। **গর্ভনিঃসৃত** *বিণ* গর্ভচ্যুত; গর্ভ থেকে নির্গত। **গর্ভপাত** *বি* ১ অসময়ে বা অস্বাভাবিকভাবে ভ্রূণের গর্ভ থেকে নিঃসারণ; গর্ভস্রাব। ২ ভ্রূণহত্যা। **গর্ভপাতক** *বিণ* ঔষধাদি দ্বারা গর্ভ নষ্টকারী; ভ্রূণ হত্যাকারী। **গর্ভপাতন** *বি* কৃত্রিম উপায়ে গর্ভনাশ। **গর্ভবতী** *বি* অন্তঃসত্ত্বা; যে নারীর গর্ভে সন্তান; গর্ভিণী। **গর্ভবাস** *বি* মাতৃজঠরে অবস্থান। **গর্ভমাস** *বি* সন্তান ধারণের প্রথম মাস। **গর্ভমোচন** *বি* সন্তানপ্রসব। **গর্ভযন্ত্রণা** *বি* ১ গর্ভধারণের কষ্ট। ২ নিদারুণ যন্ত্রণা। **গর্ভযুতা** *বিণ স্ত্রী.* গর্ভযুক্তা; গর্ভবতী। **গর্ভলক্ষণ** *বি* গর্ভবতী হওয়ার চিহ্ন; গর্ভে সন্তান ধারণের চিহ্ন। **গর্ভসঞ্চার, গর্ভসংক্রমণ** *বি* গর্ভে সন্তানের জন্ম বা উৎপত্তি; গর্ভাধান; গর্ভোৎপত্তি। **গর্ভসময়, গর্ভকাল** *বি* ঋতুস্নানের পর পুরুষ সঙ্গমকাল; গর্ভধারণকাল। **গর্ভস্রাব** *বি* ১ গর্ভপাত। ২ ভ্রূণহত্যা। ☐*বিণ* (আল.) অকালকুষ্মাণ্ড; অপদার্থ। **গর্ভাগার** *বি* ১ আঁতুড় ঘর। ২ ভিতরের ঘর বা অন্তঃকক্ষ। **গর্ভাঙ্ক** *বি* নাটকের অঙ্কের মধ্যস্থ অংশ বা দৃশ্য। **গর্ভাধান** *বি* ১ সন্তানোৎপাদন। ২ গর্ভবতী হওয়ায় যে সংস্কার করা হয়। **গর্ভাশয়** *বি* গর্ভস্থ সন্তানের থাকার স্থান; জরায়ু। **গর্ভিণী** *বি* গর্ভবর্তী; অন্তঃসত্ত্বা; পোয়াতি। **গর্ভিত** *বিণ স্ত্রী.* ১ গর্ভবতী হয়েছে এমন; গর্ভযুক্ত। ২ পূর্ণ করা হয়েছে এমন।

গল *বি* ১ গলা; কণ্ঠদেশ। ২ গলদেশ। [স. √গল্+ অ(অচ)]। **গলকম্বল** *বি* গো-মহিষাদির কণ্ঠ-নিম্নস্থ লম্বমান মাংসপিণ্ড। **গলগণ্ড** *বি* গলদেশের মাংসস্ফীতি রোগ। **গলগ্রহ** *বি* ১ অনভিপ্রেত বোঝা; অনীপ্সিত ভার বা দায়িত্ব। ২ পরের উপর ভারস্বরূপ। ৩ যে ব্যক্তির দায়িত্ব অনিচ্ছাসত্ত্বেও প্রতিপালনীয়; অনিচ্ছাপূর্বক যার ভার নিতে হয়। **গলদেশ** *বি* গলা; কণ্ঠদেশ। **গলনালী** *বি* কণ্ঠনালী; অন্ননালীর উপরে মুখের ঠিক পিছনে নলাকৃতি দেহাংশ। **গলবস্ত্র** *বি* গলায় বস্ত্র দিয়ে বিনয়; গললগ্নীকৃত বস্ত্র। **গলরজ্জু** *বি* গলায় স্থাপিত দড়ি; ফাঁস। **গললগ্ন** *বিণ* ১ কণ্ঠে জড়ানো, গললগ্নীকৃত। ২ কণ্ঠসংলগ্ন; কণ্ঠলীন বা গলায় ঝুলে থাকা অবস্থা। **গললগ্নীকৃতবাস** *বিণ* ১ হিন্দু সমাজে প্রার্থনাকালে বা বিনয় প্রকাশার্থে বা দীনভাবে নিজের কণ্ঠে বস্ত্র জড়িয়েছে এমন। ২ অতি বিনীত বা নিতান্ত নত।

গলই, গলুই *বি* নৌকার উভয়প্রান্তের সরু অংশ। নৌকার যে প্রান্ত অপেক্ষাকৃত নিচু তাকে পাছা-গলুই এবং যে প্রান্ত অপেক্ষাকৃত উঁচু তাকে আগা-গলুই বলে। [স. গল>+ উয়া/কিংবা বা.]

গলখেসিয়া, গলখেস্যে *বি* ১ এক প্রকার সাদা রঙের মেঠো ফুল। ২ দ্রোণ পুষ্প।

গলগল *অব্য* অনুকার; তরল পদার্থ অবিরল ধারায় পড়বার ভাব প্রকাশ।

গলৎ *বিণ* গলছে এমন; ক্ষরমাণ; স্রবমাণ। **গলদশ্রু** *বিণ* ক্রমাগত অশ্রু ঝরছে বা বিগলিত হচ্ছে এমন। [স. গল্+অৎ]।

গলতি *বি* ভুল; দোষ; ত্রুটি। ☐*বিণ* ফাঁক আছে এমন; ত্রুটিপূর্ণ; গলদভরা। [আ. গলৎ]।
গলদ, গলত *বি* ভুল; দোষ; ত্রুটি; অপরাধ। [আ. গলৎ]
গলদা, গলদা চিংড়ি *বি* বৃহদাকার চিংড়ি মাছবিশেষ। ☐*বিণ* মোটা; স্থূল।
গলদ্‌ঘর্ম *বিণ* দেহ থেকে ঘাম ঝরছে বা বিগলিত হচ্ছে এমন। [স. গলৎ+ঘর্ম]।
গলন *বি* ১ গলে যাওয়া। ২ নিষ্ক্রান্ত বা নির্গত হওয়া। [স. √গল্‌+অন]। **গলনীয়** *বিণ* গলনযোগ্য।
গলা[১] *বি* ১ গল; কণ্ঠ; ঘাড়ের উল্টা দিক; গ্রীবার বিপরীত দিকে অবস্থিত। ২ ঘাড়; গ্রীবা। ৩ টুঁটি। ৪ কণ্ঠস্বর। ৫ কণ্ঠের সুর। ৬ কণ্ঠস্বরের সামর্থ্য বা যোগ্যতা। [স. গল+বা. আ]। **গলাকাটা** *ক্রি* ১ দেহ থেকে মুণ্ড বিচ্ছিন্ন করা। ২ প্রবঞ্চনা করা; ঠকানো। ☐*বিণ* গলা কাটে এমন। **গলাকাটা দর** *বি* অত্যধিক মূল্য। **গলাখাঁকারি দেওয়া** *ক্রি* আপন উপস্থিতি জানাবার জন্য গলার ভিতর থেকে 'খকর' 'খকর' এ ধরনের শব্দ করা। **গলা খুসখুস** *বি* শ্লেষ্মার প্রকোপ হেতু গলার মধ্যে এরূপ অনুভূতি যাতে কাশির উদ্রেক হয়। **গলাগলি** *বিণ, ক্রিবিণ* অত্যন্ত ঘনিষ্ঠ বা ঘনিষ্ঠভাবে। **গলা ঘড়ঘড়** *বি* গলায় শ্লেষ্মা জমে ঘড় ঘড় শব্দ। **গলা চাপা** *ক্রি* ১ কণ্ঠস্বর নিম্ন করা। ২ শ্বাসরোধ করা। **গলা চিপা** *ক্রি* গলা চেপে ধরা। **গলা ছাড়া** *ক্রি* কণ্ঠস্বর উঁচু করা। **গলাজল** *বি* গলা পর্যন্ত ডুবে যায় এ পর্যন্ত পানি। **গলা টিপলে দুধ বেরোয়**— নিতান্ত শিশু বা অল্পবয়স্ক; অজ্ঞ; জ্ঞানহীন। **গলা ঠাণ্ডা কার্য** *বি* মদ্যপান। **গলাধাক্কা** *বি* অর্ধচন্দ্র; গলদেশে হাত দিয়ে ধাক্কা; ঘাড় ধাক্কা। **গলাবন্ধ** *বি* গলায় ঠাণ্ডা না লাগার ব্যবহৃত লম্বা পটিবিশেষ; কম্ফর্টার। **গলা বসা** *ক্রি* গলার স্বর অস্ফুট বা অস্পষ্ট হয়ে যাওয়া। **গলাবাঁচানো** *ক্রি* প্রাণ বাঁচানো। **গলাবাজি** *বি* ১ হাঁকডাক; চিৎকার। ২ বক্তৃতা বা বাগ্মিতা। **গলা ভাঙ্গা** *বি, ক্রি* স্বরভঙ্গ বা স্বরবিকৃতি হওয়া। **গলাযোগ** *বি* যোগদান বা বক্তব্য সংযোগ। **গলায় আঁকশি দেওয়া** *ক্রি* জোর করে টেনে আনা অর্থাৎ কোনো কাজ করতে বা পাওনা মেটাতে বাধ্য করা। **গলায় আঙুল দেওয়া** *ক্রি* জোর করে কিছু করা বা পাওনা আদায় করা। **গলায় গলায়** *বিণ, ক্রিবিণ* ১ আকণ্ঠ; কণ্ঠ পর্যন্ত। ২ অত্যন্ত ঘনিষ্ঠ বা নিবিড়। **গলায় গামছা দেওয়া** *ক্রি* ঘোর অপমান ও জবরদস্তি করে বাধ্য করা। **গলায় ছুরি দেওয়া** *ক্রি* অত্যন্ত ঠকানো; প্রবঞ্চনা করা। **গলায় দড়ি** *বি* ধিক্কার ও তীব্র ভর্ৎসনাসূচক উক্তি। **গলায় পড়া** *ক্রি* অপরকে দায়বদ্ধ করা। **গলায় পা দেওয়া** *ক্রি* অত্যাচার বা জবরদস্তি করা। **গলায় লাগা** *ক্রি* ১ গলায় প্রবিষ্ট না হওয়া; গলাধঃকরণ না হওয়া। ২ ভুক্ত বস্তু গলায় আটকে গিয়ে শ্বাসরোধের উপক্রম হওয়া। ৩ ওল কচু ইত্যাদি খেয়ে গলা কুট কুট করা। **ভারী গলা** *বি* গভীর কণ্ঠস্বর বা সুর।
গলা[২] *ক্রি* ১ গলে যাওয়া; তরল বা দ্রব বা দ্রবীভূত হওয়া। ২ সংকীর্ণ ফাঁকের মধ্য দিয়ে কোনো প্রকারে বের হওয়া। ৩ অভিভূত বা বিহ্বল হওয়া। ৪ ফেটে পুঁজ নিঃসরণ হওয়া। ৫ ঢোকা। ৬ সিদ্ধ হওয়া; নরম হওয়া। ৭ আর্দ্র হওয়া; ভেজা। ৮ উক্ত সকল অর্থে। ☐*বিণ* ১ গলিত; তরলায়িত; দ্রবীভূত। ২ জীর্ণ; পরিপক্ব। ৩ অতিশয় নরম হয়ে যাওয়া; ফেটে যাওয়া। ৪ পচা।
গলাধঃকরণ *বি* ১ গিলে ফেলা; গেলা। ২ ভক্ষণ; গ্রাস। ৩ পান। ৪ পরিপাক; হজম। [স. √গল্‌+অধঃ+√কৃ+অন]
গলানো *ক্রি* ১ তরল করা; গলানো। ২ সংকীর্ণ পরিসরের ভিতর দিয়ে চালনা বা প্রেরণ করা। ৩ আর্দ্র বা তুষ্ট করানো; ভুলানো। ৪ ঢোকানো; প্রবেশ করানো; পরানো। ৫ পরা; পরিধান করা। ☐*বি, বিণ* উক্ত সকল অর্থে। [স. √গল>]
গলি *বি* সংকীর্ণ চলাচলের পথ। [হি. গলী]। **গলিঘুঁজি, গলিঘুঁচি** *বি* ১ অতি অপ্রশস্ত পথ ও তার নানা বাঁক বা শাখা-প্রশাখা। ২ দুর্গম ও অপ্রশস্ত স্থানসমূহ। ৩ অলিগলি।
গলিজ, গলীয *বিণ* ১ নোংরা। ২ দুর্গন্ধময়। ৩ পচা; মড়া; বিকৃত। [আ. গলীয্‌]
গলিত *বিণ* ১ গলে গেছে এমন; দ্রবীভূত; তরলিত। ২ তরল; গলা; নরম। ৩ জীর্ণ; বার্ধক্য-পীড়িত; ক্ষয়প্রাপ্ত। ৪ শিথিল; ঢিলা; আলগা; শ্লথ; লোল। ৫ স্খলিত; নিঃসৃত; গলেছে এমন। [স. √গল্‌+ত]। **গলিত কুষ্ঠ** *বি* যে ভয়ানক কুষ্ঠরোগে অঙ্গ-প্রত্যঙ্গ পচে গলে পড়ে। **গলিতদন্ত** *বিণ* ১ বয়ঃপ্রভাবে দন্তসমূহ ক্ষয়প্রাপ্ত হয়েছে এমন। ২ অতিবৃদ্ধ। [স.]
গল্প, গপ্পো *বি* ১ কাহিনী; উপকথা; ক্ষুদ্র উপন্যাস। ২ কথাবার্তা; আলাপ। ৩ গালগল্প। [স. জল্প>]। **গল্পগুজব, গপ্পগুজব, গপগুজব** *বি* আলাপ-সালাপ বা গল্প-সল্প; নানাবিধ কথাবার্তা। **গল্পসল্প, গপসপ** *বি* গাল-গল্প; আলাপ-আলোচনা। **গল্পে, গপ্পে** *বিণ* ১ গল্পকারী; গল্পবাজ। ২ মজলিসি।
গশ্‌ত *বি* রোঁদ; টহল; ভ্রমণ। [ফা. গশ্‌ত]
গসগস, গশগশ *অব্য* চাপা রাগের ভাব প্রকাশক।
গস্ত *বি* ১ বেড়ানো, ভ্রমণ। ২ ভ্রমণ করে নানা জিনিস ক্রয়। [ফা. গশ্‌ত]। **গস্তবেনে** *বিণ* ১ হাট-বাজারে ঘুরে দ্রব্যাদি ক্রয় করে যে ব্যবসায়ী বা বণিক। ২ ফেরিওয়ালা।
গস্তানি, গস্তানী *বি* কুলটা নারী; বেশ্যা; গণিকা। [ফা. গশ্‌তন]।
গস্তিদার *বি* সুবিধা দরে মাল খরিদের জন্য সন্ধান নিয়ে ফেরে যে; ঘুরে বেড়ায় যে। [ফা. গশ্‌ত+দার]
গহন *বিণ* ১ গভীর; ঘন। ২ দুর্গম; গমন কষ্টসাধ্য এমন। ৩ দুর্বোধ; দুর্ভেদ্য; দুরধিগম্য; দুরূহ। ৪ গহীন; অতলস্পর্শ। ☐*বি* ১ বনানী; অরণ্য। ২ দুর্গম গভীর বা অতি সংগোপন স্থান। [স. √গাহ্‌+অন]
গহনা[১]**, গয়না**[১] *বি* অলঙ্কার; ভূষণ। [স. গ্রহণ; হি গহ্‌না]। **গহনাগাঁটি, গয়নাগাঁটি, গহনাপত্র, গয়নাপত্র** *বি* নানাবিধ অলঙ্কার ও অনুরূপ দামি জিনিস।
গহনা[২]**, গয়না**[২]**, গয়নার নৌকা** *বি* নির্দিষ্ট সময় অনুযায়ী চলাচলকারী যাত্রীবাহী বড় নৌকা। [স. গমন>]
গহিন, গহীন *বিণ* ১ গভীর; অতল; গহন। ২ দুর্গম। [স. √গাহ্‌+ইন অথবা বা. গহন>বা. গভীর>গহীন, গহিন]।
গহ্বর *বি* ১খাদ; গর্ত। ২ সংকীর্ণ গভীর জায়গা। ৩ পর্বতগুহা। ৪ অপূর্ণতা; ফাঁক। [স.]
গা[১] *বি* ১ শরীর; দেহ; গাত্র; অঙ্গ। ২ বস্তুর উপরিভাগ বা বহিরঙ্গ বা পৃষ্ঠ। ৩ চামড়া; বহিরাবণ। ৪ অনুভূতি। ৫ মন, ইচ্ছা, গরজ। ৬ নিকট। **গা করকর করা** *ক্রি* সহ্য না হওয়া; ঈর্ষা হওয়া। **গা করা** *ক্রি* গরজ করা; মনোযোগ দেওয়া; মন লাগানো। **গা কশ কশ করা** *ক্রি* ক্রোধে বা

প্রতিশোধ নেবার জন্য উৎসুক হওয়া; আক্রোশ হওয়া। **গা-কাঁপা** *ক্রি* শঙ্কাযুক্ত হওয়া; ভয় বোধ করা। **গা কেমন করা, গা কেমন-কেমন করা** *ক্রি* ১ ভয়, ঘৃণা বা অসুস্থতাজনিত অস্বস্তিবোধ করা। ২ বমিবমি ভাব হওয়া। **গা-গতর** *বি* সর্বাঙ্গ; সমস্ত দেহ। **গা-গতর হওয়া** *ক্রি* মোটা-সোটা হওয়া। **গা গরম** *বি* অল্প জ্বর। **গা গুলনো, গা গুলানো** *ক্রি* বমনোদ্রেক হওয়া। **গা ঘেঁষা** *ক্রি* ১ অত্যন্ত নিকটে বসা। ২ অন্তরঙ্গ হওয়ার চেষ্টা করা। ৩ গায়ে পড়ে ভাব জমানো। **গা চাটাচাটি** *বি* পারস্পরিক প্রশংসা; স্বার্থোদ্ধারের জন্য পারস্পরিক সদ্ভাব। **গা জুড়ানো** *ক্রি* ১ শান্তি পাওয়া; তৃপ্তি দান করা। ২ শান্তি বা ক্লান্তি অপনোদন বা জ্বালা-যন্ত্রণা দূর হওয়া। ❑ *বিণ* ১ শান্তিদায়ক বা তৃপ্তিকর। ২ শ্রান্তি-ক্লান্তি বা জ্বালা-যন্ত্রণা ঘুচায় এমন। **গা-জোরি, গা-জুরি** *বি* ১ জবরদস্তি; শক্তি প্রয়োগ। ❑ *বিণ* জবরদস্তিমূলক বা জবরদস্ত; নাছোড়। ❑ *ক্রিবিণ* জবরদস্তিভাবে; নাছোড় হওয়া। **গা জ্বালা করা** *ক্রি* ক্রোধ, ঈর্ষা বা বিরক্তির সৃষ্টি হওয়া। **গা ঝাড়া দিয়ে ওঠা** *ক্রি* জড়তা বিসর্জন দিয়ে কর্মে প্রবৃত্ত হওয়া; আলস্য ত্যাগ করে সজাগ হয়ে ওঠা। **গা ঝিম ঝিম করা** *ক্রি* অবসন্নতা অনুভব করা; অসুস্থতা বোধ করা। **গা ঢাকা দেওয়া** *ক্রি* আত্মগোপন করা। **গা ঢেলে দেওয়া** *ক্রি* ১ শোওয়া। ২ নিশ্চেষ্ট হওয়া। ৩ সর্বৈব চেষ্টায় প্রবৃত্ত হওয়া। **গা-তোলা** *ক্রি* গাত্রোত্থান করা; ওঠা। **গা দেওয়া** *ক্রি* মনোযোগ দেওয়া; যত্ন করা। **গা পেতে নেওয়া** *ক্রি* বিনা প্রতিবাদে মেনে নেওয়া; নিঃশব্দে স্বেচ্ছায় সহ্য করা। **গা ফোলানো** *ক্রি* বিক্রম বা শক্তি প্রকাশ করা। **গা বমি বমি করা** *ক্রি* ১ বমনের ভাব বোধ হওয়া। ২ ঘৃণা বোধ করা। **গা ভারী হওয়া** *ক্রি* ১ অসুস্থতা বোধ করা। ২ গর্ভবতী হওয়া। **গা মেজ মেজ করা, গা মাটি মাটি করা** *ক্রি* আলস্য বোধ হওয়া; ঠাণ্ডা বোধজনিত এক প্রকার অসুস্থ হওয়া। **গা মোড়া** *বি* শরীরে মোচড় দেওয়া; আড়মোড়া। **গা কাটা দেওয়া** *ক্রি* রোমাঞ্চ হওয়া। **গায়ে গায়ে শোধ করা** *ক্রি* নগদ টাকা না দিয়ে গায়ে খেটে শোধ দেওয়া। **গায়ে গু মাখলে যমে ছাড়ে না**— শরীর অপবিত্র বস্তুতে ঢাকলেও মৃত্যু বা আজরাইলের হাত এড়ানো যায় না; শাস্তিযোগ্য অপরাধ করলে কোনো অছিলাতেই আইনের হাত থেকে অব্যাহতি পাওয়া যায় না। **গায়ে জ্বর আনা** *ক্রি* কাজ বা অবস্থা দেখে ভয় পাওয়া। **গায়ে থুথু দেওয়া** *ক্রি* অতিশয় ঘৃণা বা অবজ্ঞা প্রকাশ করা। **গায়ে দেওয়া** *ক্রি* পরা; পরিধান করা। **গায়ে নেওয়া** নিজের উপর নেওয়া। **গায়েপড়া** *বিণ* ১ উপরপড়া। ২ অযাচিত। ৩ অমায়িকতার আতিশয্য প্রদর্শনকারী। **গায়ে পড়ে** *ক্রিবিণ* অযাচিতভাবে; উপর-পড়া হয়ে; অনভিপ্রেত আতিশয্য প্রদর্শন করে। **গায় ফুঁ দিয়ে বেড়ানো** *ক্রি* দায়িত্ব এড়িয়ে শ্রমবিমুখ হয়ে চলা। **গায়ে ফোসকা পড়া** *বি* অসহনীয় যন্ত্রণাবোধ করা; তীব্র অসহিষ্ণু হওয়া। **গায়ে মাখা** *ক্রি* গায়ে নেওয়া; ধর্তব্যের মধ্যে মনে করা। **গায়ে মাস লাগা, গায়ে মাংস লাগা** *ক্রি* ১ মোটা হওয়া। ২ শরীর সারা; কৃশতা দূর হওয়া। **গায়ের চামড়া তোলা** *ক্রি* মার দেওয়া। **গায়ের জ্বালা** *বি* ১ গাত্রদাহ; ঈর্ষা; হিংসা। ২ ক্রোধ; রাগ। **গায়ের ঝাল ঝাড়া, গায়ের ঝাল মেটানো** *ক্রি* হৃদয়ে সঞ্চিত ক্রোধ পূর্ণ ও প্রবলভাবে প্রকাশ করা। **গা সওয়া, গা সহা** *বিণ* অভ্যস্ত; সহ্য হয় এমন। **গায়ে হলুদ** *বি* বিবাহকালে পাত্র-পাত্রীর গায়ে বাটা হলুদ মেখে স্নান করানোর অনুষ্ঠান। **গায়ে হাত তোলা** *ক্রি* প্রহার করা; মার দেওয়া।

গা[২] *অব্য* সম্বোধনসূচক শব্দ (হ্যাঁ/হাঁ গা, কে গা)।

গা[৩] *বি* স্বরগ্রামে গান্ধারের সংকেত বা সংক্ষিপ্ত রূপ। [স. গান্ধার]

গাই *বি* গরু; গাভী। [স. গবী>গঈ>গাই]। **গাইগরু** *বি* গাভী।

গাইয়ে *বিণ* গান গায় এমন; গায়ক; গীতকারী। [স. √গৈ বা. ইয়ে। গাইয়ে<বা. গা+ইয়ে]

গাওড়া, গাওরা *বি* বনবিড়াল।

গাওনা *বি* গান, পেশাদার গায়কের গান; গানের মুজরা (প্রতিযোগিতা)। [স. √গৈ>বা. √গাহ্+অনা]

গাওয়া[১] *বি* ১ সাক্ষী; প্রত্যক্ষদর্শী। ২ সাক্ষ্য। [ফা. গাবাহ]

গাওয়া[২] *বিণ* গোদুগ্ধে তৈরি; গব্য। [স. গব্য>গাব্ব>গাওয়া]

গাওয়া[৩], গাহা *ক্রি* ১ গান করা। ২ মহিমা কীর্তন করা বা প্রশংসা করা। ৩ প্রচার করা। ৪ ছন্দোবদ্ধে বর্ণনা করা। ❑ *বিণ* গীত। ❑ *বি* গান; সঙ্গীত। [স. √গৈ]

গাওয়ানো *ক্রি* অন্যের দ্বারা গান করানো।

গাওয়াল *বি* ফেরি; হেঁটে জিনিসপত্র বিক্রয় করানো। [স. √গৈ+বা. আল]

গাং, গাঙ, গাঙিনী *বি* নদী; তটিনী। [স. গঙ্গা>গাঙ]। **গাংচিল** *বি* নদী পুকুর ইত্যাদির উপর বিচরণকারী চিলবিশেষ। **গাংদাড়া** *বি* বকঠুঁটোমাছ; কাখলে মাছ; লম্বা ঠোঁটবিশিষ্ট মাছবিশেষ। **গাংশালিক** *বি* নদীতীরবাসী শালিক পাখি। **গাঙ্গ** *বিণ* ১ গঙ্গা সম্বন্ধীয়। ২ গঙ্গাজাত।

গাঁ *বি* গ্রাম; পল্লি। [স. গ্রাম্য>গাঁও>গাঁ]। **গাঁয়ে মানে না আপনি মোড়ল**— অন্যে স্বীকার না করলেও নিজেকে প্রধান বলে মনে করে কর্তৃত্ব ফলাবার হাস্যকর চেষ্টা করে যে, নির্বোধ অনুপযুক্ত লোকের নেতা হবার বা আত্ম-প্রশংসা করার হাস্যকর প্রয়াস।

গাঁই *বি* আদি বাসস্থান অনুসারে ব্রাহ্মণদের শ্রেণী বিভাগ। [স. গ্রামীণ>]। **গাঁইগোত্তর** *বি* গাঁই ও গোত্র; শ্রেণীবিভাগ। [গ্রাম—মূলে ছিল যাযাবর দলবাচক। তুল. নাম-গ্রাম। গ্রাম্য>গাঁই; গোত্র>গোত্র>গোত্তর]

গাঁইগুঁই *অব্য* অনিচ্ছার ভাব প্রকাশ।

গাঁইতি, গাঁতি *বি* শক্ত মাটি কয়লা ইত্যাদি কাটার হাতিয়ার বিশেষ। [হি. গৈঁতী; গাঁয়ৎ]

গাঁইয়া, গেঁয়ে, গেঁয়ো *বিণ* ১ গ্রাম্য; অমার্জিত রুচি; অভব্য। ২ গ্রাম্যবাসী; পাড়াগেঁয়ে। ৩ গ্রাম সম্বন্ধীয়; গ্রামে প্রচলিত। [স. গ্রাম>বা. গাঁ+বা. ইয়া>এ/ও]

গাঁওবুড়া *বি* গ্রামবৃদ্ধ; গ্রামের বৃদ্ধ; মাতব্বর শ্রেণীর ব্যক্তি।

গাঁক গাঁক, গাঁ-গাঁ *অব্য* পশুর ক্রুদ্ধ আওয়াজ বা ঐরূপ শব্দ। ২ উৎকট চিৎকার।

গাঁজ, গাঁজলা, গেঁজলা *বি* ১ ফেনা; পচবার ফলে উদ্ভূত। ২ খামিরা। **গাঁজন, গাঁজনি** *বি* পচন বা মাতন; গেঁজে ওঠা।

গাঁজা[১] *বি* ১ নেশা করার দ্রব্যবিশেষ; গঞ্জিকা; সিদ্ধি-গাছের জটা বা মঞ্জরী থেকে প্রস্তুত মাদক ও ধূমপানের দ্রব্য। ২ মিথ্যা; ভুয়া; অবাস্তব; অলীক। [স. গঞ্জিকা]। **গাঁজা খাওয়া** *ক্রি* গাঁজা পানে নেশা করা। **গাঁজাখোর**

বি, বিণ গেঁজেল; গাঁজার নেশায় অভ্যস্ত। **গাঁজাখুরি** *বিণ* গাঁজাখোরের নেশার ঝোঁকে রচিত ও ব্যক্ত উদ্ভট অবিশ্বাস্য গল্প।

গাঁজা[২] *ক্রি* ফেনাযুক্ত হওয়া; মেতে ওঠা; পচে ওঠা। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। **গাঁজানো** *ক্রি* পচানো; মাতানো। □*বি, বিণ* উক্ত সকল অর্থে।

গাঁট, গাঁইট *বি* ১ গেরো; বাঁধন। ২ সন্ধি; জোড়। ৩ বস্তা। ৪ ট্যাক; পকেট। [স. গ্রন্থি>]। **গাঁটকাটা** *বি* পকেটমার; যে অন্যের ট্যাক কেটে টাকা চুরি করে। **গাঁটছড়া** *বি* হিন্দু বিবাহে বরের উত্তরীয়ের সঙ্গে কনের বস্ত্রাঞ্চলের গ্রন্থিবন্ধনরূপ সংস্কারবিশেষ। **গাঁটের পয়সা** *বি* ১ নিজের টাকা-পয়সা; আপন তহবিলের অর্থ। ২ জমানো অর্থ।

গাঁটরি, গাঠরি *বি* কাপড়ের টুকরা দিয়ে বাঁধা ছোট বস্তা বা পুটুলি; বোঁচকা। [স. গ্রন্থি>]

গাঁটিয়া, গেঁটে *বিণ* গিট বা গেরো দেওয়া হয়েছে এমন; গন্থিযুক্ত। [স. গ্রন্থি+বা. ইয়া]। **গেঁটেবাত** *বি* শরীরের জোড়ার বাত।

গাঁট্টা, গাট্টা *বি* মুঠি করা আঙুলের গাঁট বা তা দ্বারা আঘাত। [স. গ্রন্থি]। **গাট্টামারা** *ক্রি* বদ্ধমুষ্টির গাঁট দিয়ে প্রহার করা; ঘুষি মারা।

গাঁট্টাগাট্টা, গোঁট্টাগাট্টা *বিণ* খর্ব ও স্থূল অথচ বলিষ্ঠ দৃঢ় অস্থি গ্রন্থিযুক্ত।

গাঁড়[১] (অশি.) *বি* ১ যোনি। ২ পায়ু। [হি. গাড়]

গাঁড়[২] *বি* ফোঁড়া। [স. গণ্ড]। **রাজগাঁড়** *বি* পেটের ভিতরকার ফোঁড়া।

গাঁত *বি* গাইট; ট্যাক। [স. গ্রন্থি>]। **গাঁতের মাল** *বি* চোরাই মাল।

গাঁতা[১], **গাঁদা** *বি* মাছের ঘাড় এবং কোল বা পেটির উপরের অংশ; মাছের পৃষ্ঠ।

গাঁতা[২] *বি* কৃষকদের মধ্যে পরস্পর শ্রম বিনিময়ে চাষাবাদের ব্যবস্থা।

গাঁতি *বি* ১ অল্প। ২ এক কর্ম সম্পাদনে বহুলোকের সম্মেলন। ৩ শ্রেণী; দল। **গাঁতিদার** *বি* জোতদার; জোতজমার মালিক।

গাঁথন *বি* ১ গাঁথা; বিন্যাস; রচনা। ২ গঠন; প্রস্তুতকরণ। ৩ মালা; হার। ৪ ইটের উপর ইট স্থাপন। [স. গ্রন্থন>]

গাঁথনি, গাঁথুনি *বি* ১ ইষ্টকাদি দ্বারা গৃহনির্মাণ; গ্রন্থন। ২ ইটকাদি ও কাদা সিমেন্ট ইত্যাদি মসলা বিন্যাসের পদ্ধতি। ৩ প্রণালীতে স্থাপন; বিন্যাস।

গাঁথা *ক্রি* ১ নিয়মিত পর পর সন্নিবেশপূর্বক রচনা বা নির্মাণ করা। ২ রচনা বা প্রস্তুত বা নির্মাণ করা। ৩ চিরকাল স্থায়ী হওয়া। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। [স. গ্রন্থ>√গাঁথ+বা. আ]

গাঁদা, গেঁদা, গেন্দা *বি* এক প্রকার ফুল। [পো.]

গাঁদাল, গাঁধাল *বি* ওষুধ তৈরির কাজে ব্যবহৃত এক প্রকার দুর্গন্ধি লতা; গন্ধভাদাল। [স. গন্ধ+আল>]

গাঁদি, গাদি *বি* রাশি; গাদি; বহু বস্তুর একত্র অবস্থিতি। [তুল. হি. গদ্দা]

গাঁভার *বিণ* গোঁয়ার।

গাগরি, গাগ্‌রা *বি* ঘড়া; কলস; কলসি। [স. গর্গরী>]

গাঙ্গেয় *বি* মহাভারতোক্ত গঙ্গার পুত্র ভীষ্ম। □*বিণ* ১ গঙ্গাবিধৌত বা গঙ্গাতীরবর্তী। ২ গঙ্গাসম্বন্ধীয়। □*বিণ* গঙ্গাজাত। [স.]

গাছ[১] *বি* ১ বৃক্ষ; তরু। ২ লতা গুল্ম প্রভৃতি। ৩ বৃক্ষসদৃশ বস্তু। □*বিণ* বৃক্ষের মতো লম্বা; বেজায় লম্বা; ঢেঙা। [স. গাচ্ছ; মূলে অনার্য শব্দ]। **গাছ-কোমর বাঁধা**— গায়ে চড়া বা কোনো ভারী কাজ কিংবা ঝগড়া করার পূর্বে শাড়ির আঁচল বিশেষ ভঙ্গিতে বা শক্ত করে কোমরে জড়ানো। **গাছ-গাছড়া, গাছ-গাছালি** *বি* ১ নানাজাতীয় বৃক্ষলতা। ২ ঔষধ হিসাবে ব্যবহৃত উদ্ভিজ্জ বস্তু। **গাছ থেকে পড়া** *ক্রি* ১ অত্যন্ত আশ্চর্যান্বিত হওয়া। ২ বিনা আয়াসে হাতে আসা। **গাছ-পাথর** *বি* তুলনা পরিমাণ বা হিসাবের জন্য সমবয়সের বৃক্ষ বা প্রস্তর। **গাছপালা** *বি* বৃক্ষপল্লব; লতাপাতা ইত্যাদি। **গাছে কাঁঠাল গোঁফে তেল, গাছে না উঠতেই এক কাঁদি**—কর্মারম্ভের পূর্বেই ফলভোগের উচ্চাশা এবং প্রস্তুতি। **গাছে চড়ানো**—প্রশংসা বা চাটুকারিতা দ্বারা অযথা সম্মানদানে কাউকে উচ্চে তোলা। **গাছে তুলে মই কেড়ে নেওয়া**—প্ররোচনা দিয়ে কঠিন কাজে নামিয়ে সরে পড়া।

গাছ[২], **গাছা**[১], **গাছি**[১] দীর্ঘ ও সরু পদার্থ নির্দেশক প্রত্যয়বিশেষ—টা, টি, খানা, খানি।

গাছড়া *বি* ১ ছোট ছোট বুনো গাছ; তুচ্ছ লতাগুল্ম। ২ ওষুধে ব্যবহার করা হয় এমন উদ্ভিজ্জ।

গাছা[২] *বি* পিলসুজ; দীপাধার; দীপরক্ষক।

গাছালি, গাছালী *বি* গাছ-গাছড়া; বুনো লতাগুল্ম। [বা. গাছ+আলি; আলী]

গাছি[২], **গাছী** *বি* খেজুর ও তালগাছে চড়ে গাছের উপযুক্ত স্থানে কেটে রস সংগ্রহ করে যারা; খেজুর ও তাল রস সংগ্রাহক ও উক্ত রসোপজীবী। [স. গাছ+ই, ঈ]

গাজন *বি* ১ চৈত্র মাসের শেষে হিন্দু দেবতা শিবের উৎসব; গম্ভীরা। ২ শিবসম্পর্কিত গান। [স. গর্জন> গজ্জন> গাজন]। **অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট**—অনাবশ্যকভাবে বহু ব্যক্তির কর্মসম্পাদনের প্রয়াসে মতভেদজনিত কারণে কাজকর্ম সব কিছু পণ্ড হওয়া।

গাজর *বি* ভক্ষ্য মূল বিশেষ; একজাতীয় আনাজ। [স. গর্জর]

গাজি, গাজী *বি* ১ ধর্মযুদ্ধে বিজয়ী বীর; ইসলামের জন্য যে যুদ্ধ করে। ২ দক্ষিণ বঙ্গের কাল্পনিক যোদ্ধা ও পীর; পুঁথি সাহিত্যের অন্যতম নায়ক। [আ. গাযী]। **গাজির গান** *বি* গাজির বীরত্ব ও মহত্ত্ব ব্যঞ্জক গীতবিশেষ। **গাজির পট** *বি* গাজির বীরত্বসম্বলিত দীর্ঘ গ্রাম্য চিত্রপট; এ পট দেখিয়ে গাজির গান গাওয়া হয়। ২ দীর্ঘ ফর্দ বা চিঠি।

গাড়ল *বি* ১ গালিবিশেষ। ২ মেষ; ভেড়া; গড্ডল। □*বিণ* ১ মূর্খ বা নির্বোধ। ২ অন্যের বা পত্নীর বুদ্ধিতে পরিচালিত হয় এমন। [স. গড্ডল>]

গাড়া *বি* ১ গর্ত; খোঁদল। ২ খানা; ডোবা। □*ক্রি* ১ প্রোথিত করা, ভিতরে প্রবেশ করানো। ২ বাধা স্থাপন করা। ৩ মুড়ে বসা। [বা. √গাড়+আ.]। **গেড়ে বসা** *ক্রি* চেপে বসা; দীর্ঘকালের জন্য অনড় হয়ে বসা।

গাড়ি, গাড়ী *বি* যান; শকট; রথ। [স. গন্ত্রী>]। **গাড়ি-করা** *ক্রি* ১ গাড়ি ভাড়া করা। ২ স্বীয় ব্যবহারের জন্য শকট ক্রয়; গাড়ির অধিকারী হওয়া। **গাড়ি ডাকা** *ক্রি* ভাড়া করার জন্য গাড়ি ডেকে আনা। **গাড়ি বারান্দা** *বি* গৃহের সম্মুখস্থ বারান্দা যার নিচে গাড়ি থামে।

গাড়ু[১] *বি* লম্বা নলযুক্ত পানির পাত্রবিশেষ। [স. গড্ডুক>]। **গাড়ুর দায়ে খাড়ু যাওয়া** *ক্রি* অল্পের জন্য মূল্যবান দ্রব্য নষ্ট হওয়া।

গাড়ু[২] *বি* কুঁজ বা পৃষ্ঠগ্রন্থি। [স. গড়ু]

গাড়োয়ান, গাড়ওয়ান *বি* শকটচালক; যানচালক। **গাড়োয়ানি, গাড়োয়ানী** *বি* শকট চালনার কাজ।

গাঢ় *বিণ* ১ জমাটবাঁধা; ঘন। ২ তীব্র। ৩ রাশীকৃত অথচ ঘনীভূত। ৪ গভীর। ৫ নিবিড়। ৬ অবরুদ্ধ; আবদ্ধ। ৭ নিমগ্ন; নিবিষ্ট; আবিষ্ট। ৮ চড়া; টকটকে। ৯ দৃঢ়; অবিচল। **গাঢ়তা, গাঢ়ত্ব** *বি*। [স. গাহ্‌+ত]

গাঢ়া *বি* খানা; খন্দ; গর্ত; নিচু জায়গা। [স. গর্ত>]

গাণনিক *বি* গণনাকারী; হিসাবরক্ষক। [স. গণনা+ইক]

গাণপত্য *বিণ* হিন্দু দেবতা গণপতি বা গণেশ সম্বন্ধীয়। ❑*বি* ১ গণেশপূজক সম্প্রদায়বিশেষ। ২ গণনায়কত্ব; গণাধিপত্য। [স. গণপতি+য]।

গাণিতিক *বিণ* ১ গণিতজ্ঞ; গণিতশাস্ত্রবিদ। ২ গণিতঘটিত। ৩ গণিত সম্বন্ধীয়; গণিত বিষয়ক। [স. গণিত+ইক]

গাণ্ডিব, গাণ্ডীব *বি* ১ ধনু। ২ মহাভারতোক্ত অর্জুনের ধনুক; পৌরাণিক ধনুবিশেষ। **গাণ্ডীবী, গাণ্ডীবধন্বা** *বি* গাণ্ডীবধারী অর্থাৎ তৃতীয় পাণ্ডব অর্জুন। [স. গাণ্ডি (গ্রন্থি)+ব]

গাণ্ডে পিণ্ডে, গণ্ডে পিণ্ডে *ক্রিবিণ* ১ গলা পর্যন্ত; আকণ্ঠ। ২ অতিরিক্ত; ঠেসে।

গাত্র *বি* ১ শরীর; গা; দেহ; অঙ্গ। ২ পার্শ্বদেশ; উপরিভাগ বা বহির্ভাগ। [স.]। **গাত্র কণ্ডূয়ন** *বি* গা চুলকানো। **গাত্রজ্বালা, গাত্রদাহ** *বি* ১ গায়ের জ্বালা বা দাহ। ২ ঈর্ষা ক্রোধ ইত্যাদি মানসিক ভাব; হিংসা বিরক্তি ইত্যাদি মনোভাব। **গাত্র-মার্জনী** *বি* যা দ্বারা গাত্র মার্জনা করা হয়; গাত্র মার্জনা কার্যে ব্যবহৃত গামছা তোয়ালে ইত্যাদি। **গাত্র-হরিদ্রা** *বি* গায়ে হলুদ; বিবাহের পূর্বে বর ও কনেকে নিজ নিজ বাড়িতে হলুদ মেখে স্নান করানোর আচারবিশেষ। **গাত্রানুলেপনী** *বি* গায়ে অঙ্গরাগ বা ওষুধ প্রয়োগ করবার তুলি। [স. গাত্র+অনুলেপনী]। **গাত্রাবরণ, গাত্রাবরণী** *বি* ১ গায়ের চাদর; উড়নি; উত্তরীয়। ২ জামা; কাপড়-চোপড়; আংরাখা (অঙ্গরাখা)। ৩ বর্ম; সাঁজোয়া। [স. গাত্র+আবরণ/আবরণী]। **গাত্রোত্থান** *বি* ১ উঠে দাঁড়ানো; গা তোলা। ২ শয়ন থেকে উঠে বসা বা দাঁড়ানো; শয্যা ত্যাগ। [স. গাত্র+উত্থান]

গাথা *বি* ১ পালা গান। ২ গান ও অভিনয় সহযোগে পরিবেশযোগ্য কাহিনী কাব্য; গীতিকা, এক ধরনের লোকসঙ্গীত। ৩ বর্ণনা; গুণকথন। [স.]

গাদ *বি* ১ তরল পদার্থের ময়লা; তলানি; কাইট; শিটা। ২ তরল পদার্থের উপরে ভেসে উঠা ময়লা; সরের মতো ভেসে উঠা ময়লা। [স. কর্দ; হি. গর্দা]

গাদা[১] *ক্রি* ঠাসা; চাপাচাপি করে ভরা। ❑*বি* গাদন। ❑*বিণ* ঠেসে ভরা হয়েছে বা হয় এমন। **গাদা বন্দুক** *বি* এক ধরনের বন্দুক যাতে গুলিবারুদ ঠেসে ভরতে হয়। [হি. গাদা>গাদ+বা. আ]

গাদা[২] *বি* মাছের পিঠের দিকের অংশ।

গাদা[৩], **গাদি** *বি* ১ রাশি; স্তূপ। ২ ভিড়। ৩ ভার বোঝা। **গাদা গাদা** *বিণ* রাশি রাশি; সুপ্রচুর। ❑*ক্রিবিণ* ভারে ভারে। **গাদাগাদি** *বি* ঠাসাঠাসি; ঘেঁষাঘেঁষি; চাপাচাপি;- ভিড়।

গাধ *বি* তল। ❑*বিণ* ১ অগভীর; স্পর্শ করা যায় এমন। ২ অগাধ। [স.]

গাধা *বি* ১ প্রাণীবিশেষ; গর্দভ; রাসভ। ২ অতি নির্বোধ লোক। ৩ গালিবিশেষ। [স. গর্দভ>; তুল. হি. গদ্‌ধা]। **গাধী** *স্ত্রী.*। **গাধা-বোট** *বি* গাধার মতো প্রচুর মালবাহী ও ধীরগতি নৌকা বা ক্ষুদ্র জাহাজ। ❑*বি, বিণ* দীর্ঘসূত্রী বা ঢিলা প্রকৃতিবিশিষ্ট ব্যক্তি।

গাধাখাটুনি, গাধার খাটুনি *বি* অত্যন্ত অধিক পরিমাণ কিন্তু বুদ্ধি খাটিয়ে করতে হয় না এমন পরিশ্রম। **গাধাপিটুনি** *বি* অপরিমিত ও নির্দয় প্রহার। **গাধামি** *বি* মূর্খতা; নির্বুদ্ধিতা; বোকামি।

গান *বি* ১ গীত; কণ্ঠসঙ্গীত। ২ গীতিকবিতা। ৩ গীতাভিনয়; গীতিনাট্য। ৪ সুমধুর ধ্বনি বা রব। [স.]। **গান বাজনা, গানা বাজনা** *বি* গান ও বাজনা; গীতবাদ্য। **গানের দল** *বি* ১ গায়ক সম্প্রদায় বা গোষ্ঠী। ২ পেশাদারী গায়ক সঙ্ঘ বা গীতাভিনয়কারীগণ। **ওস্তাদি গান** *বি* উচ্চাঙ্গ সঙ্গীত; ধ্রুপদ খেয়াল প্রভৃতি। **চুটকি গান** *বি* টপ্পা, খেমটা ইত্যাদি লঘু ও চপল প্রকৃতির এবং নৃত্যের তালযুক্ত সঙ্গীত।

গান্দা *বিণ* ১ দুর্গন্ধযুক্ত; পচা; ময়লা। ২ অপবিত্র। [ফা. গান্দাহ্‌]

গান্ধর্ব *বিণ* ১ গন্ধর্ব-সম্পর্কিত; গন্ধর্ববিষয়ক। ২ গান্ধর্ব প্রথায় অর্থাৎ পরস্পরে প্রেমাসক্ত পাত্র-পাত্রীর ইচ্ছানুযায়ী হিন্দুমতে সম্পাদিত বিবাহবিশেষ। [স.]। **গান্ধর্ববিদ্যা** *বি* সঙ্গীত বিদ্যা। **গান্ধর্ববিধান** *বি* গন্ধর্ব প্রথা; পরস্পরে অনুরক্ত পাত্রপাত্রীর ইচ্ছানুসারে হিন্দু বিবাহ সংঘটনের রীতি বা নিয়ম।

গান্ধার *বি* ১ স্বরগ্রামের তৃতীয় স্বর; 'গা' স্বর। ২ প্রাচীন দেশবিশেষ; কান্দাহার। ৩ রাগবিশেষ। ৪ গান্ধার দেশজাত। ❑*বিণ* গান্ধারের অধিবাসী। [স.]। **গান্ধারী** *বি স্ত্রী.* গান্ধার রাজকন্যা; মহাভারতোক্ত দুর্যোধনাদির মাতা; শত পুত্রের জননী। **গান্ধারেয়** *বি* ১ দুর্যোধনাদি শত সহোদর; গান্ধারীর শত পুত্র। ২ গান্ধারের রাজপুত্রগণ।

গান্ধি, গান্ধিপোকা, গাঁধি *বি* শস্য ধ্বংসকারী দুর্গন্ধযুক্ত এক জাতীয় কীট। [স. গন্ধ]

গান্ধী *বি* ১ গুজরাটের বণিকসম্প্রদায়। ২ বিখ্যাত রাজনীতিক নেতা মোহনদাস করমচাঁদ গান্ধী।

গাপ *বি* গোপনে আত্মসাৎ। ❑*বিণ* ১ গায়েব; অদৃশ্য। ২ গুপ্ত; লুক্কায়িত। [আ. গায়েব]। **গাপটি মেরে** *ক্রিবিণ* গুপ্তভাবে।

গাফেল, গাফিল *বিণ* ১ অন্যমনস্ক; অমনোযোগী। ২ উদাসী; বেখেয়াল। ৩ অবহেলাপরায়ণ, অলস। **গাফিলতি, গাফলত** *বি* ১ অবহেলা; উপেক্ষা; ঔদাসীন্য। ২ অমনোযোগ; অনবধানতা। ৩ অযত্ন; ত্রুটি; বিচ্যুতি। ৪ কুঁড়েমি; ঢিলেমি; ফাঁকিবাজি। ৫ ভুলচুক। ৬ দায়িত্বে কর্তব্যে উদাসীন। [আ. গাফলত]

গাব *বি* ১ কষায় রস ও আঠাযুক্ত এক ধরনের ফল ও এর গাছ; তিন্দুক। ২ ধাতব পদার্থের কলঙ্ক। ৩ তবলা বা পাখোয়াজ জাতীয় বাদ্যযন্ত্রের যে স্থানে করতলের আঘাত বা চাঁটি পড়ে সেই স্থানে যে খয়ের বর্ণের আঠা জমানো থাকে। [স. গায়ব]। **গাব-চটা** *বিণ* মৃদঙ্গাদি বাদ্যযন্ত্রের

চামড়ার উপরের গোলাকার জমাটবদ্ধ আঠা চটে গেছে এরূপ। **গাব-দেওয়া, গাবানো**[১] *ক্রি* নৌকা জাল ঘুড়ির সুতা প্রভৃতিতে কাঁচা গাবের কষ লাগানো।

গাবগুবাগুব *বি* বাউলদের ব্যবহৃত একতন্ত্রবিশিষ্ট বাদ্যযন্ত্রবিশেষ; গোপীযন্ত্র।

গাবদা, গাব্দা[১] *বিণ*১ ভারী ওজনযুক্ত। ২ স্থূল; বেমানান রকম মোটা। **গাবদা-গোবদা, গাব্দা-গোব্দা** *বিণ* মোটাসোটা।

গাবা *ক্রি* কলঙ্কিত হওয়া।

গাবাইয়া *বিণ*১ গুণ বা যশোগায়ক; কীর্তক বা ভজনকারী। ২ গল্পবাজ।

গাবানো[২], **গাব পারা** *ক্রি*১ জলাশয়াদির পানি আলোড়ন করা। ২ গল্পবাজি করা। □ *বি, বিণ* উক্ত অর্থে।

গাভিন, গাভীন *বিণ* (গরু, ছাগল, মহিষ ইত্যাদির ক্ষেত্রে) গর্ভবতী; গর্ভিণী; গর্ভধারণ করেছে এমন। [স. গর্ভিণী>]

গাভী *বি* গরু; গাই; ধেনু। [স. গবী>গভী>গাভী]

গাভুর *বিণ* ১ যুবক; জোয়ান। ২ বলবান; বলশালী। ৩ গোঁয়ার। ৪ দুর্বিনীত। ৫ যৌবন। **গাভুরালি** *বি* যুবাসুলভ; স্পর্ধা; দুঃসাহস; ঔদ্ধত্য; গেঁয়ার্তুমি; একগুঁয়েমি।

গামছা, গামোছা *বি* গা মুছবার জন্য ব্যবহৃত এক প্রকার কাপড়ের টুকরা। [গা (<স. গাত্র)+√মুছ্ আ]। **গামছা-ডলা** *ক্রি* গামছা দিয়ে মর্দন। **গামছা-বাঁধা** *বিণ* গামছায় বাঁধা যায় এমন ঘন বা শক্ত। **গলায় গামছা দেওয়া** *ক্রি* গলায় গামছা পেঁচিয়ে লাঞ্ছনা করা; ভীষণ অপমান ও জবরদস্তি করে বাধ্য করা।

গামলা *বি* মাটি বা ধাতু নির্মিত বড় বাটির মতো পাত্র। [পো. gumella]

গামা *বি* এই নামের বিখ্যাত কুস্তিগির। □ *বিণ* পালোয়ান; মল্লবীর।

গামা রশ্মি *বি* তেজস্ক্রিয় পদার্থ থেকে বিকীর্ণ ক্ষুদ্র তরঙ্গবিশিষ্ট রশ্মি।

গাম্ভারি, গামারি *বি* দরজাদি তৈরি করার জন্য উৎকৃষ্ট কাঠ ও এর গাছ। [স. গাম্ভারিকা>]

গাম্ভীর্য *বি*১ গম্ভীর ভাব; গম্ভীরতা। ২ অচাপল্য; বিকারহীন ভাব; রাশভারী ভাব; অলঘুত্ব; অচাঞ্চল্য। ৩ গুরুত্ব; প্রগাঢ়তা। ৪ মহিমা। [স.]

গায়ক *বিণ* গীতকারী; গান করে এমন; গাইয়ে; সঙ্গীতজ্ঞ। [স.]। **গায়িকা, গায়কী** *স্ত্রী*।

গায়ত্রী *বি* ১ মন্ত্রবিশেষ। ২ বৈদিক ছন্দবিশেষ। [স.]

গায়ন *বিণ*১ গান করে এমন; গায়ক; গীতকারী; উদ্‌গাতা। □ *বি* গীতকরণ; গান গাওয়া। [স.]। **গায়ন-পদ্ধতি** *বি* গীত-প্রণালী; গানের রীতি। **গায়ন-বাদন** *বি* গীতবাদ্য।

গায়র মহরম, গায়র মহরুম *বি* যার সঙ্গে বিয়ে চলে। [আ. গায়র+মহরম]

গায়েন *বি, বিণ* বয়াতি; গায়ক; গীতকারী। **মূল-গায়েন** *বি* গানের দলের প্রধান গায়ক।

গায়েব *বিণ* অদৃশ্য; গুপ্ত। □ *বি* আত্মসাৎ; গাপ। [আ. গায়িব]

গায়েবি, গায়বি *বিণ* ১ অদৃশ্য। ২ আজগবি। ৩ গুপ্ত। ৪ রহস্যময়। [আ. গায়বী]। **গায়েবি খেলা, গায়েবী খেলা** *বি*১ দাবা খেলায় না দেখে দূর থেকে চাল চালা। ২ অবস্থা না জেনেই ব্যবস্থা দান।

গারত, গারৎ *বিণ* ১ ধ্বংস; বিনষ্ট; নিপাত; বিধ্বস্ত। ২ লুণ্ঠন। [আ. গারত্]

গারদ *বি*১ জেল; কয়েদ; কারাদণ্ড। ২ জেলখানা; কারাগার; ফাটক। [হি. গারদ; ই. guard]।

গারুয়া, গাড়ুয়া *বি* খেলার বল; গেণ্ডুয়া।

গারুড় *বিণ* গরুড় পক্ষী সম্পর্কিত। □ *বি* ১ এক প্রকার মহামূল্য রত্ন; মরকতমণি। ২ ব্যূহ রচনার একটি প্রণালী। ৩ সাপের বিষ নামাবার মন্ত্রবিশেষ। ৪ সাপের শত্রু গরুড়; সে অর্থে বিষবৈদ্য। [স.]। **গারুড়িক, গারুড়ী** *বিণ* ১ বিষ-বৈদ্য; বিষ-চিকিৎসক। ২ সাপের ওঝা।

গারো *বি*১ আসামের গারো পর্বত অঞ্চলের অধিবাসী। ২ ময়মনসিংহের উপজাতি।

গার্গী *বি স্ত্রী.* ১ প্রাচীন ভারতের স্বনামধন্যা বিদুষী। ২ গর্গ মুনির কন্যা। [স.]।

গার্টার *বি* মোজা বাঁধবার জন্য ব্যবহৃত ফিতা। [ই.]

গার্হপত্য *বি* বেদের বিধান অনুযায়ী গৃহস্থ যে আগুন আজীবন জ্বালিয়ে রাখে। □ *বিণ* গৃহপতি সম্পর্কিত। [স.]

গার্হস্থ্য *বি* গৃহস্থ-ধর্ম; গৃহস্থ-আশ্রম; গৃহস্থের জীবন। □ *বিণ* গৃহস্থ সম্পর্কিত। [স.]

গাল *বি* ১ গণ্ড; কপোল। ২ মুখবিবর; মুখ। [স. গল]। **গাল-গল্প** *বি* অলীক কাহিনীর বর্ণনা; কল্পনা; কল্পিত কাহিনী বা গল্প। **গাল টিপলে দুধ বেরোয়**—নিতান্তই অবোধ বা অল্প বয়স্ক। **গালপাট্টা** *বি* চাপদাড়ি; দুই গালজোড়া ঘন শ্মশ্রু। **গালফোলানো** *ক্রি* রাগ বা অভিমান করা। **গাল বাড়িয়ে চড় খাওয়া**— যেচে অপমানিত হওয়া। **গালবাদ্য** *বি* মুখ ফুলিয়ে গালে আঘাত করে শব্দকরণ। □ *বিণ* ধ্বনি-সর্বস্ব। **গালে গালে চড়ানো** *ক্রি* সঙ্গে সঙ্গে প্রহার বা শাস্তি দেওয়া। **গালে চড়ানো** *ক্রি* ক্রোধ আক্ষেপ বা ক্ষোভ উদ্রেকে গালে চড় মারা; শাস্তি দেওয়া। **গালে চুনকালি দেওয়া** *ক্রি* অপরাধের শাস্তিস্বরূপ লাঞ্ছনা; বংশের বা আত্মীয় স্বজনের কলঙ্কের কারণ হওয়া। **গালে লাগা** *ক্রি* ওল কচু প্রভৃতি খাওয়ার ফলে মুখের ভেতর কুট কুট করা। **গালে হাত দেওয়া** *ক্রি* অবাক হওয়া।

গালানো *ক্রি* গলিয়ে ফেলা; দ্রবকরণ। □ *বি, বিণ* উক্ত অর্থে।

গালি *বি*১ কটুবাক্য। ২ গালমন্দ; ভর্ৎসনা। ৩ অশ্লীল শব্দ প্রয়োগ; অশিষ্ট বাক্য। [স.]। **গালাগালি, গালাগাল** *বি* ভর্ৎসনা; কটুবাক্য প্রয়োগ; গালি। **গালিগালাজ** *বি* কটু বা তৎসদৃশ বাক্য ব্যবহার।

গালিচা, গালচে *বি* কার্পেট; পশুলোম, পাট ইত্যাদি দিয়ে প্রস্তুত মেঝের পুরু আবরণবিশেষ। [ফা. গালীচা]।

গালিম *বি* শত্রু; বৈরী; অরি। □ *বিণ*১ বিজয়ী। ২ প্রবল। [আ. গালিম]। **গালিমি, গালিমী** *বি*১ শত্রুতা; প্রতিকূলতা। ২ জবরদস্তি।

গালেব, গালিব *বিণ*১ জয়ী; বিজয়ী। ২ প্রবল শক্তিশালী। ৩ পরাক্রমশালী; দুর্ধর্ষ। ৪ একজন প্রখ্যাত উর্দু কবি [আ. গালিব]

গিঠ, গিট, গিঠা *বি* ১ গাঁট; গ্রন্থি। ২ অঙ্গের গ্রন্থিসমূহের সংযোগ বা মিলন স্থান। ৩ বন্ধন; বাঁধন। [স. গ্রন্থি>]

গিজগিজ *অব্য* ঠাসাঠাসি করে একত্র অবস্থানের ভাব প্রকাশক শব্দ।
গিটকিরি, গিটকারি *বি*১ গানে একাধিক সুরের পরপর দ্রুত উচ্চারণ। ২ সুরের কম্পন-মাধুর্য। [হি. গিটকিরি]
গিধড়, গিদ্ধড় *বি* শৃগাল। □*বিণ* নোংরো; অপরিচ্ছন্ন। [হি. গীদড়]
গিনি *বি* ইংল্যন্ডীয় মুদ্রা; একুশ শিলিং। [ই. Guinea]। **গিনি সোনা** *বি* ২২ ভাগ স্বর্ণ ও ২ ভাগ তাম্রমিশ্রিত ধাতু।
গিন্নি, গৃহিণী *বি*১ গৃহকর্ত্রী। ২ পত্নী; স্ত্রী। [স. গৃহিণী]। **গিন্নিপনা, গৃহিণীপনা** *বি*১ গৃহিণীর দায়িত্ব পালনে দক্ষতা। ২ গৃহিণীর আচরণ। ৩ অল্পবয়স্কা বালিকার পাকামি বা গৃহিণীসুলভ ব্যবহার; অল্পবয়সীর প্রবীণার মতো আচরণ। **গিন্নিবান্নি** *বি*১ বয়স্কা ও অভিজ্ঞতাসম্পন্না গৃহকর্ত্রী বা তদ্রূপ আচরণ। ২ চালচলনে সুগৃহিণীর মতো ধীর-গম্ভীর নারী বা বালিকা।
গিম, গীম (ব্র.) *বি* গ্রীবা; গলা। [স. গ্রীবা]। **গিমহার, গীমহার** *বি* গলার হার।
গিমা *বি* তিক্ত আস্বাদযুক্ত একপ্রকার শাক।
গিরগিটি, গিরিগিটি *বি* টিকটিকি জাতীয় একপ্রকার সরীসৃপ; বহুরূপী। [হি. গির্‌গিট্]।
গিরদা, গেরদা *বি* তাকিয়া; বড় বালিশ। [ফা. গিরদা]।
গিরা[১]**, গেরো** *বি* ১ গিঁট; গ্রন্থি; বাঁধন। ২ অস্থিসন্ধি। ৩ বাধা।
গিরা[২]**, গিরে** *বি* মাপবিশেষ; বস্ত্রাদি মাপবার এক প্রকার পরিমাণ; একগজের ষোলভাগের একভাগ; সোয়া দুই ইঞ্চি পরিমাণ। [ফা. গিরহ্]।
গিরি *বি*১ পর্বত; পাহাড়। ২ হিন্দুদের দশনামী-সম্প্রদায়ের সন্ন্যাসী বা তান্ত্রিকবিশেষ। [স.]। **গিরিকন্দর, গিরি-গহ্বর, গিরিগুহা** *বি* পর্বত-গুহা। **গিরিকুমারী, গিরিজা, গিরিনন্দিনী** *বি* হিন্দু পুরাণোক্ত দুর্গা; উমা; পার্বতী; গৌরী। **গিরিজায়া, গিরিরানী** *বি* হিন্দু পুরাণমতে হিমালয়পত্নী ও উমার মা মেনকা। **গিরিতল** *বি*১ পর্বতের নিম্নদেশ; পাহাড়ের নিচু অংশ। ২ পর্বতপৃষ্ঠ; শৈলপৃষ্ঠ। **গিরিতরঙ্গিণী, গিরিনদী** *বি* পার্বত্য নদী। **গিরিদরী** *বি* পর্বতগুহা। **গিরিদুর্গ** *বি* ১ পাহাড়ের উপরে নির্মিত দুর্গ। ২ পর্বতরূপ দুর্গ। **গিরিপথ** *বি* দুই পর্বতের মধ্যবর্তী পথ। **গিরিবর** *বি*১ শ্রেষ্ঠ পর্বত। ২ হিমালয়। ৩ পুরাণোক্ত গৌরীর পিতা হিমালয়। **গিরিবর্ত্ম** *বি* pass, পর্বতমধ্যস্থ পথ। **গিরিমল্লিকা** *বি* কুড়চি গাছ; কুড়চি ফুল। **গিরিমাটি, গিরিমাটী** *বি*১ গৈরিক। ২ গৈরিক রঙের মাটি; ক্ষারযুক্ত মাটি বিশেষ। **গিরিরাজ** *বি* হিমালয়। **গিরিশৃঙ্গ** *বি* পর্বত শিখর; শৈল চূড়া। **গিরিসঙ্কট, গিরি-সংকট** *বি* পর্বতশ্রেণীর মধ্যবর্তী পথরূপে ব্যবহৃত অল্পপরিসর নিম্নভূমি।
-গিরি পেশা; আচরণ প্রভৃতি অর্থবোধক প্রত্যয় (বাবুগিরি)। [ফা. গিরি]
গিরিশ *বি* গিরিতে শয়নকারী; হিন্দুদেবতা শিব। [স.]
গিরীশ *বি* হিমালয় পর্বত। [গিরি+ঈশ]।
গিরীন্দ্র *বি* সর্বশ্রেষ্ঠ পর্বত; পর্বতরাজ; হিমালয় পর্বত। [স. গিরি+ইন্দ্র]।
গির্জা *বি* খ্রিস্টান সম্প্রদায়ের উপাসনালয়। [পো.]
গিলটি[১]**, গিল্টি** *বি* ধাতুর প্রলেপ; সোনা বা রুপার মিহি লেপ। □*বিণ* নকল; কৃত্রিম। [ই.]। **গিলটি-করা, গিল্টি-করা** *বিণ* অলঙ্কৃত; পাত-মোড়া। **গিলটি সোনা, গিল্টি সোনা** *বি* কৃত্রিম সোনা।
গিলটি[২] *বি* অপরাধী; দোষী। [ই.]
গিলন, গেলা *বি* গ্রাসকরণ; গলাধঃকরণ। [স.]
গিলা, গিলে *বি* এক প্রকার চ্যাপটা অথচ মসৃণ লতাফল। **গিলা-করা, গিলে-করা** *বিণ* গিলার প্রয়োগে কুঞ্চিত।
গিলিত *বিণ*১ গলাধঃকরণ করা হয়েছে এমন; গলাধঃকৃত; গেলা হয়েছে এমন। ২ ভক্ষিত। [√গিল্+(ই)+ত]। **গিলিত-চর্বণ** *বি* ১ রোমন্থন; জাবরকাটা; ভক্ষিত বস্তু উগরিয়ে এনে পুনঃচর্বণ। ২ পুরনো বিষয়ের পুনরাবৃত্তি।
গিল্লা *বি* অভিযোগ; বদনাম; কুৎসা। [ফা. গিলা]
গিসগিস, গিস্‌গিস্ *অব্য* ১ অসহ্য ক্রোধের অবস্থা ব্যঞ্জক। ২ অত্যধিক জনসমাগমের ভাব প্রকাশ।
গীত *বি*১ গান; সঙ্গীত। ২ একই অনীপ্সিত কথার পুনরুক্তি; ঘ্যান ঘ্যান। □*বিণ* ১ গান করা হয়েছে এমন। ২ বর্ণিত; কীর্তিত। ৩ উক্ত; কথিত। [স.]
গীতল *বিণ* গীতময়; সুরধর্মী। [স.]
গীতা *বি*১ হিন্দুদের ধর্মগ্রন্থ ভগবদ্‌গীতা। ২ ধর্মগ্রন্থের মতো শ্রদ্ধেয় গ্রন্থ। [স.]
গীতি *বি* গান; সঙ্গীত। **গীতিকবিতা** *বি* গীতধর্মী মন্ময় বা আত্মনিষ্ঠ কবিতা। **গীতিকা** *বি* ক্ষুদ্র গীতিকবিতা; গাথা; গান। **গীতিকাব্য** *বি* গীতধর্মী আত্মনিষ্ঠ কাব্য। **গীতিনাট্য** *বি* সঙ্গীতপ্রধান নাটিকা; যে নাটকে গান প্রধান হয়ে সংলাপের স্থান গ্রহণ করে। **গীতিময়ী** *বিণ* সঙ্গীতময়; গীতপ্রধান। [স.]
গীবত, গিবত *বি* কুৎসা; নিন্দা; কলঙ্ক। [আ.]
গু *বি* মল; বিষ্ঠা; পুরীষ। [স. গূ; ফা. গূহ্]। **গুখোর বেটা** *বি* বিষ্ঠা ভক্ষকের পুত্র; গু-খাদক যে লোক। **গুখোরি, গুখুরী** *বি* বিষ্ঠা ভক্ষণের ন্যায় জঘন্য কাজ। □*বিণ* বড় ধরনের ভুল; আহম্মকি। **গুয়ে** *বিণ*১ বিষ্ঠা সম্পর্কিত। ২ বিষ্ঠা থেকে জাত। ৩ বিষ্ঠাযুক্ত। **গুয়ে-গোবরে** *বিণ* অত্যন্ত অপরিষ্কার।
গুআ, গুয়া *বি* সুপারি; গুবাক। [স. গুবাক>]
গুওটা, গুয়োটা *বি* গালিবিশেষ, গুখোর বেটা।
গুঁজড়ানো *ক্রি* ১ গোঁজা; ঢুকানো; গুঁজে দেওয়া। ২ লুকানো।
গুঁজি *বিণ* ছোট গোঁজা বা খিল। □*বি* খোঁপায় ব্যবহৃত কাঁটা। **গুঁজি-কাটি** *বি* খোঁপার কাঁটা।
গুঁড়া, গুঁড় *বি*১ চূর্ণ; রেণু। ২ কণা; অবশেষ। □*বিণ*১ চূর্ণ করা হয়েছে এমন; চূর্ণীকৃত; গুঁড়ানো। ২ অতি ক্ষুদ্র। [স. গুণ্ডক>]
গুঁড়ানো *ক্রি* চূর্ণ করা; রেণু রেণু করা। □*বি, বিণ* উক্ত অর্থে।
গুঁড়ি[১] *বি* ১ গুঁড়া; চূর্ণ। ২ ক্ষুদ্র; বিন্দু। ৩ রেণু। [স. গুণ্ডিক>]। **ইলশাগুঁড়ি, ইলশেগুঁড়ি** *বি* কণার মতো আকারে অল্প বৃষ্টি; বিন্দু বিন্দু বৃষ্টিপাত।
গুঁড়ি[২] *বি* গাছের কাণ্ড। [স. গণ্ডি>]।
গুঁতা, গুঁতো *বি*১ কনুই লাঠি বা শিং ইত্যাদি দিয়ে ধাক্কা বা আঘাত। ২ গুঁতা মারার জন্য ব্যবহৃত ক্ষুদ্রকায় লাঠি। ৩ ঠেলা; ধাক্কা; তাড়না। **গুঁতাগাঁতা, গুঁতাগাঁতা** *বি*১ ধাক্কা বা প্রহার অল্পবিস্তর মারধোর। ২ ঠোকর। **গুঁতাগুতি,**

গুঁতোগুতি *বি* ১ ঠেলাঠেলি। ২ ঝগড়া-বিবাদ। ৩ ঠাসাঠাসি। **গুঁতানো, গুঁতনো** *ক্রি* ১ প্রহার করা। ২ ধাক্কা বা ঢুঁমারা। □ *বি* উক্ত সকল অর্থে। **গুঁতুনে** *বিণ* গুতা মারার প্রকৃতিযুক্ত।
গুঁফো *বিণ* গোঁফ আছে এমন; গোঁফযুক্ত।
গুগগুল, গুগগুলু *বি* এক প্রকার বৃক্ষ ও তার সুগন্ধি নির্যাস। [স.]
গুগলি, গুগ্‌লি *বি* ১ ছোট শামুক। ২ ক্রিকেট খেলায় স্পিন বলের একটা ধরন।
গুচ্ছ *বি* স্তবক; গোছা; থোকা; আঁটি। [স.]
গুচ্ছের *বিণ* ১ গুচ্ছগুচ্ছ; অসংখ্য; একগাদা। ২ প্রয়োজনাতিরিক্ত; মেলা। [আঞ্চলিক]
গুছা *ক্রি* ১ সাজানো; বিন্যস্ত করা। ২ ব্যবস্থা করা। ৩ নিয়ন্ত্রণ করা; আয়ত্তে রাখা। [স. গুচ্ছ>]
গুছি *বি* ১ চূর্ণকুন্তলের গুচ্ছ। ২ বিনুনি বাঁধবার জন্য ব্যবহৃত পরচুলা ইত্যাদির উপকরণ বা ট্যাসেল। [স. গুচ্ছ>]
গুজগুজ, গুজুর-গুজুর *অব্য* ১ গোপন পরামর্শ; চাপা গলার গুপ্ত আলাপ। ২ চাপা উত্তেজনাপূর্ণ চুপি চুপি আলাপ। ৩ নিম্ন-স্বরে আলাপ। **গুজগুজানি** *বি* ১ গোপন পরামর্শ। ২ গুজগুজ করে কথাবার্তা। **গুজগুজে** *বিণ* মনের কথা অস্ফুট রাখে বা খুলে বলে না এমন।
গুজব *বি* ১ রটনা; জনশ্রুতি; জনরব। ২ রচা কথা। [আ. গুওয়; হি. গুজফ]
গুজরতি, গুজরতী *বি* ছোট এলাচ; গুজরাটে উৎপন্ন এলাচ।
গুজরা, গুজরি[১] *বিণ* ছোট; ক্ষুদ্রকায়। □ *ক্রি* যাপন করা; অতিবাহিত করা; কাল কাটা। □ *বি* যাপন; অতিবাহন। [ফা. গুযরান; হি. গুজরনা]
গুজরাট *বি* ১ প্রাচীন ভারতবর্ষের গুর্জর রাষ্ট্র। ২ ভারতের প্রদেশবিশেষ; বোম্বাইয়ের কাছে সমুদ্রোপকূলবর্তী দেশবিশেষ। [স. গুর্জর>]। **গুজরাটি, গুজরাতি** *বি* ১ গুজরাটের প্রাদেশিক ভাষা বা অধিবাসী। □ *বিণ* গুজরাটি জাতি; গুজরাট দেশীয়।
গুজরান[১] *বি* ১ জীবিকা। ২ জীবিকা নির্বাহ। ৩ যাপন; অতিবাহন; নির্বাহ। [ফা. গুযরান]
গুজরানো, গুজরান[২] *ক্রি* যাপন করা; অতিবাহন করা; নির্বাহ করা। □ *বি, বিণ* উক্ত অর্থে। [ফা.]
গুজরি[২]**, গুজরী** *বি* ১ তাল নারিকেল ইত্যাদি বৃক্ষের ক্ষতিকারক এক প্রকার কীট। ২ চরণের অলঙ্কারবিশেষ। ৩ গুজরী (গুর্জরী); রাগিণীবিশেষ। **গুজরিপঞ্চম, গুজরীপঞ্চম** *বি* প্রাচীনকালে প্রচলিত পায়ের অলঙ্কার।
গুজস্তা, গুজশ্‌তা *বিণ* ১ সাবেক; পূর্বেকার; বকেয়া। ২ বিগত। [ফা.]
গুজার *বি* ১ অতিপাত; অতিবাহন; যাপন। ২ নির্বাহ; সমাধা; সম্পাদন। [ফা. গুযারা]
গুজারেশ *বি* নিবেদন; বক্তব্য। [ফা. গুযারেশ]
গুজিয়া *বি* এক প্রকার মিঠাই।
গুঞ্জ *বি* ১ গুচ্ছ; স্তবক; গোছা; পুষ্পগুচ্ছ। ২ গুঞ্জন। ৩ কূঁচ। [স. √গুনজ্+অ]
গুঞ্জন *বি* ১ গুনগুন ধ্বনি; ঝঙ্কার। ২ অপরিস্ফুট মৃদু মধুর ধ্বনি। [স. √গুনজ্+অন]
গুঞ্জরণ *বি* গুঞ্জন; রব; ঝঙ্কার; মৃদুধ্বনি উচ্চারণ। □ *বিণ* গুঞ্জরিত। [স.]
গুঞ্জরা *ক্রি* গুনগুন রব করা। [স. গঞ্জ>হি. গুঞ্জের]
গুঞ্জা, গুঞ্জিকা *বি* কূঁচফুল। [স.]
গুঞ্জিত *বিণ* ১ গুঞ্জনপূর্ণ। ২ ঝঙ্কৃত; ধ্বনি। □ *বি* গুঞ্জন। [স. √গুনজ্+ত]
গুটলি, গুটলে *বি* গুটির মতো ছোট ঢেলা; ক্ষুদ্র ও কঠিন ঢেলার মতো মল। [বা.
গুটানো, গোটানো *বি* জড়িয়ে নেওয়া। □ *ক্রি* ১ টেনে এনে জড়ো করা। ২ টেনে তোলা। ৩ বন্ধ করা; তুলে দেওয়া। ৪ সঙ্কুচিত করা; নিষ্ক্রিয় করা।
গুটি[১]**, গুটিকা** *বি* ১ বড়ি। ২ ছোট ঢেলা। ৩ গুঁটি। ৪ ছোট ছোট দানা বা গোলাকার বস্তুর আকৃতি। ৫ ফলের কুঁশি; কচি আম। ৬ বসন্তপ্রভৃতি রোগের গুটি বা ব্রণ। ৭ রেশমের কোষ। ৮ রেশমের কীট; কোষরূপী পতঙ্গ। [স.]
গুটি[২] *অব্য* ১ সংখ্যাবাচক পদাশ্রিত নির্দেশক। ২ টি, টা; খানি। **গুটিকত, গুটিকতক, গুটিকয়েক** *বি* কয়েকটি; অল্প-সংখ্যক; অল্প পরিমাণ।
গুটিগুটি, গুড়িগুড়ি *ক্রিবিণ* ধীরে ধীরে; অত্যন্ত আস্তে; ধীর পদক্ষেপে।
গুটিপোকা *বি* রেশমকীট।
গুটিসুটি *ক্রিবিণ* জড়সড়ভাবে।
গুডফ্রাইডে *বি* খ্রিস্টীয় পর্ববিশেষ—যিশুখ্রিস্টকে ক্রুশবিদ্ধ করার স্মারক দিন।
গুড় *বি* আখ তাল খেজুর প্রভৃতির রস যা জ্বাল দিয়ে ঘন বা কঠিন করা হয়েছে। [স.]। **গুড়পাটালি** *বি* পাটায় জমানো গুড়ের তক্তিবিশেষ। **গুড়পিঠা** *বি* গুড় দিয়ে তৈরি মালপোয়া জাতীয় পিঠা। **গুড়েবালি** *বি* প্রত্যাশা নাশ; আশায় নৈরাশ্য। তুল. আশায় ছালি।
গুড়গুড় *অব্য* মৃদু গড়গড় শব্দ; উক্তরূপ চাপা ধ্বনি।
গুড়গুড়ি, গুড়গুড়ী *বি* আলবোলা; নলযুক্ত হুঁকা; ফরসি। □ *অব্য* ধূমপানের সময় গুড়গুড় শব্দ।
গুড়গুড়ে *বিণ* ১ গুড়গুড় শব্দ করে এমন। ২ বেঁটে; খর্বাকৃতি।
গুড়া[১] *বি* ১ নৌকার আড়কাঠ; গুঁড়ি।
গুড়া[২]**, গুরা** *বি* নৌকার পার্শ্বস্থিত উপবেশনের তক্তা; নৌকার আড়কাঠ।
গুড়ি *বি* সঙ্কুচিত দেহে নিঃশব্দে চলা বা অবস্থান। **গুড়ি মারা** *ক্রি* ১ সঙ্কুচিত দেহে অবস্থান করা; গুটিসুটি হয়ে থাকা। ২ আক্রমণের উদ্দেশ্যে অবস্থান করা; ওত পাতা। [স. গূঢ়>বা গুটি]
গুড়িসুড়ি *ক্রিবিণ* গুটিসুটি; জড়সড়।
গুড়ুক *বি* ১ তামাক। ২ গুড়ামিশ্রিত তামাক; মিঠা তামাক। [হি. গুড়াকু]
গুড়ুচ, গুড়ুচি *বি* গুলঞ্চ লতা। [স. গুলঞ্চ>]
গুড়ুম *অব্য* ১ তোপধ্বনি। ২ আগ্নেয়াস্ত্র থেকে অগ্নিবর্ষণের শব্দ। [স. গুড়>]
গুণ *বি* ১ ধর্ম; স্বভাব; প্রকৃতি। ২ চরিত্রের যে উৎকর্ষের জন্য আদরণীয় বলে গণ্য হওয়া যায়; ভালো গুণ; সদ্‌গুণ। ৩ উপকার; হিত; কল্যাণ; সুফল; ভালো ফল। ৪ ফলদায়ক ক্ষমতা; সুফলপ্রদ শক্তি। ৫ দক্ষতা; নৈপুণ্য; যোগ্যতা। ৬ (ব্য.) দোষ। ৭ কু-প্রভাব। ৮ পদার্থের স্বাভাবিক ধর্ম। ৯ (দ.) সত্ত্ব রজ তম প্রকৃতির এই তিন

গুণ। ১০ জাদু; তুক। ১১ (অল.) রচনার উৎকর্ষ সাধক তিনটি লক্ষণ—প্রসাদ; মাধুর্য ও ওজঃ। ১২ (গ.) পূরণ; গুণন। ১৩ বার; দফা। ১৪ ধনুকের জ্যা বা ছিলা। ১৫ দড়ি; সুতা। ১৬ মাস্তুলে বেঁধে নৌকা টানার মজবুত দড়ি বা তারজাতীয় সূত্রবিশেষ। [স.]। **গুণ করা** *ক্রি* ১ বশীভূত করা; জাদু দিয়ে বশীভূত করা। ২ (গ.) পূরণ করা। **গুণকীর্তন** *বি* যশোগান; মহিমা প্রচার; শ্রেষ্ঠতা বা উৎকর্ষের আলোচনা। **গুণগরিমা, গুণগৌরব** *বি* চরিত্রোৎকর্ষের মহিমা; সদ্‌গুণাবলীর মাহাত্ম্য। **গুণবান** *বি* গুণানুবাদ; গুণকীর্তন। **গুণগ্রহ** *বি* অপরের গুণের অকুণ্ঠ স্বীকৃতি দান। **গুণগ্রাম** *বি* গুণাবলী; গুণের সমষ্টি। **গুণগ্রাহকতা** *বি* গুণ গ্রহণের ক্ষমতা। **গুণগ্রাহী** *বিণ* গুণ গ্রহণ করতে জানে এমন। **গুণগ্রাহিণী** *স্ত্রী.*। **গুণগ্রাহিতা** *বি*। **গুণজ্ঞ** *বিণ* গুণগ্রাহী; গুণের সমঝদার। **গুণ টানা** *ক্রি* নৌকার মাস্তুলে দড়ি-তার ইত্যাদি বেঁধে টেনে নিয়ে যাওয়া। **গুণধর** *বিণ* ১ গুণবান; গুণশালী। ২ (ব্য.) কুক্রিয়াসক্ত; দোষের আকর; দুঃশীল; নীচ চরিত্র। **গুণধাম, গুণনিধি** *বি,বিণ* গুণী ব্যক্তি; বহু গুণের আকর বা আধার। **গুণপনা, গুণীপনা** *বি* নৈপুণ্য; দক্ষতা; গুণবত্তা। **গুণফল** *বি* (গ.) গুণ দ্বারা উৎপন্ন রাশি। **গুণবত্তা** *বি* গুণশালিতা; গুণপনা; সদ্‌গুণের বর্তমানতা। **গুণবন্ত** *বিণ* ১ গুণবান; গুণী। ২ গুণধর। **গুণবাচক** *বিণ* গুণ প্রকাশ করে এমন; গুণপ্রকাশক। **গুণবাদ** *বি* গুণবর্ণন বা কীর্তন; প্রশংসাবাদ। **গুণবান** *বিণ* গুণশালী; গুণী। **গুণবতী** *স্ত্রী.*। **গুণবৃক্ষ** *বি* নৌকার মাস্তুল যার সঙ্গে গুণ বাঁধা হয়। **গুণবৈষম্য** *বি* ১ গুণের অসমতা। ২ বিরুদ্ধ গুণের সমাবেশ; পরস্পর বিপরীত গুণের একত্র সমাবেশ। **গুণময়** *বিণ* গুণযুক্ত; গুণবান। **গুণময়ী** *স্ত্রী.*। **গুণমান** *বি* বিশিষ্ট গুণী ব্যক্তি; বহু গুণের জন্য আদৃত ব্যক্তি। **গুণমুগ্ধ** *বিণ* গুণের দ্বারা আকৃষ্ট বা মোহিত। **গুণমুগ্ধা** *স্ত্রী.*। **গুণশালী** *বিণ* গুণসম্পন্ন; গুণবান। **গুণশালিনী** *স্ত্রী.*। **গুণশালিতা** *বি*। **গুণসম্পন্ন** *বিণ* গুণযুক্ত; গুণবান। **গুণশূন্য** *বিণ* গুণহীন; নির্গুণ। **গুণসাগর** *বিণ* বহুগুণের অধিকারী; পরম গুণবান। **গুণহীন** *বিণ* গুণশূন্য; নির্গুণ। **গুণে ঘাট নাই**— কোনো বিষয়ে হীন নয়; সর্বগুণের আধার। (ব্য.) সকলপ্রকার দোষযুক্ত। **গুণের সাগর** *বিণ* ১ অত্যন্ত গুণবান। ২ (ব্য.) অত্যন্ত দোষযুক্ত।

গুণক *বি* যে রাশি বা সংখ্যা দ্বারা গুণ করা হয়। ▢ *বিণ* গুণকারক। [স.]

গুণন *বি* পূরণ। **গুণনীয়, গুণ্য** *বি,বিণ* গুণ করতে হবে এমন; যে সংখ্যা বা রাশি দিয়ে গুণ করতে হবে। **গুণনীয়ক** *বি* যে রাশি দিয়ে বিশেষ কোনো রাশিকে ভাগ করলে অবশিষ্ট থাকে না। **গুণফল** *বি* গুণনের দ্বারা প্রাপ্ত রাশি বা সংখ্যা। [স.]

গুণাকর *বি* ১ গুণের খনি; গুণের আধার। ২ সর্বপ্রকার গুণসম্পন্ন ব্যক্তি। [স. গুণ+আকর]। **গুণাগুণ** *বি* গুণ ও দোষ; দোষগুণ; ভালোমন্দ। [স. গুণ+অগুণ]। **গুণাঢ্য** *বিণ* গুণসম্পন্ন বা সমৃদ্ধ; গুণশালী। [স. গুণ+আঢ্য]। **গুণাতীত** *বিণ* সর্বগুণের অতীত; নির্গুণ। ▢ *বি* আল্লাহ; পরম ব্রহ্ম। [স. গুণ+অতীত]। **গুণধর** *বিণ* গুণী; (ব্য.) অকর্মণ্য (গুণধর পুত্র আমার)। **গুণাধার** *বি* সর্বগুণ–সম্পন্ন ব্যক্তি; গুণবান ব্যক্তি। [স. গুণ+আধার]। **গুণানুবাদ** *বি* গুণের প্রশংসা, গুণকীর্তন। [স. গুণ+অনুবাদ]। **গুণানুরাগ** *বি* গুণের প্রতি আকর্ষণ; গুণগ্রাহিতা। [স. গুণ+অনুরাগ]। **গুণান্বিত** *বিণ* গুণযুক্ত; গুণসম্পন্ন। [স. গুণ+অন্বিত]। **গুণাবলী, গুণাবলি** *বি* গুণসকল; গুণসমূহ। [স. গুণ+আবলী, আবলি]। **গুণাভাস** *বি* ১ গুণের তুল্য; গুণের সাদৃশ্য। ২ গুণ আছে এরূপ ভুল। [স. গুণ+আভাস]। **গুণার্ণব** *বি* অনেক গুণের অধিকারী ব্যক্তি; গুণের সাগর। [স. গুণ+অর্ণব]। **গুণালঙ্কার** *বি* নানাগুণের মূল্যবান আভরণ; গুণসমূহে সমৃদ্ধ। [স. গুণ+অলঙ্কার]। *বিণ*।

গুণিতক *বি* যে রাশিকে অন্য নির্দিষ্ট রাশি দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে না। [স. গুণিত+ক]

গুণিন, গুনিন *বি* ওঝা; মন্ত্রতন্ত্রে বা তুকতাকে দক্ষ ব্যক্তি। [স. গুণিন্]

গুণী *বিণ* ১ গুণ আছে এমন; গুণসম্পন্ন; বিদগ্ধ। ২ কলাবিদ। ৩ ধার্মিক। ৪ সত্ত্বপ্রভৃতি গুণযুক্ত। ৫ মন্ত্রতন্ত্রজ্ঞ; গুণিন; ওঝা। [স.]

গুণ্ঠন *বি* ১ ঘোমটা; অবগুণ্ঠন। ২ বেষ্টন; আবরণ; আচ্ছাদন। **গুণ্ঠিত** *বিণ* ১ বেষ্টিত; আবৃত; আচ্ছাদিত। ২ গুটানো; সংকুচিত। **গুণ্ঠিতা** *বিণ স্ত্রী.* অবগুণ্ঠিতা; গুণ্ঠনাবৃতা। [স. গুণ্ঠ+অন]

গুণ্ডা *বি* ১ বদমাশ; দুর্জন; দুর্বৃত্ত। ২ জবরদস্তকারী। **গুণ্ডামি, গুণ্ডামো** *বি* গুণ্ডার বৃত্তি বা গুণ্ডার মতো আচার ব্যবহার। [হি.]

গুদ *বি* ১ গুহ্যদেশ; মলদ্বার; পায়ু। ২ (পশ্চিমবঙ্গে) স্ত্রী-চিহ্ন; যোনি। [হি.]

গুদাম *বি* ১ মালখানা। ২ ভাঁড়ার। ৩ বদ্ধ আলোবাতাসহীন কামরা। [পো./ই.]

গুদার, গুদারা[১] *বি* খেয়াঘাট। [ফা. গুদার]

গুদারা[২], **গুজারা** *বি* বড় খেয়া নৌকা; খেয়া নৌকা। [ফা.]

গুন[১], **গুণ** *বি* ১ দড়ি; পাকানো মোটা সুতা; রজ্জু; কাছি। ২ সুতা। ৩ নৌকা টানার সুতাবিশেষ। [স. গুণ>]। **গুনারি** *বি* যে গুন টানে।

গুন[২] *বি* চট বা সেলাই করা চটের থলি। [স. গোণী>]। **গুন চট** *বি* শণের সুতা দ্বারা প্রস্তুত মোটা চট বা চটের থলি।

গুনসূচ, গুনছুঁচ *বি* চট সেলাই করার বড় সূচ।

গুনগুন *অব্য* মৃদু মধুর ধ্বনি; গুঞ্জন।

গুনা[১], **গুনাহ** *বি* ১ পাপ; অন্যায়। ২ অপরাধ; দোষ। [ফা. গুনাহ্]। **গুনাখাতা** *বি* পাপ; দোষ। **গুনাগার, গুনাহগার** *বিণ* ১ পাপী। ২ অপরাধী। ▢ *বি* ১ জরিমানা; অর্থদণ্ড। ২ আক্কেল সেলামি। **গুনাগারি** *বি* ১ জরিমানা; অর্থদণ্ড। ২ আক্কেল সেলামি।

গুনা[২], **গুনো** *বি* তার; ধাতুনির্মিত সুতা; ধাতুসূত্র। [স. গুণ]

গুপ্ত *বিণ* ১ গূঢ়; লুক্কায়িত। ২ লুকিয়ে বা গোপন রাখা হয়েছে এমন। ৩ অপরিজ্ঞাত; অদৃশ্য। ৪ সংবৃত; আচ্ছাদিত। ৫ সংরক্ষিত; সম্যকভাবে রক্ষিত বা পালিত। ৬ উপাধিবিশেষ। ▢ *বি,বিণ স্ত্রী.* গুপ্তা। [স.]। **গুপ্তকথা** *বি* ১ গোপনীয়, অপ্রকাশ্য, অব্যক্ত কথা। ২ অপ্রকাশিত কাহিনী; অজ্ঞাত বৃত্তান্ত। **গুপ্তগতি** *বি* গোপনে গমন; গুপ্তচর। **গুপ্তচর** *বি* ১ গোয়েন্দা। ২ গোপনে সংবাদ

সংগ্রহকারী। **গুপ্ততোয়া** *বিণ* অন্তঃসলিলা। **গুপ্তধন** *বি* লুকানো ধন; যে ধনের সন্ধান কেউ জানে না। **গুপ্তবেশ** *বি* ছদ্মবেশ। **গুপ্তভোট, গুপ্তমত** *বি* ব্যালটে ভোট। **গুপ্তমন্ত্র** *বি* মন্ত্রগুপ্তি; রাজার বা রাষ্ট্রপতির মন্ত্রণা যা কেউ জানতে পারে না। **গুপ্তরহস্য** *বি* গোপনীয় বিষয়ে গূঢ় তত্ত্ব।

গুপ্তি *বি* ১ ফাঁপা যষ্টির অভ্যন্তরে লুক্কায়িত সরু তরবারি; অস্ত্রবিশেষ। ২ গুপ্তভাবে রক্ষণ। [স. গুপ্>]।

গুফা, গুমফা *বি* পর্বতগুহা; পর্বত-কন্দর। [গুহা> কিংবা গুপ্>]

গুবলেট *বি* উদ্ভট মিশ্রণ।

গুবাক, গূবাক *বি* ১ সুপারি। ২ সুপারিগাছ। [স.]

গুম[১], **গুম** *অব্য* গম্ভীর শব্দবোধক। ❑ *বি* ১ গম্ভীর। ২ নির্বাক বা নিশ্চুপ ও গম্ভীর। ৩ স্তম্ভিত; স্তব্ধ। ৪ অপ্রকাশিত বা বদ্ধ অবস্থাবোধক। **গুমগুম, গুমাগুম** *অব্য* উপর্যুপরি বা একাধিকবার গুম শব্দ। **গুমে গুমে** *ক্রিবিণ* ভেতরে ভেতরে; গুপ্তভাবে; চক্ষুর অগোচরে।

গুম[২] *বিণ* গুপ্ত; লুক্কায়িত। ❑ *বি, বিণ* ১ নিখোঁজ; লাপাত্তা। ২ গায়েব; অদৃশ্য। ❑ *বি* গুপ্তহত্যা। [ফা. গুম্]। **গুমি, গুমী** *বিণ* ১ গোপন; লুক্কায়িত। ২ অপরাধজনকভাবে লুক্কায়িতকরণ সম্বন্ধীয়। **গুমট, গুমোট** *বি* বায়ু থমথমে থাকার ফলে যে গরম; বায়ু চলাচলের অভাবজনিত ভাপসা গরম। ❑ *বিণ* স্তব্ধ।

গুমটি, গুমটিঘর *বি* প্রহরীদের থাকবার অপ্রশস্ত কুঠরিবিশেষ। [হি. গুমটি]

গুমর, গুমোর *বি* ১ অহঙ্কার; দেমাক। ২ গোপন কথা গোপন অভিসন্ধি। ৩ মূল্য। ৪ চাহিদা। [হি. গুমর; ফা. গুমান]

গুমরানো, গুমরনো *ক্রি* চাপা শোক দুঃখ বা ক্রোধ প্রভৃতিতে ক্লেশ পাওয়া। [ফা. গুমসুম>]। **গুমরানি** *বি* ১ অসন্তোষসূচক চাপা গর্জন। ২ চাপা শোক দুঃখ বা বেদনার কাতরানি।

গুমরাহ, গোমরাহ *বিণ* বিপথগামী; পথভ্রষ্ট; পথভ্রান্ত। [ফা. গুমরাহ্]। **গুমরাহি** *বি*।

গুমান *বি* ১ গর্ব; অহঙ্কার; দেমাক। ২ অনুমান। [ফা. গুমান]

গুম্ফ *বি* ১ গোঁফ; মোচ। ২ গুচ্ছ; গোছা; স্তবক। [স.]

গুম্ফন *বি* ১ গ্রন্থিতকরণ; গ্রন্থন। ২ রচনা-বিন্যাস। **গুম্ফিত** *বিণ* ১ গ্রথিত; গাঁথা। ২ রচিত; প্রস্তুত। [স. √গুম্ফ্+অন]

গুম্বজ, গম্বুজ *বি* মসজিদ মন্দির মিনার মাজার প্রভৃতির গোলাকার শীর্ষদেশ। [ফা. গুম্বদ]

গুরু *বি* ১ ধর্মজীবনের উপদেষ্টা; সাধনপন্থা নির্দেশক। ২ উপদেশক; শিক্ষক; ওস্তাদ। ৩ সম্মানে বা বয়সে জ্যেষ্ঠ; মাননীয় ব্যক্তি। ❑ *বিণ* ১ ভারী; ওজনসম্পন্ন; লঘু বা হালকা নয় এমন। ২ দুর্বহ। ৩ দায়িত্বপূর্ণ। ৪ কঠিন; মহান। ৫ দুরূহ। ৬ শ্রদ্ধেয়; মাননীয়। ৭ অতিশয়; অধিক। ৮ দীর্ঘ মাত্রাযুক্ত। [স.]। **গুরুকন্যা** *বি* ওস্তাদের কন্যা। **গুরু করা, গুরু করণ** *বি* পীর ধরা; গুরু বলে স্বীকার করে দীক্ষিত হওয়া। **গুরুকুল** *বি* গুরুর বংশ। **গুরুক্রম** *বি* গুরু পরম্পরা। ❑ *বিণ* গুরুক্রমিক। **গুরুগত** *বিণ* ১ গুরুর অনুগত; গুরুর বাধ্য। ২ গুরুঘটিত। **গুরুগম্ভীর** *বিণ* ১ ওজোগুণসম্পন্ন ও মহত্ত্বপূর্ণ। ২ গভীর অর্থযুক্ত ও গম্ভীর শব্দবিশিষ্ট। ৩ উচ্চ ও গম্ভীর। **গুরুগিরি** *বি* ১ গুরুর বৃত্তি; শিক্ষকতা। ২ গুরুর মতো ভাবভঙ্গি। **গুরুগৃহ** *বি* শিক্ষকের বাড়ি। **গুরুঘাতক, গুরুঘাতী, গুরুঘ্ন** *বিণ* গুরুহন্তা। **গুরুচণ্ডালী** *বি* অসঙ্গতি; সাধু ভাষার সাথে কথ্য ভাষার ব্যবহাররূপ দোষ বিশেষ; সংস্কৃত শব্দের সাথে দেশজ শব্দের মিশ্রণের অসঙ্গতি। **গুরুজন** *বি* সম্মানিত ব্যক্তি; গুরুর ন্যায় মান্য ব্যক্তি; বয়স বা জ্ঞানে জ্যেষ্ঠ ব্যক্তি; মুরুবিব। **গুরুজল** *বি* ধাতুমিশ্রিত জল; যে জলে সাবানের ফেনা হয় না। **গুরুঠাকুর** *বি* ১ হিন্দুদের পারিবারিক বা বংশানুক্রমিক ধর্মোপদেষ্টা। ২ মহামান্য ব্যক্তি। **গুরুতনয়** *বি* গুরুর পুত্র; ওস্তাদের পুত্র। **গুরুতর** *বিণ* দুইয়ের মধ্যে বেশি গুরুত্বপূর্ণ। ❑ *বি* সাংঘাতিক; ভয়ানক; অত্যন্ত; মহা। **গুরুতা, গুরুত্ব** *বি* ১ গুরুগিরি। ২ মহত্ত্ব। ৩ ভার; ওজন। ৪ আধিক্য। ৫ গাম্ভীর্য। ৬ কাঠিন্য। ৭ স্তূপ; পিণ্ড। **গুরুদক্ষিণা** *বি* ১ শিক্ষা বা দীক্ষাদানের জন্য গুরুর প্রাপ্য অর্থপ্রভৃতি। ২ (ব্য.) প্রহার বা অন্য উপায়ে অপদস্থকরণ; উত্তম-মধ্যম। **গুরুদশা** *বি* ১ পিতা বা মাতার মৃত্যুজনিত অশৌচ অবস্থা। ২ বৃহস্পতির দশা। **গুরুদেব** *বি* গুরু; শ্রদ্ধেয় গুরু। **গুরুনিতম্ব** *বিণ* যার নিতম্বদেশ স্থূল। **গুরুনিতম্বা, গুরুনিতম্বিনী** *স্ত্রী*। **গুরু-নিন্দা** *বি* গুরুর নিন্দা। **গুরুপত্নী** *বি* গুরুর স্ত্রী। **গুরু-পরিচর্যা** *বি* গুরুর সেবা; ওস্তাদের খেদমত। **গুরুপাক** *বিণ* সহজে পরিপাক হয় না এমন; দুষ্পাচ্য। **গুরুপাট, গুরুর পাট** *বি* গুরুর স্থান। **গুরুপুত্র** *বি* গুরুর ছেলে। **গুরুপুরুত, গুরু-পুরোহিত** *বি* হিন্দুদের মন্ত্রগুরু এবং পুরোহিত। **গুরুপূজা** *বি* গুরুর সেবা ও সম্মান। **গুরুবধ** *বি* গুরুহত্যা। **গুরুবরণ** *বি* দীক্ষাগুরুকে বস্ত্রালঙ্কার দ্বারা সম্মান। **গুরুবর্ণ** *বি* উচ্চবর্ণ। **গুরুবল** *বি* ১ গুরুর আশীর্বাদ; গুরুর কৃপাবল। ২ গুরুর করুণারূপ শক্তি। **গুরুবার** *বি* বৃহস্পতিবার। **গুরুভক্ত** *বি* গুরুর প্রতি ভক্তিমান। **গুরুভাই** *বি* একই গুরুর শিষ্য। **গুরুভার** *বি* ১ অধিক ভার। ২ দায়িত্বের আধিক্য। ❑ *বিণ* ১ অধিক ভারযুক্ত; খুব ভারী। ২ অত্যধিক দায়িত্বযুক্ত। **গুরুমহাশয়, গুরুমশাই** *বি* ১ শিক্ষক বা পাঠশালার পণ্ডিত। ২ (ব্য.) অকালপক্ব বালক; নেতৃত্ব ফলানো। **গুরুমা** *বি* ১ ধর্মোপদেশ দাত্রী। ২ গুরুপত্নী। ৩ শিক্ষাদাত্রী; শিক্ষিকা। **গুরুমারা বিদ্যা** *বি* ১ গুরু থেকে লব্ধ যে বিদ্যা দ্বারা গুরুকেই পরাস্ত করা হয়; গুরুর শিষ্য হয়েও সেই গুরুকে হারাবার মতো বিদ্যা; গুরু থেকে প্রাপ্ত বিদ্যা দ্বারা গুরুকে শিক্ষাদান। ২ গুরুর নিকট থেকে লব্ধ অপপ্রযুক্ত বিদ্যা। **গুরুমুখী**[১] **বিদ্যা** *বি* যে বিদ্যা কেবল গুরুর মুখ থেকে শুনে অধিগত করতে হয়। **গুরুরত্ন** *বি* পুষ্পরাগ মণি। **গুরুশিষ্য** *বি* শিক্ষক ও ছাত্র। **গুরুশুশ্রূষা** *বি* গুরুর সেবা। **গুরুসেবা** *বি* গুরুর পরিচর্যা। **গুরুস্থানীয়** *বিণ* গুরুতুল্য; গুরু পদবাচ্য। **গুরুহত্যা** *বি* গুরুকে হত্যা করারূপ মহাপাতক। **গুরুহন্তা, গুরুহা** *বিণ* গুরুহত্যাকারী।

গুরুগুরু *অব্য* ১ মৃদুগম্ভীর মেঘগর্জন ধ্বনি। ২ ভয়ের অনুভূতিজনিত দ্রুত হৃৎকম্পবোধক।

গুরুমুখী[২], **গুরমুখি** *বি* ১ শিখদের ভাষা ও বর্ণমালা। ২ পাঞ্জাবি ভাষার বর্ণমালা বিশেষ।

গুরুয়া *বিণ* গুরু; ভারী; স্থূল। [স. গুরু>]

গুর্খা *বি* পার্বত্য যোদ্ধা জাতিবিশেষ; নেপালি।

গুর্বিণী *বি* গর্ভবতী; গর্ভিণী। [স.]

গুর্বী *বি* গুরুর স্ত্রী; গুরুপত্নী। ❑ *বিণ* ১ মহিমময়ী;

গৌরবময়ী। ২ মহতী, বিশাল। ৩ গর্ভবতী। [স. গুরু+ঈ]

গুল[১] *বি* ১ পোড়া তামাক। ২ কয়লার গুঁড়ার সাথে গোবর ও মাটি মিশিয়ে প্রস্তুত গুলি। ৩ তামাকের কলিকার টিকা। [ফা. গুল, স. গুলিকা>]

গুল[২] *বি* ১ গোলাপ ফুল। ২ ফুল। ৩ ফুলের নকশা বা চিত্র। [ফা. গুল]। **গুলকারী** *বি* ফুল আঁকা; ফুলের নকশা।

গুল[৩] *বি* ১ বানানো গল্প; মিথ্যা গল্প। ২ ধাপ্পা; ফাঁকি; পট্টি। [ফা. গলতান>]

গুলজার, গোলজার *বিণ* ১ জাঁকজমকপূর্ণ। ২ জনাকীর্ণ; ঘনবসতিপূর্ণ; জমজমাট। ☐*বি, বিণ* জমজমাট। ☐*বি* ফুলের বাগান। [ফা. গুলযার]

গুলঞ্চ *বি* ১ ফুলবিশেষ। ২ একজাতীয় লতা (আম গুড়ুচ) যা কবিরাজি চিকিৎসায় ব্যবহৃত হয়। [স. গুড়ুচী>]

গুলতাই *বি* গুলতি; গুলি নিক্ষেপের ধনু; গুলি ছোঁড়ার বাঁটুল। (ওঁরাও ভাষায়) **গুলেন** *বি* মাটির ক্ষুদ্র ঢেলা বা পাথরকুঁচি ছুড়ে মারার ধনু।

গুলতান, গুলতানি *বি* ১ গল্পগুজব; গালগল্প। ২ গোলযোগ। ৩ জটলা; ঘোঁট। [ফা. গল্‌তান]

গুলতি *বি* বাঁটুল; মাটির গুলি বা ঢিল ছুড়বার ধনুবিশেষ। [হি. প্রা. বা. গুলতাই>গুলতি]

গুলদস্তা *বি* ১ ফুলের তোড়া। ২ ফুলদানি। [ফা. গুলদস্তা]।

গুলদান, গুলদানি *বি* পুষ্পপাত্র; ফুলদান। [ফা. গুলদান]।

গুলদার *বিণ* ফুলের নকশা–কাটা; বুটিদার। [ফা. গুলদার]

গুলনকশা *বি* ১ ফুল পাতা তোলা রেশমি কাপড়। ২ চিকনের ফুল তোলা কাজ। [ফা. গুল+আ. নকশ]

গুলপট্টি *বি* ১ ধাপ্পাবাজি; ফাঁকিবাজি; ধোঁকাবাজি। ২ ধাপ্পা; ফাঁকি। **গুলপট্টি মারা** *ক্রি* ধাপ্পা দেওয়া। [ফা. গলতান]

গুলবদন[১] *বিণ* কোমলাঙ্গ; নরম দেহবিশিষ্ট গোলাপের মতো কোমলদেহী। ☐*বি* রেশমি শাড়িবিশেষ। [ফা. গুল+আ. বদন]। **গুলবদনী** *বিণ স্ত্রী.* কোমলাঙ্গী; নরম দেহবিশিষ্টা।

গুলবদন[২] *বিণ* পুষ্পের মতো মুখ এমন। [ফা. গুল+স বদন]

গুলবন্দী *বি* জামিন; প্রতিভূ; পাবন্দি। [হি. গোড়+ফা. বন্দী]

গুলবাগ, গুলবাগিচা *বি* ফুলবাগান; কুসুম কানন। [ফা. গুল+বাগ]

গুলরুখ *বিণ* ১ গণ্ডদেশ গোলাপের ন্যায়; রঙিন কপোল এমন। ২ রক্ত রঙিন।

গুলশান *বি* পুষ্পোদ্যান; কুসুম কানন; ফুলবাগান। [ফা. গুলশান]।

গুলা, গুলি[১]**, গুলো** *অব্য* ১ বহুত্ব নির্দেশক প্রত্যয়। ২ বিশেষ সমষ্টিবোধক প্রত্যয়। [স. কুল>]

গুলানো, গুলনো *ক্রি* ১ গুলিয়ে বা গোলমাল করে ফেলা; এলোমেলো করা; বিভিন্ন প্রকার দ্রব্যের মিশ্রণ করা। ২ বিশৃঙ্খল হওয়া। ☐*বি* উক্ত অর্থসমূহে। [স. ঘূর্ণ>ঘুল+আ. নেড়ে ঘোলা করা> গুলা]

গুলাল *বি* ১ আবির; ফাগ। ২ সুগন্ধি তুলসী গাছ; বাবুই তুলসী। ৩ সুগন্ধি পুষ্পবিশেষ। ৪ গুলতি। [হি. গুলাল; ফা. গুল্লালা]

গুলি[২]**, গুলী** *বি* ১ গুটিকার মতো বস্তু; বাঁটুলের ন্যায় ছোট গোলা। ২ বড়ি। ৩ বাঁটুল; নুড়ি; গুটি। ৪ বন্দুকের ছররা বা বুলেট। ৫ হাতে পায়ের পিণ্ডাকার মাংসপেশি। ৬ চণ্ডু; আফিম থেকে প্রস্তুত মাদকদ্রব্যবিশেষ। **গুলিখোর** *বি, বিণ* চণ্ডুসেবী; আফিংখোর। [স. গুড়+অ+ঈ>হি গোলী>]

গুলিকা *বি* ১ গুটি; গুটিকা। ২ বটিকা; বড়ি। ৩ বন্দুক ইত্যাদি দিয়ে ছুড়বার গুলি। [স.]

গুলিস্তাঁ, গুলিস্তান *বি* ১ পুষ্পবন; ফুলের বাগান। ২ শেখসাদীর বিখ্যাত কাব্যগ্রন্থ। ৩ ঢাকার গুলিস্তান নামক স্থান। [ফা. গুলিস্তাঁ]

গুলুপ্তি *বি* ভাজা মুগের ডাল, পোলাওয়ের চাল, আদা, তেজপাতা ইত্যাদি সহযোগে তৈরি জাউয়ের মতো লঘুপাচ্য খাবার। [আঞ্চলিক]

গুলফ *বি* পায়ের গোড়ালি; পাদগ্রন্থি; গ্রন্থি। [স.]

গুল্ম *বি* ১ ছোট গাছের ঝাড়। ২ কাণ্ডহীন কাছ। ৩ সৈন্যদের ঘাঁটি। ৪ হিন্দু পুরাণোক্ত সৈন্য সংখ্যাবিশেষ। ৫ প্লীহা বৃদ্ধির ফলে রোগবিশেষ। [স.]

গুষ্টি, গুষ্ঠি *বি* ১ গোষ্ঠী; বংশ; গোত্র। ২ অবাঞ্ছিত ও বিরক্তিকর বহু ব্যক্তি। [স. গোষ্ঠী>]। **গুষ্টির পিণ্ডি, গুষ্টির মাথা** *বি* একান্ত অবাঞ্ছিত বিরক্তিকর বস্তু অর্থে গালিবিশেষ। **গুষ্টিসুখ, গোষ্ঠীসুখ** *বি* আত্মীয় পরিজনদের সঙ্গসুখ।

গুহ *বি* ১ হিন্দু দেবতা বিষ্ণু। ২ হিন্দু দেবতা কার্তিক। ৩ বাংলাভাষী কায়স্থের উপাধিবিশেষ। ৪ রামায়ণে বর্ণিত গুহক চণ্ডাল। [স.]। **গুহষষ্ঠী** *বি* তিথিবিশেষ; অগ্রহায়ণের শুক্লা ষষ্ঠী।

গুহা *বি* ১ গহ্বর; গর্ত। ২ পর্বত কন্দর; শৈলগহ্বর। ৩ নিভৃত স্থান; গূঢ় বা গুপ্তস্থান; অন্তরতম স্থান; গভীর গোপনপ্রদেশ। **গুহাচর** *বিণ* গুহায় বিচরণ করে এমন; গুহায় বিচরণকারী। **গুহালীন** *বিণ* গুহাগত; গুহাস্থিত। ☐*বি* পরম গভীর। **গুহাশয়** *বিণ* ১ গুহায় শয়নকারী বা বাসকারী। ২ সিংহ বাঘ ইত্যাদি বন্যপশু। [স. √গুহ্‌+অ+আ]।

গুহাহিত, গুহায়িত *বিণ* ১ গুহাতে আবদ্ধ। ২ গুহ্য; নিভৃত; গুহায়িত।

গুহ্য *বিণ* ১ অপ্রকাশ্য; গোপনীয়। ২ নিগূঢ়; রহস্যময়। ৩ নিভৃত; গুপ্ত; একান্ত। ৪ দুর্বোধ্য; দুর্জ্ঞেয়। ☐*বি* মলদ্বার। [স.]

গূঢ় *বিণ* ১ গুপ্ত; লুক্কায়িত; অপ্রকাশিত। ২ দুর্জ্ঞেয়; দুর্বোধ্য; জটিল। ৩ দুষ্প্রবেশ্য; দুর্গম; গহন। ৪ প্রচ্ছন্ন; আচ্ছাদিত; সংবৃত। ৫ মর্মগত; আন্তরিক; নিবিড়। ৬ নির্জন; নিভৃত। [স.]। **গূঢ়চারী** *বিণ* গোপনচারী; অলক্ষ্য বা প্রচ্ছন্ন গতি এমন। **গূঢ়তা** *বি* নিভৃতি; গোপনীয়তা। **গূঢ়পথ** *বি* গোপন পথ। **গূঢ়পাদ** *বি* ১ কচ্ছপ। ২ সর্প। **গূঢ়পুরুষ** *বি* গুপ্তচর। **গূঢ় ফণা** *বি* সংবৃত সংগুপ্ত বা সঙ্কুচিত চক্র। **গূঢ়বৃক্ষ** *বি* কবরী বৃক্ষ। **গূঢ়মায়া** *বিণ* বোধাতীত মায়াসম্পন্ন। **গূঢ়মার্গ** *বি* গুপ্তপথ; সুড়ঙ্গ।

গৃধিনী *বি স্ত্রী.* শকুনি। [স.]

গৃধ্নু *বিণ* লোভী; লোলুপ; লোভযুক্ত। [স.]

গৃধ্র *বি* শকুন। **গৃধ্রী** *স্ত্রী.*। **গৃধ্ররাজ** *বি* ১ জটায়ু। ২ সম্পাতি। ৩ গরুড়। [স.]

গৃহ *বি* ১ বাড়ি; বাটি; ভবন। ২ বাসস্থান; আবাস। ৩ ঘর;

কক্ষ; কামরা। ৪ গৃহাশ্রম; সংসার। [স.]। **গৃহকপোত** *বি* পারাবত; পায়রা। **গৃহকর্তা** *বি* গৃহস্বামী; পরিবারের প্রধান বা পালক। **গৃহকর্ত্রী** *স্ত্রী.*। **গৃহকর্ম, গৃহকার্য** *বি* গৃহস্থালির কাজ; ঘরকন্নার কাজ; সাংসারিক কাজ। **গৃহকোণ** *বি* ১ ঘরের কোণ বা অভ্যন্তর বা প্রান্ত। ২ অন্তঃপুর। ৩ সংসার। **গৃহগোধা, গৃহগোধিকা** *বি* টিকটিকি। **গৃহচ্ছিদ্র** *বি* পারিবারিক কলঙ্ক বা ঘরের দোষ; গৃহাপবাদ। **গৃহচ্যুত** *বিণ* নিজ গৃহ থেকে বিতাড়িত। **গৃহজ, গৃহজাত** *বিণ* গৃহোৎপন্ন; গৃহ-প্রস্তুত; ঘরের তৈরি। **গৃহতটী** *বি* রোয়াক; রক; ঘরের দাওয়া। **গৃহতল** *বি* ঘরের মেঝে। **গৃহত্যাগ** *বি*১ আবাস পরিত্যাগ; আশ্রয় ত্যাগ। ২ সংসার ত্যাগ। ৩ সন্ন্যাসগ্রহণ; বৈরাগ্য অবলম্বন। **গৃহদাহ** *বি* ১ অগ্নি সংযোগে গৃহের আংশিক বা সম্পূর্ণ ভস্মীভূত হওয়া। ২ সাংসারিক বিপর্যয়। **গৃহদেবতা** *বি* হিন্দুদের মধ্যে পুরুষানুক্রমে পূজিত দেবতা; কুল-দেবতা; বাস্তু দেবতা; গৃহে প্রতিষ্ঠিত দেবতা। **গৃহদেবী** *বি*১ হিন্দুদের ষষ্ঠী দেবী। ২ গৃহিণী। **গৃহদ্বার** *বি*১ ঘরের দরজা। ২ সন্নিধি; নিকট। **গৃহধর্ম** *বি* ১ গৃহস্থের ধর্ম; গার্হস্থ্য ধর্ম; সংসার ধর্ম। ২ গৃহস্থের পালনীয় কর্তব্য। **গৃহপতি** *বি* ১ গৃহস্বামী। ২ বৈশ্য; বণিক। **গৃহপাল** *বি* গৃহস্বামী। **গৃহপালিত, গৃহপোষ্য** *বিণ* ঘরে পালন করা হয় বা হয়েছে এমন; পোষা। **গৃহপ্রতিষ্ঠা** *বি* গৃহের ভিত্তি স্থাপন। **গৃহপ্রবেশ** *বি* নবনির্মিত গৃহাদিতে বাসের উদ্দেশ্যে প্রথম প্রবেশ ও সেই উপলক্ষে অনুষ্ঠান। **গৃহবলিভুক** *বি*১ কাক। ২ চড়ুইপাখি। ৩ কপোত। **গৃহবাটিকা** *বি* ১ বাসগৃহ সংলগ্ন উদ্যান। ২ বাগান বাড়ি। **গৃহবাসী** *বি,বিণ* ১ গৃহে বাস করে যে; গৃহস্থ। ২ সংসারী। **গৃহবিচ্ছেদ** *বি*১ পরিজনের মধ্যে কলহ; পারিবারিক ঝগড়া-বিবাদ। ২ আত্মকলহ। **গৃহবিবাদ** *বি* ১ পারিবারিক কলহ। ২ একই রাষ্ট্রের প্রজাগণের মধ্যে পরস্পর যুদ্ধ বিগ্রহ; রাষ্ট্রের অন্তর্বিপ্লব। **গৃহভেদী** *বিণ* পরিবারের মধ্যে বিরোধ ঘটায় এমন; ঘর ভাঙানে। **গৃহমণি** *বি* দীপ; প্রদীপ। **গৃহমার্জার** *বি* পোষা বিড়াল। **গৃহমৃগ** *বি* গৃহপালিত কুকুর। **গৃহমেধী** *বি* গৃহস্থ। ❑ *বিণ* গৃহজাত। **গৃহযাচিকা** *বি* চামচিকা। **গৃহযুদ্ধ** *বি* ১ ঘরোয়া ঝগড়া-বিবাদ। ২ রাজ্যের অন্তর্বিপ্লব। **গৃহলক্ষ্মী** *বি* ১ কুলবধূ। ২ গৃহের লক্ষ্মীস্বরূপা গৃহিণী। **গৃহশত্রু** *বি* যে ব্যক্তি গোপনে স্বগৃহ বা স্বদেশের ক্ষতিজনক কাজ করে। **গৃহশূন্য** *বিণ* ১ আশ্রয়হীন; নিরাশ্রয়। ২ মৃতপত্নীক; বিপত্নীক। **গৃহসজ্জা** *বি* ঘরের আসবাবপত্র। **গৃহস্থ, গেরস্থ, গেরস্ত** *বি* ১ সংসারী মানুষ। ২ মধ্যবিত্ত লোক। ❑ *বিণ* গৃহে আছে এমন; গৃহস্থিত। **গৃহস্থালি, গেরস্থালি** *বি* ঘরকন্না বা সংসারের কাজ। **গৃহস্বামী** *বি* বাড়ির বা পরিবারের কর্তা ব্যক্তি। **গৃহাগত** *বি,বিণ* ১ বাড়িতে আগত। ২ গৃহে প্রত্যাবর্তন করেছে যে। ৩ অতিথি। **গৃহান্তর** *বি* অন্যগৃহ; ভিন্ন কক্ষ। **গৃহাশ্রম** *বি* গার্হস্থ্য আশ্রম; গার্হস্থ্য বা সংসার ধর্ম। **গৃহাসক্ত** *বিণ* ১ সংসারে অত্যন্ত অনুরক্ত। ২ ঘরকুনো।

গৃহী *বি* ১ গৃহস্থ; সংসারী। ২ বিবাহিত ব্যক্তি। [স.]

গৃহীত *বিণ*১ গ্রহণ করা বা মানা হয়েছে এমন। ২ ধারণ করা হয়েছে এমন; ধৃত। ৩ প্রাপ্ত; লব্ধ। ৪ স্বীকার করা হয়েছে এমন; স্বীকৃত। ৫ আশ্রয়প্রাপ্ত; আশ্রিত। [স.]।

গেঁও *বি* গম; আটা।

গেঁজ, গ্যাঁজ *বি*১ অঙ্কুর। ২ আব।

গেঁজে, গেঁজিয়া *বি* টাকা ইত্যাদি রাখবার সরু লম্বা থলি।

গেঁজেল *বি,বিণ*১ গাঁজাখোর। ২ যে অসম্ভব কথা বলে; যে গাঁজাখুরি গল্প করে; অত্যন্ত মিথ্যাবাদী। [স. গঞ্জিকা+সেবী>বা. গাঁজা+ইয়াল]।

গেঁট, গ্যাঁট *বিণ* আঁটসাঁট; স্থির; অনড়।

গেঁটা, গ্যাঁটা, গাঁটা *বিণ* বেঁটে অথচ মোটা ও শক্তিশালী। **গাঁট্টাগোঁট্টা** *বিণ* বেঁটেখাটো; মোটাসোটা ও শক্তপোক্ত।

গেঁটে *বিণ*১ গাঁটযুক্ত; গ্রন্থিবিশিষ্ট; গ্রন্থিল; গ্রন্থি থেকে বা গ্রন্থিতে উৎপন্ন। ২ গ্রন্থি সংক্রান্ত। [স. গ্রন্থি>গাঁট+ইয়া বা.>এ]। **গেঁটে গেঁটে** *বিণ* গ্রন্থি বা কাঁটাবহুল।

গেঁড় বি ১ কন্দ। ২ গাঁটযুক্ত মূল। [স. গণ্ড>]

গেঁড়ু, গেঁড়ুয়া *বি*১ গোলক; ভাঁটা; বল। ২ স্তবক; তোড়া; মালা। [স. গেণ্ডুক>]

গেঁড়ো *বি*১ কলার এঁটে বা থোরের নিম্নাংশ। ২ বৃহদাকার কচু।

গেঁতো *বিণ*১ বিলম্বে কার্যকরণে অভ্যস্ত; দীর্ঘসূত্রী। ২ কুঁড়ে; অলস।

গেঁদে বসা *ক্রি* চেপে বসা; জুড়ে বসা; অধিকার করে বসা।

গেঁয়ে, গেঁয়ো *বি,বিণ* গ্রাম্য; গ্রাম্যতাদুষ্ট; সংস্কৃতিহীন; গ্রামবাসী। [গ্রাম্য>গাঁ+ইয়া>গেঁয়ে/গেঁয়ো]।

গেছো *বিণ*১ গাছ-সংক্রান্ত। ২ বৃক্ষসমূহে সঞ্চরণশীল বা ভ্রমণশীল; গাছে গাছে থাকে এমন। ৩ গাছে চড়তে ভালোবাসে এমন। ৪ পুংভাবাপন্ন; দুর্দান্ত; ডানপিঠে।

গেজ *বি* অঙ্কুর; গেঁজ।

গেজেট *বি*১ সংবাদপত্র। ২ সরকারি ইস্তাহার; সরকারি ফরমানের বিবরণ। ৩ যার কাছে সর্বপ্রকার সংবাদ থাকে; যে যাবতীয় খবর সংগ্রহ করে এবং বলে বেড়ায়। [ই. gazette]।

গেজা *বি* সুস্বাদু বা ভালো খাবার; খাদ্য। [আ. গিযা]

গেঞ্জি *বি* মেশিনে বোনা ছোট জামাবিশেষ; পুরুষের উর্ধ্বাঙ্গের অন্তর্বাস। [পর্তু. guernsey]

গেট *বি* ফটক; সদর দরজা; প্রবেশ দ্বার।

গেটলক *বিণ* দরজা তালাবদ্ধ এমন। [ই.]

গেড়ে বসা *ক্রি* কায়েমি হয়ে বা অটল হয়ে বসা।

গেণ্ডু, গেণ্ডুক *বি* ভাঁটা; কন্দুক; বল; গোলক; গেড়ুয়া। [স. গেণ্ডু]

গেণ্ডুয়া, গেন্দুক *বি* কন্দুক; বল; গোলক; গেড়ুয়া। [স. গেণ্ডুক>]।

গেদা *বি* শিশু। ❑ *বিণ* অল্প বয়স্ক। [আঞ্চলিক গেন্দা>]

গেনু *ক্রি* গমন করলাম; গেলাম। [ব্রজবুলি/আঞ্চলিক]

গেন্দা *বি* ১ শিশু সন্তান; শিশুপুত্র। ২ গাঁদা ফুল। **গেন্দী** *স্ত্রী.*।

গেয় *বিণ* গাওয়া হয় এমন; পাওয়ার যোগ্য।

গের *বি* গ্রন্থি; গিরা; গাঁট; বাঁধন। [ফা. গিরহ; স. গ্রন্থি]

গেরবাজ, গিরবাজ *বি* গৃহবাজ; উড়ন্ত অবস্থায় গোত্তা খেতে পটু ভালোজাতের পায়রা বিশেষ; লোটন পায়রা। [স. গৃহ+ফা. বাজ]

গেরানি, গিরানি *বি* মহার্ঘতা; মূল্যাধিক্য; খাদ্যাভাব; দুর্ভিক্ষ। [ফা. গেরানী]

গেরিলা, গ্যারিলা *বি* আক্রমণকারী গুপ্ত যোদ্ধা; স্থলচর সৈন্য। [ই. Guerilla]

গেরুয়া *বিণ* গৈরিক বর্ণযুক্ত বা গৈরিক বর্ণে রঞ্জিত। ❑ *বি*

গৈরিক বস্ত্র। [স. গৈরিক>]
গেরো *বি* ১ বিপদ; ফের; আপদ। ২ কুগ্রহ; দুর্ভাগ্য। [স. গ্রহ>]
গেল১, গেলো১ *ক্রি* ১ গমন করল। ২ প্রবেশ করল। ৩ শেষ বা সমাপ্ত হলো; মৃত্যু হলো। ৪ অতিবাহিত হলো; কাটলো। ৫ বহির্গত বা উত্তীর্ণ হলো। ৬ বিনষ্ট হলো। ৭ ব্যয় হলো।
গেল২, গেলো২ *বিণ* চলে গেছে এমন; বিগত; অব্যবহিত পূর্বের। [স. গত+বা. ইল্লা]
গেল৩, গেলো৩ *অব্য* ১ বিস্ময় প্রকাশক শব্দ। ২ ভীতি; হতাশা, দুশ্চিন্তা ইত্যাদি বোধক শব্দ।
গেলা, গিলা *ক্রি* ১ গলাধঃকরণ করা। ২ পান করা। ৩ ভোজন করা; আহার করা। ৪ আত্মসাৎ করা; গ্রাস করা। □*বিণ* উক্ত সকল অর্থে। **গিলানো** *ক্রি* ১ গলাধঃকরণ করানো। ২ ভোজন করানো। ৩ পান করানো। [স. নিগরণ/ভোজন/হি. নিগলনা]
গেলাপ, গেলাফ, গিলাফ *বি* ১ ওয়াড়, খোল। ২ আচ্ছাদন; আবরণ। [আ. গিলাফ]
গেলেমান, গিলমান *বি* ইসলামি বিশ্বাসমতে বেহেশ্তের সেবকবৃন্দ। [আ. গিলমান]। একবচনে গোলাম।
গৈরিক *বি* ১ গিরিমাটি। ২ রংবিশেষ; গেরুয়া রং। ৩ সোনা। ৪ গেরুয়া কাপড়। □*বিণ* পর্বতে উৎপন্ন। ৬ গেরুয়া। [স.]
গো১ *বি* ১ গরু; ধেনু; গাভী। ২ গো-জাতি। ৩ বৃষ; ষাঁড়। **গোক্ষীর** *বি* গরুর দুধ। **গোখাদক** *বিণ* গোমাংসভোজী। **গোগর্দভ** *বি,বিণ* অজমূর্খ; নিরেট মূর্খ। **গোগর্ভ** *বি* গাভীর উদর। **গোগৃহ** *বি* গোশালা; গোয়াল। **গোগ্রাস** *বি* ১ প্রায়শ্চিত্তের পর গরুর মুখে ঘাস দানের হিন্দু প্রথা। ২ গরুর মতো বড় গ্রাসের দ্রুত গলাধঃকরণ। **গোগ্রাসী** *বিণ* সর্বগ্রাসী। **গোঘ্ন** *বিণ* গো হত্যাকারী; গো-ঘাতক। □*বি* অতিথি। **গোচন্দন** *বি* গোরোচনা। **গোচারণ** *বি* গরু চরানো; গরুকে মাঠে নিয়ে গিয়ে তৃণাদি খাওয়ানো। **গোদান** *বি* হিন্দুদের মধ্যে ধেনুদানরূপ ধর্মকার্য। **গো-দেবতা** *বি* গো-ব্রাহ্মণ (দেবতা ও ব্রাহ্মণ)। **গো-দোহিনী** *বি* দুগ্ধ দোহনের পাত্র; দুধের কেঁড়ে। **গোধন** *বি* গরুরূপ সম্পদ। **গো-বৎস** *বি* বাছুর। **গোবেড়েন** *বি* গরুকে প্রহার করার ন্যায় নির্দয় প্রহার। **গো-বৈদ্য** *বি* ১ গাভীর রোগের চিকিৎসক। ২ হাতুড়ে চিকিৎসক। **গোব্রজ** *বি* ১ গোষ্ঠ। ২ গোচারণ ক্ষেত্র। **গো-ভাগাড়** *বি* গরুর মৃতদেহ ফেলবার স্থান। **গোমূত্র** *বি* চোনা। **গোমেধ** *বি* যজ্ঞবিশেষ। **গো-যান** *বি* গরুর গাড়ি। **গো-রক্ত** *বি* গরুর রক্ত। **গোরক্ষক** *বি* রাখাল। **গো-রস** *বি* ১ গরুর দুধ। ২ গরুর দুধ থেকে প্রস্তুত ঘি ইত্যাদি। **গোশালা** *বি* ১ গোয়াল। ২ গরু রাখবার স্থান। **গো-স্তন** *বি* ১ ওলান; গরুর স্তন। ২ চার-নরী হার। **গোস্তনি** *বি* গোস্তনের মতো যে ফল; দ্রাক্ষাফল; আঙুর।
গো২ *বি* ১ চক্ষু প্রভৃতি ইন্দ্রিয়। ২ ধরণী; পৃথিবী। [স.]
গো৩ *অব্য* সম্বোধনসূচক শব্দবিশেষ (সই গো)।
গোঁ *বি* জিদ; জেদ; রোখ। [গুম>]। **গোঁ গোঁ** *অব্য* যন্ত্রণা; ক্রোধ প্রভৃতিজনিত কাতরানি বা অস্ফুট শব্দ।
গোঁজ *বি* খোঁটা; কীলক। □*বিণ* বিরক্তি হেতু নির্বাক নিশ্চল ও গম্ভীর।
গোঁজা, গুঁজা *ক্রি* ১ প্রবেশ করানো; পোঁতা। ২ নত করা। ৩ কোনো প্রকারে সামান্য আশ্রয় লাভ করা। □*বি* ১ উক্ত সকল অর্থে। ২ অন্য কিছুর ভিতর যা গুঁজে দেওয়া হয়। ৩ মেরামত কাজের জন্য যা গুঁজে দেওয়া হয়; গুঁজি। ৪ কোনো প্রকারে দেওয়া মিল; গোঁজামিল। □*বিণ* গুঁজে দেওয়া হয়েছে এমন। **গোঁজামিল** *বি* ফাঁকি।
গোঁড় *বি* নাভিতে বৃদ্ধিপ্রাপ্ত মাংসপিণ্ড বা পিণ্ডাকার উচ্চ নাভি। [স. গোণ্ডা>]
গোঁড়া১ *বিণ* উচ্চ নাভিযুক্ত। [স. গোণ্ডা+বা. আ]। **গোঁড়ালেবু, গোঁড়ানেবু** *বি* গোঁড়যুক্ত অতিশয় অল্প স্বাদ ও বৃহদাকার এক জাতীয় লেবু; জামির।
গোঁড়া২ *বিণ* ১ যে পদমূল বা গুল্‌ফ থেকে নড়ে না; ধর্মমতে অন্ধবিশ্বাসী ও একগুঁয়ে। ২ অতিশয় সংরক্ষণশীল মনোভাবাপন্ন; প্রাচীনপন্থি; প্রচলিত মত বিশ্বাসে অতিশয় নিষ্ঠাবান। ৩ অন্ধভক্ত; প্রবল অনুরাগী। ৪ অত্যধিক পক্ষপাতী। [গোঁড়+আ]
গোঁড়ামি, গোঁড়ামো *বি* ১ ধর্মমত অন্ধবিশ্বাসের সঙ্গে ও একগুঁয়েভাবে অনুসরণ; ধর্মান্ধতা। ২ একান্ত রক্ষণশীলতা। ৩ অন্ধ ভক্তি। ৪ অত্যন্ত পক্ষপাত বা পক্ষপাতের আতিশয্য।
গোঁৎ, গোঁত *বি* ১ মাথা নিচু করে জলের মধ্যে বেগে প্রবেশের ভাব। ২ আকাশে বায়ুস্রোতে গুঁতা মারার ভঙ্গিতে কাত হয়ে হঠাৎ টাল খেয়ে নিচে নামার ভাব। ৩ মাথা নিচু করে মাথা দিয়ে ধাক্কা দেওয়া বা ঢুঁ দেওয়া। [গউতহ্+আ.]। **গোঁৎ খাওয়া, গোঁত্তা খাওয়া** *ক্রি* হঠাৎ টাল খাওয়া বা ঘুরে পড়া। **গোৎমারা, গোত্তামারা, গোঁতামারা** *ক্রি* মাথা কিছু নিচু করে বেগে বা টাল খেতে খেতে নিচে নামা।
গোঁফ *বি* ওষ্ঠদেশের লোমসমূহ; মোচ; গুম্ফ। [স. গুম্‌ফ>]। **গোঁফ-খেজুরে** *বিণ* অতিশয় অলস; অত্যন্ত কুঁড়ে। **গোঁফে তা দেওয়া** *ক্রি* ১ ভবিষ্যৎ লাভের আশায় উৎফুল্ল হওয়া। ২ বিনা কাজে কেবল শৌখিনতা করে কাটানো।
গোঁয়ানো, গোঙানো, গোঙ্গানো *ক্রি* ১ কাটানো। ২ অতিবাহিত হওয়া। ৩ পশ্চাতে যাওয়া; অনুগমন করা। ৪ মিলে মিশে থাকা; বনিবনা হওয়া। □*বি* অতিবাহন; যাপন; কাটানো। □*বিণ* অতিবাহিত; যাপিত। [ফা. গুজরা]
গোঁয়ার *বিণ* ১ অতিশয় জেদবিশিষ্ট; জেদি; একগুঁয়ে। ২ গেঁয়ো; বর্বর। ৩ কাণ্ডজ্ঞানহীন; হঠকারী; উদ্ধত। ৪ দুঃসাহসী। ৫ অশিক্ষিত; অমার্জিত; অসভ্য। [হি. গঁওয়ার, গাঁওয়ার]। **গোঁয়ার-গোবিন্দ** *বি,বিণ* কাণ্ডজ্ঞানহীন; হঠকারী ও দুঃসাহসী; জেদি ও অত্যন্ত ক্রোধী। **গোঁয়ারতুমি, গোঁয়ার্তুমি** *বি* গোঁয়ারের কাজ; হঠকারিতা ও দুঃসাহসিকতার ভাব।
গোঁয়ারা, গোমরা *বি* ১ মুহররমের তাজিয়া; হজরত ইমাম হাসান ও হজরত ইমাম হোসেনের কৃত্রিম শবাধার। ২ মুহররম উৎসব। [ফা. গোর (কবর), বহু. গোরান]
গোঁসাই, গোসাঁই, গোসাঞি *বি* ১ প্রভু। ২ জগদীশ্বর। ৩ বৈষ্ণব সম্প্রদায়ের গুরুবংশীয় ব্যক্তিদের উপাধি। ৪ বৈষ্ণব। ৫ হিন্দুদের মধ্যে স্বামী বা পূজনীয় ব্যক্তিদের বলা হয়। [স. গোস্বামী>(গো-বৈকুণ্ঠ, স্বামী-প্রভু)]
গোকর্ণ *বি* ১ অনামিকা ও অঙ্গুষ্ঠ বিস্তৃত করলে এদের মধ্যে যে ফাঁক হয় তা। ২ গণ্ডূষ। ৩ অশ্বতর; খচ্চর। ৪

সাপ। [স.]

গোকুল *বি*১ গরুর পাল। ২ গোষ্ঠ। ৩ যমুনা তীরের একটি গ্রাম; হিন্দু পুরাণোক্ত কৃষ্ণের বাল্য লীলাভূমি। [স.]। **গোকুলে বাড়া** *ক্রি* কোনো অজ্ঞাত স্থানে লুকিয়ে শক্তি বৃদ্ধি করা। **গোকুলের ষাঁড়** *বি* স্বেচ্ছাচারী; যথেচ্ছাচারী ও অনিষ্টকারী।

গোক্ষুর *বি* ১ এক জাতীয় কাঁটাগাছ। ২ গরুর খুর। ৩ গোখরো সাপ। [স.]। **গোক্ষুরা, গোখরা** *বি* বিষধর সাপবিশেষ যার ফণায় গরুর ক্ষুরের চিহ্ন আছে। **গোক্ষুরা বাঁধন** *বি* সাপের গায়ের ছাপের অনুকরণে বেত্র বন্ধন।

গোঙানো, গোঙ্গানো *ক্রি* গোঁ গোঁ শব্দে বা গোঙিয়ে কাঁদা। **গোঙানি** *বি*।

গোচর *বি*১ ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়। ২ দৃষ্টি বা প্রভাবের ক্ষেত্র। ৩ অবগতি; জ্ঞান। ৪ জ্ঞাতসার। ৫ গোচারণক্ষেত্র। ৬ সাক্ষাৎ; বিষয়ীভূত। [স.]

গোছ *বি*১ গুচ্ছ; স্তবক; আঁটি। ২ রকম; ধরন। ৩ সুব্যবস্থা; শৃঙ্খলা। [স. গুচ্ছ>]। **গোছগাছ** *বি* বিন্যাস; সাজানো; শৃঙ্খলার সাথে স্থাপন।

গোছা *বি*১ গুচ্ছ; থোকা (চাবির গোছা)। ২ হাঁটুর নিচের ও গোড়ালির উপরের অংশ। [স. গুচ্ছ>]। **গোছা-গোছা** *বি* পুঞ্জ পুঞ্জ; রাশীকৃত; থোকা থোকা; গুচ্ছ গুচ্ছ।

গোছানো, গুছানো *ক্রি*১ সাজানো; শৃঙ্খলার সাথে স্থাপন করা; সুবিন্যস্ত করা। ২ সংস্থান বা ব্যবস্থা করা। ৩ হাসিল বা সম্পন্ন করা। ☐*বিণ* উক্ত সকল অর্থে।

গোজা, গোঁজা *বি* কুব্জ; কুঁজা; বক্রপৃষ্ঠ; গোঁজা; গুঁজা; নত। [স. কুব্জ>]

গোট[১]**, গোঠ** *বি* স্ত্রীলোকের কোমরের অলঙ্কারবিশেষ; মেখলা; কটিভূষণ; কিঙ্কিণী।

গোট[২] *বি*১ আস্ত। ২ এক গুটি। **গোটগাট** *ক্রিবিণ*১ আস্ত আস্ত; গোটা গোটা। ২ একে একে; গুটি গুটি। **গোটে গোটে** *ক্রিবিণ* একে একে; ক্রমে ক্রমে; এক এক করে।

গোটা[১] *বিণ* ১ অখণ্ড; আস্ত। ২ সংখ্যা নির্দেশক টি, টা, কেবল। **গোটাকতক, গোটাকত, গোটাকয়েক** *বিণ* সামান্য কয়েকটি। **গোটা গোটা** *বিণ* আস্ত আস্ত। **গোটা সিদ্ধ** *বি* অভঙ্গ মাষকলাই ইত্যাদি সিদ্ধ।

গোটা[২] *বি* গুঁড়া, বিশেষত বিবিধ মশলার চূর্ণ। **গোটার মশলা** *বি* বিবিধ মশলার মিশ্রণ যা ভেজে গুঁড়া করে ব্যঞ্জনাদিতে ব্যবহার করা হয়।

গোটা[৩] *বি*১ ছোট ছোট ফল। ২ বিষফল। **গোটানাল** *বি* ১ গাঁজলা; লালাস্রাব। ২ ফেনা; বিষফল ওল লঙ্কা ইত্যাদি মুখে দিলে মুখে যে রকম গাঁজলা ওঠে।

গোটা[৪] *বি* সোনা বা রুপার জরি। [হি.]

গোটিক, গুটিক *বিণ* একটিমাত্র; গুটি; এক।

গোঠ *বি* ১ গবাদি পশুর চারণভূমি বা ঘাস খাবার স্থান। ২ গোয়াল; গোষ্ঠ। [স. গোষ্ঠ]

গোডিম *বি*১ ডিম থেকে বের হবার পর যে অবস্থা। ২ শিশুর জন্মের পর থেকে ছয়মাস বয়স পর্যন্ত কাল।

গোড়, গুড় *বি* ১ মূলদেশ; গোড়া। ২ চরণ, পা। ৩ গোড়ালি। [স. গুলফ>(হি. গোড়)]। **গোড়তোলা, ঘোড়তোলা** *বিণ* উঁচু গোড়ালিযুক্ত; উঁচু হিলওয়ালা। **গোড়ে গোড় দেওয়া** *ক্রি*১ পায়ের সঙ্গে পা মেলানো। ২ পদাঙ্ক অনুসরণ করা। ৩ মতে সম্মতি দেওয়া; গোঁ ধরা; মোসাহেবি করা।

গোড়া *বি*১ মূলদেশ; মূল। ২ নৈকট্য; সন্নিধান। ৩ ভিত্তি। ৪ আদি; সূত্রপাত। ৫ মূলকারণ; জড়। [হি. গোড়-পদ; বা. গোড়া—মূল, শিকড়]। **গোড়া কেটে আগায় পানি/জল ঢালা**—কারো সর্বনাশ করে কপট সহৃদয়তা দেখিয়ে তার যৎসামান্য উপকারের নিষ্ফল চেষ্টা করা। **গোড়াগুড়ি** *ক্রিবিণ*১ সর্বারম্ভে; সর্বপ্রথমে। ২ প্রথম বা আরম্ভ থেকে। ☐*বি* সূচনা; আরম্ভ; আদি; প্রথম। **গোড়ায় গলদ** *বি* মূলেই দোষ বা ভুল, সূচনাতেই ত্রুটি।

গোড়ানেবু, গোরালেবু *বি* একটু লম্বা ধরনের অম্ল স্বাদযুক্ত লেবু।

গোড়ানো, গুড়ানো *বি* গুটানো।

গোড়ালি *বি* গুলফ; পাদমূল; পাদমূলের পশ্চাতের অংশ।

গোতা, গোত্তা, গোপ্তা *বি* মাথা নিচের দিকে এই অবস্থায় সবেগে পতন। **গোত্তা খাওয়া** *ক্রি*। [গউতহ্]

গোত্র[১] *বি* ১ বংশ; কুল। ২ বংশপ্রবর্তক ঋষির সন্তান-পরম্পরা বা ঋষি-প্রবর্তিত বংশ। ৩ সম্প্রদায়। **গোত্রজ** *বিণ* একই গোত্রভুক্ত; জ্ঞাতি; সগোত্র। [স. গু+ত্র]

গোত্র[২] *বি* পর্বত। **গোত্রপ্রধান** *বি* পর্বতশ্রেষ্ঠ হিমালয়। **গোত্রভিৎ, গোত্রভিদ** *বি* বজ্রদ্বারা পর্বত বিদীর্ণকারী হিন্দু দেবতা ইন্দ্র। [স. গো+√ত্রৈ+অ]

গোদ *বি* রোগবিশেষ যাতে পা ফুলে যায়; শ্লীপদ। **গোদের উপর বিষফোঁড়া**—বিপদের উপর বিপদ।

গোদা *বিণ*১ গোদযুক্ত। ২ স্থূল; মোটা। ☐*বি* ১ বানর-দলপতি; বানর প্রধান। ২ প্রধান লোক; দলপতি; নায়ক (পালের গোদা)। **গোদা পায়ের লাথি**—বাইরে দেখতে ভয়ঙ্কর হলেও কার্যত সেরূপ নয়।

গোদাবরী *বি* দক্ষিণ ভারতের একটি নদী। [স.]

গোধা, গোধিকা *বি* গোসাপ; গুইসাপ। [স.]

গোধুম *বি* গম; গেঁও। **গোধুম-চূর্ণ** *বি* আটা; ময়দা।

গোধূলি *বি* সন্ধ্যাবেলা; সায়ংকাল; সূর্যাস্তকাল; যখন গরুর পাল ধূলি উড়িয়ে গৃহে ফিরে। [স.]

গোনা[১] *ক্রি* গণনা করা; হিসাব করা। ☐*বি, বিণ* উক্ত অর্থে। **গোনা গাঁথা** *বিণ* কাঁটায় কাঁটায় মাপা বা হিসাব করা; গোনা-গনতি। **গোনা-গুনতি** *বিণ* ১ নির্দিষ্ট সংখ্যক বা নিতান্ত মাপা অর্থাৎ অল্প সংখ্যক। ২ কম নয়, বেশিও নয়; ঠিক ঠিক। [বা./স. গণনা>]

গোপ *বি*১ গোরক্ষক; গোয়ালা; ঘোষ। ২ দুধ বিক্রেতা। ৩ রাজা; ভূপ। ৪ ভূম্যধিকারী। ৫ হিন্দু ঘোষ সম্প্রদায়ের ব্যক্তিদের উপাধিবিশেষ। [স.]। **গোপকন্যা, গোপবালা** *বি* গোপকুমারী। **গোপবধূ** *বি* গোপ-পত্নী; গোপ-নারী। **গোপবল্লভ** *বি* হিন্দু পুরাণোক্ত কৃষ্ণ। ☐*বিণ* গোপীদের প্রিয়।

গোপত *বিণ* গুপ্ত; লুক্কায়িত; অগোচর। [স. গুপ্ত>পদ্যে গোপত]

গোপথ *বি* যে পথে গরু চলে; গরুর চলাচলের দ্বারা তৈরি পথ। [স. গোপাট>গোয়াট]

গোপন *বি* যা লুকানো হয়েছে; অপ্রকাশক। ☐*বিণ* গুপ্ত; গোপনীয়; অপ্রকাশিত। [স.]। **গোপনীয়** *বিণ* ১ গোপন এমন। ২ অপ্রকাশ্য।

গোপা *বি* ১ গোপকন্যা। ২ গৌতমবুদ্ধের পত্নী। [স.]

গোপাঙ্গনা *বি* গোপ কুলবধূ; গোয়ালিনী; গোপনারী। [স.

গোপ+অঙ্গনা]

গোপাল[১] *বি* ১ গো-রক্ষক; রাখাল; গোয়ালা। ২ হিন্দু পুরাণোক্ত শ্রীকৃষ্ণের বালক বয়সের নাম। ৩ রাজা। ৪ পাল বংশের প্রথম রাজা। ৫ আদুরে সন্তান। [স.] **গোপালক** *বি* গোয়ালা। [স. গো+পালক]। **গোপালগাছা** *বিণ* গোপালের মতো কাছাবিহীন বা মুক্তকচ্ছ। **গোপালন** *বি* গরুর প্রতিপালন; গরুর সেবা বা পরিচর্যা।

গোপাল[২] *বি* গরুর পাল। [স. গো+পাল]

গোপালভোগ *বি* ১ এক প্রকার উৎকৃষ্ট জাতের আম। ২ শ্রীকৃষ্ণের ভোগ্য।

গোপাষ্টমী *বি* কার্তিক মাসে শুক্লাষ্টমী তিথি; উক্ত তিথিতে হিন্দুদের পালনীয় ব্রত ও পূজা। [স.]

গোপিকা, গোপিনী, গোপী *বি* গোয়ালিনী; গোপনারী; গোপবধূ। [স. গোপী]। **গোপিনীবল্লভ, গোপীজন** *বি* হিন্দু পুরাণোক্ত কৃষ্ণ। **গোপীচন্দন** *বি* কৃষ্ণের লীলাস্থল বৃন্দাবনের ঈষৎ পীত মৃত্তিকা; বৈষ্ণবদের অঙ্কনযোগ্য তিলকমাটি।

গোবদা, গোব্দা *বিণ* ১ অশোভন ধরনের স্থূল; বেমানান; বেঢপ রকমের মোটা; মাসেল। ২ ফোলা। [বা. আঞ্চলিক]।

গোবর *বি* গো-বিষ্ঠা; গোময়। [স. গোবিট্>]।

গোবর-গণেশ *বি,বিণ* হাঁদা; অকর্মণ্য ও স্থূলবুদ্ধি। **গোবর-গাদা** *বি* গোবরের স্তূপ। ❑*বিণ* অন্তঃসারশূন্য। **গোবর ছড়া** *বি* পানিতে গোলা গোবরের ছিটা। **গোবর-ভরা** *বিণ* ১ অসার; অন্তঃসারশূন্য। ২ সম্পূর্ণ বুদ্ধিহীন। **গোবরে পদ্মফুল**—হীন অবস্থাজাত মহৎ ব্যক্তি; নীচকুলজাত গুণবান ব্যক্তি।

গোবরাট, গোবরাট *বি* দরজার বা জানালার চৌকাঠের নিচের কাঠ।

গোবর্ধন *বি* ১ বৃন্দাবনের একটি পাহাড়ের নাম। ২ বৃহৎ স্তূপ। **গোবর্ধনকারী** *বি* হিন্দু পুরাণোক্ত কৃষ্ণ। [স.]

গোবিন্দ *বি* কৃষ্ণ; বিষ্ণু [স.]

গো-বেচারা, গো-বেচারি *বিণ* গরুর মতো নিরীহ; শান্তশিষ্ট। ❑*বি* নির্বিরোধ ভালো মানুষ।

গোমক্ষিকা *বি* যে মাছি গরুকে দংশন করে; কুকুরে মাছি; ডাঁশ। [স.]

গো-ভাগাড় *বি* গরু মারা গেলে যে স্থানে ফেলে দেওয়া হয়।

গোমড়া, গোমরা *বিণ* ১ বিষণ্ণ; মলিন; অপ্রসন্ন। ২ গুমট; মেঘাচ্ছন্ন। [হি. গুম>ফা. গুমরাহ্ (বিপথগামী)]

গোমতল্লাশ, গোমতল্লাস *বি* নিখোঁজ জিনিসের খোঁজকরণ; গুপ্ত জিনিসের সন্ধান। [হি. গুম+ফা. তলাশ]।

গোমতী *বি* নদীবিশেষ। [স.]

গোময় *বি* ১ গো-বিষ্ঠা; গোবর। ২ অসার পদার্থ; সারহীন বস্তু। **গোময়লিপ্ত** *বিণ* গোবর দ্বারা নিকানো। [স.]

গোমরাহি *বি* বিপথগমন। [ফা. গুমরাহী]

গোমসা *বিণ* ১ গম্ভীর; নির্বাক; অপ্রফুল্ল; বিষণ্ণ। ২ গুমট; মেঘাচ্ছন্ন।

গোমস্তা *বি* ১ তহসিলদার; যে কর্মচারী খাজনা আদায় করে; খাজনা আদায়কারী। ২ জমিদার বা মহাজনের পাওনার তাগিদদার বা আদায়কারী। ৩ প্রতিনিধি। [ফা. গুমাশ্‌তা]

গোমায়ু *বি* শৃগাল; শিয়াল। [স.]

গোমুখ *বি* ১ গরুর মুখ। ২ গরুর মুখের আকারের বাদ্যযন্ত্র। ৩ হিন্দুদের জপমালার ঝুলি। ৪ হিন্দুদেবতা শিবের অনুচরবিশেষ; প্রমথবিশেষ। ❑*বিণ* গরুর মুখাকৃতিযুক্ত। [স.]

গোমুখী *বি* ১ হিমালয়স্থ্ গোমুখাকৃতি গহ্বর যার মধ্য দিয়ে গঙ্গানদী প্রবহমান। ২ হিন্দুদের জপমালার ঝুলি। [স.]

গোমূর্খ, গোমুখ্যু *বিণ* গণ্ডমূর্খ; নিরেট মূর্খ; বর্ণজ্ঞানহীন। [স.]

গোমেদ *বি* ১ কমলা রঙের মণিবিশেষ। ২ বৈদূর্যমণি। [স.]

গোমেধ *বি* হিন্দুদের বৈদিক যজ্ঞবিশেষ; গো-বলি দ্বারা নিষ্পন্ন যজ্ঞ। [স.]

গোযান *বি* গরুর গাড়ি; গো-শকট। [স.]

গোয় (ব্র.) *ক্রি* ১ কাটায়; অতিবাহিত করে। ২ গোপন করে।

গোয়াল[১]**, গোহাল** *বি* গরুর ঘর; গোশালা; গো-গৃহ। [স. গোশালা>গোআল; গোহাল]

গোয়াল[২]**, গোয়ালা, গয়লা** *বি* ১ দুগ্ধব্যবসায়ী। ২ গোপালক; গোপ; গোয়াল। [য়-শ্রুতির ফলে; স. গোপালক]। **গোয়ালিনী, গয়লানি** *স্ত্রী.*।

গোয়েন্দা *বি* গুপ্তচর; spy। [ফা. গোয়িন্দা]

গোয়েন্দাগিরি *বি* ১ গোয়েন্দার পেশা। ২ গুপ্তচরবৃত্তি; গোয়েন্দার কাজ।

গোর[১] *বি* ১ কবর; সমাধি। ২ মৃতদেহ মৃত্তিকার নিচে প্রোথিতকরণ। [ফা. গোর]। **গোর-আজাব** *বি* ১ মৃতদেহ সমাহিত হবার পর ফেরেশ্‌তাদের দিয়ে পাপের কঠিন শাস্তি; সমাধি-যন্ত্রণা। ২ ভীষণ যন্ত্রণা; প্রচণ্ড কষ্ট। **গোর দেওয়া** *ক্রি* দাফন করা; মৃতদেহ কবরস্থ করা। **গোরস্তান, গোরস্থান** *বি* কবরস্তান; সমাধিক্ষেত্র। **গোরে যাওয়া** *ক্রি* মারা যাওয়া; মরা; ইন্তেকাল করা।

গোর[২] *বি* বন্যগর্দভ। [ফা. গার]।

গোর[৩] *বিণ* গৌরবর্ণ; সুন্দর; ফরসা। [স. গৌর>]। **গোরি, গোরী** (ব্র.) *বিণ* ১ গৌরাঙ্গী। ২ সুন্দরী। *বি* রাধা।

গোরখ, গোরক্ষ *বি* নাথপন্থী সন্ন্যাসীবিশেষ। [স. গোরক্ষ]। **গোরখনাথ, গোরক্ষনাথ** *বি* নাথসম্প্রদায়ের প্রসিদ্ধ গুরু।

গোরা *বিণ* ১ গৌরবর্ণ; ফরসা; সুন্দর। ২ শ্বেতাঙ্গ। ❑*বি* ১ শ্রীচৈতন্য; গৌরাঙ্গ। ২ পাশ্চাত্য-দেশবাসী; শ্বেতকায় ইউরোপীয়। ৩ ইউরোপীয় সৈন্য। [স. গৌর>]। **গোরার বাদ্য** *বি* ইউরোপীয় বাজনা; বিলাতি ব্যান্ডপার্টির বাজনা।

গোরাচাঁদ *বি* গৌরাঙ্গ; শ্রীচৈতন্য। [স. গৌরচন্দ্র>]

গোরাপ *বি* এক জাতীয় নৌকা।

গোরোচনা *বি* উজ্জ্বল পীতবর্ণ দ্রব্য যা গরুর দেহে থাকে; গোচন্দন; পিউরি। [স.]। **গোরোচনা-গোরি** *বি* গোচন্দনের মতো শ্বেত উজ্জ্বল পীত আভাযুক্ত শুভ্র বর্ণ।

গোর্খনাথ *বি* গোরখনাথ; নাথ-সম্প্রদায়ের বিশিষ্ট গুরু। [স. গোরক্ষনাথ>]

গোর্জ, গুর্জ *বি* মুগুর। [ফা. গোর্জ]

গোর্দা, গুর্দা *বি* ১ হিম্মত; সাহস। ২ বৃক্ক; মূত্রাশয়। [ফা. গুর্দহ্]

গোল[১]**, গোলাকার, গোলাকৃতি** *বিণ* বৃত্তাকার; বর্তুলাকার; চক্রাকার; round। ❑*বি* ১ বৃত্ত। ২ বৃত্তাকার বস্তু। ৩ বল; গোলক। [স.]। **গোলগাল** *বিণ* ১ প্রায় গোলাকার। ২ অতিশয় হৃষ্টপুষ্ট; মোটাসোটা।

গোল[২] *বি* ১ উচ্চশব্দ; হল্লা; অট্টরোল। ২ জটিলতা; প্যাঁচ। ৩ সন্দেহ; দ্বিধা; দ্বন্দ্ব। ৪ ফ্যাসাদ; ঝামেলা; সমস্যা। ৫ ভুল; ভ্রান্তি। ৬ বিবাদ; কলহ। [ফা. গোল]। **গোলে হরিবোল দেওয়া** *বি* ১ অনেকে এক সাথে থাকার সুযোগে কাজে ফাঁকি দেওয়া; কোনো রকমে দায় উদ্ধার। ২ কোনো রকমে ভাগ মিলানো। ৩ গোলমালের মধ্যে কোনো প্রকারে হিসাব মিলিয়ে দেওয়া।

গোল[৩] *বি* গোলপোস্ট; ফুটবল প্রভৃতির খেলায় যে স্থানে বল প্রবেশ করলে পয়েন্ট পাওয়া যায়; যেখানে বল গেলে খেলার জয়-পরাজয় নির্ধারিত হয়। [ই. goal]। **গোল খাওয়া** *ক্রি* পরাজিত হওয়া; হেরে যাওয়া। **গোল দেওয়া** *ক্রি* ১ (খেলায়) পরাজিত করা; হারানো। ২ (আল.) বোকা বানানো; কোনো বিষয়ে হারিয়ে লাভবান হওয়া।

গোলক *বি* ১ বর্তুলাকার বস্তু; মণ্ডল। ২ ভাঁটা, বন্দুক; ball। ৩ যে বর্তুলের উপরে পৃথিবীর প্রতিরূপ অঙ্কিত থাকে; globe। [স.]

গোলক-ধাঁধা *বি* ১ যে বেষ্টনীর মধ্যে প্রবেশ করলে বহির্গমন পথ খুঁজে পাওয়া দুষ্কর হয়। ২ দুর্বোধ্য সমস্যা; জটিল বিষয়, যার সমাধান পাওয়া কঠিন। [মূল শব্দ: গোরখ-ধাঁধা; তুল. হি. গোরকধন্ধা]

গোলকুণ্ডা *বি* হীরক খনির জন্য প্রসিদ্ধ দক্ষিণ ভারতের স্থানবিশেষ।

গোলদার *বি, বিণ* আড়তদার; গোলার মালিক; দোকান। [হি. গোলা+ফা. দার]। **গোলদারি** *বি* গোলদারের পেশা; আড়তদারি। ❑ *বিণ* আড়ত বা আড়তদার সম্বন্ধীয়।

গোলন্দাজ, গোলান্দায *বি* যে সৈনিক কামান দাগিয়ে গোলা নিক্ষেপ করে। [হি. গোল+ফা. আন্দাজ]। **গোলন্দাজি, গোলন্দাজী** *বি* গোলন্দাজের পেশা। ❑ *বিণ* গোলন্দাজসংক্রান্ত।

গোলপাতা *বি* সুন্দরবনে উৎপন্ন নারকেল পাতার মতো ক্ষুদ্র কাণ্ডবিশিষ্ট এক ধরনের গাছ—যা কাঁচা ঘরের ছাউনি হিসেবে ব্যবহৃত হয়।

গোলমরিচ *বি* গোলাকার ঝাল মসলাবিশেষ; পেঁপের বিচির মতো এক প্রকার ঝাল মরিচ। [স. বা.]

গোলমাল *বি* ১ অনেক লোকের মিলিত চিৎকার শব্দ; গণ্ডগোল; গোলযোগ; কোলাহল। ২ বিশৃঙ্খলা। ৩ বিঘ্ন; ব্যাঘাত। ৪ সমস্যা; জটিলতা। ৫ ফ্যাসাদ; ঝামেলা। ৬ কলহ; বিবাদ। [হি. গোলমাল]। **গোলেমেলে** *বিণ* ১ পরস্পরবিরোধী; অসঙ্গতিপূর্ণ; অসংলগ্ন। ২ ঝঞ্ঝাটপূর্ণ।

গোলমোহর, গুলমোহর *বি* একজাতীয় গাছ ও তার ফুল।

গোলযোগ *বি* ১ গোলমাল; গণ্ডগোল; হট্টগোল। ২ শৃঙ্খলাশূন্য অবস্থা; বিশৃঙ্খলা; এলোমেলো অবস্থা। ৩ বিঘ্ন; বিপত্তি। ৪ জটিল পরিস্থিতি; সমস্যা। ৫ ফ্যাসাদ; ঝঞ্ঝাট; ঝামেলা।

গোলসর্ব *বি* একজাতীয় ফুল গাছ ও তার ফুল।

গোলা[১] *বি* ১ ধান্যাদি রাখবার স্থান; ধানের মরাই। ২ আড়ত; ডিপো। ৩ বাজার; গঞ্জ; হাট; ক্রয়-বিক্রয়ের প্রধান স্থান। [আ. গল্লা]। **গোলাঘর** *বি* শস্য মজুদ করে রাখবার স্থান। **গোলাজাত** *বিণ* মরাইয়ে রক্ষিত বা গুদামজাত। **গোলাবাড়ি** *বি* শস্যাদি মজুদ করে রাখবার গৃহ; শস্যাগার; খামার; farm-house।

গোলা[২] *বি* ১ গোল আকৃতিবিশিষ্ট পদার্থ। ২ গোলক; বল; কন্দুক। ৩ কামানের গোলা। [স. গোলক>]। **গোলাগুলি** *বি* বন্দুক ও কামান নিক্ষিপ্ত অগ্নিগোলকের ন্যায় লৌহ পিণ্ডসমূহ; কামান বা বন্দুক থেকে অগ্নিময় নিক্ষিপ্ত পিণ্ড।

গোলা[৩] *বিণ* সাধারণ; বাজে; অশিক্ষিত। [ফা. গওল]

গোলা[৪] *ক্রি* ১ নেড়ে নেড়ে তরল পদার্থের সাথে মিশিয়ে তরল করা। ২ তরলীকরণ। ❑ *বি* তরল পদার্থের সঙ্গে মিশানো বস্তু। ❑ *বিণ* তরলিত বা মিশ্রিত। [স. ঘূর্ণ>ঘুল>ঘোলা>গোলা]। **গোলাহাঁড়ি, গোলার হাঁড়ি** *বি* যে হাঁড়িতে ঘর নিকাবার জন্য গোবর-গোলা রাখা হয়।

গোলাকার, গোলাকৃতি *বিণ* বৃত্তাকার; বর্তুলাকার। [গোল+আকার, আকৃতি]

গোলাদ *বি* গোবিষ্ঠা; গোবর; লাদ; পশুর বিষ্ঠা।

গোলাপ, গুলাব *বি* ১ বিখ্যাত সুগন্ধি ফুলের গাছ ও তার ফুল। ২ উক্ত পুষ্পের নির্যাস। [ফা. গুলাব]। **গোলাপজল, গোলাপপানি** *বি* গোলাপ ফুল দিয়ে উৎপন্ন সুবাসিত পানি। **গোলাপজাম** *বি* গোলাপের ন্যায় মিষ্ট সুগন্ধি ফলবিশেষ। **গোলাপ-ঝোরা** *বি* গোলাপ ফুলের পাপড়ি ঝরে পড়া। **গোলাপ-দান, গুলাব-পাশ** *বি* গোলাপের পুষ্পপাত্র; গোলাপ ফুলের সজ্জিত ফুলদানি। **গোলাপ-পাশ** *বি* গোলাপ পানি ছিটাবার ঝাঁঝর পাত্রবিশেষ।

গোলাপি, গুলাবি *বিণ* ১ গোলাপের ন্যায় বর্ণ বা গন্ধবিশিষ্ট। ২ রঙিন। [ফা. গুলাব+ঈ]। **গোলাপি খিলি** *বি* গোলাপ পানিতে সুবাসিত বা সুগন্ধিযুক্ত পান। **গোলাপি নেশা, গুলাবী নেশা** *বি* হালকা নেশা; সামান্য নেশা।

গোলাম *বি* ১ ভৃত্য; চাকর; নফর; দাস। ২ ক্রীতদাস। ৩ একান্ত অনুগত। ৪ ছবিওয়ালা তাসবিশেষ; যাতে গোলামের ছবি থাকে। ❑ *বিণ* আজ্ঞাবহ। [আ. গুলাম]। **গোলামখানা** *বি* ১ ভৃত্য বা ক্রীতদাসদের বাসস্থান। ২ দাসমনোবৃত্তি সম্পন্ন মানুষ তৈরির কারখানা। **গোলাম-গর্দিস** *বি* ভৃত্যদের বসবাস ঘেরা বারান্দা; আদেশ পালনের অপেক্ষায় থাকবার জন্য প্রভুর গৃহ-সম্মুখস্থ দালানের ঘেরা স্থান। **গোলাম চোর** *বি* তাসের খেলাবিশেষ। ❑ *বিণ* নিকৃষ্টের সমঝদার। **গোলাম-নফর** *বি* ১ চাকর বাকর। ২ দাসানুদাস; আজ্ঞাবহ দাস; অত্যন্ত বিনীত। **গোলামি, গোলামী** *বি* ১ গোলামের কর্ম; দাসত্ব। ২ চাকরি। [আ. গুলাম+বা. ই, ঈ]

গোলার্ধ *বি* ১ পৃথিবীর উত্তর বা দক্ষিণ অর্ধাংশ। ২ যে কোনো গোলকের অর্ধভাগ। [স. গোল+অর্ধ]

গোলালো *বিণ* ১ বর্তুলাকার; গোল গোল। ২ নিটোল; ভরাট।

গোলোক *বি* ১ বৈকুণ্ঠ; বিষ্ণুলোক; স্বর্গে নারায়ণের বাসস্থান। ২ স্বর্গপুরী; অমরাবতী; স্বর্গ। (স.)। **গোলোকধাম** *বি* ১ বৈকুণ্ঠপুরী। ২ এক প্রকার খেলা। **গোলোকনাথ, গোলোকপতি, গোলোক বিহারী** *বি* হিন্দু দেবতা বিষ্ণু।

গোল্লা *বি* ১ গোলাকৃতি মিষ্টান্নবিশেষ। ২ রসগোল্লা। ৩ শূন্য; কিছুই না। ৪ অধঃপতন; অধঃপাত। **গোল্লায়** *ক্রিবিণ* অধঃপাতে; উৎসন্নে। **গোল্লায় যাওয়া** *ক্রি* অধঃপাতে যাওয়া; অধোগতি লাভ করা; উৎসন্নে যাওয়া; ধ্বংসে হওয়া।

গোশ *বি* গোস্ত; মাংস। [ফা. গোশ্‌ত্]

গোশ্‌ত, গোস্ত *বি* মাংস। [ফা. গোশ্‌ত্]। **গোশ্‌তখোর** *বি,বিণ* মাংসপ্রিয়; মাংসভোজন বিলাসী।

গোষ্ঠ *বি* ১ গোহাল; গোশালা। ২ গোচারণভূমি। ৩ মিলনস্থান; সভা; সমিতি। ৪ জোট; মিলন; সঙ্ঘ। [স.]। **গোষ্ঠগৃহ** *বি* গরু প্রভৃতি থাকবার স্থান; গোয়াল; গোশালা। **গোষ্ঠবিহারী** *বি* কৃষ্ণ। **গোষ্ঠবৃতি** *বি* গোয়ালের বেড়া; গোশালার বেষ্টনী। **গোষ্ঠলীলা** *বি* বৃন্দাবনে কৃষ্ণের গোচারণ লীলা বা গোচরণ রূপ লীলা।

গোষ্ঠী *বি* ১ পরিবার। ২ জ্ঞাতি; আত্মীয়গণ। ৩ বংশ; গোত্রকুল। ৪ দল; সম্প্রদায়। ৫ সভা; ক্লাব [স.]। **গোষ্ঠীপতি** *বি* ১ বংশ পরিবার বা আত্মীয় সমাজের প্রধান ব্যক্তি; কুলপতি। ২ দলপতি; সর্দার। ৩ সভাপতি। **গোষ্ঠীবর্গ** *বি* ১ পরিজন ও জ্ঞাতিবর্গ। ২ বংশাবলী। **গোষ্ঠীসুখ** *বি* আত্মীয় পরিজনের সঙ্গসুখ; আড্ডার আনন্দ।

গোষ্পদ *বি* ১ গরুর খুরের দ্বারা চিহ্নিত স্থান। ২ গরুর খুরের চাপে তৈরি গর্ত। ৩ গরুর খুরের চাপে তৈরি গর্ত ও তার অভ্যন্তরস্থ পানি। ৪ গরুর খুরের চাপে তৈরি গর্তে যে পরিমাণ পানি ধরে। ৫ অতি ক্ষুদ্র আধার। [স.]

গোসল, গোছল *বি* স্নান; অবগাহ। [আ. গুস্‌ল্]। **গোসলখানা** *বি* স্নানের ঘর; স্নানাগার; হাম্মাম; বাথরুম।

গোসা, গোশা, গোস্‌সা *বি* ১ রাগ; ক্রোধ। ২ অভিমান। [আ. গুস্‌সঃ]

গোসাপ *বি* ছোট কুমিরের মতো দেখতে এক প্রকার স্থলচর প্রাণী; গোধা; গোধিকা; গুঁইয়া; গুইসাপ। [স. গোসর্প>]

গোস্তাকি, গোস্তাখি *বি* ১ বেয়াদবি; অবিনয়; অশিষ্টতা। ২ ঔদ্ধত্য; ধৃষ্টতা। [ফা. গুস্‌তাখী]

গোস্বামী *বি* ১ জগতের মালিক। ২ গরুর রক্ষক। ৩ প্রভু; ভগবান। ৪ বৈষ্ণব ও ব্রাহ্মণদের উপাধিবিশেষ। ৫ হিন্দুদের গুরু বা ধর্মোপদেষ্টা। [স.]

গোহাড় *বি* ১ গরুর অস্থি। ২ নিতান্তই অস্থি; নীরস অস্থি; শুকনা হাড়; শুকনা কাঠ।

গোহারি, গোহারী *বি* দুঃখ জানিয়ে তার প্রতিকার প্রার্থনা; অনুযোগ; অভিযোগ; আবেদন–নিবেদন। [প্রা. বা.; হি. গোহাঠী]

গৌখানা *বি* গোশালা। [স. গৌ+ফা. খানা]

গৌড় *বি* প্রাচীন বাংলাদেশের নাম; প্রাচীন বাংলাদেশের উত্তর–পশ্চিমাঞ্চলীয় অংশ যার বেশির ভাগ এখন পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্ত। [স.]। **গৌড়জন** *বি* গৌড়ের অধিবাসী। **গৌড়সারঙ্গ, গৌড়সারং** *বি* রাগিণীবিশেষ। **গৌড়ী** *বি* ১ গুড়জাত মদ। ২ রাগিণীবিশেষ। ৩ একপ্রকার কাব্যরীতি। **গৌড়ীয়** *বিণ* ১ গৌড়সম্বন্ধীয়। ২ গৌড় দেশজ; গৌড়দেশে উৎপন্ন বা প্রচলিত। □ *বি* গৌড়ের অধিবাসী।

গৌণ *বিণ* প্রধান নয় এমন; অপ্রধান। □ *বি* বিলম্ব। [স.]। **গৌণকর্ম** *বি* অপ্রধান কর্ম। **গৌণার্থ** *বি* ১ শব্দের অপ্রধান অর্থ যা মুখ্যার্থ নয়; বাচ্যার্থ নয় এমন অর্থ। ২ লক্ষ্যার্থ।

গৌতম, গোতম *বি* ১ বুদ্ধ। ২ মুনিবিশেষ; ন্যায়দর্শন প্রণেতা জনৈক ঋষি। [স.]

গৌর *বিণ* ফরসা; উজ্জ্বলবর্ণযুক্ত; সুন্দর। □ *বি* শ্রীচৈতন্য; শ্রীগৌরাঙ্গ। [স.]। **গৌরচন্দ্র** *বি* শ্রীচৈতন্য। **গৌরচন্দ্রিকা** *বি* ১ গেয় কাহিনী আরম্ভের পূর্বে শ্রীচৈতন্যের বর্ণনা। ২ ভূমিকা; পূর্বাভাষ। ৩ অবতরণিকা।

গৌরব *বি* ১ গুরুত্ব। ২ মহিমা। ৩ মর্যাদা। ৪ আদর। ৫ করুণা; কৃপা; স্নেহ। □ *বিণ* উৎকৃষ্ট; শ্রেষ্ঠ। [স.]। **গৌরবান্বিত, গৌরবিত** *বিণ* গৌরবযুক্ত; মহিমান্বিত। **গৌরবিণী** *বিণ স্ত্রী.* ১ গৌরবান্বিতা। ২ অহঙ্কৃতা; গরবিনী।

গৌরাঙ্গ *বিণ* ১ গৌরবর্ণ দেহবিশিষ্ট। ২ শ্রীচৈতন্য। **গৌরাঙ্গী, গৌরাঙ্গী** *বিণ স্ত্রী.*। [স. গৌর+অঙ্গ]

গৌরী *বি* ১ গৌরবর্ণা নারী। ২ হিন্দু পুরাণোক্ত দুর্গাদেবী; পার্বতী দেবী। ৩ অষ্টমবর্ষীয়া কুমারী। □ *বিণ* গৌরবর্ণা। [স.]। **গৌরীদান** *বি* অষ্টমবর্ষীয়া কন্যার বিবাহদান। **গৌরীশঙ্কর** *বি* ১ হিন্দু পুরাণোক্ত দুর্গা ও শিব। ২ হিমালয়ের একটি চূড়া। **গৌরীশৃঙ্গ** *বি* হিমালয়ের সর্বোচ্চ চূড়া এভারেস্ট। **গৌরীসেন** *বি* প্রবাদোক্ত মহাধনী ব্যক্তি যার নিকট অপরিমিত অর্থ চাওয়ামাত্র পাওয়া যেতো। **গৌরীসেনী** *বিণ* ১ গৌরীসেন নামক প্রবাদোক্ত ব্যক্তি প্রদত্ত অঢেল পরিমাণ। ২ (আল.) খরচের জন্য রহস্যজনক উপায়ে প্রাপ্ত।

গ্যাট, গট *বিণ* স্থির; নিশ্চল; অটল।

গ্যানজাম, গ্যাঞ্জাম *বি* বিশৃঙ্খল অবস্থা; শৃঙ্খলাহীনতা।

গ্যালারি, গ্যালারী *বি* ১ নিচু থেকে উঁচু পর্যায়ক্রমে সজ্জিত বসবার মঞ্চ; বসবার বিশেষ পংক্তি; সজ্জাযুক্ত আসন–শ্রেণী। ২ ললিতকলা বা চারুশিল্পের প্রদর্শনী গৃহ। [ই.]

গ্যালি *বি* যে কাষ্ঠফলকে ছাপার অক্ষর সাজিয়ে রাখা হয়। [ই.]। **গ্যালিপ্রুফ** *বি* গ্যালি থেকে ছাপ তোলা মুদ্রণপত্র।

গ্যাস *বি* বায়বীয় পদার্থ; কয়লা থেকে উৎপন্ন দাহ্য বস্তু; বাষ্পীয় পদার্থবিশেষ। [ই.]। **গ্যাসপোস্ট** *বি* ১ রাস্তার ধারে যে স্তম্ভে গ্যাসের আলোক জ্বলে। ২ ল্যাম্পপোস্ট। [ই. gas-post]। **গ্যাসমাস্ক** *বি* বিষাক্ত গ্যাস থেকে আত্মরক্ষার জন্য ব্যবহার্য মুখোশ; বিষাক্ত গ্যাস প্রতিরোধক মুখোশ। [ই. gas-mask]। **গ্যাসীয়** *বিণ* ১ গ্যাস থেকে উৎপন্ন; গ্যাসজাত। ২ গ্যাসের ধর্ম বা গুণ আছে এমন; গ্যাসধর্মী। ৩ গ্যাস উৎপন্ন করে এমন; গ্যাসোৎপাদক। [ই. gas+স. ঈয়]

গ্রন্থ *বি* ১ বই; পুথি; পুস্তক। ২ শাস্ত্র।

গ্রন্থকার, গ্রন্থকর্তা *বি* ১ গ্রন্থ রচয়িতা। ২ লেখক। **গ্রন্থকীট** *বি* ১ বই কাটা পোকা। ২ অন্য বিষয়ে খেয়ালশূন্য কিন্তু গ্রন্থপাঠে একান্তভাবে আসক্ত এমন ব্যক্তি। [স.]

গ্রন্থন, গ্রথন *বি* ১ গাঁথন; গাঁথা। ২ গাঁথনি রচনা। ৩ বাঁধাই।

গ্রন্থিত, গ্রথিত *বিণ* ১ গাঁথা হয়েছে এমন। ২ প্রস্তুত; রচিত। ৩ ভূষিত; খচিত। ৪ বিদ্ধ। [স.]

গ্রন্থাগার *বি* পুস্তকাগার; পাঠাগার; লাইব্রেরি; যে গৃহে অনেক বই থাকে। [স. গ্রন্থ+আগার]। **গ্রন্থাগারিক** *বি* গ্রন্থাগারের রক্ষক; গ্রন্থাগারাধ্যক্ষ; লাইব্রেরিয়ান; librarian।

গ্রন্থি *বি* ১ গেরো; গিরা; গাঁট। ২ অস্থির সন্ধিস্থান। ৩ বাঁশ প্রভৃতির গ্রন্থি বা গিঁট বা গাঁট। ৪ দেহ মধ্যস্থ রসনিঃসরণকারী কোষ; gland। ৫ জটিলতা। **গ্রন্থিবন্ধন** *বি* গাঁট–ছড়া বাঁধা; বর–কন্যাকে বস্ত্রপ্রান্তে গিঁট দিয়ে বাঁধা। **গ্রন্থিল** *বিণ* অনেক গ্রন্থিবিশিষ্ট; গ্রন্থিময়।

গ্রন্থী *বি* শাস্ত্রগ্রন্থে বিশ্বাসী। তুল. নিগ্রন্থী নাস্তিক।

গ্রহ *বি* ১ যে জ্যোতিষ্ক সূর্যকে প্রদক্ষিণ করে। ২ ধারণ; গ্রহণ; আদান; স্বীকার। ৩ উপলব্ধি; বোধ। ৪ কুগ্রহ। ৫ দুরদৃষ্ট। [স.]। **গ্রহদেবতা** *বি* গ্রহের অধিপতি। **গ্রহ-দোষ, গ্রহ-বৈগুণ্য** *বি* গ্রহের অশুভ প্রভাব; দুর্ভাগ্য। **গ্রহপতি** *বি* সূর্য। **গ্রহবশত** *ক্রিবিণ* দুরদৃষ্টবশত। **গ্রহমণ্ডল** *বি* জ্যোতির্মণ্ডল; গ্রহসমূহ; গ্রহগুলো নিয়ে যে সৌরজগৎ। **গ্রহশান্তি** *বি* হিন্দুদের মধ্যে অশুভ গ্রহের প্রভাব নষ্ট করবার জন্য পূজা বা স্বস্ত্যয়ন। **গ্রহস্ফুট** *বি* গ্রহের স্থিতিসূচক রাশি। **গ্রহের ফের** *বি* গ্রহের অশুভ প্রভাবের ফলে দুরদৃষ্ট।

গ্রহণ *বি* ১ প্রাপ্তি। ২ ধারণ; পরিগ্রহ। ৩ স্বীকার। ৪ অবলম্বন। ৫ বরণ। ৬ মেনে নেওয়া; পালন। ৭ উপলব্ধি; সমাদর। ৮ পান; ভোজন। ৯ সূর্য ও গ্রহদের গ্রাস; eclipse। [স. √গ্রহ্+অন]। **গ্রহণীয়, গ্রহণযোগ্য** *বিণ* গ্রহণ করা চলে বা উচিত এমন; গ্রাহ্য।

গ্রহণী, গ্রহণি *বি* ১ একজাতীয় কঠিন উদরাময় রোগ। ২ শরীরের ক্ষুদ্র অন্ত্রের অগ্রভাগ বা উপরের মুখ। [স. √গ্রহ্+অনি/ঈ]

গ্রহাচার্য *বি* গ্রহ সম্বন্ধে বিশেষজ্ঞ; জ্যোতিষ শাস্ত্রজ্ঞ; দৈবজ্ঞ; নজ্জুম। [স. গ্রহ+আচার্য]

গ্রহীতা *বি* যে গ্রহণ করে; গ্রাহক। [স. √গ্রহ্+তৃ]। **গ্রহীত্রী** *স্ত্রী*।

গ্রাণ্ডজুরি *বি* আসামির বিচারের জন্য যথেষ্ট প্রমাণ আছে কিনা তা ঠিক করবার জন্য নিয়োজিত ব্যক্তিবর্গ; জুরি হিসেবে নিযুক্ত ব্যক্তিগণ। [ই. grand jury]

গ্রাবু *বি* তাস খেলাবিশেষ।

গ্রাম *বি* ১ পাড়াগাঁ; পল্লী। ২ প্রবাহ; স্বরগ্রামের ওঠানামা। ৩ রাশিসমূহ। [স.]। **গ্রামকেন্দ্রিক** *বিণ* গ্রামকে কেন্দ্র করে উদ্ভূত। **গ্রামণী** *বি* গ্রামের নেতা; গ্রামের মণ্ডল বা মোড়ল। **গ্রামধর্ম** *বি* স্ত্রীসংসর্গ; যৌন সম্ভোগ। **গ্রামভাটি** *বি* বিবাহাদি উৎসব উপলক্ষে গ্রামের বারোয়ারিতে দেয় চাঁদা। **গ্রামমৃগ** *বি* কুকুর। **গ্রাম সম্পর্ক** *বি* গ্রামের বাসিন্দা হওয়ার সূত্রে সম্পর্ক। **গ্রামান্ত** *বি* গ্রামের শেষসীমা বা প্রান্তভাগ। **গ্রামান্তর** *বি* অন্যগ্রাম। **গ্রামিক** *বিণ* ১ গ্রামের মালিক বা অধিকারী। ২ গ্রামবাসী। ৩ গ্রামরক্ষক। **গ্রামী** *বিণ* ১ গ্রামের মণ্ডল; মোড়ল। ২ গ্রামবাসী। ৩ গ্রাম্য। ৪ গ্রামীণ। **গ্রামীণ** *বিণ* ১ গ্রামজাত; গ্রাম্য। ২ গ্রামস্থ; গ্রামবাসী।

গ্রামোফোন *বি* রেকর্ডের সাহায্যে ধ্বনি গান প্রভৃতি ধ্বনিত করবার যন্ত্র; কলের গান। [ই. gramophone]

গ্রাম্য *বিণ* ১ গ্রাম-সংক্রান্ত। ২ গ্রামে উৎপন্ন। ৩ গ্রামস্থ। ৪ ইতর; অশিক্ষিত; অভদ্র। [স.]। **গ্রাম্যতা** *বিণ* অমার্জিত ভাব; গেঁয়ো ভাব। ❑ *বি* অলঙ্কারশাস্ত্রোক্ত দোষবিশেষ; ভাষার শব্দগত অর্থগত ইতরতা বা অশোভনতা।

গ্রাস *বি* ১ একবারে যে পরিমাণ খাদ্য মুখে পোরা হয়; লোকমা। ২ কবল; খাবলা। ৩ খাওয়া; খাদ্যগ্রহণ; গলাধঃকরণ। ৪ খোরাক; খাদ্য। ৫ গ্রহণকালে চন্দ্রসূর্যের আবৃত হওয়া। **গ্রাসকারী** *বি,বিণ* খায় বা ভক্ষণ করে এমন; পরের সম্পত্তি আত্মসাৎকারী; ভক্ষণকারী; খাদক।

গ্রাহক, গাহক *বিণ* গ্রহণকারী, ক্রেতা। **গ্রাহিকা** *স্ত্রী*। [স.]

গ্রাহ্য *বিণ* ১ গ্রহণযোগ্য। ২ জ্ঞেয়; বোধ্য; বোধগম্য। ৩ স্বীকার্য। ৪ বিবেচ্য। ৫ গণনীয় বা গণ্য; মান্য। [স. √গ্রহ্+য]। **গ্রাহ্য করা** *ক্রি* মানা; পালন করা। **গ্রাহ্য হওয়া** *ক্রি* গ্রহণীয় বলে বিবেচিত হওয়া। **গ্রাহী** *বিণ* গ্রহণকারী; গ্রাহক।

গ্রিক *বি* গ্রিসদেশের অধিবাসী বা ভাষা। ❑ *বিণ* গ্রিক দেশীয়। [ই.]

গ্রিনরুম *বি* সার্কাস বা থিয়েটারের পাত্র-পাত্রীদের সাজঘর বা বিশ্রামকক্ষ। [ই.]

গ্রীবা *বি* ১ গলদেশ। ২ ঘাড়। [স.]। **গ্রীবাদেশ** *বি* ঘাড়। **গ্রীবাভঙ্গি** *বি* ১ ঘাড় বাঁকানোর কায়দা। ২ গলদেশের বক্রভাব।

গ্রীষ্ম *বি* ঋতুবিশেষ; গ্রীষ্মকাল; গরমকাল; নিদাঘ। ❑ *বিণ* গরম। **গ্রীষ্মকাল** *বি* গ্রীষ্মঋতু; গরমকাল; বৈশাখ ও জ্যৈষ্ঠমাস। **গ্রীষ্মনিবাস** *বি* অপেক্ষাকৃত শীতপ্রধান স্থানে গ্রীষ্মকাল কাটাবার বসতি বা বাসভবন। **গ্রীষ্মপীড়িত** *বিণ* তাপক্লান্ত; উত্তাপক্লিষ্ট। **গ্রীষ্মমণ্ডল** *বি* কর্কট ও মকরক্রান্তির মধ্যবর্তী উষ্ণমণ্ডলে অবস্থিত ভূ-ভাগ; বিষুবরেখার নিকটবর্তী উষ্ণ অঞ্চল। **গ্রীষ্মাতিশয্য** *বি* উত্তাপের অতিবৃদ্ধি। **গ্রীষ্মাবকাশ** *বি* গ্রীষ্মকালীন অবকাশ বা ছুটি।

গ্রেড *বি* ১ অনুক্রম; স্তর; শ্রেণী। ২ পদ; পদমর্যাদা। [ই.]

গ্রেন *বি* এক যবোদর পরিমাণ; এক তোলা বা ভরির একশত আশি ভাগের একভাগ। [ই. grain]

গ্রেনেড *বি* ছোট বোমা; যুদ্ধে ব্যবহৃত ধ্বংসকারী অস্ত্রবিশেষ। [ই.]

গ্রেপ্তার, গ্রেফতার *বি* পাকড়াও; নির্বন্ধের সঙ্গে আটক; ধরপাকড়। ❑ *বিণ* ১ পাকড়াও করা হয়েছে এমন; ধৃত; আটক। ২ বন্দী। [ফা. গিরিফতার]। **গ্রেপ্তারি, গ্রেফতারি** *বিণ* ১ গ্রেফতার-সংক্রান্ত। ২ গ্রেফতারের জন্য আদেশযুক্ত।

গ্লানি *বি* ১ ক্লান্তি; ক্লেদ। ২ অবসাদ; অবসন্নতা; অতিশয় শ্রান্তি। ৩ অসুস্থতা; অস্বাস্থ্য। ৪ মল; ময়লা। ৫ যে বা যা কলঙ্কস্বরূপ বা কলঙ্কজনক। ৬ নিন্দা। ৭ অবমাননা। ৮ অনুশোচনা; অনুতাপ; ক্ষোভ। [স.]। **গ্লান** *বিণ* ১ ক্লান্ত। ২ অবসন্ন। ৩ অস্বাস্থ্যপূর্ণ। ৪ ময়লা; ময়লাপূর্ণ। ৫ নিন্দিত। ৬ কলঙ্কস্বরূপ। **গ্লেয়** *বিণ* গ্লানিকর; গ্লানির উপযুক্ত।

গ্লাস, গেলাস *বি* পান করবার জন্য ব্যবহৃত পাত্রবিশেষ। [ই.]

গ্লোব *বি* ভূ-গোলক; উপবিভাগে পৃথিবীর মানচিত্র অঙ্কিত গোলক। [ই. globe]

ঘ

ঘ বাংলা বর্ণমালায় চতুর্থ ব্যঞ্জনবর্ণ।

ঘচ ঘচ *অব্য* অপেক্ষাকৃত নরম জিনিস সহজে ও ক্রমাগত কেটে যাবার শব্দ।

ঘচাঘচ *অব্য* অপেক্ষাকৃত নরম জিনিস সমানে কেটে

যাবার শব্দ। ☐ *ক্রিবিণ* ঘচঘচ করা।
ঘট *বি* ১ ঘড়া; কলস; কুম্ভ। ২ পাত্র; আঁধার। ৩ মগজ; মাথা; মস্তক; মস্তিষ্ক। ৪ দেহ; মূর্তি। [স. √ঘট্+অ]। **ঘটকর্পর** *বি* ১ ভাঙা ঘটের বা কলসির টুকরা। ২ রাজা বিক্রমাদিত্যের সভার নবরত্নের একজন রত্ন। **ঘটকার, ঘটকারক** *বি* যে ঘট নির্মাণ করে; কুম্ভকার; কুমার। **ঘটপট** *বি* হিন্দুদের বিগ্রহ পূজার পূর্ণ কলস ও চিত্রাদি।
ঘটক *বি, বিণ* যে ঘটায়; ঘটয়িতা; ঘটনার সম্পাদক। ☐ *বি* ১ যে ব্যক্তি মধ্যবর্তী হয়ে বিবাহ সম্বন্ধ ঘটিয়ে দেয়। ২ হিন্দুদের পদবিবিশেষ। ৩ ডুমুরগাছ বা তার কাঠ। [স. ঘট+অক]। **ঘটকী** *স্ত্রী*। **ঘটকালি, ঘটকালী** *বি* ১ ঘটকের কাজ; সংঘেটন কৌশল। ২ বিবাহ-সম্বন্ধ স্থাপন কৌশল; বিবাহ স্থিরীকরণের কাজ। ৩ ঘটকের কাজের পারিশ্রমিক বা তাতে প্রাপ্য অর্থাদি। [স. ঘটক+বা. আলি; আলী]
ঘটঘট *অব্য* কাঠনির্মিত বস্তুর সঙ্গে অন্য বস্তুর সংঘর্ষের বা হাঁড়িকুড়ি নাড়াচাড়ার অথবা যন্ত্রাদি চলবার শব্দ। **ঘটঘটানো, ঘটঘটানি** *বি* উক্ত অর্থে। [ধ্বন্যা.]
ঘটন *বি* ১ হওয়া; সংঘেটন। ২ নির্বন্ধ; বিধান। ৩ যোজন; নিয়োজন। [স. √ঘট্+অন]। **ঘটিত** *বিণ*।
ঘটনা *বি* ১ কাণ্ড; ব্যাপার। ২ যোজনা; সংঘেটন। ৩ রচনা; নির্মাণ। ৪ আকস্মিক ব্যাপার। [স. √ঘট্+অন+আ]। **ঘটনাক্রমে, ঘটনাচক্রে, ঘটনাসূত্রে** *ক্রিবিণ* হঠাৎ ব্যাপারবশত; দৈবাৎ। **ঘটনাচক্র** *বি* পর পর ঘটনা; ঘটনা পরম্পরা; ঘটনাবলী; ব্যাপারসমূহ। **ঘটনাধীন** *বিণ* আকস্মিক ব্যাপারাধীন। **ঘটনাপূর্ণ, ঘটনাবহুল** *বিণ* বহু ঘটনা সমাকীর্ণ; ঘটনার আধিক্য আছে এমন; বহু ঘটনাময়। **ঘটনাবলী, ঘটনাবলি** *বি* ব্যাপারসমূহ; ঘটনাসকল। **ঘটনাক্রমে, ঘটনাচক্রে** *ক্রিবিণ* দৈবাৎ; ঘটনাব্যপদেশে। **ঘটনাস্থল** *বি* যে স্থানে কোনো ব্যাপার ঘটে; অকুস্থল। **ঘটনা-স্রোত** *বি* ১ ঘটনার ক্রমধারা; ধারাবাহিক ঘটনা; ঘটনার প্রবাহ। ২ ঘটনার তোড় বা বেগ বা ধাক্কা। **ঘটনীয়** *বিণ* ঘটবার মতো; সম্ভাব্য; সংঘেটনযোগ্য; ঘটিতব্য। [স.]। **ঘটমান** *বিণ* ১ ঘটছে এমন; চলমান। ২ চলন্ত; চলছে এমন। [স.]
ঘটরমটর *অব্য* ১ অবিরাম ঘটঘট শব্দ। ২ মন্থর গতিতে ক্রমাগত ঘটঘট শব্দে চলার ভাবপ্রকাশ।
ঘটা[১] *বি* ১ আড়ম্বর; সমারোহ; জাঁকজমক। ২ আয়োজন; উদ্যোগ; সজ্জা। ৩ বহর; বাহার। ৪ রাশি; সমূহ। ৫ ঘটন। [স. √ঘট্+আ]
ঘটা[২] *ক্রি* ১ সংঘটিত হওয়া; হওয়া। ২ পরিণত হওয়া বা রূপ পাওয়া। ৩ সম্পন্ন হওয়া। ☐ *বি* সংঘেটন। **ঘটানো** *ক্রি* (ণিজন্ত) সংঘটিত; পরিণত বা সম্পন্ন করানো। ☐ *বি* সংঘেটন। ☐ *বিণ* অন্যের দ্বারা সংঘটিত। [স. √ঘট্]
ঘটাকাশ *বি* ১ ঘটে প্রতিবিম্বিত আকাশ। ২ খণ্ড জগৎ; ক্ষুদ্র পরিধি। [স. ঘট+আকাশ]
ঘটাটোপ *বি* ১ আবরণ; ঘেরাটোপ; আচ্ছাদন। ২ পর্দা; যবনিকা। ৩ সগর্ব সমারোহ। [স. ঘট+আটোপ]
ঘটি, ঘটী *বি* ১ ঘটের মতো ক্ষুদ্র ধাতুময় জলপাত্রবিশেষ। ২ মুহূর্ত; কাল পরিমাণবিশেষ। ৩ ঘড়ি। [স.]। **ঘটিচোর, ঘটীচোর** *বি* পাতিচোর; ছিঁচকে চোর; যে ছোটখাটো জিনিস চুরি করে।
ঘটিকা *বি* ১ ঘণ্টা। ২ ঘড়ি। ৩ সময় নিরূপণের প্রাচীন যন্ত্রবিশেষ। ৪ ঘটি; ছোট কলস। [স. ঘটি+ক+আ]
ঘটিত *বিণ* ১ সম্পাদিত; সংঘটিত; ঘটেছে এমন। ২ সম্পর্কিত; সংক্রান্ত; জনিত। ৩ গঠিত; যুক্ত; যোজিত বা নির্মিত। [স. √ঘট্+ত]। **ঘটিতব্য** *বিণ* ঘটবে এমন।
ঘটিযন্ত্র, ঘটিকাযন্ত্র *বি* ১ সময় নিরূপক যন্ত্র; কাল নিরূপণের প্রাচীন যন্ত্রবিশেষ। ২ কূপ থেকে জলপূর্ণ ঘট তুলবার যন্ত্রবিশেষ। [স.]
ঘটিরাম *বি* ১ মূর্খ অপদার্থ ও অযোগ্য ব্যক্তি। ২ দীনবন্ধু মিত্রের *সধবার একাদশী* নাটকের একটি চরিত্র।
ঘড়, ঘড় ঘড় *অব্য* ১ শ্লেষ্মার শব্দ; কফের আধিক্য হেতু কণ্ঠনালীর ধ্বনিবিশেষ। ২ গাড়ি চলার শব্দ। ৩ নাক ডাকার আওয়াজ; নাসিকা গর্জন।
ঘড়া *বি* ১ বড় কলসি। ২ পিতলের কলস। [স. ঘট>]
ঘড়াঞ্চি, ঘড়াঞ্চে *বি* ১ সিঁড়িওয়ালা উঁচু টুল মই বা মঞ্চবিশেষ। ২ পাত্র বসিয়ে রাখবার কাঠের মঞ্চ; কলসি রাখার কাঠের মঞ্চ। [স. ঘট>]
ঘড়ি, ঘড়ী *বি* ১ ঘটিকা; সময় নিরূপক যন্ত্র। ২ অত্যল্প সময়; সামান্য ক্ষণ। ৩ ঘণ্টা। ৪ আড়াই দণ্ড। সিকি প্রহর। [স. ঘটী]। **ঘড়ি ঘড়ি, ঘড়ী ঘড়ী** *ক্রিবিণ* ১ ক্ষণে ক্ষণে; প্রতি মুহূর্তে; থেকে থেকে। ২ ঘণ্টায় ঘণ্টায়; বারংবার; ঘনঘন। **ঘুম ভাঙানো ঘড়ি** *বি* যে ঘড়িতে নির্দিষ্ট সময়ে ক্রমাগত শব্দ হওয়ার ফলে ঘুম ভাঙে। **জলঘড়ি** *বি* সময় নিরূপক যন্ত্রবিশেষ; এই যন্ত্র থেকে বিন্দু বিন্দু জল পড়ে নির্দিষ্ট সময়ে তা নিঃশেষ হয়। **টেকঘড়ি, ট্যাকঘড়ি** *বি* ছোট ঘড়ি। **সূর্যঘড়ি** *বি* এতে সূর্য কিরণে যে ছায়া পড়ে তা দেখে সময় নিরূপিত হয়। **হাতঘড়ি** *বি* মণিবন্ধে পরবার বা বেঁধে রাখবার ঘড়ি। **দেয়াল-ঘড়ি** *বি* দেয়ালে লাগানো বড় ঘড়ি।
ঘড়িয়াল[১] *বি* ঘণ্টাবাদক; যে ঘণ্টা বাজিয়ে সময় জানায়। [ঘড়ি+আল]
ঘড়িয়াল[২], **ঘড়েল** *বি* দীর্ঘমুখ কুমিরবিশেষ। [হি. ঘড়িয়াল]
ঘড়িয়াল[৩], **ঘড়েল** *বিণ* ফন্দিবাজ; সুচতুর; সেয়ানা; ধড়িবাজ। [হি.]
ঘণ্ট *বি* এক প্রকার ব্যঞ্জন; পাঁচমিশালি ব্যঞ্জন। [স.]। **ঘণ্ট পাকানো** *ক্রি* তালগোল পাকানো; গুলিয়ে যাওয়া।
ঘণ্টা *বি* ১ কাঁসার তৈরি এক প্রকার বাদ্যযন্ত্র। ২ ষাট মিনিট সময়। ৩ পেটাঘড়ি। ৪ কিছুই না; কাঁচকলা; কচু; ঘোড়ার ডিম। [স.]। **ঘণ্টা পড়া** *ক্রি* ঘণ্টা পিটে সময় জানানো। **ঘণ্টায় ঘণ্টায়** *ক্রিবিণ* অল্পক্ষণ পর পর; বার বার; প্রতি ঘণ্টায়। **হাতির গলায় ঘণ্টা** *ক্রিবিণ* অসামঞ্জস্য ব্যাপার; বেমানান কাজ।
ঘণ্টাকর্ণ *বি* ১ ঘেঁটু ফুল। ২ হিন্দুদেবতা; শিবের অন্যতম অনুচর; ঘেঁটু। ৩ হিন্দু দেবতাবিশেষ। [স. ঘণ্টা+কর্ণ]
ঘণ্টেশ্বর *বি* হিন্দুমতে মঙ্গলপুত্র ঘেঁটু। [স. ঘণ্টা+ঈশ্বর]
ঘন *বি* ১ মেঘ। ২ (গ.) সমান তিন রাশির গুণফল। ৩ বস্তু; দৈর্ঘ্য প্রস্থ ও বেধবিশিষ্ট বস্তু। ☐ *বিণ* ১ গাঢ়। ২ নিবিড়; গহন; দুর্গম। ৩ ঘন বুননি। ৪ দুর্ভেদ্য। ৫ অবিচ্ছিন্ন;

অবিরাম; অনবরত। ৬ পুরু; জমাট। ৭ প্রবল; ঘোর। ৮ দৈর্ঘ্য প্রস্থ ও বেধবিশিষ্ট। ৯ করতাল কাঁসি ইত্যাদির ন্যায় দুই অংশের ঠোকাঠুকিতে বাজে এমন। ১০ বাদ্যের শ্রেণীবিশেষ। [স.]। **ঘন কফ** *বি* গাঢ় বা জমাট শ্লেষ্মা। **ঘনকৃষ্ণ** *বিণ*১ মেঘের মতো কালো। ২ ঘোরকৃষ্ণ। **ঘনঘটা** *বি* মেঘাড়ম্বর। **ঘনঘন** *ক্রিবিণ*১ বার বার; পুনঃপুন; বহুবার। ২ কাছাকাছি বা ঘেঁষাঘেঁষি; গায়ে গায়ে। ❑ *বিণ* অবিচ্ছিন্ন; অবিরাম; অনবরত। **ঘনঘোর** *বিণ* ভীষণ মেঘাচ্ছন্ন; মেঘে অন্ধকার। **ঘনত্ব, ঘনতা** *বি*১ নিবিড়তা; গাঢ়তা। ২ দৈর্ঘ্য প্রস্থ ও বেধের মিলিত ফল। **ঘনপল্লব** *বিণ* ঘনপাতাবিশিষ্ট। ❑ *বি* সজিনা শাক। **ঘনফল** *বি*১ দৈর্ঘ্য প্রস্থ ও বেধের গুণফল। ২ সমান তিন রাশির গুণফল। **ঘনবসতি** *বি* বহু লোকের অল্প জায়গায় ঘেঁষাঘেঁষিভাবে বসবাস। **ঘনবস্তু** *বি* যার দৈর্ঘ্য প্রস্থ ও বেধ এই তিনটিই আছে এরূপ দ্রব্য। **ঘনবিন্যস্ত** *বিণ* নিবিড়ভাবে বা ঘেঁষাঘেঁষিভাবে স্থাপিত। **ঘনবিন্যাস** *বি* ফাঁক না রেখে কাছাকাছি স্থাপন। **ঘনমূল** *বি* ঘনফলের মূলরাশি। **ঘনশ্যাম** *বিণ* ১ নিবিড় মেঘের মতো বর্ণ; গাঢ় নীল বর্ণবিশিষ্ট। ❑ *বি* শ্রীকৃষ্ণ। **ঘনসন্নিবিষ্ট** *বিণ* ঘনবিন্যস্ত; মধ্যে প্রায় ফাঁকশূন্য।

ঘনানো *ক্রি*১ কাছে আসা; নিকটবর্তী হওয়া। ২ গাঢ় বা জমাট করা বা হওয়া। ❑ *বি* কাছাকাছি হওয়া; নিকটবর্তী হওয়া বা ঘনকরণ। ❑ *বিণ* ঘনীকৃত বা ঘনীভূত।

ঘনান্ধকার *বি*১ জমাট বা গাঢ় অন্ধকার; ঘোর অন্ধকার। ২ মেঘাচ্ছন্নতার দরুন অন্ধকার। [স. ঘন+অন্ধকার]

ঘনাবৃত *বিণ* মেঘে-ঢাকা; মেঘাচ্ছন্ন। [স. ঘন+আবৃত]

ঘনায়মান *বিণ* কোনো কিছু ঘনিয়ে আসছে এমন; আসন্ন। [স. ঘনায়+শানচ(=মান)]

ঘনিষ্ঠ *বিণ*১ অতিশয় ঘন। ২ অত্যন্ত নিকট। ৩ অন্তরঙ্গ। [স. ঘন+ইষ্ঠ]। **ঘনিষ্ঠা** *স্ত্রী*। **ঘনিষ্ঠতা** *বি*।

ঘনীকৃত *বিণ* ঘন করা হয়েছে এমন। [স.]

ঘনীভূত *বিণ* জমানো; ঘন হয়েছে এরূপ। [স. ঘন+ঈ+ভূ+ত]। **ঘনীভবন** *বি* ঘন হওয়া।

ঘর *বি*১ গৃহ; বাড়ি। ২ প্রকোষ্ঠ; কুঠরি; কামরা; কক্ষ। ৩ আবাস; বাসস্থান। ৪ আশ্রয়; ঠাঁই। ৫ সংসার। ৬ পরিবার। ৭ কুল; বংশ। ৮ স্থান; নির্দিষ্ট কোঠা। ৯ অফিস। ১০ ছিদ্র; রন্ধ্র বা খোপ। ১১ গ্রন্থি বা বুননের স্থান। ১২ গদি। ১৩ অভ্যন্তর; অন্দর। [স. গৃহ>ঘরহ>ঘর]। **ঘর আলো করা** *ক্রি* গৃহের শোভা বর্ধন করা। **ঘরকন্না, ঘরকরনা** *বি* গৃহস্থালি; সাংসারিক কাজকর্ম; সংসার; সংসারধর্ম। **ঘরকরণ** *বি*১ সংসার, গৃহস্থালি। ২ গৃহিণীপনা। **ঘর করা** *ক্রি*১ সংসার ধর্ম পালন করা। ২ পত্নীরূপে বাস করা। **ঘর কাটা** *ক্রি* ছক কাটা। **ঘরকুনো** *বিণ*১ বহির্জগতের সঙ্গে সম্পর্কহীন; ঘরের কোণে আবদ্ধ। ২ অমিশুক; অসামাজিক। **ঘরখরচ** *বি* সংসারের নিত্যনৈমিত্তিক ব্যয়। **ঘর খোঁজা** *ক্রি* বৈবাহিক সম্পর্ক স্থাপনের জন্য উপযুক্ত পরিবার সন্ধান করা। **ঘরগুষ্টি, ঘরগুষ্ঠি** *বি* পরিবারবর্গ; ঘরের সকল লোক; আত্মপরিজন। **ঘর ঘর** *ক্রিবিণ* প্রত্যেক ঘরে; প্রতি পরিবারে। **ঘরঘেঁষা, ঘরঘ্যাঁষা** *বিণ* গৃহানুরক্ত। **ঘরছাড়া** *বিণ*১ সন্ন্যাসী; বিবাগী; বৈরাগী। ২ প্রবাসী। ৩ গৃহহীন বা গৃহত্যাগী। **ঘর ছাড়ানো** *ক্রি* ঘর ছাড়া করা; উদ্বাস্তু করা। **ঘরজাত করা** *ক্রি* ঘরে মৌজুদ করা। **ঘরজামাই** *বি* শ্বশুরালয় নিবাসী ও শ্বশুর পালিত জামাতা; যে জামাই শ্বশুর বাড়িতেই বাস করে। **ঘরজোড়া** *বিণ*১ সমস্ত ঘরে ছড়িয়ে থাকে এরূপ। ২ ঘর পূর্ণ ও শোভিত হয় এমন। **ঘর জ্বালানো** *ক্রি* ১ ঘরে আগুন লাগানো। ২ সংসারের সুখ-শান্তি নষ্ট করা এবং পরিবারবর্গের সর্ববিধ অনিষ্ট সাধন করা। ❑ *বিণ* পরিবারের অশান্তির কারণ এমন। **ঘরজ্বালানি** *বিণ স্ত্রী*। **ঘরজ্বালানে** *বিণ* পরিবারের লোকের অশান্তির কারণ এমন। **ঘরতোলা** *ক্রি*১ ঘর তৈরি করা। ২ সুতা বা পশমে গ্রন্থি দিয়ে বোনা। **ঘর নষ্ট করা** *ক্রি* ১ সংসারের সুখ-শান্তি হানি করা। ২ পরিবারের মর্যাদাহানিকর কাজ করা। ৩ নীচ কুলে বিয়ে দেওয়া বা করা। **ঘরপর** *বি* আত্মপর; আপন-পর। **ঘর পাওয়া** *ক্রি* ১ বাসাবাড়ি খুঁজে পাওয়া। ২ বিয়ের জন্য উপযুক্ত ঘরের পাত্রপাত্রী পাওয়া। **ঘরপোড়া** *বি* লঙ্কাদাহকারী হনুমান। ❑ *বিণ*১ ঘর পুড়ে গিয়েছে এমন। ২ গোশালা পুড়ে যাওয়ায় তাতে অভিজ্ঞ। ৩ আত্মহানিকর। **ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখে ডরায়**—১ যে গরু একবার ঘর পোড়ার অভিজ্ঞতা লাভ করেছে সে রক্ত বর্ণের মেঘ দেখলেই আগুন লেগেছে মনে করে ভয় পায়। ২ একবার খারাপ অভিজ্ঞতাপ্রাপ্ত ব্যক্তি—উক্ত অভিজ্ঞতার সামান্য সাদৃশ্য দেখেই শঙ্কিত হয়ে ওঠে। **ঘরপোষা** *বিণ* গৃহপালিত। **ঘরবর** *বি* বরের বংশের মর্যাদা ও তার নিজের যোগ্যতা। **ঘর বসানো** *ক্রি* প্রজা বসানো, বাস করানো। **ঘর বাঁধা** *ক্রি*১ বিবাহাদি করে সংসারী হওয়া। ২ গৃহনির্মাণ করা বা বসতি স্থাপন করা। **ঘর-বার করা** *ক্রি* কারো জন্য উৎকণ্ঠার সঙ্গে অপেক্ষা। **ঘরভাঙ্গা, ঘরভাঙ্গানো, ঘরভাঙা, ঘরভাঙানো** *ক্রি* গৃহবিচ্ছেদ ঘটানো। **ঘরভাঙানি** *বিণ স্ত্রী*। **ঘরভাঙানে** *বিণ* গৃহ বিচ্ছেদকারী। **ঘরভেদী** *বিণ* যে ঘরে বিবাদ বাধায় এমন; ঘরের শত্রু; বিচ্ছেদ সৃষ্টিকারী; গৃহের অনিষ্টসাধক। **ঘর মজানো** *ক্রি* কুলে কলঙ্ক দেওয়া; বংশের দুর্নাম ঘটানো। **ঘরমুখো** *বিণ* ১ গৃহাভিমুখী। ২ গৃহ গমনে উৎসুক; গৃহাসক্ত। **ঘরশত্রু** *বি* ১ আত্মীয়জনের ভয়ঙ্কর অনিষ্টকারী। ২ বিভীষণ বা রাক্ষস। বিভীষণের মতো আত্মীয়; শত্রু প্রকৃতির লোক। **ঘরসংসার** *বি* গৃহস্থালি। **ঘরসন্ধানী** *বিণ*১ ঘরের সকল খবর জানে এমন। ২ ঘরের গুপ্ত তথ্য জানে এবং ফাঁস করে দেয় এমন। **ঘরে আগুন দেওয়া, ঘরে আগুন লাগানো** *ক্রি*১ সংসারে অশান্তি ঘটানো, গৃহে বিবাদ সৃষ্টি করা। ২ আপন পরিবারের ধ্বংস সাধন করা। **ঘরে পরে** *বি*১ সর্বত্র। ২ আত্মজন ও অপর; আপন পর নির্বিশেষে। ৩ বন্ধু ও শত্রু নির্বিশেষে। **ঘরের কথা** *বি* পারিবারিক বা স্বদলীয় গোপন কথা। **ঘরে বাইরে করা** *ক্রি* আকুল বা অধীরভাবে প্রতীক্ষা করা; কারো প্রতীক্ষায় ব্যাকুল হয়ে একবার ঘরের বাইরে এসে দেখে পুনরায় ঘরে ফিরে যাওয়া। **ঘরের খেয়ে বনের মোষ তাড়ানো** *বি* নিজ অর্থ ব্যয়ে অনাবশ্যক বিষয়ের উদ্যোগ। ❑ *ক্রি* অকারণে বিপদের ঝুঁকি মাথায় নেওয়া। **ঘরের লক্ষ্মী**—পরিবারের সৌভাগ্য; পুত্রবধূ। **ঘরে লক্ষ্মী আনা** *ক্রি* গৃহে পুত্রবধূ আনা; ঘরে বউ আনা।

ঘরনী, ঘরণি *বি* ১ গৃহিণী; গৃহকর্ত্রী। ২ স্ত্রী; পত্নী; সহধর্মিণী। ৩ গৃহিণীপনায় সুনিপুণা রমণী। ❑ *বিণ* সংসারের দায়িত্বসচেতন বা গৃহিণীসুলভ। [স. গৃহিণী>]।

ঘরন্তী *বিণ স্ত্রী.* গৃহকর্মে নিপুণা; সুগৃহিণী।
ঘরব্যাভারি *বি* ঘরে প্রচলিত বা ঘরোয়া নিয়মকানুন। ▢*বিণ* ১ ঘরে প্রচলিত বা ঘরে চলিত। ২ সামাজিক সৌজন্যবশত দানীয় দ্রব্য।
ঘরানা, ঘরনা *বিণ* ১ দীর্ঘকালাবধি প্রতিষ্ঠিত; বনেদি। ২ কুলীন; সম্ভ্রান্ত; অভিজাত। ▢*বি* ১ সঙ্গীত ইত্যাদির শৈলী বহনকারী ধারা। ২ কুলীন ঘর; অভিজাত গৃহ; সম্ভ্রান্ত ঘর। ৩ কুল-প্রথা; কুলবৃত্তি; কুল ব্যবহার। ৪ গোষ্ঠীধারা বা গোষ্ঠী; বিশেষ ধারার বৈশিষ্ট্যসম্মত কোনো কিছু; সম্প্রদায়গত পদ্ধতি বা চলন। ৫ পারিবারিক বা ঘরোয়া কিংবা বংশ পরম্পরাগত পেশা। [হি.]
ঘরামি, ঘরামী *বি* খড়ের ঘর নির্মাতা; যে বাঁশ খড় ইত্যাদি দ্বারা ঘর তৈরি করে; ছৈয়াল। [বা. (ঘরোয়া আঞ্চলিক) ঘর (স. গৃহ)+আমি, আমী]। **ঘরামিগিরি** *বি* ঘরামির কাজ। [বা. ঘরামি+ফা. গিরি]
ঘরোয়া, ঘরাও *বিণ* ১ পারিবারিক; গৃহ সংসার বা গৃহস্থালি-সম্পর্কিত। ২ ব্যক্তিগত; নিজেদের মধ্যে সীমাবদ্ধ; private (ঘরোয়া আলোচনা); পারিবারিক; সমাজের জন্য নয় এমন। ৩ কায়দা কানুনে আবদ্ধ রীতি নিয়মের কড়াকড়িশূন্য।
ঘর্ঘর *বি* ১ চলন্ত চাকা প্রভৃতির শব্দ। ২ ভয়ঙ্কর ধ্বনি; প্রচণ্ড শব্দ। [স.]। **ঘর্ঘরিত** *বিণ* ঘর্ঘর ধ্বনিতে নিনাদিত মুখরিত বা পূর্ণ।
ঘর্ঘরা *বি* ঘাগর নদী; নদীবিশেষ; সরযু নদী।
ঘর্ঘরী *বি* ১ ঘুঙুর। ২ নদীবিশেষ।
ঘর্ম *বি* ঘাম; স্বেদ। [স.]। **ঘর্মকর** *বিণ* কষ্টকর। **ঘর্মচর্চিকা** *বি* ঘামাচি। **ঘর্মাক্ত, ঘর্মাপ্লুত** *বিণ* ঘর্মের দ্বারা সিক্ত বা স্নাত; ঘামে ভেজা।
ঘর্মার্ত *বিণ* গ্রীষ্মপীড়িত। **ঘর্মান্ত** *বি* বর্ষাকাল। **ঘর্মিত** *বিণ* ঘর্মযুক্ত।
ঘর্ষক *বিণ* ঘর্ষণ করে এমন। [স. √ঘৃষ্+অক]
ঘর্ষণ, ঘর্ষ *বি* ১ ঘষা। ২ মার্জন; রগড়ানো; ঘষটানো। ৩ সংঘর্ষ; পরস্পর আঘাত। [স. ঘৃষ+অন/অ]। **ঘর্ষিত, ঘৃষ্ট** *বিণ* ঘষা বা মার্জনা করা হয়েছে এমন। **ঘর্ষিতা, ঘৃষ্টা** *স্ত্রী.*।
ঘষা *ক্রি* ঘর্ষণ করা। ▢*বি* ১ ঘর্ষণ। ২ ঘষবার দ্রব্য বা উপকরণ। ▢*বিণ* ১ ঘষটানো; ঘর্ষিত। ২ খওয়া; ক্ষয়প্রাপ্ত। [স. √ঘৃষ্+বা. আ]
ঘষাঘষা *বিণ* ঈষৎ ঘষা; সামান্য ঘষটানো। **ঘষাঘষি** *বি* ১ পারস্পরিক ঘর্ষণ। ২ অবিরাম ঘর্ষণ বা ঘষতে থাকা। ৩ অতিরিক্ত মেশামেশি; অধিক ঘনিষ্ঠতা; মাখামাখি। **ঘষানো** *ক্রি* ঘর্ষণ করানো। ▢*বি, বিণ* উক্ত অর্থে। **ঘষা পয়সা** *বি* ১ টাকশালের ছাপ মুছে যাওয়ার দরুন অচল মুদ্রা। ২ রূপগুণ না থাকার জন্য বিবাহের বাজারে অচল পাত্র বা পাত্রী; অনাদৃত নির্গুণ ব্যক্তি। **ঘষামাজা** *বিণ* ১ ঝকঝকে; তকতকে; পরিষ্কার। ২ বহু চেষ্টায় শিখিয়ে পড়িয়ে চালাক চতুর বা চলনসই হওয়া।
ঘষ্টানো, ঘষড়ানো *ক্রি* ১ ক্রমাগত ঘষা। ২ হেঁচড়ানো; হেঁচড়িয়ে টানা। ৩ রগড়ানো; মর্দন করা। ৪ ক্ষমতার অভাবের দরুন কোনো বিষয়ে ক্রমাগত চেষ্টা করে চলা; পুনঃপুন আউড়ে বা অভ্যাস করে কোনো বিষয় আয়ত্ত করার দুঃসাধ্য চেষ্টা করা। ▢*বি, বিণ* উক্ত সকল অর্থে।
ঘষটানি, ঘষড়ানি *বি* ১ ক্রমাগত ঘর্ষণ। ২ হেঁচড়িয়ে বা ছেঁচড়িয়ে টানা। ৩ মর্দন। ৪ ক্রমাগত চেষ্টা। ৫ ঘর্ষণজাত শব্দ।
ঘা *বি* ১ চোট; আঘাত; প্রহার। ২ ক্ষত। ৩ শোক; দুঃখ। ৪ ক্ষতি; লোকসান। ৫ ধাক্কা। [স. ঘাত>]। **ঘা-কতক** *বি* কয়েক ঘা; কয়েকবার প্রহার; বেশ কিছু পিটুনি। **ঘা-কতক খাওয়া** *ক্রি* কমবেশি প্রহৃত হওয়া। **ঘা-কতক বসিয়ে দেওয়া** *ক্রি* কিছু মারা; কয়েক ঘা প্রহার করা। **ঘা করা** *ক্রি* ক্ষত সৃষ্টি করা। **ঘা খাওয়া** *ক্রি* ১ আঘাত পাওয়া। ২ দুঃখ পাওয়া; শোকগ্রস্ত হওয়া। ৩ ধাক্কা খাওয়া। ৪ ক্ষতিগ্রস্ত হওয়া; লোকসান খাওয়া। **ঘাতে আঘাতে**—যখন তখন; আচমকা; দেহের নানা স্থানে। **ঘা দেওয়া** *ক্রি* ১ মনে কষ্ট দেওয়া; মর্মে আঘাত করা। ২ আঘাত দেওয়া; বাড়ি দেওয়া; প্রহার করা। **ঘা মারা** *ক্রি* আঘাত করা। **ঘায়-অঘায়** *ক্রিবিণ* জায়গার পরিবর্তে অজায়গায়; মর্মস্থলে। **ঘা শুকানো** *ক্রি* ১ ক্ষতস্থান শুকিয়ে সুস্থ হওয়া। ২ বেদনার প্রশমন হওয়া। ৩ শোক নিবৃত্তি হওয়া। **ঘা সওয়া** *ক্রি* আঘাত বা ক্ষতি ধৈর্যের সঙ্গে বহন করা বা নীরবে মেনে নেওয়া। ▢*বি* আঘাত মেনে নিয়েছে বা সহ্য করেছে যে। ▢*বিণ* আঘাত সহ্য করতে সক্ষম বা অভ্যস্ত; ঘাতসহ। **ঘা হওয়া** *ক্রি* ক্ষত হওয়া। **নালী ঘা** *বি* গভীর ও দূষিত ক্ষত; যে ঘা অনেক ভিতরে গিয়েছে। **মড়ার উপর খাঁড়ার ঘা**—দুর্বল বা অসহায়ের উপর অত্যাচার। **সর্বাঙ্গে ঘা ওষুধ দেই কোথায়**—দুঃসাধ্য ব্যাপারে নিরুপায় অবস্থা; সমাধানের উপায়শূন্য অবস্থা।
ঘাই *বি* ১ আঘাত। ২ পানির মধ্যে বৃহৎ মৎস্যের পুচ্ছাঘাত। [স. ঘাতি]
ঘাইট *বি* অনটন; কমতি; ঘাটতি; ত্রুটি।
ঘাউয়া *বিণ* ক্ষতযুক্ত; ঘেয়ো। [বা. আঞ্চলিক]
ঘাউড়া *বি* মনুষ্য বিষ্ঠা খাওয়ার জন্যপরিচিত মাছবিশেষ। ২ একগুঁয়ে। **ঘাউড়ামি** একগুঁয়েমি।
ঘাও *বি* ১ আঘাত। ২ ঘা; ক্ষত। [স. ঘাত>]
ঘাঁট, ঘ্যাঁট *বি* ১ মিশ্রিত ব্যঞ্জন; ঘণ্ট। ২ বহুদ্রব্যের বিশৃঙ্খল মিশ্রণ; জগা-খিচুড়ি। [স. ঘণ্ট>]
ঘাঁটন *বি* ১ ঘোঁটন; আলোড়িতকরণ; মন্থন। ২ মিশ্রিতকরণ। ৩ বেশি নাড়াচড়াকরণ বা হাঁটকানো। ৪ চটকানো বা মর্দন। ৫ আন্দোলন বা আলোড়ন বা চর্চা।
ঘাঁটা[১] *ক্রি* ১ ঘোঁটা; আলোড়ন করা; মন্থন করা। ২ পর্যালোচনা করা; অনুশীলন করা; নাড়াচাড়া করা। ▢*বি, বিণ* উক্ত সকল অর্থে। **ঘাঁটাঘাঁটি** *বি* ১ অনবরত বা ক্রমাগত ঘাঁটা। ২ অধিক আন্দোলন বা আলোচনা। **ঘাঁটানো** *ক্রি* ১ নাড়াচাড়া করানো। ২ আন্দোলন বা আলোচনা করে উত্যক্ত বা উত্তেজিত করা; আন্দোলন করে খেপিয়ে তোলা বা চটানো। ▢*বি, বিণ* উক্ত সকল অর্থে।
ঘাঁটা[২]**, ঘাটা** *বি* ক্রমাগত ঘর্ষণের ফলে চামড়ায় যে চিহ্ন সৃষ্টি হয়। **ঘাটাপড়া** *ক্রি* দাগ বা ঘা লাগতে লাগতে কঠিন হওয়ার লক্ষণ; কাঠিন্যের গভীর ছাপ যাতে নতুন আঘাত চাঞ্চল্য সৃষ্টি করতে পারে না।
ঘাঁটি, ঘাটি *বি* ১ ফাঁড়ি; চৌকি; থানা; প্রহরীর থাকবার স্থান। ২ পথসন্ধি বা প্রবেশ পথ। ৩ সৈনিকদের আড্ডা বা আস্তানা। **ঘাঁটিয়াল, ঘাটিয়াল** *বি* ঘাঁটিরক্ষক বা ঘাঁটির প্রধান। [স. ঘট্ট>]

ঘাঁত, ঘাত *বি*১ মতলব হাসিল করবার অনুকূল মুহূর্ত বা সুযোগ। ২ উদ্দেশ্য সাধনের বা দাঁও মারবার সুযোগ সন্ধান। **ঘাঁতঘোত, ঘাতঘোত** *বি* অন্ধিসন্ধি। **ঘাতের ভাই** *বি* যে উদ্দেশ্যে হাসিল করবার জন্য ভাই পাতায়; ফন্দিবাজ; মতলববাজ। [আঞ্চলিক]

ঘাগরা, ঘাগরি *বি* নারীদের নিম্নাঙ্গের ঢিলা পরিধেয় বিশেষ। [তুল. হি. ঘাগরা; স. ঘর্ঘর>]

ঘাগি, ঘাগু *বিণ* ঘা খেয়ে পোক্ত বা অভিজ্ঞ। ❑*বি* ১ সেয়ানা; সুচতুর; ঝানু; পাকা। ২ দাগি বা পূর্বে দণ্ডপ্রাপ্ত। ৩ ভুক্তভোগী। [তুল. হি. ঘাঘ]। **পুরাণ ঘাগি** *বিণ* বহু অভিজ্ঞতাসম্পন্ন অত্যন্ত ধূর্ত।

ঘাঘর, ঘাগর *বি* বাদ্যযন্ত্রবিশেষ; ঝাঁঝ; কিঙ্কিণি; ঘুঙুর। [স. ঘর্ঘরা>]

ঘাট[১] *বি* ১ জলাশয়াদিতে অবতরণের জায়গা। ২ নৌকা বা জাহাজ ভিড়বার স্থান। ৩ বাদ্যযন্ত্রের সুরের পর্দা। ৪ প্রবেশ পথ; ঘাঁটি। ৫ পর্বত। [স. ঘট্ট>]। **ঘাট কামানো** *ক্রি* হিন্দু সমাজে পিতামাতা প্রভৃতি আত্মীয়ের মৃতাশৌচ শেষ হওয়ার পর নখ দাড়ি চুল প্রভৃতি কামানো। **ঘাট মারা** *ক্রি* শুল্ক ফাঁকি দিয়ে গোপনে আমদানি রপ্তানি করা। **ঘাটে এসে নাও ডুবানো**—কোনো বিষয়ে সাফল্যের প্রান্তে বা দ্বারদেশে এসে সমস্ত পণ্ড করা। **ঘাটে ঘাটে** *ক্রিবিণ* ১ প্রতিঘাটে বা ঘাঁটিতে ঘাঁটিতে। ২ সকল প্রান্তে; সর্বত্র। **ঘাটের কড়ি** *বি* ১ পারের কড়ি বা মাশুল; নদী পার হওয়ার ভাড়া; পারানি। ২ স্বর্গ বা বেহেশত অর্থে পরপারে যাবার পুণ্যরূপ কড়ি।

ঘাট[২]**, ঘাট** *বি*১ অপরাধ; অন্যায়; দোষ; ত্রুটি। ২ কমতি; অল্পতা; ন্যূনতা। [হি. ঘাটি]। **ঘাট মানা** *ক্রি* দোষ বা ত্রুটি স্বীকার করা।

ঘাটতি *বি* কমতি; অভাব; শূন্যতা। [হি.]

ঘাটতি বাজেট *বি* যে বাজেটে আয়-ব্যয়ের হিসাবে আয়ের চেয়ে ব্যয় বেশি। **ঘাটন** *বি* কম পড়া।

ঘাটলা *বি* ১ বাঁধানো ঘাট; সিঁড়ি। ২ ঘাট; ঘাটের মতো; ছোট ঘাট।

ঘাটা *বি*১ ঘাট; নৌকাদি ভিড়বার জায়গা। ২ পথ; রাস্তা। ৩ বাড়ির সম্মুখের মুক্তাঙ্গন। [আঞ্চলিক]

ঘাটাল *বিণ* বন্ধুর; এবড়োথেবড়ো; অসমতল।

ঘাটোয়াল, ঘাটিআল *বি* ১ ঘাটরক্ষক; পাটনি। ২ খেয়াঘাট-ওয়ালা; ঘেটেল। ৩ তীর্থযাত্রীদের কর সংগ্রাহক। **ঘাটোয়ালি, ঘাটোয়ালী** *স্ত্রী*। **ঘাটোয়ালি** *বি* ঘাটোয়ালের কাজ; পদ বা অধিকার।

ঘাড় *বি*১ গ্রীবা; গর্দান; গলার পশ্চাদ্‌ভাগ। ২ কাঁধ; স্কন্ধ। [স. ঘাটা>]। **ঘাড় ধরা** *ক্রি* ঘাড়ে হাত দিয়ে বলপ্রয়োগ করা অর্থাৎ জোরজবরদস্তি করা। **ঘাড় ধাক্কা** *বি* গলা ধাক্কা। **ঘাড় নাড়া** *ক্রি* সম্মতি বা অসম্মতি নির্দেশ করা। **ঘাড় পাতা** *ক্রি* দায়িত্ব গ্রহণ করা বা গ্রহণে সম্মত হওয়া। **ঘাড় ফুলানো** *ক্রি* স্পর্ধা জ্ঞাপন করা। **ঘাড় ভাঙা, ঘাড় ভাঙ্গা** *ক্রি* জবরদস্তিতে আদায় করা, জোর করে খরচ করতে বাধ্য করা, পরের উপর জোর খাটিয়ে নিজের কার্য সাধন করা; পরের অর্থব্যয় ঘটিয়ে আপন স্বার্থ সাধন করা। **ঘাড়ে করা, ঘাড়ে লওয়া** *ক্রি*১ স্কন্ধে ধারণ করা। ২ দায়িত্ব গ্রহণ করা; দায় স্বীকার করা। **ঘাড়ে গর্দানে** *বিণ* ১ স্কন্ধ থেকে মস্তক পৃথক বলে বোধ হয় না এরূপ স্থূল; অত্যন্ত স্থূল। ২ গজস্কন্ধ। **ঘাড়ে চাপা** *ক্রি* ভরণপোষণের জন্য অপরের গলগ্রহ হওয়া, পরের উপর নির্ভরশীল হওয়া। ❑*বি* ১ কার্যোদ্ধারের জন্য অন্যের উপর চাপ দেওয়া। ২ ভর করা বা হওয়া। **ঘাড়ে জোয়াল** *বি* কাজের অতিরিক্ত চাপ বা ভার। **ঘাড়ে দুটো মাথা থাকা**—অসম সাহসী হওয়া; অত্যন্ত দুঃসাহসী হওয়া। **ঘাড়ে ভূত চাপা**—দুষ্ট বুদ্ধি বা কু-মতলব মাথায় আসা। **ঘাড়ে হাগা**—দুষ্ট বুদ্ধিতে অপরকে ডিঙিয়ে খাওয়া বা জব্দ করা; অন্যের উপর যা খুশি তা করা।

ঘাত *বি*১ চোট; আঘাত। ২ প্রহার। ৩ কোপ। ৪ ঘা; ক্ষত। ৫ হিংসা; হত্যা। ৬ বিনাশ; সমূহ ক্ষতি। ৭ সুযোগ; দাঁও। ৮ এক রাশিকে সেই রাশি দিয়ে পুনঃপুন গুণনে প্রাপ্ত ফল। [স.]। **ঘাত চিহ্ন** *বি* বর্গ ঘন প্রভৃতি সূচক অঙ্ক। **ঘাত-প্রতিঘাত** *বি* ১ আঘাত ও প্রত্যাঘাত; প্রহার ও প্রতি-প্রহার। ২ ক্রিয়া ও প্রতিক্রিয়া। **ঘাতসহ** *বিণ* আঘাত সহ্য করতে পারে এরূপ। ❑*বি* ঘা দিলে না ভেঙ্গে বিস্তৃত হয় এরূপ।

ঘাতক *বিণ* হত্যাকারী; হননকারী। ❑*বি* ১ খুনে জল্লাদ; মৃত্যুদণ্ডে দণ্ডিতদের মুণ্ডচ্ছেদকারী ব্যক্তি। ২ আঘাতকারী, প্রহারক। ৩ বিনাশকারী; ভঙ্গকারী। [স.]। **ঘাতিকা** *স্ত্রী*।

ঘাতী *বিণ* হননকারী; হত্যাকারী; ঘাতক। [স.]। **ঘাতিনী** *স্ত্রী*। [স.]

ঘানি, ঘানী *বি* তৈলবীজ থেকে তৈল বের করার যন্ত্র। [স. ঘ্রাণিকা>]। **ঘানিগাছ** *বি* তৈল নিষ্কাশন-যন্ত্রের মোটা খুঁটি। **ঘানি টানা** *ক্রি*১ বলদের পরিবর্তে কয়েদিদের দ্বারা ঘানি ঘুরানো। ২ গতানুগতিক জীবন অতি কষ্টে বহন করা; দুর্বহ জীবন টেনে চলা। ৩ জেল খাটা, কারাদণ্ড ভোগ করা। **ঘানিতে জোড়া** *ক্রি* ১ ঘানি ঘুরানোর জন্য নিয়োগ করা। ২ দীর্ঘকাল পরিশ্রম করতে হবে এমন কাজে নিয়োগ করা। **ঘানি পেষা** *ক্রি*১ তৈল নিষ্কাশন যন্ত্র দ্বারা তৈল বের করা। ২ শ্রমসাধ্য কাজ করা; শ্রমসাধ্য কর্ম করে দীর্ঘদিন চলা।

ঘাপটি, ঘুপটি *বি* উদ্দেশ্যমূলক গোপন অপেক্ষা; বিশেষ উদ্দেশ্যে গুপ্ত প্রতীক্ষার ভাব; খাপ। **ঘাপটি মারা** *ক্রি* প্রচ্ছন্নভাবে অপেক্ষা করা; ওত পেতে থাকা; লুকিয়ে বসে থাকা।

ঘাবড়ানো *ক্রি* হতবুদ্ধি হওয়া; ভয় পাওয়া; বিষম বিচলিত হওয়া; থতমত খাওয়া। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে। [তুল. হি. ঘবড়া]। **ঘাবড়ানি** *বি* ঘাবড়ানোর ভাব।

ঘাবলা, ঘাপলা *বি* বিপদ; প্যাঁচ; ঝামেলা; গোলমাল। **ঘাপলায় ফেলা**—বিপদে ফেলা।

ঘাম *বি* ঘর্ম; স্বেদ; পরিশ্রমে দেহনির্গত পানি। [স. ঘর্ম>]। **ঘাম ছোটা** *ক্রি*১ অধিক পরিমাণে ঘাম হওয়া। ২ অত্যধিক পরিশ্রম হওয়া। **ঘাম দিয়ে জ্বর ছাড়া** *ক্রি*১ ঘাম বের হয়ে জ্বর সম্পূর্ণ বিরাম হওয়া। ২ ভয় বা উদ্বেগ কেটে যাওয়া; বিপদের কারণ দূর হওয়া। ৩ হাঁফ ছেড়ে বাঁচা; আশ্বস্ত হওয়া। **কালঘাম** *বি* মৃত্যু যন্ত্রণায় নির্গত ঘাম; মৃত্যু। **মাথার ঘাম পায়ে ফেলা** *ক্রি* কঠোর পরিশ্রম করা।

ঘামা *ক্রি* স্বেদযুক্ত হওয়া; ঘর্মাক্ত হওয়া; ঘামে ভিজে যাওয়া। ❑*বি* উক্ত অর্থে। [স. ঘর্ম>]। **ঘামানো** *ক্রি* ১ ঘর্মযুক্ত করা; ঘর্মে আপ্লুত করা; ঘামিয়ে তোলা। ২ ঘাটানো; শ্রান্ত করা; শ্রম করানো। ❑*বি* ঘর্মাপ্লুত বা

পরিশ্রান্ত করানো। **মাথা ঘামানো** *ক্রি* চিন্তা করা; উপায় বের করার চেষ্টা করা।
ঘামাচি *বি* ঘাম থেকে জাত ক্ষুদ্র ক্ষুদ্র ফুস্কুরি বা ব্রণ; ঘামবিচি। [স. ঘর্মচর্চিকা>]
ঘায়েল *বিণ*১ আহত; আঘাতপ্রাপ্ত। ২ নিহত। ৩ পর্যুদস্ত; পরাস্ত। ৪ কাহিল; নিতান্ত কাতর; দুর্দশাগ্রস্ত। [হি. ঘায়ল স. ঘাত>ঘা+এল/ইল/অল]
ঘাস *বি* দুর্বা; তৃণ। [স. অদ্(=ঘস্)+অ]। **ঘাস কাটা** *ক্রি* ১ ঘাস কর্তন করা। ২ বৃথা কাজে সময় নষ্ট করা বা কিছুই না করা। **ঘাস খাওয়া** *ক্রি* তৃণভোজী পশুর মতো নির্বুদ্ধি হওয়া। **ঘাসজল, ঘাসপানি** *বি* গরু ঘোড়া প্রভৃতি পশুর আহার্য ও পানীয়। **ঘেসেড়া, ঘাসুড়িয়া** *বি* যে লোক ঘোড়ার জন্য ঘাস কাটে বা যোগায়; ঘাসী। **ঘেসেড়ানি** *স্ত্রী.*।
ঘি *বি*১ ঘৃত। ২ দুগ্ধজাত স্নেহ পদার্থ। ৩ মগজ। [স. ঘৃত>]
ঘিচিমিচি *বিণ*১ গায়ে গায়ে লাগানো; অত্যন্ত ঘেঁষাঘেঁষি; ঘন সন্নিবিষ্ট। ২ অপরিচ্ছন্ন; পরস্পর গায়ে গায়ে লাগানো বলে দুষ্পাঠ্য।
ঘিঞ্জি *বিণ*১ ঘন; নিবিড়। ২ সংকীর্ণ ও ঘেঁষাঘেঁষি; ঘুপচি। ৩ জনবহুল বা ঘন বসতিপূর্ণ। [ফা. গুনজান্]
ঘিন *বি* ঘৃণা (ঘিন করো না)। [স. ঘৃণা>]। **ঘিনঘিন** *অব্য* ঘৃণার ভাব, ঘৃণাহেতু অস্বস্তির ভাব।
ঘিলু *বি* ১ মগজ; মাথার ঘি; মস্তিষ্ক। ২ বুদ্ধি।
ঘিসকাপ, ঘিসক্যাপ *বি* র‍্যাঁদা; সূত্রধর যে অস্ত্রের দ্বারা কাঠ মসৃণ ও সমতল করে।
ঘুংড়ি কাশি *বি*১ একজাতীয় কাশি রোগ। ২ হুপিং কাশি। [আঞ্চলিক]
ঘুঁজি, ঘুঞ্জি *বি* ১ অপরিসর স্থান বা গলি; চিপা জায়গা বা গলি। ২ এঁদো জায়গা; অন্ধকার সংকীর্ণ ও নোংরা জায়গা। [ফা.]। **গলিঘুঁজি** *বি* ঘন বসতিপূর্ণ স্থানের সংকীর্ণ আঁকাবাঁকা পথ।
ঘুঁটনি, ঘুটনি, ঘুটুনি *বি* মন্থন করবার বা ঘুঁটবার দণ্ডবিশেষ।
ঘুঁটি, গুটি *বি* ১ শতরঞ্জ; দাবা–পাশা ইত্যাদি খেলবার গুটি। ২ ইষ্টকাদির ক্ষুদ্র খণ্ড ঢিল বা গুটি। [স. গুটিকা>]। **ঘুঁটি চালা, গুটি চালা** *ক্রি* ১ শতরঞ্জাদি খেলায় চাল ফেলা বা দেওয়া। ২ কোনো কার্যোদ্ধারের জন্য সুচিন্তিত–ভাবে পদক্ষেপ করা বা কৌশল খাটানো।
ঘুঁটে, ঘুটিয়া *বি* শুষ্ক গোবরের চাপড়ি; গোবরের জ্বালানিবিশেষ। [স. গূথ/গোবিষ্ঠা>]। **ঘুঁটে কুড়ানি, ঘুঁটে কুড়ুনী** *বি, বিণ স্ত্রী.* ১ যে দরিদ্র নারী ঘুঁটে কুড়িয়ে ও তা বিক্রয় করে জীবিকা নির্বাহ করে। ২ সহায়সম্বলহীন।
ঘুগনি, ঘুগনিদানা *বি* টক ঝাল ও নানা মসলা মাখানো সিদ্ধ মটর আলু প্রভৃতি মিশ্রিত মুখরোচক খাদ্যবিশেষ।
ঘুগরা, ঘুগরে *বি* এক প্রকার ক্ষুদ্র কীটবিশেষ; ঘুরঘুরে পোকা। [আঞ্চলিক]
ঘুঘু *বি* স্বনামখ্যাত পক্ষীবিশেষ; পায়রা জাতীয় পাখি; ঢুলি। ☐ *বিণ*১ অতি কৌশলী; ধূর্ত ও ফন্দিবাজ। ২ দক্ষ বা বিশেষ অভিজ্ঞ। **ঘুঘু চরানো** *ক্রি* সর্বনাশ করা; সমূহ সর্বনাশ করা; ধ্বংস করা। **ঘুঘু দেখেছ, ফাঁদ দেখোনি**—বিপন্ন করার ভীতি প্রদর্শন।
ঘুঙুর, ঘুঙ্গুর *বি* নূপুর; মলজাতীয় ধ্বনিময় চরণালঙ্কারবিশেষ; শিঞ্জিনী। [স. ঘুন্ঘুর>; তুল. হি ঘঙরু]
ঘুচা, ঘোচা *ক্রি* ১ দূর হওয়া; বিগত হওয়া; মোচন বা খণ্ডিত হওয়া। ২ অতিক্রান্ত বা অতিবাহিত হওয়া। ৩ অপনীত অপগত বা অপসৃত হওয়া। ৪ লোপ পাওয়া; বিনষ্ট হওয়া। **ঘুচানো, ঘোচানো** *ক্রি*১ দূর করা। ২ নষ্ট করা। ৩ বন্ধ করা। ৩ মুক্ত করা। ৪ পরিষ্কার করা। ৫ লাঘব করা। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে।
ঘুটঘুট *অব্য* অন্ধকারে গাঢ়তা বা ঘনত্বের ভাব প্রকাশক। **ঘুটঘুটে** *বিণ* ঘোর; নিবিড়; মিশমিশে; গাঢ়।
ঘুড়ি, ঘুড্ডি *বি* সুতার সাহায্যে আকাশে উড়াবার কাগজের খেলনাবিশেষ। [হি. গুড্ডী]
ঘুড়ী *বি স্ত্রী* ঘোটকী। [স. ঘোটকী>]। **ঘোড়া** *পুং.*।
ঘুণ *বি*১ অতিক্ষুদ্র কীটবিশেষ; একজাতীয় কাঠ ধ্বংসকারী পোকা। ২ জীর্ণতা–সাধক কীট। ☐ *বিণ* অতি নিপুণ; সুদক্ষ; পরিপক্ব। [স.]। **ঘুণ পরিমাণ** *বিণ* সামান্য পরিমাণ; স্বল্প পরিমাণ। **ঘুণাক্ষর** *বি* ঘুণদষ্ট কাঠের উপরে অক্ষরের মতো চিহ্ন। ২ সামান্যতম ইঙ্গিত বা আভাস। **ঘুণিত** *বিণ* ঘুণে জর্জরিত।
ঘুন্টি *বি* ১ কাপড়ের বা সুতার তৈরি বোতামবিশেষ। ২ অত্যন্ত ছোট ঘণ্টা। ৩ পাল খাটাবার অতি ক্ষুদ্র ঘণ্টাবিশেষ; বাদামের দড়ি পরাবার ছিদ্রযুক্ত ক্ষুদ্র ঘণ্টা। [স. ঘণ্টী, ঘণ্টিকা>]। **ঘুন্টিঘর** *বি* বোতামঘর। **ঘুন্টিদার** *বিণ* লাগানো বা বসানো; ঘুণ্টিওয়ালা; ঘুণ্টিযুক্ত।
ঘুৎকার *বি* ১ পেচকের রব। ২ কর্কশ স্বর বা আওয়াজ। ৩ ঘোঁৎ ঘোঁৎ ধ্বনি। [স. ঘুকার>ঘুক্কার>]
ঘুনসি, ঘুন্সি *বি* কটিসূত্র; কোমরে যে সুতা বাঁধা হয়।
ঘুনি, ঘুনী *বি* বাঁশের শলার তৈরি খাঁচার মতো এক প্রকার মাছ ধরার ফাঁদ।
ঘুপটি *বি* লুক্কায়িত ভাব; অন্যের অজানিতভাবে গুটিসুটি মেরে ওত পেতে থাকার ভাব।
ঘুপসি, ঘুপচি *বিণ* অন্ধকারাচ্ছন্ন ও সংকীর্ণ; ঘোপের মতো বদ্ধ ও অপরিসর। ☐ *বি*১ অন্ধকারময় সংকীর্ণ স্থান; ঘোপের মতো অপরিসর স্থান। ২ গুটিসুটি; জড়সড়।
ঘুম *বি* ১ নিদ্রা; সুপ্তি। ২ আচ্ছন্নতা। **ঘুমকাতুরে** *বিণ* ঘুমের অভাবে কাতর হয় এরূপ অর্থাৎ ঘুমাতে ভালোবাসে এরূপ; নিদ্রাপ্রিয়। **ঘুম ঘুম** *বিণ*১ নিদ্রালু; তন্দ্রালু। ২ নিদ্রার ভাব। **ঘুমঘোর** *বি* গভীর নিদ্রা; তন্দ্রা; নিদ্রার আবেশ বা আচ্ছন্নতা। **ঘুম চটে যাওয়া** *ক্রি* নিদ্রার আবেশ ঘুচে যাওয়া; তন্দ্রা ছুটে যাওয়া; তন্দ্রালু ভাব দূর হওয়া। **ঘুম দেওয়া, ঘুম যাওয়া, ঘুম লাগানো** *ক্রি* ঘুমানো। **ঘুম ধরা, ঘুম পাওয়া** *ক্রি* নিদ্রাবেশ বা নিদ্রাকর্ষণ হওয়া। **ঘুমন্ত** *বিণ* ১ নিদ্রিত; প্রসুপ্ত; ঘুমে মগ্ন। ২ নিস্তব্ধ; স্তব্ধতাচ্ছন্ন। ৩ অচেতন; নির্জীব। **ঘুম পাড়ানো** *ক্রি* নিদ্রাকর্ষণে সাহায্য করা; নিদ্রিত করতে চেষ্টা করা। **ঘুমপাড়ানি** *বিণ* নিদ্রা আনতে সাহায্য করে এরূপ, নিদ্রিত করায় এরূপ। **কাঁচাঘুম** *বি* অপূর্ণ নিদ্রা; ঘুমের প্রথম অবস্থা; যখন পর্যন্ত ঘুমে তৃপ্তি লাভ হয়নি।
ঘুর[১] *বি*১ পাক; চক্কর। ২ ঘূর্ণি বা নাচের ঘোর, ঘূর্ণিবেগ, চক্রাবর্তনের ঝোঁক।
ঘুর[২] *অব্য* ঘোরা–ফেরা বা ঘোরাঘুরি করার ভাব প্রকাশক। **ঘুরঘুরে, ঘুরঘুরিয়া** *বি* এক জাতীয় পোকা। **ঘুরপথ** *বি* বাঁকা পথ; ঘোরানো পথ বা কুটিল পথ। **ঘুরপাক** *বি* ১

চক্রাকারে ঘূর্ণন। ২ চক্রাবর্ত। **ঘুরপাক খাওয়া** *ক্রি* ১ চক্রাকারে অনবরত আবর্তন। ২ ঘুরে যাওয়া; ঘূর্ণিত হওয়া।
ঘুরঘুট্টি *বিণ* ১ গাঢ়; ঘন; নিবিড়; ঘোর; ঘুটঘুটে। ২ নিবিড় অন্ধকার, ঘন অন্ধকার; ঘোর আঁধার।
ঘুর্ঘুর *বি* ঘুগরা পোকা; ঘুরঘুরে পোকা।
ঘুলঘুলি *বি* ১ ছিদ্র। ২ ক্ষুদ্র গবাক্ষ; বায়ু চলাচলের জন্য দেয়ালের গায়ের ছিদ্র।
ঘুষ, ঘুস *বি* উৎকোচ; অবৈধ সহায়তার জন্য প্রদত্ত গোপন পারিতোষিক। [স. √ঘুষ্> (বধ করা) সত্য ও ন্যায়কে বধ করা অর্থে]। **ঘুষখোর** *বি,বিণ* উৎকোচ গ্রহণকারী। [ঘুষ+ফা. খোর]
ঘুষঘুষে *বিণ* ১ প্রচ্ছন্ন; চাপা; গোপন। ২ মৃদু; সামান্য; ধিক ধিক। ৩ ভিতরে ভিতরে চলছে এরূপ।
ঘুষি *বি* মুষ্টি-প্রহার; মুষ্ট্যাঘাত। [তুল. হি. ঘুষা]। **ঘুষাঘুষি, ঘুষোঘুষি** *বি* ১ পারস্পরিক মুষ্টিযুদ্ধ। ২ মারামারি; মুষ্টি-প্রহারাদি যোগে হাতাহাতি লড়াই। **ঘুষিখেলা** *বি* মুষ্টিযুদ্ধ। **ঘুষি লড়া** *ক্রি* মুষ্টিযুদ্ধ করা।
ঘুসা, ঘুসো *বি* কুচা চিংড়িবিশেষ। [স.]। **ঘুসা চিংড়ি, ঘুষা চিংড়ি** *বি* কুচা চিংড়িবিশেষ।
ঘূর্ণ *বি* ঘূর্ণি; ঘূর্ণন। ☐ *বিণ* ঘূর্ণিত; আবর্তিত। [স. √ঘূর্ণ+অ]। **ঘূর্ণন** *বি* ক্রমাগত ঘোরা; আবর্তন। **ঘূর্ণমান** *বিণ* ঘুরছে এমন। **ঘূর্ণায়মান** *বি* ঘুরছে বা ঘুরানো হচ্ছে এমন। **ঘূর্ণ্যমান** *বিণ* ঘুরানো হচ্ছে এমন।
ঘূর্ণাবর্ত *বি* ১ ঘূর্ণি; প্রচণ্ড পাক। ২ ঘূর্ণমান পানি; ঘূর্ণমান বায়ু। [স. ঘূর্ণ+আবর্ত]
ঘূর্ণি *বি* ১ আবর্ত; পাক; ভ্রমি। ২ ঘূর্ণন। ৩ বায়ু বা জলের প্রচণ্ড আবর্ত। [স. ঘূর্ণ+ই]। **ঘূর্ণিজল** *বি* নদী প্রভৃতিতে জলের পাক; ভ্রমি। **ঘূর্ণিত** *বিণ* আবর্তিত; পাক খাচ্ছে এরূপ। **ঘূর্ণিত নয়ন, ঘূর্ণিত-নেত্র** *বি* ১ যে চোখের তারা ঘুরছে। ২ প্রচণ্ড ক্রোধের লক্ষণস্বরূপ চক্ষু-তারকা বিস্ফারিত ও চঞ্চল হয়ে পাক খাচ্ছে এরূপ। **ঘূর্ণিপাক** *বি* বায়ু বা পানির প্রচণ্ড আবর্ত। **ঘূর্ণিবাত, ঘূর্ণিবায়ু** *বি* প্রচণ্ড ঝড়বিশেষ; প্রচণ্ড বেগে ঘুরপাক খেতে খেতে ছোটা বায়ু-প্রবাহ; ঘূর্ণিঝড়।
ঘৃণা *বি* ১ কদর্যতার কারণে উপজিত প্রবল বিরাগের অনুভূতি; তীব্র বিতৃষ্ণা। ২ অবজ্ঞা; অশ্রদ্ধা। [স.]। **ঘৃণাকর** *বিণ* দেখলে ঘৃণার ভাব জাগে এমন। **ঘৃণার্হ** *বিণ* ঘৃণার যোগ্য বা ঘৃণার পাত্র; ঘৃণ্য। [স.]। **ঘৃণিত, ঘৃণ্য** *বিণ* ।
ঘৃণিত *বিণ* ১ ঘৃণাপ্রাপ্ত। ২ ঘৃণা উদ্রেককারী; ঘৃণাজনক; ঘৃণাকর। ৩ ঘৃণার পাত্র; ঘৃণার যোগ্য। ঘৃণার বিষয়ীভূত। ৪ গর্হিত; নিন্দিত। ৫ কদর্য; জঘন্য; অতি কুৎসিত। ৬ অবজ্ঞাত; অবহেলিত। ৭ হেয়। [স.]
ঘৃত *বি* স্নেহ পদার্থবিশেষ; ঘি; হবিঃ। [স. √ঘৃ+ত]। **ঘৃতপক্ব** *বিণ* ঘিয়ে ভাজা বা ঘি সহযোগে পাক করা হয়েছে এমন।
ঘৃতকুমারী *বি* ঔষধরূপে ব্যবহৃত ছোট গাছবিশেষ। [স.]
ঘৃতাক্ত *বিণ* ঘিমাখা; ঘৃতসিক্ত; ঘিয়ে ভিজা। [স. ঘৃত+অক্ত]
ঘৃতাচী *বি* একজন অপ্সরা। [স.]
ঘৃতান্ন *বি* ঘি-ভাত বা ঘি-সহযোগে রাঁধা অন্ন; পোলাও। [স.]
ঘৃতার্চি, ঘৃতার্চিঃ *বি* ঘিয়ে জ্বালা অগ্নি। [স. ঘৃত+অর্চিঃ]
ঘৃতাহুতি *বি* যজ্ঞাগ্নিতে ঘৃত নিক্ষেপ। [স. ঘৃত+আহুতি]
ঘৃষ্ট *বিণ* ১ ঘর্ষিত। ২ মর্দিত। ৩ মার্জিত। ৪ ঘর্ষণজাত। [স. √ঘৃষ্+ত]
ঘেউ *বি, অব্য* কুকুরের ডাক বা চিৎকার।
ঘেউ ঘেউ *অব্য, বি* ১ কুকুরের ডাক। ২ অনবরত নিষ্ফল বকবক। ৩ বিরুদ্ধ পক্ষের বকাবকি বা বক্তব্যের অবজ্ঞাসূচক নামকরণ।
ঘেঁচড়া, ঘ্যাচড়া *বি* জামড়া; চেংড়া। ☐ *বিণ* ১ কড়া পড়া; জামড়া ধরা। ২ অবাধ্য বা একগুঁয়ে; ঠেঁটা। ৩ বোধশূন্য; নির্লজ্জ; বেহায়া।
ঘেঁচু, ঘেচু *বি* ১ ছোট কচুবিশেষ। ২ নিষ্ফল প্রযত্ন। ৩ বাজে জিনিস। [স. ঘঞ্চুলিকা>]। **ঘেঁচু করা** *ক্রি* কিছুই করতে না পারা। **কচুঘেচু** *বি* বাজে জিনিস; অসার বস্তু।
ঘেঁটু *বি* ১ বন্য গাছড়া ও পুষ্পবিশেষ। ২ হিন্দুদের দেবতা-বিশেষ। [স. ঘণ্টাকরণ>]
ঘেঁষড়ানো, ঘেঁসড়ানো *ক্রি* ১ ক্রমাগত ঘষা; ঘৃষ্ট করা; হেঁচড়িয়ে টানা বা চলা। ২ প্রতিভার অভাব হেতু পুনঃপুন বিফল চেষ্টা করা বা বার বার চেষ্টার পরে সামান্য সফলতা অর্জন করা। **ঘেঁষড়ানি, ঘেঁসড়ানি** *বি* ১ ক্রমাগত ঘর্ষণ। ২ হেঁচড়িয়ে বা ছেঁচড়িয়ে টানা। ৩ ক্রমাগত চেষ্টা। ৪ ঘর্ষণজাত শব্দ।
ঘেঁষা *ক্রি* ১ নিকটবর্তী হওয়া; কাছাকাছি হওয়া। ২ গায়ে গায়ে লেগে বা অতি নিকটবর্তী হয়ে থাকা। ৩ ঘনিষ্ঠ বা নিবিড় হওয়া। ৪ সংস্রবে যাওয়া বা সম্পর্ক রাখা। ☐ *বি,বিণ* উক্ত সকল অর্থে। **ঘেঁষাঘেঁষি** *ক্রিবিণ* গায়ে গায়ে লেগে; চাপাচাপি করে; ঘনভাবে। ☐ *বি* গায়ে গায়ে লেগে অবস্থান।
ঘেঁস, ঘ্যাঁস *বি* পাথুরে কয়লার ছাই।
ঘেঙানো, ঘেঙ্গানো *ক্রি* ঘ্যান ঘ্যান করা; কাতরোক্তির সাথে পুনঃপুন প্রার্থনা করা। ☐ *বি* ঘেঙানি; প্রার্থনামূলক একঘেয়ে কাতরোক্তি। **ঘেঙানি, ঘেঙ্গানি** *বি*।
ঘেটি *বি* ঘাড়; গরদান।
ঘেটেল *বি* ১ ঘাটের কর আদায়কারী; গুদারার মাঝি। ২ ঘাটমাঝি; পাটনি। **ঘেটেলি** *বি* ঘাটোয়ালের কাজ বা পারিশ্রমিক।
ঘেন্না *বি* ১ প্রবল বিতৃষ্ণা বা বিরাগ; ঘৃণা। ২ লজ্জা। [স. ঘৃণা>]। **ঘেন্না করা** *ক্রি* ১ ঘৃণা করা। ২ গা ঘিন ঘিন করা। **ঘেন্নাপিত্তি নেই**—ঘৃণা ও ক্রোধের অভাব; লজ্জা শরম ও ঘৃণার অভাব। **ঘেন্নার কথা** *বি* লজ্জার কথা; মাথা কাটা যাওয়ার কথা।
ঘেয়ো *বিণ* ঘা-প্রাপ্ত; আঘাতজাত; ঘাওয়ালা; ঘাউয়া; ক্ষতযুক্ত। [স. ঘাত>ঘা+উয়া=ঘেয়ো]। **ঘেয়োকুত্তা** *বি* অপরিচ্ছন্ন নির্লজ্জ ঘৃণাজনক অর্থে তিরস্কারে ব্যবহৃত।
ঘের *বি* ১ পরিধি; বেড়। ২ বেড়া; বেষ্টনী। ৩ আচ্ছাদন; আবরণ। ৪ বেষ্টিত স্থান। **মাছের ঘের** *বি* মৎস চাষের জন্য তৈরি সুনিয়ন্ত্রিত কৃত্রিম জলাশয়।
ঘেরা, ঘিরা *ক্রি* ১ বেষ্টন করা। ২ বেষ্টনী দেওয়া; বেড়া দেওয়া। ৩ আচ্ছাদিত বা আবৃত করা/হওয়া। ৪ ব্যাপ্ত করা বা হওয়া; ছেয়ে ফেলা। ৫ বেড়া; বেষ্টনী। ৬ বেষ্টিত বা আবৃতকরণ। ৭ বেষ্টিত স্থান। ৮ ঘের। ৯ বেষ্টিত। ঘেরানো, **ঘিরানো** *ক্রি* বেষ্টিত বা অবরুদ্ধ করানো। ☐ *বি,বিণ* উক্ত অর্থে।
ঘেরাও *বি* ১ বেষ্টিত স্থান। ২ বেষ্টন। ৩ অবরোধ। ☐ *বিণ* অবরুদ্ধ, পরিবেষ্টিত। **ঘেরাও করা** *ক্রি* আন্দোলন বা দাবি আদায়ের লক্ষ্যে পরিবেষ্টনকরা বা অবরোধ করা।

ঘেরাটোপ *বি* ১ কাপড়ের ঢাকনা বা গিলাফ; ওয়াড়। ২ বোরখা; ঘুরকা। ৩ আবরণ; আচ্ছাদন।
ঘেসো *বিণ* ঘাসে ভরা; ঘাসপূর্ণ, তৃণময়। □*বি* ১ ঘাসের গন্ধময়; ঘাসের ন্যায় গন্ধযুক্ত। ২ অসার। ৩ অনুপাদেয়; অস্বাদু। ৪ ঘাসজাত বা ঘাসের তুল্য।
ঘোঁঘট *বি* ঘোমটা। [স. গুণ্ঠন>]
ঘোঁজ, ঘোঁচ *বি* ১ বক্রভাব; কুঞ্চন; সংকোচ। ২ বক্রস্থান; বাঁক; পথ বা ক্ষেতের মোড়। ৩ কোণ। ৪ বাঁকা। □*বি, বিণ* ঘুঁজি। **ঘোঁজ-ঘাঁজ, ঘোঁচ-ঘাঁচ** *বি* ১ অপরিসর জায়গা; সংকীর্ণ স্থান। ২ আড়াল-আবডাল; আনাচ-কানাচ।
ঘোঁট, ঘোট *বি* ১ তরল পদার্থ মন্থন বা আলোড়ন। ২ জটলা; বিক্ষোভ; আন্দোলন। ৩ দলাদলি; বিরোধ। **ঘোঁটন, ঘোঁটনা**⟹ঘোটন। **ঘোঁট পাকানো** *ক্রি* ১ জটলা পাকানো; আন্দোলন সৃষ্টি করা। ২ দলাদলি সৃষ্টি করা। ৩ জট পাকানো; পেঁচ পড়ানো; জটিলতা সৃষ্টি করা।
ঘোঁটা, ঘুঁটি *ক্রি* ১ আলোড়ন করা; মন্থন করা। ২ মিশ্রিত করা; মাড়া। ৩ বিশেষ আন্দোলন করা; তোলপাড় করা। ৪ আতিপাতি সন্ধান করে বেড়ানো। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। **ঘোঁটানো** *ক্রি* অন্যের দ্বারা আলোড়ন করানো। □*বি, বিণ* উক্ত সকল অর্থে।
ঘোঁৎ ঘোঁৎ *অব্য* ১ শূকরের ডাক। ২ অসন্তোষ বা ক্রোধজনিত চাপা শব্দ।
ঘোগ *বি* ১ কুকুরের আকৃতিবিশিষ্ট বন্যজন্তুবিশেষ। ২ বন কুকুর। ৩ রূপ কথায় বাঘের শত্রু। [স. কোক>]
ঘোঙ্গট, ঘুঙ্গুট *বি* ঘোমটা। [স. গুণ্ঠন>]
ঘোটক *বি* ঘোড়া; অশ্ব। [স.]। **ঘোটকী** *স্ত্রী*। **ঘোটকারূঢ়** *বিণ* অশ্বপৃষ্ঠে আসীন; অশ্বারোহী; অশ্বে আরূঢ়।
ঘোটন, ঘোঁটন *বি* ১ আলোড়ন বা মন্থন। ২ মিশ্রিতকরণ। ৩ মাড়ন বা পেষণ। ৪ তরল দ্রব্যের সঙ্গে মেশাতে হবে এরূপ বস্তু। ৫ তরল পদার্থের সঙ্গে মিশ্রিত করে নেবার শুষ্ক বড়ি। ৬ সন্ধান; অন্বেষণ। **ঘোটনা, ঘোঁটনা** *বি* তরল দ্রব্য নাড়বার কাঠি; যা দিয়ে ঘোটা হয়; মন্থন দণ্ড।
ঘোড়দৌড় *বি* ঘোড়ার বাজিবিশেষ; ঘোড়ার দৌড় প্রতিযোগিতা। **ঘোড়দৌড় করানো** *ক্রি* বেদম দৌড়াদৌড়ি করে নাজেহাল করা। **ঘোড়-গাড়ি** *বি* ঘোড়ায় টানা গাড়ি।
ঘোড়সওয়ার *বি, বিণ* অশ্বারোহী। [ঘোড়া+ফা. সুয়ার]
ঘোড়া *বি* ১ অশ্ব; তুরগ; তুরঙ্গ; বাজী। ২ সতরঞ্জ বা দাবা খেলার গুটিবিশেষ। ৩ বন্দুকের চাবি। [স. ঘোটক>]। **ঘোড়া ঘোড়া খেলা** *বি* একজনের ঘোড়ার মতো উবু হওয়া ও অপরের সেই ঘোড়ার পিঠে চড়ার খেলা। **ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া** *ক্রি* উপরওয়ালা বা মুরুব্বিকে অতিক্রম বা অগ্রাহ্য করে কার্যোদ্ধারের চেষ্টা। **ঘোড়া দেখে খোঁড়া হওয়া** *ক্রি* কাজ করার লোক দেখলেই সুযোগ গ্রহণ করে আলস্য করা; কাজের লোক দেখে বসে থাকা। **ঘোড়ামুখো** *বিণ* ঘোড়ার মতো লম্বা মুখযুক্ত। **ঘোড়ামুখী** *স্ত্রী*। **ঘোড়ামুগ** *বি* অপকৃষ্ট জাতের মুগডাল। **ঘোড়ায় জিন দিয়ে আসা**—অত্যন্ত ব্যতিব্যস্ত ভাব; তিলেক বিলম্বে অস্থিরতার ভাব। **ঘোড়ার কামড়** *বি* ১ কঠিন আক্রমণ; নিষ্কৃতি অসম্ভব এমন। ২ খুব জেদ। **ঘোড়ার ঘাস কাটা** *ক্রি* কিছু না করা; কোনো কাজ না করা; অলসভাবে সময় কাটানো। **ঘোড়ার ডিম** *বি* ১ কিছুই না। ২ অসম্ভব বস্তু। ৩ অসার বস্তু। **ঘোড়ারোগ** *বি* ১ প্রবলাকাঙ্ক্ষা; সাধ্যাতিরিক্ত শৌখিনতা; সাধ্যাতীত বড়মানুষি করার ইচ্ছা। ২ উৎকট বাতিক। **ঘোড়াশাল** *বি* আস্তাবল।
ঘোনা *বি* নির্জন স্থান; খোপ।
ঘোপ *বি* ১ খোপ; কোটর। ২ গোপন স্থান; অপ্রকাশ্য স্থান। [স. ক্ষুপ>]
ঘোমটা *বি* ১ গুণ্ঠন; অবগুণ্ঠন; মুখাবরণ; মাথায় তুলে দেওয়া শাড়ির প্রান্ত; মাথার কাপড়। ২ আবরণ; ঘের। [স. গুণ্ঠন>]। **ঘোমটার ভিতরে খেমটা নাচ** *বি* ১ কুলবধূর সাজে বা ছদ্মবেশের নিচে অসতীত্ব। ২ বাইরের ভদ্র আবরণের অন্তরালে নষ্টামি। **নাচতে এসে ঘোমটা টানা**—কপট লজ্জা প্রকাশ; নিষ্ফল লজ্জা প্রদর্শন; বৃথা লজ্জা প্রদর্শনের জন্য বিদ্রূপাত্মক উক্তি।
ঘোর *বি* ১ অন্ধকার। ২ আচ্ছন্নতা; আবেশ; জড়তা। ৩ মোহ; নেশা; ভ্রান্তি। □*বিণ* ১ ভয়ঙ্কর; দারুণ; বিষম। ২ অত্যন্ত; উৎকট; বেহদ্দ। ৩ নিবিড়; ঘন। ৪ গভীর; গাঢ়। ৫ দুর্গম; দুর্ভেদ্য। [স.]। **ঘোর ঘোর** *বি* ১ আধো অন্ধকার ভাব; অল্প অল্প অন্ধকার। ২ আচ্ছন্নতার ভাব; জড়তার ভাব। ৩ নেশার ভাব; মোহের ভাব। **ঘোরতর** *বিণ* ১ প্রচণ্ড; অতি নিদারুণ। ২ অতি ভয়ঙ্কর। ৩ দুইয়ের মধ্যে অধিক ঘোর। **ঘোরদর্শন** *বিণ* ভয়ানক মূর্তি; বিকটাকার। **ঘোরদর্শনা** *স্ত্রী*। **ঘোরপেঁচ, ঘোরপ্যাঁচ** *বি* ১ গোলমাল; জটিলতা। ২ কুটিলতা। **ঘোর লাগা** *ক্রি* ধাঁধা পূর্ণ; ধাঁধা লাগানো; বিভ্রান্তকারী।
ঘোরালো *বিণ* ১ গাঢ় তমসাচ্ছন্ন; নিবিড় অন্ধকারাবৃত। ২ নিবিড়; ঘন। ৩ অতি জটিল। ৪ ভয়াবহ। ৫ অতি গম্ভীর।
ঘোল *বি* মাঠা; মন্থন করে ও পানি মিশিয়ে তরল করা বা মাখন তোলা দই। **ঘোল খাওয়া** *ক্রি* ১ বেকায়দায় পড়া; বিপন্ন অবস্থায় বিব্রত হওয়া। ২ সম্পূর্ণ পরাজিত হয়ে নাকাল হওয়া। **ঘোল খাওয়ানো** *ক্রি* ১ নাকাল করা; নাজেহাল করা। ২ অপদস্থ করা; শায়েস্তা করা। **ঘোল মউনি** *বি* ঘোল করার মন্থন দণ্ড; ঘোল মন্থনী। **দুধের সাধ ঘোলে মেটানো**—অভীষ্ট উৎকৃষ্ট বস্তুর অভাব নিকৃষ্ট বস্তু দিয়ে পূর্ণ করা। **মাথায় ঘোল ঢালা**—অপদস্থ করা; অপমানিত করা। **ঘোলা** *বিণ* ১ আবিল। ২ কর্দমময়; কাদাগোলা। ৩ অস্বচ্ছ। ৪ নিষ্প্রভ; জ্যোতিহীন; ছানি পড়া। **ঘোলাটে** *বিণ* অল্প ঘোলা।
ঘোষ *বি* ১ নিনাদ; ধ্বনি; রব। ২ ঘোষণা। ৩ ধ্বনির গুণবিশেষ। ৪ পদবিবিশেষ। **ঘোষক** *বিণ* ঘোষণাকারী। □*বি* ১ যিনি অনুষ্ঠানাদি ঘোষণা করেন। ২ প্রচারক। [স. √ঘুষ্+অ]। **ঘোষযাত্রা** *বি* গোপ পল্লীতে গমন বা পরিদর্শন।
ঘোষণা *বি* ১ উচ্চরবে প্রচার। ২ বিজ্ঞাপন; বিজ্ঞপ্তি; ইস্তাহার। ৩ প্রকাশ্যে বা দস্তুরমাফিক জ্ঞাপন। ৪ অনুষ্ঠান বা সভার উপস্থাপনা। [স.]। **ঘোষণাপত্র, ঘোষপত্র** *বি* বিজ্ঞাপন; নোটিশ; ইস্তাহার; প্রচারপত্র।
ঘোলানো *ক্রি* ১ আলোড়ন করে পঙ্কিল বা ঘোলা করা। ২ মিশ্রিত করা; গুলানো। ৩ গুলিয়ে ফেলা; বিভ্রান্ত করা; তালগোল পাকানো। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। [স. ঘূর্ণ>]
ঘোষা *ক্রি* ঘোষণা করা।

ঘোষাল *বি* ব্রাহ্মণের পদবিবিশেষ।
ঘোষিত *বিণ* ১ ঘোষণা বা প্রচার করা হয়েছে এমন; প্রচারিত। ২ নিনাদিত; শব্দিত; ধ্বনিত। [স.]
ঘ্যাঁগ *বি* গলগণ্ড।
ঘ্যাঁট *বি* ১ ঘণ্ট; ঘাঁটি; বিভিন্ন আনাজের মিশ্র ব্যঞ্জন; পাঁচমিশালি তরকারি। ২ বিচিত্র বস্তুর একত্র সমাবেশ।
ঘ্যান ঘ্যান *অব্য* ১ বিরক্তিজনক নাকি কান্না বা একঘেয়ে অনুযোগের শব্দ। ২ একঘেয়ে কাতর প্রার্থনা। **ঘ্যানঘেনে** *বিণ*। **ঘ্যান ঘ্যান প্যান প্যান** *বি* অনবরত নাকি কান্না ও অনুযোগ; অনুযোগ-অভিযোগ। **ঘ্যানঘ্যানানি** *বি* একঘেয়ে বিরক্তিকর উক্তি বা কাতর প্রার্থনা। **ঘ্যানর ঘ্যানর** *বি* ১ ক্রমাগত ঘ্যান ঘ্যান; অবিরাম অনুযোগ বা অনুনয়ের নাকি কান্না। ২ একটানা বিরক্তিকর শব্দ।
ঘ্রাণ *বি* ১ গন্ধ; বাস। ২ গন্ধ বা বাস গ্রহণ। ৩ নাক; নাসিকা; ঘ্রাণেন্দ্রিয়। [স.]। **ঘ্রাণজ** *বিণ* ঘ্রাণেন্দ্রিয় থেকে উৎপন্ন। **ঘ্রাণ-শক্তি** *বি* গন্ধ গ্রহণ ক্ষমতা। **ঘ্রাণেন্দ্রিয়** *বি* নাসিকা; নাক। **ঘ্রাত** *বিণ* শোঁকা হয়েছে এমন।

ঙ

ঙ বাংলা বর্ণমালার পঞ্চম ব্যঞ্জনবর্ণ।
ঙাপ্পি, নাপ্পি *বি* বাংলাদেশের পাহাড়িদের ও বার্মার অধিবাসীদের ব্যবহার্য তীব্র গন্ধযুক্ত চাটনি জাতীয় খাবার—খোসা ছাড়ানো চিংড়ি মাছের সাথে নানা রকম মসলা মিশিয়ে এটি তৈরি করা হয়।

চ

চ বাংলা বর্ণমালার ষষ্ঠ ব্যঞ্জনবর্ণ।
চই, চৈ *বি* ১ পিপুলজাতীয় লতা এবং এর ডাল ও মূল। ২ গজ পিপ্পলী। ৩ পিঠা। [স. চর্বিকা>]
চইড় *বি* নৌকার লগি; নৌকা চালানোর কাজে ব্যবহৃত সরু ও দীর্ঘ বাঁশের দণ্ড।
চইত, চওত *বি* চৈত্রমাস। [স. চৈত্র>]
চউতোর *বি* ১ চত্বর; চাতাল। ২ হিন্দুদের চণ্ডীমণ্ডপ বা চৌচালা; বসবার ঘর। [স. চত্বর>]
চওগান, চৌগান *বি* ১ পোলো খেলা। ২ পোলো খেলার দণ্ড। [ফা. চওগান]
চওড়া *বিণ* ১ প্রশস্ত; প্রসারযুক্ত। ২ প্রস্থবিশিষ্ট; আড় বা পার্শ্ব; ওসার। ৩ বিস্তার; প্রস্থ। [স. চর্পট>]। **চওড়াই, চৌড়াই** *বি* প্রস্থের মাপ বা পরিমাণ; বহর। **লম্বা-চওড়া** *বি, বিণ* দীর্ঘ ও হৃষ্টপুষ্ট; সবল।

চং *বি* ঘুড়ি।
চক[১] *বি* ১ প্রশস্ত ও চতুষ্কোণ ময়দান বা চৌকা ভূমি বা ক্ষেত্র। ২ নগর বা গ্রামের প্রধান স্থান বা বৃহৎ বাজার। ৩ চতুষ্কোণ প্রাঙ্গণ ও তার চারদিকের দালান। ৪ তালুক বা তহসিল। [স. চতুষ্ক>]। **চকবন্দি, চকবন্দী** *বি* ১ জমি বা গ্রামের চারদিকের সীমানা নির্ধারণ। ২ জমির ভাগ; লাট; তৌজিবন্দ। ☐ *বিণ* ১ জমির সীমানা নির্ধারণ হয়েছে এরূপ। ২ চকমিলান। **চকমিলান** *বি* ১ শ্রেণীবদ্ধ অট্টালিকা যেগুলো একসঙ্গে মিলিয়ে নির্মিত। ২ চতুষ্কোণ উঠান ঘিরে নির্মিত শ্রেণীবদ্ধ বাড়ি বা অট্টালিকাসমূহ।
চক[২] *বি* ফুলখড়ি; খড়িমাটি। [ই. chalk]
চকচক[১] *অব্য* জিহ্বার সাহায্যে তরল পদার্থ পান করবার শব্দ।
চকচক[২] *অব্য* ১ ঔজ্জ্বল্য বা দীপ্তি প্রকাশ। ২ তেলতেলে ভাব। [স. চাকচক্য>]। **চকচক করা** *ক্রি* দীপ্তি বা ঔজ্জ্বল্য প্রকাশ পাওয়া। **চকচকানো** *ক্রি* চকচক করা। **চকচকানি** *বি* অতিশয় ঔজ্জ্বল্য। **চকচকে** *বিণ* উজ্জ্বল; দীপ্তিপূর্ণ; দ্যুতিময়।
চকমক *অব্য* তীব্র ঔজ্জ্বল্য প্রকাশক; ঝকমক। [তু.]। **চকমকানো** *ক্রি* ১ চকমক করা। ২ বিদ্যুৎ চমকানো। ৩ ঝলকানো। **চকমকানি** *বি* তীব্র ঔজ্জ্বল্য। **চকমকে** *বিণ* তীব্র উজ্জ্বলতাবিশিষ্ট; ঝকমকে; চোখ ধাঁধানো।
চকমকি *বি* পরস্পর ঘর্ষণ করে আগুন জ্বালাবার পাথর বা কাঠবিশেষ। [তু. চকমক]। **চকমকি ঠোকা** *ক্রি* ১ চকমকি দিয়ে আগুন জ্বালানো। ২ ঝগড়া বাঁধাবার চেষ্টা করা।
চকিত *বিণ* ত্রস্ত; কম্পিত; ভয়চঞ্চল; চমকিত। ☐ *বি* ১ নিমেষ; ক্ষণমাত্রকাল; মুহূর্ত। ২ আকস্মিক; চমক বা বিস্ময় সৃষ্টিকারী। [স. √চক্>]। **চকিতা** *বিণ স্ত্রী*। **চকিতে** *ক্রিবিণ*।
চকোয়া *বি* চক্রবাক; চকা; চখা। [স. চক্রবাক>]
চকোর *বি* সুধাপানকারী পাখি। ☐ *বিণ* ১ সুধাপায়ী বা সুধা অভিলাষী। ২ চাঁদের কিরণ পানে তৃপ্তি লাভ করে বলে কথিত পাখিবিশেষ। [স.]। **চকোরী** *স্ত্রী*। **চিত্তচকোর** *বি* চকোরের ন্যায় প্রতীক্ষারত হৃদয়। **নয়নচকোর** *বি* রূপমুগ্ধ চোখ।
চক্কর, চক্কোর *বি* ১ চাকা। ২ আবর্ত; ঘূর্ণি। ৩ চক্রাকৃতি বস্তু স্থান বা পথ। ৪ চক্রাকার চিহ্ন। ৫ পাক; ঘুরে ঘুরে পরিক্রমণ। ৬ ঘূর্ণন। ৭ ফণা। ৮ চাকলা; অঞ্চল; বিশেষ অধিকারের সীমা। ৯ ধাঁধা বা ভ্রম। [স. চক্র>]। **চক্কর মারা** *ক্রি* পাক দেওয়া বা এক পাক ঘোরা; ঘুরে যাওয়া।
চক্র *বি* ১ চাকা। ২ চাকার আকৃতিযুক্ত স্থান বস্তু বা পথ। ৩ নিয়ত আবর্তনশীল বিষয় বা বস্তু। ৪ কুমারের চাক। ৫ ভ্রমণ বা ঘুরপাক। ৬ প্রাচীন অস্ত্রবিশেষ। ৭ হিন্দু পুরাণে উল্লিখিত ব্যূহ স্থাপন প্রণালীবিশেষ। ৮ চাকার সদৃশ আকার বা বিস্তারযুক্ত রশ্মিচ্ছটা; জ্যোতির্মণ্ডল। ৯ হাতের তালু আঙ্গুল এবং পদতলের মণ্ডলাকার রেখা। ১০ গ্রামসমূহের সমষ্টি, চাকলা বা বিশেষ অধিকারের সীমাযুক্ত অঞ্চল। ১১ বহু বিস্তৃত রাজ্য বা দেশসমূহ। ১২ সাপের ফণা। ১৩ চক্রান্ত; কূট অভিসন্ধি। ১৪ গুচ্ছ; সমষ্টি; বর্গ; cycle। ১৫ জ্যোতিষ শাস্ত্রে রাশির অবস্থান নির্দেশক চক্র। ১৬ হিন্দুদের তান্ত্রিক সাধনার মণ্ডলাকার উপবেশন পদ্ধতি বা

আসনবিশেষ। ১৭ হিন্দুদের যোগশাস্ত্র মতে দেহমধ্যস্থ নানা বিভাগ (ষট্‌চক্র)। ১৮ রাশি বা গ্রহমণ্ডলের অবস্থান সূচনাকারী ছক। [স.]। **চক্রগতি** *বি* চক্রের ন্যায় আবর্তন বা ঘূর্ণন। **চক্রধর** *বি* ১ রাজা; নৃপতি। ২ সাপ। ৩ হিন্দুদেবতা বিষ্ণু। **চক্রনাভি** *বি* চক্রের কেন্দ্রবিন্দু বা কেন্দ্রীয় অংশ। **চক্রনেমি** *বি* চাকার বেড় বা বেষ্টনী। **চক্রপাণি** *বি* হিন্দুদেবতা বিষ্ণু। **চক্রবর্তী** *বি* বিস্তৃত রাজ্যের অধিপতি; সার্বভৌম নৃপতি; হিন্দু ব্রাহ্মণের উপাধি। **চক্রবাক** *বি* চখা; হাঁসজাতীয় পাখি। **চক্রবাকী** *বি স্ত্রী.*। **চক্রবাল** *বি* দিঙ্‌মণ্ডল; দিগন্তবৃত্ত; আকাশ ও পৃথিবীর মিলনরেখা বলে মনে হয় যে-স্থান; horizon। **চক্রব্যূহ** *বি* প্রাচীন গ্রন্থে উক্ত সৈন্য সমাবেশপ্রণালীবিশেষ। **চক্রবৃদ্ধি** *বি* সুদের সুদ। **দশচক্রে ভগবান ভূত**—বহুলোকের ষড়যন্ত্রে ভালোকে মন্দ, সত্যকে মিথ্যা বলে প্রতিপন্ন করা সম্ভব। **পাকচক্রে, পাকেচক্রে** *ক্রিবিণ* কর্মবিপাকে; ঘটনার ফেরে; ফন্দি ফিকিরের ফলে। **চক্রযান** *বি* সাইকেল; চাকাওয়ালা গাড়ি।

চক্রাকার *বিণ* চাকার মতো আকারযুক্ত; গোলাকার। [স. চক্র+আকার]

চক্রান্ত *বি* ষড়যন্ত্র; কূটমন্ত্রণা; কারো অনিষ্ট বিধানের জন্য গুপ্ত পরামর্শ। [স. চক্র+অন্ত]

চক্রাবর্ত *বি* ১ চক্রের ন্যায় ঘুরপাক বা মণ্ডলাকারে ঘূর্ণন। ২ ঘূর্ণি। [স. চক্র+আবর্ত]

চক্রিকা *বি* ১ হাঁটুর অস্থিময় চাকতি; মালাইচাকি। ২ হাঁটু। [স. চক্র+ক+আ]

চক্রী (-ক্রিন্) *বিণ* ১ চক্রান্তকারী; কূটিল; খল। ২ চক্রধারী। ৩ বিষ্ণু। ৪ সাপ। [স. চক্র+ইন্]

চক্ষ *বি* চক্ষু; চোখ। [স. চক্ষু>]

চক্ষু, চক্ষুঃ *বি* ১ চোখ; নয়ন; লোচন; অক্ষি; আঁখি; দর্শনেন্দ্রিয়। ২ দৃষ্টি; নয়ন। ৩ অন্তর্দৃষ্টি। ৪ বিবেচনা। [স.]। **চক্ষু কর্ণের বিবাদ ভঞ্জন করা**—স্বচক্ষে দর্শন করে শ্রুত বিষয়ের সকল সন্দেহ নিরসন করা। **চক্ষুক্ষত** *বি* চোখের ঘা; eyesore। **চক্ষু খাওয়া** *ক্রি* চোখ থাকতেও তার যথাযথ ব্যবহার না করা। **চক্ষুখাদিকা** *বি* চোখখাগি; গালিবিশেষ। **চক্ষু খুলে যাওয়া** *ক্রি* অজ্ঞানতা দূর হওয়া; নানা বিষয়ে বোধোদয় হওয়া; সজাগ হওয়া; ঘুম ভাঙা। **চক্ষুগোচর, চক্ষুর্গোচর** *বিণ* দেখা যায় এমন; দৃষ্টির বিষয়ীভূত; দৃষ্টি সীমার অন্তর্ভুক্ত। **চক্ষু চড়ক গাছ হওয়া** *ক্রি* বিস্ময়াভিভূত হওয়া; বিস্ময়ে বা আতঙ্কে হতবুদ্ধি হয়ে চেয়ে থাকা। **চক্ষু ছানাবড়া হওয়া** *ক্রি* অত্যন্ত বিস্ময়াপন্ন হওয়া; বিস্ময়ের আধিক্যে দৃষ্টি বিস্ফারিত হওয়া। **চক্ষুদান, চক্ষুর্দান** *বি* ১ দৃষ্টিশক্তি দান বা ফিরিয়ে আনা। ২ মৃত্যুর পর অপরের উপকারের জন্য চোখ দেওয়ার প্রতিশ্রুতি। ৩ জ্ঞানহীনকে জ্ঞানদান বা অবোধের বোধ সম্পাদন। ৪ সতর্কীকরণ। ৫ চুরি; অপহরণ (ব্যঙ্গার্থে)। **চক্ষুরুন্মীলন** *বি* ১ চোখ খোলা বা চাওয়া। ২ জাগরণ। ৩ অন্তর্দৃষ্টির উন্মেষ। **চক্ষুলজ্জা** *বি* পরিচিত লোকে কী বলবে এজন্য সঙ্কোচ বা কুণ্ঠা। **চক্ষুশূল, চক্ষুঃশূল** *বি, বিণ* দেখলে বিরক্তি জন্মে বা দেখতে ইচ্ছা হয় না এমন কিছু। **চক্ষুষ্মান** *বিণ* ১ চোখ আছে এরূপ; দর্শনেন্দ্রিয়বিশিষ্ট। ২ দৃষ্টিশক্তিবিশিষ্ট। ৩ সত্য উপলব্ধিক্ষম; সত্যদ্রষ্টা। **চক্ষুষ্মতী** *বিণ স্ত্রী.*। **চক্ষুস্থির** *বি* অত্যধিক বিস্ময়জনিত হতবুদ্ধিতা। **চক্ষুরঞ্জন** *বিণ* নয়ন তৃপ্তিকারী; নয়নাভিরাম। **চক্ষুরোগ** *বি* চোখের পীড়া। **চক্ষের পুতলি** *বি* ১ চোখের তারা। ২ অত্যন্ত আদরের বা স্নেহের পাত্র।

চখা, চকা *বি* চক্রবাক; হাঁসজাতীয় পাখি। **চখী, চখি, চকী, চকি** *স্ত্রী.*। [স. চক্রবাক>]

চখা-চখি, চকা-চকি *বি* চক্রবাক ও চক্রবাকী।

চঙ্ক্রমণ, চংক্রমণ *বি* পুনঃপুন বা ফিরে ফিরে ভ্রমণ; ঘুরপাক। [স. সংক্রম+(ষঙলুগন্ত)=চঙ্ক্রম্+অন]

চচ্চড়ি, চড়চড়ি *বি* ঝোলবিহীন ব্যঞ্জনবিশেষ; কড়কড়ে ব্যঞ্জন। **চচ্চড়** *অব্য* অনুকার শব্দ।

চচ্চর *ক্রিবিণ* তর তর।

চঞ্চল *বিণ* ১ অস্থির; চলনশীল; চলমান। ২ ছটফটে; চপল; অশান্ত। ৩ ব্যাকুল; উৎকণ্ঠিত; কম্পমান। ৪ বিচলিত। ৫ চঞ্চলতা। [স.]। **চঞ্চলা** *বিণ স্ত্রী.* চঞ্চল অর্থে। ☐ *বি* ১ বিদ্যুৎ; চপলা। ২ লক্ষ্মী।

চঞ্চু *বি* পাখির ঠোঁট। **চঞ্চুপুট** *বি* পাখির দুই ঠোঁটের মধ্যবর্তী স্থান। [স. √চঞ্চ্+উ]

চট[১] *বি* পাটের সুতায় প্রস্তুত মোটা বস্ত্র যা থেকে থলি, বস্তা ইত্যাদি তৈরি হয়; গুন। **চটকল** *বি* চট বুনবার কারখানা।

চট[২] *অব্য* হঠাৎ ফেটে যাওয়া বা চপেটাঘাতের শব্দ। **চটচট** *অব্য* ক্রমাগত চট ধ্বনি।

চট[৩] *অব্য* ঝট; শীঘ্র; জলদি; সত্বর।

চটক[১] *বি* চড়াই পাখি; চড়ুই। [স. চটক>; তুল. ফা. চুতুক]। **চটকা[১], চটকী[১]** *স্ত্রী.*।

চটক[২] *বি* ১ বাহার; চমক; জেল্লা; চাকচিক্য; তীব্র ঔজ্জ্বল্য। ২ ভড়ং; বাহ্য আড়ম্বর। ৩ হাবভাবযুক্ত চাল। ৪ ক্ষণেক; মুহূর্তমাত্র। ৫ চমৎকার; চমকপ্রদ; বিস্ময়জনক। **চটকদার** *বিণ* চটকযুক্ত। **চটকী[২]** *বি স্ত্রী.* চটকযুক্তা; হাবভাবযুক্তা।

চটকা *বি* ১ নিদ্রার আবেশ; তন্দ্রা। ২ লঘু ঢঙের রঙ্গপ্রধান ভাওয়াইয়া গান। ৩ অন্যমনস্কতা; মগ্নভাব। **চটকা ভাঙা** *ক্রি* ১ নিদ্রালু ভাব ছুটে যাওয়া; তন্দ্রার ভাব দূর হওয়া। ২ ঘোর কেটে যাওয়া। ৩ মগ্নভাব কেটে সজাগ বা সতর্ক হওয়া।

চটকানো *ক্রি* নরম দ্রব্য মর্দন বা পেষণ করা। ☐ *বিণ* ১ মর্দন বা পেষণ করা হয়েছে এমন; মর্দিত; পিষ্ট। ২ মর্দন বা দলন; কচলানো। **চটকাচটকি** *বি* ক্রমাগত চটকানো; বারবার চটকানো; দলন; পেষণ। **চটকানি** *বি* হাত দিয়ে মর্দন বা পেষণ। **চটচট** *অব্য* আঠালো ভাব প্রকাশক। **চটচটে** *বিণ* আঠালো।

চটপট *ক্রিবিণ* খুব তাড়াতাড়ি; চটজলদি; ঝটিতি; সত্বর। **চটপটে** *বিণ* ১ তাড়াতাড়ি কাজ করতে পারে এমন। ২ চালাক; চতুর; smart। ৩ তৎপর; দক্ষ।

চটপটি *বি* খাদ্যবিশেষ; মটরকলাই, মসলা, তেঁতুল প্রভৃতি দিয়ে প্রস্তুত খাদ্য।

চটা[১] *ক্রি* রাগ করা; ক্রুদ্ধ বা রুষ্ট হওয়া। ☐ *বি* উক্ত অর্থে। ☐ *বিণ* ১ রুষ্ট; রাগান্বিত। ২ বিরূপ; বিরাগযুক্ত; নারাজ। **চটাচটি** *বি* ১ রাগারাগি; ক্রোধ প্রকাশ। ২ বাদানুবাদ; পরস্পর ক্রোধপূর্ণ বাক্য বিনিময়। **চটানো** *ক্রি* রাগানো। ☐ *বি, বিণ* উক্ত অর্থে। **রগচটা** *বিণ* ১ সহজেই রেগে যায় এমন। ২ উগ্র; রাগী; ক্রোধী; কোপনস্বভাব।

চটা[১] *ক্রি* ১ চিড় খাওয়া বা ফাটা। ২ চোকলা ওঠা; উপরের পাতলা অংশ বা ত্বক উঠে যাওয়া। ৩ লোপ পাওয়া, হ্রাস পাওয়া; নষ্ট হওয়া। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে।
চটা[৩] *বি* ১ বাখারি; চাঁচারি; বাঁশের বা কোনো বস্তুর পাতলা ফালি। ২ চাটাই বা দরমা।
চটাস *অব্য* চপেটাঘাতের শব্দ।
চটি[১], **চটিকা** *বি* চামড়ার তৈরি হালকা জুতাবিশেষ।
চটি[২], **চটী** *বিণ* ১ পাতলা। ২ পাতলা বই; ক্ষুদ্র পুস্তিকা।
চটি[৩] *বি* পথিকদের বিশ্রাম স্থান; পান্থশালা; সরাই। [ফা. চৎর]
চটি[৪] *বি* বাঁশের চটি; পাতলা বাখারি।
চটুল *বিণ* ১ চঞ্চল। ২ চপল; অস্থির। ৩ মুগ্ধকর; সুন্দর। ৪ লঘু; হালকা। [স. √চট্+উল]। **চটুলা** *বিণ স্ত্রী*। **চটুলতা** *বি*।
চট্টল, চট্টলা *বি* চট্টগ্রামের প্রাচীন তথা পৌরাণিক নাম। [স.]
চট্টোপাধ্যায় *বি* বাঙালি ব্রাহ্মণের পদবিবিশেষ; চাটুয্যে; চাটুজ্যে। [স. চট্ট+উপাধ্যায়]
চড় *বি* চাপড়; থাপ্পড়; চপেটাঘাত। [স. চপেট>]
চড়ক *বি* চৈত্র সংক্রান্তির হিন্দু পর্ববিশেষ; গাজন উৎসব। **চড়কগাছ** *বি* চড়ক উৎসবে গাজনের সন্ন্যাসীদের ঘুরপাক খাবার খুঁটিবিশেষ। **চড়ক সংক্রান্তি** *বি* চৈত্রমাসের সংক্রান্তি বা শেষ দিন। **চড়কে কাঠি পাড়া**—কলহের সূত্রপাত হওয়া। **চড়কের পিঠ**—যে সবই সহ্য করতে পারে। **চড়কের বাদ্যি** *বি* ১ জোর বাজনার শব্দ। ২ প্রচারের চেষ্টায় শোরগোল। **চড়ুকে** *বিণ* চড়ক-সংক্রান্ত। **চড়ুকে হাসি** *বি* ১ ভিতরের যন্ত্রণা চাপা দিয়ে লোক দেখানো যে হাসি; কৃত্রিম বা কাষ্ঠহাসি। ২ উচ্চহাস্য; অট্টহাস্য।
চড়চড়, চচ্চড় *অব্য* শব্দবিশেষ; অনুকার শব্দ। **চড়চড়/চচ্চড় করা** *ক্রি* শুষ্ক হওয়া; খড়ি উঠা।
চড়তি *বি* ১ আরোহণ; উঠতি। ২ বৃদ্ধি; বাড়তি। ❑*বি* বৃদ্ধিশীল; মূল্য বর্ধনশীল এমন। **পড়তি** *বিপ*।
চড়ন *বি* ১ আরোহণ বা সওয়ার হওয়া। ২ বৃদ্ধি। **চড়নদার** *বিণ* সওয়ারি; আরোহী; শটকারোহণের যাত্রী। [ফা. চড়ন+দার]
চড়বড় *অব্য* ১ খই বা মুড়ি ভাজবার শব্দ। ২ খই ফোটার শব্দের মতো দ্রুত কথা বলার শব্দ। ৩ বড় বড় ফোঁটায় বৃষ্টি পড়ার শব্দ। **চড়বড়ে**[১] *বিণ*।
চড়বড়ে[২] *বি* চামড়ার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ।
চড়া[১] *বি* ১ চর; নদীবক্ষে উৎপন্ন পলিগঠিত ভূ-ভাগ; নদীমধ্যে দ্বীপের মতো ভূমি। ২ শুষ্ক বা তৃষিত অবস্থা। **চড়া পড়া** *ক্রি* ১ নদীতে চর সৃষ্টি হওয়া। ২ বৈচিত্র্যহীনতার দরুন অরুচি হওয়া। **চড়ায় ঠেকা** *ক্রি* ১ নদীপথে নব জাগ্রত চরে নৌকাদি আটকে যাওয়া। ২ সাংসারিক টানাটানিতে পড়া বা প্রতিকূল অবস্থায় পড়ে অচলাবস্থা হওয়া; সংসার-যাত্রায় কোনো বাধার সম্মুখীন হওয়া।
চড়া[২] *ক্রি* ১ কোনো কিছুর উপরে ওঠা; আরোহণ করা। ২ বৃদ্ধি পাওয়া; বাড়া। ৩ উপরে পড়া; আক্রমণ করা; চড়াও হওয়া; বিরুদ্ধভাবে আপতিত হওয়া। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে।
চড়া[৩] *বিণ* ১ উদ্ধত; উগ্র। ২ প্রখর; তীব্র; তীক্ষ্ণ; তেজালো; কড়া। ৩ বর্ধিত; অত্যধিক; অতিমাত্রা। ৪ কর্কশ; রুক্ষ; কঠোর। ৫ উচ্চ; জোরালো। [স. চণ্ড>]
চড়াই[১] *বি* ১ উত্তরোত্তর খাড়া পথ। ২ আরোহণ; উর্ধ্বগমন। ৩ উর্ধ্বগতি। ৪ উচ্চতা; উন্নতি। **চড়াই-উতরাই** *বি* ওঠা-নামা; বন্ধুর পথ।
চড়াই[২], **চড়ুই** *বি* ক্ষুদ্র পাখিবিশেষ। [স. চটক>]। **চড়াইভাতি, চড়ুইভাতি, চড়িভাতি** *বি* বনভোজন। [স. চটকবৃত্তি>]
চড়াও, চড়াই[৩] *বি* আক্রমণ; হামলা। ❑*বিণ* ১ আক্রমণকারী; হামলাকারী। ২ আক্রমণের উদ্দেশ্যে পড়া।
চড়াৎ *অব্য* ১ কোনো কিছু ফেটে যাবার অনুকার শব্দ। ২ হঠাৎ তীব্র বেদনাবোধের অনুকার শব্দ।
চড়ানো[১] *ক্রি* ১ আরোহণ করানো; কোনো কিছুর উপরে উঠানো। ২ বাড়ানো; উচ্চতর বা তীব্রতর করা। ৩ পরানো; সংযোজন করা। ৪ চাপানো বা স্থাপন করা। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে।
চড়ানো[২] *ক্রি* চড় মারা; চপেটাঘাত করা। ❑*বি, বিণ* উক্ত অর্থে।
চনা *বি* চানা; ছোলা; বুট। [স. বা. চণক>হি. চণা]
চণ্ড *বিণ* ১ ভয়ানক; প্রচণ্ড। ২ অতিশয় কোপন বা ক্রুদ্ধ। ৩ উগ্র; তীব্র; তীক্ষ্ণ। ❑*বি* দানববিশেষ; প্রেতবিশেষ। **চণ্ডা, চণ্ডী** *বিণ স্ত্রী*। [স. চণ্ড>]
চণ্ডাল *বি* পুরাণোক্ত অধুনালুপ্ত নিকৃষ্ট শ্রেণীর জাতিবিশেষ। ❑*বি, বিণ* নিষ্ঠুরতা নির্দেশক গালি; চাঁড়াল। [স.]। **চণ্ডালী, চণ্ডালিনী** *বিণ স্ত্রী*।
চণ্ডিকা *বি* ১ হিন্দু দেবীবিশেষ; চণ্ডী দেবী; দুর্গা। ২ অতি কোপনস্বভাবা স্ত্রী। [স.]
চণ্ডী *বি* ১ অতি কোপনস্বভাবা স্ত্রী। ২ হিন্দু দেবীবিশেষ। [স.]। **চণ্ডী পাঠ থেকে জুতা সেলাই পর্যন্ত, জুতা সেলাই থেকে চণ্ডী পাঠ**—উঁচু নিচু নির্বিশেষ সকল প্রকার কাজ। **চণ্ডীমণ্ডপ** *বি* ১ যে মণ্ডপে চণ্ডীপাঠ ও চণ্ডীর পূজা হয়। ২ ঠাকুর দালান; পূজামণ্ডপ। ৩ গ্রামাঞ্চলের হিন্দু বাড়ির বৈঠকখানা। **ওলাইচণ্ডী** *বি* ওলা বিবি; কলেরা রোগের দেবী। **রণচণ্ডী** *বি* ১ সংগ্রামকারিণী চণ্ডী। ২ অতিশয় কোপনস্বভাবা বা কলহপ্রিয়া নারী। ❑*বিণ* রণোন্মত্তা; উগ্রা।
চণ্ডীদাস *বি* পদাবলী-রচয়িতা প্রসিদ্ধ বৈষ্ণব কবি। [স.]
চণ্ডু *বি* নেশার দ্রব্যবিশেষ; অহিফেন থেকে প্রস্তুত নেশার দ্রব্য। [হি.]। **চণ্ডুখানা** *বি* চণ্ডু বিক্রয় বা সেবনের জায়গা। [হি. চণ্ডু+ফা. খানহ্]। **চণ্ডুখোর** *বিণ* চণ্ডু সেবন করে বা চণ্ডুতে আসক্ত এমন। [হি. চণ্ডু+ফা. খোর]
চতুঃ *বি, বিণ* চার; এই অঙ্ক বা পরিমাণ। [স.]। **চতুঃপঞ্চাশৎ** *বি, বিণ* চুয়ান্ন। **চতুঃপঞ্চাশত্তম** *বিণ* ৫৪ সংখ্যক। **চতুঃপঞ্চাশত্তমী** *বিণ স্ত্রী*। **চতুঃশাখ** *বিণ* চার শাখাবিশিষ্ট। ❑*বি* বেদ। **চতুঃশাল, চতুঃশালা** *বি* চকমিলান বাড়ি; চকবন্দি গৃহ ইত্যাদি।
চতুর *বিণ* ১ ধূর্ত; চালাক। ২ নিপুণ; দক্ষ। ৩ ঠক; শঠ। [স.]। **চতুরা** *বিণ স্ত্রী*। **চতুরতা, চাতুরী, চাতুর্য** *বি*।
চতুরংশ *বি* চার খণ্ড। ❑*বিণ* চার খণ্ডে বিভক্ত। [স. চতুঃ+অংশ]
চতুরঙ্গ *বিণ* ১ হাতি ঘোড়া রথ ও পদাতি—এই চার শাখাবিশিষ্ট। ২ চার অঙ্গযুক্ত। ৩ সমস্ত অঙ্গযুক্ত। ❑*বি* ১ হাতি ঘোড়া রথ ও পদাতি—এই চার অঙ্গযুক্ত সৈন্যদল।

২ সঙ্গীতের প্রকারভেদ। ৩ সতরঞ্জ বা দাবা খেলা। ৪ দাবা খেলার ন্যায় বাজি; প্রতিযোগিতা বা বুদ্ধির প্যাঁচ। [স. চতুঃ+অঙ্গ]

চতুরশীতি *বি,বিণ* সংখ্যাবিশেষ; ৮৪; চুরাশি। [স. চতুঃ+অশীতি]

চতুরশ্ব *বি* চার ঘোড়া। ☐*বিণ* চার ঘোড়াযুক্ত; চার ঘোড়াওয়ালা; চার ঘোড়ায় টানা। [স. চতুঃ+অশ্ব]

চতুরানন *বি* চারমুখবিশিষ্ট হিন্দু দেবতাবিশেষ; চতুর্মুখ; ব্রহ্মা। [স. চতুঃ+আনন]

চতুরালি, চতুরালী *বি*১ ছল; চাতুরী। ২ চালাকি; ধূর্তামি। ৩ ছলচাতুরী; রঙ্গকৌতুক; মস্করা। [স. চতুঃ+বা. আলি, আলী]

চতুরাশ্রম *বি* চতুর্বিধ আশ্রম-জীবন; চার প্রকার অবস্থা বা আশ্রম, হিন্দুমতে মানব জীবনের চার অবস্থা বা আশ্রম: ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস। [স. চতুঃ+আশ্রম]

চতুর্গুণ *বিণ*১ চারগুণ। ২ বহুগুণ। ৩ অত্যধিক; অত্যন্ত বেশি। [স. চতুঃ+গুণ]

চতুর্থ *বিণ* চার সংখ্যক; ৪ সংখ্যার পূরক। [স.]। **চতুর্থী** *বিণ স্ত্রী.* ১ চতুর্থ অর্থে। ২ একটি তিথির নাম। ☐*বি* ১ বিভক্তিবিশেষ। ২ হিন্দু বিয়ের চতুর্থ দিনে করণীয় হোম। ৩ হিন্দুমতে মাতা বা পিতার মৃত্যুর পর চতুর্থ দিবসে বিবাহিত কন্যা কর্তৃক অনুষ্ঠেয় শ্রাদ্ধ। [স.]। **চতুর্থী বিভক্তি** *বি* সম্প্রদান বা নিমিত্ত কারক বিভক্তি।

চতুর্দশ[১] *বি,বিণ* চৌদ্দ; ১৪ সংখ্যা বা পরিমাণ। [স.]। **চতুর্দশ পুরুষ** *বি* পিতৃপিতামহাদি; উর্ধ্বতন চৌদ্দ পুরুষ বা বহু পুরুষ। **চতুর্দশ বিদ্যা** *বি* হিন্দুমতে চারবেদ ছয় বেদাঙ্গ এবং মীমাংসা ন্যায় ইতিহাস ও পুরাণ এই চৌদ্দ শাস্ত্র। **চতুর্দশ ভুবন** *বি* হিন্দুমতে সপ্তসর্গ ও সপ্ত পাতাল। **চতুর্দশাক্ষর** *বিণ* চৌদ্দ অক্ষরযুক্ত।

চতুর্দশ[২] *বিণ* ১৪ সংখ্যার পূরক। [স.]। **চতুর্দশী** *বি স্ত্রী.* ১ একটি তিথি। ২ চৌদ্দ বৎসর বয়স্কা বালিকা।

চতুর্দিক *বি*১ উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম নামক চারটি দিক। ২ সর্ব দিক; সকল দিক। ৩ সকল ব্যাপার; সব বিষয় ও সব কিছু। [স. চতুঃ+দিক]

চতুর্দোল, চতুর্দোলা *বি* চারজনের স্কন্ধে বাহিত শিবিকা বা পালকি; চৌদোলা। [স. চতুঃ+দোলা; দোলা]

চতুর্বর্গ *বি* হিন্দুমতে ধর্ম অর্থ কাম মোক্ষ—এই চার পুরুষার্থ; জীবনের চার লক্ষ্য। [স. চতুঃ+বর্গ]

চতুর্বর্ণ *বি* ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র—হিন্দু সম্প্রদায়ের এই চার শ্রেণী। [স. চতুঃ+বর্ণ]

চতুর্বিংশ *বিণ* চব্বিশ সংখ্যক; চব্বিশের পূরক। [স.]

চতুর্বিধ *বিণ* চার প্রকার; চার রকম। [স. চতুঃ+বিধ]

চতুর্বেদ *বি* ঋক সাম যজু অথর্ব—এই চার বেদ। [স.]। **চতুর্বেদী(-দিন্)** *বিণ* চার বেদে পণ্ডিত বা অভিজ্ঞ। ☐*বি* ব্রাহ্মণদের উপাধিবিশেষ; চৌবে; চোবে।

চতুর্ভুজ *বিণ* চারহাত যুক্ত। ☐*বি*১ চার বাহু বা সরলরেখা বেষ্টিত ভূমি বা ক্ষেত্র। ২ হিন্দু দেবতা বিষ্ণু। [স. চতুঃ+ভুজ]

চতুর্মুখ *বিণ* চার মুখবিশিষ্ট হিন্দু দেবতা ব্রহ্মা। ☐*বি,বিণ* অনর্গল বক্তা; বাচাল ব্যক্তি। [স. চতুঃ+মুখ]

চতুর্যুগ *বি* হিন্দুমতে সত্য ত্রেতা দ্বাপর কলি—এই চার যুগ। [স.]

চতুষ্ক *বি*১ চৌকোনা প্রাঙ্গণ বা ক্ষেত্র। ২ চত্বর। ৩ চার কোণে চার স্তম্ভযুক্ত মণ্ডপ। ৪ চৌকোনা পুকুর। ৫ চারটির সমষ্টি। ৬ চার অবয়বযুক্ত। [স.]। **চতুষ্কভবন, চতুষ্কপ্রাসাদ** *বি* চকমিলান বাড়ি, চত্বর ঘিরে যে দালানের সারি। **চতুষ্কী(-কিন্)** *বি*১ মশারি। ২ পুকুর। ৩ চৌকি।

চতুষ্কন্ধ *বি* চতুরঙ্গ সৈন্য। [স.]

চতুষ্কোণ *বিণ* চার কোণযুক্ত; চৌকা। [স. চতুঃ+কোণ]

চতুষ্টয় *বিণ* চার অবয়ব এমন; চার অবয়বযুক্ত। ☐*বি*১ চতুর্বিধ; চারপ্রকার। ২ চার সংখ্যার সমষ্টি। ৩ চার সংখ্যা। [স. চতুঃ+তয়]

চতুষ্পাঠী *বি* সংস্কৃত শাস্ত্রাদি পড়ানো হয় যেখানে; টোল; চারবেদ বা ব্যাকরণ কাব্য স্মৃতি ও দর্শন—এই চার শাস্ত্র বা নানা শাস্ত্র পড়ানো হয় যে বিদ্যালয়ে। [স. চতুঃ+পাঠী]

চতুষ্পাদ *বিণ* ১ চার চরণযুক্ত। ২ পূর্ণাঙ্গ; চারপেয়ে; পূর্ণাবয়ব। ৩ চারপেয়ে জন্তু। [স. চতুঃ+পাদ]

চতুষ্পার্শ্ব *বি* চারদিক; চারপাশ; চারধার। [স. চতুঃ+পার্শ্ব]

চতুস্তল *বিণ* চারতলাযুক্ত; চৌতলা; চারতলা।

চতুস্ত্রিংশ *বিণ* চৌত্রিশের পূরক; চৌত্রিশ সংখ্যক। [স. চতুঃ+ত্রিশ]। **চতুস্ত্রিংশৎ** *বি,বিণ* চৌত্রিশ সংখ্যা বা সংখ্যক। **চতুস্ত্রিংশত্তম** *বিণ* চৌত্রিশের পূরক। **চতুস্ত্রিংশত্তমী** *বিণ স্ত্রী.*।

চত্বর, চত্বাল *বি* ১ চাতাল; চবুতর। ২ প্রাঙ্গণ; উঠান; আঙিনা। ৩ রঙ্গভূমি। ৪ যজ্ঞভূমি। [স. √চত্+বর]

চত্বারিংশ *বিণ* চল্লিশ; চল্লিশের পূরক। [স. চত্বা+রিংশৎ+অ]। **চত্বারিংশৎ** *বি,বিণ* চল্লিশ; চল্লিশ সংখ্যক। **চত্বারিংশত্তম** *বিণ* চল্লিশের পূরক; চল্লিশ। **চত্বারিংশত্তমী** *বিণ স্ত্রী.*।

চনচন *অব্য* বেদনা প্রবাহের বেগ প্রখরতা বা পরিপূর্ণতাবোধক অনুকার ধ্বনি। [দেশী]। **চনচনে** *বিণ* চনচন করে এমন।

চনমন *অব্য* চঞ্চলতা বা স্ফূর্তির ভাব প্রকাশক শব্দ। **চনমনে** *বিণ*১ চঞ্চল ও ছটফটে। ২ স্ফূর্তিযুক্ত।

চন্দ, চন্দা *বি*১ চাঁদ; চন্দ্র। ২ উপাধিবিশেষ। [স. চন্দ্র>চন্দর>চন্দ; চন্দ+আ=চন্দা]

চন্দন *বি*১ স্বনামখ্যাত সুগন্ধি কাঠবিশেষ ও তার গাছ। ২ বাটা চন্দন। [স. √চন্দ্+অন(ত্)]। **চন্দনচর্চিত** *বিণ* বাটা চন্দন দ্বারা লিপ্ত। **চন্দনধেনু** *বি* হিন্দু সমাজে পতিপুত্রবতী নারীর শ্রাদ্ধোপলক্ষে বৃষোৎসর্গের পরিবর্তে দানের জন্য চন্দনচর্চিত সবৎসা গাভী। **চন্দনপঙ্ক** *বি* চন্দন বাটা। **চন্দনপিঁড়ি** *বি* যে পাথর বা পীঠিকার উপরে চন্দন কাঠ ঘষা হয়। **চন্দনপুষ্প** *বি* লবঙ্গ। **কুচন্দন** *বি* যে চন্দনের গন্ধ নেই; রক্তচন্দন। **হরিচন্দন** *বি* সুগন্ধি শ্বেতচন্দন।

চন্দনা *বি*১ শুকপাখিবিশেষ; গলায় লাল রেখাবিশিষ্ট টিয়া পাখি। ২ নদীবিশেষ। ৩ মৎস্যবিশেষ। **চন্দনি, চন্দনী** *বি* ১ চন্দনের নির্যাসবিশেষ; আতর। ২ নদীবিশেষ। ৩ গোরোচনা।

চন্দ্র *বি*১ পৃথিবীর উপগ্রহ—যা পৃথিবীকে মাসে একবার প্রদক্ষিণ করে। ২ চাঁদ; চন্দ্রমা; নিশাকর; নিশাকান্ত; শশধর;

হিমাংশু; সুধাংশু; সুধাকর; ইন্দু; বিধু; শশী; সোম; মৃগাঙ্ক। ৩ শ্রেষ্ঠ। ৪ বাঙালি হিন্দুর উপাধিবিশেষ। ❑*বিণ* আনন্দদায়ক; আহ্লাদজনক; চিত্তরঞ্জক। [স. √চন্দ্+র (ত্)]। **চন্দ্রকর** *বি* জ্যোৎস্না; চাঁদের আলো। **চন্দ্রকলা** *বি* চন্দ্রমণ্ডলের ষোলো ভাগের এক ভাগ। **চন্দ্রকান্ত** *বি* ১ মূল্যবান পাথর বা মণিবিশেষ। ২ কুমুদ। ❑*বিণ* চাঁদের মতো সুন্দর। **চন্দ্রকান্তা** *বি* ১ চন্দ্রপত্নী; তারা; তারকা। ২ রাত্রি। ৩ চন্দ্রকিরণ; জ্যোৎস্না। **চন্দ্রকান্তি** *বি* ১ চাঁদের দীপ্তি। ২ রুপা। ❑*বিণ* চন্দ্রের ন্যায় লাবণ্য বা সৌন্দর্যবিশিষ্ট। **চন্দ্রগ্রহণ** *বি* পৃথিবীর ছায়াপাতে চন্দ্রের অন্ধকারাচ্ছন্ন হওয়া; হিন্দু মতে চন্দ্রের রাহুগ্রাস। **চন্দ্রচূড়** *বি* হিন্দু দেবতা শিব। **চন্দ্রপুলি** *বি* নারকেলের পুর দিয়ে তৈরি অর্ধ-চন্দ্রাকৃতি পিঠা। **চন্দ্রপ্রভা** *বি স্ত্রী.* জ্যোৎস্না; চন্দ্রকর। ❑*বিণ* চাঁদের ন্যায় কান্তি বা দীপ্তিময়ী। **চন্দ্রবংশ** *বি* পৌরাণিক রাজবংশবিশেষ। **চন্দ্রবংশীয়** *বিণ* চন্দ্রবংশজাত; চন্দ্রবংশোদ্ভূত। **চন্দ্রবদন** *বি* চাঁদের ন্যায় সুন্দর বা প্রিয় মুখ; চাঁদবদন। ❑*বিণ* চন্দ্রের ন্যায় কান্তমুখবিশিষ্ট। **চন্দ্রবদনা** *বিণ স্ত্রী.*। **চন্দ্রবাণ, চন্দ্রবান** *বি* এক প্রকার আতসবাজি; প্রাচীন তীরবিশেষ। **চন্দ্রবিন্দু** *বি* ১ চন্দ্রাকৃতি স্বরধ্বনিবিশেষ; অনুনাসিক বর্ণ। ২ গলাধাক্কা। **চন্দ্রবোড়া** *বি* ঐ নামের বিষধর সাপ। **চন্দ্রভাগা** *বি* পাঞ্জাবের একটি নদী; চেনাব। **চন্দ্রমল্লিকা** *বি* একজাতীয় ফুল ও তার গাছ; ক্রিসেনথিমাম। **চন্দ্রমা** *বি* চন্দ্র; চাঁদ। **চন্দ্রমুখ** *বি,বিণ* চন্দ্রের ন্যায় সুন্দর মুখ বা মুখবিশিষ্ট; চাঁদমুখ। **চন্দ্ররেণু** *বি* অপরের রচনা বা ভাবচোর; কাব্যচোর; কুম্ভিলক; plagiarist। **চন্দ্রলোক** *বি* ১ হিন্দুপুরাণোক্ত চন্দ্রাধিষ্ঠিত আনন্দময় দিব্য স্থান। ২ উপগ্রহ চন্দ্র; চন্দ্রের উপরিস্থ ভূমি বা চন্দ্রের অন্তর্গত জগৎ। **চন্দ্রশালা, চন্দ্রশালিকা** *বি* চিলেকোঠা। **চন্দ্রসুধা** *বি* চন্দ্রকিরণ; জ্যোৎস্না। **চন্দ্রহার** *বি* ১ কোমরের অলঙ্কার বা মেখলাবিশেষ। ২ গলার এক প্রকার হার। **চন্দ্রহাস** *বি* ১ এক প্রকার খড়্গ। ২ একজন পৌরাণিক রাজা।

চন্দ্রকলাপ *বি* অর্ধচন্দ্রাকার চিহ্নযুক্ত আভরণ বা সজ্জা। [স.]

চন্দ্রকোণা *বি* তাঁত বস্ত্রবিশেষ।

চন্দ্রাতপ *বি* ১ চাঁদোয়া; শামিয়ানা। ২ মণ্ডপ। ৩ জ্যোৎস্না। [স.]

চন্দ্রানন *বি,বিণ* চাঁদের ন্যায় সুন্দর মুখ বা মুখবিশিষ্ট; চাঁদবদন; চাঁদমুখ। [স. চন্দ্র+আনন]। **চন্দ্রাননা, চন্দ্রাননী** *বিণ স্ত্রী.*।

চন্দ্রাবলী *বি* ১ বৈষ্ণব সাহিত্যে উল্লিখিত গোপীবিশেষ; রাধিকার সখীবিশেষ এবং প্রতিনায়িকাবিশেষ। ২ রাধা। ৩ জ্যোৎস্না।

চন্দ্রালোক *বি* জ্যোৎস্না; চন্দ্রকিরণ; চাঁদের আলো। [স. চন্দ্র+আলোক]

চন্দ্রিকা *বি* ১ জ্যোৎস্না; চন্দ্রকিরণ। ২ চোখের মণি। ৩ চাঁদা মাছ। ৪ একটি সংস্কৃত ছন্দের নাম। ৫ ওষুধের গাছবিশেষ। ৬ কাব্যের বা তত্ত্বের টীকা-ভাষ্য-ব্যাখ্যা-বিশ্লেষণ গ্রন্থ।

চন্দ্রিমা *বি* ১ চন্দ্র। ২ জ্যোৎস্না। [স. চন্দ্রমা ও চন্দ্রিকার মিশ্রণজাত]

চন্দ্রোদয় *বি* চাঁদের উদয়; চন্দ্রের আবির্ভাব। [স. চন্দ্র+উদয়]

চপ *বি* ১ মাংস ইত্যাদির পুর দেওয়া পিঠাবিশেষ। ২ ইউরোপীয় প্রণালীতে তৈরি মাংস মাছ সবজি ইত্যাদির বড়া। [ই.]

চপ চপ, চব চব *অব্য* ১ ভেজা ও লেগে থাকার লক্ষণ প্রকাশক। ২ খাওয়ার শব্দ। **চপচপে, চবচবে** *বিণ* অত্যন্ত ভেজা; জবজবে। তেলজাতীয় পদার্থ দ্বারা লিপ্ত।

চপল *বিণ* ১ চঞ্চল। ২ অস্থির। ৩ তরল; লঘু। ৪ প্রগল্‌ভ। ৫ ক্ষণস্থায়ী; অচিরস্থায়ী। ❑*ক্রিবিণ* ত্বরিত; দ্রুত। [স. √চুপ্+অল]। **চপলতা, চাপল্য** *বি*। **চপলা** *বি স্ত্রী.* ১ বিদ্যুৎ। ২ লক্ষ্মী। ৩ ছন্দবিশেষ। ৪ বেশ্যা। ❑*বিণ স্ত্রী.* ১ চঞ্চলা। ২ লঘুস্বভাব। তরলপ্রকৃতি। ৩ ধৃষ্টা; প্রগল্‌ভা।

চপেট, চপেটিকা *বি* চড়; থাপ্পড়; চাপড়; করতলের আঘাত। [স.]। **চপেটাঘাত** *বি* চড়; করতল দ্বারা আঘাত; করতল প্রহার।

চপেটি *বি* ভাদ্রমাসের শুক্লা ষষ্ঠী; চাপড়া ষষ্ঠী।

চপ্পল *বি* এক প্রকার চটি জুতা; কাবুলি স্যান্ডেল। [হি.]

চ বর্গ *বি* চ ছ জ ঝ ঞ—এই পাঁচটি বর্ণ দিয়ে গঠিত বর্গের নাম। [স.]

চবুতর, চবুতরা *বি* ১ চাতাল; চত্বর। ২ দাওয়া; প্রাঙ্গণ; উঠান। ৩ খানা বা আস্তানা। [স. চত্বর; ফা. চবতরহ্]

চব্বিশ *বি,বিণ* ২৪ সংখ্যা বা সংখ্যক। [স. চতুর্বিংশতি]। **চব্বিশ ঘণ্টা** *বি* দিবাভাগ ও রাত্রিকাল মিলে যে সময়; এক দিনের পরিমাণ সময়। ❑*ক্রিবিণ* দিনরাত; সর্বক্ষণ; সমস্ত সময়; অবিরাম; অনবরত। **চব্বিশে** *বি,বিণ* চব্বিশ তারিখে বা তারিখ।

চমক *বি* ১ প্রভা; ঝলকানি; দীপ্তি। ২ আকস্মিক আতঙ্ক; ভয়। ৩ চমৎকার; বিস্ময়। ৪ দৃষ্টি আকর্ষক অভিনবত্ব। ৫ আচ্ছন্নতা; মগ্নতা। [স. চমৎকার>]। **চমকই, চমকয়ে** *ক্রি* চমকিত হয়। **চমক খাওয়া** *বি* মুহূর্তের জন্য স্তম্ভিত হওয়া। **চমকদার** *বিণ* ১ উজ্জ্বল। ২ চমৎকারী; বিস্ময়কর। ৩ ছটাপূর্ণ; প্রভাময়। **চমক ভাঙা** *বি* অন্যমনস্ক ভাব সহসা দূর হওয়া। ❑*ক্রি* হঠাৎ হুঁশ হওয়া। **চমকানো** *ক্রি* ১ ঝিলিক দেওয়া; ঝলকে ওঠা। ২ চমকিত করা; হঠাৎ ভীত বা বিস্মিত করা। ৩ হঠাৎ ভয়ে বা বিস্ময়ে আঁতকে ওঠা। ❑*বি,বিণ* উক্ত সকল অর্থে। **চমকানি** *বি* ঝিলিক; হঠাৎ ঝলকানি। **চমকিত** *বিণ* চমকপ্রাপ্ত; আতঙ্কগ্রস্ত; চৈতন্যপ্রাপ্ত। **চমকিতা** *বিণ স্ত্রী.*।

চমকা *বি* চটকা; তন্দ্রা; ঘোর। **চমকা ভাঙা** *বি* ১ চটকা ভাঙা; ঘোর কাটা। ২ হঠাৎ আচ্ছন্নতা কেটে চৈতন্যোদয় হওয়া; হুঁশ হওয়া। ৩ অন্যমনস্ক ভাব সহসা দূর হওয়া। [আঞ্চলিক]

চমচম *বি* ছানার মিষ্টান্নবিশেষ।

চমৎকার *বিণ* বিস্ময়জনক সুন্দর বা ভালো; চমকপ্রদ; তাক লাগায় এমন। ❑*ক্রিবিণ* সুন্দরভাবে বা সুষ্ঠুভাবে। ❑*বি* বিস্ময়; আশ্চর্য; অবাক। [স.]। **চমৎকারক, চমৎকারী** *বিণ* বিস্ময়কর; তাক লাগানো; আশ্চর্যজনক; মনোহর; চমকপ্রদ। **চমৎকারিণী** *বিণ স্ত্রী.*।

চমৎকারিতা, চমৎকারিত্ব *বি* ১ বিস্ময় সৃষ্টির ক্ষমতা বা শক্তি। ২ পরম উৎকর্ষ; শ্রেষ্ঠত্ব। **চমৎকৃত** *বিণ* ১ বিস্মিত; তাজ্জব; আশ্চর্যান্বিত; অবাক। ২ বিস্ময়; বিমুগ্ধ; বিস্ময়াবিষ্ট; বিস্ময়বিমূঢ়।

চমন, চমনবাগ *বি* বাগান; কানন। [ফা. চমন+বাগ্]
চমর *বি* ১ এক প্রকার তিব্বতীয় গরু। ২ মৃগবিশেষ। ৩ উক্ত গাই এবং মৃগের পুচ্ছলোমে তৈরি এক প্রকার চামর বা ব্যজন। **চমরী** *বি স্ত্রী.*। [স.]
চমস *বি* হাতা বা চামচ। [স.]
চমূ *বি* বিরাট সেনাদল; বল। [স.]
চম্পক *বি* ১ চাঁপা নামক ফুল ও তার গাছ। ২ চাঁপা কলা; ছোট ও অতি মিষ্ট কদলীবিশেষ। [স.]। **চম্পকদাম** *বি* চাঁপাফুলের হার বা মালা। **চম্পকমালা** *বি* ১ চাঁপাফুলের মালা। ২ ছন্দবিশেষ।
চম্পট *বি* প্রস্থান; পলায়ন; পিঠটান; পৃষ্ঠপ্রদর্শন। [তুল. হি. চম্পৎ]। **চম্পটি** *বিণ* পলায়ন করার স্বভাব এমন; পলায়নপর; পলায়নপটু।
চম্পা[১] *বি* চাঁপা ফুল ও তার গাছ। [স. চম্পক>]
চম্পা[২] *বি* ১ প্রাচীন অঙ্গ রাজ্যের রাজধানী। ২ মহাভারতোক্ত কর্ণের পত্নী। [স.]
চম্পু *বি* গদ্যপদ্যময় কাব্য। [স.]
চয় *বি* ১ নিচয়; সমূহ; বর্গ; কূল; রাশি; পুঞ্জ। ২ চয়ন; আহরণ; সঞ্চয়; সংগ্রহ। [স.]
চয়ন *বি* ১ সংকলন; সংগ্রহ। ২ আহরণ; তোলা। ৩ নির্বাচন। [স. √চি+অন]। **চয়নিকা** *বি স্ত্রী.* ১ ক্ষুদ্র সংগ্রহ। ২ সংকলিত কবিতাবলী। ৩ রবীন্দ্রনাথের কাব্য ও কবিতা সংগ্রহ-গ্রন্থের নাম। **চয়নীয়, চেয়** *বিণ* ১ চয়নের যোগ্য বা চয়ন করা উচিত এমন; চয়নযোগ্য। ২ চয়ন করা হবে এমন। **চয়িনী** *বি স্ত্রী.* চয়নকারিণী; আহরণকারিণী।
চর[১] *বি* ১ গুপ্তচর; গোয়েন্দা। ২ রাজা বা রাজপুরুষ কর্তৃক নিযুক্ত বা প্রেরিত গোপনে সংবাদ সংগ্রহকারী। ৩ (জ্যো-শা) মঙ্গলগ্রহ। [স.]
চর[২] *বি* চড়া; নদীতে পলি জমে গঠিত ভূভাগ।
চরক *বি* ১ আয়ুর্বেদ শাস্ত্রকার; প্রাচীন ঋষিবিশেষ। ২ চরক ঋষি প্রণীত আয়ুর্বেদ গ্রন্থ। [স.]। **চরক সংহিতা** *বি* চরক মুনি রচিত আয়ুর্বেদ-গ্রন্থ।
চরকা *বি* সুতা কাটার হস্তচালিত যন্ত্রবিশেষ। [স. চক্র; তুল. ফা. চরখহ্]
চরকি *বি* ১ চক্রাকারে ঘুরপাক খেয়ে আমাদ-প্রমোদ করার ক্রীড়া যন্ত্রবিশেষ। ২ চক্রাকারে স্ফুলিঙ্গ ছড়াবার আতসবাজিবিশেষ। ৩ সুতা জড়াবার যন্ত্র; নাটাই। ৪ মন্থন দণ্ড। [স. চক্র>]। **চরকি ঘোরা** *ক্রি* অবিরাম কাজ করা বা ঘুরে বেড়ানো। **চরকি ঘোরানো** *ক্রি* কাকেও অনর্থক ঘুরিয়ে হয়রান করা। **চরকিবাজি** *বি* ১ চক্রাকারে স্ফুলিঙ্গ ছড়াবার আতসবাজি বিশেষ। ২ ক্রমাগত ঘুরপাক; অত্যন্ত বেশি ঘোরাঘুরি।
চরণ *বি* ১ পা; পদ। ২ কবিতার পদ বা পঙ্‌ক্তি; শ্লোকের এক-চতুর্থাংশ। ৩ বিচরণ; ভ্রমণ; চলন। ৪ আচরণ; অনুষ্ঠান বা ক্রিয়াকর্ম। [স. √চর্+অন]। **চরণকমল, চরণপদ্ম** *বি* ১ পাদপদ্ম; পদ্মের মতো শোভাময় যে চরণ। ২ সম্মানিত জনের পদ। **চরণ চারণ** *বি* ১ পাদচারণ; পায়চারি। ২ চরণ চারণ করেন যিনি; চরণ সেবাপরায়ণ। **চরণচারী** *বিণ* পদব্রজে ভ্রমণকারী; পায়ে হাঁটা পথিক; পান্থ। **চরণদাসী** *বি* ১ পতি সেবাপরায়ণা স্ত্রী। ২ সেবাদাসী। ৩ চরণদাসের অনুবর্তী বৈষ্ণব সম্প্রদায়। **চরণ-ধুলা, চরণ-রেণু** *বি* পদধূলি। **চরণ বাবুর জুড়ি**—পদব্রজে গমন বা হেঁটে যাওয়ার ব্যবস্থা। **চরণসেবা** *বি* ১ ভক্তিপূর্ণ পরিচর্যা। ২ পা টেপা। ৩ তোষামোদ। **চরণামৃত, চন্নামেত্ত** *বি* হিন্দু সমাজে প্রচলিত পাদোদক—কোনো দেবমূর্তি বা সম্মানিত ব্যক্তির পা ধোয়া বা পদাঙ্গুলি ধোয়া জল। **চরণাম্বুজ, চরণারবিন্দ** *বি* পাদপদ্ম; চরণরূপ পদ্ম; পদ্মের মতো মনোহর।
চরম *বি* ১ সর্বোচ্চ বা সর্বশেষ অবস্থা; সঙ্কটময় অবস্থা; শেষ সীমা। ২ শেষ; অন্ত; সমাপ্তি; পর্যন্ত। ☐ *বিণ* ১ চূড়ান্ত। ২ অন্তিম; শেষ। ৩ মৃত্যুকালীন। ৪ সর্বশেষ। ৫ পরম; অতীব; যারপর নেই। ৬ তীব্র; প্রবল; চণ্ড। [স. √চর্+অম]। **চরমপত্র** *বি* ১ মরণের পূর্বসময়ে লিখিত উপদেশাদি; সম্পত্তির ব্যবস্থাপক পত্র; ইচ্ছাপত্র; উইল। ২ শেষবারের মতো সতর্ক করে দেওয়ার জন্য প্রেরিত পত্র। **চরমপন্থি** *বিণ* উগ্রপন্থি।
চরমোৎকর্ষ *বি* পরম উন্নতি; শ্রীবৃদ্ধি বা উন্নতির পরাকাষ্ঠা; সর্বৈব বিকাশ। [স. চরম+উৎকর্ষ]
চরস *বি* গাঁজা থেকে তৈরি এক প্রকার মাদকদ্রব্য। [হি. চরস্]
চরা *ক্রি* ১ বেড়ানো; বিচরণ করা। ২ ঘাস পাতা খেয়ে বেড়ানো বা বিচরণপূর্বক ঘাস পাতা ব্যবহার করা। ৩ যথেচ্ছ ঘুরে বেড়ানো। ৪ চার বা টোপ খাওয়া। ☐ *বি* উক্ত সকল অর্থে। **চরানো** *ক্রি* ১ পশুদের মাঠে নিয়ে গিয়ে ঘাস খাওয়ানো; পশু চারণ করা। ২ পরিচালনা করা; নেতৃত্ব দান করা; বহু কষ্টে পড়ানো; মূর্খ ও নির্বোধকে পড়ানো। ☐ *বি* উক্ত সকল অর্থে।
চরাচর *বি, বিণ* চল ও অচল। ☐ *বি* ১ স্থাবর ও জঙ্গম। ২ সমস্ত পৃথিবী; সারা বিশ্ব সংসার বা সমগ্র সৃষ্টি। [স. চর+অচর]
চরিত *বি* ১ চরিত্র; স্বভাব। ২ আচরণ; ব্যবহার; চালচলন। ৩ কার্যকলাপ; কর্মসমূহ। ৪ জীবন-বৃত্তান্ত; জীবনী; জীবন-কাহিনী। ☐ *বিণ* ১ আচরিত; অনুষ্ঠিত। ২ সম্পন্ন; নিষ্পন্ন। [স. √চর্+ত]। **চরিত ইতিহাস** *বি* জীবনেতিহাস। **চরিতকার** *বি* জীবনী রচয়িতা; জীবন বৃত্তান্তের লেখক। **চরিতাখ্যান** *বি* জীবন-কাহিনী। **চরিতাবলী** *বি* ১ জীবন-বৃত্তান্তসমূহ; জীবন বিবরণীর সমষ্টি। ২ বিভিন্ন ব্যক্তির জীবন-কাহিনী সংকলিত গ্রন্থ; জীবনীমূলক রচনা সংকলন। **চরিতাভিধান** *বি* বিভিন্ন খ্যাতনামা ব্যক্তির জীবনী সম্বলিত অভিধান জাতীয় গ্রন্থ।
চরিতার্থ *বিণ* ১ সফল; সিদ্ধকাম; কৃতকার্য। ২ পরিতুষ্ট; সফলতার জন্য তুষ্ট। ৩ ধন্য; কৃতার্থ। [স. চরিত+অর্থ; চরিত (সম্পন্ন)+অর্থ]
চরিত্র *বি* ১ প্রকৃতি; স্বভাব। ২ আচরণ; চালচলন। ৩ রীতিনীতি; ব্যবহারবিধি; কায়দা-কানুন। ৪ সদ্‌গুণ; উন্নত আদর্শ; সুনীতি; সদাচার। ৫ প্রকৃতি বা আদর্শের জোর; দৃঢ়তা; বলিষ্ঠতা। ৬ কাব্যনাট্য উপন্যাসাদির পাত্রপাত্রী। [স. √চর্+ইত্র]। **চরিত্র খোয়ানো, চরিত্র হারানো** *ক্রি* নষ্ট-চরিত্র বা অসচ্চরিত্র হওয়া; চরিত্র নাশ করা; লম্পট হওয়া। **চরিত্র দোষ** *বি* ১ অসচ্চরিত্রতা; চরিত্রের ত্রুটি। ২ লাম্পট্য; ব্যভিচার। **চরিত্রবান** *বিণ* সচ্চরিত্র; সদাচারনিষ্ঠ। **চরিত্রহীন** *বিণ* ভ্রষ্ট; লম্পট; মন্দচরিত্র; ব্যভিচারী; বিপথগামী।
চরৈবেতি *বি* ১ ঐতরেয় ব্রাহ্মণের বিখ্যাত শ্লোক। ২

অনবরত চলা।

চর্চরী *বি* ১ বাদ্যযন্ত্রবিশেষ; চামড়ায় ছাওয়া যন্ত্রবিশেষ। ২ এক প্রকার প্রাচীন সঙ্গীত। ৩ উৎসববিশেষ; চাঁচর উৎসব। ৪ প্রাকৃত ছন্দবিশেষ। [স.]

চর্চা *বি* ১ অভ্যাস; অনুশীলন; শিক্ষা সাধনা। ২ আলোচনা; আলাপ। ৩ দোষ বা নিন্দা আলোচনা; ব্যাখ্যান। ৪ বিচার; যাচাই; পরীক্ষা। ৫ পরিশীলন; পরিমার্জন বা পরিচর্চা। ৬ অনুধ্যান; চিন্তা; জপ। ৭ গুণালোচনা; স্তবন। ৮ লেপন। [স. √চর্চ্+অ]। **চর্চিত** *বিণ* ১ চর্চা করা হয়েছে এমন; প্রলিপ্ত। ২ অনুশীলিত। ৩ আলোচিত। ৪ চিন্তিত; অনুধ্যাত। ৫ পরিশীলিত।

চর্পটী *বি* চাপাটি; চাপাতি; পাতলা রুটি; হাতে চাপড়িয়ে তৈরি করা রুটি। [স. তুল. ফা. চপাতী]

চর্বণ *বি* দন্ত দ্বারা চূর্ণ করা বা পেষণ; চিবানো। [স. √চর্ব্+অন]। **চর্বণীয়, চর্ব্য** *বিণ* চিবিয়ে খেতে হয় এমন; চর্বণ করা চলে এমন; চর্বণযোগ্য। **চর্বিত** *বিণ* ১ চিবানো হয়েছে এমন; চিবিয়ে রস শোষণ করা হয়েছে এমন। ২ ভক্ষিত। **চর্বিতচর্বণ, গিলিতচর্বণ** *বি* ১ ভক্ষণ করা বস্তু উগরিয়ে পুনরায় চর্বণ; রোমন্থন; জাবর কাটা। ২ একই বিষয়ের পুনঃপুন আলোচনা; পূর্বে আলোচিত বিষয়ের পুনরালোচনা; প্রতিভা ও মৌলিকতার অভাবহেতু অপরের রচনা পুনরুদ্গিরণ বা অনুকরণ।

চর্বি, চর্বী *বি* প্রাণীদেহস্থ জমাট স্নেহ পদার্থ; মেদ; বসা। [ফা. চর্বী]। **চর্বিদার** *বিণ* মেদবহুল।

চর্ব্যচূষ্য, চর্বচোষ্য *বিণ* চিবিয়ে ও চুষে খাওয়ার যোগ্য। ❑ *বি* নানা প্রকার উত্তম ও রসনা-তৃপ্তিকর খাদ্যবস্তু।

চর্ম *বি* ১ চামড়া; ত্বক; ছাল। ২ গাছের ছাল, বল্কল; বাকল। ৩ টাল। [স. √চর্+ম]। **চর্মকার** *বি* চামার; মুচি; জুতা প্রভৃতি প্রস্তুত মেরামত ও সেলাই করা যার বৃত্তি। **চর্মকীল** *বি* আঁচিল। **চর্মচক্ষু** *বি* স্থূল চক্ষু বা দৃষ্টি; দিব্য চক্ষু নয়। **চর্মচটক, চর্মচটকী** *বি* প্রাণীবিশেষ, বাদুড়। **চর্মচটিকা, চর্মচটী** *বি* ১ চামচিকা। ২ বাদুড়। **চর্মধারী** *বিণ* ঢালী; যে ঢাল হাতে যুদ্ধ করে। ❑ *বি* ঢাল ধারণ করেছে এরূপ ব্যক্তি; ঢালধারী। **চর্মপেটিকা, চর্মপেটী** *বি* ১ চামড়ার বাক্স; থলি বা সুটকেস। ২ চামড়ার তৈরি কোমরবন্ধ। **চর্মপ্রসেবক** *বি* চর্মনির্মিত যন্ত্রবিশেষ; হাপরের জাঁতা।

চর্মাবরণ *বি* চামড়ার আচ্ছাদন বা ঢাকনি। [স. চর্ম+আবরণ]

চর্য *বিণ* আচরণীয়; পালনীয়; অনুষ্ঠেয়। [স. √চর্+য]। **চর্যা** *বি স্ত্রী.* ১ নিয়ম পালন; পালনীয় নিয়ম বা আচার। ২ আচরণ; অনুষ্ঠান। ৩ পরিচর্যা; যত্ন; রক্ষণাবেক্ষণ। **চর্যাচর্য** *বি* আচরণীয় ও অনাচরণীয়; পালনীয় ও বর্জনীয়। **চর্যাচর্যবিনিশ্চয়** *বি* কী করা উচিত এবং কী করা অনুচিত এটি যে গ্রন্থে বা যে সমস্ত গীতিকবিতায় বা চর্যাপদে স্থিরীকৃত হয়েছে। **চর্যাপদ** *বি* প্রাচীন বাংলায় রচিত বৌদ্ধ সহজিয়াদের ধর্ম ও সাধনা সম্পর্কিত গীতিকবিতা।

চল *বিণ* অস্থির; চঞ্চল স্বভাবযুক্ত; চপল; চঞ্চল। ❑ *বি* প্রচলন; রেওয়াজ; দস্তুর। [স. √চল্+অ]। **চলচঞ্চল** *বিণ* অতিশয় চঞ্চল; অতি চপল; চপল হতে চপলতর। **চলচিত্ত** *বিণ* ১ চঞ্চলপ্রকৃতি; চপল স্বভাব। ২ অস্থিরমতি; মনের স্থিরতা নেই এমন। ৩ উদ্বিগ্ন; ব্যাকুল; বিচলিত। **চলবিচল** *বি* এদিক ওদিক; মাত্রা অতিক্রম।

চলগুজা *বি* সরু বাদামবিশেষ; দেবদারু জাতীয় বৃক্ষের মোচাকৃতি ফল। [ফা. চিল্গুযহ্]

চলচ্চিত্ত, চলচিত্ত *বি* চঞ্চল হৃদয়; অস্থির মন। [স. চলৎ+চিত্ত]

চলচ্চিত্র *বি* ছায়াছবি; চলমান চিত্র বা ছবি; সিনেমা, বায়োস্কোপ। [স. চলৎ+ চিত্র]

চলতি *বিণ* ১ চলন্ত; গতিশীল। ২ প্রচলিত। ৩ সক্রিয়; ক্রিয়াশীল; সচল; চালু। ৪ বর্তমানে যা চলছে বা উপস্থিত চলছে এমন। ৫ সামাজিক সম্পর্ক স্থাপন বা আদান-প্রদান অর্থাৎ ব্যবহার চলে এমন। **চলতি বলতি** *বি* উন্নতি; শ্রীবৃদ্ধি। [আঞ্চলিক]

চলৎশক্তি, চলচ্ছক্তি *বি* চলনশক্তি; চলার ক্ষমতা বা শক্তি। [স.]

চলন[১] *বি* ১ গমন; যাওয়া; ভ্রমণ। ২ সঞ্চালন বা ভঙ্গিমা। [স. √চল্+অন]। **চলনশক্তি, চলচ্ছক্তি** *বি* ১ চলার ক্ষমতা। ২ গতি; শক্তি। [স. চলৎ+শক্তি]

চলন[২] *বি* ১ প্রচলন; রেওয়াজ; দস্তুর। ২ আচার ব্যবহার। ৩ প্রথা; রীতি; ধারা; পদ্ধতি। **চলনসই** *বিণ* কাজ চলে এমন; ভালোও নয় মন্দও নয় এমন; মাঝামাঝি রকমের। **চলমান** *বিণ* চলনশীল; চলন্ত; চলৎ।

চলন্ত *বিণ* চলছে এমন; সচল; গতিশীল। [বা. √চল্+অন্ত]

চলমান *বিণ* ১ চলছে এমন; চলন্ত। ২ বহমান; প্রবাহিত।

চলা *ক্রি* ১ যাওয়া; গমন করা। ২ যাত্রা করা বা অগ্রসর হওয়া। ৩ হাঁটা। ৪ প্রস্থান করা; ছেড়ে যাওয়া। ৫ অতিবাহিত হওয়া; কেটে যাওয়া। ৬ নির্বাহ হওয়া; নিষ্পন্ন হওয়া। ৭ কুলানো; পোষানো। ৮ সক্রিয় হওয়া। ৯ সঞ্চালিত বা প্রবাহিত হওয়া। ১০ প্রচলিত বা চালু হওয়া বা থাকা। ১১ আচরণ বা ওঠা-বসা করা। ১২ যুক্তিযুক্ত বা সঙ্গত অনুমোদনযোগ্য হওয়া। ১৩ কার্য সাধন হওয়া। ১৪ আরম্ভ হওয়া। ১৫ অব্যাহত থাকা; অবিচ্ছেদে চলতে বা ঘটতে থাকা। ১৬ মহাযাত্রা বা মৃত্যু-যাত্রা করা। ১৭ দৃষ্টি প্রসারিত বা অগ্রসর হওয়া। ১৮ স্বীকৃত বা অগ্রাহ্য হওয়া। ❑ *বি* উক্ত সকল অর্থে। ❑ *বিণ* চলতে হয় এরূপ; চলার। **চলাফেরা** *বি* ১ ইতস্তত ভ্রমণ; পায়চারি। ২ হাঁটার ভঙ্গি। ৩ চালচলন। ৪ হাঁটা চলা; হাঁটাহাঁটি। ৫ আনাগোনা বা যাওয়া আসা। **চলে আসা** *ক্রি* ১ প্রস্থান করা বা স্থান ত্যাগ করে আসা। ২ দ্রুত আসা; পা চালিয়ে আসা। **কথা মতো চলা** *ক্রি* আদেশ বা উপদেশ পালন করা; কথা শোনা; বাধ্য হওয়া। **পেট চলা** *ক্রি* জীবিকা নির্বাহ করা; আহার্য সংগৃহীত হওয়া। **মুখ চলা** *ক্রি* ১ তিরস্কার করা; গালি দেওয়া। ২ ক্রমাগত খাওয়া। **হাত চলা, হাত-পা চলা** *ক্রি* প্রহার করা।

চলাচল *বি* গমনাগমন; যাতায়াত। ❑ *ক্রি* সঞ্চরণ বা সঞ্চলন। ❑ *বিণ* জঙ্গম ও স্থাবর। [বা. চলা+চল]

চলানো *ক্রি* ১ গতিশীল করানো; হাঁটানো। ২ প্রচলিত বা চলিত করা; চালু করা; চালানো। ৩ পরিচালিত করা ❑ *বি* উক্ত সকল অর্থে।

চলি *ক্রি* যাই; চলা ক্রিয়ার বর্তমান কালের উত্তম পুরুষের রূপ।

চলিত *বিণ* চালু; প্রচলিত; চলতি। [বা. √চল্+ইত]। **চলিত ভাষা** *বি* বর্তমানে প্রচলিত আদর্শ কথ্য ভাষা; প্রচলিত আদর্শ লৈখিক ভাষা।

চলিষ্ণু *বিণ* ১ গতিশীল; সচল। ২ চঞ্চল; অস্থির। ৩ প্রস্থান করতে উদ্যত এমন।
চলোর্মি *বি* চঞ্চল তরঙ্গ; লীলাচঞ্চল লহরী। [স. √চল্+উর্মি]। **চলোর্মিচঞ্চল** *বিণ* অস্থির; তরঙ্গক্ষুব্ধ।
চল্লিশ *বি,বিণ* ৪০ সংখ্যা বা সংখ্যক। [স. চত্বারিংশৎ]। **চল্লিশা** *বি* ১ চল্লিশ বৎসর বয়স হেতু চোখের দৃষ্টিক্ষীণতা। ২ মৃত মুসলমানের রুহের সদ্গতির জন্য মৃত্যুর চল্লিশতম দিনে করণীয় অনুষ্ঠান; চেহলাম।
চশম[১] *বি* চক্ষু; চোখ; আঁখি। [ফা. চশ্ম্]। **চশমখোর** *বিণ* নির্লজ্জ; চক্ষুলজ্জাহীন; বেহায়া; চোখের চামড়া নেই এমন। [ফা. চশ্ম্+খোর]
চশম[২] *বি* রেশমি মোটা সুতাবিশেষ—এই সুতায় ঘুনসি ইত্যাদি হয়।
চশমা[১] *বি* ১ উপনেত্র। ২ দৃষ্টিশক্তির সাহায্যকারী কাচ। [ফা. চশ্মহ্]
চশমা[২] *বি* উৎস; ঝরনা; প্রস্রবণ। [ফা. চশ্মহ্]
চষক *বি* ১ মদ খাওয়ার পাত্র; পানপাত্র; সুরাপানপাত্র। ২ মধু। ৩ সুরা। ❑ *বিণ* চাষকারী। [স.]
চষা *বি* ১ চাষ করা; কর্ষণ করা; লাঙল দেওয়া। ২ তন্ন তন্ন করে খোঁজা; পাতি পাতি করে অনুসন্ধান করা। ❑ *বি* কর্ষণ। ❑ *বিণ* কর্ষিত। **চষানো** *ক্রি* অপরের দ্বারা চাষ করানো। ❑ *বিবিণ* উক্ত অর্থে। **চষে বেড়ানো** *ক্রি* ১ তন্ন তন্ন করে খুঁজে বেড়ানো। ২ নানা স্থানে ঘুরে বেড়ানো; প্রচুর ভ্রমণ করা; টো টো করে ফেরা।
চহট *বি* দাপট; প্রতাপ; চোটপাট।
চা[১] *বি* এক প্রকার গাছ ও তার পাতা। ❑ *ক্রি* উক্ত গাছের পাতা থেকে প্রস্তুত পানীয়। [চী.]। **চা-কর** *বি,বিণ* ১ চা উৎপাদক। ২ চা বাগানের মালিক। **চা-খানা** *বি* চায়ের দোকান।
চা[২] ক্ষুদ্রার্থক প্রত্যয়বিশেষ (বাগবাগিচা)। [ফা. চা]
চাইতে *অব্য* অপেক্ষা; হতে; চেয়ে, তুলনায়।
চাওয়া[১] *ক্রি* ১ কামনা করা; ইচ্ছা করা; অভিলাষ করা। ২ প্রার্থনা যাচ্ঞা বা ভিক্ষা করা; চাহিদা জানানো। ৩ রাজি হওয়া। ❑ *বি,বিণ* উক্ত সকল অর্থে। [স. চক্ষ> হি. চাহ>]
চাওয়া[২] *ক্রি* ১ দৃষ্টিপাত করা; তাকানো। ২ চক্ষু উন্মীলন করা; চোখ চাওয়া। ❑ *বি* উক্ত সকল অর্থে। [স. √চক্ষ> হি. চাহ>]। **চাওয়া-চাওয়ি** *বি* পরস্পরের প্রতি অর্থবোধক দৃষ্টিপাত। **চাওয়ানো** *ক্রি* ১ চোখ খোলানো বা মেলানো। ২ দৃষ্টিপাত করানো। ❑ *বি* উক্ত অর্থে। **মুখ তুলে চাওয়া** *ক্রি* দৃষ্টিপাত করা; অনুগ্রহ করা।
চাং, চাঙ *বি* মাচান; কাঁড়; বাঁশের তৈরি তাকবিশেষ।
চাংগা, চাঙ্গা, চাঙা *বিণ* ১ সবল; সতেজ; সজীব। ২ রোগমুক্ত; সুস্থ। ৩ উদ্যমপূর্ণ; উৎসাহপূর্ণ; স্ফূর্তিযুক্ত।
চাংগাড়ি, চাঙ্গাড়ি *বি* বাঁশ বা বেতের ছোট ধামা বা ঝুড়িবিশেষ।
চাংড়া *বি* মৃত্তিকাদির বড় ঢেলা বা তাল; চাপ। [ফা. চাঙ্গ]
চাঁই[১] *বি,বিণ* প্রধান নেতা; সর্দার; মণ্ডল। ❑ *বিণ* ঝানু। [স. চঙ্গ>]। **চাঁই চোর** *বি* চৌর্যবৃত্তিতে যে অত্যন্ত ঝানু বা পাকা; প্রধান তস্কর।
চাঁই[২] *বি* ১ চাঙড়; চাপ; ঢেলা। ২ বাঁশের শলার তৈরি মাছ ধরার ফাঁদবিশেষ। [ফা. চাঙ্গ]
চাঁচ[১] *বি* পাতের মতো পাতলা গালা।
চাঁচ[২] *বি* চাটাই; দরমা। [স. চঞ্চা>]
চাঁচনি, চাঁছনি *বি* ১ চেঁছে তোলা অংশ বা খাদ্যবস্তু। ২ যা দিয়ে চাঁছা হয়; চাঁছবার যন্ত্র। ৩ চেঁছে ফেলা পাতলা অবশেষ বা চেঁছে তোলা অংশের ন্যায় সূক্ষ্ম চেহারা। [আঞ্চলিক]
চাঁচর[১] *বিণ* কোঁকড়া; কুঞ্চিত; কোঁচকানো।
চাঁচর[২] *বি* হিন্দুদের উৎসববিশেষ; দোলের পূর্বদিনে অনুষ্ঠেয় উৎসব। [স. চচ্চরী>]
চাঁচা, চাঁছা *ক্রি* ১ অস্ত্রের সাহায্যে উপরের আবরণ অথবা স্তর বা ছাল উঠিয়ে ফেলা। ২ কামানো। [প্রা. চচ্ছ> চচ্চ>]
চাঁচি, চাঁছি *বি* ১ দুধ ইত্যাদির যে শুষ্ক অংশ পাত্র হতে চেঁছে তুলতে হয়। ২ যা কিছু চেঁছে তোলা হয়।
চাঁটি, চাটি *বি* ১ করাঘাত; চপেটাঘাত; চড়। ২ লঘু চপেটাঘাত; অবজ্ঞা বা পরিহাসের ছলে করতল দিয়ে মৃদু আঘাত। [স. চপেট>]
চাঁড়া *বি* খোলা; ভাঙা টুকরা; খণ্ড; খোলার কুচি; খোলার টুকরা।
চাঁড়াল=চণ্ডাল।
চাঁদ *বি* ১=চন্দ্র। ২ আদরের বা প্রীতি উৎপাদনের বস্তু। ৩ বয়সের প্রতি সম্বোধন। ৪ (ব্য.) অসুন্দর বা অবাঞ্ছিত ব্যক্তি। [স. চন্দ্র>]। **চাঁদকপালি, চাঁদকপালে** *বি,বিণ* কপাল যার অর্ধচন্দ্রের মতো বা কপালে অর্ধচন্দ্রের মতো চিহ্ন যার। **চাঁদ পাল্লা** *বি* চাঁদের ফালির আকৃতিবিশিষ্ট পাঁচকল্লি টুপিবিশেষ। **চাঁদ বদন** *বি,বিণ* চাঁদের তুল্য সুন্দর বা প্রীতিপ্রদ মুখ। **চাঁদ হাতে পাওয়া**—আশাতীত বস্তু লাভ করা বা দুর্লভ জিনিস পাওয়া। **চাঁদে কলঙ্ক** *বি* সর্বাঙ্গে সুন্দর বস্তুর মধ্যে সামান্য কিছু দোষ। **চাঁদের কণা** *বি* ১ চাঁদের টুকরা বা খণ্ড। ২ শিশু চাঁদ। ৩ অতি সুন্দর বা মনোহর ব্যক্তি। **চাঁদের হাট** *বি* ১ শিশুদের বা সুন্দরীদের একত্র সমাবেশ। ২ সুখসম্পদপূর্ণ সংসার।
চাঁদকুড়া, চাঁদাকুড়া *বি* ক্ষুদ্র মৎস্যবিশেষ।
চাঁদনি, চাঁদনী *বি* জ্যোৎস্না; চন্দ্রকিরণ। ❑ *বিণ* জ্যোৎস্নালোকিত; চন্দ্রালোকিত।
চাঁদমারি *বি* ১ বন্দুকের গুলি ইত্যাদি ছোড়া অভ্যাসের জন্য স্থাপিত চন্দ্রাকৃতি লক্ষ্যস্থল; নিশানার নিদর্শন; target। ২ বিদ্রূপ বা আক্রমণের লক্ষ্য পাত্র।
চাঁদা[১] *বি* ১ চাঁদ; চন্দ্র। ২ অর্ধচন্দ্রাকার পরিমাপক যন্ত্রবিশেষ। ৩ শামিয়ানা। [স. চন্দ্র>]
চাঁদা[২] *বি* ক্ষুদ্রকায় রুপালি মৎস্যবিশেষ। [স. চন্দ্র>]
চাঁদা[৩]**, চান্দা** *বি* ১ কোনো বিশেষ কাজ সম্পাদনের জন্য অনেক লোকের নিকট থেকে সংগৃহীত অর্থ; কিছু অর্থসাহায্য। ২ নির্দিষ্ট সময়ের ব্যবধানে দেয় মূল্য বা অর্থ সাহায্য; সভ্যপদ ইত্যাদির জন্য দেয় অর্থ। **চাঁদাবাজ** *বি,বিণ* যে জোর করে চাঁদা আদায় করে। [ফা. চন্দহ্]
চাঁদি[১] *বি* ১ রুপা। ২ চাঁদসদৃশ উজ্জ্বল খাঁটি রুপা; খাদশূন্য রুপা।
চাঁদি[২]**, চাঁদা** *বি* ব্রহ্মতালু; মাথার উপর মাঝামাঝি জায়গা; মাথার উপরিভাগ। **চাঁদিফাটা** *বিণ* ব্রহ্মতালু ফেটে যায় এমন; অত্যন্ত প্রখর; তীব্র।

চাঁদিনী, চাঁদনি *বিণ* জ্যোৎস্নাময়ী; চন্দ্রালোকিত। □*বি* ১ জ্যোৎস্না; চন্দ্রালোক। ২ জ্যোৎস্নাময়ী রাত। [স. চন্দ্রাতপ]। **চাঁদিমা** *বি* চন্দ্রকিরণ; জ্যোৎস্না। [স. চন্দ্রিমা>]। **চাঁদোয়া** *বি* ১ চন্দ্রাতপ; ছাউনি; আচ্ছাদন; শামিয়ানা। ২ পাল।

চাঁপা *বি* ১ চাঁপা ফুল ও তার গাছ; চম্পা; চম্পক। ২ কদলীবিশেষ। [স. চম্পক>]

চাক[১] *বি* ১ চক্র; চাকা। ২ চক্রাকার বস্তু। ৩ চাকার ন্যায় চ্যাপটা ও গোল খণ্ড। ৪ যে চক্রে মাটির পাত্র গড়া হয়। ৫ মৌচাক; মধুচক্র। [স. চক্র>]। **চাক চাক** *বিণ* চ্যাপটা ও গোল ফালি ফালি বা খণ্ড খণ্ড।

চাক[২] *বি* কর্তন; ছিদ্র; ফাটল; ছেঁড়া। [ফা. চাক্]

চাকচক্য, চাকচিক্য *বি* ১ ঔজ্জ্বল্য; দীপ্তি; পালিশ। ২ বাইরের ছটা। [স. চাকচক্য>]

চাকতি, চাক্তি *বি* ১ ক্ষুদ্র চাকা। ২ চক্রাকৃতি বস্তু; চাকার মতো গোলাকার ও চ্যাপটা বস্তু; টাকা। ৩ যাতে রুটি বেলা হয়। □*বিণ* গোলাকার বা গোল গোল করে খণ্ডিত।

চাকন-চিকন, চিকন-চাকন *বিণ* সুচিক্কণ; মসৃণ; উজ্জ্বল। [যুগল শব্দ; স. চিক্কণ>]

চাকভাউরি, চাকভাঁউরি *বি* ঘুরপাক; চক্কর; চক্রভ্রমি। [স. চক্রভ্রমি>]

চাকভাঙা, চাকভাঙ্গা *বিণ* খাঁটি ও টাটকা; সদ্য আহৃত ও নির্মল বা নির্ভেজাল (চাকভাঙা মধু)। [স. চক্র>]

চাকর *বি* ১ ভৃত্য; পরিচর্যাকারী; সেবক; পরিচারক। ২ কর্মচারী; নির্দিষ্ট কর্ম সম্পাদনের জন্য নিযুক্ত বেতনভোগী ব্যক্তি। ৩ আজ্ঞাবহ; তাঁবেদার। [ফা. চাকর]। **চাকরানী** *স্ত্রী*। **চাকর-বাকর, চাকর-নফর, চাকর-চাকরানী** *বি* ১ ভৃত্যগণ; দাস-দাসী সকল। ২ ভৃত্য; গৃহকর্মের বেতনভোগী সহায়ক; কাজের লোক। **চাকুরে** *বিণ* অফিসে চাকরি করেন এমন ভদ্রলোক; চাকরিজীবী বা চাকরিধারী ভদ্রলোক।

চাকরান *বি* ভৃত্যের ভরণ-পোষণের জন্য প্রদত্ত নিষ্কর ভূমি; বেতনের পরিবর্তে ভৃত্য যে নিষ্কর জমি ভোগ করে। [ফা.]। **চাকরান জমি** *বি* চাকর অথবা কর্মচারীকে প্রদত্ত নিষ্কর জমি। [ফা. চাক্‌রান্ যমীন]

চাকরি, চাকুরি *বি* ১ নির্দিষ্ট বেতনের বিনিময়ে অপরের কাজ করা বা কারো অধীনে ক্রিয়া সম্পাদন। ২ দাসত্ব। ৩ অপরের সেবা বা পরিচর্যা। [ফা. চাকরী]। **চাকরি-বাকরি** *বি* চাকরি বা ঐ ধরনের জীবিকা; কাজকর্ম; জীবিকার সংস্থান।

চাকলা[১] *বি* কয়েকটি পরগনার একীভূত জেলা। [ফা. চক্‌লহ্]। **চাকলাদার** *বি* ১ চাকলার শাসক বা অধিকারী বা প্রধান সহকারী কর্মচারী। ২ উপাধিবিশেষ।

চাকলা[২] *বি* খণ্ড; টুকরা। [স. চক্র>বা. চাক+লা]

চাকা *বি* ১ গোলাকার বস্তু; চক্র। ২ চাকার আকারবিশিষ্ট খণ্ড (মাছের চাকা)। □*বিণ* গোলাকার। [স. চক্র>]। **চাকা চাকা** *বিণ* ১ গোলাকার খণ্ডে বিভক্ত। ২ গোলগোল।

চাকি *বি* ১ চ্যাপটা ও গোলাকার বস্তু; চাকতি। ২ রুটি বেলার পিঁড়ি বা তক্তা। ৩ গোলাকার ধাতব খণ্ড বা মুদ্রা। ৪ জাঁতা; শস্যাদি ভাঙাবার বা পিষবার গোলাকার পাথরবিশেষ। [স. চক্র>]

চাকী *বি* হিন্দুদের পদবিবিশেষ।

চাকু *বি* ভাঁজ করে রাখা যায় এমন ফলাযুক্ত ছুরি। [তু. চাকু]

চাকুন্দা, চাকন্দা *বি* ক্ষুদ্র গুল্ম; শাকবিশেষ। [স. চক্রমদ>]

চাকুম চাকুম *অব্য* চর্বণের শব্দ।

চাক্কা *বি* চাকা। [স. চক্র>]

চাক্কি *বি* ১ ক্ষুদ্র চক্র; ছোট চাকা। ২ যাঁতা। [স. চক্র>; তুল. হি. চক্কি]

চাক্ষুষ *বিণ* ১ স্বচক্ষে দৃষ্ট; প্রত্যক্ষ; চোখে দেখা। ২ চক্ষু দ্বারা প্রাপ্ত। [স. চক্ষুস্+তা]। **চাক্ষুষী** *স্ত্রী*।

চাখড়ি *বি* শ্বেতবর্ণ মৃত্তিকাবিশেষ; খড়িমাটি; লেখার মাটি; ফুল খড়ি; chalk।

চাখন *বি* স্বাদ গ্রহণ। **চাখনদার** *বি, বিণ* চাখে যে; স্বাদ পরীক্ষক। [হি. চখ> বা. চাখ+অন]

চাখা *ক্রি* ১ স্বাদ গ্রহণ করা; আস্বাদন করা। ২ ভোগ করা। ৩ অনুভব করা। □*বিণ* উক্ত সকল অর্থে। **চাখানো** *ক্রি* ১ স্বাদ গ্রহণ করানো। □*বি, বিণ* উক্ত সকল অর্থে।

চাখোর *বিণ* অতিরিক্ত ঘন ঘন চা পান করে যে; চায়ে আসক্ত। [চী. চা+ফা. খোর]

চাগা *ক্রি* ১ প্রবল হয়ে ওঠা; মাথা চাড়া দেওয়া; সতেজ হওয়া। ২ জেগে ওঠা। ৩ উদিত হওয়া। [স. চাঙ্গা>প্রা. চঙ্গ>বা. চাংগা>চাগা]। **চাগানো** *ক্রি* ১ চাগাচাড়া দেওয়া। ২ উসকানো; উদ্দীপ্ত করা। ৩ উত্তেজিত করা। ৪ জাগানো; উদ্রিক্ত করা। ৫ বাড়ানো। ৬ উঠানো বা গুটানো। □*বি, বিণ* উক্ত সকল অর্থে।

চাগাড় *বি* ১ উত্তেজনা। ২ প্রবল ভাবাবেগ বা চাড়। **চাগাড় দেওয়া** *ক্রি* ১ উত্তেজিত হয়ে ওঠা। ২ প্রবল ভাব ধারণ করা; মাথা চাড়া দেওয়া; বেড়ে ওঠা।

চাঙ ⇒ চাং।

চাঙারি = চাংগাড়ি।

চাচা *বি* বাপের ভাই; কাকা; খুড়া; পিতৃব্য; খুল্লতাত। [হি. চচ্চা]। **চাচী** *স্ত্রী*।

চাঞা *অক্রি* চাহিয়া; চেয়ে; চাইয়ে। [ব্র.]

চাঞ্চল্য *বি* ১ চঞ্চলতা; চপলতা; স্থৈর্যহীনতা; অস্থিরতা। ২ অধীরতা; ব্যাকুলতা। ৩ ব্যস্ততা; উদ্বেগের ভাব। [স. চঞ্চল+য]

চাট[১], **চাঁট** *বি* গরু ঘোড়া প্রভৃতি পশুর লাথি।

চাট[২] *বি* ১ চেটে খাওয়ার মতো মজাদার খাবার। ২ মদের আনুষঙ্গিক মুখরোচক খাদ্য; অবদংশ।

চাটনি *বি* চেখে ও চেটে খাওয়ার মুখরোচক খাদ্যবিশেষ; আচার; অম্লমধুর স্বাদযুক্ত লেহ্য ব্যঞ্জনবিশেষ। [তুল. হি. চাটনী]

চাটা *ক্রি* লেহন করা। □*বি, বিণ* উক্ত অর্থে। [বা. √চাট্]। **চাটাচাটি** *বি* ১ একে অপরকে লেহন। ২ বারংবার চাটা। ৩ অন্তরঙ্গতা; অতিরিক্ত ঘনিষ্ঠতা বা মাখামাখি, দহরম-মহরম। ৪ পরস্পর পরস্পরের প্রশংসা; একে অপরের পিঠ চুলকানো। **চাটানো** *ক্রি* লেহন করানো। □*বিণ* উক্ত অর্থে।

চাটাই *বি* ১ দরমা। ২ খেজুর পাতা জাতীয় গাছের পাতায় তৈরি বস্তু।

চাটান *বি* চত্বর; প্রাঙ্গণ। [স. চত্বর>]

চাটালো *বিণ* প্রশস্ত; চওড়া

চাটিম *বি* এক প্রকার কলা; মর্তমান কলা।

চাটিম চাটিম *অব্য* তবলায় চাঁটি মারার শব্দ।
চাটু[১] *বি* তাওয়া; saucepan জাতীয় ভাজবার পাত্রবিশেষ; প্রশস্ত লোহার পাত্র। [স. চটু>]
চাটু[২] *বি* তোষামোদ; স্তুতিবাক্য; খোশামোদ। [স. √চট্+উ]। **চাটুকার, চাটুবাদী, চাটুভাষী** *বিণ* তোষামোদ করে এমন; তোষামোদকারী। **চাটুবচন, চাটুবাণী** *বি* তোষামোদপূর্ণ বাক্য। **চাটুপাঠ** *বি* তোষামোদপূর্ণ কথা বা রচনা। **চাটুবাদ** *বি* তোষামোদ; খোশামোদ। **চাটুবাদিনী, চাটুভাষিণী** *স্ত্রী*।
চাটু[৩] *বি* তেলো; চেটো।
চাটুজ্জে, চাটুয্যে, চাটুজ্যে *বি* বাঙালি ব্রাহ্মণের উপাধিবিশেষ; চট্টোপাধ্যায়। [স. চট্টোপাধ্যায়>]
চাটূক্তি *বি* ১ তোষামোদপূর্ণ বাক্য; খোশামুদে কথা। ২ কপট স্তুতি; কৃত্রিম প্রশংসা। [স. চাটু+উক্তি]
চাট্টি, চাট্টে *বিণ* ১ চারটি পরিমাণ; ৪ সংখ্যক। ২ অল্প কিছু; সামান্য। **চাট্টিখানি, চাট্টিখানিক** *বিণ* ১ সামান্য। ২ ছোটখাট বা অল্পস্বল্প। [চারিটি>চারটি>চাট্টি]
চাড়, চাঁড়, চাড়া[১] *বি* ১ ভারী বস্তু উত্তোলনের জন্য বা বলপূর্বক কোনো কিছু খোলার জন্য দেওয়া বিশেষ চাপ বা জোর। ২ তাগাদা; পুনঃপুন অনুরোধ। ৩ উৎসাহ; উদ্যম; যত্ন; চেষ্টা বা আগ্রহ। ৪ চাপ; ভার; বোঝা। [স. চেষ্টা>]
চাড়া[২] *বি* ১ উঁচান; উত্তোলন; উচ্চ বা উর্ধ্বকরণ। ২ ঠেকনা; ঠেস; অবলম্বন। ☐ *ক্রি* উঁচু করা; উত্তোলন করা। **মাথা চাড়া দিয়ে ওঠা** *ক্রি* বেশি বেড়ে ওঠা; সমস্ত বাধা-বিঘ্ন কেটে বৃদ্ধি পাওয়া; অন্যের অনিচ্ছা বা বাধা সত্ত্বেও গর্বভরে উন্নতি করা।
চাড়ি *বি* মাটির বড় গামলা; নাদা।
চাতক *বি* এক প্রকার পাখি; কবি-কল্পনায় চাতক বৃষ্টির পানি ভিন্ন অন্য পানি পান করে না। [স. √চত্+অক]। **চাতকী, চাতকিনী** *স্ত্রী*।
চাতর[১] *বি* ১ চত্বর; ময়দান। ২ হাট; বাজার। [স. চত্বর>]
চাতর[২] *বি* চক্র; চাতুরী জাল; ফাঁদ।
চাতাল *বি* ১ চত্বর; চবুতর। ২ শান বাঁধানো বসবার জায়গা; বাঁধানো ও অনাচ্ছাদিত বেদি। ৩ রোয়াক; বাঁধানো বারান্দা বা উঠান। [স. চত্বর>]
চাতুর *বি* চার চাকাবিশিষ্ট গাড়ি। ☐ *বিণ* চতুর; নিপুণ। [স. চতুঃ, চাতুর্য>]
চাতুরী, চাতুর্য *বি* ১ চতুরতা। ২ নৈপুণ্য; দক্ষতা; কুশলতা। ৩ কৌশল; কায়দা; চালাকি। ৪ শঠতা; ধূর্ততা। [স.]
চাতুর্বর্ণ্য *বি* ১ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র—হিন্দু শাস্ত্রানুসারে এই চার বর্ণ। ২ চতুর্বর্ণের পালনীয় ধর্মকর্মাদি। ☐ *বিণ* চতুর্বর্ণ সম্বন্ধীয়। [স. চতুর্বর্ণ+য]।
চাতুর্মাস্য *বি* চাতুর্মাস্য ব্রত। [স.]
চাদর *বি* ১ দেহের উর্ধ্বাংশে ব্যবহার্য এক প্রকার বস্ত্র; উড়ানী; উত্তরীয়। ২ আবরণ; আস্তরণ। ৩ ধাতু ইত্যাদির পাত। [ফা. চাদর্]
চান[১] *বি* স্নান; অবগাহন। [স. স্নান>]। [আঞ্চলিক]
চান[২] *বি* চাঁদ। [স. চন্দ্র>]। [আঞ্চলিক]
চানকা *বি* ১ দ্বারসংলগ্ন ছাদবিশিষ্ট অল্পায়তন চত্বর; গাড়িবারান্দা। ২ উদ্যান বা গৃহ প্রাঙ্গণের ক্ষুদ্র ক্ষুদ্র মণ্ডলাকৃতি চত্বর বা ভূখণ্ড। ৩ বাঁশের চাঁচ বা চৌচাড়ি-নির্মিত খিলান-আকৃতি মঞ্চ—যা অবলম্বন করে লতাবল্লরী উপরে ওঠে। [স. চন্দ্রক>]

চানা *বি* ছোলা; বুট। [স. চণক>]। **চানাচুর** *বি* বুটের ডাল বাদাম ইত্যাদি ভেজে প্রস্তুত খাদ্যবিশেষ।
চান্দ, চান্দা (ব্র.) *বি* চাঁদ। [স. চন্দ্র>]।
চান্দশ *বি* ঘরের প্রস্থের দিকের সীমা।
চান্দোয়া *বি* চাঁদোয়া; শামিয়ানা; চন্দ্রাতপ। [স. চন্দ্রাতপ>]
চান্দ্র *বিণ* চন্দ্র সম্পর্কিত। ☐ *বি* চন্দ্রের গতি দ্বারা নিরূপিত। [স.]
চান্দ্রবৎসর *বি* চাঁদের হিসাবে গণনা করা হয় এমন বৎসর; যেমন হিজরি চান্দ্রবৎসর। মুহররম, সফর, রবিউল আউয়াল, রবিউসসানি, জুমাদিউল আউয়াল, জুমাদিউস সানি, রজব, শাবান, রমজান, শাওয়াল, জুলকাদ ও জুলহাজ্জ—এই দ্বাদশ চান্দ্র মাসে এক হিজরি চান্দ্রবৎসর হয়। প্রতি বছর চন্দ্রগণনার সঙ্গে সৌরবৎসর গণনার এগারো দিনের পার্থক্য ঘটে।
চান্দ্রমাস *বি* চন্দ্রের গতি দ্বারা নিরূপিত মাস (এক নব চন্দ্রোদয় থেকে আরম্ভ করে অন্য নব চন্দ্রোদয় পর্যন্ত উনত্রিশ বা ত্রিশদিনে চান্দ্রমাস হয়। হিন্দু মতে শুক্লা প্রতিপদ থেকে অমাবস্যা পর্যন্ত এক চান্দ্রমাস হয়)।
চান্দ্রায়ণ *বি* ১ হিন্দুদের এক প্রকার ব্রত বা প্রায়শ্চিত্ত। ২ চান্দ্রমাসব্যাপী চন্দ্রের হ্রাস-বৃদ্ধি দ্বারা নিয়ন্ত্রিত ব্রতবিশেষ। **চান্দ্রায়ণিক** *বিণ* চান্দ্রায়ণব্রতে দীক্ষিত বা উক্ত ব্রতধারী। [স.]
চাপ[১] *বি* ১ ধনুক; ধনু। ২ (জ্যা.) বৃত্তের পরিধির যে কোনো অংশ; arc। [স. √চপ্+অ]
চাপ[২] *বি* ১ ভার; বোঝা। ২ পেষণ; পীড়ন। ৩ প্রেসার; প্রেষ। ৪ পীড়াপীড়ি; নির্বন্ধাতিশয্য; পরোক্ষ পীড়ন। ৫ জমাট বস্তু; চাঙড়। ☐ *বিণ* ঘন; জমাট (চাপ দাড়ি, চাপ বুনট)। [ফা. চাপীদন]। **চাপদাড়ি** *বি* সমস্ত চিবুক ও চোয়ালজোড়া দাড়ি; ঘন শ্মশ্রু।
চাপকান *বি* কাঁধ থেকে হাঁটু পর্যন্ত লম্বা জামাবিশেষ। [ফা. চপ্কন্]
চাপটি, চাপটালি *বি* উবু হয়ে পা মুড়ে আসনে উপবেশন।
চাপড়, চাপট *বি* চড়; থাপ্পড়; করতল দ্বারা আঘাত। [স. চপেট>]
চাপড়া, চাবড়া *বি* চাপ বাঁধা খণ্ড বা দলা বা চাঙড় (মাটির চাপড়া)। [স. চপটা>]
চাপড়ানো *ক্রি* থাপ্পড় বা চাপড় মারা বা মারতে থাকা। ☐ *বি,বিণ* উক্ত অর্থে। [স.]। **কপাল চাপড়ানো** *ক্রি* দুর্ভাগ্যের জন্য কপালে করাঘাত করা; মন্দভাগ্যের বা ক্ষতির জন্য আফসোস করা। **বুক চাপড়ানো** *ক্রি* শোক হেতু বুকে চাপড় মারা।
চাপন *বি* ১ পীড়ন; চাপ প্রদান, ভারার্পণ। ২ টিপন। ৩ আরোহণ। ৪ আক্রমণ। [ফা. চাপীদন্]
চাপরাশ *বি* ১ পদজ্ঞাপক চিহ্ন; তকমা। ২ ভৃত্যদের দ্বারা ধারণীয় পরিচয় অঙ্কিত ধাতুফলক; badge। [ফা. চপরাস্ত]। **চাপরাশি** *বি* পেয়াদা; আরদালি; পিয়ন; বেয়ারা।
চাপল্য *বি* ১ চাঞ্চল্য; চপলতা। ২ প্রগল্ভতা; বাকচাতুরী। ৩ অস্থিরতা; ছটফটানি। ৪ ঔদ্ধত্য; ধৃষ্টতা। ৫ অবিমৃষ্যকারিতা; হঠকারিতা। [স. চপল+য]

চাপা *ক্রি*১ চাপ দেওয়া; ভার রাখা; ভর দেওয়া। ২ ঠাসা; গাদা। ৩ টেপা বা পেষা (পায়ে চেপে মারা)। ৪ ঢাকা; লুকানো; গোপন করা (দুঃখ চাপা)। ৫ জোড়া; ব্যাপ্ত করা; বিস্তৃত হওয়া বা ছাওয়া। ৬ আরোহণ করা। ❑*বি* উক্ত সকল অর্থে। ❑*বিণ* ১ অনতিস্ফুট; অনুচ্চ ও অর্থময়; গোপন ব্যঞ্জনাপূর্ণ। ২ অব্যক্ত; অস্পষ্ট। ৩ অবরুদ্ধ; বদ্ধ। ৪ আচ্ছাদিত; আবৃত। ৫ সংকীর্ণ। ৬ গুপ্তভাবে প্রবাহিত; অলক্ষ্যে সঞ্চরমাণ। ৭ চ্যাপটা; বসা; টোল খাওয়া। ৮ অব্যক্ত; রুদ্ধ, অপ্রকাশিত। ৯ আপন অনুভূতি বা সংবাদ প্রকাশ করে না এমন। বারংবার *বি* [স. √চপ্+বা. আ]। **চাপাচাপি** *বি* ১ পীড়াপীড়ি; বারংবার অনুরোধ। ২ ঢাকাঢাকি; গোপনতা; লুকোচুরি। ৩ ঠাসাঠাসি; ঘেঁষাঘেঁষি। **চাপাচুপি** *বি*১ ঢাকাঢুকি; আবরণ; গোপন করবার বিবিধ চেষ্টা। ২ পুরু আস্তরণে আচ্ছাদন বা উত্তমরূপে আবৃতকরণ। **চাপা দেওয়া** *ক্রি*১ আচ্ছাদিত করা; আবৃত করা। ২ গোপন করা; লুকানো। **চাপা পড়া** *ক্রি*১ ঢেকে যাওয়া; আবৃত হওয়া; দৃষ্টির আড়ালে পড়ে যাওয়া। ২ বিস্মৃত হওয়া; স্মরণাতীত হওয়া; অনুল্লেখ্য হওয়া। ৩ পিষ্ট বা প্রোথিত হওয়া। ৪ নিবৃত্ত হওয়া; ক্ষান্ত বা স্থগিত হওয়া। **চেপে বসা** *ক্রি*১ ঠেসে বসা। ২ বহুক্ষণের জন্য বসা। ৩ জুড়ে বা এঁটে বসা; না উঠবার মতলবে বসা। ৪ পুরাদস্তুর অধিকার বা আয়ত্ত করা। **চেপে যাওয়া** *ক্রি* গোপন করে যাওয়া। **ঘাড়ে চাপা** *ক্রি* গলগ্রহ হওয়া।

চাপাটি, চাপাতি *বি*১ হাতে চাপড়িয়ে তৈরি রুটি। [স. চর্পটী>; ফা. চপাতী]। ২ এক প্রকার বড় দাও; কাটারি।

চাপান *বি*১ প্রশ্ন সমাধানের ভার অর্পণ; কবিগান তরজা প্রভৃতির লড়াইয়ে এক পক্ষ অপর পক্ষকে সমাধানের জন্য যে সমস্যা প্রদান করে। ২ যা চাপিয়ে দেওয়া হয়েছে বা হয়।

চাপানো *ক্রি* ১ বোঝাই বা পূর্ণ করা। ২ স্থাপন করা। ৩ আরোপ করা; নিক্ষেপ করা; অর্পণ করা। ৪ এক ধারে সরানো। ❑*বি,বিণ* উক্ত সকল অর্থে।

চাপিল *বিণ* চাপা; সংকীর্ণ পরিসর। [আঞ্চলিক]

চাপিলা *বি* সাদা রঙের এক প্রকার ছোট মাছ।

চাবি, চাবিকাঠি *বি* ১ তালা বন্ধ করবার ও খুলবার যন্ত্রবিশেষ; কুঞ্চি; কুঞ্চিকা। ২ যন্ত্রাদি নিয়ন্ত্রণ বা চালু করবার কলবিশেষ। [পো.]। **চাবি তালা** *বি* কুলুপ আঁটা স্থান; প্রকৃষ্টরূপে বদ্ধ কোটর।

চাবুক *বি*১ বেত্র, কশা, বেত; চামড়া প্রভৃতি দিয়ে তৈরি প্রহরণ; ঘোড়া চালাবার প্রহরণ; whip। ২ বেত্রাঘাত। ৩ মর্মস্পর্শী তিরস্কার বা আঘাত। [ফা.]। **চাবকানো** *ক্রি* চাবুক দিয়ে প্রহার করা। ❑*বি,বিণ* উক্ত অর্থে। **চাবকানি** *বি* চাবুক দিয়ে প্রহার। **চাবুক সোয়ার** *বি* দক্ষ আরোহী। [ফা.]

চাম *বি* চর্ম; ত্বক। [স. চর্ম>, ফা. চর্‌ম্‌]। **চামদড়ি** *বি*১ চামের দড়ি; তাঁতের দড়ি। ২ তাঁতের দড়ির মতো পাকানো ও চিকন; চামের দড়ির মতো কৃশ চেহারা। **চামসা, চিমসা, চিমসে** *বিণ*১ শুকনা চামড়ার মতো। ২ রোগা; শুকনা।

চামচা, চামচে[১] *বি* ক্ষুদ্র হাতা; চামিচ। [স. চমস>, ফা. চমচহ্‌]

চামচা, চামচে[২] *বি* তোষামোদকারী; মোসাহেব; চেলা। [স. চমস>; ফা. চম্‌চহ্‌]

চামচিকা, চামচিকে *বি* বাদুড়জাতীয় ক্ষুদ্র জীব। [স. চর্মচটিকা>]

চামচিটে *বিণ* অত্যন্ত চিটচিটে বা আঠালো; ত্বকের সঙ্গে লেগে থাকে এমন। **চামচিটেল** *বিণ* চামচিটের মতো স্বভাববিশিষ্ট।

চামটি *বি* ক্ষৌরকার্যের সরঞ্জাম রাখার থলি।

চামড়া *বি*১ চর্ম; চাম; ত্বক। ২ ছাল। [স. চর্ম>; ফা. চর্‌ম্‌]

চামর *বি* চমরী গরুর পুচ্ছ দিয়ে তৈরি ব্যজনী বা পাখাবিশেষ। [স.]। **চামরধারিণী** *বি,বিণ* চামর দিয়ে বাতাস করে যে নারী। **চামরী**(-রিন্) *বিণ* চামরযুক্ত। ❑*বি* ঘোড়া; অশ্ব।

চামাটি, চামাতি *বি*১ চামড়ার পট্টি; চর্মময় বন্ধনী। ২ ক্ষুর ঘষবার জন্য ব্যবহৃত চর্মখণ্ড। [স. চর্মপত্র>]

চামার *বি* মুচি; চর্মকার। ❑*বি,বিণ* ১ (আল.) নিষ্ঠুর; অতিশয় নির্দয়; অত্যন্ত নীচ ব্যক্তি। ২ অতি কৃপণ। [স. চর্মার>]। **চামারনি, চামারনী** *স্ত্রী.*।

চামুণ্ডা *বি*১ দুর্গা থেকে উদ্ভূতা হিন্দু দেবীবিশেষ। ২ উগ্র রমণী। ❑*বিণ* উগ্র স্বভাবা। [স.]

চামেলি *বি* জুঁই বা মল্লিকাজাতীয় ক্ষুদ্র পুষ্প; জাতি ফুল। [তুল. হি. চমেলী]

চাম্পা *বি* চাঁপা ফুল; চম্পা। [স. চম্পক>]

চায়না *বি* চীন দেশ। [ই. China]

চার,[১] **চারি** *বি,বিণ* ৪ সংখ্যা বা ঐ পরিমাণ। [স. চতুঃ>]। **চার আনা, চারি আনা** *বি*১ সিকি ভাগ। ২ এক টাকার চার ভাগের এক ভাগ। **চার আনি** *বি*১ চার আনা বা সিকি টাকা মূল্যের মুদ্রা। ২ চার ভাগের এক ভাগ। **চারইয়ারি** *বিণ* চারজন বন্ধু-সম্পর্কিত। **চারকোনা/-না** *বিণ*১ চার কোণসম্বলিত; চতুষ্কোণ; চৌকা। ২ চতুর্দিক। **চারচালা** *বিণ* চারদিকে চার চালবিশিষ্ট। ❑*বি* ঐরূপ ঘর। **চার চোখে দেখা** *ক্রি* বিশেষ কৃপার দৃষ্টিতে দেখা। **চারচৌকা, চারচৌকো** *বিণ* সমচতুষ্কোণ। **চারটা, চারটে** *বি* চার ঘটিকা। ❑*বিণ* অল্প কিছু। **চারটি, চারটিখানি, চাট্টিখানি** *বিণ* কিছু পরিমাণ; অল্প পরিমাণ; সামান্য কিছু। **চারতরফ** *বি* চতুর্দিক; সব দিক; চার অংশ। [ফা.]। **চার দেওয়ারি** *বি* আঙ্গিনা; চার দেয়ালে ঘেরা স্থান। [ফা.]। **চারপায়া, চারপাই** *বি* চারপায়াযুক্ত খাটিয়াবিশেষ। **চারপো, চার পোয়া** *বিণ*১ এক সের। ২ সম্পূর্ণ; ভরা। **চারসন্ধ্যা** *বি* প্রভাত মধ্যাহ্ন সন্ধ্যা ও মধ্যরাত। **চার হাত এক করা**—বিয়ে দেওয়া। **চারহাতে** *ক্রিবিণ* বিচার-বিবেচনা ত্যাগ করে বা নির্বিচারে। **চারিভিত** *বি* চতুর্দিক বা এদিক সেদিক; চারপাশ।

চার[২] *বি* ১ মাছকে আকর্ষণ করবার উপযোগী গন্ধযুক্ত মসলা। ২ জলাশয়াদির যে স্থানে চার ফেলা হয়েছে।

চারণ[১] *বি* স্তুতি পাঠক; দেশের জাতির বা বংশ বিশেষের কীর্তি গায়ক, গানে যারা ব্যক্তি বা দেশের মহিমা প্রচার করে। [স. √চর্+ণিচ্+অন]

চারণ[২] *বি*১ পশু চরানোর কাজ (গোচারণ)। ২ পশু চরানোর মাঠ; চারণ ভূমি। [স.]

চারণ[৩], **চারণা** *বি* চালনা বা সঞ্চালন (পদচারণ)। [স.]

চারা[১] *বি*১ কচি গাছ; ছোট গাছ। ২ মাছের পোনা বা বাচ্চা। ❑*বিণ* নবজাত বা ক্ষুদ্র। [হি. চারা]

চারা[২], **চার** *বি*১ উপায়; গতি। ২ প্রতিকার; প্রতিবিধান।

[ফা. চারহ্]। **বেচারা**—নিরুপায়। **লাচার, নাচার**—নিরুপায়, শক্তিহীন।

চারা[৩], **চার** *বি* পশুর বা মাছের খাদ্য; মাছের টোপ। [হি চারা]

চারানো *ক্রি* ১ ব্যাপ্ত হওয়া; বিস্তৃত হওয়া; ছড়িয়ে পড়া। ২ সকলের উপরে বা সর্বত্র ছড়িয়ে পড়া।

চারিত *বিণ* ১ ছড়ানো হয়েছে এমন। ২ সঞ্চারিত; সংক্রেমিত। ৩ চালিত। ৪ বিস্তৃত; ব্যাপ্ত। [স. √চর্+ণিচ্+ত]

চারিত্র, চারিত্র্য *বি* ১ চরিত্র। ২ পুণ্যময় স্বভাব; মহৎ গুণাবলী; সদাচার। [স. চরিত্র+অ, য(স্বার্থে)]

-চারী(-রিন্) *বিণ* ১ ভ্রমণকারী; বিচরণকারী। ২ পালনকারী বা আচরণকারী; (ব্রহ্মচারী)। **চারিণী** *বিণ স্ত্রী*। [স. √চর্+ইন্]

চারু *বিণ* ১ মনোহর; সুন্দর; শোভন; সুদর্শন; কমনীয়। ২ ললিত; কোমল; ক্লান্ত; সুকুমার। ৩ সৎ; সু; উত্তম। [স. √চর্+উ]। **চারুকলা, চারুশিল্প** *বি* চিত্রাঙ্কনাদি সুকুমার শিল্প; ললিতকলা; fine arts; কারুকলা; crafts। **চারুতা** *বি*। **চারুনেত্র** *বিণ* মনোহর বা সুন্দর চক্ষুযুক্ত; সুনয়ন। **চারুনেত্রা** *স্ত্রী*। **চারুশীলা** *বিণ স্ত্রী*. সৎস্বভাবা; কমনীয় বা সুকুমার স্বভাববিশিষ্ট। [স.]

চারো *বি* মাছ ধরবার জন্য ব্যবহৃত বাঁশের পলোবিশেষ।

চার্চ *বি* খ্রিস্টান সম্প্রদায়ের উপাসনাগৃহ; গির্জা। [ই. church]

চার্জ *বি* ১ দায়িত্ব কর্তব্য বা কার্যভার। ২ অভিযোগ। ৩ মূল্য বা পারিশ্রমিক বা মাসুল। ৪ তত্ত্বাবধান। ৫ দোষারোপ। [ই. charge]। **চার্জশিট** *বি* অভিযোগনামা।

চার্বাক *বি* ১ একজন নাস্তিক মুনি; আত্মা পরলোক প্রভৃতিতে অবিশ্বাসী প্রসিদ্ধ মুনি। ২ জড়বাদী। [স. চারু+বাক]

চাল[১], **চাউল** *বি* ধানের শস্য; যা রান্না করলে ভাত হয়; তণ্ডুল। [স. তণ্ডুল>]। **চাল-পড়া** *বি* মন্ত্র বা দোয়া পড়ে ফু দেওয়া চাল। **চাল-চিঁড়ে বেঁধে যাওয়া** প্রয়োজনীয় সবকিছু সঙ্গে নিয়ে দূরবর্তী স্থানে যাওয়া। **আতপ চাল** *বি* ধান সিদ্ধ না করে রোদে (আতপে) শুকিয়ে যে চাল তৈরি করা হয়। **সিদ্ধ চাল** *বি* ধান সিদ্ধ করে শুকিয়ে যে চাল তৈরি হয়।

চাল[২] *বি* ১ গৃহাদির কাঁচা ছাদ; বাঁশ খড় ছন কাশ ইত্যাদি দ্বারা আচ্ছাদিত ঘরের ছাদ। ২ হিন্দু প্রতিমার পিছনের দৃশ্যপট। [স. √চল্+অ]। **চালকুমড়া** *বি* ছাঁচি বা দেশী কুমড়া। **চাল কেটে উঠান করা** *ক্রি* ভিটেমাটি উচ্ছন্ন করা; উৎসন্ন বা উদ্বাস্তু করা। **চালচিত্র** *বি* ১ প্রতিমার পশ্চাৎদিকের পট বা চিত্র। ২ পশ্চাৎপট; background। ৩ হালচাল; বর্তমান পরিস্থিতির রূপরেখা। **চালচুলা, চালচুলো** *বি* আশ্রয় ও খাদ্য সংস্থান; আহার ও বাসের ব্যবস্থা। **চালচুলা নেই**—বৃত্তিহীন বেকার যার ঠিকানা ও বৃত্তি নেই।

চাল[৩] *বি* ১ চলন; ধারা; রীতি; প্রথা; জীবনযাত্রা পদ্ধতি; আচার-ব্যবহার। ২ গতি; ভঙ্গি। ৩ ধরন; ঢঙ; রকম। ৪ মিথ্যা বড়াই বা আড়ম্বর প্রকাশ। ৫ দাবা বা পাশার দান। ৬ কৌশল; ফন্দি; কার্যোদ্ধার বা বাজিমাত করবার মতো ঘুঁটি চালা। [স. √চল্+অ]। **চাল-চলন** *বি* ১ রীতি-নীতি; আচার-ব্যবহার। ২ মতিগতি। ☐ *বিণ* প্রকৃতি; স্বভাব; চরিত্র। **চাল চালা** *ক্রি* ফন্দি খাটানো; কৌশল প্রয়োগ করা। **চাল দেওয়া** *ক্রি* ১ মিথ্যা বড়াই বা বাহাদুরি করা। ২ চালাকি খাটানো। ৩ দাবা পাশা ইত্যাদি খেলায় দান দেওয়া। **চালবাজ, চালিয়াত** *বিণ* ১ মিথ্যা জাঁক করে এরূপ। ২ ফাঁকিবাজ; ঠক। ৩ ফন্দিবাজ। **চাল বাড়ানো** *ক্রি* জীবনযাত্রার মান উচ্চ করা; চলাফেরার আড়ম্বর বৃদ্ধি করা, বায়বাহুল্য দ্বারা আচার-ব্যবহারের পরিবর্তন ঘটানো। **চালমাত** *ক্রি* কৌশলে কার্যোদ্ধার হওয়া। ☐ *বি* জয়; বিপক্ষের পরাজয়। ☐ *বিণ* দাবাখেলায় রাজার অচল অবস্থাবিশেষ। **চাল মারা** *ক্রি* ১ চালিয়াতি করা; বড়াই করা। ২ ফাঁকি দেওয়া; চালাকি করা।

চালক *বি,বিণ* ১ নিয়ন্ত্রণকারী; নিয়ামক; পরিচালক। ২ চালনাকারী। [স. √চল্+ণিচ্+অক]

চালতা, চালতে⟹চালিতা।

চালন, চালনা *বি* ১ সঞ্চালন; চালানো; নাড়ানো বা নাড়াচাড়া করা। ২ প্রয়োগ বা ব্যবহারকরণ। ৩ অনুশীলন; চর্চা; খাটানো (মস্তিষ্ক চালনা, দেহ চালনা)। ৪ পরিচালনা; নিয়ন্ত্রণ। ৫ প্রেরণ; অপসারণ বা স্থানান্তরিতকরণ। ৬ শস্যাদি ছাঁকবার বড় ছিদ্রযুক্ত ছাঁকনি; বাঁশ বা তারের বৃহদাকার ছাঁকনি। [স. √চল্+ণিচ্+অন]। **চালনীয়** *বিণ* চালনা করার উপযুক্ত।

চালনি, চালুনি *বি* খাদ্যবস্তুর অপ্রয়োজনীয় বা অখাদ্য অংশ ছেঁকে ফেলবার কাজে ব্যবহৃত ছিদ্রবহুল পাত্রবিশেষ। [স. √চল্+ণিচ্+অন+ই/ঈ]। **চালুনি বলে ছুঁচ তোমার পিছনে (বা মার্গে) কেন ছেঁদা**—নিজে অধিকতর দোষে দোষী হয়েও পরের ছিদ্রান্বেষণ ও দোষকীর্তন করা।

চাল মুগরা, চাউল মুগরা *বি* এক প্রকার ছোট গাছ—এর বীজ থেকে খোসপাঁচড়ার তেল হয়।

চালশে, চালিশা *বি* ১ চল্লিশ বৎসর বয়ঃক্রমকালে উৎপন্ন দৃষ্টির ক্ষীণতা। ২ অধিক বয়সের দৃষ্টিক্ষীণতা। **চালশে ধরা** *বি* ১ দৃষ্টিক্ষীণতা জন্মানো। ২ চল্লিশ বছর বয়সজনিত দৃষ্টির আচ্ছন্নতা ঘটা। **চালশে লাগা** *বিণ* বয়সের আধিক্যবশত দৃষ্টির ক্ষীণ অবস্থা।

চালা[১] *ক্রি* ১ চালনা করা; নাড়া; সঞ্চালন করা। ২ ছাঁকা; চেলে বা ছেঁকে খাদ্য বস্তু থেকে অপ্রয়োজনীয় কণা পৃথক করা। ৩ দাবা পাশার দান দেওয়া; এক ঘর থেকে অন্য ঘরে ঘুঁটি চালনা করা। ৪ প্রয়োগ করা; খাটানো। ৫ মন্ত্রশক্তি প্রয়োগে গতিশীল করা। ৬ ভর্ৎসনা করা; তিরস্কার করা। [স. চালি+বা. আ]। **চালাচালি** *বি* ১ নাড়ানাড়ি; চালনা; নাড়াচাড়া; ইতস্তত সঞ্চালন। ২ আদান-প্রদান বা আলোচনা। ৩ বদলাবদলি; পরিবর্তন।

চালা[২] *বিণ* তৃণ ইত্যাদি দ্বারা নির্মিত চালযুক্ত। ☐ *বি* তৃণ বা খড়ের চালবিশিষ্ট ঘর বা ছাউনি। [স. √চাল্+বা. আ]। **একচালা** *বি,বিণ* এক চালাবিশিষ্ট। **আটচালা** *বি,বিণ* আটটি চাল দ্বারা প্রস্তুত।

চালা[৩] *ক্রি* কাঠ চেরা; চেলা করা; চেরা। [স. চীর>]

চালাক *বিণ* ১ ধুরন্ধর। ২ চতুর; ধূর্ত; কুটিল বুদ্ধিসম্পন্ন। [ফা.]। **চালাক চতুর** *বিণ* চটপটে ও বুদ্ধিমান। **চালাকচোস্ত** *বিণ* বুদ্ধিমান ও চটপটে। **চালাকি, চালাকী** *বি* ১ চাতুরী; চালবাজি; ধূর্তামি; ধূর্ততা। ২ কৌশল; ফন্দি। **উপর-চালাক** *বিণ* অগভীর বুদ্ধি বা জ্ঞানসম্পন্ন;

চালাকরূপে প্রতীয়মান।

চালান *বি* ১ পাঠানো; প্রেরণ। ২ রপ্তানি; বিক্রয়ার্থে মাল প্রেরণ। ৩ অপরাধীকে গ্রেপ্তার করে পুলিশে পাঠানো; বিচারার্থে প্রেরণ। ৪ প্রেরিত মালের মূল্যসহ তালিকা; বিস্তৃত বিবরণসহ প্রেরিত মালের ফর্দ; জায়। ৫ খাজনারূপে জমা দেওয়ার বা প্রেরণের মাশুল। [হি.]

চালানো *ক্রি* ১ ক্রিয়াশীল করা; চালু করা; গতিময় করা। ২ পরিচালন করা; চালনা করা। ৩ নির্বাহ সম্পাদন বা কার্য সাধন করা। ৪ ক্রমাগত করতে থাকা; চালিয়ে যাওয়া। ৫ ব্যবহার বা প্রয়োগ করা। ৬ প্রবর্তন করা; প্রচলিত করা। ৭ নিয়ন্ত্রণ করা; নিয়মিত করা। ৮ গছানো; কৌশলে অপরক গ্রহণ করানো। ৯ মন্ত্রবলে সচল করা। ❑ *বিণ* উল্লিখিত অর্থে। [স. √চল্+ণিচ্+অন]

চালানি, চালানী *বিণ* ১ চালান-সংক্রান্ত। ২ রপ্তানিকৃত; রপ্তানি করা হয়েছে এমন। ❑ *বি* চালানোর উপযুক্ত বা রপ্তানির জন্য প্রস্তুত। [বা. চালান+ঈ]

চালিতা, চালতা, চালতে *বি* অম্লস্বাদবিশিষ্ট গোলাকার ফলবিশেষ। [স. চারিত্রা]

চালিয়াত, চালিয়াৎ *বিণ* চালবাজি; অতিশয় তৎপর ও মিথ্যা জাঁকে পূর্ণ। **চালিয়াতি** *বি* চালবাজি; মিথ্যা জাঁক; চটপটে ভাব ও লোক দেখানো আড়ম্বর। ❑ *বিণ* চালিয়াতসুলভ।

চালু *বিণ* ১ চলিত; প্রচলিত; প্রবর্তিত। ২ কাটতি বা চাহিদা বা চালু আছে এরূপ; চলতি। ৩ সচল; চলন্ত। ৪ কর্মচঞ্চল; গতি বা বৃদ্ধিশীল। ৫ চটপটে ও মিশুক; অপরের মন জয় করে কার্যোদ্ধারে পটু। [হি.]। **চালু মাল** *বি* ১ বাজারে কাটতি আছে এমন পণ্য। ২ চাল-চলনে অপরকে মুগ্ধ করে আপন কার্যোদ্ধারে দক্ষ ব্যক্তি।

চাশনাই *বি* ১ লবণ মরিচ তেল পেঁয়াজ সহযোগে চটকানো সিদ্ধ মাছ, ডাল, আলু, বেগুন বা অন্য সবজি; ভর্তা। ২ চাটনি। [ফা. চাশ্‌নী]

চাষ[১] *বি* ১ কৃষি; ভূমি কর্ষণ; আবাদ। ২ উৎপাদন। ৩ চর্চা; অনুশীলন। [বা. √চষ্+অ]। **চাষ আবাদ** *বি* ভূমি চষে বীজ বা চারা রোপণ; কৃষিকার্য। [বা. চাষ+ফা. আবাদ]। **চাষবাস** *বি* কৃষিকাজ; কৃষিকর্ম দ্বারা জীবিকা নির্বাহ।

চাষ[২] *বি* পাখিবিশেষ; নীলকণ্ঠ বা সোনা চড়াই পাখি।

চাষা, চাষি *বি* ১ কর্ষক; কৃষক; ভূমি কর্ষণকারী ব্যক্তি। ২ মূর্খ; অশিক্ষিত বা অমার্জিত লোক। [বা. √চষ্+অ= চাষ+ই]। **চাষাড়ে** *বিণ* ১ চাষার মতো। ২ অশিক্ষিত; মূর্খ। ৩ অমার্জিত; অসভ্য; গ্রাম্য। ৪ গোঁয়ার। ৫ স্থূল রকম চড়া বা উগ্র। **চাষাভুষা, চাষাভুষো** *বি* ১ চাষা ও ঐ শ্রেণীর অমার্জিত লোক। ২ অশিক্ষিত সাধারণ জন; গ্রাম্য মূর্খ লোক।

চাহন[১] *বি* যাচ্ঞা করা।

চাহন[২] *বি* ১ অবলোকন; দর্শন; দৃষ্টিপাত। ২ চক্ষুরুন্মীলন; দৃষ্টি মেলা। [স. চক্ষ্>]

চাহনি, চাউনি *বি* নজর; দৃষ্টিপাত; তাকাবার ভঙ্গি বা ধরন।

চাহা *বি* কাদাখোঁচা পাখি; চ্যাগা পাখি।

চাহারম, চহরম *বিণ* ১ চতুর্থ, মৃতের জন্য চতুর্থ দিনে কৃত্য। ২ চতুর্থ শ্রেণীভুক্ত। [ফা. চহারুম]। **চাহারম জমি** *বিণ* চতুর্থ শ্রেণীর অর্থাৎ নিকৃষ্ট (জমি)।

চাহিদা *বি* ১ আবশ্যক; প্রয়োজন। ২ টান; বাজারে প্রয়োজনীয় পরিমাণ দ্রব্যের অভাব বা অপ্রতুলতা বা ঘাটতি। [হি.]

চিংড়ি, চিংড়ী *বি* ১ মাছরূপে পরিচিত এবং ভক্ষ্য অথচ মাছ নয় এরূপ জলচর প্রাণীবিশেষ; ইচা মাছ। ২ ক্ষুদ্র ও চঞ্চল প্রাণী; ছোটখাট ও ছটফটে মানুষ। [স. চিঙ্গট>]। **কুচা চিংড়ি, কুচো চিংড়ি, ঘুষা চিংড়ি** *বি* খুবই ছোট চিংড়ি। **গলদা চিংড়ি** *বি* মোটা মাথাবিশিষ্ট বড় চিংড়ি। **বাগদা চিংড়ি** *বি* গায়ে বাঘের গায়ের মতো লম্বা দাগবিশিষ্ট চিংড়ি।

চিঁ, চিঁচিঁ *অব্য* ক্ষীণ আর্তধ্বনি বা আর্তস্বর।

চিঁড়া, চিড়া, চিঁড়ে *বি* চিপিটক; ভিজা ধান ঈষৎ ভেজে ঢেঁকিতে কুটে চেপটা করা সুপরিচিত খাদ্যদ্রব্য। [স. চিপিটক>]। **চিঁড়া কোটা** *বি* ঢেঁকিতে ধান চেপটা করে চিঁড়া প্রস্তুত করা। **চিঁড়া চেপটা/ চ্যাপটা** *বিণ* ১ চিঁড়ার মতো চ্যাপটা; অত্যন্ত চ্যাপটা। ২ সম্পূর্ণ নির্জীব বা নিঃশেষে দলিত বা পিষ্ট। **চিঁড়ের বাইশ ফের**—সরল জিনিস কঠিন করা; বাইশ বার ফিরিয়ে দুই পাল্লায় ওজন করে বাড়ানো। **কথায় চিঁড়ে ভেজে না**—শুধু মুখের কথায় কাজ হয় না এই ভাবজ্ঞাপক।

চিঁহি, চিঁহিঁহিঁ *বি, অব্য* হ্রেষাধ্বনি; ঘোড়ার ডাক।

চিক[১] *বি* গলার সঙ্গে সেঁটে থাকে এমন গহনা।

চিক[২]**, চীক** *বি* বাঁশের শলাকার পর্দা। [তু. চিক]

চিকচিক *অব্য* ১ পাখির ডাকের শব্দ। ২ দীপ্তিময়তা ও মসৃণতাব্যঞ্জক। **চিকচিকে** *বিণ* ১ চিক্কণ; তৈলের আধিক্যবশত লাবণ্য আভাযুক্ত। ২ পূর্ণ স্বাস্থ্য বা সজীবতাবশত গাত্র বর্ণের ঔজ্জ্বল্যযুক্ত।

চিকন[১]**, চিকণ** *বিণ* ১ চকচকে; উজ্জ্বল; দীপ্তিময়। ২ উজ্জ্বল ও মসৃণ; লাবণ্যপূর্ণ। ৩ সুন্দর; সুশ্রী; মনোহর। [স. চিক্কণ>]। **চিকনকালা** *বি* শ্যামসুন্দর; মনোহর; শ্রীকৃষ্ণ। **চিকন চাকন** *বিণ* সুন্দর ও সুগঠন; সুশ্রী ও মসৃণ গঠন; শোভন ও সুঠাম।

চিকন[২] *বিণ* ১ মিহি; পাতলা; ফুরফুরে; সরু। ২ কাপড়ের উপর সূক্ষ্ম সূচিকর্মবিশেষ; বস্ত্রাদির উপর সুচের সূক্ষ্ম কারুকার্য। [ফা. চিকিন্, চিকীন]। **চিকিনিয়া, চিকনীয়া** *বিণ* ১ চিকন; মনোহর। ২ চিকনের কারুকার্যময়; চিকনের সূক্ষ্ম কারুখচিত।

চিকমিক *অব্য* ক্ষণে ক্ষণে দ্যুতি প্রকাশ; ঝিকমিক। **চিকমিকে** *বিণ*। **চিকমিকিয়ে** *অক্রি* চিকমিক করে। [তু. চকমাক]

চিকরুনি *বি* চিৎকার; চিক্কুর। [আঞ্চলিক]

চিকা *বি* ১ ছুঁচা; গন্ধমূষিক। ২ গুণ চিহ্ন ×, ঢেরা চিহ্ন। **চিকা মারা** *ক্রি* ১ শ্লোগান ইত্যাদি দেয়ালে লেখা। ২ ছাপমারা।

চিকারি *বি* সেতারের সন্নিবিষ্ট প্রধান তারসমূহের অতিরিক্ত ক্ষুদ্র ক্ষুদ্র তার। [হি.]

চিকিচ্ছে *বি* চিকিৎসা। [স. চিকিৎসা>]

চিকিৎসা *বি* রোগ নিরাময়ের নিমিত্ত গৃহীত ব্যবস্থাদি; ওষুধ প্রয়োগ বা অস্ত্রোপাচার ইত্যাদি দ্বারা রোগ দূর করার চেষ্টা। [স.]। **চিকিৎসক** *বি* চিকিৎসাকারী; ডাক্তার; বৈদ্য; ভিষক। **চিকিৎসনীয়** *বিণ* ১ চিকিৎসা করা চলে বা করা উচিত এমন; চিকিৎসার যোগ্য; চিকিৎসাসাধ্য। ২

চিকিৎসা করতে হবে বা করা হবে এমন। **চিকিৎসাধীন** *বিণ* চিকিৎসা চলছে এমন। [স. চিকিৎসা+অধীন]। **চিকিৎসালয়, চিকিৎসাগার** *বি* যে স্থানে চিকিৎসা করা হয়; ডাক্তারখানা; চিকিৎসার ব্যবস্থা আছে এরূপ ঔষধালয়। [স. চিকিৎসা+আলয়, চিকিৎসা+আগার]। **চিকিৎসাশাস্ত্র** *বি* রোগ বা তার ঔষধ বিষয়ক বিজ্ঞান; চিকিৎসা বিজ্ঞান। **চিকিৎসিত** *বিণ* চিকিৎসা করা হয়েছে এমন। [স.]

চিকীর্ষা *বি* করবার ইচ্ছা। [স. √কৃ+সন্+অ; আ]। **চিকীর্ষিত** *বিণ* করবার অভিপ্রায় রয়েছে এমন; অভিপ্রেত; অভিলষিত। **চিকীর্ষু** *বিণ* করতে ইচ্ছুক এমন।

চিকুর *বি* ১ চুল; কেশ; কুন্তল। ২ বিজলি; বিদ্যুৎ; তড়িৎ। [স. চি+√কুর্+অ]। **চিকুরজাল** *বি* কেশপাশ; কেশদাম; কেশগুচ্ছ। **চিকুর ঝালা** *বি* বিদ্যুৎদীপ্ত; বিদ্যুৎ চমকানি।

চিক্কণ *বিণ* ১ চিকন; মসৃণ; চকচকে। ২ স্নিগ্ধ; শোভন; মনোহর। ৩ লাবণ্যপূর্ণ। [স. চিৎ+কণ]। **চিক্কণতা** *বি* ঔজ্জ্বল্য ও পারিপাট্য।

চিক্কার *বি* চিৎকার। [স. চিৎ+√কৃ+অ= চিৎকার> চিচ্‌কার> চিক্কার]

চিক্কুর[১] *বি* তীব্র বিদ্যুৎ বা বজ্র। [স. চি+√কুর্+অ]

চিক্কুর[২] *বি* তীব্র চিৎকার; আর্তচিৎকার। [স. চিৎকার> চিচকার> চিক্কার> চিক্কুর]। **চিক্কুর দেওয়া বা মারা** *ক্রি* তীব্র চিৎকার দেওয়া; আর্তচিৎকার করা।

চিখ *বি* চিৎকার। [আঞ্চলিক]

চিঙ্গট, চিঙ্গড় *বি* চিংড়ি। **চিঙ্গটি** *বি* ছোট চিংড়ি।

চিচিংগা, চিচিঙ্গা *বি* লম্বাকৃতি সবজিবিশেষ। [স. চিচিণ্ড>]

চিচিংফাঁক, চিচিং-ফাঁক *বি* ১ প্রসিদ্ধ আলিবাবা নাটকে উল্লিখিত দরজা খোলার গুপ্তমন্ত্র। ২ প্রকাশিত বা উন্মোচিত।

চিচ্ছক্তি *বি* চৈতন্যশক্তি; চিৎরূপা শক্তি। [স. চিৎ+শক্তি]

চিজ, চীজ *বি* পনির। [ই. cheese]

চিট[১] *বি* ১ কাগজের ক্ষুদ্র টুকরা; চিরকুট। ২ ক্ষুদ্র পত্র। [হি. চিট, তুল. ই. chit]

চিট[২], **চিটচিট** *বি* আঠালো বা আঠা আঠা ভাব; চটচটে। **চিটচিটে** *বিণ* আঠালো; আঠার ভাব; সামান্য চটচটে।

চিটা[১], **চিটে**[১] *বিণ* ১ ঈষৎ চটচটে; আঠালো। ২ মলিন। □*বি* চিটাগুড়, তামাকে ব্যবহৃত গুড়বিশেষ, মাতগুড়, কাইট, ক্বাথ। [বা. চিট+আ]। **চিটাগুড়** *বি* তামাক পাতায় ব্যবহৃত ঘন কৃষ্ণবর্ণ ঝোলা গুড়বিশেষ।

চিটা[২], **চিটে**[২] *বিণ* শুষ্ক; অসার বা খোসা সার। □*বি* শস্যশূন্য ধান; আগড়া; চালশূন্য ধান; যে ধানে চাল নেই। □*ক্রি* ধানের রোগবিশেষ।

চিঠা *বি* ১ হিসাব বই বা লেনদেনের হিসাব রক্ষার খাতা। ২ ক্ষুদ্র চিঠি। ৩ প্রমাণপত্র বা আদেশপত্র। ৪ ফর্দ; তালিকা; ফিরিস্তি। ৫ জমি জরিপের বিবরণপত্র; গাঁয়ের মানচিত্র। [তুল. হি. চিট্‌ঠা]। **হাতচিঠা, হাতচিঠি** *বি* টাকা লেনদেনের জন্য ব্যবহৃত লেখা ক্ষুদ্র পত্র।

চিঠি *বি* পত্র; লিপি। [তুল. হি. চিট্‌ঠী]। **চিঠি চাপাটি** *বি* চিঠি ও তজ্জাতীয় লেখা; চিঠি পত্রাদি। **উকিলের চিঠি** *বি* নালিশ করা হবে এই ভয় দেখিয়ে উকিল দ্বারা প্রেরিত পত্র। **উড়ো চিঠি** *বি* বেনামি চিঠি; খোলাচিঠি।

চিড় *বি* ১ ফাটল; বিদারণ। ২ ফাট বা বিদারণের সরু চিহ্ন। **চিড় খাওয়া** *ক্রি* ১ ফাটা; ফাট ধরা। ২ বিদীর্ণ হওয়ার মতো যন্ত্রণা করা।

চিড়চিড়, চিড়্চিড় *অব্য* ১ ফাটার শব্দ। ২ ফাটার অনুভূতিসূচক শব্দ।

চিড়বিড় *অব্য* অসহ্য জ্বালা যন্ত্রণা ও চুলকানির অনুভূতিসূচক শব্দ।

চিড়িক *বি* হঠাৎ ছুঁচ ফোটানোর মতো তীব্র যন্ত্রণা।

চিড়িমার *বি* পাখি শিকারি। [হি. চিড়িয়া+স. মার]

চিড়িয়া *বি* পাখি। [হি. চিড়িয়া]। **চিড়িয়াখানা** *বি* পশু–পক্ষিশালা; zoo; পশু পাখি সরীসৃপ প্রভৃতির দর্শনীয়ভাবে সংরক্ষণ স্থান।

চিড়িতন, চিড়েতন *বি* তাসের রংবিশেষ।

চিৎ[১] *বি* ১ চৈতন্য; বোধ। ২ চিত্ত; মন। ৩ জ্ঞান। **চিৎপ্রকর্ষ** *বি* সংস্কৃতি; কৃষ্টি; চিত্তের উন্নতি; চিত্তের পরিণতি; জ্ঞানের উৎকর্ষ।

চিত[১], **চিৎ**[২] *বিণ* ১ উর্ধ্বমুখী হয়ে মাটিতে পিঠ রেখে শয়ন। ২ চিত অবস্থায় শায়িত। ৩ পরাজিত; পর্যুদস্ত; কাত। [স. √চিত্+ক্বিপ্]। **চিতিয়ে পড়া** *ক্রি* আকাশের দিকে মুখ করে পড়া। **চিতপাত, চিতপটাং** *বিণ* ১ উর্ধ্বমুখ হয়ে পতিত বা পাতিত। ২ জব্দ বা পর্যুদস্ত। **উৎপাতের কড়ি চিতপাতে যায়**—অন্যায় পথে অর্জিত অর্থ বাজে কাজে নষ্ট হয়ে যায়।

চিত[২] *বি* চিত্ত শব্দের কোমল রূপ। **চিতসঞ্চিত** *বিণ* হৃদয়ের ধনস্বরূপ পরম প্রিয় বস্তু বা রতন।

চিত[৩] *বিণ* ১ চয়ন করা হয়েছে এমন; চয়িত; সংকলিত। ২ সঞ্চিত। ৩ রচিত। [স. √চি+ত]

চিতই *বি* সুপরিচিত পিঠা।

চিতল, চিথল *বি* সুস্বাদু মৎস্যবিশেষ; ফলই আকৃতির বৃহৎ মাছ। [স. চিত্রফল>]

চিতা[১] *বি* শবদাহের অগ্নিকুণ্ড; মৃতদেহ দগ্ধ করার জন্য নির্মিত চুল্লি। [স. √চি+ত+আ]। **চিতাভস্ম** *বি* মৃতদেহ চিতায় ভস্মীভূত করবার পর সংগৃহীত ছাই। **চিতারোহণ** *ক্রি* ১ চিতায় আরোহণ। ২ চিতায় প্রাণ বিসর্জন। **রাবণের চিতা** *বি* ১ রাবণের শবদেহ দগ্ধ করার চুল্লি। ২ চিরস্থায়ী মর্মযাতনা; অনন্ত যন্ত্রণা।

চিতা[২], **চিতে** *বি* ১ একপ্রকার গুল্ম। ২ কাপড় ভেজা থাকার ফলে যে তিলের মতো ক্ষুদ্র ক্ষুদ্র কালচে দাগ পড়ে; গাছে বা তার পাতায় ছাতা ধরা দাগ। ৩ মুখমণ্ডলে মেচেতার দাগ।

চিতা[৩] *বি* সর্বাঙ্গে গোল কালো ছাপযুক্ত ক্ষিপ্রগতিসম্পন্ন বাঘবিশেষ। [স. চিত্রক>]

চিতান, চিতেন *বি* গানে মহড়ার পর যে অংশে গলা ছেড়ে গাইতে হয়; কবিগানে উচ্চকণ্ঠে গীত সুচনা অংশ। [বা. স. চিৎ+জ্ঞান (চেতনা)>]

চিতানো *ক্রি* ১ চিত হওয়া বা করা। ২ স্ফীত করা; ফুলানো। ৩ তাস প্রভৃতি ফেলে দেখানো। □*বিণ* উক্ত সকল অর্থে।

চিতি *বি* ১ গায়ে গোল গোল কাল দাগযুক্ত ছাপবিশেষ। ২ এক প্রকার সাপ। [স. চিত্র>]

চিৎকার, চীৎকার *বি* ১ চেঁচামেচি; চেঁচানি; রব। ২ গোলমাল; গণ্ডগোল; কোলাহল। [স. চিৎ/ চীৎ+√কৃ+অ]

চিত্ত *বি* হৃদয়; মন; অন্তঃকরণ; আত্মা; প্রাণ। [স

√চিত্+ত]। **চিত্তক্ষোভ** *বি* মনের আক্ষেপ বা দুঃখ; মনস্তাপ। **চিত্তগুরু**(বিরল) *বি* বিবেক; conscience। **চিত্তগ্রাহী** *বিণ* মর্মস্পর্শী; হৃদয়গ্রাহী বা চিত্তাকর্ষক। **চিত্তচকোর** *বি* পিপাসিত হৃদয় বা ব্যাকুল হৃদয়। **চিত্তচমৎকারী** *বিণ* ১ মনোহর; মনোমুগ্ধকর। ২ চিত্তে বিস্ময় সঞ্চার করে এমন। **চিত্তচাঞ্চল্য** *বি* মনের অস্থিরতা বা বিচলন। **চিত্তচালন** *বি* মানসিক বৃত্তির পরিচালনা বা অনুশীলন। **চিত্তদমন** *বি* ১ হৃদয় সংবরণ; আত্মশাসন; মনঃসংযম। ২ কুপ্রবৃত্তি নিরোধ; প্রবল বাসনা সংবরণ; ইন্দ্রিয় জয়। **চিত্তদাহ** *বি* অন্তর্জ্বালা; মনস্তাপ; মর্মপীড়া; মনের জ্বালা বা যন্ত্রণা; মানসিক তীব্র অশান্তি। **চিত্তদোষ** *বি* মনের কলুষ বা বিকার। **চিত্তদ্রাবক** *বিণ* হৃদয় দ্রবীভূত বা বিগলিত করে এমন। **চিত্তনিরোধ** *বি* মনকে জাগতিক বিষয় থেকে প্রত্যাহার বা বিমুখকরণ। **চিত্তপুত্তলি, চিত্তপুত্তলিকা** *বি* ১ মনের অত্যধিক আদরের পাত্র; পরম স্নেহের ধন। ২ মনের পুতুল। **চিত্তপ্রসাদ** *বি* মানসিক প্রসন্নতা বা সন্তোষ; মনস্তুষ্টি। **চিত্তবিকার** *বি* মানসিক ব্যাধি; মানসিক বিভ্রম; মানসিক বৈগুণ্য; হৃদয়ের চাঞ্চল্য বা অস্থিরতা। **চিত্তবিক্ষেপ** *বি* ১ মানসিক বিভ্রম। ২ মানসিক বিচলন বা হৃদয়ের অব্যবস্থিত অবস্থা। ৩ কোনো বিষয়ে মানসিক একাগ্রতার অভাব বা মনোযোগের অখণ্ডতার হানি। **চিত্তবিনোদন** *বি* মনোরঞ্জন; মনস্তুষ্টি সাধন; হৃদয়ের প্রফুল্লতা সম্পাদন। **চিত্তবিপ্লব** *বি* ১ মানসিক আন্দোলন বা বিক্ষোভ। ২ মানসিক বিকৃতি বা বুদ্ধিভ্রংশ। **চিত্তবিভ্রম** *বি* মনের বিকার; বুদ্ধিভ্রংশ। **চিত্তবিমোহন** *বি* মনোমুগ্ধকরণ; মনোহরণ। □*বিণ* মনোহারী; মনোমুগ্ধকারী। **চিত্তবৃত্তি** *বি* মনের ধর্ম; মনোবৃত্তি; হৃদয়ের প্রবণতা। **চিত্তবৈকল্য** *বি* চিত্তবিকার; চিত্তবিভ্রম। **চিত্তব্যাসঙ্গ** *বি* হৃদয়ের অত্যানুরাগ বা অতি আসক্তি; হৃদয়ের অনুরাগপ্রাবল্য। **চিত্তভ্রংশ** *বি* চিত্তবিভ্রম; চিত্তবৈকল্য; হৃদয়বিকার। **চিত্তরঙ্গিলা** *বিণ স্ত্রী.* মনে সর্বদা আনন্দ বা রঙ্গপ্রিয়তা বিরাজমান এমন। **চিত্তরঞ্জন** *বি* হৃদয়ের আনন্দ বিধান। □*বিণ* চিত্তে আনন্দ সঞ্চার করে বা আনন্দ দান করে এমন। **চিত্তরঞ্জিনীবৃত্তি** *বি* মানব মনের যে প্রকৃতি মানুষকে সৌন্দর্য ও আনন্দরস উপভোগে প্রবৃত্তি দেয়। **চিত্তশুদ্ধি** *বি* ১ মানসিক পবিত্রতা; মনের নির্মলতা। ২ হৃদয়ের মালিন্য অপনোদন; হৃদয়গত কলুষ শোধন। **চিত্তসংযম** *বি* হৃদয়ের কুপ্রবৃত্তির দমন। **চিত্তস্থৈর্য** *বি* ১ হৃদয়ের অবিচলতা বা স্থির ভাব। ২ মানসিক উদ্বেগহীনতা বা প্রশান্তি। **চিত্তহারী** *বিণ* মনকে হরণ করে এমন; মনোহারী; মনভুলানো। **চিত্তহারিণী** *স্ত্রী.*। **চিত্তাকর্ষক** *বিণ* ১ মনোজ্ঞ; মনোহর। ২ কৌতূহলোদ্দীপক বা আগ্রহোদ্দীপক। **চিত্তাকর্ষণ** *বি*। **চিত্তোদ্বেগ** *বি* দুর্ভাবনা; চিত্তের অস্থিরতা; মানসিক চাঞ্চল্য। **চিত্তোন্নতি** *বি* মানসিক উন্নতি; চিত্তের উন্নত অবস্থা; হৃদয়ের উন্নতি।

চিত্তির *বিণ* বিচিত্র; আশ্চর্যজনক; বিস্ময়কর। □*বি* বিচিত্র ব্যাপার; আশ্চর্য কাণ্ড। [স. চিত্র>]

চিত্র *বি* ১ ছবি; অঙ্কিত প্রতিকৃতি। ২ নকশা। ৩ তিলক; পত্রলেখা; চন্দনের ছাপ বা সজ্জা। □*বিণ* ১ বিস্ময়কর; আশ্চর্যজনক; চমৎকার। ২ নানা বর্ণে রঞ্জিত; বিচিত্র। [স.]। **চিত্রকম্বল** *বি* বিচিত্র বর্ণের গালিচা; কার্পেট। **চিত্রকর, চিত্রকার, চিত্রকৃৎ, চিত্রী** *বি* ছবি অঙ্কনকারী; পটুয়া; অঙ্কনশিল্পী; রং ও তুলির সাহায্যে প্রতিকৃতিকারী। **চিত্রকলা** *বি* চিত্রাঙ্কন বিদ্যা; ছবি আঁকার বিদ্যা; চিত্রশিল্প। **চিত্রকাব্য** *বি* ১ ছবির আকারে সজ্জিত পদবিশিষ্ট কবিতা; যে কবিতার পদসমূহ ছবির আকারে বিন্যস্ত হয়। ২ ব্যঙ্গার্থহীন এবং শব্দার্থের আড়ম্বর প্রধান কবিতা বা কাব্য। **চিত্রগত** *বিণ* চিত্রার্পিত বা চিত্রপটে অঙ্কিত। **চিত্রগন্ধ** *বি* ১ হরিতাল। ২ চমৎকার বা মনোহর গন্ধ; সুগন্ধ। **চিত্রদীপ** *বি* হিন্দুদের পূজায় ব্যবহৃত পঞ্চপ্রদীপের অন্যতম দীপ। **চিত্রনেত্রা** *বি* পাখিবিশেষ; শালিক পাখি। □*বিণ* সুন্দর চক্ষুবিশিষ্টা স্ত্রীলোক। **চিত্রনৈপুণ্য** *বি* অঙ্কনপটুত্ব; অঙ্কনবিদ্যায় পারদর্শিতা। **চিত্রপট** *বি* ১ যে বস্ত্রের ওপর চিত্র অঙ্কন করা হয়; canvas। ২ চিত্রাঙ্কিত বস্ত্র। ৩ দৃশ্যপট; থিয়েটারের সিন। **চিত্রপুত্তলিকা** *বি* ১ অঙ্কিত পুতুল বা প্রতিমূর্তি। ২ পটে অঙ্কিত মূর্তি। **চিত্রফলক** *বি* চিত্রপট বা চিত্রাঙ্কিত ধাতু বা কাষ্ঠখণ্ড। **চিত্রবৎ** *বিণ* অঙ্কিত চিত্রের মতো অর্থাৎ নিস্পন্দ। **চিত্রবিচিত্র** *বিণ* নানা রঙের নকশাযুক্ত। **চিত্রবিৎ** *বি* চিত্রশিল্পীজ্ঞ; চিত্রাঙ্কন বিদ্যায় পারদর্শী। **চিত্রবিদ্যা** *বি* চিত্রকলা অঙ্কন শিল্প। **চিত্রময়** *বিণ* ১ ছবিযুক্ত; ছবিতে সজ্জিত বা পরিপূর্ণ। ২ চিত্রের তুল্য। ৩ চিত্র দ্বারা বর্ণিত বা বিবৃত। **চিত্রময়ী** *স্ত্রী.*। **চিত্ররথ** *বি* ১ সূর্য। ২ গন্ধর্ববিশেষ। **চিত্রলিপি** *বি* ভাবপ্রকাশক চিহ্ন বা চিত্রপ্রকটন; pictograph। **চিত্রশালা** *বি* ১ চিত্রকর যে স্থানে বসে বসে চিত্রাঙ্কন করেন; হাতে আঁকা বহু চিত্রের সংগ্রহ করা হয়েছে যে কক্ষ; studio। ২ চিত্রপ্রদর্শন করবার কক্ষ বা স্থান। **চিত্রশালিকা** *বি* যে কক্ষে চিত্র সংগ্রহ করে রাখা হয়; চিত্রশালা। **চিত্রশিল্পী** *বি* চিত্রী; চিত্রকর; ছবি অঙ্কনকারী। **আলোকচিত্র** *বি* ফটোগ্রাফ। **ছায়াচিত্র** *বি* সিনেমার ছবি। **জলচিত্র** *বি* পানিতে গোলা রং দিয়ে আঁকা চিত্র। **তৈলচিত্র** *বি* তেলে গোলা রং দিয়ে আঁকা চিত্র; oil-painting। **রেখাচিত্র** *বি* রেখা দ্বারা আঁকা চিত্র; sketch।

চিত্রক[১] *বি* চিতাবাঘ; leopard। [স. চিত্র+√কৈ+অ]

চিত্রক[২] *বি* ফোঁটা; তিলক। [স. চিত্র+ক]

চিত্রক[৩] *বিণ* চিত্র অঙ্কনকারী; চিত্রশিল্পী। [স. চিত্র+অক]

চিত্রকূট *বি* রামায়ণে বর্ণিত পর্বতবিশেষ; রামগিরি নামক পর্বত। [স. চিত্র+কূট]

চিত্রগুপ্ত *বি* যমরাজের কেরানির নাম। [স. চিত্র+√গুপ্+ত]

চিত্রণ *বি* ১ অঙ্কিতকরণ; আলেখ্যলিখন। ২ বর্ণন। ৩ অলঙ্করণ। [স. চিত্র+অন]

চিত্রতারকা *বি* সিনেমার অভিনেতা; অভিনেত্রী। ইংরেজি ফিল্মস্টার-এর পরিভাষারূপে তৈরি শব্দ।

চিত্রফল, চিত্রল *বি* চিতল মাছ। [স.]

চিত্রভানু *বি* ১ অগ্নি। ২ সূর্য। ৩ অর্কবৃক্ষ বা আকন্দ গাছ। ৪ মণিপুর রাজবিশেষ; অর্জুন পত্নী চিত্রাঙ্গদার পিতা। [স. চিত্র (=বিচিত্র)+ভানু (=কিরণ)]

চিত্রল *বিণ* ১ বিবিধ বর্ণযুক্ত। ২ চিত্রবিচিত্র। [স.]

চিত্রা *বি* ১ একটি নক্ষত্রের নাম। ২ একটি সংস্কৃত ছন্দ। [স. চিৎ+√ত্রৈ+অ+আ]

চিত্রাঙ্গ *বিণ* অঙ্গ চিত্রিত এমন। □*বি* ১ সাপ। ২ রাংচিতার গাছ। [স. চিত্র+অঙ্গ]

চিত্রাঙ্গদা *বি* অর্জুনের পত্নী। [স. চিত্র+অঙ্গ+√দা+অ+আ]

চিত্রানুগ *বিণ* ১ চিত্রের অনুসরণ; চিত্রের মতো। ২ সুস্পষ্ট;

সমুজ্জ্বল। ৩ ছবির ন্যায় বর্ণিত। [স. √চিত্র+অনুগ]
চিত্রার্পিত *বিণ* চিত্রপটে অঙ্কিত বা সন্নিবিষ্ট; নিস্পন্দ; স্থির। [স. চিত্র+অর্পিত]। **চিত্রার্পিতপ্রায়** *বিণ* চিত্রপটে আঁকা ছবির ন্যায় অর্থাৎ অঙ্কিত মূর্তির মতো স্পন্দহীন বা স্থির।
চিত্রালঙ্কার *বি* শব্দালঙ্কারবিশেষ; রচনা সৌষ্ঠবের জন্য ছবির আকারে শব্দ বিন্যাসের রীতি। [স. চিত্র+অলঙ্কার]
চিত্রিক *বি* চৈত্র মাস। [স. চিত্রা+ইক]।
চিত্রিকা *বি* ক্ষুদ্রাকার; মিনিয়েচার; miniature।
চিত্রিণী *বি*১ কামশাস্ত্রবর্ণিত নারী। ২ দেহ গঠন ভেদে চার রকম নায়িকা বা নারীর মধ্যে এক প্রকার; পদ্মিনী চিত্রিণী শঙ্খিনী হস্তিনী এই চার জাতির অন্যতমা। ৩ তন্ত্র শাস্ত্রানুসারে দেহের নাড়ীবিশেষ। [স. চিত্র+ইন্‌+ঈ]
চিত্রিত *বিণ*১ অঙ্কিত। ২ চিহ্নিত। ৩ নকশা কাটা। ৪ বহুবর্ণ মণ্ডিত; বিচিত্র; নানা বর্ণে রঞ্জিত। ৫ চিত্রার্পিত। [স. চিত্র+ত]। **চিত্রিতা** *বিণ স্ত্রী.*।
চিদাকাশ *বি* ১ চিত্তরূপ আকাশ। ২ নির্লিপ্ত চৈতন্য। ৩ পরব্রহ্ম। [স. চিৎ+আকাশ]
চিদানন্দ *বি* ১ চিৎ ও আনন্দ; জ্ঞান ও আনন্দ; চৈতন্য ও আনন্দস্বরূপ। ২ পরব্রহ্ম। [স. চিৎ+আনন্দ]
চিদ্রূপ *বি* চৈতন্যময়; চৈতন্যস্বরূপে জ্ঞানময় আত্মা; পরমাত্মা; ব্রহ্ম। [স. চিৎ+রূপ]
চিন[১] *বি*১ দাগ; চিহ্ন; ছাপ; নিদর্শন। ২ অভিজ্ঞান; পরিচয়। [স. চিহ্ন>]
চিন[২] *বি* জানাশুনা। ☐*বিণ* চেনাশুনা; চেনা; পরিচিত। **অচিন** *বিপ.*। [স. চিহ্ন>]
চিনচিন *অব্য* সূক্ষ্ম বা অল্প অল্প বেদনার অনুভূতিসূচক; অতীব্র জ্বালাবোধক; ঝিনঝিন। **চিনচিনে** *বিণ* অল্প অল্প।
চিনি *বি* শর্করা; মিষ্টদ্রব্যবিশেষ; ইক্ষু বীট প্রভৃতি থেকে তৈরি মিষ্টি দ্রব্য। [চী.]। **চিনিপাতা দই** *বি* চিনিসহযোগে প্রস্তুত দধি। **চিনির বলদ** *বি* চিনি বহনকারী বলদ যেমন চিনির স্বাদ ভোগ করতে পারে না তেমনি যে ব্যক্তি পরের সুখের জন্য খাটে কিন্তু নিজের পরিশ্রমলব্ধ সম্পদ ভোগ করতে পারে না।
চিনে বাজি *বি* এক প্রকার জাদুর খেলা।
চিন্তক *বিণ* ভাবুক; চিন্তাকারী। [স. √চিন্ত্‌+অক]
চিন্তন *বি*১ ভাবনা; মন চালনা। ২ মনন; বুদ্ধি প্রয়োগকরণ বা অনুশীলন। ৩ অনুধাবন; একাগ্রমনে পর্যালোচনা ও উপলব্ধি। ৪ স্মরণ; মনে মনে বিগত বিষয়ের পুনরালোচনা। ৫ ধ্যান অভিনিবেশের সাথে স্মরণ। [স. √চিন্ত্‌+অন]
চিন্তা *বি*১ চিন্তাকরণ; মনন। ২ ধ্যান; একাগ্রচিত্তে স্মরণ। ৩ স্মরণ প্রভৃতি কার্য। ৪ উদ্বেগ; দুর্ভাবনা। ৫ আশঙ্কা; ভীতি। [স. √চিন্ত্‌+অ+আ]। **চিন্তনীয়, চিন্ত্য** *বিণ* ভাবনার যোগ্য; চিন্তা করতে পারা যায় এমন। **চিন্তাকুল, চিন্তাকুলিত** *বিণ* ভাবনাগ্রস্ত; চিন্তায় বা উদ্বেগে পীড়িত। **চিন্তাজনক** *বিণ* দুর্ভাবনা বা উদ্বেগ সৃষ্টি করে এমন। **চিন্তাজ্বর** *বি* দুর্ভাবনা বা উদ্বেগজনিত ক্লেশ বা সন্তাপ। **চিন্তান্বিত** *বিণ* চিন্তাকুল; ভাবনাগ্রস্ত; উদ্বেগপীড়িত; উদ্বিগ্ন; দুশ্চিন্তায় ব্যাকুল। **চিন্তাবিদ** *বি* জ্ঞান, বিদ্যা বা তত্ত্বগত কোনো বিষয়ে যার প্রগাঢ় পাণ্ডিত্য আছে; মননশীল; ভাবুক। **চিন্তামগ্ন** *বিণ*১ ভাবনায় বিভোর বা আত্মহারা। ২ গুরুতর চিন্তা বা ভাবনায় আচ্ছন্ন; গভীর চিন্তায় নিবিষ্ট। **চিন্তামণি** *বি* ১ বাঞ্ছিত ফল প্রদানকারী মণি। ২ স্পর্শমণি। ৩ আল্লাহ্‌; ভগবান। **চিন্তাশীল** *বিণ* মননশীল; ভাবুক; চিন্তাপরায়ণ; ভাবনা দ্বারা ভালমন্দ বিচার করতে সমর্থ; মনীষী; জ্ঞানী; পণ্ডিত।
চিন্তিত *বিণ*১ চিন্তান্বিত; চিন্তাযুক্ত; উদ্বিগ্ন; দুর্ভাবনাগ্রস্ত। ২ বিবেচিত চিন্তার বিষয়ীভূত। [স. √চিন্ত্‌+ত]
চিন্ময় *বিণ* চিৎস্বরূপ; জ্ঞানময়; চৈতন্যস্বরূপ। [স. চিৎ+ময়]। **চিন্ময়ী** *বিণ স্ত্রী.*।
চিপটা, চিপটে *বিণ* কৃপণ; দানে অনিচ্ছুক। [তুল. কিপটে; কিপটা; আঞ্চলিক]
চিপটানো *ক্রি* ১ চেপটা বা পিষ্ট করা; চেপটা বা পিষ্ট হওয়া। ২ চেপে যুক্ত করা। ৩ চেপটাভাবে যুক্ত হওয়া। ☐*বিণ* উক্ত সকল অর্থে। চিপটানি *বি* ১ চেপটাকরণ; পিষ্টকরণ। ২ চেপে সংলগ্নকরণ।
চিপটেন, চিপটান *বি* গূঢ়; আঘাতপূর্ণ টিপ্পনী; টিপে টিপে বলা; জ্বালা ধরানো উক্তি; স্থিরভাবে অনুচ্চস্বরে মধ্যে মধ্যে উচ্চারিত পীড়াদায়ক উক্তি। [আঞ্চলিক]। **চিপটেন কাটা, চিপটেন ঝাড়া** *ক্রি* ঐ প্রকার বিদ্রূপসূচক মর্যাদাহানিকর উক্তি করা।
চিপা, চেপা *ক্রি*১ নিষ্পেষিত করা; দলিত মথিত করা; নিংড়ানো। ২ চেপা বা চাপ দেওয়া। ☐*বি, বিণ* উক্ত সকল অর্থে। ☐*বিণ*১ আঁট; tight। ২ সংকীর্ণ; সরু (চিপাগলি)।
চিবানো, চিবুনো *ক্রি* চর্বণ করা; দন্ত দ্বারা নিষ্পেষণ করা। ☐*বি, বিণ* উক্ত অর্থে। [স. চর্ব>]। **চিবিয়ে কথা বলা** *ক্রি*১ মুখের ভিতর রেখে বা দাঁত অল্প ফাঁক করে কথা বলা। ২ রেখে ঢেকে কথা বলা; সব খুলে না বলা। **চিবুনি, চিবানি** *বি* চর্বণ।
চিবি *বি* ১ ফাটল; ফাঁক; জোড়ের কাছে ফাঁকা। ২ চর্বিতপান।
চিবুক *বি* থুতনি। **চিবুক স্পর্শ করা** *ক্রি* থুতনি ছোঁয়া। [স.]
চিমটা, চিমটে *বি* জ্বলন্ত কাঠ কয়লা বা তপ্ত কোনো কিছু টিপে ধরবার যন্ত্র। [হি.]
চিমটানো *ক্রি*১ চিমটি কাটা। ২ চিমটার মতো করে দেহের চামড়া টিপে ধরা। ☐*বি, বিণ* উক্ত অর্থে। **চিমটানি** *বি* ১ চিমটি কাটন। ২ চিমটার মতো করে দেহের চামড়া টিপে ধরার কাজ।
চিমটি *বি* ১ দুই অঙ্গুলির অগ্রভাগ বা নখ দ্বারা শরীরের চামড়া টিপে বা চেপে ধরা। ২ টিপ; দুই অঙ্গুলির অগ্রভাগে যতটা তোলা যায়; স্বল্প পরিমাণ। [তুল. হি. চীমড়]। **চিমটি কাটা** *ক্রি*১ চিমটি দিয়ে চেপে ধরে যন্ত্রণা দেওয়া। ২ ইঙ্গিত করা। ৩ বিদ্রূপ করা; টিপ্পনী কাটা। ☐*বিণ* জ্বালাপূর্ণ; যন্ত্রণাদায়ক।
চিমড়া, চিমড়ে *বিণ*১ শুষ্ক চামড়ার ন্যায় শক্ত এবং টেনে ছিঁড়তে কষ্ট হয় এরূপ। ২ একগুঁয়ে; জেদি; নাছোড়; অনমনীয়। ৩ লিকলিকে অথচ মজবুত; খুব কৃশ ও শক্ত, পাকানো। [স. চর্ম>; তুল. হি. চীমড়]
চিমনি, চিমনী *বি*১ ধূম নির্গমের চোঙ্গা বা নলবিশেষ। ২ লণ্ঠন ইত্যাদি কাচের গোলাকার আবরণ বা কাচনির্মিত আলোক শিখাবেষ্টনী। [ই.]
চির[১] *বিণ*১ অনন্ত; নিরবধি; নিরন্তর; নিত্য। ২ সর্ব; সকল; সমস্ত (চিরজীবন বা চিরকাল)। ৩ দীর্ঘকালব্যাপী;

আবহমানকাল; বহুদিনব্যাপী। ৪ অক্ষয়; অবিচল; অটুট। ৫ আজীবন বা আমরণ (চিরকুমার)। ৬ দীর্ঘকাল; দীর্ঘসময়; দীর্ঘবিরতি বা বিলম্ব। [স. √চি+র]। **চিরকর্মা, চিরকারী, চিরক্রিয়** *বিণ* কাজ করতে বিলম্ব করে এমন; দীর্ঘসূত্রী। ☐*বি* চিরকারিতা। **চিরকাল** *বি* অনন্তকাল; সর্বযুগ। ☐*বি, ক্রিবিণ* বরাবর; বহুদিন থেকে বা বহুকাল যাবৎ; আজীবন। **চিরকালিক, চিরকালীন, চিরকেলে** *বিণ* সর্বকালীন বা পুরাতন; সনাতন। **চিরকুমার** *বিণ* সারা জীবন অবিবাহিত ব্যক্তি। **চিরকুমারী** *স্ত্রী.*। **চিরকুট** *বি* কাগজের ছোট টুকরা; ছোট চিঠি; slip। **চিরক্রীত** *বিণ* ১ চিরদিনের জন্য কেনা। ২ উপকারীর নিকট অপরিশোধ্য ঋণে আবদ্ধ; কোনো প্রতিদান সম্ভব নয় এমনভাবে উপকৃত ও তজ্জন্য কৃতজ্ঞ। **চিরজীবন** *বি* সারাজীবন; সমগ্র জীবনকাল। ☐*ক্রিবিণ* সমস্ত জীবনকালব্যাপী; আজীবন। **চিরজীবী, চিরঞ্জীব, চিরঞ্জীবী** *বিণ* ১ দীর্ঘায়ু; দীর্ঘজীবী। ২ অমর; অবিনশ্বর। **চিরঞ্জীবিনী** *স্ত্রী.*। **চিরদিন** *বি* দীর্ঘদিন; বহুকাল। **চিরদুঃখ** *বি* জীবনব্যাপী দুঃখ। **চিরনতুন** *বিণ* কখনো পুরনো হয় না এমন; সর্বদাই নবীন এমন। **চিরনিদ্রা** *বি* ১ মৃত্যু। ২ যে নিদ্রা কখনো ভাঙে না। **চিরনির্বাসন** *বি* সারাজীবনের জন্য দেশান্তরকরণ বা স্বদেশ থেকে বহিষ্করণ। **চিরনির্ভর** *বিণ* ১ বরাবর ভরসা রাখা যায় এমন। ২ চিরকাল আশ্রয়দান করে এরূপ। **চিরনীহার, চিরতুষার** *বি* কখনো গলে না এমন বরফ। **চিরনীহার রেখা, চিরতুষার রেখা** *বি* হিমরেখা। **চিরন্তন** *বিণ* ১ চিরকালীন; চিরকালব্যাপী; বহুকালগত; সনাতন (চিরন্তন প্রথা)। ২ অবিনশ্বর; অমর; চিরস্থায়ী। **চিরন্তনী** *বিণ স্ত্রী.* চিরকালীন। **চিরপরিচিত** *বিণ* ১ আবহমানকাল ধরে জানা। ২ বহুদিন ধরে আলাপ আছে এমন; পুরনো আলাপী। ৩ অতি ঘনিষ্ঠ। **চিরপ্রচলিত** *বিণ* বরাবর চলে আসছে এমন। **চিরপ্রবাস** *বি* সারাজীবন স্বদেশের বাইরে বাস বা দীর্ঘকাল বিদেশে বাস। **চিরবিচ্ছেদ** *বি* দীর্ঘকালের জন্য বা জন্মের মতো ছাড়াছাড়ি। **চিরবৈর** *বি* নিরবচ্ছিন্ন শত্রুতা; যে শত্রুতার কখনো বিরাম বা অবসান হয় না। **চিররহস্য** *বি* যে বিষয়ের গুপ্ত কারণ বা মর্ম উদ্ধার হয়নি বা হয় না। **চিররুগ্ন, চিররোগী** *বিণ* দীর্ঘকাল বা সারাজীবন ধরে রুগ্ন। **চিরশত্রু, চিরবৈরী** *বি, বিণ* যার সঙ্গে আজীবন বা দীর্ঘকালীন শত্রুতা। **চিরশান্তি** *বি* ১ চিরকালের জন্য শান্তি। ২ চিরনিবৃত্তি; পরিসমাপ্তি বা নিঃশেষ সমাধান। ৩ মুক্তি; নির্বাণ; মোক্ষ। ৪ মৃত্যু। **চিরশ্যামল, চিরহরিৎ** *বিণ* বরাবর সবুজ থাকে এমন; ever green। **চিরসুখী** *বিণ* ১ সারাজীবনব্যাপী সুখী। ২ জীবনে কখনো দুঃখে পড়তে হয়নি এমন। **চিরসুহৃদ** *বিণ* চিরকালের বা দীর্ঘকালের বন্ধু। **চিরস্থায়ী** *বি* আজীবনের বা দীর্ঘকাল ধরে থাকে এমন। ☐*বিণ* কখনো ক্ষয় বা ক্ষয়প্রাপ্ত হয় না এমন; অবিনশ্বর; অক্ষয়। **চিরস্থায়ী বন্দোবস্ত** *বি* ১৭৯৩ খ্রিস্টাব্দে লর্ড কর্নওয়ালিস প্রবর্তিত জমিদারদের রাজস্ব প্রদান বিধিবিশেষ; ব্রিটিশ আমলে নির্দিষ্ট নিয়মিত খাজনা প্রদানের শর্তে বংশানুক্রমিকভাবে জমিদারি ভোগের বিধি। **চিরস্বপ্রকাশ** *বি* আপন জ্যোতিতে নিত্য ভাস্বর; স্বীয় প্রভায় সর্বদা সমুজ্জ্বল; আপন আলোকে অনুক্ষণ প্রদীপ্ত।

চির[২] *বি* ১ ছিন্ন; ফাটল; ফালি; খণ্ড। ২ নেকড়া। [স. চীর>]

চিরতা, চিরেতা *বি* তিক্তস্বাদযুক্ত ওষুধবিশেষ। [স. কিরাততিক্ত>]

চিরনদাঁতি, চিরুনদাঁতি *বিণ* চিরুনির ন্যায় ফাঁক ফাঁক দন্তযুক্ত।

চিরল, চিড়ল *বিণ* ১ দীর্ণ; মাঝখানে চেরা; চিরযুক্ত। ২ কোঁকড়া; চাঁচর। ৩ চিকন; মিহি; সরু।

চিরাগত *বিণ* বহুকাল ধরে চলে আসছে এরূপ; আবহমানকাল ধরে চলিত। [স. চির+আগত]

চিরাচরিত *বিণ* অতি প্রাচীনকাল থেকে বা আবহমানকাল ধরে অনুষ্ঠিত হচ্ছে বা হয় এমন। [স. চির+আচরিত]

চিরানন্দ *বিণ* সর্বদা আনন্দিত এমন। ☐*বি* অক্ষয় আনন্দ; চিরকালীন আনন্দ। [স. চির+আনন্দ]

চিরান্ধ *বিণ* ১ জন্মান্ধ। ২ কখনো সত্য দর্শন করে না এমন। [স. চির+অন্ধ]

চিরাভ্যস্ত *বিণ* দীর্ঘকাল ধরে বা আজন্ম অভ্যস্ত। [স. চির+অভ্যস্ত]। **চিরাভ্যাস** *বি*।

চিরায়ত *বিণ* ১ চিরকাল ধরে পরিব্যাপ্ত। ২ শাশ্বত; চিরন্তন। [স. চির+আয়ত]

চিরায়মানা *বিণ স্ত্রী.* চিরকাল বিদ্যমানা; চিরকাল আয়ুসম্পন্না। [চির+আ+√যম্+মান+আ]

চিরায়ু, চিরায়ুষ্মান *বিণ* ১ চিরজীবী; অমর; চিরঞ্জীব। ২ দীর্ঘপরমায়ুবিশিষ্ট; দীর্ঘজীবী। [স. চির+আয়ুঃ, আয়ুস্+মৎ]। **চিরায়ুতা** *বি* বিলম্ব; দীর্ঘকাল ব্যয়। **চিরায়ুষ্মতী** *বিণ স্ত্রী.* ১ চিরজীবিনী; দীর্ঘকাল আয়ুসম্পন্না। ২ আজীবন বা আমরণ সাধনা।

চিরুনি, চিরনি *বি* দন্তযুক্ত যে যন্ত্র দিয়ে চুল আঁচড়ানো হয়; কাঁকুই। [স. চির+অনি/উনি]

চিল *বি* এক জাতীয় উচ্চ চিৎকারকারী নখরবিশিষ্ট মাংসাশী পাখি। [স. চিল্ল>]। **চিলের ছোঁ** *বি* ১ চিলের থাবা। ২ যে খাবল বা থাবা কখনো ফসকায় না।

চিলতা, চিলতে *বিণ* ১ লম্বা লম্বা চিকন ফালি করা। ২ লম্বা ফালি বা টুকরা।

চিলম *বি* হুঁকার কল্কে; ছিলিম।

চিলমচি, চিলিমচি *বি* হাত-মুখ ধোয়ার গামলাজাতীয় পাত্র। [তু. চলবচী]

চিলা, চিল্লা, চিল্লাকশী *বি* চল্লিশদিন ধরে দরবেশদের ইবাদত ও ধ্যানমগ্নতা। [ফা. চিল্লহ্+ফা. কশী]। **চিল্লাখানা** *বি* যে ঘরে দরবেশরা চল্লিশ দিন রোজা নামাজ ও ধ্যানে থাকেন। [ফা.]

চিলিক *বি* চমক; ঝিলিক।

চিলেকোঠা, চিলাকোঠা *বি* গৃহের ছাদ সংলগ্ন ক্ষুদ্র ঘরবিশেষ; ছাদপ্রান্তের সিঁড়ি ঘর। [বা. সিঁড়িকোঠা]

চিলেঘুড়ি *বি* চিলের আকৃতিবিশিষ্ট একজাতীয় ঘুড়ি; মাঝারি আকারের ঘুড়ি।

চিল্লাচিল্লি, চেল্লাচেল্লি *বি* চিৎকার; চেঁচামেচি। [তুল. হি. চিল্লানা; স. চিল্ল>]

চিহ্ন *বি* ১ দাগ; রেখা। ২ ছাপ; প্রতিচ্ছবি। ৩ বৈশিষ্ট্য; লক্ষণ। ৪ নিদর্শন; অভিজ্ঞান। ৫ স্মারক; নিশানা। ৬ সঙ্কেত; ইশারা; ইঙ্গিত। ৭ আভাস। ৮ সাঙ্কেতিক লেখা বা আঁক। [স.]

চিহ্নিত *বিণ* চিহ্ন বা দাগ দেওয়া হয়েছে এমন। [স.]

চীন *বি* ভারতবর্ষের উত্তর-পূর্বে অবস্থিত দেশ। ☐*বিণ*

চীনা; চৈনিক।

চীনা[২], **চীনে** *বি* চীনদেশবাসী। □*বিণ* চীন দেশে উৎপন্ন; চীন দেশজ; চৈনিক; চীন দেশের। **চীনাংশুক** *বি* চীনদেশীয় বস্ত্রবিশেষ; রেশম বস্ত্রবিশেষ। **চীনাঘাস** *বি*১ চীনদেশীয় সুগন্ধি ঘাসবিশেষ। ২ মিষ্ট পানি বা দুধ জমাবার ঘাসের ন্যায় বস্তুবিশেষ। **চীনা জোঁক** *বি*১ সহজে ছাড়ে না এবং দৃঢ়ভাবে শরীরের সঙ্গে লেগে থাকে যে জোঁক (ছিনে জোঁক)। ২ (আল.) নাছোড়বান্দা; যে অভীষ্ট লাভ না করে ছাড়তে চায় না। **চীনাবাদাম** *বি* স্বনামখ্যাত বাদামবিশেষ। **চীনামাটি** *বি* পাত্র প্রস্তুতের উপযোগী এক প্রকার সাদা মাটি। **চীনা মাটির বাসন** *বি* ঐ মাটিতে প্রস্তুত বাসন।

চীনা[২] *বি* কাউনজাতীয় এক প্রকার শস্য।

চীনা[৩] *বি* প্রসাধন দ্রব্যবিশেষ।

চীবর *বি* ১ বৌদ্ধ ভিক্ষুদের পরিধানযোগ্য বস্ত্রখণ্ড; কৌপীন। ২ চীর; নেকড়া; ছিন্নবস্ত্র; জীর্ণবস্ত্র। [স. √চি(চয়ন)+বর]

চীর *বি* ১ কাপড়ের ফালি; ছোঁড়া কাপড়; নেকড়া। ২ সন্ন্যাসীর পরিধেয় বসন। ৩ কাগজের টুকরা; চিরকুট। ৪ গাছের ছাল; বাকল। ৫ শিরস্ত্রাণ; পাগড়িবিশেষ। ৬ বসন; কাপড়। [স. √চি+র]

চুওয়াল *বি* যারা মদ চুয়ায়; শুঁড়ি।

চুঁইচুঁই, চাঁইচুঁই *অব্য*১ অনুকার শব্দ। ২ আগুনের উত্তাপে পানি শুকাবার বা শোষিত হবার শব্দ। ৩ পুড়ে যাবার শব্দ। **চুঁইচুঁই/চাঁইচুঁই করা** *ক্রি* পুড়ে যাওয়া; জ্বলে যাওয়া। [আঞ্চলিক]

চুঁচড়া[১], **চুঁচড়ো**[১] *বি*১ অতিক্ষুদ্র মাছ; চুনা মাছ। ২ চুঁচড়া নামের পশ্চিমবঙ্গের শহর।

চুঁচড়া[২], **চুঁচড়ো**[২] *বিণ* ছুঁচালো; সূচালো; সূচিমুখ।

চুকচুক *অব্য* জিভ দিয়ে ধীরে ধীরে তরল পদার্থ পান করার কোমল শব্দ।

চুকা[১], **চুকো** *বিণ* অম্লস্বাদ; টক; খাট্টা। [স. চুক্র>]

চুকা[২], **চোকা** *ক্রি*১ শেষ বা অবসিত হওয়া; মিটানো; মিটে যাওয়া। ২ সমাপ্ত করা। ৩ গ্রাহ্য বা মান্য বা ভয় করা। ৪ উক্ত সকল অর্থে। [তুল. হি. চুক]

চুকানো, চোকানো *ক্রি*১ শেষ করে বা মিটিয়ে দেওয়া। ২ শোধ বা প্রত্যর্পণ করা। □*বি, বিণ* ঐ সমস্ত অর্থে।

চুক্তি *বি*১ শর্ত। ২ মিটমাট। ৩ সমাধা। **চুক্তিনামা, চুক্তিপত্র** *বি* শর্তযুক্ত দলিল।

চুগল, চোগল, চুগলি *বি* অসাক্ষাতে বা আড়ালে নিন্দা বা অপবাদ দান; অন্যের নামে কারো নিকট লাগানো। [ফা. চুগলী]। **চুগলখোর, চোগলখোর, চুগলিখোর** *বি* যে ব্যক্তি আড়ালে নিন্দা করে বা লাগায়। [ফা.]

চুঙ্গি, চুঙা *বি*১ ক্ষুদ্র চোঙ; ছোট নল। ২ মালের আমদানি ও রপ্তানির উপর ধার্য শুল্ক। [হি.]

চুচি *বি* কুমারী মেয়ের স্তন।

চুচুক *বি*১ চূড়া; শীর্ষ। ২ স্তনবৃন্ত; স্তনের বোঁটা। [স. √চুষ্+ক; চুষা হয় বলেই স্তন চুচুক; তুল. চুকচুক ধ্বনি থেকেই 'চুম্বন' শব্দ গঠিত]

চুচুকৃতি *বি* ১ চোষণ; তরল পদার্থ পান করার চুকচুক ধ্বনি। ২ চুম্বনের শব্দ। ৩ স্তনবৃন্ত; স্তনের বোঁটা। [স. চুচু+কৃ+তি]

চুঞ্চু *বিণ* বিখ্যাত; প্রসিদ্ধ। [স.]

চুটকি[১] *বি* ১ পায়ের আঙুলে পরবার ঝুমকাযুক্ত আংটি। ২ অঙ্গুলি দ্বারা তুড়ি ধ্বনি। □*বিণ* লঘু চটুল ছোট ও রসযুক্ত। [স. ছোটিকা>]। **চুটকি লেখা/ সাহিত্য** *বি* লঘু চটুল ক্ষুদ্র ও রসালো রচনা।

চুটকি[২] *বি* মস্তকের শিখা; টিকি; চৈতন। [তুল. হি. চোটী]

চুটানো, চুটনো *ক্রি* চরম বা চূড়ান্ত করা; সর্বশক্তি ব্যবহার বা প্রয়োগ করা (চুটিয়ে প্রেম করা)। [স. চূড়া> চুটা]

চুড়ি *বি* স্ত্রীলোকের হাতের অলঙ্কারবিশেষ; সরু বালার ন্যায় হাতের অলঙ্কারবিশেষ। [স. চূড়া>]। **চুড়িওয়ালা** *বি* চুড়ি বিক্রেতা; ফেরি করে যারা চুড়ি বিক্রি করে। **চুড়িকার** *বি* চুড়ি তৈরি করে যে; চুড়িনির্মাতা। **চুড়িদার** *বিণ* চুড়ির মতো কোঁচকানো বা সরু সম্মুখভাগবিশিষ্ট; চুনট করা।

চুতর *বি* নিতম্ব; পাছা। [হি.]

চুতিয়া *বি* গালিবিশেষ; আহাম্মক; মূর্খ। [হি.]

চুৎরা, চোৎরা *বি* বিছুটি পাতা বা ডাল।

চুন *বি*১ পাথর ঝিনুক শামুক ইত্যাদি দগ্ধ করে লব্ধ ক্ষার দ্রব্য। ২ বিবর্ণ; পাংশু; ফ্যাকাশে। [স. চূর্ণ>]। **চুনকাম, চূণকাম** *বি* চুনগোলা পানির প্রলেপ। **চুনকালি** *বি*১ এক গালে চুন এক গালে কালি। ২ অভিসম্পাত। ৩ কলঙ্ক; লজ্জায় বিকৃতি। **চুনে পড়া** *ক্রি* ঘুমে ঢলে পড়া। **পাথর চুন** *বি* পাথর ইত্যাদি দগ্ধ করে যে চুন প্রস্তুত হয়। **শামুক চুন** *বি* শামুক পুড়িয়ে তৈরি চুন।

চুনট, চুনাট, চুনোট *বি*১ কুঞ্চন। ২ বস্ত্রাদির কিনারা জামার হাতা চাদর প্রভৃতির ধার কুঞ্চন বা সঙ্কোচন।

চুনতি (আঞ্চলিক) = চুনারি।

চুনা[১], **চুনো**[১] *বিণ* চুনবিশিষ্ট; চুনযুক্ত; চুনের তৈরি। [স. চূর্ণ> চুন+বা. আ]

চুনা[২], **চুনো**[২] *বি*১ অতি ছোট মাছ। ২ অত্যন্ত সংকীর্ণ। □*বিণ* অতি চূর্ণ; ক্ষুদ্র। [স. চূর্ণ>]। **চুনা গলি, চুনো গলি** *বি* সংকীর্ণ গলি; অখ্যাত গলি। **চুনাপুঁটি, চুনোপুঁটি** *বি*১ এক প্রকার খুব ছোট মাছ। ২ সামান্য বা কম দরের লোক।

চুনা[৩] *ক্রি* ১ বেছে নেওয়া; নির্বাচন করা। ২ চয়ন করা; সংগ্রহ করা। ৩ নির্বাচন; ইচ্ছামতো সংগ্রহ। [হি.]

চুনারি *বি* চুন প্রস্তুতকারী জাতি; যে চুন তৈরি ও বিক্রি করে জীবিকা নির্বাহ করে। [(স. চূর্ণ) চুন+বা. আরি]

চুনি *বি* এক প্রকার লাল রঙের মূল্যবান রত্ন; পদ্মরাগ মণি; ruby। [তুল. হি. চুন্নী]

চুনিন্দা, চুনেন্দা, চোনেন্দা *বিণ* নির্বাচিত; বাছাই করা। [ফা. চীনীদহ্; উ. চুনেন্দহ্]

চুনুরি, চুনারি *বিণ* রাঙা; রঙিন। □*বি* ১ রঙিন কাপড়; শাড়ি। ২ চুন প্রস্তুতকারক জাতি।

চুনো, চুনা *বি* কালি শুকানোর জন্য চুনের পুটলি যা চোষ কাগজ বা ব্লটিং-এর কাজ করে।

চুন্নি *বি* যে নারী চুরি করে। [চুরনী> চোরনী]। **চুন্নি বিল্লি** *বি* চুরি করে ধরা পড়া অসহায় বিড়াল।

চুপ *বিণ* নিস্তব্ধ; নীরব; নিঃশব্দ। □*অব্য* চুপ করার নির্দেশসূচক; চোপ। **চুপ করা** *ক্রি* নীরব থাকা; কথা না

বলা। **চুপচাপ** *বিণ* নীরব; শব্দহীন; নিস্তব্ধ; নিশ্চেষ্ট; নিরুদ্যম। **চুপটি** *বিণ* একেবারে নীরব; একদম চুপ। **চুপটি করে, চুপটি মেরে** *ক্রিবিণ* সম্পূর্ণ নীরবে। **চুপ মারা** *ক্রি* স্বেচ্ছায় সম্পূর্ণ নীরব হওয়া।

চুপড়ি, চুবড়ি *বি* ছোট ঝুড়ি; ক্ষুদ্র ধামা।

চুপসা, চুপসানো, চুপসান⟹ চোপসা।

চুপি *বি* নিস্তব্ধতা; নীরবতা; শব্দহীনতা। [স. চুপ>]। **চুপিচাপি** *ক্রিবিণ* কোনোরূপ গোলযোগ না করে অন্যের অগোচরে বা অজান্তে। **চুপি চুপি, চুপে চুপে** *ক্রিবিণ* ১ ফিস ফিস করে। ২ অপরের অজ্ঞাতসারে বা অগোচরে। **চুপিসারে** *ক্রিবিণ* ১ চুপিচুপি। ২ প্রায় নিঃশব্দে। ৩ অপরের অজ্ঞাতসারে।

চুবনো, চুবানো, চোবানো *ক্রি* পানি বা অন্য কোনো তরল পদার্থে নিমজ্জিত করা। [হি.]। **চুবনি, চুবানি, চোবানি** *বি* পানিতে চোবানো; ডুবিয়ে রাখন; নিমজ্জন। **নাকানি চোবানি, নাকানি–চুবানি** *বি* প্রচুর নির্যাতন ভোগ; অশেষ লাঞ্ছনা।

চুম *বি* ওষ্ঠাধর দ্বারা স্পর্শ; চুমা; চুম্বন। [স. চুম্বন>]

চুমকি[১] *বি* সোনা রুপা ইত্যাদির উজ্জ্বল ছোট ছোট চাকতি পাত বা বুটি। ◻ *বিণ* ছোট ছোট বুটির মতো। [হি. চমকি]

চুমকি[২] *বিণ* ১ চুমুক দিয়ে পানের যোগ্য। ২ ক্ষুদ্র। **চুমকি ঘটি** *বি* ক্ষুদ্র ঘটি যা থেকে চুমুক দিয়ে পানি পান করা যায়।

চুমরানো, চোমরানো *ক্রি* মিথ্যা প্রশংসা দ্বারা গর্বস্ফীতি করা। ◻ *বি* পাকানো (গোঁফ চুমরানো)। **চুমরে কাজ হাসিল করা** *ক্রি* কথায় ভুলিয়ে কাজ আদায় করা।

চুমরি, চুমুরি *বি* নারিকেল খেজুর ইত্যাদিতে গাছের পুষ্পকোষ। [তুল. স. চুমর]

চুমা, চুমু, চুমো *বি* চুম্বন। **চুমাচুমি** *বি* একে অন্যকে চুম্বন। [স. চুম্ব>]

চুমুক *বি* পাত্রে ঠোঁট লাগিয়ে তরল পদার্থ-পান। ◻ *বিণ* অল্প পরিমাণ; এক চুমুকে যতটা পান করা সম্ভব ততটা। [স. চুম্ব>]

চুম্ব, চুম্বন *বি* অধরোষ্ঠ দিয়ে স্পর্শ; ঠোঁট দিয়ে ছোঁয়া; চুমু; চুমা। [স.]। **চুম্বই**(ব্র.) *ক্রি* চুম্বন করে। **চুম্বিত** *বিণ* ১ কোনো বস্তু বা ব্যক্তিকে চুম্বন করা হয়েছে এমন। ২ সম্মিলিত; সংলিপ্ত; স্পষ্ট (আকাশ চুম্বিত)। **চুম্বী**(–ম্বিন্) *বি* চুম্বনকারী; স্পর্শকারী; স্পর্শী (আকাশচুম্বী)। স্নেহ; প্রীতি; অনুরাগ; আদর; সম্মান; শ্রদ্ধা; প্রেম ও কাম–এর কায়িক অভিব্যক্তি হচ্ছে 'চুম্বন' ক্রিয়া।

চুম্বক *বি* ১ লোহা আকর্ষণকারী পদার্থ; অয়স্কান্ত মণি; magnet। ২ যে চুম্বন করে; চুম্বনকারী। ৩ সংক্ষিপ্তসার। [স. √চুম্ব্+অক)। **চুম্বকন** *বি* কৃত্রিম উপায়ে চুম্বকে পরিণত করার পদ্ধতি magnetization। [পরিভাষা]। **চুম্বকশলাকা** *বি* লোহা আকর্ষণকারী অয়স্কান্ত মণির কাঁটা।

চুয়া[১] *বি* গন্ধ দ্রব্য; একপ্রকার সুগন্ধি ঘন নির্যাস। [হি. চুআ>]

চুয়া[২] *বি* চ্যুত; ক্ষরণ; চুয়ান; চুইয়ে। [হি.]

চুয়াত্তর *বি,বিণ* ৭৪ সংখ্যা; ৭৪ সংখ্যক। [স. চতুঃসপ্ততি>]

চুয়ানো, চুয়নো *ক্রি* ১ ফোঁটা ফোঁটা করে ঝরা বা চুইয়ে পড়া বা ক্ষরিত হওয়া; অতি সামান্য পরিমাণে ক্রমাগত ঝরানো বা ক্ষরানো। ২ পরিস্রুত করা। ◻ *বিণ* ১ পরিস্রুত; চোলাই। ২ যা চুইয়ে পড়েছে। ৩ ঝরণ; ক্ষরণ। ◻ *বি* পরিস্রবণ; চোলাইকরণ। **চুয়ানি, চোয়ানি** *বি* ১ চুয়ানো; ঝরানো; ক্ষরানো। ২ পরিস্রুত তরল পদার্থ।

চুয়ান্ন *বি,বিণ* ৫৪ সংখ্যা; ৫৪ সংখ্যক। [স. চতুঃপঞ্চাশৎ>]

চুয়াল্লিশ *বি,বিণ* ৪৪ সংখ্যা; ৪৪ সংখ্যক। [স. চতুশ্চত্বারিংশৎ>]

চুয়ো *বি* ইঁদুর জাতীয় প্রাণী; চুয়া।

চুর, চূর *বি* গুঁড়া; চূর্ণ; খণ্ড খণ্ড। ◻ *বিণ* ১ বিহ্বল; নেশাগ্রস্ত; হতজ্ঞান। ২ চূর্ণ; বিনষ্ট; বিধ্বস্ত। [স. চূর্ণ>]। **চুরচুরে** *বিণ* বিহ্বলকারী; বিবশকারী। **চুরমার** *বিণ* সম্পূর্ণ চূর্ণ ও বিনষ্ট। **আমচুর** *বি* ফালি করা কাঁচা আম শুকিয়ে প্রস্তুত অম্লস্বাদ খাদ্যবিশেষ; আমসি। **খইচুর** *বি* চিনির রসে পাক দেওয়া খইয়ের মোয়া বা লাড়ু। **ভাঙ্গচুর করা** *ক্রি* ভেঙে গুঁড়া গুঁড়া করে ফেলা। **মতিচুর** *বি* একপ্রকার মিঠাই। **রতনচুর** *বি* হাতের বালাবিশেষ।

চুরট, চুরুট *বি* ধূম পানার্থ শুষ্ক তামাক পাতার পাকানো মোটা শলাকা; cigar। [তামিল শুরুট্টু; ই. cheroot]

চুরনী, চোরনী = চুন্নি।

চুরা, চূরা *ক্রি* চূর্ণ করা; গুঁড়া করা।

চুরানব্বই *বি,বিণ* ৯৪ সংখ্যা; ৯৪ সংখ্যক। [স. চতুর্নবতি>]

চুরাশি, চুরাশী *বি,বিণ* ৮৪ সংখ্যা; ৮৪ সংখ্যক। [স. চতুরশীতি>]

চুরি[১] *বি* ১ অপহরণ; চৌর্য; পরের দ্রব্য না বলে গ্রহণ। ২ গোপনে আত্মসাৎকরণ। [স. চৌরি বা চৌরিকা>]। **চুরি–চামারি** *বি* চুরি ও অন্য অপকর্মাদি; অপহরণ ও অন্যান্য দুষ্কার্য। **লুকোচুরি** *বি* ক্রীড়াবিশেষ, প্রধানত বালক-বালিকাদের মধ্যে প্রচলিত।

চুরি[২] *অক্রি* চূর্ণ করে। [স. চূর্ণ>]

চুল *বি* কেশ। [স.]। **চুলোচুলি, চুলাচুলি** *বি* ১ কেশাকেশি; চুল টানাটানি করে যে ঝগড়া। ২ ভীষণ ঝগড়া বা কলহ। **চুলচেরা** *বিণ* অতিশয় সূক্ষ্ম। **চুলচেরা ভাগ করা, চুল চিরে ভাগ করা** *ক্রি* চুল চিরে দুই ভাগ করার মতো সূক্ষ্ম ভাগ বা বিচার করা। **চুল দাড়ি পাকানো** *ক্রি* ১ বৃদ্ধ হওয়া। ২ কোনো বিষয়ে বহু অভিজ্ঞতা লাভ করা। **চুল বাঁধা** *ক্রি* কেশ পরিচর্যা করা; খোঁপা বাঁধা। **একচুল** *বিণ,ক্রিবিণ* সামান্য পরিমাণ; একটু; চুল পরিমাণ; অত্যল্প।

চুলকানি *বি* একপ্রকার চর্মরোগ; কণ্ডুরোগ; খুজলি। **চুলকানো** *ক্রি* কণ্ডুয়ন। ◻ *বিণ* নখ ইত্যাদি দ্বারা যা আঁচড়ানো হয়েছে।

চুলবুল *অব্য* চঞ্চলতাজ্ঞাপক বা অস্থিরতা প্রকাশক। [হি.]। **চুলবুলানি, চুলবুলুনি** *বি* অস্থিরতা; চাঞ্চল্য। **চুলবুলে** *বিণ* অস্থির; চঞ্চল।

চুলা, চুলো, চুল্লি *বি* ১ উনান; আখা। ২ হিন্দুদের চিতা; শ্মশানচুল্লি। [স. চুল্লা>]। **চুলা জ্বালানো, চুলা ধরানো** *ক্রি* উনানে বা চিতায় আগুন দিয়ে জ্বালানো। **চুলোয় যাওয়া, চুলোর দোরে যাওয়া** *ক্রি* ১ মরা। ২ গোল্লায় বা উচ্ছন্নে যাওয়া। **চুলোয় যাক** *অব্য* ধ্বংস হোক; মরুক; উচ্ছন্নে বা গোল্লায় যাক।

চুলি (ম–বা) *বি* চুল (দেখয়ে খসায়ে চুলি— চণ্ডী)।

চুল্লি, চুল্লী *বি* চুলা; উনান। [স.]

চুষা, চোষা *ক্রি* মুখ দিয়ে রস শোষণ করা। ◻ *বি* শোষণ। ◻ *বিণ* শোষণকারী। **চুষিতা** *বিণ*। [স. √চুষ্+বা.আ]

চুষি, চুষী *বি* চুষি কাঠি; রবার দিয়ে তৈরি শিশুর চুষবার খেলনাবিশেষ; চুচুক আকৃতি রবারের তৈরি বস্তু। ❑ *বিণ* চোষা যায় এমন। [স. √চুষ্+ই]। **চুষি কাঠি** *বি* কাঠের তৈরি শিশুদের চুষবার খেলনাবিশেষ। **চুষি পিঠা** *বি* চুষে বা লেহন করে খাওয়ার উপযুক্ত একপ্রকার মিষ্টান্ন বা পিঠা।

চূড়া, চুড়ো *বি* ১ শীর্ষদেশ; মস্তক; শিখর; শৃঙ্গ। ২ মুকুট। ৩ ঝুঁটি; চূড়া আকারে বাঁধা চুল; টিকি। ৪ হিন্দু সমাজে আচরিত সংস্কার। [স.]। **চূড়াকরণ, চূড়াকর্ম** *বি* ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য তিন বর্ণের প্রাচীন সংস্কারবিশেষ যাতে মস্তক মুণ্ডন করে মধ্যস্থলে একগুচ্ছ চুল রেখে দেওয়া বিধি। **চূড়ামণি** *বি* ১ মুকুটে বা মস্তকে ধারণ করার রত্ন। ২ সংস্কৃতে পাণ্ডিত্যের জন্য প্রদত্ত উপাধিবিশেষ। ৩ সর্বশ্রেষ্ঠ বা সর্বপ্রধান ব্যক্তি।

চূড়ান্ত *বি* ১ চরম সীমা। ২ পরাকাষ্ঠা; চরম উৎকর্ষ। ❑ *বিণ* চরম; সর্বশেষ; শেষ।

চূত *বি* ১ আম গাছ। ২ আম ফল। [স.]। **চূতলতা** *বি* ১ লতানো আমগাছ। ২ যে লতাগাছ আমগাছকে বেষ্টন করে ওঠে। [স.]

চূর্ণ *বি* ১ গুঁড়া; কণায় পরিণত পদার্থ। ২ চুন। ৩ সুগন্ধি গুঁড়া। ৪ আবির। ❑ *বিণ* গুঁড়া করা হয়েছে এমন; চূর্ণীকৃত; সম্পূর্ণ ভগ্ন বা গুঁড়ায় পরিণত। [স.]। **চূর্ণকার** *বি* ১ চুন প্রস্তুত করে যে। ২ চুনারি। **চূর্ণকুন্তল** *বি* গুঁড়া চুল; কুঞ্চিত কেশগুচ্ছ; কপালের উপর এসে পড়া কোঁকড়ানো চুলের স্তবক। **চূর্ণন** *বি* গুঁড়াকরণ; কণায় পরিণতকরণ। **চূর্ণনীয়** *বিণ* গুঁড়া করার উপযুক্ত; চূর্ণ করার যোগ্য। **চূর্ণিত, চূর্ণীকৃত** *বিণ* ১ গুঁড়া করা হয়েছে এমন। ২ বিধ্বস্ত; বিনষ্ট। **চূর্ণীভূত** *বিণ* গুঁড়া হয়েছে এমন; কণায় পরিণত।

চূষণীয়, চূষ্য *বিণ* চুষে খাওয়া যায় এমন; চুষবার যোগ্য।

চূষিত *বিণ* চোষা হয়েছে এমন। [স. √চুষ্+ত]

চেঁচাড়ি, চাঁচাড়ি *বি* বাঁশের পাতলা ও ধারালো ফালি বা চটা। [স. চঞ্চা>]

চেঁচানো *ক্রি* ১ চিৎকার করা। ২ চিৎকার করে কাঁদা বা ডাকাডাকি করা। ৩ গণ্ডগোল বা গোলমাল সৃষ্টি করা। ৪ চিৎকার; গণ্ডগোল; গোলমাল। **চেঁচানি** *বি* চিৎকার; গোলমাল।

চেঁচামেচি *বি* ১ বহু জনের একসঙ্গে চিৎকার। ২ গণ্ডগোল। ৩ পরস্পর উচ্চৈঃস্বরে উত্তর প্রত্যুত্তর বা কথোপকথন।

চেঁচেপুঁছে, চেঁছেপুঁছে *ক্রিবিণ* ১ চেঁছেমুছে; পরিষ্কার ক'রে; চেটে সম্পূর্ণ সাফ করা; চেটেপুটে। ২ একটুও অবশিষ্ট না রেখে।

চেক[১] *বি* চার খোপ আঁকা; চৌখুপি; ছক। ❑ *বিণ* চৌকা চৌকা নকশা করা; চেক কাটা বা আঁকা। [ই.]। **চেক কাটা** *বিণ* ১ ছক কাটা; চেক দেওয়া। ২ চৌখুপি। **চেক কাপড়** *বি* চৌকা বা চৌকো নকশা করা বস্ত্র।

চেক[২] *বি* ব্যাংক থেকে টাকা তোলার আদেশপত্র; এক প্রকার হুন্ডি; cheque। [ই.]। **চেকওয়ার, চেকওয়ারি** *বিণ* চেক অনুযায়ী। **চেক করা** *ক্রি* পরীক্ষা করা; যাচাই করা; check। **চেক দাখিলা** *বি* ১ খাজনার ছাপানো রসিদ। ২ প্রদত্ত খাজনার রসিদ। **চেক মুড়ি** *বি* প্রদত্ত খাজনার দাখিলার যে অংশ জমিদার রাখে; চেক দাখিলার বাম দিকের যে অংশ চেক বইতে থেকে যায়; counterfoil।

চেকনা, চিকনা *বি* চর্বি; মেদ। ❑ *বিণ* উজ্জ্বল; চর্বিযুক্ত; হৃষ্টপুষ্ট। [তুল. হি. চিক্‌না]। **চেকনাই, চিকনাই** *বিণ* মসৃণ; উজ্জ্বল; লাবণ্যময়। ❑ *বি* ঔজ্জ্বল্য; চকচকে আভা; মসৃণতা; লাবণ্য।

চেগরা, চেঙরা, চেংড়া[১] *বিণ* বাচাল; প্রগলভ; অবাচীন তরুণ।

চেগার, চ্যাগার *বি* বাড়িঘেরা বা জমিঘেরা বাঁশের বাখারির বেড়া। [আঞ্চলিক]

চেঙ[১], **চ্যাং**[১], **চ্যাঙ** *বি* টাকি মাছের ন্যায় মাথা মোটা ছোট মাছবিশেষ। **চেংমুড়ি**[১], **চেঙ্গমুড়ি** *বিণ* চেঙ্গমাছের মাথার ন্যায় বিসদৃশ মাথাবিশিষ্ট।

চেঙ[২], **চ্যাং**[২] *বি* ১ সরু মাচা। ২ শব বহনের ছোট ছোট খাট। **চ্যাংদোলা, চ্যাংঝোলা** *বি* দুই হাত দুই পা ধরে দেহ ঝুলিয়ে দোলাতে দোলাতে শবের ন্যায় বহন। **চ্যাংমুড়ি, চেংমুড়ি**[২] *বি* ১ বস্ত্র দ্বারা জড়িয়ে শবকে খাটের সঙ্গে বাঁধা। ২ গালি অর্থে মৃতদেহ।

চেঙড়া, চেংড়া[২] *বি* চপলমতি বা ছ্যাবলা তরুণ। ❑ *বিণ* ১ অর্বাচীন। ২ অপরিণত বুদ্ধি। **চেংড়ামি, চেংড়ামো, চেংড়াপনা** *বি* চেংড়া ভাব; ছ্যাবলামি।

চেঙ্গারি, চাঙ্গারি, চাঙারি *বি* চওড়া মুখ ঝুড়ি; বাঁশের বা বেতের ছোট ধামা বা ঝুড়িবিশেষ।

চেটো, চেটুয়া *বি* ১ হাতের তালু; করতল। ২ পায়ের তলা। ৩ তরুণী নারী; অল্পবয়স্কা যুবতী। [স. চেটী>]

চেত, চেতঃ *বি* ১ চিত্ত; মন; হৃদয়; অন্তঃকরণ। ২ চিত্তবৃত্তি। ৩ আত্মা। [স. চেতস্]। **চেতস্বান** *বিণ* সহৃদয়; চৈতন্যবান; হৃদয়বান।

চেতন *বিণ* ১ প্রাণবান; জীবন্ত; সজীব। ২ জ্ঞানযুক্ত; সংজ্ঞাবিশিষ্ট; জাগ্রত। ৩ চেতনা; জাগ্রত অবস্থা; সংজ্ঞা। ৪ আত্মা; জীব। [স.]

চেতনা *বি* ১ চৈতন্য; হুঁশ; জ্ঞান; সংজ্ঞা। ২ অনুভূতি। ৩ সচেতন বা জাগরিত অবস্থা। ৪ জীবিত অবস্থা; জীবন। [স. √চিত্+অন+আ]। **চেতনাত্মক** *বিণ* চৈতন্যময়। **চেতনাত্মিকা** *স্ত্রী*। **চেতনা বিধান** *বি* চৈতন্য দান; চৈতন্য জন্মানো। **চেতনা-বিহীন, চেতনারহিত, চেতনাশূন্য, চেতনাহীন** *বিণ* ১ অচেতন; জ্ঞানশূন্য; অজ্ঞান; বেহুঁশ। ২ জড়।

চেতা *ক্রি* ১ সংজ্ঞা লাভ করা; চেতনা পাওয়া। ২ জাগরিত হওয়া; উদ্বুদ্ধ হওয়া; প্রেরণা উৎসাহ বা উত্তেজনা লাভ করা। ৩ সতর্ক হওয়া। ৪ ক্রুদ্ধ বা উত্তেজিত হওয়া। [স. √চিত্+বা. আ.]। **চেতানি** *বি* উদ্বোধন; জাগরণ; উত্তেজনা সঞ্চার। **চেতানো** *ক্রি* ১ চেতনা সঞ্চার করা। ২ জাগানো; সতর্ক করা; উদ্বুদ্ধ করা; উত্তেজিত করা। ৩ ক্ষেপানো। ৪ জ্ঞান দেওয়া। **চেতিত**(বিরল) *বিণ* ১ জ্ঞাত; জানা গিয়েছে এমন। ২ জাগ্রত; উদ্বুদ্ধ।

চেত্তা *বি* ১ চিত; চিতভাব। ২ পৃষ্ঠদেশের আড়ষ্টভাব। **চেত্তা খাওয়া** *ক্রি* বুক টান করে দাঁড়ানো; বুক ফুলিয়ে মাথা পিছনের দিকে ঈষৎ হেলে দাঁড়ানো। **চেত্তা-ভাঙা** *ক্রি* চিত হয়ে শরীরের ও মেরুদণ্ডের আড়ষ্টভাব দূর করা। [আঞ্চলিক]

চেদি *বি* প্রাচীন রাজ্যবিশেষ। [স.]

চেন, চেইন *বি* ১ শিকল। ২ কণ্ঠের অলঙ্কারবিশেষ; মালা। ৩ মাপের পরিমাণবিশেষ; ৬৬ ফুট পরিমিত শিকল। [ই.]

চেনা, চিনা *ক্রি*১ পূর্বদৃষ্ট বলে জানা বা বুঝতে পারা; পূর্বে পরিচিত বলে মনে পড়া। ২ প্রকৃত স্বরূপ জানা। ৩ নির্ধারণ বা ঠাহর করতে পারা; শনাক্ত করা। ৪ নির্বাচন করা; বাছাই করা। ৫ জানা; শেখা; পরিচয় করা। ৬ পরিচিত; পূর্বদৃষ্ট; জানাশুনা। [স. চিহ্ন>]। **চেনাচিনি** *বি* পরস্পরকে জানা বা চেনা। **চেনানো, চিনানো** *ক্রি*১ চিনিয়ে দেওয়া; পরিচিত বা পরিচয় করানো। ২ জানানো; শিখানো। ৩ পরিচিতকরণ। ❑*বিণ* পরিচিত এমন। **চেনাপরিচয়** *বি* জানাশুনা; আলাপ-পরিচয়। **চেনাশুনা, চেনাশোনা** *বি* জানা-জানি; আলাপ-পরিচয়।

চেপটা, চ্যাপটা *বিণ* ১ পিষ্ট; চাপের ফলে বিস্তৃত বা প্রসারিত; থ্যাবড়া। ২ প্রশস্ত। [স. চিপিট>চিপট]। **চেপটা নাক** *বি* থ্যাবড়া নাক বা বসা নাক। **চেপটানো** *ক্রি*১ চাপ দিয়ে প্রশস্ত করা। ২ পিষ্ট বা দলিত করা। ৩ পিটিয়ে চওড়া করা। **চিঁড়ে চেপটা/ চ্যাপটা** *বিণ*১ চিড়ার ন্যায় অত্যন্ত চেপটা। ২ সম্পূর্ণ পিষ্ট। ৩ একেবারে নির্জীব; সম্পূর্ণ দুর্বল। **মসুরি চেপটা** *বিণ*১ মসুর ডালের মতো চেপটা। ২ পিষ্ট; দর্প চূর্ণ হয়েছে এমন।

চেবেল্লা *বিণ*১ ছেবলা; ছ্যাবলা; ইতর। ২ বাচাল; প্রগল্‌ভ। [আ. সিফ্‌ল]

চেয় *বিণ* সংগ্রহযোগ্য; চয়নের উপযুক্ত। [স. √চি+য]

চেয়াড়ি *বি* ১ বাঁশের পাতলা ধারালো ছাল বা ফালি; চেঁচাড়ি; ছুরিরূপে ব্যবহৃত। ২ কাঠি, শলাকা।

চেয়ার *বি* আসনবিশেষ; কেদারা; কুরসি। [ই.]

চেয়ারম্যান *বি* সভাপতি; সমিতি সভা বা সঙ্ঘের পরিচালক। [ই.]

চেয়ে, চাইতে *অব্য* অপেক্ষা; হতে। ❑*ক্রিবিণ* ১ চেয়ে; যাচ্ঞা করে (চেয়ে নাও)। ২ তাকিয়ে (চেয়ে দেখা)।

চেরপাকি *বি* দুষ্টামি; দুরন্তপনা; ধৃষ্টতা।

চেরা, চিরা *ক্রি*১ ফাড়া; বিদারণ করা। ২ লম্বালম্বি কাটা; কাটানো। ৩ ছিন্ন করা; ফাঁক করা। ❑*বি* বিদারণ; ছিন্নকরণ। ❑*বিণ*১ বিদীর্ণ; বিদারিত। ২ ফাঁক। ৩ বের করা হয়েছে এমন। [স. চীর>]। **চেরাই** *বি*১ ফাড়ার কাজ; বিদারণ। ২ চিরবার মজুরি। **চেরানো, চিরানো** *ক্রি* ফাড়ানো; বিদারণ করানো; কাটানো। **পটলচেরা** *বিণ* পটল লম্বালম্বি সমান দুই ভাগে কাটলে দেখতে যেরূপ হয়। **পটলচেরা চোখ** (আল.) চেরা পটলের মতো দীর্ঘ আয়ত মনোহর চোখ।

চেরাগ, চিরাগ *বি* প্রদীপ; বাতি। [ফা. চিরাগ]। **চেরাগচি, চেরাগচী** *বি* যে বাতি জ্বালায় ও নেভায়। **চেরাগদান, চেরাগদানি** *বি* পিলসুজ; প্রদীপের আধার। **চেরাগি, চেরাগিমহাল** *বি* পীরের দরগায় বাতি দেওয়ার জন্য খাদেমকে প্রদত্ত নিষ্কর ভূমি। **চৌদ্দ/ চোদ্দ পুরুষের চেরাগ** *বি* কুলপ্রদীপ।

চেলা[১] *বি* ১ শিষ্য। ২ শাগরেদ; অনুচর। ৩ ছাত্র। ৪ ক্রীতদাস। [তুল. হি. চেলা]। **চেলাগিরি** *বি* শিষ্যত্ব। **চেলা-চামুণ্ডা** *বি* শিষ্য ও অনুচরগণ; চণ্ড ও দুষ্ট স্বভাবযুক্ত শিষ্য ও অনুগামীরা। **যেমন গুরু তেমনি চেলা**—গুরু ও শিষ্য উভয়েই সমান দুষ্ট বা সমান আহাম্মক হওয়া।

চেলা[২], **চ্যালা** *বি* ১ ফাড়া কাঠ; জ্বালানি কাঠ। ২ ক্ষুদ্র মাছবিশেষ। ৩ বিছা; শতপদী; বিষাক্ত কীটবিশেষ। [স. চীর>]। **চেলা** *বি* ছোট চেলি কাঠ। **চেলানো** *ক্রি* কুড়াল ইত্যাদি দিয়ে ফাড়া; চেলা প্রস্তুত করা।

চেলি, চেলী *বি* বিবাহাদিতে ব্যবহৃত রেশমি কাপড়; পট্ট বস্ত্র। [স. চেল>]

চেলো *বি* একপ্রকার বাদ্যযন্ত্র; বেহালা; cello। [ই.]

চেল্লানো *ক্রি* চিৎকার করা; চেঁচামেচি। [তুল. হি. চিল্লানা]

চেষ্টক *বিণ* চেষ্টা করে এমন; চেষ্টাকারী; প্রয়াসশীল। [স. √চেষ্ট্ +অক]

চেষ্টমান *বিণ* চেষ্টা করছে এমন; সচেষ্ট; উদ্যমশীল; উদ্যোগী। [স. √চেষ্ট্ +আন (বান)]

চেষ্টা *বি*১ কোনো কাজ সম্পাদনের জন্য বা কোনো কিছু লাভ করার জন্য শরীর ও মনের চালনা। ২ যত্ন; প্রয়াস। ৩ উদ্যোগ। ৪ অধ্যবসায়। ৫ উপায়। ৬ প্রাপ্তির জন্য সন্ধান। [স. √চেষ্ট্+ অ +আ]। **চেষ্টাচরিত্র** *বি*১ উদ্যোগ-আয়োজন। ২ তদবির। **চেষ্টান্তর** *বি* অন্য উপায়। [স. চেষ্টা+অন্তর]। **চেষ্টান্বিত** *বিণ* প্রয়াসশীল; সচেষ্ট; চেষ্টাযুক্ত। [স. চেষ্টা+অন্বিত]। **চেষ্টাবিহীন, চেষ্টারহিত, চেষ্টাশূন্য** *বিণ* নিশ্চেষ্ট; উদ্যমহীন। **চেষ্টাবেষ্টা** *বি* বিভিন্ন ধরনের চেষ্টা; চেষ্টা চরিত্র। **চেষ্টিত** *বিণ*১ সচেষ্ট; চেষ্টাযুক্ত; উদ্যোগী; অধ্যবসায়ী। ২ চেষ্টা করা হয়েছে বা হচ্ছে এমন। **চেষ্টিতব্য** *বিণ*১ চেষ্টা করবার উপযুক্ত। ২ চেষ্টা করতে হবে এমন।

চেহারা *বি* আকৃতি; রূপ; মূর্তি; মুখচ্ছবি। [ফা.]। **চেহারাবন্দী, চেরাবন্দী** *বি* প্রতিকৃতি। [ফা. চিহ্‌রহ্‌+ বন্দী]

চৈত *বি* চৈত্রমাস। [স. চৈত্র>]। **চৈতালি** *বি*১ চৈত্র মাসে উৎপন্ন শস্য; রবি শস্য; মুগ মসুর প্রভৃতি। ২ চৈত্র মাসে দেয় খাজনা। ৩ বসন্তকালীন বায়ু। ৪ চৈত্র মাসকালীন ভাবাবেগ। **চৈতার বউ** *বি* বউ-কথা-কও পাখি। **চৈতি, চৈতী** *বিণ*১ চৈত্র মাসের। ২ চৈত্র মাসে জাত বা উৎপন্ন; বাসন্তী; বসন্তকালীন। **চৈত্রালি** *বিণ*১ চৈত্রসম্বন্ধীয়। ২ চৈত্রমাসে উৎপন্ন বা গৃহীত।

চৈতন *বি* টিকি; শিখা; মস্তকের মধ্যস্থিত কেশগুচ্ছ। [স. চৈতন্য>]। **চৈতনক** *বি* টিকি; শিখা। **চৈতন-চুটকি** *বি* টিকি; শিখা। **চৈতন ফক্কা** *বি* টিকি।

চৈতন্য *বি*১ জ্ঞান; চেতনা। ২ অনুভূতি; হুঁশ। ৩ প্রকৃত অবস্থা সম্বন্ধে জ্ঞান। ৪ শচীপুত্র নিমাই; গৌরাঙ্গ। ৫ সচেতন ভাব; সজাগ অবস্থা। [স. চেতন+য]। **চৈতন্যদেব** *বি* বৈষ্ণব ধর্ম প্রচারক জগন্নাথ মিশ্রের ও শচীমাতার পুত্র নিমাই; গৌরাঙ্গ। **চৈতন্যময়** *বিণ*১ চেতনাযুক্ত; চিন্ময়। ২ জ্ঞানময়; চৈতন্যস্বরূপ। **চৈতন্যময়ী, চৈতন্যরূপী** *বিণ স্ত্রী.* চৈতন্যময় চিৎ স্বরূপ; চিন্ময়। **চৈতন্যরূপিণী** *স্ত্রী.*। **চৈতন্য হওয়া** *ক্রি* হুঁশ হওয়া; সচেতন হওয়া; জ্ঞান জন্মানো। **চৈতন্যোদয়, চৈতন্যোদ্রেক** *বি* জ্ঞান সঞ্চার; জ্ঞানের আবির্ভাব। **মগ্নচৈতন্য** *বি* নিজের সদা সক্রিয় চেতন মন সম্বন্ধে নিমগ্ন হওয়া।

চৈত্ত, চৈত্তিক *বিণ* চিত্তসম্পর্কীয়।

চৈত্য[১] *বি*১ যে স্থানে পূজা বা যজ্ঞ করা হয়। ২ বেদি। ৩ বৌদ্ধ মঠ; বুদ্ধমন্দির; বৌদ্ধ বিহার। [স. চিত্যা+অ]। **চৈত্যপাল** *বি* চৈত্যের অধ্যক্ষ; বৌদ্ধ মঠের প্রধান। **চৈত্যবৃক্ষ** *বি* মঠ বা মন্দিরে জাত বৌদ্ধদের পূজ্য বৃক্ষ।

চৈত্য[২] *বিণ* চিতাসম্পর্কিত। ❑*বি* শ্মশানের নিকটস্থ বৌদ্ধদের পূজ্য বৃক্ষ। [স.]

চৈত্র *বি* বাংলা সনের দ্বাদশ বা শেষ মাস। **চৈত্ররথ** *বি* কুবেরের উদ্যান; যক্ষপুরীর প্রমোদকানন। **চৈত্রাবলী** *বি* চৈত্র পূর্ণিমা।

চৈত্রসংক্রান্তি *বি* চৈত্র মাসের শেষ দিন—এই দিনে বাঙালি হিন্দুরা শিবের পূজা করে এবং বিভিন্ন ধরনের লোক-উৎসব ও মেলা হয়।

চৈত্রী *বি* চিত্রা নামক নক্ষত্রযুক্ত পূর্ণিমা; চৈত্র মাসের পূর্ণিমা তিথি। [স. চিত্রা+ অ +ঈ]

চৈন, চৈনিক, চৈনেয় *বিণ* ১ চীনদেশ সম্পর্কিত। ২ চীন দেশবাসী; চীনা। ৩ চীনদেশে জাত। ৪ চীনদেশীয়। [স. চীন+ অ, ইক]। **চৈনী, চৈনিকী, চৈনেয়ী** *স্ত্রী.*। **চৈনিক যুষ** *বি* চা দুধ ও চিনি মিশ্রিত চা-পাতার ক্বাথ বা নির্যাস।

চোঁ *অব্য* বেগ বা শোষণসূচক শব্দ। **চোঁ করে** *অব্য, ক্রিবিণ* খুব দ্রুতগতিতে।

চোঁচ *বি* চঞ্চু। [স. চঞ্চা/চঞ্চু>]

চোঁচা *অব্য, ক্রিবিণ* একটানা; রুদ্ধশ্বাসে; অন্য কোনো দিকে না চেয়ে। ❑ *বি* খোসা; ছাল।

চোঁ-চোঁ, চুঁ-চুঁ *অব্য* ক্রমাগত শোষণ; শুষে পান করার শব্দ। **চোঁ-চোঁ করা, চুঁচুঁ করা** *অব্য* ক্ষুধার আধিক্যসূচক।

চোঁয়া, চুঁয়া *বিণ* ১ দুধ তরকারি প্রভৃতি অল্প পোড়ার গন্ধবিশিষ্ট। ২ অজীর্ণজনিত অল্প টক গন্ধযুক্ত। **চোঁয়ানো** *ক্রি* সামান্য পোড়ানো; সামান্য অম্লগন্ধ হওয়ানো। ❑ *বি, বিণ* ঐ সকল অর্থে।

চোক *বি* চক্ষু; চোখ। [স. চক্ষু>]

চোকর, চোকলা[১]**, ছোকলা** *বি* শস্যের ছাল; গমের ভুষি। [হি. চোকর> স. চোলক]

চোকরি *বি* যে প্রজাপতি কোয়া ফেটে বের হয়।

চোকলা[২] *বি* ১ খোসা; আবরণ। ২ পাতলা টুকরা; চাকলা। [স. চোলক>]। **চোকলা চোকলা** *বিণ* পাতলা টুকরা টুকরা।

চোখ *বি* ১ চক্ষু; দর্শনেন্দ্রিয়। ২ দৃষ্টি; নজর। ৩ সুদৃষ্টি; অনুকূল নজর; খেয়াল। ৪ লোলুপ দৃষ্টি। ৫ বাঁশ আখ প্রভৃতির মূলে অঙ্কুরোদ্গমের স্থান। [স. চক্ষু>]। **চোখ ওঠা** *বি* চোখের রোগবিশেষ; চক্ষুপ্রদাহ। ❑ *ক্রি* চোখের রোগ হওয়া। **চোখ কপালে তোলা** *ক্রি* বিস্মিত বা আতঙ্কগ্রস্ত হওয়া। **চোখ কাটানো** *ক্রি* চিকিৎসক দ্বারা চোখের ছানি কাটানো। **চোখ-কান খোলা** *বিণ* সতর্ক; সজাগ। ❑ *বি* দৃষ্টি রাখা; দেখা-শোনা। **চোখ কান বুজে থাকা** *ক্রি* ১ না দেখা; না শোনা। ২ সব রকম দুঃখকষ্ট নীরবে সহ্য করা। **চোখ খাওয়া, চোখের মাথা খাওয়া** *ক্রি* ১ মনোযোগ না থাকা। ২ চোখ বন্ধ হওয়া। **চোখখাগি, চোখখাকি** *বিণ, বি* বিচারবুদ্ধিহীনা নারী; অন্ধ নারী; কানি। **চোখ খোলা** *ক্রি* ১ জাগা; জেগে ওঠা। ২ সাবধান হওয়া। ৩ জ্ঞান লাভ করা। **চোখ গালা** *ক্রি* চোখ নষ্ট করা; চোখের তারা তুলে ফেলা। **চোখ গেলো** *বি* যে পাখির ডাককে 'চোখ গেলো' শব্দের মতো মনে হয়; ঐরূপ ডাকে যে বিশেষ প্রকার পাখি। **চোখ ঘুরানো/ঘোরানো, চোখ পাকানো** *ক্রি* ১ চোখের তারা ঘুরানো বা পাকানো। ২ চতুর্দিকে ক্রুদ্ধভাবে তাকানো। **চোখ চড়ক গাছে উঠা** *ক্রি* বিস্ময়ে চক্ষু বিস্ফারিত হওয়া। **চোখ ছল ছল করা** *ক্রি* চোখে পানি দেখা দেওয়া; অবরুদ্ধ অশ্রুতে চক্ষু পূর্ণ হওয়া। **চোখ ছাড়ানো** *ক্রি* প্রদাহযুক্ত চোখের পাতা পিচুটিতে বন্ধ হলে সেই পাতা খোলা। **চোখ ছানাবড়া হওয়া** *ক্রি* বিস্ময়ে চোখ বড় হওয়া; অত্যন্ত বিস্মিত বা ভীত অবস্থা হওয়া। **চোখ ঝলসানো** *ক্রি* ১ তীব্র আলোকে চোখ প্রায় অন্ধ হওয়া। ২ রূপে মুগ্ধ হওয়া। **চোখ ঝাঁ ঝাঁ করা** *ক্রি* রৌদ্রকিরণে অথবা তীব্র আলোকে চোখ ঝলসে যাওয়া। **চোখ টাটানো** *ক্রি* ১ চোখে ব্যথা অনুভব করা। ২ ঈর্ষাযুক্ত হওয়া; অপরের উন্নতি ও সমৃদ্ধি দেখে কাতর হওয়া। **চোখ টেপা** *ক্রি* অন্যে না দেখে এরূপভাবে চক্ষুভঙ্গি করে ইঙ্গিত করা; চোখের সাহায্যে ইশারা করা। **চোখ ঠারা** *ক্রি* ১ ইঙ্গিতে প্রবোধ দেওয়া; মিথ্যা স্তোক দেওয়া। ২ চোখ টেপা; বক্র দৃষ্টিতে ইশারা করা। **চোখ দেওয়া** *ক্রি* কুদৃষ্টি বা বদ নজর দেওয়া; ঈর্ষাপূর্ণ বা লোলুপ দৃষ্টি নিক্ষেপ করা। **চোখ নাচা** *ক্রি* চোখের পাতা স্পন্দিত হওয়া এবং সাধারণ বিশ্বাসে তা দিয়ে মঙ্গল ও অমঙ্গল সূচিত হওয়া। **চোখ পড়া** *ক্রি* মনোযোগ আকৃষ্ট হওয়া; মন পড়া। **চোখ পাকানো** *ক্রি* ক্রোধে চোখের তারা ঘুরানো; রাগে চোখ ঘুরানো। **চোখ ফুটা, চোখ ফোটা** *ক্রি* ১ চোখ খুলে দেওয়া। ২ প্রকৃত বিষয় জানানো; সাবধান করে দেওয়া। **চোখ বড় করা** *ক্রি* বিস্মিত হওয়া। **চোখবিঁধুলি** *বি, বিণ* কানা। **চোখ বুজা** *ক্রি* ১ মরা। ২ আমলে না আনা; প্রশ্রয় দেওয়া। **চোখ বুজে থাকা** *ক্রি* ইচ্ছা করে না দেখা; ইচ্ছাপূর্বক উদাসীন থাকা। **চোখ বুলানো, চোখ বোলানো** *ক্রি* কোনো জিনিস ভালো করে না দেখে উপর উপর দেখা; ভাসা ভাসা ভাবে দেখা বা পড়া। **চোখ মটকানো** *ক্রি* ইঙ্গিত করা; ইশারা করা। **চোখ মারা** *ক্রি* এক চোখ বন্ধ করে গোপন কিছু ইঙ্গিত করা। **চোখ রাখা** *ক্রি* ১ সতর্ক থাকা। ২ মনোযোগী হওয়া। ৩ তত্ত্বাবধান করা। **চোখ রাঙানো** *ক্রি* ১ ক্রোধে চোখ লাল করা। ২ ক্রুদ্ধ দৃষ্টি নিক্ষেপ করা। ৩ ক্রোধ প্রদর্শন করা; রাগ দেখানো। ৪ ভয় দেখানো। **চোখ হওয়া** *ক্রি* ১ চোখ মেলা। ২ প্রসন্ন হওয়া। **চোখাচোখি** *বি* ১ সামনাসামনি উপস্থিতি। ২ চোখে চোখে পরস্পর দর্শন। **চোখে আঙুল দিয়ে দেখানো** *ক্রি* প্রমাণ দিয়ে বুঝানো। **চোখে চোখে রাখা** *ক্রি* ১ দৃষ্টি বহির্ভূত হতে না দেওয়া। ২ সজাগ দৃষ্টি রাখা; সতর্ক পাহারায় রাখা। **চোখে ঠুলি দেওয়া** *ক্রি* ১ চোখে ঠুলি দিয়ে দৃষ্টি প্রতিহত করা। ২ না দেখা। ৩ উপেক্ষা করা; উদাসীন হওয়া। **চোখে ধরা** *ক্রি* পছন্দ হওয়া। **চোখে ধুনা দেওয়া, চোখে ধুলা দেওয়া** *ক্রি* ১ প্রকৃত তথ্য গোপন করে ফাঁকি দেওয়া। ২ ঠকানো; প্রতারণা করা। **চোখে মুখে কথা বলা** *ক্রি* ১ বাচালতা করা। ২ বাকপটুতা করা। ৩ মনোভাব গোপন করার জন্য তাড়াতাড়ি কথা বলা। ৪ চালাকি দেখানো। **চোখের চামড়া** *বি* চক্ষুলজ্জা। **চোখের দেখা** *বি* ১ শুধু দর্শন লাভ। ২ শুধু ক্ষণিকের জন্য দেখা; ক্ষণিক দর্শন। **চোখের নেশা** *বি* ১ দেখবার জন্য প্রবল আকাঙ্ক্ষা। ২ কেবল দর্শনেই আনন্দ। **চোখের পর্দা** *বি* ১ চোখের পাতা। ২ লজ্জা। **চোখের পর্দা নাই**—নির্লজ্জ; বেহায়া। **চোখের পলক** *বি* ১ চোখের পাতার পতন। ২ নিমেষ; ক্ষণমাত্র; মুহূর্তকাল। **চোখের পাতা** *বি* চোখের উপরের চামড়া; নেত্রপল্লব। **চোখের বালি** *বি* ১ চোখের পীড়াদায়ক জিনিস। ২ যাকে দেখলে ক্রোধ জন্মে; চক্ষুশূল। **চোখের ভুল** *বি* দৃষ্টিভ্রম; দেখার ভুল। **চোখের মাথা খাওয়া** *ক্রি* দৃষ্টিহানি ঘটা; কানা বা অন্ধ

হওয়া। **চোখে লঙ্কা বাটা দিয়ে কান্না** *ক্রি* জোর করে কান্না। **চোখে লাগা** *ক্রি* ১ চোখে ধরা। ২ বিসদৃশ মনে হওয়া; খারাপ লাগা। ৩ আলো সহ্য করতে না পারা। **চোখে সরষে ফুল দেখা** *ক্রি* বিপদ আপদে মাথা ঘুরে যাওয়া; দিশেহারা হওয়া; বুদ্ধি লোপ পাওয়া। **চোখে সাঁতার পানি**—বেশি মায়াকান্না; মিথ্যা সহানুভূতি। **চোখের সুখ** *বি* প্রিয়দর্শন; দেখে আরাম। **একচোখা** *বিণ* ১ এক পক্ষে দেখে এমন পক্ষপাতী। ২ অবিচারক; পক্ষপাতদুষ্ট। **কটা চোখ, বিড়াল চোখ** *বি* পীতাভ তারকাবিশিষ্ট চোখ। **কুঁচ চোখ** *বি* ক্ষুদ্র গোল চোখ। **কুটুরে চোখ, কোটরে চোখ** *বি* যে চোখ খোলের ভিতর ঢুকে গেছে। **খোলা চোখ** *বি* যে চোখ পরিষ্কার নয়; ঘোলাটে। **টানা চোখ, টানা টানা চোখ** *বি* আয়ত চোখ; দুই কানের দিকে প্রসারিত সৌন্দর্যময় চোখ। **টেরা চোখ** *বি* যে চোখের দৃষ্টির গতি বক্র; যে চোখের দৃষ্টি সোজা নয় বাঁকা; সব কিছুই যে চোখ বাঁকা দেখে; দোষদর্শী চোখ। **টেরা চোখা, টেরা চোখো** *বিণ* চোখ টেরা এমন; দৃষ্টি সোজা নয় এমন; বাঁকা; সবকিছু বাঁকাভাবে গ্রহণ করে এমন; দোষদর্শী; কট্টর সমালোচক। **পটল চেরা চোখ** *বি* পটল লম্বভাবে দুভাগ করলে যেরূপ দেখায় সেরূপ প্রসারিত চোখ; **পানসে চোখ** *বি* ভাসাভাসা ঈষৎ নীল আভাযুক্ত চোখ; সৌন্দর্যময় চোখ। **ভালো চোখে চাওয়া, ভালো চোখে দেখা** *ক্রি* শুভ দৃষ্টি নিক্ষেপ করা; প্রীতিপূর্ণ দৃষ্টিপাত করা; সুনজর রাখা। **মন্দ চোখ** *বি* ১ কুদৃষ্টি; বিরূপ দৃষ্টি। ২ ঈর্ষাপূর্ণ অথবা লালসাপূর্ণ দৃষ্টি। **রাঙ্গা/ রাঙা চোখ, লাল চোখ** *বি* ১ ক্রোধে বা নেশায় রক্তবর্ণ চোখ। ২ মোহাচ্ছন্ন দৃষ্টি। **সাদা চোখ** *বি* ১ স্বাভাবিক সহজ দৃষ্টি। ২ যে দৃষ্টি ক্রোধ বা নেশায় প্রভাবান্বিত নয়। ৩ সংস্কারশূন্য দৃষ্টি বা মন।

চোট *বি* ১ ব্যথা; আঘাত। ২ কোপ; ঘা। ৩ আঘাত বা পতনের জন্য ক্ষত; জখম; বন্দুকের গুলির আঘাত। ৪ তেজ; জোর; শক্তি। ৫ বেগ; তোড়; স্রোত; ধমক। ৬ ক্রোধ; কোপ। ৭ বার; দফা। [তুল. হি. চোট]। **চোটপাট** *বি* ক্রোধ প্রকাশ; ধমকানো; তিরস্কার। **চোট বসানো, চোট মারা, চোট লাগানো** *ক্রি* ১ আঘাত করা। ২ অস্ত্রের কোপ মারা। **আচোট জমি** *বি* অনাবাদি খিল জমি যাতে লাঙল দেওয়া হয়নি। **একচোট** *বি* ১ এক দৌড়। ২ একবার; একদফা।

চোটা[১] *বি* অত্যন্ত বেশি সুদ; দিন হিসাবে মোটা সুদ। [তুল. হি. চৌথা]। **চোটা খাটানো** *বি* দৈনিক বা সাপ্তাহিক নিয়মে অতিরিক্ত সুদে টাকা খাটানো। **চোটা-খোর** *বিণ* চড়া সুদখোর।

চোটা[২] *বি* চিটা গুড়; ঝোলা গুড়। [তুল. হি. চোট]

চোটানো, চোটান *ক্রি* ১ আঘাত দেওয়া; চোট লাগানো। ২ কোপানো। ৩ মাটি কাটা; কোদলানো। [হি.]

চোট্টা *বি* চোর; শঠ; প্রবঞ্চক। [হি.]। **চোট্টামি** *বি* প্রবঞ্চনা; শঠতা; চৌর্য।

চোত *বি* চৈত্র মাস। [স. চৈত্র>]

চোতা, চোঁতা *বি* লেখাযুক্ত কাগজ খণ্ড; স্মারক; টোকা; note। ❑ *বিণ* ১ বাজে; অনাবশ্যক; বাতিল; রদ্দি; ফেলে দেওয়া হয়েছে এমন। ২ তাড়াতাড়ি লিখিত খসড়া; ওঁচা (বিরল)। [স. চ্যুত]। **চোতাদার** *বি* চোতা-বহনকারী।

চোত্তির *বি* চৈত্র মাস।

চোদ্দ, চৌদ্দ *বি* ১৪ সংখ্যা। ❑ *বিণ* ১ ১৪ সংখ্যক। ২ বহু; অনেক। [স. চতুর্দশ>]। **চোদ্দই, চৌদ্দই** *বি* মাসের চৌদ্দ তারিখ। **চোদ্দ চাকার রথ দেখানো** *ক্রি* মুশকিলে ফেলা। **চোদ্দ ঠাঁই, চৌদ্দ ঠাঁই** *বি* অনেক ঠাঁই; বহুস্থান। **চোদ্দ পুরুষ, চৌদ্দ পুরুষ** *বি* ১ পিতা পিতামহাদিক্রমে উর্ধ্বতর চৌদ্দ পুরুষ। ২ পুত্র পৌত্রাদিক্রমে অধঃস্তন চৌদ্দ পুরুষ। ৩ উর্ধ্বতন সাত বা অধঃস্তন সাত; এই চৌদ্দ পুরুষ। **চোদ্দ পোয়া, চৌদ্দ পোয়া** *বি* সাড়ে তিন হাত পরিমিত বিস্তার; শয়ন। **চোদ্দ পোয়া দেওয়া** *ক্রি* দুই পায়ের পাতা সাড়ে তিন হাত দূরে রেখে দাঁড় করিয়ে শাস্তি দেওয়া। **চোদ্দবার, চৌদ্দবার** *বি* অনেকবার; পুনঃপুন। **চোদ্দ শাক** *বি* ১ চৌদ্দ প্রকার শাকের মিশ্রণ। ২ চোদ্দ রকম শাক খাওয়ার উৎসববিশেষ।

চোনা, চোণা *বি* গরুর মূত; গো-মূত্র। **চোনানো** *বি* ১ গরু মহিষ প্রভৃতির মূত্র ত্যাগকরণ। ২ গবাদিকে মূত্র ত্যাগ করানো।

চোপ[১] *বি* অস্ত্রাঘাত; কোপ; চোট। **চোপানো** *বি* ভারী অস্ত্রের আঘাত। ❑ *বিণ, ক্রি* উক্ত অর্থে।

চোপ[২], **চোব** *বি* দণ্ড; লাঠি। [ফা. চূব]

চোপড়া *বি* ছোবড়া।

চোপদার, চোবদার *বি* দণ্ডধর; দণ্ডবাহক; গদাধর; লাঠিয়াল; রাজরাজড়ার আসাসোঁটাবাহী সুসজ্জিত ভৃত্য। [ফা. চূব্‌দার]। **চোপদারি** *বিণ* চোপদার সম্বন্ধীয়।

চোপরাও, চোপরও *অব্য* চুপ থাকো; চুপ করো; আর কথা নয়। [হি. চুপ্‌রহ্‌]

চোপসা, চুপ্‌সা *বিণ* ১ বসা। ২ ভিতরের জিনিস বের হওয়ার দরুন সঙ্কুচিত। **চোপসানো, চুপসানো** *ক্রি* ১ চুষে নেওয়া; রস টেনে আর্দ্র হওয়া। ২ রস বা বায়ু বের হয়ে যাওয়ার ফলে সঙ্কুচিত হওয়া বা চুপসে যাওয়া। ৩ শুষ্ক হয়ে যাওয়া। ৪ নীরস ও শুষ্ক বা সঙ্কুচিত। **চোপসানি, চুপসানি** *বি*।

চোপা, চোপরা *বি* ১ মুখ। ২ মুখের উপর জবাব; বাচালতা; মুখরতা; তর্ক-বিতর্ক। ৩ তিরস্কার; ভর্ৎসনা; নিন্দা। **মাকুন্দ চোপা**—যার মুখমণ্ডলে গোঁফ দাড়ি গজায়নি।

চোপাইয়া *বি* চৌপদী (ঠেটা চোপাইয়া দোহা কহিলা সাধনে—দৌলত)।

চোপানো *ক্রি* তর্জন গর্জন করা; পুনঃপুন আঘাত করা; কোপানো; চোপ মারা। ❑ *বিণ* উক্ত অর্থে। [আঞ্চলিক]

চোবে, চৌবে *বি* ব্রাহ্মণের পদবি; চার বেদে যার অধিকার। [স. চতুর্বেদী>]

চোয়া, চুয়া *ক্রি* বিন্দু বিন্দু বা ফোঁটা ফোঁটা করে পড়া; ক্ষরিত হওয়া; চোয়ানো।

চোয়াড়, চোহাড়, চুয়াড় *বি* ১ চামার; মেথর; ধাঙ্গড়। ২ পার্বত্য নীচ জাতিবিশেষ। ৩ ধোঁকা দিয়ে যারা শিকার করে; কিরাত; ব্যাধ। [উ. চুহড়া; চুড়া]। ❑ *বিণ* অভদ্র; ইতর; বর্বর; গোঁয়ার; অমার্জিত। **চোয়াড়পনা** *বি* ১ গোঁয়ারের মতো ব্যবহার। ২ ব্যাধবৃত্তি। **চোয়াড়ে** *বিণ* অমার্জিত; অসভ্য; চোয়াড়ের মতো।

চোয়াল, চুয়াল *বি* মুখের ভিতর যাতে দাঁত সংলগ্ন থাকে; চিবুকের অস্থি; মাড়ি; হনু; jaw। **চোয়াল ধরা** *ক্রি* চোয়াল আটকে যাওয়া; চিবানোর জন্য মুখ নাড়তে না পারা। **চোয়াল ভাঙা কথা** *বি* বড় বড় কথা; কঠিন কথা।

চোর *বি* গোপনে পরদ্রব্য অপহরণকারী; যে না বলে পরের

দ্রব্য আত্মসাৎ করে; তস্কর। [স. √চুর্+ অ]। **চোরনী, চুন্নি** *স্ত্রী*। **চোরকাঁটা** *বি* ঘাস জাতীয় গুল্মবিশেষ; এর কাঁটা কাপড়ে বিঁধে গেলে খোলা কঠিন; চোরপুষ্পী। **চোর কুঠরি, চোর কুঠুরি** *বি* ১ ঘরের ভিতরের ছোট গুপ্ত ঘর; টাকা পয়সা রাখবার গুপ্ত ঘর। ২ সিঁড়ির নিচের খোপ। **চোরখণ্ডা** (ম-বা) *বি* চোর ও ডাকাত। **চোর চোর খেলা** *বি* বালক-বালিকাদের এক প্রকার খেলা যাতে একজন চোর সেজে পালায় এবং অন্যেরা তাকে ধরতে চেষ্টা করে। **চোর-ছেঁচড়** *বি* চোর ও প্রতারক। **চোর-পাহারা** *বি* শত্রুর আক্রমণ থেকে রক্ষার জন্য গুপ্তভাবে রক্ষিত পাহারা; গুপ্ত পাহারার কাজ। **চোর-প্রপাত** *বি* প্রাচীনকালে যে স্থান থেকে দণ্ডিত চোরকে ফেলে দিয়ে বধ করা হতো। **চোর মরে সাত ঘর মজায়ে**—চোর ধরা পড়লে অনেককে মকদ্দমায় জড়ায়। **চোরে চোরে কুটুম্বিতা**—অসৎ পথের পথিকদের মধ্যে ঘনিষ্ঠতা ও সদ্ভাব। **চোরে চোরে মাসতুতো ভাই**—ব্যবসায় বা বৃত্তিতে নিযুক্ত যারা; সমব্যবসায়ী; এক কাজের কাজি; এক পথের পথিক। **চোরের উপর বাটপাড়ি**—চোরকে প্রতারণাপূর্বক তার দ্রব্য গ্রহণ; চোরকে ঠকিয়ে উপার্জন; চোরকেও প্রবঞ্চনা। **চোরের মায়ের কান্না**—গোপন কান্না; চোর-ছেলের দণ্ডভয়ে তার মায়ের গোপন ক্রন্দন; ধিকৃত হবার ভয়ে জানাতে নিরুপায় ব্যক্তির গোপনে দুঃখ করা; গোপন করা অন্তর্দাহ। **চোরের মার বড় গলা**—১ পৃথিবীতে অতিমাত্রায় অসৎ ব্যক্তির অতিরিক্ত সাধুতার ভান। ২ নিজে অসৎ তা ভালোভাবে জেনেও অন্যের উপর চোটপাট। **গোলাম চোর** *বি* ১ যে খেলোয়াড়ের হাতে লুকানো তাসের জোড়া খেলবার সময়ে বের হয়ে পড়ে। ২ পাকা সিঁধেল চোর নয়; কিন্তু সুবিধা পেলেই কিছু নিয়ে পলায়ন করে এমন চোর। **মনচোর** *বি* গাঢ় অনুরাগের পাত্র। **সিঁধেল চোর** *বি* যে লোক সিঁধ কেটে চুরি করে; যে চুরি বিদ্যায় পাকা এবং অভিজ্ঞ।

চোরা[১] *বি* ১ চোর; তস্কর। ২ অসুরবিশেষ। **চোরা না শুনে/ শোনে ধর্মের কাহিনী**—অসৎ পাপিষ্ঠকে সৎ পথে বা ধর্মের পথে আনবার চেষ্টার নিষ্ফলতা।

চোরা[২] *বিণ* ১ অপহৃত; চোরিত; চুরি করা (বস্তু)। ২ গুপ্ত; অদৃশ্য। ৩ চুরি-সম্বন্ধীয়; চুরিঘটিত; বেআইনি। [বা. চুরি+আ]। **চোরা গর্ত** *বি* বাইরে থেকে দেখে টের পাওয়া যায় না এমন গর্ত; অদৃশ্য গর্ত; অজ্ঞাত বিপদ। **চোরা গলি** *বি* গলির ভিতরের সরু গলি; সঙ্কীর্ণ অন্ধকার গলি; গোপন পথ। **চোরা-গোপ্তা** *বিণ* ১ গোপনে সম্পাদিত। ২ গুপ্ত থেকে আঘাত। **চোরা জমি** *বি* জমিদারের অজানা কর্ষিত জমি। **চোরা ধন, চোরা মাল** *বি* অপহৃত ধন; চুরি করা দ্রব্য; চুরি করা সম্পদ। **চোরা পকেট** *বি* জামার মধ্যে গুপ্ত পকেট। **চোরাপথ** *বি* গুপ্ত পথ। **চোরা-পাহাড়** *বি* সমুদ্রের ভিতরকার অদৃশ্য পাহাড় যাতে ঠেকে জাহাজাদি ভগ্ন হয়। **চোরা বালি** *বিণ* ১ পানির নিচে অদৃশ্য বালির চর যাতে নৌকা প্রভৃতি আটকে যায় বা ভগ্ন হয়। ২ অনির্ভরযোগ্য ও বিপদসঙ্কুল। □ *বি* ১ যে বালির উপরটা দেখতে শক্ত ও নিরাপদ মনে হলেও পঙ্কের অবস্থান হেতু তার উপরে আগত সব কিছুই ক্রমে তলাতে থাকে। ২ অজ্ঞাত; গোপন বিপদ। [তুল. হি. চোরবালু]

চোরাই, চোরাও *বিণ* চুরি করা হয়েছে এমন; চোরিত; অপহৃত।

চোল[১] *বি* ১ তাঞ্জোরের প্রাচীন ভারতীয় রাজবংশবিশেষ। ২ চোল রাজার রাজ্য। [স.]

চোল[২], **চোলিকা, চোলী** *বি* ১ কাঁচুলি। ২ ঘাঘরা। [স.]

চোলাই *বি* ১ চুয়ানো; রাসায়নিক প্রক্রিয়াবিশেষ; পরিস্রুতকরণ; বাষ্পীভূত পানি বকযন্ত্রের দ্বারা অন শীতল পাত্রে গ্রহণ; distillation। ২ তির্যক পাতন; ঊর্ধ্বপাতন।

চোষ, চোষণ *বি* শোষণ। **চোষক** *বিণ* শোষণকারী; চুষে নেয় এমন। **চোষ কাগজ** *বি* যে কাগজ কালি পানি প্রভৃতি তরল পদার্থ সহজে শুষে নেয়; ব্লটিং পেপার; blotting paper। **চোষণীয়, চোষ্য** *বিণ* চুষে খেতে হয় এমন; চুষে খাবার যোগ্য। [স. √চুষ্>]

চোষা, চুষা *ক্রি* শোষণ করা; মুখ দিয়ে চুষে খাওয়া। □ *বি* শোষণ। □ *বিণ* ১ শোষিত; চোষা হয়েছে এমন। ২ শোষণকারী। [স. √চুষ্+ বা. আ]

চোস্ত, চুস্ত *বিণ* ১ আঁটসাঁট; কষা; ঢিলা নয় এমন। ২ প্রাঞ্জল; মসৃণ; চৌকস। ৩ ঋজু; সোজা। ৪ বিশুদ্ধ; খাঁটি; পরিপাটি। ৫ সমতল; সমান। ৬ চালাক; চটপটে। [ফা. চুস্ত]। **চুস্তপুস্ত** *বিণ* আঁটসাঁট পোশাক পরিহিতা। [ফা.]। **চোস্ত-চালাক** *বিণ* তীক্ষ্নবুদ্ধি ও কর্মঠ। [ফা.]

চৌ *বিণ* চার; অন্য শব্দের সঙ্গে যুক্ত হয়ে চার সংখ্যা প্রকাশ করে এমন। [স. চতুঃ>]। **চৌআরি, চৌআড়ি** *বিণ* চার চালযুক্ত; চৌচালী। □ *বি* ১ বিদ্যালয়। ২ চৌদুয়ারি। **চৌকন** *বি* চার পলবিশিষ্ট গদা। **চৌকাঠ** *বি* দরজা-জানালার চারপাশের ফ্রেম যাতে পাল্লা বসানো হয়। [তুল. হি. চৌখট]। **চৌকাঠ না মাড়ানো** *ক্রি* গৃহে পদার্পণ বা প্রবেশ না করা; সম্পর্ক না রাখা; সম্পর্ক ছিন্ন করা। **চৌকুনে** *বিণ* ১ চার কোণবিশিষ্ট। ২ চৌকনধারী। **চৌকোনা** *বিণ* চার কোণযুক্ত; চতুষ্কোণ; চারটি কোণ এমন। **চৌখণ্ডি, চৌখণ্ডী** *বি* ১ চৌকি; চার পায়াযুক্ত খাটুলি; চৌপায়া। ২ চৌচালা ঘর। □ *বিণ* চারখণ্ডে বিভক্ত। **চৌখুপি, চৌখুপী** *বিণ* চার খোপবিশিষ্ট; চেক-কাটা; চতুষ্কোণ ঘর আঁকা। **চৌগুণ** *বিণ* চার গুণ; চার-ডবল। **চৌঘুড়ি, চৌঘুড়ী** *বি* চার ঘোড়া দ্বারা বাহিত গাড়ি; চার ঘোড়ার গাড়ি। **চৌচাকা, চৌচাক্কা** *বিণ* চার চাকাযুক্ত। **চৌচালা** *বিণ* চার চালবিশিষ্ট। □ *বি* চার চালের ঘর; চৌয়াড়ি ঘর। **চৌচির** *বিণ* ১ চার খণ্ডে বা অংশে বিভক্ত। ২ খণ্ড বিখণ্ড; দীর্ণ-বিদীর্ণ। **চৌঠা** *বি* মাসের চতুর্থ দিবস বা তারিখ। □ *বিণ* চতুর্থ। [স. চতুর্থ> প্রা. চুট্‌ঠ]। **চৌতলা, চৌতালা** *বিণ* চারতলাবিশিষ্ট; চারতলা। □ *বি* চতুর্থ তল। **চৌতারা** *বি* ১ চত্বর; অঙ্গন; উঠান। ২ চার তারবিশিষ্ট তানপুরাজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। **চৌতাল** *বি* সঙ্গীতের একটি তালের নাম। **চৌতিশা** *বি* চৌত্রিশ অক্ষরের প্রতিটিকে আদ্যাক্ষর করে রচিত কবিতা। **চৌত্রিশ** *বি* ৩৪ এই সংখ্যা। □ *বিণ* ৩৪ সংখ্যক। [স. চতুস্ত্রিংশৎ>]। **চৌদিক** *বি* চারদিক; সকল দিক। **চৌদিশ** *বি* (পদ্য) চারদিক। **চৌদোল, চৌদোলা** *বি* চতুর্দোলা; এক প্রকার শিবিকা বা পালকি। **চৌপথ** *বি* চৌমাথা; চৌরাস্তা। **চৌপদ** *বিণ* চতুষ্পদ। **চৌপদী** *বি* চার চরণবিশিষ্ট ছন্দবিশেষ। □ *বিণ* চতুষ্পদ; চারপদবিশিষ্ট। **চৌপর, চৌপহর** *বি* চার প্রহর সময়; বারো ঘণ্টা কাল।

❑ *ক্রিবিণ* সমস্ত দিন বা রাত; সর্বক্ষণ। **চৌপল** *বিণ* চার পলযুক্ত; চারকোনা। **চৌপায়া** *বিণ* চার পায়াযুক্ত। ❑ *বি* চার পায়াবিশিষ্ট খাট বা চৌকি। **চৌপালা** *বি* কপাটহীন চৌদোলাবিশেষ; চতুর্দোলা। **চৌবন্দি** *বিণ* চতুর্দিকে ঘেরাও করা; চারদিক আবদ্ধ। **চৌমহলা** *বিণ* চারতলাবিশিষ্ট; চৌতলা। ❑ *বি* চার মহলাযুক্ত বাড়ি। **চৌমাথা, চৌমোহনা, চৌমোহানা, চৌরাস্তা** *বি* ১ চার পথের মিলনস্থল। ২ চারটি নদীর সঙ্গমস্থল। ৩ চৌমাথা। **চৌরাশি** *বি* ৮৪ সংখ্যা; চুরাশি। ❑ *বিণ* ৮৪ সংখ্যক। **চৌরী, চৌয়ারী** *বিণ* চার চালযুক্ত। ❑ *বি* চার চালার ঘর **চৌষট্টি** *বি* ৬৪ সংখ্যা। ❑ *বিণ* ৬৪ সংখ্যক। **চৌষট্টি কলা** *বি* ৬৪ প্রকার কলা বিদ্যা।

চৌকস, চৌকশ *বিণ* ১ চারদিকে দৃষ্টি আছে এমন। ২ সকল বিষয়ে অভিজ্ঞ বা পারদর্শী; সকল বিষয়ে দক্ষ। ৩ চালাক; চতুর; সতর্ক। ৪ কাজের উপযুক্ত। [হি. চৌকস (চৌ=চারি ; চউ) + কস্ (+ গুণ; শক্তি; দক্ষতা)]

চৌকা[১], **চোক**[১] *বি* ১ চারপণ; সিকি কাহন। ২ চক; শহরের চতুষ্পথ; বহু গৃহবিশিষ্ট চতুষ্কোণাকৃতি বাজার। ৩ চার কোণবিশিষ্ট প্রাঙ্গণ।

চৌকা[২], **চৌকো** *বিণ* চার কোণযুক্ত; চতুষ্কোণ। ❑ *বি* উনান। **চার চৌকা** *বিণ* সম চতুষ্কোণ; square।

চৌকি, চৌকী *বি* ১ চার পায়াযুক্ত কাঠের আসন বা খাট; তক্তপোশ। ২ প্রহরী। ৩ ঘাঁটি; পাহারার স্থান। ৪ খাজনা বা কর আদায়ের ঘাঁটি। ৫ পাহারা। [স. চতুষ্কী>]। **চৌকিদার** *বি* ১ যে গ্রামে পাহারা দেয়; প্রহরী। ২ কর আদায় করে যে; পেয়াদা। **চৌকিদারি** *বি* চৌকিদারের পেশা বা কাজ। ❑ *বিণ* চৌকিদার সম্পর্কীয়। **চৌকি দেওয়া** *ক্রি* পাহারা দেওয়া। **চৌকি বসানো** *ক্রি* প্রহরীর দল নিযুক্ত করা।

চৌখণ্ড, চৌখণ্ডী *বি* ১ চার খণ্ডযুক্ত বাড়ি। ২ চার চালাযুক্ত ঘর।

চৌখণ্ডিয়া *বিণ* চার পায়াযুক্ত। ❑ *বি* চার পায়াযুক্ত পিঁড়ি বা খাটলি।

চৌখুরি, চৌখুরী *বি* চার খুরা বা পায়াযুক্ত কাষ্ঠাসন; চৌকি। [প্রা. বা.]

চৌগান *বি* ১ পোলো বা অশ্বারোহণে হকি খেলা। ২ খেলায় ব্যবহৃত কাষ্ঠদণ্ডবিশেষ। [ফা. চউগান]

চৌগোপ্পা *বিণ, বি* দাড়ি দুভাগ করে পরিপাটি করে উপরদিকে গোঁফের সাথে তুলে দেওয়া বা যার দাড়ি এরূপভাবে সাজানো।

চৌঘরি *বি* ঘোড়া নিয়ে একরূপ খেলা; পোলো; চৌগান।

চৌঙকি, চঁওকি (ম-বা) *অক্রি* চমকে। [স. চমক>]

চৌঠা *বি* চতুর্থ দিবস। ❑ *বিণ* চতুর্থ।

চৌথ *বি* ১ এক-চতুর্থাংশ; চারভাগের এক ভাগ। ২ রাজস্বরূপে দেয় মোট আয়ের এক চতুর্থাংশ; প্রজার উপস্বত্বের চতুর্থাংশ। ৩ মারহাট্টারা প্রজা বা পরাজিত রাজাদের নিকট থেকে ফসলের এক-চতুর্থাংশ বা তার মূল্য হিসেবে যে কর আদায় করত। [স. চতুর্থ>]। [তুল. চৌথা-সুদ]।

চৌদশী *বিণ* ১ চতুর্দশী। ২ কৃষ্ণা চতুর্দশী। [স. চতুর্দশী>]

চৌদানি *বি* চার দানা মোতিযুক্ত কানের অলঙ্কার।

চৌদুন *বি* বাদ্যের দ্রুত তালবিশেষ।

চৌধুরী *বি* ১ উপাধিবিশেষ; পদবি। ২ সামন্ত রাজা। ৩ যিনি যুদ্ধের জন্য নৌ হস্তী অশ্ব ও পদাতি এই চার শক্তির অধিকারী। ৪ গ্রামের সর্দার; মোড়ল বা প্রধান। ৫ নগরের সর্বপ্রধান ব্যবসায়ী; বাজার সর্দার। [স. চতুর্ধুরীণ>]। **চৌধুরানী** *স্ত্রী*।

চৌপদী *বি* চারচরণযুক্ত ছন্দ। ❑ *বিণ* চারপদবিশিষ্ট; চতুষ্পদ।

চৌপাঠি *বি* পাঠশালা; টোল। [স. চতুষ্পাঠী>]

চৌপাড়ি, চৌবাড়ি, চুয়াড়ি *বি* পাঠশালা; টোল।

চৌপাশ *বি* চারধার; চারদিক।

চৌবাচ্চা *বি* পানি রাখার চারকোণা আধার; হৌজ। [ফা. চাহ্+বচ্চহ্]

চৌবে *বি* চৌবেদি; ব্রাহ্মণের পদবিবিশেষ। [স. চতুর্বেদী>]

চৌম্বক *বিণ* ১ চুম্বক সম্পর্কিত। ২ আকর্ষক; আকর্ষণ শক্তিবিশিষ্ট। **চৌম্বকী** *স্ত্রী*। [স. চুম্বক+অ]

চৌযুগ *বি* ১ চার যুগ—সত্য ত্রেতা দ্বাপর কলি। ২ চিরকাল; সর্বকাল। [স. চতুর্যুগ >]

চৌয়ারি, চৌয়াড়ি *বি, বিণ* ১ চার চালবিশিষ্ট ঘর; চৌচালা। ২ চতুর্দ্বারী ঘর; বালাখানা। ৩ চৌয়াড়ি; পাঠশালা। [হি.]

চৌর *বি* চোর; তস্কর। [স. চোর+অ]

চৌরঙ্গীবাত *বি* এক প্রকার বাত রোগ।

চৌরদ্ধরণিক *বি* প্রাচীন যুগের নগর; কোতোয়াল; নগরের শান্তিরক্ষা ও চোরের উপদ্রব নিবারণকারী রাজকর্মচারীবিশেষ। [স.]

চৌরস, চৌরশ, চৌরাস *বিণ* ১ চওড়া; প্রশস্ত। ২ সমান; মসৃণ। ৩ চারকোনা। [স. চতুরস্ত্র>]

চৌর্য *বি* অপহরণ; চুরি। **চৌর্যবৃত্তি** *বি* চোরের ব্যবসায় বা পেশা; চোরের কাজ। [স.]

চৌশাল, চৌশালা *বি, বিণ* চক-মিলান বাড়ি।

চৌশিঙা *বি, বিণ* ১ যার চারটি শিং আছে। ২ চার শিংযুক্ত হরিণ।

চৌহদ্দি, চৌহুদ্দি *বি* চারদিকের সীমানা; চতুঃসীমা। [হি চৌ+আ. হদ্দ+বা.ই]

চৌহান *বি* রাজপুত জাতির একটি শাখা। **চৌহানী** *স্ত্রী*।

চ্যবন *বি* ১ ঋষিবিশেষ; ভৃগু মুনির ঔরসে পুলোমার গর্ভে জাত মুনি। ২ ক্ষরণ; পতন। [স.]

চ্যাবনপ্রাশ *বি* এক প্রকার কবিরাজি ওষুধ; কাশ রোগের ওষুধ।

চ্যাঁ, চ্যাঁ চ্যাঁ *অব্য* ১ অনুকার শব্দ। ২ অপেক্ষাকৃত উচ্চ ও ব্যাপক চিৎকার; ক্রন্দনধ্বনি।

চ্যাটাং চ্যাটাং কথা *বি* তীক্ষ্ণ বা রূঢ় কথা।

চ্যান্সেলর *বি* সর্বাধ্যক্ষ; মহাধ্যক্ষ; বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রশাসক। [ই]। **ভাইস চান্সেলার** *বি* উপসর্বাধ্যক্ষ

উপাধ্যক্ষ; উপাচার্য; বিশ্ববিদ্যালয়ের পরিচালক।
চ্যাপটার *বি* পুস্তকের অধ্যায়; পরিচ্ছেদ। [ই.]
চ্যালেঞ্জ *বি* প্রতিদ্বন্দ্বিতায় আহ্বান। [ই.]
চ্যুত *বিণ* ১ ভ্রষ্ট; পড়ে গেছে এমন; পতিত; অধঃপতিত। ২ বহিষ্কৃত; দূরীকৃত; বর্জিত; বিতাড়িত। ৩ ক্ষরিত; গলিত; চুয়ে পড়ছে এমন। ৪ বিচ্যুত; নষ্ট। **চ্যুতা** *স্ত্রী*। **চ্যুতাধিকার** *বিণ* অধিকার থেকে বঞ্চিত। **চ্যুতি** *বি* ১ পতন; ভ্রংশ। ২ ক্ষরণ; গলন। ৩ ধ্বংস; হানি; নাশ। ৪ বহিষ্কার; দূরীকরণ; বিতাড়ন। [স. √চ্যু+ত]

ছ

ছ বাংলা বর্ণমালার সপ্তম ব্যঞ্জনবর্ণ।
ছই, ছৈ *বি* নৌকা ও গরুর গাড়ির অর্ধগোলাকার ছাদ বা চাল। [স. ছদি>]। **ছইওয়ালা** *বিণ* ছইযুক্ত; ছই দেওয়া আছে এমন। **ছইয়াল** *বি* ঘরের আচ্ছাদন দেয় বা ঘর ছায় যে ব্যক্তি।
ছউই, ছয়ই *বি* মাসের ষষ্ঠ দিবস; মাসের ছয় তারিখ। [বা. ছ+ই]
ছক *বি* ১ দাবা পাশা শতরঞ্জ ইত্যাদি খেলবার ঘর; ঐরূপ ঘরযুক্ত বোর্ড ইত্যাদি। ২ নকশা; পরিকল্পনা; পরিকল্পিত কাঠামো বা আদল। **ছক-কাটা** *ক্রি* ১ রেখা টেনে চতুষ্কোণে বিভক্ত ঘর অঙ্কন করা। ২ কিছু করবার পূর্বে বিশদ পরিকল্পনা করা। ☐*বিণ* ১ চতুষ্কোণে বিভক্ত। ২ প্রথানির্দিষ্ট; বিধিবিধান দ্বারা আবদ্ধ। **ছকা** *ক্রি* ১ ছক তৈরি করা; নকশা আঁকা। ২ মুসাবিদা বা খসড়া করা। ৩ পূর্ব-নির্দিষ্ট। **ছকে দেওয়া** *ক্রি* ১ করণীয় কাজের পদ্ধতি স্থির করে দেওয়া। ২ তৈরি করে দেওয়া।
ছকড়া *বি* ১ বাদ্যযন্ত্রবিশেষ। ২ অতি সাধারণ ঘোড়ার গাড়ি। **চকড়া-নকড়া** *বি* ১ অবজ্ঞাসূচক ব্যবহার; তুচ্ছ-তাচ্ছিল্য। ২ বিশৃঙ্খলা। ৩ নগণ্য। ৪ বিশৃঙ্খলা।
ছক্কা[১] *বি* একপ্রকার ব্যঞ্জন; ছোঁকা।
ছক্কা[২] *বি* তাসবিশেষ যাতে ছয় ফোঁটা চিহ্নিত আছে; লুডু খেলায় যা দিয়ে দান দেওয়া হয়। [স. ষট্ক]। **ছক্কা ধরা** *ক্রি* তাস খেলায় জিতের চিহ্ন বিশেষ। **ছক্কাপাঞ্জা** *বি* ছয় পাঁচ ফোঁটা চিহ্নিত তাস। **ছক্কাপাঞ্জা করা, চক্কাই-পাঞ্জাই করা** *ক্রি* বড়াই করা; বড় বড় কথা বলা; প্রতারণা করা। **ছক্কা মারা**—ক্রিকেট খেলায় একসঙ্গে ছয় রানের মার।
ছঙ্গদিল *বি* পাষাণ হৃদয়। [ফা. সঙ্গ্‌দিল]
ছঙ্গ মরমর *বি* মর্মর প্রস্তর। [ফা. সঙ্গ্ মর্মর]
ছচিমচি *বিণ* বিশৃঙ্খলা; বিপর্যস্ত; এলোমেলো। [বা. আঞ্চলিক]
[illegible] *বি* হিন্দুস্তানিদের পর্ববিশেষ; ষষ্ঠী পর্ব। ☐*অব্য* দ্রুত [illegible]থক হওয়ার শব্দ। [স. ষষ্ঠ>]
[illegible]টফট *বি* অস্থিরতা চঞ্চলতা ব্যাকুলতা প্রভৃতি প্রকাশক [illegible]াব। ☐*অব্য* আইটাই; অস্থির; আকুল; ধড়ফড়। **[illegible]টফটানো** *ক্রি* ছটফট করা। ☐*বি* উক্ত অর্থে। **ছটফটানি** *বি* চঞ্চলতা; ব্যাকুলতা; উদ্বেগ। **ছটফট** *বিণ* অস্থির; ব্যাকুল; উদ্বিগ্ন।

ছটরা, ছড়রা, ছররা *বি* বন্দুকের ছোট গুলি; ছিটে গুলি। ☐*বিণ* ছোট ছোট মটর দানাবিশিষ্ট। [হি. ছট+বা. রা]
ছটা *বি* ১ দীপ্তি; আলোক; আভা; দ্যুতি। ২ সৌন্দর্য; শোভা; কান্তি। ৩ সমূহ। ৪ পরম্পরা; ধারা। [স. √ছো+অট+আ]
ছটাক *বি* ১ ওজনের পরিমাণবোধক শব্দ; এক সেরের ষোলো ভাগের এক ভাগ; পাঁচ তোলা। ২ ভূমির পরিমাণবাচক শব্দ; এক কাঠার ষোলো ভাগের একভাগ। [স. ষটটঙ্ক; হি. ছটাক]। **ছটাকি, ছটাকে** *বিণ* ১ এক ছটাক ওজনবিশিষ্ট; ছটাক পরিমাণ। ২ খর্বদেহ অথবা ক্ষুদ্রকায়াবিশিষ্ট।
ছড়[১] *বি* ১ বেহালা এসরাজ ইত্যাদি বাদ্যযন্ত্র বাজাবার জন্য ব্যবহৃত সরু লম্বা তারযুক্ত দণ্ডবিশেষ। ২ লম্বা চিকন তারযুক্ত দণ্ডবিশেষ। [স. ছল্লি>ছড়ড়ি>ছড়ই>ছড়]
ছড়[২] (ম-বা) *বি* ১ চর্ম; চামড়া; বাকল; ছাল। ২ আঁচড়; দাগ; ছড়ে যাওয়া অবস্থা; ক্ষত। [স. ছল্লি>]
ছড়া[১] *বি* ১ গ্রাম্য ক্ষুদ্র পদ্যবিশেষ; বিশেষ ধরনের ছন্দের ক্ষুদ্রাকার কবিতাবিশেষ। ২ শিশুভুলানো বা মেয়েলি কবিতা। ৩ ছড়ি বা মালার আকারবিশিষ্ট বস্তু। ৪ গুচ্ছ। ৫ তরল পদার্থের ছিটা; তরল গোবর। [স. ছটা>]। **ছড়াকাটা** *ক্রি* ১ ছড়া রচনা করে বলা। ২ ছড়া তৈরি করে প্রতিপক্ষকে উত্তর বা প্রত্যুত্তর দেওয়া।
ছড়া[২] *ক্রি* ১ আঁচড়যুক্ত হওয়া। ২ ছাল ওঠা। ☐*বি, বিণ* উক্ত অর্থে।
ছড়াছড়ি *বি* ১ দ্রব্যসমূহের বিশৃঙ্খলভাবে নিক্ষেপ। ২ প্রাচুর্য; আতিশয্য। ৩ অবহেলাজনিত অপচয়।
ছড়াৎ *অব্য* মসৃণ বলে দ্রুত নেমে যাওয়ার সময়ে উদ্ভূত শব্দবিশেষ।
ছড়ানো *ক্রি* ১ বিশৃঙ্খলভাবে নিক্ষেপ বা বিক্ষিপ্ত করা। ২ প্রসারিত করা। ৩ ছিটানো। ৪ বিস্তৃত করা বা হওয়া। ☐*বি, বিণ* উক্ত সকল অর্থে।
ছড়ি, ছড়ী *বি* ১ চিকন লাঠি। ২ মঞ্জরী। **ছড়িদার** *বি* ১ সরু লাঠি ধারণ করে যে। ২ পাণ্ডার ভৃত্য বা অনুচর। **ছড়িভঙ্গ** *বিণ* ছত্রভঙ্গ; বিশৃঙ্খল। **খেজুর ছড়ি** *বি* খেজুরের মঞ্জরী। **ফুলছড়ি** *বি* ফুল দ্বারা তৈরি সরু যষ্টি। [স. যষ্টি> ছড়ি>]
ছতর (সতর) *বি* লজ্জাস্থান। [আ. সতর্]
ছতরি, ছতরী *বি* ১ গাড়ি ইত্যাদির ছাদ বা চাল। ২ নৌকার ছই। ৩ মশারি টাঙাবার কাঠামো বা ফ্রেম। ৪ ছাতা। [স. ছত্র>ছত্তর>ছতর+ই]
ছতিছন্ন *বিণ* নিরাশ্রয়; ছন্নছাড়া। (আঞ্চলিক)।
ছত্র[১] *বি* ছাতা; রোদবৃষ্টি নিবারক আবরকবিশেষ; আতপত্র। [স.]। **ছত্রক, ছত্রাক** *বি* ১ ছাতা। ২ কোঁড়ক; ব্যাঙের ছাতা; mashroom। **ছত্রখান** *বিণ* ছাতার মতো প্রসারিত; ইতস্তত বিক্ষিপ্ত। **ছত্রছান, ছত্রখান হওয়া** *ক্রি* খোলা ছাতার (শিকের) মতো দূরে দূরে ছড়িয়ে পড়া। **ছত্রদণ্ড** *বি* রাজার ছত্র ও দণ্ড; রাজছত্র ও রাজদণ্ড। **ছত্রধর, ছত্রধারী** *বি, বিণ* রাজার ছাতা ধারণ করে যে; ছাতা ধারণকারী। **ছত্রপতি** *বি* ১ মহারাজ; সম্রাট; রাজচক্রবর্তী; রাজা। ২ মারাঠারাজ শিবাজির উপাধি।
ছত্র[২], **ছত্তর** *বি* সত্র; অন্ন খাদ্যদ্রব্য বা পানীয় বিতরণের স্থান। [স. সত্র>]
ছত্র[৩] *বি* ১ পদ্যে পংক্তি বা চরণ; লাইন। ২ সারি। ৩ পদ।

[আ. সত্‌র]। **ছত্রভঙ্গ** *বি* ১ সারি ভাঙা; দলের বিশৃঙ্খলা। ২ অরাজকতা; এলোমেলো; দলচ্যুত।
ছত্রশালা *বি* পাঠশালা। [স.]
ছত্রাক *বি* অপুষ্পক উদ্ভিদবিশেষ; ছাতা; ব্যাঙের ছাতা; fungus।
ছত্রাকার *বিণ* চতুর্দিকে বিক্ষিপ্ত; বিশৃঙ্খলভাবে বিকীর্ণ; এলোমেলো; ছত্রখান; খোলা ছাতার শিকের মতো দূরে ছড়িয়ে পড়া অর্থে। [স.]
ছত্রি[১] *বি* নৌকা প্রভৃতির ছই বা চালা। [স. ছত্র+বা. ই]। **ছত্রিদণ্ড** *বি* ১ ছত্রধারী দণ্ড; মশারি টাঙাবার জন্য ব্যবহৃত লম্বা দণ্ড। ২ নৌকার ছইয়ের দণ্ড।
ছত্রি[২], **ছত্রী** *বি* ক্ষত্রিয় জাতিবিশেষ; ক্ষেত্রী। [স. ক্ষত্রিয়]
ছত্রীসেনা *বি* ছত্র ধারণকারী সৈন্য, প্যারাসুটের সাহায্যে বিমান থেকে নিচে নেমে যুদ্ধ করে এমন সৈন্য।
ছদ *বি* ১ গাছের পাতা; বৃক্ষপত্র। ২ আচ্ছাদন; আবরণ; পোশাক। [স.]। তুল. পরিচ্ছদ।
ছদি *বি* ১ ছাদ; গৃহের চাল। ২ আচ্ছাদন। [স. √ছদ্+ণিচ+অ]
ছদ্ম, ছদ্মন্ *বিণ* ছল; কপট। **ছদ্মবেশ** *বি* আত্মপরিচয় গোপনার্থ পরিধেয় বেশ। **ছদ্মবেশী**(-শিন্) *বিণ* ছদ্মবেশ ধারণ করেছে এমন; ছদ্মবেশধারী। **ছদ্মবেশিনী** *স্ত্রী*. ।[স.]
ছন, ছোন *বি* শণ; ঘরের ছাউনি দেওয়ার জন্য ব্যবহৃত খড়জাতীয় তৃণ। [স. শণ>]
ছনছন *অব্য* সর্দি জ্বর জ্বর ভাব—ঈষৎ অসুস্থতা ইত্যাদি প্রকাশ। [বা. আঞ্চলিক]
ছন্দ, ছন্দঃ *বি* ১ ছাঁদ; পদ্যবন্ধ; রচনানুবন্ধ; মাত্রা বা তাল। ২ পদ্যের রচনারীতি। [স.]। **ছন্দপতন, ছন্দপাত** *বি* ছন্দের ত্রুটি; পদ্যে মাত্রা বা তালের অভাব বা আধিক্য। **ছান্দস** *বিণ*।
ছন্দবদ্ধ, ছন্দোবদ্ধ *বিণ* ১ ছন্দে রচিত। ২ পদ্যবন্ধে রচিত। ❑ *বি* ধ্বনি ও মাত্রার সুষম বাঁধুনি; গঠন পারিপাট্য। [স. ছন্দঃ>]
ছন্দবন্ধ *বি* কল-কৌশল; ফন্দি-ফিকির। **ছন্দে-বন্ধে** *ক্রিবিণ* কলে-কৌশলে; ফন্দি-ফিকিরে; পাকে-প্রকারে।
ছন্ন *বিণ* ১ আচ্ছন্ন; আচ্ছাদিত; আবৃত। ২ লুপ্ত; নষ্ট; বিধ্বস্ত; বিনষ্ট; অপসারিত; দূরীভূত। [স. √ছদ্+ত]। **ছন্নছাড়া** *বিণ* আশ্রয়হীন; নিরাশ্রয়। **ছন্নতা** *বি* ১ আচ্ছন্নতা; মোহ। ২ পাগলামি; বুদ্ধিভ্রষ্টতা। **ছন্নমতি** *বিণ* লুপ্তবুদ্ধি; বুদ্ধিশূন্য; নষ্টবুদ্ধি।
ছন্মন্ *অব্য* চঞ্চল; ব্যাকুল; অস্বস্তিসূচক। **ছন্মনা** *বিণ* চঞ্চল; ব্যাকুল। **ছন্মন্ করা** *ক্রি* উক্ত সকল অর্থে।
ছপছপ *অব্য* জলে বা জলা জায়গায় কোনো প্রকার আঘাতজনিত শব্দ।
ছফ *বি* কাতার; সারি; দীর্ঘ পাটি; দীর্ঘ চাটাই। [আ. সফ্‌ফ]
ছবি[১] *বি* ১ কিরণ; দ্যুতি; দীপ্তি; প্রভা। ২ শোভা; কান্তি; সৌন্দর্য। [স.]
ছবি[২] *বি* ১ প্রতিমূর্তি; প্রতিকৃতি। ২ চিত্র; আলেখ্য। ৩ সিনেমা। [আ. সবীহ্>তসবীর। কিংবা স. √ছো+ই]
ছমছম *অব্য* ভয়ে গায়ের লোম কাঁটা দিয়ে ওঠার ভাব।
ছয়, ছ *বি, বিণ* ৬ সংখ্যা বা ৬ সংখ্যক। [স. ষট্>]
ছয়লাপ, সয়লাব *বিণ* ১ প্লাবিত। ২ আকীর্ণ; পরিপূর্ণ। ৩ সম্পূর্ণ বিনষ্ট বা বিধ্বস্ত। [ফা. সয়লাব]
ছরকট, ছরকোট *বি* ১ বিশৃঙ্খলাপূর্ণ; বিশৃঙ্খলা; বন্দোবস্তের অভাব। ২ ছড়াছড়ি; ইতস্তত বিক্ষেপ। [আঞ্চলিক]
ছল *বি* ১ ছলনা; প্রতারণা; প্রবঞ্চনা; শঠতা; কপটতা; কৌশল; ফাঁদ। ২ উপলক্ষ; প্রসঙ্গ। ৩ রূপ; আকার আকৃতি। ৪ ইঙ্গিত; ইশারা; সংকেত। ৫ছুতা; অছিলা; ভান। ৬ দোষ; অপরাধ; খুঁত। [স.]। ❑ *বিণ* কপট। **ছলগ্রাহী**(-হিন্) *বিণ* ছিদ্রান্বেষী; দোষদর্শী; ত্রুটি সন্ধানকারী। **ছলচাতুরী** *বি* শঠতা; প্রতারণা; কপটতা। **ছলছুতা** *বি* ১ অছিলা। ২ সামান্য ত্রুটি। **ছলধরা** *ক্রি* দোষ ত্রুটি বা খুঁত বের করা। **ছল পাতা** *ক্রি* ফাঁদ পাতা; কৌশল করা। **ছলেবলে** *ক্রিবিণ* গায়ের জোরে অথবা কৌশলে; যেকোনো প্রকারে; কলে-কৌশলে।
ছলকানো *ক্রি* উছলে পড়া; নাড়া খাওয়ার জন্য পাত্র থেকে তরল পদার্থের উপচে পড়া। ❑ *বিণ* উক্ত সকল অর্থে। **ছলকানি** *বি* নাড়া পেয়ে উপচে পড়া। **ছলকে পড়া** *ক্রি* নাড়া পেয়ে উছলে বা উপচে পড়া।
ছলচ্ছল *অব্য* ঢেউয়ের শব্দ। ❑ *বিণ* উচ্ছলিত [স.]
ছলছল *বি* জলস্রোতের শব্দ। ❑ *বিণ* ১ অশ্রুর লক্ষণ প্রকাশ। ২ সজল; জলভরা; আর্দ্র। **ছলছলানি** *বি* ১ জলপ্রবাহের ধ্বনি। ২ অশ্রুপূর্ণতার ভাব।
ছলন, ছলনা *বি* ১ কাপট্য; শঠতা। ২ প্রতারণা; প্রবঞ্চনা; ধোঁকা; ধাপ্পা। [স.]। **ছলিত** *বিণ* প্রতারিত; প্রবঞ্চনা বা ধোঁকা দেওয়া হয়েছে এমন। [স. √ছল্+অন+অ]
ছলবলানো *বিণ* উচ্ছল; স্ফীত; উচ্ছ্বসিত।
ছলম, ছলং *বি* সাপের পরিত্যক্ত গাত্রচর্ম; সাপের খোলস।
ছলা *বি* ছলনা; ছলা; কলা। [স. ছল]। **ছলাকলা** *বি* মন ভুলাবার হাবভাব; শঠতাপূর্ণ হাবভাব; রংঢং। [স. ছল>]। **ছলাকলা করা** *ক্রি* ছলনা বা চাতুরীর আশ্রয় নেওয়া; ধোঁকা দেওয়া।
ছলাৎ *অব্য* ১ তরল পদার্থের পতনজনিত শব্দ। ২ কঠিন পদার্থের সাথে তরল পদার্থের আঘাতের শব্দ।
ছা, ছাও *বি* ১ শাবক; ছানা; ইতর জীবের সন্তান। ২ অল্পবয়স্ক সন্তান; বাচ্চা। [স. শাবক>]। **ছাপোষা** *বিণ* ১ সন্তানের ভরণপোষণ করতে হয় এমন। ২ নিরীহ; দরিদ্র।
ছাই *বি* ১ ভস্ম; কাঠ ইত্যাদি দগ্ধ হবার পর যা অবশিষ্ট থাকে; খাক। ২ অকিঞ্চিৎকর বিষয়; অসার বস্তু; আবর্জনা; জঞ্জাল। ৩ অর্থহীন বিষয়; কিছুই না। [স. ক্ষার>ছার>]। **ছাইকপালে** *বিণ* ভাগ্যহীন; দুর্ভাগা। **ছাই করা** *ক্রি* ১ কার্য পণ্ড করা; কার্য নষ্ট করা। ২ কিছু না করা। **ছাইগাদা** *বি* ছাইয়ের স্তূপ; যেখানে ভস্মাদি স্তূপ করে রাখা হয়। **ছাই-চাপা আগুন** *বি* অন্তরে বিদ্যমান অথচ বাইরে প্রকাশের অসাধ্য এমন বিষয়। **ছাই-চাপা কপাল** *বি* আপাত উহ্য অদৃষ্ট; অপ্রকাশিত ভাগ্য; দুরদৃষ্ট; দুর্ভাগ্য। **ছাইজাবা** *বি* ছাই ও ছাইয়ের মতো বাজে জিনিস। **ছাইপাশ, ছাইভস্ম** *বি* বাজে জিনিস; আবর্জনা বা জঞ্জালের মতো বস্তু; অসার বিষয়। **ছাই ফেলতে ভাঙা কুলা**—তুচ্ছ বিষয়ের জন্য নিয়োজিত তুচ্ছ মাধ্যম; অপ্রয়োজনীয় অপদার্থ ব্যক্তি। **দূর হোক ছাই** *অব্য* বিরক্তি বা উদাসীনতার প্রকাশ। **শত্রুর মুখে ছাই**—অনিষ্টকারী শত্রুর ইচ্ছা অপূর্ণ থাকবার প্রার্থনা।
ছাউনি *বি* ১ সেনানিবাস; সৈন্যদের স্থায়ী আস্তানা। ২ শিবির;

যুদ্ধোন্মুখ সৈন্যদের ঘাঁটি। ৩ আচ্ছাদন। ৪ চাঁদোয়া। ৫ চালা। [স. ছাদানী>]

ছাওয়া *ক্রি* ১ আবৃত করা; আচ্ছাদন করা; ঢাকা। ২ পরিব্যাপ্ত করা। ৩ বিছানা ছড়ানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **ছাওয়ানো** *ক্রি* আচ্ছাদিত করানো। ❑ *বি, বিণ* একই অর্থে।

ছাওয়াল *বি* সন্তান; ছেলে। ❑ *বিণ* ১ শিশু; অল্পবয়স্ক। ২ অর্বাচীন; অল্পবুদ্ধি। [স. শাবক>]

ছাঁইচ, ছাঁচ *বি* চালের ঢালুপ্রান্ত; চাল দ্বারা ঢাকা ঘরের চারপাশ। **ছাঁইচতলা, ছেঁচতলা** *বি* চালের বা ছাতের প্রান্তভাগের নিম্নস্থ গৃহের চতুষ্পার্শ্ব।

ছাঁক-জালি *বি* মাছ ধরবার ক্ষুদ্র জালবিশেষ।

ছাঁকন *বি* বস্ত্রাদি দ্বারা কোনো তরল পদার্থকে শোধন; ছাঁকা।

ছাঁকনা, ছাঁকনি *বি* ১ সছিদ্র পাত্রবিশেষ; ছাঁকবার পাত্র। ২ চালনি। [বা. √ছাঁক>]

ছাঁকা *ক্রি* ১ বস্ত্র ব্লটিং ইত্যাদির সাহায্যে তরল পদার্থ থেকে ময়লা বা কঠিন পদার্থ পৃথক বা দূর করা; পরিষ্কার বা শোধন করা। ২ চালা। ❑ *বি* ছাঁকার বা চালার কাজ। ❑ *বিণ* ১ ছাঁকা হয়েছে এমন। ২ খাঁটি; যথার্থ; সার। ৩ ভেজালশূন্য; বিশুদ্ধ। ৪ সহজলভ্য। ৫ ছাঁকবার জন্য ব্যবহৃত হয় এমন। (আটা-ছাঁকা চালনি)। [স. শাতন>]। **ছাঁকা তেলে ভাজা** *ক্রি* বেশি তেলে ভাজা; ছানতা বা ঝাঁঝরি দিয়ে ছেঁকে তোলা যায় এই পরিমাণ তেলে ভাজা। **ছেঁকে ধরা** *ক্রি* বেষ্টন করা; ঘিরে ধরা; চারদিক থেকে ব্যতিব্যস্ত বা উত্ত্যক্ত করা।

ছাঁচ *বি* ১ ফর্মা; কাঠামো; অনেক বস্তুকে একটা নির্দিষ্ট আকার দেবার জন্য কাষ্ঠাদি নির্মিত ফ্রেম। ২ ধরন; একরূপতা; তুল্যতা; সাদৃশ্য; প্রতিকৃতি। ৩ ছাঁচে তৈরি মিষ্টান্ন (ক্ষীরের ছাঁচ)। [ফা. সায; স. সঞ্চ>]

ছাঁচি *বিণ* দেশী; আসল। **ছাঁচিকুমড়া** *বি* দেশী কুমড়া; চালকুমড়া। **ছাঁচিপান** *বি* একপ্রকার সুগন্ধি পান। **ছাঁচিবেত** *বি* একপ্রকার সরু বেত।

ছাঁট, ছাট *বি* ১ কর্তিত অংশ; টুকরা; বাড়তি অংশ। ২ ছাঁটা বা কাটার পদ্ধতি। ৩ গড়ন। [স. শতি>শাতন>ছাঁট]। **ছাঁটকাট** *বি* ১ ছাঁটাই; অতিরিক্ত অংশ। ২ দরজির কাজে পারিপাট্য। **ছাঁটকাপড়** *বি* কেটে বাদ দেওয়া হয়েছে এমন ছোট কাপড়; টুকরা কাপড়।

ছাঁটা, ছাটা *ক্রি* ১ বাড়তি অংশ কেটে ফেলা; কেটে আকারে ছোট করা। ২ চাল প্রভৃতি কাঁড়ানো। ৩ বর্জন করা; বাদ দেওয়া। ৪ অগ্রাহ্য বা বাতিল করা। ❑ *বি, বিণ* উক্ত সমস্ত অর্থে। [তুল. হি. √ছাঁট]। **ছাঁটাই, ছাঁটানি** *বি* ১ কাটা; কর্তন। ২ বর্জন; বাদ দেওয়া। ৩ অমান্য বা অগ্রাহ্য; বাতিলকরণ। ৪ বরখাস্তকরণ; ছেঁটে ফেলা। ৫ ছেঁটে বাদ দেওয়া বস্তু। **ছাঁটানো** *ক্রি* অন্যের দ্বারা বর্জন বা ছাঁটাই বা বাতিল করা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে।

ছাঁৎ *অব্য* বুকের মধ্যে তীব্র শিহরণের অনুভূতি।

ছাঁদ *বি* ১ ভঙ্গি। ২ ধরন; গঠন; আকৃতি। ৩ আদল। [স. ছন্দ>]

ছাঁদন *বি* ১ বাঁধা বা ঘেরার কাজ; বন্ধন; বেষ্টন; সুসমঞ্জস করা। ২ দোয়ানোর সময়ে গরুর পদ-বন্ধন। [স. ছন্দ>]

ছাঁদনাতলা, ছাদনাতলা *বি* হিন্দু বিয়ের ছায়ামণ্ডপ বা চাঁদোয়া। [স. ছাদন+ বা. আ+ স. তল+বা. আ]

ছাঁদা *ক্রি* ১ ছাঁদন; গুছানো; জড় করা। ২ বাঁধা; দোয়ানোকালে দড়ি দিয়ে গাভীর পিছনের পা দুটি বাঁধা। ৩ ফাঁদা; পত্তন করা। ৪ নিমন্ত্রণে ভোজনশেষে যে খাদ্যবস্তু বেঁধে সঙ্গে নেওয়া হয়।

ছাগ, ছাগল *বি* অজ; পাঁঠা। [স.]। **ছাগী, ছাগলি** *স্ত্রী*। **ছাগল-দাড়ি, ছাগলা দাড়ি** *বি* চিবুকের সামান্য দাড়ি। **ছাগলাদ্যঘৃত** *বি* আয়ুর্বেদীয় ঔষধবিশেষ; নপুংসক ছাগল বা খাসির চর্বি থেকে তৈরি ঘি। **রামছাগল** *বি* খুব বড় ছাগল। ❑ *বিণ* নির্বোধ; মূর্খ।

ছাট *বি* ১ জলের ছিটা; যা বায়ু-বাহিত হয়ে আসে। ২ বেত; ছড়ি। [স. ছটা>]

ছাটনি[১]**, ছিটুনি** *বি* ছিটে বেড়া।

ছাটনি[২]**, ছাঁটনি, ছাঁটন** *বি* কর্তন; ছেটে ফেলান। [স. শাতি>ছাঁট]

ছাড় *বি* ১ বর্জন; পরিত্যাগ। ২ অনুমতি। ৩ মুক্তি। ৪ বিরাম; অবসর; মুক্তি। ৫ খালাস মুক্ত বা গ্রহণ করবার অনুমতিপত্র; ছাড়পত্র। **ছাড়পত্র** *বি* শুল্কমুক্তি বা গমনাগমনের অনুমতিপত্র; স্বীকৃতি। [পা. ছড্ড> ছাড়]

ছাড়া *ক্রি* ১ বর্জন করা; ত্যাগ করা; পরিত্যাগ করা। ২ বদলানো; পরিবর্তন করা। ৩ যাত্রা করা; রওনা হওয়া। ৪ মুক্তি দেওয়া। ৫ দূর হওয়া। ৬ নিষ্কৃতি দেওয়া। ৭ উপেক্ষা করা; বাদ দেওয়া। ৮ শিথিল হওয়া; খোলা। ৯ স্বর উচ্চে তোলা। ১০ ডাকে দেওয়া। ১১ স্পন্দনহীন হওয়া। ১২ প্রসব করা। ১৩ নিক্ষেপ করা। ❑ *বিণ* ১ পরিত্যাগ করা হয়েছে এমন; পরিত্যক্ত। ২ মুক্ত; বন্ধনহীন। ৩ বঞ্চিত। ৪ বর্জিত। ৫ বহির্ভূত। ❑ *বি* ১ উপরোক্ত ক্রিয়ার সব অর্থে। ২ মুক্তি; খালাস; রেহাই। ❑ *অব্য* ব্যতীত। [পা. √ছড্ড >]। **ছাড়া ছাড়া** *বিণ* বিরল; মধ্যে মধ্যে; ফাঁক বা ব্যবধান রাখা; দূর দূর; ফাঁক ফাঁক। **ছাড়ানো**[১] *ক্রি* ১ ত্যাগ বা বর্জন করানো। ২ তাড়ানো। ৩ পরিবর্তন করানো। ৪ মুক্ত হওয়া। ৫ মুক্ত করা; খালাস করা; উদ্ধার করা। ৬ শিথিল বা শ্লথ করা; খোলা। ৭ দূর করা; বাদ দেওয়া। ❑ *বি, বিণ* উক্ত অর্থসমূহে।

ছাড়ানো[২] *বি* মুক্তি; উদ্ধার লাভ; খালাস।

ছাত *বি* অট্টালিকার উপরিস্থ আচ্ছাদন; ছাদ। [স. ছাদ>]

ছাতলা, ছাৎলা, ছ্যাতলা *বি* ১ ছাতা; শেওলার মতো ময়লা। ২ শেওলা। [স. ছাতা (<ছত্রক)+ বা. লা)]

ছাতা[১]**, ছাতি**[১] *বি* রোদ-বৃষ্টি থেকে শরীর রক্ষা করবার আবরণবিশেষ; ছত্র। [স. ছত্র>]

ছাতা[২]**, ছেতো** *বি* ১ কোঁড়ক; ছত্রক; ছত্রাক। ২ ময়লা; ছাতলা। [স. ছত্রক>]। **ছাতা ধরা, ছাতাপড়া** *বিণ* ছাতলাযুক্ত।

ছাতার, ছাতারে *বি* এক প্রকার পাখি।

ছাতি[২] *বি* ১ বুকের পাটা বা বিস্তার; সিনা; বক্ষদেশ। ২ সাহস। **ছাতিপিটা** *ক্রি* বুকে করাঘাত করে শোক প্রকাশ করা। **ছাতিফাটা** *ক্রি* ১ বুক ফাটা; হিংসা দুঃখ বা শোকে হৃদয় বিদীর্ণ হওয়া। ২ পিপাসায় বুক শুকিয়ে যাওয়া। ❑ *বিণ* উপরোক্ত উভয় অর্থে। **ছাতি ফুলানো** *ক্রি* ১ শক্তিমত্তা জাহির করা। ২ গর্ব প্রকাশ করা।

ছাতিম *বি* এক জাতীয় বৃক্ষ; সপ্তপর্ণ বৃক্ষ। [স. সপ্তপর্ণ> সত্তঅন্ন> সাতিঅন্ন> সাতিন> ছাতিম]

ছাতিয়া *বি* বুক; ছাতি।
ছাতু *বি* ১ ভাজা ছোলা গম যব প্রভৃতির চূর্ণ বা গুঁড়া। ২ কিছুই না। ৩ ধ্বংস; বিধ্বস্ত; নাশ। [স. শক্তু>]। **ছাতুখোর** *বি,বিণ* ১ ছাতুভোজী। ২ (ব্য.) হিন্দুস্তানি।
ছাত্র *বি* ১ পড়ুয়া; পাঠার্থী; শিক্ষার্থী। ২ শিষ্য। [স.]। **ছাত্রী** *স্ত্রী*। **ছাত্রজীবন** *বি* শিক্ষার্থীকাল; পাঠ্যাবস্থা। **ছাত্রনিবাস, ছাত্রাগার, ছাত্রাবাস** *বি* ছাত্রদের বাসস্থান; বোর্ডিং; hostel; hall। [স. ছাত্র+ আগার; ছাত্র+ আবাস]। **ছাত্রবৃত্তি** *বি* ১ মেধাবী ছাত্রের ব্যয় নির্বাহার্থ প্রদত্ত আর্থিক পুরস্কার; জলপানি। ২ জলপানির পরীক্ষাবিশেষ। **ছাত্রশালা** *বি* পাঠশালা।
ছাদ *বি* ছাত; চাল; গৃহের উপরিস্থ আচ্ছাদন। [স. √ছদ্+ ণিচ+ অ]। **ছাদক** *বিণ* আচ্ছাদন দেয় বা করে এমন; আচ্ছাদনকারী। ❑ *বি* ছাদ নির্মাণ করে যে; ঘরামি। **ছাদন** *বি* ১ ঘর ছাওয়া; ছাদ নির্মাণ। ২ আবরণ; আচ্ছাদন। ৩ আচ্ছাদনের উপকরণ। **ছাদিত** *বিণ* আচ্ছাদন করা হয়েছে এমন; আচ্ছাদিত; ছাদযুক্ত।
ছানা[১] *বি* অম্লযোগে দুধ বিকৃত করে পানি থেকে পৃথককৃত পিণ্ড। [স. ছিন্নক>]। **ছানাকাটা** *ক্রি* দুধ থেকে ছানা প্রস্তুত করা। **ছানাবড়া** *বি* ছানা থেকে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। ❑ *বিণ* ছানাবড়ার মতো বড়।
ছানা[২] *ক্রি* বার বার মর্দন করা; চটকিয়ে মাখা। ❑ *বিণ* চটকানো; মাখানো।
ছানা[৩] *বি* শাবক; ছা; বাচ্চা। [স. শাবক>]। **ছানা পানা** *বি* শিশু সন্তানগণ; বাচ্চা-কাচ্চা।
ছানি[১] *বি* দৃষ্টিশক্তির ক্ষতিকারক চক্ষুরোগ বা আবরণবিশেষ। [সং. ছন্নিকা; স. ছাদনী>]। **ছানি কাটানো, ছানি তোলানো** *ক্রি* অস্ত্রোপচারের সাহায্যে ছানি তুলে ফেলা। **ছানিপড়া** *ক্রি* চক্ষু-তারকায় আবরণ পড়া।
ছানি[২] *বি* মকদ্দমা পুনর্বিচারের প্রার্থনা বা আবেদন। [আ. সানী= দ্বিতীয়]
ছানি[৩] *বি* ছাউনি; ছাদ। [স. ছাদনী>]
ছানিত *বিণ* ছেঁকে নেওয়া হয়েছে এমন; ছানা।
ছান্দ *বি* বন্ধন; বাঁধন; বেষ্টন। [স. ছন্দ>]
ছান্দস *বিণ* ১ ছন্দ সম্পর্কিত। ২ বেদ থেকে উৎপন্ন। ৩ বেদের অধ্যাপক; বেদাধ্যায়ী। [স.]
ছান্দোগ্য *বি* উপনিষদবিশেষ। [স.]
ছাপ *বি* ১ দাগ; চিহ্ন। ২ মুদ্রণ; মোহর।
ছাপর, ছাপ্পর, ছাপ্পড় *বি* চাল; আচ্ছাদন। [তুল. হি. ছপ্পর]। **ছাপরখাট** *বি* মশারি টাঙানোর ব্যবস্থাবিশিষ্ট বা ফ্রেমযুক্ত খাট। **ছাপর বন্ধি** *বি* ঘরামির কাজ।
ছাপরা *বি* ১ কুঁড়েঘর। ২ ঘর-ছাওয়ানোর খোলা। ৩ বিহারের জেলাবিশেষ। [স. খর্পর> খাপরা >ছাপরা]
ছাপা[১] *ক্রি* মুদ্রিত করা; ছাপানো। ❑ *বি* ১ মুদ্রণ। ২ মুদ্রিত; ছাপানো। **ছাপাই** *বি* ১ মুদ্রণ। ২ মুদ্রণ-খরচা। ❑ *বিণ* মুদ্রণ-সম্পর্কীয়। **ছাপাখানা** *বি* যেখানে পুস্তকাদি ছাপা হয়। **ছাপানো** *ক্রি* মুদ্রিত করানো। ❑ *বি,বিণ* মুদ্রণ।
ছাপা[২] *বিণ* ১ গুপ্ত; লুক্কায়িত; অপ্রকাশিত। ২ অজানা; অগোচর। ❑ *ক্রি* চাপা বা গোপন থাকা; আত্মগোপন করা; ঢাকা থাকা বা পড়া। **ছাপাছাপি** *বি* ১ গোপনীয়তা। ২ গোপন; ঢাকাঢাকি। ৩ সীমা অতিক্রম। ❑ *বিণ* পাত্র পূর্ণ বা অতিক্রম করেছে এমন।
ছাপানো[১] *ক্রি* লুকানো; গোপন করা। ❑ *বি,বিণ* উক্ত অর্থে। **লুকাছাপা** *বি,বিণ* গোপন; লুকানো; লুকোচুরি।
ছাপানো[২] *ক্রি* ১ উপচিয়ে পড়া। ২ কূল তট বা সীমা অতিক্রম করা। ❑ *বি,বিণ* উক্ত সকল অর্থে।
ছাপ্পান্ন *বি,বিণ* ৫৬ সংখ্যা; ৫৬ সংখ্যক। [স. ষট্‌পঞ্চাশৎ>]
ছাফা-মারওয়া *বি* মক্কায় কাবার কাছে দুটি ছোট টিলা—এগুলো হজের সময়ে দর্শন করতে হয়।
ছাবাল-খেলা *বি* ছেলেমানুষি; ছেলেখেলা। [আঞ্চলিক; শাবক+আল> সাওয়াল> ছাবাল]
ছাব্বিশ *বি,বিণ* ২৬ সংখ্যা; ২৬ সংখ্যক। [স. ষড়্‌বিংশতি>]। **ছাব্বিশে** *বি* মাসের ছাব্বিশ তারিখ।
ছায়া *বি* ১ আলোকরশ্মির গতিপথ রুদ্ধ হওয়ার ফলে উৎপন্ন প্রতিবিম্ব। ২ ব্যক্তি বা বস্তুর প্রতিবিম্ব; অশরীরী অবয়ব। ৩ রৌদ্রাভাব। ৪ প্রতিরূপ; একরূপতা; তুল্যতা; সাদৃশ্য। ৫ অন্ধকার। ৬ দীপ্তি; ঔজ্জ্বল্য। ৭ আশ্রয়। ৮ সূর্যপত্নী। [স.]। **ছায়াকর** *বিণ* ১ ছায়া করে এমন। ২ ছত্রধর; ছাতাধারী। **ছায়াকরী** *স্ত্রী*। **ছায়াচিত্র** *বি* ১ সিনেমার ছবি। ২ ফটোগ্রাফ; আলোকচিত্র। **ছায়াচ্ছন্ন** *বিণ* ১ ছায়া দ্বারা আচ্ছন্ন; ছায়ায় ঢাকা। ২ অন্ধকার। **ছায়াতরু** *বি* ১ ছায়াপ্রধান তরু; যে বৃক্ষের ছায়া বহুদূর বিস্তৃত। ২ বটবৃক্ষ। **ছায়াদেহ** *বি* অশরীরী বা কায়াহীন মূর্তি; ভূত। **ছায়ানট** *বি* একটি রাগিণীর নাম। **ছায়াপথ** *বি* পুঞ্জীভূত নক্ষত্রসমূহ বা নীহারিকা দ্বারা প্রস্তুত শুভ্র জ্যোতির্ময় আকাশপথ; আকাশগঙ্গা। **ছায়াপুরুষ** *বি* শূন্যে দৃশ্যমান দেহীর অনুরূপ ছায়া বা প্রতিবিম্বাত্মক মূর্তি। **ছায়াবাজি** *বি* ছায়ার বা ম্যাজিক লণ্ঠনের খেলা। **ছায়ামণ্ডপ** *বি* ১ চাঁদোয়া দ্বারা আবৃত স্থান। ২ ছাদনাতলা। **ছায়াময়** *বিণ* ছায়াবৃত। **ছায়া মাড়ানো** *ক্রি* কাছে যাওয়া; নিকটে যাওয়া। **ছায়ামূর্তি** *বি* ছায়াকৃতি দেহ; বায়বীয় শরীর; অশরীরী কায়া।
ছার *বি* ১ ছাই; ক্ষার; ভস্ম। ২ তুচ্ছ বা নগণ্য লোক। ৩ অসার বস্তু। ❑ *বিণ* ১ অধম; হেয়। ২ তুচ্ছ; নগণ্য। ৩ উৎসন্ন। ৪ অসার। [স. ক্ষার>]। **ছারকপাল** *বি* মন্দভাগ্য; পোড়া কপাল। **ছারকপালি** *স্ত্রী*। **ছারকপালে** *বি,বিণ* হতভাগ্য; অভাগা। **ছারখার, ছারেখারে** *বি* সর্বনাশ; ধ্বংস; অধঃপাত। ❑ *ক্রি,বিণ* উৎসন্ন; বিধ্বস্ত।
ছারপোকা *বি* শয্যাকীট; মৎকুণ; (আঞ্চলিক) উড়শ।
ছার্তক *বি* অশ্বের চলনের ভঙ্গিবিশেষ।
ছাল *বি* ১ চামড়ার উপরিভাগের পাতলা স্তর; ত্বক। ২ চামড়া; চর্ম। ৩ বাকল; বল্কল; খোসা। [স. ছল্লী>]। **ছালট** *বি* গাছের ছাল; বল্কল; বাকল। **ছালটি** *বি* শণ তিসি প্রভৃতির বাকল থেকে তৈরি সুতায় বোনা কাপড়। **ছাল তোলা** *ক্রি* ছাল ছাড়ানো; উপরের আবরণ অপসারণ করা। **ছালপাতলা** *বিণ* অসহিষ্ণু বা স্পর্শকাতর।
ছালওয়া *বি* ১ তিতির পাখির মতো শিকারের পাখিবিশেষ। ২ মধু। [আ. সল্‌ৱা]
ছালন, সালুন *বি* ব্যঞ্জন; তরকারি। [হি. সালন্]
ছালা[১] *বি* ১ বস্তা; থলে। ২ চট।
ছালা[২] *ক্রি* ছাল বা চামড়া উঠানো। ❑ *বি,বিণ* উক্ত অর্থে।
ছালিক্য *বি* নৃত্যবিশেষ।
ছি, ছিঃ, ছ্যাঃ *অব্য* ঘৃণা নিন্দা বা লজ্জাব্যঞ্জক শব্দ। **ছি-ছি, ছ্যা-ছ্যা** *বি* ধিক্কার নিন্দা ঘৃণা বা লজ্জাপ্রকাশ।

ছি-ছি করা, ছ্যা-ছ্যা করা *ক্রি* নিন্দা করা; ধিক্কার দেওয়া; ঘৃণা করা; অপবাদ দেওয়া; লজ্জা দেওয়া।

ছিঁচকা, ছিঁচকে *বিণ* তুচ্ছ বস্তু চুরি করে এমন; সামান্য জিনিসও চুরি করে এমন।

ছিঁচকাঁদুনে *বিণ* অল্পেই কেঁদে ফেলে এমন। **ছিঁচকাঁদুনী** *স্ত্রী.*।

ছিজ্জিন, সিজজীন *বি* মরণান্তর পাপীদের আবাসস্থল; দোজখ; নরক। [আ. সিজীন]

ছিট[১] *বি* ১ ফোঁটা; বিন্দু; দাগ। ২ নকশার ছাপমারা কাপড়। ৩ সামান্য পাগলামি; বাতিক। ৪ লক্ষণ; চিহ্ন; আভাস। [স. চিত্র>তুল. হি. ছিট]

ছিট[২] *বি* ১ টুকরা; খণ্ড। ২ অবশিষ্ট; শেষ। ৩ বিচ্ছিন্ন ফালি বা টুকরা। [হি. ছিট>]

ছিটকানো, ছিটকনো *ক্রি* ১ ছিটানো; বিক্ষিপ্ত করা; ছড়ানো। ২ ঠিকরানো; সজোরে নিক্ষেপ করা বা নিক্ষিপ্ত হওয়া। ৩ বেগে ধাবন; ঠিকরে যাওয়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **ছিটকানি**[১] *বি* ছিটকে পড়া পদার্থ।

ছিটকিনি, ছিটকানি[২] *বি* হুড়কাবিশেষ; দরজা জানালা প্রভৃতি বন্ধ করার খিল বা কীলক।

ছিটা, ছিটে *বি* ১ বিন্দু; ফোঁটা; কণা; সামান্য পরিমাণ। ২ নিক্ষিপ্ত কণা; ছাট। ৩ বন্দুকের ছররা বা ছিটে গুলি। ৪ আফিম-গুলিতে প্রস্তুত মাদক-দ্রব্য। **ছিটাগুলি** *বি* বন্দুকে ব্যবহার্য ছোট ছোট গুলি। **ছিটাছিটি** *বি* পরস্পরের প্রতি ছিটানো। **ছিটাপাড়া** *ক্রি* মন্ত্র পড়ে গায়ে জলের ছিটা দেওয়া; মন্ত্রপূত জল শরীরে নিক্ষেপ করা। **ছিটাফোঁটা, ছিটেফোঁটা** *বি* ১ অতি সামান্য পরিমাণ। ২ অতি সামান্য বা কণিকা পরিমাণ বস্তু। **ছিটাবেড়া** *বি* মাটির প্রলেপ দেওয়া বাঁশের বেড়া। **ছিটা বোনা** *ক্রি* চাষ না করে বীজ ছড়িয়ে দেওয়া। **কাটাঘায়ে নুনের ছিটা**—১ ক্ষতে লবণ দিয়ে যন্ত্রণা বৃদ্ধি। ২ আর্ত হৃদয়ে অপমানাদি প্রয়োগে যন্ত্রণা বৃদ্ধিকরণ।

ছিটানো, ছিটনো *ক্রি* ১ ছড়িয়ে দেওয়া; ছিটা দেওয়া। ২ নিক্ষেপ করা; সেঁচা; ছড়ানো। ❑ *বি* সিঞ্চন; সিক্তকরণ। ❑ *বিণ* সিঞ্চিত।

ছিটে *বি* ফুটি ফুটি চিহ্ন। ❑ *বিণ* ফুটি ফুটি চিহ্নবিশিষ্ট; চিত্র-বিচিত্র।

ছিদ্র *বি* ১ ফুটা; বিবর; ছেঁদা; বিঁধ; রন্ধ্র। ২ দোষ-ত্রুটি। ৩ অবকাশ। [স.]। **ছিদ্রদর্শী** *বিণ* পরের দোষ অনুসন্ধান করে এমন; পরদোষদর্শী। **ছিদ্রানুসন্ধান, ছিদ্রান্বেষণ** *বি* পরের দোষত্রুটির খোঁজখবর। **ছিদ্রানুসন্ধানী, ছিদ্রান্বেষী** *বিণ* ১ পরের দোষ ত্রুটি খুঁজে বেড়ায় এমন। **ছিদ্রিত** *বিণ* ছিদ্র করা হয়েছে এমন। ২ ছিদ্র আছে এমন; ছিদ্রযুক্ত।

ছিনতাই *বি* ছিনিয়ে নেওয়ার কাজ; বলপূর্বক নিয়ে যাওয়া; হাইজ্যাক। [হি.]।

ছিনা, ছিনে *বি* রোগা; ক্ষীণকায়। [স. ক্ষীণ>]। **ছিনাজোঁক, চিনাজোঁক** *বি* সরু জোঁকবিশেষ। ❑ *বি, বিণ* নাছোড়-বান্দা। [আঞ্চলিক]

ছিনানো *ক্রি* কাড়া; জোরপূর্বক কেড়ে নেওয়া; জবর দখল করা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। [স. ছিন্ন> হি. ছীন>]

ছিনালি (ম-বা) *বি* মিথ্যাপ্রণয়, মান-অভিমান, ছলাকলা, চাতুরী করে এমন নারী। [স. ছিন্না>প্রা. ছিন্নাল>]। **ছিনালপনা** *বি* ভ্রষ্টার চাতুরী; মন ভুলাবার ছলাকলা। [স.]

ছিনিমিনি *বি* ১ জলের উপর ঢিল বা খোলামকুচি চালিয়ে খেলাবিশেষ। ২ বেহিসেবিভাবে অর্থ ব্যয়। **ছিনিমিনি খেলা** *ক্রি* নষ্ট করা।

ছিন্ন *বিণ* ১ ছিঁড়েছে এমন; ছেঁড়া হয়েছে এমন। ২ ছেদিত; কর্তিত। ৩ উৎপাটিত; উন্মূলিত; উপড়ানো। ৪ সংযোগভ্রষ্ট; দূরীকৃত; দূরীভূত; নিরাকৃত। [স.]। **ছিন্নদ্বৈধ** *বিণ* সংশয়মুক্ত; দ্বিধামুক্ত। **ছিন্নপক্ষ** *বিণ* ডানা বা পাখা কাটা গিয়েছে এমন। **ছিন্নপ্রায়** *বিণ* প্রায় ছিঁড়ে গেছে এমন; অর্ধছিন্ন। **ছিন্নবিচ্ছিন্ন** *বিণ* ইতস্তত বিক্ষিপ্ত। **ছিন্নভিন্ন** *বিণ* ১ লণ্ডভণ্ড। ২ ইতস্তত বিক্ষিপ্ত। **ছিন্নমস্তক** *বিণ* মস্তকহীন; কর্তিত শির; স্কন্ধ-কাটা। ❑ *বি* কাটা মুণ্ড। **ছিন্নমস্তা** *বি* হিন্দু দেবীবিশেষ; দশমহাবিদ্যার একটি মূর্তি। **ছিন্না** *বিণ স্ত্রী.* 'ছিন্ন' শব্দের সকল অর্থে। ❑ *বি* বেশ্যা; বারবনিতা; গণিকা।

ছিপ[১]**, সিপ** *বি* দ্রুতগামী লম্বা ও সরু নৌকাবিশেষ। [স. ক্ষিপ্র>]

ছিপ[২] *বি* বাঁশ বা কঞ্চি ইত্যাদি থেকে প্রস্তুত মাছ ধরবার বড়শির জন্য ব্যবহৃত দণ্ডবিশেষ। **ছিপছিপে** *বিণ* পাতলা ও লম্বাগড়ন বিশিষ্ট।

ছিপানো, ছিপনো *ক্রি* ১ লুকিয়ে রাখা; গোপন করা। ২ লুকানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [স. ক্ষিপ্র>]

ছিপি *বি* কাঠ কাচ বা সোলায় প্রস্তুত শিশি-বোতলের মুখ বন্ধ করবার গোঁজ; কাক।

ছিবড়া, ছিবড়ে *বি* দ্রব্যের সারহীন অংশ; শিটা।

ছিবলেমি, ছেবলামি *বি* লঘু আচরণ বা স্বভাব; চাপল্য; ছেলেমি; বালসুলভ আচরণ।

ছিমছাম *বিণ* ১ পরিপাটি। ২ সুপরিষ্কৃত; পরিচ্ছন্ন।

ছিয়াত্তর *বি, বিণ* ৭৬ সংখ্যা; ৭৬ সংখ্যক। [স. ষট্সপ্ততি>]

ছিয়ানব্বই, ছিয়ানব্বুই *বি, বিণ* ৯৬ সংখ্যা; ৯৬ সংখ্যক। [স. ষটনবতি>]

ছিয়াশি *বি, বিণ* ৮৬ সংখ্যা; ৮৬ সংখ্যক। [স. ষড়শীতি>]

ছিরি *বি* ১ শ্রী; কান্তি; লাবণ্য। ২ রূপ। ৩ ধরন; ভঙ্গি; প্রকার। ৪ রঙিন পিঠালি দিয়ে প্রস্তুত মাঙ্গলিক দ্রব্য-বিশেষ। [স. শ্রী>] **ছিরিছাঁদ** *বি* শ্রীসৌষ্ঠব; লাবণ্য ও রূপ।

ছিলকা, ছিলকে *বিণ* টুকরা; খণ্ড। ❑ *বি* ১ গাছের ছাল; বল্কল। ২ ফলের পাতলা আবরণ বা খোসা। ৩ চামড়া; ত্বক। [স. ছল্লি>]। **ছিলা, ছিলে** *বি* ধনুকের ছিলা; ধনুকে সুতা দড়ি বা চামড়া দিয়ে যে গুণ প্রস্তুত করা হয় তা; ধনুকের গুণ। [স. ছল্লি>]

ছিলিম, ছিলুম *বি* ১ তামাকের বা গাঁজার কলিকা। ২ এক কলিকা তামাক বা গাঁজা। [তুল. হি. চিলম; চিলিম]

ছিলিমচি *বি* ১ হুঁকার দণ্ডের উপরিভাগ; কলকে বসানোর স্থান।

ছুঁই ছুঁই *অব্য* ছোঁয়া লাগে লাগে এরূপ ভাবপ্রকাশক; সন্নিকটে; অতি কাছে।

ছুঁচ *বি* সুচ; সেলাই করার জন্য ব্যবহৃত ক্ষুদ্রাকার তীক্ষ্ণমুখ শলাকাবিশেষ। [স. সূচি]। **ছুঁচ ফুটানো** *ক্রি* ১ সুচ দ্বারা বিদ্ধ করা। ২ (আল.) মর্মবিদ্ধ করা।

ছুঁচা, ছুঁচো *বি* ১ ইঁদুরজাতীয় প্রাণী; ছুছুন্দরী; গন্ধমুষিক। ২ অসৎ বা ঘৃণিত ব্যক্তি। ❑ *বিণ* খাই-খাই স্বভাববিশিষ্ট; লোভী। [স. ছুছুন্দরী>]। **ছুঁচোবাজি** *বি* ছুঁচার ন্যায় বেগে

ধাবমান আতসবাজি। **ছুঁচো মেরে হাত গন্ধ করা** *ক্রি* তুচ্ছ ব্যক্তিকে শাস্তি দিয়ে অখ্যাতি লাভ করা। **ছুঁচোর কেত্তন** *বি* ১ ছুঁচার চিৎকারের মতো বিরক্তিজনক চেঁচামেচি। ২ অনবরত কলহ। ৩ ছুঁচার বিষ্ঠার মতো জুগুপ্সাজনক অবস্থা; অভাবজাত বিশৃঙ্খল অবস্থা। **বাড়িতে ছুঁচোর কেত্তন, বাইরে কোঁচার পত্তন**—বাড়িতে চরম দরিদ্র অবস্থা বাইরে বড়লোকি প্রদর্শন; প্রকৃত অবস্থা গোপন করে আড়ম্বর প্রদর্শন। **সাপের ছুঁচো গেলা**—১ দুর্গন্ধযুক্ত ছুঁচো গলধঃকরণ কষ্টদায়ক অথচ সাপের পক্ষে তার মুখের গঠনের দরুন কিছুটা গেলা ছুঁচো উদ্গিরণ অসম্ভব। ২ উভয়-সঙ্কট দশা।

ছুঁচালো, ছুঁচলো *বিণ* সুচালো; তীক্ষ্ণাগ্র। ❑*বি* সরু ও গোলাকার অধরোষ্ঠের কুঞ্চিত ভঙ্গিবিশেষ [স. সূচি>]। **ছুঁচালো ধার** *বিণ* সুচের মতো তীক্ষ্ণ ও ধারবিশিষ্ট।

ছুঁড়ি, ছুড়ি *বি* ১ নবযুবতী; ছুকরি; কিশোরী; বালিকা। ২ বালিকা অর্থে তাচ্ছিল্যবাচক শব্দ; ছেমড়ি। [স. ছমণ্ডী>]। ছোড়া *পু*। **ওঠ ছুঁড়ি তোর বিয়ে**—১ বিয়ের কথাবার্তা ও আয়োজন না করে হঠাৎ বিয়ে করার জন্য আহ্বান। ২ (আল.) সম্পূর্ণ অপ্রস্তুত অবস্থায় কাজ করার ডাক।

ছুঁত, ছুঁৎ *বি* ১ স্পর্শজনিত দোষ; স্পর্শদোষে খাদ্যাদির অশুচিতা। ২ ছোঁয়াছুঁয়ির আতিশয্যজনিত রোগবিশেষ। [স. ছুপ্>]। **ছুঁতমার্গ, ছুঁৎমার্গ** *বি* কোনো জাতি স্পর্শ করলে দোষ হয় এ বিশ্বাস বা মত। **ছুঁতমার্গী** *বিণ* ছুঁৎমার্গে বিশ্বাসী। **ছুঁতমার্গীয়, ছুঁৎমার্গীয়** *বিণ* ছুঁতমার্গ সম্বন্ধীয়।

ছুকরি *বি* ছুঁড়ি; বালিকা; কিশোরী। **ছোকরা** *পু*।

ছুছুন্দরী *বি* ইঁদুরজাতীয় প্রাণী; গন্ধমূষিক; ছুঁচো। [স.]। **ছুছুন্দর** *পু*।

ছুট[১] *বি* ১ ছাঁট; যা পরিত্যাগ করা হয়। ২ বাদ; ছাড়; বর্জন। ৩ দৌড়। ৪ বর্জিত।

ছুট[২] *বি* ১ চুল বাঁধবার ফিতা বা দড়ি। ২ পরিধেয় বস্ত্র। [স. সূত্র>]

ছুট[৩] *বি* ফাঁক; অবসর; মুক্তি; ছাড়; ত্যাগ (তুল. দলছুট)।

ছুটকা, ছুটকো *বিণ* ১ হঠাৎ ছিটকে আসা; হঠাৎ আগত। ২ অপ্রধান; টুকিটাকি। ৩ বিক্ষিপ্ত; দল-ছাড়া। ৪ পলাতক। **ছুটকো-ছাটকা** *বিণ* ইতস্তত বিক্ষিপ্ত; গণনার মধ্যে আসে না এমন।

ছুটা *বি* দড়ি; ছোটা। ❑*বিণ* অস্থায়ী। ❑*ক্রিবিণ* পৃথক; আলাদা।

ছুটি *বি* ১ অফিস, স্কুল ইত্যাদিতে নির্দিষ্ট সময়ের অবসান। ২ পর্বাদি উপলক্ষে নির্দিষ্ট কাজের বিরাম। ৩ কর্ম থেকে কিছুকালের জন্য অবসর। ৪ কর্ম থেকে স্থায়ীভাবে অবসর; চির বিদায়। ৫ নিষ্কৃতি; খালাস। [তুল. হি. ছুট্টী]

ছুতা, ছুতো *বি* ১ ছল; অছিলা; ভান। ২ ছিদ্র; খুঁত; দোষ; ত্রুটি। ৩ সামান্য কারণ; তুচ্ছ উপলক্ষ। [স. সূত্র>]। **ছুতানাতা, ছলছুতা** *বি* ১ কোনো সামান্য কারণ বা অজুহাত। ২ সামান্য ত্রুটি।

ছুতার, ছুতোর *বি* ১ সুতার; কাঠমিস্ত্রি; সূত্রধর। ২ হিন্দু পদবিবিশেষ। [স. সূত্রধর>]

ছুপ *বি* রঙের ছোপ; ছোপ। **ছুপ ছুপ** *অব্য* ছপছপ থেকে মৃদু শব্দ।

ছুমন্তর *বি* মন্ত্রপূত ফুঁ; ঝাড়-ফুঁক। [স. ফুঁ/ছুঁ+স. মন্ত্র]। তুচ্ছার্থে।

ছুয়ানি *বি* নৌকা-জাহাজের কর্ণধার; সুকানি; হালী।

ছুরি, ছুরিকা, ছুরী *বি* চাকু; ক্ষুদ্র ছোরা; লোহা বা ইস্পাত নির্মিত ক্ষুদ্র অস্ত্রবিশেষ। [স. ছুরী; ছুরিকা>]। **ছুরি মারা** *ক্রি* ছুরি দিয়ে আঘাত করা; ছুরি বিদ্ধ করা। **গলায় ছুরি দেওয়া** *ক্রি* ১ কণ্ঠে ছুরি দিয়ে আঘাত করা; গলাকাটা। ২ (আল.) সমূহ সর্বনাশ করা; ভীষণ প্রবঞ্চনা করা। **মিছরির ছুরি**—*বি* যে ব্যক্তির মুখে দুধ অন্তরে গরল; মিষ্টি কথায় ভুলিয়ে সাংঘাতিক প্রতারণা; মধুর বাক্যে মুগ্ধ করে যে অন্যের সর্বনাশ করে।

ছুলি, ছুলী *বি* একপ্রকার চর্মরোগ। [স. ছল্লি>]

ছেই-ছেই, ছেইছেই *অব্য* তুচ্ছতাচ্ছিল্য বা ঘৃণাপূর্ণ অবজ্ঞাবোধক।

ছেঁক, ছ্যাঁক *অব্য* গরম তেলে হঠাৎ কিছু পড়লে যে শব্দ হয়। **ছেঁক/ছ্যাঁক খাওয়া** *ক্রি* প্রেম ইত্যাদিতে ব্যর্থ হওয়া। **ছেঁক-ছেঁক** *অব্য* ১ ক্রমাগত ছেঁকশব্দ। ২ শরীরের তাপ বা জ্বরভাব প্রকাশক।

ছেঁকা[১] *বি* শরীরে তপ্ত বস্তুর জ্বালাকর স্পর্শ। **ছেঁকে দেওয়া** *ক্রি* লৌহ শলাকাদি তপ্ত করে শরীরে স্পর্শ করানো।

ছেঁকা[২] *ক্রি* সেঁকা; সামান্য তেল বা ঘিয়ে ভাজা বা সাঁতলানো। ❑*বি, বিণ* উক্ত অর্থে।

ছেঁচকি, ছেচকি *বি* ব্যঞ্জনবিশেষ; তেলে কষিয়ে অল্প পানিতে সিদ্ধ করা ব্যঞ্জন।

ছেঁচড়া[১]**, ছেঁচোড়, ছ্যাঁচড়** *বিণ* ১ ইতরপ্রকৃতির; নিতান্ত নীচ। ২ শঠ; প্রতারক; অসৎ; দুষ্ট। ৩ ঋণশোধ করতে অনিচ্ছুক এমন। [স. ছিত্বর>]। **ছেঁচড়াপনা, ছেঁচড়ামি** *বি* নীচ বৃত্তি।

ছেঁচড়া[২]**, ছ্যাঁচড়া** *বি* মাছের কাঁটা তেল ও শাক-সবজির ঘণ্ট।

ছেঁচা[১] *ক্রি* পেষা; থেঁতলানো; পেষণ করা। ❑*বি* ১ পেষণ; থেঁতলানো বা পিষ্ট বস্তু। ২ পিষ্ট; থেঁতলানো। [ছেঁচ্<স. ছিদ্+ আ]। **ছেঁচানো** *ক্রি* অন্যের দ্বারা পেষণ করা। ❑*বি, বিণ* উক্ত অর্থে।

ছেঁচা[২] *ক্রি* পানি সেচন; সিঞ্চন। [স. সিচ্>]

ছেঁড়া, ছিঁড়া *ক্রি* ১ ফাঁড়া; বিদীর্ণ করা। ২ তোলা; চয়ন করা। ৩ উৎপাটন করা। ৪ দুধ নষ্ট হয়ে ছানা হওয়া। ❑*বিণ* উক্ত সকল অর্থে। [ছিঁড় <স.√ছিদ্+বা. আ] ছেঁড়াখোঁড়া *বিণ*।

ছেঁড়াছিঁড়ি *বি* ১ আঁচড় কামড় দ্বারা পরস্পরকে ক্ষতবিক্ষত করণ। ২ প্রচণ্ড বিবাদ। ৩ পুনঃপুন ছেঁড়া। **ছেঁড়ানো** *ক্রি* অন্যের দ্বারা ছেদন বা উৎপাটন করানো। ❑*বি, বিণ* উক্ত প্রকার অর্থে।

ছেঁদা *বি* ফুটো; ছিদ্র। [স. ছিদ্র>]

ছেঁদে *অক্রি* ১ বেষ্টন করা; ঘের। ২ কৌশলে উত্থাপন করা।

ছেঁদো *বিণ* ১ সাজানো; চাতুর্যপূর্ণ; বাকচাতুর্যময়। ২ তুচ্ছ; নগণ্য; মূল্যহীন। [স. ছন্দ>]

ছেক[১] *বি* বিরাম। [স. ছেদ>, আঞ্চলিক]

ছেক[২] *বি* অনুপ্রাসবিশেষ। [স.]

ছেকড়া, ছ্যাকড়া *বি* ছক্কড়; নিকৃষ্ট শ্রেণীর যানবাহন বা ঘোড়াগাড়ি। [স. শকট>]

ছেচল্লিশ *বি, বিণ* ৪৬ সংখ্যা; ৪৬ সংখ্যক। [স. ষট্চত্বরিংশৎ>]

ছেদ *বি*১ কর্তন; বিচ্ছিন্নকরণ; ছেদন। ২ বিরাম; বিরতি। ৩ ভাগ; খণ্ড; অংশ। ৪ অধ্যায়। ৫ যতিচিহ্ন; দাঁড়ি কমা ইত্যাদি।[স. √ছিদ্+অ]। **ছেদক** *বি,বিণ* ছেদন করে এমন; ছেদনকারী। **ছেদন** *বি* কর্তন; বিচ্ছিন্নকরণ। **ছেদনী** *বি* ছেদন করবার অস্ত্র। **ছেদনীয়, ছেদ্য** *বিণ* ছেদনযোগ্য; ছেদন করা যায় এমন। **ছেদিত** *বিণ* ছেদন করা হয়েছে এমন; কর্তিত; খণ্ডিত; নিহত।

ছেনি *বি* ১ ধাতু বা প্রস্তর ছেদনের যন্ত্রবিশেষ; ছোট বাটালি। ২ ধান কাটবার অস্ত্র; কাস্তে। [স. ছেদনিকা>]

ছেপ, ছ্যাপ *বি* থুথু; নিষ্ঠীবন। [স. সিপ>]

ছেপায়া, সেপায়া *বি* তেপায়া; তিনপদবিশিষ্ট টেবিল। [ফা. সেহ্‌পায়হ্‌]

ছেব *বি* ফলবিশেষ; সেব; আপেল। [ফা. সেব]

ছেবড় *বিণ* ছ্যাবলা; ছেঁচড়।

ছেমড়া *বি*১ পিতৃমাতৃহীন বালক; মা-বাপ খাওয়া ছেলে; অনাথ বালক। ২ বালক; ছোঁড়া; গালি বা তুচ্ছভাবের সম্বোধন। ৩ আত্মসম্মান-বোধহীন হালকা স্বভাবের লোক। [স. ছমণ্ড>; ষষমুণ্ড (গণেশ)> ছমুণ্ড> ছেমড়া, কর্তিত মুণ্ড অসহায় গণেশের মতো অনাথ বালক]। **ছেমড়ি** *বি স্ত্রী.* ১ বালিকা; ছুঁড়ি; নবযুবতী। ২ অসহায় বা আত্মীয়বিহীন নারী। [স. ছমণ্ডী>]

ছেমহেলা, সেমহলা *বিণ* তিন মহল-সমন্বিত। [ফা. সেহ্ +মহল +বা. আ]

ছেমোচাপা *বিণ* ভূতে পাওয়া; ভয়ে অভিভূত; থমথমে। [ছমছম+ উয়া= ছেমো +চাপা; আঞ্চলিক]

ছেয়া *বি*১ ছিন্নাংশ। ২ উদূখল।

ছেয়ানি *বি*১ ছেনি।২ বিচ্ছেদ; বিরতি।[স. ছেদনী>ছেনি]

ছেয়াল *বিণ* ছড়ানো; বাড়ন্ত; বিস্তৃত। [স. শ্রী+হি বালা]

ছেরি (অপ) *বি* ছুঁড়ি; বালিকা; কিশোরী। [ছেলে স্ত্রী. ছেলী> ছেরি]

ছেলে *বি*১ বালক; বাচ্চা; শিশু। ২ পুত্র। ৩ লোক; ব্যক্তি। ❑*বিণ* শিশুসুলভ; বালকসুলভ। [স. শাবক> বা. ছাওয়াল> বা. ছেলে]। **ছেলেখেলা** *বি* ১ শিশুর মতো খেলা। ২ অস্থায়ী ও অকিঞ্চিৎকর অনুষ্ঠান বা কাজ; সহজসাধ্য কাজ। **ছেলেছোকড়া, ছেলেছোকরা** *বি* যুবক শিশু বালক; কিশোর বা তদ্বৎ অল্পবয়স্ক ব্যক্তি। [ছেলে+আ. সোগরা (ছোট)]। **ছেলেধরা** *বি* অল্পবয়স্ক বালক-বালিকা অপহরণ করে যে লোক। **ছেলেপেলে, ছেলেপুলে, ছেলেপিলে** *বি* ১ ছোট ছোট ছেলেমেয়ে। ২ সন্তান-সন্ততি; পুত্র-কন্যা। **ছেলেবেলা** *বি* বাল্যকাল। **ছেলেমানুষ** *বি,বিণ* ১ অল্পবয়স্ক। ২ অনভিজ্ঞ; অপরিণত বুদ্ধি। **ছেলেমানুষি** *বি* বালকসুলভ আচরণ। ❑*বিণ* বালকসুলভ; বালকোচিত। **ছেলেমি, ছেলেমো** *বি* বালকসুলভ আচরণ বা বুদ্ধি। **ছেলেমেয়ে** *বি*১ বালক-বালিকা। ২ সন্তান-সন্ততি; পুত্র-কন্যা। **বেটাছেলে** *বি* পুরুষ ছেলে। **মেয়েছেলে** *বি* নারী; স্ত্রীলোক।

ছৈল, ছৈলা *বি,বিণ*১ শঠ; প্রতারক; ছলনাকারী। ২ নায়ক; নাগর। [ছলিয়া> ছল +ইয়া]

ছোঁ *বি* কামড়; ছোবল; হঠাৎ আক্রমণ।

ছোঁক ছোঁক *অব্য* লোলুপতাজনিত চাঞ্চল্যপ্রকাশক। **মন ছোঁক ছোঁক করা**—কোনো বিষয়ে মন ব্যাকুল হওয়া।

ছোঁকা *বি* ছক্কা; ঘি-সহযোগে (ছয়টি) বিভিন্ন তরকারি যোগে প্রস্তুত ব্যঞ্জন বিশেষ।

ছোঁচা *বি,বিণ* ভোজনের ব্যাপারে নির্লজ্জ ও স্বার্থপর।

ছোঁচানো *ক্রি* মলত্যাগের পর পরিষ্কার করানো; জল শৌচ করা বা করানো। ❑*বি,বিণ* উক্ত অর্থে। [স. শৌচ>+ বা. আনো]

ছোঁড়া *বি* ছোকরা; কিশোর; বালক। [স. ছমুণ্ড>]। **ছুঁড়ি** *স্ত্রী.*।

ছোঁয়া *ক্রি* স্পর্শ করা। ❑*বি* স্পর্শ। ❑*বিণ*১ ছোঁয়া গিয়েছে এমন; স্পৃষ্ট। ২ ছুঁয়েছে বা ছুঁইছুঁই করছে এমন। [স. √ছুপ্+আ]। **ছোঁয়াচ** *বি* ১ স্পর্শ বা স্পর্শের প্রভাব। ২ হানিকর সংস্পর্শ। **ছোঁয়াচে** *বিণ* সংক্রামক; স্পর্শে সংক্রমিত হয় এমন। **ছোঁয়াছুয়ি** *বি*১ বার বার স্পর্শ। ২ পরস্পর স্পর্শ। ৩ স্পর্শজনিত দোষ। **ছোঁয়ানো** *ক্রি* স্পর্শ করা; ঠেকানো। ❑*বি,বিণ* উক্ত অর্থে। **ছোঁয়ালেপা** *বি*১ অস্পৃশ্য বস্তুর বা ব্যক্তির সংস্রব। ২ স্পর্শদোষ।

ছোকরা *বি*১ ছোঁড়া; নব যুবক; কিশোর; বালক। ২ অল্প বয়স্ক চাকর। ❑*বিণ* অপরিণত বয়স্ক। [আ. সোগরা; পু. সগীর]। **ছুকড়ি** *স্ত্রী.*।

ছোট, ছোটো *বিণ*১ কনিষ্ঠ। ২ অপেক্ষাকৃত অল্পবয়স্ক। ৩ ক্ষুদ্র; খর্ব। ৪ হীন; নীচ; হেয়। ৫ সমাজে অবনত। ৬ ক্ষমতায় বা পদমর্যাদায় অপেক্ষাকৃত খাটো। ৭ বিনীত; নম্র। ৮ সংকুচিত। ৯ মর্যাদায় হীন বা নীচ। [স. ক্ষুদ্র>]। **ছোটখাটো** *বিণ* ১ অল্পায়তন; খর্বাকৃতি। ২ নাতিদীর্ঘ। **ছোট মুখে বড় কথা** *বি*১ অবস্থার পক্ষে অশোভন উক্তি। ২ অযথা অহঙ্কার; বৃথা গর্ব। **ছোটলোক** *বি*১ নীচ স্বভাবের বা ইতর প্রকৃতির লোক। ২ অভদ্র বা অসভ্য ব্যক্তি। ৩ অন্ত্যজ বা নীচ কুলের লোক। **ছোটলোকি, ছোটলোকামি** *বি* ছোটলোকের আচরণ। ❑*বিণ* ছোটলোকসুলভ; ইতরজনোচিত। **ছোট-হাজরি** *বি* প্রাতরাশ; নাশতা।

ছোটা[১], **ছুটা** *ক্রি*১ অতি দ্রুত বেগে সামনের দিকে অগ্রসর হওয়া; ধাবিত হওয়া; দৌড়ানো; অতি দ্রুত চলা; প্রবাহিত হওয়া। ২ প্রবলভাবে বের হওয়া। ৩ লোপ পাওয়া। ৪ দূর হওয়া; ছাড়া; মুক্ত হওয়া। ❑*বিণ* উক্ত সকল অর্থে। **ছোটাছুটি, ছুটোছুটি** *বি*১ দৌড়াদৌড়ি। ২ অতি ব্যস্ততা। **ছোটানো** *ক্রি*১ ধাবিত করানো। ২ বেগে প্রবাহিত করানো। ৩ ভাঙা; ভেঙে ফেলা; বিচ্ছিন্ন করা; দূর করা। ৪ বন্ধ করা। ❑*বি,বিণ* উক্ত অর্থে। **মন ছোটা** *ক্রি* প্রচণ্ড আশঙ্কা বা ঝোঁক হওয়া। **মুখ ছোটা** *ক্রি* অনর্গল বিরতিহীন কথা বলা।

ছোড়া, ছোঁড়া *ক্রি*১ ছুড়ে ফেলা; নিক্ষেপ করা। ২ দাগা। ৩ ইতস্তত নিক্ষেপ করা; বিক্ষেপ করা। ❑*বি* উক্ত সকল অর্থে। ❑*বিণ* নিক্ষিপ্ত। **ছোড়ানো** *ক্রি*১ নিক্ষেপ করানো; ত্যাগ করানো; বিক্ষেপ করানো। ২ দাগানো। ❑*বি,বিণ* উক্ত সকল অর্থে।

ছোপ *বি* ১ ছাপ; দাগ; রং; কালির ছোপ। ২ প্রলেপ। **ছোপানো, ছুপানো** *ক্রি* রঞ্জিত করা; রাঙানো ❑*বি* রঞ্জিতকরণ। ❑*বিণ*১ রঙিন; ছাপা। ২ রঞ্জিত।

ছোবড়া *বি*১ ছিবড়া; ফলের আঁশওয়ালা খোসা। ২ রসহীন; শুষ্ক নারিকেলের বহিরাবরণ।

ছোবল *বি*১ সর্পাঘাত; দংশন; খাবল। ২ ছোঁ। [স. কবল>]। **ছোবলানো, ছুবলানো** *ক্রি* ১ দাঁত বা মুখ দ্বারা হঠাৎ আক্রমণ করা; ছোবল মারা। ২ *বিণ* উক্ত অর্থে।

ছোবা *বি* ১ নারকেলের ছোবড়া। ২ মৃৎপাত্র বিশেষ।
ছোরা *বি* আকারে বড় ছুরিবিশেষ।
ছোলঙ্গ, ছোলম *বি* ফলবিশেষ; বাতাবি লেবু।
ছোলা[১] *ক্রি* ১ ছাল ছাড়ানো। ২ ছাঁচা; পরিষ্কার করা। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে। **ছোলানো** *ক্রি* খোসা ছাড়িয়ে নেওয়া। ❑*ক্রিবিণ* উক্ত অর্থে।
ছোলা[২] *বি* ডাল জাতীয় শস্যবিশেষ; চানা; বুট; চণক। [স. চণক>]
ছ্যাবলা, ছেবলা *বিণ* ১ হালকা স্বভাব; লঘুপ্রকৃতি। ২ বাচাল; প্রগল্‌ভ। **ছ্যাবলামি, ছ্যাবলামো** *বি* ছেলেমানুষের মতো হ্যাংলাপনা। [আ. সিফ্‌ল = নীচতা; হীন; ইতর]

জ

জ[১] বাংলা বর্ণমালার অষ্টম ব্যঞ্জনবর্ণ।
জ[২] *বি, বিণ* ⅛ ইঞ্চি পরিমাণকে 'জ' বলে (দুই জ ঘন)। [স. যব>]
-জ জাত; উৎপন্ন (জলজ, পঙ্কজ, মনোজ)। [স. √জন্+অ]
জই *বি* যবজাতীয় শস্য; এক প্রকার বার্লি। [স. যবিমা>, তুল. হি. জই]
জইফ, জঈফ *বিণ* ১ অথর্ব; বৃদ্ধ; জরাজীর্ণ। ২ অত্যন্ত দুর্বল; হীনবল। (আ. য'ঈফ)। **জইফি হাল** দুর্বলতার অবস্থা।
জউ *বি* লাক্ষা; গালা। (স. জতু>জউ]
জও *বি* যব। [ফা. জব, স. যব]
জওজ, যওজ *বি* স্বামী। (আ. যওজ]। **জওজিয়ত** *বি* স্বামিত্ব।
জওয়ান, জোয়ান *বি* ১ যুবক। ২ বলবান ব্যক্তি। ৩ সেনাবাহিনীর সেপাই। ❑*বিণ* তরুণ। [ফা. জওয়ান্]। **জওয়ানি** *বি* ১ যৌবন। ২ যুবা অবস্থা; যৌবনকাল। ৩ তারুণ্য; যৌবনসুলভ তেজস্বিতা।
জওহর, জহর *বি* বহু মূল্যবান প্রস্তর বা মূল্যবান রত্ন। [আ. জওহর, ফা. গওহর]। **জওহরত, জহরত** *বি* মণিরত্নাদি; বহু মূল্যবান প্রস্তরসমূহ।
জ-কার *বি* ১ 'জ' এই বর্ণ। ২ জয়ধ্বনি; জোকার বা উলুধ্বনি। [স. জয়+কার>]
জখম *বি* ১ ক্ষত; ঘা। ২ কঠিন আঘাত; চোট। ৩ ক্ষতি; লোকসান; হানি। ❑*বিণ* আহত; চোটপ্রাপ্ত। [ফা. যখ্‌ম্]। **জখমি, জখমী** *বিণ* ১ আহত; আঘাতপ্রাপ্ত। ২ আঘাত-সংক্রান্ত; আঘাত সম্পর্কিত।
জগ *বি* জগৎ; বিশ্বভুবন। [স. জগৎ>]। **জগজ্জন, জগজন** *বি* পৃথিবীর মানুষ; মানুষ; লোক। [স. জগৎ+জন]। **জগজীবন** *বি* ১ জগতের প্রাণস্বরূপ। ২ বায়ু।
জগজগ *বিণ* প্রদীপ্ত; ঝলমল; ঝকঝক। **জগজগা** *বি* রাংতা প্রভৃতির উজ্জ্বল পাত। **জগজগানো** *ক্রি* ঝকঝক করা; দীপ্তি পাওয়া।
জগজ্জন *বি* পৃথিবীর মানুষ; জগৎবাসী; জগদ্বাসী।
জগজ্জননী *বি* ১ বিশ্বমাতা; জগতের মাতা। ২ পরমেশ্বরী। ৩ হিন্দু দেবী দুর্গা। [স. জগৎ+জননী]
জগজ্জয়ী *বিণ* বিশ্ববিজয়ী; দিগ্বিজয়ী। [স. জগৎ+জয়ী]
জগঝম্প *বি* ১ জয়ঢাক। ২ প্রাচীন রণবাদ্যবিশেষ।
জগৎ *বি* ১ বিশ্ব; ত্রিভুবন; পৃথিবী; ভুবন। ২ সমাজ (সহিত্য জগৎ); লোক। ৩ সংসার। ৪ রাজ্য; অধিকারভুক্ত প্রদেশ বা লোক (মনোজগৎ)। [স.]। **জগৎকারণ** *বি* সৃষ্টিকর্তা; বিশ্বস্রষ্টা; আল্লাহ। **জগৎপতি, জগৎপিতা, জগদীশ, জগদীশ্বর** *বি* পরমেশ্বর; বিশ্বের পালনকর্তা; বিশ্বেশ্বর। [জগৎ+ঈশ্বর]। **জগৎসংসার** *বি* ১ পৃথিবী; মর্ত্যলোক। ২ পৃথিবী ও গার্হস্থ্যজীবন; জগৎ ও বৈষয়িক জীবন। তুল. সমাজে-সংসারে সামাজিক ও ঘরোয়া জীবনে।
জগতি *বি* ১ জগৎকর্তা। ২ সিংহাসন।
জগতী *বি স্ত্রী.* ১ পৃথিবী। ২ পৃথিবীস্থ যাবতীয় সৃষ্টি বা লোক। ৩ বৈদিক ছন্দবিশেষ। [স.]
জগদম্বা *বি* ১ জগতের মাতা। ২ হিন্দু দেবী দুর্গা; কালী। ৩ পরমেশ্বরী। [স. জগৎ+অম্বা]
জগদ্গুরু *বি* বিশ্বের শিক্ষাদাতা; পৃথিবীর গুরু; পরমেশ্বর। [স. জগৎ+গুরু]
জগদ্দল, জগদ্দলন *বিণ* ১ অতিশয় ভারী; নড়ানো দুষ্কর এরূপ; অতি গুরুভার। ২ জগৎ 'দলনকারী; বিশ্ব পীড়নকারী। ❑*বি* ১ যা সহজে নড়ানো যায় না এরূপ; গুরুভার প্রস্তর। ২ স্থানবিশেষ।
জগদ্ধাত্রী *বি* ১ বিশ্বের ধাত্রী বা পালনকর্ত্রী। ২ হিন্দুদেবী দুর্গা। ৩ পরমেশ্বরী। [স. জগৎ+ধাত্রী]
জগদ্বন্ধু, জগবন্ধু *বি* ১ জগতের কল্যাণকারী; জগতের মঙ্গলাকাঙ্ক্ষী; ঈশ্বর। ২ সূর্য।
জগদ্বরেণ্য *বিণ* জগতের শ্রদ্ধার পাত্র। [স. জগৎ+বরেণ্য]
জগদ্বাসী *বিণ, বি* পৃথিবীর মানুষ। [স. জগৎ+বাসী]
জগদ্বিখ্যাত *বিণ* পৃথিবী-বিখ্যাত; বিশ্ব-বিশ্রুত; জগতের সর্বত্র প্রসিদ্ধ। [স. জগৎ+বিখ্যাত]
জগদ্বিধাতা *বি* জগতের পরিচালক; বিশ্ববিধাতা। [স.]
জগদ্বিধান *বি* সংসারের বা পৃথিবীর নিয়ম।
জগদ্ব্যাপী *বিণ* পৃথিবীর সর্বত্র পরিব্যাপ্ত; বিশ্বব্যাপী। [স. জগৎ+ব্যাপী]
জগন্নাথ *বি* ১ জগতের প্রভু; বিশ্বের মালিক। ২ হিন্দুদেবতা বিষ্ণু বা তাঁর অংশাবতার। ৩ পুরীর প্রসিদ্ধ দারুময় বিষ্ণুমূর্তি—মূলত দারুব্রহ্ম ও বৌদ্ধ দেবতা। [স. জগৎ+নাথ]
জগন্নিবাস *বি* ১ যিনি জগতের নিবাস আশ্রয় বা আধার। ২ পরমেশ্বর। ৩ হিন্দু দেবতা বিষ্ণু। [স. জগৎ+ নিবাস]
জগন্মণ্ডল, জগমণ্ডল *বি* ১ পৃথিবী; ভূমণ্ডল। ২ বিশ্বজগৎ; নিখিল ভুবন। [স. জগৎ+মণ্ডল]
জগন্ময়ী *বি স্ত্রী.* সর্বব্যাপিণী বা সর্বত্র বিরাজিতা শক্তি; কালী; আদ্যাশক্তি। [স. জগৎ+ময়ী]
জগন্মাতা *বি স্ত্রী.* ১ বিশ্বজননী; পৃথিবীর মাতা। ২ হিন্দুমতে আদ্যাশক্তি। [স. জগৎ+মাতা]
জগন্মোহন, জগমোহন *বি, বিণ* জগৎমুগ্ধকারী;

ভুবনমোহন। [স. জগৎ+মোহন]। **জগন্মোহিনী** *বিণ স্ত্রী.* বিশ্ববিমোহনকারিণী; ভুবনমোহিনী। [স. জগৎ+মোহিনী]

জগাই-মাধাই *বি* চৈতন্যদেবের সমকালীন নবদ্বীপের কুখ্যাত অধর্মাচারী দুই ব্রাহ্মণ সন্তান, পরে চৈতন্যপ্রভাবে পরম বৈষ্ণব হন।

জগাখিচুড়ি, জগাখিচুড়ী *বি* ১ বিভিন্ন তরিতরকারির সংমিশ্রণে রান্না করা খিচুড়ি। ২ বিভিন্ন বিসদৃশ বস্তুর সংমিশ্রণ বা একত্র সমাবেশ। [সর্বপ্রকার অর্থে জগৎ>জগা+খিচুড়ি]

জগাতী *বি* শুল্ক উসুলকারী; বাধাদানকারী; বিঘ্নসৃষ্টিকারী।

জঘন *বি* ১ স্ত্রীলোকের নিতম্বের সম্মুখভাগ। ২ কোমর; কটিদেশ।

জঘন্য *বিণ* ১ কদর্য; কুৎসিত; নোংরা। ২ ঘৃণিত; গর্হিত। ৩ নীচ; হেয়। [স. জঘন+য]

জঙ, জং *বি* মরিচা। [ফা. জঙ্গ]

জঙ্গ, জঙ *বি* ১ যুদ্ধ; লড়াই। ২ তুমুল কলহ; প্রচণ্ড ঝগড়া। [ফা. জঙ্গ]। **জঙ্গি** *বিণ*। **জঙ্গডিঙ্গা** *বি* যুদ্ধ জাহাজ; রণতরী। **জঙ্গনামা** *বি* যুদ্ধবিবরণ; যুদ্ধ বিষয়ক গ্রন্থ; যুদ্ধকাহিনীসম্বলিত বাংলা কাব্যবিশেষ। **জঙ্গ বাহাদুর** *বিণ* রণকুশল; সমরকুশলী।

জঙ্গম *বিণ* ১ গতিশীল; স্থাবরের বিপরীত; চলমান; সচল। ২ প্রাণবিশিষ্ট। ৩ প্রাণী। **জঙ্গমভূত** *বি* জৈব পদার্থ।

জঙ্গল *বি* ১ বন; অরণ্য। ২ ঝোপঝাড়পূর্ণ স্থান। ৩ আগাছা; ঝোপঝাড়। ৪ নির্জন স্থান। [ফা. জঙ্গল]। **জঙ্গুলে, জঙ্গলিয়া** *বিণ* জঙ্গলপূর্ণ; জঙ্গলময়; আরণ্য; বুনো; অভব্য। [ফা. জঙ্গল+বা. ইয়া]

জঙ্ঘা *বি* হাঁটু থেকে পায়ের গোড়ালি অবধি দেহাংশ। [স. জঙ্ঘা>]

জজ *বি* বিচারক; বিচারকর্তা। **জজপণ্ডিত, জজমৌলবি** *বি* ইংরেজ শাসনের প্রথমদিকে যে সকল পণ্ডিত ও মৌলবি হিন্দু ও মুসলিম আইন-সংক্রান্ত বিষয়ে ইংরেজদেরকে সাহায্য করতেন। **জজিয়তি, জজগিরি** *বি* ১ জজের কাজ; বিচারকার্য। ২ জজের পদ।

জজবা, জযবা *বি* ১ দিব্য ভাবোন্মত্ততা; ভাবাবেগ; ঐশী আবেগ বা অনুভূতি; বাহ্যজ্ঞানশূন্যতা। ২ অনুভূতি। [আ. জযবঃ]

জজিরা, জজীরা *বি* দ্বীপ; উপদ্বীপ। [আ. জযীর]। **জজিরাতুল আরব** *বি* আরব উপদ্বীপ।

জঞ্জাল *বি* ১ আবর্জনা; রাবিশ। ২ আগাছা। ৩ ঝঞ্ঝাট; উৎপাত; উপদ্রব। [হি. জন্‌জাল]

জট *বি* ১ জটা; বিশৃঙ্খলভাবে জড়িয়ে গাঁট হওয়া কেশগুচ্ছ; চাপবাঁধা চুল। ২ গ্রন্থি; গিঁট। ৩ চুল; কেশ। ৪ গাছের বা বটের ঝুরি। ৫ মনের জটিল অবস্থা বা তালগোল পাকানো অবস্থা। [স. জটা>]। **জট পাকানো, জট পড়া, জট বাঁধা** *ক্রি* ১ কেশগুচ্ছ জড়িয়ে গাঁট হওয়া। ২ তালগোল পাকিয়ে জটিলতার সৃষ্টি হওয়া।

জটলা, জটল্লা *বি* ১ অনেক লোকের একক পরামর্শ বা জল্পনা; জোট বেঁধে গল্পগুজব। ২ বহু লোকের সমাবেশ; ভিড়। [স. জটা>জট+বা. লা]

জটা *বি* ১ গ্রন্থি বা জড়ানো অবস্থা। ২ সংহত কেশ; জট; যে চুল জড়িয়ে যাওয়ার ফলে চাপ খেয়ে শক্ত হয়ে গিয়েছে। ৩ কেশর। ৪ গাছের বা বটের ঝুরি। [স.]। **জটাজাল, জটাজুট** *বি* ১ জটাসমূহ; চুলের জটরাশি। ২ চূড়াবাঁধা জটা। **জটাধর, জটাধারী** *বিণ* জট ধারণ করেছে এরূপ। **জটাল** *বিণ* ১ জটাযুক্ত; জটাধারী। ২ বটবৃক্ষ। ৩ সিংহ। ৪ ব্রহ্মচারী।

জটায়ু *বি* রামায়ণে বর্ণিত পক্ষীবিশেষ। [স.]

জটিল *বিণ* ১ কঠিন যা সমাধান করা দুরূহ; উত্তর দেওয়া কষ্টকর এরূপ। ২ জড়ানো; পাকানো; পেঁচানো। ৩ দুর্বোধ্য। ৪ গোলমেলে। ৫ জটাযুক্ত; জটাবিশিষ্ট। ৬ ব্রহ্মচারী। [স.]। **জটিলা** *বিণ স্ত্রী.* ১ কূটবুদ্ধিসম্পন্না। ২ কুঁদুলী। ৩ বধূদের দোষ ধরতে নিপুণা। ❑ *বি* রাধিকার শাশুড়ির নাম।

জটী *বিণ* জটাধারণকারী; জটাধারী; জটাবিশিষ্ট। ❑ *বি* ১ জটাধারী পুরুষ; ব্রহ্মচারী। ২ সিংহ। ৩ বটবৃক্ষ। [স.]

জটুল, জরুড় *বি* জড়ুল; দেহের জন্মগত দাগবিশেষ যা তিলের চেয়ে বড় এবং ক্রমশ লোমশ হয়। [স.]

জঠর *বি* ১ পেট; উদর। ২ পাকস্থলী। ৩ গর্ভাশয়; জরায়ু। [স.]। **জঠরজ্বালা** *বি* তীব্র ক্ষুধাবোধ; ক্ষুধার প্রবল তাড়না। **জঠরাগ্নি, জঠরানল** *বি* ১ প্রবল ক্ষুধা। ২ উদর মধ্যস্থ এক প্রকার রস যদ্দ্বারা ভুক্ত দ্রব্য পরিপাক হয়। ৩ পরিপাক শক্তি। [স. জঠর+অগ্নি, অনল]

জড়[১] *বিণ* ১ অচেতন; চেতনাহীন; নির্জীব। ২ ইন্দ্রিয়গ্রাহ্য; ভৌতিক। ৩ নিষ্ক্রিয়; চেষ্টাশূন্য। ৪ অজ্ঞান; মূর্খ; নির্বোধ। ৫ মোহগ্রস্ত; মূঢ়। ❑ *বি* ১ বস্তুর উপাদান। ২ যে বোধশূন্য; নিষ্ক্রিয় ব্যক্তি। ৩ মূর্খ বা অজ্ঞান ব্যক্তি। ৪ অচেতন পদার্থ। **জড়জগৎ** *বি* ইন্দ্রিয়গ্রাহ্য জগৎ। **জড়তা, জড়ত্ব** *বি* ১ জড়ের ভাব। ২ আচ্ছন্নতা; বুদ্ধি বা চেতনার অভাব। ৩ আড়ষ্টতা বা অস্পষ্টতা। ৪ শিথিলতা। ৫ আলস্য বা অস্বাচ্ছন্দ্যের ভাব। **জড়পদার্থ** *বি* যে সকল বস্তুর চেতনা নেই। **জড়পিণ্ড** *বি* ১ স্থূল জড়পদার্থ। ২ জড়বৎ; নিশ্চেষ্ট ব্যক্তি। **জড়প্রকৃতি** *বি* ১ জড় জগৎ; ভৌতিক জগৎ। ২ অচেতন পদার্থের স্বভাব; নিষ্ক্রিয়তা। ❑ *বিণ* জড়ের প্রকৃতির মতো প্রকৃতিবিশিষ্ট। **জড়বাদ** *বি* আত্মার চৈতন্যময়ত্বে অবিশ্বাস; দেহাত্মবাদ; জড়প্রকৃতির ঊর্ধ্বে আত্মার কোনো স্বতন্ত্র অস্তিত্ব নেই এই মত; materialism। **জড়বাদী** *বি,বিণ* যাঁরা আত্মার চৈতন্যময়তা স্বীকার করেন না; নৈয়ায়িক; materialist।

জড়ভরত *বি* পৌরাণিক রাজাবিশেষ। ❑ *বিণ* ১ কুঁড়ে; অকর্মণ্য; নিরুদ্যম; নিষ্ক্রিয়। ২ স্থূলবুদ্ধি ও জড়ভাবাপন্ন ব্যক্তি। ৩ আড়ষ্ট বা জবুথবু। **জড়সড়** *বিণ* ১ ভীত ও আড়ষ্ট। ২ সংকুচিত; গুটিসুটি।

জড়[২]**, জড়ো** *বিণ* ১ একত্র সমবেত। ২ একত্রীকৃত; স্তূপীকৃত। [স. জট>]

জড়[৩] *বি* ১ শিকড়; মূল। ২ আদি কারণ; গোড়া। ৩ বিষাক্ত বা বিশেষ প্রতিষেধক মূল বা শিকড়। **জড় মারা** *ক্রি* ১ মূল বা শিকড় তুলে ফেলা। ২ আদি কারণ ধ্বংস করা; মূল নষ্ট করা।

জড়া *বি* জট। ❑ *বিণ* জড়িয়ে গেছে এমন; গায়ে গায়ে লাগা (জড়া ভাত, জড়া সেমাই)। **জড়াজড়ি** *বি* ১ আলিঙ্গন; গলাগলি। ২ জাপটা-জাপটি। ❑ *বিণ* বিশেষ ঘনিষ্ঠ; পরস্পর সংহত।

জড়ানো *ক্রি* ১ বেষ্টন বা আলিঙ্গন করে ধরা। ২ বেষ্টিত করা। ৩ মোড়া বা আবৃত করা। ৪ গুটানো। ৫ মাখানো বা মেশানো। ৬ লিপ্ত বা সংশ্লিষ্ট হওয়া বা করা। ৭ অস্পষ্ট বা আড়ষ্ট হওয়া। ৮ অবশ হওয়া (হাত পা জড়ানো)। ৯ পিণ্ডীকৃত হওয়া (ভাত জড়ানো)। **জড়ানো পট** *বি* সরু ও লম্বা মাদুরের মতো গোটানো হাতে-আঁকা ছবি— যাতে নানা ধরনের কাহিনী বর্ণিত থাকে।

জড়াপটকি *বি* তালগোল; অদ্ভুত জট।

জড়ি *বি* ঔষধ বা তাবিজরূপে ব্যবহারের শিকড়। [স. জটা তুল. >হি. জড়]। **জড়িবুটি** *বি* ১ শিকড় বা জড় থেকে প্রস্তুত ঔষধের বটিকা। ২ টোটকা ঔষধ। [স. বুটি<বটিকা]

জড়িত *বিণ* ১ সংক্রান্ত; সংশ্লিষ্ট; সংলগ্ন। ২ লিপ্ত; ব্যাপৃত। ৩ যুক্ত; মিশ্রিত (ভয়জড়িত)। ৪ জড়তাপূর্ণ; অস্বচ্ছন্দ; কুণ্ঠাযুক্ত। ৫ খচিত। ৬ বেষ্টিত বা আবদ্ধ (ঋণে জড়িত)। ৭ অস্পষ্ট; আড়ষ্ট।

জড়িমা *বি* ১ জাড্য; জড়তা। ২ অস্পষ্টতা। ৩ আচ্ছন্নতা; ঘোর; আবেশ। [স.]

জড়ীভূত *বিণ* ১ জড়তায় আচ্ছন্ন; জড়তাপ্রাপ্ত; জড়সদৃশ অবস্থাবিশিষ্ট। ২ নিতান্ত স্ফূর্তিরহিত; নিরুদ্যম; নিশ্চেষ্ট। ৩ বিজড়িত; সমাচ্ছন্ন। [স.]

জড়ুল *বি* দেহে বড় কালো তিল; জন্মদাগ। [স. জটুল>]

জড়োপাসক *বি,বিণ* জড়প্রকৃতি তথা অচেতন পদার্থের উপাসনাকারী; প্রকৃতির উপাসক। [স. জড়+উপাসক]। **জড়োপাসনা** *বি* জড়প্রকৃতির উপাসনা; প্রকৃতি পূজা। [স.]

জড়োয়া *বি* ১ মণিমুক্তা বা মূল্যবান প্রস্তরাদি খচিত অলঙ্কার। ২ মণিমুক্তাজড়িত বা খচিত। [হি.]

জতু *বি* ১ লাক্ষা; গালা; জউ। ২ আলতা। [স.]। **জতুগৃহ** *বি* লাক্ষা বা গালা দিয়ে প্রস্তুত ঘর। **জতুরস, জতুরাগ** *বি* ১ আলতা; লাক্ষাজাত লাল রঙ। ২ আলতা-রঙিন। [স.]

জন *বি* ১ লোক; ব্যক্তি; মানুষ। ২ কামলা; মজুর; শ্রমিক। ৩ গণ; সমূহ। ৪ গোষ্ঠী বা সম্প্রদায়। ৫ ব্যক্তির সংখ্যা নির্দেশক। ৬ সাধারণ মানুষ বা সর্বসাধারণ; মানব সমাজ। [স.]। **জন খাটানো** *ক্রি* শ্রমিক দ্বারা কাজ করানো। **জনচক্ষু** *বি* ১ লোকচক্ষু। ২ সূর্য। **জনজৌলুস** *বি* লোকজন বা অনুচরাদির সমারোহ বা জাঁকজমক বা ঘটা। **জনতন্ত্র** *বি* জনসাধারণ কর্তৃক নির্বাচিত জন প্রতিনিধিদের দ্বারা শাসন ব্যবস্থা; গণতন্ত্র; republic। **জননেতা, জননায়ক** *বি* জনসাধারণের পরিচালক। **জনপদ** *বি* ১ লোকালয়; লোকের বসতিস্থান। ২ গ্রামদেশ; দেহাত; মফস্বল। ৩ দেশ; রাজ্য। **জনপ্রবাদ** *বি* যে কথা বহুদিন ধরে লোকমুখে চলে আসছে; জনশ্রুতি; কিংবদন্তি। **জনপ্রিয়** *বি,বিণ* দশজনে যাকে ভালোবাসে; লোকপ্রিয়; popular। **জনবল্লভ** *বি,বিণ* জনসাধারণের ভালোবাসার পাত্র; লোকপ্রিয়। **জনবহুল** *বিণ* বহুলোকে পূর্ণ; জনসমাকীর্ণ। **জনবিরল** *বিণ* খুব কম লোক আছে এমন। **জনমজুর** *বি* শ্রমিক; কামলা; শ্রমসাধ্য কাজ করবার লোক। **জনমত** *বি* জনসাধারণের অভিমত। **জনরব** *বি* গুজব; লোকমুখে প্রচারিত কথা; যে কথা লোকপরম্পরায় রটে। **জনশিক্ষা** *বি* জনসাধারণের জ্ঞানবৃদ্ধির জন্য প্রচারিত শিক্ষা। **জনশূন্য** *বিণ* লোক বাস করে না এমন; মনুষ্যরহিত; নির্জন। **জনশ্রুতি** *বি* ১ লোকপ্রবাদ; কিংবদন্তী। ২ রটনা; জনরব। **জনসমাজ** *বি* মানবসমাজ; পরস্পর সম্মিলিত মনুষ্যগোষ্ঠী। **জনসমুদ্র** *বি* বিপুল জনতা; বিরাট জনসমাবেশ। **জনসাধারণ** *বি* ১ সাধারণভাবে সমস্ত লোক; দেশের ইতরভদ্র সকল শ্রেণীর লোক; public। ২ সাধারণ ব্যক্তি। **জনসেবা** *বি* সর্বসাধারণের সেবাযত্ন। **জনস্থান** *বি* ১ লোকের বসতিস্থান; লোকালয়। ২ দণ্ডকারণ্যের একটি স্থান। **জনস্রোত** *বি* চলমান বহুলোকের প্রবাহ; জনপ্রবাহ। **জনহিত** *বি* সর্বসাধারণের কল্যাণকর। **জনহীন** *বিণ* লোকশূন্য; নির্জন; বিজন।

জনক *বি* ১ জন্মদাতা; বাপ। ২ রামায়ণোক্ত সীতার পিতা। ❑ *বিণ* ১ উৎপাদক; বিধায়ক; কারক (আনন্দজনক)। [স.]। **জননী, জনিকা** *স্ত্রী.*। **জনক-জননী** *বি* বাপ-মা; জন্মদাতা ও জন্মদাত্রী।

জনতা *বি* ১ অনেক লোকের সমাবেশ। ২ জনসাধারণ।

জননী *বি* ১ মাতা; গর্ভধারিণী; প্রসূতি; জন্মদাত্রী। ২ উৎপাদিকা; উৎপাদনকারিণী। [স.]

জননীয় *বিণ* জননযোগ্য; উৎপাদনের উপযুক্ত; উৎপাদনীয়। [স.]

জননেন্দ্রিয় *বি* যে ইন্দ্রিয়ের দ্বারা সন্তান জন্ম দেওয়া হয়; নারীপুরুষের জননযন্ত্র; উপস্থ; শিশ্ন; যোনি। [স. জনন+ইন্দ্রিয়]

জনম *বি* জন্ম। [স. জন্ম>জনম, স্বরভক্তির ফলে]

জনয়িতা *বি* ১ উৎপাদক। ২ জনক; পিতা; জন্মদাতা; জন্মদানকারী। **জনয়িত্রী** *স্ত্রী.*। [স.]

জনা *বি* ১ জন; ব্যক্তি লোক। ২ প্রাণী; জীব। ৩ নারীর নামবিশেষ; নীলধ্বজ রাজার পত্নী। ৪ ব্যক্তি বা মাথা গুণতির হিসাব। [স. জন]

জনাকীর্ণ *বিণ* জনবহুল; বহুলোক আছে এমন; জনসংকুল। [স. জন+আকীর্ণ]

জনান্তিক *বি* ১ লোকের নিকট; জনের সমীপ। ২ লোকের সম্মুখে অথচ অন্যলোক শুনতে না পায় এরূপ সংলাপ। [স. জন+অন্তিক]। **জনান্তিকে** *ক্রিবিণ* একপার্শ্বে; নেপথ্যে বা স্বগত; aside।

জনাব *বি* সম্মানসূচক 'মি' বা 'শ্রী'-র মতো সাধারণভাবে নারীপুরুষ নির্বিশেষে ব্যক্তিনামের পূর্বে ব্যবহৃত সম্মানসূচক সম্বোধনবিশেষ; মহাত্মা; মহাশয়; মাননীয়; ভদ্রলোক। [জনাব শব্দটি আরবি বটে, তবে ফারসি ভাষায় ইরানে নিত্য ব্যবহৃত; জনাব শব্দটি সংস্কৃত ভাষাতেও আছে, সেখানে তার অর্থ জনপ্রতিনিধি]। ব্রিটিশ ভারতে মুসলিম ভদ্রলোকদের সম্বোধনের জন্য জনাবের পরিবর্তে ব্যবহৃত হতো মৌলবী (মৌলবী এ. কে. ফজলুল হক)। **জনাবে আলি, জনাব আলী** *বি* (সম্বোধন সূচক) মান্যবর; মহামান্য; Your Excellency। [আ. জনাব-ই-আলী]।

জনারণ্য *বি* বনে ঘন সন্নিবিষ্ট বহু বৃক্ষের মতো সুপ্রচুর জনতার একত্র অবস্থান; দণ্ডায়মান লোকের ভিড়; নিবিড় ও দুর্ভেদ্য জনতা। [স. জন+অরণ্য]

জনার্দন *বি* হিন্দু পুরাণোক্ত জন নামের অসুরকে যিনি দমন করেছিলেন অর্থাৎ বিষ্ণু। [স.]

জনি, জণি *অব্য* ১ যেন। ২ যদি। ❑ *বি, অব্য* যেন না; না যেন। [ম-বা/ব্র.]

জনিত *বিণ* জাত; উৎপন্ন হেতু; উদ্ভূত; উৎপাদিত

(প্রেমজনিত দুর্বলতা)। [স.]
জনীন *বিণ* ১ লোক বা জন সম্পর্কিত বা সংক্রান্ত (বিশ্বজনীন)। ২ লোকহিতকর। ৩ ব্যাপক; প্রসারী; সর্বজনীন; সার্বজনিক। [স.]
জনু *অব্য* ১ সদৃশ। ২ যেন। ৩ বুঝিবা। [ম-বা/ব্র.]
জনৈক *বিণ* অনির্দিষ্ট; কোনো এক (ব্যক্তি)। ❑ *বি* কোনো ব্যক্তিকে তুচ্ছতাচ্ছিল্য করার জন্য ব্যবহৃত শব্দবিশেষ। [স. জন+ এক]। **জনৈকা** *স্ত্রী.*। [স.]
জন্তু *বি* ১ প্রাণী; জীব। ২ মনুষ্যেতর জীব; জানোয়ার; পশু। [স.]। **জান্তব** *বিণ*।
জন্ম *বি* ১ মাতৃগর্ভ থেকে নির্গত হওয়া; ভূমিষ্ঠ হওয়া। ২ উৎপত্তি; উদ্ভব; সৃষ্টি। ৩ জীবনকাল। ৪ দেহাশ্রিত অবস্থা। ৫ হিন্দুমতে আবির্ভাব। [স.]। **জন্ম এয়োতি, জন্ম এয়ো** *বি* চিরসধবা; যে নারীর মৃত্যু পর্যন্ত স্বামী জীবিত থাকে। **জন্মকুঁড়ে** *বিণ* চিরকেলে অলস; বরাবরকার অলস। **জন্মকোষ্ঠী** *বি* জন্মপত্রিকা; জন্ম সময়ের গ্রহ লগ্ন রাশি ইত্যাদির বিবরণপূর্ণ পত্রিকা। **জন্মজন্ম** *ক্রিবিণ* প্রত্যেক জন্মে; সকল জন্মে। **জন্মজন্মান্তর** *বি* এই জন্ম ও পরবর্তী অন্যান্য জন্ম; প্রতিজন্ম। **জন্মতিথি** *বি* যে চান্দ্র দিনে জন্ম; ভূমিষ্ঠ হওয়ার চান্দ্র দিন; জন্মকালীন তিথি। **জন্মভূমি** *বি* জন্মস্থান; মাতৃভূমি; স্বদেশ। **জন্মরহস্য** *বি* উৎপত্তি সম্পর্কে গূঢ় তত্ত্ব বা জন্মবিষয়ক গোপনীয় কথা।
জন্মা *ক্রি* ১ জন্মগ্রহণ করা। ২ উৎপন্ন হওয়া। ❑ *বিণ* ১ জাত; উৎপাদিত (সুজন্মা)। ২ উর্বর (জন্মা অঞ্চল)।
জন্মাধিকার *বি* জন্মলব্ধ যে অধিকার; সহজাত অধিকার। [স. জন্ম+ অধিকার]।
জন্মানো *ক্রি* ১ উৎপাদন করা। ২ জন্মগ্রহণ করা। ❑ *বিণ* উৎপন্ন বা উৎপাদিত।
জন্মান্তর *বি* অন্য জন্ম; পূর্বজন্ম; পরজন্ম; হিন্দু-জৈন-বৌদ্ধ মতে প্রাণী মাত্রই বার বার জন্মগ্রহণ করে। **জন্মান্তরবাদ** *বি* মরণের পরে পুনরায় জন্ম হয় এরূপ মত; আত্মা নানাভাবে বার বার দেহ ধারণ করে এই মতবাদ; পুনর্জন্মবাদ। [স. জন্ম+ অন্তর]
জন্মান্তরীণ *বিণ* (হিন্দু-জৈন-বৌদ্ধ মতে) অন্যজন্ম সম্পর্কিত বা পূর্বজন্মঘটিত। [স. জন্ম+ অন্তরীণ]
জন্মান্ধ *বিণ* জন্মাবধি দৃষ্টিশক্তিহীন; জন্ম থেকে অন্ধ। [স. জন্ম+ অন্ধ]
জন্মাবধি *ক্রিবিণ* জন্মকাল থেকে; আজন্ম। [স. জন্ম+ অবধি]
জন্মাষ্টমী *বি* ভাদ্রমাসের কৃষ্ণপক্ষীয় অষ্টমী তিথি; শ্রীকৃষ্ণের জন্মদিবস। [স. জন্ম+ অষ্টমী]
জন্মিত *বিণ* ১ জাত। ২ উৎপন্ন।
জন্মোৎসব *বি* জন্ম সম্পর্কিত আনন্দানুষ্ঠান। [স. জন্ম+ উৎসব]
জন্য, জন্যে *অব্য* ১ নিমিত্ত; হেতু; কারণে। ২ নিবন্ধন; দরুন; ফলে। ৩ উদ্দেশ্য; প্রয়োজন। ❑ *বিণ* জাত; জনিত (দারিদ্র্যের জন্য দুর্দশা। [স.]
জপ *বি* ১ মনে মনে বা অনুচ্চস্বরে বারবার আবৃত্তি বা পাঠ। ২ ইষ্টমন্ত্রাদির পুনঃপুন আবৃত্তি। [স.]। **জপতপ** *বি* বার বার আবৃত্তি ও উপাসনা; স্মরণ করে বা করছে। **জপন** *বি* জপকরণ। **জপনা** *বিণ* জপনরত বা জপনকারী। **জপনিরতা** *বিণ স্ত্রী.* জপ কাজে ব্যাপৃত বা নিযুক্তা। **জপমালা** *বি* ১ যে মালার গুটিকা গুণে জপ করা হয়। ২ নিত্য উচ্চার্য বা স্মরণীয় বস্তু।
জপা *ক্রি* ১ জপ করা; মনে মনে আবৃত্তি করা। ২ নিত্য স্মরণ করা বা চিন্তা করা। **জপানো** *ক্রি* ১ জপ করানো। ২ মুখস্থ করানো। ৩ নিত্য স্মরণ করানো। ৪ ফুসলানো বা ভজানো। **জপিত** *বিণ* জপ করা হয়েছে এরূপ। **জপ্য** *বিণ* জপ করার যোগ্য; জপনীয়।
জবজব *অব্য* অতিশয় আর্দ্রতার বা ভেজার লক্ষণ প্রকাশক। **জবজবে** *বিণ* খুব ভেজা; জবজব করছে এরূপ।
জবড়জং, জবড়জঙ্গ *বিণ* ১ রুচিহীনভাবে জমকালো বা আড়ম্বরপূর্ণ; বেমানানভাবে ভারগ্রস্ত। ২ কিম্ভূতকিমাকার; বিসদৃশ পোশাক-আশাক পরিহিত; বিশৃঙ্খল; এলোমেলো; অগোছালো। [আ. জবর+ ফা. জঙ্গ]
জবর *বিণ* ১ বিষম; দারুণ; বেজায়; অত্যন্ত; বৃহৎ; ভারী। ২ জমকালো; জাঁকালো। ৩ খাসা; উৎকৃষ্ট; উত্তর। ৪ জোরদার; বলিষ্ঠ; ক্ষমতাবান। ৫ জোরালো; প্রবল বা প্রচণ্ড। ৬ চমকপ্রদ বা চিত্তাকর্ষক। ৭ কঠিন; শক্ত। ৮ নাছোড় স্বভাব বা দুর্দান্ত। ৯ জোর জবরদস্তি বা জুলুম; বল প্রকাশ হয় এমন। [আ. জবর]। **জবরজুলুম** *বি* ভীষণ অত্যাচার; ভয়ানক পীড়ন; প্রবল উৎপীড়ন। **জবরদখল** *বি* বলপূর্বক দখল; জোর করে অধিকার। **জবরদস্ত** *বিণ* শক্তিশালী; জোরালো। **জবরদস্তি** *বি* ১ বলপ্রয়োগ; জোর। ২ অত্যাচার; পীড়ন। **জবরানো** *বি* জবরদস্তি বলপ্রয়োগ বা পীড়ন।
জবাই, জবাহ্, জবেহ্ *বি* ১ জবহ; ইসলামি মতে আল্লাহর নাম নিয়ে গলনালী কেটে প্রাণী বধ। ২ নাশ; ধ্বংস; হত্যা। [আ. যব্হ্]
জবান, যবান *বি* ১ ভাষা; বুলি। ২ জিহ্বা; রসনা। ৩ কথা; প্রতিশ্রুতি। ৪ উচ্চারণ; বাক। ৫ বাণী; বাক্য। [ফা. যুবান্]। **জবান ছাড়া** *ক্রি, বিণ* মুখ খোলা বা স্পষ্ট কথা বলা। **জবানবন্দি** *বি* ১ সাক্ষ্য; আদালতে হাকিমের সামনে হলফ করার পর যা বলা হয়। ২ যে উক্তি কাগজে লেখা হয়েছে। ৩ কোনো তদন্তকারী কর্মচারীর নিকট প্রদত্ত বিবরণ। **জবানবন্দি নবিস** *বি* সাক্ষ্য লেখক। **জবানি, জবানী** *বি* উক্তি; বচন; মুখের ভাষায়। ❑ *বিণ* বাচনিক; মৌখিক। ❑ *ক্রিবিণ* প্রমুখাৎ; মুখে।
জবাব, জওয়াব *বি* ১ উত্তর। ২ কৈফিয়ত। ৩ চোপা; উদ্ধত প্রত্যুত্তর বা অবিনীত প্রতিবাদ। ৪ বরখাস্ত; বিদায়; ইস্তফা। ৫ আরোগ্যের অতীত বলে ঘোষণা; নিরাময়ের আশা নেই বলে ঘোষণা। [আ.]। **জবাবদিহি** *বি* ১ কৈফিয়ত; কারণ প্রদর্শন। ২ দায়িত্ব। ৩ দায়ী। **জবাবদিহিতা** *বি* কোনো কাজের দায়-দায়িত্ব গ্রহণ ও তৎসংক্রান্ত প্রশ্নাদির জবাব দিতে প্রস্তুত থাকা। **জবাবি** *বি* উত্তরের জন্য নির্দিষ্ট প্রত্যুত্তরদায়ক। **জবাবি তার** *বি* উত্তর পাওয়ার জন্য অতিরিক্ত মাশুল দেওয়া তার। **সওয়াল-জবাব** *বি* ১ প্রশ্ন ও উত্তর। ২ বাদ-প্রতিবাদ। ৩ অভিযোগ খণ্ডনের জন্য প্রদত্ত যুক্তি ও যুক্তিমূলক বক্তৃতা।
জবুথবু, যবুথবু *বিণ* ১ জড়সড়; আড়ষ্ট; নড়তে চড়তে অসমর্থ এমন; চলচ্ছক্তিশূন্য। ২ পারিপাট্যহীন।
জবুর, জবুরাদ *বি* অহিসম্বলিত বিলুপ্ত কিতাব যা

দাউদ নবীর উদ্দেশ্যে অবতীর্ণ হয়েছিল। [আ. যবুর]

জব্দ *বিণ* ১ অপদস্ত; নাকাল; লাঞ্ছিত; নিগৃহীত। ২ শায়েস্তা; দমিত; টিট; পর্যুদস্ত। ৩ বাজেয়াপ্ত; অধিকৃত। [আ. যবত্]

জমক *বি*১ আড়ম্বর; সমারোহপূর্ণ; শোভা বা বাহার; ঘটা; সমারোহ। ২ দীপ্তি; জেল্লা; চমক; ঔজ্জ্বল্য; সোনা রং করবার এক প্রকার উপাদান। [স. চমক>, তুল. হি ঝমক]। তুল. জাঁক-জমক।

জমকানো *ক্রি*১ জাঁকানো। ২ সমারোহপূর্ণ হওয়া বা করা। ৩ জমজমে হওয়া বা করা। ৪ শোভিত হওয়া বা করা। ❑ *বিণ* উক্ত সকল অর্থে।

জমকালো *বিণ* জাঁকালো; সমারোহ ও শোভাপূর্ণ; জাঁকজমকযুক্ত; আড়ম্বরপূর্ণ।

জমজম[১] *অব্য* গমগম; সরগরম ভাব।

জমজম[২] *বি* মক্কার সুপ্রসিদ্ধ পবিত্র কূপ। [আ. যম্ যম্]

জমজমা *বিণ*১ জমকালো। ২ গমগম; প্রভূত লোক সমাগম ও ভিড় হয় যেখানে এমন। ৩ জাঁকজমকপূর্ণ।

জমজমাট *বিণ* ১ ভিড়ে আকর্ষণে ও আড়ম্বরে পরিপূর্ণ (সভা, মেলা); সুসংহত ও চিত্তাকর্ষক। ২ সরগরম ও উপভোগ্য।

জমপেশ, জম্পেশ *বিণ* জমজমাট; জমানো; দৃঢ় সংলগ্ন।

জমরুদ, জমররুদ *বি* মূল্যবান সবুজ প্রস্তরবিশেষ; পান্না। [আ.]। **জমররুদি, জমরুদি** *বিণ* ১ জমরুদ পাথরসম্পর্কিত বা খচিত। ২ জমরুদ পাথরের রংবিশিষ্ট।

জমহুরিয়াত *বি* গণতন্ত্র; গণতান্ত্রিক শাসন। [আ. জমহূরীয়ৎ]

জমা[১] *ক্রি* ১ সঞ্চিত বা পুঞ্জিত হওয়া। ২ রাশীকৃত বা স্তূপীকৃত হওয়া। ৩ সংহত হওয়া; জমাট হওয়া; ঘনীভূত হওয়া। ৪ একত্র বা সমবেত হওয়া। ৫ আটকে থাকা। ৬ আনন্দঘন বা উপভোগ্য হওয়া। ৭ উপভোগ্য ও সরগরম বা জমজমাট হওয়া। ৮ রক্ত চলাচলের অভাবে বা শীতে অসাড় হওয়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [আ. জম]

জমা[২] *বি*১ পুঁজি। ২ আয়বৃদ্ধি। ৩ সঞ্চয়। ৪ মোট; থোক; সমূহ। ৫ খাজনা; রাজস্ব; বার্ষিক কর। ৬ খাজনা করা জমি। **জমা ওয়াসিল, জমা ওয়াশিল** *বি* আয়-ব্যয়ের হিসাব। [আ. জম্+ওয়াসিল্]। **জমাখরচ** *বি*১ আয়ব্যয়ের হিসাব। ২ চলতি হিসাব। [আ. জম্+খরচ]। **জমা-খারিজ** *বি* এজমালি সম্পত্তির অংশীদারগণ কর্তৃক রাজা জমিদার বা সরকারকে পৃথকভাবে খাজনা দেওয়ার ব্যবস্থা। [আ. জম্+খারিজ]। **জমা গুজস্তা** *বি* প্রজার নিকট থেকে প্রাপ্ত গত বৎসরের বার্ষিক খাজনা। [আ. জম+ফা. গুযাশ্‌তহ্]। **জমানবিস, জমানবিশ** *বি* জমিদারি সেরেস্তায় জমি ও খাজনার হিসাব-রক্ষক কর্মচারী। [আ. জম্+ফা. নবীস]। **জমাবন্দি** *বি* ১ প্রজার জমিজমার হিসাবের কাগজ। ২ খাজনা আদায়ের কাগজ। ৩ খাজনার হিসাব। [আ. জম্+ফা. বন্দী]

জমাট *বিণ*১ ঘনীভূত বা প্রায় কঠিনতা প্রাপ্ত। ২ দৃঢ় বা ঘনসম্বদ্ধ। ৩ নিবিড়; গাঢ়; অন্তরঙ্গ; ঘনিষ্ঠ বা অবিচ্ছেদ্য। ৪ সংহত বা চাপ বাঁধা। ৫ উপভোগ্য ও সরগরম। ৬ সুসংহত ও আনন্দদায়ক।

জমাদার, জমাদ্দার *বি* ১ সর্দার। ২ ধাঙড়; মেথর; মেথরদের সর্দার। ৩ হেড কনস্টেবল; দারোয়ানদের সর্দার। ৪ সেনাবাহিনীর কর্মচারীবিশেষ; সুবেদারের নিম্নস্থ কর্মচারী। ৫ ছাপাখানার প্রধান যন্ত্রচালক। [আ. জম্+ফা. দার]

জমানা, জামানা *বি* কাল; সময়; যুগ। [আ. যমান]

জমানো *ক্রি*১ সঞ্চয়; সংগ্রহ বা পুঞ্জিত করা। ২ জড় করা; একত্র করা। ৩ স্তূপ করা; গাদা করা। ৪ জমাট বা ঘনীভূত করা। ৫ গুলজার করা; জাঁকানো; সমবেত সকলকে আনন্দ দান করা। ❑ *বিণ* উক্ত সকল অর্থে। [আ. জম্]

জমায়েত, জামাত *বি*১ জনসমাবেশ; ভিড়; একত্র মিলন। ২ সম্প্রদায়; গোষ্ঠী। ❑ *বিণ*১ সম্মিলিত; একত্র সমবেত। ২ নামাজের জন্য যে সমাবেশ বা শ্রেণীবদ্ধ সারি। [আ. জমা'আৎ]। **জামাতখানা** *বি* যে স্থানে লোক সমবেত হয়। [খান্‌হ্]। **তবলিগ জামাত** *বি* ইসলামের শিক্ষা প্রচারের উদ্দেশ্যে গঠিত জমায়েত।

জমি, জমিন *বি*১ ভূমি; মাটি। ২ চাষের উপযোগী ক্ষেত্র। ৩ ভূসম্পত্তি; ভূমি-সম্পদ। ৪ ভূপৃষ্ঠ; ভূতল। ৫ বস্ত্রের বুনট। [ফা. যমীন]। **জমিজমা** *বি*১ ভূসম্পত্তি। ২ নিজের ও জমা নেওয়া জমি। [ফা. যমীন+আ. জম]। **জমি-জায়দাদ** *বি* যাবতীয় সম্পত্তি। [ফা. যমীন+জায়দাদ]। **জমিজিরাত, জমিজেরাত** *বি* চাষের উপযুক্ত জমি; কৃষিক্ষেত্র; জোত। [ফা. যমীন+আ. যিরা'আত]। **জমিদার** *বি* ১ ভূস্বামী; জমির মালিক। ২ জমির মালিক হিসেবে যিনি প্রজার নিকট থেকে খাজনা গ্রহণ করেন। [ফা. যমীন্‌দার]। **জমিদারি, জমিদারী** *বি*১ জমিদারের পদ বা কাজ। ২ ভূসম্পত্তি; তালুক। ❑ *বিণ* জমিদার বা জমিদারি সংক্রান্ত। **জমি নেওয়া** *বি* জমিজমা ক্রয় করা।

জম্বু *বি* ১ জামগাছ বা তার ফল। ২ সুমেরু পর্বতের নদীবিশেষ। ৩ পুরাণ বর্ণিত সপ্ত দ্বীপের এক দ্বীপ। [স.]

জম্বুক *বি* শৃগাল; শিয়াল। ❑ *বিণ*১ শৃগালের মতো ধূর্ত ও নীচ। ২ নীচ ব্যক্তি। [স.]

জম্বুরা[১] *বি* ১ সাঁড়াশি। ২ ভীমরুল; মৌমাছি; বোলতা। [আ. যমুর]

জম্বুরা[২], **জাম্বুরা** *বি* বাতাবি লেবু; জামির। [স. জাম্বীর>]

জয় *বি* ১ বিজয়; সাফল্য; কৃতকার্যতা। ২ বশে আনা; আয়ত্তকরণ। ৩ বিপক্ষের পরাভব বা পতন সাধন। ৪ অধিকার বিস্তার বা হস্তগতকরণ। ৫ স্তুতি বা শুভেচ্ছা-সূচক উক্তি। [স.]। **জয়জয়কার** *বি* ১ ব্যাপক বিজয়; জয়ধ্বনি; সাধুবাদ; অভিনন্দন। ২ সর্বত্র সকল বিষয়ে জয়। **জয়জয়ন্তী** *বি* সঙ্গীতের একটি রাগিণী। **জয়ডঙ্কা, জয়ঢাক** *বি* জয়সূচক বাদ্যধ্বনি; প্রাচীনকালে রণবাদ্যরূপে ব্যবহৃত একপ্রকার বৃহৎ ঢাক। **জয়তু** *ক্রি* জয় হোক। **জয়ধ্বজা** *বি* বিজয় পতাকা। **জয়ধ্বনি** *বি*১ জয়সূচক শব্দ; জয়ের জন্য আনন্দ-কোলাহল। ২ জয়জয়কার। **জয়পতাকা** *বি* বিজয়জ্ঞাপক পতাকা; জয়লাভের চিহ্ন স্বরূপ যে পতাকা উড্ডীন করা হয়। **জয়পত্র** *বি* ১ জয়সূচক পত্র। ২ মোকদ্দমার বিচার শেষ করে বিচারপতি বিজয়ী পক্ষকে যে চূড়ান্ত আদেশপত্র প্রদান করেন; ডিক্রিপত্র। **জয়পত্রী** *বি* বিপক্ষের পরাজয় স্বীকারপত্র। **জয়পরাজয়** *বি* হারজিত; কৃতকার্যতা ও অকৃতকার্যতা। **জয় বাংলা** *বি* ১ 'বাংলার জয় হোক'। ২ বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের রণধ্বনি। **জয়ভেরি** *বি*১ জয়সূচক

ঢাকের শব্দ। ২ জয়ঢাক। **জয়মালা, জয়মাল্য** *বি* বিজয়-গৌরব সূচক মালা; জয়ের নিদর্শনস্বরূপ প্রাপ্ত মালা। **জয়লক্ষ্মী** *বি* হিন্দু মতে জয়ের অধিষ্ঠাত্রী দেবী। **জয়লেখ** *বি* জয়চিহ্ন; জয়টিকা; জয়ের চিহ্নস্বরূপ তিলক বা লিখন। **জয়শঙ্খ** *বি* যে শঙ্খ বাজিয়ে হিন্দুদের যুদ্ধজয় ঘোষণা করা হয়। **জয়শব্দ** *বি* ১ জয় হোক এরূপ আশীর্বাণী। ২ জয়ধ্বনি। **জয়শীল** *বি* যে সকল সময়ে সকল স্থানে জয়লাভ করে। ❑ *বিণ* জয়ী; জয়যুক্ত। **জয়শৃঙ্গ** *বি* রণশিঙ্গা। **জয়শ্রী** *বি* ১ হিন্দুমতে বিজয়লক্ষ্মী; জয়ের অধিষ্ঠাত্রী দেবী। ২ সঙ্গীতের একটি রাগিণী। **জয়স্তম্ভ** *বি* বিজয়লাভের চিহ্নস্বরূপ নির্মিত স্তম্ভ।

জয়তুন *বি* জলপাই। [আ.]

জয়ত্রী, জয়িত্রী, জৈত্রি *বি* মসলারূপে ব্যবহৃত জায়ফলের শুষ্ক বহিরাবরণ; জাতিপত্র; মসলা বিশেষ। [স. জাতিপত্রী]

জয়দেব *বি* গীতগোবিন্দ রচয়িতা বারো শতকের সুপ্রসিদ্ধ বাঙালি কবি। [স.]

জয়ন্ত *বি* ১ পুরাণোক্ত ইন্দ্রের পুত্র। ২ শিব। [স.]

জয়ন্তিকা *বি* হরিদ্রা। [স.]

জয়ন্তী *বি* ১ হিন্দুদেবী দুর্গা। ২ ইন্দ্রের কন্যা। ৩ পতাকা। ৪ জন্মোৎসব; যে কোনো ব্যক্তির জন্মতিথি উপলক্ষে উৎসব। ২৫/৫০/৬০ বৎসর পূর্তি উৎসব— রৌপ্য/ সুবর্ণ/ হীরক জয়ন্তী।

জয়পাল, জৈপাল *বি* বৃক্ষবিশেষ—এর বীজ একটি ঔষধ। [স.]

জয়া *বি* ১ হিন্দুমতে পার্বতী। ২ পার্বতীর সহচরী। ৩ হরীতকী। ৪ ভাং; সিদ্ধি। ৫ জয়ন্তী বৃক্ষ। [স.]

জয়িষ্ণু *বিণ* জয়শীল। [স.]

জয়ী *বিণ* ১ জয়লাভ করেছে এমন; জয়যুক্ত; সফল। ২ জয়লাভকারী। ৩ জয়শীল। [স.]

জর, যর *বি* ১ স্বর্ণ। ২ ধন; বিত্ত; মুদ্রা। [ফা. যর]। **জরকশি, জরদোজি** *বি* ১ জরির কাজ। ২ জরির কাজ করা; জরিখচিত। [ফা.]

জরতী *বিণ স্ত্রী.* ১ জরাগ্রস্তা; বৃদ্ধা; জীর্ণদেহা; ক্ষয়িতা। ২ বৃদ্ধা; স্থবিরা। ৩ পুরাতনী; প্রাচীনা। [স.]

জরথুস্ত্র *বি* প্রাচীন পারস্য দেশীয় ধর্মপ্রবর্তক। তাঁর বাণীগ্রন্থের নাম 'জেন্দা আবেস্তা'।

জরদ *বি* ১ হলুদবর্ণ; পীতবর্ণ। ২ জরির কাজ করা কাপড়। [ফা. যরদ]

জরদা, জর্দা *বি* ১ জাফরান বা জাফরানি রং ও কিশমিশমিশ্রিত পীতবর্ণের মিঠা পোলাও। ২ পানের সঙ্গে খাওয়ার সুগন্ধি মসলাযুক্ত তামাকপাতাচূর্ণ; পানের মসলা; সুরভি। ❑ *বিণ* হলুদ; পীতবর্ণ (জরদা রং)। [ফা. যরদহ্]

জরদ্গব, জরদ্গাব *বি, বিণ* ১ অকর্মণ্য; স্থবির; শক্তিসামর্থ্যহীন; অথর্ব; জরাগ্রস্ত; ঢোসা। ২ বৃদ্ধ ষাঁড়; জরাগ্রস্ত ষাঁড়। ৩ গৃধ্রবিশেষ। [স.]

জরা[১] *বি* ১ বার্ধক্যজনিত দুর্বল অবস্থা; জীর্ণতা; স্থবিরতা। ২ জরানাম্নী রাক্ষসী। [স.]। **জরাগ্রস্ত** *বিণ* বার্ধক্যদশাপ্রাপ্ত; অতিবৃদ্ধ। **জরাজীর্ণ** *বিণ* বার্ধক্যহেতু অতি ক্ষীণ।

জরা[২] *ক্রি* ১ জীর্ণ করা; জীর্ণ হওয়া। ২ হজম হওয়া; পরিপাক হওয়া। [স.]। **জরানো** *ক্রি* ১ জারিত করা। ২ জারিতকরণ। ❑ *বিণ* জারিত করা হয়েছে এমন।

জরায়ু *বি* গর্ভাশয়; গর্ভকোষ। [স.]

জরাসন্ধ *বি* মগধের বিখ্যাত রাজা। [স.]

জরি *বি* সোনালি বা রুপালি তার; ঐরূপ তার জড়িত সুতা। [ফা. যরীন]। **জরিদার** *বিণ* জরির কাজ করা জরিযুক্ত; জরি লাগানো (জরিদার পাঞ্জাবি)।

জরিপ *বি* ১ জমির পরিমাপ; ক্ষেত্রমাপ। ২ করদ জমির পরিমাপক দল। [আ. জরীব]। **জরিপ-আমিন** *বি* ক্ষেত্রমাপকারী; জমির পরিমাণ স্থির করার কাজে নিযুক্ত কর্মচারী। [আ. জরীব+আমীন]। **জরিপি** *বিণ* জরিপ সম্পর্কিত।

জরিমানা *বি* অর্থদণ্ড। [আ. জুর্ম, জরীম্+ফা. আনা]।

জরু *বি* স্ত্রী। **জরুখসম** *বি* স্বামী–স্ত্রী। **জরুজাত** *বি* সন্তান; পুত্র–কন্যা।

জরুর *ক্রিবিণ* অবশ্য; আলবত; নিশ্চিতরূপে। [আ. যরূর]। **জরুরত, জরুরিয়ত** *বি* প্রয়োজন; আবশ্যক; দরকার। [আ. যরূরৎ; আ. যরুরিয়্ৎ]। **জরুরি, জরুরী** *বিণ* ১ অত্যন্ত দরকারি; বিশেষ প্রয়োজনীয় বা গুরুত্বপূর্ণ। ২ আশু প্রয়োজনীয়। ৩ সংকটময়। [আ. যরূরী]

জর্জর, জরজর *বিণ* ১ জীর্ণ; ক্লিষ্ট। ২ কাতর; পীড়িত। ৩ ঝাঁজরাকৃত; অন্তঃসারশূন্য। [স.]

জর্জরিত *বিণ* ১ জর্জর করা হয়েছে এমন; জীর্ণ; শীর্ণ। ২ নিপীড়িত; ক্ষত–বিক্ষত। [স.]

জল *বি* ১ বর্ণ–গন্ধ–স্বাদহীন সুপরিচিত তরল পদার্থ, যা হিমাঙ্কের নিচে বরফে এবং স্ফুটনাঙ্কের উপরে বাষ্পে পরিণত হয়। ২ পানি; বারি; সলিল; উদক; অম্বু; নীর; পয়; তোয়; অপ। ৩ বর্ষণ; বৃষ্টিপাত। ৪ হালকা খাবার বা নাশতা। ৫ ক্ষয় বা ব্যয়। ৬ অশ্রু। ❑ *বিণ* ১ শীতল; স্নিগ্ধ (প্রাণ জল হওয়া)। ২ হিম; আড়ষ্ট (ভয়ে জল হওয়া)। ৩ বিগলিত; তরল (করুণায় জল হওয়া)। ৪ নষ্ট; ব্যর্থ (টাকা জল হওয়া)। ৫ সহজবোধ্য বা সরল (কাজটি জলের মতো)। [স.]। **জল উঁচু জল নিচু** *বি* স্তাবকতা; তোষামুদি; মন–রাখা কথা। **জল ওঠা** *ক্রি* ১ জল বের হওয়া বা বমি হওয়া। ২ জল ভিতরে প্রবেশ করা। **জলকণ্টক** *বি* ১ পানিফল। ২ কুমির। **জলকবঞ্চ** *বি* ১ নারিকেল। ২ শঙ্খ। ৩ পদ্ম। ৪ মেঘ। **জলকর** *বি* জল অথবা জলাশয় প্রভৃতির উপর দেয় বা ধার্য খাজনা। **জল করা** *ক্রি* ১ পানির মতো তরল করা। ২ ক্রোধ প্রশমিত করা; ঠাণ্ডা করা। ৩ লোকসান দেওয়া। ৪ হিম বা আড়ষ্ট করা। ❑ *বিণ* ঐ সকল অর্থে। **জলকল্লোল** *বি* ১ জলস্রোতের কলকল ধ্বনি। ২ পানির ধ্বনিমুখর তরঙ্গ। **জলকষ্ট** *বি* পানির অভাবজনিত ক্লেশ বা পানি–সংক্রান্ত অসুবিধা। **জলকাক, জলপারাবত, জলবায়স** *বি* পানকৌড়ি। **জলকাদা** *বি* বৃষ্টির পানি ও তার ফলে পথের কাদা। **জলকুক্কুট** *বি* গাংচিল। **জলকুন্তল** *বি* শেওলা; শৈবাল। **জলকূর্ম** *বি* শুশুক। **জলকেলি, জলক্রীড়া** *বি* পানিতে নেমে সন্তরণাদি খেলা; জলবিহার। **জল খরচ করা** *ক্রি* শৌচ করা। **জল খাওয়া** *ক্রি* ১ পানি ও সামান্য খাবার খাওয়া; টিফিন করা; নাশতা খাওয়া। ২ সামান্য কিছু মুখে দিয়ে পানি পান করা। **জলখাবার** *বি* ১ জলযোগের বস্তু; টিফিন; নাশতা। ২ মিষ্টান্ন। **জলগণ্ডূষ** *বি* এক হাতে যতটা পানি ধরে; এক আঁজলা পানি। **জলগর্ভ** *বিণ* ভিতরে পানিবিশিষ্ট; পানিপূর্ণ। **জল গালা** *ক্রি* নিংড়িয়ে ফেলা; নিংড়ানো। **জলগ্রহণ না করা** *ক্রি*

কোনো সম্পর্ক না রাখা। **জলচর** *বি* যে প্রাণী পানিতে বাস করে; জলজন্তু। ❑ *বিণ* জলাশয়াদিতে বাস করে এমন; জলবিহারী। **জলচল** *বি, বিণ* বর্ণাশ্রম অনুসারে যেসব জাতের জল ব্রাহ্মণের ব্যবহারযোগ্য; জলাচরণীয়। **জলচারী** *বিণ* পানিতে বিচরণকারী; জলচর। **জলচৌকি** *বি* ছোট চতুষ্কোণ কাষ্ঠাসনবিশেষ। **জলছড়া** *বি* প্রচুর পানির ছিটা। **জলছত্র, জলসত্র** *বি* তৃষ্ণার্ত পথিকদেরকে পানি বিতরণের স্থান। **জলছবি** *বি* যে ছবি ভিজিয়ে অন্য কাগজে চেপে ধরে ছাপ তোলা যায়। **জলজ** *বিণ* পানিতে জন্মে এমন। ❑ *বি* ১ পদ্মফুল। ২ শঙ্খ। **জলজন্তু** *বি* যে সকল প্রাণী পানিতে জন্মে ও তাতে বাস করে; জলচর প্রাণী। **জলজ্যান্ত** *বিণ* ১ টাটকা; তাজা। ২ অত্যন্ত স্পষ্ট; একেবারে প্রত্যক্ষ। ৩ সম্পূর্ণরূপে জীবন্ত ও প্রত্যক্ষ। ৪ বিশুদ্ধ; খাঁটি; ডাহা। **জল-ঝড়** *বি* বৃষ্টি ও ঝড়; ঝঞ্ঝা। **জলটল** *বি* জলখাবার। **জলটুঙি, জলগৃহ** *বি* জলাশয়ের মধ্যস্থলে তৈরি ঘরবিশেষ। **জলতরঙ্গ** *বি* ১ জললহরী; পানির ঢেউ। ২ একপ্রকার বাদ্য। ❑ *বিণ* ঢেউ-খেলানো; জলতরঙ্গের মতো গঠনযুক্ত। **জলত্রাস** *বি* জলাতঙ্ক রোগ। **জলদ** *বি* মেঘ। **জলদস্যু** *বি* নদীপথে বা সমুদ্রে যারা ডাকাতি করে। **জলদুর্গ** *বি* পানিবেষ্টিত দুর্গ; যে দুর্গের চারদিকে পানি; পরিখা দ্বারা ঘেরা দুর্গ। **জল দেওয়া** *ক্রি* ১ হিন্দুদের চিতায় পানি ঢালা। ২ তর্পণ করা। ৩ মৃত্যু মুহূর্তে মুখে পানি দেওয়া। ৪ পানি সেচন করা। **জলদেবতা** *বি* হিন্দুমতে পানিতে বসবাসকারী দেবতা; বরুণ। **জলদোষ** *বি* ১ উদরী। ২ কুরণ্ড; কোষবৃদ্ধি। **জলদ্রোণী** *বি* সেঁউতি; পানি সেচনী। **জলধনু** *বি* চন্দ্রের চারদিকে চক্রাকারে যে বাষ্পরেখা দেখা যায়। **জলধর** *বিণ* জলধারণকারী। ❑ *বি* মেঘ। ২ সমুদ্র। **জলধারা** *বি* ১ পানির প্রবাহ; পানির স্রোত। ২ বৃষ্টিধারা। **জলধি** *বি* সাগর; সমুদ্র; জলধারণকারী। **জলনকুল, জলবিড়াল** *বি* ভোঁদড়; উদ। **জল না গলা** *ক্রি* অত্যন্ত কৃপণতা করা; বদ্ধমুষ্টি হওয়া। **জলনালী, জলপ্রণালী** *বি* জল নিষ্কাশনের পথ; নর্দমা; পয়ঃপ্রণালী। **জলনিধি** *বি* সাগর; সমুদ্র; বারিধি; জলধি। **জলপটি, জলপট্টি** *বি* পানি দ্বারা সিক্ত বস্ত্রখণ্ড; জলসেক। **জল-পড়া** *বি* মন্ত্রপূত পানি। ❑ *ক্রি* ১ পানি মন্ত্রপূত করা। ২ জল পড়ে যাওয়া। ৩ বৃষ্টিপাত হওয়া; বৃষ্টি পড়া। **জলপতি** *বি* ১ হিন্দুদেবতা বরুণ। ২ সমুদ্র। **জলপথ** *বি* ১ নৌকা স্টিমার জাহাজ প্রভৃতির সাহায্যে যাবার পথ; নদী; সমুদ্র প্রভৃতি। ২ জলনালী। **জলপাত্র** *বি* কলসি; ঘটি প্রভৃতি পানি রাখবার আধার। **জলপান** *বি* ১ পানি খাওয়া। ২ মুড়ি চিঁড়া খই ইত্যাদি সামান্য আহার। ৩ জলযোগ। **জলপানি** *বি* ১ ছাত্রবৃত্তি। ২ জলযোগের পয়সা। **জলপিঁড়ি** *বি* পা ধোয়ার পানি ও বসবার স্থান। **জলপ্রপাত** *বি* উচ্চস্থান হতে জলস্রোতের অবিরত সবেগে নিম্নে পতন। **জল-প্রবাহ** *বি* জলস্রোত। **জলপ্লাবন** *বি* পানিতে দেশ ভেসে যাওয়ার অবস্থা; বন্যা; বান। **জলবহ** *বি* ১ পানি বহনকারী; ভিস্তি। ❑ *বিণ* জলপূর্ণ। **জলবায়ু, জলহাওয়া** *বি* আবহাওয়া; কোনো দেশ বা স্থানের সারা বৎসরের শীত-গ্রীষ্ম বৃষ্টিপাত প্রভৃতির সাময়িকরূপ; আবহাওয়া। **জলবাহ** *বি* ১ মেঘ। ২ পানি বহনকারী; ভিস্তি। **জলবাহিত** *বিণ* পানির সাহায্যে সংক্রেমিত। **জলবিম্ব** *বি* ভুড়ভুড়ি; পানির বুদ্বুদ। **জলবিহার** *বি* জলকেলি; জলক্রীড়া; পানিতে নেমে যে খেলা। **জলভাঙা, জলভাঙ্গা** *বি* ভিতর থেকে পানি বের হয়ে আসা; সন্তান প্রসবের সময়ে রমণীদের গর্ভাশয় থেকে পানি বের হওয়া; স্রাব হওয়া; পানমুচি ভাঙা। ❑ *ক্রি* পানির ভিতর দিয়ে চলা। **জলমগ্ন** *বিণ* পানিতে ডুবেছে এমন। **জলমজ্জন** *বি* জলে ডোবা। **জলময়** *বিণ* জলপূর্ণ; জলে ব্যাপ্ত; জলে প্লাবিত। **জলমুক** *বি* মেঘ। **জলযন্ত্র** *বি* ১ পানি তুলবার কল। ২ পানি ঘড়ি। ৩ ফোয়ারা। ৪ পিচকারী। **জলযান** *বি* জলপথে ভ্রমণ করার যান; নৌকা; স্টিমার; জাহাজ ইত্যাদি। **জলযুদ্ধ** *বি* নৌযুদ্ধ। **জল হওয়া** *ক্রি* ১ বৃষ্টি হওয়া। ২ শান্ত হওয়া; ক্রোধপ্রশমিত হওয়া। ৩ তরল হওয়া বা গলে যাওয়া। **জলহাওয়া** *বি* জল ও হাওয়া; আবহাওয়া; জলবায়ু।

জলদি *ক্রিবিণ* শীঘ্র; দ্রুত; অচিরে। [আ. জলদী]। **চটজলদি** *ক্রিবিণ* অতিদ্রুত; তখন-তখন; তৎক্ষণাৎ।

জলসা *বি* ১ আসর; বৈঠক; মজলিশ; জটলা বা সমাবেশ; আনন্দ সম্মেলন। ২ নাচগান প্রভৃতির আসর বা বৈঠক। [আ. জলসা]

জলা *বি* যে নিম্নভূমিতে পানি জমে থাকে; বিল; কচ্ছ। ❑ *বিণ* জলময়; পানিতে মগ্ন। [স. জল+বা. আ]। **জলাভূমি** *বি* পানি ও কর্দমাক্ত নিম্নভূমি।

জলাচরণীয় *বি, বিণ* জলচল; বর্ণাশ্রম অনুসারে হিন্দুদের যে সম্প্রদায়ের ছোঁয়া পানি ব্রাহ্মণাদি উচ্চবর্ণ হিন্দুর ব্যবহার করতে পারে। [স. জল+আচরণীয়]

জলাঞ্জলি *বি* ১ এক অঞ্জলি পানি। ২ হিন্দুমতে শবদাহের পর প্রেতের উদ্দেশ্যে প্রদত্ত অঞ্জলিবদ্ধ পানি। ৩ বিসর্জন; সম্পূর্ণ পরিত্যাগ। ৪ অপচয়; অপব্যয়। [স. জল+অঞ্জলি]

জলাতঙ্ক *বি* রোগবিশেষ; ক্ষিপ্ত শিয়াল-কুকুর কামড়াবার ফলে জল দেখলেই ভয় পাওয়া রোগ; hydrofobia। [স. জল+আতঙ্ক]

জলাত্যয় *বি* ১ বর্ষার শেষ; জলশূন্য; মেঘশূন্য। ২ শরৎকাল। [স. জল+অত্যয়]

জলাধার *বি* ১ জলপাত্র। ২ জলাশয়। ৩ নদী বা সমুদ্র। [স. জল+আধার]

জলাবর্ত *বি* জলের পাক; জলভ্রমি; জলের ঘূর্ণি। [স. জল+আবর্ত]

জলার্দ্র *বিণ* পানিতে ভেজা; জলসিক্ত। [স. জল+আর্দ্র]

জলাশয় *বি* যে স্থানে জল থাকে; জলের আধার; পুকুর; নদী; খাল; সমুদ্র ইত্যাদি। [স. জল+আশয়]

জলীয় *বিণ* ১ জলসম্বন্ধীয়। ২ জলবৎ তরল। ৩ জল থেকে উৎপন্ন। [স.]

জলুই, জলই *বি* ১ নৌকার তক্তাদি জোড়া দেওয়ার কাজে ব্যবহৃত বড় দুই মুখযুক্ত পেরেকবিশেষ। ২ বড় পেরেক; গজাল।

জলুস, জৌলুশ *বি* ১ জেল্লা; চাকচিক্য; উজ্জ্বলতা। ২ জাঁকজমক। ৩ উপবেশন। ৪ সিংহাসনে উপবেশন উৎসব। [আ. জলুস্]

জলো, জোলো *বিণ* ১ পানিমিশ্রিত। ২ পানিপূর্ণ; সজল। ৩ পানসে। ৪ ফিকা। [স. জল+বা. ও]

জলোচ্ছ্বাস *বি* ১ সহসা পানি বৃদ্ধি; পানি ফুলে ওঠা; পানির স্ফীতি। ২ জোয়ার। [স. জল+উচ্ছ্বাস]

জলোদর, জলোদরী *বি* উদরী রোগ। [স. জল+উদর;

উদরী]
জলোদ্ভব *বিণ* ১ জল হতে উৎপন্ন এমন। ২ জলজাত। ❑*বি* জলজ উদ্ভিদ, প্রাণী প্রভৃতি। [স. জল+উদ্ভব]
জলৌকা *বি* জোঁক। [স. জল+ঔকা]
জলৌষধি *বি* ব্রাহ্মী শাক; ব্রাহ্মী শাকের মতো ফলপ্রদ শাকসমূহ। [স. জল+ঔষধি]
জল্পক *বিণ* তার্কিক; বাচাল।
জল্পন, জল্পনা *বি* ১ কথন; উল্লেখ; উক্তি। ২ সোৎসাহ আলোচনা; কল্পনামিশ্রিত আলোচনা বা পরিকল্পনা। ৩ আলাপ-আলোচনা বা আন্দোলন। ৪ বাচালতা; বৃথা বাক্যব্যয়; অনর্থক কথন। ৫ প্রস্তাব; সূচনা। [স.]
জল্লাদ *বি* ১ প্রাণদণ্ডাদেশপ্রাপ্ত অপরাধীর বধকারী বা ঘাতক। ২ নির্মম বা নিষ্ঠুর ব্যক্তি। [আ. জল্লাদ]
জশন, জসন *বি* উৎসব; আমোদ; আহ্লাদ। [আ. জশ্‌ন্]
জসদ *বি* ধাতুবিশেষ; দস্তা। [স.]
জহমত *বি* কষ্ট; দুঃখ। [আ. যহ্‌মৎ]।
জহর[১] *বি* বিষ। [ফা. যহ্‌র+আলূদা]
জহর[২] *বি* মণি; রত্ন; মূল্যবান প্রস্তর বিশেষ। [আ. জওহর]
জহরত *বি* বহুমূল্য প্রস্তরাদি; হীরা, পান্না, চুনি প্রভৃতি নানা রত্ন। [আ. জওয়াহিরাত]
জহরব্রত *বি* রাজপুত রমণীদের সতীত্ব রক্ষার্থে অগ্নিকুণ্ডে জীবন বিসর্জনরূপ ব্রত।
জহিন *বিণ* মেধাবী; তীক্ষ্ণবুদ্ধি; অত্যন্ত চালাক; সুচতুর। [আ. যহীন বাংলায় 'জেহেন' রূপেও ব্যবহৃত]
জহুদ, যুহুদ *বি* ইহুদি; বিধর্মী। [ফা. যুহুদ]। ❑*বিণ* ঝগড়াটে বা একগুঁয়ে; জীর্ণশীর্ণ। [ইহুদ>য়হুদ> Jew (Y = য়/য)]
জহুরা *বি* অলৌকিক শক্তি; ঔজ্জ্বল্য প্রকাশ; কেরামতি; মাহাত্ম্য। [আ. যহূর]
জহুরি, জহরি *বি* ১ মণিমুক্তাদির ব্যবসায়ী। ২ যে মণিমুক্তা চেনে ও এদের দোষগুণ সম্পর্কে অভিজ্ঞ। ৩ সমঝদার; বিশেষজ্ঞ; নিপুণ। [আ. জওহরী]
জহ্নু *বি* একজন পৌরাণিক মুনির নাম; যিনি গঙ্গাকে পান করে হাঁটু দিয়ে বের করেছিলেন। জহ্নু-কন্যা বলে গঙ্গার অপর নাম জাহ্নবী।
জা *বি* স্বামীর ভাইয়ের বউ। [স. যাতৃ]
-জা *বি* সন্তান; পুত্র ছেলে (ভ্রাতৃজা, দত্তজা)। [স. জাত>, ফা. জাদ]
জাউ, যাউ *বি* অধিক পানি দিয়ে বেশি সিদ্ধ করে রান্না করা খুদ বা চাউলের মণ্ড; যব চাউল বা খুদের ক্বাথ বা মণ্ড। [স. যবাগূ>]
জাওনা *বি* ১ জাবনা; গরুর আহারের জন্য কুচানো ও ভিজানো খড় ইত্যাদি। ২ নালা; নর্দমা; পানি বের হবার পথ। [হি. জাওনা>যনানা]
জাওয়া *বি* বাঁশবিশেষ।
জাওলা *বি* যে সকল মাছ ঘরে পানিপূর্ণ পাত্রে জিইয়ে রাখা যায়; কই মাগুর শোল ইত্যাদি মাছ। [আঞ্চলিক]। তুল. জিয়ল; জিয়েল।
জাং, জাঙ, জাঙ্গ=জঙ্ঘা।
জাংগল, জাঙ্গল *বিণ* ১ জঙ্গল সম্পর্কিত; জঙ্গলস্থিত। ২ বনচর; বনবাসী। ৩ বনবাসীর যোগ্য; অসভ্য; বুনো। ৪ আরণ্য; বনজাত। ৫ জঙ্গলপূর্ণ। **জাঙ্গল** *বি*।
জাংগাল, জাঙাল, জাঙ্গাল *বি* ১ বাঁধ। ২ সেতু। ৩ আলি বা আইল; উচ্চ চওড়া পথ। ৪ পথ; রাস্তা। ৫ পতিত জমি। [স. জঙ্গাল; ফা. দঙ্গল]
জাংগিয়া, জাঙ্গিয়া *বি* ১ জঘন ঢাকা পড়ে এরূপ খাটো অন্তর্বাস। ২ ছোট ছেলেমেয়েদের খাটো পায়জামা বিশেষ। [স. জঙ্ঘা>জাংগ+বা. ইয়া]
জাংগুল, জাঙ্গুল *বি* বিষ। [স.]। **জাংগলী, জাঙ্গুলী** *বি* ১ বিষের দেবতা। ২ বিষ-বিষয়ক বিদ্যা; বিষহরী; সর্পদেবী মনসা। **জাংগুলিক, জাঙ্গুলিক** *বি* ১ বিষবৈদ্য। ২ সাপুড়ে।
জাংড়া, জাঙ্গড়া *বি* অশ্বারোহী সওয়ার। [আঞ্চলিক]
জাংলা *বি* কঞ্চির তৈরি লতামঞ্চবিশেষ; মাচা।
জাঁক *বি* ১ অহঙ্কার; গর্ব; বড়াই; দেমাক; ডম্ফাই। ২ আড়ম্বর; ঘটা; বিশেষ সমারোহ। ৩ ঐশ্বর্যপ্রচার বা প্রদর্শন।
জাঁকা *ক্রি* ১ জাঁকজমকপূর্ণ হওয়া; জমকালো হওয়া। ২ এঁটে ধরা। ৩ চেপে বা জেঁকে বসা। ❑*বি* উক্ত সকল অর্থে। **জাঁকানো** *ক্রি* ১ জাঁকজমক করা বা আড়ম্বরপূর্ণ করা বা হওয়া। ২ শোভিত করা; গুলজার করা। ❑*বিণ* জমকালো; গুলজার। ❑*বি* জমকালো বা গুলজার অবস্থা।
জাঁকালো *বিণ* ১ জাঁকজমকপূর্ণ; জমকালো; আড়ম্বরপূর্ণ। ২ গুরুগম্ভীর।
জাঁত *বি* ১ চাপ। ২ ঠাসাঠাসি; চাপাচাপি; গাদাগাদি।
জাঁতা[১]**, যাতা** *বি* পেষণযন্ত্র; গম ডাল প্রভৃতি গুঁড়া করার যন্ত্র; কামারের হাপরে হাওয়া দেওয়ার যন্ত্র; ভস্ত্রা।
জাঁতা[২] *ক্রি* ১ চাপা বা চাপ দেওয়া। ২ পেষণ করা বা পীড়ন করা। ❑*বি* টেপা। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে। **জাঁতা দেওয়া** *ক্রি* চেপে ধরা; পিষ্ট করা। **জাঁতানো** *ক্রি* ১ চাপানো। ২ ঠাসন। ৩ প্রচুর পরিমাণে খাওয়া। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে।
জাঁতি, যাতি *বি* সরতা; সুপারি কাটবার যন্ত্রবিশেষ; জাঁতা কল। [স. যন্ত্রী>]। **জাঁতিকল** *বি* জাঁতি আকৃতির ইঁদুর মারার কল।
জাঁদরেল *বি* জেনারেল; সেনাপতি; বীর। ❑*বিণ* ১ জবরদস্ত। ২ নামডাকওয়ালা; মস্ত বড়। ৩ জমকালো। ৪ প্রকাণ্ড। [ই. General]। **জাঁদরেলি** *বিণ* বিরাট; বড়সড়।
জাঁহাপনা, জাহাঁপনা *বি* ১ পৃথিবীর আশ্রয়স্থল; প্রভু। ২ মহারাজ; রাজাধিরাজ; সম্রাট। [ফা. জহান পনাহ্]
জাঁহাবাজ, জাহাঁবাজ *বি, বিণ* ১ দুর্দান্ত; দজ্জাল; জবরদস্ত। ২ ধড়িবাজ; কূটবুদ্ধি। ৩ বহুদর্শী। [ফা. জান্‌বায বা জাহানবাজ]
জাকাত, জকাত *বি* ইসলাম ধর্মমতে সঞ্চিত সম্পদের মোট মূল্যের শতকরা আড়াই ভাগ দুঃস্থদের দান করার প্রথাবিশেষ। [আ. যকাত্]
জাগ *বি* ১ কাঁচা ফলকে পাকানোর জন্য পাতা খড় প্রভৃতির চাপ দিয়ে কৃত্রিম তাপ উৎপাদন। ২ পাট ইত্যাদি পচাবার জন্য পানিতে ডুবিয়ে রাখা। **জাগ দেওয়া** *ক্রি* ১ অকালে পাকাবার জন্য কৃত্রিম চাপ বা আবরণের সাহায্যে তাপ সৃষ্টির ব্যবস্থা করা। ২ পচাবার জন্য পানিতে ভিজানো।
জাগ-গান *বি* পল্লী অঞ্চলের রাখালদের পৌষমাসের রাত জেগে গাওয়ার গান ও উৎসব। (জাগার গান জেগে থাকার ও জাগিয়ে রাখার উদ্দেশ্যে গীত গান)।
জাগন্ত *বিণ* জেগে আছে বা ঘুমায়নি এমন; জাগ্রত;

সজাগ।
জাগর *বিণ* ১ জাগরূক; জাগ্রত অবস্থা; জাগরণ। ২ ঘুমভাঙানি; জাগরণী। ৩ জাগরিত; জাগ্রত; সজাগ। [সং.]
জাগরণ *বি* ১ নিদ্রাভঙ্গ; ঘুম থেকে ওঠা। ২ জেগে থাকা; নিদ্রাহীনতা; জাগ্রত অবস্থা। ৩ অনিদ্রা। ৪ অবসন্ন বা আত্মবিস্মৃত অবস্থা থেকে উত্থান। ৫ সাবধানতা। [সং.]। **জাগরণী** *বি* ১ জাগরণ সঙ্গীত; জাগাবার গান। ২ জাগরণ বা নিদ্রাভঙ্গ পর্ব। ❑ *বিণ* জাগরণ সম্পর্কীয়। **জাগরিত** *বিণ* ১ ঘুম ভেঙেছে এমন। ২ নিদ্রিত নয় এমন; জাগ্রত; বিনিদ্র। ৩ চেতনাপ্রাপ্ত। **জাগরী** *বিণ* ১ নিদ্রাদূরকারী; জাগরণকারী। ২ জাগরিত; নিদ্রাশূন্য; নিদ্রাহীন; অতন্দ্র। **জাগরূক** *বিণ* ১ জাগ্রত; জাগরণশীল; সজাগ। ২ সাবধান; সতর্ক; হুঁশিয়ার। ৩ অবিস্মৃত; স্পষ্টরূপে অঙ্কিত।
জাগা *ক্রি* ১ নিদ্রাভঙ্গ হওয়া; জাগ্রত হওয়া। ২ বিনিদ্র থাকা; জাগ্রত অবস্থায় থাকা। ৩ সজ্ঞান বা সচেতন হয়ে ওঠা; প্রবুদ্ধ হওয়া। ৪ সতর্ক হওয়া বা অবহিত থাকা। ৫ বিরাজ করা; জাগরূক হওয়া; স্মরণ হওয়া; মনে পড়া। ৬ পানি বা ভূপৃষ্ঠ ভেদ করে উঁচু হয়ে থাকা বা ওঠা। ৭ সঞ্চার হওয়া; উদ্রেক হওয়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [সং. √জাগ্]
জাগ্রত *বিণ* ১ সজাগ; জেগে আছে এমন; অতন্দ্র। ২ সচেতন; সতর্ক। ৩ অলৌকিক ক্ষমতাসম্পন্ন। [সং.]
জাজিম *বি* ১ খাট–পালঙ্কে পাতবার পুরু গদিবিশেষ। ২ ফরাস বিছানা গালিচা ইত্যাদির উপর বিছাবার চাদর বা আস্তরণ। [ফা.]
জাজ্বল্যমান, জাজ্বল্য *বিণ* ১ অত্যন্ত উজ্জ্বল; অত্যন্ত ভাস্বর; দেদীপ্যমান। ২ সুস্পষ্ট; সুপ্রকট। [সং.]
জাট[১], জাঠ[১] *বি* পাঞ্জাব ও রাজপুতনার হিন্দু গোত্রবিশেষ।
জাট[২], জাঠ[২] *বি* ১ কাষ্ঠখণ্ড বা যষ্টি। ২ ঘানিগাছের স্থূল অনতিদীর্ঘ কাষ্ঠদণ্ড। [সং. যষ্টি>]
জাটি *বি* লৌহযষ্টি; অস্ত্রবিশেষ। [সং. যষ্টি]
জাড্য *বি* ১ জড়তা; নির্জীব ভাব; অলসতা। ২ মূর্খতা; বুদ্ধির জড়তা। ৩ শৈত্য। ৪ জড়পদার্থের ধর্মবিশেষ। [সং.]
জাড় *বি* ১ শীত; হিম; ঠাণ্ডা। ২ শীতজনিত জড়তা। [হি জাড়া]। **জাড়কাটা, জারকাটা** *বি* শীতের কারণে লোমকূপের স্ফীতি।
জাত[১] *বিণ* ১ জন্মেছে এরূপ। ২ উৎপন্ন; সঞ্জাত; উদ্ভূত। ❑ *বি* জন্ম। [সং.]। **জাতকোপ, জাতক্রোধ** *বিণ* ক্রুদ্ধ; ক্রোধ জন্মেছে এমন। ❑ *বি* জন্মাবধি বিদ্বেষ; আজন্ম ক্রোধ। **জাতক্লম** *বিণ* ক্লান্ত এমন; পরিশ্রান্ত। **জাতপত্র** *বি* জন্মপত্রিকা; কোষ্ঠী। **জাতপ্রত্যয়** *বিণ* বিশ্বাস জন্মেছে এমন; বিশ্বাসবান। **জাতমাত্র** *ক্রিবিণ* জন্ম হওয়ার সঙ্গে সঙ্গেই। ❑ *বিণ* এইমাত্র জন্মেছে এমন; সদ্যোজাত। **জাতশত্রু** *বি, বিণ* ১ যার অনেক শত্রু জন্মেছে। ২ জন্ম থেকে শত্রু; আজন্ম শত্রু। **জাতশ্মশ্রু** *বি* শ্মশ্রু অর্থাৎ দাড়ি গজিয়েছে এমন।
জাত[২] *বি* ১ বর্ণ; বংশগত বা জন্মগত সামাজিক অধিকার। ২ ধর্মগত শ্রেণীবিভাগ। ৩ শ্রেণী বা প্রকার। ❑ *বিণ* শ্রেণীভুক্ত; গোষ্ঠীভুক্ত বা সগোত্র। [সং. জাতি>]। **জাত খাওয়া, জাত মারা** *ক্রি* ১ স্বজাতির নিকট হেয় করা। ২ জাতিচ্যুত করা। **জাতব্যবসা** *বি* জাতিগত বৃত্তি; বংশগত পেশা। **জাতভাই, জাতিভাই** *বি* এক জাতীয় লোক; স্বজাতি। ❑ *বিণ* সমগোত্রীয়; এক প্রকৃতির অন্তর্ভুক্ত।
জাত[৩] *বিণ* প্রকৃত; আসল; খাঁটি বা শ্রেষ্ঠ। [সং.]। **জাতসাপ** *বি* বিষধর সাপ; গোখরো বা কেউটে সাপ।
জাত[৪] *বি* সমূহ; যেমন দ্রব্যজাত।
–জাত *বিণ* সঞ্চয় করা বা জমা রাখা হয়েছে এমন; সঞ্চিত; রক্ষিত। তুল. গুদামজাত।
জাতক *বিণ* জন্মগ্রহণকারী। ❑ *বি* ১ সদ্যোজাত শিশু। ২ জন্মকোষ্ঠী। ৩ জাতকর্ম। ৪ বুদ্ধদেবের বিভিন্নরূপে জন্মান্তর কাহিনী। ৫ ভিক্ষু। [সং.]
জাতাশৌচ *বি* হিন্দুমতে সন্তান জন্মের ফলে যে অশৌচ হয় তা। [সং. জাত+অশৌচ]
জাতি[১] *বি* ১ জন্ম ও উৎপত্তি হিসেবে সমলক্ষণ বিচারে শ্রেণীবিভাগ; নৃতাত্ত্বিক বিচারে বিশেষ মানবগোষ্ঠী (বাঙালি, পাঞ্জাবি ইত্যাদি)। ২ রাষ্ট্র দেশ বা সংস্কৃতি অনুযায়ী শ্রেণীবিভাগ। ৩ ব্যবসায় ও আচারগত শ্রেণীবিভাগ। ৪ মানব জাতির বিভিন্ন শাখাগত বিভাগ। ৫ গোত্র বা কুলগত বর্ণভেদমূলক সামাজিক উপবিভাগ। ৬ শ্রেণী বা প্রকার। ৭ জন্ম; উৎপত্তি। [সং.]। **জাতিকুল** *বি* ১ বর্ণ ও বংশ। ২ জাতজন্ম। **জাতি খাওয়া, জাতি নেওয়া** *ক্রি* ১ জাতি নাশ করা; জাতিভ্রষ্ট করা। ২ সতীত্ব নষ্ট করা। **জাতিগত** *বিণ* ১ জাতিসংক্রান্ত; জাতিসম্বন্ধীয়; জাতীয়। ২ জাতির স্বভাব অনুযায়ী। **জাতিচ্যুত** *বিণ* ১ জাতিভ্রষ্ট; কোনো অশাস্ত্রীয় বা অসামাজিক কাজের জন্য জাতি নষ্ট হয়েছে এমন। ২ অধর্মীয় কাজের জন্য নিজের সমাজ বা জাতি থেকে বহিষ্কৃত। **জাতিতত্ত্ব** *বি* মানব জাতির মূল বিভাগ ও পরস্পর সম্বন্ধ বিষয়ে অনুসন্ধানবিদ্যা। **জাতিত্ব** *বি* জাতির অস্তিত্ব। **জাতিধর্ম** *বি* ১ জাতির বিশেষ ধর্ম বা স্বভাব। ২ জাতির করণীয় ধর্ম আচার প্রভৃতি। **জাতিনাশ, জাতিপাত** *বি* জাতিচ্যুতি; জাতি নষ্ট হওয়া। **জাতিধর্মনির্বিশেষে** *ক্রিবিণ* বিভিন্ন জাতি তাদের ধর্ম বা বর্ণের মধ্যে ভেদজ্ঞান না করে সাধারণভাবে সব শ্রেণীর লোকের প্রতি সমান ভাব দেখানো। **জাতিবাচক** *বিণ* ১ জাতি বোঝা যায় এমন; জাতিবোধক; জাতি নির্দেশক। ২ শ্রেণী বা বর্ণসূচক। **জাতিবিদ্বেষ** *বি* কোনো জাতির প্রতিহিংসা বা ঘৃণা। **জাতিভেদ** *বি* ১ ভিন্ন ভিন্ন জাতির পরস্পরের মধ্যে পার্থক্য। ২ হিন্দুদের চার বর্ণ ও উপবিভাগের মধ্যে প্রভেদ। **জাতিভ্রংশ** *বি* জাতি নাশ। **জাতিসঙ্ঘ** *বি* বিভিন্ন জাতির প্রতিনিধিবর্গের একত্র মিলন; বহু জাতির সম্মেলন; United Nations Organization সংক্ষেপে U.N.O.।
জাতি[২], জাতী *বি* ১ চামেলি ফুল বা মালতী। ২ মালতী ফুল ও গাছ। ৩ জায়ফল ও তার গাছ।
জাতীয় *বিণ* ১ জাতি সম্পর্কিত। ২ জাতিগত। ৩ প্রকার বা শ্রেণীভুক্ত। ৪ বর্ণ বা গোত্রসম্বন্ধীয়। ৫ জাতির প্রকৃতিগত। ৬ সমগ্রভাবে জাতির বা জাতির নিজস্ব। ৭ তৎপ্রকার; সদৃশ। [সং.]
জাতীয়তা *বি* ১ স্বজাতিচেতনা; স্বাজাত্যবোধ; স্বজাতিপ্রীতি; স্বজাতি বা স্বদেশবাসীর হিতৈষণা; স্বাজাত্য। ২ জাতির বৈশিষ্ট্য বা অধিকার। [সং.]
জাতেষ্টি *বি* জাতকর্ম; প্রসূত সন্তানের জন্য যে ক্রিয়াকর্ম করতে হয়। [সং. জাত+ইষ্টি]
জাত্যংশ *বি* ১ জাতির অংশ বা সম্বন্ধ। ২ কুল; গোত্র বা বংশ। [সং. জাতি+অংশ]

জাত্যভিমান *বি* বংশগরিমা; উচ্চবংশে জন্ম বলে অহঙ্কার; কুলগর্ব। [স.]

-জাদা *বি* (প্রত্যয়রূপে ব্যবহৃত) পুত্র; ছেলে (নবাবজাদা, বাদশাহ্‌জাদা) [ফা. যাদহ্‌]

জাদু[১] *বি* পুত্র অর্থে আদরের সম্বোধনবিশেষ। □*বিণ* বিদ্রূপাত্মক সম্বোধন। [ফা.]

জাদু[২], **যাদু** *বি* ১ ইন্দ্রজাল; ভেলকি; মায়া; কুহক। ২ বশীকরণ ইত্যাদি; তুক। [ফা. জাদু]। **জাদুকর, যাদুকর** *বি* ১ যে যাদু করতে জানে; ইন্দ্রজালিক; মায়াবী; ভেলকিবাজ। ২ বশীকারক। **জাদুঘর, যাদুঘর** *বি* যেখানে পুরাতত্ত্ববিষয়ক ও অন্যান্য বহু প্রকার অদ্ভুত ও কৌতূহলোদ্দীপক প্রাকৃতিক ও শিল্পবিজ্ঞানজাত বস্তু সংরক্ষিত থাকে। **জাদুবিদ্যা** *বি* ভোজবিদ্যা; কুহকবিদ্যা; বশীকরণবিদ্যা।

জান[১] *বি* ১ গণক (কেমন করিয়া বলিব আমি তো আর 'জান' নহি— রবীন্দ্রনাথ)। ২ যে জানে; সর্বজ্ঞ। [স. √জ্ঞা]

জান[২] *বি* ১ জীবন; প্রাণ। ২ রাগ-রাগিণীর সর্বপ্রধান সুর। [ফা.]। **জানমান** *বি* প্রাণ ও সম্মান। **জানমাল** *বি* জীবন ও ধনসম্পদ; ধনপ্রাণ। **জানি দুশমন** *বি* ১ হত্যা করতে পারে এমন শত্রু; প্রাণঘাতী শত্রু। ২ ঘোর শত্রু; প্রবলতম শত্রু। **জানি দোস্ত** *বি* অন্তরঙ্গ বন্ধু; প্রাণের বন্ধু।

জানকী *বি* জনক রাজার কন্যা; সীতা। [স.]

জানপদ *বিণ* ১ জনপদসম্পর্কিত। ২ গ্রামাঞ্চল নিবাসী। ৩ জনপদে উৎপন্ন। [স.]

জানা *ক্রি* ১ অবগত হওয়া। ২ টের পাওয়া; সংবাদ পাওয়া। ৩ বোঝা বা অনুমান করা। ৪ উপলব্ধি করা; অনুভব করা। ৫ আলাপ-পরিচয় থাকা বা চেনা। ৬ পারা বা করার ক্ষমতা বা শিক্ষা থাকা। ৭ জানা বা শিক্ষা থাকা। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। [স. √জ্ঞা]। **জানাজানি** *বি* বহুলোকের জানা বা অবগতি। □*বিণ* প্রচার; রাষ্ট্র। **জানানো** *ক্রি* ১ অবগত করা বা করানো। ২ সংবাদ দেওয়া। ৩ সাবধান করা। ৪ নিবেদন করা। □*বি, বিণ* উক্ত সকল অর্থে।

জানাজা, যানাজা *বি* মৃতদেহের সদ্‌গতির জন্য দাফন বা কবরস্থ করার পূর্বে যে নামাজ পড়া হয়। [আ. জনায]

জানানা, জেনানা *বি* ১ স্ত্রীলোক; নারী। ২ পত্নী। ৩ অন্তঃপুরিকা; অন্তঃপুরবাসিনী। ৪ অন্তঃপুর; অন্দরমহল। ৫ অবরোধ; পর্দা। [ফা. যাননহ্‌]

জানালা, জালনা *বি* গবাক্ষ; বাতায়ন; খিড়কি। [পো.]

জানু *বি* হাঁটু; উরুর সন্ধি। [স.]

জানোয়ার *বি* ১ জীব; প্রাণী। ২ পশু; জন্তু। □*বিণ* কাণ্ডজ্ঞানহীন; মনুষ্যত্বহীন। [ফা.]

জান্তব *বিণ* ১ জন্তুসুলভ বা জীবধর্মজনিত। ২ জন্তুসম্পর্কিত। ৩ জন্তুজাত। ৪ জন্তুতুল্য। [স.]

জান্তা *বিণ* জানে এমন; অভিজ্ঞ। [হি.]

জান্নাত, জন্নাত *বি* ১ বেহেশ্‌ত; স্বর্গ; অমর্ত্যলোক। ২ উদ্যান। ৩ স্বর্গোদ্যান। [আ. জন্নৎ]। **জান্নাতবাসী** *বিণ* ১ স্বর্গবাসী। ২ পরলোকগত। **জান্নাতি** *বিণ* স্বর্গীয়।

জাপ *বি* জপমন্ত্র। [স. জপ>]। **জাপক** *বিণ* জপ করে এমন; জপকারী। **জাপ্য** *বি* জপ করবার মন্ত্র; যা জপ করতে হবে।

জাপটানো, ঝাপটানো *ক্রি* দুই বাহু দিয়ে জড়িয়ে ধরা। □*বি, বিণ* উক্ত অর্থে। **জাপটাজাপটি** *বি* পরস্পর জাপটানি; জড়াজড়ি।

জাফরান *বি* পুষ্পবিশেষের কেশর; কুঙ্কুম। [আ. যাফরান]। **জাফরানি** *বিণ* পীত; হলুদ; হলদে।

জাব, জাবনা *বি* কুচানো খড়ের সঙ্গে ভুসি খৈল পানি প্রভৃতি মিশ্রিত গরু-মহিষাদির খাদ্য। [স. যবস]

জাবড়া, জাবড় *বিণ* ১ জাবের মতো ভেজা; অত্যন্ত সিক্ত। ২ এলোমেলো; অগোছালো; শ্রীহীন। ৩ জবড়জং; অত্যন্ত স্থূল। **জাবড়ানো** *ক্রি* ১ পানিতে ডুবানো; চুবানো। ২ এলোমেলোভাবে কাজ করা। ৩ থেবড়ানো। ৪ জাপটানো; জড়িয়ে ধরা। □*বি, বিণ* উক্ত সকল অর্থে।

জাবদা, জাবেদা *বিণ* আইন; বিধান। □*বি* দৈনিক হিসাবের পাকা খাতা। [আ. যাবিত]

জাবর, জাওর *বি* গো-মহিষ ছাগাদির গিলিত খাদ্য মুখে এনে পুনরায় চর্বণ; চর্বিতচর্বণ। **জাবর কাটা** *ক্রি* ১ রোমন্থন করা; চর্বিতচর্বণ করা। ২ একই বিষয়ের বা বক্তব্যের পুনঃপুন উত্থাপন বা আলোচনা করা।

জাম[১] *বি* পেয়ালা; পাত্র। **জামবাটি** *বি* কাঁসার তৈরি বড় পেয়ালা বা খোরা। [ফা.]

জাম[২] *বি* ১ ঘোর বেগুনি রঙের ফল; কালোজাম। ২ মিঠাইবিশেষ। [স. জম্বু>]

জাম[৩] *বি* মরিচা; জং। □*বিণ* ১ চাপ বাঁধা; আঁট। ২ গাদাগাদি; ঠাসাঠাসি। [ই.]। **জামধরা** *বিণ* মরিচা ধরা; জং ধরা। [ফা. যন্‌গ্‌]

জামড়া, জামড়ো *বি* ক্রমাগত ঘষার ফলে চামড়ায় কড়া পড়া। [আ.]

জামদানি, জামদানী *বি* ১ তাঁতের ফুল তোলা মিহি কাপড়বিশেষ। ২ নকশা তোলা ধাতুপাত্র। □*বিণ* নকশা তোলা; ফুলকাটা। [আ. জাম্‌দানী]

জামরুদ *বি* উজ্জ্বল সবুজ রঙের মূল্যবান পাথরবিশেষ। [আ. যুমুর্‌রুদ]

জামরুল *বি* এক প্রকার সাদা ছোট ফল ও তার গাছ।

জামা *বি* সেলাইযুক্ত অঙ্গাবরণ বা পরিচ্ছদ; পিরহান; কোট কামিজ ব্লাউজ ইত্যাদি ঊর্ধ্বাঙ্গে পরিধেয় সেলাই করা বস্ত্র। [ফা. জাম্‌]

জামাই *বি* কন্যা বা কন্যাস্থানীয়া মেয়ের স্বামী; জামাতা। [স. জামাতা>]। **জামাই-আদর** *বি* ১ ভালো ও প্রচুর ভোজ্যাদি দিয়ে সমাদর। ২ জামাইয়ের মতো বিশেষ আদর। **জামাইবরণ** *বি* বিবাহকালীন আচারবিশেষ। **জামাইষষ্ঠী** *বি* জ্যৈষ্ঠ মাসের শুক্লা ষষ্ঠীতে হিন্দুদের জামাইকে তত্ত্ব দেওয়া ও নিমন্ত্রণ করার অনুষ্ঠান।

জামাতউলা *বি* ১ মাদ্রাসার সর্বোচ্চ শ্রেণী; ঐ পরীক্ষায় উত্তীর্ণ ব্যক্তি। ২ উক্ত পরীক্ষায় প্রথম শ্রেণী; সর্বোচ্চ শ্রেণী। [আ.]

জামাতা *বি* ১ জামাই; কন্যার পতি। ২ পতি। [স.]

জামানত, জমানত *বি* ১ জামিনস্বরূপ গচ্ছিত অর্থাদি। ২ জামিন; প্রতিভূ। [আ. যমানৎ]। **জামানত জব্দ** *বি* জামিন হিসেবে রাখা টাকা বাজেয়াপ্ত।

জামানা *বি* সময়; কাল; যুগ। [আ. যমানঃ]

জামাল *বি* রূপ; সৌন্দর্য; সুষমা। [আ. জামাল]

জামিন *বি* ১ জামানত; প্রতিভূ; অপরের জন্য দায়ী। ২ অঙ্গীকার পালন না করলে যে গচ্ছিত টাকা কাটা যায়। [আ. যামিন্‌]। **জামিননামা** *বি* যে পত্রে জামিন নেওয়া বা

দেওয়ার শর্তাদি লেখা থাকে; মুচলেকা।
জামির *বি* ১ আকারে বড় ও অত্যন্ত অম্ল স্বাদযুক্ত লেবুবিশেষ; গোড়ালেবু। ২ চাউলবিশেষ। [স. জম্বীর>]
জামে মসজিদ *বি* বড় মসজিদ; শুক্রবারে বা ঈদে বড় জামাত অনুষ্ঠানের লক্ষ্যে নির্মিত বড় মসজিদ; দিল্লীর বিখ্যাত মসজিদ। [আ. জামে+মসজিদ]
জাম্বীর *বি* জামির; জম্বীর। ❑ *বিণ* ১ জামির সম্বন্ধীয়। ২ জামির থেকে উৎপন্ন। [স.]
জাম্বুবান, জাম্ববান *বি* হিন্দু পুরাণোক্ত ভল্লুকরাজ; বানররাজ সুগ্রীবের মন্ত্রী। **জাম্ববতী** *বি স্ত্রী.* জাম্ববানের কন্যা; শ্রীকৃষ্ণের স্ত্রী। [স.]
জায় *বি* ১ ফর্দ। ২ হিসাবের লিখিত বিস্তৃত বিবরণ; তালিকা। [ফা.] **জায়বাকি, বাকিজায়** *বি* যে টাকা পাওয়ার বাকি আছে তার তালিকা। **জায়সুদী** *বিণ* ঋণের সুদ হিসেবে প্রদত্ত জমির ফসল।
জায়গা *বি* ১ স্থান। ২ জমি; ভূসম্পত্তি। ৩ অবস্থা; সুযোগ; ক্ষেত্র। ৪ আধার; পাত্র। ৫ বদল; পরিবর্ত। ৬ আশ্রয়। ৭ আবাস; বাস। ৮ অঞ্চল। [ফা. জায়্গাহ্]। **জায়গাজমি** *বি* ভূসম্পত্তি।
জায়গির, জায়গীর *বি* ১ চাকরির বেতন বা মাইনের পরিবর্তে প্রদত্ত ভূসম্পত্তির উপস্বত্ব ভোগের অধিকার। ২ কৃতকর্মের পুরস্কার স্বরূপ বাদশাহর নিকট থেকে প্রাপ্ত নিষ্কর ভূসম্পত্তি। ৩ বিনা খরচে কোনো পরিবারে থাকা-খাওয়ার ব্যবস্থা। [ফা. জাগীর]। **জায়গিরদার, জাইগিরদার** *বি* জায়গিরের মালিক; জায়গির ভোগকারী। ❑ *বিণ* জায়গির দেওয়া হয়েছে এমন; জায়গির পেয়েছে এমন।
জায়দাদ *বি* ১ জমি প্রভৃতি সম্পত্তি; ভূসম্পত্তি। ২ ভূমিতে দখল স্বত্ব। [ফা. জাউদাদ]
জায়নামাজ *বি* মাদুর, পাটি ইত্যাদির যে আসন পেতে নামাজ পড়া হয়। [ফা. জায়নমায; আ. মসল্লা]
জায়ফল *বি* জাতিফল; এক প্রকার মসলা; এক প্রকার সুগন্ধযুক্ত বীজ। [স. জাতিফল>]
জায়া *বি স্ত্রী.* পত্নী; ভার্যা। [স.]। **জায়াপতি** *বি* স্ত্রী ও স্বামী; দম্পতি।
জায়ু *বি* ওষুধ। **জায়ুজব্যাধি** *বি* কোনো কোনো ওষুধ একাদিক্রমে সেবনের ফলে যে রোগ জন্মে। [স.]
জায়েজ *বিণ* বৈধ; সিদ্ধ; আইনসম্মত; উপযুক্ত; প্রচলিত। [আ. জাইয]
জার[১] *বি* উপপতি; গুপ্ত প্রণয়ী। [স.]
জার[২] ⇒জাড়।
জারক *বিণ* পাচক; পরিপাক করে এমন; জীর্ণকারী; হজমি।
জারজ *বি, বিণ* উপপতি দ্বারা উৎপন্ন সন্তান; অবৈধ শিশু; বেজন্মা। [স.]। **জারজা** *স্ত্রী.*।
জারণ *বি* ১ পরিপাককরণ; হজমকরণ। ২ ধাতুশোধন; জারিতকরণ; reducing metal (লৌহজারণ)।
জারি[১], **জারী** *বি* ১ প্রচলন; কার্যকর; প্রয়োগ; প্রবর্তন। ২ প্রচার; রাষ্ট্র; জাহির। ৩ দম্ভ; দর্প; বড়াই। ❑ *বিণ* প্রবর্তিত; প্রচলিত। [আ. জারী]
জারি[২] *বি* ১ দুঃখ; কান্না; শোক ইত্যাদি। ২ কারবালার শোকাবহ ঘটনামূলক গাথা। ৩ শোকগীতি। ৪ কোনো বিশেষ বিষয়ে প্রচার বা বিদ্রূপমূলক লোকরীতির গান। **জারিগান** *বি* মুসলমানদের ধর্মীয় কাহিনীনির্ভর গানবিশেষ। [ফা. যারি, তুল. আহ্জারি]
জারিজুরি *বি* ১ বাহাদুরি; বড়াই; জাঁক। ২ কলাকৌশল; ওস্তাদি; কারিগরি। ৩ প্রতাপ; প্রভাব। [আ. জারি+বা. জোর+ই]
জারিত *বিণ* ১ জীর্ণ; শোধিত; ভস্মীকৃত। ২ যে দ্রব্য জারিত হয়েছে। [স. √জি+ণিচ্+ত]
জারুল, জাড়ুল *বি* একপ্রকার গাছ ও তার কাঠ।
জারেজার, জারজার *ক্রিবিণ* দরবিগলিত ধারায়; ঝুরে ঝুরে; একান্ত কাতরে; বিলাপে; খেদে। ❑ *বিণ* জরজর বা জীর্ণ; একান্ত কাতর। [ফা. যার যার]
জার্নাল, জর্নাল *বি* ১ দৈনিক পত্রিকা; সাময়িক পত্র। ২ দৈনিক আয়-ব্যয়ের হিসাবের খাতা। ৩ দিনপঞ্জি; দিনের ঘটনাপঞ্জি। [ই.]
জাল[১] *বি* ১ ফাঁক ফাঁক করে বোনা সুতা দড়ি বা তারের ফাঁদবিশেষ। ২ ফাঁদ। ৩ ফ্যাসাদ; হাঙ্গামা; ঝঞ্ঝাট; ঝামেলা। ৪ সূক্ষ্ম আবরণ। ৫ সমূহ; রাশি। ৬ মন্দশক্তি বা কুপ্রভাব। ৭ বন্ধন। ৮ চুল বাঁধবার উপকরণবিশেষ।
জাল[২] *বিণ* ১ কৃত্রিম; মেকি; মিথ্যা। ২ ছদ্মবেশী; কপট; নকল। ❑ *বি* ঠকাবার জন্য অনুকরণ। [আ. জাল]
জালক *বি* ১ ফুলের কুঁড়ি; কোরক। ২ জালি। ৩ পাখির উপদ্রব থেকে ফল তরকারি ইত্যাদি রক্ষা করবার জন্য ব্যবহৃত জাল। ৪ ফল পাড়বার জন্য আঁকশির অগ্রভাগে ব্যবহৃত জালবিশেষ। ৫ গবাক্ষ। ৬ মোচা। ৭ কুলায়; নীড়। ৮ দম্ভ। ৯ ভূষণবিশেষ। ১০ ছোট লাউ; জালি লাউ। ❑ *বিণ* জালকারক। [স. জাল+ক]
জালতি *বি* ১ ছোট জাল। ২ ফল পাড়বার জন্য জালযুক্ত আঁকশি। ৩ গরুর মুখের জাল। [স. জাল+বা. তি]
জালা[২] *বি* অঙ্কুর; ধান প্রভৃতির চারা। **জালানো** *ক্রি* অঙ্কুরিত হওয়া; গজানো।
জালাতন, জ্বালাতন *বি* উৎপাত; যন্ত্রণা; কষ্টদান; বিরক্তিকরণ। ❑ *বিণ* উত্যক্ত; ব্যতিব্যস্ত।
জালি[১], **জালী** *বি* ছোট জাল।
জালি[২] *বিণ* কচি (জালি লাউ); নরম; সদ্য অঙ্কুরিত। [স. জাল+বা. ই ঈ]
জালিক *বি* ১ ব্যাধ। ২ মাকড়সা। ৩ ধীবর; জেলে। ৪ মর্কট। ৫ জালিয়াত; প্রতারক; প্রবঞ্চক।
জালিবোট *বি* জাহাজাদির সঙ্গে যে ছোট নৌকা বাঁধা থাকে। [ই.]
জালিম, জালেম *বিণ* জুলুমকারী; অত্যাচারী; উৎপীড়ক। ❑ *বি* অত্যাচারী ব্যক্তি, জুলুমকারী ব্যক্তি। [আ. যালিম]
জালিয়া *বি* ১ জেলে নৌকাবিশেষ। ২ জেলে; ধীবর। ৩ ব্যাধ। [স. জাল+বা. ইয়া>এ]
জালিয়াত *বি, বিণ* ১ জালকারক; মেকি দ্রব্য প্রস্তুতকারক বা কৃত্রিম খত বা দলিলাদি রচয়িতা। ২ ধোঁকাবাজ; প্রবঞ্চক; ঠক। [আ. জা'লীয়াৎ]। **জালিয়াতি** *বি* প্রবঞ্চনা; ধোঁকাবাজি; জালকরণ।
জালুয়া *বি* জেলে; ধীবর। [স. জাল+বা. উয়া]
জাহাঙ্গীর *বি* পৃথিবীর অধিপতি। [তুল. আলমগীর, জাঁহাপনা]
জাহাজ *বি* বৃহৎ জলযান; অর্ণবপোত; স্টিমার। [আ.

জহায্]। **জাহাজি** *বিণ* ১ জাহাজ-বিষয়ক। ২ জাহাজে আনীত। ৩ জাহাজের শ্রমিক কর্মচারী প্রভৃতি।

জাহান *বি* দুনিয়া; বিশ্ব; বিশ্বভুবন; সারা পৃথিবী; জগৎ। [ফা. জহান]

জাহানদার, জাহান্দার *বি* দুনিয়ার মালিক। [ফা. জহান্‌দার]

জাহান্নাম, জাহান্নম *বি* নরক; দোজখ; পাপীদের জন্য অত্যন্ত নিকৃষ্ট স্থান।[আ. জহন্নম্]।**জাহান্নামি, জাহান্নামী** *বিণ* নরকী; দোজখি। ❑*বি,বিণ* পাপী; অনাচারী। **জাহান্নামে যাওয়া** *ক্রি* ১ নরকে যাওয়া। ২ অধঃপাতে যাওয়া; গোল্লায় যাওয়া। ৩ কুপথগামী হওয়া; দুশ্চরিত্র হওয়া।

জাহিদ, যাহেদ *বি* সাধু ব্যক্তি; ত্যাগী পুরুষ; ভোগবিলাসহীন অনাড়ম্বর ব্যক্তি। [আ. যাহিদ্]

জাহির, জাহের *বিণ* ১ প্রকাশ্য; প্রকাশিত; ব্যক্ত। ২ ব্যাপ্ত; বিঘোষিত। ❑*বি* প্রচার; রাষ্ট্র; প্রকাশ। ❑*বি,বিণ* প্রদর্শন বা প্রকটন। [আ. যহির]। **জাহিরা, জাহেরি** *বিণ* বাইরের; বাহ্যিক।

জাহিল, জাহেল *বি,বিণ* অজ্ঞ; মূর্খ; নির্বোধ। ❑*বি* অশিক্ষিত ব্যক্তি। [আ. জাহিল]

জাহিলিয়া, জাহেলিয়াত *বি* অজ্ঞতা বা বর্বরতার যুগ; খ্রিষ্টধর্ম প্রচারের পর থেকে ইসলাম ধর্ম প্রচারের সময় পর্যন্ত। [আ. জাহিলীয়াৎ]। **জাহেলাত, জাহালাত** *বি* অজ্ঞতা; মূর্খতা। [আ. জাহালাৎ]

জাহ্নবী *বি* ১ গঙ্গা; ভাগীরথী। ২ হিন্দুমতে জহ্নু মুনির কন্যা। ৩ নদী; স্রোতস্বিনী। [স.]

জিউ, জীউ *বি* ১ জীবন; প্রাণ। ২ চিত্ত; মন। ❑*ক্রি* জীবিত থাক; বেঁচে থাক। [স. জীব]

জিওল, জিয়ল *বিণ* সহজে মরে না এরূপ। ❑*বি*১ আঠার জন্য বিখ্যাত এক প্রকার গাছ ও তার কাঠ। ২ মাছবিশেষ; শিঙি–মাগুর জাতীয় জিইয়ে রাখার মতো মাছ। ৩ বহুদিন বাঁচে ও জিইয়ে রাখা যায় এমন মাছ। [স. জীব>+ওয়াল>]

জিকির, জিগির *বি*১ আল্লাহতাআলার নাম উচ্চারণ বা জপ। ২ রব; উচ্চধ্বনি; শ্লোগান। ৩ বিশেষ জোর। ৪ ধুয়া; একই বক্তব্যের পৌনঃপুনিক উচ্চারণ। ৫ প্রচার। ৬ জয়োল্লাস; জয়ধ্বনি। ৭ শোরগোল; হৈ চৈ। [আ. যিকর]

জিগা, জিকা *বি* একজাতীয় গাছ ও তার আঠা; জিওল; জিয়ালা বা জিউনি গাছ; ভাদিগাছ (চট্টগ্রাম)।

জিগীষা *বি* জয়ের ইচ্ছা; জয় করবার ইচ্ছা। [স. √জি+সন্+আ]। **জিগীষু** *বিণ* জয়েচ্ছু; জয়াভিলাষী।

জিঘাংসা *বি* বধ করবার ইচ্ছা; হননেচ্ছা। **জিঘাংসু** *বিণ* বধেচ্ছু; হত্যা করতে ইচ্ছুক। [স. √হন্+সন্+আ]

জিজিয়া *বি* মুসলিম রাষ্ট্রে সামরিক কাজের পরিবর্তে অমুসলমানদের নিকট থেকে গৃহীত এক প্রকার কর। [আ. জিয্‌ইয়ঃ]

জিজীবিষা *বি* বেঁচে থাকবার ইচ্ছা; জীবনের আকাঙ্ক্ষা। [স.]। **জিজীবিষু** *বিণ* বেঁচে থাকতে ইচ্ছুক।

জিজ্ঞাসা, জিজ্ঞেস *বি* ১ জানবার ইচ্ছা; কৌতূহল; অনুসন্ধিৎসা। ২ প্রশ্ন; অনুসন্ধেয় বিষয়। [স.]। **জিজ্ঞাসাবাদ** *বি* অপরাধ সংক্রান্ত বিষয়ে তথ্য জানার জন্য নানা ধরনের প্রশ্নাদি। **জিজ্ঞাসু** *বিণ* জানতে ইচ্ছুক; অনুসন্ধিৎসু। **জিজ্ঞাস্য** *বিণ* জিজ্ঞাসার যোগ্য; জানবার বিষয়; অনুসন্ধেয়।

জিঞ্জির, জিঞ্জীর *বি* ১ শৃঙ্খল; শিকল। ২ গ্রন্থি বা বন্ধন। ৩ কয়েদ; জেল। [ফা. যিন্‌জীর]

জিত *বিণ*১ জয় করা হয়েছে এমন; বিজিত। ২ পরাভূত; পর্যুদস্ত। ৩ বশীভূত। ৪ জয় (হারজিত)। [স. √জি+ত]

জিতেন্দ্রিয় *বিণ* কামাদি রিপু বশীভূত করেছে এমন; ইন্দ্রিয় জয়কারী; ইন্দ্রিয়জয়ী। [স. জিত+ইন্দ্রিয়]

জিদ, জেদ *বি* ১ গোঁ; ঝোঁক; একগুঁয়েমি; নাছোড়ভাব। ২ রাগ; ক্রোধ। [আ. যিদ্দ]

জিদালো, জেদালো *বিণ* একরোখা; একগুঁয়ে। [আ. যিদ্দ+আলো]

জিদি, জেদি *বিণ* একগুঁয়ে; একরোখা। [আ. যিদ্দী]। **জেদাজেদি, জিদাজিদি** *বি* ১ পরস্পর জিদ বা একগুঁয়েমির ভাব প্রকাশ। ২ পুনঃপুন জিদ প্রকাশ।

জিন[১] *বি* মুসলমানদের বিশ্বাস অনুসারে আগুনে তৈরি অদৃশ্য দেহধারী জীববিশেষ; দৈত্য। [আ. জিন্ন্]

জিন[২] *বি,বিণ*১ জিতেন্দ্রিয় সাধক; সিদ্ধপুরুষ; সন্ন্যাসী; শ্রমণ; ভিক্ষু; শ্রাবক; জয়ী; জয়লাভকারী। ২ বুদ্ধ; মহাবীর। [স. √জি+ন]

জিন[৩], **জীন** *বি* ঘোড়ার পিঠে পেতে বসার চর্মাসন বা গদি, saddle। [স. যীন]

জিন[৪] *বি* একপ্রকার মোটা কাপড়; মোটা সুতার ঠাসবুনানি কাপড়। [ই. jean]

জিনা[১] *ক্রি*১ পরাজিত করা; জয় করা; জিতা। ২ উৎকর্ষে হার মানানো। [স.]

জিনা[২] = জেনা।

জিনিস, জিনিশ *বি*১ পদার্থ; বস্তু; দ্রব্য। ২ সারবস্তু। ৩ মূল্যবান বা সারগর্ভ বস্তু। ৪ আসবাবাদি; গৃহসামগ্রী বা সংসারের নিত্যপ্রয়োজনীয় সমাগ্রী। ৫ বিষয়। ৬ ব্যাপার। [আ. জিন্‌স্]। **জিনিসপত্র** *বি* দ্রব্যসামগ্রী; নানা প্রকারের জিনিস; বস্তুসমূহ।

জিন্দা, জেন্দা *বিণ* ১ জীবিত; জীবন্ত। ২ জাগ্রত বা অলৌকিক ব্যক্তিসম্পন্ন। [ফা. যিন্দহ্]। **জিন্দাপীর, জেন্দাপীর** *বি*১ জীবিত পীর। ২ অলৌকিক শক্তিসম্পন্ন সাধুপুরুষ; সিদ্ধপুরুষ। **জিন্দাবাদ** *অব্য* দীর্ঘজীবী হোক বা অমর হোক এই কামনাসূচক ধ্বনি। [ফা. যিন্দহ্‌বাদ্]

জিন্দান, জেন্দান *বি*১ কারাগার; জেলখানা। ২ বন্ধন। [ফা. যিন্দান্]। **জিন্দানখানা** *বি* জেলখানা; কারাগার; বন্দীশালা।

জিন্দিগি, জিন্দেগি *বি* ১ জীবিতকাল; আয়ুষ্কাল। ২ আয়ু; জীবন; প্রাণ। [ফা. যিন্দগী]। **জিন্দিগিভর** *ক্রিবিণ* জীবনব্যাপী; আজীবন। **জিন্দেগানি, জেন্দাগানি** *বি* জীবন; জীবৎকাল; আয়ুষ্কাল। [ফা. যিন্দগানী]

জিপ *বি* একপ্রকার মোটরগাড়ি। [ই. jeep]

জিব, জিভ *বি* মুখমধ্যস্থ যে প্রত্যঙ্গ স্বাদ গ্রহণ করে; রসনা; জিহ্বা। [স. জিহ্বা>]। **জিবে** *বিণ* জিহ্বার ন্যায় রূপ বা আকৃতি এমন (জিবে-গজা)।

জিবরাইল, জিবরাঈল *বি* স্বর্গীয় দূত; ফেরেস্তা/মলক যিনি আল্লাহর নিকট থেকে নবী রসুলগণের নিকট বাণী পৌঁছান। [আ. জীবরাঈল; জিব্‌রীল]

জিমনাস্টিক *বি* ইউরোপীয়প্রণালীতে বিবিধ কৌশলযুক্ত ব্যায়াম বা বিচিত্র দেহকৌশল। [ই. gymnastic]

জিম্মা, জেম্মা *বি* ১ হেফাজত; তত্ত্বাবধান; সংরক্ষণ; দায়িত্ব। ২ আয়ত্ত; অধিকার; গচ্ছিত; ন্যস্ত। [আ. যিম্মঃ]। **জিম্মাদার** *বি* যার নিকট কোনো জিনিস গচ্ছিত রাখা যায় বা যার দায়িত্বে কোনো বস্তু রক্ষিত থাকে। **জিম্মি** *বি* ১ মুসলিম রাষ্ট্রের অমুসলমান প্রজা; যাদের রক্ষণাবেক্ষণের ভার রাষ্ট্র গ্রহণ করবে। ২ শর্ত আরোপ করে কোনো ব্যক্তি বা বস্তু আগলে রাখা।

জিয়ানো, জিয়নো *ক্রি* ১ বাঁচিয়ে রাখা বা লালিত করা। ২ জীবিত করা; বাঁচানো। ৩ জমিয়ে রাখা। [সং. জীব; প্রা. জিঅ]

জিয়াফত, যেয়াফত *বি* নিমন্ত্রণ; দাওয়াত; জন্ম-মৃত্যু বিয়ে উপলক্ষে বহুলোকের ভোজনের জন্যে ব্যবস্থা; ভোজনোৎসব। [আ. যিয়াফত]

জিরগা, জির্গা *বি* আফগান রাজ্য পরিষদ; অরণ্যবাসীদের গোত্রীয় প্রশাসনিক সংস্থা বা পরিষদ। তুল. **জরগাহ**।

জিরজির, জিরজিরে *বিণ* জীর্ণশীর্ণ; কঙ্কালসার; অস্থিচর্মসার; রোগা; কৃশ।

জিরা, জিরে *বি* রান্নার এক প্রকার মসলা; cumin। [সং. জীরক]

জিরাত, জেরাত *বি* ১ চাষাবাদ। ২ চাষের বা বাসের জমি। [আ. যিরা'আৎ]। **জিরাতি** *বিণ* চাষের যোগ্য; কর্ষণীয়। [আ. যিরা'আতী]

জিরান, জিরেন *বি* ১ আরাম; বিশ্রাম; শ্রান্তি অপনোদন। ২ অবকাশ; ফাঁক; বিরাম। [ফা. জিরয়ান; আ. জরয়ান]

জিরানো, জিরান², জিরনো *ক্রি* ১ বিশ্রাম করা; ক্লান্তি অপনোদন করা। ২ বিরাম বা ছার দেওয়া। ❑*বি* বিশ্রামকরণ। [আ., ফা.]

জিরাফ *বি* খুব লম্বা গলা ও লম্বা পা-বিশিষ্ট আফ্রিকার বন্য জন্তুবিশেষ। [ই. giraffe]

জিল, জেলদ *বি* ১ পুস্তকের খণ্ড যা একসঙ্গে সেলাই করা হয়। ২ পুস্তকের চামড়ার বাঁধাই বা মলাট। ৩ চামড়া। [আ. জিল্‌দ]

জিলা=জেলা।

জিলাপি, জিলিপি *বি* প্যাঁচবিশিষ্ট কুণ্ডলাকার সুপরিচিত মিঠাই। [হি. জিলেবী]। **জিলিপির প্যাঁচ**— কূটিলতা; অসরল ভাব।

জিল্লতি *বিণ* অপমানিত।

জিষ্ণু *বিণ* জয়শীল; বিজয়কামী। ❑*বি* ১ হিন্দু দেবতা বিষ্ণু। ২ হিন্দু দেবতা ইন্দ্র। ৩ অর্জুন। [সং. √জি+স্নু]

জিহ, জিহি *বি* জিহ্বা; জিভ; রসনা। [সং. জিহ্বা>]

জিহীর্ষা *বি* অপহরণ করবার ইচ্ছা। [সং.]

জিহ্বা *বি* যা দ্বারা লেহন করা যায়; রস আস্বাদন করবার ইন্দ্রিয়; রসনা; জিভ। **জিহ্বা কণ্ডুয়ন** *বি* ঝগড়ার জন্য জিভ চুলকানো।

জী¹, জি¹ *বি* ১ জীব তথা বেঁচে থাকুন অর্থে। ২ হিন্দু সমাজে সম্মানসূচক ও সম্বোধনবাচক শব্দ বা উপাধিবিশেষ (স্বামীজি, নেতাজি)। ৩ প্রাণসদৃশ (বাবাজী-বাবা জীবন)। ৪ মহাশয় (পাঁড়েজি)। [সং. জীব>]।

জী², জি² *অব্য* আজ্ঞা হোক, হুকুম হোক অর্থে, জিত বা বশীভূতের প্রতি, সাঁড়াজ্ঞাপক বা সম্ভ্রম বা সম্মতিসূচক শব্দ (জী আসছি, জী হ্যাঁ, জী হুজুর)। তুল. আজ্ঞা; আজ্ঞে। [সং. জিত ('জিত' তথা বশীভূত অর্থে) অথবা জীব>জীও>জী, জি. তুল. হনুমানজি। জীব তথা বেঁচে থাকুন অর্থে ব্যবহৃত]

জীউ, জিউ *বি* হিন্দুদের দেবতা ঠাকুরদের প্রতি প্রযোজ্য সম্মানসূচক উপাধি। [হি. জীউ. সং. জীব>]

জীব¹ *বি* ১ প্রাণী। ২ প্রাণ; জীবন। ৩ দেহের চৈতন্যশক্তি; জীবাত্মা। ৪ দেহধারী আত্মা। ৫ যার জীবন আছে—প্রাণী বা উদ্ভিদ। [সং.]। **জীবতত্ত্ব** *বি* প্রাণিবিদ্যা; জীববিজ্ঞান। **জীবধন** *বি* গো মহিষ প্রভৃতি পশু সম্পদ; livestock। **জীবধর্ম** *বি* ক্ষুধা তৃষ্ণা প্রভৃতি জীবমাত্রেরই যে শারীরবৃত্তি।

জীব² *ক্রি* বেঁচে থাকো; দীর্ঘজীবী হও। [সং. √জীব্>]

জীবৎ *বিণ* জীবন আছে এমন; জীবন্ত; জীবনযুক্ত। **জীবৎকাল, জীবদ্দশা** *বি* জীবিতাবস্থা; আয়ুষ্কাল; জীবনকাল। [সং. √জীব্+অৎ]

জীবন *বি* ১ প্রাণ। ২ প্রাণের ন্যায় প্রিয়; প্রাণতুল্য; প্রাণস্বরূপ। ৩ প্রাণধারণ। ৪ জীবনকাল; জীবৎকাল। ৫ আয়ু। ৬ জীবিকা। ৭ জল; বায়ু; সমীরণ। ৮ পরমেশ্বর। [সং. √জীব+অন]। **জীবনচরিত, জীবনবৃত্তান্ত** *বি* যে গ্রন্থে কোনো ব্যক্তির জন্ম থেকে মৃত্যু পর্যন্ত যাবতীয় ঘটনা ও চরিত্রের বিবরণ থাকে; জীবনের ইতিহাস; জীবনী। **জীবন দর্শন** *বি* মানব জীবনের স্বরূপ অবধারণ। **জীবনবল্লভ** *বি* প্রাণাধিক প্রিয়; প্রাণপ্রিয়। **জীবনবিমা, জীবনবীমা** *বি* নির্দিষ্ট কিস্তিতে কোম্পানির নিকট টাকা জমা দিয়ে নির্ধারিত কাল পরে অথবা তৎপূর্বে মৃত্যু ঘটলে নিজের বা উত্তরাধিকারীর এককালীন সঞ্চিত অর্থপ্রাপ্তি-সংক্রান্ত চুক্তি। **জীবনবেদ** *বি* জীবন-দর্শন। **জীবনসংগ্রাম** *বি* বেঁচে থাকার জন্য প্রতিকূল অবস্থার সঙ্গে যুদ্ধ। **জীবন-স্মৃতি** *বি* নিজ জীবনের যেসব ঘটনা মনে আছে।

জীবনাধিক *বিণ* প্রাণের চেয়েও বেশি অর্থাৎ প্রাণাপেক্ষা প্রিয়।

জীবনান্ত *বি* মৃত্যু।

জীবনাবধি *বি* জীবিতকাল; আজীবন; বেঁচে থাকাকালীন। [সং. জীবন+অবধি]

জীবনাবসান *বি* মৃত্যু; জীবনের শেষ। [সং.]

জীবনালেখ্য *বি* জীবনচিত্র; জীবনের ছবি। [সং.]

জীবনী *বি, বিণ* যা জীবন বা আয়ু দান করে; প্রাণদায়িনী (জীবনীশক্তি)। **জীবনীশক্তি** *বি* ১ বেঁচে থাকার শক্তি; যে শক্তি জীবগণকে জীবিত রাখে। ২ জীবনচরিত; জীবনকথা। [সং. জীবন+ঈ]

জীবনেতিবৃত্ত *বি* জীবনচরিত; জীবনকাহিনী; জীবনের কর্ম-আচরণের পরিচিতি; বিবরণী। [সং. জীবন+ইতিবৃত্ত]

জীবনোচ্ছ্বাস *বি* প্রাণশক্তির উদ্বেল অবস্থা। [সং. জীবন+উচ্ছ্বাস]

জীবনোপায় *বি* বেঁচে থাকার উপায়; জীবন রক্ষার উপায়; জীবিকা। [সং. জীবন+উপায়]

জীবন্ত *বিণ* ১ বেঁচে আছে এমন; প্রাণবন্ত; সজীব; জীবন্ত; জীবিত। ২ অত্যন্ত স্পষ্ট। ৩ উৎসাহ ও উদ্দীপনায় পূর্ণ। [সং. √জীব+অন্ত—প্রাণ ধারণ করছে এরূপ]

জীবন্তিকা *বি* ১ পরগাছা। ২ নাটিকা; জীবনের বাস্তবরূপের নাট্যায়ন। [সং.]

জীবন্মুক্ত *বিণ* জীবিতাবস্থায় মায়ার বন্ধন থেকে মুক্ত; মহাপুরুষ; তত্ত্বজ্ঞানী। [সং. জীবৎ+মুক্ত]

জীবন্মৃত *বিণ* ১ জীবিত থেকেও মৃতের ন্যায় অচল-

অক্ষম; জীয়ন্তে মরা। ২ নির্জীব; মনমরা। [স. জীবৎ+মৃত]

জীবাণু *বি* অণুবীক্ষণে দৃশ্য অতি সূক্ষ্ম প্রাণী বা উদ্ভিদ; প্রাণবিশিষ্ট অতি ক্ষুদ্র কণা। [স. জীব+অণু]

জীবাত্মা *বি* ১ দেহস্থ আত্মা; দেহধারী আত্মা; জীবপুরুষ। ২ জীব-জীবনের মধ্যে অবিচ্ছিন্ন পরমাত্মা। [স. জীব+আত্মন্]

জীবাশ্ম *বি* যে প্রাণী বা উদ্ভিদ পাথরে পরিণত হয়েছে; প্রস্তরীভূত প্রাণী বা উদ্ভিদ। [স. জীব+অশ্ম]

জীবিকা *বি* ১ জীবন ধারণের জন্য গৃহীত পেশা; বৃত্তি; জীবনোপায়। ২ জীবন্ত বৃক্ষ। [স. জীব+অক+আ অথবা জীব+ণিচ+নক+আ]

জীবিত *বিণ* ১ বেঁচে আছে এরূপ; জীবন্ত; সজীব। ২ জীবনযুক্ত; আয়ুযুক্ত; মৃত নয় এমন; প্রাণপূর্ণ। [স. √জীব+ত]

-জীবী *বিণ* ১ জীবন বা জীবনী-শক্তিবিশিষ্ট। ২ জীবিকাবিশিষ্ট বা জীবিকাধারী (বৃত্তিজীবী, পেশাজীবী, দীর্ঘজীবী, বুদ্ধিজীবী, ক্ষণজীবী, আইনজীবী) কোনো গুণকে পুঁজি করে কিংবা কোনো কাজকে আয়ের উৎস করে জীবন ধারণ করে যে সে-ই জীবী। [স. √জীব্+ইন্]

জীমূত *বি* ১ মেঘ। ২ মেঘঘটা; ঘনঘটা। ৩ পর্বত। **জীমূতনাদ, জীমূতমন্দ্র** *বি* মেঘগর্জন, মেঘের গুরুগম্ভীর ডাক। **জীমূতবাহন** *বি*১ হিন্দু দেবতা ইন্দ্র। ২ বারো শতকের একজন প্রখ্যাত স্মার্ত। [স. জীবন (জল)+মূত]

জীয়ন, জিয়ন *বি* জীবন; বাঁচন। [স. জীবন>]। **জীয়ন্ত-কাঠি, জিয়নকাঠি** *বি* যে কাঠির স্পর্শ দ্বারা জীবন সঞ্চার হয়। **জীয়ন্ত, জিয়ন্ত** *বি* জীবিত; জ্যান্ত।

জীরক, জিরা *বি* মশলাবিশেষ। [স. জীরক]

জীর্ণ *বিণ* ১ শীর্ণ; ক্ষয়প্রাপ্ত। ২ জারিত; জর্জরিত। ৩ শিথিলতাপ্রাপ্ত; অকর্মণ্য; পুরনো। ৪ হজম; পরিপাক বা হজম হয়েছে এমন। ৫ গলিত বা জরাগ্রস্ত। [স. √জৃ+ত]। **জীর্ণতা** *বি* জীর্ণের ভাব; জীর্ণ হওয়া; বৃদ্ধতা; জরা; ক্ষীণতা।

জুগুপ্সা *বি* নিন্দা; কুৎসা; অপবাদ; ঘৃণা। [স. √গুপ+সন্+অ+আ]

জুজ *বি* বইয়ের ফর্মা বা খণ্ড। [আ. জুয্]। **জুজদান** *বি* যে কাপড়ে গ্রন্থাদি জড়িয়ে রাখা হয়।

জুজু *বি* ভয় দেখাবার জন্য কল্পিত মূর্তি বা জীব। □*বিণ* জড়সড় বা জবুথবু; আড়ষ্ট। [স. জু=পিশাচী; ফা. যু=সন্ধানী; সন্ধানকারী বা./ফা./স.]। **জুজুবুড়ি, জুজুবুড়ী** *বি* শিশুদের ভীতিজনক কল্পিত ডাইনি; ছেলেধরা।

জুজুৎসু *বি* জাপান দেশীয় মল্ল-বিদ্যাবিশেষ; কুস্তির প্যাঁচবিশেষ। [জা.]

জুটন *বি* পাট থেকে প্রস্তুত কাপড়। [ই. jute+ বা. অন]

জুডো *বি* এক প্রকার জাপানি খেলা যাতে প্যাঁচ ও কৌশল প্রয়োগ করে প্রতিপক্ষকে পরাভূত করা হয়। [জা. judo]। **জুডোকা** *বি* জুডো খেলোয়াড়।

জুড়ানো, জুড়নো *ক্রি* ১ শীতল হওয়া বা করা। ২ শান্ত হওয়া বা করা। ৩ তৃপ্ত করা বা হওয়া। [স. জড় (শীতল)>]

জুড়ি, জুড়ী *বি*১ সমান সমান দুটিতে জোট বা জোড়। ২ সমান দ্বিতীয় ব্যক্তি বা বস্তু; সমকক্ষ। ৩ দোসর; সাথী। ৪ দুই ঘোড়ায় টানা গাড়ি। ৫ যাত্রার গায়ক যুগল। ৬ সেতারের দুইটি বিশেষ তার। □*বিণ* ১ দুই ঘোড়ায় টানে এমন (জুড়িগাড়ি)। ২ সমকক্ষ। [তুল. হি. জোড়ী/স. যুগ্ম/যুগল]। **জুড়িদার** *বি* সহযোগী; সঙ্গী; সমকক্ষ; সমতুল্য।

জুত[১], জুৎ[১] *বি*১ মনোমত সুখ; সম্পূর্ণ বা সর্বাঙ্গীণ স্বস্তি; যথাযথ বা নিখুঁত নিটোল আরাম; পুরাদস্তুর আরাম। ২ মানান; মিল বা লাগ; সুবিধা বা সুযোগ। [স. যুক্তি>প্রা. জুত্তি]

জুত[২], জুৎ[২] *বি*১ জ্যোতি। ২ শক্তি; সামর্থ্য। ৩ চোট; জোর; তেজ। [স. জ্যোতিঃ>]

জুত[৩] *বি* কোনো যন্ত্রের ভালো বা কার্যকর অবস্থা; যন্ত্রবিশেষ।

জুতা, জুতো *বি* চর্মপাদুকা; পায়ে পরার চর্মনির্মিত আবরণ। [তুল. হি. জুতা, জুতি, জুতী]। **জুতা খাওয়া** *ক্রি* ১ জুতা দ্বারা প্রহৃত হওয়া। ২ অপমানিত হওয়া। **জুতানো** *ক্রি*১ জুতা দ্বারা আঘাত করা। ২ অপমানিত করা। **জুতা পেটা করা** *ক্রি* জুতা দিয়ে প্রহৃত করা।

জুতি[২](ম-বা) *বি* দীপ্তি; কান্তি; জ্যোতি। [স. জ্যোতিঃ>]

জুতুয়া *বি* জুতা; পাদুকা। [আঞ্চলিক]

জুদা *বিণ* পৃথক; ভিন্ন; আলাদা। [ফা. যুদাহ্]

জুন *বি* ইংরেজি মাসের নাম; জ্যৈষ্ঠের শেষার্ধ থেকে আষাঢ়ের প্রথমার্ধ পর্যন্ত; খ্রিস্টীয় বৎসরের ষষ্ঠ মাস।

জুনিয়র *বিণ* ছোট। □*বি* নতুন; অপ্রবীণ; কনিষ্ঠ। [ই.]

জুবড়ানো, জোবড়ানো *ক্রি*১ ডুবানো; চুবানো। ২ বেশি ভিজানো; অভিষিক্ত করা। ৩ ধেবড়ানো। [বা. আঞ্চলিক]

জুবিলি *বি* জয়ন্তী; জন্মতিথি উৎসব; একাদিক্রমে পঁচিশ বছর পূর্তিতে রৌপ্য; পঞ্চাশ বছর পূর্তিতে সুবর্ণ এবং ষাট বছর পূর্তিতে হীরক জয়ন্তী (জন্মতিথি) উৎসব পালনের (জুবিলি) একটি ইউরোপীয় প্রথা। [ই.]

জুম চাষ *বি* ১ স্থানে স্থানে গর্ত করে এক সঙ্গে বিভিন্ন ফসলের বীজ বপন। ২ পার্বত্য চট্টগ্রামের এক ধরনের চাষাবাদের পদ্ধতি। [মঙ্গোল বর্গের ভাষার শব্দ]।

জুমজাতি *বি* পার্বত চট্টগ্রামের চাকমা ইত্যাদি পাহাড়ি জাতি।

জুম্মা, জুমা *বি* ১ শুক্রবার দিন জোহরের সময়ে মুসলমানদের জামায়াত বা সম্মিলিত নামাজ, এই নামাজের দুই রাকাত ফরজ বা বাধ্যতামূলক। ২ শুক্রবার। [আ. জুমআঃ, জুমুআঃ]

জুয়া, জুয়ো *বি* যে খেলায় বাজি রাখা হয়; দ্যূতক্রীড়া। [স. দ্যূত>]

জুরি, জুরী *বি* আসামির বিচারের জন্য বিচারকের সাহায্যকারী নির্দিষ্ট ভদ্রমণ্ডলী; বিচারকার্যে সহায়তার জন্য আদালত কর্তৃক জনসাধারণ থেকে নিযুক্ত ব্যক্তিগণ। [ই.]

জুলফি, জুলপি *বি*১ কানের নিকট গালের কিছুদূর পর্যন্ত যে দাড়ি রাখা হয়। ২ গণ্ডদেশের উপর এলিয়ে পড়া চুল; চূর্ণকুন্তল বা কানঝাপটা। [আ. যুল্‌ফ]

জুলফিকার, জুলফেকার *বি* হযরত আলীর তলোয়ার। [আ. যুল্‌ফকার]

জুলমাত, জুলমত *বি* ১ অত্যাচার; উৎপীড়ন; অবিচার ও তজ্জনিত অনিয়ম উচ্ছৃঙ্খলতা। ২ প্রলয় লক্ষণ; ধ্বংসের সূচনা; অশান্তভাব; অন্ধকার। [আ. যুল্‌মৎ]

জুলাই *বি* ইংরেজি মাসবিশেষ; খ্রিস্টীয় বৎসরের সপ্তম

মাস (রোমান বীর জুলিয়াস সিজারের স্মারক নাম); আষাঢ় মাসের শেষার্ধ থেকে শ্রাবণ মাসের প্রথমার্ধ পর্যন্ত। [ই.]
জুলি, জোলি *বি* ছোট নালা; লম্বা সরু খাত; জলনালী। [সি. জলপ্রণালী>]
জুলু *বি* দক্ষিণ আফ্রিকার অধিবাসী জাতি ও তাদের ভাষা।
জুলুম, জুলম *বি* ১ পীড়ন; অত্যাচার; উৎপীড়ন। ২ জবরদস্তি; জোরাজুরি। [আ. যুল্‌ম্]। **জুলুমবাজ** *বিণ* অত্যাচারী; দুর্দান্ত।
জুষ, জুষ, জুস *বি* ১ ক্বাথ; সুরুয়া; ঝোলবিশেষ। ২ রস। [ই. juice, তুল. স. যূষ, ফা. জোস]
জুট *বি* ১ ঝুঁটি বা চূড়া। ২ গোছা; গুচ্ছ। ৩ সমূহ। [স.]
জৃম্ভক *বিণ* ১ যে হাই তোলে এমন। ২ দিব্যাস্ত্রবিশেষ। [স. √জৃন্‌ভ্‌+অক]। **জৃম্ভমাণ** *বিণ* ১ হাই তুলছে এমন। ২ প্রকাশমান; বিকাশমান।
জৃম্ভণ, জৃম্ভা *বি* ১ হাই; হাইতোলা; আলস্য বা নিদ্রাবেশজনিত মুখব্যাদান। ২ বিস্তার। ৩ স্ফুরণ; প্রকাশ; বিকাশ। [স. √জৃন্‌ভ্‌+অন]
জেওর, জেঅর *বি* গহনা; অলঙ্কার; বেশভূষা বা সাজপোশাক। [ফা. যীবর]
জেঁকো *বিণ* ১ জাঁকজমকসম্পন্ন বা আড়ম্বরপূর্ণ। ২ গর্বিত; দর্পিত; দাম্ভিক; বড়াইকারী। [বা. জাঁকা+উয়া>জাঁকুয়া>জেঁকো]
জেটপ্লেন *বি* এক প্রকার দ্রুতগামী বিমান; যুদ্ধবিমান। [ই.]
জেটি *বি* জাহাজ থেকে নামা ও ওঠার জন্য লোহা তক্তা প্রভৃতি দ্বারা বাঁধানো ঘাট; বাঁধানো জাহাজঘাটা। [ই.]
জেঠতুতো, জ্যেঠতুতো *বিণ* জেঠাতো; জেঠার সন্তানরূপে সম্পর্কিত। [স. জ্যেষ্ঠতাত>]
জেঠা, জ্যাঠা *বি* ১ পিতার বড় ভাই। ২ অকালপক্ব; ফাজিল; বাচাল। [স. জ্যেষ্ঠ>]। **জেঠামো, জেঠামি** *বি* ১ জেঠার মতো ব্যবহার বা কথাবার্তা; মুরুব্বির চাল; মাতব্বরি। ২ বাচালতা; পাকামি; অকালপক্বতা। **জেঠী** স্ত্রী.।
জেঠি *বি* টিকটিকি। [স. জ্যেষ্ঠী>]
জেতা *ক্রি* ১ জয়ী হওয়া; জয়লাভ করা। ২ লাভ করা। ৩ জয় করে পাওয়া। ৪ জীবিত থাকা।
জেনা, জিনা *বি* আইনসম্মত বিবাহ ব্যতীত পুরুষ ও নারীর সঙ্গম; ব্যভিচার; ধর্ষণ। [আ. যিনা]। **জেনাকার** *বিণ* ব্যভিচারী; ধর্ষণকারী।
জেনারেল *বি* সেনাপতি। [ই., তুল. জাঁদরেল]
জেন্দ *বি* প্রাচীন পারস্যের ভাষার নাম। **জেন্দাবেস্তা, জেন্দাআবেস্তা** *বি* পারসিকদিগের ধর্মগ্রন্থ আবেস্তা ও তার ভাষা জেন্দ।
জেপলিন, জেপেলিন *বি* জার্মানির তৈরি বিশেষ ধরনের উড়োজাহাজ।
জেব *বি* ১ জামা ইত্যাদির পকেট। ২ টাকা-পয়সা রাখার ছোট থলি। [আ. জয়ব, ফা. জেব]
জেবঘরি *বি* পকেটে রাখার ঘড়ি।
জেব্রা *বি* আফ্রিকার ঘোড়াজাতীয় গায়ে ডোরাকাটা দ্রুতগামী বন্য পশুবিশেষ। [ই.]
জেম্মা ⟹ **জিম্মা**।
জেয় *বিণ* জয় করা যায় এমন; জেতব্য; জয়সাধ্য। [স. √জি+অ(ল) = জয়/√জি+য]
জেয়াদা, জিয়াদা *বিণ* ১ অধিক। ২ প্রচুর; ঢের; পর্যাপ্ত। [আ. জিয়াদ]। ☐ *ক্রিবিণ* অত্যধিক; অতিরিক্ত; মাত্রাছাড়া।
জেয়াফত, জিয়াফত *বি* ভোজের আয়োজন বা ভোজের আহ্বান; নিমন্ত্রণ; মৃতের কল্যাণে আয়োজিত ভোজ। [আ. যিয়াফৎ]
জেয়ারত, জিয়ারত *বি* ১ মৃতের কবর বা পুণ্যস্থান দর্শন ও প্রদক্ষিণাদি। ২ ভক্তিভাবে কবর দর্শন ও প্রার্থনা। [আ. যিয়ারৎ]
জের *বিণ* ১ নত; নিচু বা পরাভূত। ২ হীন; ক্ষীণ। ☐ *বি* ১ পরাজয়; পরাভব। ২ রেশ; অনুবৃত্তি। ৩ পূর্ব হিসাবের সূত্র বা অনুবৃত্তি; ইজা। ৪ এ-কার; ই-কার। [ফা.]
জেরবার, জের্‌বার *বিণ* ১ ক্ষত-বিক্ষত; বিপর্যস্ত বা পর্যুদস্ত। ২ হয়রান; হীনবল; নাকাল। ৩ ভারাক্রান্ত; পীড়িত; পীড়াজর্জর। [ফা. যেরবার্]
জেরা *বি* ১ আদালতে সত্যাসত্য যাচাইয়ের জন্যে বিপক্ষের উকিলের প্রশ্ন; সওয়াল। ২ উকিলের কূট প্রশ্নের মতো ক্রমাগত বিবিধ প্রশ্ন জিজ্ঞাসা। [আ. জরহ, হি. জিরা]
জেল *বি* ১ কয়েদখানা; কারাগার; জেলখানা। ২ কারাদণ্ড। [ই.]
জেলা, জিলা *বি* প্রশাসনিক বিভাগ; একাধিক থানা বা উপজেলার সমষ্টি; বিভাগের অংশবিশেষ। [আ. যিলঃ]
জেলার *বি* জেলের ভারপ্রাপ্ত কর্মচারী; কারাধ্যক্ষ। [ই.]
জেলি *বি* ফলের রস চিনিতে পাক করে প্রস্তুত খাদ্যবস্তুবিশেষ। [ই.]
জেলে *বি* ১ ধীবর; মৎস্যজীবী। ২ হিন্দু জাতিবিশেষ। [স. জালিকা>]
জেহাদ, জিহাদ *বি* ১ ধর্মরক্ষার জন্য লড়াই। ২ বিধর্মীদের বিরুদ্ধে মুসলমানদের ধর্মযুদ্ধ। ৩ ধর্মযুদ্ধ। ৪ অসত্য ও অন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম; সত্য ও ন্যায়ের প্রতিষ্ঠার জন্য ধনপ্রাণ দিয়ে সর্বপ্রকার সংগ্রাম। [আ. জিহাদ্]
জেহেন *বি* ১ মেধা; স্মরণশক্তি; মস্তিষ্ক। ২ প্রতিভা। [আ. যিহ্‌ন্]
জৈতুন *বি* ১ জলপাই। ২ জলপাই গাছ। [আ. যয়তুন্]
জৈন *বি* ধর্মসম্প্রদায়বিশেষ; মহাবীর কর্তৃক প্রবর্তিত ধর্মের অনুসারী। **জিন** *বি* সাধু; সাধক; শ্রমণ। [স. জিন+য]
জৈব *বিণ* ১ জীব-বিষয়ক। ২ জীবজাত। ৩ জান্তব বা উদ্ভিজ্জ। [স.]। **জৈব রসায়ন** *বি* জীব-বিষয়ক রসায়ন শাস্ত্র।
জৈবনিক *বিণ* জীবনঘটিত। [স.]
জৈমিনি *বি* ভারতীয় মীমাংসা দর্শন প্রণেতা মুনি। [স.]
জো, যো *বি* ১ উপায়; পথ; ফাঁক। ২ চাষের বা শস্য বপনের উপযুক্ত অবস্থা বা সময়। ৩ সুযোগ; অনুকূল অবস্থা; সুবিধা; জুত। ৪ উপক্রম; গতিক; যোগাড়; দশা।
জোঁক *বি* রক্তপায়ী জলকীটবিশেষ। [স. জলৌকা>]
জোকা, জোখা, জোকা *ক্রি* ১ পরিমাণ করা বা তুলনা করা। ২ ওজন করা। ☐ *বি* পরিমাণ; মাপ। **লেখাজোখা** *বি* যথাযথ হিসাব; নির্ভুল হিসাব; ব্যয়ের লিখিত হিসাবপত্র। [হি. জুখা; তুল. ধ্বন্যাত্মক লেখাজোখা]
জোকার *বি* ১ ভাঁড়। ২ বাড়তি তাসবিশেষ। [ই.]
জোখ, জোক *বি* তুলনামূলকভাবে মাপের বা ওজনের আন্দাজ।

জোগাড়, যোগাড় *বি* ১ উদ্যোগ; আয়োজন; ব্যবস্থা। ২ উপক্রম। ৩ সংগ্রহ; আহরণ। **জোগাড় দেওয়া** *ক্রি* ১ কারো কাজের সহায়তা করা। ২ প্রধান কর্মকর্তার হাতের কাছে প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী সরবরাহ করে সাহায্য করা। **জোগাড়যন্ত্র** *বি* আয়োজনাদি; কোনো কাজ সম্পন্ন করবার উপকরণাদি সংগ্রহ। **জোগাড়ে, জোগালে** *বিণ* সংগ্রহকারী; যিনি যোগাড় করতে ওস্তাদ। ☐ *বি* সাহায্যকারী।

জোগান, যোগান *বি* ১ এনে দেওয়া; সরবরাহ। ২ নিয়মিত সরবরাহ। **জোগানদার** *বি* সরবরাহকারী।

জোগানো, যোগানো *ক্রি* ১ সরবরাহ করা; প্রয়োজনীয় জিনিসের অভাব পূরণ করা। ২ ক্রমাগত উৎপন্ন হওয়া বা সরবরাহ করা; শেষ হতে না দেওয়া।

জোছনা (পদ্যে) *বি* জ্যোৎস্না; চন্দ্রালোক। [স. জ্যোৎস্না>]

জোট *বি* ১ দল বা দলেবলে ঘোঁট; জটলা। ২ মেল; ভিড়; জমায়েত। ৩ গিঁঠ; জট; জটিল। **জোটনিরপেক্ষ** *বিণ* নীতিগতভাবে বৃহৎ শক্তিবর্গের সামরিক চুক্তিতে যুক্ত না থাকা। **জোটনিরপেক্ষতা** *বি*। **জোটপাট** *বি* ১ জটলা বা একত্র মিলন। ২ জোগাড়যন্ত্র। **জোট ভাঙা** *ক্রি* বিচ্ছিন্ন হওয়া; জোড়ঘুচা।

জোটা, জুটা *ক্রি* ১ জোগাড় হওয়া; মেলা; সংগৃহীত হওয়া। ২ মিলিত হওয়া; একত্র হওয়া। ৩ উপস্থিত হওয়া। ৪ লাভ করা; পাওয়া। [স. যূথ>]

জোড় *বি* ১ মিলন; সংযোগ; সন্ধি। ২ যুগল; জোড়া। ৩ ধুতি ও চাদর। ☐ *বিণ* মিলিত; সংযুক্ত; একত্রিত। [স. যূথ>]। **জোড়কলম** *বি* বড় গাছের ডালের সাথে চারা গাছ জুড়ে গজানো কলমের গাছ। **তোড়জোড়** *বি* যোগাড়যন্ত্র; আয়োজন।

জোড়া[১], **যোড়া**[১] *বিণ* ১ দুটি; যুগল। ২ যুগ্ম। ৩ জুড়ি; সমকক্ষ; সমান। [স. যুগ্ম>]

জোড়া[২], **জুড়া, যোড়া**[২] *ক্রি* ১ একত্র করা; যুক্ত করা। ২ আঁটা; বন্ধ করা বা লাগানো। ৩ আরম্ভ করা। ৪ জোড়া বা সংযুক্ত করা; যোজিত করা। ৫ পূর্ণ বা ব্যাপ্ত করা। ☐ *বিণ* ১ যুক্ত বা সম্পৃক্ত। ২ আঁটা। **জোড়াতাড়া** *বি, বিণ* কোনো রকমে জোড়া; ঠেকনা দিয়ে কোনো প্রকারে কার্যোপযোগী করণের চেষ্টা। **জোড়াতালি** *বি* ১ সেলাই ও তালি। ২ গোঁজামিল।

জোত[১], **যোত** *বি* লাঙল বা গাড়িতে গরু ঘোড়া প্রভৃতি বাঁধার দড়ি বা চামড়ার রশি। [স. যোত্র>]

জোত[২] *বি* ১ কৃষকের চাষের জমি। ২ কর্ষণযোগ্য মাটি জমি বা ভূসম্পত্তি। [আ. যয়আৎ]। **জোতজমা** *বি* ভূসম্পত্তি; বিষয়-সম্পত্তি। **জোতদার** *বি* রাইয়ত; জমিদারের অধীনস্থ কর্ষণযোগ্য ভূসম্পত্তিবিশিষ্ট প্রজা। **জোতস্বত্ব** *বি* চাষের জমিতে স্বত্ব।

জোতা, যোতা *ক্রি* গাড়ি ঘানি বা লাঙ্গলাদিতে পশু যোজন করা বা জোড়া বা যুক্ত করা।

জোতানো, যোতানো *বি* জোড়ন বা যুক্তকরণ। ☐ *বিণ* যুক্ত করা হয়েছে এমন।

জোত্র, জোত্তর *বি* ১ জো; সুযোগ; উপায়। ২ সংস্থান। [স. যোত্র>]

জোনাকি, জুনি পোকা *বি* জ্যোতিবিশিষ্ট ক্ষুদ্র পতঙ্গবিশেষ; খদ্যোত। [স. জ্যোৎস্নাকীর>]

জোন্দা, জোঁদা *বিণ* ১ অতিশয় টক; তেঁতুল। ২ জবরদস্ত। [স. যম-দূতিকা (আঞ্চলিক)]

জোব্বা, জুব্বা *বি* লম্বা ঢিলা বুকখোলা অঙ্গাবরণবিশেষ যা অন্যান্য জামার উপর পরা হয়। [আ. জুব্ব]

জোয়ান, যোয়ান *বি* ১ যুবক; প্রাপ্তবয়স্ক লোক। ২ বলবান বা যৌবনশক্তিসম্পন্ন ব্যক্তি। ☐ *বিণ* ১ যুবা বয়স। ২ বলিষ্ঠ। [ফা. জওয়ান, স. যুবন]

জোয়ার[১] *বি* ১ চন্দ্রসূর্যের আকর্ষণের ফলে অমাবস্যা-পূর্ণিমায় সমুদ্র ও নদীর পানির স্ফীতি। ২ সৌভাগ্য; কর্মতৎপরতা ইত্যাদি হঠাৎ বৃদ্ধি। **জোয়ার-ভাটা** *বি* জোয়ার ও ভাটা; উন্নতি ও অবনতি। [বা. স. জলবৃদ্ধি>জলবাড়>হি. জুবার>বা. জুআর>জোয়ার]

জোয়ার[২] *বি* গমজাতীয় শস্য (জোয়ারি রুটি)।

জোয়ারদার *বি* উপাধিবিশেষ। [ফা. জওয়ার+দার]

জোয়ারি *বি* অনুরণনবিশেষ; স্পন্দন বা ঝঙ্কার।

জোয়াল, যোয়াল *বি* লাঙল বা গাড়িতে সংযুক্ত বলদের কাঁধে যে কাষ্ঠখণ্ড বা বংশদণ্ড থাকে যার সাথে গাড়ি বা লাঙল বাঁধা হয়; যুগন্ধর। [স. যুগল> যোয়াল>জোয়াল]

জোর *বি* ১ বল; ক্ষমতা; শক্তি। ২ জবরদস্তি; বলপ্রয়োগ। ৩ উচ্চতা ও তীব্রতা। ৪ বলিষ্ঠতা; দৃঢ়তা। ৫ দাবি; অধিকার; স্বত্ব। ৬ উচ্চারণে স্বরাঘাত। ☐ *বিণ* ১ তীব্র। ২ জরুরি। ৩ ত্বরিত; দ্রুত। ৪ প্রবল। [ফা.]

জোরাজুরি *বি* ১ ক্রমান্বয়ে বলপ্রয়োগ বা পীড়াপীড়ি। ২ পরস্পরের বিরুদ্ধে শক্তিপ্রয়োগ।

জোরালো *বিণ* ১ শক্তিশালী। ২ উচ্চ; দৃপ্ত। ৩ প্রবল; জোরদার। [ফা. জোর+বা. আলো]

জোলা[১], **জুলি** *বি* ছোট খাল; সরু নালা; প্রণালী।

জোলা[২] *বি* মুসলিম তাঁতি। ☐ *বি, বিণ* নির্বোধ; বেওকুফ। [ফা. যুলহা]

জোলাপ, জোলাব, জুলাপ *বি* যে ঔষধে প্রচুর বাহ্য হয়; বিরেচক ঔষধ। [আ. জুল্লাব, ফা. গুলাব]

জোলায়খা, জোলেখা *বি* প্রাচীন মিশরের মন্ত্রী আজিজ মিশরীর স্ত্রীর নাম; ইউসুফ নবীর প্রেমিকা। [আ.]

জোলো *বিণ* ১ পানিমিশ্রিত। ২ ফিকা। ৩ ভিজা বা পানির আভাসযুক্ত। ৪ পানসে। [স. জল>]

জোশ *বি* ১ তাপ। ২ বল; শক্তি। ৩ উত্তেজনা। ৪ মত্ততা। [ফা. জূশ, জোশ]

জোহর, যোহর *বি* ১ সূর্য পশ্চিম গগনে ঈষৎ ঢলে পড়ার সময়। ২ অপরাহ্ণ। [আ.]

জোহরা, যোহরা *বি* শুকতারা; তারার মতো দীপ্তিময়ী। [আ. যুহর]

জো হুকুম, যো হুকুম *বি* যে আজ্ঞা। ☐ *বিণ* অনুগত (ভৃত্য); আজ্ঞাবহ; স্তাবক। [হি. জো+আ. হুক্ম]। **জো হুকুমের দল**— স্তাবকের বা আজ্ঞাবহের দল।

জৌ *বি* গালা; লাক্ষা। [স. জতু>]

-জ্ঞ *বিণ* জ্ঞাতা; জ্ঞানী; পণ্ডিত (সর্বজ্ঞ)। [স.]

জ্ঞাত *বিণ* ১ অবগত। ২ বিদিত; প্রকাশিত। [স. √জ্ঞা+ত]

জ্ঞাতব্য *বিণ* ১ জ্ঞেয়; জানা উচিত বা জানতে হবে এমন। ২ জানার যোগ্য। [স. √জ্ঞা>তব্য]

জ্ঞাতসারে *ক্রিবিণ* জেনেশুনে; সজ্ঞানে; গোচরে।

জ্ঞাতা *বি, বিণ* ১ জানে এমন। ২ অভিজ্ঞ। [স. √জ্ঞা>তৃ]

জ্ঞাতি *বি* একই বংশে জাত ব্যক্তি; সগোত্র। **জ্ঞাতিকুটুম্ব**

বি জ্ঞাতিগণ ও কুটুম্বগণ। [স. √জ্ঞা+তি]
জ্ঞান *বি* ১ বোধ; বুদ্ধি। ২ সংজ্ঞা; চেতনা। ৩ বিবেচনা। ৪ অবগতি। ৫ পাণ্ডিত্য; শিক্ষা। ৬ অভিজ্ঞতা। ৭ পরমতত্ত্ব। **জ্ঞানপাপী** *বি* যে জেনেশুনে পাপ করে। **জ্ঞানবান** *বিণ* জ্ঞানী; বুদ্ধিমান। **জ্ঞানবৃদ্ধ** *বিণ* জ্ঞানসমৃদ্ধ। **জ্ঞানী** *বিণ* ১ জ্ঞান আছে এমন; জ্ঞানবান; বিজ্ঞ। ২ তত্ত্বজ্ঞ।
জ্ঞাপক *বি,বিণ* যে জানায় সে; যদ্দ্বারা জানা যায়; জ্ঞাপনকারী। ❑*বিণ* ১ সূচক; নির্দেশক। ২ প্রচারক; প্রকাশক। ৩ সংবাদদাতা। [স. জ্ঞা+ণিচ্+অক]
জ্ঞাপন *বি* ১ জানানো; সংবাদ দান। ২ নিবেদন। ৩ বিজ্ঞাপন। [স. √জ্ঞা+ণিচ্+অন]
জ্ঞেয় *বিণ* ১ জানার বিষয়; জ্ঞাতব্য। ২ জ্ঞানসাধ্য। ❑*বি* যা জানা উচিত। [স. জ্ঞা+য]
জ্যা *বি* ১ ধনুকের গুণ; ধনুকের ছিলা। ২ বৃত্তাংশের দুই প্রান্ত যোজনকারী সরলরেখা। ৩ পৃথিবী। ৪ মাতা। [স. √জ্যা+ক্বিপ]
জ্যাকেট *বি* ১ আঁটসাঁট জামাবিশেষ। ২ পুস্তকের মলাটের আবরণ। [ই.]
জ্যান্ত *বিণ* ১ জীবিত; জীবন্ত। ২ তরতাজা; টাটকা। [স. জীবন্ত>জিয়ন্ত/বা. জ্যান্ত]
জ্যামিতি *বি* ভূমির পরিমাপ বিষয়ক শাস্ত্র; ক্ষেত্রতত্ত্ব। [স. জ্যা+মিতি, ই. geometry]
জ্যালজেলে *বিণ* ১ ঘন নয় এরূপ বুনটের; শিথিলবন্ধ ও ফাঁক ফাঁক বুনটের। ২ জীর্ণপ্রায় জালের ন্যায় হয়ে আসা। [আঞ্চলিক]
জ্যেঠ, জ্যাঠ *বি,বিণ* জ্যেষ্ঠতাত সম্পর্কিত। [স. জ্যেষ্ঠ]
জ্যেষ্ঠ *বিণ* ১ বয়সে বড়; অগ্রজ। ২ প্রাচীন। ৩ শ্রেষ্ঠ। ৪ প্রধান; মুখ্য। ৫ বড় ভাই।
জ্যেষ্ঠী *বি* টিকটিকি। [স.]
জ্যৈষ্ঠ *বি* বাংলা সালের দ্বিতীয় মাস। [স. জ্যেষ্ঠা (নক্ষত্র)+অ]। **জ্যৈষ্ঠমধু** *বি* যষ্টিমধু; এক প্রকার মিষ্ট স্বাদযুক্ত শুষ্ক শিকড়।
জ্যোতি, জ্যোতিঃ *বি* ১ উজ্জ্বলতা; আলোক; দীপ্তি। ২ গ্রহ-নক্ষত্র প্রভৃতি। ৩ দৃষ্টিশক্তি। ৪ চৈতন্য; আত্মা। ৫ অগ্নি। ৬ সূর্য। [স. √দ্যুত্+ইস্]। **জ্যোতির্বিদ** *বিণ* জ্যোতির্বিদ্যায় পণ্ডিত (ব্যক্তি)। **জ্যোতির্বিদ্যা** *বি* গ্রহ নক্ষত্রাদি বিষয়ক বিজ্ঞান। **জ্যোতির্ময়** *বিণ* আলোকময়।
জ্যোতিষ *বি* ১ জ্যোতিষশাস্ত্র; ভাগ্যরেখাবিদ। ২ ফলিত জ্যোতিষ। [স. জ্যোতিস্+অ]। **জ্যোতিষী** *বি,বিণ* জ্যোতিষশাস্ত্রজ্ঞ; গণক।
জ্যোতিষ্ক *বি* ১ চন্দ্র; সূর্য; গ্রহ-নক্ষত্রাদি জ্যোতির্ময় পদার্থ। ২ চিত্রক বৃক্ষ। [স. জ্যোতিস্+ক]
জ্যোতিষ্মান *বিণ* উজ্জ্বলতাযুক্ত; জ্যোতির্ময়; দীপ্তিবিশিষ্ট। ❑*বি* সূর্য। [স. জ্যোতিস্+মৎ]
জ্যোৎস্না *বি* ১ চন্দ্রকিরণ; কৌমুদী; চন্দ্রিকা; জোছনা। ২ কান্তি; শোভা। [স. জ্যোতিস্+ন+আ]
জ্বর *বি* দেহের তাপ ও নাড়ীর স্পন্দন বর্ধনকারী রোগ। [স. √জ্বর্+অ]
জ্বলজ্বল *অব্য* ১ উজ্জ্বলতাপ্রকাশ। ২ স্পষ্ট বা উজ্জ্বলভাবে অবস্থান বা স্থিতি। **জ্বলজ্বলে** *বিণ* দীপ্ত; অত্যন্ত উজ্জ্বল। [স. √জ্বল্>]
জ্বলদর্চি *বিণ* ১ প্রজ্বলিত শিখা। ২ জ্যোতির্ময়। [স. জ্বলৎ+অর্চি]
জ্বলন *বি* ১ দাহ। ২ ঔজ্জ্বল্য। ৩ জ্বালা। ৪ অগ্নি। [স. √জ্বল্+অন]
জ্বলন্ত *বিণ* ১ জ্বলছে এমন; প্রজ্বলিত; জ্বলনশীল। ২ তেজোময়। ৩ প্রত্যক্ষ; আগুনের ন্যায় স্বয়ংপ্রকাশ। ৪ জ্যোতির্ময়। [স. √জ্বল্+অন্ত]
জ্বলা *ক্রি* ১ প্রজ্বলিত হওয়া। ২ প্রদীপ্ত হওয়া। ৩ পোড়া। ৪ উজ্জ্বল হওয়া। ৫ জ্বালা বা দাহ বোধ হওয়া। ৬ নষ্ট বা বিকৃত হওয়া। [স. √জ্বল্+বা. আ]
জ্বলিত *বিণ* ১ প্রজ্বলিত। ২ যা জ্বলে গিয়েছে বা জ্বলছে। ৩ দীপ্ত। ৪ প্রভান্বিত। ৫ দগ্ধ। [স. √জ্বল্+ত]
জ্বলুনি *বি* ১ দহন; দাহ; জ্বলন। ২ জ্বালাবোধ।
জ্বাল *বি* ১ আগুনের তাপ; আগুনের আঁচ। ২ অগ্নিশিখা। ৩ যাতনা; দাহ। ৪ ইন্ধন; জ্বালানি। [স. √জ্বল্+অ]
জ্বালা[১] *বি* ১ আগুনের হলকা বা দমক। ২ অগ্নিশিখা। ৩ দাহ; জ্বলন; যন্ত্রণা। ৪ বিরক্তিকর বিষয়। ৫ সন্তাপ। ৬ পীড়ন; অত্যাচার। [স. √জ্বাল্+আ]
জ্বালা[২] *ক্রি* ১ জ্বালানো। ২ আগুন ধরানো। ❑*বি* প্রজ্বলিতকরণ; দীপ্তকরণ। ❑*বিণ* প্রজ্বলিত; আলোকিত।
জ্বালানি, জ্বালানী *বি* ইন্ধন; যা দিয়ে জ্বাল দেওয়া হয়; কাঠ কয়লা ঘুঁটে ইত্যাদি। ❑*বিণ* জ্বালাবার যোগ্য।
জ্বালানো *ক্রি* ১ প্রজ্বলিত করা। ২ দগ্ধ করা; পোড়ানো। ৩ অগ্নিসংযোগ করা। ৪ জ্বালাতন করা। ❑*বিণ* ১ জ্বালিত; দীপ্ত। ২ পোড়া; দগ্ধীভূত।
জ্বালামুখী *বি* পাঞ্জাবের অন্তর্গত হিন্দুদের তীর্থক্ষেত্রবিশেষ।
জ্বালিত *বিণ* ১ প্রদীপ্ত। ২ দগ্ধীভূত; ভস্মীভূত। ৩ উত্ত্যক্ত। ৪ সন্তাপিত। [স.]
জ্বালেশ্বর *বি* হিন্দুদের তীর্থবিশেষ।

ঝ

ঝ বাংলা বর্ণমালার নবম ব্যঞ্জনবর্ণ।
ঝকঝক, ঝকমক *অব্য* চাকচিক্য বা ঔজ্জ্বল্যের ভাব প্রকাশ।
ঝকঝকি, ঝকমকি *বি* অকারণ কলহ।
ঝকঝকে, ঝকমকে *বিণ* ঔজ্জ্বল্যময়; চকচকে। [তুল. তু. চকমক/বা.]
ঝকমারি *বি* মূর্খতা; আপদ; ঝঞ্ঝাট; লেঠা; বাজে কাজ; অর্থহীন ব্যাপার। [তুল. হি. ঝখ্ মার্‌না]
ঝক্কি *বি* ঝঞ্ঝাটপূর্ণ দায়িত্ব; ঝুঁকি; ঝঞ্ঝাট; ধকল; উপদ্রব। [হি. ঝক্কী]
ঝগড়া *বি* কলহ; কলহমূলক তর্কাতর্কি বা বাদানুবাদ; বচসা; বিবাদ। [হি.]। **ঝগড়াটে** *বিণ* কলহপ্রিয়; কলহাসক্ত।

ঝঙ্কার, ঝংকার *বি* ১ বীণা ইত্যাদি বাদ্যযন্ত্রাদির শব্দ। ২ গুঞ্জন। ৩ অস্ফুট ধ্বনি; তর্জন ক্রোধ ইত্যাদি ব্যঞ্জক ভাব। [সং ঝম্+√কৃ+অ]
ঝঙ্কারা, ঝংকারা *ক্রি* গুন গুন ধ্বনি করা; ঝংকার করা; গুঞ্জন করা।
ঝঙ্কৃত, ঝংকৃত *বিণ* ঝংকারযুক্ত; গুঞ্জিত।
ঝঙ্কৃতি, ঝংকৃতি *বি* ঝংকার; গুঞ্জন।
ঝঞ্জনা *বি* ধাতু দ্রব্যাদির বা অস্ত্রের সংঘাত বা পতনের তীক্ষ্ণ উচ্চ শব্দ; ঝনৎকার; ঝনঝন ধ্বনি; বজ্র। [সং ঝঞ্জন+বা. আ]
ঝঞ্ঝা *বি* ১ প্রচণ্ড ঝড়; ঝড়বৃষ্টি। ২ বাদ্যযন্ত্রবিশেষ। [সং]
ঝঞ্ঝাট, ঝঞ্ঝট *বি* অশান্তি; হাঙ্গামা; ঝামেলা; ঝক্কি; কষ্ট। [সং ঝঞ্ঝা+ট]
ঝট *অব্য* শীঘ্র; দ্রুতগতি। [সং ঝট+ইতি]
ঝটকা, ঝটকানি *বি* আকস্মিক তীব্র আকর্ষণ। [হি.]
ঝটপট[১]**, ঝটপট** *বিণ* ত্বরিত; দ্রুত।
ঝটপট[২]**, ঝটাপট** *অব্য* ডানা সঞ্চালনের শব্দ; আহত পাখির ডানা ঝাড়ার শব্দ।
ঝটপটানো *ক্রি,বি* ঝটপট করা; ঝটপটকরণ।
ঝটাপটি *বি* পরস্পরের মধ্যে জাপটাজাপটি করে কলহ।
ঝটিকা *বি* ঝড়; বাত্যা। **ঝটিকাবর্ত** *বি* ঘূর্ণিবায়ু। [সং ঝট+ক= ঝটক>ঝটিকা]
ঝটিতি, ঝটতি *অব্য,ক্রিবিণ* চটজলদি; শীঘ্র; অতি দ্রুত। [সং ঝট+তি]
ঝড় *বি* বাতাসের প্রবল প্রবাহ; ঝটিকা; বাত্যা। [সং ঝট>ঝড়]
ঝড়তি-পড়তি *বি* যা ঝরে পড়ে; নানা কারণে যে অংশ নষ্ট হয়। [সং √ঝট(জীর্ণ/ক্ষরিত হওয়া)+অ/ বা.=ঝ+তি]
ঝড়ি *বি* ঝড়। [আঞ্চলিক]
ঝড়ো, ঝোড়ো *বিণ* ঝড়ের মতো; ঝড়যুক্ত; ঝড় সম্বন্ধীয়; ঝড়ের দ্বারা পতিত।
ঝণ্ডা, ঝাণ্ডা *বি* পতাকা; নিশান। [হি.]
ঝন *অব্য* ধাতু দ্রব্যাদি পতন বা আঘাতের তীক্ষ্ণ শব্দ।
ঝনকাট, ঝনকাঠ *বি* চৌকাঠের মাথার কাঠ; কপালী।
ঝনঝট, ঝঞ্ঝট *বি* হাঙ্গামা; ঝামেলা; অশান্তি; কষ্ট।
ঝনঝনা *অব্য* ঝনঝন শব্দ।
ঝনঝনায়মান *বিণ* ঝনঝন শব্দে শব্দায়মান এমন।
ঝনৎকার *বি* ঝনঝন শব্দ। [সং ঝনৎ+কার]
ঝনন *বি* নিক্বণ; ঝনঝন শব্দ।
ঝনন-রণন *বি* অনুরণিত ঝনঝন শব্দ।
ঝনাৎ *অব্য* ঝনঝন অপেক্ষা তীব্র ক্ষণস্থায়ী শব্দ।
ঝপ *অব্য* হঠাৎ পানিতে পতনের ধ্বনি; অবিলম্বে; তাড়াতাড়ি।
ঝপাং, ঝপাৎ *অব্য* জলে ঝাঁপ দেওয়ার বা ভারী বস্তু জলে পড়ার শব্দ।
ঝমক *বি* বাদ্যধ্বনি; নহবত বাদ্যের ধ্বনি।
ঝমঝম *অব্য* জোরে বৃষ্টি পতনের শব্দ; মল পায়ে দিয়ে চলার শব্দ।
ঝমর, ঝমর-ঝমর *ক্রিবিণ* মল নূপুর ইত্যাদির জোর শব্দ; চরণালঙ্কার বাদ্য বা ধ্বনি।
ঝম্প *বি* ১ ঝাঁপ; লাফ। ২ বাদ্যযন্ত্র। (তুল. জগঝম্প)। [সং √ঝম্+পত্]
ঝম্পন *বি* ঝম্পপ্রদানকরণ; ঝাঁপ দেওয়া। [সং ঝম্প+অন]
ঝরই, ঝরু (ব্র.) *ক্রি* ঝরে। [সং √ঝৃ+অ+বা. ই/উ, বা. ঝর+ই/উ]
ঝরকা, ঝরোকা *বি* জাফরিকাটা জানালা; ছোট জানালা; গবাক্ষ। [তুল. হি. ঝরোখা]
ঝরঝর *অব্য* অবিরল ধারায় পতন; কোনো কিছুর ক্রমাগত ক্ষরণ; পরিচ্ছন্নতার ভাবব্যঞ্জক।
ঝরতি *বি* শস্য পরিপূর্ণ বস্তা থেকে ঝরে পড়া অংশ; ঝরে পড়ছে যা। **ঝরতি পড়তি** *বি* ঝরা বা পড়া অংশ; উপেক্ষণীয় ক্ষতির ভাগ; নাড়াচাড়ায় বা গুদামে যে অংশে নষ্ট হয়। [বা. √ঝর+তি]
ঝরনা, ঝর্না *বি* ১ ফোয়ারা; নির্ঝর। ২ ঝরনা কলম; ফাউন্টেন পেন।
ঝরা *ক্রিবিণ* ফোঁটায় ফোঁটায় পড়া; ক্ষরিত হওয়া; স্রাবযুক্ত হওয়া; খসে পড়া; ঝরিত; পতিত। [সং ক্ষরণ>বা. √ঝর+আ]। **ঝরিত** *বিণ* ক্ষরিত; গলিত; ঝরে পড়েছে এমন।
ঝরোকা *বি* গবাক্ষ; জাফরি-কাটা জানালা। [সং জালক]
ঝর্ঝর *বি* ১ বারিপতন শব্দ; ঝরনার জলপ্রবাহের শব্দ। ২ হাতাবিশেষ; ঝাঁঝরি; বাদ্যযন্ত্রবিশেষ; কাড়া।
ঝর্ঝরি *বি* ঝাঁঝরি; তেল কিংবা ঘিয়ে ভাজা দ্রব্য ছেঁকে তোলার হাতা। [সং জর্জরীক>]
ঝলক, ঝলকি *বি* অগ্নিতরঙ্গ; অগ্নিশিখা; দ্যুতি; উদ্ভাসক; ঝাপটা; উদ্গার। [সং জ্বলকা> ঝলক্কায়>]। **ঝলকানি** *বি* প্রখর আলোর আকস্মিক স্ফুরণ। **ঝলকিত** *বিণ* তীব্র বা উজ্জ্বল আলোয় উদ্ভাসিত।
ঝলমল *অব্য* দীপ্তি বা উজ্জ্বলতার প্রকাশ; প্রদীপ্ত; উজ্জ্বল। **ঝলমলে** *বিণ* ঝলমল করে এমন।
ঝলসানো *ক্রি* ধাঁধানো; উজ্জ্বল আলো দ্বারা চোখ প্রায় অন্ধ করা; অনেকটা দগ্ধ করা; অর্ধদগ্ধ হওয়া। ❑ *বিণ* ধাঁধায় এমন; দগ্ধপ্রায়। **ঝলসিত** *বিণ* ঝলসানো হয়েছে এমন।
ঝলা (পদ্য) *বি* কিরণতরঙ্গ। ❑ *ক্রি* ঝলমল বা ঝিকমিক করা।
ঝল্লক, ঝল্লরী *বি* কাংস্যনির্মিত বাদ্যযন্ত্র; কাঁসর; করতাল। [সং]
ঝাউ *বি* বৃক্ষবিশেষ; সূচ্যগ্র পত্রবিশিষ্ট বৃক্ষ। [সং ঝাবুক>]
ঝাঁ *অব্য* অত্যন্ত শীঘ্রতার ভাব; ধাঁ; ঝট করে; অবিলম্বে। **ঝাঁ ঝাঁ** *অব্য* প্রচণ্ড উত্তাপের ভাবব্যঞ্জক; যন্ত্রণার ভাব; অতি ক্ষিপ্র।
ঝাঁক *বি* পক্ষী পতঙ্গ বা মৎস্যাদির দল। [হি. ঝাংক]
ঝাঁকড় *বি* অসমৃদ্ধ গুচ্ছ। **ঝাঁকড়া** *বিণ* দীর্ঘ গুচ্ছবিশিষ্ট লম্বা অথচ গুচ্ছময়; ঝোপের ন্যায়। **ঝাঁকড়া-মাকড়া** *বিণ* উস্কো-খুস্কো; আলুথালু।
ঝাঁকা[১] *বি* চওড়ামুখ শক্ত ঝুড়ি; যাতে মাল বহন করা হয়। **ঝাঁকামুটে** *বি* যে মুটে ঝাঁকায় মাল বহন করে। [বা., হি.]
ঝাঁকা[২] *ক্রি* জোরে নাড়া দেওয়া; সবেগে আন্দোলিত করা; নাড়া। **ঝাঁকানো, ঝাঁকরানো** *ক্রি* সবেগে নাড়ানো; জোরে আন্দোলিত করা। **ঝাঁকানি, ঝাঁকুনি, ঝাঁকি, ঝাঁকরানি** *বি* জোরে নাড়া; বেগে আন্দোলন।
ঝাঁকার *বি* ঝাঁকুনি; আন্দোলন; গা বমি বমি ভাব; সহসা কুপিত হয়ে কঠোর ভাষণ; যানবাহনের গতি বিপর্যয়ে

ধাক্কা। [স. ঝঙ্কার>]

ঝাঁ গুড়গুড় *অব্য* ঢাকের শব্দ।

ঝাঁজ১, **ঝাঁঝ**১ *বি* তীব্র তেজ; আঁচ; উগ্রতা; প্রখরতা; প্রবল গন্ধ; তীব্র স্বাদ। **ঝাঁজালো, ঝাঁঝালো** *বিণ* ঝাঁঝবিশিষ্ট; উগ্র; প্রখর; তীব্র।

ঝাঁজ২, **ঝাঁঝ**২, **ঝাঁঝর**১ *বি* কাঁসর; কাংস্যনির্মিত বাদ্যযন্ত্র। [স. অর্চিস>স. আঁচ>ঝাঁজ]

ঝাঁজর১, **ঝাঁঝর**২ *বি* বহু ছিদ্র সম্বলিত; ফোঁপরা। [স. ঝর্ঝর>অথবা স. জর্জরীক>]

ঝাঁজর২, **ঝাঁঝর**৩ *বি* ১ ঝমঝম শব্দে বাজে এমন ফাঁপা ও ভিতরে কড়াই দেওয়া মল। ২ কাঁসর ঝাঁজর জাতীয় কাংস্যময় বাদ্যযন্ত্রাদি। [স. ঝর্ঝর>]

ঝাঁজর৩, **ঝাঁঝর**৪ *বি* ঝর্জর নামক জলপাত্র; কুঁজো।

ঝাঁজরা, ঝাঁঝরা *বিণ* বহুছিদ্রবিশিষ্ট; সচ্ছিদ্র; অত্যন্ত জীর্ণ বা পুরনো। ❑*বি* ছিদ্রযুক্ত হাতা; ছানতা।

ঝাঁজরি, ঝাঁঝরি *বি* বহু ছিদ্রযুক্ত জাল হাতা প্রভৃতি; ফুল গাছে জল ছিটানোর পাত্রবিশেষ; ঝারি; নর্দমার মুখের ছিদ্রযুক্ত ঢাকনি।

ঝাঁজি, ঝাঁঝি, ঝাজি *বি* এক প্রকার জলজ গুল্ম; বহুদিন ধরে জমা শেওলা। **ঝাঁঝরি, ঝাঁজরি** *বি* কাঁসর জাতীয় বাদ্যবিশেষ।

ঝাঁট *বি* সম্মার্জন; ঝাঁটা দ্বারা আবর্জনাদি দূরীকরণ। ❑*ক্রি* ঝেঁটিয়ে নেওয়া; ঝাঁটানো।

ঝাঁটা, ঝেঁটা *বি* সম্মার্জনী; যা দিয়ে ঝাঁট দেওয়া হয়; ঝাড়ু; খাংরা। **ঝাঁটানো** *ক্রি* সম্মার্জনীর সাহায্যে পরিষ্কার করা; ঝাঁট দ্বারা প্রহার করা।

ঝাঁটি, ঝাঁটী *বি* এক প্রকার ফুল ও তার গাছ; কুরুবক; ঝাণ্টা। [স. ঝিণ্টী]

ঝাঁপ১ *বি* লাফ; হাত-পা ছড়িয়ে উপর থেকে নিচে পতন। [স. ঝম্প>]

ঝাঁপ২, **ঝাপ, ঝাঁপি** *বি* আচ্ছাদন; ঢাকনি; বাঁশের তৈরি কপাট; বেড়া; তাঁতযন্ত্রে সুতার যে ছিদ্রের মধ্য দিয়ে মাকু চলে।

ঝাঁপটা, ঝাপটা *বি* ১ স্ত্রীলোকের মাথার অলঙ্কার; ঝাঁপ। ২ বাতাসের তোড়; ধাক্কা; বায়ুতাড়িত বৃষ্টির ঝাপটা।

ঝাঁপতাল *বি* গানের একটি তাল।

ঝাঁপা১ *বি* স্ত্রীলোকের মাথার এক প্রকার অলঙ্কার।

ঝাঁপা২ *ক্রি* আচ্ছাদন করা; আবৃত করা; ঢাকা; ঝাঁপিয়ে পড়া; মনে পড়া। [স. ঝম্প>+বা. আ]

ঝাঁপানো *বি* হিন্দুদের মনসা পূজায় সাপ খেলার উৎসব; পাহাড়ে চড়ার এক প্রকার শিবিকা বা ডুলি। **ঝাঁপানো** *ক্রি* ঝম্প প্রদান করা; ঝাঁপ দেওয়া; লাফানো। [স. ঝম্প>]

ঝাঁপি, ঝাঁপী *বি* ঢাকনি সমেত বাঁশ বেত তাল বা খেজুর পাতার ছোট পেটিকা।

ঝাট *ক্রিবিণ* তাড়াতাড়ি; শীঘ্র। [স. ঝটিতি]

ঝাড়১ *বি* ছোট গাছের জঙ্গল; ঝোপ; স্তবক; গুচ্ছ; গোষ্ঠী; বংশ; শাখাযুক্ত দীপাধার। **ঝাড়বংশ** *বি* বংশের সমস্ত লোক। [স. ঝাট (সমূহ রাশি)>ঝাড়]

ঝাড়২ *বি* ১ পরিমার্জন; পরিষ্কারকরণ (ঝাড়মোছা)। ২ বহুশাখায় বিচিত্র কারুকার্যে তৈরি কাচের ঝুলানো দীপাধার। [স. ঝাট (সমূহ, সংহত) ঝাঁট>ঝাড়]

ঝাড়ন *বি* ১ ধুলা পরিষ্কার করার কাপড় ইত্যাদি। ২ সম্মার্জন। ৩ ঝাড়ফুঁক। [স. ঝাট>ঝাড়>ঝাড়ন]

ঝাড়া *ক্রি* পরিষ্কার করা; খালি করা; নিক্ষেপ করা; ছুড়ে মারা; মেটানো; দূর করা; আছড়ানো; বাছাই করা; সম্পূর্ণ; একটানা। **ঝাড়পোছ** *বি* সাফকরণ। **ঝাড়ফুঁক** *বি* রোগ বিষ ইত্যাদি দূরীকরণার্থে মন্ত্র বা দোয়া পাঠসহ গায়ে ফুঁ দেওয়া।

ঝাড়ু *বি* ঝাঁটা; সম্মার্জনী। **ঝাড়ুদার** *বি* যে ঝাঁট দেয়। [ঝাট>ঝাড়>উ=ঝাড়ু]

ঝাণ্ডা *বি* নিশান; পতাকা। [হি.]

ঝানু *বিণ* অভিজ্ঞ; ঘানি; পাকা; ঝুনা; চতুর; চালাক; হুঁশিয়ার। তুল. ঝুনা নারিকেল। [স. ধ্যান>ঝান (চর্যাপদ)> বিণ. ঝান+উ। অথবা ঝুনা (বর্ণ বিপর্যয়ে)–ঝানু]

ঝাপট, ঝাপটা *বি* বাতাসের প্রবল আঘাত; ঝড়ের প্রচণ্ড ধাক্কা; হঠাৎ ধাক্কা।

ঝাপসা, ঝাপ্সা *বিণ* অস্পষ্ট; আবছা; অপরিচ্ছন্ন।

ঝামটা *বি* বিরক্তিসহ রুষ্ট মুখভঙ্গি ও ধমক (মুখ ঝামটা)।

ঝামর১, **ঝামরা, ঝামরি** *বি, বিণ* ঝামার মতো মলিন; বিবর্ণ; উষ্কখুষ্ক; অস্থির; চঞ্চল। [স. ঝামক>]

ঝামর২ *বি* শান দেবার ক্ষুদ্র পাথর।

ঝামা *বি* অতিরিক্তভাবে পোড়ানো হালকা কালচে ইট। [স. ঝামকা>]

ঝামাল *বি* ঝাঁজ; প্রখর তেজ (রৌদ্রের ঝামাল জ্বালা ধরায়— শওকত ওসমান)

ঝামেলা *বি* ঝঞ্ঝাট; ঝক্কি; ফ্যাসাদ; ঝগড়া; গ্যাঞ্জাম। [হি.]

ঝারা *বি* ধারা; প্রবাহ; সচ্ছিদ্র জলপাত্র; ঝারি; ঝালর। [স. ধারা>ঝারা>]

ঝারি *বি* গাড়ু; ভৃঙ্গার; সচ্ছিদ্র জলসেচপাত্র। [স. ঝরী>]

ঝাল *বি* কটু; উগ্র; তীক্ষ্ণ; কটু স্বাদযুক্ত; ঝাল জাতীয় মসলায় রাঁধা ব্যঞ্জনাদি; ক্রোধ; কড়া মেজাজ; আক্রোশ; রোষ। [স. জ্বালা>ঝালা>ঝাল]

ঝালর *বি* কারুকার্যমণ্ডিত কাপড়ের কোঁচকানো পাড়; অলঙ্কারের কারুকার্যময় দোলায়মান অংশ। [স. ঝল্লরী>]

ঝালা১ *ক্রি* ১ সেতারে অতি দ্রুত ঝঙ্কার তোলা। ২ ঝালার কাজ।

ঝালা২ *বি* ১ ধাতব পদার্থ পাইন দিয়ে জোড়া লাগানো। ২ পুরনো কূপ বা পুকুর থেকে পাঁক তুলে ফেলা। [স. ঝর>হি. ঝাড়>বা. ঝালা/ঝালাই]

ঝালানো *ক্রি* ধাতু পাত্রাদিতে পাইন লাগানো; উদ্ধার করানো; সংস্কার করানো; নবীভূত করা।

ঝালাপালা *বি, বিণ* ভীষণ উচ্চ শব্দে কর্ণপীড়াদায়ক অবস্থা; বধিরপ্রায়; উত্ত্যক্ত; কর্ণবিদারী শব্দ; কর্ণপীড়া; উৎপাত।

ঝালি, ঝালী *বি* বেতনির্মিত ঝুড়ি; ঝুলন খেলা; নালা–নর্দমা ইত্যাদির মুখের গর্ত; জমিতে সেচের পানি ধরে রাখার জন্য খোঁড়া গর্ত।

ঝি *বি* দুহিতা; কন্যা; চাকরানি; দাসী। [স. দুহিতা>পালি ধীতা>ঝীআ>ঝি; তুল. ঝিয়ারি]

ঝিউড়ি *বি* কন্যা; দুহিতা; অনূঢ়া বা অবিবাহিতা কন্যা; ঝিয়ারি। [বা. ঝি+উড়ী]

ঝিঁক *বি* উনানের পাড়ের উঁচু অংশ যেখানে হাঁড়ি বসে এবং যার ফাঁক দিয়ে আঁচ ওঠে; যাঁতার উপরিস্থিত চাকির ছিদ্র; উজ্জ্বলতা; আলোক শিখা। [তুল. মারাঠি ঝিংকে]

ঝিঁকরা *বি* ঝাড়যুক্ত ছোট ছোট গুল্ম বা বুনো গাছ। ❑*বিণ*

ঝাড়বিশিষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র বন্য বৃক্ষযুক্ত।

ঝিঁকা[১] *অব্য* ক্লান্তি বা অবসন্নতাহেতু ঝিঁঝি অনুভূতি; ঝিমঝিম।

ঝিঁকা[২], **ঝিঁকে** *বি* শক্তি প্রয়োগ করে নৌকার হালে টান।

ঝিঁঝি[১], **ঝিঝি** *বি* অবিশ্রান্ত ঝিঁঝি শব্দকারী এক প্রকার কীট; ঝিল্লী। [স. ঝিল্লী>]

ঝিঁঝি[২] *অব্য* কোনো প্রত্যঙ্গের অসহায়তাজনিত ঝিমঝিম করার ভাব। [ঝিম্‌ঝিম্>ঝিঁঝি]

ঝিঁঝিট, ঝিঝিট *বি* সঙ্গীতবিশেষ।

ঝিকমিক, ঝিকিমিকি *অব্য* কখনো উজ্জ্বল কখনো ম্লান এরূপ করার ভাব।

ঝিকুট, ঝিকুর *বি* মস্তিষ্ক; মাথার নরম অংশ; অকালপক্ব; ঝুনা; অসময়ে পেকে বা শুকিয়ে শক্ত। [বা. আঞ্চলিক]

ঝিঙা, ঝিঙে, ঝিঙ্গা *বি* সবজি বা আনাজবিশেষ। [স. ঝিঙ্গাক>, ঝিঙ্গা মুণ্ডারি]

ঝিঙ্গুর, ঝিঙুর *বি* ঝিঁঝি পোকা। [স. ঝিল্লী>]

ঝিন্টী, ঝিণ্টিকা *বি* ঝাঁটিফুল ও তার গাছ; ঝাড়। [স.]

ঝিনঝিন *অব্য* রক্ত চলাচল বন্ধজনিত কোনো প্রত্যঙ্গের অনুভূতি।

ঝিনিঝিনি, ঝিনিকিঝিনি *অব্য* নূপুরের মৃদু শিঞ্জন ধ্বনি; মৃদু ঝনঝন ধ্বনি; নিক্বণ।

ঝিনুক *বি* শুক্তি; শামুক; ধাতুনির্মিত ঝিনুকাকৃতি চামচ। [স. অব্ধি>অবিজ্‌ঝমত্তুক>অথবা ঔজ্জ্বল্যজ্ঞাপক ঝিনিক>ঝিনুক]

ঝিম *বি* ক্লান্তিজনিত অবসন্নতা; নেশা বা তন্দ্রা দ্বারা আচ্ছন্নতার ভাব।

ঝিমঝিম *অব্য* অবসন্নতার ভাব।

ঝিমানো, ঝিমনো *ক্রি* নেশা বা তন্দ্রার আবেশে চোখ বন্ধ করে ঢোলা; নিস্তেজ নিশ্চেষ্ট হয়ে পড়া; ঝিমানি। **ঝিমুনি** *বি* নিদ্রার আবেশে ঢুলুনি।

ঝিয়ারি, ঝিয়ারী *বি* ১ কন্যা; দুহিতা। ২ অবিবাহিতা কন্যা; কুমারী। ৩ পুত্রের শ্যালিকা; কন্যার ননদ। [স. দুহিতা; পালি ধীতা/ধীতারি>ঝিআরি>ঝিয়ারি]

ঝিরঝির, ঝির্‌ঝির্ *অব্য* ধীরগতিতে প্রবাহিত হওয়ার ভাব; লঘু ক্ষরণের ভাব; মৃদু ঝর ঝর ধ্বনি। **ঝিরঝিরে** *বিণ* ঝিরঝির করে প্রবাহিত (বায়ু, জল)।

ঝিল *বি* বিলের চেয়ে ছোট পুকুর জাতীয় লম্বা জলাশয়।

ঝিলমিল[১] *বি* জানালার খড়খড়ি।

ঝিলমিল[২] *অব্য* মৃদু চাকচিক্য; উজ্জ্বলতা বা ঝিকমিক। [স. ঝিনিক (চাকচিক্য/চমক)>]

ঝিলিক *বি* ক্ষণিক তীব্র দীপ্তি; বিদ্যুতের চমক; ক্ষণিক বিদ্যুৎ স্ফুরণ; ছোট ঝলক বা চমক। [ঝিনিক>ঝিলিক]

ঝিলিমিলি *অব্য* তরঙ্গায়িত উজ্জ্বলতার ভাব; ঝিলমিলকরণ।

ঝিল্লি, ঝিল্লী, ঝিল্লিকা *বি* ঝিঁঝি পোকা; (দেহে) চামড়ার পাতলা আবরণ। **ঝিল্লিমুখর** *বিণ* ঝিঁঝি পোকার শব্দমুখর। [স. ঝিল্লী; ঝিনিক>ঝিলিক>]

ঝুঁকা, ঝোঁকা *ক্রি* হেলে পড়া; অবনত হওয়া; পক্ষপাতী হওয়া; আকৃষ্ট হওয়া।

ঝুঁকানো, ঝোঁকানো *ক্রি* ঝুঁকে পড়া; হেলানো; নত করা; আকৃষ্ট বা পক্ষপাতগ্রস্ত করা।

ঝুঁকি *বি* ভার; তত্ত্বাবধান; দায়িত্ব।

ঝুঁট, ঝুট *বি, বিণ* ঝুঁটি; মিথ্যা। [স. জুট>]

ঝুঁটি, ঝুটি *বি* খোঁপা; চূড়া করে বাঁধা চুল; ঝোটন; মোট কেশগুচ্ছ। [স. জুটিকা>]

ঝুটমুট *ক্রিবিণ* অনর্থক; শুধু; মিছেমিছি।

ঝুটা, জুটো *বিণ* মিথ্যা; উচ্ছিষ্ট; এঁটো; নকল; জাল। [স. জুষ্ট (ব্যবহৃত)>]

ঝুটাপুটি, জুটাঝুটি *বি* কেশাকেশি; চুলাচুলি; জাপটাজাপটি।

ঝুড়ি *বি* বাঁশ বা বেতের তৈরি চাঙারি। **ঝুড়ি ঝুড়ি** *বিণ* অনেক; প্রচুর। [হি., মুণ্ডা]

ঝুনঝুন, ঝুমুর ঝুমুর *অব্য* নূপুর শিঞ্জন; নিক্বণ; নূপুর মল প্রভৃতির শব্দ।

ঝুনা *বিণ* পক্ব ও কঠিন; অভিজ্ঞ; বিচক্ষণ; কঠোরপ্রকৃতি। [স. জীর্ণ; প্রা. জুণ্ণ>মারাঠি জুনা>জুনা। তুল. ঝানু]

ঝুনু ঝুনু, ঝুনুর ঝুনুর *অব্য* নূপুরাদির শিঞ্জন।

ঝুপ *অব্য* পতনের ধ্বনি; ঝাঁপ দেওয়ার শব্দ।

ঝুপঝুপ, ঝুপঝাপ *অব্য* বারিপাতের শব্দ; পতনের শব্দ; ক্রমাগত ঝুপ শব্দ।

ঝুপড়ি, ঝুপড়ী *বি* ডালপালা; লতাপাতা দ্বারা আচ্ছাদিত বা নির্মিত কুঁড়েঘর। [প্রা. ঝম্‌পড়া>হি. ঝোপড়ী]

ঝুপুর-ঝুপুর, ঝপুর-ঝাপুর *অব্য* উপর্যুপরি নৌকার দাঁড় ফেলার শব্দ বা ক্রমাগত বারিপতনের শব্দ।

ঝুমকা, ঝুমকো *বি* ১ ঘণ্টার মতো দোদুল্যমান পুষ্পবিশেষ। ২ ঝুমকা ফুলের আকৃতিবিশিষ্ট মেয়েদের কর্ণাভরণ।

ঝুমঝুম, ঝুম্‌ঝুম্ *অব্য* লঘু বা মৃদু ঝমঝম ধ্বনি; ঘুঙুরাদির নিক্বণ।

ঝুমঝুমি *বি* শিশুর খেলনাবিশেষ; শিশুর কোমরের ঘুঙুরমালা।

ঝুমরি *বি* একটি আদি রসাত্মক রাগিণী।

ঝুমুর *বি* নৃত্যযুক্ত শৃঙ্গার রসাত্মক এক প্রকার সঙ্গীত। [স. জুমরি>]

ঝুরঝুর *অব্য* ক্রমাগত মাটি বালি প্রভৃতি পড়ার মৃদু ঝরঝর শব্দ।

ঝুরা[১] *ক্রি* ঝরা; ঝরে বা গলে পড়া; অশ্রুপাত করা। [স. ধুলা>ধুরা>ঝুরা]

ঝুরা[২] *বিণ* গুঁড়ানো; চূর্ণিত; ঝুরঝুরে। [স. চূর্ণ>চূর>ঝুর]

ঝুরি *বি* বৃক্ষাদির শাখাপ্রশাখা থেকে নেমে আসা শিকড় সদৃশ জটা। **ঝুরিভাজা** *বি* বেসম দিয়ে তৈরি সরু সরু ঝুরির আকারে ভাজা এক প্রকার খাদ্য। **ফুলঝুরি** *বি* একপ্রকার আতশবাজি।

ঝুরুঝুরু *অব্য* ঝুরু ঝুরু শব্দে; মৃদু ধারায়; ঝির-ঝিরে।

ঝুরো, ঝুরো ঝুরো, ঝুরঝুরা *বিণ* ঝুরঝুরে শুষ্ক ও পরস্পর অসংলগ্ন; বালুকণার মতো গুঁড়া। [স. চূর্ণ> চুর>ঝুর]

ঝুল *বি* জামার লম্বালম্বি মাপ; ঢিল; পতন বা ঝোলার ভাব; ঝোঁক; নিচের দিকে টান বা আকর্ষণ; মাকড়সার জালের সঙ্গে মিলিত ধোঁয়ার কালি; অশ্ব বা হস্তীর পিঠের আস্তরণ। [স. দুল>হি., বা. ঝুল]

ঝুলন *বি* ঝুলে থাকে যা; দোলন; শ্রীকৃষ্ণের দোল উৎসব।

ঝুলন-যাত্রা *বি* শ্রীকৃষ্ণের দোল উৎসব। [স. দুল>]
ঝুলনা *বি* দোলনা।
ঝুলাঝুলি *বি* জেদাজেদি; পীড়াপীড়ি; সনির্বন্ধ অনুরোধ।
ঝুলি *বি* কাপড়ের তৈরি থলে; কাঁধে ঝুলানো হয় যে থলে।
ঝোঁক *বি* ঝুঁকে অবস্থান; আকর্ষণ; টান; পক্ষপাত; এক পক্ষের প্রতি আসক্তি বা অনুরাগ; শখ; সাধ; আবেশ; প্রভাব; আগ্রহ।
ঝোঁটন, ঝোটন *বি* ঝুঁটি। ☐ *বিণ* ঝুঁটিযুক্ত।
ঝোড়া[১] *বি* বড় ঝুড়ি।
ঝোড়া[২] *ক্রি* অপ্রয়োজনীয় শাখাপ্রশাখা ছেঁটে বা কেটে ফেলা।
ঝোপ *বি* ছোট গাছের জঙ্গল বা ঝাড়; গুল্ম। [স. ক্ষুপ>]
ঝোপড়া, ঝুপড়ি *বি* কুঁড়েঘর; ছাউনি। [হি.]
ঝোর *বি* জলনালী; নয়ানজুলি।
ঝোরা[১] *বি* নর্দমা; প্রণালী; ঝরনা (পাগলা ঝোরা)।
ঝোরা[২] *বি* ধানক্ষেতে সুপুষ্ট ধানগাছের মধ্যকার শস্যহীন গাছ।
ঝোল *বি* তরল ব্যঞ্জন; স্যুপ; শুরুয়া।
ঝোলা[১] *বিণ* তরল ঝোলের মতো (ঝোলা গুড়)।
ঝোলা[২], **ঝুলা** *বিণ* লম্বা ঝুল সমন্বিত; ঢিলা; দোল খাওয়া; বাঁকা; পক্ষপাতী বা এক পক্ষের প্রতি অনুরক্ত।
ঝোলা[৩] *বি* বড় থলি। **ঝোলাঝুলি** *বি* ছোট বড় নানা প্রকারের থলি।
ঝোলা[৪] *বি* ১ কলেরা। ২ কলেরা বা ভেদবমির অপদেবতা। [আঞ্চলিক]
ঝোলানো *ক্রি* ঝুলানো; লম্বিত করা; লটকানো; টাঙানো।

ঞ

ঞ বাংলা বর্ণমালার দশম ব্যাঞ্জনবর্ণ।
ঞারি, ঞেথাং *বি* তিব্বত মালভূমিতে অবস্থিত দুইটি জনপদের নাম, অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান যেখানে ধর্মপ্রচার করতে গিয়েছিলেন।

ট

ট বাংলা বর্ণমালার একাদশ ব্যঞ্জনবর্ণ।
টই, টুই *বি* ঘরের চালের মটকা। [স. তুঙ্গ>]
টইটই *অব্য* আধারে তরল পদার্থের কানায় কানায় পূর্ণতাদ্যোতক শব্দ। ☐ *ক্রিবিণ* টোটো; ক্রমাগত ঘুরে বেড়ানো বা অযথা ভ্রমণ।
টইটম্বুর, টইটুম্বুর *বিণ* পরিপূর্ণ; সম্পূর্ণ ভরা; কানায় কানায় ভর্তি।
টং[১], **টঙ**[১] *অব্য* ধনুকের জ্যা; ঘণ্টা; তারযন্ত্র; কাঁসি ঘড়ি ইত্যাদির শব্দ।
টং[২], **টঙ**[২] *বিণ* ১ উগ্র মেজাজ; অত্যন্ত ক্রোধান্বিত। ২ পরিপূর্ণ; ভরপুর। [স. টঙ্ক>]
টং[৩], **টঙ্গ**[১], **টোং** *বি* ১ উচ্চস্থানে প্রস্তুত কুটিরবিশেষ; উচ্চকুটির। ২ মঞ্চ; মাচা; উচ্চমঞ্চ; ক্ষেতে পাহারা দেওয়ার জন্য নির্মিত উচ্চ ক্ষুদ্র ঘর। ৩ চালের মটকা; কুটিরের শীর্ষদেশ বা চূড়া। ৪ বৃক্ষবাস। ৫ জলাশয়ের মধ্যে নির্মিত গৃহ। ৬ উচ্চ ঘাঁটির উপরে স্থাপিত পায়রার খোপ। [স. তুঙ্গ>]। **টংঘর, টোংঘর** *বি* মঞ্চের উপরে নির্মিত কুটিরবিশেষ।
টংক[১], **টঙ্ক**[১] *বি* টাকা। [স. তঙ্ক>তঙ্কা>টঙ্ক]। **টংকপতি, টঙ্কপতি** *বি* টাকশালের অধ্যক্ষ বা কর্তা। **টংকবান, টঙ্কবান** *বিণ* ধনী; টাকা পয়সাওয়ালা। **টঙ্কবিজ্ঞান** *বি* বিভিন্ন দেশের ও বিভিন্ন যুগের মুদ্রা-বিষয়ক বিদ্যা। **টংকশাল, টঙ্কশাল, টংকশালা, টঙ্কশালা** *বি* টাকশাল; যেখানে মুদ্রা প্রস্তুত হয়। [স. টঙ্কশাল>]
টংক[২], **টঙ্ক**[২] *বিণ* দৃঢ়; শক্ত; মজবুত। ☐ *বি* উচ্চ জায়গা; টং; পাহাড়ের উচ্চদেশ।
টংকার, টঙ্কার *বি* ধনুকের ছিলার শব্দ।
টংগ, টঙ্গ[২] *বি* খননাস্ত্র; কুঠার।
টংটং, টঙটঙ *অব্য* ১ ঘণ্টা বাজার শব্দ। ২ লাঠি ঠুকে চলা বা ঘুরে বেড়ানোর ভাব।
টক[১] *অব্য* ১ শুষ্ক কাষ্ঠাদির উপর মৃদু আঘাতজনিত শব্দ। ২ অতি শীঘ্র; মুহূর্তের মধ্যে; চটপট। **টকটক, টকটকাটক, টকাস** *অব্য* উপর্যুপরি টক শব্দ।
টক[২] *বিণ* অম্লস্বাদবিশিষ্ট। ☐ *বি* ১ অম্বল; খাটা; চুকা; অম্লস্বাদ ব্যঞ্জন। ২ অম্লরস। [স. তক্র>]
টকটক *অব্য* ঘোর লাল রঙের ভাব প্রকাশক। **টকটকে** *বিণ* ১ উজ্জ্বল। ২ ঘোর লাল; এমন প্রখর লাল যে চোখে লাগে।
টকা, টকানো *ক্রি* টক হওয়া। ☐ *বিণ* টক স্বাদযুক্ত।
টকাটক *অব্য, ক্রিবিণ* চটপট; সঙ্গে সঙ্গে; তখন তখনই। ☐ *অব্য* ঘোড়ার ক্ষুরের শব্দ।
টকি *বি* সবাকচিত্র; ছায়াচিত্র; ছায়াছবি; বাকযুক্ত সিনেমা; বায়স্কোপ। [ই. talki]
টক্কর *বি* ১ হোঁচট; উছট। ২ গুঁতা; ধাক্কা; সংঘর্ষ। ৩ প্রতিযোগিতা; যোগ্যতার লড়াই। ৪ ঠোকাঠুকি; বিসংবাদ। **টক্কর দেওয়া** *ক্রি* ১ প্রতিযোগিতা করা। ২ কথার প্রতিবাদ করা।
টগবগ, টগবগাবগ *অব্য* জল ফুটবার শব্দ। ☐ *বি* ধাবমান ঘোড়া প্রভৃতির পায়ের শব্দ। **টগবগ করে ছোটা** *ক্রি* অশ্বের দ্রুত চালের মতো শব্দ করে দ্রুত বেগে যাওয়া। **টগবগানো** *ক্রি* টগবগ শব্দে সিদ্ধ হতে থাকা।
টগর *বি* শ্বেত বর্ণের পুষ্প বিশেষ ও ঐ নামের বৃক্ষ। [স. তগর>]
টগরা, টগরে *বিণ* চালাক-চতুর; চটপটে; সেয়ানা। তুল. হি. তগড়া।
টগে *বি* জলক্রীড়াবিশেষ।
টটামট *বিণ* যৎকিঞ্চিৎ; কোনো রকম; যেমন তেমন; অতি সামান্য; ভাঙা ভাঙা। [আঞ্চলিক]
টট্টর *অব্য* দ্রুত বা চটপট কথা বলার ভাব। **টট্টরে** *বিণ* চালাক; সপ্রতিভ; স্মার্ট।
টন[১] *অব্য* শক্ত দ্রব্য দ্বারা ধাতব পদার্থে আঘাতের শব্দ।
টন[২] *বি* ২০ হন্দর; প্রায় ২৭$\frac{১}{২}$ মণ। [ই. ton]। **মেট্রিক টন**

বি ১০০০ কিলোগ্রাম।
টনক *বি*১ স্মৃতিস্থানে আঘাত; চৈতন্যোদ্রেককারী আঘাত। ২ জ্ঞান; চৈতন্য; বোধ; হুঁশ; খেয়াল। **টনক নড়া** *ক্রি* চৈতন্য হওয়া; হুঁশ হওয়া; খেয়াল হওয়া।
টনটন *অব্য*১ অসহনীয় ব্যথার স্পন্দনসূচক বেদনা প্রবল হওয়ায় অস্বস্তিবোধক যন্ত্রণাসূচক শব্দ। ২ কঠিন বস্তুতে কঠিন বস্তুর আঘাতের শব্দ। □ *অব্য, ক্রিবিণ* টনটন এই শব্দে; টনটন শব্দ করে। **টনটনানি** *বি* যন্ত্রণা; টাটানি; প্রবল বেদনা।
টনসিল *বি* গলমধ্যে জিহ্বার মূলদেশে স্থিত গ্রন্থিদ্বয়। [ই.]
টনিক *বি* শারীরিক শক্তি বৃদ্ধিকারক ঔষধবিশেষ; সালসা। [ই. tonic]
টপ[১] *অব্য* ১ জল প্রভৃতি তরল দ্রব্যের পতন শব্দ; তরল পদার্থের ফোঁটা পড়ার শব্দ। ২ হঠাৎ ফল বা কোনো দ্রব্যের পতন বা মুখে দেওয়ার শব্দ। □ *অব্য, ক্রিবিণ* অবিলম্বে; চট করে। [হি. টপ]। **টপাস** *অব্য* বড় ফোঁটা পড়ার শব্দ।
টপ[২] *বি* কানের অলঙ্কার; মুক্তা বা মটরের মতো তৈরি অলঙ্কারবিশেষ। [ই. top]
টপ[৩] *বি* ১ রৌদ্র বৃষ্টি ইত্যাদি নিবারণ করার আচ্ছাদন বিশেষ। ২ উপরের আচ্ছাদন বা আবরণ। [স. স্তম্ভ]
টপকা *ক্রিবিণ* অপ্রত্যাশিতভাবে; সহসা; অকস্মাৎ।
টপকানো *ক্রি* অতিক্রম করা; উল্লঙ্ঘন করা; ডিঙিয়ে যাওয়া; লাফ দিয়ে পার হওয়া।
টপটপ *অব্য* ১ তরল পদার্থের একাধিক ফোঁটা পড়ার শব্দ। ২ ক্রমান্বয়ে অতি দ্রুত পতনসূচক শব্দ। **টপাটপ** *অব্য* অতিদ্রুত গলাধঃকরণবোধক।
টপ্পর *বি* গোয়ালের ছাউনি; বাঁশ ও চাটাই দিয়ে প্রস্তুত ছাউনি যা গরুর গাড়িতে ব্যবহার করা হয়। [তুল. হি. ছপ্‌পর]
টপ্পা *বি* ১ সঙ্গীতের প্রকারভেদবিশেষ (নিধু বাবুর টপ্পা)। ২ প্রণয় সঙ্গীত; আদিরসের গানবিশেষ। [হি.]
টপ্লোর *বি* গো-যানে সার বহনের পাত্রবিশেষ; বাঁশ ও খড়ের দড়িতে তৈরি ধানের জমিতে সার বহন করবার টুকরিবিশেষ। [তুল. হি. ছপ্‌পর]
টব *বি* ১ কাঠ বা টিনের তৈরি জলপাত্র বা বালতি। ২ জল রাখবার অথবা ফুলগাছ রোপণ করবার মৃৎপাত্রবিশেষ। [ই. tub]
টব টব *অব্য* ১ জল আন্দোলিত হওয়ার শব্দ; পানি পড়ার শব্দ। ২ পানি দিয়ে পাত্র পূর্ণ হওয়ার শব্দ।
ট-বর্গ *বি* ট ঠ ড ঢ ণ এই পাঁচটি বর্ণের সমষ্টি বা শ্রেণী।
টমক *বি* বাদ্যযন্ত্রবিশেষ।
টমটম *বি* এক ঘোড়ায় টানা দুই চাকার গাড়ি; একটি অশ্ববাহিত দ্বিচক্রযান; এক্কা; টাঙ্গা। [ই.]
টমিগান *বি* আগ্নেয়াস্ত্রবিশেষ। [ই.]
টম্যাটো *বি* সবজি শ্রেণীর ফলবিশেষ; আনাজবিশেষ; বিলাতি বেগুন; টক বেগুন। [ই.]
টরকানো *ক্রি* লাফ দেওয়া; বেগে গমন করা; ঠিকরিয়ে যাওয়া। [হি. টরকানা]
টর্চ *বি* ব্যাটারির সাহায্যে জ্বলে এমন বৈদ্যুতিক আলোবিশেষ; মশাল। [ই.]
টর্নি, টনী *বি* আমমোক্তার; অ্যাটর্নি; মালিকের পক্ষে নিযুক্ত কার্যকারক। [ই.]
টর্নেডো *বি* প্রচণ্ড ঘূর্ণিবাত; ঘূর্ণিঝড়। [ই.]
টর্পেডো *বি*১ জাহাজ ধ্বংসকারী বিস্ফোরক; ডুবো জাহাজ থেকে নিক্ষেপ করে জাহাজ উড়িয়ে দেওয়ার বিস্ফোরক। ২ বিদ্যুৎশক্তিসম্পন্ন মৎস্যবিশেষ। [ই.]
টল[১] *বি* ১ পায়চারিকরণ; টহল। ২ প্রহরীর কর্ম। [হি. টহল]। **টহল দেওয়া** *ক্রি* পাহারা দেওয়া; পায়চারি করে চৌকি দেওয়া।
টল[২] *বি*১ টলন; নড়ন; বিচলন; স্খলন; স্থানচ্যুত হওন। ২ বিহ্বলতা; বিমুগ্ধতা; বিবশতা। [স.]
টলটল *অব্য*১ পানি নড়ার শব্দ। ২ কানায় কানায় পরিপূর্ণ পাত্রে তরল পদার্থে সামান্য আন্দোলিত হওয়ার ভাবপ্রকাশ; স্বচ্ছতার ভাব। □ *বিণ* অস্থির; চঞ্চল। □ *ক্রিবিণ* আন্দোলিত। [স. √টল্>]। **টলটলে** *বিণ*১ মালিন্যহীন; অনাবিল; স্বচ্ছ। ২ তরলতার জন্য ঈষৎ আন্দোলনশীল; স্বচ্ছ।
টলন *বি*১ নড়ন; বিচলিত হওয়া; স্খলন; স্থানচ্যুত হওয়া। ২ বিহ্বলতা; বিবশতা; মুগ্ধতা। [স. √টল্+অন]
টলমল, টলোমলো *বিণ* ঘন ঘন আন্দোলিত; বিচলিত; কম্পিত। □ *অব্য* পড়ে পড়ে এমন ভাব; ঘন আন্দোলনের ভাব; হেলাদোলার ভাব। *বিণ*১ পতনোন্মুখ। ২ সংশয়াপন্ন। ৩ পরিপূর্ণ; উচ্ছলিত। ৪ দোলায়মান। **টলমলে** *বিণ* ১ টলমল করছে এমন; দোলায়মান। ২ অনির্দিষ্ট; সংশয়পূর্ণ। ৩ পতনোন্মুখ।
টলা *ক্রি* ১ চঞ্চল হওয়া; বিচলিত হওয়া। ২ আন্দোলিত হওয়া; কম্পিত হওয়া। ৩ পতনোন্মুখ হওয়া। ৪ ব্যতিক্রম হওয়া; অন্যথা হওয়া; নড়চড় হওয়া; নড়ে যাওয়া। ৫ স্খলিত হওয়া; বিচ্যুত হওয়া; ভ্রষ্ট হওয়া। [স. √টল্+আ]। **টলাটলি** *বি* ক্রমাগত টলনের অবস্থা বা কাজ।
টলানো *ক্রি*১ টলিয়ে বা নড়িয়ে দেওয়া; আন্দোলিত করা। ২ অন্যথা করানো। ৩ স্থানচ্যুত করা; নড়ানো। [স. √টল্+ (ণিজন্ত)+আনো]
টস, টসটস *অব্য*১ তরল পদার্থের ফোঁটা পড়ার শব্দ। ২ রসে পরিপূর্ণতার ভাবসূচক। ৩ পেকে ওঠার ভাবসূচক। **টসটসে** *বিণ* ১ রসে ভর্তি হওয়ার ভাব। ২ পূর্ণ হওয়ার ভাব।
টসকানো *ক্রি*১ ভাঙা; ভগ্নস্বাস্থ্য হওয়া। ২ সহজে ভেঙে যাওয়া বা নষ্ট হওয়া। ৩ নিটোল ভাব নষ্ট হওয়া; মজে যাওয়া। □ *বি, বিণ* উক্ত অর্থে। [তুল. হি. টস্‌কনা]
টহল *বি*১ পদচারণ; পর্যটন; ঘোরাফেরা। ২ প্রহরার জন্য পদচারণ। ৩ ভিক্ষার জন্য অথবা বিনা কারণে গান গেয়ে বেড়ানো। **টহলদার** *বি* যে টহল দেয়; চৌকিদার; প্রহরী। □ *বি, বিণ* যে অকারণে বাড়ি বাড়ি ঘুরে অথবা ভিক্ষা করে বেড়ায়।
-টা *অব্য* ১ বাংলা প্রত্যয়বিশেষ—সংখ্যা বা পরিমাণ অর্থে। ২ বস্তু বিষয় বা ব্যক্তি নির্দেশে। ৩ তুচ্ছার্থে; অনাদরে। ৪ আদরে।
টাই *বি* বিলাতি পোশাকের অঙ্গরূপে গলায় বাঁধবার চওড়া ফিতাবিশেষ। [ই.]
টাইট *বিণ*১ দৃঢ়; মজবুত; শক্ত। ২ আঁটসাঁট; টানটান। [ই.]
টাইটেল *বি*১ উপাধি; খেতাব। ২ নামলিপি; আখ্যা। ৩ স্বত্ব; অধিকার। [ই.]। **টাইটেল-পেজ** *বি* গ্রন্থের নামপৃষ্ঠা; আখ্যাপত্র।

টাইপ *বি* ১ ছাপানোর জন্য ব্যবহৃত সীসা বা রবারের হরফ। ২ ধরন; প্রকার। ৩ বিশেষ এক ধরন; বিশিষ্ট প্রকার। [ই]। **টাইপ করা** *ক্রি* টাইপরাইটার যন্ত্রের সাহায্যে লেখা বা ছাপা। **টাইপ রাইটার** *বি* চাবি টিপে লেখার বা ছাপার যন্ত্রবিশেষ।

টাইফুন *বি* ১ প্রশান্ত মহাসাগরীয় ঘূর্ণিবাত্যাবিশেষ। ২ প্রবল ঝটিকা; প্রচণ্ড ঝড়। [আ. তুফান]

টাইম *বি* ১ সময়; কাল। ২ সুযোগ; অবসর। [ই]। **টাইম টেবল, টাইম টেবিল** *বি* নির্দিষ্ট সময়ের তালিকা বা নির্ঘণ্ট। **টাইমপিস** *বি* টেবিলে রাখবার ছোট ঘড়ি।

টাউট *বি* ১ ভদ্রবেশী প্রতারক। ২ দালাল; মোকদ্দমার তদ্বিরকারী। [ই]। **টাউটারি** *বি* প্রতারণা।

টাউন *বি* ছোট শহর; নগর। [ই]। **টাউনহল** *বি* নাগরিকদের সর্বজনীন মিলনায়তন; নাগরিকদের সভাকক্ষ; জনসাধারণের সভা হয় যে স্থানে।

টাঁক *বি* তাক; লক্ষ্য; লুব্ধদৃষ্টি; চাঁদমারির লক্ষ্যবিন্দু।

টাঁকশাল, টাকশাল *বি* টাকা-পয়সা প্রভৃতি মুদ্রা নির্মাণের স্থান; টাকাপয়সা তৈরির কারখানা। [সং. টঙ্কশালা>]

টাঁকা[১]**, টাকা** *ক্রি* সেলাই করা; সেলাই করে গাঁথা।

টাঁকা[২] *ক্রি* তাক করা; লক্ষ্য করা; সতর্ক দৃষ্টি রাখা।

টাঁসা *ক্রি* ১ রক্তাল্পতা বা রক্ত চলাচল বন্ধ হেতু খিল ধরা। ২ মরা।

টাক[১] *বি* ১ মস্তকের কেশের স্বল্পতা বা শূন্যতা; ইন্দ্রলুপ্ত। ২ কেশহীন মস্তক। ☐ *বিণ* টাকযুক্ত; টেকো (টাক মাথা)।

টাক[২] *অব্য* পরিমাণবাচক; আন্দাজ বা অনুমান। (যথা—পোয়াটাক)।

টাকরা, টাগরা *বি* তালু; জিহ্বার উর্ধ্বদেশ; মুখ-গহ্বর।

টাকা *বি* ১ একশত পয়সার সমমানের মুদ্রা; মুদ্রাবিশেষ। ২ অর্থ; ধন। [সং. টঙ্কা>]। **টাকা উড়ানো/ ওড়ানো** *ক্রি* অর্থ অপব্যয় করা; টাকা পয়সা অযথা ব্যয় করা। **টাকাকড়ি** *বি* অর্থ; ধন সম্পত্তি। **টাকা পয়সা** *বি* অর্থ-সম্পত্তি; ধনদৌলত। **টাকার কুমির** *বি* প্রভূত ধনশালী। **টাকার গরম** *বি* ধনদৌলতের অহঙ্কার; ধনগর্ব। **টাকার মুখ দেখা** *ক্রি* ধন সংগ্রহে সফল হওয়া। **টাকার শ্রাদ্ধ** *বি* অর্থের অপচয়।

টাকার *বি* ১ ঘুষি। ২ ধারালো অস্ত্রবিশেষ।

টাকাহার *বি* একপ্রকার সুগন্ধি লতা।

টাকু, টেকো, টাকুর *বি* ১ সুতা কাটার ও জড়িয়ে রাখার এক প্রকার শলাকা; তকলি। ২ নাটাই। [সং. তর্কু>]

টাগ *বি* ১ চরণ। ২ জঙ্ঘা। ৩ হাঁটু [আঞ্চলিক]

টাঙন, টাংগন, টাঙ্গন *বি* পার্বত্য অশ্ব; পাহাড়ি ঘোড়া।

টাঙা, টাঙ্গা *বি* টাট্টু ঘোড়াবাহিত দুই চাকার গাড়িবিশেষ। [ই]

টাঙানো, টাংগানো, টাঙ্গানো *ক্রি* ১ লটকানো; ঝুলিয়ে রাখা; ঝুলানো। ২ খাটানো।

টাঙ্গি, টাংগি, টাঙি *বি* পরশু; কুঠার জাতীয় লৌহ নির্মিত অস্ত্রবিশেষ।

টাট[১] *বি* ১ পূজায় ব্যবহৃত থালা; তাম্রপাত্রবিশেষ। ২ কাষ্ঠনির্মিত উচ্চাসন। ৩ গদি; সওদাগর বা মহাজনের বসবার স্থান। ৪ কপটতা। ৫ মোহ। ৬ পর্দা; বেড়া। ৭ ক্যাম্বিসের কাপড়। [পা. তট্টক>]

টাট[২] *বি* ১ দোষ; ত্রুটি; অপরাধ। ২ বিপদ; দুঃখ; ক্লেশ। [সং. ত্রুটি>টুটা/টোট>টাট]

টাটকা *বিণ* ১ সতেজ; তাজা। ২ আনকোরা; নতুন। ৩ সদ্যোজাত। [সং. তৎকাল]

টাটানো *ক্রি* টনটন করা; বেদনা করা; কঠিন যন্ত্রণাবোধ হওয়া। **টাটানি** *বি* ১ বেদনা; ব্যথা। ২ টনটনানি। **চোখ টাটানো** *ক্রি* অন্যের সৌভাগ্যে ঈর্ষা করা।

টাটি[১]**, টাট্টি** *বি* ১ বাঁশের তৈরি বেড়া; ঝাঁপ; দরমার বেড়া। ২ আবরণ। [হি. টট্টর]

টাটি[২]**, টাঠি** *বি* মাটির তৈরি ছোট পাত্রবিশেষ; মাটির ছোট খুরি। [পা. তট্টক>]

টাটি[৩]**, টাট্টি**[২] *বি* পায়খানা; মলত্যাগের স্থান (টাট্টি গেছে)। [হি. টট্টি]

টাড় *বি* হাতের অলঙ্কারবিশেষ; তাগার মতো হাতের অলঙ্কার। [সং. তারঙ্ক>]

টান *বি* ১ আকর্ষণ। ২ ঝোঁক; বিশেষ আসক্তি। ৩ নিঃশ্বাসের সঙ্গে ধূম শোষণ বা আকর্ষণ। ৪ আসক্ত; মায়া; ভালোবাসা। ৫ অভাব; ঘাটতি। ৬ চাহিদার বৃদ্ধি। ৭ হাঁপানি। ৮ উচ্চারণভঙ্গি ও বাচনভঙ্গি। ৯ আঁকবার ভঙ্গি; রেখার ভঙ্গি। ১০ দাগ; রেখা; আঁচড়। ১১ অহঙ্কার; দেমাক। ১২ সুরের আলাপ বা তাল। ১৩ খিচুনি। ১৪ উচ্চভূমি; জলাভূমির বিপরীত। ১৫ স্রোত। ☐ *বি,বিণ* আঁটসাঁট; দৃঢ়সংবদ্ধ। [সং. তান>]। **টানটান** *বিণ* ১ আঁটসাঁট। ২ অহমিকাপূর্ণ; চড়া; উগ্রভাবপূর্ণ। ☐ *ক্রিবিণ* লম্বা হওয়া বা হাত পা ছড়ানো। **টান ধরা** *ক্রি* ১ নিঃশ্বাস উর্ধ্ব হওয়া বা শ্বাস-প্রশ্বাস বন্ধ হয়ে আসা। ২ খিল ধরা। ☐ *বি* শুষ্ক হওয়ার ভাব। **টান পড়া** *ক্রি* ১ অভাব হওয়া। ২ দুর্মূল্য হওয়া। **হাতটান** *বিণ* ১ চুরির প্রবণতাযুক্ত। ২ কৃপণ।

টানা[১]**, তানা** *বি* ১ কাপড়ের দৈর্ঘ্যের দিকের সুতা। ২ দেরাজ। ৩ মেয়েদের নথ প্রভৃতির ভার হালকা করবার উপযোগী ধাতব শিকলবিশেষ। **টানা দেওয়া** *ক্রি* লম্বা করে ঝুলিয়ে দেওয়া বা টাঙানো। **টানাপোড়ন, টানাপড়েন** *বি* ১ দৈর্ঘ্য ও প্রস্থ উভয় দিকের সুতা। ২ তাঁতের দৈর্ঘ্যের দিকের ও আড় দিকের সুতা। ৩ পুনঃপুন ক্লান্তিকর গমনাগমন।

টানা[২] *ক্রি* ১ আকর্ষণ করা। ২ অঙ্কন করা। ৩ বহা; বহন করা। ৪ পক্ষপাতিত্ব করা। ৫ খাড়া করানো। ৬ খরচ কমানো; হিসাব করে চলা। ৭ শোষণ করা। ৮ শুষ্ক হওয়া। ৯ মাদকদ্রব্যাদি পান করা। ☐ *বিণ* ১ চালিত; বাহিত। ২ টেনে চালানো হয় এমন। ৩ ঋজু ও দীর্ঘ। ৪ বিরামহীন; নিরবচ্ছিন্ন। ৫ মন্থন করা হয়েছে এমন; মাখন তোলা। ৬ আয়ত; বিস্তৃত। [সং. তন>]। **টানাটানি** *বি* ১ একে অপরকে টানা; পরস্পর আকর্ষণ। ২ অভাব; অনটন। **একটানা** *বিণ* ক্রমাগত। **দোটানা** *বি,বিণ* দুই দিকের টান বা আকর্ষণ; উভয় সঙ্কট।

টানানো *ক্রি* লম্বা করে বাঁধা বা ঝুলিয়ে রাখা। **টানাহেঁচড়া** *বি* ১ টানাটানি; অভাব। ২ অনিচ্ছাসত্ত্বেও বলপূর্বক কাজে প্রবৃত্ত করবার চেষ্টা। ৩ ধ্বস্তাধ্বস্তি করে কাজে লাগানোর চেষ্টা।

টানেল *বি* পাহাড়ের তলা দিয়ে তৈরি রাস্তা; পর্বত ভেদ করে প্রস্তুত সুড়ঙ্গ। [ই]

টাপুর-টুপুর *অব্য* ক্রমাগত মৃদু বৃষ্টিপতন-ধ্বনি।

টাবুটুবু *অব্য* টইটুম্বর; কানায় কানায় ভরা।
টাবুয়া, টেবো *বিণ* টাপুর মতো উচ্চ বা স্ফীত (টেবো গাল)।
টায়টায়, টায়টোয় *ক্রিবিণ* একটুও কম বা বেশি নয়; ঠিক ঠিক; কাঁটায় কাঁটায়; উদ্বৃত্তহীন।
টায়রা *বি* স্ত্রীলোকের শিরোভূষণবিশেষ। [ই.]
টায়ার *বি* চাকার রাবার-বেষ্টনী। [ই.]
টারপিন, তারপিন *বি* ১ পাইন বা ঐ জাতীয় গাছের রস জ্বাল দিয়ে যে তৈল বের করা হয়; তারপিন তেল। ২ খনিজ তৈল। [ই.]
টার্ম *বি* বছরের অংশ। [ই.]
টাল[১] *বি* ১ বক্রভাব; বক্রতা। ২ একদিকে ঝোঁক। ৩ টলে পড়ার ভাব। ৪ ধাক্কা; চোট; ঠেলা; ঠোকর। ৫ বিপদ; ঝুঁকি; তাল। ৬ মিথ্যা প্রবোধ বা আশ্বাসবাক্য। ৭ টক্কর। [স. টল> (হেলন)]। **টাল খাওয়া** *ক্রি* ১ টলা বা টক্কর খাওয়া। ২ বেঁকে বা টোল খেয়ে যাওয়া। **টালবাহানা**⟹ তাল। **টালমাটাল** *অব্য, ক্রিবিণ* টলমল অবস্থা। ☐ *বি* ১ অস্থিরতা বা চঞ্চলতার ভাব। ২ টালবাহানা; মিথ্যা অজুহাত দেখিয়ে ঘুরানো। ৩ প্রতারণা বা ছলনা। **টাল সামলানো** *বি* ধাক্কা বা বিপদ বা সংকট থেকে রক্ষা পাওয়া। ☐ *ক্রি, বিণ* উক্ত অর্থে।
টাল[২] *বি* ১ দ্রব্যাদির বিক্রয়ের স্থান; আড়ত; গোলা। ২ ফাঁড়ি; স্তূপ; রাশি। ৩ বেগুন, লাউ, শশা ইত্যাদির গাছ লাগাবার চালা বা ছাউনি। [হি.]
টালন *বি* ১ টলানো বা হেলানো। ২ চালন। ৩ মিথ্যা অজুহাতে এড়িয়ে চলন। ৪ প্রতারণা। ৫ আলস্যপরায়ণতা; দীর্ঘসূত্রতা। [স. √টল্>]
টালনি[১], **টালুনি** *বি* ১ বৃথা সময় কাটানো। ২ ছলনা।
টালনি[২] *বি* হেলন; টলন; কাত হওয়ার ভাব।
টালা *ক্রি* ১ আলস্যে কাল কাটানো; অবহেলা করা। ২ চঞ্চল করে বিচলিত করা; নাড়ানো। ৩ প্রতিজ্ঞা পালন না করা; ভাঁড়ানো। ৪ বিচলিত করা। [স. √টল্>]
টালাটালি *বিণ* পুনঃপুন নড়চড়করণ। ☐ *বি* অগ্রাহ্যকরণ।
টালি, টাইল *বি* ঘরের ছাদ মেজে প্রভৃতি ঢাকবার খোলা চতুষ্কোণ দগ্ধ মৃত্তিকা খণ্ড বা প্রস্তরফলক। [ই.]
টি[১] ১ বিশেষ অর্থে বা নির্দিষ্ট অর্থে বাংলা প্রত্যয়টি ব্যবহৃত হয়। ২ আদরার্থে প্রয়োগ (ছেলেটি বেশ)।
টি[২] *বি* শিশুর কপালে যে টিপ দেওয়া হয়। [টিপ>টি]
টিউটর *বি* শিক্ষক। [ই.]। **প্রাইভেট টিউটর** *বি* গৃহ-শিক্ষক।
টিউব *বি* নল; চোঙ্গা। [ই.]
টিংটিং, ট্যাংট্যাং *অব্য* কোনো রকম চলা। **টিংটিঙে** *বিণ* কাঠির মতো রোগা; কৃশ। [আঞ্চলিক]
টিক *বি* ১ টক্ অপেক্ষা লঘু ও ক্ষীণ শব্দ। ২ বন্দুকের টিপ; তাক; নিশানা; লক্ষ্য।
টিকটিক *বি* ১ পুনঃপুন টিক শব্দ। ২ ঘড়ির দোলকের শব্দ।
টিকটিকি *বি* ১ সরীসৃপজাতীয় প্রাণী; গৃহগোধিকা। ২ চলতি ভাষায় গোয়েন্দা। **টিকটিকি পড়া**— যাওয়ার সময়ে বা কোনো কাজ করবার সময়ে নিষেধার্থক ইঙ্গিত।
টিকর[১] *বি* টেংরো; বেড়া; আল; জাঙাল; বাঁধ। [স. তুঙ্গ+র>তুঙ্গরা>টংগরা>টেংরো>টিকরা]
টিকর[২], **টিখর** *বিণ* তীব্র; প্রখর। [স. তীক্ষ্ণ>তীক্ষণ (ড়) >তিখর/ তিকর>টিকর। আঞ্চলিক]
টিকরা *বি* পাখিবিশেষ।
টিকলি *বি* ১ স্ত্রীলোকের ললাটের একপ্রকার অলঙ্কার। ২ তিলক; ফোঁটা; বিন্দু। ৩ ছোট চাকতি; টাকার মতো চক্রখণ্ড। ৪ খণ্ড; টুকরা। [তুল. হি. টিক্‌লি]
টিকা[১], **টীকা**[১] *বি* কপালের ফোঁটা; তিলক; রাজচিহ্ন। [স. তিলক>প্রা. টিক্ক>]
টিকা[২], **টীকা**[২], **টিকে** *বি* তামাক জ্বালাবার জন্য অঙ্গারাদি দ্বারা তৈরি দ্রব্যবিশেষ। [স. বটিকা>]
টিকা[৩], **টীকা**[৩] *বি* বসন্তাদি রোগের প্রতিষেধক হিসেবে সুচ দ্বারা ঐ রোগের বীজ শরীরে প্রবেশ করানো। [স. গুটিকা/ বটিকা]
টিকা[৪], **টেকা** *ক্রি* থাকা; স্থায়ী হওয়া; বজায় থাকা; গৃহীত হওয়া (দাবি টেকা)। [স. তিষ্ঠ>]
টিকানো, টেকানো *ক্রি* ১ স্থায়ী করা; অবস্থান করানো। ২ বহুদিন পর্যন্ত অবিকৃত রাখা। [স. তিষ্ঠন>]
টিকারা[১] *বি* নাকাড়া বা কাড়াজাতীয় বাদ্যযন্ত্র; দুন্দুভি নামক বাদ্যযন্ত্র। [ওড়িয়া; চিকারা]
টিকারা[২] *বি* ধিক্কার; লজ্জাদান; টিটকারি। [স. ধিক্কার>]
টিকালো, টিকলো *বিণ* তীক্ষ্ণ অগ্রভাগযুক্ত; সুচালো আগাযুক্ত; খাড়া। [স. তীক্ষ্ণ>তিখা>টিকা+আলো]
টিকি *বি* ১ শিখা; ব্রাহ্মণ ক্ষত্রিয় প্রভৃতি বর্ণ হিন্দুগণ কর্তৃক মস্তকের মধ্যভাগে সংরক্ষিত কেশগুচ্ছ; চৈতন। ২ চুলের আগা বা ডগা। ৩ চুলের মুঠি। [স. শিখা>]
টিকিট, টিকেট *বি* ১ ভাড়া বা মাসুলের রসিদ। ২ মাসুল বাবদ যা কিনে দলিল বা চিঠিপত্রে লাগাতে হয়। ৩ পরিচয়পত্রবিশেষ। [ই.]
টিকিন, টিকিং *বি* তোশকাদি তৈরি করবার মোটা কাপড় বিশেষ। [ই.]
টিকিরি *বি* ঠিকা মজুর।
টিটকারি, টিটকিরি *বি* ১ ঠাট্টা; উপহাস। ২ ধিক্কার; নিন্দাবাদ; অপবাদ। ৩ অবজ্ঞাসূচক বিদ্রূপাত্মক ধ্বনি। ৪ শরম; লজ্জা। [স. ধিক্কার>টিট্‌কার>টিটকার]
টিটি *বি* একপ্রকার পক্ষী।
টি-টি-ই *বি* ভ্রাম্যমাণ টিকিট পরিদর্শক বা পরীক্ষক। [ই.]
টিটির, টিটিভ, টিট্টিভ *বি* টিটি শব্দকারী এক প্রকার পাখি। [স. টিট্টিভ]
টিণ্ডিশ *বি* ঢেঁড়স জাতীয় তরকারির নাম; রোমশ আনাজ বিশেষ; ভিণ্ডি।
টিন *বি* ১ রুপার মতো সাদা এক প্রকার ধাতু; রঙের কলাই করা লোহার পাতবিশেষ। ২ রাং। ৩ টিনের পাত্র। [ই.]
টিনচার আয়োডিন *বি* ক্ষতাদির পচন ও বিষক্রিয়া নিবারক ঔষধবিশেষ। [ই.]
টিনটিন, টিংটিং *অব্য* কৃশতা বা রুগ্নতা প্রকাশের শব্দ। **টিনটিনে** *বিণ* রুগ্নতার জন্য অত্যন্ত কৃশ।
টিপ[১] *বি* ১ ফোঁটা বা ফোঁটার ন্যায় অলঙ্কার। ২ বুড়ো আঙুলের অগ্রভাগের ছাপ; টিপসহি। ৩ দুই আঙুলের অগ্রভাগ দ্বারা চেপে বা টিপে রাখা যায় এমন পরিমাণ। ৪ নিশানা; লক্ষ্য। ৫ হুন্ডি; হাত চিঠা। ৬ ভাংচি। [প্রা. টিপ্‌পি>হি. টিপ/ বা.]। **টিপকল** *বি* ১ যা টিপে খোলা বা বন্ধ করা হয়। ২ অলঙ্কারের দুই মুখ টিপে জুড়ে দেওয়ার মতো অংশ। **টিপবাতি** *বি* টর্চলাইট। **টিপসহি, টিপসই**

বি বৃদ্ধাঙ্গুলের অগ্রভাগের ছাপ; স্বাক্ষরস্বরূপ গৃহীত বৃদ্ধাঙ্গুলির চাপ।

টিপ[২] *বি* সাপের দংশনে যাতে বিষদাঁত দেহে প্রবেশ করে।

টিপটপ *বিণ* গোছালো; শৃঙ্খলার সঙ্গে কাজ করে এরূপ; ছিমছাম ফিটকাট। [ই.]

টিপটাপ *অব্য, ক্রিবিণ* ফোঁটা ফোঁটা পানি বা বৃষ্টি পড়ার শব্দ। ❑ *অব্য* ১ ক্ষীণতা প্রকাশক শব্দ। ২ শারীরিক ও মানসিক ভয়ের অবস্থাজ্ঞাপক। ৩ বেদনাজ্ঞাপক। ৪ মন্থরতা প্রকাশক।

টিপন *বি* ১ মর্দন; টিপে দেওয়ার কাজ। ২ গোপনে আঘাতকরণ; গোপনে চিমটি কাটন; ইঙ্গিতকরণ। ৩ চাপ বা টিপ।

টিপয় *বি* তেপায়া; তিনপায়াবিশিষ্ট টেবিলবিশেষ। [ই.]

টিপরাই *বিণ* ত্রিপুরাজাত বা ত্রিপুরায় নির্মিত। ❑ *বি* ত্রিপুরানিবাসী।

টিপারা *বি* ত্রিপুরা রাজ্য; কুমিল্লা জেলার পূর্বনাম। [স. ত্রিপুরা>]

টিপ্পনী *বি* টীকা; তাৎপর্য ব্যাখ্যামূলক মন্তব্য। [স.]। **টিপ্পনী কাটা** *ক্রি* বিরূপ মন্তব্য প্রকাশ করা; কথাবার্তার মধ্যে বিদ্রূপাত্মক বাক্যের ব্যবহার করা; ফোড়ন কাটা।

টিপ্‌স *বি* বখশিশ ইত্যাদি। [ই.]

টিফিন *বি* ১ জলযোগ; মধ্যাহ্নকালীন লঘু ভোজন। ২ বিদ্যালয়–অফিস–কারখানা প্রভৃতিতে জলযোগের জন্য কাজ থেকে কিছুক্ষণ বিরতি। [ই.]

টিম, টীম *বি* দল। [ই.]

টিমটিম *অব্য, ক্রিবিণ* মিটমিট; আলোকের ক্ষীণত্ব বা অনোজ্জ্বল্যবাচক শব্দ। **টিমটিম করা** *ক্রি* ১ মৃদু বা স্বল্প আলোক দান করা; অনুজ্জ্বল বা নিতান্ত ম্লান ভাব প্রকাশ। ২ অতি মৃদুভাবে সত্তা কায়েম রাখা; কষ্টে বা কোনো প্রকারে অস্তিত্ব বজায় রাখা। **টিমটিমে** *বিণ* নিষ্প্রভ; ক্ষীণ; অনুজ্জ্বল।

টিয়া *বি* শুকজাতীয় পাখিবিশেষ; তোতা।

টিলা *বি* ১ উচ্চ মাটির ঢিপি/ঢিবি বা স্তূপ। ২ ছোট পাহাড়। [হি.]

টিসু *বি* কলা। [ই.]

টীকা *বি* ১ গ্রন্থাদির ব্যাখ্যাপুস্তক। ২ টিপ্পনী; বিস্তৃত ব্যাখ্যা। [স. √টীক্ (গমন) + আ (কোনো বিষয়ের গভীরে/তাৎপর্যে গমন/প্রবেশ অর্থে)।

টীকাকার *বি* ব্যাখ্যাতা; যিনি ব্যাখ্যা টীকা–টিপ্পনী লেখেন বা করেন। [স.]

টু *বিণ* অল্পার্থে।

টুই, টুঁই *বি* ১ টই; চালের মটকা। ২ শীর্ষদেশ; চূড়া।

টুইল *বি* জামা ইত্যাদি তৈরি করার উপযোগী এক প্রকার কাপড়। [ই.]

টুইশনি, টিউশনি *বি* গৃহশিক্ষকতা। [ই.]

টুঁ, টু *বি* ১ 'টুঁ' বা 'টু' শব্দ। ২ সামান্যতম শব্দ; নগণ্যতম শব্দ। ৩ সামান্য প্রতিবাদ; কোনো প্রকার উত্তর–প্রত্যুত্তর। ৪ লুকোচুরি; খেলায় লুকিয়ে থাকা জায়গা থেকে সাড়া দেওয়ার ধ্বনিবিশেষ। **টু দেওয়া** *ক্রি* সাড়া দেওয়া; নিজের অস্তিত্ব জ্ঞাপন করা।

টুঁটি *বি* কণ্ঠনালী বা কণ্ঠ; গলদেশ। [স. ত্রোটি > হি. টোটি]

টুক *অব্য* ১ কাষ্ঠ প্রভৃতির উপর অতি মৃদু আঘাতের শব্দ। ২ স্বল্পতা, সামান্যতা ও শীঘ্রত্ববাচক—এ–এত–অত–এই–এক।

-টুক, -টুকু, -টুকুন, -টুকুনি— অত, এত, এইযে, ওই ইত্যাদি শব্দযোগে সামান্য পরিমাণবাচক অর্থে ব্যবহৃত প্রত্যয়।

টুকটাক *বিণ* অতি সামান্য; ছোটখাট; টুকিটাকি। ❑ *বি* ছুটকো–ছাটকা কাজ বা ছোটখাট কাজকর্ম।

টুকটুক *বিণ* গাঢ় অথচ সুন্দর ভাবসূচক। ❑ *অব্য* ১ গতির মৃদুতাসূচক। ২ ভয়ের অনুভূতিব্যঞ্জক। [স. টুণ্ঠক > (কড়া রংবাচক)]। **টুকটুকে** *বিণ* ১ অতি মনোহর; জ্বলজ্বলে; রক্তবর্ণবিশিষ্ট। ২ সুন্দর বা ফর্সা; রাঙা।

টুকনি, টুকনী *বি* ১ টুকরি; ছোট ঝুড়ি। ২ ভিক্ষাপ্রাপ্ত; ভিক্ষা করে যে পাত্রে সংগ্রহ করা হয়। [তুল. হি. টুক্‌নী = ছোট পিতলের ঘটি]

টুকরা, টুকরো *বি* ছিন্ন বা কাটা অংশ। ❑ *বিণ* ১ ছুটকো; বিচ্ছিন্ন। ২ ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত; খণ্ডিত। [স. স্তোক >]

টুকরি, টুকরী *বি* বাঁশের তৈরি ঝুড়ি বিশেষ; ছোট ঝুড়ি বা চুপড়ি বা চেঙাড়ি। [তুল. হি. টোকরী]

টুকা, টোকা *ক্রিবিণ* ১ নেওয়া; নকল করা; লিখে রাখা; টোকা; note। ২ দোষ–ত্রুটি ধরা; তিরস্কার করা। ❑ *ক্রি* সেলাই করা। [স. টঙ্ক >]

টুকানো, টোকানো *ক্রি* ১ খুঁটে নেওয়া। ২ বিক্ষিপ্তভাবে তোলা; বিশৃঙ্খলভাবে নেওয়া। ❑ *বিণ* মধ্যে মধ্যে তুলে নেওয়া (টুকানো অভ্যাস)।

টুকিটাকি[১] *বিণ* ছোটখাট বা তুচ্ছ বিষয় বা জিনিস; অতি সামান্য; একটু আধটু।

টুকিটাকি[২] *বি* অল্পস্বল্প; ছোট ছোট টুকরা। ❑ *ক্রিবিণ* অল্পে অল্পে; একটু একটু করে।

-টুকু, -টুকুন স্বল্পতাসূচক প্রত্যয় (এটুকু, এতটুকুন)।

টুগবুগানি *বি* ১ আগুনের উত্তাপে পানি বা ভাত ফুটানোর শব্দ। ২ মনের কথা প্রকাশ করবার জন্য ব্যাকুলতা বা অস্থিরতা। তুল. **টগবগ**।

টুঙি, টুঙ্গি *বি* মঞ্চের উপর নির্মিত কুটির বা ক্ষুদ্র গৃহ। [স. তুঙ্গ >]। **জলটুঙি** *বি* জলাশয়ের মধ্যে তৈরি গৃহ।

টুটা *ক্রি* ১ ভগ্ন করা বা হওয়া; ভাঙা বা ভেঙে যাওয়া। ২ ছিন্ন করা বা হওয়া; ভেদ করা বা হওয়া। ৩ লাঘব হওয়া বা করা। ৪ কমা বা কমানো। ৫ দূর করা বা হওয়া; ঘুচানো বা ঘুচা। ❑ *বিণ* ভগ্ন; চূর্ণ। [স. ক্রুট্ > তুট্ > টুট + আ]। **টুটই** *ক্রি* টুটায়; ভাঙে; দূর করে। **টুটন** *বি* ভগ্ন হওন; ছিন্ন হওন; চূর্ণ হওন। **টুটানো** *ক্রি* করা; দূর করা; চূর্ণ করা; হ্রাস করা; লাঘব করা। **টুটাফুটা** *বিণ* ভাঙাচোরা; ফুটাফাটা।

টুন[১] *অব্য* টন অপেক্ষা মৃদু ধ্বনি।

টুন[২] *বি* লালবস্ত্র; রং। [স. টুণ্টুক >]

টুনটুনি *বি* স্বনামখ্যাত একপ্রকার ক্ষুদ্র পাখি।

টুপ *অব্য* ফোঁটা পড়বার শব্দ; লঘু ও ক্ষুদ্র দ্রব্য পতনের

শব্দ। **টুপুরটুপুর** *অব্য* টুপ অপেক্ষা অধিকতর মধুর ধারাবাহিক শব্দ। **টুপটুপ** *অব্য* পূর্ণতাসূচক তরল পদার্থে ভরা পাত্র অর্থে।

টুপভুজঙ্গ, টুপভুজন *বিণ* নেশায় চুর; মাদকদ্রব্য ভক্ষণের ফলে বাক্য ও গতিশক্তিহীন হয়ে তুরীয় ভাবসম্পন্ন। ❑ *বি* বুঁদ; নেশায় ভোঁ।

টুপা *বি* জলের পাত্র; মাটির তৈরি ঘট। [আঞ্চলিক]

টুপি, টুপী *বি* সুপরিচিত মস্তকাবরণ বিশেষ; শিরস্ত্রাণ। [হি. তোপ (ঢাকনা)>টোপ> (ক্ষুদ্রার্থে) টুপি/টুপী]

টুবটুব, টুবটুবে, টুপটুপে *বিণ* পরপর ডুববার শব্দ। ❑ *অব্য* জলে ভরতি হওয়ার ভাব; জলে ঢিল ছুড়বার শব্দ।

টুমটাম *বিণ* সামান্য; যৎকিঞ্চিৎ; অল্পকিছু। ❑ *বি* নগণ্য বা তুচ্ছ জিনিস। [হি.]

টুমটুমি *বি* ডুগডুগি জাতীয় খেলনা।

টুল *বি* বসবার জন্য কাষ্ঠনির্মিত আসনবিশেষ। [ই.]

টুলটুল *অব্য* ১ তুলতুল; এত নরম যে স্পর্শ করা মাত্র অথবা টিপ দিলেই টোল খায়। ২ কানায় কানায় পূর্ণতা হেতু টলটল করার ভাব।

টুলি *বি* পাড়া; গ্রাম; ক্ষুদ্র অঞ্চল; মহল্লা; এলাকা। (মুঘলটুলি কায়েতটুলি)। [তুল. হি. টোলি]

টুসটুস *অব্য* ১ রসে পরিপূর্ণ বা রসে ঢলঢল। ২ মৃদুভাবে ও ক্ষুদ্র বিন্দুতে পানি বা পানির ন্যায় পদার্থের পতন শব্দ। **টুসটুসে** *বিণ*।

টুসি, টুসকি *বি* টোকা; তর্জনী ও বৃদ্ধাঙ্গুলি দ্বারা দ্রুত লঘু টোকা বা আঘাত; তুড়ি।

-টে ১ টা-এর কথ্যরূপ (তিনটে; চারটে)। ২ 'টিয়া' প্রত্যয়ের চলিত রূপ (রোগাটে; ভাড়াটে)।

টেংরা[১], **ট্যাংরা** *বি* তিন কাঁটাযুক্ত ক্ষুদ্র আঁশশূন্য মৎস্যবিশেষ। [স. ত্রিকণ্টক>]। **টেংরাগেঁটে** *বিণ* খাঁটি অথচ কঠিন দেহ; গাট্টা-গোট্টা।

টেংরা[২] *বি* উচ্চ জায়গা; উচ্চভূমি। [স. তুঙ্গ>]

টেঁক[১], **ট্যাঁক** *বি* ১ কোমর; কটিদেশ। ২ কোমরের কাপড়; কোমরের কষি। ৩ তহবিল; কোষ। **টেঁকঘড়ি** *বি* টেঁকে বা পকেটে রাখবার ঘড়ি; জেব-ঘড়ি। **টেঁকে গোঁজা** *ক্রি* ১ কোমরে গোঁজা। ২ আত্মসাৎ করা।

টেঁকটেঁক, ট্যাকট্যাঁক *অব্য* ১ কর্কশ ভাষণ বা অপ্রিয় স্পষ্টভাষণসূচক। ২ সর্বদা পিছনে লেগে থাকা বা সতর্কবাণী উচ্চারণবোধক। **টেঁকটেঁকানো, ট্যাকট্যাঁকানো** *ক্রি* ট্যাক ট্যাক করা; অনবরত বিরক্তিজনক কথা বলা। **টেঁকটেঁকে, ট্যাঁকটেঁকে** *বিণ* ১ হৃদয়বিদারক। ২ কর্কশ; ক্যাটকেটে; কড়া-কড়া।

টেঁটন, ট্যাটন *বিণ* ১ ধৃষ্ট; চতুর। ❑ *বি* ১ জুয়াড়ি। ২ ধড়িবাজ; ধূর্ত; প্রবঞ্চক।

টেঁটরা, টেটরা *বি* ১ ঢেঁড়া; ঢাক। ২ বিজ্ঞাপন; ঢোল শোহরত।

টেঁটা, টেটা *বি* মাছ মারবার লোহার ফলাযুক্ত দীর্ঘ দণ্ডবিশেষ যা সাধারণ অস্ত্ররূপেও ব্যবহৃত হয়।

টেঁপা, টেপা, ট্যাপা *বি* পেট মোটা বিষাক্ত মৎস্যবিশেষ; পোটকা মাছ।

টেঁপারি, টেপারি, ট্যাঁপারি *বি* ১ ছোট কুলের মতো এক প্রকার ফল; কুলজাতীয় অম্লমধুর ফলবিশেষ। ২ বাক্স; পোটলা; পেটিকা।

টেক, টেঁক *বি* নদী প্রভৃতির বাঁক।

-টেক *অব্য* টাক; পরিমাণবাচক, আন্দাজ বা অনুমান; এই পরিমাণ।

টেকর, টিকর *বি* ১ উচ্চস্থান; উঁচু জায়গা। ২ আলি; বাঁধ। ৩ উচ্চ স্তূপ।

টেকসই, টেঁকসই *বিণ* মজবুত; পোক্ত; দীর্ঘস্থায়ী। [আ. টেক্+সহীহ্]

টেকা, টেঁকা *ক্রি* ১ থাকা; অবস্থান করা। ২ তিষ্ঠানো। ৩ স্থায়ী হওয়া। ৪ বেঁচে থাকা। ৫ বজায় থাকা। **টেকানো, টিকানো** *ক্রি* ১ বজায় রাখা। ২ দীর্ঘস্থায়ী করা। ৩ প্রাণরক্ষা করা। ৪ উক্ত সকল অর্থে। **টিকে থাকা** *ক্রি* ১ বেঁচে থাকা। ২ স্থায়ী হয়ে থাকা। **টিকে যাওয়া** *ক্রি* ১ মৃত্যুর কবল থেকে রক্ষা পাওয়া। ২ কোনো কাজে স্থায়ী হওয়া বা দীর্ঘদিন থেকে যাওয়া।

টেকুয়া[১], **টেকো**[১] *বি* ১ সুতা পাকাবার যন্ত্র। ২ চর্মে ছিদ্র করবার যন্ত্রবিশেষ; আরা। [স. তুর্ক>]

টেকো[২] *বিণ* টাকওয়ালা; মাথায় চুল নেই বা উঠে গেছে এমন। [টাক+উয়া = টাকুয়া>টেকো]

টেক্কর *বি* ১ তীক্ষ্ণ পরিহাস; ঠাট্টা। ২ নিন্দা; অপবাদ।

টেক্কা *বি* ১ এক ফোঁটাবিশিষ্ট তাস। ২ প্রতিযোগিতা; টক্কর; পাল্লা। ❑ *বিণ* প্রধান; সেরা; শ্রেষ্ঠ। **টেক্কা দেওয়া, টেক্কা মারা** *ক্রি* ১ অতিক্রম করা; ছাড়িয়ে যাওয়া। ২ প্রতিদ্বন্দ্বিতা করা; টক্কর বা পাল্লা দেওয়া; পরাজিত করা।

টেঙ্গরা, ট্যাংরা ⟹ টেংরা।

টেঙ্গরি *বি* ১ ছাগাদি পশুর পায়ের নিম্নাংশের হাড়। ২ পা; ঠ্যাং।

টেঁড়া, ট্যাড়া, ত্যাড়া *বিণ* ১ বাঁকা; তির্যক। ২ বক্র; বাঁকা; কুটিল; তেরছা। ৩ উগ্র; কড়া; কর্কশ; রুক্ষ্ম; তিরিক্ষি। [স. তির্যক>]

টেডি *বিণ* বখাটে। [ই.]

টেড়ি, তেড়ি *বি* ১ সিঁথি। ২ বাঁকা সিঁথি। [স. তির্যক]। **টেড়ি কাটা** *ক্রি* ১ বাঁকা সিঁথি কাঁটা। ২ কেশবিন্যাস করা। ❑ *বিণ* বিশেষ প্রকার বা কায়দায় কাটা সিঁথিবিশিষ্ট।

টেন্ডল *বি* ১ জাহাজের লস্করদের উপরস্থ কর্মচারীবিশেষ। ২ বিটলে। ৩ চেলা; চামচা। [ইঙ্গ-ভারতীয় tindal, মলয়ালম টন্ডল]

টেন্ডার *বি* দরপত্র; মূল্যোদ্ধৃতি; ঠিকাদারির আবেদনপত্র; হার প্রদানের দরখাস্ত। [ই.]

টেপ *বি* ১ বস্ত্রের প্রান্ত; কোঁচার খুঁট। ২ ফিতা। **টেপ করা** *ক্রি* গান বক্তৃতা ইত্যাদি বিশেষ ধরনের ফিতায় ধরে রাখা। [ই.]। **টেপরেকর্ডার** *বি* যে যন্ত্রে স্বরধারণ করে পরে চালিয়ে শোনা যায়। [ই.]

টেপা[১], **টিপা** *ক্রি* ১ নিষ্পেষণ করা; চাপ দেওয়া; মর্দন করা; ডলে দেওয়া। ২ আঙুলের অগ্রভাগ দ্বারা চাপ দেওয়া ৩ ঠারা; ইঙ্গিত করা; ঠেরে সাবধান করা। ৪ ইঙ্গিতে বা ইশারায় গোপনে সতর্ক করা বা প্ররোচিত করা। ❑ *বি* উক্ত

সকল অর্থে। ☐ *বিণ* ১ টেপে এমন। ২ কৃপণ। ৩ টিপতে বা চাপ দিতে হয় এমন। **টেপাটিপি, টিপাটিপি** *বি* পরস্পরের গোপন ইঙ্গিত বা ইশারা। **টেপানো** *ক্রি* ১ পেষণ করানো। ২ মালিশ করানো; চাপ দেওয়ানো। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **নাড়ি টেপা** *বি, বিণ* হাতুড়ে; যে নাড়ি টিপে চিকিৎসা শাস্ত্র জানবার ভান করে।

টের১ *বি* ১ মনে মনে অনুভব; বোধ। ২ সন্ধান। ৩ জ্ঞান; সংবাদ। **টের পাওয়া** *ক্রি* ১ উপলব্ধি করতে পারা; জানতে বা বুঝতে পারা। ২ জব্দ হওয়া; শায়েস্তা হওয়া। **টের পাওয়ানো** *ক্রি* ১ জ্ঞাপন করা; জানিয়ে দেওয়া; সম্যকরূপে অবগত করানো। ২ জব্দ করা; শিক্ষা দেওয়া।

টের২ *বি* ১ সকলের নিকট থেকে দূরে এক কোণ বা প্রান্তে। ২ বাঁক। [স. তির্যক>, তুল. একটেরে]

টেরা, ট্যারা *বি* টেড়া; তেরছা বা তির্যক দৃষ্টিবিশেষ। [স. তির্যক>]

টেলিগ্রাফ *বি* দ্রুততম উপায়ে তারের সাহায্যে দূরে সংকেতে সংবাদ প্রেরণের পদ্ধতি বা যন্ত্রবিশেষ। [ই.]

টেলিগ্রাম *বি* টেলিগ্রাফ যন্ত্রের সাহায্যে প্রেরিত সংবাদ; টেলিগ্রাফে প্রেরিত বার্তা; তারবার্তা। [ই.]

টেলিপ্যাথি *বি* কোনো প্রকার বাইরের সাহায্য ছাড়া একজনের মনের ভাব বা চিন্তা অপরের নিকট চালনার পদ্ধতিবিশেষ। [ই.]

টেলিফোন *বি* বৈদ্যুতিক শব্দ বহনকারী যন্ত্র; বৈদ্যুতিক তারের সহায়তায় দূরবর্তী লোকের সঙ্গে কথোপকথনের যন্ত্রবিশেষ; দূরালাপনী; আলাপনী; দূরভাষ। [ই.]

টেলিভিশন *বি* যন্ত্রের সাহায্যে প্রতিবিম্ব ও ধ্বনি প্রেরণের এবং গ্রহণকারী যন্ত্রে ধারণের প্রক্রিয়া বা যন্ত্রবিশেষ; দূরদর্শন। **ক্যাবল টেলিভিশন** *বি* উপগ্রহের মাধ্যমে এক বিশেষ ধরনের তার ও ডিশ এন্টিনার মাধ্যমে যে টেলিভিশনের ছবি ও শব্দ দেখা ও শোনা যায়। [ই.]

টেলিস্কোপ *বি* দূরবীক্ষণযন্ত্র; দূরবিন; যে যন্ত্রের সাহায্যে দূরের জিনিস নিকটে ও বড় আকারে দেখা যায়। [ই.]

টেস্ট১ *বি* স্বাদ। [ই.]

টেস্ট২ *বি* পরীক্ষা; উপযুক্ততা বা যোগ্যতা যাচাইয়ের পরীক্ষা। [ই.]। **টেস্টটিউব** *বি* গবেষণাগারে পরীক্ষাকার্যে ব্যবহৃত কাচের নল। **টেস্টটিউব বেবি** *বি* পুরুষের শুক্র কাচের নলে কৃত্রিম উপায়ে বাঁচিয়ে রেখে মাতৃগর্ভে স্থাপন করার পর যথাসময়ে যে শিশুর জন্ম হয়। **টেস্ট পরীক্ষা** *বি* শেষ পরীক্ষা দেবার যোগ্যতা বিচারের পরীক্ষা।

টৌকরা *বি* বাঁশ শর ইত্যাদি দ্বারা তৈরি চুবড়ি; বড় ঝুড়ি; টুকরি অপেক্ষা আকারে বড়।

টোকা১ *বি* ১ শুকনো পাতা বাঁশের চটা প্রভৃতি দ্বারা তৈরি ছাতা; মাথাল। ২ ধুচুনি; চাল ধোয়ার ছিদ্রযুক্ত পাত্র। [পো.]

টোকা২ *বি* আঙুলের অগ্রভাগ দ্বারা লঘু আঘাত; টুসকি; ছোট ধাক্কা। [স. ছোটিকা>]

টোকা৩**, টুকা** *ক্রি* ১ লিখে নেওয়া; স্মরণার্থ লিখে রাখা। ২ কপি করা বা নকল করা। ৩ অসাধু উপায়ে একে অপরের খাতা দেখে লেখা। ৪ দোষ দেখানো বা ধরা; দোষের কথা বলা। ৫ কুড়ানো। ৬ পিছু ডাকা। ☐ *বি* উক্ত সকল অর্থে। ☐ *বিণ* অন্যায়ভাবে নকল করা হয়েছে এমন।

টোকা৪ *ক্রি* সেলাই করা; জোড়া দেওয়া। ☐ *বি* সেলাই কাজ; সীবন। [স. টঙ্কন>]

টোকা৫ *ক্রি* ধীরে ধীরে; অল্প পরিমাণ একাধিকবার খাদ্যগ্রহণ করা; টুক টুক করে খাওয়া।

টোকাই *বি* স্থায়ী ঠিকানা ও পরিচিতিহীন পথে বেড়ানো অনাথ নিঃস্ব ছেলে-ছোকড়া যারা পথের ধারে ফেলা জঞ্জাল থেকে (ডাস্টবিন থেকে) পরিত্যক্ত শিশি-বোতল কিংবা কাগজের টুকরা সংগ্রহ করে, এমন কি খাদ্য কুড়িয়ে খায়; টোকায় বা টোকানোর কাজ করে যে (শিল্পী রফিকুন্নবী শব্দটির উদ্ভাবক)। [স. তোক=শিশুসন্তান]

টোকানো *ক্রি* কুড়ানো; তোকানো; সন্ধান করা।

টোকো, টকো *বিণ* অম্লস্বাদযুক্ত; টক। **টোকো মিঠে** *বিণ* অম্লমধুর স্বাদবিশিষ্ট খাটা-মিঠা।

টোগান, তোকান *বি* খোঁজ; সন্ধান; কুড়ানো; উঞ্ছকর্ম।

টোটকা *বি* শাস্ত্রীয় ঔষধের তালিকার বহির্ভূত ঔষধ; মুষ্টিযোগ; তন্ত্র শাস্ত্রানুযায়ী চিকিৎসাবিশেষ। ☐ *বিণ* সামান্য; তুচ্ছ। [স. ত্রোটক>]

টোটা *বি* বন্দুকের কার্তুজ। [স. ত্রুট>]

টোটাল *বি* মোট; সমষ্টি; একুন। [ই.]

টোটেম *বি* আদিম বা উপজাতিদের গোত্রস্মারক; গোত্ররক্ষক ও গোত্রপ্রতীক পশু পাখি বৃক্ষবিশেষ; যেমন– ভরদ্বাজ, কশ্যপ, নাগ, বাজ, পেচক, সাপ, সিংহ, কুকুর প্রভৃতি। [ই.]

টো টো *অব্য, ক্রিবিণ* ১ লক্ষ্যহীনভাবে টহল দিয়ে ফেরা। ২ ক্লান্তিকর ও নিষ্ফল ভ্রমণসূচক। ৩ ক্রমাগত ঘোরাফেরা বা ঘোরাঘুরি। **টো টো কোম্পানি** *বি* ভবঘুরের দল; উদ্দেশ্যহীন ভ্রমণকারীর দল।

টোন১**, টোয়াইন** *বি* পাকানো শক্ত সুতা।

টোন২**, টোণ** *বি* তূণ; বাণাধার। [স. তূণ>]

টোন৩ *বি* কণ্ঠস্বর; মেজাজজ্ঞাপক কণ্ঠস্বর; mood। [ই.]

টোনা১ *বি* ১ বশীকরণের যন্ত্র। ২ তন্ত্রমন্ত্র; তুক; যাদু; গুণ; বশীকরণের প্রকরণ। ৩ কুনজর; কুদৃষ্টি। [স. তন্ত্র>]

টোনা২ *বি* পুরুষ টুনটুনি পাখি।

টোপ১ *বি* ১ বড়শিতে গাঁথা মাছের খাদ্য। ২ প্রলোভনের জিনিস। ৩ কৌশল। **টোপ ফেলা** *ক্রি* ফাঁদ পাতা।

টোপ২ *বি* ১ অলঙ্কারাদিতে টোপ বা স্তূপের সদৃশ গঠন। ২ কাপড়ের বোতামবিশেষ। ৩ মুকুট; শিরোভূষণ। ৪ টুপি। ৫ শিরস্ত্রাণ। ৬ একজাতীয় গিলাপ বা ঢাকনা। [স. স্তূপ>]

টোপর *বি* হিন্দু সম্প্রদায়ের বরের মাথার মুকুট; চূড়া; শিরস্ত্রাণ; বড় টুপি; উঁচু জায়গা। [স. স্টুপির>]

টোপলা *বি* পুঁটুলি। [পোঁটলা>বর্ণ বিপর্যয়জাত টোপলা]

টোপা *বিণ* টোপযুক্ত; টোপের মতো গোল। ☐ *বি* ফাঁপা; দেশী ফুলবিশেষ। [স. স্তূপ>]

টোপানো *ক্রি* টুপটাপ করে ফোঁটায় ফোঁটায় ঝরা।

টোরা *বি* শিশুদের কটিভূষণ বা কোমরের এক প্রকার অলঙ্কার। [স. কটিত্র>]

টোল১ *বি* ১ চতুষ্পাঠী যেখানে সংস্কৃত পড়ানো হয়; সংস্কৃত বিদ্যালয়। ২ অস্থায়ী কুটির; কুঁড়েঘর। **টুলো** *বিণ* টোলে শিক্ষিত। [স. তালিম>হি. টোল]

টোল[২] *বি* ১ ছোট গর্ত। ২ তোবড়ানো ভাব বা অবস্থা। **গালে টোল পড়া** *বি* মুখ নাড়লে গালে গর্তের মতো হওয়া। [সং. তড়>তল>টল>টোল]
টোল[৩] *বি* রাজকর; মাসুল; শুল্ক। [ই]
টোলা *বি* পাড়া; পল্লী (মালাকারটোলা, শুঁড়িটোলা)।
টোসা *বি* বিন্দু; ফোঁটা।
টোস্ট *বি* অগ্নিতে-সেঁকা পাউরুটির টুকরা। [ই]
টোড়ি, টোড়ী *বি* সংগীতের একটি রাগিণী। তুল. তৌড়ী।
ট্যাং, টেং, টাংট্যাং *বি* অবজ্ঞা বা অসন্তোষের ভাবজড়িত ভ্রমণ।
ট্যাংক, ট্যাঙ্ক *বি* জল প্রভৃতি তরল পদার্থের বা গ্যাসের বড় আধার; কামানসংযুক্ত সাঁজোয়া গাড়ি। [ই]
ট্যাঁটেঁ *অব্য* ১ শিশুর ক্রন্দনধ্বনি। ২ পাখির চিৎকার শব্দ। **ট্যাঁ ট্যাঁ** *অব্য* ক্রমাগত ট্যাঁ শব্দ। **ট্যাঁ টোঁ** *বি* উচ্চবাচ্য; ভালোমন্দ কথন; সামান্য প্রতিবাদ।
ট্যাক্স *বি* খাজনা; রাজস্ব। [ই]
ট্যাক্সি *বি* ভাড়ায় যাত্রীবহনকারী মোটর গাড়ি; ভাড়াটে মোটরগাড়ি। [ই]
ট্যাঙস, ট্যাঙ্গস *অব্য* শ্রান্তভাবে পা টেনে চলার ভাব; বহু কষ্টে টেনে টেনে চলবার ভাব। ▢ *বিণ* মন্দগতি। ▢ *বি* উদ্দেশ্যবিহীনভাবে ঘুরে বেড়ানো।
ট্যান্ডল=টেন্ডল
ট্যামট্যাম *অব্য* শুকনা চামড়া ও টিনের উপর ঘা মারার শব্দ। ▢ *বি* ট্যামট্যাম শব্দকারী বাদ্যযন্ত্র। **ট্যামট্যামি, ট্যামটেমী** *বি* ট্যামট্যাম শব্দকারী বাদ্যযন্ত্র।
ট্যাস *বি* ১ মিশ্র জাতি; দো-আঁশলা জাতিবিশেষ। ২ ইঙ্গ-ভারতীয় সংকর জাতি; ফিরিঙ্গি।
ট্যাসট্যাস *অব্য* অপ্রিয় এবং আপত্তিসূচক উক্তি বা ধ্বনি বুঝাতে।
ট্যাসল, ট্যাসেল *বি* ১ রেশমের থোপনা; রেশমি ঝাপ্‌পা। ২ চুল বাঁধবার উপকরণবিশেষ। [ই]
ট্রাক *বি* মালবাহী ভারী মোটরযান। [ই]
ট্রাক্টর *বি* লাঙলের পরিবর্তে জমি চষার আধুনিক যন্ত্রবিশেষ। [ই]
ট্রান্সপোর্টেশন *বি* দ্বীপান্তর; নির্বাসন। [ই]
ট্রান্সফার, ট্র্যান্সফার *বি* বদলি; স্থানান্তরকরণ। [ই]
ট্রাফিক, ট্র্যাফিক *বি* ১ রাস্তায় লোক ও মালপত্র প্রভৃতির গমনাগমন। ২ বাণিজ্য; ব্যবসা। [ই]। **ট্রাফিক জ্যাম** *বি* যানজট; যানবাহনের অত্যধিক ঠাসাঠাসি অবস্থা। **ট্রাফিক পুলিশ** *বি* যানবাহন নিয়ন্ত্রণকারী পুলিশ।
ট্রাম *বি* লোহার লাইনের উপর দিয়ে চালিত বিদ্যুৎবাহিত গাড়ি। [ই]
ট্রায়েল, ট্রায়াল *বি* ১ যাচাই; পরীক্ষা। ২ বিচার। [ই]
ট্রাস্ট *বি* কোনো ব্যক্তি বা সমাজের কল্যাণে এক বা একাধিক ব্যক্তির সমন্বয়ে গঠিত নিয়মকানুন নির্ধারিত সংস্থায় সম্পত্তি গচ্ছিত রাখা ও সুষ্ঠু ব্যবহারের ব্যবস্থা; ন্যাস; স্থাপন; অর্পণ। [ই]। **ট্রাস্টি** *বি* অর্পিত সম্পদের রক্ষাকারী। **ট্রাস্টি-বোর্ড** *বি* প্রযত্ন-পরিষদ।
ট্রিগার *বি* বন্দুকের ঘোড়া। [ই]
ট্রে *বি* বারকোশ; খুঞ্চা; দ্রব্য বহনের থালাবিশেষ। [ই]
ট্রেজারি *বি* সরকারি কোষাগার; খাজাঞ্চি খানা। [ই]
ট্রেঞ্চ *বি* পরিখা; খাত; খাদ বা খানাবিশেষ। [ই. trench]
ট্রেডমার্ক *বি* পণ্য বা ব্যবসা প্রতিষ্ঠানের রেজিস্ট্রিকৃত চিহ্ন। [ই]
ট্রেন *বি* রেলগাড়ি। [ই]
ট্রেসপাস *বি* অনধিকার প্রবেশ; অন্যের এলাকায় প্রবেশ। [ই]
ট্র্যাংক, ট্র্যাঙ্ক *বি* টিন প্রভৃতি দ্বারা তৈরি বড় বাক্স; তোরঙ্গ। [ই]
ট্র্যাজেডি, ট্রাজেডি *বি* ১ শোকাবহ ঘটনা বা ব্যাপার; দুঃখজনক ব্যাপার বা ঘটনা। ২ দুঃখজনক অবস্থা বা ঘটনা সংবলিত রচনা বা বিয়োগান্ত নাটকাদি। [ই]। **ট্র্যাজিক** *বিণ* বিয়োগান্ত; বিষাদময়।
ট্র্যাডিশন *বি* ঐতিহ্য। [ই]

ঠ

ঠ বাংলা বর্ণমালার দ্বাদশ ব্যঞ্জনবর্ণ।
ঠং *অব্য* টুং বা ঠং অপেক্ষা অধিকতর জোরালো আওয়াজ যা ঘণ্টা প্রভৃতি থেকে শোনা যায়।
ঠক[১] *অব্য* লাঠি প্রভৃতি শক্ত জিনিস ঠুকবার আওয়াজ। **ঠকঠকানো** *ক্রি* অত্যধিক ভীতি, শৈত্য ইত্যাদির ফলে প্রবলভাবে কাঁপা।
ঠক[২] *বি, বিণ* শঠ; প্রবঞ্চক; প্রতারক। [সং. স্থগ>]
ঠকা *ক্রি* প্রতারিত হওয়া; হারা। [সং. স্থগ>]। **ঠকানো** *ক্রি* প্রতারিত করা। **ঠকামি** *বি* প্রতারণা।
ঠগ *বি, বিণ* ঠক; প্রবঞ্চক। ▢ *বি* ঠগি দস্যু। [সং. স্থগ>]
ঠগি *বি* ভারতে ইংরেজ আমলে বিনষ্ট একটি ছদ্মবেশী দস্যু সম্প্রদায়।
ঠটিয়া, ঠোটে *বিণ* অপুষ্ট (কলা); কড়া বা রুক্ষ। ▢ *বি* ঠোঁটকাটা; কর্কশ ও স্পষ্টভাষী। [সং. স্থাণু>]
ঠন *অব্য* টং ঠুং বা ঠুন অপেক্ষা অধিকতর জোরালো শব্দ।
ঠমক *বি* ১ গর্ব; গর্বিত ভাবভঙ্গি। ২ ঠাট। ৩ নাচের ভঙ্গি। ৪ জলের শব্দ। [তুল. হি. ঠমক/ঠুমক]
ঠাওর, ঠাহর *বি* ১ মনোযোগপূর্বক দর্শন; নিরীক্ষণ। ২ মনোযোগ; উপলব্ধি। ৩ নির্ণয়; স্থির। **ঠাওরানো** *ক্রি* দেখে বোঝা। [সং. স্থাবর>ঠাহর>ঠাওর। স্থাবর তথা স্থিরভাবে দাঁড় করিয়ে দেখা অর্থে]
ঠাঁই[১], **ঠাঞি** *বি* ১ স্থান। ২ আহারে উপবেশন স্থান। ৩ আশ্রয়; তল। ৪ নিকট; কাছে। [সং. স্থান>ঠান (থানা)>ঠাঁই]। **ঠাঁই ঠাঁই** *বিণ* পৃথক পৃথক (ভাই ভাই ঠাঁই ঠাঁই)।
ঠাঁই[২] *অব্য* হঠাৎ প্রবল আঘাত; ধাঁই (ঠাঁই করে মারা)।
ঠাকঠমক *বি* ঠাটঠমক; জাঁকজমক।
ঠাকুর *বি* ১ হিন্দুদের দেবতা। ২ প্রতিমা। ৩ ঈশ্বর; ভগবান। ৪ রাজা; গুরুজন; গুরু; ব্রাহ্মণ; পুরোহিত; পাচক ব্রাহ্মণ।

৫ হিন্দু স্ত্রীলোকের শ্বশুর। ৬ ব্রাহ্মণের পদবিবিশেষ। [স. ঠক্কুর>ঠাকুর মূলে তুর্কি শব্দ]। **ঠাকুরঝি** *বি* ননদ। **ঠাকুরদা** *বি* পিতামহ। **ঠাকুরপো** *বি* দেবর। **ঠাকুরমা** *বি* পিতামহী।

ঠাকরুন *বি স্ত্রী.* ঠাকুরানী; মাননীয়া মহিলা; ব্রাহ্মণজাতীয়া নারী। ❑ *বি* প্রভুপত্নী।

ঠাট[১] *বি* ১ সৈন্যশ্রেণী বা দল। ২ দলসমূহ (নিশিদিশি আওব কামিনী ঠাট)।

ঠাট[২] *বি* ১ কাঠামো। ২ বাহ্যিক চালচলন; জীবনযাত্রার রীতি। ৩ ভাবভঙ্গি। ৪ ধরন। **ঠাকঠমক** *বি* বাইরের চালচলন। **ঠাটবাট** *বি* বাহ্যিক আড়ম্বর। [স. স্থাতৃ]

ঠাটা, ঠাঠা *বি* বজ্র; বাজ। [তুল. তামিল ঠিটু]

ঠাট্টা *বি* উপহাস; বিদ্রূপ; কৌতুক। [স. টট্টরী>]

ঠাণ্ডা *বিণ* ১ শীতল; স্নিগ্ধ; হিম। ২ শান্ত।

ঠান *বি* ঠাকুরানী। [ঠাকুরান>ঠাউরান>ঠাউয়ান> ঠাউন> ঠাঅন>ঠান]। **ঠানদিদি, ঠানদি** *বি* ঠাকুরমা; দাদী।

ঠাম *বি* ১ স্থান; ঠাঁই। ২ নিকট। ৩ আকার। ৪ রূপ। ৫ শোভা। ৬ ভঙ্গি; ঢঙ। [স. স্থান>ঠাম্]। **ঠামঠমক** *বি* ভাবভঙ্গি; পোজপাজ।

ঠায়[১] *অব্য, ক্রিবিণ* নিশ্চলভাবে; একভাবে; একটানা (একস্থানে স্থির থাকা); কাছে; নিকটে। [স. স্থির>বা. ঠার>]। **ঠায়ঠিকানা** *বি* নির্দিষ্ট স্থান ও হদিস; বাস বা আশ্রয়স্থল।

ঠায়[২] *বি* একই স্থান (ঠায় দাঁড়িয়ে রইল)। [স. স্থান>ঠা/থা]

ঠার *বি* ইশারা; সংকেত। [স. স্তার>সার>। তু. হি. ঠার্না/ঠারিয়ে]। **ঠারা** *ক্রি* ইশারা করা। **ঠারাঠারি** *বি* চোখের ইঙ্গিতে ভাব বিনিময়। **ঠারেঠোরে** *ক্রিবিণ* ইঙ্গিতে ইশারায়।

ঠাস[১], **ঠাশ** *ক্রিবিণ* সজোরে চড় মারার শব্দ। [হি.]

ঠাস[২] *বিণ* ১ নিবিড়; ঘন। ২ ঘেঁষাঘেঁষি। **ঠাসবুনুনি/বুনানি** *বি* জমাটভাবে গ্রথিত।

ঠাসা, ঠাঁসা *ক্রি* ১ গাদা; গাদান। ২ চাপা। ৩ মর্দন বা পেষণ করা। **ঠাসাঠাসি** *বি* গাদাগাদি।

ঠিক *বিণ* ১ স্থির। ২ নির্ধারিত। ৩ সত্য; নির্ভুল। ৪ উপযুক্ত; দুরস্ত; পরিপাটি। ৫ নিশ্চয়; হিসাব করা। [স. স্থির>]

ঠিকরানো, ঠিকরনো *ক্রি* ১ ছটকানো; ঠক্কর খেয়ে পড়া। ২ ঝলসানো; বিকীর্ণ হওয়া। [তুল. হি. ঠিকরা]

ঠিকা, ঠিকে *বিণ* ১ অল্প সময়ের জন্য নিযুক্ত। ২ নির্ধারিত শর্তযুক্ত। ❑ *ক্রি* কাজের চুক্তি। [স. স্থির>]

ঠিকাদার *বি* নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট ব্যয়ে যে কাজ সম্পাদনের চুক্তি গ্রহণ করে। **ঠিকাদারি** *বি* ঠিকাদারের কাজ।

ঠিকানা *বি* ১ বাসস্থানের বিবরণ; নিবাসস্থান। ২ সন্ধান; খোঁজ। ৩ স্থিরতা; ঠিক; স্থির বা স্থায়ী আবাস নির্দেশক। [হি. ঠীক>ঠিকান>ঠিকানা]

ঠিকারি *বি* হাঁড়ি ভাঙা খোলার কুচি। [প্রা. বা./হি.]

ঠিকুজি, ঠিকুজী *বি* সংক্ষিপ্ত বা অল্প বিবরণযুক্ত কোষ্ঠী; জন্মপত্রিকা। [স. স্থির>]। **ঠিকুজি-কোষ্ঠী** *বি* পূর্ণ বিবরণ।

ঠিলা *বি* কলসি।

ঠিলি, ঠিলী *বি* ছোট কলসি। [হি.]

ঠুং *অব্য* ঠন অপেক্ষা মৃদুতর শব্দ।

ঠুংগি, ঠুঙি, ঠুঙ্গি *বি* ক্ষুদ্র ঠোঙ্গা। [স. তুঙ্গ>হি]

ঠুংরি *বি* সঙ্গীতের একটি তাল বা রাগিণীর নাম। [হি. ঠমরী>]

ঠুঁটা, ঠুঁটো[১], **ঠুটা** *বিণ* হাতহীন; নুলো; অক্ষম। [তুল. হি. ঠুটাহ্]। **ঠুঁটো জগন্নাথ** (আল.) *বিণ* শক্তিমান বলে পরিগণিত হলেও কাজ করতে অক্ষম।

ঠুঁটো[২] *বিণ* দীর্ঘ ঠোঁটযুক্ত। [স. ওষ্ঠ>]

ঠুক *অব্য* ঠক অপেক্ষা মৃদুতর ধ্বনি।

ঠুন *অব্য* মৃদু ঠন শব্দ।

ঠুনকা[১], **ঠুনকো**[১] *বিণ* ১ লঘু আঘাতেই ঠুন করে ভেঙ্গে যায় এমন; ভঙ্গুর। ২ অপদার্থ।

ঠুনকা[২], **ঠুনকো**[২] *বি* প্রসূতির স্তনের এক প্রকার পীড়া; স্তনের যন্ত্রণাদায়ক ব্যথা।

ঠুনি *বি* খুঁটি বা থাম; স্তম্ভ; ঠেকনা। [স. স্থূণা> ঠুণা> ঠুনি, আঞ্চলিক]

ঠুমকি *বি* নৃত্যের এক প্রকার ভঙ্গি।

ঠুলি, ঠুলী *বি* ১ গরু ঘোড়া প্রভৃতির চোখের ঢাকনি। ২ আবরণ; খাপ।

ঠুস *অব্য* ঠাস অপেক্ষা লঘুতর ধ্বনি।

ঠুসা, ঠোসা *ক্রি* ১ ঠাসা। ২ অত্যন্ত ভোজন করা; অতিশয় গঞ্জনা দেওয়া বা তিরস্কার করা।

ঠুসি *বি* ১ ক্ষুদ্র ঠোস; ফোস্কা। ২ ফল পাড়ার জন্য ব্যবহৃত জালিবিশেষ।

ঠেঁটা, ঠ্যাঁটা, ঠ্যাটা *বিণ* ১ নির্লজ্জ; বেহায়া। ২ দুর্মুখ। ৩ অবাধ্য। ❑ *বি* শঠ; প্রতারক। [স. শঠ>]

ঠেঁটি, ঠেঁটী *বি* পাড়শূন্য খাটো কাপড়; পাড়হীন ছোট কাপড়। [তুল. হি. ঠেঁট]

ঠেক, ঠেকনা, ঠেকনো, ঠেকো *বি* পতন রোধ করার অবলম্বন; আশ্রয়; ঠেস; প্যালা।

ঠেকরা *বি* ছেকড়া; নিকৃষ্ট শ্রেণীর ভাড়াটে ঘোড়ার গাড়ি।

ঠেকা *ক্রি* ১ স্পর্শ লাগা। ২ বিপদে পড়া। ৩ বাধা পাওয়া। ৪ বিরত হওয়া। ৫ উপস্থিত হওয়া; পৌছানো। ৬ মনে হওয়া। ❑ *বি* সংকট; বিপদ। **ঠেকাঠেকি** *বি* ছোঁয়া; স্পর্শ।

ঠেঙ্গে, ঠেঙে *অব্য* কাছে; নিকটে; হতে। [স. স্থানে>ঠানে> ঠাঞে>ঠেঞে]

ঠেট, ঠেটা, ঠেঠা *বিণ* নির্লজ্জ। **ঠেটপনা** *বি* বেহায়ামি; ধৃষ্টতা।

ঠেলা, ঠ্যালা *বি* ১ ধাক্কা; জোরে আঘাত করে অগ্রসর করা। ২ বিপদ। ৩ যা ঠেলে চালাতে হয়। ❑ *ক্রি* ১ ধাক্কা দেওয়া। ২ অবাধ্য হওয়া। ৩ বর্জন করা। ৪ পতিত করা; অবজ্ঞা করা। **ঠেলাঠেলি** *বি* পরস্পরকে ধাক্কা দেওয়া; ধাক্কাধাক্কি।

ঠেস, ঠেশ *বি* ১ চেয়ারে, বালিশে বা দেয়ালে পিঠ রেখে বসা; হেলে অবস্থান; হেলানো। ২ ঠেকনা। ৩ নিন্দা; খোঁটা। [তুল. হি. ঠাসা]

ঠেসা, ঠেশা *ক্রি* ১ ঠেস বা হেলান দেওয়া; ঘেঁষা। ২ ডলা; মর্দন করা; ঠাসা।

ঠেসারা *বি* ঠাট্টাছলে ইঙ্গিত; ঠাট্টা; উপহাস; বিদ্রূপ।

ঠোঁট *বি* ১ ওষ্ঠ। ২ অধর। ৩ চঞ্চু। [স. ওষ্ঠ>প্রা. ওট্‌ঠ> স. ত্রোটি (চঞ্চু)>]
ঠোকন, ঠুকানো, ঠুকান, ঠুকুনি *বি* ১ আঘাত; প্রহার। ২ ধমক। ৩ ঠোকা।
ঠোকর, ঠোক্কর, ঠক্কর *বি* ১ আঘাত; পাখির ঠোঁটের বা অস্ত্র প্রভৃতির আঘাত। ২ প্রচণ্ড ধমক। ৩ হোঁচট। ৪ সাপের ছোবল। [হি. তুল. টক্কর]
ঠোকরানো *ক্রি* ১ ঠোকর দেওয়া; পাখির চঞ্চু বা মুখ দ্বারা খোঁটা। ২ অস্ত্রাদির দ্বারা আঘাত করা। [তুল. হি. ঠক্কর]
ঠোকা, ঠুকা *ক্রি* ১ সশব্দে মারা। ২ আঘাত দিয়ে বসানো। ৩ সশব্দে চাপরানো। ❑ *বি* ঠোকর; আঘাত। **ঠোকাঠুকি** *বি* ১ ঝগড়া; কলহ; মারামারি। ২ হাতুড়ির ঠুকঠাক শব্দ।
ঠোঙ্গা, ঠোঙা *বি* গাছের পাতা বা কাগজ দিয়ে তৈরি আধারবিশেষ। [স. তুঙ্গ>]
ঠোনা, ঠোকনা *বি* আঙুল দিয়ে গালে বা চিবুকে মৃদু আঘাত; তর্জনী বাঁকা করে এর অগ্রভাগ বা মধ্যস্থল দিয়ে গালে বা থুতনিতে সামান্য আঘাত।
ঠোস[১] *বি* ফোলা; স্ফীতি। তুল. ঠোসা।
ঠোস[২] *বি* অঙ্গুলিত্রাণ; সুইয়ের ফোঁড় থেকে রক্ষার জন্য ব্যবহৃত আবরণবিশেষ।
ঠ্যাং, ঠ্যাঙ *বি* পা; চরণ।
ঠ্যাঙ্গা, ঠ্যাঙা, ঠেঙ্গা *বি* লাঠি; লগুড়। **ঠ্যাংগানো, ঠেঙ্গানো** *ক্রি* প্রহার করা; লাঠি দ্বারা প্রহার করা। **ঠেঙ্গানি, ঠ্যাংগানি** *বি* লাঠি দ্বারা প্রহার। [স. দণ্ড >দাঙ্গ >ডাঙ্গ (ডাঙ-গুলি)>ঠ্যাঙ্গ]
ঠ্যেকো *বি* দুষ্ট গরু যাতে উৎপাত বা ছুটাছুটি করতে না পারে তজ্জন্য তার গলায় লাগানো কাষ্ঠখণ্ড।

ড

ড বাংলা বর্ণমালার ত্রয়োদশ ব্যঞ্জনবর্ণ।
ডউয়া *বি* অম্লস্বাদযুক্ত ফলবিশেষ; ডেফল।
ডওরা *বি* ১ ডহরা; নৌকার খোলের নিচের গভীরতম অংশ, যে স্থানে পানি জমে। ২ দহর; খাল; জলাভূমি; গভীর গর্ত; নৌকা বা জাহাজের খোল। [স. হ্রদ>ডহর(জলাশয়)>বা. ডহরা]
ডক *বি* জাহাজ নির্মাণ ও মেরামত করার স্থান বা বন্দর; পোতাশ্রয়। [ই.]
ডকবুস *বি* ডাঙ্গস; হাতি তাড়াবার দণ্ড; অঙ্কুশ। [স. দণ্ড+ অঙ্কুশ= দণ্ডাঙ্কুশ> ডাঙ্গুশ> ডাঙ্গস; ডংকুশ> ডকবুস]
ডকার *বি* উদ্‌গার; ঢেঁকুর।
ডক্টর *বি* ১ স্নাতকোত্তর ডিগ্রির পর কোনো বিশেষ বিষয়ে গবেষণামূলক অভিসন্দর্ভ লিখে অর্জিত উপাধি। ২ বিশিষ্ট ব্যক্তিদের বিশ্ববিদ্যালয় ইত্যাদি কর্তৃক প্রদত্ত সম্মানসূচক উপাধি।
ডগ, ডগা *বি* ১ আগা; শীর্ষ; সর্বোচ্চ অংশ; শিখরদেশ। ২ সরু ডাল বা শাখা। [স. অগ্র>অগ্‌গ>ডগ্‌গ>]
ডগডগ *বি* দীপ্তির ভাব প্রকাশক শব্দ। **ডগডগে** *বিণ* ১ অতি উজ্জ্বল; খুব টকটকে। ২ দগদগে।
ডগমগ *ক্রিবিণ* ঢলঢলে; পরিপূর্ণ। ❑ *বিণ* আবিষ্ট; টলটলে; অস্থির; চঞ্চল; বিভোর; দীপ্ত।
ডগর *বি* দগড়; বাদ্যযন্ত্রবিশেষ।
ডগলা *বি* কচি লোভনীয় ডগা; বিশেষত শাকের সরু ডাল। [আঞ্চলিক]
ডগিডগি *বিণ* কচি ডগাবিশিষ্ট; নধর। [আঞ্চলিক]
ডঙ্ক *বি* দন্তাঘাত; দংশন। [স. দংশ>]
ডঙ্কা *বি* জয়ঢাক; ঢক্কা; ঢক্কা; দুন্দুভি; টিকারা; ট্যাটরা। [স. √ডম্‌+ কৈ+ অ/+ আ]
ডজন *বি* বারোটি। [ই.]
ডডনং *বিণ* (ব্য.) মূর্খ; নির্বোধ; উদাসীন; অমনোযোগী। ['৬৬' সংখ্যাকে মূর্খতা ও নির্বুদ্ধিতাবশত 'ডড' বর্ণরূপে পড়বার ফলে উদ্ভূত শব্দ]
ডণ্ড *বি* দণ্ড; শাস্তি; ক্ষতিপূরণ। [স. দণ্ড>]
ডন *বি* উপুড় হয়ে মাটিতে হাত পায়ের উপর ভর দিয়ে দণ্ডবৎ ঋজু হয়ে ব্যায়াম। [স. দণ্ড>]
ডবকা *বিণ* উঠতি বয়সের; তরুণ; সোমত্ত। [তুল. হি ডবকনা]
ডবডব, ডেবডেবে *অব্য* অশ্রুসজল ভাব; বিস্ফারিত ভাব। [তুল. হি ডবডবনা; হি √ডবা]। **ডবডবে** *বিণ* আয়তচোখ; বিস্ফারিত দৃষ্টি।
ডবল, ডবোল *বি, বিণ* দ্বিগুণ; দুই গুণ; দুনো; অনেক। [ই.]। **ডবল ডেকার** *বি* দোতলা বাস।
ডবি, ডবী *বিণ* অকালপক্ব; ডেঁপো। [বা. আঞ্চলিক]
ডমরু, ডম্বরু, ডম্বুরা *বি* এক প্রকার বাদ্যযন্ত্র। **ডুগডুগি** *বি* কাঠের খোলের দুই দিক চামড়া দিয়ে আবদ্ধ মাঝে সরু এবং বসবার মোড়া বা ইংরেজি x বর্ণের মতো বাদ্যযন্ত্রবিশেষ। [স. √ডম্ব্‌+ অর +উ]
ডম্ফ *বি* খঞ্জনার মতো এক প্রকার প্রাচীন বাদ্যযন্ত্র। [স. হি ডফ, ফা. দফ]
ডম্ফাই *বি* অহংকার; গর্ব; আড়ম্বর।
ডম্বর, ডম্বরী *বি* আড়ম্বর; ঘটা; সমারোহ; সমূহ। [স. √ডম্ব্‌+অর,+ ঈ]
ডম্বল, ডাম্বেল *বি* ব্যায়ামের জন্য ভাঁজবার লৌহ পিণ্ডযুক্ত লৌহদণ্ডদ্বয়। [ই. dumb-bell]
ডয়ন *বি* আকাশে উড়ার কাজ। [তুল. উৎ+ ডয়ন= স. উড্ডয়ন]
ডর *বি* ভয়; ত্রাস; শঙ্কা। [স. দৃ+ অ= দর>]
ডরা, ডরানো *ক্রি* ১ ভয় পাওয়া; ভীত হাওয়া। ২ ভয় করা; ভয় পাওয়া; সমীহ করা।
ডলক *বি* তুমুল বৃষ্টি; ঢলক। [বা. আঞ্চলিক]
ডলন *বি* ডলা কাজ; মর্দন; পেষণ। [স. √দল্‌+ অন = দলন >ডলন]
ডলনা *বি* নোড়া; পেষণযন্ত্র। [স. দল>]
ডলা *ক্রি* মালিশ করা; মর্দন করা; ঘর্ষণ করা; মলা; টেপা; পেষণ করা; ঠাসা। **ডলাই মলাই** *বি* অঙ্গ মর্দন ও হাত বুলানো। [স. √দল]
ডলার *বি* মুদ্রাবিশেষ; আমেরিকার মুদ্রা; সিঙ্গাপুরের মুদ্রা। [ই.]
ডাঁই *বি* স্তূপ।
ডাঁট[১] *বি* দণ্ড; হাতল; বাঁট। [স. দণ্ড>]

ডাঁট[২] *বি* দৃঢ়তা; দেমাক; গুমর; তেজ; শক্তি। [স. দৃঢ়>]
ডাঁট[৩], **ডাঁটো** *বিণ,বি* শক্ত; কঠিন; সবল; দৃঢ়; সমর্থ। ☐*বিণ* ১ অপক্ব; ডাঁসা। ২ অল্পসিদ্ধ। [স. দৃঢ়>]
ডাঁটন *বি* তিরস্কার; হুঁশিয়ারি। [স. দণ্ড+ অন= দণ্ডন> ডাঁটন>]
ডাঁটা[১] *বি* ১ গাছের সরু ডাল। ২ খাড়া; সজিনার ফল। ৩ ডাঁটা গাছ; শাকগাছবিশেষ। ৪ বোঁটা। [স. দণ্ড>ডাঁটা]। **ডাঁটালো** *বিণ* ডাঁটাযুক্ত; শক্ত।
ডাঁটা[২] *ক্রি* তিরস্কার করা; ধমক দেওয়া। [স. দণ্ডন>]
ডাঁড়াশ, ডাঁরাস *বি* দাঁড়াশ সাপ। [স. দণ্ডসর্প> দাঁড়াসাঅ> ডাঁড়াশ]
ডাঁপ *বি* বাঁশের খুঁটি; বাঁশের আড়া।
ডাঁশ *বি* এক প্রকার বড় মাছি যার কামড়ে গরু অতিষ্ঠ হয়ে ওঠে; দংশমক্ষিকা। [স. দংশ>]
ডাঁশা[১], **ডাঁসা** *বিণ* ১ অর্ধপক্ব; আধপাকা; পাকা ও কাঁচার মাঝামাঝি। ২ হরিদ্রাভ; উজ্জ্বল।
ডাঁশা[২] *বিণ* তক্তপোষ; নৌকা প্রভৃতির আড়কাঠ যার উপরে পাটাতন করা হয়। **ডাঁশিয়ে** *ক্রিবিণ* প্রায় পেকেছে; প্রায় পূর্ণ বয়স্ক।
ডাইন, ডান *বি* দক্ষিণ; বামেতর। [স. দক্ষিণ> দাহিন> ডাহিন>ডাইন>ডান]। **ডান-বাম হাত করা**— লেনদেন করা। **ডানহাতের ব্যাপার**— *বি* ভোজন। **ডানে আনতে বাঁয়ে না কুলানো**— অর্থকৃচ্ছ্রতা। (তুল. নুন আনতে পান্তা ফুরায়)।
ডাইনি, ডাকিনী *বি,বিণ* ডাকিনী; মায়াবিনী; কুহকিনী; ইন্দ্রজাল বিদ্যায় পারদর্শিনী। **ডাক** *পু.* [স. ডাকিনী> ডাইনি]
ডাইয়া, ডেঁয়ে *বিণ* শক্ত; বলিষ্ঠ; সমর্থ। ☐*বি* বড় লাল পিঁপড়া। [স. দৃঢ়> দড়> দাট> ডাট>ডাটিয়াল> ডাইয়া> ডেঁয়ে, (তুল. দণ্ড>ডাঁট)]
ডাইরি, ডায়েরি *বি* ১ রোজনামচা; দিনপঞ্জি; যে পুস্তকে দৈনন্দিন ঘটনা লেখা হয়। ২ থানায় দাখিল করা নালিশের বিবরণ। [ই.]
ডাইস *বি* ধাতবদ্রব্য নির্মাণের ছাঁচ; স্বর্ণ-রৌপ্যাদির অলঙ্কারের নকশা করবার ছাঁচ। [ই.]
ডাংগুলি *বি* দেড়-দুই হাত লম্বা বাঁশের লাঠি দিয়ে ছোট বাঁশের বা কাঠের টুকরা ছুড়ে মারার খেলা; গুলি-ডাণ্ডা।
ডাংরো *বি* বলদ; ডাংরি গাই। [দামরা >ডাংরো, সাঁওতালি]
ডাক্ *বি* ক্রিকেট খেলায় কোনো ব্যাটসম্যানের শূন্য রান।
ডাক[১] *বি* ১ আহ্বান; সম্বোধন। ২ কণ্ঠস্বর; রব; চিৎকার। ৩ উচ্চশব্দ; গর্জন; নিলামে ক্রেতা যে দর হাঁকে। ৪ প্রসিদ্ধি; সর্বদা ডাকবার জন্যে ব্যবহৃত। [তুল. হি. ডহক>]
ডাক[২] *বি* ১ চিঠি বহন ও বিলি সম্বন্ধীয় ব্যবস্থা (ডাকগাড়ি, ডাকটিকিট, ডাকপিয়ন)। ২ চিঠিপত্রাদি; চিঠি পত্রাদির যান-বাহন। [তুল. ডাকঘর/ ডাকবাংলো—গোড়ায় ছিল চিঠিবাহী অশ্বারোহীর বিশ্রামের ও চিঠিপত্র জমা করার ঘর]। **ডাকবাক্স** *বি* পোস্টবক্স; বিলির জন্যে রাস্তার ধারে বা ডাকঘরে চিঠি জমা দেওয়ার আধার। **ডাক-হরকরা** *বি* রানার; ডাক বহনকারী।
ডাক[৩] *বি* ডাহুক; ডাকপাখি। [স. দাত্যুহ>]
ডাক[৪] *বি* ১ ডাক নামক জনৈক জ্ঞানী ব্যক্তি যাঁর বচনসমূহ সুপ্রসিদ্ধ ও বহুল প্রচলিত। ২ প্রবাদবাক্য; চলতি কথা। (বৌদ্ধযুগের সাধক—ডাক)। **ডাকিনী** *স্ত্রী.*। [মূলে তিব্বতী ব্দগ]
ডাক[৫] *বি* হিন্দুদের প্রতিমা সাজানোর রাংতা জরি সোলা প্রভৃতির গহনা। [হি.]
ডাক[৬] *বি* হিন্দু বিশ্বাসমতে শিবের অনুচর এক প্রকার পিশাচ। ('ড'=শিব; ডাক-শিবানুচর)। [স.]
ডাকবাংলা, ডাকবাংলো *বি* ১ সরকারি কর্মচারী বা ভ্রমণকারীর পান্থশালা বা সরাই। ২ 'ডাক'-বাহী ঘোড়ার ও আরোহীর বিশ্রামের ও রাত্রি যাপনের ঘর; এখনকার দিনে সরকারি বিশ্রামাগার। [হি.]
ডাকমাশুল *বি* ডাকখরচা।
ডাকসংক্রান্তি *বি* আশ্বিন মাসের সংক্রান্তি বা শেষদিন; আশ্বিনের শেষ ও কার্তিকের শুরুতে চাষির শিবের বর প্রার্থনার দিন বা তিথি। [স.]
ডাকসাইটে *বিণ* সুবিখ্যাত; প্রসিদ্ধ; নামমাত্র উচ্চারণে যাকে সবাই চিনিতে পারে। [স. ডাকসিদ্ধ>]
ডাকা[১] *ক্রি* ১ আহ্বান করা; ধ্বনি করা; শব্দ করা; মনে করা; স্মরণ করা। ২ হাঁকা; দর হাঁকা; ভয় বা আশঙ্কা করা। [স. ড (শব্দ)>ডাক+আ]
ডাকা[২] *বি* ১ ডাকাতি; দস্যুবৃত্তি। ২ দস্যু; ডাকাত।
ডাকাত, ডাকাইত *বি* দস্যু; লুণ্ঠনকারী; ডরভয়হীন; একগুঁয়ে। **ডাকাতি** *বি* দস্যুবৃত্তি।
ডাকাবুকা *বি* সাহসী; অতুলনীয় সাহসযুক্ত।
ডাক্তার *বি* ইউরোপীয় পদ্ধতির চিকিৎসক; চিকিৎসক। **ডাক্তারি** *বি* চিকিৎসাবিদ্যা। [ই.]
ডাকু *বি* ডাকাত; দস্যু।
ডাগর *বিণ* ১ বড়। ২ বয়স্ক। ☐*বি* মোটাসোটা। [স. দীর্ঘল>ডাগর; প্রা. ব্. ডাকর]। **ডাগর-ডোগর** *বিণ* দেখতে বড়; বড়সড়।
ডাঙ্গ, ডাঙ, ডাং *বি* স্তূপ; গাদি; রাশীকৃত; স্তূপীকৃত। [স. দণ্ড>দণ্ডের মতো উঁচু]
ডাঙ্গর, ডাঙর[১] *বিণ* ডাগর; বৃহৎ; মস্ত।
ডাঙ্গশ, ডাঙশ *বি* হাতি চালাবার দণ্ড; হস্তিতাড়ন দণ্ড; অঙ্কুশ। [স. দণ্ডাঙ্কুশ>]
ডাঙ্গা, ডাঙা *বি* ১ জলহীন উচ্চস্থান; শুকনা জায়গা। ২ তীর; বাসভূমি(মুন্সিডাঙ্গা)। ৩ মৎস্য চাষের জন্য উচ্চ পাড়ওয়ালা জলাভূমি; আবাদ-ক্ষেত্র। [স. তুঙ্গ>]
ডাটি, ডাঁটি *বি* ১ বাঁট; ছোট হাতল। ২ ঔষধ মাড়বার ছোট প্রস্তর দণ্ড বা মুষল। ৩ ছাতার দণ্ড। [স. দণ্ড> দাট> ডাঁট +ই]
ডাটেয়া *বি* মুসলমান জেলে; নিকারি।
ডাণ্ডা *বি* ১ মোটা লাঠি; দণ্ড। ২ ছেলেদের খেলার ছোট লাঠি; হাতল। [স. দণ্ড> ডণ্ড> ডাণ্ড> ডাণ্ডা]। **ডাণ্ডাগুলি** *বি* খেলাবিশেষ; ডাংগুলি। **ডাণ্ডাবাজি** *বি* খুনখারাবি; দাঙ্গাফাসাদ। **ডাণ্ডাবেড়ি** *বি* জেলখানার কয়েদিদের স্বাভাবিক চলাচলে বিঘ্ন সৃষ্টিকারী এক ধরনের শিকল যা পায়ের সঙ্গে বেঁধে রাখা হয়।
ডাণ্ডি *বি* ১ ক্ষুদ্র দণ্ড; হাতল; ডাঁটি। ২ দাঁড়ী; পার্বত্য পথে মনুষ্যবাহী যানবিশেষ (ডাণ্ডি অভিযান)। [স. দণ্ড>]
ডানকনা, ডানকুনি *বি* ১ ছোট মাছবিশেষ। ২ ঔষধি বৃক্ষ; দণ্ডকলস।
ডানপিটে *বিণ* দুর্দান্ত, দুরন্ত। ☐*বি* অসমসাহসী; গোঁয়ার;

একগুঁয়ে। [ডাণ্ডা> ডান+ পিটিয়ে> ডানপিটে]
ডানা *বি*১ যা উড়তে সাহায্য করে; পাখা। ২ মাছের পাখনা। [স. ডয়ন>ডানা]
ডানি *বিণ* ডান; ডাহিন; দক্ষিণ। [স. দক্ষিণ>ডহিন> ডাইন> ডান> ডানি]
ডাব *বি* অপক্ব বা কচি নারকেল।
ডাবর *বি* ১ পানি রাখবার পাত্র। ২ বড় বাটি; জলপাত্র; গামলা। **ডাবরি** *বি* ছোটপাত্র; ছোট কলসি। [হি.]
ডাবা, ডাব্বা *বি*১ ডাবর; মাটির বড় গামলা; বড় বাটি; টব। ২ নারকেল মালায় প্রস্তুত হুঁকা। ☐*বিণ* বড় খোলবিশিষ্ট।
ডাবিং *ক্রি* চলচ্চিত্রকে ভাষান্তরিত করা। [ই.]
ডাবু *বি*১ পরিবেশনযোগ্য কাঠের নারকেলের মালার বা পিতলের হাতা। ২ গোলমুখ চামচবিশেষ।
ডামাডোল *বি* ১ কোলাহল; শোরগোল। ২ গণ্ডগোল; বিশৃঙ্খলা।
ডায়মন *বি* হীরা; হীরার মতো পলতোলা নকশাবিশেষ। [ই. diamond]
ডায়াল *বি* ঘড়ি টেলিফোন প্রভৃতি যন্ত্রের রেখাঙ্কিত মুখপট্ট; মুখপাত। [ই.]
ডারুইন, ডারুয়িন (১৮০৯–৮২) ক্রমবিবর্তনবাদপ্রবর্তক; রবার্ট চার্লস ডারুইন।
ডাল[১] *বি* বৃক্ষশাখা; যে কোনো শাখা। **ডালানো** *ক্রি* গাছের ডাল কেটে দেওয়া।
ডাল[২], **ডাউল** *বি* ১ খোসা ছাড়ানো মুগ, মসুর, ছোলা প্রভৃতি। ২ মুগ, মসুর ইত্যাদির ব্যঞ্জন। [দাল>ডাল> ডাউল]। **ডাল-ভাত** *বি*১ ডাল ও ভাত। ২ (আল.) অতি সাধারণ বা সহজ জিনিস।
ডালকুত্তা *বি* এক প্রকার বিখ্যাত শিকারি কুকুর। [হি.]
ডালনা, দালনা *বি* ঘণ্ট; এক প্রকার ব্যঞ্জন।
ডালা *বি* ১ বাঁশের সরু চটা দিয়ে তৈরি অপেক্ষাকৃত অগভীর পাত্রবিশেষ। ২ ঢাকনি; হিন্দুদের পূজার উপহারের সামগ্রীপূর্ণ পাত্র। ৩ ভেট; উপহার; ঘুষ; আধার। [স. ডল্লক]
ডালি *বি* ১ ছোট ডালা। ২ উপহার; ভেট; নজর; উৎকোচস্বরূপ উপহার। ৩ আধার; নৌকার খোলের উপরকার মোটা লম্বা তক্তাদ্বয়। [স. ডল্লক>]
ডালিম, ডালিম্ব *বি*১ বেদানার মতো ফল; দাড়িম্ব। ২ ডালিম গাছ। [স. দাড়িম্ব>]
ডাস্টবিন *বি* জঞ্জাল ফেলবার পাত্র। [ই.]
ডাহা *বিণ*১ সম্পূর্ণ; পুরোপুরি; অবিকল। ২ গরম ও লাল; সদ্যনিঃসৃত।
ডাহুক *বি* এক প্রকার জলচর ডাকপাখি। [স. দাত্যুহ>]
ডিকশনারি *বি* অভিধান; শব্দকোষ। [ই.]
ডিক্টেটর *বি* নিরঙ্কুশ ক্ষমতাসম্পন্ন রাষ্ট্রশাসক; একনায়ক; স্বৈরশাসক। [ই.]
ডিক্রি, ডিগ্রি[১] *বি* আদালতের হুকুম বা নিষ্পত্তি ও নির্দেশ; বিচারকের আদেশ। [ই.]। **ডিক্রিদার, ডিগ্রিদার** *বি* যার স্বপক্ষে ডিক্রি হয়েছে; যার অনুকূলে আদালত ডিক্রি দিয়েছে।
ডিগডিগ *অব্য* সরু ডগার আন্দোলিত হওয়ার ভাব; সরু ডগার মতো কৃশতা প্রকাশক। **ডিগডিগে** *বিণ* অত্যন্ত কৃশ; রোগা।
ডিগদড়ি *বি* খুঁটিলগ্ন দড়ি।
ডিগবাজি *বি* মাথা মাটিতে রেখে দুই পা উঁচু করে উল্টে পড়া।
ডিগ্রি, ডিগ্রী *বি* ১ বিশ্ববিদ্যালয় কর্তৃক পরীক্ষা পাশের স্বীকৃতিস্বরূপ প্রদত্ত উপাধিবিশেষ। ২ তাপমান যন্ত্রে নির্দিষ্ট তাপের পরিমাণজ্ঞাপক সংজ্ঞা; কোণের পরিমাণ। [ই.]
ডিঙ্গানো, ডিঙানো *ক্রি* অতিক্রম করা; লাফিয়ে পার হওয়া। ☐*বি* উল্লঙ্ঘন; অতিক্রম।
ডিঙ্গা, ডিঙা, ডিঙ্গি[১] *বি* এক প্রকার নৌকা; বাণিজ্যতরী।
ডিঙ্গি[২], **ডিঙি**[১] *বি* পায়ের আঙ্গুলের উপর ভর দিয়ে মাথা উঁচু করে দাঁড়াবার অবস্থা।
ডিঙ্গি[৩], **ডিঙি**[২] *বি* ক্ষুদ্র ডিঙ্গা; ক্ষুদ্র নৌকাবিশেষ।
ডিজাইন *বি* নকশা; চিত্র; পরিকল্পনা; পরিকল্পিত চিত্রাদির নকশা।
ডিটেকটিভ *বি, বিণ* গোয়েন্দা; গুপ্তচর। [ই.]
ডিড *বি* দলিল; চুক্তিপত্র। [ই. deed]
ডিডকা *বি* বয়স-ফোড়া; তরুণদের মুখে যে ব্রণ হয়।
ডিণ্ডিশ *বি* ঢেঁড়শ ফল ও গাছ; ডিণ্ডি। [স.]
ডিনামাইট *বি* তীব্র বিস্ফোরক পদার্থ। [ই.]
ডিনার *বি* ১ খানা; ইউরোপীয় পদ্ধতিতে নৈশকালীন ভোজ। ২ রাষ্ট্রীয় বা কেতাদুরস্ত ভোজ। **ডিনার পার্টি** *বি* ভোজন উৎসব। [ই.]
ডিপজিট *বি* অন্যের নিকট গচ্ছিত বা জমা রাখা; জামানত। [ই.]। **ডিপজিটর** *বি* যে টাকা গচ্ছিত রাখে।
ডিপজিশন *বি* এজাহার, লিপিবদ্ধ সাক্ষ্য। [ই.]
ডিপো *বি* ১ গুদাম; মালপত্র রাখবার স্থান; আড়ত। ২ আড্ডা; আশ্রয়স্থান। ৩ মশাদির জন্মস্থান; বাসস্থান; আবাস। [ই. depot]
ডিপ্লোমা *বি* উপাধিপত্র। [ই.]
ডিফেন্ড *ক্রি* সমর্থন করা; রক্ষা করা। [ই.]
ডিফেন্ডান্ট *বিণ* মকদ্দমায় প্রতিবাদী। [ই.]
ডিবা, ডিবে *বি*১ ছোট দীপ; কুপি; টিন বা অন্য কোনো ধাতুর তৈরি চিমনিহীন ছোট কেরোসিন দীপ। ২ ঢাকনিবিশিষ্ট ছোট পাত্র; বাটা; কৌটা। [তুল. হি. ডিব্বিয়া; ডিব্বা]
ডিবেঞ্চার *বি* ঋণপত্র; ধার-করা টাকার জন্য কোম্পানি ইত্যাদি কর্তৃক প্রদত্ত তমসুক। [ই.]
ডিবেট *বি* বিতর্কমূলক বক্তৃতা। [ই.]
ডিভিশন *বি*১ বিভাজন; ভাগ; বিভাগ। ২ সেনাদলবিশেষ। ৩ প্রদেশের অংশ। ৪ সংসদ বা আইন সভার ভোট। [ই.]
ডিম *বি* ডিম্ব; অণ্ড; আণ্ডা; হাঁটু ও গোড়ালির মধ্যবর্তী পায়ের পিছনের দিকের ডিম্বাকৃতি মাংসপিণ্ড। [স. ডিম্ব]। **ঘোড়ার ডিম** *বি* অলীক; অদ্ভুত; কিছুই না।
ডিমাই *বিণ* ১ কাগজের আকার বা মাপ। ২ বাইশ ইঞ্চি লম্বা এবং আঠারো ইঞ্চি চওড়া আকারের। [ই. demy]
ডিমিডিমি *অব্য*১ ডিমডিম ধ্বনি করে। ২ ডিমডিম ধ্বনি; ডমরুধ্বনি।
ডিম্ব *বি* ডিম; অণ্ড; বয়জা। [স. ডিম্ব>]। **ডিম্বক** *বি*

ক্ষুদ্র ডিম। **ডিম্বকোষ** *বি* পুষ্পযোনি; ডিম্বাকার কোষ। **ডিম্বাণু** *বি* ডিম্বাশয়ের ভিতরের কোষ যা ভ্রূণে পরিণত হয়; ক্ষুদ্র ডিম্ব।

ডিলার *বি* ব্যবসায়ী। [ই. dealer]

ডিশ, ডিস *বি* থালা; প্লেট; রেকাবি। [ই.]

ডিশ এন্টেনা *বি* টেলিভিশনের শক্তিশালী এন্টেনা; প্রধানত উপগ্রহের মাধ্যমে দূরদূরান্তের ছবি ধারণ করার জন্য যা ব্যবহার করা হয়—এর আকার বৃহৎ থালা বা ডিশের ন্যায়।

ডিসকাউন্ট *বি*১ অবহার; বাট্টা; ধার্য দাম বা হিসাব থেকে যা বাদ দেওয়া হয় বা কম দেওয়া হয়। ২ ছাড়; হিসাবে ছাড়। [ই.]

ডিসচার্জ *বি* ১ ছেড়ে দেওয়া,উপযুক্ত প্রমাণের অভাবে আসামিকে মুক্তিদান। ২ চাকরি থেকে ছাড়িয়ে দেওয়া; পদচ্যুতি। [ই.]

ডিসট্রিক্ট *বি* জেলা; প্রশাসনিক এলাকা ভাগ। [ই.]

ডিসট্রিক্ট বোর্ড *বি* জেলা বোর্ড; জেলার উন্নতিকল্পে গঠিত স্বায়ত্তশাসিত সংস্থা। [ই.]। **ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেট, ডেপুটি কমিশনার** (ডিএম, ডিসি) *বি* জেলা প্রশাসক।

ডিসপেনসারি *বি* ডাক্তারখানা; ঔষধালয়। [ই.]

ডিসমিস *বিণ*১ বাতিল; খারিজ; অগ্রাহ্য। ২ কাজ থেকে বরখাস্ত; কর্মচ্যুত; চাকরি থেকে বহিষ্কৃত। [ই.]

ডিসেম্বর *বি* ১ ইংরেজি বছরের দ্বাদশ মাস; ইংরেজি বছরের শেষ মাস। ২ অগ্রহায়ণের মাঝামাঝি থেকে পৌষের মাঝামাঝি পর্যন্ত সময়। [ই.]

ডিহি *বি* কয়েকটি গ্রামের সমষ্টিকে মৌজা ও কতিপয় মৌজার সমষ্টিকে ডিহি বলা হয়। [ফা. দিহ্]। **ডিহিদার** *বি* ডিহির অধিকারী বা শাসনকর্তা।

ডীন *বি* বিশ্ববিদ্যালয়ের কোনো বিদ্যা-শাখার (কলা বিজ্ঞান আইন চিকিৎসা প্রভৃতি) কোনো একটি অনুষদ-প্রধান। [ই. dean]

-ডীন *বিণ* উড়নশীল (উড্ডীন)। [স.]

ডুকরা, ডুকরানো *ক্রি* ১ চিৎকার করে কাঁদা; ফুঁপিয়ে কাঁদা। ২ পশুর আর্ত চিৎকার বা ঘনঘন ডাক। [হি. ডকরা]

ডুগডুগ *বিণ* লাল টুকটুকে। ❑*বি* ডমরু প্রভৃতির বাদ্য/শব্দ।

ডুগি, ডুগী *বি* তবলার সঙ্গে বাজানো হয় এমন বাদ্যযন্ত্র; এটা তবলা অপেক্ষা ছোট ও বামহস্তে বাজানো হয়; বাঁয়া। [তুল. হি. ডুগগী]

ডুব *বি* পানিতে নিমজ্জন; অবগাহন; স্নান। ❑*বিণ* ডুব দেবার মতো গভীর। **ডুবন্ত** *বিণ* ডুবে যাচ্ছে এমন; ডুবুডুবু।

ডুবগি, ডুবকি *বি* ডমরু; ডুবডুব শব্দকারী ক্ষুদ্র বাদ্যযন্ত্র।

ডুবডুবি *বি* ডমরু।

ডুবা, ডোবা *ক্রি*১ ডুব দেওয়া; পানিতে নিমজ্জিত হওয়া; পানির মধ্যে প্রবেশ করা। ২ সর্বনাশ হওয়া; সব নষ্ট হওয়া। ৩ বিনষ্ট হওয়া। ৪ অস্ত যাওয়া। ৫ বিভোর হওয়া।

ডুবুডুবু *বিণ* ১ ডুবে যাচ্ছে বা ডুবে যাবার মতো হয়েছে এমন; নিমজ্জিতপ্রায়। ২ বিভোর; মগ্ন; মাতোয়ারা। ৩ অস্তমিতপ্রায়। ৪ বন্যা-প্লাবিত।

ডুবুরি, ডুবারি, ডুবারু *বি*১ যে অনেকক্ষণ পানির মধ্যে ডুব দিয়ে থাকতে পারে; ডুব দিতে পটু ব্যক্তি। ২ যারা ডুব দিয়ে পানির তল থেকে মুক্তা প্রবালাদি বা নিমজ্জিত বস্তু তুলে আনে। [বা. √ডুব+ বা. উরি, আরি, আরু]

ডুম *বি*১ ডিম্বাকৃতি স্থূল দীপাধারবিশেষ। ২ মোটা টুকরা; অপেক্ষাকৃত কঠিন দ্রব্য টুকরা করে কাটা। [বা. আঞ্চলিক]

ডুমকি *বি* বাদ্যযন্ত্রবিশেষ।

ডুমনী *বি*১ ডোমজাতীয় কন্যা বা স্ত্রী; ডোমনী। ২ চৌকাঠে সংলগ্ন হাঁসকলের অংশ।

ডুমা, ডুমো *বি* ১ কাপড়ের টুকরা। ২ খণ্ড; টুকরা। ৩ যা টুকরা করে কাটা হয়েছে। ৪ নারীর পরিধেয় বস্ত্র। **ডুমা-ডুমা** *বিণ* খণ্ড খণ্ড; টুকরা টুকরা। [আঞ্চলিক]

ডুমুর *বি* 'ডুমুর' নামের সুপরিচিত গাছ ও ফল। [স. উডুম্বর/ডুমুর]। **ডুমুরের ফুল** *বি* ১ অদৃশ্য বস্তু। ২ (আল.) দুর্লভ বা দুষ্প্রাপ্য বস্তু।

ডুম্বুর *বি* ১ ডুগডুগি; বাদ্যযন্ত্রবিশেষ। ২ ডুমুর গাছ ও ফল। [স. উদুম্বর>]

ডুরি[১], **ডোরী** *বি*১ সুতা; রশি; সরু দড়ি; রজ্জু; ডোর। ২ বন্ধন; বন্ধনরজ্জু। ৩ যে রাজাদেশ সংবলিত ডুরি বা সুতা প্রাচীনকালে ছাড়পত্র রূপে ব্যবহৃত হতো। ৪ পাখোয়াজ। ৫ (আল.) প্রণয়ের টান বা বাঁধন। [স. ডোর+বা. ই]

ডুরি[২] *বি* নৌকা থেকে পানি সেঁচে ফেলবার পাত্রবিশেষ।

ডুরে, ডুরিল *বিণ* ডোরাযুক্ত; ডোরাকাটা।

ডুলা, ডোলা *বি* ১ মাছাদি রাখবার বাঁশের তৈরি এক প্রকার ছোট পাত্র; খালুই। ২ দোলা। [বা. ডোল+আ= ডোলা>ডুলা।]

ডুলি, ডোলী *বি* ছোট পালকি জাতীয় যান; ছোট শিবিকা; দোলা। [স. দোলী>]

ডেউড়ি, দেউরি *বি* সদর মহল; কাচারি ঘর; বৈঠকখানা; বালাখানা। [হি. দেহলি>]

ডেউয়া[১] *বি* অম্লস্বাদযুক্ত ফল ও তার গাছবিশেষ। [স. ডহু]

ডেও[২], **ডেঁয়ো, ডেউয়া**[২] *বি* বড় পিঁপড়াবিশেষ।

ডেঁড়েমুষে *ক্রিবিণ* ১ চেটেপুটে; নিঃশেষে; ঝেড়ে মুছে; সম্পূর্ণরূপে। ২ সর্বস্বান্ত করে।

ডেঁপ, ড্যাঁপ *বি* ১ লম্বা বাঁশ বা কাঠ থেকে খাদিকাটা মাচার উপযোগী এড়ো কাঠ। ২ বিষধর সাপের ছানা।

ডেঁপো, ডেঁফো *বি,বিণ* অকালপক্ব; ইঁচড়ে পাকা; ফাজিল; দুষ্ট; বখাটে।

ডেক[১], **ডেগ**[১] *বি* ধাতু-নির্মিত বড় রন্ধন পাত্র। [ফা. দেগ]। **ডেকচি, ডেগচি** *বি* ছোট আকারের ডেগ।

ডেক[২] *বি* জাহাজ প্রভৃতির পাটাতন। [ই. deck]। **ডেকচেয়ার** *বি* জাহাজের পাটাতনের উপরে পাতা আরাম কেদারা।

ডেকরা, ড্যাকরা *বি,বিণ* ধূর্ত; শঠ; খল। ❑*বিণ*১ অশিষ্ট; পাজি। ২ হঠকারী; ডানপিটে। [স. ডিঙ্গর>]

ডেকি, ডিঁকি *বিণ* কম বয়সী (ডেকি মুরগি)।

ডেক্রন *বি* নাইলন জাতীয় এক প্রকার কৃত্রিম রেশমি বস্ত্র। [ই.]

ডেগ[২], **ডেক**[৩] *বি* তামা ইত্যাদির হাঁড়ি।

ডেগুর, ডেকুরা, ডেপুরা *বি* কুঁড়েঘর।

ডেঙ্গার, ডাঙর *বি* বড় উকুন।

ডেঙ্গু, ডেংগু *বি* সমস্ত শরীরে বেদনাযুক্ত পালাজ্বর বিশেষ।

ডেঙ্গো, ডেঙো *বি* এক প্রকার শাক।

ডেপল, ডেফল *বি* ডেউয়া; ডহু ফল।

ডেপুটি *বিণ* প্রধান কর্মচারী বা পরিচালকের সহকারী। ▢*বি* সহকারী ম্যাজিস্ট্রেট বিশেষ। [ই]। **ডেপুটি কমিশনার** *বি* জেলাপ্রশাসক।

ডেম *বি*১ অঙ্কুর। ২ কলা গাছের গোড়া থেকে উদ্‌গত ছোট চারা; ডেউড় বা পোয়া। ৩ সাপের ছানা।

ডেমারেজ, ডিমারেজ *বি* নির্দিষ্ট সময়ে রেল জাহাজ নৌকা প্রভৃতি থেকে মাল খালাস না করার জন্য দেয় অতিরিক্ত ভাড়া। [ই]

ডেমি, ডেমী *বি* আদালতে দরখাস্ত বা দলিল পত্রাদি লিখবার কাজে ব্যবহার্য কিছু মোটা ও শক্ত অর্ধ ফুলস্কেপ আকারের কাগজ। ▢*বিণ* আধা ব্যক্তিগত। [ই. demy]। **ডেমিঅফিসিয়াল লেটার** *বি* আধা-দাপ্তরিক চিঠিপত্র।

ডেমোক্রেসি, ডিমোক্রেসি *বি* গণতন্ত্র; লোকতন্ত্র; জনগণের পরোক্ষ শাসনব্যবস্থা। [ই]

ডেরা *বি*১ তাঁবু; বস্ত্রাবাস; কানাত। ২ বাসা; কুটির; আশ্রয়। ৩ আস্তানা; অস্থায়ী আবাস। [হি]

ডেলকো *বি* দেলকো; কাঠের দীপাধার।

ডেলা, ড্যালা *বি*১ ঢিল; ঢিলা; দলা; তাল; পিণ্ড। ২ বড় ঢিল; লোষ্ট্র। [স. ডল্লক>]

ডেলি *বি* প্রত্যহ। [ই]

ডেলি প্যাসেঞ্জার *বি* নিত্যযাত্রী; যারা প্রত্যহ দূর থেকে যাতায়াত করে। [ই]

ডেশ, ড্যাশ *বি* বিরাম চিহ্নবিশেষ (—)। [ই]

ডেস্ক, ডেস্ক *বি* ১ লিখবার বা পড়বার ছোট ঢালু বাক্সযুক্ত টেবিলবিশেষ। ২ পররাষ্ট্র মন্ত্রণালয়ের শাখা, কোনো এলাকার বিষয় যেখানে দেখাশুনা করা হয় (দক্ষিণ এশীয় ডেস্ক)। [ই]

ডেস্ট্রয়ার *বি* এক প্রকার যুদ্ধজাহাজ। [ই]

ডোকরা, ডুকরা *বিণ* জড়বুদ্ধি; দুষ্টবুদ্ধি; দুর্মতি। ▢*বি* হতভাগ্য; লক্ষ্মীছাড়া; ড্যাকরা; তিরস্কারবিশেষ। [স. দুষ্কর>প্রা. ডুক্কর >ডুকরা >ডোকরা; হি. ডোক্‌রা/ ডুকরী]

ডোকলা *বি,বিণ* ১ যে বাজে খরচ করে; অপব্যয়ী। ২ লক্ষ্মীছাড়া। ৩ পেটুক; যে চেয়েচিন্তে খেয়ে বেড়ায়। [তুল. হি. ডুক্‌রা]

ডোঙ্গা, ডোঙা *বি*১ এক প্রকার ছোট সরু নৌকা; শালতি। ২ তাল গাছের গুঁড়ি দিয়ে প্রস্তুত ছোট নৌকা। ৩ জল তুলবার পাত্র; দ্রোণী।

ডোজ *বি* ঔষধের মাত্রা। ▢*ক্রিবিণ* অতি সূক্ষ্ম মাত্রায়। [ই. dose]

ডোবর *বি* ছোট গর্ত। [স. গহ্বর>]

ডোবা *বি* ১ ছোট বা এঁদো পুকুর; যার পানি ব্যবহারের যোগ্য নয় এমন ছোট জলাশয়। ২ পানিপূর্ণ গর্তবিশেষ।

ডোম *বি* মৎস্যজীবী ও বাদ্যকর শ্রেণীর একটি অনুন্নত হিন্দু সম্প্রদায়। **ডোমনী, ডুমনী** *বি, স্ত্রী.*। [স.]

ডোমচিল *বি* এক প্রকার ধূসর কালো রঙের চিল।

ডোমনী *বি* ১ ডুমনী। ২ দরজার হাঁসকলের যে অংশটি চৌকাঠের সঙ্গে সংলগ্ন থাকে।

ডোয়া *বি* কাঁচা ঘরের মাটি-নির্মিত ভিত্তির প্রান্তভাগ, যা সাধারণত বাইরে থেকে দেখা যায়। [আঞ্চলিক]

ডোর *বি*১ সুতা; রজ্জু; ডুরি; দড়ি। ২ বৈষ্ণবদের বহির্বাস। ৩ সন্ন্যাসীর কটিবন্ধ। ৪ (আল.) বন্ধন; আকর্ষণ। [স. ডোরম্>]

ডোরা *বি* ১ লম্বা রেখা। ২ নানা বর্ণের রেখা। ৩ ডোর। [স.]। **ডোরাকাটা** *বিণ*১ ডোরাযুক্ত; রেখাঙ্কিত। ২ নানা বর্ণের রেখা দ্বারা চিহ্নিত।

ডোল[১] *বি* ১ ধান-চাউল প্রভৃতি শস্য রাখবার উপযোগী বাঁশের চটা নল বা হোগলা প্রভৃতি দিয়ে তৈরি বৃহৎ পাত্র। ২ কূয়া থেকে পানি তুলবার পাত্রবিশেষ। ৩ (প্রাচীন পদ্য) কম্পিত; রোমাঞ্চিত; অস্থির। [স. কণ্ডোল> ডোল]। **ডোলভরা** *বিণ* সুপ্রচুর; প্রভূত।

ডোল[২] (ম-বা) *বি* দোল; দোলন। [স. দুল্>]

ডোলা[১] *বি*১ দোলা; এক প্রকার শিবিকা। ২ অপেক্ষাকৃত ছোট ডোল[১]।

ডোলা[২] *ক্রি*১ ঝাঁপা; দোলা। ২ দোলা দেওয়া; দুলানো।

ডৌল, ডোল *বি* অবয়ব; রূপ (সুডৌল); গড়ন; আকৃতি; গঠন; ঢপ; ঢক। [তুল. হি. ডৌল]। **সুডৌল** *বি* সুগঠন। ▢*বিণ* সৌষ্ঠবযুক্ত; সুন্দর।

ড্যাং ড্যাং, ড্যাঙ ড্যাঙ *অব্য* ঢাকের শব্দ। ▢*বি* বিজয় ধ্বনি; জয় ঘোষণা।

ড্যাবড্যাব *অব্য* দীপশিখা দবদব করে জ্বলার ভাব; বিশালতা প্রকাশ। **ড্যাবড্যাবা, ড্যাবডেবে** *বিণ* ভাসা ভাসা; আয়ত ও স্থূলবুদ্ধিব্যঞ্জক।

ড্রইং, ড্রয়িং *বি* রেখাচিত্র; অঙ্কন। [ই]

ড্রইংরুম *বি* বৈঠকখানা; বাংলাঘর; বসার ঘর। [ই]

ড্রপসিন *বি* থিয়েটারের বা রঙ্গমঞ্চের পট; যবনিকা। [ই]

ড্রয়ার *বি* দেরাজ। [ই]

ড্রাগন *বি* এক প্রকার ভয়ঙ্কর অগ্নিবর্ষণকারী পাখাযুক্ত কল্পিত সাপ। [ই]

ড্রাম[১] *বি* তরল পদার্থের এক প্রকার মাপ; ষাট গ্রেন। [ই]

ড্রাম[২] *বি*১ জয়ঢাক; ঢোল জাতীয় বাদ্যযন্ত্র। ২ পানি তেল ইত্যাদি রাখবার বৃহৎ ধাতব পাত্র। [ই]

ড্রাম[৩] *বি*১ গ্রিসের প্রাচীন রৌপ্যমুদ্রাবিশেষ। ২ ষাট গ্রেন ওজন; ষাট ফোঁটা পরিমাণ। [ই. drachm]

ড্রিবলিং *ক্রি* ফুটবল খেলায় বল পায়ে রেখে অন্যদের কাটিয়ে নেওয়ার জন্য কোনো খেলোয়াড়ের নানা একক প্রয়াস। [ই]

ড্রিল *বি* ১ নিয়মিত অঙ্গচালনা; একত্র বা সম্মিলিত ব্যায়াম। ২ কুচকাওয়াজ; যুদ্ধ শিক্ষা। [ই] **ড্রিলমাস্টার** *বি* ব্যায়াম বা শরীরচর্চার শিক্ষক।

ড্রেন *বি* নর্দমা; জলপ্রণালী। [ই]

ড্রেস *বি* ১ পোশাক; মর্যাদাসম্পন্ন পোশাক। ২ অস্ত্রোপচারের পর চিকিৎসাবিজ্ঞানসম্মত নিয়মে ক্ষতস্থান বস্ত্রখণ্ডাদি দ্বারা বাঁধা। **ড্রেসিং টেবিল** *বি* প্রসাধন টেবিল; শৃঙ্গার টেবিল। [ই]

ড়

ড় ড বর্ণের নিচে বিন্দু দিয়ে ড-এর তাড়নজাত রূপ ড়-কে সাধারণত আলাদা বর্ণ হিসাবে গণ্য করা হয়। সাধারণ বর্ণানুক্রমে এটি তেত্রিশতম ব্যঞ্জনবর্ণ, তবে অভিধানের বর্ণানুক্রমে এটি ড বর্ণের পরে বসে।

ঢ

ঢ বাংলা বর্ণমালার চতুর্দশ ব্যঞ্জনবর্ণ।

ঢং[১]**, ঢঙ, ঢঙ্গ** *বি* ১ রকম; পদ্ধতি; ধরন; ভঙ্গি; ফ্যাশন। ২ রং-তামাশা; ছলাকলা; ভান। ৩ কৃত্রিম বা অদ্ভুত ভাব। ৪ কথা বলার প্রণালী। **ঢঙি, ঢঙ্গি, ঢংগি** *বি স্ত্রী.* ঢং করে এমন (ঢঙি মেয়ে)।

ঢং[২]**, ঢন** *অব্য* ঘণ্টা প্রভৃতি বাজার শব্দ; ঘড়ির প্রহারবাদ্য। **ঢংঢং, ঢনঢন** *অব্য* ১ বার বার ঘণ্টাধ্বনি। ২ শূন্য কলসিতে আঘাতের শব্দ। **ঢনঢনে** *বিণ* খালি পাত্র।

ঢক[১] *অব্য* ১ (ধ্বন্যা.) পানি প্রভৃতি তরল পদার্থ পানের বা ঢালার শব্দ। ২ খালি পাত্রে অল্প পরিমাণ তরল পদার্থ ছলকানোর শব্দ; অপেক্ষাকৃত কঠিন ও শূন্যগর্ভ জিনিসের আঘাতের শব্দ।

ঢক[২] *বি* আকৃতি; গড়ন; গঠন; ঢপ। **বেঢক** *বিণ* বেমানান; কদাকার।

ঢকাস *অব্য* ঢক শব্দের আধিক্য প্রকাশক ধ্বনি।

ঢক্ক *বি* বাদ্যযন্ত্রবিশেষ; ঢাক। কারো কারো অনুমান ঢক্ক বা ঢক্কা থেকে 'ঢাকা' নগরীর নামের উদ্ভব। [স.]

ঢক্কা *বি* বাদ্যযন্ত্রবিশেষ; ঢাক। [স.]

ঢপ[১] *অব্য* ১ টুপ বা টপ অপেক্ষা জোরালো ধ্বনি। ২ ভারী বস্তু পতনের শব্দ। ৩ ভারী বস্তু দ্বারা নরম বা শূন্যগর্ভ দ্রব্যে আঘাতের ফলে উৎপন্ন ধ্বনি। **ঢপ ঢপ** *অব্য* পুনঃপুন ঢপ শব্দ।

ঢপ[২] *বি* ১ আকৃতি; গড়ন; চেহারা; ডৌল। ২ এক প্রকার কীর্তন গান। [তুল. হি. ঢব]

ঢল *বি* ১ নিম্নস্থান; ঢালু জায়গা; ঢালু। ২ পর্বত প্রভৃতি থেকে নিম্নে প্রবাহিত জলরাশি। ৩ বন্যায় বৃদ্ধিপ্রাপ্ত জলরাশি; প্রচুর বৃষ্টিপাতের ফলে চারদিকে পানির বৃদ্ধি। ☐*বিণ* শিথিল; ঢিলা; আলগা।

ঢলকানো *ক্রি* ১ ঢলে পড়া। ২ কোনো তরল বস্তু ঢেলে দেওয়া; ধাক্কা খেয়ে তরল পদার্থ পাত্র থেকে পড়ে যাওয়া। ৩ একবারে অনেকখানি ঢেলে দেওয়া।

ঢলঢল *বিণ* ১ শিথিল বা ঢিলা হওয়া; যথেষ্ট ঢিলা হওয়া; উপচে পড়বে এমন। ২ ঢুলুঢুলু; আবেশ-বিভোর। ৩ রূপ-লাবণ্যের প্রাচুর্যব্যঞ্জক। ☐*অব্য* লাবণ্য ভাব। ☐*বি* টলটল। **ঢলঢলে** *বিণ* ১ ঢিলা; আলগা। ২ লাবণ্যযুক্ত। ৩ তরল।

ঢলতা *বি* মাপে কিছু বেশি দেওয়া; যথার্থ ওজনের কিছু বেশি; ওজনের সম্ভাব্য ঘাটতি পূরণের জন্য বাড়তি কিছু। [হি.]

ঢলন *ক্রি* ঢলে পড়ন।

ঢলা *ক্রি* ১ হেলে বা ঝুঁকে পড়া। ২ পক্ষপাতী হওয়া। ৩ অবসন্ন হয়ে পড়া। ৪ ঢুলুঢুলু করা। ৫ রসাবেশে বিভোর হওয়া। **ঢলাঢলি** *বি* অতিরিক্ত স্ফূর্তির ভাব; প্রকাশ্যে উচ্ছৃঙ্খল আচরণ; কেলেঙ্কারি; যুবক-যুবতীর অবাঞ্ছিত মেলামেশা। **ঢলানো** *ক্রি* হেলানো।

ঢক্কো, ঢক্ক *বিণ* ঢিলা; আলগা; ঢলঢলে। [হি.]

ঢসকে পড়া *ক্রি* খসে পড়া।

ঢসন *ক্রি* ধ্বসে পড়ন; নদীর পাড়াদি ভেঙে পড়ন; খস। [স. ধ্বস>]। **ঢসা** *ক্রি* ভেঙে পড়া; ধ্বসা। **ঢসানো** *ক্রি* ভেঙে ফেলা; খসানো।

ঢাউস *বিণ* ১ অত্যন্ত বৃহদাকার; স্থূল। ২ বড় ঘুড়িবিশেষ।

ঢাঁই *বি* আঁশহীন বড় মাছবিশেষ।

ঢাক *বি* সুপরিচিত বৃহৎ বাদ্যযন্ত্র; ঢক্কা। [স. ঢক্ক>]। **ঢাক পেটা, ঢাকঢোল পেটা** *ক্রি* ১ ঢাক বাজানো। ২ সকলের বা সর্বসাধারণের নিকট প্রচার করা। **ঢাকের বাঁয়া** *বি* (আল.) অনাবশ্যক ও অকেজো সঙ্গী।

ঢাকনা, ঢাকনি *বি* ১ আবরক বস্তু; আচ্ছাদন। ২ বাক্স প্রভৃতির ডালা। ৩ হাঁড়ি ইত্যাদির আবরক; সরা প্রভৃতি। [হি. ঢক্কন>ঢাকন+আ]

ঢাকা[১] *বি* ১ ঢাকনা। ২ আবরণ। ☐*বিণ* আবৃত। ☐*ক্রি* গোপন করা; চাপা দেওয়া; লুকানো; আচ্ছাদিত করা। **ঢাকাঢাকি** *বি* সংগোপন; সম্পূর্ণ গোপন।

ঢাকা[২] *বি* সুবে বাঙ্গালার এবং এ কালের বাংলাদেশের সুপরিচিত নগরী ও রাজধানী; প্রাচ্যের রহস্য নগরী নামে খ্যাত মোগলদের তৈরি ষোড়শ শতকের নগর ঢাকা শহর। **ঢাকাই** *বিণ* ১ ঢাকা সংক্রান্ত; ঢাকা সম্বন্ধীয়। ২ ঢাকায় উৎপন্ন বা প্রস্তুত (ঢাকাই জামদানি/বাখরখানি)। ৩ ঢাকায় প্রচলিত।

ঢাকি *বি* যে ঢাক বাজায়; ঢাক বাজনদার; যে ঢাক বাজিয়ে জীবিকা অর্জন করে। [স. ঢক্ক> ঢাক+বা. ই]

ঢাকুন *বি* সরা; মাটির তৈরি ঢাকনি।

ঢাবস *বি* বড় ঘুড়ি; ঢাউস। [তুল. হি. ঢব্বস]

ঢামাল, ঢামালি (প্রা-বা) *বি* ১ রং-তামাশা; ঢলাঢলি। ২ দুষ্টামি। [ধামালি>]

ঢাল[১] *বি* অস্ত্রের আঘাত নিবারক চর্ম, বেত বা অন্য কোনো শক্ত পদার্থের ফলকবিশেষ।

ঢাল[২]**, ঢালা** *বি* ঢালু জমি; ক্রমনিম্নভূমি; গড়ান। ☐*বিণ* ক্রমনিম্ন; ক্রমশ নিচু গড়ানো।

ঢালন, ঢালাই *ক্রি* ধাতু গলিয়ে ছাঁচে ঢেলে রূপ দেওয়া।

ঢালশুমার, ঢালসুমর *বি* ১ যেখানে যা আছে সমস্ত একত্র ঢেলে ফেলে গণনা। ২ ধার শোধ দেওয়া; পুনরায় নেওয়া।

ঢালা *ক্রি* ১ এক পাত্র থেকে অন্য পাত্রে পাতিত করা। ২ ধাতু গালিয়ে নির্দিষ্ট আকার দেওয়ার জন্য পাতিত করা। ৩ বহুল পরিমাণে নিয়োগ করা বা ছড়িয়ে দেওয়া। ☐*বিণ* ১ ছাঁচে ঢালাই করা হয়েছে এমন। ২ সুবিস্তৃত; ঢালাও। ৩ স্পষ্ট ও স্থায়ী। **ঢালাও** *বিণ* ১ ঢালা; সুবিস্তৃত। ২ ব্যক্ত ও বিশদ; স্পষ্ট ও স্থায়ী। ৩ সুপ্রচুর।

ঢালাই *বি* ধাতু গালিয়ে ছাঁচে ঢেলে বিভিন্ন রূপ দেওয়ার কাজ; দালানের ছাদ কংক্রিটে আচ্ছাদন। ☐ *বিণ* ছাঁচে

ঢেলে তৈরি। **ঢালাইকার** *বি* যে ঢালাইয়ের কাজ করে; ঢালাই করার কারিগর। **ঢালাউ, ঢালাও** *বিণ* ১ বিস্তৃত। ২ দেদার; প্রচুর; পর্যাপ্ত। ৩ অবাধ।

ঢালী *বিণ* ঢালধারী; ঢালযুক্ত। ❑ *বি* ১ ঢালধারী সৈনিক। ২ উপাধিবিশেষ। [স.]

ঢালু *বিণ* ঢালযুক্ত; গড়ানে; ক্রমশ নিচু; ক্রমনিম্ন (ঢালু জমি)। [হি.]

ঢিকনো, ঢিকানো *ক্রি* ক্লান্তি হেতু কষ্টেসৃষ্টে আস্তে চলা; ধুঁকে ধুঁকে চলা। [স. ধিক্ষ>]

ঢিট, ঢীট *বিণ* ১ ঠিক। ২ (ম-বা) ধৃষ্ট; শঠ; নির্লজ্জ। ৩ অশিষ্ট; দুর্বিনীত। ৪ শায়েস্তা; জব্দ। [স. ধৃষ্ট>]। **ঢিটপনা** *বি* নির্লজ্জতা; বেহায়াপনা; ধৃষ্টতা।

ঢিটেমি *বি* অবহেলা; চতুরতা।

ঢিঠ (ম-বা) *বিণ* লজ্জাহীন; চতুর; ধৃষ্ট।

ঢিড *বিণ* ভীষণ; সাংঘাতিক।

ঢিটি *বি* ব্যাপক জানাজানি; সাধারণত নিন্দার্থে ব্যবহৃত। ❑ *বিণ* চতুর্দিকে বিপুলভাবে প্রচারিত; ধিকধিক; অখ্যাতি।

ঢিপ *অব্য* ১ হঠাৎ পতন বা আছাড় খাওয়ার শব্দ; কঠিন বস্তুতে আঘাতের শব্দ। ২ পায়ে মাথা ঠেকিয়ে প্রণামের শব্দ। ৩ ঢিপঢিপ হৃৎপিণ্ডের স্পন্দন শব্দ।

ঢিপানো, ঢিপুনি *বি* কিল চড় ইত্যাদি দ্বারা বেদম প্রহার। ❑ *ক্রি* প্রহার করা; কিল চড় ইত্যাদি মারা; মুষ্ট্যাঘাত করা। **ঢিপলা, ঢিপলে** *বি* স্ফীত অংশ; গোলাকার উত্থিত অংশ।

ঢিপি, ঢিবি *বি* ১ স্তূপ; কাঁড়ি। ২ উচ্চস্থান। ❑ *বিণ* ধুপসা; মোটা। [স. স্তূপ>]

ঢিমা, ঢিমে *বিণ* ১ মৃদু; ক্ষীণ। ২ ধীর; মন্থর; বিলম্বিত। ৩ নিরুদ্যম; নিরুৎসাহ; দীর্ঘসূত্র। **ঢিমা তেতালা/ ঢিমে তেতালা** *বি* সঙ্গীতের একটি তাল। ❑ *বিণ* (ব্য.) আস্তে আস্তে কাজ করে এমন; দীর্ঘসূত্রী। [তুল. স. মধ্যমা>]

ঢিল[১] *বি* মাটি ইট ইত্যাদির ক্ষুদ্র টুকরা; ডেলা; লোষ্ট্র। **ঢিলাঢিলি** *বি* পরস্পরের প্রতি ঢিল নিক্ষেপ।

ঢিলা, ঢিলে, ঢিল[২] *বিণ* ১ আঁটসাঁট নয়; ঢলঢল; শ্লথ। ২ শিথিল; আলগা; হালকা। ৩ শিথিল প্রকৃতির; অলস; কাজে কুঁড়ে; অসাবধান। ❑ *বি* শৈথিল্য; অযত্ন। **ঢিলাঢালা, ঢিলেঢালা** *বিণ* শ্লথ; শিথিল-স্বভাব; অলস।

ঢু, ঢুঁ[১] *বি* গরু ছাগল প্রভৃতির মাথা বা শিং দ্বারা গুঁতা বা আঘাত; ঢুস। **ঢু দেওয়া, ঢু মারা** *ক্রি* ১ মাথা দিয়ে গুঁতানো। ২ খোঁজ খবর নেওয়া।

ঢুঁ[২], **ডু** *বি* কাবাটি খেলায় ব্যবহৃত শব্দবিশেষ।

ঢুঁড়া, ঢোড়া *ক্রি* খোঁজ বা অন্বেষণ করা; তল্লাস করা। [স. ঢুণ্ট]। ❑ *বি* বিষহীন সাপবিশেষ।

ঢুক *অব্য* ঢক শব্দের চেয়ে মৃদুতর ধ্বনি।

ঢুকা, ঢোকা *ক্রি* ভিতরে প্রবেশ করা; যাওয়া। **ঢুকানো, ঢোকানো** *ক্রি,বিণ* প্রবেশ করানো। [স. ঢৌক>]

ঢুঢু, ঢুঁঢু *বি, অব্য* কিছুই নহে; ফাঁকি; অন্তঃসারশূন্য ভাব বা অবস্থা; শূন্যতা।

ঢুণ্ঢন *বি* অন্বেষণ; ঢুড়ন। [স. ঢুণ্ঢ>]

ঢুপ *বি* শূন্যপাত্রের শব্দ; হালকা কোনো বস্তুর পতন শব্দ। **ঢুপঢাপ** *অব্য* অনবরত ঢুপ শব্দ।

ঢুপি *বি* ঘুঘু।

ঢুল *বি* ১ তন্দ্রা; নেশা প্রভৃতির ঝোঁক বা ঘোর। ২ তন্দ্রা বা নেশার জন্য মাথা দুলুনি। [স. দোলা> ডোল>ঢুল]। **ঢুলুঢুলু** *বি* আবেশে বিভোর; তন্দ্রাজড়িত ভাব; নেশার আবেশ বা ঘোর। **ঢুলনি, ঢুলুনি** *বিণ* ঝিমাচ্ছে এমন। ❑ *বি* তন্দ্রাবেশ; ঝিমানো।

ঢুলা, ঢোলা *বি* নেশা বা তন্দ্রার ঘোরে অবসন্ন হওয়া। ❑ *ক্রি* ঘুমের ঘোরে ঝুঁকে পড়া; ঝিমানো। **ঢুলানো, ঢুলনো** *ক্রি* ১ নাড়া বা দোলা দেওয়া; দোলানো; আন্দোলিত করা। ২ ব্যজন করা। ৩ তন্দ্রা বা নেশার ঘোরে মাথা দোলানো।

ঢুলি, ঢুলী *বি* ১ যে ঢোল নামক বাদ্যযন্ত্র বাজায়; ঢোলবাদক। ২ সম্প্রদায়বিশেষ। [স. ঢোল>]

ঢুস, ঢুষ *বি, ক্রি* শিং বা মাথা দিয়ে গুঁতা বা আঘাত। **ঢুসাঢুসি, ঢুষাঢুষি** *বি* ১ মাথা বা শিং দিয়ে পরস্পরকে আঘাতকরণ; গুঁতাগুঁতি। ২ (আল.) অবনিবনা। **ঢুসানো, ঢুষানো** *ক্রি, বি* শিং বা মাথা দ্বারা আঘাত করা; ঢুঁ মারা।

ঢেউ *বি* তরঙ্গ; বাতাসে বা স্রোতের বেগে পানির উচ্চতা বা উচ্ছ্বাস; ঊর্মি। **ঢেউ খেলানো, ঢেউ-তোলা** *বিণ* তরঙ্গায়িত; দেখতে ঢেউয়ের মতো উঁচু-নিচু; কুঞ্চিত। **ঢেউ গোনা** *ক্রি* অলসভাবে সময় কাটানো।

ঢেঁকি, ঢেঁকী *বি* ধান ইত্যাদি ভানার বা কূটার কাঠের তৈরি যন্ত্র। [মুণ্ডা. ডিংকি> বা. ঢেঁকি]। **ঢেঁকিশাল, ঢেঁকীশাল** *বি* যে ঘরে ঢেঁকি থাকে; ঢেঁকির ঘর।

ঢেঁকুর, ঢেকুর *বি* উদরস্থ বায়ুর ঊর্ধ্বগমনে মুখ থেকে যে শব্দ নির্গত হয়; উদ্‌গার; হিক্কা।

ঢেঁটা *বিণ* ১ ধৃষ্ট; শঠ; দুষ্ট; বেহায়া। ২ একগুঁয়ে; অবাধ্য। [স. ধৃষ্ট>]। **ঢেঁটামো, ঢেঁটামি** *বি* ১ শঠতা; দুষ্টামি। ২ অবাধ্যতা।

ঢেঁঠরা, ঢেঁড়া, ঢ্যাঁরা, ঢেঁড়ি[১]**, ঢ্যাঁডড়া, ঢ্যাঁডরা** *বি* ১ ঢাকবিশেষ। ২ ঢোল-শোহরত।

ঢেঁড়স, ঢ্যাঁড়স, ঢ্যাঁড়শ *বি* তরকারিবিশেষ; ভিণ্ডি। [স. ভিণ্ডিশ (ভেষজশাস্ত্রে)>]

ঢেঁড়ি[২]**, ঢেঁড়ী** *বি* ১ মেয়েদের কানের অলঙ্কারবিশেষ। ২ আফিম গাছের ফল বা বীজকোষ; পোস্তফল। ৩ ঘোষণার জন্য ব্যবহৃত ঢোলজাতীয় বাদ্যযন্ত্র।

ঢেঁশকেল, ঢেঁস্কেল *বি* ঢেঁকিশাল; যেখানে ঢেঁকি পাতা থাকে। [আঞ্চলিক]

ঢেড়ি, ঢেড়ী *বি* ঢেড়া; ঢেটরা; ঢোল শোহরত।

ঢেড়ি[২]**, ঢেড়, ঢের** *বি* প্রাচুর্য; বাহুল্য। ❑ *বিণ* সার্ধ; ডেড়া; দেড়া। [হি. ঢের]

ঢেপসা, ঢ্যাপসা *বিণ* ১ স্তূপের ন্যায়; ঢিপির মতো। ২ বেমানান; মোটা; স্থূল ও শ্রীহীন।

ঢেমচা, ঢেমসা *বি* বাদ্যযন্ত্রবিশেষ।

ঢেমনা[১]**, ঢ্যামনা** *বি* ১ লম্পট। ২ গালিবিশেষ। **ঢেমনি** *স্ত্রী.* উপপত্নী।

ঢেমনা[২] *বি* এক প্রকার বিষহীন সাপ; দাঁড়াশ সাপ।

ঢের *বিণ* প্রচুর; বেশি; অনেক; দেদার; যথেষ্ট।
ঢেরা, ঢ্যারা *বি* ১ 'x' এই চিহ্ন। ২ দড়ি পাকাবার যন্ত্র। ৩ স্বীকৃতি।
ঢেলা *বি* ঢিল; ঢিলের চেয়ে বড় মাটি, ইট ইত্যাদির টুকরা।
ঢোঁক, ঢোক *বি* ১ একবারে যে পরিমাণ তরল পদার্থ পান করা যায়; এক চুমুকে যা গেলা যায়। ২ গিলন; গলাধঃকরণ। ৩ গিলবার ভঙ্গি।
ঢোঁড়ন *বি* অনুসন্ধান। [স. ঢুন্ট>]
ঢোঁড়া *বি* বিষহীন সাপবিশেষ। ❑ *বিণ* অকর্মণ্য; তেজোবীর্যহীন; যার শক্তি নেই অথচ আস্ফালন বা ক্রোধ আছে। [স. ডুণ্ডুভ>]
ঢোঁরা *ক্রি* অনুসন্ধান করা; খোঁজ করা। [স. ঢেণ্ট>]
ঢোল *বি* ১ সুবিখ্যাত চর্মাবৃত বাদ্যযন্ত্র। ২ ফাঁপা; স্ফীত। **ঢোলক** *বি* ক্ষুদ্র ঢোল। **ঢোল-শোহরত, ঢোল-শহরত** *বি* কোনো বিষয় ঢোল বাজিয়ে প্রচার।
ঢোলা *বিণ* ঢিলা; আঁটসাট নয়; আলগা।
ঢোলাই *বি* ১ জিনিসপত্র একস্থান থেকে অন্যস্থানে বহন করে নিয়ে যাওয়া। ২ বহন করার মজুরি। [আঞ্চলিক]
ঢোষা, ঢোসা *বিণ* ফাঁপা; মোটা ও অন্তঃসারশূন্য; ফোলা ও অকেজো।
ঢোস্কা, ঢোক্সা, ঢসকা *বিণ* ফাঁপা; স্থূলদেহ ও অকর্মণ্য—যাকে ধাক্কা দিলে পড়ে যায়।
ঢৌকন *বি* ১ গমন। ২ উপঢৌকন; উৎকোচ।
ঢ্যাঙ্গা, ঢ্যাঙা *বি* লম্বা; লম্বাটে; দীর্ঘাঙ্গী।

ঢ়

ঢ় ঢ বর্ণের নিচে বিন্দু দিয়ে ঢ-এর তাড়নজাত রূপ ঢ়-কে সাধারণত আলাদা বর্ণ হিসাবে গণ্য করা হয়। সাধারণ বর্ণানুক্রমে এটি চৌত্রিশতম ব্যঞ্জনবর্ণ, তবে অভিধানের বর্ণানুক্রমে এটি ঢ বর্ণের পরে বসে।

ণ

ণ বাংলা বর্ণমালার পঞ্চদশ ব্যঞ্জনবর্ণ।
ণত্ববিধান, ণত্ববিধি *বি* (ব্যা.) তৎসম শব্দের কোন কোন স্থানে 'ণ' ব্যবহৃত হয় তার নিয়ম। [স.]
ণিচ্ *বি* (ব্যা.) সংস্কৃত প্রত্যয়বিশেষ;প্রযোজক ক্রিয়ার সঙ্গে এই প্রত্যয় যুক্ত হয়, যেমন পাঠ (পড়া) + ণিচ্ = পাঠি (পড়ানো)। [স.]
ণিজন্ত *বিণ* ণিচ্ প্রত্যয়যুক্ত; প্রযোজক ক্রিয়া। [স. ণিচ্+অন্ত]। **ণিজন্ত ধাতু** *বি* যে ধাতুর উত্তর ণিচ্ প্রত্যয় যোগ করা হয়। (যেমন করায়, ধরায়, মারাচ্ছে, কাটাচ্ছে ইত্যাদি)।

ত (ৎ)

ত[১] বাংলা বর্ণমালার ষোড়শ ব্যঞ্জনবর্ণ। ৎ-কে সাধারণত আলাদা বর্ণ হিসাবে বিবেচনা করা হয়। সাধারণ বর্ণানুক্রমে 'ৎ' ছত্রিশতম ব্যঞ্জনবর্ণ, তবে অভিধানের বর্ণানুক্রমে এটি হসন্তযুক্ত ত-রূপে গণ্য হয়ে থাকে।
ত[২], **তো** *অব্য* ১ প্রশ্নজ্ঞাপক; দৃঢ়তা; নিশ্চয়তা বা অভয়প্রদান জ্ঞাপক। ২ অনুরোধজ্ঞাপন। ৩ অবধারণ অর্থে। ৪ যদিও, সত্ত্বেও ইত্যাদি অর্থবাচক। ৫ অনিশ্চয়তাজ্ঞাপক। ৬ সংশয়সূচক। ৭ তবে, তাহলে ইত্যাদি অর্থবাচক। ৮ পাদপূরণে বা কথার মাত্রায়। [স. তাবৎ]
তই *বি* আংটাবিহীন অগভীর কড়াই জাতীয় লোহার রন্ধনপাত্র; তাওয়া।
তওবা, তোবা, তৌবা *বি* ১ পুনরায় পাপ কাজ না করার জন্য সংকল্প। ২ ইসলাম নির্দেশিত ধর্মপথে বা সৎপথে প্রত্যাবর্তন। ৩ পশ্চাত্তাপ; সন্তাপ; খেদ; অনুশোচনা।
তওয়াক্কল, তাওয়াক্কল *বি* নির্ভরতা; ভরসা; আস্থা। [আ. তওক্কুল]
তওয়াক্কা, তোয়াক্কা *বি* ১ পরোয়া। ২ প্রত্যাশা। [আ. তওক্কু]
তওয়াফ *বি* ১ প্রদক্ষিণ; সম্মানের সঙ্গে পরিক্রমণ বা অতিক্রমণ। ২ চতুর্দিক বেষ্টন করে ডান থেকে বামে ঘোরা। [আ. তওয়াফ]
তওরাত, তৌরাত *বি* হজরত মুসার প্রতি/কাছে প্রেরিত ঐশী বাণীর গ্রন্থ। [হিব্রু/ আ.]
তওহিদ, তৌহিদ *বি* একেশ্বরবাদ; বিশ্বের স্রষ্টা প্রতিপালক এক আল্লাহ্ ব্যতীত অন্য কোনো উপাস্য নেই— এই মত। [আ.]
তংক, তঙ্ক *বি* ১ পাথর কাটার অস্ত্র; ছেনি। ২ আতঙ্ক; আয়াসসাধ্যভাবে প্রাণধারণ।
-তঃ, -ত *অব্য* ১ থেকে; তে প্রভৃতি অপাদান-অধিকরণ (৫মী ও ৭মী) বিভক্তিবাচক প্রত্যয়। ২ হেতু অর্থে প্রযোজ্য প্রত্যয়। [স. তস্>]
-তক *অব্য* অবধি; পর্যন্ত; সীমা; শেষ। [হি.]। **কাঁহাতক** *অব্য* কতদূর; কতক্ষণ; কেন; কী জন্য।
তকতক *অব্য* ১ পরিচ্ছন্নতাসূচক। ২ সচ্ছলতা-ব্যঞ্জক। ৩ সজীব; সতেজ সমুজ্জ্বল ভাবব্যঞ্জক।
তকদির, তকদীর *বি* ভাগ্য; কপাল; নসিব। [আ.]
তকবির, তকবীর *ক্রি,বিণ* ১ 'আল্লাহ আকবর' এই ধ্বনি। ২ আল্লাহর মাহাত্ম্য ঘোষণা। ৩ ধ্বনি; আওয়াজ; শোর। ৪ নারা-ই-তকবির ধ্বনি [আ.]
তকব্বরি, তকাব্বরি *বি* অহঙ্কার; গর্ব; দেমাগ। ❑ *বিণ* অহঙ্কারী; গর্বিত। [আ. তকব্বুর]
তকরার *বি* ১ তর্ক; এক কথা বারবার ঝগড়ার ভাবে বলা; পুনরাবৃত্তি; বাদানুবাদ। ২ বিচার। [আ. তক্‌রার]
তকলি *বি* টাকু; তুলা থেকে সুতা প্রস্তুতের যন্ত্রবিশেষ। [স. তর্ক>]
তকলিফ, তকলীফ *বি* কষ্ট; দুর্ভোগ। [আ.]
তকসিম, তক্‌সীম *বি* ১ মুঘল আমলে প্রশাসনিক বিভাগ

বা division অর্থে প্রচলিত শব্দ। ২ ভাগ; বাঁটোয়ারা; বণ্টন; অংশ। [আ.]
তক্কে তক্কে, তাকে তাকে *ক্রিবিণ* সতর্কভাবে; সাবধানে; অপেক্ষায়; প্রতীক্ষায়; সুযোগের জন্য ওত পেতে থাকা; তর্কে তর্কে থাকা। [আ. তওক্কু; তুল. তোয়াক্কা]
তক্তপোশ, তক্তাপোশ *বি* তক্তা বা কাঠের শয্যাধার; চৌকি। [ফা. তখত্‌হ্‌পুশ্‌]
তক্তা *বি* কাষ্ঠফলক; কাগজের তা। [ফা. তখ্‌ৎ]
তক্তি *বি* ১ ক্ষুদ্র তক্তা; ছেলেমেয়েদের লেখার কাঠের ফলক; কাঠের শ্লেট; চতুষ্কোণবিশিষ্ট তক্তার আকারে প্রস্তুত এক প্রকার মিষ্টান্ন। ২ ছোট ছেলেমেয়েদের গলার এক প্রকার অলঙ্কার। [ফা. তখতী]। **তক্তি হাতে দেওয়া** *ক্রি* শিশুদের হাতেখড়ি দেওয়া।
তক্ষক *বি* ১ তক্ষণকারী; ছুতার; খোদাইকর। ২ রাজা পরীক্ষিৎকে দংশনকারী এক প্রকার বিষধর সাপ; গিরগিটি জাতীয় বিষধর প্রাণী। ৩ নাট্যাধ্যক্ষ; সূত্রধার। [স. √তক্ষ্‌+অক]। **তক্ষণ** *বি* ছুতারের কাজ; যা দ্বারা তক্ষণকার্য করা যায়; রেঁদা; বাইস। [স. √তক্ষ্‌+অন]। **তক্ষণী** *বি* তক্ষণ কার্য করার অস্ত্রবিশেষ।
তক্ষনি, তক্ষুনি *ক্রিবিণ* তখন শব্দের কথ্য ও তীব্রতাবাচক রূপ; তৎক্ষণাৎ; অমনি; তখনই। [স. তৎক্ষণ>]
তক্ষশীলা *বি* প্রস্তর কেটে যে নগরী নির্মিত হয়েছে; পাকিস্তানের পাঞ্জাবের একটি প্রাচীন নগর ও প্রাচীন বৌদ্ধ শিক্ষাকেন্দ্র।
তখন *ক্রিবিণ, অব্য* সেই সময়ে বা কালে; সেকালে; সে যুগে। ☐ *অব্য* ১ তবে; তাহলে। ২ তাই; সে কারণে; তজ্জন্য।
তখল্লুস, তাখাল্লুস *বি* কবি বা সাহিত্যিকের গৃহীত ছদ্ম উপনাম; ভণিতা; কলমি নাম; pen-name। [আ.]
তখ্‌ত, তখৎ *বি* রাজসিংহাসন; কাষ্ঠফলক। **তখ্‌ত-ই/ তখ্‌তে তাউস** *বি* ময়ূর সিংহাসন। [ফা.]
তগাবি, তাকাবি *বি* জমির নানাবিধ উন্নতি করার জন্য সরকার পক্ষ থেকে প্রজাকে দেয় ঋণ; দাদন। [আ. তকাবী]
তঙ্কা, টঙ্কা *বি* টাকা। [ফা. তন্‌খাহ্‌ তুল. স. টঙ্কা]
তছনছ, তচনচ *অব্য* সম্পূর্ণরূপে বিধ্বস্ত; নষ্ট; বিপর্যস্ত; নাস্তানাবুদ; চুরমার। [আ. তহ্‌স্‌+ আ নহ্‌স্‌; হি. তহস্‌নহস্‌]
তছবি, তছবিহ *বি* জপমালা। [আ. তস্‌বি]
তছরুপ, তছরুফ, তসরুফ *বি* ১ ক্ষতি; নষ্ট; অপচয়। ২ অপব্যবহার; চুরি। [আ. তসররুফ]
তজদিগ, তসদিক *বি* সাক্ষ্য; সত্যাসত্য পরীক্ষা। [আ.]
তজবিজ, তজবীয *বি* ১ বিচার। ২ পরীক্ষা। [আ.]
তজ্জনিত *ক্রি, বিণ* তার ফলস্বরূপ; সেই হেতু; তা থেকে প্রসূত বা জাত। [স. তৎ+জনিত]
তজ্জন্য *অব্য* সে কারণে; সেহেতু; সেজন্য। [স. তৎ+জন্য]
তজ্জাত *বিণ* তা থেকে জাত বা উৎপন্ন; তজ্জনিত; সে হেতু। [স. তৎ+জাত]
তঞ্চ *বি* প্রতারণা; প্রবঞ্চনা; কৌশল। [স.]
তঞ্চক[১] *বি* বঞ্চনাকারী; ঠগ; প্রতারক; সত্যের অপলাপ; ফাঁকি। [স. √তঞ্চ্‌+ অক]
তঞ্চক[২] *বি* ১ সংকোচন। ২ তরল পদার্থের ঘন পিণ্ডাকারে পরিণতি। [স. তঞ্চ—সংকোচন]। **তঞ্চন** *বি* জলবৎ তরল পদার্থ; পিণ্ডবৎ ঘন অবস্থায় পরিণতি। [স. √তঞ্চ্‌+অন]
তট *বি* ১ কূল; তীর; উপকূল। ২ স্থল; স্থান। ৩ উচ্চক্ষেত্র; (দেহের) কটিতট। ৪ পাহাড় পর্বতের উপরের সমতল ভূমি; সানুদেশ। [স. √তট্‌+অ]
তটস্থ[১] *বিণ* বিচলিত; শশব্যস্ত; অতিব্যস্ত; ভীত। [স. তট+√স্থা +অ, তুল. স. ত্রস্ত]
তটস্থ[২] *বিণ* ১ তীরস্থ; যা তটে বা তীরে অবস্থিত। ২ উদাসীন; নির্লিপ্ত। ৩ অপক্ষপাতী। ৪ সমীপস্থ। ৫ চমৎকৃত। ৬ নিরপেক্ষ। [স. তট+√স্থা+অ]
তটিনী *বি* নদী; স্রোতস্বতী; তরঙ্গিণী; প্রবাহিণী; তট বা তীর আছে যার।
তড়[১] *বি* ১ তীর। ২ স্থল। [স. তট>]
তড়[২] *বি* ত্বরা; শীঘ্র। [স. ত্বরা>]
তড়[৩] *অব্য* অনুকার শব্দ।
তড়কা[১] *বি* ১ লাফ; লাফানি; লম্ফদান। ২ ধনুষ্টঙ্কার রোগ; অঙ্গে আক্ষেপ সৃষ্টিকারী বা কম্পন রোগ। [তুল. হি. তড়কনা]
তড়কা[২], **তড়কি** *বি* ওঁরাও উপজাতীয়দের এক প্রকার কর্ণাভরণ।
তড়তড় *অব্য* ১ অনুকার শব্দ। ২ বড় বড় ফোঁটায় বৃষ্টি পতনের শব্দ। ৩ তড়বড় অর্থে; সত্বর। ৪ শিল পড়ার শব্দ; শিলা পতন শব্দ। ৫ অবাধ গতিতে।
তড়পানো *ক্রি* ১ লাফানো; আস্ফালন করা। ২ অতিশয় উত্তেজনা বা ক্রোধে অস্থিরতা প্রকাশ করা; ছটফট করা; ব্যাকুল হওয়া। [তুল. হি. তড়প্‌না]। **তড়পানি** *বি* তড়পানোর ভাব।
তড়বড় *অব্য* অতিশয় ব্যস্ততার ভাব; তাড়াহুড়াসূচক ভাব। **তড়বড়ানি** *বি* তড়বড় করার ভাব। **তড়বড়ানো** *ক্রি* তড়বড় করা। **তড়বড়ি** *অব্য* তাড়াতাড়ি। **তড়বড়ে** *বিণ* যে তড়বড় করে কথা বলে; ব্যস্তবাগীশ।
তড়াক[১] *ক্রিবিণ, অব্য* হঠাৎ লাফ দেওয়ার ভাব; লাফের বেগসূচক ভাব। [তুল. হি. তড়াক]
তড়াক[২], **তড়াগ** *বি* দিঘি; গভীর জলাশয়; বৃহৎ পুষ্করিণী। [স. √তট্‌+অক>তড়াক; তট+অগ +অ = তড়াগ]
তড়াৎ *অব্য* তড়াক; হঠাৎ লাফানোর ভাব।
তড়িঘড়ি *ক্রিবিণ* অতিশীঘ্র; অবিলম্বে; তৎক্ষণাৎ; অত্যন্ত তাড়াতাড়ি।
তড়িৎ *বি* বিদ্যুৎ; ক্ষণপ্রভা। **তড়িৎশিখা** *বি* বিদ্যুৎ ঝলক; বিদ্যুতের উজ্জ্বলতা। [স.]
তড়িদ্দ্বার *বি* তড়িৎপ্রবাহ পরীক্ষা করার যন্ত্রবিশেষ। [পরিভাষা]
তণ্ডুল *বি* চাউল; নানা উপায়ে ধানের খোসা ফেলে যা পাওয়া যায়। [স. √তণ্ড্‌+উল]
তৎ (তদ্‌) *সর্ব* ১ সে; তিনি। ২ সেই; তা। **তৎকাল** *বি* সে সময়; সে কাল বা যুগ। **তৎকালীন** *বিণ* সে সময়কার; সে সময়ের; তদানীন্তন। **তৎক্ষণাৎ** *অব্য, ক্রিবিণ* অবিলম্বে; সে মুহূর্তে। **তৎপর** *বিণ* তারপর; পটু; নিপুণ; সচেষ্ট। **তৎপর হওয়া** *ক্রি* নিষ্ঠার সঙ্গে বিশেষ কাজে আত্মনিয়োগ। **তৎপরতা** *বি* পটুতা; নৈপুণ্য; সতর্কতা।
তত *অব্য* ১ তৎসংখ্যক; সে পরিমাণ; সে অনুপাতে। ২ তেমন; আশানুরূপ; যথেষ্ট। [স. তাবৎ>]। **ততক্ষণ** *ক্রিবিণ* সে পর্যন্ত; ততটা সময়; সে সময়ে; সে সময়ের মধ্যে।

ততহি, ততহিঁ (ব্র.) *সর্ব* তাহাতে। **ততোধিক** *ক্রিবিণ* তা থেকে বেশি। [স. ততঃ+অধিক]
ততঃ *ক্রিবিণ* অতঃপর; তারপর। **ততঃকিম** *বিণ* তার পর কি? [স. তু. অতঃকিম]
তত্তুল্য *বিণ* তার মতো। [স.]
তত্ত্ব *বি* ১ আসল বস্তু; প্রকৃত অবস্থা; যাথার্থ্য; সত্য (তত্ত্বদর্শী)। ২ স্বরূপ। ৩ মূল উপাদান। ৪ তথ্য। ৫ পদার্থ। ৬ খবর; বার্তা; সংবাদ। ৭ অনুসন্ধান; খোঁজ। ৮ কুটুম্বিতাজ্ঞাপক উপহার। ৯ ব্রহ্মা; ঈশ্বর। ১০ পারমার্থিক জ্ঞান। ১১ হিন্দুদের পূজার উপঢৌকন। ১২ মতবাদ। ১৩ দর্শন; বিজ্ঞান; তদ্‌বিষয়ক জ্ঞান। [স. তৎ+ত্ব]
তত্ত্বানুসন্ধান *বি* প্রকৃত ঘটনা বা অবস্থা জানার চেষ্টা। [স.]
তত্ত্বাবধান *বি* ১ পরিদর্শন। ২ পরিচালন; রক্ষণাবেক্ষণ; দেখাশুনা। [স.]
তত্ত্বাবধায়ক *বিণ* তত্ত্বাবধান করে যে ব্যক্তি; পরিদর্শক; পরিচালক। [স.]। **তত্ত্বাবধায়ক সরকার** *বি* অন্তর্বর্তী-কালীন সরকার (বিচারপতি শাহাবুদ্দীন আহমদের তত্ত্বাবধায়ক সরকার); যে সরকার নির্বাচিত সরকারের ক্ষমতাসীন হওয়ার প্রক্রিয়াকালে ক্ষমতায় থাকে; নিরপেক্ষ সরকার।
তত্ত্বাবধারক *বি* তত্ত্বনির্ণায়ক; তত্ত্বনিরূপণকারী; সত্য অবধানকারী। [স.]
তত্ত্বাবধারণ *বি* প্রকৃত তত্ত্ব বা তথ্যনির্ণয় বা নির্ধারণ। [স. তত্ত্ব+অবধারণ]
তত্ত্বার্থ *বি* পরমার্থ। [স. তৎ+ত্ব+অর্থ]
তত্ত্বালোচনা *বি* তত্ত্বজ্ঞান সম্পর্কে ব্যাখ্যা-বিশ্লেষণ; দার্শনিক জ্ঞান সম্পর্কে চর্চা। [স.]
তত্ত্বীয় *বিণ* ১ তত্ত্বসংক্রান্ত। ২ সিদ্ধান্ত সম্বন্ধীয়। [স. তত্ত্ব +ঈয়]
তত্র *অব্য, ক্রিবিণ* ১ সেখানে; সেথায়; তথায়। ২ তেমন; তত। [স.]। **তত্রত্য** *বিণ* সেখানকার; সে স্থানের বা জায়গার। **যত্রতত্র** যেখানে সেখানে। [স.]
তত্রাচ *অব্য* তবু; তথাপি; অথচ। [স.]
তত্রাপি *অব্য* তবু; তথাপি। [স.]
তথা *ক্রিবিণ, অব্য* ১ সেখান; সেই স্থান; তৎস্থান। ২ সেই স্থানে; সেই প্রকারে; নামান্তরে; তেমন। ৩ উদাহরণ বা দৃষ্টান্তস্বরূপ। ৪ আরও; এমনকি। [স. তদ্+থা]। **তথাকথিত** *বি* ঐ নামে আখ্যাত বা প্রচলিত অথচ তার সত্যতা সম্বন্ধে সন্দেহ বর্তমান।
তথৈবচ *অব্য* (বা.) সেই প্রকারই; তেমনি। [স. তথা+এব+চ]
তথ্য *বি* ১ যাথার্থ্য; সত্যতা; প্রকৃত অবস্থা বা ব্যাপার; ঠিক সংবাদ। ২ তত্ত্ব; সত্য। ❑ *বিণ* যথার্থ; সত্য; অবিসংবাদী। [স. তথা+য]
তদ্ (বিরল), **তৎ** *সর্ব* যেই; যে; তিনি। ❑ *অব্য* তবে। ❑ *বি* হিন্দুমতে ব্রহ্ম।
তদতিরিক্ত *বিণ* তার অপেক্ষা অধিক; ততোধিক; তাছাড়া; এতদ্ব্যতীত। [স. তৎ+ অতিরিক্ত]
তদনন্তর *ক্রিবিণ* তারপর; এরপর; অতঃপর। [স.]
তদনুগ, তদনুগামী(-মিন্), **তদনুবর্তী** (-তিন), **তদনুসারী**(-রিন্) *বিণ* ১ তার; সেই পথ অনুসরণকারী বা পশ্চাদ্‌গামী। ২ তদ্রূপ; সেই প্রকার। ৩ তাহার মত অবলম্বন করে যে। [স. তৎ+অনুগ; অনুগামী; অনুবর্তী; অনুসারী]। **তদনুসারে** *ক্রিবিণ* সে-পদ্ধতিতে; সে-নির্দেশ অনুসারে বা অনুযায়ী। [স.]
তদনুযায়ী(-য়িন্) *বিণ* তার পশ্চাদ্‌গামী বা অনুগামী; সে রকম; সে মতো; তার অনুযায়ী। ❑ *ক্রিবিণ* সে অনুসারে; তদনুসারে। [স.]
তদনুরূপ *বিণ* ১ সেরূপ; তাদৃশ। ২ তার মতো; তার ন্যায়; তত্তুল্য। ❑ *ক্রিবিণ* সেরূপ; তদনুযায়ী; তদনুসারে। [স.]
তদন্ত *বি* তার অন্ত বা শেষ। ❑ *বিণ* কোনো সত্য অবস্থা সম্বন্ধে ঠিক খোঁজ বা অনুসন্ধান। [স. তদ্+অন্ত]
তদবধি *ক্রিবিণ* ১ সে ঘটনার পর থেকে; সে সময় থেকে। ২ সে সীমা বা সময় পর্যন্ত। [স. তদ্+অবধি]
তদবির, তদ্বির *বি* ১ চেষ্টা-চরিত্র; উপায়; ব্যবস্থা; বাঞ্ছিত ফল লাভের জন্য সুপারিশ; তোয়াজ প্রভৃতির ব্যবস্থা। ২ প্রতিকার। ৩ যোগাড়যন্ত্র; তত্ত্বাবধান; দেখাশোনা; পরিচালনা; প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন। [আ.]
তদর্থ *ক্রিবিণ* তজ্জন্য; সেজন্য; সে কারণে; তার নিমিত্ত বা জন্য; তন্নিমিত্ত। ❑ *বি* তার অর্থ; তার মানে। [স. তৎ+অর্থ]। **তদর্থে** *ক্রিবিণ* সেই কারণে; তজ্জন্য। [স. তদ্+অর্থে]। **তদর্থক** *বিণ* সে উদ্দেশ্যে।
তদানীন্তন *বিণ* তখনকার; সে সময়ের। [স. তদানীম্+তন]
তদারক *বি* ১ তদন্ত; অনুসন্ধান; খোঁজ। ২ তত্ত্বাবধান; খবরদারি। [আ. তদারুক]। **তদারকি** *বি* তদারক ব্যবস্থা; খবরদারি।
তদীয় *সর্ব* তার; সেই ব্যক্তি সংক্রান্ত। [স., তুল. ত্বদীয়; তোমার; আপনার]
তদুপরি *ক্রিবিণ* তার উপর; তা ছাড়া; ইহা ভিন্ন; এর উপর। [স. তদ্+উপরি]
তদুপলক্ষে, তদুপলক্ষ্যে *ক্রিবিণ* সে উপলক্ষে; সে উদ্দেশ্যে; উক্ত প্রয়োজনে। [স. তদ্+উপলক্ষ্যে]
তদ্‌গত *বিণ* তাতে নিমগ্ন বা অভিনিবিষ্ট বা মনোনিবিষ্ট; একাগ্র। [তৎ+গত]। **তদ্‌গতচিত্ত** *বি* তাতে নিবেদিত চিত্ত; অনন্যচিত্ত; অনন্যমনা; তন্ময়। [স.]
তদ্দণ্ডে *ক্রিবিণ* সে মুহূর্তে; সে ক্ষণে; তৎক্ষণাৎ। [স. তৎ+দণ্ডে]
তদ্দরুন *ক্রিবিণ* সে জন্য; সেই নিমিত্ত; তজ্জন্য। [স. তদ্+ফা. দরুন]
তদ্দর্শনে *ক্রিবিণ* তা দেখে। [স. তৎ+দর্শনে]
তদ্দিন *ক্রিবিণ* ততদিন। [স. তদ্ +দিন]
তদ্দ্বারা *সর্ব* তার দ্বারা। [স. তদ্+দ্বারা]
তদ্ধিত *বি* শব্দের পরে ব্যবহৃত শব্দের পরিবর্তনকারী প্রত্যয়—যার যোগে অন্য শব্দ উৎপন্ন হয়। [স. তৎ+হিত]
তদ্বৎ *অব্য* তার মতে; সে রূপ; সে রকম; তত্তুল্য। [স. তৎ+বৎ]
তদ্বিষয়ক *বিণ* সে বিষয়ে; সে ব্যাপার সংক্রান্ত। [স. তদ্+বিষয়+ক]
তদ্ব্যতিরিক্ত, তদ্ব্যতীত *বিণ* তার অতিরিক্ত। ❑ *ক্রিবিণ* তা ছাড়া; তদ্ব্যতিরেকে; তদ্ভিন্ন। [স. তদ্+বি+অতিরিক্ত; অতীত]
তদ্ভব *বিণ* তা থেকে উৎপন্ন। ❑ *বি* (ব্যা.) খাঁটি বাংলা শব্দ। ইন্দো-ইউরোপীয় মূল ভাষাগোষ্ঠীর উপমহাদেশীয় শাখার নাম আর্যভাষা, যা থেকে বাংলা ও অন্যান্য

আধুনিক আর্যভাষাসমূহের জন্ম। প্রাচীন আর্যভাষার কথ্যরূপের কোনো নিদর্শন নেই। সংস্কৃত যেহেতু প্রাচীন আর্যভাষার একটি সাহিত্যিক নিদর্শন, সেহেতু প্রাচীন আর্যভাষার বিকল্পরূপে সাধারণত সংস্কৃত ভাষার নাম করা হয়। এমনকি বাংলা শব্দের ব্যুৎপত্তি নির্ণয়ের বেলাতেও প্রাচীন আর্যভাষার প্রকৃত রূপের অনুপস্থিতির কারণে উক্ত ভাষার সমান গণ্য করে সংস্কৃত ভাষাকে 'তৎসম' বলা হয়ে থাকে। তদ্ভব বলতে তাই প্রাচীন আর্যভাষার বিবর্তিত রূপ অর্থাৎ প্রকৃত বাংলা শব্দগুলোকেই বুঝতে হবে। [স. তৎ+ভব]

তদ্ভাব *বি* ১ তার বিশেষ ভাব; তার প্রকৃত ধর্ম অবস্থা ইত্যাদি। ২ সে বিষয়ে চিন্তা। ৩ সে অবস্থা। [স. তদ্+ভাব]। **তদ্ভাবভাবিত** *বিণ* সেই চিন্তায় মগ্ন; তদবস্থাপ্রাপ্ত; তার ভাব প্রাপ্ত। **তদ্ভাবাপন্ন** *বিণ* তদবস্থ; তার ভাবপ্রাপ্ত। [স. তদ্+ ভাব+আপন্ন]

তদ্ভিন্ন *ক্রিবিণ* তা ভিন্ন; তা ছাড়া। ❑ *বিণ* তা থেকে স্বতন্ত্র; তা থেকে পৃথক। [স. তদ্+ ভিন্ন]

তদ্রূপ *বিণ* সেই রূপ; তার মতো বা সদৃশ; তত্তুল্য। ❑ *ক্রিবিণ* তদনুযায়ী; তদনুসারে; সে প্রকারে; সে ভাবে। [স. তদ্+ রূপ]

তন[১] *বি* তনু; দেহ; শরীর; অঙ্গ। [ফা. তন, স. তন+উ=তনু]

তন[২] *বি* কালবাচক প্রত্যয় (অদ্যতন, অধুনাতন)। [স.]

তনকা, তনখা *বি* ১ মুদ্রা; টাকা। ২ বেতন। [ফা. তন্‌খাহ্]

তনয় *বি* পুত্র; ছেলে; সন্তান। [স. তন্+অয়]। **তনয়া** *বি স্ত্রী.* কন্যা; মেয়ে।

তনিমা *বি* দেহের শোভনক্ষীণতা; কৃশতা; সূক্ষ্মতা। [স. তনু+ইমন্]

তনু *বি* দেহ; শরীর। ❑ *বিণ* শোভন ও কৃশ; নমনীয়; কমনীয়। [স. তন্+উ, ফা. তন]

তন্তু *বি* ১ সুতা। ২ আঁশ। ৩ যা দ্বারা কাপড় বোনা হয়। **তন্তুবায়, তন্তুবাপ** *বি* তাঁতি; তাঁত বোনে যে।

তন্ত্র *বি* ১ উপাসনা বিধিসংক্রান্ত শাস্ত্র; যে শাস্ত্রে সাধন প্রণালী বর্ণিত থাকে। ২ আগম; নিগম; বেদের একটি শাখা। ৩ রাষ্ট্রশাসন পদ্ধতি। ৪ বিদ্যা; শাস্ত্র। ৫ কোনো বিশেষ মতে বা বিষয়ে প্রাধান্য স্থাপন। ৬ মন্ত্রবিদ্যা; ঝাড়ফুঁক। ৭ সাধনপ্রণালী। ৮ পন্থা; পথ; উপায়। ৯ সিদ্ধান্ত; মীমাংসা। ১০ অধ্যায়; পরিচ্ছেদ। ১১ তাঁত; বয়নযন্ত্র। ১২ পশুর অস্ত্র। ১৩ তার। ❑ *বিণ* অধীন; আয়ত্ত। [স.]

তন্ত্রী[১] *বি* ১ বীণা ইত্যাদি বাদ্যযন্ত্রের তার। ২ বীণা। [স. তন্ত্র+ঈ]

তন্ত্রী[২] *বিণ* ১ তার বা তাঁত সমন্বিত। ২ সম্প্রদায়ের অন্তর্ভুক্ত। [স.]

তন্দুর *বি* রুটি পাউরুটি বিস্কুট প্রভৃতি উত্তাপ দিয়ে খাদ্যের উপযুক্ত করবার চুল্লি। [ফা. তনুর> হি/উ তন্দুর]

তন্দ্রা *বি* নিদ্রার আবেশ বা ঘোর; ঘুমের ঝোঁক; ঘুম ঘুম ভাব; পাতলা ঘুম। [স. √তন্দ্র্+ অ+ আ]। **তন্দ্রাবিষ্ট** *বিণ* তন্দ্রাতুর; ঘুম বিজড়িত। **তন্দ্রাবেশ** *বি* ১ ঘুমের ঝোঁক; নিদ্রাবেশ। ২ আলস্য। **তন্দ্রালু** *বিণ* ঘুমাতে চায় এমন; নিদ্রালু। **তন্দ্রিত** *বিণ* ১ তন্দ্রাবেশযুক্ত; তন্দ্রাবিষ্ট। ২ অবসাদগ্রস্ত।

তন্নতন্ন *ক্রিবিণ, অব্য* পুঙ্খানুপুঙ্খ; অনুপুঙ্খ; কোনো কিছু বাদ না দিয়ে; সমস্ত কিছু আঁতিপাতি। [স. তদ্+ ন+তদ্+ন]

তন্নিবন্ধন *ক্রিবিণ* সে নিবন্ধন; সে কারণ; সে জন্য। [স. তদ্+ নিবন্ধন]

তন্ময় *বি* তদ্গতচিত্ত; তন্মনস্ক; তাতেই নিবিষ্টচিত্ত। [স. তদ্+ময়]। **তন্ময়তা, তন্ময়ত্ব** *বি* তদ্গতচিত্ততা; একাগ্রচিত্ততা।

তনুঙ্গী *বিণ স্ত্রী.* তন্বী বা ক্ষীণ অঙ্গবিশিষ্ট; সুগঠিত লঘু দেহযুক্ত। [স. তনু+ অঙ্গ+ঈ]

তন্বী *বিণ স্ত্রী.* ক্ষীণ ও সুগঠিত অঙ্গবিশিষ্টা। [স. অনু+ঈ]

তপ, তপঃ *বি* ১ কঠোর সাধনা; তপস্যা। ২ ব্রত। [স.]

তপতী *বি* ১ সূর্যের স্ত্রী; ছায়াদেবী। ২ সূর্যের কন্যা। ৩ তাপ্তী নদী। [স.]

তপন *বি* ১ সূর্য; আদিত্য; দিবাকর; ভানু; ভাস্কর; মার্তণ্ড; মিহির; রবি; বিবস্বান; সবিতা। ২ সূর্যকান্তমণি। ৩ গ্রীষ্মকাল। ৪ আকন্দ গাছ। [স. √তপ্+অন]

তপসি, তপসে *বি* সুস্বাদু ছোট মাছবিশেষ। [স. তপস্বী>]

তপস্যা *বি* তপ; সাধনা; কৃচ্ছ্র সাধনা; পাপক্ষয় বা অন্য উদ্দেশ্য সাধন নিমিত্ত কষ্টসাধ্য সাধনা। [স.]

তপস্বী *বি, বিণ* ১ সংসারত্যাগী; বনবাসী ও কঠোর সাধনারত ব্যক্তি; তাপস; মুনিঋষি। ২ তপসে মাছ। [স. তপস্+বিন্]

তপোধন, তপোনিধি *বি* তপস্যাই যার রত্ন বা সম্পদ; মুনি; ঋষি; তপস্বী। [স. তপস্+ধন/নিধি]

তপোবন *বি* ১ যে বনে মুনি-ঋষিগণ তপস্যার জন্য বসবাস করেন; মুনি-ঋষিদের আশ্রম। ২ তপোবন নামক তীর্থবিশেষ। [স. তপস্+বন]

তপোভঙ্গ *বি* ১ তপস্যার শেষ। ২ সাধনাচ্যুতি; তপস্যায় বিঘ্ন। [স. তপস্+ভঙ্গ]

তপোমূর্তি *বি* ১ তপস্যার ফলে প্রাপ্ত দেহের জ্যোতির্ময় কৃশ রূপ। ২ তপস্বী; ঋষি। [স. তপস্ + মূর্তি]

তপোলোক *বি* পুরাণে কথিত সপ্ত ভুবনের একটি। [স. তপস্+লোক]

তপ্ত *বিণ* ১ তাপময়; গরম; উষ্ণ; উত্তপ্ত। ২ রুষ্ট; ক্রোধান্বিত; উত্তেজিত। ৩ রোষে আরক্ত; ক্রোধে লাল। ৪ অগ্নি দ্বারা দগ্ধ হওয়ায় উজ্জ্বল; দগ্ধ। ৫ সদ্য। [স. √তপ্+ত]

তফসির, তফছির *বি* ব্যাখ্যা। [আ.]

তফসিল, তফশিল *বি* তালিকা; বৃত্তান্ত; বিবরণ (নির্বাচনের তফসিল)। **তফসিলি, তফশিলি** *বিণ* তালিকাভুক্ত। ❑ *বি* অনুন্নত হিন্দু সম্প্রদায়; বিশেষ সুবিধাপ্রাপ্ত তফশিলি সম্প্রদায়। [আ.]

তফাত, তফাৎ *বি* ১ দূরত্ব; দূরবর্তী স্থান। ২ পার্থক্য; প্রভেদ; ব্যবধান; অন্তর। ৩ পৃথক। ৪ দূরগত। [আ. তফাওয়ৎ/তফাওৎ]

তব (পদ্যে ব্যবহৃত) *সর্ব* ১ তোমার। ২ তব (ব্র.) তবে; তখন; তবু।

তবক *বি* ১ স্বর্ণ বা রৌপ্যের পাতলা পাত। ২ স্তর; থাক। [আ.]। ৩ বন্দুক। [তু. তুপক> তবক]

ত'বন *বি* তহবন্দ; লুঙ্গি। [ফা.]

তবররক, তবররুক *বি* প্রসাদ; পুণ্যবান ব্যক্তির স্পর্শ-পূত খাদ্যাদি। [আ.]

তবলচি *বি* গানের সঙ্গে তবলা বাজায় যে; তবলবাদক; ঢুলি। [আ. অৎবল>তবল+ফা. চি]

তবলা, তবল *বি* ১ একদিকে চর্মাবৃত এক প্রকার

বাদ্যযন্ত্রবিশেষ; কাঠ ইত্যাদির খোল। [আ. অৎবল> তবল, আ. তবলা]
তবলিগ *বি* চেতনাসঞ্চার; প্রচার; ধর্মপ্রচার। [আ.]
তবলিয়া *বি* তবলচি; তবলা-বাদক।
তবিব, তবীব *বি* চিকিৎসক; হাকিম; তিবিব; চিকিৎসাশাস্ত্রবিদ। [আ.]
তবিয়ত *বি* ১ স্বাস্থ্য; শারীরিক অবস্থা। ২ মেজাজ; মর্জি; মানসিক অবস্থা। [আ.]। **বাহাল তবিয়তে** *বি* সুস্থ দেহে ও সজ্ঞানে; আনন্দের সঙ্গে।
তবু, তবুও (অশু.) *অব্য* তথাপি; তা হলেও। [স. তথাপি>]
তবে *অব্য* ১ শর্তসাপেক্ষ বুঝাতে; তা হলে। ২ অতঃপর। ৩ তারপর; তখন। ৪ কিন্তু। ৫ আক্রমণাত্মক ভাববাচক। [হি. তব+বা. এ]
তম১ *বি* ১ তমসা; অন্ধকার; তিমির। ২ তমোগুণ। [স.]
তম২ *বি* প্রত্যয়বিশেষ; সংখ্যার পূরক বা ভাগবাচক প্রত্যয়। [স. তমট্>তম]
তম৩ *অব্য* বহু বস্তু বা ব্যক্তির মধ্যে একজনের সর্বাধিক উৎকর্ষ বা অপকর্ষবোধক প্রত্যয়। [স.]
তম৪**, তমঃ** *বি* ১ অন্ধকার; তমসা; তিমির। ২ তমোগুণ; তামসিকভাব। ৩ অজ্ঞান। ৪ অহঙ্কার। ৫ পাপ। [স.]
তমদ্দুন *বি* ১ নাগরিকতা; নগরসভ্যতা; সভ্যতা-সংস্কৃতি। ২ মদিনা (শহর); শহুরে আচার-সংস্কৃতি। [আ.]
তমসা *বি* ১ অন্ধকার। ২ একটি নদীর নাম। **তমসাচ্ছন্ন, তমসাবৃত** *বিণ* অন্ধকারে আচ্ছন্ন বা আবৃত; অন্ধকারাচ্ছন্ন। [স.]
তমসুক *বি* ঋণ-স্বীকারপত্র; খত। [আ. তমস্‌সুক]। **বন্ধকি তমসুক** *বি* বন্ধকনামা; বন্ধকি খত।
তমাল *বি* গাবজাতীয় এক প্রকার কালো রঙের গাছ। [স.]
তমিজ, তমীজ *বি* বিবেচনা; সম্ভ্রমবোধ; ভদ্র ব্যবহার। [আ. তম্‌মীয্]
তমিস্র *বি* ১ অন্ধকার; তিমির; তমসা। ২ অন্ধকারময়। [স. তমস্+র(নিপাতনে)]। **তমিস্রা** *বিণ* অন্ধকারাচ্ছন্ন। ❑ *বি* ঘন অন্ধকার রাত্রি; ঘোর অন্ধকার।
তমোগুণ *বি* প্রকৃতির নিকৃষ্টতম গুণ। [স. তমস্+গুণ]
তমোজ্যোতি *বি* জোনাকি পোকা; খদ্যোত।
তমোময় *বিণ* ১ তমসাপূর্ণ; অন্ধকারে পূর্ণ। ২ তমোভাবে পূর্ণ। [স. তমস্+ময়]
তম্বি, তম্বিহ *বি* ১ ভর্ৎসনা; তিরস্কার; তর্জন-গর্জন। ২ জুলুম; তাড়না; শাসন। [আ. তম্বীহ্]
তম্বুরা, তাম্বুরা *বি* তানপুরা; প্রাচীন বাদ্যযন্ত্রবিশেষ। [আ. তন্‌বূরা]
তয় *বি* ১ ভাঁজ; পাট। ২ সমাপ্তি; নিষ্পত্তি; শেষ। [ফা. তহ্]
তয়ম্মুম, তৈয়াম্মুম, তৈয়াম্মম *বি* পানির অভাবে বা অসুস্থতার কারণে পানির শীতল স্পর্শে শরীরের ক্ষতি হওয়ার আশঙ্কা থাকলে পানি দিয়ে অজুর পরিবর্তে ধুলাবালি দ্বারা বিধিমতো পবিত্র হওয়া বা অজু করা। [আ. তয়ম্মুম]
তর১ *বিণ* প্রকারের; ধরনের; শ্রেণীর। (এমনতর; তর-বেতর)। [আ. তরহ্]
তর২ *বি* উত্তরণ; পার; গমন; অতিক্রমণ। [স. √তৃ+অ= তর]
তর৩ (ব্যা.) প্রত্যয়বিশেষ; আপেক্ষিক উৎকর্ষবাচক বা অপকর্ষবাচক প্রত্যয়। [স. তরপ>তর, তমট> তম]
তরই, তরুই *বি* ঝিঙাজাতীয় তরকারিবিশেষ; ঢেঁড়স। [তুল. হি. তরঙ্গ]
তরওয়াল, তরোয়াল *বি* তরবারি। [স. তরবারি]
তরক *বি* লঙ্ঘন; পরিত্যাগ। [আ. তর্‌ক্]
তরকারি *বি* ১ আনাজ; ব্যঞ্জন রন্ধনের উপযুক্ত শাকসবজি ইত্যাদি। ২ ব্যঞ্জন; রাঁধা তরকারি। [ফা.]
তরক্কি, তরক্কী *বি* উন্নতি। [আ. তরক্কী]
তরঙ্গ *বি* ১ ঊর্মি; পানির ঢেউ; মওজ; লহরী। ২ ঢেউয়ের মতো ক্রমাগত প্রবহমান বস্তু। **তরঙ্গভঙ্গ** *বি* ঊর্মিক্রীড়া; ঢেউয়ের খেলা। **তরঙ্গমালা** *বি* মালার মতো গাঁথা একটির পর একটি ঢেউ। **তরঙ্গায়িত** *বিণ* ঢেউ খেলানো। [স.]
তরঙ্গিণী *বি স্ত্রী.* নদী; সরিৎ; স্রোতস্বিনী। [স.]
তরজমা, তর্জমা *বি* এক ভাষা থেকে অন্য ভাষায় বলা বা লেখা; অনুবাদ; ভাষান্তর [আ. তরজমঃ]। **তর্জমাকারী**— মুতার্জম।
তরজা, তর্জা *বি* কবিগান ধরনের লোকসঙ্গীত—এতে দুটি দল তাৎক্ষণিক রচিত ছড়া ও গান দিয়ে পরস্পরকে আক্রমণ প্রতি-আক্রমণ করে থাকে। [আ. তরজী]
তরণ *বি* ১ পার হওয়া; উত্তরণ; অতিক্রম। ২ ত্রাণলাভ। ৩ উদ্ধার হওয়া। ৪ যার সাহায্যে পার হওয়া যায়; নৌকা, ভেলা প্রভৃতি। [স. √তৃ+অন]
তরণী, তরণি *বি* যা দিয়ে পার হওয়া যায়; নৌকা-জাহাজ ইত্যাদি। [স. √তৃ+ অন+ ঈ/ই]
তরতম *বি* ১ ন্যূনাধিক; তুলনামূলক; পরিমাণ বুঝাতে ব্যবহৃত; কমবেশি। ২ তারতম্য; পার্থক্য। [স.=তর+তম]
তরতর *অব্য* স্রোত; প্রবাহ ইত্যাদির বেগবাচক; দ্রুততাবাচক অবাধগতিবাচক।
তরতাজা *বিণ* নবীন; জীবন্ত; টাটকা। [ফা. তর্+তাযহ্]
তরতিব, তরতীব, তর্তিব *বি* ১ ক্রম; পর্যায়; একটার পর আর একটা এই নিয়ম। ২ শৃঙ্খলা; নিয়ম। ৩ ব্যবস্থা; ধারা। [আ. তর্‌তীব্]
তরফ *বি* ১ পক্ষ। ২ দিক; পাশ। ৩ প্রান্ত। ৪ জমিদারের খাজনা আদায়ের মহাল। ৫ জমিদারির ভাগ; অংশীকৃত জমিদারি; মালিক। [আ. তরফ]
তরফদার *বি* ১ তরফের রাজস্ব আদায়কারী লোক; গোমস্তা। ২ দলের বা পক্ষের লোক। ৩ তরফের মালিক; পদবিবিশেষ। [আ. তরফ +ফা. দার]
তরফা *বিণ* ১ দিকের; পক্ষের। ২ একপেশে। ৩ বাদী ও প্রতিবাদীর মধ্যে উপস্থিত একজনের জবানবন্দি শুনে বিচার নিষ্পত্তি। [আ. তরফ]। **একতরফা** *বি* ১ পক্ষপাতযুক্ত। ২ শুধু একদিক থেকে যা আসে।
তরবার, তরবারি *বি* অসি; খড়্গ; কৃপাণ; তরোয়াল; তলোয়ার। [স. তরবারি]
তরবিয়ত *বি* শিক্ষা-দীক্ষা; সভ্যতা-ভব্যতা; আদব-কায়দা। [আ. তরবিয়ৎ]
তরমুজ, তরবুজ *বি* ফুটিজাতীয় বৃহদাকার রসালো ফল। [ফা. তরবুয্]
তরল *বিণ* ১ পাতলা; গলিত। ২ বিগলিত; আর্দ্র। ৩ অস্থির; চঞ্চল; লঘু। [স. √তৃ+অল]
তরশু *ক্রিবিণ* গত পরশুর আগের দিন বা আগামী পরশুর পরদিন। [স. তিরঃশ্বঃ বা তৎ+পরশ্ব]

তরস্ত *বিণ* ব্যস্ত; ব্যস্তসমস্ত; তটস্থ। [স. ত্রস্ত>]
তরা *ক্রি* ১ পার হওয়া; পার হয়ে যাওয়া; উত্তীর্ণ হওয়া। ২ উদ্ধার হওয়া। [স. √তৃ+অ+বা. আ]। **তরানো** *ক্রি* ১ পার করা। ২ উদ্ধার করা; সংকট থেকে পরিত্রাণ করা।
তরাই *বি* ১ পাহাড়-পর্বতের পাদদেশের স্যাঁতসেঁতে ও জঙ্গলময় অঞ্চল। [তুল. হি. তরআঈ]। ২ নেপালের একটি অঞ্চলের নাম—এ অঞ্চলের কপিলাবস্তুতে গৌতম বুদ্ধের জন্ম হয়।
তরাজ, তারাজ *বি* লুণ্ঠন। [ফা. তারাজ। তুল. লুঠতরাজ]
তরাজু, তারাজু *বি* তুলাদণ্ড; দাঁড়িপাল্লা; নিক্তি। [ফা. তরাযূ]
তরাস *বি* ভয়; ত্রাস। [স. ত্রাস>, তুল. ফা. তরস্]
তরিকা, তরীকা *বি* ১ পদ্ধতি; পথ; পন্থা; নিয়ম; প্রণালী। ২ ক্ষুদ্র নৌকা। [আ. তরীকঃ]
তরিবত, তরিবৎ *বি* ১ শিক্ষা; তালিম। ২ আদব কায়দা। ৩ উপদেশ। [আ. তরবিয়ৎ]
তরী *বি* তরণী; নৌকা; ডিঙ্গা ইত্যাদি।
তরু *বি* বৃক্ষ; গাছ। **তরুরাজ, তরুবর** *বি* ১ বৃক্ষশ্রেষ্ঠ। ২ বট, অশ্বত্থ; তাল প্রভৃতি বড় বড় গাছ। [স. √তৃ+উ]
তরুণ *বিণ* ১ কিশোর। ২ নবযৌবন লাভ করেছে এমন। ৩ নতুন। ৪ নবোদিত। ৫ অপরিণত; অপরিপক্ব; কাঁচা; অল্প। ❑*বি* ১ নব-যুবক। ২ কিশোর; বালক। [স. √তৃ+উন]। **তরুণিমা** *বি* তারুণ্য; যৌবন। **তারুণ্য** *বি* ১ তরুণ অবস্থা। ২ নবযৌবন। ৩ কৈশোর। ৪ অনভিজ্ঞতা।
তরে *অব্য* (পদ্য) জন্য।
তর্ক *বি* ১ বাদানুবাদ; যুক্তি ও পাল্টা যুক্তি প্রদান; কথা কাটাকাটি; বচসা; কলহ। ২ যুক্তি; বিচার; বাহাস। ৩ ন্যায়শাস্ত্র। ৪ শঙ্কা; সংশয়। ৫ হেতু; কারণ। ৬ অনুমান; সন্দেহ। [স. √তর্ক+অ]। **তর্কজাল** *বি* ১ তর্কের ফাঁদ। ২ যুক্তিজাল। ৩ বহু তর্ক; বহু যুক্তি। **তর্কবিতর্ক, তর্কাতর্কি** *বি* বচসা; বিবাদ; অনুকূল ও প্রতিকূল যুক্তি প্রদর্শনমূলক কথা কাটাকাটি; বাদ-প্রতিবাদ। **তর্কবিদ্যা, তর্কবিজ্ঞান, তর্কশাস্ত্র** *বি* ন্যায়শাস্ত্র। **তর্কে তর্কে, তক্কে তক্কে** *ক্রিবিণ* সতর্কভাবে; ওৎ পেতে থেকে; শত্রুর বা চোরের প্রতীক্ষায় থাকা।
তর্কু *বি* টাকু; তকলি; সুতা কাটার যন্ত্র; তকলি। [স. কৃত+উ(নিপাতনে)]
তর্জন *বি* ১ ক্রোধযুক্ত গর্জন; ক্রুদ্ধ আস্ফালন। ২ তীব্র ভর্ৎসনা। ৩ ভীতি প্রদর্শন; শাসানো। [স. √তর্জ্+অন]। **তর্জন-গর্জন** *বি* সক্রোধে ও সগর্জনে উচ্চস্বরে ভর্ৎসনা; ঐরূপ আস্ফালন।
তর্জনী *বি* হাতের বৃদ্ধাঙ্গুলি ও মধ্যমার মধ্যবর্তী আঙ্গুল; যে আঙ্গুল নেড়ে তর্জন করা হয়। [স. √তর্জ্+অন+ঈ]
তর্জানো *ক্রিবিণ* তর্জন করা; আস্ফালন করা; গর্জন করা; শাসন করা। ❑*বি* গর্জন।
তর্জিত *বিণ* ১ তীব্রভাবে ভর্ৎসিত বা তিরস্কৃত। ২ তাড়িত। ৩ ভীতি প্রদর্শিত। [স.]
তর্পণ *বি* ১ হিন্দুমতে মৃত পূর্বপুরুষের সন্তুষ্টির জন্য জীবিত বংশধর কর্তৃক জলদান; সন্তোষদান; তৃপ্তিদান। ২ তৃপ্তিসাধন। [স. √তৃপ্+অন]
তর্পী *বিণ* তর্পণকারী; তর্পক। [স.]
তল *বি* ১ অধোভাগ; নিম্নদেশ; যে অংশ নিচে অবস্থিত। ২ মূল। ৩ পুকুর নদী সাগর প্রভৃতির জলের নিম্নস্থ ভূমি। ৪ উপরিভাগ; উপরের অংশ। ৫ ক্ষেত্র। ৬ হাতের চেটো। ৭ গৃহাদির তলা। [স. √তল্+অ]। **তলপেট** *বি* উদরের নিম্নাংশ; নাভি ও মূত্রাশয়ের মধ্যবর্তী দেহাংশ। **তলেতলে** *ক্রিবিণ* গোপনে; নিজেকে গোপন করে; গুপ্তভাবে।
তলক *বিণ* ঝাঁঝালো; কড়া; তীব্র (তলক তামাক)। [ফা. তল্‌খ্]
তলতল *অব্য* অত্যধিক নরম অবস্থা; প্রায় গলা অবস্থা; তুলতুল। **তলতলে** *বিণ* অত্যন্ত নরম; প্রায় গলিত; তুলতুলে।
তলতা, তল্লা *বি* একজাতীয় সরু নরম ফাঁপা বাঁশ। [আঞ্চলিক]
তলপি, তল্পি *বি* ১ গাঁটরি; বোঁচকা। ২ বিছানাপত্র বা অন্যান্য জিনিসের গাঁটরি। [স. তল্প>]। **তলপি-তলপা, তলপা-তলপি** *বি* বিছানা বা অন্য জিনিসপত্রের বোঁচকা; বাস করবার ইচ্ছায় যেসব দ্রব্য সঙ্গে থাকে বা আনা হয়। **তলপিবাহক, তল্পিবাহক** *বি* মোটবাহী চাকর; অনুচর; ভৃত্য।
তলব, তলপ *বি* ১ ডেকে পাঠানো; হাজির হওয়ার আদেশ; ডাক; আহ্বান। ২ বেতন। [আ.]
তলবানা *বি* আদালতে উপস্থিত হওয়ার আদেশ বা সমন; সমন জারি করার খরচা। [আ.]
তলা *বি* ১ নিম্নস্থান; তলদেশ; অধোভাগ। ২ মূল। ৩ স্থান; জায়গা। ৪ গৃহের তল; এক বা একাধিক তলবিশিষ্ট অট্টালিকার ছাদসহ এক একটি অংশ। **তলাগুছি** *বি* ভিতরে ভিতরে সাহায্য। **তলাফাঁক** *বিণ* দেউলিয়া; ঋণগ্রস্ত। **তলায় তলায়** *ক্রিবিণ* ভিতরে ভিতরে; গোপনে গোপনে। **তলারসা** *বিণ* ভিতরে রস আছে এমন; অবস্থাপন্ন।
তলাই, তলই *বি* চাটাই; চেটাই; দর্মা।
তলাট, তল্লাট *বি* অঞ্চল; ভূভাগ; বহুদূরব্যাপী স্থান।
তলানি *বি* গাদ; কাইট; ক্বাথ; যা থিতিয়ে নিচে পড়ে।
তলানো *ক্রি* ১ ডোবা; ডুবে যাওয়া; জলের নিচে চলে যাওয়া। ২ কোনো কিছুর মধ্যে নিমজ্জিত হওয়া। ৩ হৃদয়ে প্রবেশ করা; স্পষ্টভাবে উপলব্ধি করা; তাৎপর্য বা গূঢ় মর্ম উপলব্ধি করা।
তলাপাত্র *বি* হিন্দু ব্রাহ্মণের উপাধিবিশেষ।
তলাব, তালাব, তালাও *বি* পুকুর; দিঘি। [ফা. তালাব]
তলাশ, তালাশ, তল্লাশ *বি* খোঁজখবর; সন্ধান; অনুসন্ধান। **তল্লাশি** *বি* অনুসন্ধানের কাজ; খোঁজ; তল্লাশ। [আ.]
-তলি *বি* উপকণ্ঠ; নিকটবর্তী অঞ্চল; প্রান্ত (শহরতলি)। [স. স্থলী>তলি]
তলোয়ার, তলওয়ার *বি* তরবারি; অসি। [স. তরবারি>]
তল্প *বি* শয্যা; বিছানা। [স.]। **তল্পক** *বি* শয্যা প্রস্তুতকারক; ফরাশ। **তল্পকীট** *বি* ছারপোকা।
তল্পি, তল্পিদার, তল্পিবাহক ⇒তলপি।
তল্লাট⇒তলাট।
তল্লাবাঁশ *বি* একজাতীয় বাঁশ।
তল্লাশ, তল্লাস *বি* তালাশ।
তশতরি, তশতরী *বি* ছোট রেকাবি; পিরিচ। [ফা. তশত]
তশরিফ, তসরিফ *বি* ১ উপস্থিত; পদার্পণ; হাজির;

উপবেশন; বসা। ২ (সম্ভ্রমে প্রযুক্ত) বসতে মর্জি বা আজ্ঞা হোক। [আ.]

তসনস *বি* তছনছ; ধ্বংস; উল্টা-পাল্টা; বিপর্যয়। [তুল. হি. তহস্‌নহস্‌]

তসবি, তছবী *বি* আল্লাহর নাম বা দোয়া দরুদ পাঠের সময়ে নির্দিষ্ট সংখ্যা গণনার জন্য দানা বা গুটির মালাবিশেষ; তসবির মালা করাঙ্গুলির সাহায্যে গণনা; মুসলমানি জপমালা। [আ.]। **তসবি খাঁ** *বি* যিনি সবসময়ে তসবি নিয়ে থাকেন; ধর্মের ধ্বজাধারী।

তসবির, তসবীর *বি* ফটো; ছবি; চিত্র; প্রতিমূর্তি; প্রতিকৃতি। [আ.]

তসর *বি* গুটিপোকার রসজাত সুতা; গুটিপোকার সুতা থেকে তৈরি এক প্রকার মোটা কাপড়; এক প্রকার রেশম। [স. ত্রসর>]

তসলিম, তসলীম *বি* অভিবাদন; সালাম; নমস্কার; শ্রদ্ধা ও সম্মান প্রদর্শন। **তসলিমাত** *বি* বারবার সালাম।

তসিল *বি* তহসিল।

তস্কর *বি* চোর; অপহরণকারী; অপহারক। [স. তৎ+√কৃ+অ]

তস্য *সর্ব* তার। [স.]

তহ্ *বি* ১ খরচ; খাজনা। ২ ভাঁজ; তল; নিচু। [আ.]। **তহখরচ, তখরচ** *বি* হিসাবের অতিরিক্ত খরচ; বাজে খরচ; আনুষঙ্গিক খরচ।

তহকিক, তহকীক *বি* সত্য নির্ণয়ের চেষ্টা; তদন্ত; গবেষণা; বাস্তবিক। [আ.]

তহখানা, তয়খানা, তায়খানা *বি* মাটির নিচের ঘর; ভূগর্ভস্থিত কক্ষ। [ফা. তহখানহ্]

তহফা, তোহফা, তোফা *বি* উপহার; উপঢৌকন; উপহারযোগ্য অতি উৎকৃষ্ট বস্তু; উৎকৃষ্ট; খাসা। [আ.]

তহবন্দ *বি* তহবন; তবন; লুঙ্গি। [ফা.]

তহবিল, তফিল *বি* সঞ্চিত নগদ টাকাকড়ি; ধনভাণ্ডার; পুঁজি। [আ.]। **তহবিলদার, তবিলদার** *বি* জমা টাকার হেফাজতকারী; কোষাধ্যক্ষ। **তহবিল তসরুফ, তহবিল ভাঙ্গা** *বি* তহবিল থেকে বেআইনি খরচ বা চুরি।

তহমত, তোহমৎ *বি* অপবাদ; মিথ্যা দোষারোপ বা দুর্নাম। [আ. তুহমৎ]। **তহমতি** *বি, বিণ* অপরাধী; আসামি।

তহরি, তহুরি, তহরির *বি* দলিল ও চিঠি-পত্রাদি লেখার পারিশ্রমিক; প্রজার নিকট থেকে নির্ধারিত খাজনার অতিরিক্ত যে অর্থ আদায় করা হয়; দোকানদার; খরিদ্দারের ভৃত্যকে যে বখশিশ দেওয়া হয়। [আ. তহরীরী]

তহরিমা, তহরীমা *বি* যে নিয়ত দ্বারা অন্যান্য কাজকে নিষিদ্ধ করা হয় যেমন—নামাজের প্রারম্ভে 'আল্লাহু আকবর' বলে একাগ্রচিত্তে বুকে বা নাভিস্থলে হাত বেঁধে নামাজে রত হওয়া; নামাজের নিয়ত করা; তকবির-ই-তহরিমা। [আ.]

তহশিল, তহসিল *বি* ১ আদায়কৃত খাজনা; রাজস্ব। ২ খাজনা বা কর আদায়। ৩ খাজনা গ্রহণের দফতর। [আ.]। **তহশিলদার** *বি* ১ তহশিলের ভারপ্রাপ্ত কর্মচারী। ২ খাজনা আদায়কারী; কর সংগ্রাহক।

তহুরা-শরাব *বি* বেহেশ্‌তের পবিত্র পানীয়বিশেষ। [আ.]

তা[১] *বি* ডিম ফোটাবার জন্য উপরে বসে পাখির তাপ বা উত্তাপ দান। [স. তাপ>]

তা[২] *বি* পাক; মোচড়। **গোঁফে তা দেওয়া** *ক্রি* ১ গোঁফ পাকানো। ২ সপক্ষে কাজ সম্পাদন। ৩ সাফল্য সম্ভাবনায় নিশ্চিত হওয়া। [ফা. তহ্/স. তার]

তা[৩] *বি* সম্পূর্ণ একটা; এক দিস্তার চব্বিশ ভাগের একভাগ। [ফা. তহ্/তাহ্]

তা[৪] *অব্য* ১ কথার মাত্রা। ২ কিন্তু; তথাপি; আচ্ছা (তা তুমি যা বলছো)।

তাই[১] *অব্য* তাহাই শব্দের সংক্ষেপ (তাই বলে)।

তাই[২] *অব্য* সুতরাং; সেজন্য। **তাইতো** *অব্য* সেজন্য; তজ্জন্য; নিশ্চয়তাসূচক; বিস্ময়সূচক; হতবুদ্ধিতাপ্রকাশ। **তাইতে** *অব্য* সেজন্য; তজ্জন্য; তার উত্তরে।

তাই[৩] *বি* (শিশুর) করতালি; হাততালি। [স. তালি>]

তাইরে নাইরে *অব্য* গানের ধ্বনি; উদ্দেশ্যহীনভাবে বাজে কাজে সময় নষ্ট; অক্ষমতাজ্ঞাপক।

তাউই, তালই *বি* ভাই বা বোনের শ্বশুর। [স. তাতগু>]

তাউত *বি* শুশ্রূষা ও পরিচর্যা। [আ. তাঈদ]

তাও[১] *বি* উষ্ণতা; উত্তাপ; তাপ; গরম। [স. তাপ>]। **তাও দেওয়া** *ক্রি* আগুনে বাতাস দেওয়া; কামারশালে যাঁতা বা স্বর্ণকারের নল দিয়ে আগুনে বাতাস দেওয়া।

তাও[২] *সর্ব* তাহাও।

তাও[৩]**, তা** *বি* কাগজ বা কাপড়াদির ভাঁজ; কাগজের তা। তা-এর বিকৃত রূপ। [ফা. তাহ্]

তাওয়া[১] *বি* চাটু; ধাতুনির্মিত পাত্র যাতে রুটি, ডিম ইত্যাদি ভাজা বা আগুনে সেঁকা হয়; তুষ কাঠ কয়লা ইত্যাদির আগুন জ্বেলে রাখবার জন্য মাটির পাত্রবিশেষ; কলিকায় বসাবার ক্ষুদ্র চাকতি। [ফা. তাব্‌হ্]

তাওয়া[২]**, তাওয়ানো** *ক্রি* তাতানো; গরম করা; হাপরে পুড়িয়ে লাল করা; চটানো; উত্তেজিত করা।

তাং *বি* তারিখ-এর সংক্ষিপ্ত রূপ। [আ.]

তাঁত *বি* তন্তু; বস্ত্র বুনবার যন্ত্র; চর্মসূত্র; জীবজন্তুর নাড়ি থেকে তৈরি সুতা। [স. তন্ত্র>]

তাঁবু, তাম্বু *বি* বস্ত্রগৃহ; শিবির; অস্থায়ী ছাউনি; একপ্রকার মোটা কাপড়ের তৈরি গৃহবিশেষ; তাঁবুর মতো ছড়ানো বা ঢিলা পরিধেয়। [আ. তনবু; তমবু]

তাঁবে, তাবে *বি, বিণ* অধীন; অধীনতা; শাসনে; কর্তৃত্বে; আধিপত্যে। [আ. তাবি]। **তাঁবেদার, তাবেদার** *বি* অধীন লোক; অনুগত ব্যক্তি; আজ্ঞাবহ; অধীন। [আ. তাবি+ফা. দার]। **তাঁবেদারি, তাবেদারি** *বি* অধীনতা; তাবেদারের কাজ; অধীন অবস্থা।

তাক[১]**, তাগ** *বি* ১ নিশানা; লক্ষ্য; নজর। ২ আন্দাজ; অনুমান। ৩ ওত; আক্রমণের উদ্দেশ্যে অপেক্ষা। ৪ বিস্ময়; বিহ্বলতা। [স. তর্ক>]। **তাক-লাগা** *ক্রি* বিস্ময় বোধ হওয়া।

তাক[২] *বি* থাক; দেয়াল আলমারি ইত্যাদিতে জিনিসপত্রাদি রাখবার জন্য তক্তা দিয়ে তৈরি দ্রব্যাধারবিশেষ। [আ. cupola, shelf]

তাকওয়া *বি* ভীতিপ্রদ বস্তু থেকে আত্মরক্ষা; খোদাভীতি; ধর্মনিষ্ঠা; সংযম; পাপাচার হতে আত্মরক্ষা; কর্তব্যনিষ্ঠা। [আ.]

তাকত, তাকদ *বি* শক্তি; ক্ষমতা; সামর্থ্য; বল। [আ.]

তাকানো *ক্রি* দৃষ্টিপাত করা; চাওয়া; লক্ষ করা; দৃষ্টিপাত; দৃষ্টি। [স. তর্ক>]

তাকাবি, তাকাবী=তগাবি।
তাকাব্বরি, তাকাব্বরী = তকব্বরি।
তাকিয়া *বি* বড় আকারের বালিশ যাতে আরামের জন্য হেলান দেওয়া হয়। [ফা. তকীসা]
তাকে তাকে = তক্কে তক্কে।
তাগড়া, তাগড়াই *বিণ* বলিষ্ঠ; লম্বা-চওড়া। [হি. তগড়া]
তাগা *বি* ১ উপর হাতে পরিধান করবার অলঙ্কারবিশেষ; অনন্ত। ২ দেহের বিভিন্ন স্থানে বন্ধনের মন্ত্রপূত সুতা ইত্যাদি। ৩ ডোর; সর্পাঘাত ইত্যাদিতে রক্ত চলাচল বন্ধ করার বাঁধন। [প্রা তগ্গ>]
তাগাড় *বি* ১ অট্টালিকা ইত্যাদি নির্মাণের জন্য চুন সুরকি ইত্যাদি পানিতে মিশিয়ে প্রস্তুত মসলা। ২ ঐ মসলা প্রস্তুত করার পাত্র। ৩ ধানের চারা রোপন করার সময়ে চষা জমিতে পানি সেচন করে যে কাদা প্রস্তুত করা হয়। [ফা. তগার]
তাগাদা, তাকাদা *বি* ১ স্মরণ করিয়ে দেওয়া। ২ প্রাপ্য বস্তু ফেরত দেবার বারবার দাবি বা অনুরোধ। [আ. তʼকাদা]
তাগি *বি* ১ তাগা; সুতা। ২ মাছ ধরার সরু সুতা। [প্রা. তগ্গ>]
তাগিদ, তাকিদ *বি* ১ কোনো কাজের জন্য বার বার অনুরোধ; পীড়াপীড়ি। ২ জরুরি দরকার। ৩ প্রেরণা। [আ. তাʼকীদ]
তাচ্ছিল্য *বি* ১ তুচ্ছজ্ঞান; অশ্রদ্ধা; অবজ্ঞা। ২ অনাদর। [স. তুচ্ছ>]
তাছির, তাসির *বি* প্রভাব; ফলাফল; কার্যকারিতা; ছাপ। [আ. তাʼসীর]
তাজ *বি* ১ মস্তকের আবরণবিশেষ; টুপি। ২ মুকুট; crown। [আ.]। **তাজমহল** *বি* মোগলসম্রাট শাহ্‌জাহান কর্তৃক সম্রাজ্ঞী মমতাজমহলের স্মরণে আগ্রায় নির্মিত স্বনামখ্যাত মর্মর সমাধি-সৌধ।
তাজা *বিণ* ১ টাটকা; সদ্য। ২ নতুন। ৩ জীবন্ত; সজীব। ৪ সতেজ; সবল; শক্তিমান; প্রাণবন্ত; স্ফূর্তিযুক্ত। [ফা.]। **তাজা-ব-তাজা** *বিণ* নব নব; নতুন; সজীব প্রাণোচ্ছল।
তাজি, তাজী *বি* আরবি ঘোড়া; উৎকৃষ্ট স্বাস্থ্যবান অশ্ব। ❑ *বিণ* বেগবান তেজিয়ান (তাজি ঘোড়া)। [ফা. তাযী]
তাজিম, তাযীম *বি* ১ সম্মান, সম্ভ্রম, শ্রদ্ধা, আদব। ২ সমাদর। ৩ ভদ্রতা, শিষ্টতা। [আ.]
তাজিয়া, তাʼযিয়া *বি* ১ হাসান-হোসেনের নকল কবর যা মুহররমের মিছিলে বাহিত হয়; কবরের প্রতীক। ২ শোক। ৩ শোকে সান্ত্বনা। [আ.]
তাজ্জব *বি* বিস্ময়। ❑ *বিণ* বিস্ময়কর, অদ্ভুত, বিস্মিত। [আ. তাʼআজ্জব]
তাঞ্জাম *বি* ১ পালকি; শিবিকা। ২ সজ্জিত শিবিকা বা চতুর্দোলা। [হি. তাম্‌জান্‌]
তাড় *বি* বাহুর এক প্রকার অলঙ্কার। [স. তড়াঙ্ক>]
তাড়ক *বিণ* তাড়নাকারী; তাগাদাকারী। [স. √তড়্+ণিচ্+অক]
তাড়কা *বি স্ত্রী.* রামচন্দ্র কর্তৃক নিহত রাক্ষসীর নাম। [স.]
তাড়ন, তাড়না *বি* ১ শাসন। ২ প্রহার; আঘাত। ৩ ভর্ৎসনা; তীব্র তিরস্কার। ৪ উৎপীড়ন; নির্যাতন। [স. √তড়্+ণিচ্+অন/আ]। **তাড়নী** *বি স্ত্রী.* তাড়না বা প্রহার করার জন্য ব্যবহৃত বস্তু; কশা; চাবুক ইত্যাদি। [স.]
তাড়া[১] *ক্রি* আক্রমণ করার জন্য পিছনে ধাওয়া; আক্রমণের উদ্দেশ্যে পশ্চাদ্ধাবন করা। ❑ *বি* ১ তাড়না, প্রহার, ধমক, ভর্ৎসনা। ২ ভীতি প্রদর্শন; আক্রমণাত্মক আচরণ। [স. √তড়্+বা. আ]
তাড়া[২] *বি* ১ তাগিদ; তাগাদা। ২ ব্যস্ততা; দ্রুত নিষ্পাদনের প্রয়োজন। ৩ দ্রুত করবার জন্য পীড়াপীড়ি। [স. ত্বরা>]। **তাড়াতাড়ি** *বি* ১ ব্যস্ততা; ত্বরা। ২ ব্যস্ত হওয়া বা ব্যস্ততা প্রদর্শন। ❑ *ক্রিবিণ* অতি শীঘ্র; ব্যস্ততার সঙ্গে। **তাড়াহুড়া, তাড়াহুড়ো** *বি* ১ অত্যন্ত ব্যস্ততা; অস্থিরতা; দ্রুত সম্পাদন চেষ্টা। ২ উৎপীড়ন; অত্যাচার।
তাড়া[৩] *বি* গুচ্ছ; গোছা; আঁটি। [স. তাড়>]
তাড়ানো *ক্রি* ১ দূরীভূত করা; বের করে দেওয়া। ২ আগমনে বাধা সৃষ্টি করা। ৩ প্রহার বা তাড়না করে চরানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [স. √তড়্+ণিচ্+বা. আনো]
তাড়ি[১] *বি* ক্ষুদ্র গুচ্ছ; ছোট তাড়া বা বান্ডিল। [স. তাড়+বা. ই]
তাড়ি[২], **তাড়ী** *বি* তালের (বা খেজুরের) রস; ঐ রস থেকে প্রস্তুত এক প্রকার মদ। [স. তাল> তাড়+বা. ই/ঈ]
তাড়িত[১] *বিণ* ১ তাড়না করা হয়েছে এমন; শাসিত; ভর্ৎসিত; তিরস্কৃত; দণ্ডিত; অত্যাচারিত। ২ তাড়িয়ে দেওয়া হয়েছে এমন; বিতাড়িত; বহিষ্কৃত। [স. √তড়্+ণিচ্+ত]
তাড়িত[২] *বিণ* ১ বৈদ্যুতিক; বিদ্যুৎ-সংক্রান্ত। ২ বিদ্যুৎ-জাত। [স.]। **তাড়িত বার্তা** *বি* টেলিগ্রাম। **তাড়িতালোক** *বি* বিজলি বাতি।
তাড়ু *বি* ময়রার খুন্তি। [স. তর্দু>]
তাণ্ডব *বি* ১ পুরুষের নাচ। ২ উদ্দাম নৃত্য। ৩ তণ্ডু মুনি উদ্ভাবিত নৃত্য। ৪ ভয়ঙ্কর বা প্রলয়ঙ্কর ব্যাপার। [স. তণ্ডু+আ]। **তাণ্ডবলীলা** *বি* ধ্বংস লীলা।
তাত[১] *বি* ১ পিতা; বাবা। ২ পিতৃব্য; চাচা; কাকা; খুড়া; পিতৃস্থানীয় গুরুজন। ৩ পুত্র বা পুত্রতুল্য ব্যক্তিকে সস্নেহ সম্বোধন। [স. তাত>চাচ+আ = চাচা]
তাত[২] *বি* ১ তাপ; উত্তাপ; আঁচ। ২ (আল.) ক্রোধান্বিত মেজাজ; ক্রুদ্ধ প্রকৃতি। ৩ (ব্য.) ক্ষুধাগ্নি। [স. তপ্ত>]। **তাতল**(ব্রজ.) *বিণ* তপ্ত; উত্তপ্ত; তেতে যাওয়া।
তাতা *বিণ* তপ্ত বা উত্তপ্ত হওয়া; ক্রোধান্বিত। ❑ *ক্রি* (আল.) উত্তেজিত বা ক্ষিপ্ত হওয়া। **তাতানো** *ক্রি* ১ উত্তপ্ত করা। ২ (আল.) খেপানো; ক্ষিপ্ত বা ক্রুদ্ধ বা উত্তেজিত করা। [স. তপ্ত>]
তাতা থৈথৈ *অব্য* বাদ্যের বোলবিশেষ; তাণ্ডব নৃত্যের বোল।
তাতার *বি* মধ্য এশিয়ার জাতিবিশেষ। **তাতারি** *বিণ* তাতারজাতীয়; তাতার শ্রেণীর; তাতারদের দেশীয়।
তাতারসি, তাতরস *বি* আখের রস জ্বাল দিয়ে প্রস্তুত তরল গুড়।
তাতারা *বি* পক্ষীবিশেষ।
তাতালা *বি* লৌহনির্মিত দণ্ডবিশেষ যা উত্তপ্ত করে রাং ঝাল লাগানো হয়। [স. তপ্ত> তাত+বা. আল]
তাৎকালিক *বিণ* ১ তদানীন্তন; তখনকার। ২ সামসময়িক। [স. তৎ+কাল+ইক]
তাৎপর্য *বি* ভাবার্থ; গূঢ় অর্থ; মর্মার্থ। [স. তৎপর+য]
তাত্ত্বিক *বিণ* ১ তত্ত্ব-সংক্রান্ত। ২ তত্ত্বজ্ঞ; তত্ত্ববিদ। ৩

তত্ত্বীয়। ৪ তত্ত্বজ্ঞ ব্যক্তি; তত্ত্ববিদ। ৫ সত্য; যাথার্থ্য; প্রকৃত। [স. তত্ত্ব+ইক]
তাথ্যিক *বিণ* ১ তথ্যমূলক। ২ তথ্যপ্রধান। ৩ তথ্যযুক্ত। [স. তথ্য+ইক]
তাদাত্ম্য *বি* কিছুর সঙ্গে একীভাব বা একাত্মতা; অভেদ; অভিন্নতা। [স. তদ্+আত্মন্+য]
তাদৃশ *বিণ* সেইরূপ; তদ্রূপ; সেই প্রকার; তত। [স. তদ্+√দৃশ্+অ]। **তাদৃশী** *বিণ স্ত্রী.*।
তান *বি* ১ সঙ্গীতের স্বর বা রাগ বিস্তার; সুরে আলাপ। ২ সুর; সুরেলা ধ্বনি। ৩ বিস্তার; প্রসার। [স. √তন্+অ]
তানপুরা *বি* (সং) তারযন্ত্রবিশেষ; বীণাকৃতি বাদ্যযন্ত্র; তম্বুরা। [আ. তমবুর; তনবুর]
তা-না-না, তানা-না *অব্য* ১ সুর সাধন-সূচক। ২ (আল.) ভণিতা; নানা বাহানায় নাকচের চেষ্টা।
তান্ত্রিক *বিণ* ১ তন্ত্রশাস্ত্রসংক্রান্ত। ২ তন্ত্রশাস্ত্রজ্ঞ; তন্ত্রশাস্ত্রাদি। ৩ তন্ত্রসাধক। ৪ তন্ত্রশাস্ত্র অনুসারী। [স. তন্ত্র+ইক]। **তান্ত্রিকতা** *বি*।
তাপ *বি* ১ উষ্ণতা; উত্তাপ। ২ দাহ। ৩ ক্রোধ। ৪ দুঃখ; কষ্ট; ক্ষোভ। ৫ জ্বর। ৬ অশান্তি। ৭ শোক। [স. √তপ্+অ]। **তাপত্রয়** *বি* তিন তাপ—আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক। **তাপমান** *বি* তাপপরিমাপক যন্ত্র; থার্মোমিটার।
তাপক *বিণ* তাপদায়ক; দুঃখদানকারী। [স. √তপ্+অ]
তাপন *বি* ১ তাপ উৎপাদন বা জনন; তাপদান। ২ তাপপ্রয়োগ। ৩ সূর্য। ☐ *বিণ* ১ তাপউৎপাদক। ২ ক্লেশকর। ৩ মদনের পঞ্চবাণের অন্যতম। ৪ তাপজনক। [স. √তপ্+ণিচ্+অন]। **তাপনীয়** *বিণ* তপ্ত করার যোগ্য; যাতে তাপ প্রয়োগ করা হবে।
তাপস *বি* তপস্বী; ঋষি; মুনি; দরবেশ। ☐ *বিণ* তপস্যাকারী। [স. তপস্+অ]। **তাপসপ্রিয়** *বি* পিয়ালবৃক্ষ। **তাপসপ্রিয়া** *স্ত্রী.* দ্রাক্ষালতা। **তাপসী** *বি,বিণ স্ত্রী.*। **তাপস্য** *বি* তপস্বীর ধর্ম আচরণ।
তাপা *ক্রি* ১ গরম হওয়া; উত্তপ্ত হওয়া। ২ পোহানো; তাপ বা উত্তাপ গ্রহণ করা। [স. তাপ+বা. আ.]। **তাপানো** *ক্রি* তপ্ত করা।
তাপিত *বিণ* ১ উত্তপ্ত; তাপপ্রাপ্ত। ২ ক্লিষ্ট; ক্লেশ বা দুঃখ-প্রাপ্ত; সন্তপ্ত। [স. √তপ্+ণিচ্+ত]। **তাপিতা** *বিণ স্ত্রী.*।
তাপী[১] *বিণ* ১ তাপযুক্ত, উত্তপ্ত। ২ সন্তাপযুক্ত; দুঃখপ্রাপ্ত; ক্লিষ্ট। [স. তাপ+ইন্]। **তাপিনী** *বিণ স্ত্রী.*।
তাপী[২] *বিণ* তাপজনক; তাপ উৎপাদক। [স. তাপ+ইন্]
তাফতা *বি* রেশম ও পশমমিশ্রিত শীতবস্ত্র; একপ্রকার চেলি বস্ত্র। [ফা. তাফ্‌তহ্; ই. taffeta]
তাফাল *বি* ১ গুড় তৈরি করবার উনুন; অগ্নিশিখা; উত্তাপ। ২ ঝড়ো বাতাস ও হালকা বৃষ্টি। [ফা. তফ্]
তা-বড় তা-বড় *বিণ,অব্য* ইয়া বড় বড়; বিরাট বড় বড়—তা থেকে বড়; অনেক বড় বড়। (তা-বড় তা-বড় ধনী এ বাড়ি কিনতে চেয়েছে)।
তাবৎ *অব্য,বিণ* ১ সমুদয়; সমস্ত। ২ তৎপরিমাণ; তত। ☐ *অব্য* সেই পর্যন্ত; সেই পরিমাণ সময়; ততক্ষণ। ☐ *সর্ব* সকল। [স. তদ্+বৎ]
তাবা, তাবাহ্ *বি* ধ্বংস; বিনষ্ট। [ফা. তবাহ্]
তাবিজ, তা'বীয *বি* ১ বাহুর এক প্রকার অলঙ্কার। ২ কবচ; মাদুলি। [আ. ত'বীয]
তাবির *বি* আলোচনা; ব্যাখ্যা। [আ. ত'বীর]
তাবিল, তাবির *বি* ব্যাখ্যা [আ. তা'বীল]।
তাবুত, তাবূত *বি* ১ শবাধার; কফিন। ২ তাজিয়া বা কবরের প্রতীক। ৩ নিশানা। ৪ বনি ইসরাইলিদের পবিত্র সিন্দুক—বিধর্মীদের সঙ্গে যুদ্ধ করার সময়ে হযরত মুসা (আ.) এটা সামনে স্থাপন করতেন, তাতে যোদ্ধারা দৃঢ় মনোবল পেতো। [আ. তাবূত]।
তাবে ⇒তাঁবে।
তাবেঈন, তাবিন *বিণ* ১ আজ্ঞাবহগণ। ২ অনুসারীগণ; অধীনস্থ। ৩ হজরত মুহম্মদ (সা.)-এর প্রত্যক্ষ অনুসারীদের অনুসারী; তাঁবেদার। [আ. তাবি'ঈন]
তামড়ি *বি* তাম্রবর্ণ রত্ন। [স. তাম্র>তামা, তাম+ড়ি]
তামদারি *বি* আপ্যায়ন; অভ্যর্থনা; ভোজন করানো। [আ. ত'আম+ফা. দারি]
তামরস *বি* ১ পদ্ম; কমল; উৎপল; পঙ্কজ; শতদল। ২ তাম্র; তামা। ৩ স্বর্ণ; সোনা। ৪ সংস্কৃত ছন্দবিশেষ। [স.]
তামস *বি,বিণ* ঘন অন্ধকার বা অন্ধকারাচ্ছন্ন। ☐ *বিণ* তামসিক; তমোগুণযুক্ত। [স. তমস্+অ]
তামসিক *বিণ* ১ তমোগুণ সংক্রান্ত। ২ তমোগুণপূর্ণ। ৩ মেঘাচ্ছন্ন। [স. তমস্+ইক]
তামসী *বি* অন্ধকারাচ্ছন্ন রাত্রি। [স. তমস্+ঈ (*স্ত্রী.*)]
তামা *বি* ধাতুবিশেষ; তাম্র। [স. তাম্র>]। **তামাটে** *বিণ* ১ তামার মতো বর্ণযুক্ত; তাম্রাভ। ২ তামার ন্যায় স্বাদযুক্ত; তামার ন্যায় গন্ধযুক্ত।
তামাক, তামাকু, তামুক *বি* ১ তামাক গাছ; ঐ গাছের পাতা; ধূম্রপর্ণী। ২ ঝোলা গুড় দিয়ে তৈরি তামাক পাতার চূর্ণ। [স্পে. tobacco-র সংস্কৃতরূপ তাম্রাকূ]
তামাচা, তামেচা *বি* থাপ্পড়; চপেটাঘাত। [ফা. তমান্‌চহ্]
তামাদি, তমাদি *বি* দাবি করবার নির্দিষ্ট সময় অতিক্রম। ☐ *বিণ* দাবি করবার নির্দিষ্ট সময় অতিক্রান্ত। [আ. তমাদী]
তামান্না *বি* আশা; অভিলাষ; বাসনা। [আ. তমন্না]
তামাম, তমাম *বিণ* ১ সমগ্র; সমস্ত; সমুদয়। ২ শেষ। ৩ তামাদি। [আ.]। **সালতামামি** *বি* বর্ষসমাপ্তি। **তামামশুধ** *বিণ* সমাপ্ত।
তামাশা, তামাসা *বি* ১ খেলা; ক্রীড়া; বাজি। ২ প্রদর্শনী। ৩ কৌতুক; মজা; রহস্য; পরিহাস; ঠাট্টা; মস্করা। [আ. তমাশা]
তামিল[১] *বি,বিণ* সম্পাদন; মান্য; রক্ষা; পালন। ☐ *বিণ* অনুষ্ঠিত; পালিত; সম্পাদিত (হুকুম তামিল)। [আ. তামীল]
তামিল[২] *বি* ১ প্রাচীন দ্রাবিড় ভাষা; দক্ষিণ ভারতের তামিলনাড়ু ও শ্রীলঙ্কার কিছু অংশের ভাষা। ২ উপমহাদেশের একটি নৃতাত্ত্বিক জাতি।
তাম্বুল, তাম্বূল *বি* পান; এক প্রকার পাতা যা সুপারি চুন ইত্যাদি সহযোগে খাওয়া হয়। [স.]। **তাম্বুলকরঙ্ক** *বি* পানের বাটা; তাম্বূলপাত্র। **তাম্বুলপেটিকা** *বি* পানের ডিবা; পানের থলি বা বটুয়া।
তাম্বুলিক, তাম্বুলী, তামলি *বি* তাম্বুল বা পান ব্যবসায়ী; তামলি জাতি। [স. তাম্বুল+ইক/ঈ]
তাম্র *বি* এক প্রকার ধাতু; তামা। ☐ *বিণ* তাম্রতুল্য বর্ণবিশিষ্ট।

[স.]। **তাম্রফলক** *বি* তামার পাত, যার উপর রাজাজ্ঞাদি খোদাই হতো। **তাম্রলিপি** *বি* তাম্রফলকে লিখিত বা উৎকীর্ণ লিপি। **তাম্রলিপ্ত, তাম্রলিপ্তি** *বি* প্রাচীনকালে বৃহৎ বাণিজ্যপীঠ হিসেবে বিখ্যাত তমলুক শহর। **তাম্রশাসন** *বি* তাম্রফলকে খোদিত রাজনির্দেশ।

তাম্রকূট, তাম্রকূট *বি* তামাক। [tobacco–র সংস্কৃতায়নে তাম্রকূট]

তাম্রাভ *বিণ* তামাটে। □*বি* রক্তচন্দন। [স. তাম্র+আভা]

তায় *সর্ব* তাকে; তাতে। □*অব্য* তদুপরি; তাতে আবার।

তায়দাদ, তাইদাদ *বি* ১ সংখ্যা। ২ পরিমাণ নির্ধারণ (তায়দাদ করে বিয়ের রান্নাবান্না করো)। ৩ জমির চৌহদ্দি বা চতুঃসীমার বিবরণ–সম্বলিত দলিল। [আ. তা'দাদ]

তার[১] *বি* ১ ধাতুর তৈরি সূত্র বা রজ্জু। ২ টেলিগ্রাম। [ফা. তার]

তার[২] *বিণ* অত্যন্ত উচ্চ; ভীষণ উঁচু। **তারস্বর** *বি* অতি উচ্চ রব। [স. √তৃ+ণিচ্+অ]

তার[৩] *সর্ব* তাহার।

তার[৪] *ক্রি* ত্রাণ করো। [স. √তৃ+অ]

তার[৫] *বি* ১ উত্তরণ; অতিক্রম। ২ রসগ্রহণ।

তারক *বিণ* পারকর্তা; উদ্ধারকারী; রক্ষক। □*বি* ১ কর্ণধার; মাঝি। ২ ভেলা; ক্ষুদ্র নৌকা। ৩ নক্ষত্র। ৪ চোখের তারা। ৫ অসুরবিশেষ। [স. √তৃ+ণিচ্+অক]। **তারকনাথ** *বি* হিন্দুদেবতা শিব।

তারকা *বি* ১ নক্ষত্র। ২ চোখের তারা; তারাচিহ্ন (*)। ৩ চলচ্চিত্রের বিশিষ্ট অভিনেতা বা অভিনেত্রী। [স. √তৃ+ণিচ+অক+আ]

তারকারি *বি* ১ হিন্দু পুরাণোক্ত তারক নামক অসুরের শত্রু ও তার বধকারী। ২ হিন্দুদেবতা কার্তিকেয়। [স. তারক+অরি]

তারণ *বি* ত্রাণ; পারকরণ। □*বিণ* ত্রাণকর্তা; উদ্ধারকারী। [স. √তৃ+ণিচ+অন]। **তারণি, তারণী** *বি* ১ নৌকা ভেলা ইত্যাদি যা দিয়ে নদী প্রভৃতি পার হওয়া যায়। ২ খেয়া।

তারতম্য *বি* পার্থক্য; প্রভেদ; ইতরবিশেষ; কমবেশি; ন্যূনাধিক্য। [স. তর+তম = তরতম+য]

তারল্য *বি* ১ তরল অবস্থা; তরলতা; দ্রবতা। ২ চপলতা। ৩ অদৃঢ়তা। ৪ অস্থিরমতিত্ব। [স. তরল+য]

তারা *বি স্ত্রী.* ১ ত্রাণকারিণী। ২ দশমহাবিদ্যার একজন দেবী। ৩ বৌদ্ধ দেবীবিশেষ। ৪ রামায়ণোক্ত বালী বা সুগ্রীবের স্ত্রী। ৫ নক্ষত্র; তারকা। ৬ চোখের তারা। ৭ সুর পর্যায়ের উচ্চ সপ্তক। [স. √তৃ+ণিচ্+অ+আ *স্ত্রী.*]। **তারানাথ, তারাপতি** *বি* চন্দ্র; চাঁদ। **তারাপথ** *বি* গগন; আকাশ।

তারাবাজি *বি* আতসবাজিবিশেষ।

তারাবি, তারবীহ্ *বি* রমজানের চাঁদ দেখা যাওয়ার রাত থেকে ঈদের চাঁদ দেখা যাওয়ার আগের দিন পর্যন্ত প্রতি রাতে এশার নামাজের ফরজ ও দুই রাকাত সুন্নতের পর এবং বিতরের পূর্বে এই নামাজ দুই রাকাত করে বিশ রাকাত পড়তে হয়। [আ. তারাবীহ্]। **খতম তারাবি** *বি* যে তারাবীহ্ নামাজে সারা রমজান মাসে সমস্ত কুরআন অন্তত একবার খতম করা হয়।

তারিখ *বি* ১ মাসের দিন সংখ্যা; দিন। ২ ইতিহাস। [আ. তওয়ারিখ; তারীখ]

তারিণী *বিণ* সংকট থেকে ত্রাণকারিণী। [স. √তৃ+ণিচ+ইন+ঈ]

তারিফ, তারীফ *বি* ১ প্রশংসা, বাহবা; সুখ্যাতি। ২ প্রশংসোবাদ। [আ. তা'রীফ]।

তারুণ্য *বি* ১ তরুণ অবস্থা বা বয়স। ২ যৌবন। ৩ কাঁচা ভাব বা কচি অবস্থা। ৪ প্রথম যৌবন। [স. তরুণ+য]

তার্কিক *বিণ* তর্কশাস্ত্রে অভিজ্ঞ; নৈয়ায়িক। □*বি,বিণ* ১ তর্কপ্রিয়। ২ তর্কপটু। [স. তর্ক+ইক]

তার্পিন *বি* তৈলবিশেষ; সরলজাতীয় বৃক্ষের নির্যাস। [ই turpentine]

তাল[১] *বি* বৃক্ষবিশেষ; তাল ফল। [স.]। **তালচোঁচ** *বি* বাবুই পাখি। **তাল–নবমী** *বি* ভাদ্রমাসের শুক্লা নবমী। **তালপাতার সেপাই** *বি* (আল.) দীর্ঘ অথচ অত্যন্ত কৃশ; অতিশয় রোগা ও দুর্বল ব্যক্তি। **তালশাঁস** *বি* তালের কচি আঁটি; শাঁস; কচি তালবীজ।

তাল[২] *বি* বৃহৎ পিণ্ড; বড় দলা; রাশি; স্তূপ। **তালগোল পাকানো, তাল পাকানো** *ক্রি* ১ পিণ্ডাকার করা বা হওয়া। ২ বিপর্যস্ত করা; শৃঙ্খলাহীন হওয়া বা করা। ৩ (আল.) জটিল অবস্থার সৃষ্টি করা। **তাল তাল** *বিণ* রাশি রাশি স্তূপীকৃত; প্রচুর।

তাল[৩] *বি* ১ সঙ্গীতে সময়ের বিভাগ; মাত্রা। ২ উভয় করতলে আঘাত। ৩ কোনো কিছুতে মৃদু চাপড়। [স.]। **তাল কাটা** *ক্রি* সঙ্গীতে তাল ভঙ্গ হওয়া; সুসঙ্গত না হওয়া; সময়ের মাত্রায় অসামঞ্জস্য হওয়া। **তালকানা** *বিণ* তালজ্ঞানশূন্য; বেতাল। **তালবাহানা, টালবাহানা** *বি* ওজর; ছল। **ঢিমাতাল** *বি* ১ সঙ্গীতে বিলম্বিত তাল; যে তালের গতি ধীর। ২ দীর্ঘসূত্রতা।

তাল[৪] *বি* ধাক্কা; ধকল; বেগ; হঠাৎ বিপদ। [বা. তুল. টাল]

তাল[৫] *বি* এক বিঘত বা অর্ধহস্ত পরিমাণ মাপ। [স.]

তাল[৬] *বি* এক প্রকার পিশাচযোনি। [স.]। **তাল বেতাল** *বি* তাল ও বেতাল নামে বিক্রমাদিত্যের অনুচর দুই পিশাচ।

তাল[৭] *বি* আঁচ; ধারণা।

তালব্য *বিণ* ১ তালু থেকে উচ্চারিত; তালুর সাহায্যে যে বর্ণ উচ্চারিত হয়; তালু–সংক্রান্ত। [স. তালু+য]। **তালব্যবর্ণ** *বি* তালু থেকে উচ্চারিত বর্ণ অর্থাৎ ই, ঈ, চ–বর্গ, য, শ।

তালমাখনা *বি* জিরার মতো এক ধরনের বীজ।

তালা[১] *বি* কুলুপ। [স. তালক>]

তালা[২] *বি* শারীরিক দুর্বলতাবশত বা বাইরে কোনো প্রচণ্ড শব্দের জন্য শোনার শক্তি সাময়িকভাবে রোধ হওয়া [কানে তালা (কুলুপ) লাগা]। [স. তালক>]

তালাক *বি* মুসলমান রীতিতে বিবাহ বিচ্ছেদ। [আ. তলাক]। **তালাকনামা** *বি* পরিত্যাগপত্র; বিবাহবিচ্ছেদ পত্র। [আ. তলাক+ফা. নামহ্]

তালি[১] *বি* দুই করতলের আঘাতজনিত শব্দ; হাততালি। [স. তালিক>]

তালি[২] *বি* পট্টি; জোড়াতালি।

তালি[৩] *বি* ছোট তালা।

তালি[৪] *বি* শব্দের আঘাতজনিত শ্রুতিরোধ।

তালিকা *বি* নির্ঘণ্ট; ফর্দ; লিস্ট। [আ. ত'লীকঃ]

তালিব *বি,বিণ* শিক্ষার্থী; অন্বেষক; অনুসন্ধানকারী; প্রশ্নকারী; ছাত্র। [আ.]

তালিম, তালীম *বি*১ শিক্ষা; উপদেশ; জ্ঞানদান। ২ চর্চা; অভ্যাস। ৩ শেখানো-পড়ানো। [আ. ত'লীম]
তালিমি, তালিমী *বিণ* তালিম বা শিক্ষাবিষয়ক। [আ. তা'আলিম+বা. ঈ]
তালু *বি* টাকরা; মুখগহ্বরে অবস্থিত একটি প্রত্যঙ্গ। [স.]
তালুক *বি* ১ জমিদারি; সরকার বা জমিদারের নিকট থেকে বন্দোবস্ত করে নেওয়া সম্পত্তি; মধ্যস্বত্বভোগী জমিদার। ২ ভূসম্পত্তি। [আ. তা'আল্লুক]। **তালুকদার** *বি* তালুকের মালিক। [আ. তা'আল্লুক+ফা. দার]
তালেব আলেম, তালেব এলম *বি* ছাত্র; বিদ্যার্থী; শিক্ষার্থী; জ্ঞানান্বেষী। [আ. তালিব 'ইলম]
তালেবর *বি,বিণ* সৌভাগ্যবান; প্রতিপত্তিশালী; মান্যগণ্য; মাতব্বর; ধনী; ঐশ্বর্যশালী। [আ. তালা'বর]
তাস *বি* খেলার জন্য চারকোণাবিশিষ্ট মোটা চিত্রিত কাগজখণ্ডবিশেষ। [আ./হি. তাশ]। **তাসের ঘর** *বি* ১ ক্ষণস্থায়ী ও ভঙ্গুর গৃহ। ২ অতিশয় অনিশ্চিত অবস্থা; বিপজ্জনক স্থিতি। ৩ অতি স্বল্পকালস্থায়ী কীর্তি।
তাসা, তাসানো *ক্রি* ১ তাসের গুচ্ছের ক্রমপর্যায় নষ্ট করা। ২ তিরস্কার বা ভর্ৎসনা করা। ☐*বি,বিণ* উক্ত উভয় অর্থে।
তাসাওফ, তাসাওওফ *বি* সুফি মতবাদ; সুফিদের সাধনা; অধ্যাত্মতত্ত্ব। [আ. তস্‌ওওফ]
তাহজিব, তাহযীব *বি* শিষ্টাচার; ভব্যতা; সভ্যতা; ভদ্রতা। [আ. তহযীব]
তাহাজ্জত, তাহাজ্জুদ *বি* শেষ রাত্রির নফল নামাজ-বিশেষ।
তাহেরি, তিহারি *বি* বিরিয়ানি শ্রেণীর পোলাও; মাংস মিশানো সকাল বেলার নাস্তা; খাদ্যবিশেষ। [হি.]
তিঅজ, তিয়জ *বিণ* তৃতীয়। [স. তৃতীয়>প্রা. তিইজ্জ]। **তিঅজপহর** *বি* তৃতীয় প্রহর।
তিউড়ি, তিহরি *বি*১ চুলা; চুল্লি; উনান। ২ যোগশাস্ত্রে দেহের প্রত্যঙ্গবিশেষ। [স. ত্রিগুটিকা>]
তিওর *বি* মৎস্য ব্যবসায়ী জাতি। [স. তীবর>]
তিক *বি*১ টিপ। ২ লক্ষ্য; তাক।
তিক্ত, তিতা[১]**, তেতো** *বি* তিত; তিতা; তিত স্বাদ; কটুরস বা স্বাদ। ☐*বিণ*১ দুঃখজনক। ২ অসন্তুষ্ট। [স. √তিজ্+ত]। **তিক্তক** *বি*১ পটল। ২ পলতা। ৩ চিরতা।
তিঙন্ত *বিণ* ব্যাকরণে তিঙ অন্তে যার; ক্রিয়া বিভক্তিযুক্ত। [স.]। **তিঙন্ত প্রত্যয়** *বি* ধাতুর উত্তর বিহিত প্রত্যয়।
তিজেল *বি*১ ব্যঞ্জনাদি রাঁধার চ্যাপটা হাঁড়ি। ২ পাতিল। [বা. পো.]
তিড়বিড় *অব্য* অস্বস্তিবোধ; চঞ্চলভাব; অস্থিরতা প্রকাশক।
তিড়িং, তিড়িক *অব্য* ফড়িং ইত্যাদির মতো হঠাৎ সবেগে লম্ফ প্রদানের ভাব।
তিড়িং-তিড়িং, তিড়িং-বিড়িং *অব্য* বারংবার তিড়িং করে লাফাবার ভাব; অঙ্গভঙ্গিসহ এরূপে লম্ফন।
তিতা[১] *বিণ* তেতো; তিক্ত। [স.]
তিতা[২] *ক্রি*১ ভিজে যাওয়া; সিক্ত হওয়া। ২ তিক্ত স্বাদযুক্ত হওয়া। ☐*বিণ* সিক্ত; ভিজা। [স. তিমিত>]
তি-তি *অব্য* হাঁস-মুরগি কাছে ডেকে আনার শব্দ।
তিতিক্ষা *বি*১ সহনশীলতা; সহিষ্ণুতা। ২ ক্ষমা; অপরাধ মার্জনা; ক্ষমার ভাব। [স. √তিজ্+সন্+অ+আ]। **তিতিক্ষু** *বিণ*১ সহিষ্ণু; সহনশীল। ২ ক্ষমাশীল; ক্ষমাযুক্ত।
তিতির *বি* একজাতীয় পাখি; তিত্তির পাখি। [স. তিত্তির>]
তিত্তির *বি* তিতির পাখি। [স.]
তিথি *বি*১ চান্দ্রমাস অনুসারে একদিন; চন্দ্রকলার হ্রাসবৃদ্ধি দ্বারা নির্দিষ্ট সময়—প্রতিপদ, দ্বিতীয়া ইত্যাদি। ২ সময়; দিন; কাল; ক্ষণ। [স. √অত্+ইথি]
তিন *বিণ* ৩ সংখ্যা বা সংখ্যক। [স. ত্রি>প্রা. তিন্ন>]। **তিনকাল** *বি* শৈশব যৌবন ও বার্ধক্য। **তিনকুল** *বি* পিতৃ মাতৃ ও শ্বশুর বংশ।
তিনাঞ্জলি *বি*১ হিন্দুদের প্রেত তর্পণে তিনবার জলদান। ২ চিরবিদায়।
তিনি *সর্ব* (সম্ভ্রমার্থে) সেই ব্যক্তি; ব্যক্তিবিশেষ; যাঁর সম্বন্ধে বলা হচ্ছে। [প্রা. তিন্নি>]
তিন্তিড়ি, তেন্তিলী *বি* তেঁতুল গাছ; তেতুল ফল। [স.]
তিপ্পান্ন, তেপ্পান্ন *বি,বিণ* ৫৩ সংখ্যা বা সংখ্যক। [স. ত্রিপঞ্চাশৎ>]
তিব্বত *বি* হিমালয়ের উত্তরে অবস্থিত দেশ। **তিব্বতি** *বিণ* তিব্বতীয়; তিব্বতে উৎপন্ন। ☐*বি* তিব্বতের লোক; তিব্বতের ভাষা।
তিমি *বি* বৃহৎ মৎস্যাকার স্তন্যপায়ী সামুদ্রিক প্রাণী। [স.]। **তিমিঙ্গিল** *বি* তিমিকেও গিলতে পারে এমন বিরাটাকার পৌরাণিক জন্তু।
তিমির *বি*১ অন্ধকার। ২ দৃষ্টিশক্তি লোপকারী চোখের রোগবিশেষ; ছানি। [স. √তিম্+ইর]
তিয়াত্তর *বি,বিণ* ৭৩ সংখ্যা বা সংখ্যক। [স. ত্রিসপ্ততি>]
তিরজুত *বি* প্যাঁচওয়ালা গর্ত করবার যন্ত্রবিশেষ।
তিরস্কার *বি* ১ ভর্ৎসনা; গালি; গালাগালি; ধমক। ২ অনাদর; অবহেলা; অবজ্ঞা। ৩ নিন্দা। [স. তিরস্+√কৃ+অ]। **তিরস্কৃত** *বিণ* ১ ভর্ৎসিত; ধমক-প্রাপ্ত। ২ অনাদৃত; অবজ্ঞাত। ৩ নিন্দিত।
তিরানব্বই, তিরানব্বুই *বি,বিণ* ৯৩ সংখ্যা বা সংখ্যক। [স. ত্রিনবতি>]।
তিরাশি, তিরাশী *বি,বিণ* ৮৩ সংখ্যা বা সংখ্যক। [স. ত্র্যশীতি>]
তিরিক্ষি, তিরিক্ষে *বিণ* ১ উগ্র। ২ অল্পেই ক্রুদ্ধ হয় এমন; রগচটা। [প্রা. <তিরিক্খ<তীক্ষ্ণ বা<তির্যক]
তিরিশ *বি* ৩০ সংখ্যা বা সংখ্যক; ত্রিশ। [স. ত্রিংশৎ>]। **তিরিশেক** *বিণ* প্রায় ত্রিশ (জন তিরিশেক)।
তিরোধান, তিরোভাব *বি*১ অন্তর্ধান; অদৃশ্য হওয়া। ২ মহাপুরুষের মৃত্যু। [স. তিরস্+√ধা+অন]। **তিরোহিত, তিরোভূত** *বিণ*১ অন্তর্হিত; অদৃশ্য। ২ মৃত।
তির্যক *অব্য,বিণ*১ বক্র; কুটিল; অসরল। ২ তেরছা; বাঁকা। ৩ ইতর; মনুষ্যেতর; মানবেতর। [স. তিরস্+√অঞ্চ্+ক্বিপ্]
তিল *বি*১ অতি ক্ষুদ্র শস্যবিশেষ যা থেকে তেল হয়। ২ শরীরে তিলের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র চিহ্নবিশেষ। ৩ এক কড়ার আশি ভাগের এক ভাগ। ৪ অত্যল্প পরিমাণ। ৫ মুহূর্ত; সূক্ষ্ম পরিমাণ। ☐*বিণ* বিন্দুমাত্র। [স. √তিল্+অ]। **তিলে তিলে** *ক্রিবিণ* অল্পে অল্পে; একটু একটু করে বা অতি সামান্য।
তিলক *বি*১ বৈষ্ণব ধর্মমত অনুসারে ললাট বাহু ইত্যাদি দেহের দ্বাদশ স্থানে ধারণীয় চন্দন প্রভৃতির ফোঁটা বা চিহ্ন।

২ শরীরের তিল। ❑ *বিণ* অলঙ্কার বা ভূষণ স্বরূপ; শ্রেষ্ঠ। [স. তিল+ক]। **তিলকা** *বি* দেহে চন্দন ইত্যাদি অঙ্কিত তিল ফুলের ন্যায় চিহ্নবিশেষ (অলকা-তিলকা)।

তিলাওত, তেলাওয়াত *বি* ১ সম্ভ্রম সহকারে কুরআন পাঠ। ২ পাঠ; আবৃত্তি। [আ. তিলাওৎ]

তিলাখাজা, তিলেখাজা *বি* তিলযুক্ত খাজা নামক মিষ্টান্ন।

তিলাঞ্জলি *বি* ১ হিন্দুমতে মৃত আত্মার তৃপ্তির জন্য তিল ও জল দ্বারা তর্পণ। ২ (আল.) সম্পূর্ণ সম্পর্ক ত্যাগ। ৩ বিদায়। [স.]

তিলে *বিণ* তিলমিশ্রিত।

তিলেক *বিণ* ১ এক তিল পরিমাণ; সামান্য অংশে। ২ অত্যন্ত অল্প; অতি সামান্য; বিন্দুমাত্র। ❑ *ক্রিবিণ* ১ ক্ষণমাত্র। ২ অতিসামান্য; একটুও।

তিলে খচ্চর *বিণ* অসম্ভব দুষ্ট প্রকৃতির; পাজি প্রকৃতির।

তিলোত্তমা *বি* ১ হিন্দু পুরাণ মতে সুন্দ ও উপসুন্দকে বিনষ্ট করার অভিপ্রায়ে সৃষ্টির যাবতীয় সৌন্দর্য থেকে তিল তিল করে আহৃত উৎকৃষ্ট অংশ দ্বারা সৃষ্ট অপ্সরাবিশেষ। ২ স্বর্গের পরমাসুন্দরী অপ্সরা। ৩ (আল.) অতি সুন্দরী নারী। [স. তিল+উত্তম+আ]

তিষ্ঠানো *ক্রি* ১ অত্যাচার সহ্য করে থাকা; টিকে থাকা। ২ থাকা; অবস্থান করা। [বা. তিষ্ঠ+আনো]

তিষ্য *বি* ১ পুষ্যা নক্ষত্র। ২ পৌষ মাস। [স.]। **তিষ্যা** *বি স্ত্রী.* আমলকী; ধাত্রীবৃক্ষ।

তিসি, তিসী *বি* তৈলপ্রদ একজাতীয় বীজ; মসিনা। [স. অতসী>]

তিহরি, তিহড়ি *বি* ১ তিহড়ি বা তিউড়ি; চুল্লি; উনান। ২ যোগতান্ত্রিক পরিভাষায় মানবদেহের গুহ্যদ্বারের উর্ধ্বাংশে হাড়ের সংযোগস্থল—তিন তিহরি।

তীক্ষ্ণ *বিণ* ১ অত্যন্ত ধারযুক্ত; অতিশয় ধারালো; শাণিত। ২ যার অগ্রভাগ সূক্ষ্ম; সূচালো। ৩ কঠিন বিষয় অনুধাবন করতে সমর্থ। ৪ প্রখর; প্রচণ্ড; তীব্র। ৫ সতর্ক। [স. √তিজ+স্ন]

তীবর *বি* ১ তিয়র বা তেওর নামে হিন্দু জাতিবিশেষ। ২ মৎস্যজীবী। ৩ ব্যাধ। [স.]

তীব্র *বিণ* ১ কড়া। ২ দুঃসহ; অসহ্য। ৩ উগ্র; কটু। ৪ মারাত্মক; সাংঘাতিক। ৫ কঠিন; ক্রুদ্ধ। ৬ উৎকট; ঝাঁজালো। [স. √তীব্+র]। ❑ *বি* উচ্চ; কঠোর।

তীয়র *বিণ* তীব্র; উচ্চ; চড়া। [স. √তীব্র>]

তীর[১] *বি* জলাশয়াদির পাড়; কূল; তট। [স.]

তীর[২] *বি* বাণ; শর; ধনুকের সাহায্যে যা নিক্ষেপ করা হয়; শায়ক। [ফা.]। **তীরন্দাজ** *বি,বিণ* তীর নিক্ষেপকারী; ধনুর্ধর; ধানুকী। [ফা.]

তীর্ণ *বিণ* উত্তীর্ণ; অতিক্রান্ত; পারগত।

তীর্থ *বি* ১ পবিত্র স্থান; হিন্দু দেবতা বা মহাপুরুষদের অধিষ্ঠানভূমি; পুণ্যস্থান। ২ পাপমোচন। ৩ ঋষি সেবিত পবিত্র জল। ৪ নদী সরোবর ইত্যাদিতে অবতরণের বা স্নানের ঘাট। ৫ গুরু; শিক্ষক। ৬ সংস্কৃত কাব্যাদিতে পাণ্ডিত্যের জন্য প্রদত্ত উপাধি। [স. √তৃ+থ]। **তীর্থোদক** *বি* তীর্থবারি; তীর্থের পুণ্য সলিল।

তীর্থঙ্কর, তীর্থংকর *বি* ১ বৌদ্ধ বা জৈন সিদ্ধপুরুষ বা মুনি। ২ জৈন শাস্ত্রকার। [স.]

তু *অব্য* কুকুর বিড়াল প্রভৃতিকে ডাকবার ধ্বনি।

তুই *সর্ব* তুচ্ছার্থক বা অনাদরার্থক 'তুমি' শব্দের সংকুচিত রূপ যা নিম্নপদস্থ বা অন্তরঙ্গ ব্যক্তির প্রতি প্রযোজ্য। [স. ত্বম্>]। **তুই-তোকারি** *বি* অসম্মান প্রদর্শনের ইচ্ছায় 'তুই' 'তোর' প্রভৃতি শব্দ অশিষ্টভাবে ব্যবহার।

তুঁত, তুত *বি* এক জাতীয় বৃক্ষ বা উহার ফল। [আ.]

তুঁতিয়া, তুঁতে *বি* তাম্র ও গন্ধকাম্লঘটিত পদার্থ; তাম্র থেকে উৎপন্ন ধাতুবিশেষ। [স. তুত্থক>]

তুঁদুলে *বিণ* তন্দুরজাত; তন্দুরে। [ফা. তুন্দর]

তুক *বি* বশীকরণ; গুণ। ❑ *বিণ* বশীকরণ মন্ত্র; জাদু; ইন্দ্রজাল। **তুকতাক** *বি* জাদুর মন্ত্র; বশীকরণ বা গুণ করার মন্ত্রতন্ত্র।

তুখোড়, তুখড় *বিণ* ১ ওস্তাদ; চৌকষ। ২ চতুর। ৩ দক্ষ; নিপুণ। ৪ কঠিন; কড়া। [স. তীক্ষ্ণ>]

তুঙ্গ *বিণ* ১ উঁচু; উন্নত। ২ শ্রেষ্ঠ। ৩ উগ্র। [স. √তুঙ্গ্+অ]

তুঙ্গভদ্রা *বি* মহীশূরের একটি নদী। [স.]

তুচ্ছ *বিণ* ১ সামান্য; অকিঞ্চিৎকর; অতিশয় অল্প; অত্যল্প। ২ নগণ্য; হেয়; অবজ্ঞাত; ঘৃণ্য। ৩ সারশূন্য; অসার। ৪ বর্জিত। ৫ হীন। [স.]। **তুচ্ছতাচ্ছিল্য, তুচ্ছতাচ্ছল্য** *বি* তুচ্ছ জ্ঞান; মূল্যহীন জ্ঞান; অবহেলা; অনাদর; অবজ্ঞা।

তুড়ি *বি* অঙ্গুলিস্ফোট; অঙ্গুষ্ঠ ও মধ্যমাঙ্গুলির সংঘাতজনিত শব্দ। **তুড়ি মারা** *ক্রি* ১ তুড়ি বাজানো; তুড়ি দেওয়া। ২ তুচ্ছ জ্ঞান করা; অগ্রাহ্য করা।

তুড়ুক[১] *বিণ* ত্বরিত; চটপট; তাস খেলায় জয়লাভের রং। [স. ত্বরা>]

তুণ, তূণ *বি* ১ তীর রাখবার আধার। ২ আধারবিশেষ। [স. তূণীর>]

তুণ্ড *বি* ১ জীব-জন্তুর মুখ। ২ চঞ্চু; ঠোঁট; ওষ্ঠাধর। [স. √তুণ্ড+অ]। **তুণ্ডিকা** *বি* ১ নাড়ি। ২ তেলাকুচা গাছ। **তুণ্ডিভ, তুণ্ডিল** *বিণ* স্থূলোদর; বৃহৎ নাভিযুক্ত; ভুঁড়ো।

তুতি, তূতী *বি স্ত্রী.* তোতাপাখি; সারী। [ফা. তূতী]

তুতুরি *বি* সাপুড়ে ও বাজীকরদের বাঁশি। [স. তুম্ব>]

তুফান *বি* ১ প্রচণ্ড ঝটিকা; প্রবল ঝড়। ২ ঝড়জনিত প্রবল ঢেউ; বন্যা। ৩ তুমুল ঝগড়া। [আ. তুফান]

তুবড়ি, তুবড়ী *বি* ১ এক ধরনের আতশবাজি। ২ সাপুড়েদের লাউয়ের খোলে দুটি নল লাগানো বাঁশি। [স. তুম্ব>]

তুবা *বি* বেহেশতের বৃক্ষবিশেষ; সিদ্রাতুল মুনতাহা (দোজখের বৃক্ষের নাম জাক্কুম, তুল. স্বর্গের কল্পতরু, নরকের অশিপত্র)। [আ.]।

তুমকি *বি* তুম্বকী; একতারা। [স. তুম্ব (লাউ)>]।

তুম-তানা-নানা *বি* ১ সঙ্গীতে প্রারম্ভিক সুর বিস্তার; গীত আরম্ভকালীন স্বরাভ্যাস। ২ অপেক্ষাকৃত অসার্থক প্রারম্ভিক আয়োজন।

তুমার *বি* জমাখরচ ইত্যাদি হিসাবের খাতা। [আ. তুমার]। **তুমারনবিস, তুমারনবীস** *বি* হিসাবরক্ষক কর্মচারী। [ফা.]

তুমুল *বিণ* প্রবল; ঘোরতর; ভয়ানক। ❑ *বি* ঘোরতর কলহ (দুজনে তুমুল হয়ে গেছে)। [স. √তু+ মূল (গতি/বৃদ্ধি)]

তুম্ব, তুম্বক, তুম্বকী, তুম্বা, তুম্বী, তুম্বিকা *বি* ১ একতারা; লাউয়ের শুষ্ক খোল দ্বারা প্রস্তুত বাদ্যযন্ত্র। ২

লাউ। ৩ লাউয়ের শুষ্ক খোল। [স. তুম্ব (লাউ)]

তুরক, তুরুক *বি* ১ তুর্কি জাতি। ২ তুর্কিজাতীয় লোক; তুরস্কের লোক। ৩ তুর্কি টুপি। ৪ তুর্কি সৈন্যের পোশাক। [তু.]। **তুরক-সওয়ার** *বি* অশ্বারোহী তুর্কি সৈন্য।

তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম *বি* ঘোড়া; অশ্ব। [স. তুর (ত্বরা)+ √গম্+অ]

তুরঞ্জ *বি* ফলবিশেষ।

তুরতুর *বি* লঘু ও ত্রস্ত পদ-বিক্ষেপ। [স. তুরম্ ত্বরম>]

তুরন্ত, তুরন্ত্ *ক্রিবিণ* শীঘ্র; সত্বর; দ্রুত; বিলম্ব না করে। [হি. তুরন্ত>]

তুরপুন, তুরপূন *বি* কাষ্ঠাদি ছিদ্র করবার জন্য একপ্রকার যন্ত্র; কাঠমিস্ত্রির বর্মি। [তুল. হি. তুরফান]

তুরমান *ক্রিবিণ* সত্বর, শীঘ্র; দ্রুত বেগে। [স. তুর>ত্বরা+মান]

তুরস্ক, তুরুস্ক *বি* একটি দেশের নাম।

তুরি, তুরী *বি* ১ তাঁতের মাকু। ২ বাদ্যযন্ত্রবিশেষ; রণশিঙা। [স. √তুর্+ই/ঈ]

তুরিত, তুরিতে *ক্রিবিণ* দ্রুত; শীঘ্র; তাড়াতাড়ি। [স. ত্বরিত>]

তুরীয় *বি* ১ সমাধিস্থ; সমাধির বিশেষ অবস্থা। ২ পরম ব্রহ্ম বা ব্রহ্ম চেতনা। ☐*বিণ* ১ চতুর্থ। ২ চরমোৎকর্ষ প্রাপ্ত। ৩ মায়ার অতীত; চৈতন্যাবস্থা। ৪ দ্রুত; ত্বরান্বিত; শীঘ্র। [স. চতুর্+ঈয়]। **তুরীয়ানন্দ** *বি* ১ দিব্যোন্মাদ অবস্থা; তুরীয় অবস্থার আনন্দ। ২ (ব্য.) মত্ততা; আত্মহারা অবস্থা।

তুরুক[১] *অব্য* তৎক্ষণাৎ; সেই মুহূর্তে; সঙ্গে সঙ্গে; চটপট। [স. ত্বরা>]। **তুরুক জবাব** *বি* স্পষ্ট ও ত্বরিত উত্তর।

তুরুক[২] *বি* তুর্ক; তুর্কিজাতীয় লোক। [তু.]

তুরুপ, তুরুফ *বি* তাস খেলায় বিশেষ দানে জয়লাভ করবার ধরনবিশেষ; রঙের তাস দিয়ে পিঠ পাওয়া। ☐*বিণ* মোক্ষম; আসল। [ওল. troef, ই. trump]

তুর্ক, তুর্কি, তুর্কী *বি* ১ তুর্কি জাতি; তুরস্ক দেশের লোক। ২ তুরস্কের ভাষা। ৩ তুরস্ক দেশবাসী। [তু.]। **তুর্কিনাচন** *বি* ১ উদ্দাম নৃত্য। ২ (আল.) অতিশয় বিব্রত দশা।

তুর্য *বিণ* ১ চতুর্থ। ২ সমাধির অবস্থা; তুরীয় অবস্থা। ৩ বৃত্ত বা বৃত্তপরিধির চতুর্থাংশ; বৃত্তপাদ। [স. চতুর্+য]

তুল[১] *বি* উপমা; সাদৃশ্য; তুলনা। [স. তুল্য>]

তুল[২] *বি* ১ দাঁড়িপাল্লা; পরিমাণদণ্ড। ২ তৌলকরণ; মাপ। [স. তুলা>]

তুলকালাম *বি* প্রচণ্ড কলহ; তুমুল ঝগড়া; বাগাড়ম্বর; দীর্ঘ আলোচনা। [আ. তুল-ই-কালাম]

তুলট[১], **তুলোট**[১] *বিণ* তুলা থেকে প্রাচীন প্রথায় প্রস্তুত। ☐*বি* তুলা থেকে প্রস্তুত হলুদ বর্ণের কাগজ। [স. তুল+ বা. ট]

তুলট[২], **তুলোট**[২] *বি* মহাদানমূলক ব্রতবিশেষ; তুলাদণ্ডে পরিমাপ করে দাতার নিজের ওজনের সমপরিমাণ স্বর্ণ বা অর্থাদি দান; তুলাদান। [স. তুলাধট>]

তুলতুল *অব্য* অত্যন্ত কোমলতার ভাব। **তুলতুলে** *বিণ* অত্যন্ত কোমল; অতিশয় নরম।

তুলনা *বি* ১ সাদৃশ্য; উপমা। ২ সদৃশ বস্তু ব্যক্তি বা বিষয়। ৩ সাদৃশ্য নিরূপণ। ৪ দৃষ্টান্ত। [স. √তুল্+অন+আ]। **তুলনীয়** *বিণ* তুলনার উপযুক্ত; উপমেয়।

তুলসী *বি* হিন্দুদের নিকট পবিত্র ছোট গাছবিশেষ বা তার পাতা। [স.]। **তুলসী বনের বাঘ**—সাধু হিসেবে পরিচিত প্রকৃত দুর্জন।

তুলা[১] *বি* ১ দাঁড়িপাল্লা; নিক্তি; পরিমাণদণ্ড; তরাজু। ২ (জ্যো-শা) সপ্তম রাশি। ৩ শতপল পরিমাণ; ৪০০ তোলা। [স. √তুল্+অ+আ]। **তুলাদণ্ড, তুলাধট, তুলাযন্ত্র** *বি* ওজন পরিমাপক যন্ত্র; দাঁড়িপাল্লা; নিক্তি। **তুলাদান** *বি* দাতার দেহের ওজনের সমান অর্থাদি বা স্বর্ণরৌপ্যাদি দান; তুলট। **তুলাধারী** *বিণ* ওজনকারী। ☐*বি* ব্যবসায়ী।

তুলা[২] *বি* তুলনা; উপমা। [স. তুল্+অ+আ]

তুলা[৩], **তুলো** *বি* কার্পাস শিমুল প্রভৃতি ফলের আঁশ; কার্পাস। [স. তূল>]। **তুলা/ তুলো ধোনা করা** *ক্রি* ধোনা তুলার মতো ছিন্নভিন্ন বা পর্যুদস্ত করা। ☐*বিণ* (আল.) ভর্ৎসনা; কটু কথা; প্রহার ইত্যাদির চূড়ান্ত করা।

তুলি, তুলিকা *বি* লোমাদি দ্বারা তৈরি চিত্রকরের ছবি অঙ্কনের উপকরণবিশেষ বা লেখনী; বুরুশ। [স.]

তুলিত *বিণ* ১ উপমিত; তুলনা করা হয়েছে এমন। ২ ওজন করা হয়েছে এমন। [স.]

তুল্য *বি* ন্যায়; সদৃশ; মতো; অনুরূপ; সমান। [স. তুলা+য]

তুষ, তুঁষ, তুস *বি* ১ ধান্য প্রভৃতি শস্যের খোসা। ২ চূর্ণ; গুঁড়া। [স. √তুষ্+অ]। **তুষের আগুন, তুষানল** *বি* ১ জ্বলন্ত তুষের আগুন যা বহুক্ষণ ধরে ধিকিধিকি করে জ্বলে। ২ তুষের আগুনের মতো দীর্ঘস্থায়ী অন্তর্দাহ।

তুষার *বি* বরফ; হিমানী; নীহার। ☐*বিণ* বরফের মতো ঠাণ্ডা; অতিশয় শীতল। [স.]

তুষ্ট *বিণ* তৃপ্ত; আনন্দিত; সন্তুষ্ট; খুশি। [স. √তুষ্+ত]। **তুষ্টি** *বি* তৃপ্তি; সন্তোষ; আনন্দ।

তুস *বি* একপ্রকার নরম পশমি কাপড়। [আ.]

তুহিন *বি* বরফ; তুষার; হিম। ☐*বিণ* অত্যন্ত শীতল; তুষারের ন্যায় অতিশয় শীতল। [স. √তুহ্+ইন]

তূণ, তূনীর *বি* যাতে বাণ রাখা হয়; নিষঙ্গ। [স.]

তূণক *বি* সংস্কৃত ছন্দবিশেষ—এর প্রতি পদে পঞ্চদশ অক্ষর অযুগ্মাক্ষর ও যুগ্মাক্ষরে রচিত। [স.]

তূরন্ত *বিণ* প্রচণ্ড; বেগবান।

তূরী, তূর্য *বি* প্রাচীন রণবাদ্য; রণশিঙা; যুদ্ধবাদ্য। [স.]। **তূর্যধ্বনি, তূর্যনাদ** *বি* তূর্যের নাদ; তূরীর শব্দ।

তূর্ণ *ক্রিবিণ* ত্বরিত; শীঘ্র; সত্বর। ☐*বিণ* দ্রুত। [স. √ত্বর্+ত]। **তূর্ণপত্র** *বি* অবিলম্বে পৌঁছানো হয় এরূপ চিঠি; express letter।

তূল *বি* তুলা।। [স.]

তুষ্ণী, তুষ্ণীক *বিণ* মৌনী; নীরবতা অবলম্বনকারী; মৌনাবলম্বী। [স.]। **তুষ্ণীভূত** *বিণ* মৌন।

তৃণ *বি* ১ ঘাস দূর্বা খড় বা ঐ জাতীয় উদ্ভিদ। ২ তুচ্ছ বস্তু। [স. √তৃণ্+অ]। **তৃণজীবী** *বিণ* তৃণাহারে জীবনযাপন করে এমন। **তৃণজ্ঞান** *বি* ১ তৃণের তুল্য তুচ্ছ বা সামান্য বলে বোধ। ২ হীনজ্ঞান; অবজ্ঞানুভূতি। **তৃণভুক, তৃণভোজী**(-জিন্) *বিণ* তৃণ খেয়ে যে জীবন ধারণ করে এমন; ঘাসখেকো।

তৃণাসন *বি* ১ কুশাসন; তৃণাদি দ্বারা তৈরি আসন। ২ দরমা; চাটাই; মাদুর। [স.]

তৃতীয় *বি* দুটি বা দুই জনের পরবর্তী; ৩ সংখ্যার পূরক। [স. ত্রি+তীয়]। **তৃতীয়া** *বিণ* স্ত্রী. তৃতীয় অর্থে। ☐*বি*

তিথিবিশেষ; পূর্ণিমা বা অমাবস্যার পরবর্তী তৃতীয় দিবস।
তৃতীয় বিশ্ব *বি* জোটনিরপেক্ষ উন্নয়নশীল দেশসমূহ।
তৃপ্ত *বিণ* ১ সন্তুষ্ট, পরিতুষ্ট; পূর্ণকাম; দৈহিক বা মানসিক ভোগের ফলে আনন্দিত। ২ আহ্লাদিত। **তৃপ্তা** *বিণ স্ত্রী.*। [সং. √তৃপ্‌+ত]। **তৃপ্তি** *বি* ১ তুষ্টি; সন্তোষ; আনন্দ। ২ তৃষ্ণানিবৃত্তি।
তৃষা, তৃষ্ণা *বি* ১ জল পান করার ইচ্ছা; পিপাসা। ২ প্রবল ইচ্ছা; আকাঙ্ক্ষা; ভোগেচ্ছা। ৩ লোভ। [সং. √তৃষ্‌+ন+আ/সং. √তৃষ্‌+ক্বিপ্‌+আ = তৃষা]। **তৃষাতুর, তৃষার্ত, তৃষ্ণার্ত** *বিণ* তৃষা-পীড়িত, পিপাসায় কাতর; পিপাসার্ত। **তৃষাতুরা, তৃষার্তা, তৃষ্ণার্তা** *বিণ স্ত্রী.*।
তৃষ্য *বিণ* কাম্য; লোভনীয়, বাঞ্ছনীয়। ◻ *বি* লোভ। [সং. √তৃষ্‌+য]
তে[১] *বিণ* ত্রি; তিনসংখ্যক। [সং. ত্রি]। **তেকোনা** *বিণ* ত্রিকোণাকার; তিন কোণাযুক্ত। ◻ *বি* সিঙ্গাড়া নামক খাদ্য। **তেপায়া** *বি* তিন পায়াবিশিষ্ট টেবিল; টিপয়। **তেমাথা** *বি* তিনটি পথের সংযোগস্থল। **তেমোহনা** *বি* তিনটি নদীর মিলনস্থল।
তে[২] প্রত্যয় বা বিভক্তির চিহ্ন; মধ্যে; দিয়ে।
তেইশ *বি, বিণ* ২৩ সংখ্যা বা সংখ্যক। [সং. ত্রয়োবিংশ>]
তেউটে *বি* খেসারি; কয়েক প্রকারের মিশ্রিত ডাল। [সং. ত্রিপুট>]
তেঁতুল *বি* টক স্বাদযুক্ত ফলবিশেষ বা তার গাছ। [সং. তিন্তিড়ী>]
তেঁতো *বি* পাটের আঁশ দ্বারা প্রস্তুত চিকন শক্ত দড়ি।
তেঁদড়, ত্যান্দোর *বিণ* ১ দুষ্ট। ২ ধৃষ্ট; লজ্জাশূন্য; নির্লজ্জ; বেহায়া। ৩ শঠ; ধূর্ত। ৪ ছেঁচড়; ছেঁচড়া। **তেঁদড়ামি** *বি* দুষ্টামি; শয়তানি।
তেকাঁটা *বি* তিন শিরাযুক্ত মনসা গাছ।
তেকাঠা *বি, বিণ* তিন খণ্ড কাষ্ঠ দ্বারা নির্মিত আধার।
তেকোনা *বিণ* তিন কোণবিশিষ্ট।
তেগ *বি* তলোয়ার; তরবারি।
তেজ, তেজঃ *বি* ১ জ্যোতি; প্রভা; আলোক; দীপ্তি; তাপ। ২ শক্তি; প্রতাপ। ৩ দর্প; অহঙ্কার। ৪ তীক্ষ্ণতা; ঝাঁঝ। ৫ বীর্য; শুক্র। ◻ *বিণ* ধারালো; তীক্ষ্ণবুদ্ধি। [সং. তেজঃ, ফা. তেয্‌]
তেজপত্র, তেজপাতা *বি* তীব্র গন্ধ বা আস্বাদযুক্ত পাতাবিশেষ; তেজপাতা।
তেজপুঞ্জ, তেজঃপুঞ্জ *বিণ* তেজস্বী। [সং.]
তেজবর *বি* যে ব্যক্তি দুই বার বিয়ের পর তৃতীয় বার বিয়ে করে। [তুল. দোজবর]
তেজবেত *বি* তেজযুক্ত বেত; শক্ত বেত; সহজে ভাঙে না এমন বেত।
তেজস্কর *বিণ* ১ বলদায়ক; শক্তিদায়ক। ২ শক্তিবর্ধক; তেজোবর্ধক। ৩ তেজালো দীপ্তিশালী। ৪ উদ্দীপক। [সং. তেজ+√কৃ+অ]
তেজস্ক্রিয় *বিণ* (বৈ.) যে পদার্থ থেকে বিশেষ রশ্মি বা কণা স্বতঃই বিকীর্ণ হয়ে থাকে। [সং. তেজঃ+ক্রিয়া]
তেজস্বী *বিণ* ১ তেজোময়; দীপ্তিময়; জ্যোতির্ময়; দীপ্তিমান। ২ বিক্রমশালী; বলবান; বীর্যবান; শক্তিশালী। ৩ তেজি; পরাক্রান্ত। **তেজস্বিনী** *বিণ স্ত্রী.*।
তেজা, ত্যজা (পদ্য) *ক্রি* ত্যাগ বা পরিত্যাগ করা; ছাড়া। [সং. √ত্যজ্‌+আ>]
তেজারত, তিজারত *বি* ১ ব্যবসা-বাণিজ্য। ২ সুদের কারবার; সুদে টাকা ধার দেওয়া। [আ. তিজারত]। **তেজারতি, তিজারতি** *বি* টাকা-কড়ির লেনদেন; সুদে টাকা লাগানো বা লগ্নীকরণ; কুসীদবৃত্তি। ◻ *বিণ* ১ ব্যবসা-বাণিজ্য সম্বন্ধীয়; বৈষয়িক। ২ সুদের ব্যবসা-সংক্রান্ত।
তেজালো, তেজালে *বিণ* তেজযুক্ত; তেজস্কর; তেজস্বী।
তেজি-মন্দি *বি* বাজারে দ্রব্যাদির মূল্যের হ্রাস-বৃদ্ধি। [তুল. হি. তেজী-মন্দী]
তেজী, তেজি *বিণ* ১ তেজস্বী; বলবান। ২ দৃঢ় সংকল্পযুক্ত; জেদি। ৩ ঝাঁজালো; তেজস্কর।
তেজীয়ান *বিণ* ১ যে কোনো কিছুতেই দমে যায় না; অতি তেজস্বী। ২ মহা শক্তিশালী। [সং. তেজস্বিন্‌+ঈয়সু]
তেজোগর্ভ *বিণ* ১ যার গর্ভে অর্থাৎ অভ্যন্তরে তেজ আছে। ২ যার ভিতরে উত্তাপ আছে। [সং. তেজঃ+গর্ভ]
তেজোময় *বিণ* ১ জ্যোতির্ময়; উজ্জ্বল। ২ দীপ্তিশীল; দীপ্তিময়। ৩ বীর্যবান; বিক্রমশালী। ৪ তেজোরাশি। **তেজোময়ী** *বিণ স্ত্রী.*। [সং. তেজঃ+ময়]
তেজোহীন *বিণ* ১ নিস্তেজ; দুর্বল; শক্তিহীন; বীর্যহীন। ২ দীপ্তিহীন; উজ্জ্বলতাশূন্য। ৩ ম্লান; নিষ্প্রভ। [সং.]
তেড়া, ত্যাড়া *বি* টেড়া; বাঁকা; অসরল। ◻ *বিণ* কুটিল।
তেড়ি-বেড়ি, তেড়ি-মেড়ি *বি* গোলযোগ; গোলমাল।
তেড়ে *অক্রি, ক্রিবিণ* তাড়িয়ে; তাড়া করে; তর্জন বা ভর্ৎসনা সহকারে। **তেড়েমেড়ে** *ক্রিবিণ* সবেগে তাড়া বা পশ্চাদ্ধাবন করে।
তেতাল্লিশ *বি, বিণ* ৪৩ সংখ্যা বা সংখ্যক। [সং. ত্রিচত্বারিংশ]
তেতো *বি* তপ্ত; গরম। ◻ *বিণ* তিক্ত; তিত। [সং. তপ্ত>]
তেত্রিশ *বি, বিণ* ৩৩ সংখ্যা বা সংখ্যক। [সং. ত্রয়স্ত্রিংশৎ>]
তেন *অব্য* ১ তেমন; সেরূপ। ২ তজ্জন্য; সেজন্য। ৩ সেই। [সং.]
তেনা[১]**, ত্যানা** *বি* ১ ছেঁড়া কাপড়ের টুকরা; নেকড়া। ২ কৌপীন; গৈরিক বসন। [সং. তুন্ন (ছিন্ন)>]।
তেনা[২] *সর্ব* তিনি। [আঞ্চলিক]
তেপান্তর *বি* দূরব্যাপী জনহীন বিশাল মাঠ। সাধারণত বাংলা ছড়া ও রূপকথায় ব্যবহৃত। [সং. ত্রি+প্রান্তর>]
তেমন *বিণ* তদ্রূপ; সেইপ্রকার। ◻ *ক্রিবিণ* ১ সেইপ্রকারে। ২ সঙ্গে সঙ্গে; তৎক্ষণাৎ। **তেমনই, তেমনি** *বিণ* তদ্রূপই; ঠিক সেইরকমই; উপযুক্ত; যোগ্য।
তের, তেরো *বি, বিণ* ১৩ সংখ্যা বা সংখ্যক। [সং. ত্রয়োদশ>]
তেরচা, তেরছা *বিণ* বক্র; বাঁকা; আড়; তির্যক। [সং. তির্যচ>প্রা. তিরিচ্ছ>]
তেরিমেরি *বি* ১ চোটপাট; রাগারাগি। ২ অশিষ্ট বাক্য প্রয়োগ; গালাগালি। [হি. তেরীমেরী]
তেরিয়া, তেরিয়ান *বিণ* ১ উগ্রস্বভাব; রগচটা; উদ্ধত। ২ উগ্র মূর্তি; ক্রুদ্ধমূর্তি; মারমুখী; বেপরোয়া। ৩ উগ্র স্বভাববিশিষ্ট। [সং. √তড়্‌]
তেল *বি* ১ তৈল। ২ দর্প; তেজ; অহঙ্কার। ৩ তোষামোদ; চাটুব্যবহার। [সং. তৈল্‌]। **তেলকুচকুচে, তেলচুকচুকে** *বিণ* ১ তেল মাখাবার ফলে উজ্জ্বল। ২ তেল দ্বারা মসৃণ ও উজ্জ্বল। **তেলচিটে, তেলচটচটে** *বিণ* অপরিমেয় তৈল নিষিক্ত ও ময়লা। **তেলতেলে** *বিণ* ১ তৈলাক্তবৎ।

২ মসৃণ। ৩ পিচ্ছিল। **তেলে-বেগুনে জ্বলে ওঠা**—অত্যন্ত ক্রুদ্ধ ও উত্তেজিত হওয়া। **নিজের চরকায় তেল দেওয়া, আপনার চরকায় তেল দেওয়া**—অপরের ব্যাপারে মাথা না ঘামিয়ে নিজের কাজে মন দেওয়া।

তেলচাটা, তেলাচোরা *বি* তেলাপোকা; আরশোলা।

তেলা *বিণ*১ তৈলাক্ত; চকচকে। ২ মসৃণ। ৩ পিচ্ছিল। [বা. তেল+আ]

তেলাই, ত্যালাই *বি* ১ চাটাই; মাদুর। ২ বর বা কনেকে বিয়ের আগে তেল হলুদ ইত্যাদি শরীরে মাখার লোকাচার। [আঞ্চলিক]

তেলাকুচা, তেলাকুচো *বি* পটলের ন্যায় ছোট ছোট ফলবিশেষ যা পাকলে রক্তবর্ণ হয়।

তেলানো *ক্রি*১ তৈলাক্ত করা; চর্বিযুক্ত করা। ২ স্তাবকতা করা; হীনভাবে চাটুকারিতা করা; চাটুবাক্যে তুষ্ট করা। □ *বিণ* তেল মাখানো। **তেলানি** *বি*১ তৈলযুক্ত বা চর্বিযুক্ত হওয়া। ২ হীন চাটুকারিতা।

তেলাপোকা *বি* আরশোলা। [স. তৈলপায়িকা>]

তেলি, তিলি *বি* ১ তৈল উৎপাদক; তৈল ব্যবসায়ী। ২ হিন্দু সম্প্রদায়বিশেষ, তৈলিক, তৌলিক।

তেলেগু, তেলুগু *বি* দক্ষিণ ভারতের দ্রাবিড় গোষ্ঠীর এক শাখা ও শাখার ভাষা।

তেলেঙ্গা, তেলেঙ্গি *বি* ভারতের তৈলঙ্গ বা অন্ধ্র দেশীয়।

তেলেনা *বি* সঙ্গীতের প্রারম্ভিক ধ্বনিময় বোল, যেমন আ আ/তেরে নে/তানা তানা।

তেলেভাজা *বি* বেগুনি, ফুলুরি প্রভৃতি বেসনযুক্ত ভাজা খাদ্য।

তেলেসমাত, তেলেছমাত *বি* ১ যাদু। ২ আশ্চর্য। ৩ ভরপুর; মাতোয়ারা। [আ. তিলস্‌মাত]। **তেলেসমাতি, তেলেছমাতি** *বিণ* ঐন্দ্রজালিক; জাদু সম্বন্ধীয়।

তেলো[১] *বি* মাথার বা হাতের তালু। [স. তালু>]

তেলো[২] *বি* করতল; পদতল। □ *বিণ* তৈলাক্ত। [স. তালু>]

তেষট্টি *বি,বিণ* ৬৩ সংখ্যা বা সংখ্যক।

তেষ্টা *বি* পিপাসা; তৃষ্ণা। [স. তৃষ্ণা>]

তেসরা *বি,বিণ* তৃতীয়; মাসের তৃতীয় তারিখ। (তুল. পয়লা, দোসরা, তেসরা, চৌঠা ইত্যাদি)। [হি. তীস্‌রা]

তেহাই[১] *বি* সঙ্গীত সমাপ্তিসূচক বাদ্যযন্ত্রে শেষ তিন সজোর আঘাত। [স. ত্রিঘাত>]

তেহাই[২] *বি* তিন ভাগের এক ভাগ; এক-তৃতীয়াংশ। [স. ত্রিভাগিক>]

তেহারা *বিণ*১ ত্রিগুণ; তিন খেই বা ভাঁজযুক্ত। ২ মোটা।

তৈজস *বিণ* তেজ সম্পর্কিত; ধাতুনির্মিত। **তৈজসপত্র, তৈজসপাত্র** *বি* ধাতুনির্মিত থালা-বাসন; ঘটি-বাটিপ্রভৃতি।

তৈরি, তৈয়ারী *বিণ* নির্মিত; প্রস্তুতকৃত; গঠিত। **তৈরি করা** *ক্রি* নির্মাণ করা।

তৈল = তেল।

তো *বি* বস্ত্র প্রভৃতির পাট বা ভাঁজ; তয়। [ফা. তহ্‌]

তোক *বি* অপরাধীর হস্তবন্ধন-শৃঙ্খলবিশেষ; হাতকড়া। [আ. তওক]

তোকমারি, তোকমা *বি* সাধারণত পুলটিসে ব্যবহৃত ইসবগুলের মতো বীজবিশেষ। [ফা. তুখ্‌ম্‌+ই-রইহান]

তোগরা, তুগরা *বি* অলঙ্কৃত আরবি লিপিবিশেষ; বাদশাহি স্বাক্ষর; দস্তখত; মোহর। [তু. তুগরা]।

তোটক *বি* দ্বাদশাক্ষর পাদযুক্ত সংস্কৃত ছন্দ। [স.]

তোড় *বি*১ তীব্র স্রোতের বেগ; প্রবাহের ধাক্কা। ২ গতি। ৩ কলহের স্রোত; বাক্যের স্রোত। [বা., স. তুড়]

তোড়জোড় *বি*১ উদ্যোগ; আয়োজন; প্রস্তুতি। ২ সরঞ্জাম; সাধন; উপকরণ।

তোড়া[১] *বিণ* টাকায় ভরা থলি; মুদ্রাপূর্ণ কাপড়ে প্রস্তুত থলি। □ *বি*১ গোছা; গুচ্ছ; তাড়া; স্তবক। ২ চরণের এক প্রকার অলঙ্কার। [আ. তুররাহ্‌]

তোড়া[২]**, তুড়া** *ক্রি* ভাঙ্গা; ভেঙে ফেলা। [স. ত্রোট>]

তোড়ানি *বি* কাঁজি; পচাই। [আঞ্চলিক., ফা. তরাণী]

তোড়ি, টোড়ি *বি*১ সঙ্গীতের একটি রাগিণী। ২ প্রভাতী রাগিণীবিশেষ।

তোতলা, তোৎলা *বি* জিহ্বার জড়তাবশত যার কথা বেধে যায়। **তোতলানো, তোৎলানো** *ক্রি* তোতলার মতো বেধে বেধে কথা বলা। **তোতলামি, তোৎলামি** *বি* তোতলানোর অবস্থা, তোতলার মতো করে কথা বলা।

তোতা *বি* শুকপাখি; টিয়াপাখি। [ফা. তূতী]

তোপ *বি*১ আগ্নেয়াস্ত্র; কামান। ২ বন্দুক। ৩ কামানের শব্দ। [তু. তুপ]। **তোপখানা, তোপশালা** *বি* কামান রাখার বা নির্মাণের স্থান। **তোপ দাগা** *ক্রি* কামান থেকে গোলা নিক্ষেপ করা বা ছোড়া।

তোফা, তোহফা *বিণ* চমৎকার; অত্যন্ত উপাদেয়; উৎকৃষ্ট। □ *বি* উপহার; দুষ্প্রাপ্য বস্তু। [আ. তুহ্‌ফা]

তোবড়া *বি* ঘোড়ার দানা খাওয়ার থলি। □ *বিণ* চুপসানো; টোল খাওয়া; বসা; বসে যাওয়া; শুকিয়ে কুঁকড়ে যাওয়া। [আ. তুব্‌রা; ফা. তুব্‌রহ্‌]। **তোবড়ানো, তুবড়ানো** *বিণ* চুপসানো; টোল খাওয়া। □ *ক্রি* চুপসে দেওয়া বা যাওয়া; টোল খাওয়া; বসে বা শুকিয়ে যাওয়া।

তোবড়া-তুবড়ি *বি* মালপত্র বোঝাই গাঁটরি। [বা. আঞ্চলিক]

তোমর *বি* প্রাচীন ভারতের এক প্রকার যুদ্ধাস্ত্র। [স.]

তোয় *বি* জল; পানি। [স. √তু+য]। **তোয়নিধি, তোয়ধি, তোয়রাশি** *বি* সমুদ্র; সাগর।

তোয়াজ *বি* স্বার্থসিদ্ধির জন্য যত্ন; আদর; খাতির; মনোরঞ্জন। [আ. তওয়াজ্জুহ্‌]

তোয়ানো *বি* হস্ত দ্বারা অনুভব করে সন্ধান; তল্লাশ বা অনুসন্ধান। □ *ক্রি* ১ হাত বুলানো; মর্দনাদি করা। ২ তোয়াজ করা। ৩ কুড়ানো। (তুল. আঞ্চলিক টোকানো)। [হি. টোহ্‌না]।

তোয়ালে *বি* গামছাবিশেষ। [পর্তু.]

তোরঙ্গ, তোরঙ্গ *বি* পেঁটরা; ইস্পাত প্রভৃতি দ্বারা তৈরি বাক্স; ট্রাঙ্ক। [ই. trunk]

তোরণ *বি*১ সিংহদ্বার; সদর দরজা; ফটক; gate। ২ ফটকের ওপর নির্মিত ধনুকাকৃতি কাষ্ঠাধার। [স. তুর (ত্বরা)+অন>বা উত্তরণ]

তোল, তোলক *বি*১ তোলা; ৮০ রতি; ১৬ মাসা। ২ দাঁড়িপাল্লা। [স. √তুল্‌+অ+ক]

তোলন *বি* ওজন বা তৌল করণ। উত্থাপন; উত্তোলন। [স. √তুল্‌+অন]

তোলপাড় *বি,বিণ* প্রচণ্ড আন্দোলন; আলোড়ন; উলটপালট; বিক্ষোভ; ভীষণ চাঞ্চল্য; গণ্ডগোল। [বা. তোলা+পাড়া]

তোলা[১] *বি* ওজনের পরিমাণ বিশেষ; ভরি; ৮০ রতি; এক সেরের ৮০ ভাগের এক ভাগ। [স. √তোল্+বা. আ]

তোলা[২] *বি* ১ হাট বা বাজারে বেপারিদের পণ্যের যে অংশ হাটের মালিক বা জমিদারগণ তুলে নেয়। ২ বাইরে যাওয়ার পোশাক। ☐ *বিণ* ১ তুলে রাখা হয়েছে এমন; গৃহীত; রক্ষিত। ২ তৈরি; নির্মিত; প্রস্তুত। ৩ (আল.) স্মরণ রাখা হয়েছে এমন। ৪ পোশাকি। ৫ মথিত। ৬ অঙ্কিত; ছাঁচে ঢালাই-করা। [স. √তুল্+আ]

তোলা[৩], **তুলা** *ক্রি* ১ উঠানো; উঁচু করা। ২ ত্যাগ করা। ৩ জাগানো; ঘুম ভাঙানো। ৪ বমি করা। ৫ তৈরি বা নির্মাণ বা সৃষ্টি করা। ৬ সংগ্রহ করা (চাঁদা তোলা)। **কানে তোলা** *ক্রি* শোনা; গ্রাহ্য করা। **গা তোলা** *ক্রি* গাত্রোত্থান করা। **দাদ তোলা** *ক্রি* প্রতিশোধ লওয়া। **পটল তোলা** *ক্রি* মরা; মরে যাওয়া। **মুখ তোলা** *ক্রি* (আল.) অনুগ্রহ। **হাত তোলা** *বিণ* (আল.) অন্যের অনুগৃহীত। ☐ *ক্রি* মার দেওয়া; পিটানো।

তোলাপাড়া *বি* মনে মনে নানাভাবে আন্দোলন; বারংবার চিন্তা।

তোলিত *বিণ* ওজন করা হয়েছে এমন। [স. √তুল্+ণিচ্+ত]

তোলো *বি* মাটির বড় হাঁড়ি। [পো. talha]

তোল্য *বিণ* ১ ওজন করতে হবে এমন। ২ তুলনীয়। [স. √তুল্+য]

তোশক, তোষক *বি* বিছানায় পাতবার তুলার গদিবিশেষ। [ফা.]

তোশা, তোষা, তোসা *বি* মূল্যবান জিনিসপত্র। [ফা. তুশহ্]। **তোশাখানা, তোসাখানা** *বি* মূল্যবান জিনিসপত্র রাখার ভাণ্ডার।

তোষা, তোষণ *বি* ১ সন্তোষ; তৃপ্তি; আনন্দ। ২ সন্তোষবিধান; তৃপ্তিসাধন। **তোষিণী** *বিণ স্ত্রী.*। [স. √তুষ্+অ+আ, অন]। **তোষণীয়** *বিণ* তুষ্ট করার যোগ্য; তোষণযোগ্য; খুশি করা আবশ্যক এমন।

তোষা, তুষা *ক্রি* তুষ্ট বা আনন্দিত করা। (তুল. তোষামোদ)।

তোষামোদ *বি* খোশামদ; চাটুবৃত্তি; মোসাহেবি; স্তাবকতা। [স. √তুষ্+ফা. মুদ]। **তোষামুদে** *বিণ* চাটুকার; খোশামুদে; স্তাবক; মোসাহেব; চামচে।

তোষিত *বিণ* যাকে তুষ্ট করা হয়েছে। [স. √তুষ্+ণিচ্+ত]

তোহে (ব্র.) *সর্ব* তোমাকে।

তৌজি, তৌজী *বি* ১ সৈন্য। ২ প্রজা-জমিজমা-খাজনার পরিমাণ ইত্যাদির তালিকা। [আ. তওযীহ্]

তৌফিক, তৌফীক *বি* শক্তি; সামর্থ্য; সম্পদ। [আ.]

তৌর্য *বি* তূর্যধ্বনি; মৃদঙ্গ ইত্যাদির ধ্বনি। [স.]

তৌল *বি* ১ ওজন; মাপ। ২ ওজন করার যন্ত্র; তুলা যন্ত্র; দাঁড়িপাল্লা; নিক্তি। ৩ ওজনকরণ। ৪ (আল.) তুলনা; সাদৃশ্য নিরূপণ। [স. তুলা+অ]

তৌলন *বি* ওজনকরণ; মাপা; পরিমাণ নির্ণয়। [স. তুলন্+অ]

তৌলা *ক্রি* ওজন করা। [স. তুলা+অ+বা. অ]

তৌহিদ⟹তওহিদ।

ত্যক্ত *বিণ* ১ পরিত্যক্ত; পরিত্যাগ করা হয়েছে এমন; বর্জিত। ২ জ্বালাতন করা হয় এমন; বিরক্ত। [স. √ত্যজ্+ত]। **ত্যক্তবিরক্ত** *বিণ* উত্যক্ত; জ্বালাতন।

ত্যজন *বি* ১ বর্জন; ত্যাগ; পরিহারকরণ; ত্যাগকরণ। ২ ক্ষেপণ। [স. √ত্যজ্+অন]

ত্যজ্যমান *বিণ* ত্যাগ বা বর্জন বা পরিহার করা হচ্ছে এমন। [স. √ত্যজ্+আন (শানচ্)]

ত্যাগ *বি* ছাড়া; পরিত্যাগ; বর্জন; বিসর্জন। [স. √ত্যজ্+অ]। **ত্যাগী**(-গিন্) *বিণ* ১ ত্যাগকারী; স্বার্থত্যাগী। ২ বিরাগী; সংযমী।

ত্যাজ্য *বিণ* ত্যাগ বা বর্জন করা উচিত এমন; বর্জনীয়। [স. ত্যজ্+য]। **ত্যাজ্যপুত্র** *বি* পুত্রের অধিকার ও পিতার সম্পত্তি থেকে বঞ্চিত ও বিতাড়িত পুত্র।

ত্রপা *বি* ১ লজ্জা; শরম। ২ বিনয়।

ত্রপু *বি* সীসা; দস্তা; রাং; টিন।

ত্রয় *বি* (বস্তু বা ব্যক্তির) তিনটি বা তিনটির সমষ্টি বা যোগফল। ☐ *বিণ* ১. তিন সংখ্যক। ২ তিন প্রকার। [স. ত্রি+অয়]। **ত্রয়ী** *বিণ স্ত্রী.* ত্রয়-এর অর্থে। ☐ *বি* ১ হিন্দুমতে ত্রিমূর্তি ব্রহ্মা বিষ্ণু ও শিব। ২ ঋক্; সাম; যজুঃ তিন বেদ। **ত্রয়ঃপঞ্চাশৎ** *বি, বিণ* ৫৩ সংখ্যক বা সংখ্যা। **ত্রয়ঃসপ্ততি**—৭৩। **ত্রয়শ্চত্বারিংশৎ**—৪৩। **ত্রয়স্ত্রিংশৎ**—৩৩।

ত্রয়োদশ *বিণ* ১৩ সংখ্যার পূরক। ☐ *বি, বিণ* ১৩ সংখ্যা বা সংখ্যক। [স. ত্রয়োদশন্+অ]। **ত্রয়োদশী** *বিণ স্ত্রী.* ১ তের স্থানে আছে যে নারী; ত্রয়োদশস্থানীয়া। ২ তের বৎসর বয়সবিশিষ্টা। ☐ *বি* দ্বাদশীর পরের তিথি।

ত্রয়োবিংশ *বিণ* ২৩ সংখ্যার পূরক। [স.]। **ত্রয়োবিংশতি** *বি, বিণ* ২৩ সংখ্যা বা সংখ্যক।

ত্রসন *বি* ১ ভীতি; ভীত হওন। ২ ত্রাস; ভয়। ৩ উদ্বেগ। [স.]

ত্রস্ত *বিণ* ১ সন্ত্রস্ত; ত্রাসযুক্ত; ভয়-চকিত। ২ কম্পিত; বিচলিত। ৩ ত্বরিত। [স. √ত্রস্+ত]

ত্রাণ *বিণ* নিষ্কৃতি; রক্ষা; মুক্তি। [স. √ত্রৈ+অন]। **ত্রাতা** *বিণ* পরিত্রাণ করে এমন; ত্রাণকারী।

ত্রাস *বি* ভয়; ভীতি; শঙ্কা। [স. √ত্রস্+অ]

ত্রাসন *বিণ* ত্রাস সঞ্চারকারী। [স. √ত্রস্+অন]

ত্রাহি *ক্রি* ত্রাণ কর বা রক্ষা কর; বাঁচাও ধ্বনি। [স. √ত্রৈ+হি]

ত্রি *বি, বিণ* ৩ সংখ্যা বা সংখ্যক। [স.]। **ত্রিকাল** *বি* ১ তিনকাল, অতীত বর্তমান ভবিষ্যৎ। ২ সর্বকাল। **ত্রিকালজ্ঞ, ত্রিকালদর্শী** *বিণ* ১ যিনি অতীত বর্তমান ও ভবিষ্যৎ এ তিনকালের ঘটনা জানেন। ২ সর্বজ্ঞ। **ত্রিকুল** *বি* পিতা মাতা ও শ্বশুরের বংশ বা কুল। **ত্রিগুণ** *বি* সত্ত্ব; রজঃ; তমঃ—এ তিন গুণ। **ত্রিজগৎ** *বি* স্বর্গ মর্ত্য পাতাল; তিন ভুবন। **ত্রিতল** *বিণ* তেতলা। **ত্রিত্ববাদ** বি খ্রিস্ট ধর্মের তিনে এক—একে তিন এ মতবাদ। **ত্রিদিব** *বি* স্বর্গ; অমরাবতী; আকাশ। **ত্রিদোষ** *বি* বাত, পিত্ত, কফ—শরীরের এ তিন দোষ। **ত্রিনয়না, ত্রিনয়নী** *বি স্ত্রী.* হিন্দুদেবতা শিবপত্নী দুর্গা; কালী। **ত্রিপদী** *বি* তিন চরণযুক্ত ছন্দ। **ত্রিপিটক** *বি* বৌদ্ধশাস্ত্রগ্রন্থ যা সুত্ত(সূত্র) অভিধম্ম (অভিধর্ম) ও বিনয় এ তিন ভাগে বিভক্ত। **ত্রিফলা** *বি* তিনটি ফল—হরীতকী বহেড়া ও আমলকী। **ত্রিবর্ণ** *বি* হিন্দু সম্প্রদায়ের তিনশ্রেণী, ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য। **ত্রিবেণী** *বি* ১ তিনটি স্রোত বা নদীর মিলনস্থল। ২ গঙ্গা যমুনা ও সরস্বতী এ তিন নদীর মিলন অথবা বিচ্ছেদস্থল।

ত্রিভুবন *বি* স্বর্গ পৃথিবী ও পাতাল। **ত্রিমাত্রিক** *বিণ* (জ্যা.) দৈর্ঘ্য প্রস্থ ও বেধযুক্ত; ত্রিঘাত। **ত্রিযামা** *বি* রাত্রি; নিশা। **ত্রিশঙ্কু** *বি* ১ ত্রিশঙ্কু নামের পৌরাণিক রাজা যিনি সশরীরে স্বর্গে যাওয়ার চেষ্টায় অসমর্থ হয়ে শূন্যে অবস্থান করছেন। ২ অনিশ্চিত অবস্থায় পতিত হয় যে। **ত্রিশূল** *বি* তিন ফলাযুক্ত এক প্রকার অস্ত্র। **ত্রিসীমা, ত্রিসীমানা** *বি* ১ তিন প্রান্ত। ২ সান্নিধ্য; সামীপ্য। **ত্রিস্রোতা** *বি* ১ হিন্দু মতে তিন লোকে যার স্রোত প্রবাহিত হয়েছে; তিনধারাবিশিষ্ট নদী; গঙ্গা। ২ তিস্তা নদী।'

ত্রিংশ *বিণ* ১ ত্রিশ সংখ্যার পূরক। ২ ত্রিশ সংখ্যা। [স.]। **ত্রিংশৎ** *বি,বিণ* ৩০ সংখ্যা বা সংখ্যক; ত্রিশ। [স. ত্রিংশৎ>]। **ত্রিংশত্তম** *বিণ* ত্রিংশ; ত্রিশ সংখ্যার পূরক।

ত্রিত্ব *বি* ১ তিনের ভাব বা অবস্থা। ২ ত্রিমূর্তি। ৩ ত্রয়ীগুণ; গুণত্রয়। ৩ 'ব্রহ্মা–বিষ্ণু–শিবে' আস্থা; 'জেহোভা–মেরী–যিশু'তে বিশ্বাস। [স.]

ত্রিপল, তেরপল *বি* আলকাতরা মাখানো, মোটা ঘন বোনা চট বা কাপড়ের আবরণী বা পর্দাবিশেষ। [ই. tarpaulin]

ত্রিপুরান্তক, ত্রিপুরারি *বি* ত্রিপুর নামক অসুর বিনাশকারী; শিব। [স. ত্রিপুর+অন্তক/ ত্রিপুর+অরি]

ত্রিভুজ *বি* (জ্যা.) তিনটি সরলরেখা দ্বারা বেষ্টিত যে ক্ষেত্র। [স.]

ত্রিশ, তিরিশ *বি,বিণ* ৩০ সংখ্যা বা সংখ্যক। [স. ত্রিংশৎ>]

ত্রিষ্টুভ *বি* একটি সংস্কৃত ছন্দের নাম। [স.]

ত্রুটি *বি* ১ অভাব। ২ অঙ্গহীনতা। ৩ ক্ষতি; হানি। ৪ স্খলন; বিচ্যুতি; ভ্রম; প্রমাদ। ৫ অপরাধ; দোষ। [স. √ত্রুট্+ই]। **ত্রুটি–বিচ্যুতি** *বি* ভ্রমপ্রমাদ; ভুলচুক।

ত্রেতা *বি* হিন্দু পুরাণ–কথিত সত্য ও দ্বাপর যুগের মধ্যবর্তী যুগ; দ্বিতীয় যুগ। [স.]

ত্রৈকালিক *বিণ* ১ ত্রিকাল সংক্রান্ত। ২ ত্রিকালব্যাপী। [স. ত্রিকাল+ইক]

ত্রৈগুণ্য *বি* ১ সত্ত্ব, রজঃ ও তমঃ এ তিন গুণের সমষ্টি। ২ তিন গুণের ভাব। [স. ত্রি+গুণ+য]

ত্রৈবর্ষিক, ত্রিবার্ষিক *বিণ* ১ তিন বছর পর পর অনুষ্ঠিত বা জাত। ২ তিন বছর ধরে, তিন বছরব্যাপী। ৩ তিন বছর বয়স যার। [স. ত্রিবর্ষ+ইক]

ত্রৈমাসিক *বিণ* ১ তিন মাস পর পর যা ঘটে বা জন্মে। ২ তিন মাসকালব্যাপী। ৩ তিন মাস বয়স যার। ৪ তিন মাস পর পর প্রকাশিত (ত্রৈমাসিক পত্রিকা)। [স.]

ত্রৈরাশিক *বি* (গ.) তিনটি রাশির পরস্পর সম্বন্ধঘটিত অঙ্কপ্রণালী। [স. ত্রিরাশি+ইক]

ত্রৈলঙ্গ, ত্রৈলিঙ্গ *বিণ* প্রাচীন তৈলঙ্গা প্রদেশসংক্রান্ত; তেলেঙ্গ; অন্ধ্রদেশ সংক্রান্ত। ❑ *বি* ১ তৈলঙ্গের লোক। ২ তেলেগু ভাষা। [স. ত্রিকলঙ্গ> ? বা ত্রিলিঙ্গ (উপাসক)> ?]

ত্রৈলোক্য *বি* স্বর্গ মর্ত্য ও পাতাল এ তিন ভুবনের সমষ্টি। [স. ত্রিলোক+য]

ত্রোটক *বি* এক প্রকার দৃশ্যকাব্য। [স.]

ত্র্যক্ষর *বিণ* বর্ণত্রয়যুক্ত; অ উ এবং ম এ তিনটি বর্ণযুক্ত; 'ওম'। ❑ *বি* প্রণব। [স. ত্রি+অক্ষর]

ত্র্যঙ্ক *বিণ* তিন অঙ্কযুক্ত (নাটক)। [স. ত্রি+অঙ্ক]

ত্র্যম্বক *বি* দেবতা শিব। [স. ত্রি+অম্বক]

ত্র্যস্র *বি* ত্রিকোণ। ❑ *বিণ* তিন কোণযুক্ত। [স. ত্রি+অস্র]

ত্র্যহস্পর্শ *বি* ১ এক দিনে তিন তিথির যোগ। ২ (আল.) অশুভ যোগ। [স. ত্রি+অহন্+স্পর্শ]

–ত্ব, –তা *বি* কার্য স্বভাব গুণ অবস্থা প্রকৃতি বৃত্তি প্রভৃতি বাচক বিশেষ্যপদের প্রত্যয় (যথা সত্যতা, প্রৌঢ়ত্ব)। [স.]

ত্বক *বি* ১ গাত্রচর্ম; দেহের চামড়া। ২ ছাল; বাকল। ৩ খোসা। ৪ স্পর্শেন্দ্রিয়। [স. √ত্বচ্+ক্বিপ্]

ত্বদীয় *বিণ* তুমি বা মধ্যম পুরুষ সম্পর্কীয়; তোমার। [স. ত্বদ+ঈয়]

ত্বর *বি* বিলম্ব; দেরি।

ত্বরণ *বি* ১ (বৈ.) বেগের ক্রমবৃদ্ধি; acceleration। ২ শীঘ্রতা। [স.]

ত্বরমাণ *বিণ* ১ ত্বরান্বিত; শীঘ্রকারী; তাড়াতাড়ি করছে এমন। ২ ব্যস্ত; ব্যগ্র। [স.]

ত্বরা *বি* ১ দ্রুততা; শীঘ্রতা। ২ ব্যস্ততা; ব্যগ্রতা। ৩ তাড়া; তাগাদা। [স.]। **ত্বরায়** *ক্রিবিণ* দ্রুত; শীঘ্র; সত্বর; অবিলম্বে; দেরি না করে।

ত্বরিত[১] *বিণ* বেগ বাড়ানো হয়েছে এমন। [স. √ত্বর্+ণিচ্+ত]

ত্বরিত[২] *বিণ* দ্রুত; ক্ষিপ্র। [স. √ত্বর্+ত]

ত্বিষ, ত্বিষা *বি* তেজ; প্রভা; দীপ্তি। [স.]। **ত্বিষাম্পতি** *বি* সূর্য; প্রভাকর; তপন।

থ

থ[১] বাংলা বর্ণমালার সপ্তদশ ব্যঞ্জনবর্ণ।

থ[২] *বিণ* ১ অভিভূত; কিংকর্তব্যবিমূঢ়; হতভম্ব। ২ স্তম্ভিত; নির্বাক। ৩ অবাক। ৪ পাষাণ; পর্বত; অচল।

থই, থৈ *বি* ১ জলের নিম্নস্থ স্থলভাগ; তলভূমি। ২ থামবার স্থান; সীমা। ৩ আশ্রয়; অবলম্বন। [স. স্থলী/স্থল>]

থই থই[১], **থৈ থৈ**[১] *অব্য* বিস্তৃতি বা পরিব্যাপ্তিসূচক।

থই থই[২], **থৈ থৈ**[২] *বি* উদ্দাম নৃত্যের অঙ্গভঙ্গি।

থক *অব্য* ১ ক্বাথের মতো ঘন রস বা আঠালো বস্তুর পতন শব্দ। ২ থুথু ফেলার আওয়াজ।

থকথক *অব্য* ১ কাদার মতো সামান্য গাঢ় ও কিছু তরলতাসূচক। ২ তরল বস্তুর প্রায় ঘনীভূত বা জমাট ভাব। ৩ ক্ষত ইত্যাদির প্রসার ও মারাত্মক হওয়ার ভাবসূচক। **থকথকে** *বিণ* যা থকথক করছে; ঈষৎ গাঢ়।

থকা *ক্রি* পরিশ্রমের ফলে অবসন্ন হওয়া; হাঁপিয়ে যাওয়া; পরিশ্রান্ত হয়ে হঠাৎ থামা। **থকিত** *বিণ* ১ শ্রান্ত হয়ে থেমেছে বা নিরস্ত হয়েছে এমন। ২ শান্ত; স্তব্ধ। [স. √স্থগ্>]

থতমত *অব্য* ১ বিহ্বলতার বা কিংকর্তব্যবিমূঢ়তার ভাবসূচক। ২ ইতস্তত। ৩ অপ্রতিভ। [স. স্তম্ভিত>]

থপ *অব্য* নরম ভারী জিনিস পতনের শব্দজ্ঞাপক। **থপ থপ** *অব্য* ১ পুনঃপুন বা ক্রমাগত থপ শব্দ। ২ স্থূলদেহবিশিষ্ট প্রাণীর চলাকালীন পদশব্দ। **থপাস** *অব্য* থপ অপেক্ষা ভারী শব্দ।

থমক *বি* থেমে থেমে চলন; ধীর–মন্থর গমনভঙ্গি; থমকে

পড়া/যাওয়া। ❑*বিণ* ১ থমকে পড়া/যাওয়া; ঠমক; হাবভাবযুক্ত চলনভঙ্গি। ২ থেমে যায় এমন। [তুল. হি ঠুমক]

থমকানো *ক্রি*১ চলমান বা কার্যরত অবস্থায় সহসা থামা বা বিরত হওয়া। ২ ভয়ে বা বিস্ময়ে কোনো কাজে হঠাৎ বিরতি দেওয়া বা অগ্রসর হওয়া।

থমথম *অব্য* ১ নিথর বা নিশ্চলতা বা আচ্ছন্নতার ভাবজ্ঞাপক। ২ জলভারাক্রান্ত বা জলপূর্ণ ভাববোধক। **থমথমে** *বিণ* ১ থির ও ঘোর; সমাচ্ছন্ন। ২ রসভারী; জলভারাক্রান্ত; রসস্থ।

থর *বি*স্তর; থাক। [স. স্তর]। **থরে বিথরে** *বিণ* নানা স্তরে; থাকে থাকে।

থর-থর, থরোথরো *অব্য* প্রচণ্ড কম্পনের ভাবপ্রকাশ। ❑*বিণ* কম্পিত; কম্পমান। ❑*ক্রিবিণ* থরথর করে। **থরথরানি** *বি* প্রবল কম্পন।

থরহরি *বিণ,ক্রিবিণ* থরথর করে কম্পন ও ভীতির ভাবপ্রকাশ করে। [প্রা. হরহরিঅ>]। **থরহরি কম্পমান** *বিণ* ভয়ে থরথর করে কাঁপছে এমন।

থল *বি* স্থল; স্থান; ডাঙ্গা; ভূমি; তট। [স. স্থল>]। **থলকমল** *বি* স্থলপদ্ম। **থলকূল** *বি* আশ্রয়স্থল।

থলথল *অব্য* একই সঙ্গে স্থূলতা ও কোমলতা ভাবসূচক। [প্রা. থুল্ল>]। **থলথলে** *বিণ* স্থূল অথচ নরম।

থলি, থলে *বি* ঝুলি; বোঝা; ব্যাগ; বস্তা। [স. স্থলী>]। থৈলা [আঞ্চলিক], **থলিয়াতি** ('থলিয়া'-মূল)। **থলেট, 'থৈলতদার'** *বি* চোরেরা যার ঘরে চোরাই মাল রাখে।

থলো, থোলো *বি* গোছা; গুচ্ছ; স্তবক; থোকা। [স. স্তবক>]

থসথস *অব্য* অনুকার শব্দ; আর্দ্রতা ও শৈথিল্যবাচক শব্দ। **থসথসে** *বিণ* ১ ভেজা ও শিথিল। ২ অদৃঢ়; যা মজবুত নয়; দুর্বল।

-থা[১] *বি* স্থান। [স. স্থান>]। তুল. সর্বথা।

-থা[২] *অব্য* অন্যথা।

থাউকা, থাইকো, থাওকা *বিণ* থোক অংশ বা ভাগ হিসেবে; মোটের উপর; থোকে। [আঞ্চলিক]

থাক[১] *বি*১ শ্রেণী; স্তর; স্তবক। ২ তাক; দেওয়াল; আলমারি প্রভৃতিতে জিনিস-পত্রাদি রাখার জন্য খাঁজ বিশেষ। [স. স্তবক>]

থাক[২] *ক্রি* থাকুক; অবস্থিতি করুক।

থাকা *ক্রি*১ বসবাস করা। ২ কাটানো; অবস্থান করা। ৩ বেঁচে বা জীবিত থাকা। [প্রা. থক্ক>]

থান[১] *বিণ* ১ অখণ্ড; গোটা; আস্ত। ২ পাড়শূন্য। ❑*বি* জমাট। [হি.]

থান[২] *বি*১ স্থান; আশ্রয়; নীড়। ২ পীঠস্থান; তীর্থস্থান। ৩ নিকট; ঠাঁই (বাবার থান)। [স. স্থান>]

থানকুনি, থানকুঁড়ি *বি* ঔষধে ও ব্যঞ্জনে ব্যবহৃত শাকবিশেষ।

থানা *বি*১ পুলিশের দপ্তর; কোতোয়ালি। ২ বাংলাদেশের একটি প্রশাসনিক ইউনিট। [স. স্থান>]। **থানা দেওয়া** *ক্রি* ১ যুদ্ধ করার জন্য সসৈন্য অবস্থান বা অবরোধ করা। ২ পাহারা দেওয়া।

থাপড়, থাপ্পড়, থাবড়া *বি* ১ চড়; করতল-প্রহার; চপেটাঘাত। ২ থাবা। [তুল. হি. থাপ্‌পড়]। **থাবড়ানো, থাপড়ানো** *ক্রি* থাপ্পড় বা চড় মারা; চপেটাঘাত করা।

থাবড়ি *বি*১ দুই করতলের উপর ভর দিয়ে মাটিতে সমস্ত দেহভার স্থাপন করে উপবেশন। ২ থাবা। ৩ ঝাঁপিয়ে পড়ে থাবা দিয়ে গ্রহণ। [বা. আঞ্চলিক]

থাবা *বি* ১ চতুষ্পদ জন্তুর সম্মুখস্থ চরণদ্বয়; পদতল। ২ পাঞ্জা; করতল। [স. স্থাপ> থাপ> থাব+আ]। **থাবানো** *ক্রি* থাবা দিয়ে আঘাত করা।

থাম, থাম্বা *বি*১ স্তম্ভ; খুঁটি। ২ অবলম্বন। [স. স্তম্ভ> প্রা. থম্ভ> বা. থাম; তুল. খাম্বা (আঞ্চলিক)]

থামা *ক্রি*১ অগ্রসর না হওয়া; নিশ্চল হওয়া। ২ চুপ করা; নীরব হওয়া। ৩ বন্ধ বা রোধ হওয়া। ৪ নিবৃত্ত বা নিরস্ত হওয়া। [স. স্তম্ভ>]

থারমোমিটার, থার্মোমিটার *বি* শরীরের তাপ মাপার যন্ত্র; তাপমান যন্ত্র। [ই.]

থার্ডক্লাস *বি*১ তৃতীয় শ্রেণী। ২ রেলগাড়ির তৃতীয় শ্রেণীর কামরা। [ই.]

থালা, থাল *বি* ধাতুনির্মিত চ্যাপটা পাত্র; খাবার বাসনবিশেষ। [স. স্থালী>]। **থালি** *বি* ছোট থালা। **থালিকা** *বি* থালা।

থিকথিক *অব্য* বিতৃষ্ণাজনক পদার্থ বা ক্ষুদ্র জীবের রাশীকৃতভাবে একত্র অবস্থানজ্ঞাপক।

থিত, থিতু *বিণ* স্থিত; স্থায়ী। [স. স্থিত>]

থিতানো, থিতনো *ক্রি* ১ তরল পদার্থের সঙ্গে মিশ্রিত কঠিন বস্তুর পাত্রের নিচে সঞ্চিত হওয়া; অপরিষ্কার বস্তুর নিচে পড়ে উপরে পরিষ্কার তরল পদার্থ অবস্থান করা। ২ মন্দীভূত হওয়া; ক্রমে শান্ত হয়ে আসা। [স. স্থিত> বা. থিত+আনো]

থিয়েটার *বি*১ নাট্যশালা; রঙ্গালয়; প্রেক্ষাগৃহ। ২ অভিনয়। [ই.]

থিয়োরি *বি* মতবাদ; সিদ্ধান্ত; অনুমান নীতি; তত্ত্ব। [ই.]

থির *বিণ*১ স্থির; শান্ত। ২ স্থায়ী। ৩ অব্যাকুল; ধীর। ৪ ধৈর্য। [স. স্থির>]

থিসিস *বি* নিবন্ধ; অভিসন্দর্ভ; গবেষণা গ্রন্থ। [ই.]

থু, থুঃ *অব্য*১ থুথু/থুতু ফেলার শব্দ; নিষ্ঠীবন নিক্ষেপের শব্দ। ২ ঘৃণা প্রকাশ করে থুতু ফেলা। ৩ ঘৃণা নিন্দা ইত্যাদি প্রকাশক। ৪ ছিঃ; ধিক। **থুথু, থুঃথুঃ** *অব্য* ১ অবিরাম; থুতু ফেলার আওয়াজ। ২ ছিঃ ছিঃ; ধিক ধিক।

থুক *বি* থুথু; থুতু। ❑*অব্য* থুথু/থুতু ফেলার শব্দ। [স. থূৎকার>]

থুক থুক *অব্য* অসংখ্য কীট বা বীজাণুর বিতৃষ্ণাকর একত্র সমাবেশবাচক শব্দ।

থুক্কু *অব্য* খেলায় অতি ক্ষণস্থায়ী বিরতিবাচক বা আপত্তিবাচক শব্দ। [আঞ্চলিক]

থুড়থুড়, থুত্থুর *অব্য*১ দুর্বলতা রোগ শঙ্কা বার্ধক্য প্রভৃতির দরুন মৃদু অথচ ক্রমাগত কম্পন সূচক। ২ স্থবিরতাবাচক। **থুড়থুড়ে, থুড়থুড়ি, থুরথুরে** *বিণ*১ থুড়থুড় করছে এমন। ২ অত্যন্ত বৃদ্ধ।

থুড়া, থোড়া, থুরা *ক্রি*১ কুচি কুচি বা অতি ক্ষুদ্র করে কাটা। ২ ক্রমাগত আঘাতে ক্লিষ্ট বা প্রহারে জর্জরিত

করা।৩ (আল.) তিরস্কারে বা ভর্ৎসনায় জর্জরিত করা। [স. থুর্ব>]
থুড়ি, থুড়ী *অব্য*১ শুধরিয়ে বা সামলিয়ে নেওয়ার প্রয়োজনে ব্যবহৃত শব্দ। ২ ভুলবশত কিছু বলে তা প্রত্যাহারসূচক শব্দ।
থুতকার, থুৎকার *বি* ১ থুথু/থুতু ফেলা। ২ থুথু/থুতু শব্দ উচ্চারণ। ৩ (আল.) ধিক্কার দেওয়া; ঘৃণা প্রকাশ করা। [স. থুৎ+√কৃ+অ]
থুতনি, থুঁতনি, থুৎনি, থুতি, থুঁতি, থুথি *বি* চিবুক। [স. ত্রোটি>]
থুতু, থুথু *বি* নিষ্ঠীবন। [স. থুৎ>]
থুপ *অব্য* নরম অথচ স্থূল বস্তু পড়বার মৃদু শব্দ।
থুবড়া[১], **থুবড়** *বিণ* ১ বেশি বয়স অবধি অবিবাহিত; অনেক বয়স পর্যন্ত বিবাহ না হওয়া। ২ থুত্থুড়ে। [স. স্থবির> বা. অব্যূঢ়>]
থুবড়া[২], **থুবড়** *বিণ* অত্যন্ত বৃদ্ধ। [স. স্থবির>]
থুবড়ানো, থুবড়নো *ক্রি* নিচের দিকে মুখ করে পড়া; হুমড়ি খেয়ে বা উপুড় হয়ে পড়া।
থুয়ে *অক্রি* রেখে। [স. স্থাপন>]
থেঁতো, থেঁত *বিণ* ছেঁচা; পিষ্ট; কোটা; কুট্টিত। [স. থুর্ত>]। **থেঁতানো, থেঁতলানো, থ্যাঁতলানো** *ক্রি* ছেঁচা; পিষ্ট করা; মর্দন করা।
থেকে[১] *অব্য* ১ হতে। ২ চেয়ে; অপেক্ষা। **থেকে থেকে** *অব্য* থেমে থেমে; মাঝে মাঝে।
থেকে[২] *অব্য* থাকিয়া শব্দের কথ্য বা চলিত রীতির রূপ।
থেবড়া, থ্যাবড়া *বিণ* ভোঁতা; চ্যাপটা; ছড়ানো।
থেবড়ানো *ক্রি* ভোঁতা করা; চ্যাপটা করা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে।
থেলো *বিণ* বৃহৎ খোলযুক্ত (হুঁকা); ডাবা (হুঁকা)। [স. স্থালী>]
থোঁতা[১], **থোতা** *বি* মোটা থুতনি; মাংসল বা স্থূল চিবুক। ❑ *বিণ* ১ স্থূল থুঁতনিবিশিষ্ট। ২ বড় ও ভারী।
থোঁতা[২] *বিণ*১ পিষ্ট; মর্দিত; থেঁত। ২ দন্তশূন্য; ভোঁতা। ৩ তোতলা। [স. থুর্ত>]
থোও *ক্রি* রাখো; স্থাপন করো। [স. স্থাপন>]
থোওয়া, থোয়া *ক্রি* রাখা; রেখে দেওয়া।
থোক *বি*১ মোট; একত্রিত; সমষ্টি; একুন। ২ দফা; অংশ; ভাগ। ৩ থোকা; গোছ; গুচ্ছ। [স. স্তবক>]। **থোকথাক** *বি* মোট, একুন। **থোকথোক** *বি* মোটা মোটা; স্থূল স্থূল। **থোকে থোকে** *ক্রিবিণ* কিস্তিতে কিস্তিতে; গুচ্ছে গুচ্ছে।
থোকা *বি* গুচ্ছ; স্তবক। **থোকায় থোকায়** *ক্রিবিণ* গুচ্ছে গুচ্ছে। [স. স্তবক>]
থোড়, থোর *বি* ১ কলাগাছের কাণ্ডস্থ সারাংশ যা থেকে মোচা উৎপন্ন হয়। ২ ধানগাছ থেকে শিষ উৎপন্ন হবার অবস্থা; বিকাশোন্মুখ ধান্যমুকুল। [প্রা. থোরো>]
থোড়া *বিণ* অল্প; কিঞ্চিৎ; সামান্য। [স. স্তোক>]। **থোড়াই** *ক্রিবিণ* মোটেই না; একটুও না; আদৌ না।
থোতনা *বি* বৃহৎ থুতনি; মোটা থুতনি।
থোপ *বি* গুচ্ছ; গোছা। [স. স্তূপ>]
থোপনা[১] *বি*১ স্তবক; বড় গুচ্ছ; বেশ বড় গোছা। ২ লেজের কেশগুচ্ছ।
থোপনা[২] *বি* ভারী চিবুক; স্থূল বা মোটা থুতনি; থোতনা।
থোপা *বি* গোছা; গুচ্ছ; স্তবক; থোলো। [স. স্তূপ>]
থোর, থোরা, থোরি *বিণ* অল্প; একটু সামান্য; কিঞ্চিৎ। [স. স্তোক> তুল.]
থ্যাক থ্যাক *অব্য* পচা কাদাযুক্ত স্থান বা পচা ঘা সম্পর্কিত। **থ্যাকথেকে** *বিণ* থ্যাক থ্যাক করছে এমন।
থ্যাঙ্ক, থ্যাংক *বি* ধন্যবাদ; শুকরিয়া। [ই.]
থ্যাপ থ্যাপ *অব্য* থপ থপ হতেও নরম। **থ্যাপথেপে** *বিণ* একান্ত নরম; কোনোরূপ আকার দেবার অযোগ্য।

দ

দ বাংলা বর্ণমালার অষ্টাদশ ব্যঞ্জনবর্ণ।
-দ *বিণ* প্রদানকারী; দান করে এমন। **-দা** (সুখদা, মানদা) *বিণ* স্ত্রী.। [স.]
দই *বি* দধি; দৈ।
দওলত *বি* দৌলত।
দংশ *বি* ডাঁশ; বনমক্ষিকা; বড় মশা। [স. √দন্‌শ্‌+অ]
দংশক *বিণ* ১ কামড়ায় এমন; দংশনকারী। ২ ডাঁশ। [স. √দন্‌শ্‌+অক]
দংশন *বি* দাঁত বসানো; দন্তাঘাত; কামড়। [স. √দন্‌শ্‌+অন]
দংশিত *বিণ* দন্ত দ্বারা ক্ষত; দষ্ট; দংশন করা বা কামড়ানো হয়েছে এমন। [স. √দন্‌শ্‌+ণিচ্‌+ত]
দংষ্ট্র *বি* দাঁত; দন্ত। **দংষ্ট্রা** *বি* ১ বৃহৎ দন্ত; বড় দাঁত। ২ দাড়া। [স. √দন্‌শ্‌+ত্র]। **দংষ্ট্রাল, দংষ্ট্রী** *বিণ* দাঁতাল; বৃহৎ দন্ত বিশিষ্ট; দংষ্ট্রাযুক্ত।
দঁক, দক *বি*১ পানিযুক্ত গভীর পাক বা কাদা। ২ কর্দমযুক্ত স্থান; পঙ্কিল জলাভূমি; পানি-কাদায় ভরা বিশ্রী জায়গা। ৩ (আল.) আকস্মিক দুরবস্থা; অসহায় অবস্থা। [স. উদক বা কর্দম অথবা দ্রাবিড় দক (জল)]। **দঁকে পড়া, দকে পড়া** (আল.) আকস্মিক দুরবস্থায় পড়া; হঠাৎ বিপদগ্রস্ত হওয়া। [আঞ্চলিক]
দফ্তি, দপ্তি *বি* বই বাঁধাইয়ের শক্ত কাগজ বা পেস্টবোর্ড। [ফা. তখতী; দফতহ্‌; দফতীন]
দক্ষ *বিণ* পারদর্শী; কুশল; পটু। ❑ *বি* হিন্দু পুরাণে বর্ণিত প্রজাপতিবিশেষ যিনি সতী ও নক্ষত্ররূপিণী সপ্তবিংশ কন্যার জনক। [স. √দক্ষ্‌+অ]। **দক্ষতা** *বি* পারদর্শিতা। **দক্ষযজ্ঞ** *বি* ১ হিন্দু পুরাণোক্ত প্রজাপতি দক্ষ কর্তৃক অনুষ্ঠিত যজ্ঞ যা শিবের অনুচরদের দ্বারা লণ্ডভণ্ড হয়। ২ হৈ চৈ; প্রলয় কাণ্ড, হট্টগোল।
দক্ষিণ, দখিন *বি* ১ উত্তর দিকের বিপরীত দিকে যা অবস্থিত। ২ ডান। ৩ যম; মৃত্যু। ❑ *বিণ*১ দক্ষিণ দিক বা দেশ সংক্রান্ত। ২ অনুকূল; উদার; প্রসন্ন। ❑ *বি, বিণ* যুগপৎ বহু নায়িকার অনুরক্ত যে নায়ক। [স. দক্ষ+ইন]
দক্ষিণ হস্ত *বি*১ ডানহাত। ২ প্রধান সহায়। ৩ (আল.)

আহার (দক্ষিণ হস্তের ব্যাপার)।
দক্ষিণ রায় *বি* দক্ষিণের রাজা; মঙ্গল কাব্যোক্ত সুন্দরবনের ব্যাঘ্রদেবতা; সুন্দরবনের ব্যাঘ্রপীর বড় খাঁ–গাজি।
দক্ষিণা[১], দখিনা *বিণ* ১ দক্ষিণ দিক সংক্রান্ত; দক্ষিণ দিকবর্তী। ২ দক্ষিণ দিক থেকে যা এসেছে বা প্রবাহিত হয়েছে; দক্ষিণা। [স. দক্ষিণ+আ]
দক্ষিণা[২], দক্ষিণে *বি* ১ হিন্দু সমাজে ক্রিয়াকর্মের শেষে পুরোহিত, গুরু, ব্রাহ্মণ প্রভৃতিকে দেওয়া অর্থ বা পারিশ্রমিক। ২ শিক্ষা সমাপ্তির পর শিষ্য বা ছাত্র কর্তৃক গুরুকে দেয় অর্থ। ৩ প্রণামী। ৪ দক্ষিণ দিক। [স. দক্ষিণ+আ]
দক্ষিণাচল *বি* মলয় পর্বত; পৃথিবীর দক্ষিণ প্রান্তস্থিত কল্পিত পর্বত। [স. দক্ষিণ+অচল]
দক্ষিণাচার *বি* হিন্দুসমাজে প্রচলিত এক প্রকার তান্ত্রিক আচার। [স. দক্ষিণ+আচার]
দক্ষিণাপথ *বি* বিন্ধ্য পর্বতমালার দক্ষিণে অবস্থিত ভারতবর্ষের প্রদেশসমূহ; দাক্ষিণাত্য। [স. দক্ষিণা+পথ। তুল. উত্তরাপথ]
দক্ষিণাবর্ত *বিণ*১ ডান থেকে বাম দিকে আবর্ত বা পাকযুক্ত। ২ সূর্যের দক্ষিণায়ন। ৩ দক্ষিণ দিকে ঘূর্ণ্যমান; ডান দিকে ঘোরে এমন। ◻ *বি* দক্ষিণাপথ; বিন্ধ্যগিরির দক্ষিণ দেশ। [স. দক্ষিণ+আবর্ত]
দক্ষিণাবহ *বি* দক্ষিণ দিক থেকে প্রবাহিত বাতাস; মলয়, পবন। [স. দক্ষিণ+আ+√বহ্+অ]
দক্ষিণায়ন *বি* ১ বিষুবরেখা থেকে সূর্যের দক্ষিণ গতি। ২ বিষুবরেখা থেকে সূর্যের ক্রমশ দক্ষিণে গমনকাল। [স. দক্ষিণ+অয়ন]
দখল *বি*১ অধিকার; আয়ত্তে আনয়ন। ২ ব্যুৎপত্তি; জ্ঞান; পটুতা। [আ.]। **দখলকার, দখলদার** *বিণ* দখল করে আছে এরূপ। **দখলি, দখলী** *বিণ* ১ অধিকার বা দখল সংক্রান্ত। ২ অধিকারভুক্ত; অধিকৃত। **দখলি স্বত্ব** *বি* ভোগাধিকার।
দগড়, দগর *বি* ঢাকজাতীয় বাদ্য; রণবাদ্য; দামামা। [স. দ্রগড়>]
দগড়া, দাগড়া *বি* ১ মাটির উপর গরুর গাড়ির চাকা ইত্যাদির ঘর্ষণের দাগ; দড়ির ন্যায় দীর্ঘ দাগ। ২ মোটা দড়ির মতো চাবুকাদির লম্বা ফোলা দাগ। [হি. দগড়া]
দগদগ *অব্য* ক্ষত বা জ্বলনের ভাবসূচক। **দগদগে** *বিণ* দগদগ করছে এমন।
দগ্ধ *বিণ*১ পোড়া; ভস্মীকৃত; পুড়ে গেছে এরূপ। ২ উত্তপ্ত। ৩ আগুনের উত্তাপে ঝলসানো; অগ্নিদাহে ক্ষত। ৪ বেদনার্ত; যন্ত্রণাগ্রস্ত। [স. √দহ্+ত]
দগ্ধা *ক্রি* ১ যন্ত্রণা দেওয়া। ২ পোড়া। ৩ পোড়ানো; দগ্ধ করা। [স. √দহ্+ত = দগ্ধ+আ]। **দগ্ধানো** *ক্রি*১ দগ্ধ করা। ২ সন্তপ্ত করা বা হওয়া।
দঙ্গল, দংগল *বি*১ দল; পাল; ভিড়। ২ অনুচর; দল। ৩ কুস্তি; মল্লযুদ্ধ; গোলমাল। [ফা.]
দজ্জাল *বি* ১ মিথ্যাবাদী। ২ দুর্দান্ত অত্যাচারী ব্যক্তি যে কেয়ামতের অব্যবহিত পূর্বে ইমাম মেহদির সময়ে জন্মগ্রহণ করে নিজেকে আল্লাহ্ বলে দাবি করবে ও বহু লোকের ঈমান নষ্ট করবে। ◻ *বিণ*১ দুর্দান্ত; দুষ্ট। ২ দুরন্ত; শাসনের বহির্ভূত। [আ.]
দড়, দড়ো *বিণ*১ শক্ত; মজবুত। ২ পটু; বিচক্ষণ; দক্ষ। ৩ স্থির; নিশ্চিন্ত। ৪ বড়। [স. দৃঢ়>]।
দড়বড় *অব্য* দৌড়ে চলবার শব্দ; দ্রুত চলার শব্দ; ঘোড়ার কদমে চলার বা পদক্ষেপের শব্দ। **দড়বড়ি** *ক্রিবিণ* ১ দড়বড় করে। ২ অত্যন্ত তাড়াতাড়ি।
দড়া *বি* কাছির মতো মোটা দড়ি; রজ্জু। **দড়াদড়ি** *বি* নানা আকারের ও প্রকারের দড়ি; মোটা সরু ও শক্ত রজ্জুসমূহ।
দড়ানো *ক্রি* দৃঢ় করা। [স. দৃঢ়>]
দড়াম *অব্য*১ ভারী ও শক্ত জিনিস পতনের শব্দ; আছাড় খাওয়ার শব্দ। ২ বন্দুকের গুলি নিক্ষেপের শব্দ।
দড়ি, দড়ী *বি* রজ্জু; রশি। **ছাঁদন দড়ি** *বি* ১ দুধ দোহন করার সময়ে গাই যাতে পা ছুড়তে না পারে তজ্জন্য যে দড়ি দিয়ে গাইয়ের পা বাঁধা হয়। ২ দৃঢ় আলিঙ্গন; বাহুবেষ্টন।
দঢ়ানো[১] *ক্রি* দৃঢ় সঙ্কল্প করা। [স. দৃঢ়>]
দঢ়ানো[২] *বি* দৃঢ়তা।
দণ্ড *বি* ১ লোহা কাঠ ইত্যাদির তৈরি দীর্ঘ অথচ শক্ত জিনিস। ২ যষ্টি; ডাণ্ডা; লাঠি। ৩ শাস্তি; সাজা। ৪ জরিমানা; গচ্চা; খেসারত। ৫ সময়ের বিভাগ বিশেষ; ৬০ পল; ২৪ মিনিট। [স. √দণ্ড্+অ]। **দণ্ডকলস** *বি* ডানকুনি গাছ; যার পাতার রস ঔষধরূপে ব্যবহার করা যায়। **দণ্ডদাতা** *বিণ* শাস্তিদানকারী। **দণ্ডধর** *বি* ১ রাজা; শাসক। ২ হিন্দু বিশ্বাসে যম; যিনি পাপীর শাসক। **দণ্ডনীয়, দণ্ডার্হ, দণ্ড্য** *বিণ* শাস্তি পাবার যোগ্য। **দণ্ডবৎ** *বি* হিন্দুসমাজে প্রচলিত দণ্ডের মতো লুটিয়ে সাষ্টাঙ্গে প্রণাম। **দণ্ডমুণ্ড** *বি* সাধারণ শাস্তি থেকে প্রাণদণ্ড পর্যন্ত সকল প্রকার শাস্তি। **দণ্ডে দণ্ডে** *ক্রিবিণ* প্রতিদণ্ডে, ক্ষণে ক্ষণে।
দণ্ডক *বি* হিন্দু পুরাণোক্ত জনৈক রাজা। **দণ্ডকা, দণ্ডকারণ্য** *বি* ভারতস্থ দাক্ষিণাত্যের বিশাল বন; নর্মদা ও গোদাবরী নদীর মধ্যস্থ প্রাচীন অরণ্য প্রদেশ; রামায়ণে উক্ত অরণ্য প্রদেশ।
দণ্ডাঘাত *বি* লাঠির দ্বারা আঘাত।
দণ্ডাদণ্ডি *বি* লাঠালাঠি; পরস্পর যষ্টির সাহায্যে লড়াই।
দণ্ডায়মান *বিণ* দণ্ডের মতো খাড়া; দাঁড়িয়ে আছে এরূপ; খাড়া।
দণ্ডি *বি* দণ্ড অর্থাৎ চারহস্ত পরিমিত তিন ফের করে গ্রন্থি দেওয়া; যজ্ঞসূত্র; পৈতা; উপবীত। [স. দণ্ড>]
দণ্ডিত *বিণ* সাজাপ্রাপ্ত; শাসিত। [স. √দণ্ড্+ত]
দণ্ডী *বিণ* দণ্ডধারী। ◻ *বি* ১ রাজা; শাসক। ২ দণ্ডধারী সন্ন্যাসী। ৩ যম। ৪ 'দশকুমার চরিত' নামের সংস্কৃত গ্রন্থের লেখক।
দত্ত *বিণ* অর্পিত; দানকৃত; অন্যের দ্বারা প্রদত্ত। ◻ *বি* হিন্দু কায়স্থ জাতির উপাধিবিশেষ।। **দত্তক, দত্তক পুত্র** *বি* পোষ্যপুত্র; হিন্দুসমাজে শাস্ত্রানুষ্ঠান দ্বারা গৃহীত পোষ্যপুত্র। **দত্তা** *বিণ স্ত্রী.* অর্পিতা যে কন্যাকে বিবাহের উদ্দেশ্যে সম্প্রদান করা হয়েছে (বাগ্‌দত্তা)।
দদ্রু *বি* এক প্রকার চর্মরোগ; দাদ। **দদ্রুঘ্ন** *বিণ* দাদ নামক চর্মরোগ নাশকারী (ঔষধ)। [স. √দদ্+রু]
দধি *বি* টক দিয়ে জমানো দুধ; দুধের বিকারবিশেষ। [স. দধি>]। **দধিমঙ্গল** *বি* হিন্দুদের বিবাহাদি উৎসবে মঙ্গলাচারবিশেষ।
দধিসার *বি* মাখন; ননি।

দধীচ, দধীচি *বি* ১ পুরাণোক্ত মুনিবিশেষ যাঁর অস্থি দ্বারা বজ্র নির্মাণ করা হয়েছিল। ২ (আল.) বিশ্বের কল্যাণে দেহদানকারী মহাপুরুষ। [স.]

দনা, দোনা *বি* সুগন্ধি ফুলবিশেষ। [স. দমবক> বা. দনা]

দনু *বি স্ত্রী.* হিন্দুপুরাণে বর্ণিত দক্ষ প্রজাপতির কন্যা; কশ্যপের স্ত্রী ও দানবগণের জননী। [স.]। **দনুজ** *বি* দানব; দৈত্য; অসুর। **দনুজদলনী** *বিণ স্ত্রী.* হিন্দু মতে অসুর বধকারিণী দুর্গাদেবী।

দন্ত *বি* দাঁত; দশন। [স. √দম্+ত]। **দন্তকাষ্ঠ** *বি* দাঁতন। **দন্তপঙক্তি, দন্তপংক্তি** *বি* দাঁতের পাঁতি; দন্তশ্রেণী। **দন্তরুচি** *বি* দন্তপঙক্তির সৌন্দর্য বা শুভ্রতা।

দন্তাল, দন্তিল *বিণ* দাঁতাল। [স. দন্ত+বা. আল/ইল]

দন্তালিকা *বি* লাগাম; অশ্ব ইত্যাদির মুখরজ্জু; বল্গা। [স.]

দন্তী *বিণ* দাঁত আছে যার; দন্তবিশিষ্ট। ❑ *বি* হাতি। [স. দন্ত+ইন]

দন্তুর *বিণ* ১ দাঁতাল; বৃহৎ বা উঁচু দাঁতবিশিষ্ট। ২ কুটিল। [স. দন্ত+উর]

দন্তোদ্গম, দন্তোদ্ভেদ *বি* মাড়ি ভেদ করে নতুন দাঁত ওঠা। [স. দন্ত+উদ্গম]

দন্ত্য *বিণ* ১ দাঁতের সাহায্যে উচ্চারিত। ২ দাঁতসম্বন্ধীয়। [স. দন্ত+য]। **দন্ত্যবর্ণ** *বি* দাঁতের সাহায্যে উচ্চারিত বর্ণ অর্থাৎ ত-বর্গ; ল ও স।

দপ *অব্য হঠাৎ* আগুন জ্বলার শব্দ। **দপদপ, দবদব** *অব্য* ১ ক্রমাগত আগুন জ্বলনের শব্দ। ২ বেদনা বা টাটানির ভাবপ্রকাশক শব্দ।

দফ *বি* বাদ্যযন্ত্রবিশেষ। [আ.]

দফতর, দপ্তর *বি* ১ অফিস; কাছারি; কর্মস্থল। ২ অফিসের বা কাছারির কাগজপত্র। ৩ বাঁধা কাগজপত্র। ৪ বই-পুস্তক ও খাতাপত্র। [ফা.]। **দফতরি, দপ্তরি** *বি* ১ দফতরের কাগজ কালিকলম ইত্যাদির রক্ষক ও পরিবেশক; অফিসের নথিপত্র যে সাজিয়ে গুছিয়ে রাখে। ২ যে পুস্তক বাঁধাইয়ের ব্যবসা করে। ৩ পিয়ন।

দফা *বি* ১ বার; কিস্তি; পালা। ২ অবস্থা; ব্যাপার; রকম; গতিক। [আ. দফ্হ্]। **দফা দফা, দফায় দফায়** *ক্রিবিণ* পুনঃপুন; বারবার। **দফানিকাশ, দফারফা, দফাশেষ** *বি* ১ সর্বনাশ; ধ্বংস; সমূলে বিনাশ। ২ সমাপ্তি; সকল বিষয়ের শেষ। ৩ মৃত্যু। **দফে দফে** *অব্য* বারে বারে; কিস্তিতে কিস্তিতে।

দফাদার *বি* ১ চৌকিদারদের সর্দার। ২ অশ্বারোহী সৈন্যের উচ্চ কর্মচারীবিশেষ। ৩ মজুরদের সর্দার।

দব *বি* ১ বন; অরণ্য। ২ দাবানল; বনাগ্নি। [স. √দু+ত]

দবকানো *ক্রি* ধমকানো; ভয় দেখানো; দাবানো; দাবিয়ে দেওয়া/রাখা। [স. দমন>]

দবদবা *বি* প্রতাপ; প্রতিপত্তি; প্রভুত্ব; ঢোল-শোহরতের গোলমাল। [আ. দব্দবঃ]। **দবদবাই** *বি* জাঁকজমক। **দবদবা-রবরবা/ রমরমা** *বি* জাঁকজমক; প্রভাব প্রতিপত্তি।

দম[১] *অব্য* লঘু দুম আওয়াজ। **দমদম** *অব্য* ক্রমাগত শব্দ; বাদ্যাদির ধ্বনি। **দমাদম** *ক্রিবিণ* জোরে; প্রবল দমদম শব্দ করে।

দম[২] *বি* ১ শ্বাস নিঃশ্বাস-প্রশ্বাস। ২ প্রাণ; জীবন; জীবনী শক্তি। ৩ গৃহীত শ্বাস বা প্রশ্বাস। ৪ ধূমপানের টান; জোর টানে ধূম পান। ৫ ঘড়ি মেশিন ইত্যাদির স্প্রিংয়ে পাক। ৬ মসলাযোগে সিদ্ধ ব্যঞ্জনবিশেষ (আলুর দম)। [ফা. দম]। **দমফাটা** *ক্রি* শ্বাস ত্যাগ করতে না পারায় বুক ফেটে যাওয়া। **একদম** *অব্য, ক্রিবিণ* একেবারেই; মোটেই।

দম[৩] *বি* ব্যঞ্জনবিশেষ; আলুর দম।

দম[৪] *বি* শাসন; দমন; নিয়ন্ত্রণ; নিবারণ। ❑ *বিণ* দমনকারী (অরিন্দম)।

দমক[১] *বিণ* ১ দমন করে এমন; দমনকারী। ২ শাসক; শাসককর্তা। [স. √দম্+অক]

দমক[২] *বি* ১ বেগ; আকস্মিক বেগ; বিদ্যুৎদমক। ২ চমকানি। ❑ *বিণ* হঠাৎ ঘটে বা ঘটেছে এমন; আকস্মিক; বেগবান। [তুল. হি. দমক/ধমক]

দমকল *বি* ১ পুকুর ইত্যাদি থেকে পানি তুলবার যন্ত্রবিশেষ; পাম্প। ২ আগুন নিভানোর জন্য পানি নিক্ষেপের যন্ত্রবিশেষ। [ফা. দম+হি. কল]। **দমকল বাহিনী** *বি* ফায়ার ব্রিগেড বা দমকলের সাহায্যে আগুন নিভানোর সরকারি প্রতিষ্ঠানের কর্মীবৃন্দ।

দমকা *বিণ* সহসা প্রবল বেগে আগত; আকস্মিক সংঘটিত। ❑ *ক্রিবিণ* মাত্রাতিরিক্ত পরিমাণে; ঝটিকা বেগে; দমকা হাওয়ায়।

দমদমা *বি* ধনুর্বাণ বন্দুক ইত্যাদির দ্বারা যুদ্ধকৌশল অভ্যাস করবার জন্যে নির্মিত মাটির স্তূপ; চাঁদমারির জন্যে তৈরি মাটির ঢিবি। [আ. দমদমহ্]

দমন *বি* ১ শাসন; দণ্ডদান; নির্যাতন। ২ রোধ; নিবারণ। ৩ সংযম; ইন্দ্রিয় নিগ্রহ। **দমননীতি** *বি* নিপীড়নের ব্যবস্থা। **দমনীয়** *বিণ* দমনযোগ্য; শাসনীয়। [স. √দম্+অন]

দময়ন্তী *বি* মহাভারতোক্ত নল রাজার মহিষী ও বিদর্ভ রাজকন্যা।

দমা *ক্রি* ১ দমিত বা অবদমিত হওয়া; বশ মানা; পরাজয় স্বীকার করা; হার মানা। ২ নিরুৎসাহ হওয়া; হতাশ হওয়া; উদ্যম হারানো। ৩ বসে যাওয়া। [স. √দম্+বা. আ.]। **দমানো** *ক্রি* ১ দমন করা; পরাজিত করা; বশে আনা। ২ নমিত করা; পরাজিত করা; বশে আনা। ৩ নিরুৎসাহ করা; উৎসাহ ভঙ্গ করা।

দমিত *বিণ* শাসিত; বশীকৃত; নিগৃহীত; সংযত। [স. √দম্+ণিচ্+ত]

দম্পতি *বি* পতি-পত্নী; স্বামী ও স্ত্রী। [স. জায়া+পতি]

দম্বল *বি* দধিবীজ; দইয়ের সাজা; দইয়ের যে অংশ দুধে মিশিয়ে নতুন দই পাতা হয়। [স. দধ্যম্ল>]

দম্ভ *বি* ১ অহঙ্কার; গর্ব; আস্ফালন। ২ কপট ধার্মিকতা। ৩ শঠতা; কপটতা। [স. √দন্ভ্+অ]

দম্ভোক্তি *বি* বড়াই; অহঙ্কারসূচক কথা; উদ্ধত বাক্য; তকাব্বরি। [স. দম্ভ+উক্তি]

দম্ভোলি *বি* বজ্র। [স.]

দম্য *বিণ* দমনীয়; দমনযোগ্য। [স. √দম্+য]

দয়া *বি* ১ পরের দুঃখ দূরীকরণ; প্রবৃত্তি; কৃপা; অনুগ্রহ। ২ করুণা; অনুকম্পা। ৩ সমবেদনা; পরদুঃখকাতরতা। ৪ দানশীলতা। [স. √দয়্+অ]। **দয়াদাক্ষিণ্য** *বি* কৃপা ও দানশীলতা। **দয়াপরবশ** *বিণ* দয়ায় বশীভূত। **দয়াবান, দয়াময়, দয়াল, দয়ালু, দয়াশীল** *বিণ* সদয়; অনুগ্রহকারী; করুণাময়। **দয়াবতী, দয়াময়ী, দয়াশীলা, দয়ার্দ্র** *বিণ স্ত্রী.*

দয়াপরবশা; করুণায় বিগলিতা।

দয়িত *বি* প্রণয়ী; হৃদয়বল্লভ; পতি; স্বামী। ❑ *বিণ* প্রিয়; ভালোবাসা বা স্নেহের পাত্র। [স. √দয়্+ত]

দয়িতা *বি স্ত্রী.* ১ প্রণয়িনী; পত্নী; জায়া। ২ ভালোবাসা বা স্নেহের পাত্রী; প্রিয়া। ৩ পাগুা।

দর১ *বি* ১ গর্ত; গহ্বর; ভয়; ডর; শঙ্কা। ২ প্রবাহ; স্রোত। [ফা.]। **দরকচা, দরকাঁচা** *বিণ* দেখতে পাকা কিন্তু ভিতরে শক্ত; আধপাকা আধকাঁচা। [ফা.]। **দরদর** *অব্য* অধিক স্রাব বা ক্ষরণের ভাবদ্যোতক। **দরবিগলিত** *বিণ* তরল পদার্থের স্রোত; ধারার ন্যায় ক্ষরণশীল অবস্থা; দরদর ধারায় গলে পড়ে এমন; প্রবাহরূপে বা অল্প পরিমাণে নিঃসৃত।

দর২ *বি* ১ দাম; মূল্য। ২ নিরিখ; মূল্যের হার; পরিমাণ; নিরূপণ। ৩ মর্যাদা; স্তর। **দর কষা** *ক্রি* দাম ধরা; মূল্য নির্ধারণ করা। **দরদস্তুর** *বি* ১ জিনিসের দর ও বিক্রির রীতি বা শর্তাদি। ২ দর সম্পর্কে বাগবিতণ্ডা। **দরপত্র**=টেণ্ডার।

দর-ইজারা *বি* ইজারাদারের অধীন ইজারা; দরপত্তনি। [ফা.]

দরকার *বি* প্রয়োজন; আবশ্যক। **দরকারি** *বিণ* প্রয়োজনীয়; আবশ্যকীয়। [ফা.]

দরখাস্ত *বি* ১ আবেদনপত্র। ২ আবেদন; আরজি। [ফা.]

দরগা, দরগাহ্ *বি* দরবেশের কবর বা মাজার। [ফা. দরগাহ্]

দরজি, দর্জি *বি* পোশাক তৈরি ও কাপড় সেলাই করা যার পেশা; সৌচিক; সূচিকর্মজীবী; খলিফা। [ফা.]

দরদ১ *বি* ১ প্রাচীন অনার্য জাতিবিশেষ। ২ কাশ্মীরের নিকটবর্তী দেশবিশেষ। ❑ *বিণ* ভীতিপ্রদ; ভয়ঙ্কর; ভয়াল। **দরদা** *বিণ স্ত্রী.* ভয়দা; ভীতিসঞ্চারিকা। [স. দর+√দা+অ]

দরদ২ *বি* ১ বেদনা; যন্ত্রণা। ২ টান; মমতা; আকর্ষণ। ৩ সমবেদনা; সহানুভূতি। [ফা. দর্দ]। **দরদমন্দ** *বি,বিণ* দরদি; সহানুভূতিশীল; সমব্যথী। **দরদি, দরদিয়া** *বি,বিণ* ব্যথার ব্যথী; সমব্যথী; সমবেদনাযুক্ত; সহানুভূতিশীল। ❑ *বিণ* মরমি।

দরদালান *বি* ঘরের তুল্য অনাচ্ছাদিত বড় বারান্দা। [ফা.]

দরপত্তনি, দরপত্তনী *বি* পত্তনিদারের অধীনে জমির পত্তনি। [ফা.]। **দরপত্তনিদার** *বি* পত্তনিদারের অধীন পত্তনিদার; দরপত্তনি গ্রহণকারী। [ফা.]

দরপাট্টা *বি* পাট্টাদারের অধীনস্থ জমির পাট্টা বা ইজারানামা। [ফা.]

দরবার *বি* ১ রাজসভা। ২ সভা। ৩ উচ্চ বা অভিজাত ব্যক্তির বৈঠকখানা বা কাছারি ঘর; ঐরূপ ব্যক্তি কর্তৃক আহূত সভা। ৪ আদালত; বিচারালয়। ৫ কোনো বিষয়ে তদবির আবেদন বা আলোচনা। **দরবারি, দরবারী** *বি* ১ রাগিণীবিশেষ; সঙ্গীতের সুরবিশেষ। ২ দরবারে গমনাগমনকারী।

দরবেশ *বি* ১ মুসলমান ফকির; সংসার ত্যাগী মুসলিম সন্ন্যাসী। ২ লাল হলদে ইত্যাদি রঙের মিঠাইবিশেষ। [ফা.]

দরমা, দড়মা *বি* বাঁশের ফালি বা নল থেকে প্রস্তুত আবরণ; টাটি; বেড়া। [বা. হি.]

দরমাহা, দরমা *বি* নিয়মিত কাজের বিনিময়ে যে অর্থ উপার্জিত হয়; মাসিক বেতন; মাহিনা। [ফা. দরমহ্]

দরশ *বি* দর্শন। [স. √দৃশ্>]

দরাজ, দারাজ *বিণ* ১ উদার। ২ অকৃপণ; দানশীল; খরচে। ৩ প্রশস্ত; বিস্তৃত। ৪ বেশি; অধিক; অপরিমিত। ৫ দীর্ঘ; লম্বা। ৬ উদাত্ত; উচ্চস্বর বিশিষ্ট। [ফা.]। **দরাজদস্ত, দরাজ-হাত** *বিণ* মুক্তহস্ত; অকৃপণ; দানশীল। **দরাজদিল, দারাজদিল** *বি,বিণ* উদার হৃদয়; প্রশস্ত আত্মা।

দরানো *ক্রি* ১ গলানো; জীর্ণ করানো। ২ দয়ার্দ্র করা; মন গলানো। [স. √দ্রু>দরা+ণিচ্+অন]। **দরানি** *বি* নিঃস্রাব; গলন; ক্ষরণ; পুঁজ রক্ত ইত্যাদির নিঃসরণ।

দরি১**, দরী**১ *বি* ১ গিরিগুহা; কন্দর; পর্বত-গহ্বর। ২ অতি নিম্ন ও সংকীর্ণ অথবা গভীর ও অপ্রশস্ত উপত্যকা। [স. দর+ঈ]

দরি২**, দরী**২ *বি* শতরঞ্জি; সুজনি; পেতে বসবার মোটা সুতি বস্ত্রবিশেষ। [হি.]

দরিদ্র *বিণ* গরিব; নির্ধন; অভাবগ্রস্ত; দীন। [স.]। **দারিদ্র্য, দরিদ্রতা** *বি* গরিবের ভাব।

দরিয়া *বি* ১ সাগর; সমুদ্র। ২ নদী; বড় নদী। [ফা. দরয়া]

দরুদ, দ., সা. *বি* আশীর্বচন; সালাম; শান্তিবাণী; পয়গম্বর হযরত মুহম্মদ-এর নাম উচ্চারণ বা শ্রবণ করা মাত্র 'সাল্লাল্লাহু আলাহে ওয়া সাল্লাম'—এই দরুদ বা আশীর্বচন উচ্চারণ করা। এরই লিখিত সাংকেতিক চিহ্ন দ. বা সা.। [ফা. দরূদ]

দরুন *অব্য* জন্য; নিমিত্ত; হেতু।

দরেগ, দেরেগ *বি* আক্ষেপ; দুঃখ। [ফা. দিরীগ। তুল. বেদেরেগ—নিষ্ঠুর; নির্দয়]।

দরোয়ান, দারোয়ান *বি* ১ দ্বাররক্ষক; দরজার প্রহরী; দ্বারবান; প্রতিহারী। ২ পিয়ন। **দারোয়ানি** *বি* প্রহরীর কাজ; দারোয়ানের কাজ। [স. দ্বার+বান]

দর্দুর *বি* ১ ব্যাঙ; ভেক। ২ দাক্ষিণাত্যের একটি পর্বতের নাম। ৩ মেঘ। [স. দৃ+উর]

দর্প *বি* অহঙ্কার; গর্ব; দম্ভ। **দর্পহারী, দর্পহর** *বিণ* দর্প হরণ করে এমন; দর্পচূর্ণকরী; গর্বনাশকারী। **দর্পিত** *বিণ* গর্বিত; দৃপ্ত; দর্পযুক্ত। **দর্পী** *বিণ* দাম্ভিক; গর্বিত; দর্পকারী। [স. √দৃপ্+অ]

দর্পক *বি* কামদেব; কন্দর্প; মদন। ❑ *বিণ* উত্তেজক; উদ্দীপক। [স. √দৃপ্+অক]

দর্পণ, দরপন *বি* আয়না; মুকুর; আরশি। [স. √দৃপ+অন]

দর্পহর, দর্পহারী, দর্পিত, দর্পী⟹দর্প।

দর্বি, দর্বী *বি* রন্ধনকালে ব্যবহৃত হাতাবিশেষ।

দর্ভ *বি* তৃণ; কুশ, কাশ, দূর্বা ইত্যাদি তৃণ জাতীয় উদ্ভিদ।

দর্মা, দরমা *বি* ১ বাঁশের ফালি, বেড়া। ২ হাঁস-মুরগি রাখার স্থান। [আঞ্চলিক]

দর্শক *বিণ* ১ দ্রষ্টা; দর্শনকারী। ২ প্রদর্শক; দর্শয়িতা। [স. √দৃশ্+অক]

দর্শন, দরশন *বি* ১ দেখা; অবলোকন; দৃষ্টি। ২ সাক্ষাৎকার। ৩ জ্ঞান; উপলব্ধি; অভিজ্ঞতা। ৪ তত্ত্ববিদ্যা; চিন্তাবিষয়ক শাস্ত্র। ৫ চক্ষু; দৃষ্টিশক্তি। ৬ আরশি; দর্পণ। ৭ চেহারা। [স. √দৃশ্+অন]

দর্শনদারি, দর্শনদারী *বি* ১ রূপ বা সৌন্দর্য বা দেহাকৃতি বিচার। ২ বাহ্য আকৃতি। ❑ *বিণ* সুদর্শন; ভালো চেহারা; সুরূপ।

দর্শনশাস্ত্র *বি* যাবতীয় তত্ত্বজ্ঞান প্রতিপাদক শাস্ত্র; অস্তিত্বের স্বরূপ অনুসন্ধানবিদ্যা; সকল বিষয়ের কারণ ও নিয়মের যুক্তিভিত্তিক আলোচনার বিজ্ঞান।
দর্শনি, দর্শনী *বি* ১ দর্শন করবার জন্য দেয় অর্থ (দর্শনির বিনিময়ে নাটক)। ২ পরীক্ষা করা বাবদ পারিশ্রমিক, ভিজিট। ৩ পীর গুরু দেবাদি দর্শন বাবদ প্রদেয় নজরানা। [স. দর্শন+বা. ই, ঈ]
দর্শনীয় *বিণ* ১ দেখবার যোগ্য; দর্শনযোগ্য। ২ মনোরম; সুন্দর; মনোহর; মনোজ্ঞ। [স. দর্শন+ঈয়]
দর্শানো *ক্রি* দেখানো; প্রদর্শন করা। [স. √দৃশ্+ণিচ্]
দর্শিত *বিণ* দেখা হয়েছে এমন; প্রকটিত; প্রতিপাদিত। [স. √দৃশ+ণিচ্+ত]
–দর্শী *বিণ* দর্শক; স্রষ্টা; জ্ঞানী (দূরদর্শী)।
দল *বি* ১ পত্র; পল্লব; পাতা। ২ পাপড়ি। ৩ সমূহ; পাল। ৪ সম্প্রদায়; পার্টি। ৫ জোট। ৬ বেধ। ৭ দাম; জলজ তৃণবিশেষ। ৮ পক্ষ, তরফ। ৯ খণ্ড। দলপতি *বি* ১ নেতা; সম্প্রদায়ের পরিচালক। ২ সেনাপতি। **দলাদলি** *বি* বিভিন্ন দলে প্রতিদ্বন্দ্বিতা বা বিরোধ। **দলীয়** *বিণ* ১ দলসংক্রান্ত। ২ দলভুক্ত; একদলের।
দলই, দল্যুই *বি* ১ দলপতি; সর্দার; সৈন্যাধ্যক্ষ; বিশেষত গ্রাম্য সৈন্যদলের দলপতি; পরিচালক। ২ হিন্দু পদবি বা উপাধিবিশেষ।
দলদল *অব্য* অতিরিক্ত নরমের ভাবসূচক। **দলদলে** *অব্য* অত্যন্ত নরম; কর্দমজাতীয়।
দলন *বি* ১ মর্দন; চূর্ণীকরণ; পেষণ। ২ নিপীড়ন; নির্যাতন; শাসন। ৩ শাসক; নিপীড়ক। [স. √দল্+অন]। **দলনমলন, দলাইমলাই** *বি* ১ অঙ্গমর্দন; সংবাহন। ২ শরীরের বাহ্যিক যন্ত্রাদি। **দলনী** *বিণ স্ত্রী.* দমনকারিণী; শাসয়িত্রী (দনুজদলনী)।
দলমল *বিণ* দোলায়মান; দোদুল্যমান; দলন ও মলন সহ আন্দোলন; মন্থন।
দলমুল *বিণ* ক্রমাগত ও ব্যাপকভাবে দুলছে এমন।
দলা[১] *বি* ডেলা; ঢেলা; ঢিল; মৃৎ পিণ্ড; পিণ্ডাকৃতি; খণ্ড।
দলা[২] *ক্রি* ১ দলন করা; পিষ্ট করা; মর্দন করা; মলন করা; মাড়ানো। ২ নিপীড়ন করা। ❑ *বি* ১ দলন; মলন; মাড়ানো। ২ দলাই। ❑ *বিণ* দলিত। [স. √দল্>]। **দলানো** *ক্রি* দলিত করানো; মাড়ানো; দমন করানো।
দলিত *বিণ* ১ দলন করা হয়েছে এমন; মর্দিত; পিষ্ট। ২ হরিজন; ভারতের শোষিত ও নির্যাতিত পশ্চাৎপদ শ্রেণীসমূহ। ৩ উৎপীড়িত; নিপীড়িত। [স. √দল্+ত]
দলিল, দলীল *বি* ১ লিখিত প্রমাণপত্র; প্রমাণরূপে উপস্থাপিত কাগজপত্র। ২ স্বত্বাস্বত্ব নির্দেশক পত্র বা প্রমাণপত্র। [আ.]। **দলিল–দস্তাবেজ** *বি* দলিল ও তার আনুষঙ্গিক গুরুত্বপূর্ণ কাগজপত্র; বিবিধ প্রমাণপত্র। [আ. দলিল+ফা. দস্তাবেজ]
দলুয়া, দলো *বি* গুড়ের রস ঝরিয়ে প্রাপ্ত লালচে চিনি।
দশ *বি* ১ ১০ সংখ্যা। ২ জনসাধারণ; সর্বসাধারণ। ❑ *বিণ* ১০ সংখ্যক।
দশন *বি* ১ দাঁত। ২ দংশন। ৩ পল পরিমাণ। [স. √দন্শ্+অন]
দশম *বিণ* ১০ সংখ্যক; সংখ্যার পূরক। [স.]। **দশমিক** *বি* অখণ্ড রাশির দশভাগের এক ভাগ; একের দশমাংশের গণনা–পদ্ধতিবিশেষ। ❑ *বিণ* দশমাংশ সম্বন্ধীয়; দশ গুণোত্তর। [স.]। **দশমী** *বি* তিথিবিশেষ। **দশসালা** *বিণ* দশ বছরের জন্য বিহিত। **দশহরা** *বি* হিন্দুদের বিজয়া দশমী পর্ব।
দশা *বি* ১ অবস্থা। ২ ভাব; ধরন। ৩ মানুষের জীবনের বাল্য যৌবনাদি দশ অবস্থা। ৪ জন্মকালে মানুষের উপর গ্রহাদির অবস্থানজনিত প্রভাব। ৫ ভক্তিজনিত ভাবাবেশ। **দশ দশা** (শারীর.) *বি* গর্ভবাস, জন্ম, বাল্য, কৌমার, পৌগণ্ড, যৌবন, স্থাবির্য, জরা, প্রাণরোধ ও বিনাশ। **নায়িকার বা রাধার দশ দশা** *বি* অভিলাষ, চিন্তা, স্মৃতি, গুণকথন, উদ্বেগ, প্রলাপ, উন্মাদ, ব্যাধি, জড়তা ও মৃত্যু। **ভক্তিসাধকের দশ দশা** *বি* শ্রবণ, কীর্তন, স্মরণ, অর্চন, বন্দন, পদসেবন, দাস্য, সখ্য, নিবেদন ও স্বীয়ভাব।
দশানন *বিণ* দশটি মুখ যার। ❑ *বি* রামায়ণ বর্ণিত দশমুখ বা মস্তকবিশিষ্ট রাক্ষসরাজ রাবণ। [স.]
দশাবতার *বি* হিন্দুমতে বিষ্ণুর দশটি অবতার : যথা— মৎস্য, কূর্ম, বরাহ, নৃসিংহ, বামন, পরশুরাম, রামচন্দ্র, বলরাম, বুদ্ধ ও কল্কি। [স.]
দশাশ্বমেধ *বি* ১ হিন্দু পুরাণে বর্ণিত ব্রাহ্মণ কর্তৃক অনুষ্ঠেয় দশটি অশ্বমেধ যজ্ঞ। ২ কাশীতে গঙ্গা নদীর একটি ঘাটের নাম।
দশাসই *বিণ* ১ লম্বা ও চওড়ায় সমান সই; দীর্ঘদেহ। ২ (আল.) বিরাট ও মোটা; স্থূলকায়; বেমানান দৈর্ঘ্য–প্রস্থ বিশিষ্ট।
দশি, দশী *বি* কাপড়ের ছিলা শাড়ি প্রভৃতির আঁচল; কাপড়ের ছেঁড়া পাড় বা পাড়ের সুতা। [আঞ্চলিক]
দষ্ট *বিণ* ১ দংশিত; কিছুতে কামড়েছে এমন। ২ দাঁত দ্বারা কাটা বা ছিন্ন। [স. √দন্শ্+ত]
দস্তখত *বি* হাতের স্বাক্ষর। [ফা.]
দস্তমুবারক *বি* পবিত্র হস্ত। [ফা.+আ. মুবারক]
দস্তরখান, দস্তরখানা *বি* মাদুর ইত্যাদিতে বসে খাওয়ার সময়ে যে নকশি–করা বস্ত্র খণ্ডে উচ্ছিষ্ট ফেলা হয়। [ফা.]
দস্তা *বি* এক প্রকার ধাতু। [স. যশদ, তুল. হি. দস্তা]
দস্তানা *বি* হাতমোজা। [ফা.]
দস্তাবিজ, দস্তাবেজ *বি* দলিল। [ফা.]
দস্তার *বি* আমামা; উষ্ণীষ; পাগড়ি। [ফা.]
দস্তিদার *বি* ১ রাজকীয় সিল বা মোহর যার জিম্মায় থাকত এবং যার দস্তখতে রাষ্ট্রীয় দলিলপত্র রাজ–দপ্তরখানা থেকে প্রেরিত হতো। ২ উপাধিবিশেষ। ৩ মশালচি। [ফা.]
দস্তুর *বি* নিয়ম; প্রথা; রীতি। [ফা.]। **দস্তুরমতো** *অব্য* ১ যথারীতি। ২ বিলক্ষণ; যথেষ্ট; নিতান্ত। **দস্তুরমাফিক** *অব্য* নিয়ম বা রীতি অনুসারে।
দস্তুরি, দস্তুরী *বি* মূল্যের যে অংশ ছেড়ে দেওয়া হয়; দালালি; বখশিশ; কমিশন। [ফা.]
দস্যি *বিণ* দুরন্ত; অশান্ত; ডানপিটে; অবাধ্য। **দস্যিপনা** *বি* দুরন্ত স্বভাব; অবাধ্য আচরণ। [স. দস্যু>]
দস্যু *বি* ডাকাত; লুঠেরা; শক্তির দ্বারা পরদ্রব্য গ্রহণকারী। [স. √দস্+যু]। **দস্যুতা, দস্যুবৃত্তি** *বি* ডাকাতি; লুণ্ঠতরাজ।
দহ, দও, দ *বি* ১ হ্রদ; বদ্ধ জলাশয় প্রভৃতির অতলস্পর্শ অংশ; অগাধ জলপূর্ণ স্থান। ২ ঘূর্ণিজল। ৩ হ্রদ। ৪ সংকট। [স. হ্রদ>রহদ>দহ]

দহন *বি* ১ দগ্ধকরণ; জ্বালা; পোড়া; দাহ। ২ অগ্নি। ৩ যন্ত্রণা।
দহরম *বি* ১ ঘনিষ্ঠতা; আত্মীয়তা। ২ বন্ধুত্ব। [ফা. দর্হম]। **দহরম-মহরম** *বি* গভীর আন্তরিকতা; মাখামাখি; ঘনিষ্ঠ বন্ধুত্ব।
দহলা *বি* দশশলা; দশ ফোঁটাযুক্ত খেলবার তাস। [হি.]
দহলিজ *বি* ১ বৈঠকখানা; বাইরের ঘর। ২ বারান্দা; ঘরের দাওয়া। [ফা.]
দা১, দাও *বি* কাটারি; কুপিয়ে কাটবার অস্ত্রবিশেষ। [স. দাত্র>]। **রামদা** *বি* বৃহৎ দা-বিশেষ; খড়্গ।
দা২ *বি* দাদার সংক্ষিপ্ত রূপ।
-দা *বি* দাত্রী; দানকারিণী (বরদা)। [স.]
দাইড়া *বি* আঁকশিবিশেষ; ধানগাছ খড় ইত্যাদি নাড়বার বা উলটিয়ে দেবার জন্য দণ্ডবিশেষ; কাঁড়ইল।
দাউ দাউ *অব্য* জোরে আগুন জ্বলার ভাবসূচক শব্দ।
দাউলি, দাওলি *বি* জমির আগাছা তুলবার হাতিয়ার; নিড়ানি; পাচন।
দাওয়া১ *ক্রি* ধান ইত্যাদি শস্য কর্তন করা।
দাওয়া২, দাবা *বি* রোয়াক; বারান্দা। [স. দাবট>]
দাওয়া৩ *বি* ১ পাওনা; অধিকার; স্বত্ব। ২ দাবি। [আ. দা'বা]
দাওয়া৪, দাওয়াই *বি* ১ ঔষধ। ২ প্রতিকার; প্রতিবিধান। [আ. দওয়া]। **দাওয়া করা** *ক্রি* ১ চিকিৎসা করা বা করানো। ২ প্রতিকার করা। **দাওয়াখানা** *বি* ঔষধালয়; ডাক্তারখানা।
দাওয়াত *বি* নিমন্ত্রণ; আমন্ত্রণ; জেয়াফত। **দাওয়াতি** *বিণ* নিমন্ত্রিত। [ফা.]
দাওয়ালে, দাওয়াল *বি* ধানকাটা মজুর।
দাঁও, দাঁ *বি* ১ সুযোগ; সুবিধা। ২ সহজে বা সুযোগে প্রচুর লাভ। [স. দান>]। **দাঁও মারা** *ক্রি* সুযোগ বুঝে লাভজনক কাজ করা; সহজে মোটা লাভ করা।
দাঁড় *বি* ১ নৌকা চালাবার ক্ষেপণীবিশেষ; এক ধরনের বৈঠা। ২ খাঁচার পাখি বা পোষা পাখিদের বসবার দণ্ড। ❑ *বিণ* ১ খাড়া; দণ্ডায়মান। ২ অপেক্ষারত। ৩ রুদ্ধগতি। ৪ উপস্থিত; হাজির। ৫ উত্থাপিত; দায়ের (মামলা দাঁড় করানো)। ৬ দাঁড় করানো। [স. দণ্ড>]
দাঁড়কাক *বি* অত্যন্ত কালো রঙের এক প্রকার বড় কাক বিশেষ। [স. দণ্ডকাক>]
দাঁড়-কোদাল *বি* লম্বা হাতলযুক্ত বড় কোদাল।
দাঁড়া১ *বি* মেরুদণ্ড (শিরদাঁড়া)। [স. দণ্ড>দাঁড়>দাঁড়া]
দাঁড়া২ *বি* জমিতে পানি সেচনের জন্য কাটা নালী।
দাঁড়া৩ *বি* রীতি; রেওয়াজ; ধরন; দস্তুর। [স. ধারা>]। **উল্টাদাঁড়া** *বি* বিপরীত রীতি বা প্রথা।
দাঁড়া৪ *বিণ* দণ্ডায়মান। **দাঁড়াকবি** *বি* আঠারো-উনিশ শতকের কলকাতায় প্রচলিত এক ধরনের কবিগান যার চাপান-উতোর বা উত্তর-প্রত্যুত্তর অংশ তাৎক্ষণিকভাবে রচিত হওয়ার পরিবর্তে পূর্বরচিত থাকতো।
দাঁড়ানো *ক্রি* ১ দণ্ডায়মান হওয়া; খাড়া হওয়া। ২ আক্ষেপ করা; সবুর করা; থামা; বিরত হওয়া। ৩ প্রতিযোগিতায় অবতীর্ণ হওয়া; প্রার্থী হওয়া। ৪ জমা; সঞ্চিত হওয়া। ❑ *বিণ* খাড়া; দণ্ডায়মান।
দাঁড়াশ, দাঁড়াস *বি* গোখরো সাপের আকারের দ্রুতগামী এক ধরনের সাপ।
দাঁড়ি১ *বি* ১ পূর্ণচ্ছেদসূচক চিহ্ন; (।)—এই চিহ্ন। ২ তুলাদণ্ড; ওজন করবার যন্ত্র। [স. দণ্ড> বা. দাঁড়+ই]। **দাঁড়ি টানা** *ক্রি* শেষ করা; ইতি টানা। **দাঁড়িপাল্লা** *বি* তুলাদণ্ড; ওজন করবার দণ্ডবিশেষ।
দাঁড়ি২, দাঁড়ী *বি* ১ চিহ্ন; কষি। ২ নৌকার দাঁড় টানে যে; নৌকাবাহক; মাল্লা।
দাঁড়িকা, ডাঁড়িকা *বি* ছোট মাছবিশেষ।
দাঁত *বি* দন্ত; দশন; আহারের সময়ে যার সাহায্যে আমরা খাদ্য চর্বণ করি। **দাঁতকপাটি** *বি* দাঁতে দাঁতে লেগে থাকার অবস্থা; চোয়ালের খিল বন্ধ হওয়া। **দাঁত কিড়মিড় করা** *ক্রি* ক্রোধে কিংবা ক্রিমির প্রভাবে দাঁতে দাঁতে ঘষা। **দাঁতখামটি, দাঁতখামুটি** *বি* ক্রোধ বা সংকল্পের সময়ে উপরের দন্তপঙ্‌ক্তির দ্বারা নিচের ঠোঁট জোরে চেপে ধরা অবস্থা। **দাঁত খিঁচুনি, দাঁতছোলা** *ক্রি* ১ দাঁত মাজা। ২ দাঁতে মিশি দেওয়া। **দাঁত খিঁচানো** *ক্রি* দাঁত বের করে তীব্রভাবে তিরস্কার করা। **দাঁত ফোটানো, দাঁত বসানো** *ক্রি* দন্তস্ফুট করা; কামড়ানো। ❑ *ক্রি* (আল.) দর্প বা শক্তি চূর্ণ করা। **দাঁত-ভাঙা** *বিণ* দুর্বোধ্য; কঠিন। **দাঁতালো১** *বিণ* ১ দন্তযুক্ত। ২ দেঁতো; দন্তুর।
দাঁতন *বি* ১ দাঁত মাজবার জন্য নিম বাবলা ইত্যাদি গাছের সরু ডাল; মিসওয়াক। ২ ডাল দিয়ে দাঁত মাজন; দন্ত ধাবন।
দাঁতা *ক্রি* গরু প্রভৃতি পশুর দুধের দাঁত পড়ে বয়সের দাঁত ওঠা। [স. দন্ত>]
দাঁতালো *বিণ* বৃহৎ দন্তযুক্ত; দন্তুর। ❑ *বি* দাঁতওয়ালা; কুকুরাদি যে সব প্রাণী কামড়ায়।
দাক্ষিণাত্য *বিণ* ১ দক্ষিণ দেশস্থ। ২ দক্ষিণাপথে উৎপন্ন বা স্থিত। ❑ *বি* ১ দক্ষিণাপথের অধিবাসী। ২ বিন্ধ্য পর্বতের দক্ষিণে ভারতের অঞ্চলসমূহ। [স.]
দাক্ষিণ্য *বি* ১ অনুগ্রহ; দয়া; আনুকূল্য। ২ উদারতা; সৌজন্য। ৩ সরলতা। [স. দক্ষিণ+য]
দাখিল *বি* উপস্থাপন; পেশ। ❑ *বিণ* ১ উপস্থাপিত; অর্পিত। ২ প্রবেশ। **দাখিলি, দাখিলী** *বিণ* উপস্থাপিত; পেশ করা হয়েছে এমন; পেশকৃত। [আ.+বা.]
দাখিলা *বি* যে খাজনা দেওয়া হয়েছে বা দাখিল করা হয়েছে তার প্রাপ্তি স্বীকারপত্র; খাজনা আদায়ের রসিদ। [আ.]
দাগ *বি* ১ চিহ্ন; ছাপ; রেখা; আঁক। ২ কলঙ্ক; বদনাম। ৩ ক্ষত; আঘাত। ৪ এক আউন্স পরিমিত ওষুধ (এক দাগ করে ওষুধ খেয়ো)। ৫ ভূমি-রেকর্ডে জমির খণ্ড ও তার নম্বর। ৬ মলিনতা; কলঙ্ক; দুঃখ। [ফা.]। **দাগ কাটা** *ক্রি* মনে রেখাপাত হওয়া; কার্যকর প্রভাব বিস্তার করা।
দাগা১ *ক্রি* ১ দাগ দেওয়া; চিহ্নিত করা; অঙ্কিত করা। ২ তপ্ত লৌহাদি দিয়ে চিহ্নিত করা; ছোড়া। [ফা.]। **দাগানো** *ক্রি* ১ চিহ্নিত করানো; অঙ্কিত করানো। ২ নিক্ষেপ করানো।
দাগা২ *বি* ১ গভীর সমবেদনা; ক্লেশ; মানসিক আঘাত। ২ প্রতারণা; বঞ্চনা। ৩ লেখা শেখবার আদর্শ। [ফা. দগা]। **দাগাবাজ** *বিণ* বিশ্বাসঘাতক; শঠ। **দাগাবাজি** *বি* বিশ্বাসঘাতকতা; শঠতা। **দাগা বুলানো** *ক্রি* লেখা শেখবার জন্য শিক্ষার্থীর আদর্শ হস্তলিপির উপর রেখা আঁকা।
দাগি, দাগী *বিণ* ১ চিহ্নিত; দাগযুক্ত। ২ কলঙ্কিত। ৩ অপরাধের জন্য পূর্ব দণ্ডিত। **দাগি চোর** *বি* যে চোর

ইতোপূর্বে চুরির দণ্ড লাভ করেছে।

দাঙ্গা, দাংগা *বি* ১ দলবদ্ধ হয়ে মারামারি মারপিট বা কাটাকাটি। ২ সাম্প্রদায়িক হানাহানি, লুটপাট, ধর্ষণ ও হত্যা। [হি. জঙ্গ, ফা.]। **দাঙ্গাফেসাদ, দাঙ্গা-ফাসাদ** *বি* মারামারি ও তার আনুষঙ্গিক কাজকর্ম; বিবাদ; মারপিট ও মামলা-মকদ্দমা। **দাঙ্গাবাজ** *বিণ* ঝগড়া ও মারামারিতে অভ্যস্ত এমন; দাঙ্গা করাই স্বভাব এমন।

দাঙ্গা-হাঙ্গামা *বি* ক্রমাগত দাঙ্গা বা মারামারি ও কাটাকাটি। [হি.]

দাড়া, দাঢ়া *বি* ১ বৃহৎ দাঁত, দ্রংষ্ট্রা। ২ হুল। ☐ *বিণ* চিংড়ি বা কাঁকড়ার দাঁতযুক্ত লম্বা ঠ্যাং। [স. দ্রংষ্ট্রা>]

দাড়ি, দাঢ়ি *বি* ১ চিবুক বা গালের লোম; শ্মশ্রু। ২ চিবুক; থুতনি। [স. দাঢ়িকা>]। **ছাগলদাড়ি** *বি* চিবুকে অল্প দাড়ি। **দাড়িয়াল, দেড়েল** *বিণ* গালের লোম বা দাড়িবিশিষ্ট; শ্মশ্রু-যুক্ত।

দাড়িকানা *বি* এক ধরনের ক্ষুদ্রাকৃতি মাছ।

দাড়িম্ব, দাড়িম, দালিম *বি* ডালিম ফুল বা গাছ; বেদানাজাতীয় ফল বা তার গাছ। [স.]

দাড়ুক, দাঁড়ুকা *বি* লৌহশৃঙ্খল। [স. দণ্ড> বা. দাড়+বা. উক, উকা]

দাঢ়া, দাঢ়ি ⟹ যথাক্রমে দাড়া ও দাড়ি।

দাণ্ডা *বি* ১ ডাণ্ডা; বড় লাঠি। ২ বংশখণ্ড। [স. দণ্ড+বা. আ]

দাণ্ডাল *ক্রি* দাঁড়ানো; দণ্ডায়মান হওয়া। [স. দণ্ড> দাণ্ডা+বা. আল]

দাণ্ডি *বি* পার্বত্য অঞ্চলের দুর্গম পথে মনুষ্যবাহী যানবিশেষ।

দাতব্য *বিণ* ১ দানযোগ্য; দেয়। ২ যা সাধারণত দান করা হয় বা হয়ে থাকে। **দাতব্য চিকিৎসালয়** *বি* যেখানে বিনা মূল্যে চিকিৎসা করা হয় ও ঔষধ বিতরণ করা হয়। [স. √দা+তব্য]

দাতা *বিণ* ১ দানশীল; দান করে এমন; বদান্য। ২ প্রকল্পে অর্থ সাহায্যকারী; দানকারী। ৩ প্রদানকারী। ☐ *বি* অর্থায়ন করে এমন দেশ। **দাত্রী** *স্ত্রী*.। **দাতাকর্ণ** *বি* (আল.) অত্যন্ত দানশীল ব্যক্তি। **দাতাগোষ্ঠী** *বি* দাতা দেশসমূহ। **দাতা দেশ** *বি* যে সব দেশ উন্নয়নের জন্য অনুন্নত দেশকে সাহায্য দেয়।

দাতৃত্ব *বি* দানশীলতা; বদান্যতা; দাতার কাজ। [স. √দা+তৃ]

দাদ[১] *বি* এক প্রকার চর্মরোগ। [স. দদ্রু>]

দাদ[২] *বি* প্রতিশোধ; প্রতিহিংসা; অনিষ্টকারীর ক্ষতি সাধন। [ফা. দাদ]। **দাদতোলা, দাদ নেওয়া** *ক্রি* প্রতিশোধ গ্রহণ করা।

দাদখানি *বি* গৌড়ের কররানি-সুলতান দাউদ খানের নামে প্রসিদ্ধ সরু চালবিশেষ; দিনাজপুরে উৎপন্ন মিহি ও অতি উৎকৃষ্ট চাল।

দাদন *বি* বায়না; দ্রব্যাদির অগ্রিম মূল্য বা মূল্যাংশ। [ফা.]। **দাদনদার** *বি* যে দাদন দেয়; দাদন দাতা। **দাদনি, দাদনী** *বিণ* ১ যে কাজ বা দ্রব্যের জন্য দাদন দেওয়া আছে। ২ অগ্রিম প্রদত্ত অর্থাদি।

দাদরা, দাদুরা *বি* বাদ্যে হালকা তালবিশেষ। [স. দর্দুর>]

দাদা *বি* ১ পিতামহ; মাতামহ। ২ বড় ভাই। ৩ বাঙালি হিন্দু মাতামহকে দাদু (<দাদা) বলে; বাঙালি মুসলমান পিতামহকে দাদা ও মাতামহকে নানা বলে।

দাদী *বি স্ত্রী.* ১ পিতামহী। ২ বাঙালি হিন্দুসমাজে মাতামহী। শিক্ষিত বাঙালি সমাজ ইদানীং দিদা-ও বলে।

দাদু[১] *বি* দাদার আদরসূচক শব্দ।

দাদু[২] *বি* মধ্যযুগের একজন সাধক কবি। **দাদুপন্থী** *বি* মধ্যযুগের প্রসিদ্ধ কবি-সাধক ও ভক্ত দাদুর মতাবলম্বী সম্প্রদায়বিশেষ।

দাদুর, দাদূর *বি* ব্যাঙ; ভেক। [স. দর্দুর>]। **দাদুরি, দাদুরী** *বি স্ত্রী.* ভেকী; মাদি ব্যাঙ।

দান[১] *বি* ১ অর্পণ; প্রদান স্বত্ব ত্যাগ করে দেওয়া। ২ সম্প্রদান; উৎসর্গ। ৩ বিতরণ। ৪ প্রদত্ত বস্তু। ৫ ত্যাগ। ৬ বিবাহ-যৌতুক হিসেবে প্রদত্ত তৈজসপত্র; পালা। ৭ পাশা বা কড়ি খেলার ছক নিক্ষেপ। [স. √দা+অন]। **দান-খয়রাত** *বি* আপন স্বত্ব ত্যাগ করে দরিদ্রকে বা অন্যকে টাকা-কড়ি বা বস্তু দেওয়া। **দানপত্র** *বি* স্বত্ব ত্যাগ করে অন্যকে কিছু দান করবার দলিল। **দানবীর, দানশৌণ্ড** *বিণ* অত্যন্ত দানশীল; সর্বস্ব দান করতে ইচ্ছুক এমন। **দানশীল** *বিণ* দানে অভ্যস্ত; সর্বদা দানে রত এমন। **দানসত্র** *বি* যে প্রতিষ্ঠানে অনাহূত রবাহূত সকলের মধ্যেই নির্বিচারে খাদ্যাদি বিতরণ করা হয়।

দান[২], দানি[১], দানী[১] *বি* আধার, পাত্র। [ফা. দান, ফা. দানি, দানী]

দান[৩], দাণ *বি* ১ শুল্ক; ঘাটের মাশুল; খেয়ার কড়ি। ২ তোলা; হাট-বাজারের ক্ষুদ্র ও অস্থায়ী বিক্রেতাদের কাছ থেকে খাজনার পরিবর্তে পণ্যাদি গ্রহণ। [প্রা/বা.]। **দানী** *বি, বিণ* ১ খেয়াঘাটে মাশুল সংগ্রহকারী; ঘাটোয়াল। ২ হাটবাজারে শুল্ক সংগ্রহকারী; খাজনার পরিবর্তে যারা বিক্রেতার নিকট থেকে পণ্য নেয়।

দানব, দানা[১] *বি* অসুর; দৈত্য; দনুজ। **দানবী** *স্ত্রী.*। [স. দানব>দানা]। **দানবদলনী** *বি* হিন্দুমতে অসুরনাশিনী দুর্গা দেবী; চণ্ডী দেবী।

দানা[২] *বি* ১ ছোলা মটর কলাই প্রভৃতি শস্য। ২ বীজ; বিচি। ৩ খাদ্য; আহার। ৪ গোলাকার বা প্রায় গোলাকার বস্তু; বীজসদৃশ্য বস্তু (সাগু দানা)। [ফা.]। **দানাপানি** *বি* আহার ও পানীয়; অন্নজল।

দানাদার[১] *বিণ* দানাযুক্ত। ☐ *বি* উপরে দানা-বাঁধা চিনিযুক্ত মিঠাইবিশেষ। [ফা. দানহ্‌দার]

দানাদার[২] *বিণ* বিচক্ষণ; জ্ঞানপূর্ণ; বিবেচক; দরাজ। [ফা. তুল. দানিশমন্দ]

দানি[২] *বি* যে চোরাই মাল রাখে।

দানী[২] *বিণ* ১ দানশীল। ২ ধনরক্ষক।

দানীয় *বিণ* দানের যোগ্য; দেয়। [স. √দা+অনীয়]

দানুয়া, দেনো *বিণ* শ্রাদ্ধাদি ক্রিয়াকর্মে ব্যবহৃত বা প্রদত্ত এমন বস্তু। ☐ *বি* দানের যোগ্য। [স. দান+বা. উয়া>ও বা.]

দানেশমন্দ, দানিশমন্দ *বিণ* ১ জ্ঞানী; পণ্ডিত; বিজ্ঞ ('দানিশমন্দকে লিয়ে ইশারা কাফি')। ২ ধর্মাত্মা; পুণ্যবান। [ফা.]

দানো *বি* দানব; দৈত্য; অপদেবতাবিশেষ। [স. দানব>]

দান্ত *বিণ* ১ ইন্দ্রিয় দমন করেছে এমন; জিতেন্দ্রিয়। ২ বশীভূত; শমিত; সংযত। ৩ দণ্ডিত; শাসিত; নিয়ন্ত্রিত। ৪ তপস্যার ক্লেশসহিষ্ণু। [স. √দম্+ত]

দান্দান *বি* দন্ত; দাঁত ('নবীর দান্দান শহীদ')। [ফা. দন্দান]

দাপ *বি* ১ দাপট; প্রতাপ; তেজ। ২ অহঙ্কার; গর্ব; দর্প। [স.

দর্প>]
দাপট *বি* প্রবল প্রতাপ; দুর্দান্ত; প্রভাব; তেজ। [স. দর্প>দাপ+অট]
দাপদুপ *অব্য* উচ্চ পদশব্দ; চলবার সময়ে ক্রমাগত পায়ের আওয়াজ।
দাপন *ক্রি* বিতরণ করানো; দান করানো। [স. √দা+ণিচ্+অন। বা. দপি (দান করানো)+অন]
দাপনি, দাপুনি *বি* ১ দর্পণ; আয়না। ২ দর্পণের মতো আভা বা চমক। [স. দর্পণ>দপ্পণ>দাপন+ই]। **দাপুনি, দাপনি** *বি* চাপ; দাপাদাপি; দুর্দান্তপনা।
দাপাদাপি *বি* ১ সদর্পে ও সশব্দে ছুটাছুটি; চলাফেরা বা গোলমাল সৃষ্টি, লম্ফঝম্প ও বিশৃঙ্খলা সৃষ্টি। ২ দুরন্তপনা; হৈ চৈ। [স. দর্প]
দাপানো *ক্রি* ১ দাপাদাপি করা। ২ ছটফট করা। ৩ আস্ফালন করা। **দাপানি, দাপুনি** *বি* ১ দাপাদাপিকরণ। ২ আস্ফালন; প্রতাপ। ৩ ছটফটানি।
দাপিত *বিণ* ১ যা দান করানো বা দেওয়া হয়েছে। ২ জরিমানার সাহায্যে দণ্ডিত; শাসিত। [স. √দা+ণিচ্+ত]
দাফন *বি* মৃতদেহ গোরদান, লাশ সমাধিস্থ করণ। [আ. দফন্]
দাব[১] *বি* ১ অরণ্য; বন। ২ বনাগ্নি। ৩ অনল; অগ্নি; তাপ; উত্তাপ। [স.]। **দাবদগ্ধ** *বিণ* দাবানলে পুড়ে গেছে এমন; দাবানলে দগ্ধীভূত। **দাবদাহ** *বি* ১ দাবানলের তাপ। ২ প্রবল জ্বালা-যন্ত্রণা। **দাবদাহন** *বি* উত্তাপ।
দাব[২] *ক্রি* ১ চাপ দেওয়া; চাপা; টেপা। ২ দমন করা। [হি.]।
দাবড়, দাবাড় *বি* ১ তাড়া; ধাওয়া; পশ্চাদ্ধাবন। ২ দলন; মর্দন; মারামারি। ৩ প্রচণ্ড আক্রমণ। ৪ ধমক; ভয়প্রদর্শন।
দাবড়ানো *ক্রি* ১ ধমকানো; শাসন করবার জন্য ভয় দেখানো। ২ পশ্চাদ্ধাবন করা; তাড়া করা। [তুল. হি. দাবড়ানো]
দাবড়ি, দাবড়ানি *বি* ১ ধমক; কঠিন তিরস্কার; তীব্র ভর্ৎসনা; শাসনের জন্য ভয় প্রদর্শন। ২ তাড়া; তাড়না; শাসন।
দাবা[১] *বি* ১ শতরঞ্জ খেলা; chess। ২ মন্ত্রী নামক ঘুঁটি। **দাবাড়ে, দাবাড়ু** *বি* দাবা বা শতরঞ্জক খেলোয়াড়; ঐ খেলায় নিপুণ যে। **দাবাবোড়ে, দাবাবড়ে** *বি* দাবা বা শতরঞ্জ খেলার সব ঘুঁটি; দাবা খেলা।
দাবা[২] *ক্রি* ১ চাপ দেওয়া; চাপা; টেপা। ২ দমন করা। [হি.]। **বগলদাবা করা** *ক্রি* বগলে চেপে ধরা; নিজের সম্পূর্ণ অধিকারে বা আয়ত্তে আনা।
দাবাগ্নি, দাবানল *বি* বনদহনকারী অগ্নি; গাছে গাছে বা কাঠে কাঠে ঘর্ষণজনিত অনল। [স. দাব+অগ্নি, অনল]
দাবানো *ক্রি* ১ দমন করা; শাসন করা। ২ চেপে ধরা; চাপা। ৩ টিপে দেওয়া; টেপানো। [হি.]
দাবি, দাবী *বি* ১ স্বত্ব; অধিকার। ২ ন্যায্য পাওনার জন্য অভিযোগ বা প্রার্থনা। ৩ অধিকার; ঘোষণা। [আ. দা'আবী (বহুবচন); দ'বী (একবচন)]। **দাবিদাওয়া** *বি* অধিকার ও তা আদায়ের জন্য প্রার্থনা বা ঘোষণা; অভাব-অভিযোগ। **দাবিদার** *বি, বিণ* ওয়ারিশ; অংশীদার; যে স্বত্বের দাবি করে।
দাম[১] *বি* ১ রজ্জু গরু ইত্যাদি বাঁধবার লম্বা দড়ি; ছাঁদন দড়ি। ২ সুতা। ৩ মালা; কুসুমহার। ৪ গুচ্ছ। ৫ একজাতীয় জলজ তৃণ; দল। [স.]
দাম[২] *বি* ১ মূল্য; ক্রয়-বিক্রয়ে দ্রব্যের বিনিময় নির্ধারণ; দর। ২ বেতন; মজুরি। ৩ মর্যাদা। [স. দ্রম্ম<গ্রি. drachma]। **দামি, দামী** *বিণ* মূল্যবান; অনেক মূল্য এমন; মর্যাদাবান। **দামড়ি** *বি* পুরাতন পয়সার এক অষ্টমাংশ; মুদ্রাবিশেষ।
দামড়া *বি* ছিন্নমুষ্ক ষাঁড়; আবাল; ষাঁড়; বাছুর ষাঁড়। [স. দম>]। **দামড়ি, দামড়ী** *বি স্ত্রী.* বকনা বাছুর।
দামাদ, দামান্দ, দামান *বি* জামাতা; জামাই; কন্যার পতি। [ফা.]। **দামাদকুশ** *বিণ* জামাতাকে হত্যা করে এমন; জামাতৃহন্তা।
দামামা *বি* নাকাড়া; ঢাকজাতীয় রণবাদ্য। [ফা. দামামহ্]
দামাল *বিণ* ১ দুর্দান্ত; দুরন্ত; অশান্ত। ২ ক্ষয়প্রাপ্ত; নষ্ট। [ফা. দমাল্]
দামিনী *বি স্ত্রী.* বিদ্যুৎ। [স.]
দামোদর *বি* ১ (হিন্দুমতে) শ্রীকৃষ্ণ; যার উদরে দাম (রজ্জু) জড়িয়ে বেঁধে রাখা হয়েছে। ২ পশ্চিমবঙ্গের একটি নদের নাম।
দাম্পত্য *বিণ* দম্পতি-সংক্রান্ত। ❑ *বি* ১ স্বামী-স্ত্রীর প্রণয়। ২ দম্পতি সম্বন্ধ; বিবাহিত অবস্থা; বিবাহিত জীবন। [স. দম্পতি+য, জায়া (দম্ গৃহিণী অর্থে)+পতি]
দাম্ভিক *বিণ* ১ অহঙ্কারী; দর্পী; গর্বিত। ২ দম্ভ প্রকাশকারী; দর্পযুক্ত। ❑ *বি* দাম্ভিকতা। [স. দম্ভ+ইক]
দায়[১] *বি* উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তি; পৈতৃক ধন-সম্পত্তি। [স. √দা+অ]। **দায়ভাগ** *বি* ১ পৈতৃক সম্পত্তি বিভাগ। ২ (হিন্দুমতে) জীমূতবাহনকৃত পৈতৃক সম্পত্তি বিভাগ সম্পর্কিত প্রাচীন আইন গ্রন্থ।
দায়[২] *বি* ১ বিপদ; অবাঞ্ছিত অবস্থা। ২ দায়িত্ব; দায়িত্বপূর্ণ কর্ম; বড় রকমের কাজ। ৩ প্রয়োজন; গরজ; কারণ। ৪ ঝুঁকি। ৫ অপরাধ; দোষ। ৬ ক্ষোভ; জ্বালা। [স. দায়িত্ব> বা. অর্থান্তরে]। **দায়গ্রস্ত** *বিণ* ১ সংকটে পতিত; বিপদগ্রস্ত। ২ ঋণী; কর্তব্যভারে পীড়িত। **দায়মাল** *বি* দাবির মাল; চোরাইমাল। **দায়ে ঠেকা, দায়ে পড়া** *ক্রি* সংকটে পড়া; বিপদে পড়া; বাধ্য হওয়া। ❑ *বি* পেটের দায়; জীবিকার প্রয়োজন বা গরজ। ❑ *বিণ* উক্ত অর্থে।
দায়ক *বিণ* ১ দেয় এমন; প্রদানকারী; দাতা। ২ ক্ষতিপূরণ করে এমন। **দায়িকা** *স্ত্রী.*। [স. √দা+অক]
দায়রা *বি* ১ উচ্চ ফৌজদারি আদালত; সেশন কোর্ট। ২ উচ্চ ফৌজদারি আদালতে বিচার। [আ. দা'ইর]। **দায়রা সোপর্দ, দয়রা সোপরদ্দ** *বিণ* বিচারার্থে উচ্চ ফৌজদারি আদালতে প্রেরিত।
দায়াদ *বি* ১ উত্তরাধিকারের অংশীদার বা দাবিদার। ২ জ্ঞাতি; আত্মীয়। ৩ সগোত্র। ৪ আত্মজ; পুত্র। [স. দায় (পৈত্রিক ধন)+আদ (গ্রহণ করা)]। (তুল. দায়)। **দায়দায়াদী** *বি* আত্মীয়-স্বজন। **দায়াদী** *বিণ স্ত্রী.* উত্তরাধিকারিণী। ❑ *বি* কন্যা। ❑ *বিণ* উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত। [স.]
দায়িক *বিণ* ১ দায়ী; বাধ্য। ২ ঋণী; খাতক।
দায়ী *বিণ* ১ দেনাদার এমন; দিতে হবে এমন; দিতে বাধ্য এমন; প্রদানকারী। ২ যার ওপর কর্তব্যের ভার বা ঝুঁকি পড়েছে এমন। ৩ কোনো কর্মের জন্য কৈফিয়ত দিতে বাধ্য এমন; প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অপরাধী এমন;

দায়িক। **দায়িত্ব** *বি* কর্তব্যভার; ঝুঁকি। **দায়িত্বজ্ঞান** *বি* কর্তব্যভার সম্পর্কে অনুভূতি; দায় গ্রহণ; গুরুত্ববোধ। **দায়িনী** *স্ত্রী.*।

দায়ের *বিণ* রুজু; বিচারের জন্য আদালতে পেশ করা হয়েছে এমন। ☐ *ক্রি* দায়ের করা। [আ. দা'ইর]

দার, দারা *বি স্ত্রী.* পত্নী; ভার্যা। **দারকর্ম, দারগ্রহণ, দারপরিগ্রহ** *বি* বিবাহ; পরিণয়। **দারাসুত** *বি* স্ত্রী-পুত্র। [স. দৃ+অ/আ]

-দার *অব্য* ১ যুক্ত। ২ অধিকারী। ৩ বৃত্তিযুক্ত কর্মচারী। ৪ পাত্র। ৫ বিভিন্ন অর্থবাচক প্রত্যয়বিশেষ। [ফা.]। **-দারি** *অব্য* বৃত্তিসূচক প্রত্যয় (আড়তদারি)। [ফা.]

দারিদ্র্য *বি* ১ নির্ধনতা; দরিদ্র অবস্থা; দরিদ্রতা। ২ অভাব; দৈন্য; দীনতা। [স. দরিদ্র+য]

দারী *বি* ১ গণিকা; বেশ্যা। ২ লাম্পট্য। [স. দার+ঈ]। ৩ বেশ্যাবৃত্তি।

দারু[১] *বি* কাঠ; কাষ্ঠ। [স. √দৃ+উ]। **দারুচিনি, দারচিনি, ডালচিনি** *বি* মসলারূপে ব্যবহৃত বৃক্ষবিশেষের মিষ্ট ও সুগন্ধযুক্ত বাকল। **দারুজ, দারুময়** *বিণ* ১ কাঠের তৈরি। ২ কাঠ হতে জাত।

দারু[২] *বি* ১ ঔষধ। ২ মদ; সুরা। [ফা. দারূ]

দারুকা (অশু.) *বি* শৃঙ্খল; লৌহদণ্ড। [স. দণ্ড> দাঁড়> দাড়+উকা> দারুকা]। (তুল. ডাড়ুকা; দাড়ুকা।)

দারুণ *বিণ* ১ অত্যন্ত; অতিশয়। ২ ভীষণ; ভয়ানক। ৩ তীব্র; উগ্র। ৪ প্রবল; দুঃসহ; অসহ্য। ৫ নৃশংস; নির্মম; কঠিন। [স. √দৃ+ণিচ+উন]

দারুল-ইসলাম, দার-উল-ইসলাম *বি* এমন স্থান যেখানে ইসলাম বিনা বাধায় আচরিত হয়। [আ.]

দারুল উলুম *বি* শিক্ষাকেন্দ্র; বিশ্ববিদ্যালয়। [আ.]

দারুস্‌-সালাম, দার-উস-সালাম *বি* শান্তির স্থান। [আ.]

দারোগা *বি* থানার অধ্যক্ষ বা ভারপ্রাপ্ত কর্মচারী; পুলিশের ইন্সপেক্টর বা সাবইন্সপেক্টর। [তুর্কি., আ.]

দার্ঢ্য *বি* ১ দৃঢ়তা। ২ স্থিরতা; স্থৈর্য। ৩ কঠোরতা; কাঠিন্য; নির্মমতা। ৪ অনমনীয়তা। [স. দৃঢ়+য]

দার্শনিক *বিণ* ১ দর্শনশাস্ত্রবেত্তা। ২ দর্শনশাস্ত্র সংক্রান্ত। ৩ চিন্তাশীল। ৪ দর্শনশাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি। [স. দর্শন+ইক]। **দার্শনিকতা** *বি* ১ দার্শনিকের ভাব বা মতিগতি। ২ চিন্তাশীলতা। ৩ ভাবুকতা।

দাল, দাইল *বি* ডাল; মুগ মুসুর কলাই প্রভৃতি শস্যের বীজ। [স. দল> দালি; দ্বিদল>]

দালান *বি* ১ ইটের তৈরি গৃহ; পাকা বাড়ি। ২ মণ্ডপের মতো ঘর বা গৃহ। [ফা.]। **দর-দালান** *বি* বারান্দা; ঘরের মতো বারান্দা। **দালানকোঠা** *বি* পাকা বাড়ি।

দালাল *বি* ১ কমিশনের বিনিময়ে যে ব্যক্তি ক্রেতা ও বিক্রেতাকে ক্রয়-বিক্রয়ের সাহায্য করে; ব্যবসা-বাণিজ্যে যে ব্যক্তি মধ্যস্থতা করে। ২ ক্রেতা বা মালপত্র সংগ্রহকারী। ৩ অসঙ্গতভাবে পক্ষ সমর্থনকারী; অন্যায়ভাবে সহায়তাকারী (ফোফরদালাল)। [ফা. দল্লাল]। **দালালি, দালালী** *বি* দালালের পারিশ্রমিক বা দস্তুরি।

দাশ *বি* ১ জেলে; ধীবর; হিন্দু মৎস্যজীবী। ২ হিন্দু বৈদ্য বংশের একটি পদবি। [স. √দাশ্‌+অ]

দাশরথ, দাশরথি *বি* রামায়ণোক্ত দশরথের পুত্র।

দাস *বি* ১ চাকর। ২ ক্রীতদাস। ৩ অনুগতজন; অধীন। ৪ ধীবর; জেলে। ৫ প্রাচীন অনার্য জাতি; যারা দস্যুবৃত্তি করতো। ৬ কায়স্থ হিন্দুর একটি পদবি বা উপাধি। ৭ শূদ্র। [স. √দাস্‌+অ]। **দাসী** *স্ত্রী.*। **দাসখত** *বি* দাসত্বস্বীকারপত্র; দাসত্ব করবার প্রতিজ্ঞাপত্র। **দাসত্ব** *বি* দাস্যবৃত্তি; দাস বা ক্রীতদাসের কাজ। **দাসপ্রথা** *বি* ক্রীতদাস বা ক্রীতদাসী রাখবার রীতি বা ব্যবস্থা। **দাসানুদাস** *বি* গোলামের গোলাম; চাকরের চাকর; একান্ত অনুগত জন।

দাস্ত *বি* পাতলা মল; উদরাময়; ভেদ। [ফা. দস্‌ৎ]

দাস্য *বি* ১ দাসের ভাব। ২ বৈষ্ণবশাস্ত্র অনুসারে সেবকভাবে ঈশ্বরের উপাসনা। [স. দাস+য]

দাহ *বি* ১ জ্বলন; দহন (গৃহদাহ)। ২ শবদাহ (দাহকর্ম)। ৩ জ্বালা; যাতনা। [স. √দহ্‌+অ]

দাহক *বিণ* ১ দাহনকারী; পোড়ায় এমন। ২ যাতনা দেয় এমন; যন্ত্রণাদায়ক। **দাহিকা** *স্ত্রী.*। **দাহিকাশক্তি** *বি* দগ্ধ করবার বা পোড়াবার ক্ষমতা। [স. √দহ্‌+অক]

দাহন *বি* ১ দহন; দগ্ধকরণ; পোড়ানো। ২ সন্তাপ সৃষ্টিকারী। ☐ *বিণ* দাহিত। [স. √দহ্‌+ণিচ্‌+অন]

দাহী *বিণ* দাহকারী; যন্ত্রণাদায়ক। [স. √দহ্‌+ইন্‌]

দাহ্য *বিণ* ১ দহনযোগ্য; দগ্ধ করা উচিত এমন। ২ সহজে জ্বলে ওঠে এমন। [স. √দহ্‌+য]

দিক[১] *বি* ১ পূর্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ, ঈশান, বায়ু, অগ্নি, নৈঋত, উর্ধ্ব, অধঃ— এই দশ দিক। ২ অভিমুখ। ৩ অঞ্চল; স্থান। **দিকচক্র** *বি* দিগ্‌বলয়; মণ্ডলাকার। **দিকপতি** *বি* ১ হিন্দুমতে দশ দিকের দেবতা। ২ প্রবল প্রতাপান্বিত বা মহাপ্রভাবশালী ব্যক্তি।

দিক[২], **দিগ** *বি* বিরক্ত; উত্যক্ত ও জ্বালাতন। [আ.]। **দিকদারি, দিগদারী** *বি* বিরক্তি; জ্বালাতন।

-দিকিন, -দিকিনি *ক্রি* দেখি (বল দিকিনি)।

দিগঙ্গনা, দিকবধূ, দিগ্‌বধূ *বি* আকাশের নানাদিকে অবস্থিত এক শ্রেণীর কাল্পনিক নারী। [স. দিক+অঙ্গনা, বধূ]

দিগন্ত *বি* দিকের শেষ সীমা বা প্রান্ত; যেখানে আকাশ ও পৃথিবী মিলিত হয়েছে বলে মনে হয় অর্থাৎ আকাশ মাটি ছুঁয়ে আছে বলে মনে হয় সেটাই দিগন্ত।

দিগন্তর *বি* দিকের দূরত্ব; বহুদূর; অন্যদিকে। [স. দিক+অন্তর]

দিগম্বর *বিণ* ১ উলঙ্গ; বিবস্ত্র। ২ হিন্দুমতে শিব; দশদিক যার আবরণস্বরূপ। ৩ জৈন সম্প্রদায়বিশেষ। [স. দিক+অম্বর]। **দিগম্বরী** *বিণ স্ত্রী.* উলঙ্গিনী; বিবস্ত্রা; বিবসনা। ☐ *বি স্ত্রী.* হিন্দুমতে কালী।

দিগর[১], **দীগর** *বি* ১ আদালতের ভাষায় গণ অন্য আরও প্রভৃতি। ২ অঞ্চল; তল্লাট। ৩ দ্বিতীয় সত্তা। [ফা. দীগর]

দিগের *অব্য* নৈমিত্ত্য (সম্প্রদান) কারকের ও সম্বন্ধপদের বহুবচনের বিভক্তি। সাধু রীতিতে ব্যবহৃত।

দিগ্‌গজ *বি* ১ দিকহস্তী; হিন্দুমতে অষ্টদিকের রক্ষক বলে কল্পিত ঐরাবত প্রভৃতি অষ্টহস্তী। ২ মহাপণ্ডিত। ☐ *বি, বিণ* মহামূর্খ; হস্তিমূর্খ। [স. দিক+গজ]

দিগ্‌দড়ি, দিগ্‌দড়া *বি* গৃহপালিত পশু অর্থাৎ গরু ছাগল ইত্যাদিকে যে লম্বা দড়ি দিয়ে একটা খুঁটায় বেঁধে সীমাবদ্ধ স্থানে চরতে দেওয়া হয়; খুঁটিলগ্ন রশি।

দিগ্‌দর্শন *বি* ১ দিক নির্ণয় বা দেখানো। ২ কোনো বিষয়

সম্পর্কে ইঙ্গিত বা সংকেত প্রদান। ৩ জ্ঞান; অভিজ্ঞতা। [স. দিক্‌+দর্শন]। **দিগ্‌দর্শন যন্ত্র** *বি* দিক নির্ণয়ের যন্ত্র; কম্পাস।

দিগ্‌দিগন্ত *বি* সর্বদিক; দিকসীমা পর্যন্ত বিস্তার। **দিগ্‌দিগন্তর** *বি* নানাদিক; বহু দেশ।

দিগ্‌বলয়, দিগ্বলয় *বি* দিকচক্রবাল; দিগন্ত; যেখানে আকাশ পৃথিবীর সঙ্গে মিলেছে বলে মনে হয়। [স. দিক্‌+বলয়]

দিগ্‌বসন, দিগ্বসন *বিণ* দিক বসন এমন; উলঙ্গ, দিগম্বর। □*বি* হিন্দু দেবতা শিব।

দিগ্‌বালা, দিগ্‌বালিকা *বি* দিগঙ্গনা; দিকরূপ বালিকা; আকাশ সুন্দরী; দিকসমূহের অধিষ্ঠাত্রী দিব্য নারীগণ।

দিগ্‌বিজয়, দিগ্বিজয় *বি* ১ যুদ্ধ করে বিভিন্ন দেশ জয়; সংগ্রাম দ্বারা সর্বদিক জয়। ২ বাকযুদ্ধ বা পাণ্ডিত্য দ্বারা সকল পণ্ডিতের উপর আধিপত্য লাভ। [স. দিক্‌+বিজয়]। **দিকবিজয়ী, দিগ্বিজয়ী** *বিণ* যে যুদ্ধ বা পাণ্ডিত্য দ্বারা সর্বদিক বা নানা দেশ জয় করে; সমস্ত দিক বা দেশ জয়কারী।

দিগ্‌বিদিক, দিগ্বিদিক *বি*১ সর্বদিক; অনুকূল ও প্রতিকূল দিক। ২ ন্যায় অন্যায়; ভালোমন্দ; হিতাহিত; গুরুলঘু। [স. দিক্‌+বিদিক্‌]

দিগ্‌ভ্রম, দিগভ্রান্তি *বি* ১ দিক স্থির করতে অক্ষমতা; দিক নির্ণয়ে ভুল। ২ বেতাল। [স. দিক+ভ্রম/ ভ্রান্তি]।

দিগ্‌ভ্রান্ত *বিণ* দিশাহারা; হতভম্ব।

দিঘল, দীঘল *বিণ* ১ দীর্ঘাকার; সুদীর্ঘ। ২ আয়ত। [স. দীর্ঘ>দীঘ+ল]

দিঘি, দীঘি *বি* বড় পুকুর; তালাব। [স. দীর্ঘিকা>]

দিঙ্‌নাগ *বি*১ দিগ্‌গজ; হিন্দুমতে অষ্টদিক রক্ষক হস্তী। ২ বিখ্যাত বৌদ্ধ দার্শনিক। ৩ নিন্দুক। [স. দিক্‌+নাগ]

দিঙ্‌নির্ণয় *বি* বিভিন্ন দিক নির্ধারণ; দিক স্থিরীকরণ। [স. দিক্‌+নির্ণয়]

দিঙ্‌মণ্ডল *বি* দিগ্বলয়; দিকচক্রবাল। [স. দিক্‌+মণ্ডল]

দিঠি, দিঠ *বি* দৃষ্টি; নজর; ঠিকানা। [স. দৃষ্টি]। **দিঠে, দীঠে** *ক্রিবিণ* দৃষ্টিতে; নজরে।

দিতি *বি* দৈত্যদের জননীর নাম; কশ্যপ মুনির পত্নী। (তুল. অদিতি দেবতাদের মাতা।)

দিদার *বি* দর্শন; সাক্ষাৎকার। [ফা. দীদার]

দিদি, দিদা, দি *বি স্ত্রী.* ১ হিন্দুসমাজে জ্যেষ্ঠা ভগ্নী বা তৎস্থানীয়া যেমন বড় জা, বড় সতীন ইত্যাদি। ২ পিতামহী; মাতামহী; পৌত্রী; দৌহিত্রী; কনিষ্ঠা ভগিনী বা তৎস্থানীয় কাউকে স্নেহের সম্বোধন। দিদা বা দীদা দাদীর রূপান্তরমাত্র। **দিদিমা** *বি স্ত্রী.* মাতামহী; পিতামহী। [বা.; ডক্টর সুকুমার সেনের মতে বাবা, দিদি, দাদা প্রভৃতি শব্দের উৎস আরবি]

দিদৃক্ষা *বি* দর্শনের ইচ্ছা। **দিদৃক্ষমাণ, দিদৃক্ষু** *বিণ* ১ দর্শনেচ্ছু; দেখতে ইচ্ছুক। ২ দর্শনোদ্যত। [স. √দৃশ+সন্‌+অ+আ]

দিন *বি*১ সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত সময়; দিবস; দিবা। ২ চব্বিশ ঘণ্টাকাল; একত্রে এক দিবা ও এক রাত্র; অহোরাত্র। ৩ সময়কাল; আয়ু; চান্দ্রমাসের ত্রিশ ভাগের এক ভাগ; তিথি। [স. √দো (ছেদন)+ইন, অন্ধকার ছেদন করে যা]। **দিনকার, দিননাথ, দিনপতি, দিনমণি** *বি* সূর্য। **দিনক্ষণ** *বি* শুভাশুভ দিন ও সময়। **দিন গুজরানো** *বি* দিন অতিবাহন। **দিনপঞ্জি** *বি* calendar। **দিনপত্রী** *বি* ডায়েরি; দিনলিপি। **দিনে দিনে** *ক্রিবিণ* ক্রমশ; ক্রমে ক্রমে; উত্তরোত্তর।

দিনার, দীনার *বি* ইরাক, জর্দান প্রভৃতি দেশে প্রচলিত বিভিন্ন মানের মুদ্রা। [আ.]

দিনেমার *বি* ইউরোপের ডেনমার্ক নামক দেশের অধিবাসী।

দিনেশ *বি* রবি; সূর্য; দিবাকর। [স. দিন+ঈশ]

দিবস *বি*১ দিন; সারাদিন। ২ অহোরাত্র। [স. √দিব্‌+অস]

দিবা *অব্য, বি* দিনের বেলা; দিনমান; সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত সময়। □*অব্য, ক্রিবিণ* দিনের বেলায়; দিনমানে। [স. দিব্‌+আ]। **দিবাকর, দিবাবসু, দিবামণি** *বি* সূর্য; রবি। **দিবান্ধ** *বিণ* ১ দিনকানা। ২ পেচক। **দিবাস্বপ্ন** *বি* দিবাভাগে নিদ্রায় দেখা স্বপ্ন; আকাশ-কুসুম কল্পনা।

দিব্য *বিণ*১ অলৌকিক; ইহলোকের নয় এমন; স্বর্গীয়। ২ সুন্দর; মনোহর; মনোরম। □*বি* শপথ। [স. দিব্‌+য]। **দিব্বি** *বি* শপথ। **দিব্যচক্ষু, দিব্যদৃষ্টি, দিব্যনেত্র** *বি* অতীন্দ্রিয় বিষয় বা বস্তু দেখবার বা উপলব্ধি করবার মতো অলৌকিক দৃষ্টিশক্তি বা অন্তর্দৃষ্টি। **দিব্যজ্ঞান** *বি* অলৌকিক জ্ঞান; পরমজ্ঞান। **দিব্যদর্শী** *বিণ* অলৌকিক দৃষ্টিশক্তিসম্পন্ন। **দিব্যযোনি** *বি* দেবতা। **দিব্যরথ** *বি* আকাশগামী রথ; ব্যোমযান। **দিব্যলোক** *বি* স্বর্গ।

দিব্যি, দিব্বি *বিণ* উত্তম; চমৎকার; সুন্দর। □*ক্রিবিণ* বেশ ভালোভাবে পরিষ্কার করে। □*বি* শপথ। [স. দিব্য>বা.]

দিয়া, দিয়ে *অব্য*১ দ্বারা; মাধ্যমে; সাহায্যে। ২ সংযোগে; মিশ্রণে; মারফত; হতে।

দিয়াশলাই, দেশলাই *বি* মাথায় বারুদ দেওয়া আগুন জ্বালাবার কাঠি ও তার আধার; matches। [স. দীপশলাকা>]

দিরহাম *বি* আরব আমিরাত প্রভৃতি আরব দেশের মুদ্রার নাম। [আ.]

দিল, দেল *বি* ১ হৃদয়; মন; আত্মা। ২ মহাপ্রাণতা; উদারহৃদয়। [ফা.]। **দিলওয়ার, দেলোয়ার** *বিণ* সাহসী। □*বি, বিণ* হৃদয়বান। **দিলদরিয়া** *বিণ* ব্যয়ে বা দানে মুক্তহস্ত; বদান্য। **দিলদার** *বিণ* ১ উদারহৃদয়; মহৎ; মহানুভব। ২ প্রিয় বা প্রিয়া। **দিলরুবা** *বি স্ত্রী.* দয়িতা। [ফা.]। **দিল্লাগি** *বি* ঠাট্টা-তামাশা।

দিলির, দিলীর *বিণ* সাহসী; নির্ভীক; অসমসাহসী। [ফা.]

দিল্লাগি *বি* হাসি-তামাশা; মস্করা; ঠাট্টা। [ফা./হি.]

দিল্লিকা লাড্ডু *বি*১ দিল্লিতে প্রস্তুত এক ধরনের মিষ্টান্ন। ২ অসার বস্তু; যে আকাঙ্ক্ষিত বস্তু মানুষ না পেলে হতাশ হয় কিন্তু পেলেও হতাশ হয়। [হি.]

দিশ *বি* দিক। [স.]। **দিশপাশ** *বি* ইয়ত্তা; কূলকিনারা; সীমা।

দিশা, দিশে *বি*১ দিক। ২ সন্ধান; খোঁজ; হদিস; উপায়। ৩ রীতি; পদ্ধতি। ৪ দিগ্‌ভ্রম; ধাঁধা। [স. √দিশ্‌>]। **দিশারি, দিশারী** *বি* পথপ্রদর্শক; দিকদর্শনকারী; দিগ্‌দর্শক। **দিশাহারা, দিশেহারা** *বি* যার দিক-বোধ নেই। □*বিণ* কিংকর্তব্যবিমূঢ়; হতভম্ব।

দিশি[১] *বি*১ দিকে। ২ চারদিক; দিগ্‌দেশ। □*ক্রিবিণ* দিকে

দিকে; সর্বদেশে; সর্বদিকে। [বা.; ব্র.]
দিস্তা *বি, বিণ* চব্বিশ তা; চব্বিশ খানা। ❑ *বি* মূষল; দাণ্ডা; ডাণ্ডা। [ফা. দস্তহ্]
দীক্ষা *বি* ১ ধর্মোপদেশ, মন্ত্রোপদেশ; তত্ত্বশিক্ষা; ধর্মাদর্শ। ২ তত্ত্বজ্ঞান লাভের জন্য মন্ত্রদান; বয়াত। ৩ উপদেশ; শিক্ষা; সংস্কার। ৪ প্রবর্তনা; প্রবৃত্তি। [স. √দীক্ষ্+অ+আ]। **দীক্ষিত** *বিণ* দীক্ষা বা মন্ত্রোপদেশ পেয়েছে এমন।
দীন[১] *বিণ* ১ দরিদ্র; গরিব; অভাবগ্রস্ত; নিঃসম্বল। ২ করুণ; কাতর; হীন; নীচ। ৩ ভীরু। [স. √দী+ত]। **দীনতা, দৈন্য** *বি* ১ দারিদ্র্য; নির্ধনতা; দীনের ভাব; হীনতা। ২ অভাব। **দীননাথ, দীনবন্ধু, দীনশরণ** *বিণ* দরিদ্রের আশ্রয়দাতা। ❑ *বি* আল্লাহ্; পরমেশ্বর।
দীন[২] *বি* ধর্ম। [আ.]। **দীনদার** *বিণ* ধার্মিক। **দীন-দুনিয়া** *বি* কিয়ামত ও পৃথিবী; পরকাল ও ইহকাল। **দীনি** *বিণ* ধর্মীয়। **দীনি ইলম** *বি* ধর্মীয় শিক্ষা।
দীনেশ *বি* দীনের অর্থাৎ দরিদ্রের আশ্রয় যিনি; ঈশ্বর। [স. দীন+ঈশ]
দীপ *বি* প্রদীপ; বাতি। **দীপদান** *বি* দীপাধার; পিলসুজ। **দীপবর্তিকা** *বি* সলিতা; সলতে; দীপের বাতি। **দীপশলাকা** *বি* দিয়াশলাই।
দীপক *বিণ* ১ ঔজ্জ্বল্যকারক; দীপ্তিদায়ক। ২ প্রজ্বালক; দাহক। ৩ উত্তেজক; উদ্দীপক। ৪ প্রকাশক। ❑ *বি* ১ প্রদীপ। ২ সঙ্গীতের একটি রাগ। [স. √দীপ্+ণিচ্+অক]
দীপন *বি* ১ আলোকিত করণ; দীপ্তিসাধন। ২ প্রজ্বলন। ৩ উত্তেজন; উদ্দীপন। ৪ প্রকাশন। ৫ শোভন। ❑ *বিণ* দীপক; উত্তেজক। [স. √দীপ+অন]
দীপনা *বি* উদ্দীপনা ও উত্তেজনা। [স. দীপন>]
দীপাধার *বি* প্রদীপ ধারক; পিলসুজ। [স. দীপ+আধার]
দীপান্বিতা *বি স্ত্রী.* ১ দেওয়ালি; দীপালি। ২ দেওয়ালির রাত্রি; কার্তিকী অমাবস্যার রাত্রি। [স. দীপ+অন্বিতা]
দীপালি, দীপাবলী *বি* ১ দেওয়ালি; কালীপূজা উপলক্ষে হিন্দুদের আলোক উৎসব। ২ দীপমালা; প্রদীপ শ্রেণী; প্রদীপসমূহ। [স. √দীপ্+আলি/আবলী]
দীপিকা *বি স্ত্রী.* ১ প্রদীপ। ২ জ্যোৎস্না। ৩ একটি রাগিণীর নাম। ❑ *বি* গ্রন্থপ্রভৃতির টীকা; ব্যাখ্যা পুস্তক। ❑ *বিণ স্ত্রী.* প্রকাশ করে এমন; প্রকাশিকা। [স. দীপ+ইক+আ]
দীপিত *বিণ* ১ প্রজ্বলিত; উজ্জ্বলীকৃত। ২ উদ্ভাসিত; আলোকিত। ৩ উত্তেজিত; উদ্দীপিত। ৪ প্রকাশ পেয়েছে এমন; প্রকাশিত। [স. √দীপ্+ণিচ্+ত]
দীপ্ত *বিণ* ১ প্রজ্বলিত; জ্বলছে এমন। ২ উজ্জ্বল; আলোকিত; তেজোময়; তেজস্বী। ৩ প্রকাশিত। [স. √দীপ্+ত]
দীপ্তি *বি* ১ আলোক; জ্যোতি; প্রভা; দ্যুতি। ২ তেজ। ৩ কান্তি, শোভা। [স. √দীপ্+তি]। **দীপ্তিমান** *বিণ* ১ দীপ্তিযুক্ত; উজ্জ্বল। ২ শোভান্বিত; শোভমান। ৩ আলোকিত। [স. দীপ্তি+(শানচ্) মান]
দীপ্য *বিণ* ১ প্রজ্বলনযোগ্য। ২ প্রকাশযোগ্য। [স. √দীপ্+য]। **দীপ্যমান** *বিণ* ১ জ্বলন্ত। ২ উজ্জ্বল; ভাস্বর।
দীপ্র *বিণ* ১ জ্বলন্ত; উজ্জ্বল। ২ তীক্ষ্ণ; শাণিত; তীব্র। [স.]
দীর্ঘ *বিণ* ১ লম্বা। ২ অধিক; বেশি। ৩ বিস্তৃত; দূরপ্রসারিত। ৪ বহুবর্ষব্যাপী। ৫ আয়ত; প্রশস্ত। [স. √দৃ+ঘ]। **দীর্ঘজীবী** *বি, বিণ* দীর্ঘায়ু; যে বহুকাল বাঁচে। **দীর্ঘসূত্রী** *বিণ* কাজ করতে খুব দেরি হয় এমন; অত্যন্ত বিলম্বে কাজ করতে অভ্যস্ত।
দীর্ঘিকা *বি* দিঘি; বড় পুকুর। [স. দীর্ঘ+ক+আ]
দীর্ণ *বিণ* ১ ভগ্ন; ফাটা; বিদারিত। ২ শঙ্কান্বিত। [স. √দৃ+ত]
দু, দো *বিণ* দুই। **দুআনি, দোয়ানি** *বি* পূর্বে প্রচলিত দুই আনা বা আট পয়সা মূল্যের মুদ্রাবিশেষ; বর্তমানে প্রচলিত বারো বা তেরো পয়সা মূল্যের সমান মুদ্রা। **দুকূল** *বি* ১ পিতার বংশ ও মায়ের বংশ। ২ পিতার বংশ ও শ্বশুরের বংশ। **দুকূল** *বি* ১ দুই তীর। ২ ইহকাল ও পরকাল; সকল আশ্রয়। **দুনা, দুনো** *বি* দুইগুণ; দ্বিগুণ। **দু-প্রহর** *বি* দ্বিপ্রহর; মধ্যাহ্ন বা মধ্যরাত্রি।
দুই, দো, দু *বি* ২ সংখ্যা। ❑ *বিণ* ১ উভয় (ব্যক্তি বা বস্তু)। ২ ২ সংখ্যক।
দুঃ, দুর্, দুস্ *অব্য* দুঃখ অভাবদুষ্ট মন্দ নিষেধ ইত্যাদি সূচক উপসর্গ। [স.]। **দুঃশাসন** *বিণ* কুশাসন; শাসন করা কঠিন এমন। ❑ *বি* ১ কুশাসন। ২ মহাভারতের দুর্যোধনের মধ্যম ভ্রাতা। **দুঃশীল** *বিণ* দুশ্চরিত্র। **দুঃস্থ, দুঃস্থিত** *বিণ* দুর্দশাগ্রস্ত; দুঃখকষ্টে কালাতিপাত করে এমন।
দুঃখ, দুখ *বি* ১ কষ্ট; মনস্তাপ; মর্মপীড়া। ২ খেদ; ক্ষোভ। ৩ বিপদ; দুর্দশা; সংকট। **দুঃখিত** *বিণ* ১ দুঃখপ্রাপ্ত। ২ ক্ষুণ্ন। ❑ *বি* বিষণ্ন; নিরানন্দ।
দুঁদে, দুঁদিয়া *বিণ* দুর্দান্ত; দুরন্ত; অসীম প্রতাপশালী। ❑ *বি* ঝগড়াটে; কলহপ্রিয়। [স. দ্বন্দ্ব>]
দুঁহু, দুঁহু, দোঁহা *সর্ব* উভয়; দুইজন; দুই। [স. দ্বয়>ব্র.]
দুকূল *বি* ১ রেশমি কাপড়। ২ ক্ষৌম বস্ত্র; শণবস্ত্র। ৩ সূক্ষ্ম বস্ত্র; মিহি কাপড়। ৪ শুভ্রবস্ত্র; সাদা কাপড়। [স. দু+(কৃ)+উল]
দুগুণ *বি* ১ দ্বিখণ্ড। ২ দ্বিগুণ; ডবল। [স. দ্বিগুণ>]
দুগ্ধ *বি* দুধ; মাতৃদুগ্ধ; স্তন। [স. √দুহ্+ত]। **দুগ্ধফেননিভ** *বিণ* দুধের ফেনার মতো সাদা ও কোমল। **দুগ্ধবতী** *বিণ* দুধাল; দুধেল; পয়স্বিনী; দুগ্ধ দান করে এমন।
দুড়দুড়, দুড়দাড়, দুদ্দাড় *অব্য* দৌড় বা দ্রুত পদক্ষেপের শব্দ; মেঘগর্জন; ক্রমাগত প্রহার ও ভয়াদি হেতু হৃৎপিণ্ডের প্রবল স্পন্দনজাত শব্দ।
দুড়া *বি* কচ্ছপ।
দুড়ুম *অব্য* ১ বন্দুকের গুলি প্রভৃতির শব্দ। ২ ভারী বস্তুর পতনের শব্দ।
দুধ *বি* ১ দুগ্ধ; স্তনক্ষীর। ২ দুধের মতো তরল পদার্থ; সাদা রস বা নির্যাস। [স. দুগ্ধ>]। **দুধকুসুম** *বি* দুধে গোলা রস বা নির্যাস। [স. দুগ্ধ]। **দুধেল, দুধালি** *বিণ* দুগ্ধবতী; যার বেশি দুধ হয়।
দুনি *বি* ডোঙ্গা; ক্ষেতে জল সেচনের পাত্রবিশেষ। [স. দ্রোণী>]
দুনিয়া *বি* ধরা; ধরিত্রী; পৃথিবী; জগৎ। [আ. দুন্‌আ]। **দুনিয়াদারি, দুনিয়াদারী** *বি* ১ সংসার বিষয়ক অভিজ্ঞতা; সাংসারিক জ্ঞান। ২ সংসার ধর্ম; পরিবার প্রতিপালন। ৩ বিষয়বুদ্ধি; স্বার্থপরতা। **দুনিয়াবী** *বিণ* সাংসারিক; পার্থিব।
দুনু-মুনু *বি* ইতস্তত; দ্বিধা; সংকোচ। [দ্বিমন>]
দুন্দুভি *বি* ঢাক, নাকারা; দামামা জাতীয় প্রাচীন রণবাদ্য। [স.]
দুপ *অব্য* কোনো কিছুর পতনের শব্দ; পদশব্দ; দুপ শব্দ। **দুপদাপ** *অব্য* ১ ক্রমাগত দুপ শব্দ। ২ ভারী পদশব্দ।
দুপুর *বি* ১ দ্বিপ্রহর; মধ্যাহ্ন; বেলা বারোটার পর দুইটা

পর্যন্ত সময়। ২ মধ্যরাত্র; গভীর রাত্রি। [স. দ্বিপ্রহর>]
দুবরি, দুবরী *বি* দুর্বল। ❑ *বিণ* ক্ষীণা; কৃশা।
দুবলা[১] *বি* দূর্বাঘাস।
দুবলা[২] *বিণ* ১ দুর্বল। ২ কৃশ; পাতলা। [স. দুর্বল>]
দুম *বি* মৃদু দুড়ুম আওয়াজ। **দুমদুমি** *বি* বাদ্যযন্ত্রবিশেষ।
দুমড়া, দোমড়া *বিণ* ১ বাঁকা। ২ মোচড়ানো হয়েছে এমন। **দুমড়ানো** *ক্রি* ১ বাঁকানো; বাঁকা করা। ২ মোচড়ানো; মোচড় দেওয়া; ভাঁজ করা।
দুম্বা *বি* এক জাতীয় মেষ—এর লেজে চর্বি ও মাংস জমে কুলার মতো চেপটা ও পুরু হয়। [ফা.]
দুয়জ, দুঅজ *বিণ* ১ দ্বিতীয়। ২ সর্ব; উভয়। [স. দ্বি>]
দুয়া, দুয়ো *বিণ* ভাগ্যহীনা; দুর্ভাগা; স্বামীর সোহাগ বঞ্চিতা। [স. দুর্ভগা>]
দুয়ার, দোর *বি* ১ দরজা; দ্বার। ২ বাড়ির ফটক। [স. দ্বার>]। **দুয়ারি** *বি* ১ দৌবারিক; দ্বারী; দারোয়ান। ২ দ্বারযুক্ত।
দুয়ো, দুও *অব্য* নিন্দা; ভর্ৎসনা বা ধিক্কারসূচক ধুত ধুত ধ্বনি।
দুরক্ষর, দুরাক্ষর *বি* ১ কটূক্তি; তিরস্কার; কুবাক্য; মন্দবাক্য। ২ দুর্বোধ্য হস্তাক্ষর। ❑ *বিণ* অপ্রিয়; কঠোর। [স. দুঃ+অক্ষর]
দুরতিক্রমণ, দুরতিক্রম্য, দুরতিক্রমণীয় *বিণ* দুর্লঙ্ঘ্য; অতিকষ্টে অতিক্রম করা যায় এমন; দুস্তর।
দুর দুর *অব্য* ভয় প্রভৃতি কারণে হৃদস্পন্দন; বুকের অব্যক্ত স্পন্দন ধ্বনি। **দুরুদুরু** *অব্য* দুর দুর আওয়াজ। **দুরুদুরু করা** *ক্রি* দুর দুর করা।
দুরদৃষ্ট *বি* মন্দভাগ্য; পোড়া কপাল। ❑ *বিণ* দুর্ভাগা; মন্দ ভাগ্যযুক্ত। [স. দুঃ+অদৃষ্ট]
দুরধিগম, দুরধিগম্য *বিণ* ১ দুষ্প্রবেশ্য; দুর্গম; দুর্লভ; অতি কষ্টে পাওয়া যায় এমন; দুষ্প্রাপ্য। ২ জানা দুঃসাধ্য এমন। [দুর্+অধিগম্য]
দুরন্ত *বিণ* ১ অশান্ত; দুষ্ট; দামাল। ২ দুর্দম্য; দুর্দমনীয়; দুর্দান্ত। ৩ ভীষণ; উগ্র। ৪ প্রবল। [স. দুর্+অন্ত]। **দুরন্তপনা** *বি* দুষ্টামি; উপদ্রব; দৌরাত্ম্য।
দুরন্বয় *বি* দুষ্ট অন্বয়; বাক্যান্তর্গত কর্তা কর্ম ক্রিয়াদির অবিন্যস্ত ব্যবহার। ❑ *বিণ* ১ অযথা বিন্যাসযুক্ত। ২ দুর্গম; দুর্বোধ্য। [স. দুর্+অন্বয়]
দুরপনেয় *বিণ* মোচন বা দূর করা অত্যন্ত কঠিন এমন; দুর্মোচনীয়। [স. দুর্+অপনেয়]
দুরবগাহ *বিণ* ১ যাতে অবগাহন করা কঠিন; যাতে প্রবেশ করা দুরূহ; দুষ্প্রবেশ্য। ২ দুর্বোধ্য; দুর্জ্ঞেয়। ৩ দুর্গম; দুরধিগম্য। [স. দুর্+অবগাহ]
দুরবস্থ *বিণ* ১ দুর্দশাগ্রস্ত; দুর্গত; মন্দ অবস্থায় পতিত। ২ দরিদ্র। **দুরবস্থা** *বি* দুর্দশা; দারিদ্র্য; দৈন্য।
দুরবিন, দূরবীন *বি* দূরবর্তী বস্তু স্পষ্টভাবে দেখবার যন্ত্রবিশেষ; দূরবীক্ষণ যন্ত্র। [ফা.]
দুরভিসন্ধি *বি* কুমতলব; অসৎ অভিপ্রায়; যার অভিপ্রায় খারাপ। [স. দুর্+অভিসন্ধি]
দুরমুশ *বি* ১ সুরকি খোয়া ইত্যাদি পিটিয়ে মজবুত করে বসাবার দণ্ডযুক্ত মুষল। ২ দণ্ডযুক্ত মুষল দিয়ে পেটানো। [তুল. হি. দুরমট]
দুরস্ত, দোরস্ত *বিণ* ১ ঠিক; যথাযথ; নির্ভুল; যথার্থ। ২ সংশোধিত; শাসিত। ৩ সাজানো; গোছালো। ৪ মাফিক; অনুযায়ী। ৫ অভ্যস্ত; আয়ত্ত। [ফা.]
দুরাকাঙ্ক্ষা *বি* ১ দুরাশা; দুষ্প্রাপ্য বস্তু বা বিষয় লাভের প্রত্যাশা। ২ অসঙ্গত বা অসৎ আশা। [স. দুর্+আকাঙ্ক্ষা]। **দুরাকাঙ্ক্ষী, দুরাকাঙ্ক্ষ** *বিণ* দুরাশা করে এমন।
দুরাক্রম, দুরাক্রম্য *বিণ* আক্রমণ করা অত্যন্ত কঠিন এমন। [স. দুর্+আক্রম,+য]
দুরাচার *বি* মন্দ বা কুৎসিত আচরণ; দুর্বৃত্ততা। ❑ *বিণ* ১ দুর্বৃত্ত। ২ কদাচারযুক্ত। [স. দুর্+আচার]। **দুরাচারী** *বিণ* পাপিষ্ঠ; পাপাচারী।
দুরাত্মা *বি, বিণ* ১ পাপাত্মা; দুর্বৃত্ত; দুষ্ট-স্বভাব। ২ নির্দয়; অত্যাচারী। [স. দুর্+আত্মন্]
দুরারোগ্য *বিণ* আরোগ্য হওয়া কঠিন এমন; চিকিৎসার অতীত। [স. দুর্+আরোগ্য]
দুরারোহ *বিণ* ১ আরোহণ করা সুকঠিন এমন। ২ দুর্গম। [স. দুর্+আ+√রুহ্+অ]
দুরাশয় *বি* ১ মন্দ অভিপ্রায়; দুরভিসন্ধি। ২ পাপাশয়। [স. দুর্+আশা]
দুরাশা *বি* দুরাকাঙ্ক্ষা; দুর্লভ বিষয় বা বস্তু লাভের আশা। [স. দুর্+আশা]
দুরি, দুরী *বি* ১ দুই ফোঁটাযুক্ত তাস; যে তাসে দুই ফোঁটা আছে। ২ দুই সদস্যভুক্ত ঘর বা পরিবার।
দুরুচ্চার্য, দুরুচ্চার *বিণ* ১ উচ্চারণ করা কষ্টকর এমন। ২ মুখে আনা যায় না এমন; অশ্লীল; অকথ্য। [স. দুর্+উচ্চার্য/উচ্চার]
দুরূহ *বিণ* ১ সুকঠিন; অত্যন্ত কষ্টে সাধন করা যায় এমন; কষ্টসাধ্য। ২ দুর্বোধ্য। ৩ দুর্জ্ঞেয়। [স. দুর্+√উহ্+অ]
দুর্গ *বি* পরিখা বা প্রাচীরবেষ্টিত সংরক্ষিত সেনানিবাস; রাজপ্রাসাদ ও সেনানিবাস; গড়; কেল্লা; শত্রুসৈন্যের প্রবেশ দুঃসাধ্য এমন স্থান। [স. দুর্+√গম্+অ]। **দুর্গপতি, দুর্গপাল, দুর্গাধিপতি, দুর্গেশ**[১] *বি* দুর্গের অধীশ্বর বা প্রভু বা মালিক; দুর্গরক্ষক। **দুর্গেশ**[২] *বি* দুর্গার স্বামী শিব।
দুর্গত *বিণ* ১ বিপদাপন্ন; বিপদগ্রস্ত। ২ দরিদ্র; গরিব। ৩ দুঃখী। [স. দুর্+√গম্+ত]
দুর্গতি *বি* ১ দুরবস্থা; শোচনীয় অবস্থা। ২ নিগ্রহ; লাঞ্ছনা। ৩ নরকগতি। [স. দুর্+গতি]
দুর্গন্ধ *বি* খারাপ গন্ধ। ❑ *বিণ* খারাপ গন্ধযুক্ত। [স. দুর্+গন্ধ]
দুর্গম *বিণ* ১ যাওয়া কষ্টসাধ্য বা কষ্টকর এমন; দুরধিগম্য। ২ জানা অত্যন্ত কষ্টকর এমন; দুর্জ্ঞেয়। ৩ দুর্বোধ্য। [স. দুর্+√গম্+অ]
দুর্গা *বি* হিন্দু দেবতা শিবের পত্নী; ভগবতী; গৌরী। [স. দুর্+√গে/গম্+অ+আ]। **দুর্গোৎসব** *বি* হিন্দুদেবী দুর্গার পূজা বা তৎসংক্রান্ত উৎসব।
দুর্গাধিপতি⟹দুর্গ।
দুর্গ্রহ *বি* দুষ্টগ্রহ; গ্রহ। ❑ *বিণ* জানা বা গ্রহণ করা কষ্টকর এমন; দুর্বোধ্য; দুরধিগম্য। [স. দুর্+গ্রহ]
দুর্ঘট *বিণ* ঘটা কঠিন এমন; দুঃসাধ্য; সচরাচর ঘটে না এমন। [স. দুর্+√ঘট্+অ]
দুর্ঘটনা *বি* অশুভ বা ক্ষতিকর ব্যাপার; বিপদ-আপদ; আকস্মিক বিপদ। [স. দুর্+ঘটনা]
দুর্জন *বিণ* ১ দুষ্ট বা খারাপ লোক। ২ পাষণ্ড; দুরাত্মা; দুরাচার। ৩ খল; ক্রূর। [স. দুর্+জন]

দুর্জয় *বিণ* জয় বা দমন করা কঠিন এমন; অজেয়; অদম্য। [স. দুর্+√জি+অ]
দুর্জ্ঞেয় *বিণ* স্বরূপ জানা কঠিন এমন; দুর্বোধ্য; দুরধিগম্য। [স. দুর্+√জ্ঞা+য; দুর্+জ্ঞেয়]
দুর্দমনীয়, দুর্দম্য *বিণ* দমন করা কঠিন এমন; দুরন্ত; দুর্দান্ত। [স. দুর্+অ/অনীয়]
দুর্দশা *বি* মন্দ অবস্থা; শোচনীয় অবস্থা; দুরবস্থা; দুর্গতি; দুর্ভোগ। [স. দুর্+দশা]
দুর্দান্ত *বিণ* দমন করা বা বশ মানানো কঠিন এমন; দুর্দমনীয়; দুরন্ত; প্রবল ও অত্যাচারী। [স. দুর্+√দম্+ত]
দুর্দিন *বি* অশুভ কাল; দুঃসময়; বিপদের দিন; দুর্যোগময় দিন; অসময়। [স. দুর্+দিন]
দুর্দৈব *বি* দুরদৃষ্ট; বদনসিব; মন্দ কপাল; মন্দ ভাগ্য; দুর্ঘটনা। [স. দুর্+দৈব]
দুর্ধর্ষ *বিণ* ১ পরাজিত করা বা বশ মানানো কষ্টকর এমন; দুর্জয়। ২ প্রবল পরাক্রমশালী; দুঃসহ; তেজ সহ্য করা যায় না এমন। [স. দুর্+√ধৃষ্+অ]
দুর্নাম *বি* বদনাম; অখ্যাতি; অপযশ; কলঙ্ক। [স. দুর্+নাম]
দুর্নিবার, দুর্নিবার্য *বিণ* রোধ বা নিবারণ করা কঠিন এমন। [স. দুর্+নিবার/নিবার্য]
দুর্নিরীক্ষ্য *বিণ* নিরীক্ষণ করা কষ্টকর এমন; ভালোভাবে দেখা কঠিন এমন। [স. দুর্+নিরীক্ষ্য]
দুর্নীতি *বি* যা নীতিবিরুদ্ধ; কুনীতি; অসদাচরণ। [স. দুর্+নীতি]। **দুর্নীতিপরায়ণ** *বিণ* নীতিবিরুদ্ধ আচরণ করে এমন; দুরাত্মা; দুঃশীল।
দুর্পিটা *বি* উত্তপ্ত লাল লৌহে হাতুড়ির আঘাতে যে অগ্নিময় ময়লা ছিটকে পড়ে; লৌহজাল। [আঞ্চলিক]
দুর্বচন *বি* কটুবাক্য; অশিষ্ট বা উদ্ধত বচন; গালি। ☐ *বিণ* কটুবাক্য বলে এমন; অপ্রিয়ভাষী। [স. দুর্+বচন]
দুর্বৎসর *বি* অশুভ বৎসর; যে বৎসর খুব দুঃখকষ্টে কাটে; আকালের বৎসর। [স. দুর্+বৎসর]
দুর্বল *বিণ* বলহীন; শক্তিহীন; ক্ষীণ; রোগা। ☐ *বি* শক্তিহীন বা রুগ্ন ব্যক্তি। [স. দুর্+বল]
দুর্বহ *বিণ* বহন করা কঠিন এমন; গুরুভার; অসঙ্গ; দুঃসহ। [স. দুর্+√বহ্+অ]
দুর্বাক *বি,বিণ* কটুভাষী; অপ্রিয় বা অশিষ্ট বাক্য বলে এমন। [স. দুর্+বাচ্]
দুর্বাক্য, দুর্বাচ্য *বি* কটুকথা; দুর্বচন; অশিষ্ট বা অপ্রিয় বাক্য; গালি; তিরস্কার। [স. দুর্+বাক্য; দুর্+বাচ্য]
দুর্বার *বিণ* দুর্দমনীয়; রোধ বা নিবারণ করা কঠিন এমন; দুর্নিবার। [স. দুর্+√বৃ+ণিচ্+অ]
দুর্বাসনা *বি* দুরাকাঙ্ক্ষা; অপূরণীয় বাসনা; দুরভিসন্ধি; দুষ্টাভিলাষ। [স. দুর্+বাসনা]
দুর্বাসা *বিণ* কুৎসিত বসন পরিহিত এমন। ☐ *বি* অতি কোপন-স্বভাব স্বনাম-প্রসিদ্ধ মুনি। [স. দুর্+বাসস্ (কুৎসিত বসনধারী)]।
দুর্বিনীত *বিণ* উদ্ধত; অশিষ্ট; অবিনয়ী। [স. দুর্+বিনীত]
দুর্বিপাক *বি* দুর্যোগ; দুর্ঘটনা; অবাঞ্ছিত ঘটনা; অশুভ বা দুঃখময় পরিণাম। ☐ *বিণ* কুফলপ্রদ। [স. দুর্+বিপাক]
দুর্বিষহ *বিণ* দুঃসহ; সহ্য করা কঠিন এমন; অসহনীয় এমন। [স. দুর্+বি+সিহ্+অ]
দুর্বুদ্ধি *বি* কুবুদ্ধি; দুষ্টবুদ্ধি; দুর্মতি; মূর্খতা; বোকামি। ☐ *বিণ* দুষ্টবুদ্ধিযুক্ত; দুর্মতিশালী; বোকা; মূর্খ। [স. দুর্+বুদ্ধি]
দুর্বৃত্ত *বিণ* দুর্জন; দুশ্চরিত্র; দুরাত্মা; দুর্বিনীত; উদ্ধত। ☐ *বি* দুষ্ট বা গুণ্ডা প্রকৃতির লোক। [স. দুর্+বৃত্ত(চরিত্র)]
দুর্বোধ, দুর্বোধ্য *বিণ* বুঝতে পারা কঠিন এমন, দুর্জ্ঞেয়; অর্থোদ্ধার করা কঠিন এমন। [স. দুর্+বুধ+অ+য; দুর্+বোধ্য]
দুর্ব্যবহার *বি* অভদ্র বা মন্দ আচরণ; অসদাচরণ। [স. দুর্+ব্যবহার]
দুর্ভর *বিণ* বহন করা কষ্টকর এমন; দুর্বহ; গুরুভার; দুঃসহ; অসহ্য। [স. দুর্+√ভৃ+ত]
দুর্ভাগা *বিণ* হতভাগা; অদৃষ্ট মন্দ এমন। ☐ *বি* হতভাগা ব্যক্তি। [স. দুর্+ভাগা]। **দুর্ভাগিনী, দুর্ভাগী** *বি,বিণ* ভাগ্যহীনা; হতভাগিনী।
দুর্ভাগ্য *বি* পোড়া কপাল; মন্দভাগ্য। [স. দুর্+ভাগ্য]
দুর্ভাবনা *বি* দুশ্চিন্তা; অশুভ আশঙ্কা; উৎকণ্ঠা; উদ্বেগ। **দুর্ভাবনাগ্রস্ত** *বিণ* উৎকণ্ঠিত; উদ্বিগ্ন। [স. দুর্+ভাবনা]
দুর্ভিক্ষ *বি* আকাল; দেশব্যাপী খাদ্যাভাব। [স. দুর্+ভিক্ষা]
দুর্ভেদ্য, দুর্ভেদ *বিণ* ভেদ বা বিদীর্ণ করা দুষ্কর এমন; দুষ্প্রবেশ্য; দুর্বোধ; দুর্জ্ঞেয়। [স. দুর্+√ভিদ্+অ]
দুর্ভোগ *বি* অব্যবস্থাজনিত দুঃখকষ্ট; লাঞ্ছনা; দুর্গতি। [স. দুর্+ভোগ]
দুর্মতি *বি* কুবুদ্ধি; মন্দবুদ্ধি; অসৎ মনোভাব; বোকামি; দুষ্টবুদ্ধিসম্পন্ন লোক; অসৎ মনোভাবাপন্ন লোক। ☐ *বিণ* দুষ্টবুদ্ধি বা অসৎ মনোভাবাপন্ন; মন্দগতি; বোকা। [স. দুর্+মতি]
দুর্মদ *বিণ* দুর্দান্ত; দুর্ধর্ষ; পাগল; উন্মত্ত; উচ্ছৃঙ্খল। ☐ *বি* দুর্ধর্ষ; প্রমত্ত ব্যক্তি। [স. দুর্+√মদ্+অ]
দুর্মর *বিণ* ১ সহজে মরে না এমন; কঠিন প্রাণ। ২ সহজে নষ্ট বা নরম হয় না এমন; অতিশয় রক্ষণশীল। [স.]
দুর্মুখ *বিণ* ১ কটুভাষী। ২ অপ্রিয় সত্য কথা বলে এমন; অপ্রিয়ভাষী। [স. দুর্+মুখ]
দুর্মূল্য *বি,বিণ* মহার্ঘ; অত্যধিক উচ্চমূল্যের এমন; আক্রা। [স. দুর(বহু)+মূল্য]
দুর্মোচ্য *বিণ* মোচন করা বা দূর করা কঠিন এমন; দুরপনেয়। [স. দুর্+মোচ্য]
দুর্যোগ *বি* ঝড়বৃষ্টি ইত্যাদি প্রাকৃতিক বিপর্যয়ের সময়; দুঃসময়; দুর্দিন; অশুভ সময়। [স. দুর্+যোগ]
দুর্যোধন *বি* মহাভারতে বর্ণিত ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠ পুত্র। [স. দুর্+√যুধ্+অন]
দুর্লক্ষণ *বি* অশুভ চিহ্ন; অকল্যাণের লক্ষণ; অশুভ চিহ্ন বা লক্ষণযুক্ত। [স. দুর্+লক্ষণ]
দুর্লক্ষ্য *বিণ* লক্ষ্য করা দুরূহ এমন; দেখতে পাওয়া কঠিন এমন। [স. দুর্+লক্ষ্য]
দুর্লঙ্ঘ, দুর্লঙ্ঘ্য *বিণ* লঙ্ঘন বা অতিক্রম করা কঠিন এমন; দুরতিক্রম্য; পালন করতেই হবে এমন। [স. দুর্+লঙ্ঘ/লঙ্ঘ্য]
দুর্লভ *বিণ* দুষ্প্রাপ্য; পাওয়া কঠিন এমন; দুর্মূল্য; মহামূল্য। [স. দুর্+√লভ্+অ]
দুল *বি,বিণ* স্ত্রীলোকের কানের গহনা।
দুলকি, দুল্‌কি *বিণ* ঘোড়া পালকি ইত্যাদির চাল বা মৃদু গমনভঙ্গিবিশেষ; মৃদু দোলাজনিত চাল (দুলকি চাল)।

[হি. বা.]

দুলদুল *বি* হজরত আলীর ঘোড়ার নাম। [আ.]। ◻*অব্য* ক্রমাগত মৃদু আন্দোলনের ভাব।

দুলা, দুলহা *বি* বর; নওশা; বিয়ের পাত্র। [হি.]। **দুলহিন, দুলাইন** *স্ত্রী.*। **দুলাভাই** *বি* ভগ্নিপতি; বোনাই। **দুলামিঞা** *বি* মেয়ের স্বামী; জামাতা।

দুলারি, দুলালী *বি, বিণ স্ত্রী.* আদরিণী বা সোহাগিনী কন্যা। [তুল. হি. দুলালী]। **দুলাল** *পু.*।

দুলাল *বি* আদরের বা পরম স্নেহের পাত্র; আদুরে পুত্র; অতিরিক্ত যত্ন ও আদরে পালিত পুত্র। ◻*বিণ* আদুরে; স্নেহভাজন; দোলায়িত। [হি.]। **আলালের ঘরের দুলাল** *বি* আদরে পালিত ধনীর ছেলে।

দুলি, দুলী *বি স্ত্রী.* এক ধরনের মাদি কাছিম বা কচ্ছপ। [স. দুল+ই—যে জল বা কাদা আলোড়িত করে]

দুলিচা *বি* ক্ষুদ্র আকারের গালিচা; গালিচার সহচর শব্দ গালিচা-দুলিচা। [হি.]

দুলে *বি, বিণ* ডুলি পালকি ইত্যাদির বাহক হিন্দু সম্প্রদায়বিশেষ। [স. দুল>]। তু. দোলা, দোল।

দুশমন, দুষমন *বি, বিণ* শত্রু; বিপক্ষ; বৈরী; প্রতিকূল; শয়তান; দুর্বৃত্ত; বিকট; ভীষণ; ভয়ঙ্কর। [ফা.]। **দুশমনি, দুষমনি** *বি* শত্রুতা; বৈরিতা; শয়তানি।

দুশ্চর *বিণ* দুর্গম; বিচরণ বা গমন দুঃসাধ্য এমন; আচরণ করা কঠিন এমন; কৃচ্ছ্রসাধ্য। [স. দুঃ+√চর্+অ]

দুশ্চরিত্র, দুশ্চরিত *বিণ* চরিত্র বা স্বভাব খারাপ এমন; মন্দচরিত্র; কুস্বভাব। [স. দুঃ+চরিত্র]

দুশ্চিকিৎস্য *বিণ* চিকিৎসকের পক্ষে আরোগ্য করা কঠিন এমন; দুরারোগ্য। [স. দুঃ+চিকিৎসা]

দুশ্চিন্তা *বি* দুর্ভাবনা; অশুভ চিন্তা; কুচিন্তা; উৎকণ্ঠা। [স. দুঃ+চিন্তা]। **দুশ্চিন্তাগ্রস্ত** *বিণ* দুশ্চিন্তা করে এমন; দুর্ভাবনায় সময় কাটে এমন।

দুশ্চেষ্টা *বি* অপচেষ্টা; অন্যায় কাজে চেষ্টা; অসাধ্য কাজ করবার প্রয়াস। [স. দুঃ+চেষ্টা]। **দুশ্চেষ্টিত** *বিণ* অন্যায় বা অসাধ্য চেষ্টাযুক্ত।

দুশ্ছেদ্য *বিণ* ছেদন করা অত্যন্ত কঠিন এমন। [স. দুঃ/দুস্+ছেদ্য]।

দুষ্কর *বিণ* সাধন করা কঠিন এমন; করা দুরূহ এমন; দুঃসাধ্য। [স. +দুস্+√কৃ+অ]

দুষ্কর্ম *বি* অপকর্ম; কুকর্ম; পাপের কাজ; পাপ। [স. দুঃ+কর্মন্]। **দুষ্কর্মা** *বি, বিণ* ১ কুকর্মকারী; অপকর্ম করে এমন। ২ পাপাত্মা।

দুষ্কার্য *বি* অপকর্ম; পাপের কাজ। [স. দুঃ/দুস্+কার্য]

দুষ্কৃত *বি* দুষ্কর্ম; অসৎ বা পাপকার্য; নিন্দিত কাজ। ◻*বিণ* অপরাধী। [স. দুঃ/দুস্+কৃত]। **দুষ্কৃতকারী, দুষ্কৃতিকারী** *বি, বিণ* রাষ্ট্র ও সমাজবিরোধী ধ্বংসাত্মক কাজ করে এমন ব্যক্তি; দুষ্কর্মকারী।

দুষ্কৃতি *বি* দুষ্কর্ম; অসৎ বা পাপের কাজ; পাপ; দুর্ভাগ্য। [স. দুঃ/দুস্+কৃতি]

দুষ্কৃতী *বিণ* কুকর্মী; পাপী; পাপাচারী। [স. দুঃ/দুর্+কৃত+ইন্; বা দুর্+কৃতী]

দুষ্ক্রিয়া *বি* অপকর্ম; কুকর্ম; পাপের কাজ। [স. দুঃ/দুস্+ক্রিয়া]। **দুষ্ক্রিয়** *বিণ* কুকর্মে বা পাপে আসক্ত।

দুষ্ট *বিণ* ১ দূষিত; দোষবিশিষ্ট; খারাপ; অসৎ। ২ অশুভ; দুরন্ত; অশান্ত। [স. দুঃ/দুস্+ত]। **দুষ্টচক্র** *বি* অচ্ছেদ্য চক্র; এমন একটি প্রক্রিয়া যা নিজের কারণেই অবনতিশীল। **দুষ্টামি, দুষ্টুমি** *বি* দুষ্টের ভাব; দুষ্টতা; দুরন্তপনা; দৌরাত্ম্য। **দুষ্টা** *বিণ স্ত্রী.* কুচরিত্রা; দুষ্টস্বভাবযুক্তা; দুঃশীলা; খারাপ স্ত্রীলোক; নষ্টা; ভ্রষ্টা।

দুষ্টু *বিণ* (আদুরে) দুরন্ত; দুষ্ট।

দুষ্টুমি⟹দুষ্ট।

দুষ্পাচ্য, দুষ্পচ *বিণ* হজম করা কঠিন এমন। [স.]

দুষ্প্রবৃত্তি *বি* কুপ্রবৃত্তি; অসদভিলাষ। [স.]

দুষ্প্রবেশ্য, দুষ্প্রবেশ *বিণ* প্রবেশ করা কঠিন এমন; দুর্গম; দুরধিগম্য। [স. দুস্+প্রবেশ্য]

দুষ্প্রাপ্য, দুষ্প্রাপ *বিণ* দুর্লভ; সহজলভ্য নয় এমন। [স. দুঃ/দুস্+প্রাপ্য]

দুস=দুঃ।

দুসুতি, দোসুতি *বি* ডবল সুতায় বোনা বস্ত্র বা চাদর।

দুস্তর *বিণ* দুর্লঙ্ঘ্য; পার হওয়া কঠিন এমন; প্রচুর; অনেক। [স. দুস্+√তৃ+অ]।

দুস্তি=দোস্তি।

দুস্থ, দুস্থিত=দুঃস্থ।

দুহারা=দোহারা।

দুহিতা *বি* মেয়ে; কন্যা; তনয়া; নন্দিনী। [স.]

দূত *বি* সংবাদ বহনকারী; বার্তাবহ; চর; রাষ্ট্রের পক্ষে সংযোগ রক্ষাকারী প্রতিনিধি। [স. √দু+ত]। **দূতাবাস** *বি* রাষ্ট্রদূতের অফিস ও আবাস। **দূতালি** *বি* দূতের কাজ; দৌত্য। **দূতি, দূতী, দূতিকা** *বি স্ত্রী.* সংবাদবাহিকা; স্ত্রীদূত; প্রণয়ী ও প্রণয়িনীর মধ্যে সংবাদ আদানপ্রদান করে যে স্ত্রীলোক। **দূতিয়ালি, দূতিগিরি, দূতীগিরি** *বি* দূতি বা কুটনির কাজ; প্রতিনিধিত্ব। **ভগ্নদূত** *বি* যে দূত রণক্ষেত্র থেকে সপক্ষের পরাজয়ের খবর নিয়ে আসে। **রাষ্ট্রদূত** *বি* রাষ্ট্রের প্রতিনিধি হিসেবে অবস্থানকারী।

দূর *বি* ১ নিকটে নয় এমন স্থান; অন্তর; ব্যবধান। ২ দূরবর্তী; গভীর; ব্যাপক; বিতাড়িত; দূরীভূত; অপগত। ◻*অব্য* অবজ্ঞা বিরক্তি ঘৃণা লজ্জা অসম্মতি ইত্যাদি জ্ঞাপক ভর্ৎসনা; দুৎ; ধুৎ; ধেৎ। [স. দুর্+√ই+র(দুঃখে গমন)]। **দূরগ, দূরগামী** *বিণ* দূরে গমনকারী; দূরে যায় বা গিয়েছে এমন। **দূরতা, দূরত্ব** *বি* ব্যবধান; পার্থক্য। **দূরদর্শন** *বি* ১ দূরের জিনিস দর্শন। ২ টেলিভিশন। **দূরদর্শী** *বিণ* ১ ভবিষ্যতের ফলাফল অনুধাবন করতে পারে এমন; পরিণামদর্শী। ২ বিচক্ষণ; বিজ্ঞ। **দূরদর্শিতা** *বি*। **দূরবর্তী** *বিণ* দূরস্থিত; দূরে থাকে এমন। **দূরদৃষ্টি** *বি* ভবিষ্য দৃষ্টি; পরিণাম সম্পর্কে সাবধানতা। **দূরবীক্ষণ, দুরবিন** *বি* দূরস্থিত বস্তু স্পষ্টভাবে দেখবার যন্ত্র। [ফা.]। **দূরস্থ, দূরস্থিত** *বিণ* দূরে রয়েছে এমন; দূরবর্তী। **দূরাগত** *বিণ* দূর থেকে আগমনকারী; দূর হতে এসেছে এমন।

দূরবীন=দুরবিন।

দূরান্ত *বি* বহু দূরব্যাপী স্থান।

দূরীকরণ *বি* বিতাড়ন; বহিষ্করণ; অপসারণ; মোচন; মুক্তি। [স. দূর+চ্বি(ঈ)+করণ]। **দূরীকৃত** *বিণ* ১ বিতাড়িত; বহিষ্কৃত। ২ অপসারিত; মোচিত। **দূরীভবন** *বি* বহিষ্করণ; বিতাড়িত হওন; অপসারণ; দূরে বিতাড়িত হওয়া। **দূরীভূত** *বি* অপসৃত; বিতাড়িত। ◻*বিণ* বহিষ্কৃত।

দূর্বা *বি* তৃণবিশেষ; এক প্রকার ঘাস। [স.]। **দূর্বাদল** *বি* দূর্বার পাতা।
দূষক *বিণ* দোষ দানকারী; দোষ দেয় এমন; নিন্দাকারী; নিন্দুক; নিন্দক। [স. √দূষ্+ণিচ্+অক]
দূষণ *বি* ১ দোষ দেওয়া; দোষারোপ; অশুচি বা অপবিত্রকরণ। ২ রামায়ণে বর্ণিত রাক্ষসবিশেষ; খরের ভাই। [স. √দূষ্+ণিচ্+অন]। **দূষণীয়, দূষ্য** *বিণ* দোষারোপযোগ্য; নিন্দনীয়। **দূষিত** *বিণ* কলুষিত; অপবিত্র; দোষযুক্ত; দোষপ্রাপ্ত।
দৃক *বি* চোখ; নয়ন; দৃষ্টি; দর্শন; জ্ঞান; বোধ। [স.√দৃশ্+ক্বিপ্]। **দৃকপাত** *বি* দৃষ্টিপাত; দর্শন; অবলোকন; ভ্রূক্ষেপ; গ্রহণযোগ্য বলে বিবেচনা।
দৃঢ় *বিণ* শক্ত; মজবুত; পোক্ত; কঠিন; অবিচলিত; অটল; স্থির; কঠোর; সুস্থ; নীরোগ; বলিষ্ঠ; বলশালী। [স.√দৃহ্+ত]। **দৃঢ়তা, দার্ঢ্য** *বি*। **দৃঢ়ীকরণ** *বি* শক্ত বা মজবুত করণ; সুপ্রতিষ্ঠিত করণ।
দৃপ্ত, দৃপ্র *বিণ* উদ্ধত; অহঙ্কৃত; গর্বিত; তেজঃপূর্ণ; তেজস্বী। [স.√দৃপ্+ত+র]।
দৃশ্য *বি* দেখবার যোগ্য বা দেখা যায় এমন বিষয় বা বস্তু; নাটকের পরিচ্ছেদ বা গর্ভাঙ্ক; রঙ্গমঞ্চের সজ্জা। ❑ *বিণ* দর্শনীয়; দেখবার যোগ্য। [স. √দৃশ্+য]। **দৃশ্যকাব্য** *বি* যে কাব্য রঙ্গমঞ্চে অভিনীত হয়; নাটক।
দৃষ্ট *বিণ* দেখা হয়েছে এমন; লক্ষিত; জ্ঞাত; প্রকাশিত; পরীক্ষিত। ❑ *বি* দৃষ্টি; দর্শন। [স. √দৃশ্+ত]।
দৃষ্টান্ত *বি* উদাহরণ; নজির; নিদর্শন; উপমান; কোনো বিষয়ের যথার্থতা প্রমাণের জন্য অনুরূপ বিষয়ের উল্লেখ ও বর্ণনা। [স. দৃষ্ট+অন্ত]
দৃষ্টি *বি* ১ দর্শন। ২ দেখবার শক্তি; কুনজর। ৩ জ্ঞান; অনুভূতি; বোধ; নজর; লক্ষ্য; অবধান; চক্ষু। [স. √দৃশ্+ত]। **দৃষ্টিগোচর** *বিণ* দর্শনসাধ্য; দেখা যায় এমন; চক্ষুগ্রাহ্য। **দৃষ্টিপাত** *বি* চাওয়া; অবলোকন। **দৃষ্টিহীন** *বিণ* অন্ধ।
দে *বি* বাঙালি হিন্দুর একটি পদবি। [দেব>দে]
দেউটি, দেউটী *বি* ১ দীপবর্তিকা; প্রদীপ। ২ প্রজ্বলিত অগ্নিশিখাবিশিষ্ট লাঠি; মশাল। [স. দীপবর্তিকা>]।
দেউড়ি, দেউরি *বি* ১ বাড়ির প্রধান প্রবেশদ্বার; সদর দরজা। ২ বহির্বাটি; বৈঠকখানা; কাছারি ঘর; গৃহের ছাদযুক্ত তোরণ। [স. দেহলী>]
দেউল *বি* দেবালয়; মন্দির। [স. দেবকুল>]
দেউলিয়া, দেউলে *বি, বিণ* ১ নিজের ঘর হারিয়ে যে দেবালয়ে আশ্রয় নিয়েছে; ঋণ পরিশোধের সামর্থ্যশূন্য। ২ নিঃস্ব। [স. দেবকুলিক>বা. দেউল+ইয়া>এ]।
দেও[১] *বি* ইরানিদের কাছে দেও দৈত্যবিশেষ; ইরানি ঐতিহ্য প্রভাবিত ভারতবর্ষীয় মুসলিমদের কাছেও দেও বা দেব দৈত্যবিশেষ (মধ্যযুগের মুসলিম রচিত বাংলা সাহিত্য দ্রষ্টব্য); প্রাচীন ইরানিরা ছিল অহোর (অসুর) উপাসক, দেব ছিল তাদের অরি।
দেও[২] *বি* দেব; দেবতা। [হি.]
দেওদার *বি* দেবদারু বৃক্ষ। [দিব+দার; ফা. দেবদারু]।
দেওয়া, দেয়া *ক্রি* প্রদান করা; যোগান; সরবরাহ করা; দান করা; জন্মানো; উৎপন্ন করা; সেচন করা; আরোপ করা; ক্ষমতা বা যোগ্যতা দেখানো; প্রতিষ্ঠা বা নির্মাণ করা। ❑ *বিণ* ১ প্রদত্ত। ২ সংশ্লিষ্ট বিষয়াদির সঙ্গে সম্পর্কিত এমন। ❑ *বি* দান বা দত্ত সামগ্রী।
দেওয়ান[১] *বি* ১ খাজনাদি আদায়ের জন্য নিযুক্ত সর্বপ্রধান কর্মচারী; রাজস্ব বিভাগের মন্ত্রী; রাজস্ব সচিব বা মন্ত্রী; রাজদরবার; মন্ত্রণাসভা। ২ উপাধিবিশেষ। [ফা. দীওয়ান]। **দেওয়ানখানা** *বি* কাছারি; দরবার গৃহ।
দেওয়ান[২]**, দিওয়ান** *বি* কাব্য-সংগ্রহ (যথা দিওয়ান-ই-হাফিজ)। [ফা.]
দেওয়ানা, দীওয়ানা *বি, বিণ* ১ বিবাগী; পাগল; পাগলের মতো; উন্মাদ। ২ বিকৃতমস্তিষ্ক। [ফা. দীওয়ানহ]
দেওয়ানি, দেওয়ানী *বি* দেওয়ানের পদ কাজ বা অধিকার। ❑ *বিণ* ১ ফৌজদারি বা অপরাধমূলক ঘটনা সম্পর্কিত নয়। [ফা.]। ২ বিষয়াদি সম্বন্ধীয়। [ফা.]। **দেওয়ানি মামলা/ মোকদ্দমা** *বি* বিষয়সম্পত্তি সম্বন্ধীয় মামলা।
দেওয়া-নেওয়া *বি* দান ও গ্রহণ।
দেওয়ানো *ক্রি* ১ অন্যের দ্বারা প্রদান বা অর্পণ করানো। ২ সম্পন্ন; সম্পাদন বা সমাধা করানো।
দেওর *বি* দেবর; স্বামীর ছোট ভাই। [স. দ্বিবর>বা.]
দেঁতো *বিণ* ১ দাঁতাল। ২ দাঁত দেখায় এমন; আন্তরিকতাশূন্য; কপট; কটুভাষী; কুতার্কিক। [স. দন্ত>বা দাঁত+উয়া>ও]। **দেঁতো হাসি** *বি* কপট হাসি; লোক দেখানো হাসি; যে হাসিতে আন্তরিকতা নেই।
দেখন-হাসি *বি* যাকে দেখলে মনে আনন্দ হয় এবং মুখে হাসি ফোটে। [বা. আঞ্চলিক]।
দেখা *ক্রি* দর্শন করা; চোখে পড়া; দৃষ্টিপাত করা; তাকানো; তত্ত্ব লওয়া; অভিজ্ঞতা থাকা; প্রত্যক্ষ জ্ঞান লাভ করা; পরীক্ষা বা পর্যবেক্ষণ করা; জব্দ করা; হুমকি দেওয়া। । **দেখাদেখি** *বি* পরস্পর দেখা সাক্ষাৎ; পরস্পর অনুকরণ। ❑ *ক্রিবিণ* অনুকরণে; নকলে। **দেখাশুনা, দেখাশোনা** *বি* তত্ত্বাবধান; খোঁজখবর।
দেড় *বিণ* এক ও আধ; ১½। [স. দ্ব্যর্ধ]। **দেড়া, দেড়ি** *বিণ* দেড়গুণ; বাড়তি; উদ্বৃত্ত।
দেড়কো *বি* পিলসুজ; দীপাধার। [স. দীপরক্ষা>দীয়রক্ষ>দেরক্ষ>দেড়কো]
দেড়ে *বিণ* দাড়িযুক্ত; শ্মশ্রুমণ্ডিত।
দেদার *বিণ* প্রচুর; অনেক; এন্তার; বিস্তর। [ফা. দীদওয়ার বা দীদহওয়ার]।
দেদীপ্যমান *বিণ* অত্যন্ত উজ্জ্বল বা দীপ্তিময় দেখাচ্ছে এমন; অতিশয় দীপ্তিশীল; জাজ্বল্যমান। [স.√দীপ্+যঙ+(শানচ) মান]।
দেদো *বিণ* দাদ রোগ আছে এমন।
দেনমোহর, মোহরানা *বি* মুসলমানের বিবাহে স্বামী স্ত্রীকে যে অর্থ দিতে অঙ্গীকার করে; কাবিন। [আ. দয়ন্ মহর্]
দেনা *বি* ধার; কর্জ; ঋণ; যে অর্থ ফেরত দিতে হবে। [আ. দয়ন্]। **দেনাদার, দেনদার** *বি, বিণ* ঋণী; খাতক। **দেনা-পাওনা** *বি* শোধযোগ্য ও প্রাপ্তিযোগ্য অর্থ।
দেব *বি* দেবতা; সুর; অমর; ত্রিদশ; ঈশ্বর; অধিপতি; হিন্দুদের মধ্যে প্রচলিত শব্দান্তে গৌরবসূচক প্রয়োগ। **দেবতা** *বি* দেব বা দেবী। [স.]। **দেবত্ব** *বি* দেবতার ভাব বা ঐশ্বর্য। **দেবাত্মা** *বিণ* দেবতাস্বরূপ; দেবকল্প। **দেবত্র, দেবোত্তর** *বিণ* ১ হিন্দু সমাজে দেবসেবায় উৎসর্গীকৃত। ২ দেবসেবার জন্য প্রদত্ত সম্পত্তি। **দেবদত্ত** *বি, বিণ* দেবতা

কর্তৃক প্রদত্ত; দৈব। **দেবদারু** *বি* এক প্রকার বৃক্ষ। **দেবদাসী** *বি স্ত্রী.* দেবমন্দিরের নর্তকী বা পরিচারিকা। **দেবদূত** *বি* স্বর্গীয় বার্তাবাহক; ফেরেশতা। **দেবনাগর, দেবনাগরী** *বি* নাগরী; যে হরফে হিন্দি ইত্যাদি ভাষা লেখা হয়।

দেবকী, দৈবকী *বি স্ত্রী.* শ্রীকৃষ্ণের মাতা; বসুদেবের স্ত্রী। **দেবকীনন্দন** *বি* কৃষ্ণ।

দেবত্ব, দেবত্র⟹দেব।

দেবর, দেওর *বি* স্বামীর ছোট ভাই।

দেবারি *বি* দেবতাদের শত্রু; দৈত্য; অসুর; রাক্ষস প্রভৃতি। [স. দেব+অরি]

দেবালয়, দেবায়তন *বি* দেবতার মন্দির। [স. দেব+আলয়/আয়তন]।

দেবাশ্রিত *বিণ* দেবতা কর্তৃক রক্ষিত; দেবতার আশ্রয়প্রাপ্ত; শরণাগত বা অনুগ্রহপ্রাপ্ত। [স. দেব+আশ্রিত]।

দেবী *বি স্ত্রী* ১ স্ত্রীদেবতা বা দেবকন্যা। ২ ভগবতী; দুর্গা; পরমেশ্বরী; আদ্যাশক্তি। ৩ বয়োজ্যেষ্ঠ স্ত্রীলোক বা ভদ্রমহিলাদের নামান্তে হিন্দু সমাজে ব্যবহৃত সম্ভ্রমার্থক পদবি।

দেবেন্দ্র *বি* দেবরাজ ইন্দ্র।

দেবেশ *বি* দেবতাদের ঈশ্বর; শিব; ইন্দ্র; বিষ্ণু; ব্রহ্মা। [স. দেব+ঈশ]

দেবোত্তর⟹দেব।

দেবোপম *বি* দেবতুল্য। [স. দেব+উপমা]

দেমাক, দেমাগ *বি* ১ মস্তিষ্ক; মাথার মগজ। ২ অহঙ্কার; গর্ব; আত্মাভিমান; বুদ্ধি। [আ. দিমাগ; ফা. দমাগ্]।

দেয় *বি, বিণ* দানের যোগ্য; যা দিতে হবে; দাতব্য। [স. √দা+য]

দেয়া[১] *বি* ১ আকাশ; গগন। ২ আকাশের মেঘ। [স. দেব>দেও>দেয়া]। **দেয়া ডাকে**—মেঘ গর্জন করে।

দেয়া[২] *ক্রি* প্রদান করা; দেওয়া।

দেয়াড়া, দিয়ারা *বি* পলিমাটি পড়ে নদীর যে উচ্চ তটভূমি গড়ে ওঠে তা। [আ. দিয়ার; (একব. দার)]

দেয়াল, দেওয়াল *বি* প্রাচীর; ইট বা মাটির দ্বারা গাঁথা বেষ্টনী; প্রাচীর গাত্র। [ফা. দিবার]। **দেয়ালগির, দেওয়ালগির** *বি* প্রাচীর গাত্রে সংলগ্ন চিমনিযুক্ত ঝুলন্ত প্রদীপ বিশেষ।

দেয়ালা, দিয়ালা, দেহালা *বি* স্বপ্নে শিশুর কান্না হাসি প্রভৃতি। [স. দেবলীলা>]

দেয়ালি, দেওয়ালি *বি* দীপালি; দীপান্বিতার উৎসব। ❑ *বিণ* দীপালোকে শোভিত; প্রদীপযুক্ত। [স. দীপাবলী>দীপালি>দেওয়ালি>]। **দেয়ালি পোকা, দেওয়ালি মক্ষী** *বি* দেওয়ালির সময়ে আলোতে পুড়ে পুড়ে মরে এমন পতঙ্গ বা পোকাবিশেষ; শ্যামা পোকা।

দেয়াসিনি, দেয়াধশিনী *বি স্ত্রী.* দেবকন্যা; দেবসেবিকা; পূজারিণী; মন্ত্রসিদ্ধা স্ত্রীলোক। [স. দেববাসিনী>]

দেয়াসী, দেয়াশী *বি* মনসা শীতলা প্রভৃতি দেবতার পূজারী বা পাণ্ডা। [স. দেববাসী>(আঞ্চলিক)]

-দের সাধারণত সম্বন্ধের (ষষ্ঠীর) বহুবচনজ্ঞাপক বিভক্তি।

দেরকো, দেলকো *বি* কাঠের তৈরি পিলসুজ বা দীপাধার। [স. দীপরক্ষা>]

দেরাজ *বি* টেবিল আলমারি প্রভৃতির মধ্যগত বাক্সের মতো আধারবিশেষ যা টেনে খোলা এবং ঠেলে বন্ধ করা যায়; টানা; drawer। [আ. দর্‌জ]

দেরি, দেরী *বি* বিলম্ব। [ফা.]

দেরেগ *বি* দুঃখ। [ফা. দেরীগ্]

দেল=দিল।

দেশ *বি* ১ মহাদেশের ভৌগোলিক অংশবিশেষ, যেমন—বাংলাদেশ। ২ রাষ্ট্র; স্থায়ী বাসভূমি; স্বদেশ। ৩ প্রদেশ; স্বগ্রাম। ৪ স্থান; অঞ্চল; দিক; ভাগ; অংশ। ৫ সঙ্গীতের একটি রাগের নাম। [স.]। **দেশজ** *বিণ* দেশজাত; দেশী। **দেশড়ি, দেশড়ী** *বি* দেশ পর্যটন। **দেশদ্রোহী** *বি, বিণ* দেশের শত্রু বা দুশমন বা ক্ষতিসাধক। **দেশমুখ** *বি* দেশের মুখ্য বা প্রধান ব্যক্তি। **দেশহিতব্রতী, দেশহিতৈষী** *বিণ* স্বদেশের কল্যাণ সাধনরূপ ব্রত গ্রহণ করেছে এমন।

দেশনা *বি* ১ উপদেশ; নির্দেশ; আদেশ; উল্লেখ। ২ শিক্ষা; পরামর্শ। **দেশিক** *বি* যিনি 'দেশনা' দেন।

দেশবন্ধু *বি* ১ দেশের সুহৃদ; দেশপ্রেমিক। ২ রাষ্ট্রনায়ক চিত্তরঞ্জন দাশকে জনগণের দেওয়া উপাধি।

দেশলাই⟹দিয়াশলাই।

দেশাচার *বি* দেশের জনসাধারণের মধ্যে প্রচলিত আচার বা রীতি। [স. দেশ+আচার]

দেশাত্মবোধ *বি* নিজ দেশের স্বার্থই নিজের স্বার্থ এই উপলব্ধি; দেশের জন্য দরদ বা প্রেম। [স. দেশ+আত্মবোধ]।

দেশান্তর *বি* ১ অন্য দেশ; ভিন্ন দেশ; দূরদেশ। ২ দ্রাঘিমা; মুখ্য মধ্যরেখা হতে কোনো নির্দিষ্ট স্থানের কৌণিক দূরত্ব বা নিরক্ষবৃত্তের চাপ। [স. দেশ+অন্তর]

দেশাল, দেশোয়াল *বিণ* স্বদেশী; দেশতো ভাই এমন। [হি. দেশওয়ালা]

দেশিকোত্তম *বি* শ্রেষ্ঠ আচার্য; গুরু; পথনির্দেশক; শান্তিনিকেতনের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সম্মান-সূচক উপাধি।

দেশী, দিশি *বিণ* ১ দেশজাত; স্বদেশজাত বা উৎপন্ন। ২ দেশবাসী; স্বদেশের মানুষ এমন।

দেশীয়, দেশ্য *বিণ* ১ দেশী; স্বদেশে জাত বা উৎপন্ন; -দেশ-সংক্রান্ত; দেশ-প্রচলিত। ২ প্রায় কাছাকাছি।

দেশোয়ালি *বি* দেশীয় ভাব বা অবস্থা; স্বদেশী মানুষ; পরিবেশ বা আবহাওয়া।

দেহ *বি* শরীর; অঙ্গ। [স.]। **দেহকোষ** *বি* চর্ম। **দেহজ** *বিণ* দেহ থেকে জাত বা উৎপন্ন। ❑ *বি* পুত্র; ছেলে। **দেহজা** *স্ত্রী.* কন্যা; মেয়ে। **দেহতত্ত্ব** *বি* শারীরবিদ্যা; দেহের অঙ্গ-প্রত্যঙ্গ সম্পর্কিত বিদ্যা; দেহের মধ্যেই সকল সত্য নিহিত এই তত্ত্ব; দেহ আত্মা ইত্যাদির তত্ত্ব। **দেহত্যাগ** *বি* প্রাণত্যাগ; মৃত্যু। **দেহপিঞ্জর** *বি* দেহরূপ খাঁচা বা পিঞ্জর; যেখানে পাখিরূপ আত্মা বাস করে। **দেহযাত্রা** *বি* দেহধারণ; জীবনযাপন। **দেহরক্ষা** *বি* দেহত্যাগ; মৃত্যু। **দেহরক্ষী** *বি* রাজা; রাষ্ট্রনায়ক প্রভৃতির দেহ রক্ষার্থে যে রক্ষী তাঁদের সঙ্গে সঙ্গে থাকে।

দেহলি, দেহলী *বি* দাওয়া; ঘরের সম্মুখস্থ রোয়াক; বারান্দা; দরজার চৌকাঠের উপরের বা নিচের কাঠ। [স.]

দেহাত *বি* পল্লীগ্রাম; পাড়াগাঁ। [ফা.]। **দেহাতি, দেহাতী** *বিণ* ১ গাঁয়ে বাস করে এমন। ২ গাঁয়ে ব্যবহৃত। ৩ গ্রাম্য; গেঁয়ো; গ্রামে অবস্থিত।

দেহাতীত *বিণ* দৈহিক সম্পর্ক বর্জিত; আত্মিক;

আধ্যাত্মিক। [স. দেহ+অতীত]
দেহাত্মবাদ, দেহাত্মপ্রত্যয় *বি* দেহ ও আত্মা অভিন্ন এই মতবাদ বা বিশ্বাস; চার্বাকের মতবাদ। [স. দেহাত্মন্+বাদ]। **দেহাত্মবাদী** *বি,বিণ* দেহই আত্মা বা দেহ হতে পৃথক আত্মা নেই এই মতবাদে বিশ্বাসী; চার্বাকপন্থী; চার্বাক বা তাঁর অনুসারী দার্শনিক।
দেহান্ত, দেহাবসান *বি* দেহত্যাগ; মৃত্যু। [স. দেহ+অন্ত/অবসান]
দেহান্তর *বি* অন্যদেহ; অন্য দেহপ্রাপ্তি; পুনর্জন্ম। [স. দেহ+অন্তর]
দেহাবসান=দেহান্ত।
দেহী *বিণ* দেহ ধারণকারী; শরীরী। ❑*বি* দেহধারী জীব; আত্মা যে দেহ ধারণ করে। [স. দেহ+ইন্]
দৈত্য *বি* অসুর; দানব; অসুর প্রকৃতির লোক; বিরাটকায় ব্যক্তি। **দৈত্যকুল** *বি* অসুর বা দানবের বংশ। **দৈত্যকুলে প্রহ্লাদ** *বি* মন্দ বংশের ভালো লোক; গোবরে পদ্মফুল। **দৈত্যগুরু** *বি* শুক্রাচার্য। **দৈত্যমাতা** *বি* কশ্যপ পত্নী দিতি। **দৈত্যারি** *বি* দৈত্যের শত্রু; দেবতা; বিষ্ণু।
দৈনন্দিন *বিণ* প্রাত্যহিক; প্রতিদিনের; দৈনিক। [স.]
দৈনিক *বিণ* প্রাত্যহিক; রোজ রোজ করতে হয় বা ঘটে এমন। ❑*বি* প্রত্যহ প্রকাশিত হয় এমন খবরের কাগজ।
দৈন্য *বি* দীনতা; দারিদ্র্য; অভাব; অপ্রাচুর্য; হীনতা; কৃপণতা; কাতরতা। **দৈন্যদশা** *বি* দারিদ্র্য; দুরবস্থা।
দৈব *বিণ* অলৌকিক; স্বর্গীয়; দেবতা হতে আগত বা জাত; দেবতা সম্বন্ধীয়। ❑*বি* অদৃষ্ট; ভাগ্য; নসিব। **দৈবজ্ঞ** *বি* গণৎকার; জ্যোতিষী। **দৈবদুর্বিপাক** *বি* ভাগ্য বিপর্যয়; অদৃষ্টের মন্দ পরিণাম; আকস্মিক বিপদ। **দৈববশত, দৈববশে** *ক্রিবিণ* ভাগ্যক্রমে; দৈবাৎ। **দৈববাণী** *বি* স্বর্গ হতে প্রেরিত কথা; আকাশবাণী; অদৃশ্য দেবতার উক্তি বা কথা। **দৈবশক্তি** *বি* অলৌকিক ঐশীশক্তি; বিধিদত্ত শক্তি। **দৈবাৎ** *অব্য* আকস্মিকভাবে; সহসা; হঠাৎ; দৈববশে। **দৈবাধীন, দৈবায়ত্ত** *বিণ* দেবতা বা ভাগ্যের বশে; অদৃষ্টের দ্বারা নিয়ন্ত্রিত; মানুষের আয়ত্তে নয় এমন। [স. দৈব+অধীন, আয়ত্ত]
দৈর্ঘ্য *বি* লম্বা দিকের মাপ; লম্বাই। [স.]
দৈশিক *বিণ* ১ দেশ সংক্রান্ত; দেশীয়; দেশজাত। ২ আংশিক; এক দেশ সম্বন্ধীয়। [স.]
দৈহিক *বিণ* দেহসংক্রান্ত; শারীরিক; দেহগত।
দো=দু। **দোআঁশ** *বিণ* এঁটেল ও বেলেমাটি মিশ্রিত। **দোআঁশলা, দোআঁসলা** *বিণ* বর্ণসংকর; ভিন্ন ভিন্ন জাতের পিতামাতার সংযোগজাত; এঁটেল ও বেলেমাটি মিশ্রণে উৎপন্ন; দোআঁশ। **দোআব**⟹দোয়াব। **দোকর** *বিণ* দুইবার; ডবল; প্রতিলিপি। **দোকলা, দোকা** *বিণ* দুই জন; এক সঙ্গে দুই জন। ❑*ক্রিবিণ* দুই জনে; দ্বিতীয় জন। **দোগানা, দোগুনা** *বিণ* দুই রাকাত বিশিষ্ট। [ফা. দুগানহ্ দুগুনাহ্] **দোছটি, দোছুটি, দোছোট** *বিণ* উত্তরীয়; উড়ানি। ❑*বি* দুই বেড়। **দোজবর, দোজবরে** *বি,বিণ* দ্বিতীয়বার বিয়ে করেছে বা করে এমন। **দোজমি** *বি* যে জমিতে বৎসরে দুইবার ফসল হয়। **দোটানা** *বি* দ্বিধা পরস্পর বিপরীতধর্মী দুই পক্ষ, দিক বা বস্তুর প্রতি আকর্ষণ; দ্বিধন। **দোতরফা, দুতরফা** *বিণ* উভয় পক্ষীয়; উভয় পক্ষ সম্বন্ধীয়। **দোতলা, দুতলা** *বিণ* দুই তল বা স্তরযুক্ত; এক তলার উপরস্থ দ্বিতীয় তল বা স্তর। **দোতারা, দুতারা** *বি* দুই তারযুক্ত বাদ্যযন্ত্রবিশেষ। **দোদমা** *বিণ* দুইবার আওয়াজ করে এমন। **দোদেল** *বিণ* দুই মনা; কপট। **দোদুল** *বিণ* দুলছে বা দোলায়মান এমন। **দোদুল্যমান** *বিণ* অনবরত দোলে বা দুলছে এমন। [স.]। **দোধারি, দুধারি** *বিণ* দুই ধারে অবস্থিত; উভয় পার্শ্বস্থ; উভয় পার্শ্বে ধার আছে এমন। **দোনলা, দোনালা** *বিণ* দুটি নল বা চোঙবিশিষ্ট। ❑*বি* দুই নলবিশিষ্ট বন্দুক। **দোপড়া** *বিণ* বিবাহ স্থির হবার পর কোনো কারণে বিবাহের সম্বন্ধ ভেঙ্গে গেছে এমন; পুনর্বার বিবাহিত। **দোপাট্টা** *বি* উত্তরীয়; উড়ানি; চাদর। ❑*বিণ* দুই স্তরে বিন্যস্ত। **দোপেয়ে, দুপেয়ে** *বি,বিণ* ১ দ্বিপদ। ২ মানুষ। **দোভাষী, দুভাষী** *বি,বিণ* দুইটি ভাষায় অভিজ্ঞ; অধিক আরবি ফারসি শব্দ মিশ্রিত বাংলা ভাষায় রচিত এমন; ভাষানুবাদক। **দোমনা**⟹দুমনা। **দোয়া, দো'আ,** *বি* আশীর্বাদ। [আ.]। **দোয়াব, দোআব, দুআব** *বি* দুই নদীর মধ্যবর্তী অঞ্চল। **দোশালা** *বি* শালের জোড়া। **দোসালা** *বিণ* দ্বিবার্ষিক। **দোসুতি, দোসূতি**⟹দুসুতি[১]।
দোঁহা[১] *বি* ১ চর্যাপদ; প্রাকৃত ও হিন্দি ভাষার ছন্দবিশেষ। ২ ঐরূপ ছন্দে রচিত প্রাচীন বাংলা অপভ্রংশ ও মধ্যযুগের হিন্দি; দুই চরণবিশিষ্ট পদ।
দোঁহা[২]⟹দুঁহা। **দোঁহাকার, দোঁহার, দুঁহার, দুহাঁকার** *সর্ব* উভয়ের; দুজনের। **দোঁহে** *সর্ব* উভয়ে; দুজনে।
দোকান *বি* ক্রয়বিক্রয়ের স্থান বা ঘর; বিপণি; পণ্যশালা। [ফা. দুকান]। **দোকানদার, দোকানি** *বি* দোকানের মালিক; পণ্য ব্যবসায়ী বা বিক্রেতা। [ফা. দুকান+দার]
দোক্তা, দোকতা *বি* ১ তামাক গাছের শুষ্ক পাতা। ২ পানের সাথে খাবার জন্য মশলা মিশ্রিত তামাক পাতার গুঁড়া। (তুল. সাদা)।
দোচালা, দুচালা *বিণ* দুই চালা আছে যাতে এমন। ❑*বি* দুই চালবিশিষ্ট ঘর।
দোজখ, দোযখ *বি* নরক; মহা ক্লেশদায়ক স্থান; মুসলমানি মতে পরকালে যেখানে পাপীদের শাস্তি দেওয়া হবে। [ফা.]
দোনা *বি* ১ পানের খিলি রাখার ঠোঙা। ২ পানের খিলি। [স. দ্রোণ>]
দোপাটি, দোপটী *বি* এক প্রকার ফুল। [স. দ্বিপুটী>]
দোপাট্টা⟹দো-।
দোপেয়াজা, দোপিয়াজি *বি* অধিক পিয়াজ সহযোগে প্রস্তুত মাছ বা মাংসের ঝোলহীন ব্যঞ্জন। [ফা. দোপিয়া-সহ্]
দোফলা *বিণ* দুটি ফলন হয় এমন; বৎসরে দুই বার ফল দেয় এমন। **দোফসলি, দোফসলী** *বিণ* বৎসরে দুই বার ফসল জন্মে এমন। **দোফাঁকড়া, দোফ্যাকড়া** *বিণ* দুইটি ডাল বা শাখায় বিভক্ত। **দোফাল, দোফালি** *বি* দুই খণ্ড। ❑*বিণ* দুই খণ্ডে বা ফালিতে বিভক্ত। [ফা. দু+আ. ফিক্‌র আ. ফিরক্]
দোবারা, দোবরা *বিণ* ডবল; দুই বার করা হয়েছে এমন; পরিষ্কার দানাদার। [ফা. দুবারহ্]
দোভাষা, দোভাষী⟹দো-।
দোমনা, দুমনা *বি,বিণ* দ্বিধাগ্রস্ত; সন্দিগ্ধ। **দোমহলা** *বিণ* দুই মহলবিশিষ্ট। ❑*বি* দোতলা বাড়ি। [ফা. দু+আ.

মহল্ল+বা. আ]
দোমুখো *বিণ* দুই মুখ আছে এমন; দুই মুখযুক্ত; মুখ দিয়ে দুই রকম কথা বের হয় এমন; পক্ষে-বিপক্ষে দুই রকম কথা বলে এমন।
দোমেটে *বিণ* দুইবার মাটির প্রলেপ দেওয়া হয়েছে এমন; দ্বিতীয়বার সংস্কার করা হয়েছে এমন।
দোয়া[১]**, দোআ** *বি* আশীর্বাদ; মঙ্গল কামনা। [আ. দু'আ]। **দোয়া-দরুদ** *বি* আল্লাহর মহিমাকীর্তন ও মঙ্গল প্রার্থনা।
দোয়া[২] *ক্রি* দোহন করা (দুধ দোয়ানো)।
দোয়াজ-দহম *বি* বারোতম দিন। [ফা. দুয়ায দহম]। **ফাতেহা দোয়াজ-দহম** *বি* ১২ই রবিউল আউয়াল তারিখে হজরত মুহম্মাদ (সা.)-এর জন্ম ও ইন্তেকাল দিবস।
দোয়াজা, দোয়াজি *বিণ* দ্বিতীয়। ❑*বি* দ্বিগুণ। [স. দ্বি> বা.]।
দোয়াড়ি *বি* মাছ ধরার বাঁশের যন্ত্রবিশেষ।
দোয়াত *বি* মস্যাধার; লেখার কালি রাখার আধারবিশেষ। [আ. দওয়াত]। **দোয়াতদানি** *বি* দোয়াত রাখার পাত্রবিশেষ।
দোয়ানি, দোয়ার⟹দুও, দো। **দোয়ানি, দোআনি, দুআনি, দুয়ানি** *বি* পূর্বে প্রচলিত দু আনা বা আট পয়সা মূল্যের মুদ্রাবিশেষ; বর্তমানে প্রচলিত বারো বা তেরো পয়সা মূল্যের সমান মুদ্রা।
দোয়ার, দোয়ারকি, দোয়ারি⟹দোহার।
দোয়েল, দয়েল *বি* এক প্রকার পাখি; সুমধুর গায়ক পাখিবিশেষ; বাংলাদেশের জাতীয় পাখি।
দোর⟹দুয়ার। **দোরগোড়া** *বি* দুয়ারের নিচু অংশ।
দোররা *বি* চাবুক। [আ. দুর্‌রঃ]
দোরস্ত⟹দুরস্ত।
দোরোকা, দোরোখা *বিণ* উভয় পিঠই সমান কারুকার্য বা রংবিশিষ্ট (দোরোকা শাল)। [ফা. দু+রুখ (মুখ),+বা. আ]
দোর্দণ্ড *বি* বাহুদণ্ড; ভুজরূপ দণ্ড। ❑*বিণ* প্রবল। [স. দোঃ+দণ্ড]। **দোর্দণ্ড প্রতাপ** *বি* দৃঢ় বাহুবল; প্রবল শক্তি। ❑*বিণ* অত্যন্ত শক্তিশালী।
দোল *বি* ১ দোলন; ঝুলনের কাজ; দোলা; শিবিকা। ২ হোলি; ফাল্গুনী পূর্ণিমায় কৃষ্ণের ঝুলন উৎসব। **দোলযাত্রা** *বি* হোলি উৎসব; কৃষ্ণের ঝুলন উৎসব।
দোলক *বি* দোলে এমন বস্তু; ঘড়ির পেন্ডুলাম; হারের মধ্যস্থলস্থ অলঙ্কারবিশেষ; তখতি।
দোলন *বি* ১ আন্দোলন; কম্পন; দোল খাওয়া। ২ ঝুলন। [স.]। **দোলন্ত** *বিণ* দোলে এমন।
দোলনা *বি* ১ শিশুকে দোল দেওয়ার জন্য তৈরি বাঁশের বা কাঠের নির্মিত কাঠামো বা শয্যাবিশেষ। ২ বৃক্ষশাখায় রশি বেঁধে ঝুলবার ও দুলবার আসনবিশেষ।
দোলা[১] *বি* দোলনা; পালকি বা শিবিকাবিশেষ; চতুর্দোল; শব বহনের খাটুলি বা মাচান। ❑*ক্রি* দোল খাওয়া; ঝুলা; আন্দোলিত হওয়া। [স.]
দোলাই, দোলা[২] *বি* দুই স্তর কাপড় দিয়ে প্রস্তুত শীতবস্ত্র। [হি. দুলাই]
দোলানো, দুলানো *ক্রি* দোল দেওয়া। ❑*বিণ* আন্দোলিত।
দোলায়মান *বিণ* ১ দোদুল্যমান; দুলছে এমন; দোলনশীল। ২ সংশয়াপন্ন; দ্বিধাগ্রস্ত; সন্দিহান। ৩ চঞ্চল। [স.]
দোলায়িত *বিণ* আন্দোলিত; দোলানো হচ্ছে এমন।
দোশালা⟹দো-।
দোষ *বি* অপরাধ; মন্দকাজ; ত্রুটি; খুঁত; খারাপ স্বভাব; নিন্দা; কলঙ্ক; রোগ; বিকার; ফের; মন্ত্র-প্রভাব। **দোষল** *বিণ* দোষ আছে এমন; দোষযুক্ত।
দোষা, দুষা *ক্রি* দোষ দেওয়া; দোষারোপ করা। **দোষাদোষ** *বি* দোষগুণ; দোষ-অদোষ।
দোষাবহ *বিণ* দোষজনক; দোষযুক্ত; অপরাধজনক। [স. দোষ+আবহ]
দোষারোপ *বি* দোষ দেওয়া; দোষ প্রদান; অপরাধী করণ। [স. দোষ+আরোপ]
দোষী *বিণ* অপরাধী; দোষল; দোষযুক্ত।
দোসর *বি* সঙ্গী; সাথী; অংশীদার; দ্বিতীয় ব্যক্তি; সহায়; সাহায্যকারী। [হি. দুসরা]। **দোসরী** *স্ত্রী.* সঙ্গিনী; সখী। [তুল. হি. দুসরা]। (তুল. দোসর-সহচর, সমসর-সমতুল্য)।
দোসরা, দুসরী *বিণ* দ্বিতীয়; অন্য; অপর। ❑*বি* মাসের দ্বিতীয় তারিখ। [তুল. হি. দুসরা]
দোসারি *বি* দুই পঙ্‌ক্তি; দুই থাক বা শ্রেণী।
দোসুতি, দোসুতী *বি, বিণ* ডবল/দ্বিগুণ সুতায় বোনা বস্ত্র বা চাদর।
দোস্ত *বি* বন্ধু; মিত্র; সুহৃদ। [ফা.]। **দোস্ত-আশনা** *বি* বন্ধু ও আপনজন। **দোস্তি, দুস্তি** *বি* বন্ধুত্ব; সখ্য।
দোহন *বি* দুধ দোয়া কাজ; শোষণ; অন্যের অর্থাদি কৌশলে ধীরে ধীরে আত্মসাৎকরণ। [স.]
দোহরানো *ক্রি* পালটানো; পুনরাবৃত্তি করা; দ্বিতীয়বার করা। [হি.]
দোহা, দোয়া *ক্রি* দোহন করা। ❑*বি* দোহন। ❑*বিণ* দোহন করা হয়েছে এমন। **দোহানো, দোয়ানো** *ক্রি* দোহন করানো।
দোহাই *বি* দিব্য; শপথ; কিরা; অছিলা; অজুহাত; ছুতা; সুবিচার; দয়া ইত্যাদি প্রার্থনাসূচক আহ্বান; অনুরোধ মিনতি কাতরতা বা আবেদনের ভাব প্রকাশ; দায়িত্ব আরোপ। **দোহাই দেওয়া** *ক্রি* শপথ করা; নজির দেখানো; ঈশ্বরের, পীরের, মালিকের নামে সুবিচার প্রার্থনা।
দোহান *সর্ব* উভয়েই।
দোহার[১]**, দোয়ার** *বি* গায়কের সহকারী; যে মূল গায়কের সুরে ধুয়া ধরে। **দোহারকি, দোহারি, দোয়ারকি** *বি* ১ দোহারের কাজ বা বৃত্তি বা পেশা; পুনরাবৃত্তি। ২ মূল গায়কের সহকারিতা।
দোহার[২] *বি* মাছ ধরার উপকরণবিশেষ।
দোহারা *বিণ* ১ দ্বিগুণ। ২ দুই ভাঁজবিশিষ্ট; যাতে দুই প্রস্থ বুনন আছে। ৩ স্থূল ও কৃশের মাঝামাঝি; পুষ্টাঙ্গ; সুঠাম।
দৌড় *বি* ১ বেগে গমন; ধাবন; ছুট; প্রতিযোগিতামূলক ধাবন; বেগে পলায়ন। ২ সীমা; বিস্তার; প্রসাদ; ক্ষমতা। **দৌড়ঝাঁপ, দৌড়ধাপ** *বি* ১ ধাবন ও লম্ফ; দৌড় ও লাফ। ২ দাপাদাপি; উদ্দামভাবে সশব্দে চলাফেরা। ৩ ব্যস্ততার সঙ্গে ছুটাছুটি বা দৌড়াদৌড়ি।
দৌড়া *ক্রি* ছোটা; বেগে ধাবিত হওয়া; দ্রুত গমন করা।
দৌড়াদৌড়ি *বি* ছুটাছুটি; ক্রমাগত ইতস্তত ধাবন বা দৌড়।

দৌড়ানো, দৌড়নো *ক্রি* ছোটা; বেগে ধাবিত হওয়া; দৌড় দেওয়া; দৌড় বা ছোটাছুটি করানো।
দৌত্য *বি* ১ দূতিয়ালি। ২ ঘটকালি। [স.]
দৌবারিক *বি* দ্বারপাল; দ্বারী; দ্বারবান; দারোয়ান। **দৌবারিকী** *স্ত্রী.*। [স.]
দৌরাত্ম্য *বি* ১ নির্যাতন, উৎপীড়ন, নিষ্ঠুরতা, অত্যাচার, পাপাচরণ, দুরাচারমূলক কাজ, বদস্বভাব। ২ দুরন্তপনা, অশান্ত আচরণ, উপদ্রব। [স.]
দৌর্বল্য *বি* ১ দুর্বলতা; শক্তিহীনতা। ২ কোনো বিষয়ে অসংযম বা অতিরিক্ত আসক্তি; মোহ; আকর্ষণ। [স.]
দৌলত, দৌলৎ *বি* ঐশ্বর্য; ধনরত্ন; সম্পদ; দয়া; অনুগ্রহ; আনুকূল্য। [আ. দওলৎ]। **দৌলতখানা, দৌলৎখানা** *বি* ১ ঐশ্বর্য বা ধনসম্পদপূর্ণ বাসভবন; ধনীর প্রাসাদ। ২ গৃহ; বাসস্থান। [আ. দৌলত+ফা. খানহ্]। **দৌলতশালা** *বি* রত্নাগার; ঐশ্বর্যভাণ্ডার।
দৌহিত্র *বি* দুহিতা বা কন্যার পুত্র; নাতি। **দৌহিত্রী** *বি স্ত্রী.* কন্যার কন্যা; নাতনী। [স.]
দ্যু *বি* স্বর্গ; আকাশ। **দ্যুচর** *বি* আকাশচর; স্বর্গচারী; উভচর পাখি। **দ্যুলোক** *বি* স্বর্গলোক; স্বর্গ। [স.]
দ্যুতি *বি* প্রভা; দীপ্তি; কিরণ; শোভা; সৌন্দর্য। **দ্যুতিমান** *বিণ* ১ জ্যোতির্ময়; দীপ্তিশালী। ২ শোভমান। [স.]
দ্যূত, দ্যূতক্রীড়া *বি* ১ বাজি রেখে পাশা খেলা; অক্ষক্রীড়া। ২ জুয়াখেলা; পণ বা বাজি রেখে খেলা। [স.]। **দ্যূতকার, দ্যূতকর** *বি* ১ যে পাশা খেলে। ২ জুয়াড়ি।
দ্যো *বি* স্বর্গ; আকাশ। [স.]
দ্যোতক *বিণ* ১ দ্যোতনা বা সূচনা করে এমন; সূচক; প্রকাশক; ব্যঞ্জক। ২ উদ্বোধক; দীপ্তিমান। **দ্যোতনা** *বি* ব্যঞ্জনা; সূচনা; দীপ্তি প্রকাশ। **দ্যোতিত** *বিণ* দীপ্ত; প্রকাশিত। [স.]
দ্রব *বিণ* তরল; জলের মতো এমন; গলিত। ☐ *বি* জল ইত্যাদি দ্বারা বিগলিত পদার্থ; তরল পদার্থ। **দ্রবণ, দ্রাব** *বি* গলন; ক্ষরণ; তরলীভবন; রসবিশেষ। **দ্রবণীয়, দ্রাব্য** *বিণ* গলানো যায় এমন।
দ্রবীকরণ *বি* দ্রাবণ; কঠিন পদার্থকে তরলীকরণ; গলানো। **দ্রবীকৃত** *বি* গলানো হয়েছে এমন; তরলায়িত। [স.]
দ্রবীভবন, দ্রবীভাব *বি* তরল অবস্থাপ্রাপ্তি; গলে যাওয়া অবস্থা। **দ্রবীভূত** *বিণ* গলে গিয়েছে বা তরল হয়েছে এমন। [স.]
দ্রব্য *বি* জিনিস; পদার্থ; বস্তু। **দ্রব্যগুণ** *বি* দ্রব্যের ধর্ম বা ক্রিয়া; দ্রব্যের গুণ বিষয়ক বস্তু; আয়ুর্বেদীয় চিকিৎসা গ্রন্থ। **দ্রব্যসামগ্রী** *বি* জিনিসপত্র। [স.]
দ্রষ্টব্য *বিণ* দর্শনযোগ্য; চোখে দেখা যায় এমন; দেখা বা জানা উচিত এমন; বিবেচনার যোগ্য; বিবেচ্য। [স.]
দ্রষ্টা *বি,বিণ* দর্শক; দর্শনকারী; দেখে এমন; সাক্ষী; গভীর অন্তর্দৃষ্টি বা সত্য দৃষ্টিসম্পন্ন; বিচারক। [স.]
দ্রাক্ষা *বি* আঙুর ফল বা লতা। **দ্রাক্ষারস** *বি* মদ। [স.]
দ্রাঘিমা *বি* ১ গ্রিনিচস্থিত মধ্যরেখা থেকে পৃথিবীর অন্য কোনো স্থানের মধ্যরেখার কৌণিক দূরত্ব। ২ দৈর্ঘ্য।
দ্রাবক *বিণ* দ্রবকারক; গলায় এমন। ☐ *বি* অম্ল। [স.]। **দ্রাবণ** *বি* তরলায়িত পদার্থ; দ্রবীকরণ; গলানো পদার্থ। **দ্রাবিত** *বিণ* দ্রবীকৃত; গলানো হয়েছে এমন।
দ্রাবিড় *বি* ১ প্রাচীন ভারতের জাতিবিশেষ। ২ দক্ষিণ ভারতের অঞ্চলবিশেষ; আধুনিক তামিলনাড়ু; ঐ অঞ্চলের অধিবাসী/ ভাষা। ☐ *বিণ* ঐ অঞ্চলে জাত। **দ্রাবিড়ী** *বি* দ্রাবিড় জাতির ভাষা; তামিল, তেলেগু, মালয়ালম প্রভৃতি। ☐ *বি স্ত্রী.* দ্রাবিড় দেশের স্ত্রীলোক। [স.]
দ্রিম দ্রিম অনুকার শব্দ।
দ্রুত *বিণ* ক্ষিপ্র; ত্বরান্বিত; সত্বর। ☐ *ক্রিবিণ* শীঘ্র; তাড়াতাড়ি। **দ্রুততা, দ্রুতি** *বি*। [স.]। **দ্রুতগামী** *বিণ* শীঘ্র বা বেগে গমনকারী। **দ্রুতচারী** *বিণ* দ্রুতগতিতে বিচরণকারী। **দ্রুতপদে** *ক্রিবিণ* সত্বর; তাড়াতাড়ি পা চালিয়ে; ক্ষিপ্রগতিতে।
দ্রুম *বি* বৃক্ষ; গাছ। [স.]
দ্রোণ *বি* ১ কুরুবংশের অস্ত্রগুরু দ্রোণাচার্য; ভরদ্বাজ মুনির পুত্র। ২ শস্য ইত্যাদি মাপার পাত্রবিশেষ। ৩ শস্যাদির পরিমাণ নির্দেশক শব্দ। ৪ চট্টগ্রামে ১৬ কানিতে এক দ্রোণ। ৫ দাঁড়কাক। ৬ পুষ্পবিশেষ। [স.]
দ্রোণি, দ্রোণী *বি* ১ ডোঙ্গা; এক প্রকার ছোট নৌকা; ডিঙ্গি। ২ দুনি; জল সেচনী; কলস; মাটির তৈরি জলপাত্রবিশেষ। ৩ গরুর জাব খাবার গামলা। ৪ দুই পর্বতের মধ্যস্থ নিম্নভূমি। [স.]। **দ্রোণিদল** *বি* কেয়াফুলের গাছ।
দ্রোহ *বি* ১ অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ানো। ২ শত্রুতা; অপকার; অপরের ক্ষতি সাধন বা তার চিন্তা। [স.]। **দ্রোহিতা** *বি* শত্রুতামূলক আচরণ বা কাজ; ক্ষতি বা ধ্বংসাত্মক কাজ। **দ্রোহী** *বি,বিণ* যে অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ায়; শত্রু; অনিষ্টকারী।
দ্বন্দ্ব *বি* ১ বিরোধ; কলহ; ঝগড়া; বিবাদ। ২ যুদ্ধ; মল্লযুদ্ধ। ৩ দুই সমাসবিশেষ। ৪ জোড়া; যুগল; মিথুন। **দ্বন্দ্বযুদ্ধ** *বি* দুই ব্যক্তির মধ্যে লড়াই; মল্লযুদ্ধ। [স.]। **দ্বন্দ্বী** *বিণ* বিবাদকারী; বিবাদী; অন্যের বিরোধী বা শত্রু।
দ্বয় *সর্ব* দুই; দ্বিসংখ্যক; যুগল; মিথুন। [স.]
দ্বাচত্বারিংশ *বিণ* ৪২ সংখ্যা। **দ্বাচত্বারিংশৎ** *বি* ৪২ সংখ্যা; বিয়াল্লিশ। ☐ *বিণ* ৪২ সংখ্যক। [স.]। **দ্বাচত্বারিংশত্তম** *বিণ* ৪২ সংখ্যার পূরক।
দ্বাত্রিংশ *বিণ* ৩২ সংখ্যার পূরক। [স.]। **দ্বাত্রিংশৎ** *বি* ৩২ সংখ্যা; বত্রিশ। ☐ *বিণ* ৩২ সংখ্যক। **দ্বাত্রিংশত্তম** *বিণ* ৩২ সংখ্যার পূরক।
দ্বাদশ *বি* ১২ সংখ্যা; বারো। ☐ *বিণ* ১২ সংখ্যক; ১২ সংখ্যার পূরক। [স.]। **দ্বাদশী** *বি স্ত্রী.* একাদশীর পরবর্তী; তিথিবিশেষ। ☐ *বিণ স্ত্রী.* ১ দ্বাদশ বর্ষ বয়স্কা এমন। ২ দ্বাদশ স্থানে অবস্থিতা এমন।
দ্বাপর *বি* ১ হিন্দু পুরাণোক্ত যুগবিশেষ; চারটি যুগের তৃতীয়টি। ২ এ যুগের অবতার কৃষ্ণ। [স.]
দ্বাবিংশ *বিণ* ২২ সংখ্যার পূরক। [স.]। **দ্বাবিংশতি** *বি* ২২ সংখ্যা; বাইশ। ☐ *বিণ* ২২ সংখ্যক।
দ্বার *বি* দরজা; দুয়ার; প্রবেশ ও নির্গমনের পথ। [স.]। **দ্বারদেশ, দ্বারপ্রান্ত** *বি* দরজার নিকটবর্তী স্থান; অতি নিকটবর্তী স্থান। **দ্বারপাল, দ্বারবান, দ্বাররক্ষক, দ্বাররক্ষী, দ্বারী, দ্বারিক** *বি* দারোয়ান; দৌবারিক; দরজায় পাহারারত কর্মচারী। [ফা. দরবান; স. দ্বার]
দ্বারকা, দ্বারিকা, দ্বারবতী, দ্বারাবতী *বি* আরব সাগরের তীরে গুজরাটের কাথিওয়াড়ে অবস্থিত নগরবিশেষ; মহাভারতোক্ত শ্রীকৃষ্ণের আবাসস্থল। **দ্বারকানাথ, দ্বারিকানাথ, দ্বারকাপতি, দ্বারিকাপতি,**

দ্বারকেশ *বি* কৃষ্ণ। [স.]
দ্বারস্থ *বি* দরজায় উপনীত বা অবস্থিত। ❑*বিণ* সাহায্য বা ভিক্ষাপ্রার্থী, শরণাগত। **দ্বারোদ্‌ঘাটন** *বি* ১ দরজা খোলা। ২ প্রতিষ্ঠানের আনুষ্ঠানিক আরম্ভ।
দ্বারা *অব্য* সাহায্যে; মারফতে; দিয়ে; কর্তৃক; যোগে। [স. দ্বার্>]
দ্বি *বি* সংখ্যা; দুই। ❑*বিণ* দুই সংখ্যক। [স.]। **দ্বিকর্মক, দ্বিকর্মিকা** *বিণ* দুই কর্মপদবিশিষ্ট। **দ্বিখণ্ডিত** *বিণ* সমান বা অসমান দুই খণ্ডে বিভক্ত। **দ্বিগু** *বি* সংখ্যার সমাহার বুঝাতে ব্যবহৃত এক প্রকার সমাস। **দ্বিচারিণী** *বি,বিণ স্ত্রী.* ভ্রষ্টা; কুলটা; ব্যভিচারিণী। **দ্বিজ, দ্বিজন্মা** *বি* ১ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য যারা একবার মাতৃগর্ভ হতে জন্মলাভ করে এবং পরে উপনয়নাদি সংস্কার দ্বারা নবজন্ম লাভ করে। ২ পাখি ইত্যাদি অণ্ডজ প্রাণী। **দ্বিজবর** *বি* ব্রাহ্মণ। **দ্বিতীয়** *বি* ১ দুই সংখ্যা; ২। ২ দুইয়ের সমষ্টি। ❑*বিণ* দুই সংখ্যক; দ্বিবিধ। **দ্বিত্ব** *বি* ১ দ্বিগুণত্ব। ২ পুনরুক্তি। **দ্বিধা** *ক্রিবিণ* দুই ভাগে; দুই উপায়ে বা রকমে বা রীতিতে। ❑*বিণ* দ্বিখণ্ডিত। ❑*বি* সংশয়। **দ্বিপ** *বি* হাতি। **দ্বিপঞ্চাশৎ** *বি* ৫২ সংখ্যা; বাহান্ন। **দ্বিরদ** *বি* হাতি; যার দুটি দাঁত আছে। **দ্বিরদ-রদ** *বি* হাতির দাঁত; গজদন্ত। **দ্বিরাগমন** *বি* বিবাহের পর নববধূর দ্বিতীয়বার স্বামীর গৃহে গমন; হিন্দু সংস্কার। দ্বিরুক্ত *বিণ* দুই বার কথিত; দুই বার লিখিত বা উল্লিখিত হয়েছে এমন। ❑*বি* আপত্তি; অমত। **দ্বিরেফ** *বি* ভ্রমর; ভোমরা; যার মাথার উপরে রেফের মতো দুটি শুয়া আছে। **দ্বিসপ্ততি** *বি* ৭২ সংখ্যা; বাহাত্তর। ❑*বিণ* বাহাত্তর সংখ্যক। [স.]
দ্বীপ *বি* চারদিকে পানি বেষ্টিত ভূভাগ। **দ্বীপান্তর** *বি* ১ দূরস্থ দ্বীপে নির্বাসন। ২ অন্য দ্বীপ। [স. দ্বীপ+অন্তর]।
দ্বেষ *বি* ১ ঈর্ষা; হিংসা; পরশ্রীকাতরতা; বিরাগ। ২ শত্রুতা; বৈরীভাব। **দ্বেষণ** *বি* ঈর্ষাকরণ; হিংসোকরণ।
দ্বৈত *বি* দ্বিত্ব; দুই প্রকারের ভাব; দ্বিবিধত্ব; দুইয়ের সত্তা; যুগ্মভাব; বনবিশেষ। **দ্বৈতবাদ** *বি* দার্শনিক মত যাতে জীবাত্মা ও পরমাত্মা—সৃষ্টি ও স্রষ্টা ভিন্ন।
দ্বৈধ *বি* ১ অনৈক্য; বিরোধ; মতপার্থক্য। ২ দ্বিবিধভাব। ৩ সন্দেহ; সংশয়; দ্বিধা। [স.]
দ্বৈভাষিকী *বি* দুই ভাষার সংমিশ্রণে গঠিত। [স.]
দ্বৈরথ *বি* দুই রথীর যুদ্ধ। ❑*বিণ* দুই রথী যুধ্যমান এমন। [স.]
দ্ব্যক্ষর *বিণ* দুই অক্ষরবিশিষ্ট বা দুই বর্ণবিশিষ্ট মন্ত্রবিশেষ। [স. দ্বি+অক্ষর]
দ্ব্যর্থ *বি* দুই রকমের অর্থ। ❑*বিণ* দুই রকমের অর্থবিশিষ্ট। [স. দ্বি+অর্থ]। **দ্ব্যর্থক, দ্ব্যর্থবোধক** *বিণ* দুই রকমের অর্থ হয় এমন। [স.]
দ্ব্যশীতি *বি* ৮২ সংখ্যা; বিরাশি। ❑*বিণ* বিরাশি সংখ্যক। **দ্ব্যশীতিতম** *বিণ* বিরাশি সংখ্যার পূরক। [স. দ্বি+ অশীতি, অশীতিতম]
দ্ব্যাত্মবাদী *বিণ* দ্বৈতবাদী। [স.]

ধ

ধ বাংলা বর্ণমালার উনবিংশ ব্যঞ্জনবর্ণ।
ধক[১] *অব্য* ১ হঠাৎ আগুন জ্বলে ওঠার শব্দ। ২ হঠাৎ হৃৎপিণ্ডের প্রবল স্পন্দনের শব্দ।
ধক[২] *বি* প্রচণ্ডতা; শক্তি, তেজ।
ধক ধক *অব্য* ১ সতেজে আগুন জ্বলার ও তার প্রখর দীপ্তিজ্ঞাপক শব্দ। ২ হৃৎপিণ্ডের ক্রমাগত প্রবল স্পন্দনজ্ঞাপক। **ধকধকানি** *বি* ১ প্রবল স্পন্দন; শোক; দুঃখানুভব। ২ প্রবলভাবে আগুন জ্বলার ভাবসূচক শব্দ। **ধকধকানো** *ক্রি* ধক ধক করা।
ধকল *বি* ১ ধাক্কা; আঘাত; চোট। ২ কর্মভারজনিত শ্রম; কাজের চাপ; খাটুনি। ৩ হাঙ্গামা; উৎপাত; উপদ্রব; উৎপীড়ন। ৪ বহুবার প্রয়োগ বা ব্যবহারজনিত ক্ষয়। [স. ধক্ক>বা. অল=ধকল]। **ধকল সওয়া** *ক্রি* অত্যাচার সহ্য করা; ধাক্কা সওয়া।
ধঞ্চে, ধইঞ্চা *বি* পাটগাছের মতো ছোট গাছ; যার কাণ্ড জ্বালানিরূপে ও পাতা পচিয়ে সবুজসাররূপে ব্যবহৃত হয়। [বা. ধনিচ>ধনচে>ধঞ্চে>ধইঞ্চে]
ধট *বি* ১ তুলাদণ্ড; নিক্তি। ২ ধড়া; কটিবসন। **ধটধারী, ধটী**[১] *বিণ* তুলাদণ্ডধারী। [স.]
ধটি, ধটী[২]**, ধটিকা** *বি* ১ কৌপীন। ২ ছিন্নবস্ত্র খণ্ড; নেকড়া। ৩ কটিবসন; ধুতি; ধড়া। ৪ পাঁচ সের পরিমাণ। [স.]
ধড় (ম-বা) *বি* ১ সমস্ত শরীর; দেহ। ২ মস্তকহীন দেহ। ৩ কাঁধ থেকে কোমর পর্যন্ত অংশ। । **ধড়ে প্রাণ আসা** *ক্রি* বিপদ থেকে উদ্ধার পেয়ে সুস্থির হওয়া। **আগধড়** *বি* কাঁধ থেকে কটি পর্যন্ত অংশ। **পাচধড়** *বি* কটি থেকে নিম্নাংশ। [হি.]
ধড়ফড়, ধড়পড় *অব্য* ১ অস্থিরতা প্রকাশ; অতিরিক্ত ছটফট। ২ হৃৎপিণ্ডের স্পন্দন। **ধড়ফড়ানি** *বি* ১ ছটফটানি। ২ অস্থির; অস্থিরতা; ব্যাকুলতা। ৩ হাঁপানি। **ধড়ফড়ে** *বিণ* ১ ছটফটে। ২ অধীর; ব্যস্ত-সমস্ত। **ধড়ফড়ে কাজ** *বি* যে কাজ তাড়াহুড়া করে করা হয়। **ধড়ফড়ে ব্যথা** *বি* যে তীব্র ব্যথায় প্রসূতি ধড়ফড় করে ও অল্প সময়ের মধ্যে সন্তান ভূমিষ্ট হয়; যে ব্যথা অবিলম্বে সন্তান প্রসব করায়। **বুক ধড়ফড় করা** *ক্রি* ১ দুর্বলতা অথবা ভয়ে হৃৎপিণ্ড জোরে স্পন্দিত হওয়া। ২ হৃৎপিণ্ডের স্পন্দনরূপ ব্যাধি। **মন বা প্রাণ ধড়ফড় করা** *ক্রি* চিত্ত ব্যাকুল হওয়া।
ধড়মড় *অব্য* কোনো আকস্মিক ঘটনাতে ব্যস্ততার ভাব; অত্যন্ত উৎকণ্ঠা ও ব্যস্ততাজ্ঞাপক ভাব। । **ধড়মড়ানি** *বি*।
ধড়া *বি* ১ কটিবসন; মালকোঁচা দিয়ে পরা কাপড়। ২ চীরবস্ত্র; কৌপীন; নেকড়া; ধুতি। [স. ধট/ধটিকা>]। **ধড়াচূড়া, ধড়াচুড়ো** *বি* ১ শ্রীকৃষ্ণের ধুতি ও মুকুট; সাজ পোশাক। ২ অফিস-আদালতের বিশেষ ধরনের সাজ-পোশাক। **পীতধড়া** *বি* শ্রীকৃষ্ণের হলুদ বর্ণের রঞ্জিত পরিচ্ছদ।
ধড়াস *অব্য* ১ কোনো জিনিস পড়ার শব্দ। ২ হৃৎস্পন্দনের

শব্দ। **ধড়াস ধড়াস** *অব্য* ক্রমাগত বেগে হৃৎস্পন্দনের শব্দ; প্রবল ধড়ফড়।

ধড়িবাজ *বিণ* ১ ধূর্ত; শঠ; ফন্দিবাজ; প্রতারক। ২ ফেরেববাজ; কূটকৌশলী। [স. ধূর্ত>বা. ধড়ি+ফা. বাজ]। **ধড়িবাজি** *বি* ধড়িবাজের ন্যায় ব্যবহার; দাগাবাজি।

ধন *বি* ১ টাকাকড়ি; অর্থ। ২ স্থাবর-অস্থাবর সম্পত্তি। ৩ সম্পদ; সোনা-রুপা-মণি-মাণিক্যাদি। ৪ স্নেহ-সম্বোধন। ৫ সম্বল। ৬ (জ্যো-বি) ধনিষ্ঠা নক্ষত্র। ৭ (গ.) যোগচিহ্ন (+)। ৮ (কথ্য) শিশ্ন, পুরুষাঙ্গ। [স.]। **ধনকুবের** *বি* ১ হিন্দু পুরাণোক্ত ধনদেবতা কুবেরের ন্যায় ধনী ব্যক্তি। ২ অত্যন্ত ধনবান; অপরিমিত অর্থশালী লোক। **ধনক্ষয়** *বি* ধননাশ; অপচয়। **ধনগর্ব** *বি* ঐশ্বর্যের অহঙ্কার; টাকার গরম। **ধনগর্বী, ধনগর্বিত** *বিণ* ধনের অহঙ্কারী। **ধনগর্বিতা** *স্ত্রী.*। **ধনগৌরব** *বি* ১ ধনগর্ব। ২ ধনের মহিমা। **ধনজন** *বি* অর্থবল ও লোকবল। **ধনঞ্জয়** *বি* ১ ধন জয়কারী। ২ মহাভারতোক্ত তৃতীয় পাণ্ডব অর্জুন। ৩ ধনেশ পাখি। ৪ অর্জুন বৃক্ষ। **ধনঞ্জয়ের পালা** *বি*১ বিলক্ষণ প্রহারের পালা। ২ প্রহারের দ্বারা তাড়াবার পালা। **ধনতন্ত্র** *বি* পুঁজিবাদ; ধনী শ্রেণীর শাসন। **ধনতৃষ্ণা** *বি* অর্থলোভের প্রবল আকাঙ্ক্ষা; ধনের পিপাসা। **ধনদ** *বি* ১ হিন্দুমতে ধনের দেবতা কুবের। ২ হিজল গাছ। ❑ *বিণ* ধনদাতা। **ধনদা** *বিণ স্ত্রী.* ধনদান করে যে নারী। ❑ *বি* হিন্দুমতে ধনের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মী। **ধননিয়োগ, ধনপ্রয়োগ** *বি* ১ অর্থের প্রয়োগ; ধন ব্যবহার। ২ ব্যবসা-বাণিজ্যে টাকা-পয়সা লাগানো বা খাটানো। **ধনপতি** *বি*১ বহু ধনের মালিক; ধনী ব্যক্তি। ২ চণ্ডীমঙ্গল কাব্যের জনৈক সওদাগর। **ধনপিপাসা** *বি* ধন লাভের জন্য প্রবল আকাঙ্ক্ষা; ধনতৃষ্ণা। **ধনপিশাচ** *বিণ* অত্যন্ত ধনলোভী ও কৃপণ; অতিশয় ব্যয়কুণ্ঠ। **ধনবিজ্ঞান, ধনবিদ্যা** *বি* অর্থের ব্যুৎপত্তি ও প্রসার বিষয়ক বিদ্যা; জাতীয় ধনের উৎপাদন ও ব্যবহার বিষয়ক শাস্ত্র; অর্থনীতি। **ধনবিজ্ঞানী, ধনবৈজ্ঞানিক** *বি* ধনবিজ্ঞানশাস্ত্রে অভিজ্ঞ; ধনবিজ্ঞানবিদ; অর্থনীতিবিদ। **ধনবিনিয়োগ** *বি* ব্যবসা-বাণিজ্যে মূলধনরূপে টাকা খাটানো। **ধনভাণ্ডার** *বি* ১ ধন রাখবার স্থান; ধনাগার; কোষাগার। ২ তহবিল। **ধনশালী** *বিণ* যার ধন আছে; ধনাঢ্য; ধনে ঋদ্ধ; বহুধনের মালিক; বড় ধনী। **ধনাত্মক** *বিণ*১ বিদ্যমানতাজ্ঞাপক; সত্তাত্মক। ২ (গ.) যোগ চিহ্ন; যুক্ত রাশি; '+'। **ধনাত্মিকা** *স্ত্রী.*। **ধনাধার** *বি* সিন্দুক; ধন রাখবার পাত্র। **ধনাধিকার** *বি* ১ ধনপ্রাপ্তি; ধনের মালিকানা। ২ উত্তরাধিকার সূত্রে অর্থলাভের স্বত্ব; দায়াধিকার। **ধনাধিকারিণী** *স্ত্রী.*। **ধনাধিকৃত** *বিণ* ধন রক্ষার ভারপ্রাপ্ত। ❑ *বি* ধনাধ্যক্ষ। **ধনাধিকৃতা** *স্ত্রী.*। **ধনাধিপ, ধনাধিপতি, ধনাধ্যক্ষ** *বি* হিন্দুপুরাণ মতে কুবের; ধনের অধিপতি। **ধনাধ্যক্ষ** *বি* ১ হিন্দুদেবতা কুবের। ২ কোষাধ্যক্ষ।

ধনি(ম-বা) *বি*১ রূপ ও যৌবন ধনে ধনী ও ধন্যা বালিকা, রমণী (হে ধনি মানিনি— বিদ্যাপতি)। ২ যুবতী, সুন্দরী। [স. ধনিকা>] ❑ *বিণ* ধন্য, প্রশংসনীয়। (ধনি ধনি রমণি- -বিদ্যাপতি) [স. ধন্যা>]

ধনিক *বিণ* ১ ধনী; বিত্তশালী; ধনাঢ্য। ২ পুঁজিপতি; যার অর্থে ব্যবসা-বাণিজ্য চলে এমন; মূলধনদাতা। ❑ *বি* মহাজন; ঋণদাতা। [স.]। **ধনিকা** *বি স্ত্রী.* ধনিকের স্ত্রী। ২ সাধ্বী স্ত্রী। ❑ *বিণ* সুন্দরী; যুবতী।

ধনিচা = ধঞ্চে।

ধনিয়া, ধনে *বি* রন্ধনের সুপরিচিত মসলাবিশেষ। [স. ধন্যাক>]। **ধনেপাতা** *বি* সালাদের মধ্যে বা তরকারির মধ্যে ব্যবহৃত পাতাসহ কচি ধনে গাছ।

ধনী[১](-নিন্) *বিণ*১ ধনবান; ঐশ্বর্যশালী; মহাজন। ২ দক্ষ; কুশল। [স.]

ধনী[২], **ধনি**(ম-বা) *বিণ* ১ যৌবন ধনে ধনী; যুবতী। ২ সৌন্দর্য ধনে ধনী; সুন্দরী। [স.]

ধনু, ধনুঃ *বি* ১ যা থেকে শর বা তীর নিক্ষেপ করা হয়; শরাসন; ধনুক; চাপ। ২ (জ্যো-বি) দ্বাদশ রাশিচক্রের নবম রাশি। ৩ চার হাত পরিমাণ। ৪ পিয়াল বৃক্ষ। [স. ধনুঃ]। **ধনুঃকাণ্ড, ধনুষ্কাণ্ড** *বি* শরাসন ও ধনুর্বাণ। **ধনুঃপট** *বি* পিয়াল বৃক্ষ। **ধনুঃশর** *বি* ধনুক ও শর। **ধনুর্গুণ** *বি* জ্যা; ধনুকের ছিলা। **ধনুর্ধর** *বি* যে তীর ধনুক নিয়ে যুদ্ধ করে; তীরন্দাজ। ❑ *বিণ* (ব্য.) অতিশয় দক্ষ; সুনিপুণ; বাহাদুর। **ধনুর্ধারী** *বি, বিণ* ধনুক ধারণ করে যে তীরন্দাজ। **ধনুর্বাণ** *বি* ধনুক ও তার তীর। **ধনুর্বিদ্যা** *বি* তীর ধনুক চালনা সম্বন্ধীয় বিদ্যা। **ধনুর্বেদ** *বি* বিশ্বামিত্র মুনি প্রণীত ধনুর্বিদ্যাশাস্ত্র। **ধনুর্ভঙ্গপণ** *বি* ১ রামায়ণোক্ত সীতার বিবাহে হরধনুভঙ্গরূপ অতি কঠিন এবং প্রায় অসাধ্য পণ। ২ অতি কঠিন পণ। **ধনুষ্টঙ্কার, ধনুষ্টংকার** *বি* ১ রোগবিশেষ; ঐ রোগে শরীর ধনুকের মতো বেঁকে যায়; খিচুনি। ২ ধনুকের আকর্ষণের পর ছেড়ে দিলে যে শব্দ হয়; ধনুকের ছিলার শব্দ। **রংধনু, রামধনু, ইন্দ্রধনু** *বি* বৃষ্টির সময়ে সূর্য বা চাঁদের বিপরীত দিকে ধনুকের মতো আকাশে যে বিচিত্র রঙের শোভা দেখা যায়।

ধনুক *বি* ধনুর বাংলা চলতি রূপ; যার সাহায্যে তীর নিক্ষেপ করা হয়। [স. ধনুঃ+বা. ক]। **ধনুকধারী** *বি, বিণ* তীর ধনুক নিয়ে যুদ্ধ করে বা শিকার করে এমন। **ধনুকভাঙ্গা পণ** *বি* অতি কঠোর পণ বা প্রতিজ্ঞা।

ধনুখা, ধনুখারা *বি* তুলা ধুনবার ধনুকাকৃতির হাতিয়ার বা যন্ত্রবিশেষ।

ধনেশ *বি*১ হিন্দুমতে ধনদেবতা কুবের। ২ দীর্ঘ ঠোঁটবিশিষ্ট পাখিবিশেষ; ধনেশ পাখি। ❑ *বিণ* মহাধনী; বহুধনের অধিকারী; ধনবান। [স. ধন+ ঈশ]

ধন্দ, ধন্ধ *বি*১ ধাঁধা; সন্দেহ; ধোঁকা; দৃষ্টিভ্রম। ২ সাংসারিক ভাবনা-চিন্তা। [স. দ্বন্দ্ব>]

ধন্দা(ম-বা) *বি* ধাঁধা; সংশয়; সন্দেহ; ভ্রম।

ধন্না, ধরনা *বি*১ অবলম্বন; ধারণ; আশ্রয়করণ। ২ যে কাঠের উপর ঘরের ভিতরের ছাদ থাকে; আড়া; কড়ি। ৩ অভীষ্টলাভের জন্য কারও দরজায় অনাহারে অনিদ্রায় পড়ে থাকার চেষ্টা; হত্যা দেওয়া। ৪ ঢেঁকিতে পাড় দেওয়ার সময়ে বা সাঁকো পার হওয়ার সময়ে যে বাঁশ ধরা হয়। [তুল. হত্যা দিয়ে পড়া]। **ধন্না দেওয়া, ধরনা দেওয়া** *ক্রি* কোনো কামনা পূর্ণ না হওয়া পর্যন্ত কোথাও পড়ে থাকা।

ধন্য *বিণ*১ ভাগ্যবান; সৌভাগ্যশালী; কৃতার্থ। ২ প্রশংসনীয়; শ্লাঘ্য; শ্লাঘনীয়; সাধু। ❑ *বি* সাধুবাদ; প্রশংসোবাদ [স.]। **ধন্যা** *স্ত্রী.* প্রশংসনীয়া; সাধ্বী। **ধন্যবাদ** *বি*১ প্রশংসোবাদ; সাধুবাদ। ২ কৃতজ্ঞতাজ্ঞাপক উক্তি।

ধন্যা, ধন্যাক(বিরল) *বি* ধনিয়া; রন্ধনের মসলাবিশেষ। [স. ধন্যাক]

ধন্বন্তরি *বি* ১ দেব-চিকিৎসক। ২ (আল.) অত্যন্ত ভালো চিকিৎসক; রোগ নির্ণয় ও নিরাময়ে অতুলনীয় চিকিৎসক। ৩ আরোগ্য করবার অব্যর্থ শক্তিসম্পন্ন ঔষধ (জ্বরের ধন্বন্তরি)। [স.]

-ধন্বা, -ধন্ব *বি* ১ ধনুক (পুষ্পধন্বা)। ২ মরুভূমি। [স.]। **ধন্বী, ধন্বধারী** *বিণ*।

ধপধপ[১] *অব্য* পতন শব্দ; পতিত হবার ফলে উৎপন্ন শব্দ।

ধপধপ[২] *অব্য* আগুন জ্বলার শব্দ।

ধপধপ[৩], **ধবধব** *অব্য* অত্যন্ত শুভ্রতাসূচক; অতিশয় পরিষ্কার; পরিচ্ছন্নতাজ্ঞাপক।

ধপধপে, ধবধবে *বিণ* অতিশয় সাদা ও উজ্জ্বল।

ধপাৎ, ধবাস *অব্য* ভারী বস্তুর হঠাৎ পতনের শব্দ।

ধব *বি* ১ স্বামী; পতি। ২ মনুষ্য। ৩ ধূর্ত ব্যক্তি; প্রবঞ্চক ব্যক্তি। [স.]। **ধবহীনা** *বি* পতিহীনা; বিধবা। তুল. সধবা, অধবা।

ধবল *বিণ* সাদা; শুভ্র; শ্বেত। ▢ *বি* ১ শুক্লবর্ণ; সাদা রং। ২ এক প্রকার চর্মরোগ; এই রোগে শরীরের চামড়া; চুল ও লোমরাশি সাদা হয়ে যায়। ৩ কর্পূরবিশেষ। [স.]। **ধবলা, ধবলী** *স্ত্রী*। **ধবলগিরি, ধবলাগিরি** *বি* ১ হিমালয়ের শৃঙ্গবিশেষ। ২ সাদা পাহাড়। **ধবলপক্ষ** *বি* ১ হংস। ২ শুক্লপক্ষ। **ধবলমৃত্তিকা** *বি* সাদা খড়িমাটি। **ধবলা, ধবলী** *বি* সাদা গাভী; ধলা গাই। **ধবলিত** *বিণ* সাদা করা হয়েছে এমন; শ্বেতবর্ণ ধারণ করেছে এমন; শুভ্রীভূত; শুক্লীকৃত। **ধবলীকৃত** *বি, বিণ* যাকে সাদা করা হয়েছে। **ধবলীকৃতা** *স্ত্রী*। **ধবলীভূত** *বিণ* শুভ্র বা সাদা হয়েছে এমন। **ধবলীভূতা** *স্ত্রী*।

ধমক *বি* ১ তিরস্কার; দাবড়ি; হুঙ্কার। ২ ভীতিপ্রদর্শন বাক্য। ৩ প্রবল আক্রমণ; ঘোর; তাড়স। ৪ তাড়া; চাপ। ৫ বেগ। [স.]। **ধমকানি** *বি* ধমক প্রদান; ধমক। **ধমকানো** *ক্রি* ধমক প্রদান; ধমক দেওয়া; ভয় দেখানো। ▢ *বি* উক্ত অর্থে। **এক ধমকে কাজ করা** *ক্রি* একটানা কিছুক্ষণ কাজ করা। [স. √ধ্মা+অক]।

ধমনি, ধমনী *বি* রক্তবহনকারী নাড়ি; রক্তবাহিকা নাড়ি; হৃৎপিণ্ড থেকে যে নাড়ি শরীরের সর্বত্র রক্ত সঞ্চালন করে। [স.]। **ধামনিক** *বিণ*। **ধমনিজাল** *বি* দেহের সর্বত্র বিস্তারিত ধমনিসমূহ।

-ধর *বিণ* ধারণ করে এমন; ধারণকারী (জলধর)। [স. √ধৃ+অ]। **ধরা** *স্ত্রী*। **ধরন** *বি* ধারণ; ধরা।

ধরণী, ধরণি(বিরল) *বি* ধরা; বসুন্ধরা; পৃথিবী; ধরিত্রী; যা সব কিছু ধারণ করে আছে। [স. √ধৃ+অনি]। **ধরণী-কীলক** *বি* পর্বত। **ধরণীজ** *বিণ* পৃথিবীজাত। ▢ *বি* মঙ্গলগ্রহ। **ধরণীজা** *স্ত্রী*। **ধরণীতল** *বি* পৃথিবীতল; পৃথিবীর উপরিভাগ; ভূপৃষ্ঠ; মাটি। **ধরণীধর** *বি* ১ পৃথিবী ধারণকারী। ২ পর্বত। ৩ বাসুকি নামক নাগ। **ধরণীসুত** *বি* মঙ্গল গ্রহ। **ধরণীসুতা** *বি* সীতা।

ধরতা *বি* ১ ধরা। ২ যা ধরে নেওয়া হয়; ধরতি। ৩ ক্রেতাকে যে কমিশন দেওয়া হয়। ৪ মূল গায়েনের মুখ থেকে যে পদ দোহার ধরে নেয়। ৫ গান, কবিতা ইত্যাদির আরম্ভ। ৬ ওজনের যেটুকু বেশি দেওয়া হয়। **ধরতাই বুলি** *বি* যে কথা অন্যের নিকট থেকে জানা গেছে; যে কথা সবাই জানে বা বলে; নতুনত্বহীন প্রচলিত বুলি। **ধরতি** *বি* ওজনে কম হতে পারে এই আশঙ্কায় যা ধরে দেওয়া হয়; পূরণ; অভাবের পূর্তি।

ধরন *বি* ১ পদ্ধতি; প্রকার; প্রণালী। ২ ধারণ। ৩ বর্ষণক্ষান্তি। ৪ আকৃতি; ভঙ্গি; চালচলন। [স. √ধৃ+অন]। **ধরনধারণ** *বি* চালচলন; রীতিনীতি; হাবভাব।

ধরপাকড় *বি* ১ ব্যাপক গ্রেফতারি; ধরা ও গ্রেফতার। ২ ধরাধরি; পীড়াপীড়ি। [স. √ধৃ+হি. পাকড় (ধরা)]

ধরম(পদ্যে) *বি* ধর্ম। [স. ধর্ম>মধ্যে স্বরাগমে ধরম]। **ধরম-করম** *বি* ধর্মকর্ম; ধর্মানুষ্ঠান। **ধরমনাশা** *বিণ* মহা অন্যায়কারী; সতীধর্ম নাশক। **ধরমশালা** *বি* ধর্মশালা।

ধরা[১] *বি* ১ যে জীবজন্তু সবকিছু ধারণ করে। ২ পৃথিবী; ধরণী। ৩ জরায়ু; গর্ভাশয়। [স.]। **ধরাতল** পৃথিবীর উপরিভাগ; ভূতল; মাটি। **ধরাধর** *বি* পর্বত। **ধরাধাম** *বি* পৃথিবী; ধরণীরূপ বাসগৃহ; সংসার। **ধরাশয্যা** *বি* মাটিতে শয়ন; মৃত্যুকালে মাটিতে শয়ন। **ধরাশায়ী** *বিণ* মাটিতে শায়িত; ভূতলে পতিত; ভূমিসাৎ। **ধরাসন** *বি* মাটিরূপ আসন; মৃত্তিকাসন। [স. ধরা+আসন]। **ধরাকে সরা জ্ঞান করা** অহংকারে সবকিছু তুচ্ছ জ্ঞান করা।

ধরা[২] *ক্রি* ১ ধারণ করা; হাত দিয়ে ধরা বা গ্রহণ করা। ২ অঙ্গে ধারণ করা; পরিধান করা। ৩ গ্রেফতার করা; পাকড়াও করা। ৪ অবলম্বন বা আশ্রয় করা। ৫ আশ্রয় করা; বশবর্তী হওয়া। ৬ অনুসরণ করা; পশ্চাদ্‌গামী হওয়া। ৭ আটকানো; বন্ধ করা। ৮ অবলম্বন দেওয়া। ৯ আক্রমণ বা হামলা করা। ১০ অনুনয়-বিনয় করা; শরণাপন্ন হওয়া। ১১ আত্মরক্ষার্থ অন্যের সাহায্য গ্রহণ করা। ১২ ক্ষতি করা; কাটা। ১৩ প্রবণতা দেখানো; না ছাড়া। ১৪ হত্যা দেওয়া; ধর্না; ধন্না দেওয়া। ১৫ বজায় রাখা। ১৬ বসে যাওয়া; শব্দহীন হওয়া। ১৭ জন্মানো; গজানো। ১৮ সংকুলান হওয়া; আঁটা। ১৯ কার্যকর হওয়া; সক্রিয় হওয়া। ২০ স্থান দেওয়া; বহন করা। ২১ ব্যথা হওয়া। ২২ থামা। ২৩ আরম্ভ করা। ২৪ সংলগ্ন বা সংযুক্ত হওয়া। ২৫ নির্ধারিত করা বা স্থির করা। ২৬ জ্বলে ওঠা। ২৭ লাগা; স্পর্শ করা। ২৮ আগুন লাগা। ২৯ স্পর্শ করা; ছোঁয়া। ৩০ ধরে আবদ্ধ করা; বশে আনা। ৩১ নাগাল পাওয়া। ৩২ নির্ণয় করা। ৩৩ গণ্য বা বিবেচনা করা। ৩৪ প্রদর্শন করা; দেখানো। ৩৫ নাগাল পাওয়া; যথাসময়ে পাওয়া। ৩৬ স্থান সংকুলান হওয়া। ৩৭ প্রকাশ পাওয়া। ৩৮ পছন্দ হওয়া; যোগ্য বিবেচিত হওয়া। ৩৯ কুঅভ্যাস ধরা। ৪০ অনুমান করা। ৪১ ঝাপসা বা অবশ হওয়া। ৪২ নিজেকে চিনতে বা বুঝতে দেওয়া। ৪৩ শোনা। ৪৪ যাবৎকাল। ৪৫ অনুভূতি উদ্রেক হওয়া; পাওয়া। ৪৬ মনে করা; বিবেচনা করা। ৪৭ উল্লেখ করা; উচ্চারণ করা। ৪৮ ফুটে ওঠা; প্রকাশ পাওয়া। ৪৯ সনির্বন্ধ প্রার্থনা করা। ৫০ প্রকাশ করা। ৫১ উক্ত সকল অর্থে। ▢ *বিণ* উক্ত সকল অর্থে; বিশেষত ধরে এমন। [স. √ধৃ>]। **ধরা কথা** *বি* জানাশুনা কথা; পূর্ব থেকে জানা। **ধরা খাওয়া** *ক্রি* ধরা পড়া; ফেঁসে যাওয়া; আটকে যাওয়া। **ধরাগন্ধ** *বি* ব্যঞ্জনাদি একটু পুড়ে যাওয়ার গন্ধ। **ধরাছোঁয়া** *বি* ১ ধৃত বা স্পৃষ্ট হওয়া; কাছে আসা; ঘেঁষা। ২ উপলব্ধি। **ধরাছোঁয়া না দেওয়া** *বি* ১ কোনো কিছুর দায়িত্ব না নেওয়া। ২ নিজের স্বরূপ গোপন করা। **ধরাছোঁয়ার বাইরে** *বিণ* ১ সহজে কায়দায় পাওয়া যায় না এমন। ২ সাধারণ বুদ্ধি দিয়ে বোঝা যায় না এমন। **ধরা দেওয়া** *ক্রি* ১ স্বেচ্ছায় অন্যের অধীন হওয়া বা আয়ত্তে

যাওয়া। ২ আত্মসমর্পণ করা। ৩ নিজের মনের ভাব প্রকাশ করা। ৪ প্রীতির বন্ধন স্বীকার করা। **ধরাধরি** *বি*১ পরস্পর পরস্পরকে ধরা; পাকড়া-পাকড়ি। ২ অনুনয়-বিনয় দ্বারা প্রভাব বিস্তার; দরবার। ৩ ধরপাকড়। ৪ অনেক ব্যক্তি দ্বারা বহন। **ধরানো** *ক্রি* ১ ধৃত বা গ্রেফতার করানো। ২ খারাপ অভ্যাস বা আসক্তি করানো। ৩ জ্বালন; অগ্নিসংযোগ করা। ৪ আঁটানো; স্থান সংকুলান করানো। ৫ লাগানো; জমানো। ৬ যথাসময়ে পাইয়ে দেওয়া। ৭ দেখিয়ে দেওয়া। ৮ অবলম্বন বা আশ্রয় দেওয়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **ধরে পড়া, ধরে বসা** *ক্রি* সনির্বন্ধ বা অতিশয় আগ্রহযুক্ত অনুরোধ করা। **ধরে আসা** *ক্রি*১ বন্ধ হয়ে যাওয়া। ২ ধরে ঝুলে বা ঝুঁকে পড়ার ভাব। ৩ সাহায্যের জন্য অত্যন্ত অনুনয়-বিনয় করা। ৪ অনুনয়-বিনয় পূর্বক প্রার্থনা করা; বিশেষভাবে অনুরোধ করা। **ধরে বেঁধে** *ক্রিবিণ* ইচ্ছার বিরুদ্ধে পীড়াপীড়ি করে। **ধরে রাখা** *ক্রি*১ আটকে রাখা; রোধ করা। ২ সঞ্চিত করা। **আকাশ ধরা** *ক্রি* বৃষ্টি বন্ধ হওয়া। **ঔষধ ধরা** *ক্রি* প্রভাব বিস্তার করা; সক্রিয় হওয়া। **কলম ধরা** *ক্রি*১ লেখনী ধারণ করা। ২ লেখা আরম্ভ করা। ৩ লিখে ঠিকমতো মনের ভাব প্রকাশ করা। ৪ কারও বিরুদ্ধে লেখা। ৫ কারও লেখার ভুল ধরা। **কান ধরা** *ক্রি* ১ কান ধরে অপমান করা। ২ অপরাধ স্বীকার করে কান স্পর্শ করা। ৩ অনুতাপ স্বরূপ বা কোনো কাজ পুনরায় না করবার প্রতিজ্ঞা স্বরূপ কান স্পর্শ করা। **কেউটে ধরা** *ক্রি* কঠিন বা বিপজ্জনক কাজ করা। **গলা বা গাল ধরা** *ক্রি* ওল কচু প্রভৃতি খাওয়ার দরুন মুখের ভিতরে চুলকানি ও যন্ত্রণা অনুভব করা। **ঘাড় ধরা** *ক্রি* গলাধাক্কা দেওয়া বা ঘাড়ে ধরে অপমান করা। **ঘুণ/ ঘুণে ধরা** *ক্রি*১ ঘুণ লাগা। ২ অন্তঃসারশূন্য হওয়া। ❑ *বিণ* কীটদষ্ট। **ঘুম ধরা** *ক্রি* ঘুম পাওয়া; নিদ্রাবেশ হওয়া। **চাল ধরা** *ক্রি* ১ আচার অবলম্বন করা। ২ বড় লোকের চালচলন অবলম্বন করা। **চুল ধরা, চুলে ধরা** *ক্রি* চুলে ধরে অপমান করা। **চোয়াল ধরা** *ক্রি* চোয়ালে খিল ধরা এবং সেজন্য চিবুতে না পারা। **ছল ধরা** *ক্রি* দোষ ধরা; ছুতা ধরা; ত্রুটি খুঁজে বের করা। **ছাতা ধরা** *ক্রি* সাহায্য করা। **ছেঁকে ধরা** *ক্রি* ঘিরে ধরা; চারদিক থেকে অনেকে মিলে ব্যতিব্যস্ত করা। **ছেলেধরা** *বি* যে ব্যক্তি ছেলেদের চুরি করে। **টান ধরা** *ক্রি*১ অভাব হওয়া। ২ শুষ্ক হওয়া। **তান ধরা** *ক্রি* গানের সুর ভাজা। **তাল ধরা** *ক্রি*১ গানের তাল অনুযায়ী তাল দেওয়া। ২ দায়িত্ব গ্রহণ করা। **দশা ধরা** *ক্রি* হাল বা সমাধির দশাগ্রস্ত হওয়া, দুর্দশাগ্রস্ত হওয়া। ❑ *বি* বার্ধক্যপ্রাপ্তি। **দোর ধরা** *ক্রি*১ ধন্না দেওয়া। ২ শরণাপন্ন হওয়া। **ধামাধরা** *বিণ* ১ চাটুকার; তোষামোদকারী; খোসামুদে। ২ নিজস্ব কোনো মতামত নেই এমন; যা বলাও তাই বলে, যা করাও তাই করে এমন। **নোনা ধরা, লোনা ধরা** *ক্রি* দেয়াল জমি প্রভৃতি লবণযুক্ত হওয়া। **পচা ধরা, পচন ধরা** *ক্রি* পচতে আরম্ভ করা। **পাক ধরা** *ক্রি*১ পাকতে আরম্ভ হওয়া; কাঁচার পর ডাঁসা তারপর পাকার অবস্থা আরম্ভ হওয়া। ২ কাঁচা চুল পেকে সাদা হতে আরম্ভ করা। **পায়ে ধরা** *ক্রি*১ পা ধরা বা পা স্পর্শ করা। ২ হীনভাবে অনুনয়-বিনয় করা। ৩ অনুতপ্ত হৃদয়ে ক্ষমা প্রার্থনা করা। ❑ *বিণ* মান ভাঙার জন্য পদস্পর্শকারী। **পোঁ ধরা, লেজ ধরা, হাত ধরা** *বিণ* একান্ত অনুগত; বশীভূত। ❑ *ক্রি*১ একান্ত অনুগত হওয়া। ২ পরের কথায় চলা। ৩ অন্ধভাবে অনুসরণ করা। **বৃষ্টি ধরা** *ক্রি* বৃষ্টি থামা। **ভেক ধরা** *ক্রি*১ সন্ন্যাসী হওয়া। ২ ছদ্মবেশ ধারণ করা। **মনে ধরা** *ক্রি* পছন্দ হওয়া; মনে লাগা। **ম্যাও(মেও) ধরা** *ক্রি* ঝুঁকি ও দায়িত্ব নেওয়া; ভার নেওয়া। **যমে ধরা** *ক্রি*১ মারাত্মক রোগে আক্রান্ত হওয়া। ২ প্রবল শত্রুর পাল্লায় পড়া। **হাতে ধরা** *ক্রি*১ বিনীতভাবে অনুরোধ করা। ২ প্রত্যক্ষভাবে সাহায্য করা। **হাতে পায়ে ধরা** *ক্রি* হীনভাবে অনুনয়-বিনয় করা। **হাল ধরা** *ক্রি*১ কার্য পরিচালনা করা। ২ কর্তৃত্ব গ্রহণ করা। **হ্যাপা ধরা** *ক্রি* (আল.) ধাক্কা সামলানো; উপদ্রব সহ্য করা; ঝুঁকি নেওয়া।

ধরা[৩] *বি* তুলা যন্ত্রের পাল্লা। **কাঠধরা করা** *ক্রি* ওজন করবার পূর্বে কোনো দিকে পাল্লার ঝুঁকতি আছে কিনা তা পরীক্ষা করার প্রয়োজনে ইট মাটির টুকরা প্রভৃতি দিয়ে তা সমান করে দেওয়া।

ধরাট, ধরাটি *বি* ১ ক্রয়-বিক্রয়ের কমিশন; বাদ; বাটা; ছাড়; দস্তুরি। ২ বাঁখারি দিয়ে তৈরি নৌকার মঞ্চবিশেষ। ৩ বাঁধাবাঁধি নিয়ম।

ধরিত্রী *বি* ধরা; বসুন্ধরা; যে চরাচর ধারণ করে; পৃথিবী; ধরণী; মেদিনী। [স.]

ধরিয়া, ধরে *অব্য* ব্যেপে; বিস্তৃত বা প্রসারিত হয়ে; যাবৎ। ❑ *ক্রিবিণ* ১ ধীরে; আস্তে। ২ অবধি; হতে; থেকে।

ধর্তব্য *বিণ* ধরার যোগ্য; গণনীয়; বিবেচ্য; গ্রাহ্য। [স. √ধৃ+তব্য]

ধর্ম *বি*১ গোত্র, গোষ্ঠী বা সম্প্রদায়ের সৃষ্টিকর্তা ও পাপপুণ্যাদি বিষয়ক বিশ্বাস এবং ইহলৌকিক শান্তি ও পারলৌকিক পরিত্রাণ লাভের উদ্দেশ্যে অনুসৃত আচার আচরণ উপাসনা পদ্ধতি এবং সাংসারিক দৈনন্দিন জীবন যাত্রা সম্পর্কিত কার্যাবলী। ২ সৎকর্ম; পুণ্যকর্ম; সদাচার; কর্তব্যকর্ম। ৩ স্বভাব; প্রকৃতি; প্রত্যেক জীব বা বস্তুর নিজস্ব গুণ। ৪ পুণ্য। ৫ ন্যায়-অন্যায় পাপ-পুণ্যের বিচারকর্তা; বিশ্ববিধাতা। ৬ মনুষ্যত্ব; মানুষের কর্তব্য-অকর্তব্য সম্বন্ধে জ্ঞান। ৭ আইন; রীতি। ৮ সাধনার পথ। ৯ সতীত্ব। ১০ রাশিচক্রের লগ্ন থেকে নবম স্থান। [স.]। **ধর্ম, অর্থ, কাম, মোক্ষ** *বি* হিন্দুমতে ধর্মাচরণ; অর্থ ও প্রতিষ্ঠা অর্জন; সুখ সমৃদ্ধি ভোগ এবং বৈরাগ্য বা মুক্তি মানব জীবনের এই চার প্রকার লক্ষ্য বা সাধনা। **ধর্মকন্যা, ধর্মমেয়ে** *বি* হিন্দুসমাজে ধর্মার্থ কন্যাস্বরূপ গৃহীতা যে বালিকা; কন্যারূপে গৃহীতা। **ধর্মকর্ম, ধর্মকার্য, ধর্মক্রিয়া** *বি* ধর্মশাস্ত্রে নির্দেশিত ক্রিয়াকর্ম; পুণ্যকাজ; ধর্মানুষ্ঠান; যে কাজে বা অনুষ্ঠানে পুণ্য সঞ্চার হয়। **ধর্মকাম** *বিণ* ১ ধর্মকার্য বা পুণ্যলাভ করতে চায় এমন। ২ ফল প্রাপ্তির আশায় ধর্মকর্ম করে এমন। **ধর্মকৃৎ** *বি* যে ধর্মানুষ্ঠান করে; ধার্মিক। **ধর্মকৃত্য** *বি* ধর্মানুমোদিত ক্রিয়াকর্ম; ধর্মসাধকের করণীয় কাজ; ধর্মকাজ। **ধর্মক্ষেত্র** *বি* পুণ্যস্থান; তীর্থ। **ধর্মগণ্ডা** *বিণ* ন্যায্য প্রাপ্য। **ধর্মগোলা** *বি* ১ জমিদারের এমন তহবিল যা কল্যাণমূলক কাজের জন্য প্রজাদের নিকট থেকে আহরিত হতো। ২ ভবিষ্যৎ প্রয়োজনের কথা ভেবে গ্রামবাসীদের শস্য সঞ্চিত রাখার স্থান। **ধর্মগ্রন্থ, ধর্মপুস্তক, ধর্মশাস্ত্র** *বি* উপাসনা ধর্মীয় আচার আচরণ প্রভৃতি ধর্মের ভিত্তি সম্বলিত পুস্তক; ধর্মমতের প্রতিপাদক পুস্তক। **ধর্মঘট** *বি* ১ বিশেষ বা সাধারণ লক্ষ্য অর্জনের জন্য বহু

লোকের ঐকমত্যে কোনো কাজ করতে বা না করতে প্রতিজ্ঞাবদ্ধ হওয়া বা সংকল্প করার অবস্থা। ২ দাবি পূরণ না হওয়া পর্যন্ত কাজ বন্ধ করা; strike। **ধর্মঘটী** *বিণ* ধর্মঘটকারী; প্রতিজ্ঞাবদ্ধ হয়ে একজোটে কার্যত্যাগকারী কর্মীবৃন্দ। **ধর্মচক্র** *বি* নির্বাণ লাভের উপায় সম্পর্কিত বুদ্ধের উপদেশ চতুষ্টয়। **ধর্মচর্চা** *বি* ধর্মসম্পর্কে আলাপ–আলোচনা; অধ্যয়ন; ধর্মাচরণ; ধর্মানুশীলন। **ধর্মচর্যা, ধর্মপালন, ধর্মাচরণ** *বি* ধর্মানুষ্ঠান; পুণ্যকার্য সম্পাদন; ধর্মশাস্ত্রবিহিত কার্যসাধন। **ধর্মচারী**(-রিন্), **ধর্মাচারী**(-রিন্) *বি,বিণ* ধর্ম পালন করে এমন; ধার্মিক; ধর্মশীল। [সং. ধর্ম+আচারী]। **ধর্মচারিণী** *বি স্ত্রী.* ধর্মপরায়ণা; সাধ্বী; সহধর্মিণী। **ধর্মচিন্তা** *বি* ধর্মের তত্ত্ববিষয়ক চিন্তা বা ধ্যান; অধ্যাত্মবিষয়ক চিন্তা। **ধর্মজ** *বি* আপন ঔরসজাত বৈধ পুত্র; ধর্মপত্নীর গর্ভজাত পুত্র। **ধর্মজায়া** *বি* ধর্মপত্নী। **ধর্মজীবন** *বি* ধার্মিকের জীবন; সাধুর জীবন; ধর্মবোধের দ্বারা নিয়ন্ত্রিত জীবন। **ধর্মজ্ঞ** *বি,বিণ* ধর্মের তত্ত্ব জানেন এমন; ধর্মের নিগূঢ় মর্ম বিষয়ে অভিজ্ঞ; ধর্ম বিষয়ে পণ্ডিত। **ধর্মজ্ঞান** *বি* ধর্ম কী জিনিস তা জানা; পাপ–পুণ্যবিষয়ক জ্ঞান; ঔচিত্যবোধ। **ধর্মঠাকুর** *বি* ১ একজন বৌদ্ধদেবতা। ২ ধর্মমঙ্গলে বর্ণিত দেবতা। ৩ হিন্দুদের লৌকিক দেবতা। **ধর্মত, ধর্মতঃ** *অব্য, ক্রিবিণ* ধর্মানুসারে; ধর্মকে সাক্ষী করে। □ *অব্য* ধর্মের নিকটে। **ধর্মতত্ত্ব** *বি* ১ ধর্মের প্রকৃত তাৎপর্য; ধর্মের নিগূঢ় মর্ম। ২ ধর্ম সংক্রান্ত শাস্ত্র; ধর্মদর্শন। ৩ ধর্মজ্ঞান। **ধর্মত্যাগ** *বি* নিজের ধর্ম আচার প্রভৃতি বর্জন। **ধর্মত্যাগী** *বি,বিণ* ধর্ম ত্যাগ করেছে এমন; প্রচলিত ধর্মে অবিশ্বাসী। **ধর্মত্যাগিনী** *স্ত্রী.*। **ধর্মদ্রোহ, ধর্মদ্রোহিতা** *বি* ১ ধর্মের বিরুদ্ধাচরণ; অধর্মাচরণ। ২ ধর্মবিদ্বেষ। **ধর্মদ্রোহী, ধর্মদ্বেষী** (-ষিন্) *বি,বিণ* ধর্মবিহিত আচরণ বা বিশ্বাসের বিরোধী। □ *বিণ* অধার্মিক; ধর্মত্যাগী। **ধর্মদ্রোহিণী, ধর্মদ্বেষিণী** *স্ত্রী.*। **ধর্মধ্বজী**(-জিন্) *বিণ* কপট ধার্মিক; ধর্মের ভানকারী; ধার্মিকের বেশে প্রতারক। **ধর্মধ্বজিনী** *স্ত্রী.*। **ধর্মনাশ** *বি* ১ ধর্মহানি; ধর্মের লোপ বা ক্ষতি; ধর্মচ্যুতি। ২ সতীত্বনাশ। **ধর্মনিষ্ঠ** *বি,বিণ* ধর্মে একান্ত অনুরক্ত; ধর্মপরায়ণ; ধার্মিক। **ধর্মনিষ্ঠতা** *বি* ধর্মপরায়ণতা; ধার্মিকতা। **ধর্মনিষ্ঠা** *বি* ধর্মে আস্থা; ধর্ম বিষয়ে আন্তরিক অনুরাগ; সাধ্যানুসারে ধর্মপথে চলা; ধার্মিকতা। **ধর্মনীতি** *বি* যে শাস্ত্রে ধর্মসম্বন্ধে কর্তব্যাকর্তব্য নির্ধারিত আছে; ধর্মের তত্ত্ব ও নির্দেশাবলী সম্পন্ন শাস্ত্র। **ধর্মপত্নী** *বি* ১ বিবাহিতা স্ত্রী, সহধর্মিণী। ২ হিন্দুমতে প্রথমা স্ত্রী; যার সহযোগে ধর্মাচরণ বিধেয়। **ধর্মপথ** *বি* পুণ্যকর্মাদি দ্বারা জীবনযাপন প্রণালী; ন্যায়পথ; ধর্মাচরণ। **ধর্মপরায়ণ** *বিণ* অতিশয় ধার্মিক; ধর্মনিষ্ঠ; ধর্মাত্মা। **ধর্মপরায়ণা** *স্ত্রী.*। **ধর্মপরায়ণতা, ধর্মপরায়ণত্ব** *বি* ধার্মিকতা; ধর্মনিষ্ঠা। **ধর্মপাল** *বি* ১ যিনি ধর্ম রক্ষা করেন; ধর্মরক্ষক; ধর্মপালক। ২ বঙ্গের পাল বংশীয় রাজাদের অন্যতম। **ধর্মপিতা, ধর্মবাপ** *বি* ১ ধর্ম সাক্ষী করে যাকে পিতা রূপে গ্রহণ করা হয়েছে। ২ রক্ষাকর্তা; ত্রাণকর্তা। **ধর্মমাতা** *স্ত্রী.*। **ধর্মপিপাসা** *বি* ধর্ম সম্বন্ধে জ্ঞান লাভের আগ্রহ। **ধর্মপুত্র** *বি* ১ যুধিষ্ঠির; ধর্মের ঔড়সজাত পুত্র। ২ ধর্ম মতে যাকে পুত্র বলে গ্রহণ করা হয়েছে; ধর্মছেলে। **ধর্মপুত্র বা ধর্মপুত্তুর যুধিষ্ঠির** *বি* ১ ধর্মাত্মা যুধিষ্ঠির। ২ (ব্য.) সত্যবাদিতার ভানকারী অতিশয় মিথ্যাবাদী। **ধর্মপুস্তক** *বি* ধর্মের বই। **ধর্মপ্রচারক** *বি* কোনো ধর্ম বিষয়ক মতামত প্রচারকারী। **ধর্মপ্রবক্তা** *বি* ধর্মোপদেশক; ধর্মনিরূপক পুরুষ; ধর্মব্যাখ্যাকারী। **ধর্মপ্রবণ** *বিণ* ধর্মপরায়ণ; ধর্মানুরাগী; ধার্মিক। **ধর্মপ্রমাণ** *ক্রিবিণ* ধর্মকে সাক্ষী করে; ধর্মত। □ *বিণ* ধর্ম সাক্ষী এমন; ধর্ম সাক্ষী করে অনুষ্ঠিত। **ধর্মপ্রাণ** *বি,বিণ* ধর্মকে যে প্রাণ স্বরূপ মনে করে; ধর্মে একান্ত অনুরক্ত; পরমধার্মিক। **ধর্মপ্রাণা** *স্ত্রী.*। **ধর্মপ্রাণতা** *বি*। **ধর্মবিদ** *বিণ* ১ ধর্মজ্ঞ; ধর্মতত্ত্বজ্ঞ। ২ ধার্মিক। **ধর্মবিপ্লব** *বি* ১ ধর্মসংক্রান্ত বিপ্লব বা পরিবর্তন; ধর্মে ব্যাপক অনাস্থা। ২ ধর্ম নিয়ে বিষম গোলযোগ; ধর্ম সম্পর্কে নানা মত ও পথের সংঘর্ষ। **ধর্মবুদ্ধি** *বি* ১ ধর্ম সম্পর্কে জ্ঞান; ধর্মনিরূপক জ্ঞান। ২ ধর্মসঙ্গত জ্ঞান; ন্যায়বোধ; কল্যাণবোধ। **ধর্মভয়** *বি* পাপের ভয়; ধর্ম অমান্য করলে দণ্ড ভোগ করতে হবে এ ভয়। **ধর্মভাই** *বি* ধর্মসাক্ষী করে যাকে ভাই বলে গ্রহণ করা হয়েছে। **ধর্মভীরু** *বি,বিণ* যার ধর্মে ভয় আছে; ধর্মপালনে সতর্ক; ধর্ম পালন না করলে শাস্তি ভোগ করতে হবে এরূপ বিশ্বাসী। □ *বিণ* ধার্মিক। **ধর্মভীরুতা** *বি*। **ধর্মভ্রষ্ট** *বি,বিণ* ধর্মপথ থেকে বিচ্যুত; ধর্মত্যাগী; পতিত। **ধর্মভ্রষ্টা** *স্ত্রী.*। **ধর্মমঙ্গল** *বি* ধর্ম ঠাকুরের মাহাত্ম্য বর্ণনামূলক মধ্যযুগের বাংলা কাব্য। **ধর্মমন্দির** *বি* ধর্মানুষ্ঠানগৃহ; উপাসনালয়। **ধর্মযুদ্ধ** *বি* ১ ধর্মরক্ষার জন্য যুদ্ধ; জিহাদ। ২ ধর্মের বিধান অনুযায়ী সম্পাদিত যে যুদ্ধ। **ধর্মরক্ষা** *বি* ১ ধর্মনাশ হতে না দেওয়া। ২ ধর্মপালন; ধর্মাচরণ। ৩ সতীত্ব রক্ষা। **ধর্মরাজ** *বি* ১ যম। ২ যুধিষ্ঠির। ৩ ধর্মঠাকুর। **ধর্মরাজ্য** *বি* যে রাজ্যে ন্যায়বিচার বিদ্যমান; ধর্মভাবের দ্বারা শাসিত রাজ্য। **ধর্মশালা** *বি* ১ বিচারালয়; আদালত। ২ আরাধনা করবার গৃহ; উপাসনালয়। ৩ যে স্থানে বিনামূল্যে বাসস্থান ও অন্ন দেওয়া হয়; মুসাফিরখানা। **ধর্মশাসন** *বি* ১ ধর্ম পালনের জন্য নির্দিষ্ট বিধি বা অনুশাসন। ২ ধর্মশাস্ত্র। **ধর্মশিক্ষা** *বি* ধর্মাচার ও ধর্মনীতি বিষয়ে উপদেশ; ধর্মবিষয়ে শিক্ষা; যে শিক্ষায় ধর্ম সম্পর্কে জ্ঞান হয়। **ধর্মশীল** *বি,বিণ* ধর্মপরায়ণ; ধার্মিক। **ধর্মসংস্কার** *বি* ১ ধর্ম সম্বন্ধে ধারণা। ২ প্রচলিত ধর্মের উন্নতিসাধন। ৩ ধর্ম সম্বন্ধে নতুন প্রেরণা সঞ্চার। **ধর্মসংস্কারক** *বি,বিণ* যিনি ধর্মের উন্নতি বিধান করেন। **ধর্মসংস্থাপন** *বি* ধর্মের প্রতিষ্ঠা; অধর্মের বিনাশপূর্বক ধর্মের প্রবর্তন। **ধর্মসংহিতা** *বি* হিন্দু ধর্মশাস্ত্র; হিন্দুদের সামাজিক অনুশাসন সমন্বিত গ্রন্থ। **ধর্মসঙ্গত, ধর্মসম্মত** *বিণ* ধর্মের দ্বারা অনুমোদিত; ধর্মের নির্দেশানুযায়ী। **ধর্মসভা** *বি* ১ ধর্মালোচনার জন্য অনুষ্ঠিত সভা। ২ ধর্মের উন্নতি ও সংরক্ষণের জন্য সভা। **ধর্মসাক্ষী** *বিণ* ধর্মই সাক্ষী; ধর্ম সাক্ষী এমন। □ *বি* ধর্মের নামে শপথগ্রহণ। **ধর্মসাধন** *বি* ধর্মপালন; ধর্মজীবন যাপন। **ধর্মহানি** *বি* ধর্মের ক্ষতি; ধর্ম পালনের ত্রুটি; ধর্মনাশ। **ধর্মহীন** *বি,বিণ* ধর্মবিচ্যুত; অধার্মিক; পাপী; ন্যায় অন্যায় বোধহীন। **ধর্মের কল বাতাসে নড়ে, ধর্মের ঢাক আপনি বাজে**—পাপ গোপন থাকে না; আল্লাহর বিচার কখনও এড়ানো যায় না। **ধর্মের ষাঁড়** *বি* ১ জৈন ও হিন্দুমতে ধর্মের নামে উৎসর্গ করা মুক্ত ষাঁড়। ২ (ব্য.) তদনুরূপ স্বেচ্ছাচারী ও অলস ব্যক্তি; উদ্দেশ্যহীনভাবে যেখানে সেখানে ঘুরে বেড়ানোই যার কাজ। তুল. **খোদাই ষাঁড়**। **ধর্মে সওয়া** *ক্রি* ধর্মের বা

আল্লাহর শাস্তি এড়ানো।

ধর্মনিরপেক্ষ *বিণ* ধর্ম দ্বারা নিয়ন্ত্রিত নয় এমন। **ধর্মনিরপেক্ষতা** *বি* যে মতবাদে ধর্মকে ব্যক্তিগত বিশ্বাস ও আচরণের বিষয়রূপে গণ্য করা হয় এবং রাষ্ট্র কোনো বিশেষ ধর্মের প্রতি পক্ষপাতিত্ব করে না; যে রাজনৈতিক পদ্ধতিতে রাষ্ট্র ধর্মকে ব্যবহার করে না; secularism।

ধর্মাচরণ *বি* ১ ধর্মবিহিত আচরণ। ২ ধর্মের অনুষ্ঠান।

ধর্মাত্মা *বি,বিণ* অত্যন্ত ধার্মিক; ধর্মে অত্যন্ত অনুরক্ত; ধর্মপ্রাণ পরহেজগার। [স. ধর্ম+আত্মা]

ধর্মাধর্ম *বি* পাপ ও পুণ্য; সৎ ও অসৎ কর্ম। [স.]

ধর্মাধিকরণ *বি* ১ ধর্মস্থান। ২ বিচারালয়; ন্যায় অন্যায়ের বিচারস্থল; আদালত। [স. ধর্ম+অধিকরণ]

ধর্মাধিকরণিক *বি* বিচারক। [স.]

ধর্মাধিকারী *বি* ন্যায়-অন্যায় বিচারকারী; বিচারক। [স. ধর্ম+অধিকারী]

ধর্মাধ্যক্ষ *বি* ধর্মসংক্রান্ত বিষয়ের ভারপ্রাপ্ত প্রধান রাজপুরুষ; প্রধান বিচারপতি। [স. ধর্ম+অধ্যক্ষ]

ধর্মানুগত, ধর্মানুমোদিত, ধর্মানুসারী *বিণ* ধর্মপথগামী; ধর্মের নিয়মমতো অনুষ্ঠিত; ধর্মসঙ্গত; শাস্ত্রবিহিত। [স. ধর্ম+অনুগত, অনুমোদিত, অনুসারী]

ধর্মানুষ্ঠান *বি* ধর্মবিহিত কাজের অনুষ্ঠান; ধর্মপালন; ধর্মাচরণ। [স. ধর্ম+ অনুষ্ঠান]

ধর্মান্তর *বি* অন্য ধর্ম। [স. ধর্ম+অন্তর]। **ধর্মান্তর গ্রহণ** *বি* নিজ ধর্ম ত্যাগ করে অন্য ধর্ম গ্রহণ। **ধর্মান্তরিত** *বিণ*।

ধর্মান্দোলন *বি* ধর্মসংস্কারের জন্য আন্দোলন। [স. ধর্ম+আন্দোলন]

ধর্মান্ধ *বিণ* নিজ ধর্মে অন্ধের মতো বিশ্বাসী ও পরধর্ম বিদ্বেষী। [স. ধর্ম+অন্ধ]। **ধর্মান্ধতা** *বি*। **ধর্মান্ধা** *স্ত্রী*।

ধর্মাবতার *বি* ১ সাক্ষাৎ ধর্মস্বরূপ; মূর্তিমান ধর্ম। ২ বিচারক, রাজা, প্রভু, আশ্রয়দাতা প্রভৃতির প্রতি সম্বোধনবিশেষ। [স. ধর্ম+অবতার]।

ধর্মাবলম্বী *বিণ* ১ ধর্মগ্রহণকারী; ধর্মাশ্রিত; ধর্মবিশিষ্ট। ২ ধর্মসম্প্রদায়ের অন্তর্গত। **ধর্মাবলম্বিনী** *স্ত্রী*। [স. ধর্ম+অবলম্বী, অবলম্বিনী]

ধর্মার্থ *বি* ধর্ম ও ধন। ❑ *বি,বিণ* ধর্মের জন্য। [স. ধর্ম+ অর্থ]। **ধর্মার্থে** *ক্রিবিণ* ধর্মের জন্য।

ধর্মাসন *বি* বিচারকের আসন; যে আসনে বসে বিচারকার্য করা হয়। [স. ধর্ম+আসন]

-ধর্মী(-র্মিন) *বিণ* ১ প্রকৃতিযুক্ত; স্বভাবযুক্ত; ধর্মযুক্ত (ক্ষারধর্মী)। ২ ধর্মপরায়ণ। **ধর্মিণী** *স্ত্রী*। [স.]

ধর্মোদ্দেশে *ক্রিবিণ* ধর্মের জন্য বা নিমিত্ত। [স. ধর্ম+ উদ্দেশে]

ধর্মোন্মাদ *বি,বিণ* উগ্রধর্মবাদী; অন্ধ স্বধর্মবাদী ও পরধর্ম বিদ্বেষী। [স. ধর্ম+উন্মাদ]। **ধর্মোন্মাদনা** *বি*।

ধর্মোপদেশ *বি* ১ ধর্ম বিষয়ে উপদেশ ও শিক্ষা। ২ ধর্মজীবন যাপনের জন্য উপদেশ। [স. ধর্ম+উপদেশ]

ধর্মোপদেষ্টা, ধর্মোপদেশক *বি,বিণ* ধর্ম বিষয়ে উপদেশ দাতা; ধর্মশিক্ষক; ধর্মবিষয়ে ওয়াজকারী। [স. ধর্ম+ উপদেষ্টা, উপদেশক]। **ধর্মোপদেষ্টা, ধর্মোপদেশিকা** *স্ত্রী*।

ধর্মোপাসক *বি,বিণ* ধর্মাবলম্বী; ধর্মের উপাসনাকারী। [স. ধর্ম+উপাসক]। **ধর্মোপাসিকা** *স্ত্রী*।

ধর্মোপাসনা *বি* ধর্ম নির্দেশিত উপাসনা; ধর্মবিহিত উপাসনা। [স. ধর্ম+উপাসনা]

ধর্ষক *বি,বিণ* জোর করে কোনো নারীর সম্ভ্রম নাশ করেছে এমন ব্যক্তি; পীড়ক। [স.]

ধর্ষণ, -ধর্ষ *বি* ১ যৌন-নির্যাতন; বলাৎকার। ২ দলন; পরাজিতকরণ (-ধর্ষ সাধারণত অন্য শব্দের সাথে যুক্ত হয়ে ব্যবহৃত হয়। যথা: দুর্ধর্ষ)। [স.]। **ধর্ষিত** *বিণ* ১ উৎপীড়িত; অত্যাচারিত। ২ পরাভূত; পরাজিত। ৩ অপমানিত; তিরস্কৃত। ৪ শ্লীলতাহানি করা হয়েছে এমন। **ধর্ষিতা** *বিণ স্ত্রী*. ১ লাঞ্ছিতা; ইচ্ছার বিরুদ্ধে সতীত্ব নষ্ট করা হয়েছে এমন। ২ উৎপীড়িতা।

ধর্ষকাম *বি* পীড়নের ইচ্ছা। **ধর্ষকামী** *বিণ* পীড়নকামী; জোরপূর্বক সম্ভোগ-প্রত্যাশী।

ধল, ধলা *বিণ* সাদা; ফরসা। [স. ধবল>]। **ধলী** *স্ত্রী*।

ধস[১] *অব্য* মাটির বড় চাপ খসে পড়ার শব্দ। [স. ধ্বস> (বিনাশ অর্থে)]

ধস[২] *বি* ধসে পড়া মাটির বড় চাপ। **ধসন** *বি* ধসে পড়া। **ধসধসে** *বিণ* ১ ভেঙে পড়ার মতো। ২ অন্তঃসারশূন্য। **ধস ভাঙা বা নামা** *ক্রি* ১ পুকুর বা নদীর পাড়ের বড় চাপ ভেঙে বা ধসে পড়া। ২ পাহাড়ের গা থেকে মাটির বড় চাপ খসে পড়া।

ধসকা *বিণ* ১ ধসে পড়ার মতো; ভগ্নপ্রবণ। ২ ঢিলা; আলগা; শিথিল; শ্লথ। ৩ দুর্বল; বলবীর্যহীন; অন্তঃসারশূন্য। **ধসকানো** *ক্রি* শিথিল বা ঢিলা হওয়া; ভেঙে পড়া; ধসে যাওয়া; ধসানো। ❑ *বি,বিণ* উক্ত সকল অর্থে।

ধসা *ক্রি* ১ খসে পড়া; ভেঙে পড়া (নদীর পাড় ধসা)। ২ ধ্বংসপ্রাপ্ত হওয়া। ৩ দুর্বল হওয়া বা বলবীর্য নষ্ট হওয়া। ❑ *বি,বিণ* উক্ত সকল অর্থে। **ধসন** *বি*। **ধসানো** *ক্রি* ১ ধসকা বা শিথিল করা; ধস নামানো বা ভেঙে ফেলা। ২ সম্পাদন করা।

ধস্ত, ধ্বস্ত *বিণ* বিধ্বস্ত; ধ্বস্তবিধ্বস্ত। [স. ধ্বস্ত>]

ধস্তাধস্তি *বি* ১ পরস্পর বিক্রম প্রকাশ; পরস্পর বল প্রয়োগ; টানাটানি; ঠেলাঠেলি। ২ সমবেতভাবে অনবরত বলপ্রয়োগ। [স. ধস্ত+আ+ধ্বস্ত+ই]

ধা *বি* ১ (সং) স্বরগ্রামের ষষ্ঠস্বর ধৈবতের সংকেত। ২ ধারক; ধারণকর্তা। [স.]

-ধা (ব্যা.) তদ্ধিত প্রত্যয়বিশেষ; প্রকারবাচক শব্দ (দ্বিধা, বহুধা, শতধা)। [স.]

ধাই[১] (ম-বা) *বি* ধাবন; ধাওয়া; দৌড়ে পালিয়ে যাওয়া; ধেয়ে যাওয়া; দৌড়; চম্পট। [স. √ধাব্>]

ধাই[২], **দাই** *বি* ১ উপমাতা; ধাত্রী; মাতার ন্যায় যে স্ত্রীলোক শিশু পালন করে। ২ যে স্ত্রীলোক সন্তান প্রসব করায় ও প্রসূতিকে সাহায্য করে এবং আঁতুড় ঘরে প্রসূতি ও নবজাত শিশুর সেবা করে; দাইমা। ৩ শিশু বা বালক-বালিকাদের পরিচারিকা; ঝি। ৪ যে স্ত্রীলোক নিজের স্তন্যে অন্যের সন্তান পালন করে। [স. ধাত্রী.>]। **ধাই-তেলা, দাই-তেলা** *বিণ* ধাত্রী যেমন নবজাত শিশুর শরীরে প্রচুর তেল মাখায় সেরূপ তেল মাখা; অতিরিক্ত তৈল মর্দিত। **ধাইমা, দাইমা** *বি* ধাত্রীমাতা।

ধাউড়[১] *বি,বিণ* ধাবক; দ্রুতগামী; সংবাদবাহক। ❑ *বি* দৌড়; ধাবন।

ধাউড়[২](ম-বা) *বি,বিণ* প্রবঞ্চক; শঠ; কপট। [আঞ্চলিক]

ধাউস, ঢাউস *বিণ* অতি বৃহদাকার।□*বি* বড় ঘুড়িবিশেষ।
ধাওড়া *বি* সাঁওতাল কুলিদের কুটির বা বাসগৃহ। □*বিণ* সুবিস্তৃত; চওড়া; অতিশয় লম্বা।
ধাওয়া[১] *ক্রি* দৌড়ানো; ধাবন করা; ছুটে চলা; দ্রুত পলায়ন করা। □*বিণ* ধাবন; পশ্চাৎ থেকে তাড়া দেওয়া। [স. √ধাব্+আ]। **ধাওয়া করা** *ক্রি* ১ পশ্চাদ্ধাবন করা; পিছনে ধাওয়া করা। ২ উদ্দেশ্য সাধনের জন্য বহু দূরে যাওয়া। **ধাওয়ানো** *ক্রি* দৌড়ানো; তাড়ানো। *বি,বিণ* উক্ত অর্থে।
ধাওয়া[২] *বি* মুসলিম মৎস্যজীবী সম্প্রদায়বিশেষ।
ধাঁ *অব্য* ১ শীঘ্র; চট; সহসা; দ্রুতগতি। ২ সহসা আগুন জ্বলার শব্দ বা প্রহারের আওয়াজ।
ধাঁই *অব্য* হঠাৎ জোরে মারার শব্দ।
ধাঁচ, ধাঁচা, ধাঁজ *বি* ১ প্রকৃতি; ধরন; আদল; ছাঁচ; রকম। ২ আকৃতি; ধরন; গড়ন। [তুল. হি. ঢাঁচা]
ধাঁধা *বি* ১ দৃষ্টিবিভ্রম। ২ দিশেহারা ভাব; সংশয়; ধোঁকা। ৩ জটিল সমস্যা। ৪ কৌতূহল সৃষ্টিকারী বিভ্রান্তিকর অথচ বুদ্ধিদীপ্ত প্রশ্ন। [স. দ্বন্দ্ব>]। **ধাঁধানো** *ক্রি* ধাঁধা লাগানো; চোখ ঝলসানো। □*বিণ* দৃষ্টি বিভ্রমকর। **ধাঁধা লাগা** *ক্রিবিণ* বিমূঢ় হওয়া; দৃষ্টিভ্রম হওয়া।
ধাক্কা *বি* ১ সম্মুখে জোরে ঠেলা দেওয়া; হঠাৎ ঠেলা। ২ সংঘর্ষ; পরস্পর আঘাত; ঠোকাঠুকি। ৩ আঘাত। ৪ সহসা আগত চাপ বা বেগ। [স. ধাক্কা]। **ধাক্কাধাক্কি, ঠেলাঠেলি** *বি* ধাক্কার বদলে ধাক্কা। **ধাক্কানো** *ক্রি* ঠেলা দেওয়া। □*বি,বিণ* উক্ত অর্থে। **ধাক্কা সামলানো** *ক্রি* বিপদ কাটানো; উপদ্রব সহ্য করা। **গলাধাক্কা খাওয়া** *ক্রি* (আল.) অপমানিত হয়ে বিতাড়িত হওয়া। **গলাধাক্কা দেওয়া** *ক্রি* (আল.) অপমান করে বিতাড়ন করা।
ধাঙড়, ধাঙ্গড় *বি* নিম্নশ্রেণীর হিন্দু সম্প্রদায়বিশেষ; ঝাড়ুদার।
ধাড়া, ধড়া *বি* ১ তৌলদণ্ড; কাঁটা। ২ তুলাযন্ত্রের পাল্লা।
ধাড়ি, ধাড়ী *বি,বিণ* ১ যে পশু বা পক্ষী বেশি বাচ্চা দিয়েছে; অনেক বাচ্চা-বিয়ানি। ২ সর্দার; প্রবীণ; অগ্রণী; নেতা। ৩ বৃদ্ধ; বয়স্ক। ৪ পাকা; ঘাগি। [স. ধাত্রী>]।
ধাত *বি* ১ স্বভাব। ২ মানসিক প্রকৃতি; মেজাজ। ৩ শারীরিক সহন ক্ষমতা। ৪ নাড়ি। ৫ শারীরিক প্রকৃতি। ৬ শুক্র; বীর্য; ধাতু। [স. ধাতু>]। **ধাত ধরা** *ক্রিবিণ* সুস্থ সবল হওয়া। **ধাতসহ, ধাতসওয়া** *বিণ* ধাতে সহ্য হয় এমন; প্রকৃতির সঙ্গে সুসঙ্গত; অভ্যস্ত। **ধাতস্থ** *বিণ* প্রকৃতিস্থ; স্বাভাবিক অবস্থায় উপনীত; সুস্থ; শান্ত।
ধাতব *বিণ* ধাতু সংক্রান্ত; ধাতুনির্মিত; ধাতুময়। [স.]
ধাতা(-তৃ) *বি* ১ বিধাতা; আল্লাহ। ২ পালনকর্তা। ৩ পিতা। □*বিণ* ১ ধারণকর্তা; ধারক। ২ রক্ষাকর্তা; রক্ষক। ৩ স্রষ্টা; নির্মাতা। [স.]। **ধাত্রী** *স্ত্রী.*।
ধাতানো *ক্রি* ধমক দেওয়া; তিরস্কার করা। □*বি,বিণ* উক্ত অর্থে। **ধাতানি** *বি* তিরস্কার; কড়া ধমক; শাসন।
ধাতু *বি* ১ (আয়ু) শরীরস্থ বায়ু পিত্ত কফ মেদ মজ্জা অস্থি প্রভৃতি। ২ স্বর্ণ রৌপ্য লৌহ প্রভৃতি খনিজ পদার্থ। ৩ শুক্র। ৪ প্রকৃতি; স্বভাব; ধাত। ৫ উৎপাদন; উপকরণ। ৬ পঞ্চভূত— ক্ষিতি অপ তেজ মরুৎ ব্যোম। ৭ (ম-বা) জ্ঞান; চেতনা। ৮ (ব্যা.) ক্রিয়াবাচক শব্দ-মূল। [স.]। **ধাতুকুশল** *বিণ* ধাতুদ্রব্য নির্মাণে সুদক্ষ। **ধাতুকোষ** *বি* যে পুস্তকে ধাতুর বিবিধ রূপের নির্ঘণ্ট থাকে। **ধাতুক্ষয়** *বি* ১ শরীরে রস বা রক্তের ক্ষয়। ২ শুক্রক্ষয়। ৩ কাশ রোগবিশেষ। **ধাতুগত** *বিণ* ১ শরীরে উপাদান সংক্রান্ত; প্রকৃতিগত। ২ ধাতু সম্বন্ধীয়। **ধাতুগর্ভ** *বিণ* ভিতরে ধাতু আছে এমন। □*বি* খনিজ ধাতু সম্বলিত মাটির স্তর। **ধাতুঘটিত** *বিণ* ১ ধাতু-সংক্রান্ত। ২ খনিজ দ্রব্য সংযোগে তৈরি। ৩ শুক্র সম্পর্কিত। **ধাতুঘ্ন, ধাতুনাশক** *বিণ* শরীরের বাত পিত্তাদির দোষ নাশ করে এমন। □*বি* কাঁজি। **ধাতুদ্রাবক** *বিণ* ধাতু গলায় বা গলে এমন। □*বি* সোহাগা। **ধাতুদ্রাবিকা** *স্ত্রী.*। **ধাতু নরম হওয়া** *ক্রি* শ্লেষ্মা বৃদ্ধি পাওয়া। **ধাতুপ** *বি* অম্লরস। **ধাতুপল** *বি* খড়িমাটি। **ধাতুপাঠ** *বি* ব্যাকরণের সংস্কৃত ধাতুসমূহের অর্থবোধক গ্রন্থ। **ধাতুপুষ্পিকা, ধাতুপুষ্প** *বি* ধাই ফুল। **ধাতুপোষক** *বিণ* শরীরের পুষ্টি সাধনকারী। **ধাতুপ্রত্যয়** *বি* ধাতু ও প্রত্যয় কৃদন্ত পদের ব্যুৎপত্তি নির্দেশ করে এমন। **ধাতুবিজ্ঞান, ধাতুবিদ্যা** *বি* যে বিদ্যাবলে ধাতু কী ও তা কিভাবে পরিষ্কার করা যায় তা জানা যায়; ধাতুবাদ। **ধাতুবিদ** *বিণ* ধাতুবিদ্যায় পারদর্শী; ধাতুবাদী। **ধাতুবৈরী** *বি* গন্ধক। **ধাতুভৃৎ** *বি* পর্বত। **ধাতুময়** *বিণ* ১ ধাতু দ্বারা প্রস্তুত; ধাতুনির্মিত। ২ ধাতুপূর্ণ। **ধাতুমল** *বি* মরিচা; জং। **ধাতুমারিণী** *বি,বিণ* সোহাগা। **ধাতুরূপ** *বি* (ব্যা.) বিভিন্ন কালে ও পুরুষে ধাতুর বিভিন্ন ক্রিয়ারূপ। **ধাতুশিল্প** *বি* সোনা রুপা লৌহ প্রভৃতি ধাতু দ্বারা রচিত শিল্প। **ধাতুসাম্য** *বি* শরীরে বায়ু কফ প্রভৃতির সমতা।
ধাত্রী *বি* ১ পালনকারিণী; ধাইমা। ২ যে নারী সন্তান প্রসব করায় এবং শিশু ও প্রসূতির পরিচর্যা করে। ৩ গর্ভধারিণী; মাতা। ৪ পৃথিবী। □*বি,বিণ* ধারণ করে যে নারী; ধারণকারিণী। [স.]। **ধাত্রীবিদ্যা** *বি* প্রসূতি ও শিশু-পরিচর্যা শাস্ত্র।
ধান *বি* ১ সুপরিচিত শস্যবিশেষ; ধান্য। ২ ধান গাছ। ৩ এক ধান পরিমাণ ভার; ওজনবিশেষ; সিকি রতি; এক গ্রেনের মতো। [স. ধান্য>]। **ধানি, ধেনো** *বিণ*। **ধান কাঁড়া** *ক্রি* তুষ পৃথক করে চাল বের করা। **ধান কাটা** *ক্রি* ধান পাকলে ধান গাছ কেটে আঁটি বাঁধা। **ধান কাড়ানো** *ক্রি* ধানক্ষেত কর্ষণ দ্বারা আগাছা দূর করা। **ধান কুটনি** *বি,বিণ* যে স্ত্রীলোক ধান ভানে; ধান ভাননি। **ধান কোটা** *ক্রি* ধান ভানা। **ধান গাছের তক্তা**—যা অবাস্তব; অসম্ভব বস্তু। **ধান ঝাড়া** *ক্রি* কাটা ধান পাটায় আছড়ে ঝাড়ন। **ধান দিয়ে লেখাপড়া শেখা**— ১ কম খরচে পল্লীগ্রামের শিক্ষকের নিকট থেকে সামান্য বিদ্যালাভ করা। ২ পয়সা খরচ না করার ফলে অল্প বিদ্যা শিক্ষা; অত্যন্ত অল্প বা মূল্যহীন বিদ্যা শেখা। **ধানদূর্বা** *বি* ১ ধান ও দূর্বা ঘাস। ২ হিন্দু সমাজে বরণ ও আশীর্বাদে ব্যবহৃত মাঙ্গল্যবিশেষ। **ধান নেড়ে দেওয়া** *ক্রি* ধানের চারা গজালে ঐগুলো উঠিয়ে অন্যত্র ফাঁক ফাঁক করে লাগানো। **ধান পালা দেওয়া** *ক্রি* ধানগাছ সুশৃঙ্খলভাবে গাদি করা। **ধানবাড়ি** *বি* ঋণস্বরূপ দেওয়া ধান যা পরিশোধের সময়ে বেশি দিতে হয়। **ধান বোনা** *ক্রি* জমিতে ধানবীজ ছড়ানো। **ধান ভানা** *ক্রি* ঢেঁকিতে কুটে ধানের তুষ ছাড়িয়ে চাল বের করা। **ধান ভানতে শিবের গীত**—অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা। **ধান মাড়াই** *বি* বিছানো ধানগাছের উপর গরু চালিয়ে শিষ থেকে ধান পৃথক করা। **ধান শুকানো** *ক্রি* সিদ্ধ ধান রোদে শুকিয়ে ভানবার যোগ্য করা। **আউশ ধান** *বি* যে

ধান বর্ষার শুরুতে কাটা হয়। **আমন ধান** *বি* যে ধান হেমন্তকালে হয়; শালিধান। **ইরি ধান** *বি* ফিলিপিনের ধান গবেষণাগারে উদ্ভাবিত আউশ আমন বোরো সব মৌসুমে উৎপাদনযোগ্য উচ্চ ফলনশীল ধান; IRRI। **উড়কি ধানের মুড়কি, উড়ি ধানের মুড়ি**—অজ্ঞাত বস্তু যার নাম করে ছেলে ভোলানো হয়। **উড়ি ধান**—বন্য ধানবিশেষ; এটা সাধারণত পেকে ঝরে পড়ে এবং সময়মতো তা থেকে পুনরায় গাছ হয়; ঝরা ধান। **কত ধানে কত চাল** ১ কোন ধানে কী পরিমাণ চাল হয় তা জানা বোঝা বা সে খবর রাখা; (আল.) ওয়াকিফহাল হওয়া। ২ ধমক বা ভীতি প্রদর্শনবিশেষ। **ঝরা ধান** *বি* যে ধান পাকলে জমিতে ঝরে পড়ে। **ধানি জমি** *বি* ধান উৎপাদনের উপযোগী জমি; যে জমিতে ধান উৎপন্ন হয়। **ধানি মরিচ, ধানি লঙ্কা** *বি* প্রায় ধানের মতো ছোট অথচ খুব ঝাল মরিচ। **বীজধান** *বি* যে পাকা ধান বোনার জন্য রাখা হয়। **ষাট বা ষেটে ধান** *বি* গ্রীষ্মকালীন ধান; বোরো ধান।

ধানশী, ধানসী *বি* সঙ্গীতের একটি রাগিণী। [স. ধানশ্রী]

ধানাইপানাই *বি* অসংবদ্ধ কথা; আবোলতাবোল; নানা অপ্রাসঙ্গিক উক্তি।

ধানি *বিণ* ১ কাঁচা ধানের মতো সবুজ রং বিশিষ্ট; হালকা সবুজ। ২ ধানযুক্ত। ৩ ধানের মতো ছোট।

ধানুকী *বি,বিণ* ধনুকধারী; ধনুর্ধর। [স.]

ধান্দা, ধান্ধা *বি* ১ ধাঁধা; ধোঁকা; প্রতারণা; বিভ্রমসৃষ্টি। ২ সংশয়; সন্দেহ। ৩ কাজকর্মের সন্ধান। ৪ জীবিকার প্রচেষ্টা; রোজগারের ফিকির। ৫ কষ্টে জীবিকা অর্জন। ৬ নেশা; খেয়াল। [স. দ্বন্দ্ব>]

ধান্য *বি,বিণ* ১ ধান ও ধান গাছ; যে শস্য থেকে চাল হয়। ২ তুষযুক্ত শস্য; যব গম মুগ প্রভৃতি। ৩ পরিমাণবিশেষ; রতির চার ভাগের এক ভাগ। [স.]

ধাপ *বি* সিঁড়ির পৈঠা; সোপান। **ধাপধাড়া গোবিন্দপুর** *বি* (ব্য.) অজ্ঞাত অখ্যাত অতি বাজে জায়গা। **ধাপে ধাপে ওঠা**—ক্রমান্বয়ে উন্নতির শিখরে ওঠা। [স. (পদস্থাপনী>থাপ>ধাপ) দূরত্বের পরিমাণ জ্ঞাপক]

ধাপ্পা *বি* ১ভুয়া আশ্বাস; কপট উপদেশ; মিথ্যা ভীতি প্রদর্শন। ২ ধোঁকা। ৩ প্রতারণা; প্রবঞ্চনা; ফাঁকি; দম। [হি. ধাপ্পা]। **ধাপ্পাবাজ** *বি,বিণ* প্রতারক; শঠ; ফাঁকিবাজ। **ধাপ্পাবাজি** *বি* ধোঁকাবাজের কাজ; প্রতারণা; ধোঁকাবাজি।

ধাবক *বিণ* ১ দৌড়ে যায় এমন; শীঘ্রগামী; দ্রুতগামী। ২ ধৌতকারী; ঝাড়ুদার; প্রক্ষালক। ☐ *বি* ১ পত্রবাহক বা সংবাদবাহক; দূত। ২ ধোপা; রজক। [স. √ধাব্+অক]। **ধাবিকা** *স্ত্রী*।

ধাবকা *বি* ১ চাপ; ধকল; ধাক্কা; প্রভাব। ২ বেগ; সন্দেহ; ফাঁকি। ৩ রীতি; অভ্যাস। [তুল. ধক্ক, ধাক্কা]

ধাবড়া, ধেবড়া *বি* কালির বিস্তৃত দাগ। ☐ *বিণ* বিস্তৃত ও পুরু করে লেপিত। **ধাবড়ানো** *ক্রি* বিস্তৃতভাবে লাগিয়ে নোংরা করা। ☐ *বি,বিণ* উক্ত অর্থে।

ধাবন *বি* বেগে বা খুব দ্রুত গমন; ধাওয়া। ২ ধৌতকরণ; পরিষ্কারকরণ; ধোয়া; মাজা। [স.]। **ধাবন কুর্দন** *বি* দৌড়ঝাঁপ; দৌড়াতে দৌড়াতে খেলা; দৌড়ানো; লাফানো। **ধাবমান** *বিণ* দৌড়াচ্ছে বা গমন করছে এমন; দ্রুত গমনশীল। **ধাবাধাবি** *বি* দৌড়াদৌড়ি; ছুটাছুটি। **ধাবিত** *বিণ* দৌড়ায় এমন; ছুটছে এমন; বেগে গমন করছে এমন। ☐ *বি* অনুসৃত। **ধাবিতা** *স্ত্রী*।

ধাম(–মন্) *বি* ১ গৃহ; বাসস্থান। ২ স্থান। ৩ পুণ্যস্থান; তীর্থ। ৪ পাত্র; আধার; আস্পদ; নিধান। ৫ প্রভাব; তেজ। [স.]। **নামধাম** *বি* ১ নাম ও বাসস্থান; নাম ও ঠিকানা। ২ পরিচয়।

ধামসা *বি* টিকারী নামক বাদ্যযন্ত্র; বড় নাগরা।

ধামসানো *ক্রি* দলিত করা; চটকানো; হাত-পা দিয়ে মর্দন করা। ☐ *বি,বিণ* উক্ত উভয় অর্থে। **ধামসানি** *বি* দলিতকরণ; মর্দন।

ধামা *বি* ধান্য প্রভৃতি রাখবার বা মাপবার বড় বেতের ঝুড়ি। [স. ধামক>]। **ধামা চাপা দেওয়া** *ক্রি* ১ অন্যায়ভাবে লোকচক্ষু থেকে অপসারিত করা। ২ অল্প সময়ের জন্য স্থগিত রাখা। ৩ অন্য বিষয় বা বস্তু দ্বারা আবৃত করা। **ধামাধরা** *বিণ* (আল.) তোষামোদকারী; খোশামুদে; জো হুকুম বলে যে ব্যক্তি। **ধামা ধামা** *বিণ* যথেষ্ট; পর্যাপ্ত; প্রচুর পরিমাণে।

ধামার *বি* সঙ্গীতের তাল; একটা রাগিণীর নাম।

ধামারি *বি* চতুরালি; রঙ্গরস; ধামালি; নাচগান।

ধামাল *বি* ১ ধামার রাগিণী। ২ প্রভাব; তেজ; বীর্য। ☐ *বিণ* অশান্ত; দুরন্ত; দামাল; দুর্দান্ত।

ধামালি, ধামালী *বি* ১ রঙ্গরস; পরিহাস বাক্য। ২ অঙ্গভঙ্গি করে নাচগান; লোকসঙ্গীতবিশেষ; ধামাইল (রাধারমণের ধামালি গান)। ৩ চতুরালি। ৪ ছড়া কাটা; কথকতা; পাঁচালির মৌখিক আদিরূপ। [তুল. ধামারি]

ধার *বি* ১ শোধ দেওয়ার কথা দিয়ে যা গ্রহণ করা হয়; ঋণ; হাওলাত; কর্জ। ২ তীক্ষ্ণতা; প্রাখর্য। ৩ অস্ত্রের তীক্ষ্ণ প্রান্ত। ৪ সম্পর্ক; সংস্রব। ৫ প্রান্ত; কিনারা; শেষ সীমা। ৬ পার্শ্ব। ৭ ধারা। ৮ তীর। [স. √ধৃ+অ]। **ধারকর্জ** *বি* দেনা; ঋণ; ধার। **ধার চুকানো** *ক্রি* ঋণ শোধ করা। **ধার ধারা** *ক্রি* ১ সংস্রব রাখা; খাতির করা। ২ নিজেকে কোনো রকমে ঋণী মনে করা। **ধারধোর করা** *ক্রি* ধারকর্জ করা; দেনাপত্র করা। **ধারবান** *বিণ* ধারযুক্ত; ধারবিশিষ্ট। **ধারে কাটা আর ভারে কাটা** *ক্রি* স্বাভাবিক ক্ষমতায় কাজ করা এবং প্রভাব-প্রতিপত্তির সাহায্যে কাজ করা। **ধারে খাটানো** *ক্রি* সুদের কারবারে টাকা খাটানো; সুদে নিয়োগ করা।

ধারক *বিণ* ১ ধারণকারী। ২ ঋণী; কর্জ গ্রহণকারী। ৩ পুস্তক ধরে পাঠকের ভ্রম সংশোধনকারী। ৪ দাস্তরোধক; ভেদনিবারক। ☐ *বি* ১ উদরাময়ের ঔষধ। ২ পাত্র; আধার; কলস। [স.]। **ধারকতা** *বি*। **ধারিকা** *স্ত্রী*। **আদর্শের ধারক ও বাহক** *বি* যিনি আদর্শের তত্ত্ব জানেন এবং সেই আদর্শ সকলের সামনে উপস্থিত করতে যত্নবান হন।

ধারণ *বি* ১ অবলম্বন। ২ পরিধান। ৩ পরিগ্রহ। ৪ আন্তরিকভাবে বা স্মৃতিতে গ্রহণ। ৫ স্থাপন। ৬ রক্ষণপাত্রে গ্রহণ। ৭ সংবরণ। ৮ সেবন। ৯ বহন। ১০ মনে রাখা। ১১ গ্রহণ। ১২ কণ্ঠে বাহুতে বা কটিদেশে গ্রহণ। ১৩ গ্রহণকারী; গ্রাহক। [স.]। **ধারণকৃত** *বিণ* ধরে রাখা হয়েছে এমন।

ধারণী[১] *বি* বৌদ্ধ মন্ত্রবিশেষ।

ধারণা *বি* ১ বোধ; প্রতীতি। ২ বিশ্বাস বা সংস্কার। ৩ সিদ্ধান্ত। ৪ মেধা; স্মৃতিশক্তি। ৫ একাগ্রতা। ৬ স্থিতি; স্থাপনা। **ধারণাতীত** *বিণ* চিন্তা করা যায় না এমন; অচিন্তনীয়। **ধারণাবান** *বিণ* মেধাবী। **ধারণী**[২] *বি* ১ গাড়ি। ২ শ্রেণী। ৩ বৌদ্ধশাস্ত্র মতে অঙ্গগ্রহণ করবার মন্ত্র। [স.]।

ধারণীয় *বিণ* ধারণযোগ্য; রক্ষণীয়। **ধারয়িতা** *বিণ* ধারক; ধারণকর্তা। **ধারয়িত্রী** *বিণ স্ত্রী.* ধারণকারিণী; ধারণকর্ত্রী। □ *বি* পৃথিবী; ধরণী।

ধারা[১] *বি* ১ প্রবাহ; স্রোত; স্রাব; ক্ষরণ। ২ বৃষ্টি; প্রবল বর্ষণ। ৩ অবিরল পানির স্রাব; নিরন্তর ক্ষরণ। ৪ প্রস্রবণ; ঝরনা। ৫ নিয়ম; শৃঙ্খলা; পদ্ধতি; নীতি। ৬ আইনের বিধি। ৭ পরম্পরা। ৮ পরিচ্ছেদ; অধ্যায়। ৯ রীতি; রকম। ১০ চালচলন। [স.]। **ধারাকদম্ব** *বি* কদম ফুল ও তার গাছ; নীপ; কেলিকদম্ব। **ধারাকারে** *ক্রিবিণ* বৃষ্টির মতো সুপ্রচুর ধারায়; স্রোতের আকারে। **ধারাক্রমে** *ক্রিবিণ* ধারাকারে; পরম্পরা অনুসারে; ধারাবাহিকভাবে; রীতি অনুসারে। **ধারাপাত** *বি* ১ পানির ধারার পতন; অবিরাম বৃষ্টিপাত। ২ অঙ্কবিদ্যা শেখার প্রাথমিক পুস্তক। **ধারাবর্ষ, ধারাবর্ষণ** *বি* অবিরাম বর্ষণ; অবিশ্রান্ত বৃষ্টিপাত। **ধারাবাহিক, ধারাবাহী** *বিণ* ১ অবিচ্ছিন্ন; ক্রমাগত; ক্রমিক; পরম্পরাযুক্ত। ২ শৃঙ্খলিত। **ধারাবাহিকী, ধারাবাহিনী** *স্ত্রী.*। **ধারাবাহিকতা, ধারাবাহিতা** *বি* অবিচ্ছিন্নতা; পারম্পর্য। **ধারাযন্ত্র** *বি* ১ স্নানের কৃত্রিম ঝরনা; ফোয়ারা। ২ পিচকারি। ৩ গোলাপ পাশ। **ধারাসম্পাত** *বি* অবিরল ধারায় বৃষ্টি পতন; অত্যধিক বৃষ্টিপাত। **ধারাসার** *বি* মুষল ধারায় বা অজস্র ধারায় পতিত বৃষ্টি; সুপ্রচুর বর্ষণ।

ধারা[২] *ক্রি* ১ ঋণ হওয়া বা থাকা। ২ সংস্রব রাখা।

ধারালো *বিণ* শাণিত; তীক্ষ্নধার; সুতীক্ষ্ন। [বা. ধার+আলো]

ধারি, ধারী *বি* ১ মেটে ঘরের চার ধার; সংকীর্ণ দাওয়া; কিনারা। ২ পাড়।

ধারিণী *বিণ স্ত্রী.* ১ ধরেছে এমন; ধারণকারিণী। ২ ধরণী; পৃথিবী। [স.]

ধারী[১] *বিণ* ১ তীক্ষ্ন; শাণিত; ধারালো। ২ ঋণী; ঋণগ্রস্ত।

ধারী[২](-রিন্) *বিণ* ধারণকর্তা; ধারণকারী। [স.]

ধারুয়া *বিণ* ১ ধার; কর্জবিষয়ক। ২ ঋণী। [আঞ্চলিক]

ধার্মিক *বিণ* ধর্মপরায়ণ; ধর্মচারী; ধর্মশীল; ধর্ম পালন করে এমন। [স.]। **ধার্মিকী, ধার্মিকা** *স্ত্রী.*। **ধার্মিকতা** *বি* ধর্মপরায়ণতা; ধর্মশীলতা।

ধার্য *বিণ* ১ ধারণযোগ্য; ধারণীয়; গ্রাহ্য; পালনীয়। ২ নির্ধারিত; নির্দিষ্ট; স্থিরকৃত। [স.]। **ধার্যমাণ** *বিণ* গৃহীত হয়েছে এমন; ধরা বা ধৃত হচ্ছে এমন।

ধিক *অব্য* ১ নিন্দা ঘৃণা ভর্ৎসনা লজ্জা প্রদান অবজ্ঞা বিরক্তি প্রভৃতি জ্ঞাপক শব্দ। ২ ছিঃ; ধিক্কার। [স.]

ধিক ধিক *অব্য* ১ তীব্র ধিক্কারসূচক। ২ ক্রমাগত ধীরে ধীরে আগুন জ্বলার শব্দ।

ধিকিধিকি *ক্রিবিণ* ধীরে ধীরে; ক্রমাগত; অল্পে অল্পে।

ধিক্কার, ধিককার *বি* ১ ধিক উক্তি; ধিক শব্দ প্রয়োগ। ২ ভর্ৎসনা; নিন্দা; বিরক্তি; ঘৃণা। ৩ আত্মগ্লানি। [স.]। **ধিক্কৃত, ধিককৃত** *বিণ* ১ ধিক বলে যাকে লজ্জা দেওয়া হয়েছে। ২ ভর্ৎসিত; নিন্দিত। ৩ ঘৃণিত; অবজ্ঞা।

ধিঙি, ধিঙ্গি, ধিঙ্গী *বি, বিণ* ১ উচ্ছৃঙ্খল; দুরন্ত; স্বেচ্ছাচারিণী; অসংযত আচরণবিশিষ্ট; অনর্থ সংঘটক। ২ বেহায়া; লজ্জাহীনা। ৩ উদ্দাম; প্রগলভ; চঞ্চল স্বভাব। ৪ নেতা; প্রধান; চাঁই; দলের সর্দার। **ধিঙ্গি নাচ** *বি* উদ্দাম নৃত্য; তাণ্ডব। **ধিঙ্গিপনা** *বি* ধিঙ্গির ন্যায় আচরণ।

ধিনধিন, ধিনতাধিন *অব্য* ১ নাচের শব্দ ও ভঙ্গি। ২ বাজনার বোল।

ধিমা, ঢিমা, ধিমে, ঢিমে *বিণ* ১ ঢিলা; শিথিল; অলস। ২ মৃদু; ক্ষীণ। ৩ অদ্রুত। [আ. দীমঃ, হি. ধিমা, স. মধ্যম> ধিম>ঢিম+আ]।

ধী *বি* বুদ্ধি; বোধশক্তি; জ্ঞান; মেধা। [স. √ধৈ+ক্বিপ]। **ধীগুণ** *বি* কৌতূহল শ্রবণ গ্রহণ তর্ক বিতর্ক অর্থবোধ ও তত্ত্বজ্ঞান ধারণ— এই আট প্রকার বুদ্ধিগুণ। **ধীমতি** *বি, বিণ* বুদ্ধিমতী। **ধীমান** *বিণ* বুদ্ধিমান; বিবেচক; জ্ঞানী; পণ্ডিত। **ধীশক্তি** *বি* বুদ্ধিশক্তি। **ধীসম্পন্ন** *বিণ* বুদ্ধিবিচার সম্পন্ন। **ধীহারা** *বিণ* জ্ঞানহারা।

ধীবর *বি* জেলে; কৈবর্ত; মৎস্যজীবী। [স.]। **ধীবরী** *স্ত্রী.*।

ধীর *বিণ* ১ ধৈর্যশীল সহিষ্ণু; শোক ও ক্লেশাদিতে অভিভূত। ২ মন্থর; মৃদু; মৃদুমন্দ; অল্প। ৩ স্থির; চঞ্চলতাশূন্য। ৪ শান্ত; নম্র; বিনীত। ৫ স্থিরবুদ্ধি। ৬ পণ্ডিত; জ্ঞানী; বিজ্ঞ। **ধীরতা, ধীরত্ব** *বি* ১ ধৈর্য। ২ স্থিরচিত্ততা। ৩ গাম্ভীর্য। ৪ পাণ্ডিত্য। ৫ বুদ্ধিমত্তা। **ধীরপ্রশান্ত** *বি* ১ ধীর ও শান্ত। ২ নায়কবিশেষ যার অনেক গুণ আছে। **ধীর ললিত** *বি* মৃদু প্রকৃতির নায়কবিশেষ; যে নায়ক নম্র প্রফুল্ল ও নৃত্যগীতাদি প্রিয়। **ধীরা** *বি স্ত্রী.* যে নারী বক্রোক্তি বা ব্যঙ্গ মাধ্যমে ক্রোধ প্রকাশ করে; ধীর প্রকৃতির নারী।

ধীরে *ক্রিবিণ* ব্যস্ত না হয়ে; মন্থরগতিতে; মৃদু মৃদু; মৃদুভাবে। [স. ধীর]। **ধীরে ধীরে** *বিণ* আস্তে আস্তে; মৃদুমন্দ গতিতে; অবারিতভাবে। □ *ক্রিবিণ* অনুচ্চস্বরে; চুপিসারে। **ধীরে সুস্থে** *ক্রিবিণ* ব্যস্ত না হয়ে; ধীরে ধীরে; রয়ে-সয়ে; আরাম করে। □ *বিণ* উত্তেজিত না হয়ে।

ধীরোদাত্ত *বি* গর্বশূন্য; নম্র; সুখদুঃখে নিরুদ্বেগ প্রভৃতি নানা গুণসম্পন্ন নায়ক। [স. ধীর+উদাত্ত]

ধুঁকনি, ধুঁকুনি *বি* ঘন ঘন শ্বাস ত্যাগ; শ্রম বা দুর্বলতার জন্য হাঁপানি; বুক ওঠাপড়া; বুক ধড়ফড়।

ধুঁকা, ধুকা *ক্রি* ১ ঘন ঘন শ্বাস ত্যাগ করার ফলে দুর্বল হয়ে পড়া; হাঁপানো। ২ উক্ত অর্থে। [স. √ধ্মা>]

ধুঁদুল, ধুঁধুল, ধুন্দল *বি* ঝিঙ্গে জাতীয় তরকারি।

ধুকধুক *অব্য* ১ হৃৎপিণ্ড স্পন্দিত হওয়ার আওয়াজ। ২ উপর্যুপরি ধুক এই শব্দ। **ধুকধুক/ধুকপুক করা** *ক্রি* ভয়ে বুকের মধ্যে বেগে স্পন্দন হওয়া। **ধুকধুকানি, ধুকপুকানি** *বি* ধুকধুক শব্দ।

ধুকধুকি, ধুকধুকী *বি* ১ কণ্ঠহারের সংলগ্ন যে অলঙ্কার বুকের উপর দোলে। ২ মনের অশান্তি; সন্দেহ; দুর্ভাবনা। [স. ধু+কম্প/প্রা. ধুক্কাধুক্ক>ধুকধক>বি. ধুকধুকি]

ধুকপুক *অব্য* ভীতিপ্রদ হৃৎস্পন্দন; তোলপাড়; আশঙ্কা উদ্বেগ অস্থিরতা প্রভৃতি ভাব প্রকাশক। [তুল. ধুকধুক/হি. ধুকুর পুকুর]

ধুচন *বি* ১ ধুচনি; খালই; ছোট সচ্ছিদ্র ঝাঁকাবিশেষ; যাতে করে চাল ধোয়া হয়। ২ অকেজো বস্তু; অকর্মা লোক।

ধুচনি, ধুচুনি *বি* খালই; ফুলের সাজি; বাঁশের শলা দিয়ে প্রস্তুত চাল ধোয়ার বা মাছ ধরার সচ্ছিদ্র পাত্র; মালশা। [স. ধাব>ধোয়া>ধু/চুবনি> চওনি>চনি>ধু+চনি=ধুচনি]। **ধুচনি টুপি, ধুচুনি টুপি** *বি* বাঁশ বেত প্রভৃতির শলা দ্বারা তৈরি টুপি।

ধুৎ, ধেৎ, দুৎ *অব্য* বিরক্তি অবজ্ঞা অসম্মতি অবিশ্বাস প্রভৃতি ভাবপ্রকাশক শব্দ।

ধুত, ধূত *বিণ* ১ কম্পিত; আন্দোলিত; বিধূনিত। ২ পরিত্যক্ত; বর্জিত। [স. √ধু/ধূ+ত]। **ধূতপাপ** *বি*

পাপবর্জিত।
ধুতরা, ধুতুরা *বি* এক প্রকার বিষাক্ত ফল; ঐ ফলের গাছ বা বীজ। [সং. ধুস্তুর>]
ধুতি[১] *বি* মহিলাদের শাড়ির মতো লম্বা সাদা রঙের বস্ত্রখণ্ড, যা সাধারণত হিন্দু পুরুষেরা শরীরের নিম্নাংশে পরে থাকেন। [সং. ধৌত, ধোত্র>; সং. ধটী(কৌপীন)> ধোটি>ধুতি]
ধুতি[২] *বি* উৎকোচ; ঘুষ; ভেট; উপঢৌকন। **ধুতি খাওয়া** *ক্রি* ঘুষ খাওয়া।
ধুত্তোর, ধুত্তুরি *অব্য* ধুৎ-এর জোরালো রূপ। **ধুৎ ধুৎ** *বি* দূর দূর; অবজ্ঞা প্রকাশ করে বিতাড়ন।
ধু ধু, ধূ ধূ *অব্য* ১ প্রজ্বলিত আগুনের শব্দ; দাউ দাউ। ২ শূন্যতা নির্জনতা বিস্তার উত্তাপ প্রভৃতি জ্ঞাপক (ধু ধু মরু)
ধুনক, ধোনকার *বি* যারা তুলা ধোনে।
ধুনচি, ধুনাচি, ধুনুচি *বি* ১ ধুনা জ্বালাবার আধার বা পাত্র। ২ তুলা ধোনার যন্ত্র।
ধুনন, ধূনন *বি* কম্পন; স্পন্দন; চালন। [সং.]
ধুনা[১], **ধূনা** *বি* গন্ধ দ্রব্যবিশেষ; শালগাছের নির্যাস। [সং. ধূনক>]। **ধুনাচূর** *বি* যে পাত্রে ধুনাচূর্ণ জ্বালানো হয়; ধুনচি। **ধুনা দেওয়া** *ক্রি* ধুনা জ্বালানো। **ধূপ ধুনা দেওয়া** *ক্রি* বায়ু নির্মল করার উদ্দেশ্যে ধূপ ধুনা জ্বালানো।
ধুনা[২], **ধোনা** *বি* ধুনাচির সাহায্যে তুলা পরিষ্কার করা ও পেঁজা। ❑ *ক্রি* ভীষণ প্রহার দেওয়া। **ধুনানি** *বি*।
ধুনারি, ধুনুরি *বি* যে তুলা ধুনে লেপ তোশকাদি তৈরি করে; তুলা ধোনা বৃত্তি যার।
ধুনি[১], **ধুনী**[১] *বি* সন্ন্যাসী; যে অগ্নিকুণ্ড জ্বালিয়ে রাখে।
ধুনি[২], **ধুনী**[২] *বি* নদী; তটিনী; স্রোতস্বতী। [সং. ধুনী]
ধুন্দকার, ধুন্দুকার *বিণ* ধূমে অন্ধকার; ধূমাকার; অস্পষ্ট।
ধুন্দুল *বি* ঝিঙে-জাতীয় সবজিবিশেষ; বুনো ঝিঙ্গা।
ধুন্ধুমার *বি* ১ গৃহধূম; ঝুল। ২ মহা কোলাহল; গণ্ডগোল।
ধুপ *বি* ১ রৌদ্র। ২ পতনের শব্দ। [হি.]। **ধুপছায়া, ধূপছায়া** *বি* ১ রৌদ্র ও ছায়ার মিশ্রণ। ২ ময়ূরকণ্ঠী বর্ণ বা রং। ৩ লাল সুতার টানা ও কালো নীল বা বেগুনি সুতার পড়েন দিয়ে বোনা কাপড়।
ধুপচি, ধূপচি *বি* ধুনুচি; ধূপ জ্বালিয়ে ধোঁয়া সৃষ্টি করা হয় যে আধারে। [সং. ধূপ+তু. চি]
ধুপতি *বি* ধূপদানি।
ধুপি *বি* ক্ষুদ্র স্তূপ; রাশি; চূর্ণ বস্তুর রাশি; ঢিপি। **ধুপি পিঠা, ভাপা পিঠা** *বি* চালের গুঁড়া গুড় ও নারকেল ইত্যাদির সংমিশ্রণে আগুনের ভাপে প্রস্তুত পিঠাবিশেষ।
ধুপী, ধুবী *বি* রজক; ধোপা।
ধুম, ধুমো *বি* ১ সমারোহ; আড়ম্বর; ঘটা; জাঁকজমক; শোরগোল। ২ প্রাচুর্য; আধিক্য; ভিড়। ৩ তুমুল কোলাহলময়। **ধুমখাওর** *বিণ* তুমুল; ভীষণ। **ধুম ধড়াক্কা, ধুম ধাড়াক্কা** *বি* খুব ঘটা; মহাসমারোহ; আড়ম্বর। **ধুমধাম** *বি* সমারোহ; জাঁকজমক; মাতামাতি।
ধুমা *বি* ধূম্র; ধূম। **ধুমাকল** *বি* স্টিমার।
ধুমড়ি *বি* ১ ঢেমনি; বয়স্থা চরিত্রহীনা নারী। ২ অবজ্ঞার্থে বৈষ্ণবী। ৩ স্থূলাঙ্গী নারী; মোটা মেয়ে। ❑ *বিণ* বয়স্কা মেয়ে। **ধুমড়া** *বিণ* নেড়ানেড়ীর নেড়ী নির্দেশক।
ধুমসা, ধুমসো *বিণ* বেমানান; মোটা; ঘোর কালো বর্ণ ও স্থূলকায়। **ধুমসি** *স্ত্রী*।
ধুমসুনি *বি* ১ মুষ্ট্যাঘাত; কিল। ২ বিলক্ষণ প্রহার। [আঞ্চলিক]
ধুম্বু, ধুম্বা *বিণ* দীর্ঘাঙ্গী ও স্থূলাঙ্গী; যেমন লম্বা তেমন মোটা। **ধুম্বী** *স্ত্রী*।
ধুম্বলোচন, ধুম্রলোচন *বিণ* কালো ও মোটা; কুৎসিত মোটা; গোদা। [সং. ধূম্রলোচন, ধূম্রলোচনা; হিন্দুপুরাণে অসুর শুম্ভ নিশুম্ভের সেনাপতি]। **ধুম্রলোচনা** *স্ত্রী*।
ধুয়া[১], **ধুঁয়া** *বি* ১ ধূম। ২ ঘোলা। ❑ *বিণ* ধূমযুক্ত। [সং. ধূম>]। **ধুয়ালি** *বি* ধোঁয়া।
ধুয়া[২], **ধুয়ো** *বি* ১ গানের যে অংশ দোহারগণ বার বার গায়। ২ (আল.) যে উক্তি বার বার করা হয়। ৩ আবদার; ছল; ছুতা। [সং. ধ্রুব>]। **ধুয়া তোলা** *ক্রি* ছল করা; অছিলা করা। **ধুয়া ধরা** *ক্রি* ধুয়া তোলা; গানের ধুয়া ধরা।
ধুর, ধুরা *বি* ১ গাড়ি ইত্যাদির অগ্রভাগ যা ঘোড়া গরু মহিষাদির কাঁধে সংলগ্ন থাকে; জোয়াল। ২ কোনো বস্তুর সম্মুখের অংশ। ৩ শকটের মধ্যের দণ্ড যার দুই প্রান্ত দু চাকার মধ্যে সংলগ্ন থাকে; অক্ষদণ্ড। [সং. ধুর্]
ধুরন্ধর *বি* ভারবাহী; ভারবাহক। ❑ *বিণ* ১ যে দক্ষতার সাথে কার্যভার অনায়াসে বহন করতে পারে; সুদক্ষ; সুনিপুণ; কর্মকুশল। ২ অগ্রণী; ওস্তাদ। ৩ (ব্য.) চতুর; ধড়িবাজ; বখাটে। [সং. ধুরা+√ধৃ+অ]।
ধুরি *বি* গরুর গাড়ির চাকার মাঝখানের লোহার ডাঁট।
ধুল *বি* ১ ধুলা; মিহি শুষ্ক মাটির গুঁড়া। ২ (গ.) কড়ার ভগ্নাংশবিশেষ; বিশ ধুলে এক কাঠা। [সং. ধূলি>]। **ধুলট** *বি* ১ ধুলায় গড়াগড়ি প্রদান। ২ ধূলিমলিন। ৩ মেঘের নামবিশেষ। **ধুল পরিমাণ** এক কাঠা জমির বিশ ভাগের এক ভাগ।
ধুলা, ধুলো *বি* ১ (গ.) ক্ষেত্রের ও কড়ার অংশবিশেষ। ২ ধূলি; শুকনা মাটির বা যে কোনো জিনিসের গুঁড়া; রেণু। [সং. ধূলি>]। **ধুলা খেলা** *বি* শিশুর ধুলা মাটি নিয়ে খেলা। **ধুলাঘর, ধুলাঘর** *বি* খেলাঘর। **ধুলাপড়া, ধুলা পড়া** *বি* মন্ত্রপূত ধূলি। **গায়ে ধুলা দেওয়া** *ক্রি* ধিক্কার দেওয়া; ঘৃণা প্রকাশ করা; হেয় করা; অবজ্ঞা করা। **গায়ের ধুলা ঝাড়া** *ক্রি* অপমান ভুলে যাওয়া। **চক্ষে বা চোখে ধুলা দেওয়া** *ক্রি* ফাঁকি দেওয়া; প্রতারিত করা; ঠকানো। **পায়ের ধুলা দেওয়া** *ক্রি* পদার্পণ করে কৃতার্থ করা। **পায়ের ধুলা নেওয়া** *ক্রি* ১ পা স্পর্শ করে সেই হাত মাথায় ঠেকানো। ২ গভীর শ্রদ্ধাভক্তি প্রদর্শন করা।
ধুলোট *বি* ধূলিখেলা বা ধুলা মাখামাখি।
ধূপ[১] *বি* সুগন্ধ দ্রব্যবিশেষ বা তার বাতি। [সং.]। **ধূপক** *বি* সুগন্ধিকারক; গন্ধদ্রব্য বিক্রয় করে যে। **ধূপিকা** *স্ত্রী*। **ধূপচি, ধূপিকা, ধূপদান, ধূপপাত্র** *বি* ধুনাচি। **ধূপদানি** *বি* ধূপ পোড়ানো হয় যে পাত্রে। **ধূপদীপ** *বি* ধূপ ও ঘৃতদীপ। **ধূপন** *ক্রি* ধূপের ধোঁয়া দ্বারা সুগন্ধিকরণ। ❑ *বি* ধুনা। **ধূপবাস** *বি* ধূপের গন্ধ। **ধূপযন্ত্র** *বি* ধূপের ধোঁয়া ছড়িয়ে বায়ু বিশুদ্ধ করার যন্ত্র। **ধূপাগুরু** *বি* অগুরুবিশেষ। **ধূপাঙ্গ** *বি* তারপিন তেল। **ধূপায়িত, ধূপিত** *বিণ* তাপিত। **ধূপায়িতা, ধূপিতা** *স্ত্রী*।
ধূপ[২](ম-বা) *বি* রৌদ্র। [তুল. ধূপছায়া = রৌদ্র-ছায়া]
ধূম *বি* ১ ধোঁয়া। [সং.]। ২ আড়ম্বর; সমারোহ; ঘটা; জাঁক। ৩ ঝুল। ৪ কুয়াশা; মেঘ। **ধূমকেতু** *বি* ১ ধূম্রাকার সপুচ্ছ

জ্যোতিষ্কবিশেষ; ঝাড়ুর মতো আকৃতিবিশিষ্ট। ২ কেতুগ্রহ। ৩ উৎপাতবিশেষ। ৪ কুগ্রহ; কুলক্ষণ। **ধূমপান** *বি* তামাক; বিড়ি; চুরুট; সিগারেট ইত্যাদির ধোঁয়া সেবন। **ধূমপায়ী** *বিণ* ধূম পানকারী; তামাকখোর। **ধূমপায়িনী** *স্ত্রী.*। **ধূমল** *বি* ১ কৃষ্ণ; লোহিতবর্ণ; কপিশ; ধোঁয়ার মতো রং; বেগুনি বর্ণ। ২ ধূম বর্ণযুক্ত; কৃষ্ণ লোহিত বর্ণবিশিষ্ট। **ধূমাকার** *বিণ* ১ ধোঁয়ার মতো ঝাপসা। ২ ধোঁয়ায় পরিপূর্ণ অন্ধকার। **ধূমাবতী** *বি* হিন্দুমতে দশ মহাবিদ্যার অন্যতমা। **ধূমাভ** *বিণ* ধোঁয়ার মতো বর্ণযুক্ত; ধূম্র বর্ণযুক্ত; ধূমল। **ধূমাভা** *স্ত্রী.*। **ধূমায়মান** *বিণ* ধোঁয়া ছাড়ছে এমন; ধোঁয়া উঠছে এমন। **ধূমায়িত, ধূমিত** *বিণ* ১ ধূমযুক্ত; ধূমপূর্ণ; ধূমে আচ্ছন্ন। ২ ধোঁয়া উঠছে এরূপ। **ধূমুল**(ম–বা) *বি* ১ ঢাক; নাকাড়া। ২ ঢাক বাদ্যের ধ্বনি। **ধূমোদ্গার** *বি* ধোঁয়া বেরকরণ; ধূমনির্গম। [স. ধূম+উদ্গার]

ধূম্র *বি* ১ ধোঁয়া। ২ ধোঁয়ার মতো রং। ❑ *বিণ* ধোঁয়ার মতো বর্ণবিশিষ্ট; ধূমল (ধূম্র পাহাড়)। [স.]। **ধূম্রকেশী** *বিণ* ধূম্রবর্ণ চুলবিশিষ্ট। **ধূম্রকেশা, ধূম্রকেশিনী** *বিণ স্ত্রী.*। **ধূম্রবর্ণ** *বিণ* ১ রং ধোঁয়ার মতো এমন। ২ ধোঁয়ার মতো রং; কৃষ্ণলোহিত বর্ণ। **ধূম্রবর্ণা, ধূম্রল** *বিণ স্ত্রী.* ধূম্রবর্ণ; ধূমল। **ধূম্রলোচন** *বিণ* ধূম্রবর্ণ চক্ষুযুক্ত। ❑ *বি* ১ কপোত; পায়রা। ২ শুম্ভ ও নিশুম্ভ নামক অসুর রাজদ্বয়ের সেনাপতির নাম। **ধূম্রাক্ষ** *বিণ* ধোঁয়ার মতো চক্ষুবিশিষ্ট। [স. ধূম্র+অক্ষ]। **ধূম্রাক্ষী** *বিণ স্ত্রী.*। **ধূম্রালোক** *বি* অস্পষ্ট আলোক; আবছায়া। [স. ধূম্র+আলোক]

ধূম্রক *বি* উষ্ট্র।

ধূর্জটি *বি* হিন্দু দেবতা শিব। [স.]।

ধূর্ত *বিণ* ১ চতুর। ২ শঠ; প্রবঞ্চক; প্রতারক। ৩ ধড়িবাজ। ❑ *বি* জুয়াবাজ; জুয়াড়ি। [স.]। **ধূর্ততা** *বি* ১ চতুরতা; চালাকি। ২ ধড়িবাজি। **ধূর্তামি, ধূর্তামো** *বি* ধূর্ততা; শঠতা।

ধূল *বি* ১ ধুলা; রজঃ; রেণু। ২ এক কাঠার বিশ ভাগের এক ভাগ। [স.]

ধূলট *বি* ধূলিখেলা বা ধূলি মাখামাখি। ❑ *বিণ* ধূলি বর্ণের বা ধূলিমাখা।

ধূলদন্তী *বি* গণিতবিদ শুভঙ্করের ছদ্মনাম।

ধূলা⇒ধুলা।

ধূলি, ধূলী *বি* ধুলা; শুকনা মাটির গুঁড়া; রেণু। [স.]। **ধূলিকণা** *বি* ধূলির সূক্ষ্ম অংশ। **ধূলিধূসর, ধূলিধূসরিত, ধূলিমলিন** *বিণ* ধূলিতে আচ্ছন্ন হওয়া; ঈষৎ পাণ্ডুবর্ণ; ধূলিলুণ্ঠিত; ধূলিতে ম্লান হয়ে যাওয়া; ধূলি–মাখা। **ধূলিধ্বজ** *বি* ঘূর্ণিবায়ু। **ধূলিভূত** *বিণ* ধুলায় পরিণত। **ধূলিময়** *বি* ধুলাপূর্ণ; ধুলাময়; ধুলাচ্ছন্ন। **ধূলিলিপ্ত** *বিণ* ধূলিমাখা। **ধূলিলুণ্ঠিত, ধূল্যবলুণ্ঠিত** *বিণ* ১ যে ধুলায় গড়াগড়ি খাচ্ছে; ধুলায় পতিত। ২ হৃত–গৌরব। **ধূলিলুণ্ঠিতা** *স্ত্রী.*। **ধূলিশয্যা** *বি* ১ মাটিতে লুটানো; ভূমিতে শয়ন। ২ মাটিই বিছানা; মৃত্তিকারূপ শয্যা। **ধূলিশায়ী** *বিণ* ধূলিতলে শায়িত আছে এমন; ধুলায় পড়ে আছে এমন। **ধূলিসাৎ** *বিণ* ১ মাটিতে পরিণত; ধুলায় পর্যবসিত। ২ সম্পূর্ণ বিনষ্ট। **ধূলিস্রোত** *বি* ধুলার প্রবাহ।

ধূসর *বি* পাংশু; ছাই রং; সাদাকালো মিশ্রিত রং। ❑ *বিণ* পাংশুটে; ছাই রঙের। [স.]। **ধূসরা** *বিণ স্ত্রী.*। **ধূসরিত** *বিণ* ধূসর রঙে রঞ্জিত বা রাঙানো; ধূসর বর্ণযুক্ত হয়েছে এমন। **ধূসরিয়া** *বি* ধূসর বর্ণ; ধূসরত্ব; ধূসর বর্ণের ভাব।

ধৃত *বিণ* ১ ধরা হয়েছে এরূপ। ২ অবলম্বিত; স্থিত। ৩ গৃহীত। ৪ বইপুস্তক থেকে উদ্ধৃত। ৫ পরিহিত। ৬ বন্দীকৃত। ৭ আক্রান্ত। [স.]। **ধৃতা** *বিণ স্ত্রী.*। **ধৃতগর্ভা** *বিণ* গর্ভধারিণী। **ধৃতবর্মা** *বিণ* বর্মে সজ্জিত। **ধৃতব্রত** *বিণ* ব্রত গ্রহণ করেছেন এমন; ব্রতধারী। **ধৃতব্রতা** *বিণ স্ত্রী.*।

ধৃতাস্ত্র *বিণ* অস্ত্র ধারণ করেছে এমন; অস্ত্রধারী। [স.]

ধৃতি *বি* ১ হস্তে গ্রহণ; অঙ্গে ধারণ; ধারণ। ২ ধারণা; বোধ; প্রতীতি। ৩ ধৈর্য; সহিষ্ণুতা। ৪ অধ্যবসায়; পুনঃপুন চেষ্টা। ৫ সন্তোষ। ৬ স্থিরচিত্ততা। [স. √ধৃ+তি]। **ধৃতিমান** *বিণ* ১ ধৈর্যশীল। ২ ধীর। ৩ সন্তুষ্ট।

ধৃষ্ট *বিণ* নির্লজ্জ; প্রগল্ভ; উদ্ধত; লম্পট; স্পর্ধিত। ❑ *বি* (আল.) নির্লজ্জ নায়ক; যে নায়ক অপরাধী হয়েও নিঃশঙ্ক; তিরস্কৃত হলেও লজ্জিত হয় না এবং দোষ দেখিয়ে দিলেও মিথ্যা কথা বলে বা অপলাপ করে। [স. √ধৃষ্+ত]। **ধৃষ্টতা, ধৃষ্টত্ব, ধার্ষ্ট্য** *বি* ১ প্রগল্ভতা। ২ নির্লজ্জতা। ৩ ঔদ্ধত্য।

ধৃষ্টা *বি, বিণ* অসতী নারী; ভ্রষ্টা স্ত্রী। [স.]

ধৃষ্য *বিণ* ধর্ষণযোগ্য; ধর্ষণীয়; দলনযোগ্য। [স.]

ধেই ধেই *অব্য* উদ্দাম বা অসংযত নৃত্যের ভঙ্গি বা শব্দ।

ধেড়ে[১] *বি* ভোঁদড়; উদ্বিড়াল।

ধেড়ে[২] *বিণ* বয়স্ক; ধাড়ি; বয়স্থ। ❑ *বি* বয়স বা দৈর্ঘ্যে কিশোর অপেক্ষা বেশি বয়স্ক; যুবক। [স. ধাত্রী>ধাড়ি/ধাড়ী>ধেড়ে]

ধেনু *বি* নবপ্রসূতা গাভী; দুগ্ধবতী সবৎসা গাভী। [স.]। **ধেনুদুগ্ধ** *বি* গোদুগ্ধ।

ধেনো *বি* ধান থেকে প্রস্তুত মদবিশেষ; ধেনো মদ; ভেতো মদ। ❑ *বিণ* ১ ধান সম্পর্কিত। ২ ধান থেকে প্রস্তুত। ৩ ধান জন্মে যাতে; ধান্যপ্রসূ। **ধেয়ানো** *ক্রি* (পদ্যে) একাগ্রভাবে চিন্তা বা ধ্যান করা; স্মরণ বা চিন্তা করা। **ধেয়ানী, ধ্যানী** *বিণ*।

ধৈর্য *বি* ১ ধীরতা; স্থিরতা; যে গুণের প্রভাবে বিপদের সময়ও অটলভাবে থাকা যায়। ২ সহিষ্ণুতা; সহ্য করার ক্ষমতা; অপেক্ষা করার শক্তি; সহ্য শক্তি। ৩ চিত্তের অবিচলিত ভাব; নির্বিকারচিত্ততা; নিস্পৃহতা। [স.]। **ধীর** *বিণ*। **ধৈর্যচ্যুত, ধৈর্যহারা** *বিণ* সহ্য করার ক্ষমতা হারিয়েছে এমন; ধৈর্যহীন; অসহিষ্ণু; অস্থির। **ধৈর্যচ্যুতি, ধৈর্যহানি** *বি* ধৈর্যহীনতা; ধৃতিনাশ; অধীর হওয়া। **ধৈর্যধারণ, ধৈর্যাবলম্বন** *বি* সহিষ্ণুতা অবলম্বন; ধীরভাবে অপেক্ষাকরণ। **ধৈর্যবান** *বিণ* ধীরতাসম্পন্ন; ধীর। **ধৈর্যময়ী** *বিণ স্ত্রী.* ধৈর্যবতী; ধৈর্যশালিনী। **ধৈর্যশালী, ধৈর্যশীল** *বিণ* অবিচলিত; সহিষ্ণু; ধীর। **ধৈর্যহারা** *বিণ* অসহিষ্ণু; অধৈর্য।

ধোঁওয়া, ধোঁয়া *বি* ধূম। **ধোঁয়াটে** *বিণ* ১ ধোঁয়ার মতো অস্পষ্ট। ২ ধোঁয়ার গন্ধযুক্ত; ধোঁয়ার ভাব। ৩ ধূম্রাচ্ছন্ন।

ধোঁকা *বি* ১ ফাঁকি; ধাপ্পা; প্রবঞ্চনা। ২ সন্দেহ; সংশয়। ৩ ভ্রম; ভুল। **ধোঁকা দেওয়া** *ক্রি* ১ ফাঁকি দেওয়া। ২ ঠকানো। ৩ ধাপ্পা দেওয়া। **ধোঁকাবাজ** *বি* ফাঁকিবাজ; প্রবঞ্চক; প্রতারক। **ধোঁকাবাজি** *বি* ফাঁকি; ধাপ্পা; প্রবঞ্চনা। **ধোঁকায় পড়া** *ক্রি* সংশয়গ্রস্ত হওয়া; সন্দেহযুক্ত হওয়া;

প্রভাবিত হওয়া; ভ্রমবশত বঞ্চিত হওয়া।

ধোকড় *বি* থলে; ছেঁড়া কাঁথা; মোটা কাপড়। **কথার ধোকড়** *বি* বাক্যবাগীশ। **মাকড় মারলে ধোকড় হয়**—অন্যের জন্যে যা দোষের সমাজপতির জন্যে তা দোষের নয়।

ধোচনা *বি* ১ বাঁশের শলায় তৈরি মাছ ধরার যন্ত্রবিশেষ। ২ অশ্লীল তিরস্কারবিশেষ। ৩ চাউল ধোয়ার ছোট টুকরি; ধুচনি।

ধোনা, ধুনা *ক্রি* ধনুকের মতো যন্ত্র দ্বারা ধুনরির তুলা পরিষ্কার করা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। ❑ *ক্রি* (আল.) তীব্র ভর্ৎসনাদি দ্বারা ভ্রমপ্রদর্শন করা; অত্যন্ত তিরস্কারাদি করা। **ধুনারি** *বি* যে ধুনে। [স. √ধু (ণিজন্ত ধুনি); তুল. বিধূনন—পাখা সঞ্চালন ধ্বনি]

ধোপ, ধোব *বি* ১ ধোপাকে দিয়ে কাচানো; ধোলাই; ধবলীকরণ। ২ শুক্লাভাব। ❑ *বিণ* ১ ধোপা কর্তৃক পরিষ্কৃত; ধোয়া। ২ পরিষ্কার; শুভ্র। [স. √ধাব্]। **ধোপদস্ত, ধোপদুরস্ত, ধোপদোরস্ত** *বিণ* ১ উত্তমরূপে ধোলাই করা হয়েছে এমন; পরিষ্কার-পরিচ্ছন্ন। ২ বাহ্যিক চাকচিক্যযুক্ত; বাহ্যত নিখুঁত। ৩ ফিটফাট।

ধোপা, ধোবী *বি* ১ রজক; কাপড় ধোলাই করা যার বৃত্তি। ২ হিন্দু পেশাভিত্তিক জাতিবিশেষ।

ধোয়া, ধোওয়া *ক্রি* ধৌত বা প্রক্ষালিত করা; কাচা; পানি দ্বারা পরিষ্কার করা। ❑ *বি* ধৌতকরণ; প্রক্ষালন। ❑ *বিণ* প্রক্ষালিত; ধৌত। **ধোয়ানো** *ক্রি* ধৌত করানো। ❑ *বি, বিণ* উক্ত অর্থে।

ধোয়াট *বি* ১ ধোয়া পানি। ২ নদীপ্রবাহে আনীত মাটি; নদীর স্রোত প্রভাবে ধোয়া মাটি; পলিমাটি। [স. √ধাব্+বা. আ]

ধোলাই *বি* ১ পানি দ্বারা প্রক্ষালন বা ধোওয়া; ধৌতকরণ; ধোপ। ২ ধোয়ার মজুরি বা পারিশ্রমিক; ধৌত; পানি দ্বারা পরিষ্কৃত। ৩ পিটুনি। **ধোলাই করা** *ক্রি* ধৌত করা; পানি দ্বারা পরিষ্কার করা। **ধোলাই দেওয়া** *ক্রি* ভীষণ প্রহার করা। **গণধোলাই** *বি* গণপিটুনি; হাটুরে কিল।

ধৌত *বিণ* ধোয়া হয়েছে এরূপ; প্রক্ষালিত; পরিষ্কৃত; মার্জিত। [স.]। **ধৌতকট** *বি* মোটা সুতার থলে বা ব্যাগ। **ধৌতকৌষেয়** *বি* পট্টবস্ত্র। **ধৌতশীলা** *বি* স্ফটিক।

ধ্যান *বি* ১ গভীর চিন্তা; কোনো বিষয়ে প্রগাঢ় ভাবনা। ২ এক বিষয়ক জ্ঞানধারা। ৩ অনন্যমনে অতি নিবিষ্টভাবে একাগ্রচিত্তে কোনো বিষয় চিন্তা। ৪ অভিনিবেশ সহকারে মনন বা স্মরণ। ৫ কল্পনা; ধারণা। ৬ ব্যাখ্যা; সংজ্ঞা। [স.]। **ধ্যানগম্ভীর** *বিণ* ১ একাগ্রচিন্তায় মগ্ন। ২ প্রশান্তভাবে ধ্যানমগ্ন। **ধ্যানধারণা** *বি* ১ একাগ্রচিন্তা ও প্রতীতি। ২ স্মরণ ও মনন। **ধ্যানভঙ্গ** *বি* ১ ধ্যানে বিঘ্ন; ধ্যানে বাধার সৃষ্টি। ২ ধ্যানের অবসান। **ধ্যানমগ্ন** *বিণ* ধ্যানে নিবিষ্ট চিত্ত; ধ্যানের মধ্যেই ডুবে গেছে এমন; গভীরভাবে ধ্যানরত; চিন্তায় সমাহিত। **ধ্যানযোগ** *বি* ধ্যানরূপ যোগ; ধ্যান দ্বারা ধ্যেয় বস্তুর সাথে মিলন। **ধ্যানরত, ধ্যানস্থ** *বিণ* যিনি ধ্যান করছেন; ধ্যানপরায়ণ; ধ্যানে নিবিষ্ট চিত্ত।

ধ্যাবড়া, ধেবড়া *বি* ১ মোটা ও কুশ্রী। ২ কালি প্রভৃতি তরল দ্রব্যের বিস্তৃত ছাপ; দাগ।

ধ্যেয় *বিণ* ১ ধ্যানের যোগ্য; ধ্যানের বিষয়ীভূত। ২ চিন্তনীয়। ৩ স্মরণীয়। [স.]

ধ্রু *বি* ধুয়া।

ধ্রুপদ *বি* উচ্চশ্রেণীর ভারতীয় সঙ্গীত—চিরন্তন গুণসম্পন্ন শ্রেষ্ঠ হিন্দু দেবতাদের স্তুতি গান, রাজাদের কীর্তিকলাপ অথবা প্রবল যুদ্ধাদিও যার বিষয়। **ধ্রুপদী** *বি* ধ্রুপদ গায়ক। ❑ *বিণ* ধ্রুপদ গানে দক্ষ; ধ্রুপদ মর্যাদাযুক্ত; ক্লাসিক্যাল; চিরন্তনী।

ধ্রুব *বি* ১ দৃশ্যত নিশ্চল নক্ষত্রবিশেষ; দিক নির্ণয়ের সহায়ক উত্তর দিকস্থ নক্ষত্রবিশেষ। ২ উত্তর মেরু। ❑ *বিণ* ১ স্থির; অচঞ্চল; নিশ্চল। ২ দৃঢ়; অবিচলিত; বদ্ধমূল। ৩ নিশ্চিত; সংশয়হীন। ৪ খাঁটি; প্রকৃত; ঠিক; যথার্থ। ৫ অবশ্য। [স.]। **ধ্রুবক** *বি* ১ স্থাণু। ২ গানের ধুয়া; ধ্রুপদ। **ধ্রুবতা** *বি* নিশ্চয়তা; স্থিরতা; নিত্যতা; অক্ষমতা। **ধ্রুবতারা, ধ্রুবনক্ষত্র** *বি* ১ উত্তর আকাশস্থ দিকনির্ণয়ে সাহায্যকারী নক্ষত্রবিশেষ। ২ জীবনের আদর্শ; অনন্যলক্ষ্য। **ধ্রুবলোক** *বি* নিত্যধাম; অক্ষয় অনন্তলোক। **ধ্রুবাবর্ত** *বি* ঘোড়ার শিরোমধ্যস্থ রোমাবর্ত।

ধ্বংস *বি* ১ নাশ; ক্ষয়। ২ বিনাশ; বধ; সংহার। ৩ উচ্ছেদ; উৎখাত। ৪ বিলোপ। ৫ অপচয়। ৬ ভেঙে পড়া; নষ্ট হওয়া। ৭ অধঃপতন; পতন। [স.]। **ধ্বংসনীয়** *বিণ* ধ্বংসযোগ্য; উচ্ছেদনীয়। **ধ্বংস হওয়া** *ক্রি* সর্বনাশপ্রাপ্ত হওয়া; নষ্ট হওয়া; সর্বস্বান্ত হওয়া। **ধ্বংসোন্মুখ** *বি* ধ্বংসের সূচনা; ধ্বংসের উপক্রম। **ধ্বংসলীলা** *বি* প্রলয়কাণ্ড; ব্যাপক ধ্বংস; তাণ্ডব। **ধ্বংসানো** *ক্রি* ১ নষ্ট করা। ২ বিনষ্ট করা; উৎসন্ন করা। ❑ *বি, বিণ* উক্ত উভয় অর্থে। **ধ্বংসাবশেষ, ধ্বংসশেষ** *বি* ধ্বংসের পর যা অবশিষ্ট রয়েছে; নাশের পর অবশিষ্টাংশ; ভগ্নাবশিষ্ট। **ধ্বংসিত** *বিণ* ১ নাশিত; ধ্বংসপ্রাপ্ত; বিনষ্ট; খণ্ডিত। ২ অধঃপতিত।

ধ্বজ *বি* ১ পতাকা; নিশান; কেতন। ২ *বি* পুরষাঙ্গ; শিশ্ন। ৩ গৌরব; শ্রেষ্ঠ। ৪ চিহ্ন; লক্ষণ। [স.] **ধ্বজচিহ্ন** *বি* জাতি; সম্প্রদায় বা রাজশক্তি বা রাষ্ট্রের বিশিষ্ট চিহ্ন। **ধ্বজদণ্ড** *বি* পতাকা দণ্ড। **ধ্বজবহ** *বিণ* পতাকাবাহক। **ধ্বজবান** *বিণ* ১ পতাকাধারী। ২ চিহ্নিত। ❑ *বি* দুষ্কৃতির জন্য চিহ্নিত। **ধ্বজভঙ্গ** *বি* পুরুষত্বহীনতারূপ রোগ; পুরুষের স্ত্রীসঙ্গম শক্তির লোপ। **ধ্বজস্তম্ভ** *বি* পতাকাদণ্ড।

ধ্বজা *বি* ১ নিশান; পতাকা। ২ চিহ্ন। ৩ গৌরব; গর্ব। ৪ শিখা; চূড়া। ৫ টিকি। **ধ্বজাধরা** *ক্রি* উগ্রভাবে সমর্থন করা। **ধ্বজাধারী** *বিণ* ১ পতাকাধারী। ২ সমর্থক। ৩ টিকিধারী; শিখাবিশিষ্ট। ৪ মূর্খ ও অহঙ্কৃত; সর্দার বা পাণ্ডা।

ধ্বনন *বি* ১ অব্যক্ত শব্দকরণ; গুঞ্জন। ২ বর্ণন; ধ্বনির অনুকরণ। ৩ কাব্যান্তর্গত ধ্বনির দ্যোতনা; ব্যঞ্জন। [স. √ধ্বন্+অনট]

ধ্বনি *বি* ১ শব্দ; কণ্ঠস্বর; রব। ২ বিশেষ রব বা জিকির। ৩ কাব্যের রস; ব্যঞ্জনা। [স.]। **ধ্বনিকাব্য** *বি* উত্তম বা উৎকৃষ্ট কাব্য; বাচ্যার্থ অপেক্ষা ব্যঙ্গার্থের দ্বারা সৌন্দর্যমণ্ডিত কাব্য। **ধ্বনিগ্রহ** *বি* ১ শব্দজ্ঞান। ২ কর্ণ। **ধ্বনিত** *বিণ* ১ শব্দিত; বাদিত; নিনাদিত; ঝঙ্কৃত। ২ ধ্বনি দ্বারা প্রতিপন্ন। **ধ্বনিনালা** *বি* বংশী; বাঁশি।

ধ্বন্যাত্মক *বিণ* ধ্বনিমূলক বা অনুকারমূলক। [স. ধ্বনি + আত্মক]

ধ্বসা *বিণ* ধ্বসে পড়েছে এমন। [স. √ধ্বন্স্+ত=

ধ্বস্ত> ধ্বস+আ]
ধ্বস্ত *বিণ*১ বিনষ্ট; ধ্বংসপ্রাপ্ত। ২ পতিত; স্খলিত; বিচ্যুত। [স. ধ্বন্‌স্‌+ত]। **ধ্বস্তবিধ্বস্ত** *বিণ* চুরমার; সম্পূর্ণরূপে বিধ্বস্ত হয়েছে এমন। **ধ্বস্তাধ্বস্তি** *বি* ১ পরস্পরকে আকর্ষণ করে অভিভূত বা পতিত করার চেষ্টা। ২ বল পরীক্ষা।
ধ্বান্ত *বি* অন্ধকার; তিমির; তমসা। [স.√ধ্বন্‌+ত]। **ধ্বান্তারি** *বি* সূর্য। **ধ্বান্তোন্মেষ** *বি* জোনাকি।

ন

ন[১] বাংলা বর্ণমালার বিংশ ব্যঞ্জনবর্ণ।
ন[২] *বিণ*১ নতুন। ২ জন্মের ক্রম অনুসারে চতুর্থ; সেজোর পরবর্তী (ন'কাকা)। [আঞ্চলিক]
ন[৩] *বি* নয় সংখ্যা; ৯। ☐*বিণ* নয় সংখ্যক; নয়। [স. নবন্‌]
ন[৪] *অব্য* নিষেধ অভাব ইত্যাদিসূচক। [স. আঞ্চলিক]
নই[১] (ম-বা) *বি* নদী। [স. নদী>]
নই[২] *বিণ*১ বকনা; মাদি। ২ পশুর স্ত্রী জাতি। ৩ নতুন। [স. নবী>]
নই[৩] *ক্রি* নহি; না হই।
নও *বিণ* নয়া; নতুন। [স. নব>]
নওকর, নোকর *বি* চাকর; ভৃত্য। **নোকরি, নকরি** *বি* বেতন নিয়ে কাজ; চাকরি; দাসত্ব; ভৃত্যগিরি।
নওজোয়ান, নৌজোয়ান *বি,বিণ*১ নবযুবক; তরুণ বীর; যুবক বীর। ২ তরুণ; যুবক। [ফা.]
নওবত, নহবত *বি*১ প্রত্যহ সকালে ও সন্ধ্যায় বা প্রহরে প্রহরে রাজা বা বিশেষ পদস্থ ব্যক্তির দ্বারে বিশেষ বাদ্যধ্বনি করার জন্য গোলাকার বড় ঢোলকবিশেষ। ২ সানাই ইত্যাদির সুমিষ্ট ঐকতান বাদ্য; দুন্দুভি বা বাদ্য। ৩ যে স্থানে বা মঞ্চে বসে নওবত বসানো এবং বাজানো হয় (নওবতখানা)।
নওবাহার *বি* নববসন্ত। [ফা.]
নওমুসলিম *বি* নবদীক্ষিত মুসলমান। [ফা. নও+আ. মুসলিম]
নওয়ালা *বি*১ উপহার। ২ গ্রাস; মুখের গ্রাস। [আ. নবাল]
নওয়ালি *বিণ* নতুন। ☐*বি* নতুন উৎপন্ন বা আমদানি; নতুন রবিশস্য।
নওরতন *বি* ১ নবরত্ন। ২ নবরত্নখচিত বলয়। [হি.]
নওরাতি *বি* উৎসব রাত্রি; সুখের রাত্রি; উৎসবমুখর রজনী।
নওরোজ *বি*১ নতুন দিন। ২ পারসিক মতে নতুন বৎসরের প্রথম দিন। ৩ উৎসববিশেষ। [ফা.]
নওল *বিণ* নবীন; নতুন; নব; কচি; মনোহারী। [স. নব>নও+ল]। **নওলকিশোর** *বিণ* নব কিশোর। **নওলী যৌবন** *বি* নব যৌবন।
নওলাখি *বি*১ ধর্মসম্প্রদায়বিশেষ। ২ যার মূল্য নয় লক্ষ মুদ্রা।
নওশা, নওশাহ *বি* বর; নতুন শাহ বা বাদশাহ; শাহর মর্যাদাসম্পন্ন 'বর'। [ফা.]
নকড়া *বি*১ নয় কড়া; নয়টি কড়ি। ২ তুচ্ছ; নগণ্য। **নকড়া ছকড়া** *বি* তুচ্ছ; হেয়; নগণ্য; অজ্ঞাত। **নকড়া ছকড়া করা** *ক্রি* তুচ্ছ করা; তাচ্ছিল্য দেখানো।
নকল *বিণ* কৃত্রিম; জাল; অখাঁটি; ঝুটা। ☐*বি*১ অনুকরণ। ২ প্রতিলিপি; অনুলিপি। ৩ প্রতিবিম্ব। ৪ বেআইনিভাবে পরীক্ষার্থীর উত্তরপত্র দেখে লিখন। [আ. নকল]। **নকলনবিস, নকলনবীস** *বি* যে লেখা নকল করে; অনুকরণকারী; প্রতিলেখক। **নকলনবিসি** *বি* নবিসের কাজ; লেখা দেখে লেখার কাজ। **নকুলে** *বিণ* নকল করতে অর্থাৎ কারো ত্রুটির অনুকরণ করে ঠাট্টা-বিদ্রূপ করতে পটু; আমোদপ্রিয়; ভাঁড়।
নকশবন্দিয়া *বি,বিণ* সুফি সম্প্রদায়বিশেষ। [ফ.]
নকশা, নক্সা *বি*১ চিত্রের কাঠামো; রেখাচিত্র। ২ গৃহ উদ্যান সেতু প্রভৃতির অবস্থান-কাঠামো-গঠনসূচক রেখাচিত্র। ৩ গঠন-প্রণালী নির্দেশক রেখাচিত্র। ৪ ফুল-লতা-পাতা অঙ্কিত, চিত্র। ৫ জমির জরিপসম্বন্ধীয় চিত্র। ৬ হাস্যরসাত্মক লেখা বা রচনা; ব্যঙ্গচিত্র। [আ.]। **নকশাকার, নক্সাকার** *বি* যে ব্যক্তি নকশা তৈরি করে। **নকশাদার, নক্সাদার** *বিণ* নকশার কারুকাজ আছে এমন। **নকশানবিশ, নক্সানবিশ** *বি* যে নকশা করে; নকশাকার। **নকশাপাড়, নক্সাপাড়** *বিণ* চিত্রিত পাড়বিশিষ্ট।
নকশি, নকশী *বিণ* নকশাবিশিষ্ট।
নকাশি, নকাশা, নকাসি *বি* ১ চিত্র-আঁকা বা ফুল-লতা কাটার কাজ। ২ খোদাইয়ের কাজ। ৩ ধাতুপাত্রে চিত্রণের বা খোদাইয়ের কাজ। [আ. নক্কাশ; ফা. নক্কাশী]
নকিব, নকীব *বি* ১ রাজা প্রভৃতির যশ বা কীর্তি ঘোষণাকারী। ২ ঘোষক; herald। ৩ প্রভুর বা আগন্তুকের পরিচয়দাতা। ৪ সংবাদবাহক; পেয়াদা। [আ.]
নকুল *বি*১ বেজি; নেউল। ২ হিন্দু-দেবতা শিব; মহাদেব। ৩ মহাভারতোক্ত চতুর্থ পাণ্ডব। ৪ সিদ্ধি পানের পর যে মুখরোচক খাদ্য খাওয়া হয়; চাট। [স.]
নক্র *বি* কুমির। [স.]
নক্ষত্র *বি* ১ তারকা। ২ অশ্বিনী ভরণী কৃত্তিকা রোহিণী মৃগশিরা আর্দ্রা পুনর্বসু পুষ্যা অশ্লেষা মঘা পূর্ব-ফল্গুনী উত্তর-ফল্গুনী হস্তা চিত্রা স্বাতী বিশাখা অনুরাধা জ্যেষ্ঠা মূলা পূর্বাষাঢ়া উত্তরাষাঢ়া শ্রবণা ধনিষ্ঠা শতভিষা পূর্বভাদ্রপদা উত্তর ভাদ্রপদা ও রেবতী—চন্দ্রপত্নীরূপে বর্ণিত সাতাশটি তারকা। ৩ রাশিচক্রের সাতাশ ভাগের এক ভাগ। **নক্ষত্রগতি, নক্ষত্রবেগ** *বি* অতিদ্রুত বেগ; উল্কার মতো গতি। **নক্ষত্রচক্র** *বি* রাশিচক্র। **নক্ষত্রজাত** *বিণ*১ নক্ষত্র থেকে জাত বা উৎপন্ন। ২ নক্ষত্রবিশেষ থেকে গৃহীত জন্ম বা ভূমিষ্ঠ। **নক্ষত্রজীবী** *বিণ* দৈবজ্ঞ। **নক্ষত্রদর্শক** *বি* জ্যোতির্বেত্তা; জ্যোতিশাস্ত্রজ্ঞ। **নক্ষত্রনাথ, নক্ষত্রপতি, নক্ষত্ররাজ** *বি* চন্দ্র। **নক্ষত্রপাত, নক্ষত্রের পতন** *বি*১ তারা খসে পড়া; উল্কাপাত। ২ বিখ্যাত ব্যক্তির মৃত্যু বা অবনতি। **নক্ষত্রবিদ্যা** *বি* মানুষের বর্তমান ও ভবিষ্যৎ ভালোমন্দ; গ্রহ-নক্ষত্রের গতি ও সঞ্চার প্রভাবে ভাগ্য ইত্যাদি কিরূপে নিয়ন্ত্রিত হয় সে সম্বন্ধীয় বিদ্যা; ফলিত জ্যোতিষ; জ্যোতির্বিদ্যা। **নক্ষত্রমালা** *বি* নক্ষত্রসমূহ; নক্ষত্রপুঞ্জ। **নক্ষত্রলোক** *বি* যে লোকে নক্ষত্রসকল অবস্থান করে; আকাশ।

নখ *বি* আঙুলের অগ্রভাগস্থিত উপাস্থি। [স.]। **নখকুনি, নখকোনি** *বি*১ নখের কোণ বৃদ্ধিরূপ রোগবিশেষ। ২ নখের কোণে পুঁজসঞ্চয় ও ব্যথা। ❑ *বিণ* নখের কোণ। **নখক্ষত** *বি* নখের আঘাতের ফলে উৎপন্ন ক্ষত। **নখদর্পণ** *বি* ১ নখরূপ দর্পণ বা নখই দর্পণ; যাতে মুখ দেখা যায়। ২ বিদ্যাবিশেষ—এ বিদ্যা বলে অলৌকিক শক্তিসম্পন্ন বিষয় দেখতে পায়। ৩ যা নখদর্পণে বিম্বিত হয় বা থাকে; পূর্ণরূপে জ্ঞাত হয় যা। **নখরঞ্জনী** *বি*১ যা নখ রঞ্জিত করে; মেহেদি পাতা, বা ঐ জাতীয় জিনিস; নেইল পালিশ। ২ নরুন। **নখশূল** *বি* নখের রোগবিশেষ; কুনি; আঙুল হাড়া। **নখানখি** *অব্য* নখে নখে আঁচড়া-আঁচড়ি; নখযুদ্ধ।

নখর *বি* পশুপক্ষীর তীক্ষ্ণধার নখ। [স.]

নগ *বি*১ পাহাড়; পর্বত। ২ গাছ। [স.]। **নগজ** *বিণ* পাহাড়ে উৎপন্ন হয়েছে এমন; পর্বতজাত। ❑ *বি* হস্তী। **নগনদী** *বি* গিরিনদী; পার্বত্য নদী। **নগপতি, নগরাজ, নগাধিপ, নগাধিরাজ, নগেন্দ্র** *বি* পর্বতশ্রেষ্ঠ; সর্বোচ্চ পর্বত; হিমালয়।

নগণ্য *বি* যা গণনীয় নয়। ❑ *বিণ*১ ধর্তব্য নয় এমন; তুচ্ছ। ২ সামান্য। ৩ গণনার অযোগ্য; শ্রদ্ধার অযোগ্য। [স.]

নগদ *বি* ১ তৎক্ষণাৎ মূল্যদান; জিনিস ক্রয়ের সময়ে মূল্যদান; বাকির বিপরীত। ২ উপস্থিত টাকা; মৌজুদ টাকা; খুচরা বা কাঁচা অর্থ; যে টাকা চেক প্রভৃতিতে দত্ত নয়। [আ. নক্‌দ]। ❑ *বিণ* সঙ্গে সঙ্গে দেয় বা প্রদানসাধ্য। **নগদ খাজনা** *বি* নির্ধারিত খাজনা। **নগদ নারায়ণ** *বি* (আল.) নগদ টাকা। **নগদ বিদায়** *বি* ১ (আল.) কাজ শেষ হওয়ার সাথে সাথে পারিশ্রমিক শোধ করে দেওয়া; নগদ টাকা দিয়ে বিদায়; উপস্থিত হওয়ামাত্র লেনদেন চুকিয়ে দেওয়া। ২ (আল.) অপমান; প্রহার। **নগদা** *বিণ* ১ সঙ্গে সঙ্গে প্রদেয়। ২ দেনাপাওনা সঙ্গে সঙ্গে প্রদেয়। ৩ দেনাপাওনা সঙ্গে সঙ্গে মেটানো হয় এমন। ❑ *বি* নগদ মজুরি নিয়ে যে কাজ করে। **নগদান** *বি* (হিসাব) যে খাতায় নগদ খরচের হিসাব লেখা হয়। **নগদি** *বি*১ নগদ খাজনা আদায়কারী পাইক। ২ জমিদারের পাইক। ৩ যে চাকর তার কাজের জন্য খোরপোশ বাবদ নগদ টাকাও নেয়। ❑ *বিণ* নগদমূল্যে ক্রীত বা ক্রেয়।

নগর *বি*১ পর্বততুল্য সুউচ্চ অট্টালিকাময়ী পুরী; শহর। ২ বহুসংখ্যক লোক নানাজাতি ও শিল্প-বাণিজ্যাদির স্থান। [স.]। **নগরপাল, নগররক্ষী** *বি* নগররক্ষক; কোটাল; কোতোয়াল; পুলিশ কমিশনার। **নগরবাসী** *বিণ* শহরের বাসিন্দা; নাগরিক। **নগরাধিপ, নগরাধ্যক্ষ** *বি* নগর রক্ষার্থে নিযুক্ত কর্মচারী; কমিশনার; সিটি ম্যাজিস্ট্রেট। **নগরী** *বি* *স্ত্রী.* নগর; শহর; রাজধানী। **নগুরে** *বিণ* নগরবাসী; শহুরে। **নগরোপান্ত, নগরোপকণ্ঠ** *বি* নগরের নিকটবর্তী অঞ্চল; নগরের নিকটবর্তী স্থান। **নাগর** *বি* নগরবাসী; প্রেমিক।

নগ্ন *বিণ*১ উলঙ্গ; নেংটা; বিবস্ত্র; দিগম্বর। ২ অনাবৃত। ৩ অকৃত্রিম; খাঁটি। ৪ স্পষ্ট; খোলাখুলি। [স.]। **নগ্নক** *বিণ* নাঙ্গা; বিবস্ত্র। **নগ্নকান্তি** *বি* অকৃত্রিম সৌন্দর্য। **নগ্নতা, নগ্নত্ব** *বি*১ উলঙ্গতা; আবরণহীনতা। ২ অবাধত্ব। **নগ্নাট** *বিণ* দিগম্বর। **নগ্নিকা** *বিণ* *স্ত্রী.* বিবস্ত্রা; বিবসনা। **নগ্নীকরণ** *বি* অনাবৃতকরণ; উলঙ্গকরণ; প্রকাশকরণ; উন্মোচন।

নঙ্গর, নোঙ্গর, নোঙর *বি* শিকল বা কাছির সাথে বাঁধা লাঙলের আকৃতির লোহার ভারী অঙ্কুশবিশেষ যা পানির নিচে ফেলে নৌকা জাহাজ প্রভৃতি বাঁধা হয়। [ফা. লঙ্গর]। **নঙ্গর করা, নঙ্গর ফেলা** *ক্রি* নঙ্গর ফেলে নৌকা জাহাজ প্রভৃতি বাঁধা বা পোতাদির গতিরোধ করা। **নঙ্গর তোলা** *ক্রি* নঙ্গর উঠিয়ে নৌকা বা জাহাজ ছাড়া বা চালু করা।

নচেৎ *অব্য* যদি তা না হয়; নইলে; অন্যথায়। [স.]

নচ্ছার *বিণ* ১ অধম; নীচ; দুষ্ট। ২ অপদার্থ; অসার; লক্ষ্মীছাড়া। ৩ লম্পট। [স. নব+ক্ষার>ছার]

নছব, নসব *বি* বংশ; পুরুষানুক্রম। **হসব-নসব** *বি* বংশ ও বৈবাহিক সম্পর্ক; বংশমর্যাদা; খান্দানি গৌরব। [আ.]। **নসবনামা** *বি* বংশানুক্রম সরণি।

নজর[১], **নযর**[১] *বি* ১ দৃষ্টি। ২ লক্ষ্য। ৩ মনোযোগ; অভিনিবেশ। ৪ তত্ত্বাবধান। ৫ সুদৃষ্টি। ৬ অশুভ বা লুব্ধ দৃষ্টি। ৭ দৃষ্টিশক্তি। ৮ মনোবৃত্তি; বদান্যতা। ৯ কৃপাদৃষ্টি; করুণা। [আ.]। **নজর দেওয়া** *ক্রি* কুদৃষ্টি দেওয়া। **নজরবন্দি, নজরবন্দী** *বি* দৃষ্টির বাইরে যেতে না দেওয়া; ইচ্ছামতো চলাফেরা করতে না দেওয়া; আটক। ❑ *বিণ* যাকে বন্দীর মতো চোখে চোখে রাখা হয়েছে; দৃষ্টিপথে আবদ্ধ রাখা। **নজরবদ্ধ** *বিণ* দৃষ্টি আবদ্ধ। **নজরদার** *বি* যে নজর দেয়। **নজরদারি** *বি* লক্ষ রাখা; সর্তক দৃষ্টি রাখা; পাহারা। **নজরবাজ** *বি* যে নজরবন্দি করে ভেল্কি খেলে। **নজরবাজি** *বি* ১ ভেল্কি। ২ প্রণয়ী যুগলের কটাক্ষ দ্বারা প্রণয়ের ইঙ্গিত। **নজর লাগা** *ক্রি* কুদৃষ্টিতে পড়া; ডাইনির নজরে পড়া। **নজরে পড়া** *ক্রি*১ দৃষ্টি আকৃষ্ট হওয়া; সুনজরে পড়া। ২ পৃষ্ঠপোষকতা লাভ করা। **নজরে রাখা** *ক্রি* ১ দৃষ্টিসীমার মধ্যে রাখা। ২ দেখাশুনা করা। ৩ মনোযোগ দেওয়া; মনোনিবেশ করা। ৪ লক্ষ করা; দেখা।

নজর[২], **নযর**[২] *বি*১ উপঢৌকন; উপহার; ডালি। ২ ভেট; সেলামি। ৩ ঘুষ। [আ.]। **নজর-নিয়াজ** *বি* উপঢৌকন; ভেট; সেলামি। **নজর সেলামি** *বি* উপঢৌকন; ভেট; উপহার। **নজরানা, নযরানা** *বি* ১ দর্শনীয়; উপঢৌকন; উপহার; ভেট। ২ রাজা-বাদশাহ্‌র সঙ্গে সাক্ষাৎকালে প্রজা বা অধীন কর্মচারী প্রদত্ত সালামি বা সম্মানী।

নজির, নযীর *বি* ১ দৃষ্টান্ত; উদাহরণ। ২ প্রমাণস্বরূপ; উল্লেখযোগ্য ফলাফলসহ তদনুরূপ পূর্ব ঘটনা। [আ.]

নজ্জুম *বি* গণক; ভাগ্যগণনাকারী; ভবিষ্যদ্বক্তা। [আ. নজূমী]

নঞ্‌ *অব্য* নেতিবাচক; নিষেধার্থক; বিরোধার্থক; অ আ না নি প্রভৃতি অব্যয়যোগে ব্যক্ত হয়। [স.]। **নঞর্থক** *বিণ* নেতিবাচক অভাব বিরোধ নিষেধ প্রভৃতি ভাবজ্ঞাপক; অনস্তিত্ববাচক। **নঞ্‌ তৎপুরুষ** *বি* অভাব অন্যত্ব অল্পতা নিষেধ ও বিরোধবাচক নঞর্থক শব্দের সঙ্গে নিষ্পন্ন তৎপুরুষ তথা কারক বিভক্তি বা কর্মপ্রবচনীয় লোপে সমাস।

নট[১] *বি* ১ নর্তক; নৃত্যব্যবসায়ী। ২ অভিনেতা; নাটকের অভিনয়কারী। [স.]। **নটবর** *বি* ১ শ্রেষ্ঠ নর্তক। ২ শ্রেষ্ঠ অভিনেতা। ৩ শ্রীকৃষ্ণ। **নটরাজ, নটেশ্বর** *বি*১ নর্তকশ্রেষ্ঠ। ২ হিন্দুদেবতা শিব যিনি তাণ্ডব নৃত্য করেন। **নটী** *বি* *স্ত্রী.* ১ নর্তকী; নৃত্য যে নারীর উপজীবিকা। ২ অভিনেত্রী।

নট[২] *বি* হিন্দু সম্প্রদায়বিশেষ। **নটিনী** *বি* *স্ত্রী.* ১ নর্তকী। ২ অভিনেত্রী। ৩ বেশ্যা; বারাঙ্গনা। **নটী** *বি* *স্ত্রী.* ১

গণিকা। ২ অভিনেত্রী। ৩ নর্তকী।
নট[৩] *বি* সঙ্গীতের রাগ। [স. নট্ট>]
নট[৪] *বি* ১ দুষ্ট; নষ্ট চরিত্র; লম্পট; যে বহু নারীর সঙ্গে প্রণয় করে। ২ ধ্বংস। ❑ *বিণ* বিকৃত। [স. নষ্ট>]। **নটখটে** *বিণ* গোলমেলে; ঝঞ্ঝাটপূর্ণ। **নটঘট, নটঘটি** *বি* অসৎ সম্বন্ধে ঘটনা; অবৈধ প্রণয়সূচক ব্যাপার; কলঙ্কজনক ঘটনা। **নটঘটে** *বিণ* অসৎ সম্বন্ধযুক্ত; কলঙ্কযুক্ত। **নটবর** *বি, বিণ* (ব্য.) লম্পট-শ্রেষ্ঠ।
নটিয়া, নটে *বি* ১ এক প্রকার শাক। ২ নর্তক।
নড *বি* অভিবাদন; মাথা সঞ্চালন। [ই.]
নড় *বি* নলখাগড়া।
নড়চড় *বি* ১ ব্যতিক্রম; অন্যথা; ব্যত্যয়। ২ নড়াচড়া; বিচলন; স্পন্দন।
নড়ন *বি* ১ নড়া; চলন। ২ সঞ্চলন। ৩ স্পন্দন। **নড়ন-চড়ন** *বি* ১ নড়াচড়া; স্থান বা পার্শ্ব পরিবর্তন। ২ ব্যতিক্রম; অন্যথা।
নড়নড়, নড়বড় *অব্য* শিথিলতাজ্ঞাপক; সংলগ্ন থেকে ঝুলন; ভেঙে পড়ার পূর্ব অবস্থা। **নড়নড়ে, নড়বড়ে** *বিণ* ১ শিথিল; অদৃঢ়মূল। ২ ভেঙে বা বিচ্ছিন্ন হয়েও কোনো রকমে আটকে আছে এমন।
নড়া *ক্রি* ১ দোলায়িত বা আলোড়িত বা আন্দোলিত হওয়া; কাঁপা। ২ স্থান ত্যাগ করা বা স্থানান্তরে যাওয়া। ৩ সরে যাওয়া। ৪ চলা; গমন করা। ৫ শিথিল হওয়া। ৬ ব্যতিক্রম হওয়া; অন্যথা হওয়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। । **নড়াচড়া** *বি* দেহসঞ্চালন; চলাফেরা; ঘুরে ফিরে বেড়ানো। **নড়ানো** *ক্রি* ১ দোলানো; আন্দোলিত করা; নাড়া। ২ সরানো; চালিত করা; স্থানান্তরিত করা। ৩ অন্যথা করানো; ব্যতিক্রম করানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।
নড়ানড়ি *বি* দৌড়াদৌড়ি; একস্থান থেকে অন্য স্থানে সরে যাওয়া।
নড়ি, নড়ী *বি* ১ লাঠি; যষ্টি; লগুড়; রাখালের পাচন। ২ অবলম্বন; আশ্রয়; নির্ভর। ৩ হাত বা পায়ের নলের মতো লম্বা হাড়; নড়া; নলা। [স. যষ্টি>লট্ঠি> নট্ঠি>নটি>নড়ি]
নত *বিণ* ১ হেঁট; অবনত; শ্রদ্ধাবিনম্র। ২ প্রণত; প্রণামকারী। ৩ বিনীত; নম্র। ৪ নিম্নাভিমুখী। ৫ নিচু; অনুন্নত; উন্নত নয় এমন। ৬ কুটিল; বক্র। **নতনয়ন, নতনেত্র** *বি* অবনত দৃষ্টি। ❑ *বিণ* মুখ নত করে নিচের দিকে দৃষ্টি করছে এমন।
নতি *বি* ১ নত অবস্থা বা ভাব। ২ প্রণাম; নমস্কার। ৩ অবনত হওয়া; নমন। ৪ বিনয়; নম্রতা। ৫ ঝোঁক; হেলে পড়া। ৬ অনুনয়; বিনীত প্রার্থনা; আবেদন; নিবেদন। [স.]। **নতিমান** *বিণ* প্রণত; নতশীল।
নতিজা, নতীজা *বি* পরিণাম; ফল। [আ. নতীজ]
নতুন, নোতুন *বি, বিণ* ১ নব; নূতন; নবীন। ২ যৌবন। ৩ পুরনো নয় এমন; টাটকা। [স. নূতন>]
নতুবা *অব্য* নচেৎ; অন্যথায়; তা না হলে; নইলে। [স.]
নতোন্নত *বি* উঁচুনিচু; বন্ধুর; এবড়োখেবড়ো। [স. নত+উন্নত]
নথ, নৎ *বি* বলয়াকৃতি নাকের অলঙ্কার। [স. নাথ>]। **নথ নাড়া** *ক্রি* নথ নেড়ে নিজের সংকল্প বা গর্ব প্রকাশ করা; মুখ ঝামটা দেওয়া।
নথি, নথী *বি* ১ সুতা দিয়ে গাঁথা কাগজপত্রের তাড়া। ২ কোনো বিষয় সংক্রান্ত কাগজপত্রের তাড়া; ফাইল। [তুল. হি. নথ্‌থি]। **নথিনিবন্ধ** *বি* নথির তালিকা বই। **নথিপত্র** *বি* কোনো বিশেষ বিষয়ের বিশেষত মোকদ্দমাদির কাগজপত্র। **নথিভুক্ত** *বি, বিণ* নথিতে সংযোজিত। **নথিরক্ষক** *বি, বিণ* যিনি নথি রক্ষণাবেক্ষণ করেন।
নদ *বি* নদী শব্দের পুংলিঙ্গ; কপোতাক্ষ, বলেশ্বর, সিন্ধু, দামোদর, ব্রহ্মপুত্র প্রভৃতি নদ নামে অভিহিত। [স.]
নদারত, নদারদ *অব্য* নেই; বিহীন; শূন্য; অভাব। [ফা. নদারদ্]। **খাতির নদারদ**— খাতির নেই।
নদী *বি* পাহাড় হ্রদ প্রস্রবণ প্রভৃতি থেকে উৎপন্ন ও নানা জনপদের জলস্রোত; চারক্রোশের অধিক বাহিনী জলনালী; স্বাভাবিক জলস্রোত; স্রোতস্বিনী; তটিনী; তরঙ্গিণী; প্রবাহিনী। [স.]। **নদীকূল** *বি* নদীতীর; নদীর ধার। **নদীগর্ভ** *বি* নদীর দুই তীরের মধ্যস্থ স্থান; নদীর অভ্যন্তর ভাগ; নদীর জলভাগ। **নদীজ** *বিণ* নদীজাত; নদী থেকে উদ্ভূত। **নদীপথ** *বি* নদীরূপ পথ; জলপথ। **নদীবক্ষ** *বি* নদীর জলময় অংশের উপরিভাগ। **নদীমাতৃক** *বিণ* নদী মাতা এমন; নদী-লালিত; শস্যের উৎপাদন নদীর জলের উপর নির্ভরশীল এমন। **নদীমুখ** *বি* যে স্থানে নদী সমুদ্রের সঙ্গে মিলিত হয়; নদীর মোহনা; সাগর থেকে নদীতে প্রবেশপথ। **নদীস্নাত** *বিণ* নদীতে স্নানকৃত।
নদে *বি* নদীয়া বা নবদ্বীপ নামের সংক্ষিপ্ত রূপ। **নদের চাঁদ** *বি* নদীয়ার চাঁদ; নবদ্বীপের গৌরব; নবদ্বীপচন্দ্র; শ্রীচৈতন্যের গুণনাম।
নধর *বিণ* ১ নব জলধরের মতো; কোমলতা ও লাবণ্যযুক্ত; সরস ও নবীন; কমনীয়; কোমল। ২ তাজা। ৩ সুস্পষ্ট। [স. নবজলধর>ব্র. নবধর>বা. নধর]
ননদ *বি* স্বামীর ভগিনী; স্বামীর বোন। [স. ননন্দৃ>]। **ননদাই, নন্দাই** *বি* ননদের স্বামী। **ননদিনী, ননদী** *বি* ননদ। **ননাস** *বি* স্বামীর জ্যেষ্ঠা ভগিনী।
ননী, ননি *বি* কাঁচা দুধের মাখন; মাখন। [স. নবনীত>]। **ননীচোরা** *বি* ননী চুরি করে যে, বিশেষার্থে শ্রীকৃষ্ণ। **ননীবালা** *বি* কোমলাঙ্গী নারী। **ননীর পুতুল** *বিণ* ১ ননীতে গড়া; সামান্য তাপে গলে যায় এমন; কোমলাঙ্গ। ২ আদুরে; অকর্মণ্য। ৩ অতিশয় আদরযত্নে পালিত ও কোমলাঙ্গ। **ননুয়া** *বি* ননী; মাখন। ❑ *বিণ* ননী দিয়ে গঠিত; ননীর মতো কোমল ও সুন্দর।
নন্দ *বি* ১ কৃষ্ণের পালকপিতা নন্দগোপ, মথুরার রাজার অধীনে ইনি ব্রজে গোপীদের অধিপতি ছিলেন। ২ আনন্দ। [স.]। **নন্দক** *বিণ* আনন্দজনক। **নন্দকুমার** *বি* ১ নন্দের পুত্র; শ্রীকৃষ্ণ। ২ (আল.) অত্যধিক আদরে নষ্ট। **নন্দদুলাল** *বি* আদুরে গোপাল; শ্রীকৃষ্ণ। **নন্দবংশ** *বি* মগধের রাজা মহাপদ্মের বংশ।
নন্দন *বি* ১ পুত্র; বংশধর। ২ স্বর্গের উদ্যান। ❑ *বিণ* আনন্দদায়ক; আনন্দ দেয় এমন; সুখদ। [স.]। **নন্দন-কানন** *বি* স্বর্গের উদ্যান; উপবন; বেহেশ্‌তের বাগান; সর্বদা আনন্দদায়ক বনবিশেষ। **নন্দনতত্ত্ব** *বি* সৌন্দর্যবিদ্যা; শিল্প সাহিত্য ইত্যাদির সৌন্দর্য সংক্রান্ত তত্ত্ব মতবাদ বা জ্ঞান।
নন্দা[১] *বি* ১ হিন্দুদেবী দুর্গা। ২ (জ্যো-শা) প্রতিপদ ষষ্ঠী ও একাদশী—এই তিন তিথি। [স.]
নন্দা[২] *বি* ১ ননদ; স্বামীর বোন। ২ বড় মাটির পাত্র; নাদা।

[স. নন্দ>]
নন্দিনী *বি* ১ কন্যা; দুহিতা। ২ গঙ্গা। ৩ বশিষ্ঠ মুনির কামধেনু। ☐ *বিণ* আনন্দদায়িকা। [স.]
নন্দী (–ন্দিন্) *বি* ১ শিবের প্রধান অনুচর। ২ উপাধি বিশেষ। ☐ *বিণ* ১ আনন্দিত। ২ আনন্দবর্ধক। [স.]। **নন্দভৃঙ্গী** (–ঙ্গিন্) *বি* ১ শিবের অনুচরদ্বয়। ২ (আল.) অবাঞ্ছিত অনুচরবর্গ; দুই পাশে অবস্থিত মোসাহেবগণ। **নন্দীসর** *বি* ইন্দ্রের উপবনস্থিত সরোবর।
নন্দ্য *বিণ* ১ আনন্দের যোগ্য; সুখ বা তৃপ্তি পাওয়া যায় যাতে। ২ প্রশংসার যোগ্য; সংবর্ধনার যোগ্য। [স. নন্দ+য]
নপুংসক *বি* হিজড়া; স্ত্রীও নয় পুরুষও নয় এমন মানুষ। ☐ *বিণ* ১ ছিন্নমুষ্ক; খোজা। ২ পুরুষত্বশূন্য; বীর্যহীন। ৩ (আল.) কাপুরুষ; পৌরুষের অভাব; ব্যক্তিত্বহীন। [স.]
নফর *বি* চাকর; পরিচারক; ভৃত্য; দাস। [আ. নফর]
নফল *বিণ* অতিরিক্ত নামাজ; যা ফরজ, ওয়াজিব কিংবা সুন্নতমাত্র নয়; সুন্নতেরও অতিরিক্ত। [আ.]
নফ্‌স, নফ্‌ছ (অশু.) *বি* ১ প্রবৃত্তি; মন; রিপু। ২ চিন্তা; কামনা; বাসনা; ভোগ; পাপ; অহঙ্কার। [আ.]। **নফসে আম্মারা** *বি* কুপ্রবৃত্তি। **নফসে লাওয়ামা** *বি* অসৎ–অন্যায় কাজের জন্য অনুতপ্ত মন; দোটানা মন। **নফসে মুতমাঈন্না** *বি* শুদ্ধ ও শান্ত মন।
নব[১] *বিণ* ১ নবীন; নতুন। ২ সদ্য উৎপন্ন। ৩ তাজা; টাটকা। [স.]। **নবকলিকা, নবকোরক, নবমুকুল** *বি* নতুন কুঁড়ি। **নবকার্তিক** *বি* ১ নবজাত কার্তিকের মতো সুন্দর। ২ (ব্য.) অতি কৃষ্ণকায় কুৎসিত ব্যক্তি। ৩ (আল.) নাগর। **নবকুমার** *বি* নবজাত শিশু। **নবজন্ম** *বি* রোগমুক্তিজাত বা নতুন চেতনাজাত; নতুন জীবনানন্দবোধ। **নবজাত** *বিণ* সদ্যপ্রসূত বা উৎপন্ন। **নবজাতক** *বি* সদ্যোজাত শিশু। **নবজীবন** *বি* ১ নতুন জীবন। ২ নতুন চেতনাজাত উদ্দীপনা ও উদ্যম। ৩ রোগভোগের বা জীবনসম্বন্ধে নতুন উপলব্ধির উন্নত অবস্থা। **নবডঙ্কা, লবডঙ্কা** *বি* ফাঁকি; শূন্য। ☐ *অব্য* (আল.) অবজ্ঞা তুচ্ছতা প্রভৃতিসূচক; ঘোড়ার ডিম; কাঁচকলা। **নবদ্বীপ** *বি* ১ নতুন দ্বীপ। ২ বাংলার প্রাচীন রাজধানী নদীয়া। **নবনীপ** *বি* সদ্য প্রস্ফুটিত কদমফুল। **নবপ্রাশন** *বি* ১ হিন্দু সমাজের প্রচলিত অন্নপ্রাশন; ছেলেমেয়ের প্রথম অন্নগ্রহণ উৎসব। ২ নবান্নভোজন। **নববর্ষ** *বি* ১ নতুন বৎসর। ২ বৎসরারম্ভ; বসন্তাগম। **নববিধান** *বি* নতুন বিধি–ব্যবস্থা। **নবযৌবন** *বি* নবীন তারুণ্য; যৌবন সঞ্চার; নবলব্ধ যৌবন; নওজোয়ানি। **নবযৌবনা** *বি স্ত্রী.* নতুন যুবতী; তরুণী; সদ্য যৌবনপ্রাপ্ত নারী।
নব[২] *বি* নয় সংখ্যা; ৯। ☐ *বিণ* নয় সংখ্যক। [স.]। **নবগুণ, নবলক্ষণ** *বি* ১ ব্রাহ্মণ বা কুলীনের নয় প্রকারের গুণ বা কুললক্ষণ—আচার বিনয় বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শন নিষ্ঠা বৃত্তি তপ দান—এ নয়টি গুণ। ২ নয় প্রকার বিশেষ চিহ্ন। **নব–গ্রহ** *বি* সূর্য চন্দ্র মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র শনি রাহু ও কেতু—পুরাণোক্ত এই নয়টি গ্রহ। **নবদ্বার, নবছিদ্র** *বি* দুই চোখ দুই কান দুই নাসারন্ধ্র মুখ পায়ু ও উপস্থ—দেহের এই নব বা নয়টি ছিদ্র। **নবধাতু** *বি* সোনা রুপা তামা রাং কাঁসা পিতল সীসা লোহা ইস্পাত বা চুম্বক — এই নয় প্রকার ধাতু। **নবরত্ন** *বি* ১ মুক্তা মাণিক্য বৈদূর্য গোমেদ বজ্র বিদ্রুম পদ্মরাগ মরকত নীলকান্ত—এই নয় প্রকার উৎকৃষ্ট রত্ন। ২ রাজা বিক্রমাদিত্যের নয়জন শ্রেষ্ঠ সভাসদ। **নবরত্ন সভা** *বি* রাজা বিক্রমাদিত্যের বা সম্রাট আকবরের নয়জন গুণী সদস্য সমন্বয়ে গঠিত পণ্ডিতসভা। **নবরস** *বি* ১ অলঙ্কারশাস্ত্র বর্ণিত কাব্যে প্রচলিত ৯ প্রকার রস যথা—আদি বা শৃঙ্গার হাস্য করুণ রৌদ্র বীর ভয়ানক বীভৎস অদ্ভুত ও শান্ত। ২ নতুন রস।
নবতন *বিণ* নতুন।
নবতি *বি, বিণ* নব্বই সংখ্যা বা সংখ্যক। [স.]। **নবতিতম** *বিণ* নব্বই সংখ্যার পূরক।
নবনী, নবনীত *বি* ননী; মাখন। [স.] **নবনীত কোমল** *বিণ* মাখনের মতো নরম।
নবম *বিণ* নয় সংখ্যার পূরক। [স.]। **নবমী** *বিণ স্ত্রী.* নয় সংখ্যার পূরণকারিণী। ☐ *বি স্ত্রী.* একটি তিথি; চন্দ্রের কলার হ্রাস–বৃদ্ধিজনিত নবম তিথি; অমাবস্যা বা পূর্ণিমার পর নবম দিবস। **বিরহিণীর নবমী দশা** *বি* মূর্ছা; মোহ। **নবমী পূজা** *বি* নবমী তিথিতে হিন্দুদের দুর্গা পূজা। **নবমীর পাঁঠা** *বি* দুর্গাপূজা উপলক্ষে নবমী তিথির বলির পাঁঠার মতো ভীত।
নবাঙ্কুর *বি* বীজ থেকে তরুলতার উন্মেষ; সঞ্চার; সূত্রপাত। [স. নব+অঙ্কুর]
নবান্ন *বি* ১ নতুন অন্ন। ২ দুধ গুড় নারকেল কলা প্রভৃতির সঙ্গে নতুন আতপ চাল খাওয়ার উৎসববিশেষ—হৈমন্তী ধান কাটার পর অগ্রহায়ণ মাসে (বিশেষ করে হিন্দু সমাজে) অনুষ্ঠিত একটি উৎসব। [স. নব+অন্ন]
নবাব, নওয়াব *বি* ১ শাসনকর্তা; রাজপ্রতিনিধি। ২ রাজন্য। ৩ মুসলমান সামন্ত রাজা। ৪ মুসলমান জমিদার প্রভৃতিকে ব্রিটিশ সরকারপ্রদত্ত উপাধি। ৫ ধনী ও সম্ভ্রান্ত বংশীয় ব্যক্তি। ৬ (ব্য.) আরামপ্রিয় বিলাসী ও অমিতব্যয়ী ব্যক্তি। [আ.]। **নবাবজাদা, নওয়াবযাদা** *বি* নবাবের পুত্র; রাজপুত্র। **নবাব–নাজিম, নবাব–নাযিম** *বি* নওয়াব–প্রতিনিধি; প্রদেশ শাসক/পাল ও বিচারক। **নবাবপুত্র, নবাবপুত্তুর** *বি* ১ নবাবের ছেলে। ২ (ব্য.) নবাব পুত্রের মতো বিলাসী ও আড়ম্বরপ্রিয়। **নবাবি, নওয়াবি** *বি* ১ নবাবের পদ বা কাজ। ২ নবাবের মতো আচার–ব্যবহার ও আড়ম্বরপূর্ণ জীবনযাত্রা। ☐ *বিণ* ১ নবাবসম্পর্কিত; নবাবের। ২ নবাবের উপযুক্ত; নবাবসুলভ বড়মানুষি।
নবারুণ *বি* সবেমাত্র উদিত সূর্য বা তার আলো; প্রভাতী বা উষাকালীন সূর্য। [স. নব+অরুণ]
নবিশ, নবিস *বি* ১ নতুন শিক্ষার্থী বা শিক্ষাধীন ব্যক্তি। ২ আনাড়ি লোক। [ফা. নবীসন্দহ্]। **নবিসি** *বি* নতুন শিক্ষার্থীর কাজ। **শিক্ষানবিশ, শিক্ষানবিস** *বিণ* যে নতুন শিক্ষা করছে।
–নবিশ, –নবিস *বি* লেখক; লিপিকুশল; অনিপুণ; অজ্ঞ। [ফা.]। **–নবিশি, –নবিশী** *বি* লেখকগিরি; লিখন কাজ নামক বৃত্তি। **জমানবিশ, হিসাবনবিশ** *বি* হিসাব রক্ষা করে যে কর্মচারী; হিসাবরক্ষক। **নকলনবিশ** *বি* অনুলিপি লেখে যে; কপি করে যে।
নবি, নবী *বি* ১ পয়গম্বর; রসুল; প্রেরিত পুরুষ; আল্লাহর

বাণীবাহক। ২ ভবিষ্যদ্বক্তা। [আ.]। **নবীর তরিকা** *বি* নবীর নির্দেশিত আচার-আচরণ। **নবুয়ত, নবুওত** *বি* নবীত্ব; নবীর পদ। [আ. নবুওৎ]

নবীকরণ *বি* ১ নতুন করে গঠন। ২ মেরামত করা; জীর্ণ সংস্কার; সংস্কার সাধন। [স.]। **নবীকৃত** *বিণ* পুনর্গঠিত; নতুন করা হয়েছে এমন।

নবীন *বিণ* ১ নতুন; আনকোরা; নব। ২ নব্য; আধুনিক। ৩ তরুণ। ৪ নবোদিত। ৫ সদ্যপ্রস্ফুটিত। ৬ তাজা; টাটকা। [স.]। **নবীনা** *বি, বিণ স্ত্রী.* অল্পবয়স্কা; তরুণী; যৌবনবতী; নবযৌবনা; যুবতী। **নবীনতা, নবীনত্ব** *বি* নতুনত্ব।

নবীভবন, নবীভাব *বি* ১ যা একবার পুরনো হয়েছিল তা পুনরায় নতুন হওয়া; নতুনত্ব লাভ। ২ নব আবির্ভাব। [স.]। **নবীভূত** *বিণ* ১ নতুন করে উদ্ভব হয়েছে এমন; নতুনত্ব প্রাপ্ত; পুনর্গঠিত। ২ সংস্কৃত।

নবোঢ়া *বি* নতুন বিবাহিতা স্ত্রী; নতুন বৌ; নববধূ। ☐ *বিণ স্ত্রী.* নব বিবাহিতা। [স. নব+ঊঢ়া]

নবোদয় *বি* ১ সদ্য উদয়। ২ নব আবির্ভাব বা প্রকাশ। [স. নব+উদয়]

নবোদিত *বিণ* ১ সবেমাত্র উদিত হয়েছে এমন। ২ নতুন প্রকাশিত; সদ্য আবির্ভূত। [স. নব+উদিত]

নবোদ্গত *বিণ* নতুন উত্থিত; অল্প দিন মাত্র উদ্গত। [স. নব+উদ্গত]

নবোদ্ভিন্ন *বিণ* সদ্য উদ্ভিন্ন; নতুন উত্থিত। [স. নব+উদ্ভিন্ন]

নবোদ্যম *বি* ১ প্রথম প্রচেষ্টা; নবোৎসাহ। ২ নতুন করে আগ্রহ ও চেষ্টা। [স. নব+উদ্যম]

নবোন্মেষ *বি* নতুন বিকাশ বা উদয়। ☐ *বিণ* নব বিকশিত। [স. নব+উন্মেষ]

নব্বই, নব্বুই *বি, বিণ* ৯০ এই সংখ্যা বা সংখ্যক। [স. নবতি>]

নব্য *বিণ* ১ নব; নবীন; নতুন; আনকোরা। ২ অপ্রবীণ; অল্পবয়স্ক; যুবা; তরুণ। ৩ আধুনিক; হাল আমলের; নতুন ধরনের। [স.]। **নব্যতন্ত্র** *বি* নতুন মত বা পথ। **নব্য সম্প্রদায়** *বি* যুবক সম্প্রদায়; নতুন মতাবলম্বী সম্প্রদায়।

নভ, নভঃ *বি* ১ আকাশ; গগন; শূন্য। ২ শ্রাবণ মাস। [স. নভঃ]। **নভঃপ্রাণ** *বি* বায়ু। **নভশ্চক্ষু, নভশ্চক্ষুঃ** *বি* সূর্য। **নভশ্চর, নভোচারী** (শুদ্ধ নভঃ+চারী= নভশ্চারী) *বিণ* আকাশে বিচরণকারী; আকাশগামী; খেচর। ☐ *বি* পাখি; বায়ু; মেঘ; নক্ষত্র; গ্রহ; গন্ধর্ব; বিদ্যাধর ইত্যাদি। **নভস্তল, নভস্থল** *বি* গগনতল; আকাশ।

নভেম্বর, নবেম্বর *বি* ইংরেজি বছরের একাদশ মাস—কার্তিকের মধ্যভাগ থেকে অগ্রহায়ণের মধ্যভাগ পর্যন্ত। [ই.]

নভেল *বি* উপন্যাস; কল্পিত উপাখ্যান। [ই.]

নভোমণ্ডল *বি* আকাশমণ্ডল; মণ্ডলাকার আকাশদেশ। [স. নভঃ+মণ্ডল]

নম, নমঃ *বি* নমস্কার; প্রণাম। [স.]। **নম নম, নমো নমো** (আল.) নামমাত্র; কোনো রকমে।

নমঃশূদ্র, নমশূদ্র *বি* বাঙালি হিন্দুর বৃহত্তম কৃষিজীবী সম্প্রদায়—বর্ণাশ্রম অনুযায়ী চতুর্বর্ণবহির্ভূত তবে শ্রাদ্ধাদিতে ব্রাহ্মণ বর্ণের সামাজিক সংস্কার অনুসারী—১৯৩৬ সাল থেকে তফশিলি শ্রেণীর হিন্দুরূপে চিহ্নিত।

নমন *বি* ১ নত হওয়া; মাথা নতকরণ। ২ নতি; প্রণাম। ৩ নতকরণ; নোয়ানো। [স.]

নমনীয়, নম্য *বিণ* ১ নোয়ানো যায় এমন; নমনের যোগ্য। ২ নত করা আবশ্যক এমন; বিনীত করতে হবে এমন। [স.]

নমস্কার *বি* (হিন্দুসমাজে প্রচলিত) প্রণাম; হাত জোড় করে কপালে স্পর্শ; অভিবাদন; সালাম; গভীর শ্রদ্ধা নিবেদন। [স.]। **নমস্কর্তা** *বি* নমস্কারকারী। **নমস্কার্য** *বিণ* নমস্য; শ্রদ্ধেয়।

নমস্কারী *বি* হিন্দু বিয়ের অনুষ্ঠানে পাত্রীপক্ষ নমস্যগণকে যে বস্ত্রাদি দিয়ে নমস্কার বা প্রণাম করে। **নমস্কারী কাপড়** *বি* হিন্দুদের বিয়ের অনুষ্ঠানে কুটুম্বদের প্রদেয় প্রণামপ্রতীক; প্রণামী কাপড়।

নমস্য *বি* নমস্কারের যোগ্য; পূজনীয়; পরম শ্রদ্ধেয়। [স.]। **নমস্যা** *বিণ স্ত্রী.* বন্দনীয়া; শ্রদ্ধেয়া; পূজনীয়া।

নমাজ, নামাজ, নামায *বি* ইসলাম ধর্মমতে ফজর জোহর আসর মাগরিব ও এশা—দৈনিক এই পাঁচ বার অবশ্য করণীয় (ফরজ) এবাদত বা উপাসনা; সালাত। [ফা. নমায; স. নমস্]। **নমাজি, নামাজি** *বিণ* নামাজ পড়ে এমন।

নমিত *বিণ* ১ নোয়ানো হয়েছে এমন (পতাকা অর্ধনমিত); আনত। ২ নমস্কার করা হয়েছে এমন; প্রণমিত। ৩ বশীভূত; দমিত। [স.]

নমিনেশন *বি* মনোনয়ন। [ই.]

নমুনা *বি* ১ কোনো জিনিস বা কাজের সামান্য অংশ যা থেকে সমগ্রের পরিচয় পাওয়া যায়; নিদর্শন; পরিচায়ক। ২ আদর্শ। ৩ তুলনা। [ফা. নমূনহ্]

নম্বর, নং *বি* ১ সংখ্যা; ক্রমিক সংখ্যা। ২ পরিচয়সূচক অঙ্ক; চিহ্ন বা মূল্যজ্ঞাপক সংখ্যা। ☐ *বিণ* সংখ্যক। **নম্বরওয়ারি** *বিণ* ক্রমিক নম্বর অনুসারে। **নম্বরি** *বিণ* নম্বরযুক্ত; চিহ্নিত; শ্রেষ্ঠ।

নম্র *বিণ* ১ বিনীত। ২ ঔদ্ধত্যহীন; নিরহঙ্কার। ৩ অবনত; হেঁট; নত হয়েছে এমন। ৪ নরম; কোমল। ৫ শান্তশিষ্ট; বিনয়ী। **নম্রক** *বি* বেতগাছ। **নম্রতা** *বি* ১ বিনয়; শিষ্টতা। ২ বিনীত ব্যবহার; কোমলতা।

নয়[১] *ক্রি* না হয়; নহে। ☐ *বি, অব্য* না হয়; নতুবা; নচেৎ; কিংবা; অথবা। **নয়ছয়** *বি* অসত্য; অপ্রকৃত; উল্টাপাল্টা; কোনো বিষয়ের বিকৃতরূপ (নয়ছয় করা)।

নয়[২] *বি, বিণ* ৯ এই সংখ্যা বা সংখ্যক। [স. নব>]

নয়ন *বি* চক্ষু; নেত্র; আঁখি। [স.]। **নয়নকূল** *বি* চোখের কিনারা। **নয়নগোচর** *বিণ* দৃষ্টিপথে পড়া; দৃষ্টিগোচর। **নয়নজল, নয়ননীর** *বি* অশ্রু; চোখের পানি। **নয়নঠার** *বি* ১ চোখের ইশারা। ২ আড়দৃষ্টি বা ইঙ্গিত। **নয়নতারা** *বি* ১ চোখের তারা; নেত্র-তারকা। ২ চোখের তারার মতো প্রিয়। **নয়নবাণ** *বি* বাণতুল্য হৃদয়-বিদারিণী দৃষ্টি; মর্মস্পর্শী কটাক্ষ; কামোদ্দীপক দৃষ্টি বা চাহনি। **নয়ন-মণি** *বি* ১ চোখের তারা। ২ অত্যন্ত স্নেহাস্পদ। **নয়নমোহন** *বিণ* নয়ন মুগ্ধকারী; চিত্তাকর্ষক; মনোহর। **নয়নরঞ্জন** *বিণ* চক্ষুর তৃপ্তিদায়ক; চোখের আনন্দবর্ধক; সুদর্শন। **নয়নের পুতুল** *বি* চোখের তারা; প্রিয়; অতি আদরণীয়।

নয়নানন্দ *বি* ১ দৃষ্টির আনন্দ। ২ যাকে দেখলে আনন্দ হয়। [স. নয়ন+আনন্দ]

নয়নাভিরাম *বিণ* দেখলে চোখ জুড়িয়ে যায় এমন; দৃষ্টিনন্দন; দেখতে সুন্দর; চোখের জন্য আনন্দদায়ক। [সং. নয়ন+অভিরাম]

নয়নাসার *বি* অশ্রুবর্ষণ; অশ্রু; চোখের পানি; কান্না। [সং. নয়ন+আসার]

নয়নোপান্ত *বি* অপাঙ্গ; চোখের কোণ। [সং. নয়ন+উপান্ত (উপ+অন্ত)]

নয়া *বি* নতুন; টাটকা। ❑ *বিণ* নব্য; আধুনিক। [সং. নব>]। **নয়া আবাদি** *বি* ১ নতুনভাবে চাষের অন্তর্ভুক্ত। ২ নতুন বসতি।

নয়ান (পদ্যে) *বি* নয়ন; চক্ষু। **নয়ানস্বরূপ** (ম-বা) *বিণ* প্রত্যক্ষ; চাক্ষুষ। **নয়ানে-বয়ানে** *বি* চোখেমুখে; নয়নের কোমল রূপ।

নয়ানজুলি, নয়ানজলি *বি* রাস্তার পাশের সরু নর্দমা বা নালা। [সং. নয়ান (নীতকরণ)+জল+ই>জুলি]

নর[১] *বি* ১ মানুষ; মানব। ২ পুরুষ; মর্দা। ৩ জনৈক ঋষি। ৪ অর্জুন। [সং.]। **নরকঙ্কাল** *বি* মানুষের অস্থি পঞ্জরের কাঠামো। **নরকপাল** *বি* মৃত ব্যক্তির মাথার খুলি। **নরকেশরী** *বি* নরসিংহ; বীরপুরুষ; নরশ্রেষ্ঠ। **নরগণ** *বি* ১ মানবসমূহ। ২ (জ্যো-শা) জাতকের প্রকৃতি সম্বন্ধে জন্মনক্ষত্রের প্রভাব অনুসারে শ্রেণীবিশেষ; ভরণী রোহিণী প্রভৃতি নক্ষত্রে জন্মালে নরগণ হয়। **নরঘ্ন** *বিণ* মানুষ হত্যাকারী; নরঘাতক। **নরদেব** *বি* ১ রাজা। ২ ব্রাহ্মণ। **নরনাথ, নরপতি** *বি* রাজা; নৃপতি। **নরনারায়ণ** *বি* ১ হিন্দু বিশ্বাসে নররূপী নারায়ণ। ২ যে ঋষিদ্বয় কৃষ্ণ ও অর্জুন রূপে জন্মগ্রহণ করেন। **নরপশু** *বি, বিণ* নরাকৃতি পশুহৃদয়বিশিষ্ট; পশুর মতো নির্মম আচরণকারী মানুষ; পশুবৎ মানুষ; নরাধম; মর্দা পশু। **নরপিশাচ** *বি* পিশাচতুল্য নিকৃষ্ট প্রবৃত্তিবিশিষ্ট মানুষ; আকৃতিতে নর প্রকৃতিতে পিশাচ। **নরপুঙ্গব** *বি* মনুষ্যশ্রেষ্ঠ। **নরবলি** *বি* মানুষকে বলিদান ক্রিয়া। **নরমালা** *বি* মানুষের মাথানির্মিত মালা। **নরমেধ** *বি* যে যজ্ঞে মানুষ বলি দেওয়া হতো। **নরলীলা** *বি* ১ মনুষ্য জীবনাচার। ২ পার্থিব কাজ। **নরলোক** *বি* মনুষ্যলোক; মর্ত্যভূমি; পৃথিবী। **নরসমাজ** *বি* পরস্পর সহযোগিতার সাথে বাসকারী মানবসম্প্রদায়। **নরসিংহ, নরহরি, নৃসিংহ** *বি* ১ মাথা থেকে কোমর পর্যন্ত মনুষ্যাকৃতি ও কোমরের নিম্নাংশ সিংহাকৃতিবিশিষ্ট হিন্দুদেবতা। ২ নরশ্রেষ্ঠ; পুরুষসিংহ। **নরসুন্দর** *বি* নাপিত; চুল দাড়ি প্রভৃতি কেটে মানুষকে সুন্দর বা রূপবান করে যে।

নর[২] *বি* ১ পঙ্‌ক্তি; সারি; শ্রেণী; লহরী। ২ ঢেউ; তরঙ্গ। [সং. লহরী>]। **নরি, নরী** *বিণ* পঙ্‌ক্তিযুক্ত (সাতনরি হার)।

নরক *বি* ১ মৃত্যুর পর পাপীরা যে স্থানে কঠিন শাস্তি ভোগ করে; দোজখ; নিরয়। ২ (আল.) নিকৃষ্টতম স্থান। ৩ জনৈক দৈত্য। [সং.]। **নরককুণ্ড** *বি* ১ যে কুণ্ডে পাপীরা ভীষণ শাস্তি ভোগ করে। ২ অত্যন্ত নোংরা ও যন্ত্রণাদায়ক স্থান। **নরকগুলজার** *ক্রিবিণ* (আল.) অসংযত স্ফূর্তিবাজদের আড্ডা নরকে হলেও বহুজনের একত্র সমাগমে সরগরম। **নরকভোগ** *বি* নরকের অসহ্য দুঃখকষ্ট ও যন্ত্রণাভোগ। **নরকযন্ত্রণা** *বি* ১ পাপের শাস্তিস্বরূপ নরকে যে অসহ্য কষ্ট যাতনা ভোগ করতে হয়; অশেষ ক্লেশ। ২ (আল.) ভীষণ অনুশোচনা। **নরকাগ্নি** *বি* দোজখের আগুন।

নরম *বিণ* ১ কোমল; অকঠিন। ২ মৃদু; ধীর। ৩ শান্ত; কড়ার বিপরীত; ঠাণ্ডা। ৪ কচি। ৫ আর্দ্র। ৬ সহৃদয়তাপূর্ণ। ৭ স্নেহ মায়া মমতা প্রভৃতি কোমল গুণ। ৮ দয়ার্দ্র; স্নেহপ্রবণ। ৯ অনুকূল; বশীভূত। ১০ পচা (মাছগুলি নরম)। ১১ আলগা; ঢিলা। ১২ মিয়ানো; মচমচে নয় এমন। ১৩ দুর্বল; কমজোর। ১৪ কম; হ্রাস। ১৫ নিকৃষ্ট; নিরেস। ১৬ স্নিগ্ধ। [ফা. নরম]। **নরমগরম** *বিণ* মিঠা-কড়া; মৃদু ও কড়া।

নর-মাদি *বি* পাখি ও পশুর পুরুষ ও নারী নির্দেশক। তুল. মর্দা-মাদি। [ফা.]

নরাধম *বি* অতিশয় হীনপ্রকৃতির মানুষ যার চরিত্র ও আচরণ অত্যন্ত নিন্দনীয়। [সং. নর+অধম]

নরাধিপ *বি* রাজা; নৃপতি; বাদশাহ। [সং. নর+অধিপ]

নরুন *বি* নখ কাটার অস্ত্র। [সং. নখহরণিকা>; নখরঞ্জনী>]। **নরুনপেড়ে** *বিণ* নরুনের মতো সরু বা চিকন পাড়যুক্ত।

নরেন্দ্র, নরেশ্বর *বি* ১ রাজা; নরপতি। ২ নরশ্রেষ্ঠ; নরপ্রধান। [সং. নর+ইন্দ্র, ঈশ]

নরোত্তম *বি* ১ শ্রেষ্ঠ নর; পুরুষোত্তম; নারায়ণ; কৃষ্ণ। ২ একজন বৈষ্ণবসাধক। [সং. নর+উত্তম]

নর্তক *বিণ, বি* যে নাচে; নৃত্যব্যবসায়ী; নট। [সং.]

নর্তন *বি* ১ নাচ; নৃত্য। ২ পেশিসমূহের ব্যাধিবিশেষ। [সং.]। **নর্তনপ্রিয়** *বি* ১ নৃত্যপ্রিয়; যে নৃত্য দর্শন করতে বা নাচতে ভালোবাসে। ২ ময়ূর। **নর্তনশালা** *বি* নৃত্যাগার; নাচঘর; নাট্যশালা।

নর্দমা *বি* ১ জল-নির্গমনের পথ; জলনালী; ড্রেন; পয়ঃপ্রণালী; নালা-নর্দমা। ২ (আল.) নোংরা ও ঘৃণিত স্থান। [সং. নর্দ (গতি)>]

নর্ম *বি* ১ রঙ্গ; কৌতুক; পরিহাস। ২ ক্রীড়া; লীলা। ৩ প্রমোদ; প্রমোদবিহার। ৪ বিলাস; রসিকতা। [সং.]

নর্মাল *বিণ* স্বাভাবিক; নিয়মিত। ❑ *বি* এক ধরনের শিক্ষালয় বা স্কুল। [ই.]

নল *বি* ১ চোঙ; পাইপ; ফাঁপা লম্বা চোঙ। ২ জমি মাপার দণ্ডবিশেষ। ৩ দময়ন্তীর স্বামী। ৪ রামের সহায় বানর-বিশেষ। ৫ শর। ৬ তৃণ; খাগড়া (নলখাগড়া)। [সং.]। **নলকূপ** *বি* যে নল দ্বারা মাটির বহু নিম্নস্তর থেকে পানীয় জল সংগ্রহ করা হয়; টিউবওয়েল।

নলা *বি* নলের মতো লম্বা সরু হাড়। [সং. নল+বা. আ]

-নলা *বিণ* নলবিশিষ্ট; চোঙযুক্ত (দোনলা)।

নলি, নলী *বি* ১ সুতা জড়াবার ছোট নল; পাকি। ২ ছোট নলের মতো হাড়; নলা। ৩ জাহাজের খালাসিদের অভিজ্ঞতার স্বীকৃতিপত্র নলে পুরে রাখা দলিল অর্থে যে নলী। [সং. নল+বা. ই/ঈ] ❑ *বিণ* নলযুক্ত; নলা।

নলিকা *বি* ১ ডাঁটা। ২ চোঙ। ৩ সরু নল। ৪ নাড়ি। [সং.]

নলিন *বি* পদ্ম; কমল। ❑ *বিণ* পদ্মের মতো গন্ধযুক্ত। [সং. নল(গন্ধ)+ইন্]। **নলিনী** *বি* স্ত্রী. ১ পদ্মিনী; কুমুদিনী। ২ পদ্মসমূহ। **নলিনীদল** *বি* পদ্মপাতা বা পাপড়ি। **নলিনীরুহ** *বি* মৃণাল; পদ্মনাল।

নলিয়া, নলে *বি* যে নল চালিয়ে পাখি মারে; বেদে। [সং. নল+বা. ইয়া>ই]

নলেন *বিণ* খেজুরের নতুন রসে তৈরি গুড়। [সং. নূতন; হি.,

ব্রজ. তুল. নওল]। **নলেন গুড়** *বি* খেজুরের নতুন পাটালি গুড়।

নশ্বর *বিণ* ১ বিনাশশীল; অস্থায়ী; ক্ষয়শীল; অনিত্য। ২ সংহারক; ভীষণ। [সং. √নশ্‌+বর]

নষ্ট *বিণ* ১ বিনাশপ্রাপ্ত; ধ্বংসপ্রাপ্ত। ২ অপব্যয় করা হয়েছে এমন। ৩ ব্যর্থ; বিফল; নিষ্ফল। ৪ বিকৃত; ব্যবহারের অযোগ্য; দোষযুক্ত; লুপ্ত; পণ্ড। ৫ অসৎ; কুচরিত্র। [সং.]। **নষ্টচন্দ্র** *বি* ভাদ্র মাসের শুক্লা ও কৃষ্ণা চতুর্থীর চাঁদ—যা দেখলে হিন্দুদের মতে দোষ বা কলঙ্ক হয়। **নষ্টচেতন** *বিণ* চেতনাহীন; সংজ্ঞাহারা; মূর্ছিত। **নষ্টা** *বিণ স্ত্রী.* ১ বিনাশপ্রাপ্তা। ২ দুষ্টা। ৩ কুচরিত্রা; ভ্রষ্টা; অসতী; ব্যভিচারিণী; কুলটা। **নষ্টামি, নষ্টামো** *বি* ১ দুষ্টামি; শয়তানি; বদমায়েশি। ২ পরিহাস।

নসরা, নাসারা *বি* খ্রিস্টান।

নসিব, নছিব *বি* ভাগ্য; অদৃষ্ট; কপাল। [আ.]। **নসিবের গর্দিশ, গর্দেশ** *বি* ভাগ্যবিড়ম্বনা। [ফা.]। **খোসনসিব, খুশনসিব** *বিণ* সৌভাগ্যবান।

নসিহত, নছিহত *বি* ধর্মসম্বন্ধীয় উপদেশ; ধর্মদেশনা। [আ.]

নস্টালজিয়া *বি* গৃহকাতরতা; অতীতবিধুরতা। **নস্ট্যালজিক** *বিণ* গৃহকাতর; অতীতস্মৃতিবিধুর। [ই.]

নস্য, নস্যি *বি* ১ তামাকের গুঁড়া যা নেশার উদ্দেশ্যে অত্যল্প পরিমাণে নাকে নেওয়া হয়; নাস। ২ (ব্য.) অত্যল্প পরিমাণ দ্রব্য। ৩ পশুর নাকের দড়ি। [সং. নস্য] ☐*বিণ* তুচ্ছ; অতি সামান্য।

নস্যাৎ *অব্য* যদি না থাকে; বাতিল; লোপ; তুচ্ছ; মিথ্যা বলে প্রমাণিত। [সং. ন+স্যাৎ]। **নস্যাৎ করা** *ক্রি* ১ অস্তিত্বহীন করা। ২ তুচ্ছজ্ঞানে উপেক্ষা করা; বাতিল করা। অন্য অর্থে—নস্যের মতো নিঃশেষিত করা বা হাঁচি দিয়ে উড়িয়ে ছিটিয়ে হাওয়া করে দেওয়া।

নহর *বি* সংকীর্ণ/সরু স্রোতস্বিনী; জলধারা; নালা। [আ.]

নহলী(ম—বা) *বিণ* নব; নতুন; নবীন; তাজা।

না[১], **নাও** *বি* নৌকা। [সং. নৌ; ফা. নাও]

না[২] *অব্য* ১ ক্রিয়ার অঘটন বা অসম্পন্নতাবোধক; না-বোধক। ২ হাঁ-এর বিপরীত। ৩ অসম্মতি-জ্ঞাপক। ৪ প্রশ্নের নেতিবাচক উত্তর। ৫ নিশ্চয়তাসূচক। ৬ অনুরোধ বা অনুজ্ঞাজ্ঞাপক। ৭ আধিক্যসূচক। ৮ প্রশ্নে; সন্দেহে। ৯ বিরক্তিসূচক। ১০ বিকল্পে। ১১ বা; অথবা; কিংবা। ১২ ব্যতীত; বিনা। ১৩ প্রশ্ন বা বিস্ময়সূচক। ১৪ সমর্থন-জ্ঞাপক। ১৫ স্বকথিত প্রশ্নোত্তর। [সং. ন>]

না[৩] *অব্য* অভাব বা শূন্যতাবাচক উপসর্গ। **নাধর্মী** *বিণ* নেতিবাচক।

নাই[১], **নেই, নাহি** *অব্য* ১ ক্রিয়ার অঘটনজ্ঞাপক। ২ প্রশ্নসূচক। ৩ নিষেধবাচক। ৪ নাশ; ধ্বংস।

নাই[২] *ক্রি* ১ না আছে; না হয়। ২ চলে যাওয়া। ☐*বি* জীবিত না থাকা। ☐*বিণ* অস্তিত্বহীন; শূন্য।

নাই[৩] *বি* আশকারা; প্রশ্রয়; লাই; অতিরিক্ত স্নেহ। [সং. স্নেহ> নেহ>লেহ>নেহ>নাই]

নাই[৪] *বি* ১ নাভি। ২ চাকার কেন্দ্রস্থল। ৩ কীলক; গোঁজ। ৪ বেলুন। ৫ কামারের নেহাই। [সং. নাভি>, ফা. নাফ]

নাই[৫] *বি* নাপিত। [সং. নাপিত>]

নাই[৬] *ক্রি* স্নান করি। [সং. স্নান>প্রা. নাহ>]

নাই আঁকড়া, নেই আঁকড়া *বিণ* (আল.) একগুঁয়ে; জেদি; নাছোড়বান্দা; তর্ক ছাড়তে চায় না এমন; তর্ক আঁকড়ে ধরে থাকে এমন। [সং. ন্যায়+আঁকড়া (আঁকশির মতো জড়িয়ে ধরে যে)]

নাইট্রোজেন *বি* স্বাদ, গন্ধ ও বর্ণহীন মৌলিক গ্যাসবিশেষ; যবক্ষারযান। [ই. nitrogen]

নাইয়র, নায়র *বি* বিবাহিতা নারীর বাপের বাড়ি। [সং. জ্ঞাতিগৃহ>]। **নাইয়র করা** *ক্রি* বাপের বাড়িতে স্ত্রীলোকের কিছুদিনের জন্য অবস্থানকরণ। **নাইয়র যাওয়া** *ক্রি* বিবাহিতা নারীর পিতৃগৃহে গমন করা। **নায়রি** *বি স্ত্রী.* কুটুম্বিনী; বিবাহাদিতে আগত ঘনিষ্ঠ আত্মীয়াগণ।

নাইয়া, নেয়ে *বি* যে নৌকা চালায়; নাবিক; মাঝি; কাণ্ডারি। [স নাবিক>]

নাইলন *বি* কৃত্রিম সুতার বস্ত্রবিশেষ (নাইলন শাড়ি)। ☐*বিণ* নাইলনের তৈরি। [ই. nylon]

নাওয়া *ক্রি* স্নান করা; গোসল করা; অবগাহন করা। ☐*বি* স্নান। ☐*বিণ* স্নাত। [সং. স্নান>]। **নাওয়ানো** *ক্রি* স্নান বা গোসল করানো। ☐ *বি, বিণ* উক্ত অর্থে। **নেয়ে ওঠা** *ক্রি* ১ স্নান করে ওঠা। ২ ঘর্মাক্ত কলেবর হওয়া।

নাং, নাঙ *বি* উপপতি; নাগর। [লগ্ন>লঙ্গ>লাঙ>নাঙ> নাং (কণ্ঠলগ্ন, সংশ্লিষ্ট)]

নাংগা, নাঙ্গা *বিণ* ১ নগ্ন; উলঙ্গ; দিগম্বর। ২ খোলা; অনাবৃত (নাংগা তরবারি)। [হি. সং. নগ্ন>]

নাঃ, নাহ্‌ *অব্য* ১ বিরক্তিজ্ঞাপক। ২ সংকল্পের পরিবর্তনসূচক (নাহ্‌ যেতেই হবে)।

নাক *বি* নাসিকা; নাসা; ঘ্রাণেন্দ্রিয়। [সং. নাসিকা; নক্র>নক্ক>নাক]। **নাক উঁচানো, নাক বাঁকানো** *ক্রি* ঘৃণা প্রকাশ করা; অবজ্ঞা প্রদর্শন করা; উন্নাসিক ভাব প্রকাশ করা। **নাক উঁচু** *বিণ* অন্য বস্তু বা ব্যক্তিকে যে সহজে গ্রাহ্যের মধ্যে আনে না এমন। **নাক কড়াই** *বি* মটরের মতো দেখতে নাকের সোনার গহনাবিশেষ। **নাক কাটা** *বি* ১ কর্তিত নাসিকা; ছিন্ন নাসা। ২ (আল.) বেহায়া; লজ্জাহীন; নির্লজ্জ। **নাক কাটা** *ক্রি* লজ্জা দেওয়া; অপমানিত করা। **নাক-কান-কাটা** *বিণ* (আল.) বেহায়া; নির্লজ্জ। **নাক-কান কাটা যাওয়া** *ক্রি* (আল.) খুব অপমানিত হওয়া; সম্ভ্রম নষ্ট হওয়া। **নাক-কান বুজে সহ্য করা** *ক্রি* (আল.) অতিশয় কষ্ট বা অপমান বোধ করা সত্ত্বেও প্রতিবাদ না করা। **নাক-কান-বোজা** *ক্রি* (আল.) প্রতিবাদ বা অভিযোগ না করা। **নাক খত, নাকে খত** *বি* (আল.) মাটিতে নাক ঘষে অন্যায় কোনো কাজ ভবিষ্যতে না করার অঙ্গীকার। **নাক খোঁটা** *ক্রি* নাকের ভিতরে নখ দ্বারা চুলকানো। **নাক গলানো** *ক্রি* (আল.) অনধিকার চর্চা করা; পরের কাজে হস্তক্ষেপ করা। **নাকছাবি** *বি* নাকের একপার্শ্বে পরার গহনা। **নাক ঝাড়া** *ক্রি* নাক থেকে শ্লেষ্মা বের করে ফেলা। **নাক-ঝামটা** *বি* (আল.) তিরস্কার। তুল. মুখঝামটা। **নাক টেপা** *ক্রি* (আল.) ঘৃণাপ্রকাশ করা; দেবার্চনার ভান করা। **নাক ডাকা** *ক্রি* ঘুমন্ত অবস্থায় নাক থেকে শব্দ বের হওয়া; সশব্দ নিঃশ্বাস ফেলা। **নাক তোলা** *ক্রি* (আল.) অবজ্ঞার ভাব দেখাবার জন্য নাক কুঞ্চিত করা। **নাক ফোড়ানো/ছেদানো, নাক বিঁধানো** *বি* গহনা পরার জন্য নাকে ছিদ্র করা। ☐*ক্রি* পশুর নাকে দড়ি পরাবার জন্য ছিদ্র করা।

❑ *বিণ* নাকে ছিদ্র করা হয়েছে এমন। **নাক-ফোঁড়া বলদ** *বি* ১ নাকে ছিদ্র করা হয়েছে এমন বলদ। ২ (আল.) যাকে আয়ত্তে আনা হয়েছে। **নাক বাঁকানো** *ক্রি* (আল.) ঘৃণার ভাব দেখানো; নাক সিটকানো। **নাক বেঁধা** *ক্রি, বিণ* নাক ফোঁড়ানো। **নাক মলা, কান মলা** *ক্রি* (আল.) বিতৃষ্ণায় আর দুঃখে কোনো বিষয়ে প্রতিজ্ঞা করা। **নাকসাট** *বি* ১ নাক ঝাড়া। ২ নাকের শব্দ; নাকের গর্জন। **নাক সিটকানো** *ক্রি* (আল.) নাসিকা কুঞ্চিত করে ঘৃণা বা অবজ্ঞা প্রকাশ করা। **নাকানি-চোবানি, নাকানি-চুবানি** *বি* নাকে মুখে জল প্রবেশ; জলে ডোবা বা নিমজ্জন। **নাকানি-চুবানি খাওয়ানো** *ক্রি* (আল.) অত্যন্ত হয়রান করা বা হওয়া যাতে নাকের জল ও চোখের জল এক হয়; কাজের নিদারুণ চাপে নিঃশ্বাস ফেলার সময় না পাওয়া। **নাকে কাঁদা, নাকে কান্না** *বি* ১ নাকি সুরে কাঁদা। ২ (আল.) কৃত্রিম ক্রন্দন। **নাকে-চোখে কথা, নাকে মুখে কথা** *বি* বাচালতা। **নাকে দড়ি দিয়ে ঘোরানো** *ক্রি* কাউকে নিজের আয়ত্তে এনে ইচ্ছেমতো কাজ করানো; নিজের খুশিতে কাউকে খাটানো। **নাকে-মুখে গোঁজা** *ক্রি* তাড়াতাড়ি আহার করা। **নাকে সরষের তেল দিয়ে ঘুমানো** *ক্রি* নিশ্চিন্ত হওয়া; নিরুদ্বেগ অবস্থায় দিন কাটানো। **নাকের ওপর রেলগাড়ি** *বি* খাঁদা নাক। **নাকের জলে চোখের জলে এক হওয়া বা করা** *ক্রি* ভীষণ লাঞ্ছনা পাওয়া বা করা। **নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করা** *ক্রি* নিজের যথেষ্ট ক্ষতি করেও পরের অনিষ্ট করা।

নাকচ *বিণ* ১ বাতিল; রদ; রহিত। ২ অব্যবহার্য; অকেজো। [আ. নাকিস]

নাকা *বিণ* নাসিকাজাত; খোনা; নাকি। ❑ *বি* অনুনাসিক উচ্চারণ; নাসিক্যবর্ণ ঙ, ঞ, ঁ-প্রভাবিত উচ্চারণে যে কথা বলে।

নাকারা, নাকাড়া *বি* ঢাকজাতীয় বাদ্যযন্ত্র। [আ. নক্কার]। **নাকারাখানা, নাকাড়াখানা** *বি* ঢাক জাতীয় বাদ্যযন্ত্র যে স্থানে রাখা হয়। [ফা. নকারখানহ্]

নাকাল *বি* নাকানি-চুবানি। ❑ *বিণ* ১ বিব্রত। ২ নিগৃহীত। ৩ জব্দ। [আ. নকাল]

নাকি[১]**, নাকী** *বিণ* নাক থেকে উচ্চারিত; নাসিকাজাত; অনুনাসিক; খোনা। **নাকি কান্না** *বি* ১ খোনা সুরে কাঁদা। ২ মায়াকান্না; কৃত্রিম ক্রন্দন।

নাকি[২] *অব্য* সন্দেহ অনুমান প্রশ্ন প্রভৃতি ভাবসূচক। [তুল. স. কিংসু]

নাখোদা, নাখুদা *বি* ১ অর্ণবপোতের অধ্যক্ষ; জাহাজের কাপ্তান। ২ যে ব্যক্তি জাহাজে মাল আমদানি-রপ্তানি করে। ৩ জাহাজের মাল সরবরাহকারক। ৪ বোম্বাইয়া মুসলমানদের একটি সম্প্রদায়। [ফা.]

নাখোশ, নাখুশ *বিণ* অসন্তুষ্ট; অপ্রসন্ন; রুষ্ট। [ফা. না+খুশ্]

নাগ[১] *অব্য* লাগ; নাগাল; সঙ্গ। [স. লগ্ন>]

নাগ[২] *বি* ১ সাপ। ২ হাতি। ৩ বাঙালি হিন্দুর উপাধিবিশেষ। [স.]। **নাগী, নাগিনী** *স্ত্রী.*। **নাগকেশর, নাগেশ্বর** *বি* ফুলবিশেষ ও তার গাছ। **নাগগর্ভ** *বি* নাগ অর্থাৎ সীসা থেকে প্রস্তুত সিঁদুর; মেটে সিঁদুর। **নাগদন্ত** *বি* ১ হাতির দাঁত। ২ দেয়ালে সংলগ্ন কাঠের গোঁজ যাতে বস্ত্রাদি ঝুলিয়ে রাখা হয়। **নাগদমন** *বি* ১ সাপুড়ে; সর্পবৈদ্য। ২ কৃষ্ণ। **নাগদ্বীপ** *বি* বর্তমান শ্রীলঙ্কার উপকূলবর্তী ক্ষুদ্র দ্বীপ; শ্রীলঙ্কার সঙ্গে সংলগ্ন বর্তমান জাফনা। **নাগপঞ্চমী** *বি* আষাঢ় মাসের কৃষ্ণা পঞ্চমী অথবা শ্রাবণ মাসের শুক্লা পঞ্চমী; হিন্দুদের মনসাপূজার তারিখ। **নাগপতি** *বি* ঐরাবত অনন্তপ্রভৃতি অষ্টনাগ। **নাগপাশ** *বি* ১ হিন্দু দেবতা বরুণের অস্ত্র; বরুণাস্ত্র ছাড়লে সাপে বেড়িয়ে ধরে বলে বিশ্বাস। ২ দুশ্ছেদ্য বন্ধন। **নাগপুষ্প** *বি* নাগকেশর। **নাগফণা, নাগফণী** *বি* ফণী-মনসার গাছ। **নাগবল্লরী, নাগবল্লী, নাগলতা** *বি* পানের লতা বা পান গাছ। **নাগমাতা** *বি* ১ সাপের মাতা; মনসা; কশ্যপ কন্যা; কদ্রু। ২ মনসা। **নাগরাজ** *বি* ১ সর্পরাজ বাসুকি বা অনন্ত। ২ ঐরাবত। **নাগলোক** *বি* পাতাল। **নাগসিন্দূর** *বি* মেটে সিঁদুর। **অষ্টনাগ** *বি* অনন্ত বাসুকি পদ্ম মহাপদ্ম তক্ষক কুলীর কর্কট ও শঙ্খ—পুরাণোক্ত এই আটটি সর্প।

নাগর *বিণ* ১ নগরসংক্রান্ত বা নগরজাত; পৌর; নাগরিক। ২ নগরবাসী। ❑ *বি* ১ প্রধানত অবৈধ প্রণয়ী। ২ শৌখিন রসিক পুরুষ; বিদগ্ধ জন। ৩ দেবনাগর অক্ষর; নাগরী। [স.]। **নাগরালি, নাগরালী** *বি* ১ প্রেমিক বা নাগরের ভাব; প্রণয়ী। ২ প্রেমচাতুর্য। ৩ লাম্পট্য। ৪ রসিকতা; বিদগ্ধতা। [স. নাগর+বা. আলি; আলী]। **নাগরী**[১] *বি স্ত্রী.* ১ প্রণয়িনী। ২ রসিকা। ❑ *বিণ স্ত্রী.* ১ নগরে বাস করে এমন; নগরবাসিনী। ২ ছলাকলাসম্পন্না।

নাগরঙ্গ *বি* নারঙ্গি; নারঙ্গ; লেবু। [স.]

নাগরা *বি* ১ এক প্রকার চামড়ার জুতা। ২ শালিধান্য-বিশেষ।

নাগরি, নাগড়া *বি* এক প্রকার মাটির কলস।

নাগরিক *বিণ* ১ রুচি, স্বভাব ও মননে আধুনিক ও বিদগ্ধ; শহুরে। ২ পৌরজন। ৩ নগরবাসী। ৪ নগর বা শহর-সংক্রান্ত। ❑ *বি* রাষ্ট্রের অধিবাসী; citizen। **নাগরিকা, নগরিকা** *স্ত্রী.*।

নাগরী[২] *বি* দেবনগর অক্ষর। [স.]

নাগা *বি* ১ উলঙ্গ সন্ন্যাসী সম্প্রদায়বিশেষ। ২ ভারতের পর্বতবিশেষ। ৩ নাগা পর্বতবাসী জাতিবিশেষ।

নাগাদ, লাগাৎ *অব্য* ১ হতে; থেকে। ২ পর্যন্ত; অবধি। [আ. লাগায়ৎ]। **ইস্তক নাগাদ** *অব্য* আগাগোড়া; আদ্যন্ত; প্রথম থেকে শেষ অবধি।

নাগাড় *বিণ* বিরতিহীন; অবিরাম; একটানা। ❑ *বি* অবিশ্রান্ততা; ক্রম। [স. লগ্ন>]। **নাগাড়ে** *ক্রিবিণ* অবিশ্রান্তভাবে; ক্রমাগত; বিরামহীনভাবে; লাগাতার।

নাগাধিপ, নাগাধিপতি *বি* ১ নাগরাজ। ২ ঐরাবত। [স. নাগ+অধিপ/অধিপতি]

নাগাল *বি* সামীপ্য; সংস্পর্শ; নৈকট্য। **নাগাল পাওয়া** *ক্রি* ১ নৈকট্য লাভ করা। ২ আপন হিসাবে পাওয়া। [ফা. নাগুল অথবা বা. লাগ (স. লগ্ন>লগ্‌গ>লাগ) >নাগ+আল=নাগাল]

নাচ[১] *বি* ১ নৃত্য; ললিত অঙ্গভঙ্গি। ২ হাস্যকর অঙ্গভঙ্গি; লম্ফ; ঝম্ফ; লাফালাফি; চাঞ্চল্য। [স. নৃত্য>প্রা. নচ্চ>]। **নাচওয়ালি** *বি* নর্তকী; বাইজি। **নাচঘর** *বি* যে স্থানে নাচা হয়; নৃত্যশালা; রঙ্গমঞ্চ। **নাচদুয়ার, নাছদুয়ার** (প্রা-বা) *বি* ১ সদর দরজা। ২ খিড়কির দ্বার; পশ্চাদ্দ্বার। [আ. নহ্জ+দুয়ার]। **নাচন** *বি* ১ নৃত্য; নৃত্যকরণ। ২ হাস্যকর অঙ্গভঙ্গি। **নাচন-কোঁদন** *বি* নাচা ও লাফালাফি;

আস্ফালন। **নাচনি, নাচুনী** *বি, বিণ*১ নর্তকী; নৃত্যে পটু; নৃত্যকারিণী। ২ যে মেয়ে সহজেই উল্লসিত হয়ে ওঠে। **নাচিয়ে** *বিণ* নাচে এমন; নৃত্যকারী। ❑ *বি* নর্তক। **নাচুনে** *বিণ* নাচে এমন; নৃত্যকারী। **নাচতে গিয়ে ঘোমটা**—কপট বা বৃথা লজ্জা।

নাচ[2], **নাছ** (ম-বা) *বি* ঘরের বা বাড়ির পিছনের দরজা।

নাচা *ক্রি*১ নৃত্য করা। ২ স্পন্দিত হওয়া। ৩ আনন্দিত বা উৎফুল্ল হওয়া। ৪ মেতে ওঠা। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **নাচানো** *ক্রি*১ নৃত্য করানো। ২ স্পন্দিত করানো। ৩ উৎফুল্ল করা। ৪ তোলপাড় করা। ৫ মাতানো। ৬ নাড়ানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।

নাচাড়ি, নাচারী *বি*১ লাচারি; দীর্ঘ ত্রিপদী ছন্দ। ২ নাচের ছন্দ। [সং. নৃত্য>নাচ+আড়ি]

নাচি, নাছি *বি* ধাতুর পাত মুড়বার পেরেক বা খিলের মাথা পিটিয়ে চেপটা করে দেওয়া হয় যাতে খুলতে না পারে; rivet।

নাছোড় *বিণ*১ কিছুতেই ছাড়ে না এমন; হাত এড়ানো দায় এমন। ২ একগুঁয়ে; জেদি; নেই-আঁকড়া। [হি.]। **নাছোড়বন্ধ** *বিণ* বন্ধন ছাড়ে না এমন। **নাছোড়বান্দা** *বিণ* ছাড়বার পাত্র নয় এমন; একগুঁয়ে; জেদি।

নাজাত *বি* মুক্তি; রেহাই; অব্যাহতি। [ফা. নাজাত]

না-জায়িজ, না-জায়েজ *বিণ* ধর্মবিরুদ্ধ; আশাস্ত্রীয়; নিষিদ্ধ; অবৈধ। [ফা.+আ.]

নাজিম, নাযিম *বি* বাদশাহের নিয়োজিত প্রদেশের শাসনকর্তা। [আ.]

নাজির, নাযির *বি*১ আদালতের কর্মচারীবিশেষ—যিনি পেয়াদাদের তত্ত্বাবধান করেন। ২ পরিদর্শক। [আ.]। **নাজিরি, নাজিরী** *বি* নাজিরের পদ।

নাজুক[1] *বিণ*১ সুকুমার; রম্য; পেলব; আঘাত সহ্য করতে পারে না এমন। ২ সহজেই বিগড়ে যেতে পারে এমন। ৩ সূক্ষ্ম; ভঙ্গুর। [ফা.]

নাজুক[2] *বিণ* লাজুক; সংবেদনশীল।

নাজেল, নাজিল *বি* অবতরণ; আবির্ভাব। ❑ *বিণ* অবতীর্ণ; উপস্থিত। [আ.]

নাজেহাল *বি* হয়রান; পেরেশান; নাকাল; জব্দ। ❑ *বিণ*১ অতিশয় লাঞ্ছিত বা বিপন্ন। ২ দুর্দশাগ্রস্ত। [আ.]

নাঞি, নাঞী(ম-বা) *অব্য* নাই; নেই; না।

নাট[1] *বি*১ নৃত্য; নাচ। ২ অভিনয়; নাট্য প্রদর্শন। ৩ রঙ্গ; কৌতুক। ৪ রঙ্গমঞ্চ; অভিনয়ের স্থান; প্রেক্ষাগৃহ। [সং.]। **নাটমন্দির** *বি* মন্দির সংলগ্ন নৃত্য-গীতোৎসবের গৃহ বা প্রশস্ত স্থান। **নাটমহল** *বি* রঙ্গালয়; নাট্যশালা। **নাটের গুরু** *বি*১ অভিনয়ের আচার্য। ২ প্ররোচক; অনিষ্টের মূল।

নাট[2] *বি* ভাঁজ-ভাঙা ও এলোমেলো; মলিন; লাট। [সং. নষ্ট>]

নাটক *বি* ১ অভিনয় উপযোগী রচনা; দৃশ্যকাব্য। ২ অভিনেতা। ❑ *বিণ* নর্তক। **নাটকী** *স্ত্রী*। **নাটকিত** *বিণ* নাটকাকারে রচিত। **নাটকীয়** *বিণ* ১ নাটকোচিত; নাটকসুলভ। ২ নাটক সম্পর্কিত। ৩ কৃত্রিম হাবভাবযুক্ত।

নাটা[1] *বি* কাঁটাগাছের গোলাকার ক্ষুদ্র ক্ষুদ্র ফলবিশেষ; করঞ্জা ফল। [সং.]

নাটা[2] *বিণ* খাট; বেঁটে। ❑ *বি* বর্তুলাকার।

নাটাই *বি* যে চরকিতে বা শলাকায় সুতা জড়ানো হয়। **নাটানো** *ক্রি*১ নাটাইতে সুতা জড়ানো। ২ নাটাইয়ের মতো ঘুরপাক খাওয়া। ৩ ক্লান্ত হওয়া; নাট খাওয়া। [সং. নৃত্য>নাট+আই]

নাটিকা *বি* ১ ক্ষুদ্র নাটক। ২ নর্তকী; নাটকারিণী। [সং.]

নাটুকে *বিণ* ১ নাটক-রচয়িতা; নাট্যকার। ২ নাটকীয়। **নাটুকেপনা** *বি* অভিনেত্রীসুলভ হাবভাব।

নাটুয়া *বি, বিণ*১ নট; অভিনেতা; নর্তক। ২ অভিনেতা। [সং. নাট+বা. উয়া]

নাট্য *বি*১ নাচ; গান; বাজনা। ২ অভিনয়; নাট্যপ্রদর্শন। ৩ নৃত্য। ৪ নাটক। [সং.]। **নাট্যকলা** *বি* নাচ গান বাজনার বিদ্যা; অভিনয় বিদ্যা; নট হবার বিদ্যা। **নাট্যকার** *বি* নাটক লেখক। **নাট্যমন্দির, নাট্যরঙ্গ, নাট্যশালা, নাট্যগৃহ** *বি* নাচঘর; রঙ্গমঞ্চ; রঙ্গালয়; থিয়েটার; প্রেক্ষাগৃহ। **নাট্যাচার্য** *বি* অভিনয় শিক্ষার গুরু। [নাট্য+আচার্য]। **নাট্যাভিনয়** *বি* নাটক অভিনয়।

নাড়া[1] *বি*১ ধান কেটে নেওয়ার পর ধান গাছের যে অংশ জমিতে অবশিষ্ট থাকে। ২ খড়। [সং. নাল>]। **নাড়ার পালা** *বি*১ নাড়ার স্তূপ বা গাছ। ২ অন্তঃসারশূন্য মোটা লোক। **যতো ছিল নাড়াবুনে সব হলো কির্তুনে**—যতোসব অজ্ঞ অরসিক জনের মর্যাদা বা কর্তৃত্ব লাভ।

নাড়া[2] *বি* ১ ঝাঁকুনি। ২ চালনা; আন্দোলন; দোলানো। ❑ *ক্রি* ১ দোলানো বা চালনা করা। ২ ঘোঁটা। ৩ ঘাঁটা; এলোমেলো করা। ৪ শব্দ বা ধ্বনি সৃষ্টি করা; বাজানো। ৫ স্থানচ্যুত করা; অন্যত্র সরানো; remove। ৬ চর্চা বা আলোচনা করা। **নাড়াচাড়া** *বি*১ ঘাঁটাঘাঁটি। ২ সঞ্চালন; চালনা। ৩ স্থান পরিবর্তন; স্থানচ্যুতি। ❑ *ক্রি* বারংবার বিচার করা; পরীক্ষা করা; চর্চা বা আলোচনা করা। **নাড়ানো** *ক্রি*১ আন্দোলিত করা; স্থানচ্যুত করা। ২ সরানো; নাড়ানো। **ধনের নাড়া দেওয়া** *ক্রি* ধনের খোঁটা দেওয়া।

নাড়া[3] *বি* যার মাথা নেড়া করা হয়েছে; পত্রপল্লবহীন। **নাড়ার ফকির** *বি*(ব্য.) বৈষ্ণব-বাউলপ্রভাবিত মুসলমান মরমি সাধক লালন-শাহ্‌র মতাবলম্বী সম্প্রদায়। **নাড়া বাঁধা** *বি* উচ্চাঙ্গ সঙ্গীতে ইত্যাদিতে গুরু কর্তৃক শিষ্যকে সবক দেওয়ার অনুষ্ঠান।

নাড়া[4] *বি* লাল সুতা, শিষ্য গ্রহণের সময়ে সঙ্গীত গুরু এই সুতা শিষ্যের মণিবন্ধে বেঁধে দেন।

নাড়ি, নাড়ী *বি* ১ শিরা; ধমনি। ২ বাত পিত্ত কফ — মানবদেহের এই ত্রিবিধ অবস্থাজ্ঞাপক ধমনি। ৩ সদ্যোজাত শিশুর নাভি সংলগ্ন রক্তসঞ্চালক শিরা রজ্জু। [সং.]। **নাড়ি-ছেঁড়া** *বি* নাড়ি কাটা। **নাড়ি ছেঁড়া ধন** *বি* গর্ভজাত সন্তান; পেটের সন্তান। **নাড়িবসা** *বি* নাড়ি খুব দুর্বল ও নিস্তেজ হওয়া; মৃত্যুর পূর্বলক্ষণ। **নাড়িভুঁড়ি** *বি* উদর মধ্যস্থ অন্ত্রাদি যন্ত্র। **নাড়িজ্ঞান** *বি* হাতে রোগীর নাড়ির স্পন্দন অনুভব করে তার অবস্থা নির্ণয়ের ক্ষমতা; নাড়ি পরীক্ষা দ্বারা রোগ নির্ণয়ের সামর্থ্য। **নাড়ি টেপা** *ক্রি* রোগীর নাড়ি টিপে রোগ নির্ণয় করা। ❑ *বিণ* রোগীর নাড়ি দেখে এমন; চিকিৎসা শাস্ত্রে অনভিজ্ঞ। **নাড়ি-টেপা ডাক্তার** *বি* হাতুড়ে চিকিৎসক। **নাড়ি দেখা** *ক্রি* রোগীর নাড়ি পরীক্ষা করে তার অবস্থা বা রোগ নির্ণয় করা। **নাড়িনক্ষত্র** *বি* ১ আগা-গোড়া সমস্ত খবর; জন্ম থেকে সকল তথ্য ও সংবাদ। ২ জন্ম-নক্ষত্র। **নাড়িব্রণ** *বি* নালী ঘা। **নাড়ি মরা** *ক্রি* আহারের ক্ষমতা কমে যাওয়া; ক্ষুধা

নষ্ট হওয়া। ❑*বিণ* দুর্বল নাড়িবিশিষ্ট; হজম শক্তিতে দুর্বল। **নাড়িশাক** *বি* পাটশাক। **নাড়ির টান** *বি* রক্তের সম্পর্কজনিত মমত্ব; গর্ভে ধারণের জন্য মায়া; গভীর ও আন্তরিক মমত্ববোধ।

নাড়ু *বি* বিভিন্ন উপাদানে ও নানা রকমে তৈরি ছোট গোল মিষ্টি স্বাদের খাদ্য; লাড়ু। [লড্ডুক' শব্দ থেকে উদ্ভূত]। **নাড়ুগোপাল** *বি* ১ (আল.) আদরের ছেলে; শিশুকৃষ্ণ। ২ (আল.) সেকালের গ্রাম্য পাঠশালার শাস্তিবিশেষ।

নাত১**, না'ত** *বি*১ হযরত মুহম্মদের (সা.) প্রশংসা। ২ নবীর প্রশস্তি-গান। ৩ প্রশস্তি। [আ.]

নাত২ *বি* নাতি; পৌত্র; দৌহিত্র (নাত-বউ)।

নাতি১**, নাতী** *বি* পুত্র বা কন্যার ছেলে; দৌহিত্র (অশুদ্ধ প্রয়োগে পৌত্র> পুতি)। **নাতিজামাই, নাতজামাই** *বি* নাতনির স্বামী। **নাতি-নাতকুর** *বি* পৌত্র প্রপৌত্র দৌহিত্র ও তার সন্তান। **নাতি-নাতনি** *বি* পুত্র বা কন্যার ছেলেমেয়ে। **নাতনি, নাতনী** *বি স্ত্রী.* পুত্র বা কন্যার মেয়ে; পৌত্রী বা দৌহিত্রী। **নাতিবৌ, নাতবৌ** *বি* নাতির স্ত্রী।

নাতি২ *বিণ* বেশি নয়; অল্প; অনধিক; অন্য শব্দের সঙ্গে যুক্ত হয়ে ব্যবহৃত হয়। [স. ন+অতি]। **নাতিদীর্ঘ** *বিণ* খুব দীর্ঘ বা ঢেঙ্গা নয়। **নাতিদূর** *বিণ* বেশি দূর নয়। **নাতিশীতোষ্ণ** *বিণ* বেশি ঠাণ্ডাও নয় গরমও নয় এরূপ; বসন্তকালের মতো। **নাতিশীতোষ্ণমণ্ডল** *বি* উত্তর বা দক্ষিণ হিমমণ্ডল ও গ্রীষ্মমণ্ডলের মধ্যবর্তী স্থান যেখানে ঠাণ্ডা বা গরম কোনোটাই বেশি নয়; temperate zone।

নাৎসি *বি* একনায়ক হিটলার প্রতিষ্ঠিত জার্মানির জাতীয় সমাজতন্ত্র; nazi। [জ.]

নাথ *বি*১ স্বামী; প্রভু; অধিপতি। ২ রক্ষাকর্তা; পালনকর্তা; পালক; রক্ষক। ৩ হিন্দু সম্প্রদায়ের উপাধিবিশেষ। **নাথ ধর্ম, নাথপন্থা** *বি* প্রাচীন বাংলায় বৌদ্ধ তান্ত্রিক সাধক সম্প্রদায়; নাথ যোগী ও সিদ্ধাদের সাধন-ভজনের নিয়ম-রীতি; নাথ সহজিয়া পদ্ধতি। [স.]। **নাথবতী** *বি, বিণ স্ত্রী.* যে নারীর স্বামী আছে; সধবা। **নাথবান** *বিণ* প্রভু বা রক্ষক আছে এমন।

নাথা১ *বি* লাথি; পদাঘাত। **নাথানোথা, নাথানুথা** *বি* লাথি কিল চাপড় ইত্যাদি। [আঞ্চলিক]

নাথা২ *বি* ন্যাতা; পাত্রাদি মার্জনা করার ছিন্ন বস্ত্রখণ্ড; ময়লা ভেজা নেকড়া। [স. নক্তক>]

নাদ১ *বি* ১ গর্জন। ২ শব্দ; রব। ৩ উচ্চমধুর ধ্বনি। [স. নাদ]। **নাদবিন্দু** *বি* চন্দ্রবিন্দু। **নাদিত** *বিণ* ধ্বনিত; শব্দিত; নিনাদিত। **নাদী** *বিণ* ১ গর্জন করে এমন; গর্জনকারী। ২ ধ্বনি করে এমন; শব্দকারী। **নাদিনী** *স্ত্রী.*। [স.; তুল. হি. নারা (নারা-ই-তকবির)]

নাদ২**, নান্দ, নান্দা** *বি*১ বড় জ্বালা; গামলা; বিরাট পাত্র বিশেষ। ২ পেট মোটা ফাঁদালো মুখ পুরু কলস। [স. নন্দা>]। **নাদাপেটা** *বি, বিণ* যার পেট জ্বালার মতো; বিশ্রীভাবে পেটমোটা। **নাদাপেটী** *স্ত্রী.*। **নাদাপেটা হাঁদারাম**—যেমন মোটা পেট তেমন মোটা বুদ্ধি; কিম্ভূত-কিমাকার।

নাদ৩**, নাদি** *বি* গরু, ঘোড়া, হাতি ইত্যাদির বিষ্ঠা। **নাদা** *বি* উক্ত প্রাণীদের মল ত্যাগ।

নাদন, নাদনা *বি*১ মোটা লাঠি বা খুঁটি। ২ মোটা লাঠির প্রহার। [স. নদ্ধ>]। **নাদনবাড়ি** *বি* মোটা লাঠি।

নাদা *ক্রি* গর্জন করা; ভীষণ জোরে শব্দ করা।

নাদান *বিণ* বোকা; নির্বোধ; অজ্ঞান; অবুঝ। [ফা.]। **নাদানি** *বি*।

না-দুরস্ত *বিণ* বেঠিক; না-জায়েজ; বিধিবিরুদ্ধ; অবৈধ; অশাস্ত্রীয়; অপবিত্র; অশুদ্ধ; অসিদ্ধ। [ফা. না-দুরস্ত]

নাদুসনুদুস *বিণ* হৃষ্টপুষ্ট; মোটাসোটা; গোলগাল; থলথলে।

নানক (১৪৬৯-১৫৩৯ খ্রি.) *বি* পাঞ্জাববাসী গুরু নানক; শিখ ধর্ম ও সম্প্রদায়ের প্রবর্তক। **নানকপন্থী** *বিণ, বি* নানকের প্রচারিত ধর্ম-মতাবলম্বী; শিখ।

নানা১ *বি* মাতামহ। [হি.]। **নানী** *স্ত্রী.*।

নানা২**, নানান** *বিণ*১ বহু; অনেক। ২ বিভিন্ন; বিবিধ। [স.]। **নানার্থ** *বিণ* বিবিধার্থ; বিভিন্ন অর্থযুক্ত।

নানা ফড়নাবিশ (১৭৪১-১৮০০) *বি* প্রকৃত নাম কালাজী জনার্দন; মারাঠা দরবারি রাজনীতিক।

নানাসাহেব *বি* ১৮৫৭ সালের সিপাহি বিপ্লবের বিখ্যাত নায়ক। এঁর প্রকৃত নাম ধুন্ধুপন্থ; পেশোয়া বাজিরাওয়ের দত্তক পুত্র।

নান্দী *বি* ১ কাব্য-নাটকাদির প্রারম্ভে সুসম্পন্নতা কামনা করে স্তুতি; মঙ্গলাচারণ। ২ স্তুতি; বন্দনা। **নান্দীকর** *বি*১ সূত্রধার; বন্দনাকারী। ২ মাঙ্গলিক অনুষ্ঠানকারী। **নান্দীমুখ** *বি* হিন্দুদের আভ্যুদয়িক শ্রাদ্ধ বিবাহ গৃহপ্রবেশ প্রভৃতি শুভকর্মের পূর্বে যে শ্রাদ্ধ করা হয়।

নাপছন্দ/পসন্দ *বিণ*১ অমনোনীত; অপছন্দ; অরুচিকর; মনের মতো নয় এমন। ২ অপ্রিয়। [ফা. না+পসন্দ]

নাপাক *বিণ* অপবিত্র; অশুচি; অশুদ্ধি। [ফা.]

নাপিত *বি* ১ ক্ষৌরকার; চুলকাটা দাড়ি চাঁছা প্রভৃতি যার ব্যবসায়। ২ হিন্দু জাতিবিশেষ। ৩ (আল.) নরসুন্দর। **নাপিতানী** *স্ত্রী.*। [স. স্নাপয়িতৃ> প্রা., পা. ণ্হাপিত> নাপিত]

নাফরমান *বি, বিণ* অবাধ্য; আদেশ অমান্যকারী; ফরমান অমান্যকারী; ঈশ্বরের আদেশ লঙ্ঘনকারী। [ফা. ফরমান—আদেশ/ নির্দেশ/ হুকুম]। **নাফরমানি, নাফরমানী** *বি* অবাধ্যতা; আদেশ অমান্যকরণ।

নাব *বি* নৌকা; নাও।

নাবাই *বি* অবতরণ; নিম্নে গমন; জলস্রোতের ভাটির দিক; নদীর প্রবাহের সম্মুখের দিক। [নামা> নাবা+ই]। **উজান** *বিপ.*। (তুল. চড়াই উৎরাই)।

নাবাল *বিণ* নিচু; নিম্ন। ❑*বি* নিম্নগামী; ঢালু।

নাবালক, নাবালেগ *বিণ* অপ্রাপ্তবয়স্ক; আইন অনুসারে ১৮ বছরের কম বয়স্ক; minor। [ফা. নাবালিগ]। **নাবালিকা, নাবালেগ** *স্ত্রী.*। (তুল. সাবালেক/ সাবালিগ)।

নাবিক *বি*১ নৌকা জাহাজ প্রভৃতির চালক; দাঁড়ি-মাঝি; কর্ণধার। ২ সমুদ্রযাত্রায় অভিজ্ঞ ব্যক্তি। ৩ নৌসংক্রান্ত; নৌবিষয়ক। [স. নৌ+অক]। **নাবিকবিদ্যা** *বি* নৌচালনা বিদ্যা; জাহাজ প্রভৃতি জলযান চালানো বিদ্যা।

নাবুদ *বিণ* অস্তিত্বহীন; ফওত; ধ্বংস। [ফা.]। (তুল. নাস্তা-নাবুদ)।

নাব্য *বিণ*১ নৌকা জাহাজ ইত্যাদি চালাবার পক্ষে যোগ্য বা অনুকূল; navigable। ২ নৌকা দ্বারা উত্তরণযোগ্য (নাব্য নদী)। [স. নৌ+য=নাব্য]

নাভি *বি*১ উদরের কেন্দ্রস্থলে অবস্থিত ক্ষুদ্র আবর্ত; নাই

(আঞ্চলিক); নাড়ি কাটার চিহ্নযুক্ত স্থান। ২ চাকার মাঝের অংশ বা হাঁড়ি। [স.]। **নাভিকণ্টক, নাভিগোলক** *বি* আবর্ত; গোঁড়। **নাভিকমল, নাভিপদ্ম** *বি* ১ পদ্মের মতো নাভি। ২ নাভির মধ্যস্থ তৃতীয় চক্র; মণিপুর চক্র। **নাভিকূপ** *বি* নাভিস্থল; নাভিদেশ। **নাভিচক্র** *বি* নাভিতে অবস্থিত মণিপুর চক্র। **নাভিচ্ছেদ** *বি* সদ্যোজাত শিশুর নাড়ি কাটা। **নাভিপুট** *বি* নাভিমূল; গোঁড়; নাভিকুণ্ডল। **নাভিশ্বাস** *বি* মৃত্যুকালীন নাভিদেশ থেকে ঊর্ধ্ব দিকে শ্বাসের টান; শেষ অবস্থা; মুমূর্ষু অবস্থা।

নাম *বি* ১ যে শব্দ দ্বারা কোনো বস্তু বা ব্যক্তিকে নির্ধারণ করা যায়; আখ্যা; অভিধা; সংজ্ঞা। ২ খ্যাতি; প্রসিদ্ধি; যশ। ৩ উল্লেখ। ৪ পরিচয়। ৫ উপাস্যের নাম। ৬ প্রতিপত্তি। ৭ দোহাই; শপথ। ৮ অজুহাত। ৯ যৎসামান্য; অতি অল্প । ১০ শব্দমাত্র। ১১ বাহ্যপরিচয়। ১২ বিভক্তিহীন শব্দ; প্রাতিপাদিক। [স. নামন্, ফা. নাম্]। **নামকরণ** *বি* ১ নবজাত শিশুর একাদশ বা দ্বাদশ দিনে নাম রাখার সংস্কার বিশেষ। ২ আখ্যান; নামপ্রদান। **নাম করা** *ক্রি* ১ নাম নেওয়া; নাম স্মরণ বা উল্লেখ করা। ২ নাম জপ করা। ৩ খ্যাতি অর্জন করা। **নাম-করা** *বিণ* বিখ্যাত। **নাম কাটা** *ক্রি* নাম কেটে তালিকা থেকে বাদ দেওয়া; বরখাস্ত করা। **নাম-কাটা** *বিণ* যার নাম কাটা গিয়েছে; বহিষ্কৃত। **নাম-কাটা সেপাই** *বি* ১ নাম কেটে খারিজ করা সেপাই। ২ দলছাড়া হয়েও যে দলের প্রতীক ধারণ করে; তাড়িয়ে দেওয়ার পরও যে সেপাই সাজে। **নামগন্ধ** *বি* ১ নাম ও গন্ধ। ২ সামান্যতম চিহ্ন বা অস্তিত্ব। ৩ সামান্য সংস্রব; অত্যল্প সম্পর্ক। **নামগান** *বি* উপাস্যের নামজপ। **নামগ্রহণ** *বি* নাম নেওয়া। **নাম জপা** *ক্রি* উপাস্যের নাম বারবার স্মরণ করা। **নামজাদা, নামযাদা** *বিণ* প্রসিদ্ধ; বিখ্যাত; খ্যাতনামা। **নামডাক** *বি* যশ ও প্রতিপত্তি; খ্যাতি। **নাম ডাকা** *ক্রি* ১ নাম ধরে ডাকা। ২ উপস্থিত হতে বলা। **নাম ডুবানো, নাম ডোবানো** *ক্রি* সুনাম বা যশ নষ্ট করা (বাবার নাম ডুবানো)। **নামত, নামতঃ** *অব্য* নামেমাত্র; কেবল নামে। **নাম ধরা** *ক্রি* নাম উচ্চারণ করা; নাম করে বলা। **নামধাতু** *বি* বিশেষ্য বিশেষণ পদ প্রত্যয়াদি যোগে ক্রিয়ায় পরিণত হলে নামধাতু হয়। **নামধাম** *বি* নাম ও বাসস্থানের পরিচয়; নাম ও ঠিকানা। **নামধারী** *বিণ* ১ নামযুক্ত; নামবিশিষ্ট। ২ নামমাত্র আছে কিন্তু গুণ নেই। **নামধেয়** *বি* নাম; আখ্যা; সংজ্ঞা—বাচক শব্দ; নামযুক্ত। **নামনিশানা** *বি* ১ নামধাম পরিচায়ক চিহ্ন; নিদর্শন। ২ নামগন্ধ। **নামবাচক** *বিণ* নাম বুঝায় এমন। ☐ *বি* ব্যক্তি বা বস্তুবিশেষের সংজ্ঞা প্রকাশক শব্দ। **নামবাচিকা** *স্ত্রী.*। **নামমাত্র** *বিণ* ১ কেবল নামই সার—আসল কাজে কিছু নয় এমন। ২ অতি সামান্য; যৎকিঞ্চিৎ। **নামমুদ্রা** *বি* যে মুদ্রা বা আংটিতে নাম খোদা আছে; নামাঙ্কিত সিলমোহর। **নাম রটা** *ক্রি* সুনাম বা দুর্নাম চতুর্দিকে প্রচার হওয়া। **নাম রহা** *ক্রি* সুনাম স্থায়ী হয়ে থাকা। **নাম রাখা** *ক্রি* ১ নামকরণ করা। ২ পূর্বগৌরব অক্ষুণ্ণ রাখা। ৩ স্থায়ী যশ লাভ করা। **নাম লওয়া** *ক্রি* স্মরণ করা। **নাম লেখানো** *ক্রি* ১ ভর্তি হওয়া। ২ দলে শামিল হওয়া। **নামসঙ্কীর্তন** *বি* নামগান; নামকীর্তন। **নামস্মরণ** *বি* নাম মনে করা; প্রাতঃকালে এবং বিপদে আল্লাহর নাম চিন্তা ও উচ্চারণ। **নাম হওয়া** *ক্রি* খ্যাতি লাভ করা; সুনাম প্রচারিত হওয়া। **নামে কাটা, নামে বিকানো** *ক্রি* প্রকৃতপক্ষে যোগ্য না হলেও নাম খ্যাতি বা উপাধির বলে আদৃত হওয়া বা প্রচলিত হওয়া। **নামে গোয়ালা কাঁজি ভক্ষণ**—গোয়ালা হয়েও দুধ খেতে পায় না, কাঁজি খায় অর্থাৎ নামমাত্র সার কাজে কিছু নয়। **নামে নামে** *ক্রিবিণ* প্রত্যেকের নাম করে বা ধরে; প্রতিজনে।

নামক *বিণ* নামে পরিচিত। [স. নাম+ক (যুক্ত)]

নামঞ্জুর *বিণ* বাতিল; অগ্রাহ্য; প্রত্যাখ্যাত; খারিজ। [ফা. না+আ. মঞ্জুর]। **নামঞ্জুরি** *বি*।

নামতা *বি* গুণনের ধারাবাহিক তালিকা; multiplication table। [স. নামপত্র>]। **নামতার কোটা** *বি* নামতার ঘর।

নামা[১] *ক্রি* ১ অবরতণ করা; ঊর্ধ্ব থেকে নিম্নে আগমন করা। ২ ভিতর থেকে বের হওয়া। ৩ নত হওয়া; ঝুলে পড়া। ৪ নিজেকে লিপ্ত করা। ৫ কমে যাওয়া। ৬ আবির্ভাব বা উপস্থিত হওয়া। ৭ বিলুপ্ত হওয়া; অস্ত যাওয়া; ঢলে পড়া। ৮ হীন হওয়া। ৯ রান্না হওয়া। ১০ দাস্ত হওয়া (পেট নামা)। ১১ অবতীর্ণ হওয়া। ☐ *বি* উক্ত সকল অর্থে। **নামানো** *ক্রি* ১ অবতরণ করানো। ২ কমানো; হ্রাস করা। ৩ রন্ধন শেষ হওয়া। ৪ অখ্যাতি করা; নিন্দা করা। ৫ আরম্ভ করানো। ৬ ঝরানো। ৭ প্রবৃত্ত করানো। ৮ তাড়ানো। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **ঘাড়ের ভূত নামানো** *ক্রি* ১ ভূতের প্রভাব থেকে মুক্ত করা। ২ (আল.) বিশেষ জেদ খাটিয়ে অন্যায় আবদার থেকে বিরত করা। [স. √নম্ব(গত)+বা. আ]

নামা[২] *বিণ* নামধারী; নামযুক্ত; নামে খ্যাত। [স.]। **নাম্নী** *স্ত্রী.*।

-নামা[৩] *বি* ১ পত্র; চিঠি; লেখা। ২ বিবরণ; ইতিহাস (শাহনামা); আখ্যান; ইতিবৃত্ত। ৩ দলিল (রাজিনামা, চুক্তিনামা)। [ফা. নামাহ্]

নামাঙ্ক *বি* নামের চিহ্ন; অক্ষর। [স. নাম+অঙ্ক]। **নামাঙ্কিত** *বিণ* ১ যাতে নাম অঙ্কিত বা খোদিত আছে। ২ নামযুক্ত। ৩ স্বাক্ষরিত। [নাম+অঙ্কিত]

নামাজ *বি* ইসলাম ধর্মমতে মুসলমানদের সর্বপ্রধান উপাসনা—দিনে পাঁচ বার এবং শুক্রবার জুম্মার নামাজ বাধ্যতামূলক; সালাত। [ফা. নমায; স. নমস্]। **নামাজি** *বিণ* নামাজ পড়ে এমন।

নামাবলি, নামাবলী *বি* ১ হরিনামের বা দেবতাদের নামের ছাপযুক্ত চাদর। ২ নামের তালিকা। [স. নাম+ আবলি, আবলী]

নামী *বিণ* ১ নামধারী; নামযুক্ত। ২ প্রসিদ্ধ; মশহুর; নামজাদা; খ্যাত। [ফা.]

নামোচ্চারণ *বি* নাম মুখে আনা। [স. নাম+ উচ্চারণ]

নামোল্লেখ *বি* নামোচ্চারণ; নামপ্রকাশ। [স. নাম+উল্লেখ]

নায়ক *বিণ, বি* নেতা; পরিচালক; সর্দার। ☐ *বি* ১ সেনাপতি। ২ রাজা। ৩ স্ত্রীলোকের প্রণয়ী; প্রেমাসক্ত ব্যক্তি। ৪ স্বামী। ৫ ছায়াছবি অথবা গ্রন্থের বর্ণনীয় প্রধান চরিত্র; hero। [স. নী+অক]। **নায়িকা** *স্ত্রী.*। **নায়কীয়** *বিণ* নায়ক সম্বন্ধীয়।

নায়েক *বি* সৈন্যবিভাগের সাধারণ সিপাহিদের ঊর্ধ্বতর পদমর্যাদাসম্পন্ন সিপাহি। [আ.]। **ল্যান্সনায়েক** *বি* সহকারী নায়েক পদের যোদ্ধা। [ই. ল্যান্স+আ. নায়েক]

নায়েব, নাএব *বি* ১ তহশিল অফিসের প্রধান কর্মচারী।

২ জমিদারের কাছারির ভারপ্রাপ্ত প্রধান কর্মচারী। ৩ অধীন কর্মচারী; সহকারী; প্রতিনিধি। [আ.]। **নায়েবে-ইলাহি** *বি* আল্লাহর প্রতিনিধি। **নায়েবি, নায়েবী**[১] *বি* নায়েবের কাজ বা পদ। **নায়েবি**[২] *বিণ* ১ নায়েব সংক্রান্ত। ২ নায়েবের উপযুক্ত। **নায়েবে নবী, নায়েবে রসুল** *বি* নবীর প্রতিনিধি; ইসলাম ধর্মের প্রচারক ও বিশেষজ্ঞ।

নার *বি* অগ্নি; আগুন। [আ.]। **নার-ই-জাহান্নাম** *বি* জাহান্নামের তথা দোজখের আগুন।

নারঙ্গ, নারাঙ্গি *বি* ১ কমলাবেলু; orange। ২ কমলা লেবুর গাছ। [ফা. নারনজ; স. নারঙ্গ; স্পেনে ব্যবহৃত নারনজ>ই. নরেনজ>অরেঞ্জ শব্দের উদ্ভব]

নারকী *বিণ* পাপী; দোজখি; নরকভোগের যোগ্য; মহাপাতকী; নরকের প্রাণী। **নারকিনী** *স্ত্রী.*। [স.]

নারকীয় *বিণ* ১ পৈশাচিক; অত্যন্ত জঘন্য। ২ নরক সম্বন্ধীয়। ৩ নরকের যোগ্য। [স.]

নারদ *বি* হিন্দুপুরাণের নারদ মুনি নামের একজন দেবর্ষি—যিনি কলহ বিবাদ বাধানোর জন্য খ্যাত। **নারদীয়** *বিণ* নারদ সম্বন্ধীয়। ☐ *বি* পুরাণবিশেষ। **নারদের ঢেঁকি** *বি* (আল.) যে বাহনে নারদ স্বর্গ-মর্ত্য পরিভ্রমণ করেন বলে কথিত।

নারসিংহ *বি* নরসিংহ দেবের চরিত্র-বর্ণনাত্মক পুরাণ বিশেষ। ☐ *বিণ* নরসিংহ সম্বন্ধীয়। [স.]। **নারসিংহী** *বি স্ত্রী.* হিন্দুদেবী দুর্গার মূর্তিবিশেষ; অর্ধনারী অর্ধসিংহরূপা শক্তিমূর্তি।

নারা[১] (পদ্যে ব্যবহৃত) *ক্রি* না পারা।

নারা[২] *বি* ১ আওয়াজ; রণধ্বনি। ২ জিকির; জিগির; slogan। [আ. <যিক্‌র]। **নারায়ে তকবির** *বি* 'আল্লাহু আকবর' ধ্বনি।

নারাচ, নারোচ *বি* এক প্রকার লৌহনির্মিত বাণ; এক প্রকার প্রাচীন যুদ্ধাস্ত্রবিশেষ।

নারাজ, নারায *বিণ* ১ অসম্মত; অস্বীকৃত। ২ অসন্তুষ্ট; অপ্রসন্ন। [আ. নারায]। **নারাজি** *বি* ১ অসম্মতি। ২ অপ্রসন্নতা; অসন্তোষ।

নারায়ণ *বি* হিন্দুদেবতা বিষ্ণু; হিন্দুমতে যিনি নরনারী বা সর্বজীবের আশ্রয়স্থল। [স. নার+অয়ন]। **নারায়ণ ক্ষেত্র** *বি* গঙ্গার জলরেখা থেকে চার হস্ত বিস্তৃত তীরভূমি যেখানে মুমূর্ষ হিন্দুকে রাখা হয়; গঙ্গাতীর। **নারায়ণী** *বি স্ত্রী.* নারায়ণের পত্নী; লক্ষ্মী। ☐ *বিণ* নারায়ণের; নারায়ণ সম্বন্ধী। **নারায়ণী সেনা** *বি* কৃষ্ণের সৈন্যদল।

নারিকেল, নারকেল *বি* শক্ত আবরণের মধ্যে সুস্বাদু জল ও শাঁসযুক্ত ফল; ঐ ফলের গাছ। [স. নারিকেল]। **নারকেল কাঠি** *বি* নারকেল পাতার মধ্যকার শলাকা—এর দ্বারা ঝাঁটা তৈরি হয়। **নারকেল কুরি বা কোরা** *বি* নারকেলের শাঁস আঁচড়িয়ে যে নরম চূর্ণ পাওয়া যায়। **নারকেল ছোবড়া** *বি* নারকেল ফলের খোসা। **নারকেল তেল** *বি* নারকেলের শাঁস থেকে প্রস্তুত তেল। **নারকেল ভস্ম** *বি* নারকেল থেকে তৈরি কবিরাজি ওষুধ। **নারকেল মালা** *বি* নারকেলের ছোবড়া ও শাঁসের মধ্যবর্তী কঠিন আবরণ।

নারী *বি* ১ স্ত্রীলোক; রমণী; মহিলা। ২ স্ত্রী; পত্নী। [স.]। **নারীজন্ম** *বি* নারীরূপে জন্ম। **নারীধর্ম** *বি* নারীর বৈশিষ্ট্য; লজ্জা মমত্ব বাৎসল্য প্রভৃতি নারীসুলভ গুণ। **নারীরত্ন** *বি* অপূর্ব সুন্দরী বা গুণবতী রমণী। **নারীসমাজ** *বি* মহিলা সম্প্রদায়। **নারীস্বভাব** *বি* নারীপ্রকৃতি; নারীর মতো কোমল স্বভাব। ☐ *বিণ* স্ত্রীস্বভাব সুলভ।

নার্গিস *বি* ফুলবিশেষ; narcissus। [ফা.]। **নার্গিসাক্ষি** *বিণ* নার্গিস ফুলের মতো চক্ষুবিশিষ্ট।

নার্স *বি* হাসপাতালে শুশ্রূষাকারিণী; সেবিকা; সেবক। [ই. nurse]। **নার্সিং-হোম** *বি* ব্যক্তিগত বা বেসরকারি হাসপাতাল। [ই. nursing-home]

নার্সারি *বি* ১ শিশু লালনালয়; শিশুদের পালন ও শিক্ষার প্রতিষ্ঠান। ২ শিশুদের জন্য নির্দিষ্ট কক্ষ। ৩ চারা উৎপাদনের স্থান বা বাগান। [ই. nursery]

নাল[১] *বি* ১ শিরা। ২ মৃণাল। ৩ পদ্ম প্রভৃতির ডাঁটা। [স. √নল+অ]

নাল[২] *বি* ঘোড়া বা গরুর খুরে লাগাবার লোহার পাত। [আ.]

নাল[৩] *বি* নালা; থুথু; থুতু। [স. লালা>]

নাল[৪] *বিণ* নিচু (নাল জমি)।

নালতা *বি* শাকবিশেষ; পাটশাক। [স. নলিত>]

নালা *বি* জল বের হবার খাত; নর্দমা; ড্রেন। **নালা কেটে জল আনা** *ক্রি* ইচ্ছা করে বিপদ ঘটানো।

নালিতা, নালতে *বি* পাটশাক। [স. নলিত>]

নালিশ, নালিস *বি* ১ ফরিয়াদ; অভিযোগ। ২ আরজ; আবেদন; দরখাস্ত। ৩ প্রতিকার; প্রার্থনা। [ফা. নালিস]। **নালিশ-ফসাদ** *বি* ঝগড়া-বিবাদ ও মামলা মোকদ্দমা। [আ. ফসাদ]। **নালিশবন্দ** *বিণ* অভিযোগকারী।

নালী, নালি *বি* ১ নালা; নর্দমা; জল নিষ্কাশনের পথ। ২ ছোট চোঙ। ৩ পচা ঘা; শোষযুক্ত ঘা। [স.]। **নালি ব্রণ, নালি ঘা** *বি* পচা ঘা; দুষ্ট ক্ষত।

নাশ *বি* ১ ধ্বংস। ২ ক্ষয়; হানি। ৩ মৃত্যু। ৪ লোপ। ৫ বিলোপ। [স. √নশ্‌+অ]। **নাশক** *বিণ* বিনাশকারী; ধ্বংসসাধক। **নাশন** *বি* ১ নাশকরণ; ধ্বংসসাধন। ২ নাশক; নাশকারী; ধ্বংসকারী; দূরকারী। **নাশিত** *বিণ* নাশ করা হয়েছে এমন; বিধ্বস্ত; বিনষ্ট; নিহত। **নাশী** *বিণ* বিনাশশীল; ধ্বংসশীল। ☐ *বি* বিনাশকারী; নাশক। **নাশিনী** *স্ত্রী.*। **নাশ্য** *বিণ* নাশযোগ্য; ধ্বংসযোগ্য।

নাশতা, নাস্তা *বি* ১ জলযোগ। ২ প্রাতরাশ; breakfast। [ফা. নাশিতা]

নাশপাতি, নাসপাতি *বি* আপেলজাতীয় ফল। [ফা.]

নাশা *ক্রি* ধ্বংস করা। ☐ *বিণ* নাশক। **নাশী** *স্ত্রী.*।

নাস[১] *বি* ১ বিলাস। ২ লাস্য; নৃত্য। [স. লাস>]। **নাসবেশ** *বি* নাচের পোশাক; চুলবাঁধা শাড়িপরা ইত্যাদি সাজসজ্জা।

নাস[২] *বি* ১ তামাক পাতার গুঁড়া; নস্য; snuff। ২ নাক দিয়ে টেনে নেওয়া। [স. নস্য>]

নাসা *বি* ১ নাক; নাসিকা; ঘ্রাণেন্দ্রিয়। ২ নাকের ভিতরে ব্রণবিশেষ। ৩ দরজার উপরকার কাঠ। [স.]। **নাসাজ্বর** *বি* নাসার প্রকোপের জ্বর। **নাসাপান** *বি* নাক দিয়ে জল টেনে পান। **নাসারন্ধ্র** *বি* নাকের ছিদ্র।

নাসিক *বি* ভারতে অবস্থিত হিন্দুতীর্থ; রামায়ণোক্ত পঞ্চবটী। [স.]

নাসিকা *বি* নাসা; নাক। [স.]। **নাসিক্য** *বিণ* নাসিকা থেকে উচ্চারিত।

নাস্তাখাস্তা *বিণ* ছিন্নভিন্ন; লণ্ডভণ্ড।

নাস্তানাবুদ, নেস্তনাবুদ *বিণ* ১ ধ্বংসপ্রাপ্ত; বিধ্বস্ত। ২

নাজেহাল; হয়রান; পর্যুদস্ত। [ফা. নিস্তনাবুদ]
নাস্তি *বি* সত্তাহীনতা; অনস্তিত্ব। ❑ *ক্রি* নেই (যাত্রা নাস্তি)। [স. ন+অস্তি]
নাস্তিক *বিণ* ১ স্রষ্টা ও পরকালে বিশ্বাস নেই এমন। ২ অবিশ্বাসী। ৩ আচারবিরোধী। ❑ *বি* যিনি ধর্ম বা শাস্ত্রগ্রন্থে বিশ্বাস করেন না। [স.]। **নাস্তিকতা, নাস্তিক্য** *বি*।
নাহক *ক্রিবিণ* ১ অযথা; খামখা; অনর্থক; মিছামিছি; বৃথা; অকারণ। ২ অন্যায়ভাবে। [ফা. না+আ. হক]
নাহয় *অব্য* ১ কিংবা। ২ তর্কে কোনো কথা স্বীকারসূচক। ৩ বরং। ৪ নতুবা; অন্যথা। ৫ বড় জোর।
নি[১] *অব্য* সামীপ্য আতিশয্য অভাব সাদৃশ্য ইত্যাদি ভাবপ্রকাশক উপসর্গ। [স.]
নি[২] *বি* সঙ্গীতের সপ্তসুরের শেষ সুর; সপ্তম স্বর; নিষাদ।
নিউক্লিয়াস *বি* পরমাণুর মূল বা কেন্দ্রীয় অংশ, যাকে ঘিরে অন্য অংশসমূহ বিন্যস্ত ও সমন্বিত হয়; পরমাণুকেন্দ্র। [ই. nucleus]
নিউমোনিয়া *বি* ফুসফুসের প্রদাহসহ জ্বর। [ই. pneumonia]
নিংড়ানো *ক্রি* ১ চাপ দিয়ে বা পাক দিয়ে পানি বের করা; নিষ্কাশন করা। ২ শোষণ করা; শেষ করা।
নিঃ, নির্ *অব্য* ১ নিশ্চয়তা; সঠিক। ২ আতিশয্য; সম্পূর্ণতা; শেষ। ৩ বহির্গমন; বের হওয়া। ৪ অভাব; একাকিত্ব। [স.]। **নিঃক্ষত্র, নিঃক্ষত্রিয়** *বিণ* ক্ষত্রিয় নয়; ক্ষত্রিয়শূন্য। **নিঃশঙ্ক, নিশঙ্ক** *বিণ* শঙ্কাহীন; ভীতিহীন; নির্ভয়; নির্ভীক। **নিঃশব্দ** *বিণ* নির্বাক; শব্দহীন; নীরব। **নিঃশেষ** *বিণ* সম্পূর্ণ; অবশিষ্ট না রেখে। **নিঃশেষিত** *বিণ* সমাপ্ত; শেষ হয়েছে এমন; ফুরিয়ে গেছে এমন। **নিঃশ্রেয়স** *বি* ১ মুক্তি। ২ কুশল; মঙ্গল। ৩ সুখ; আরাম। ৪ জ্ঞান; বিজ্ঞান। **নিঃশ্বসন, নিশ্বসন** *বি* শ্বাসগ্রহণ ও ত্যাগ। **নিঃশ্বসিত, নিশ্বসিত** *বিণ* গৃহীত শ্বাস ও পরিত্যক্ত শ্বাস। **নিঃশ্বাস, নিশ্বাস** *বি* ফুসফুস থেকে নির্গত বায়ু; বা বাইরে থেকে নাসিকা বা ফুসফুসের অভ্যন্তরে গৃহীত বায়ু; দম। **প্রশ্বাস** *বিপ.*। **নিঃসংজ্ঞ** *বিণ* সংজ্ঞা নেই এমন; অজ্ঞান; অচেতন; senseless। **নিঃসংশয়, নিঃসন্দেহ** *বিণ* সন্দেহরহিত; সংশয়হীন; নিশ্চিত। **নিঃসংশয়তা** *বি*। **নিঃসঙ্কোচ** *বিণ* ১ সঙ্কোচশূন্য। ২ অকুণ্ঠ; কুণ্ঠাহীন। **নিঃসঙ্গ** *বিণ* একাকী; সঙ্গীহারা; সংস্রবরহিত; সঙ্কোচশূন্য; নিরাসক্ত। **নিঃসঙ্গতা** *বি*। **নিঃসত্ত্ব** *বিণ* সারহীন; অসার; বলহীন; বীর্যহীন; দুর্বল; ধৈর্যশূন্য; প্রাণহীন। **নিঃসন্তান** *বিণ* সন্তান নেই এমন; বন্ধ্যা; আঁটকুড়া। **নিঃসম্পর্ক** *বিণ* সম্পর্কহীন; সম্বন্ধশূন্য; অনাত্মীয়। **নিঃসমূল** *বিণ* সঙ্গতিহীন; সম্বলহীন; নিঃস্ব; দরিদ্র; বিত্তহীন। **নিঃসরণ** *বি* বহির্গমন; নির্গত হওয়া। **নিঃসহায়** *বিণ* অসহায়; সহায় নেই এমন; সহায়হীন। **নিঃসাড়** *বিণ* সাড়াশূন্য; শব্দহীন; অসাড়; নিস্তেজ। **নিঃসারক** *বিণ* নিঃসারণকারী; নিষ্কাশন করায় এমন। **নিঃসারণ** *বি* ১ বের করা, নিষ্কাশন; নিংড়ানো। ২ নির্বাসন। ৩ দ্বার; দরজা। **নিঃসারিত** *বিণ* বের করা হয়েছে এমন। **নিঃসীম** *বিণ* সীমাহীন; অনন্ত; বিস্তীর্ণ। **নিঃসীমতা** *বি* শূন্যতা; উদাসীনতা। **নিঃসৃত** *বিণ* নির্গত; বহির্গত; ক্ষরিত। **নিঃস্পৃহ** *বিণ* স্পৃহাহীন; কামনাশূন্য; বাসনাবিহীন। **নিঃস্পৃহতা** *বি* বাসনাশূন্য; নিষ্কাম; কামনাহীন। **নিঃস্রব, নিঃস্রাব** *বি* ১ তরল বস্তু বের হওয়া; ক্ষরণ। ২ ভাতের ফেন। **নিঃস্রোত** *বি* স্রোতহীন। **নিঃস্ব** *বিণ* সম্বলহীন; দরিদ্র; গরিব; ফকির; মিসকিন। **নিঃস্বতা** *বি* সম্বলহীনতা; দারিদ্র্য। **নিঃস্বন** *বি* শব্দ; রব; নিনাদ; ধ্বনি। **নিঃস্বর** *বিণ* আওয়াজশূন্য; নীরব; স্বরবিহীন।
নিঁদ *বি* নিদ্রা; ঘুম; তন্দ্রা। [স. নিদ্রা>]
নিক *বি* ১ মাটিতে গাড়ির চাকার যে দাগ হয়। ২ উকুনের বাচ্চা বা ডিম। ❑ *ক্রি* অনুজ্ঞায় নিয়ে যাক এই অর্থে।
নিকট *বিণ* কাছাকাছি; সমীপে; ঘনিষ্ঠ। ❑ *বি* নৈকট্য; সামীপ্য। [স.]। **নিকটবর্তী, নিকটস্থ** *বিণ* কাছাকাছি আছে এমন; সন্নিহিত; সমীপবর্তী; আসন্ন; সমীপস্থ। **নিকটবর্তিনী, নিকটস্থা** *স্ত্রী.*। **নিকটবর্তিতা** *বি*।
নিকড়িয়া, নিকড়ে *বিণ* অর্থশূন্য; কপর্দকশূন্য; নির্ধন; দরিদ্র।
নিকপিক *বিণ* ঈষৎ আন্দোলিত বা কম্পিত।
নিকর *বি* ১ সমূহ; রাশি। ২ মোট; সাকুল্য; সমষ্টি।
নিকরুণ *বিণ* করুণাহীন; নিষ্করুণ; নির্দয়; নিষ্ঠুর।
নিকষ, নিকস *বি* কষ্টিপাথর; যা দিয়ে সোনা পরীক্ষা করা হয়; শান। [স. নি+√কষ্+অ]। **নিকষকৃষ্ণ** *বিণ* ঘোর অন্ধকার। **নিকষণ** *বি* কষ্টিপাথরে ঘর্ষণ। **নিকষিত** *বিণ* পরীক্ষিত; মার্জিত; পালিশ করা; কষ্টিপাথরে ঘষা; বিশুদ্ধ।
নিকানো, নিকনো *ক্রি* মাটি গোবর প্রভৃতি দিয়ে ঘরের দেয়াল, মেঝে, আঙিনা মার্জনা করা বা লেপা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে।
নিকায় *বি* ১ আবাসগৃহ। ২ সমান ধর্ম বা নীতিবিশিষ্ট ব্যক্তিবর্গ বা তাঁদের প্রতিষ্ঠান। ৩ সমূহ। ৪ লক্ষ্য। ৫ বৌদ্ধশাস্ত্র। [স. নি+√চি+অ]
নিকারি, নিকিরি *বি* মুসলমান মৎস্য-ব্যবসায়ী।
নিকাল *অব্য* বিতাড়ন; বহিষ্করণ; বের করণ অর্থে। **নিকালো হিয়াঁসে** ১ দূর হয়ে যাও; বের হয়ে যাও। ২ এখান থেকে বের করে দাও; দূর করে দাও। [হি.]
নিকাশ, নিকাস *বি* ১ বের হওয়া; নির্গমন; নিষ্কাশন। [আ.]। ২ সমাপন; শেষ। ৩ ধ্বংস; শেষ; অবসান; বিনাশ; বধ। ৪ চূড়ান্ত হিসাব।
নিকাশি *বিণ* চূড়ান্ত হিসাব সম্বন্ধীয়; চুক্তি।
নিকাহ, নিকা *বি* ১ বিবাহ। ২ দ্বিতীয় বিবাহ; বিধবা বিবাহ। [আ. নিকাহ্]
নিকি, নিক *বি* ছোট উকুন; নিক; উকুনের ডিম। [স. নিক্ষা>]
নিকুচি *বি* দফারফা; শেষ; মরণ; ধ্বংস। ❑ *বিণ* অবাধ্যতা। [স. নিকুঞ্চিতা>]
নিকুঞ্জ *বি* বাগান; বনে বা উদ্যানে লতাদি দ্বারা আবৃত জায়গা; লতাগৃহ। [স.]
নিকৃষ্ট *বিণ* ১ অপছন্দ; নীচ; মন্দ; অপকৃষ্ট; জঘন্য। ২ দরিদ্র। [স. নি+√কৃষ্+ত]
নিকেতন, নিকেত *বি* স্থান; গৃহ; আবাস; আলয়। [স.]
নিক্তি, নিকতি *বি* ক্ষুদ্রাকৃতি পরিমাণ বস্তু মাপার যন্ত্র; স্বর্ণকার প্রভৃতির সূক্ষ্ম পরিমাপের জন্য তুলাদণ্ডবিশেষ।
নিকুণ *বি* নিনাদ; ঝঙ্কার-ধ্বনি; মিষ্টি আওয়াজ। [স.]
নিক্ষিপ্ত *বিণ* ১ নিচে ফেলেছে এমন; ছুড়ে ফেলা হয়েছে এমন। ২ গচ্ছিত। ৩ অর্পিত; ন্যস্ত। ৪ পরিত্যক্ত, বর্জিত। [স. নি+√ক্ষিপ্+ত]

নিক্ষেপ *বি* ১ ফেলে দেওয়া। ২ স্থাপন। ৩ ত্যাগ। ৪ গচ্ছিতকরণ; ন্যাস; অর্পণ। [স.]। **নিক্ষেপক** *বিণ* ছুড়ে ফেলে এমন; ক্ষেপণ করে এমন; নিক্ষেপকারী।

নিখরচ, নিখরচা *ক্রিবিণ* খরচ না করে; বিনা মূল্যে; বিনা ব্যয়ে। [স. নি+ফা. খরচ]

নিখাদ *বি* ১ স্বরগ্রামের সপ্তম স্বর 'নি'। [স. নিষাদ>]। ২ খাদহীন; খাঁটি; ভেজালশূন্য; বিশুদ্ধ।

নিখিল *বিণ* ১ সর্ব; সমুদয়। ২ সমগ্র সৃষ্টি; বিশ্ব; সারা জাহান; পৃথিবী। ৩ সম্পূর্ণ; অনন্ত। [স. নি+খিল]। (তুল. অখিল)।

নিখুঁত *বিণ* নির্দোষ; ত্রুটি নেই এমন; পূর্ণাঙ্গ।

নিখোঁজ *বিণ* পাত্তাহীন; খোঁজ পাওয়া যায় না এমন; সন্ধানশূন্য; নিরুদ্দেশ।

নিগড় *বি* লোহার শিকল; বেড়ি; শৃঙ্খল; বন্ধন। [স. নি+√গড়্ +অ]

নিগম *বি* তন্ত্রশাস্ত্র; বেদভাষ্যগ্রন্থ।

নিগমন *বি* বের হওয়া; বহির্গমন।

নিগাবান, নিগাহবান *বি* দেখা শোনা করে যে; তত্ত্বাবধায়ক; পাহারাদার; রক্ষী। [ফা. নিগাহ্‌বান]। **নিগাবানি, নিগাহবানি** *বি* তত্ত্বাবধান; দেখাশোনা।

নিগার *বি* অশ্বেতাঙ্গ; কাফ্রি; কৃষ্ণাঙ্গ; কালা আদমি। [অশিষ্ট ও অপমানজনক শব্দ; Nigger—Negro]

নিগূঢ় *বিণ* গোপন; অপ্রকাশ্য; আবৃত; একান্ত গুপ্ত; জটিল; রহস্যময়; দুর্জ্ঞেয়; অত্যন্ত গভীর। [স. নি+√গুহ্‌+ ত]

নিগৃহীত *বিণ* পীড়িত; শসিত; দণ্ডিত। [স. নি+√গ্রহ্‌+ত]

নিগ্রহ *বি*১ শাস্তি; দণ্ড; শাসন; দমন। ২ অত্যাচার; নিপীড়ন; উৎপীড়ন; কষ্ট; প্রহার; তাড়না। ৩ অপমান; খোয়ার; বিড়ম্বনা; ভর্ৎসনা। ৪ সংযম। **নিগ্রাহক** *বিণ* নিগ্রহকারী; শাসক; অত্যাচারী; উৎপীড়ক। [স. নি+√গ্রহ্‌+অ]

নিঘণ্টু *বি* ১ সূচিপত্র; নির্ঘণ্ট। ২ কোষগ্রন্থ; অভিধান। ৩ যাস্করচিত বৈদিক শব্দ সংগ্রহবিশেষ। [স.]

নিঘুম *বিণ* ঘুমহারা; নিদ্রাহীন।

নিচয় *বি* ১ বৃন্দ; সমূহ। ২ রাশি। ৩ বৃদ্ধি; উপচয়। [স.]

নিচু, নিচা *বি*১ অনুন্নত; নিম্ন; অবনত; ছোট। ২ অবনত জায়গা; নিম্নস্থান। [স. নীচ>]

নিচুল *বি* ১ বেতস; বেতগাছ। ২ উত্তরীয় বস্ত্র। [স.]

নিচৈতন *বিণ* অজ্ঞান; অচেতন।

নিচোল *বি* ১ ঘাঘরা। ২ আঁচল; বস্ত্রাঞ্চল। ৩ অঙ্গত্রাণ; সাঁজোয়া। ৪ বিছানার চাদর। ৫ উত্তরীয়; পাগড়ি। ৬ প্রচ্ছদপট; আস্তরণ; মলাট। [স.]। **নিচোলবাস** *বি* ১ আঁচল; বস্ত্রাঞ্চল। ২ আচ্ছাদন-বস্ত্র; ওড়না (বক্ষের নিচোলবাস যায় গড়াগড়ি)।

নিচ্ছিদ্র *বিণ* ১ ছিদ্রশূন্য। ২ ত্রুটিহীন; নিখুঁত। [স.]

নিছক *বিণ* খাঁটি; অমিশ্র; অবিকল; একমাত্র।

নিছনি, নিছুনি *বি* ১ রূপ; লাবণ্য। ২ উপহার। ৩ বেশবিন্যাস; কেশ-রচনা। ৪ অর্ঘ্য; নিবেদন। ৫ অশুভ; বালাই; অমঙ্গল। ৬ তুলনা; উপমা। ৭ বরণ-ডালি; স্ত্রী আচারবিশেষ। ৮ ঝাড়ন; গামছা। [স. নির্মঞ্ছন>]

নিজ *বিণ*১ আপন; স্বীয়; own। [স. নি+√জন্‌+আ]। ২ স্বাভাবিক; স্বভাবত জন্মে এমন। ☐ *সর্ব* আপনি; স্বয়ং নিজে। **নিজকীয়** *ক্রিবিণ* ১ নিজ সম্বন্ধীয়; স্বকীয়; ব্যক্তিগত। ২ নিজকৃত। **নিজত্ব** *বি* ব্যক্তিত্ব; স্বাতন্ত্র্য। **নিজস্ব** (অশু. প্রয়োগ; তবে প্রচলিত) *বি*১ যাতে অন্যের অধিকার নেই এমন। ২ স্বকীয়; আপন। **নিজে** *ক্রিবিণ* স্বয়ং। **নিজের কোলে ঝোল টানা**—অন্যকে বঞ্চিত করে নিজের স্বার্থ সাধন করা; স্বার্থপরতা। **নিজের চরকায় তেল দেওয়া**—নিজের কাজে মন দেওয়া। **নিজের ঢোল (ঢাক) নিজে বাজানো**—আত্মপ্রশংসা করা। **নিজের পায়ে কুড়ুল মারা**—স্বহস্তে নিজের ক্ষতি বা সর্বনাশ করা। **নিজের পায়ে দাঁড়ানো**—স্বাবলম্বী হওয়া। **নিজের হাত কামড়ানো**—অত্যন্ত অনুশোচনা; কোনো কিছু করে পরে পস্তানো।

নিজাম *বি* শাসনকর্তা; রাজপ্রতিনিধি। [আ.]

নিজামত, নিজামতি *বি*১ নিজামের পদবি। ২ নিজামের অধিকার। ৩ নিজামের রাজ্য বা নিজামের জমিদারি। **নিজামতি** *বিণ*১ নিজাম-সংক্রান্ত; নিজামত সম্বন্ধীয়। ২ ফৌজদারি।

নিঝর *বি*১ নির্ঝর; উৎস; ঝরনা। ২ ঝরা; অশ্রুধারা। [স. নির্ঝর ; নির+√ঝৃ+অ]

নিঝুম, নিজঝুম *বিণ* ১ সম্পূর্ণ নীরব বা নিঃশব্দ; নিস্পন্দ। ২ সম্পূর্ণ আচ্ছন্ন; সর্বতোভাবে আবিষ্ট।

নিট, নীট *বিণ*১ খরচ বাদে থাকে এমন। ২ আনুষঙ্গিক বিষয় বা বস্তু বাদ দিয়ে থাকে এমন। [ই. net]। **নিট মুনাফা** *বি* আনুষঙ্গিক খরচ বাদে লাভের অংশ।

নিটোল *বিণ*১ টোলহীন; সুগোল; সুডৌল; হৃষ্টপুষ্ট; নিখুঁত। ২ পূর্ণ; সুবিকশিত। ৩ তল; স্থল; প্রদেশ। ৪ কপোল।

নিড়বিড় *বি* কাজে বিলম্ব; দীর্ঘসূত্রতা। **নিড়বিড়ে** *বিণ* কাজ করতে বিলম্ব করে এমন; দীর্ঘসূত্রী। [আঞ্চলিক]

নিড়ানো *ক্রি* শস্যক্ষেত্রে আগাছা পরিষ্কার করা। ☐ *বি, বিণ* একই অর্থে ব্যবহৃত। [স. নিস্তৃণ>]। **নিড়ানি, নিড়েন** *বি* নিড়নাস্ত্র; নিড়ানের নিমিত্ত লৌহযন্ত্র।

নিত, নিতি *বিণ* প্রত্যহ; নিত্য; রোজ। [স. নিত্য>]

নিতকনে *বি* বিবাহের সময়ে কনের কুমারী সঙ্গিনী। [তুল. মিতকনে]

নিতবর *বি* বিবাহকালে পাত্রের কুমার সঙ্গী। [তুল. মিতবর]

নিতম্ব *বি* ১ (প্রধানত) স্ত্রীলোকের কটির পশ্চাদ্‌ভাগ; জঘনের বিপরীত দিক; পাছা। ২ পর্বতের পার্শ্বদেশ; পর্বতসানু। ৩ বাঁক। [স. নি+√তনব্‌+অ]। **নিতম্বিনী** *বিণ স্ত্রী.* স্থূল বা প্রশস্ত নিতম্ব আছে এমন। ☐ *বি* প্রশস্ত নিতম্ববতী নারী।

নিতল *বি*১ অতল; অতি গভীর; তলহীন। ২ সপ্ত পাতালের অন্যতম। [স.]

নিতাই *বি* নিত্যানন্দ। [স. নিত্যানন্দ>]

নিতান্ত *বিণ* ১ অতিশয়; খুব; অধিক। ২ ঘনিষ্ঠ; অতি নিকট। ☐ *ক্রিবিণ*১ নেহাত; নেহায়েত; পক্ষে; একান্ত। ২ অবশ্য। [স. নি+√তম্‌+ত]

নিত্য, নিতি, নিতুই *ক্রিবিণ*১ অহরহ; প্রত্যহ; সর্বদা; সতত। ২ দৈনিক; প্রাত্যহিক। ☐ *বিণ* ১ ধ্রুব; পরিবর্তনশূন্য। ২ অনাদি; অনন্ত; অক্ষয়। ৩ কালাতীত; চির। ৪ অবিরাম; নিরবচ্ছিন্ন। [স. নিত্য]। **নিত্যকর্ম, নিত্যকৃত্য, নিত্যক্রিয়া** *বি* দৈনন্দিন কর্ম; প্রত্যহ যে কাজ সম্পন্ন করতে হয়; দৈনন্দিন কর্তব্য; প্রত্যহ আচরণীয়

শাস্ত্রীয় অনুষ্ঠান। **নিত্যকাল** *বি* চিরকাল; অনন্তকাল। **নিত্যনৈমিত্তিক** *বিণ*১ প্রতি দিবসের; দৈনন্দিন। ২ প্রত্যহ করণীয়। ৩ নির্দিষ্ট কালোচিত কিন্তু নিয়ত অনুষ্ঠেয় ক্রিয়া-কর্ম। **নিত্যপ্রলয়** *বি* সুষুপ্তি; অতি গভীর নিদ্রা। **নিত্যসঙ্গী** *বি* যে সব সময়ে সঙ্গে থাকে; সর্বক্ষণের সাথী। **নিত্য সমাস** *বি* যে সমাসে সমাসবদ্ধ পদ ব্যতীত অন্য পদের সাহায্যে সমস্ত পদের অর্থ নির্ণীত হয় (যেমন— গত্যন্তর); যে সমাসে ব্যাসবাক্য হয় না বা ভিন্ন পদ দ্বারা হয়।

নিত্যানন্দ *বি* নিতাই; শ্রীগৌরাঙ্গের বৈষ্ণবধর্ম প্রচারের সহযোগী। □ *বিণ* সর্বদা আনন্দে থাকে এমন; সদানন্দ। [স. নিত্য+আনন্দ]

নিথর *বিণ* আলোড়নহীন; স্থির; নিস্পন্দ; শান্ত; তরঙ্গহীন; নিশ্চল; নিস্তব্ধ; নিঃশব্দ। [বা. নি+থর>স্থির]

নিদয় *বিণ* নির্দয়; দয়াহীন; কঠোর। **নিদয়া** *স্ত্রী.*। [স. নির্দয়>]

নিদর্শন *বিণ*১ প্রমাণ। ২ অভিজ্ঞান; চিহ্ন। ৩ উদাহরণ; দৃষ্টান্ত; উল্লেখ। [স. নি+√দৃশ্‌+অন]। **নিদর্শনা** *বি* কাব্যে অর্থালঙ্কার বিশেষ; সাদৃশ্য হেতু কারো উপর অস্বাভাবিক গুণধর্ম কার্যাদির আরোপ। [স. নি+√দৃশ্‌+অন+আ]

নিদাঘ *বি* ১ গ্রীষ্মকাল। ২ উত্তাপ। [স. নি+√দহ্‌+অ]

নিদান *বি* হেতু; মূল; কারণ; রোগের কারণ; ব্যাধি নির্ণয়কারী শাস্ত্র। □ *বিণ* শেষ; চরম; অন্তিম। **নিদানকাল** *বি* অন্তিম সময়; মৃত্যু সময়; শেষ অবস্থা। **নিদানতত্ত্ব, নিদানবিদ্যা, নিদানশাস্ত্র** *বি* রোগের হেতু ও উৎপত্তি শাস্ত্র। [স. নি+√দা+অন]

নিদারুণ *বিণ*১ অতি ভীষণ; দারুণ। ২ কঠোর; নির্দয়। ৩ অসহনীয়; অসহ্য। [স.]

নিদালি, নিদালী *বি* ১ মন্ত্রপূত ধুলা যা নিদ্রালু করে। ২ নিদ্রার ভাব; ঘুমঘুম ভাব। [বা. নিদ্রা+আলি, আলী]

নিদিগ্ধা *বি* এলাচি।

নিদিধ্যাস *বি* দেহাদি-জ্ঞান রহিত চিন্তা।

নিদেনপক্ষে *অব্য* অন্তত; নেহাত; বড়জোর।

নিদ্রা, নিন্দ *বি* ঘুম। [স. নিদ্রা; নি+√দ্রা+অ(অঙ)+আ (আপ)]। **নিদ্রাকর্ষণ** *বি* নিদ্রাবেশ; তন্দ্রাঘোর; ঘুম পাওয়া। **নিদ্রাগত** *বিণ* ঘুমন্ত; নিদ্রিত। **নিদ্রাজনক** *বিণ* ঘুম পায় এমন; নিদ্রা উৎপাদক; ঘুমপাড়ানি। **নিদ্রাতুর** *বিণ* ঘুমে কাতর; ঘুম-জড়িত। **নিদ্রাবিষ্ট** *বিণ* ঘুমে অচেতন; নিদ্রামগ্ন। **নিদ্রাবেশ** *বি* ঘুমের আবেশ ঘুমের ঘোর; নিদ্রা পাওয়া; তন্দ্রালু। **নিদ্রাভঙ্গ** *বি* জাগরণ; ঘুম ভাঙা। **নিদ্রাভিভূত** *বিণ* নিদ্রাবিষ্ট; নিদ্রামগ্ন। **নিদ্রালস** *বিণ* নিদ্রার আবেশে অবসন্ন বা জড়তাগ্রস্ত; তন্দ্রালস। **নিদ্রালসা** *স্ত্রী.*। **নিদ্রালু** *বিণ* ১ নিদ্রাপ্রিয়। ২ ঘুমাতে ভালোবাসে এমন; নিদ্রাশীল; ঘুম পেয়েছে এমন। **নিদ্রিত** *বিণ* নিদ্রাগত; নিদ্রাবিষ্ট; ঘুমন্ত। **নিদ্রিতা** *স্ত্রী.*। **নিদ্রোত্থিত** *বিণ* ঘুম থেকে উঠেছে এমন; সদ্য জাগরিত। [স. নিদ্রা+উত্থিত]। **নিদ্রোত্থিতা** *স্ত্রী.*।

নিধন *বি*১ বিনাশ; ধ্বংস; মৃত্যু। ২ লগ্ন থেকে অষ্টম স্থান। □ *বিণ* দরিদ্র; ধনহীন। [স. নি+√ধা+অন]। **নিধনপতি** *বি* হিন্দুমতে প্রলয়-কর্তা শিব।

নিধান *বি* ১ ভাণ্ডার; আধার; আগার; আশ্রয়। ২ নিবেশ; স্থাপন; অর্পণ। ৩ আস্বাদ। ৪ আমানত; গচ্ছিত। [স. নি+√ধা+অন]

নিধি *বি* ১ গচ্ছিত ধন; ধনরত্ন। ২ আধার; পাত্র; ভাণ্ডার। ৩ কুবেরের ধনবিশেষ। ৪ অমূল্য সম্পদ; রত্নসদৃশ বস্তু। ৫ বিশেষ উদ্দেশ্যে নিয়োজিত তহবিল বা ধন। [স. নি+√ধা+ই]

নিধুবন[১] *বি* ১ রতিবিলাস; মৈথুন; কামকেলি; রমণ। ২ আমোদ-প্রমোদ। [স. নি+ধুবন]

নিধুবন[২] *বি* বৃন্দাবনে অবস্থিত নিধু নামক বন; রাধা-কৃষ্ণের কেলি-মালঞ্চ। [স.]

নিনাদ *বি* উচ্চ ধ্বনি; শব্দ; গর্জন। [স.]। **নিনাদিত** *বিণ* ১ ধ্বনিত। ২ গর্জনপূর্ণ; নাদপূর্ণ। ৩ ঘোষিত। ৪ ঝঙ্কৃত; বাদিত।

নিন্দক, নিন্দুক *বিণ* কুৎসাকরণ; নিন্দাকরণ; অপবাদ দান। [স. √নিন্দ্‌+অন]

নিন্দা *বি* অপযশ; কুখ্যাতি; কুৎসা; কলঙ্ক; অখ্যাতি; বদনাম। [স. √নিন্দ্‌+আ]। **নিন্দাজনক** *বিণ* অপযশপূর্ণ; কলঙ্ককর। **নিন্দাবাদ** *বি* কুৎসা; অপযশকীর্তন; নিন্দন। **নিন্দার্হ** *বিণ* নিন্দার যোগ্য; নিন্দনীয়। **নিন্দাসূচক** *বিণ* নিন্দা বুঝায় এমন; কুৎসাজনক।

নিন্দিত *বিণ* ১ অপ্রশংসিত; নিন্দা করা হয়েছে এরূপ; অপবাদিত। ২ আপত্তিকর; গর্হিত; দূষণীয়; অনুচিত। [স. √নিন্দ্‌+ত]। **নিন্দিতা** *স্ত্রী.*।

নিপট *বিণ* ১ অত্যন্ত; নিতান্ত; নিশ্চিত। [স. নিবিড়>]। ২ লম্পট। [স. লম্পট>]

নিপতন *বি* নিচে পড়া; অধঃপতন। [স. নি+√পৎ+অন]। **নিপতিত** *বিণ* ১ ভূপতিত। ২ অধঃপতিত।

নিপাত *বি* ১ ধ্বংস; মরণ; বিনাশ; উৎসন্ন। ২ অধঃপাত। [স. নি+√পৎ+অ]

নিপাতন *বি* ১ বধ; বিনাশ; ধ্বংসসাধন; অধঃপতন। ২ (ব্যা.) সূত্র নির্ধারিত নিয়মের ব্যতিক্রম। [স. নি+√পৎ+ণিচ্‌+অন]। **নিপাতিত** *বিণ* ১ নিক্ষিপ্ত। ২ বিনাশিত; নিহত।

নিপীড়ক *বিণ* কষ্ট দিয়ে থাকে এমন; পীড়নকারী; ক্লেশদায়ক। [স. নি+√পিড়্‌+অক]

নিপীড়ন *বি* ১ অত্যাচার; নিগ্রহ; উৎপীড়ন; কষ্টদান। ২ দলন; মর্দন; নিষ্পেষণ। [স. নি+√পীড়্‌+অন]। **নিপীড়িত** *বিণ* অত্যাচারিত; দলিত; নিগৃহীত; নিষ্পিষ্ট। **নিপীড়িতা** *স্ত্রী.*।

নিপুণ *বিণ* ১ কুশলী; পটু; সমর্থ; দক্ষ; কার্যক্ষম। ২ অভিজ্ঞ। ৩ বিচক্ষণ। [স. নি+√পুণ্‌+অ]। **নিপুণা** *স্ত্রী.*। **নিপুণতা** *বি* দক্ষতা; পটুতা; নৈপুণ্য।

নিব *বি* কলমের ধাতুনির্মিত মুখ বা মোচ যার সাহায্যে লেখা হয়। [ই. nib]

নিবদ্ধ *বি* ১ বাঁধা হয়েছে এমন; বদ্ধ; আটকানো; সংলগ্ন। ২ পরিহিত। ৩ নিবিষ্ট; নিবেশিত। ৪ স্থাপিত। ৫ স্থিরীকৃত। ৬ গ্রথিত। ৭ বিন্যস্ত। ৮ খচিত। [স.]। **নিবদ্ধকরণ** *বিণ* তালিকাভুক্তকরণ; রেজিস্ট্রিভুক্তকরণ।

নিবন্ধ *বি* ১ প্রবন্ধ; সন্দর্ভ; রচনা। ২ গ্রন্থ; পুস্তক; বই; কিতাব। ৩ প্রস্তাব। ৪ উপায়; কৌশল; ফিকির। ৫ নিয়ম; ব্যবস্থা। ৬ নির্ধারণ; স্থিরীকরণ। ৭ আলাপ-আলোচনা। ৮ বন্ধন; বাঁধন; সম্পর্কস্থাপন। ৯ গীত; গান। ১০ ভাগ্যের লিখন; অদৃষ্ট। [স. নি+√বন্দ্‌+ত]। **নিবন্ধিত** *বিণ* ১

রচিত; লিখিত। ২ গ্রথিত; আবদ্ধ।
নিবন্ধক *বি* যিনি তালিকাভুক্ত বা রেজিস্ট্রি করে থাকেন; registrar-এর পরিভাষা। [সং. নি+√বন্দ্‌+অ]
নিবন্ধন *বি*১ কারণ; জন্য; নিমিত্ত; হেতু। ২ নির্ধারণ; বন্ধন। ৩ তালিকাভুক্তিকরণ। ৪ নিয়ম। ৫ রচনা। [সং. নি+√বন্ধ্‌+অন]
নিবর্ত *বিণ* বিরত; ক্ষান্ত; নিবৃত্ত।
নিবর্তক *বিণ* নিবারক; বিনাশকারী; engaged in subversive activities। [সং. নি+√বৃৎ+ অক]
নিবা, নেভা *ক্রি*১ নির্বাপিত হওয়া। ২ শেষ হওয়া; অবসিত হওয়া। ❑ *বি, বিণ* নির্বাপিত। [সং.] ❑ *বি* নেবার উপক্রম। **নিবন্ত, নিভন্ত** *বিণ* নিবে যাচ্ছে এমন; নির্বাপিত হওয়ার উপক্রম। **নিবানো, নেবানো** *ক্রি* নির্বাপিত করা; নিবিয়ে ফেলা; নিভানো। ❑ *বি, বিণ* একই অর্থে। **নিবুনিবু, নিবোনিবো** *বিণ* নির্বাপিতপ্রায়; জ্বলার প্রায় অবসান; প্রায় নির্বাপিত।
নিবাত *বিণ* বায়ুহীন; বায়ুশূন্য; বাতাস না থাকায় স্থির; অচঞ্চল। ❑ *বি* বায়ুভেদ; বাতাসের প্রচণ্ড ঝাপট। [সং. নি (নিরুদ্ধ)+বাত]
নিবাপ *বি* হিন্দুশাস্ত্র অনুসারে পিতা ও পূর্ব-পুরুষদের উদ্দেশে পিণ্ডদান। [সং. নি+√বপ্‌+অ]
নিবারক *বিণ* নিবারণ করে এমন; নিবারণকারী। [সং. নি+√বারি+অক]
নিবারণ, নিবার *বি* ১ মানা; নিষেধ; বারণ। ২ প্রশাসন; প্রশমিতকরণ; দূরীকরণ। [সং. নি+√বারি+অন/অ]। **নিবারণীয়, নিবার্য** *বিণ* নিবারণযোগ্য; দমনীয়; নিষেধ বা বারণ করতে হবে এমন। **নিবারিত** *বিণ* নিরস্ত; নিবৃত্ত; নিবারণ করা হয়েছে এমন।
নিবাস *বি*১ বাস; অবস্থান; বসতি। ২ আবাস; গৃহ; বাসস্থান; সাকিন; আশ্রম। [সং. নি+√বস্‌+অ]। **নিবাসী** *বিণ* বাস করে এমন; অধিবাসী।
নিবিড় *বিণ*১ ঘন; গভীর; দুর্ভেদ্য। ২ নিশ্ছিদ্র; ফাঁক নেই এমন। ৩ জমাট; বদ্ধ। ৪ দৃঢ়। ৫ গাঢ়। ৬ স্থূল; মোটাসোটা। [সং. নি+√বিড়+ক/অ]। **নিবিড়তা** *বি* ঘনত্ব; গভীরতা; গহনত্ব ইত্যাদি।
নিবিষ্ট *বিণ* ১ মনোযোগী; মগ্ন। ২ প্রবিষ্ট। ৩ বিন্যস্ত; সংস্থাপিত। **নিবিষ্টা** *স্ত্রী*। **নিবিষ্টতা** *বি*।
নিবীত *বি* ১ উড়ুনি; আচ্ছাদন-বস্ত্র; উত্তরীয়। ২ পৈতা; মালাকারের ধৃত যজ্ঞসূত্র। ❑ *বিণ* আচ্ছাদিত। [সং.]
নিবৃত্ত *বিণ* ১ বিরত; ক্ষান্ত; পরিহার করেছে এমন। ২ প্রত্যাবৃত্ত। [সং. নি+√বৃৎ+ত]। **নিবৃত্তি** *বি* ১ অবসান। ২ ক্ষান্তি; বিরতি; বিরাম। ৩ বৈরাগ্য; সন্ন্যাস।
নিবেদক *বিণ* নিবেদনকারী; দরখাস্তকারী। [সং.]
নিবেদন *বি* ১ জ্ঞাপন; জানানো। ২ আবেদন; আরজ। ৩ বিনীত বা নম্র উক্তি; বক্তব্য। ৪ সমর্পণ। ৫ উৎসর্গ; ত্যাগ; বিসর্জন। [সং. নি+√বেদি+অন/নি+√বিদ্‌+ণিচ্‌+অন]। **নিবেদনীয়, নিবেদ্য** *বিণ*১ নিবেদনের যোগ্য; আবেদনের উপযুক্ত। ২ সমর্পণের যোগ্য। **নিবেদিত** *বিণ* জ্ঞাপিত; বিনীতভাবে উক্ত; নিবেদন করা হয়েছে এমন; সমর্পিত।
নিবেশ *বি* ১ বিন্যাস; সন্নিবেশ; স্থাপন; কোনো কিছুর উপর মন নিবিষ্ট করা। ২ গৃহ; আলয়; স্থান। ৩ শিবির স্থাপন। ৪ প্রবেশ। ৫ উপবেশন। [সং. নি+√বিশ্‌+অ]।
নিবেশক *বিণ* ১ বিন্যাসকারী; নিবেশকারী; স্থাপক; সন্নিবেশক। ২ গ্রন্থভুক্ত করে এমন; recorded। [সং. নি+√বিশ্‌+অক]। **নিবেশন** *বি*১ স্থাপন। ২ উপবেশন। ৩ প্রবেশ। ৪ অবস্থান; স্থান। ৫ গৃহ; আলয়। ৬ গ্রন্থভুক্তি। [সং. নি+√বিশ্‌+অন]। **নিবেশিত** *বিণ* নিবিষ্ট; সংক্রমণ করা হয়েছে এমন। ❑ *বি*১ উপবেশিত। ২ স্থাপিত; বিন্যস্ত। ৩ প্রবিষ্ট; প্রবেশিত। [সং. নি+√বিশ্‌+ইত]
নিভ *বিণ* তুল্য; সদৃশ; সম; মতো; ন্যায়। [সং. নি+√ভা+অ]
নিভাঁজ *বিণ*১ বিশুদ্ধ; খাঁটি; ভেজালহীন। ২ পাট করা হয়নি এমন; ভাঁজশূন্য।
নিভৃত *বিণ*১ গোপন; অপ্রকাশিত; অন্তরালবর্তী; একান্ত। ২ নির্জন; জনহীন; বিজন। [সং. নি+√ভৃ+ত]
নিম[১] *বি* একপ্রকার তিক্তফল; নিম নামক গাছ। [সং. নিম্ব>নিম]। **নিমঘি** *বি* নিমের রস ও ঘি সহযোগে তৈরি একপ্রকার ওষুধ।
নিম[২] *বিণ*১ অর্ধেক; ঈষৎ; অল্প; প্রায়। ২ আনাড়ি; অল্প শিক্ষিত (নিম হাকিম) [ফা. নীম]
নিমক, নেমক *বি* লবণ; নুন। [ফা. নমক]। **নিমক খাওয়া** *ক্রি* অন্যের দেওয়া খাবার খাওয়া; অন্যের নিকট উপকৃত হওয়া। **নিমকদান** *বি* নুনের পাত্র; লবণাধার। **নিমক মহল** *বি* যে জমিতে লবণ উৎপাদন করা হয়। **নিমকহারাম** *বিণ* উপকারীর উপকার অস্বীকার করে এমন; অকৃতজ্ঞ; কৃতঘ্ন। **নিমকহারামি** *বি*। **নিমকহালাল** *বিণ* উপকারীর উপকার স্বীকার করে এমন; কৃতজ্ঞ। **নিমকহালালি** *বি* কৃতজ্ঞতা।
নিমকি *বি* ঘিয়ে বা তেলে ভাজা লবণমিশ্রিত ময়দার খাবার। [ফা. নমক বা নিমক+ই]। **নিমকিন** *বিণ* ১ লাবণ্যযুক্ত। ২ লবণাক্ত; নোনতা।
নিমগ্ন *বিণ* ১ নিবিষ্ট; একাগ্র; আসক্ত; আবিষ্ট; আচ্ছন্ন; অনন্যমনা। ২ পানিতে ডুবে গেছে এমন; নিমজ্জিত। [সং.] **নিমগ্না** *স্ত্রী*। **নিগমন** *বিণ* নিমজ্জিত। **নিমগনা** *স্ত্রী*।
নিমজ্জন *বি* ১ আচ্ছন্ন; নিবিষ্ট হওয়া; নির্গমন। ২ ডুবে যাওয়া; অবগাহন; জলমগ্নকরণ। [সং.]। **নিমজ্জমান** *বিণ* ডুবে যাচ্ছে এমন। **নিমজ্জমানা** *স্ত্রী*। **নিমজ্জিত** *বিণ* ডুবে গেছে এমন; জলমগ্ন।
নিমন্ত্রণ, নেমন্তন্ন *বি*১ দাওয়াত; ভোজনে আহ্বান। ২ কোনো অনুষ্ঠানে উপস্থিত থাকার আহ্বান; আমন্ত্রণ। [সং.]। **নিমন্ত্রিত** *বিণ* কোনো অনুষ্ঠানে নিমন্ত্রণ পেয়েছে এমন; আমন্ত্রিত মেহমান; অতিথি; অভ্যাগত।
নিমন্ত্রয়িতা *বিণ* নিমন্ত্রণ করে এমন; নিমন্ত্রণকারী; মেজবান; স্বাগতিক। [সং.]। **নিমন্ত্রয়িত্রী** *স্ত্রী*।
নিমরাজি *বিণ* অর্ধেক রাজি; প্রায় সম্মত। [ফা.+আ.]
নিমা *বি* আধাহাতা খাটোজামা। [ফা. নীমহ্‌]
নিমাই *বি* শ্রীচৈতন্যের বাল্যনাম।
নিমিখ *বি* পলকপাত; চক্ষু নিমীলন।
নিমিঝিমি *অব্য* মিটমিট করা।
নিমিত্ত *বি* ১ কারণ; হেতু; জন্য। ২ উপলক্ষ; উদ্দেশ্য; প্রয়োজন। ৩ শুভ বা অশুভ চিহ্ন। ৪ সাধনের অবলম্বন। ❑ *অব্য* জন্য। [সং.]। **নিমিত্তের ভাগী**—শুধু সংস্রবহেতু ফলের জন্য দায়ী হওয়া।
নিমেষ, নিমিষ *বি* ১ পলক; চোখের পাতার স্পন্দন। ২ পলক ফেলতে যেটুকু সময় প্রয়োজন; মুহূর্তকাল; অতি

অল্প সময়। [স. নি+√মিষ্‌+অ]
নিম্ন *বিণ* ১ নিচু; ঢালু; ঢাল; অধঃ; অনুন্নত। ২ নিকৃষ্ট। ৩ তলা; তলদেশ; নিচু বা ঢালু স্থান। [স.]। ৪ নিম্নতা। **নিম্নগ** *বিণ* ঢালুর দিকে যায় এমন; নিম্নগামী। **নিম্নগামী**(–মিন্‌) *বিণ* ১ অধোগামী; নিম্নাভিমুখী। ২ কুপথগামী। ▢*বি* নদী। **নিম্নপ্রাথমিক** *বিণ* নিম্নশিক্ষার প্রাথমিক স্তর; প্রারম্ভিক। **নিম্নলিখিত** *বিণ* অধোলিখিত; নিচে লেখা আছে এমন। **নিম্নোক্ত, নিম্নোদ্ধৃত** *বিণ* নিচে কথিত বা উল্লিখিত। **নিম্নোন্নত** *বিণ* উচ্চনিচ; উঁচুনিচু; অসমতল; বন্ধুর।
নিম্ব, নিম্বক *বি* নিম ফল; নিমগাছ। [স.]
নিম্বু, নিম্বুক *বি* কাগজি লেবু; লেবু গাছ। [স./হি.]
নিযুক্ত *বি* বহাল; কর্মে ভারপ্রাপ্ত। ▢*বিণ* ১ নিয়োজিত। ২ ব্যাপৃত; প্রবৃত্ত। [স. নি+√যুজ্‌+ত; নিযুক্তা—নি+√যুজ্‌+তৃ নিয়োগকর্তা]
নিযুত *বি,বিণ* দশ লক্ষ। [স.]
নিযোক্তা, নিয়োক্তা *বিণ* নিয়োগকারী; মনিব। [স.]
নিয়ড় *বি* নিকট; কাছে; সমীপ। [স. নিকট>নিঅউ> নিয়ড়/প্রা. বা]
নিয়ত[১]**, নীয়ত** *বি* উদ্দেশ্য; মানত; অভিপ্রায়; সংকল্প। [আ.]। **নিয়ত বাঁধা, নিয়ত করা** *ক্রি* নামাজ ও অন্যান্য ধর্মীয় কাজের সংকল্প করা বা সংকল্পজ্ঞাপক বাণী উচ্চারণ করা; নামাজের জন্য বাঁ হাতের কব্জির উপর ডান হাত ধরে ভক্তিভরে দণ্ডায়মান হওয়া।
নিয়ত[২] *বিণ* ১ ক্রমাগত; অবিশ্রান্ত; নিরন্তর। ২ নিয়মিত; নিত্য; সতত। ৩ স্থির; অপরিবর্তিত। ৪ সংযত; নিয়ন্ত্রিত; বশীভূত। ▢*ক্রিবিণ* সর্বদা; প্রায়ই; প্রত্যহ। [স. নি+√যম্‌+ত]। **নিয়তাচার** *বি* ১ নিয়মিত আচার অনুষ্ঠান। ২ অপরিবর্তনীয় নিয়ম কানুন বা আচার অনুষ্ঠান। **নিয়তাহার** *বিণ* ১ পরিমিতভোজী; মিতাহারী। ২ নিয়মিত ভোজন; ভোজনের কাল নির্ধারিত আছে এমন।
নিয়তি *বি* ১ ভাগ্য; অদৃষ্ট; নসিব। ২ বিধির বিধান। ৩ হিন্দুশাস্ত্রমতে কর্মফল। ৪ অবশ্যম্ভাবী ব্যাপার বা ঘটনা। [স. নি+√যম্‌+তি]
নিয়ন্তা(–ন্তৃ) *বিণ* পরিচালক; বিধানকর্তা; নিয়ামক; নিয়ন্ত্রণকারী। [স. নি+√যম্‌+তৃ]
নিয়ন্ত্রণ *বি* ১ পরিচালক; শাসন; নিয়মন। ২ সংযমন; নিবারণ; প্রশমন। **নিয়ন্ত্রিত** *বিণ* ১ নিয়ন্ত্রণ করা হয়েছে এমন। ২ সংযত; দমিত। ৩ শৃঙ্খলিত; বন্ধ। [স. নি+√যন্ত্র+অন]
নিয়ম *বি* ১ প্রথা; প্রণালী; পদ্ধতি; ধারা; দস্তুর। ২ নির্দিষ্ট বা স্থির বা নির্ধারিত কর্তব্য। ৩ আইন। ৪ অভ্যাস। ৫ বিধান; নির্দেশ; ব্যবস্থা। ৬ সংযম; ইন্দ্রিয় দমন; শাস্ত্রবিহিত কৃচ্ছ্রসাধন। ৭ সংযত আচার। [স. নি+√যম্‌+অ]। **নিয়মকানুন** *বি* বিধিবিধান। **নিয়মতন্ত্র** *বি* নির্দিষ্ট বিধানসমূহ; নির্দিষ্ট নিয়মসমূহ মেনে চলা। **নিয়মতান্ত্রিক** *বিণ* নিয়মতন্ত্র মানতে অভ্যস্ত এমন; নিয়মতন্ত্রের অনুসরণকারী; নিয়মতন্ত্রসম্পর্কিত। **নিয়মন** *বি* ১ ব্যবস্থাপন; পরিচালন; বিধি দ্বারা বন্ধন; নিয়ম দ্বারা বন্ধন; শৃঙ্খলা বিধান। ২ সংযমন; নিয়ন্ত্রণ। **নিয়মনিগড়** *বি* নিয়মের বন্ধন; নিয়মের শেকল। **নিয়মনিষ্ঠ** *বিণ* শৃঙ্খলাবদ্ধ; নিষ্ঠার সঙ্গে নিয়ম মেনে চলে এমন। **নিয়মপালন** *বি* ১ নিয়ম অনুযায়ী চলা। ২ শাস্ত্রীয় ব্রত উপবাসাদি পালন। **নিয়মপূর্বক** *ক্রিবিণ* ব্যবস্থামতো; বিধান অনুযায়ী; রীতিমাফিক। **নিয়মবিরুদ্ধ** *বিণ* ১ অবৈধ; বিধিবিরুদ্ধ। ২ অশাস্ত্রীয়। **নিয়মভঙ্গ** *বি* ১ নিয়ম অমান্যকরণ। ২ প্রতিশ্রুতি রক্ষা না করা। ৩ ব্রতাদি উদ্‌যাপন। **নিয়মানুবর্তিতা** *বি* নিয়ম পালন; নির্দিষ্ট নিয়ম মেনে চলা। **নিয়মানুবর্তী**(–র্তিন্‌) *বিণ* নির্দিষ্ট কোনো নিয়ম মেনে চলে এমন। **নিয়মানুযায়ী**(–য়িন্‌) *বিণ* যথাবিধি; নিয়মমাফিক; নিয়মানুগত। ▢*ক্রিবিণ* নিয়মের বশবর্তী হয়ে কোনো কাজ করা। **নিয়মিত** *বিণ* ১ নিয়মমাফিক; নিয়মবদ্ধ। ২ সংযত। ৩ নিয়ন্ত্রিত; ব্যবস্থাপিত। ▢*ক্রিবিণ* প্রতিদিন নির্দিষ্ট সময়ে; নির্ধারিত; অবধারিতভাবে। **নিয়মী**(–মিন্‌) *বিণ* ১ নিয়ম পালন করে এমন; নিয়মরক্ষক। ২ নিয়মপালক; সংযমী। **নিয়ম্য** *বিণ* ১ নিয়মের উপযোগী। ২ নিয়ন্ত্রণযোগ্য। ৩ সংযমের উপযোগী।
নিয়ামক *বি* ১ পরিচালক; নিয়ন্তা। ২ ব্যবস্থাপক; নিয়মকর্তা। ৩ নাবিক। ৪ (জ্যা.) যে স্থিররেখা অবলম্বনে বক্রাদি অঙ্কন করা হয়; বক্রাদি অঙ্কনে ব্যবহার্য স্থিররেখা; directrix। [স. নি+√যম্‌+অক]
নিয়ামত, নেয়ামৎ *বি* ১ তোহফা; ধন; সম্পদ। ২ সৌভাগ্য। ৩ অনুগ্রহ। [আ.]। **নিয়ামতখানা** *বি* জালে ঘেরা খাদ্য সংরক্ষণের আলমারি। [আ. নিয়ামত+ফা. খানাহ্‌]
নিয়ারা *বি* খোশামোদ; অনুরোধ; অনুনয়।
নিয়োগ *বি* ১ নিযুক্তি বা বহালকরণ; কার্যের ভারার্পণ। ২ মনোনিবেশ; প্রয়োগ। ৩ স্থায়ী নিয়োজন। ৪ প্রবৃত্ত বা ব্যাপৃতকরণ। [স. নি+√যুজ্‌+অ]। **নিয়োগপত্র** *বি* কাজে নিযুক্ত বা বহাল করবার নির্দেশপত্র; appointment letter। **নিয়োগী** *বিণ* নিযুক্ত; আদিষ্ট; employee। ▢*বি* হিন্দু সম্প্রদায়ের উপাধিবিশেষ।
নিয়োজক *বিণ* ১ নিয়োগকর্তা; নিয়োগ করেন এমন। ২ প্রবর্তক। [স. নি+√যুজ্‌+অন]। **নিয়োজন** *বি* ১ নিয়োগকরণ; কর্মে প্রতিষ্ঠাকরণ। ২ প্রবর্তন। **নিয়োজয়িতা** *বিণ* ১ নিযোক্তা; নিয়োজক। ২ প্রবর্তক। **নিয়োজিত** *বিণ* ১ নিযুক্ত। ২ প্রবৃত্ত। **নিয়োজ্য, নিযোজ্য** *বিণ* ১ কোনো কাজে নিযুক্ত করা যায় এমন; নিযুক্ত করবার যোগ্য। ২ প্রযোজ্য।
নিরংশ *বিণ* ১ (জ্যো–বি) রাশির প্রথম ও শেষদিন; সংক্রান্তি। ২ যে সম্পত্তির অংশভাগী নয়। [স. নিঃ+অংশ]
নিরংশু *বিণ* জ্যোতিহীন; নিষ্প্রভ। [স. নিঃ+অংশু]
নিরক্ষ *বি* ১ বিষুবরেখা; শূন্য ডিগ্রিবিশিষ্ট অক্ষরেখা; equator। ২ দিবারাত্রি সমান হয় এমন স্থান; বিষুবরেখার উপরিস্থ দেশ। [স. নিঃ+অক্ষ]। **নিরক্ষরেখা, নিরক্ষবৃত্ত** *বি* যে কাল্পনিক গুরুবৃত্তের সাহায্যে পৃথিবীর উত্তরার্ধ ও দক্ষিণার্ধ বিভক্ত করা হয়েছে; বিষুবরেখা।
নিরক্ষর *বিণ* লিখতে পড়তে জানেন না এমন; অক্ষরজ্ঞানহীন। [স. নিঃ+অক্ষর]
নিরঙ্কুশ (অ–বা) *বিণ* ১ বাধাহীন; স্বাধীন; মুক্ত; বন্ধনহীন। ২ অনিবার্য। ৩ স্বেচ্ছাচারী। [স. নিঃ+অঙ্কুশ]
নিরজন (পদ্যে) *বিণ* নির্জন; কোলাহলশূন্য। [স.]
নিরঞ্জন *বি* ১ নিষ্কলঙ্ক; বিশুদ্ধ; পবিত্র। ২ হিন্দুমতে ব্রহ্মা; ভগবান; ধর্মঠাকুর; শূন্যদেবতা। ৩ হিন্দুদের প্রতিমা বিসর্জন। ▢*বিণ* কলঙ্কহীন; শুদ্ধ; নির্মল। [স. নিঃ+অঞ্জন]।

নিরঞ্জনা *বি স্ত্রী.* ১ নির্মলা। ২ পূর্ণিমা তিথি।
নিরত *বি* ব্যাপৃত; নিযুক্ত; নিবিষ্ট। ❑*বিণ* অনুরক্ত; আসক্ত। [স. নি+√রম্+ত]। **নিরতা** *স্ত্রী.*। **নিরতি** *বি* অতিশয় অনুরক্তি; অত্যন্ত আসক্তি।
নিরতিশয় *বিণ* অত্যধিক; অত্যন্ত; অতিরিক্ত; সুপ্রচুর। [স. নিঃ+অতিশয়]
নিরন্তর *বিণ* ১ অবিরাম; একটানা। ২ নিরবচ্ছিন্ন; ছেদহীন ❑*ক্রিবিণ* অবিরত; সর্বদা; নিত্য; নিয়ত। [স. নিঃ+অন্তর]
নিরন্ন *বিণ* অন্ন সংস্থানহীন; অন্নহীন; খাদ্যহীন; ক্ষুধাময়; অতিশয় দরিদ্র। [স. নিঃ+অন্ন]
নিরপরাধ, নিরপরাধী (অশু.) *বিণ* ১ নির্দোষ; অপরাধ করেনি এমন; অপরাধশূন্য; কোনো পক্ষেই নেই এমন। ২ স্বাধীন; স্বতন্ত্র; কারো মুখাপেক্ষী নয় এমন। ৩ (দ.) অনন্যসম্বন্ধ; অন্যসম্পর্কশূন্য; categorical। [স. নিঃ+অপেক্ষ]। **নিরপেক্ষতা** *বি* ১ পক্ষপাতহীনতা; অপক্ষপাত। ২ স্বাধীনতা; স্বাতন্ত্র্য।
নিরবকাশ *বিণ* অবসরশূন্য; ফাঁকশূন্য; অবকাশহীন; নিরন্তর। [স. নিঃ+অবকাশ]
নিরবচ্ছিন্ন *বিণ* অবিরাম; একটানা; ছেদহীন; ফাঁকশূন্য; নিরন্তর। [স. নিঃ+অবচ্ছিন্ন]
নিরবধি *ক্রিবিণ* সর্বদা; অনবরত; অনুক্ষণ; নিরন্তর। ❑*বিণ* যার অবধি নেই; অনন্ত; সীমাহীন; শেষহীন; অশেষ। [স. নিঃ+অবধি]
নিরবয়ব *বিণ* অবয়ব নেই এমন; নিরাকার; মূর্তিহীন। ❑*বি* ১ আল্লাহতাআলা; উপনিষদের পরমব্রহ্ম। ২ পরমাণু; আকাশ। [স. নিঃ+অবয়ব]
নিরবলম্ব, নিরবলম্বন *বিণ* ১ অবলম্বনহীন। ২ নিঃসহায়; অনাথ; এতিম; আশ্রয়শূন্য; নিরাশ্রয়। [স. নিঃ+অবলম্ব; অবলম্বন]
নিরভিমান *বিণ* ১ অভিমানহীন; অভিমান নেই এমন। ২ অহঙ্কারশূন্য; নিরহঙ্কার। [স. নিঃ+অভিমান, অভিমানা]। **নিরভিমানা** *স্ত্রী.*।
নিরভিমানী(-নিন্) *বিণ* অভিমানশূন্য; নিরহঙ্কার; গর্বশূন্য। **নিরভিমানিনী** *স্ত্রী.*।
নিরম্বু *বিণ* ১ পানিহীন; জলশূন্য। ২ পানি পান করাও যাতে নিষিদ্ধ। [স. নিঃ+অম্বু]
নিরর্গল *বিণ* ১ অর্গলহীন; অপ্রতিবন্ধ; নির্বিঘ্ন। ২ অবাধ; মুক্ত; উদ্দাম। ❑*ক্রিবিণ* অবাধে; অনর্গল। [স. নিঃ+অর্গল]
নিরর্থক *বিণ* ১ অর্থহীন; অনর্থক; নিষ্প্রয়োজন। ২ অকারণ; কারণহীন; উদ্দেশ্যহীন; ব্যর্থ। ❑*ক্রিবিণ* বৃথা; নিষ্ফল। [স. নিঃ+অর্থক]। **নিরর্থ** *বিণ* অর্থহীন।
নিরলঙ্কার *বিণ* অলঙ্কারশূন্য; আভরণহীন; নিরাভরণ। [স. নিঃ+অলঙ্কার]
নিরলস *বিণ* অনলস; আলস্যহীন; শ্রমহীন। [স. নিঃ+অলস]। **নিরলসা** *স্ত্রী.*।
নিরসন *বি* দূরীকরণ; খণ্ডন; ভঞ্জন; মোচন; নিরাকরণ। [স. নিঃ+অসন]
নিরস্ত *বিণ* ১ বিরত; ক্ষান্ত; নিবৃত্ত। ২ নিরাকৃত; দূরীকৃত; বহিষ্কৃত; নিষ্কাশিত। [স. নিঃ+√অস্+ত]
নিরস্ত্র *বিণ* অস্ত্রবিহীন; অস্ত্রশূন্য। [স. নিঃ+অস্ত্র]। **নিরস্ত্রীকরণ** *বি* ১ অস্ত্রশূন্যকরণ; অস্ত্রহীন করা; disarmament। ২ যুদ্ধাস্ত্র বর্জন বা হ্রাস করা।
নিরহঙ্কার *বিণ* গর্ব নেই এমন; দেমাগহীন; অহঙ্কারশূন্য। [স. নিঃ+অহঙ্কার]। **নিরহঙ্কারী**(-রিন্) *বিণ* অহঙ্কারশূন্য; গর্বশূন্য। [স. নিঃ+অহঙ্কারী]
নিরাক *বিণ* হাওয়াশূন্য স্তব্ধতা; গাছের পাতা নড়ে না এমন অবস্থা (একদিন শ্রাবণের শেষাশেষি নিরাক পড়েছে— –সৈয়দ ওয়ালীউল্লাহ্)।
নিরাকরণ *বি* ১ খণ্ডন; ভঞ্জন; দূরীকরণ; নিরসন; মেটানো। ২ প্রত্যাখ্যান। ৩ নিবারণ। ৪ নির্ণয়; নির্ধারণ; অবধারণ। **নিরাকৃত** *বিণ* দূরীভূত; নিরাকরণ করা হয়েছে এমন। **নিরাকৃতি** *বি* নিরাকরণ; নিরসন; খণ্ডন। [স. নিঃ+আকরণ, আকৃত, আকৃতি]
নিরাকাঙ্ক্ষ *বিণ* আকাঙ্ক্ষাহীন; কামনাহীন; নির্লোভ; নিস্পৃহ। [স. নিঃ+আকাঙ্ক্ষা]
নিরাকার *বিণ* আকারশূন্য; অবয়বহীন; নিরবয়ব; মূর্তিহীন; বিমূর্ত। ❑*বি* ১ আল্লাহ; উপনিষদের পরমব্রহ্ম। ২ আকাশ। [স. নিঃ+আকার]
নিরাকৃতি *বিণ* আকারহীন; আকৃতিহীন। [স. নিঃ+আকৃতি]
নিরাগ্রহ *বিণ* আগ্রহহীন। [স. নিঃ+আগ্রহ]
নিরাতঙ্ক *বিণ* নিঃশঙ্ক; নির্ভয়; আতঙ্কহীন। [স. নিঃ+আতঙ্ক]
নিরাতপ *বিণ* ১ তাপহীন; আতপহীন; রৌদ্রহীন। ২ ছায়াযুক্ত। [স. নিঃ+আতপ]
নিরাধার *বিণ* ১ আধারশূন্য। ২ আশ্রয়শূন্য; নিরাশ্রয়; অবলম্বনশূন্য। [স. নিঃ+আধার]
নিরানন্দ *বিণ* ১ আনন্দ নেই এমন; আনন্দহীন। ২ দুঃখিত; অসন্তুষ্ট। ❑*বি* ১ আনন্দশূন্যতা; অসন্তোষ। ২ দুঃখ; বিষাদ; শোক। [স. নিঃ+আনন্দ]
নিরানব্বই, নিরানব্বুই *বি* ৯৯ সংখ্যা; একশতের এক কম। ❑*বিণ* ৯৯ সংখ্যক। [স. নবনবতি>]। **নিরানব্বুয়ের ধাক্কা** *বি* টাকা জমানোর লোভ।
নিরাপত্তা *বি* নিরাপদ অবস্থা; নির্বিঘ্নতা; বিপদশূন্যতা। সুরক্ষা। [স. নিঃ+আপদ+তা]
নিরাপদ, নিরাপৎ *বিণ* ১ আপদমুক্ত; নির্বিঘ্ন। ২ বিপদমুক্ত। ৩ নিরুপদ্রব। [স. নিঃ+আপদ্]। **নিরাপদে** *ক্রিবিণ* নিরুপদ্রবে; অবাধে; নির্বিঘ্নে।
নিরাভরণ *বিণ* আভরণশূন্য; অলঙ্কারহীন; নিরলঙ্কার। [স. নিঃ+আভরণ]। **নিরাভরণা** *স্ত্রী.*।
নিরাময় *বিণ* ১ রোগহীন; নীরোগ; সুস্থ। ২ দূরীকৃত; বিতাড়িত (চিকিৎসা দ্বারা নিরাময় করা)। ❑*বি* দূরীকরণ; বিতাড়ন (অসুস্থতা নিরাময়ের জন্য)। [স. নিঃ+আময়]
নিরামিষ *বিণ* আমিষবর্জিত; মাছ মাংস ডিম বাদ দিয়ে আহার্য। [স. নিঃ+আমিষ]। **নিরামিষভোজী**(-জিন্); **নিরামিষাশী**(-শিন্) *বিণ* আমিষ খাদ্য ভোজন করে না এমন; মাছ মাংস ডিম খায় না এমন।
নিরালম্ব *বিণ* ১ অবলম্বনশূন্য; অবলম্বনরহিত। ২ নিঃসহায়; নিরাশ্রয়; আশ্রয়হীন। [স. নিঃ+আলম্ব]
নিরালা *বিণ* ১ নির্জন; নিভৃত; জনশূন্য; জনহীন। ২ নিভৃত জায়গা; নির্জনস্থান। [স. নিরালয়>]
নিরাশ *বিণ* ১ আশাবিহীন; হতাশ। ২ নিরুদ্যম; অবসন্ন। [স. নিঃ+আশ]। **নিরাশা** *বি* হতাশা; ভরসাহীন অবস্থান, আশাশূন্যতা। [নিঃ+আশা]

নিরাশ্রয় *বিণ* গৃহহীন; আশ্রয়হীন। ২ সহায়হীন; নিঃসহায়; অবলম্বনহীন; নিরালম্ব। **নিরাশ্রয়া** *স্ত্রী*। [স. নিঃ+ আশ্রয়; আশ্রয়া]

নিরাশ্বাস *বিণ* আশ্বাসশূন্য; ভরসাহীন। [স. নিঃ+আশ্বাস]

নিরাহার *বিণ* উপবাসী; অনশনকারী; অনাহারী। ❑*বি* অনাহার; ভোজনাভাব; উপবাস। [স. নিঃ+আহার]

নিরিখ *বি* বাজার-দর; হার; খাজনার হার। [ফা. নিরখ্]

নিরিবিলি *বিণ* বিরল; নিরালা; নিভৃত; নির্জন। ❑*বি* নির্জন স্থান; নিভৃত জায়গা। [স. নিরাবিল>]

নিরীক্ষক *বি,বিণ* নিরীক্ষণকারী; বিশেষভাবে দর্শক। *বিণ,বি* আয়ব্যয় পরীক্ষাকারী; auditor। [স. নিঃ+√ঈক্ষ্+অক]

নিরীক্ষণ, নিরীক্ষা *বি* মনোযোগের সঙ্গে পরীক্ষা; যত্ন সহকারে অবলোকন; অভিনিবেশের সঙ্গে দর্শন। [স. নিঃ+√ঈক্ষ্+অন/আ]। **নিরীক্ষমাণ** *বিণ* নিরীক্ষণ বা অভিনিবেশ সহকারে দর্শন করছে এমন। **নিরীক্ষিত** *বিণ* অবলোকিত; নিরীক্ষণ বা পরীক্ষা করা হয়েছে এমন। **নিরীক্ষ্যমাণ** *বিণ* নিরীক্ষণ করা যাচ্ছে বা নিরীক্ষিত হচ্ছে এমন; দৃশ্যমান।

নিরীশ্বর *বিণ* ১ ঈশ্বরশূন্য। ২ ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করে না এমন; নাস্তিক। ৩ ঈশ্বরের অস্তিত্ব সম্পর্কে অস্বীকৃতিপূর্ণ মতবাদ। [স. নিঃ+ঈশ্বর]। **নিরীশ্বরবাদ** *বি* ঈশ্বরের অস্তিত্ব নেই এই মত; নাস্তিক্যবাদ; atheism। **নিরীশ্বরবাদী** *বিণ* নাস্তিক; ঈশ্বরের অস্তিত্ব অস্বীকার করে এমন।

নিরীহ *বিণ* ১ শান্ত; গোবেচারা। ২ অহিংস্র। ৩ নিরুপদ্রব; নির্বিরোধ। ৪ নিশ্চেষ্ট। ৫ নির্লোভ। [স. নিঃ+ঈহ]

নিরুক্ত *বি* বেদের অঙ্গ ও ব্যাখ্যা-গ্রন্থবিশেষ; যাস্ক রচিত অভিধান গ্রন্থ যাতে বৈদিক শব্দের ব্যুৎপত্তি ইত্যাদি আলোচিত হয়েছে। ❑*বিণ* ১ কথিত; ব্যাখ্যাত। ২ নিশ্চয়রূপে উক্ত। ৩ নির্ণীত। [স. নিঃ (নিশ্চয় রূপে)+ উক্ত/নিঃ+√বচ+ক্ত]। **নিরুক্তি** *বি* ১ নিশ্চয়াত্মক উক্তি। ২ শব্দের ব্যুৎপত্তি নির্দেশ। ৩ মীমাংসা। ৪ নিরুক্তি নামক গ্রন্থ। [নিঃ+উক্তা; উক্তি]

নিরুৎসাহ *বিণ* ১ উৎসাহহীন। ২ হতাশ; নিরাশ; হতোদ্যম; ভগ্নোদ্যম। ❑*বি* উৎসাহের বা উদ্যমের অভাব; নিরুদ্যম। [স. নিঃ+উৎসাহ]

নিরুৎসুক *বিণ* ১ ঔৎসুক্য; কৌতূহলশূন্য; আগ্রহহীন। ২ যারপর নেই ঔৎসুক্য; অত্যন্ত কৌতূহলী। [স. নিঃ+উৎসুক]

নিরুত্তর *বিণ* ১ উত্তরশূন্য; জবাবহীন; লাজওয়াব। ২ নির্বাক; নীরব; মূক। ৩ যার প্রতিবাদ করার কিছু নেই; প্রতিবাদহীন। [স. নিঃ+উত্তর]

নিরুদ্দিষ্ট *বিণ* উদ্দেশ বা খোঁজ নেই এমন; নিরুদ্দেশ; নিখোঁজ। [নিঃ+উদ্দিষ্ট]। **নিরুদ্দেশ** *বিণ* ১ উদ্দেশ্যহীন। ২ অজ্ঞাত; নিখোঁজ; নিরুদ্দিষ্ট। [নিঃ+উদ্দেশ্য]

নিরুদ্ধ *বিণ* ১ রুদ্ধ; বদ্ধ। ২ অবরুদ্ধ, আবদ্ধ; বাধাপ্রাপ্ত। ৩ নিবারিত; স্থগিত। [স. নি+√রুধ্+ত]

নিরুদ্যম *বিণ* উৎসাহশূন্য; উদ্যমশূন্য; নিশ্চেষ্ট। [স. নিঃ+উদ্যম]

নিরুদ্বেগ *বিণ* উদ্বেগশূন্য; শান্ত; স্থির; অচঞ্চল। ❑*বি* উদ্বেগহীনতা; শান্তি। [স. নিঃ+উদ্বেগ]। **নিরুদ্বেগে** *ক্রিবিণ* উদ্বেগহীনভাবে; অচঞ্চলভাবে।

নিরুপদ্রব *বিণ* উপদ্রবহীন; উৎপাতহীন; নিরাপদ। [স. নিঃ+উপদ্রব]

নিরুপম *বিণ* তুলনারহিত; অতুলনীয়; উপমা দেবার কিছু নেই এমন; অনুপম। **নিরুপমা** *স্ত্রী*। [স. নিঃ+উপম, উপমা]

নিরুপাধি, নিরুপাধিক *বিণ* ১ উপাধিবর্জিত। ২ নির্গুণ; সত্ত্ব রজঃ ও তমঃ—এই তিন গুণরহিত বা বর্জিত। [স. নিঃ+উপাধি, উপাধিক]

নিরুপায় *বিণ* ১ অনন্যোপায়; উপায়শূন্য। ২ সহায়হীন; নিঃসহায়। ৩ প্রতিকারের শক্তিশূন্য। [স. নিঃ+উপায়]

নিরূপক *বিণ* নিরূপণ করে এমন; নিরূপণকারী; নির্ণায়ক; নির্ধারক। **নিরূপণ** *বি* নির্ধারণ; নির্ণয়; অবধারণ। **নিরূপিত** *বিণ* নির্ণীত; স্থিরীকৃত; নিরূপণ করা হয়েছে এমন। [স. নি+√রূপ্+ণিচ্+অক]

নিরেট *বিণ* ১ ঘন; জমাট; দৃঢ়; ফাঁপা নয় এমন; কঠিন। ২ (ব্য.) বুদ্ধিশূন্য; নির্বোধ; মস্তিষ্কহীন। **নিরেট মাথা** *বিণ* নির্বোধ; মাথায় কোনো কিছু প্রবেশ করে না এমন (নিরেট মূর্খ)। [স. নির্দৃঢ়>(দৃঢ়)]

নিরেস, নিরেশ (অ-বা) *বিণ* মন্দ; খারাপ; নিকৃষ্ট; খেলো। [স. নীরস>]

নিরোধ *বি* ১ অবরোধ; আটক। ২ প্রতিরোধ; বাধা দান; প্রতিবন্ধ। ৩ নিগ্রহ; অত্যাচার। ৪ সংযম। ৫ কারাবন্ধন। [স. নি+√রুধ্+অ]। **নিরোধক** *বিণ* প্রতিরোধক; নিবারক। **নিরোধন** *বি* ১ বাধা দান; প্রতিরোধ। ২ রুদ্ধকরণ; নিরোধ। ৩ সংযমন; সংযতকরণ।

নির্গত *বি,বিণ* ১ নিষ্ক্রান্ত; বহির্গত; নিঃসৃত। ২ প্রবাহিত। [স. নিঃ+√গম্+ত]

নির্গন্ধ *বিণ* যাতে গন্ধ নেই; গন্ধশূন্য; গন্ধহীন। [স. নিঃ+ গন্ধ]

নির্গম, নির্গমন *বি* ১ নিষ্ক্রমণ; বহির্গমন। ২ নিঃসরণ; নিঃস্রাব; ক্ষরণ। ৩ দ্বার; পথ। [স. নিঃ+√গম+অ/অন]

নির্গলন *বি* ১ নিঃসরণ; ক্ষরণ; চোয়ানো। ২ বিগলন। [স. নিঃ+√গল্+অন]। **নির্গলিত** *বিণ* ১ বিগলিত। ২ ক্ষরিত; চুইয়ে নির্গত। ৩ গলিত।

নির্গুণ *বিণ* ১ গুণহীন; গুণশূন্য। ২ সদ্গুণহীন; অযোগ্য; অক্ষম। ৩ গুণাতীত। ৪ হিন্দুমতে ত্রিগুণাতীত পরব্রহ্ম। [স. নিঃ+গুণ]

নির্গূঢ় *বিণ* ১ অত্যন্ত দুর্জ্ঞেয়। ২ অত্যধিক রহস্যপূর্ণ। ৩ বিশেষ গোপনীয়। ৪ অতিশয় জটিল। [স. নিঃ+গূঢ়]

নির্গৃহ *বিণ* ১ গৃহহীন। ২ আশ্রয়হীন; নিরাশ্রয়। [স. নিঃ+গৃহ]

নির্গ্রন্থ *বিণ* ১ বিদ্যাহীন; মূর্খ। ২ বন্ধনহীন। ৩ দিগম্বর। ৪ আসক্তিহীন; অনাসক্ত। ৫ মুণ্ডিত মস্তক জৈন বা বৌদ্ধ সন্ন্যাসী; ক্ষপণক। [স. নিঃ+গ্রন্থ]

নির্ঘণ্ট *বি* ১ বর্ণানুক্রমিক সূচি। ২ অনুষ্ঠানাদির ক্রমিক তালিকা; অনুক্রমণিকা। ৩ বিশেষভাবে নির্ধারণ। [স. নিঃ+√ঘণ্ট্+অ]

নির্ঘাত *বি* ১ প্রবল বায়ুর আঘাতজনিত শব্দ; বায়ুর পরস্পর সংঘাত। ২ বজ্রাঘাত। ৩ প্রবল; প্রচণ্ড; ভীষণ; ভয়ানক। ৪ নিষ্ঠুর; কঠোর। ৫ মর্মান্তিক। ৬ অবশ্য; নিশ্চয়; নিঃসন্দেহে; নিশ্চিতভাবে। [স. নিঃ+√হন্+ত]

নির্ঘৃণ *বিণ* ১ ঘৃণা নেই এমন; ঘৃণাহীন; ঘৃণা হয় না এমন। ২ নির্লজ্জ; লজ্জাহীন; হায়াশূন্য; বেহায়া। [স. নিঃ+ঘৃণা]

নির্ঘোষ *বি* ভীষণ আওয়াজ; গভীর নিনাদ; প্রচণ্ড গর্জন। [স. নিঃ+ঘোষ]
নির্জন *বিণ* জনহীন; নিভৃত; নিরালা। □*বি* জনশূন্য স্থান; নিভৃত স্থান। [স. নিঃ+জন]
নির্জলা *বিণ* ১ জলহীন; শুষ্ক। ২ জলমিশ্রিত নয়; খাঁটি। ৩ নিরম্বু। ৪ (ব্য.) নির্ভেজাল; সম্পূর্ণ ভেজালশূন্য। [স. নিঃ+√জল+অ+আ]
নির্জিত *বিণ* ১ পরাজিত বা দমন করা হয়েছে এমন; পরাভূত; পরাজিত; দমিত। ২ বশীকৃত। [স. নিঃ+√জি+ত]
নির্জীব *বিণ* ১ প্রাণশূন্য; জীবনহীন। ২ জীবনীশক্তি ক্ষীণ হচ্ছে এমন। মৃতকল্প। ৩ অতিশয় দুর্বল। ৪ অত্যন্ত ক্লান্ত বা অবসন্ন। **নির্জীবতা** *বি* ১ প্রাণশূন্যতা; প্রাণহীনতা। ২ শক্তিহীনতা। ৩ জড়তা। [স. নিঃ+জীব]
নির্ঝঞ্ঝাট *বিণ* ঝঞ্ঝাটহীন; উপদ্রবহীন; নিরুপদ্রব; নির্বিঘ্ন। **নির্ঝঞ্ঝাটে** *ক্রিবিণ* বিনা উপদ্রবে; নির্বিঘ্নে। □*বিণ* শান্তিপ্রিয়। [বা. নিঃ+ঝঞ্ঝাট, ঝঞ্ঝাটে]
নির্ঝর *বি* ১ পর্বত থেকে অবতীর্ণ পানির ধারা; ঝরনা; ফোয়ারা; উৎস। ২ যার প্রবাহ অফুরন্ত। [স. নিঃ+√ঝৃ+অ]
নির্ঝরিণী *বি* নদী প্রবাহিনী। **নির্ঝরী পর্বত, পাহাড়** *বি*। [স. নিঃ+√ঝৃ+অ=নির্ঝর]
নির্ণয়, নির্ণয়ন *ক্রি* নিরূপণ; সিদ্ধান্তকরণ; নির্ধারণ; স্থিরীকরণ। □*বি* সিদ্ধান্ত। [নিঃ+নয়, নয়ন]
নির্ণয়ক *বিণ* সিদ্ধান্তকর; সিদ্ধান্তকারী; নিরূপক; নির্ণয়কারী। □*বি* মানদণ্ড।
নির্দয় *বিণ* ১ দয়াশূন্য; নিষ্ঠুর; কঠোর। ২ সুকঠিন; দুঃসহ (নির্দয় পীড়ন)। [স.]। **নির্দয়তা** *বি* দয়াহীনতা; নিষ্ঠুরতা; করুণাহীনতা। **নির্দয়া** *বিণ স্ত্রী.*।
নির্দিষ্ট *বিণ* ১ নির্ণীত; স্থিরীকৃত; নির্ধারিত; নিরূপিত। ২ বিশেষভাবে প্রদর্শিত; নির্দেশ করা হয়েছে এমন; নির্দেশিত। [স. নিঃ+√দিশ্+ত]
নির্দেশ *বি* ১ নির্ধারণ; স্থিরীকরণ; নিরূপণ। ২ বিশেষভাবে প্রদর্শন। ৩ আজ্ঞা; হুকুম; আদেশ। ৪ বর্ণন; বিবৃতি। ৫ উপদেশ; হিদায়ত। ৬ উল্লেখ। [স. নিঃ+√দিশ্+অ]। **নির্দেশক, নির্দেষ্টা** *বিণ* ১ নির্ণায়ক; নির্ধারক। ২ নির্দেশ করে এমন; নির্দেশকারী। ৩ আজ্ঞাকারী; আদেশকারী; হাকিম। **নির্দেশন, নির্দেশনা** *বি* নির্দেশকরণ; নির্ধারণ। **নির্দেশনী** *বিণ* নির্দেশ করা যায় এমন; সূচি; index।
নির্দোষ *বিণ* ১ দোষরহিত; দোষবর্জিত। ২ অপরাধ নেই এমন; নিরপরাধ। ৩ নিখুঁত; ত্রুটিহীন; কলঙ্করহিত। [স.]। **নির্দোষী** (অশু.) *বিণ*।
নির্দ্বন্দ্ব *বিণ* ১ দ্বন্দ্বহীন; নির্বিরোধ; নির্বিবাদ। ২ শীতোষ্ণ সুখ-দুঃখ রাগদোষাদি দ্বন্দ্বরহিত। [স. নিঃ+দ্বন্দ্ব]
নির্ধন *বিণ* ধনশূন্য; ধনহীন; বিত্তহীন; দরিদ্র; গরিব। [স. নিঃ+√ধন]। **নির্ধনতা** *বি* দারিদ্র্য; বিত্তহীনতা।
নির্ধারণ *বি* নিরূপণতা; নির্ণয়; সিদ্ধান্ত; স্থিরীকরণ। [স. নিঃ+√ধারি+অন]। **নির্ধারক** *বিণ* নির্ণয়কারী; নির্ধারণ-কারী। [স. নিঃ+ধারক]। **নির্ধারিত** *বিণ* নির্ধারণ করা হয়েছে এমন; স্থিরীকৃত; নির্দিষ্ট; নির্ণীত। [স. নিঃ+ধারিত]। **নির্ধার্য** *বিণ* নির্ণেয়; নিরূপণীয়; নির্ধারণযোগ্য। [স. নিঃ+ধার্য]
নির্ধূম *বিণ* ধূমহীন; ধূমশূন্য; পরিষ্কার। [স. নিঃ+ধূম]
নির্নিমিখ (ব্র.) *ক্রিবিণ* একদৃষ্টে; অপলকনেত্রে; পলকহীন-ভাবে। □*বিণ* পলকহীন; অপলক; নির্নিমেষ। [স. নিঃ+নিমিখ]
নির্নিমেষ *বিণ* নিমেষহীন; পলকহীন। [স. নিঃ+নিমেষ]
নির্বংশ *বিণ* বংশধর নেই এমন; লুপ্তবংশ; আঁটকুড়ে। [স. নিঃ+বংশ]
নির্বচন *বি* ১ নিশ্চয় বাক্য বা কথন; নিরুক্তি। ২ শব্দের ব্যুৎপত্তি ও টীকাটিপ্পনী। ৩ সূত্রাকারে জ্যামিতির উপপাদ্যের বিষয়বস্তু নির্দেশ। □*বিণ* বচনশূন্য; মৌন; নির্বাক। [স. নিঃ+বচন]
নির্বন্ধ *বি* ১ নিয়ম; বিধান; বিধি; নির্দেশ; ব্যবস্থা। ২ বিশেষ অনুরোধ; প্রার্থনা; পীড়াপীড়ি; জেদ; গোঁ; গভীর আগ্রহ (সনির্বন্ধ)। ৩ সংযোগ; ঘটনা; ব্যাপার। [স. নিঃ+√বন্ধ+অ]
নির্বল *বিণ* ১ বলহীন; নিস্তেজ; দুর্বল; ক্ষীণ। ২ সহায়-সম্বলহীন (নির্বলের বল ধর্ম)। [স. নিঃ+বল]
নির্বাক *বিণ* ১ বাকশূন্য; বাকহীন; মূক; নীরব; শব্দহীন। ২ হতবাক। [স. নিঃ+বাচ/বাক]
নির্বাচক *বিণ* ১ নির্বাচন বা বাছাই করে এমন; নির্বাচনকারী; বাছাইকারী। ২ ভোট দেবার অধিকারী; প্রার্থী নির্বাচন করে এমন; voter। [স. নিঃ+√বচ্+ণিচ্+অক]। **নির্বাচকমণ্ডলী** *বি* নির্বাচনকারী জনসমষ্টি; ভোটাধিকারপ্রাপ্ত কেন্দ্রবিশেষের জনগণ।
নির্বাচন *বি* ১ স্থিরীকরণ; নির্ধারণ। ২ অনেকের মধ্য থেকে বেছে নেওয়া; বাছাই; মনোনয়ন; ভোট নেওয়া বা দেওয়া; election। [স. নিঃ+√বাচি+অন]। **নির্বাচনক্ষেত্র** *বি* প্রতিনিধি নির্বাচিত হবার নির্দিষ্ট এলাকা; constituency। **উপনির্বাচন** *বি* কোনো সংসদ সদস্যের সংসদ থেকে পদত্যাগ বা মৃত্যুর কারণে সৃষ্ট শূন্যপদে পুনরায় নির্বাচন। **নির্বাচনী** *বিণ* নির্বাচন সম্পর্কিত। [স. নিঃ+বাচনী]। **নির্বাচিত** *বিণ* যাকে বাছাই বা নির্বাচন করা হয়েছে; মনোনীত। [স. নিঃ+বাচিত]
নির্বাচ্য *বিণ* ১ নির্বাচনের যোগ্য। ২ কথনযোগ্য; কথ্য। ৩ ব্যাখ্যেয়; ব্যাখ্যাযোগ্য। [স. নিঃ+বাচ্য]
নির্বাণ *বি* ১ বিলয়; সমাপ্তি; অবসান। ২ নির্বাপিত হওয়া। ৩ মোক্ষ; মুক্তি; ভববন্ধন থেকে পরিত্রাণ লাভ; জীবন্মুক্তি; অজ্ঞানতা থেকে মুক্তিলাভ। ৪ অস্তগমন। □*বিণ* ১ মুক্তি; জীবন্মুক্ত; মোক্ষপ্রাপ্ত। ২ নিবন্ত; নির্বাপিত; জ্বলনরহিত। ৩ অস্তমিত (নির্বাণ সূর্য)। [স. নির+√বা+ত]
নির্বাণোন্মুখ *বিণ* ১ প্রায় নির্বাপিত; নিবুনিবু; নিভে যাচ্ছে এমন। ২ শীঘ্রই নির্বাণপ্রাপ্ত হবে এমন। [স.]
নির্বাত *বিণ* ১ বায়ুশূন্য; বাতাসহীন; হাওয়াশূন্য। ২ স্থির; অচঞ্চল। [স. নিঃ+বাত]
নির্বাপক *বিণ* নিবায় এমন; নির্বাপণকারী; অবসানকারী। [স. নিঃ+√বাপি+অক]
নির্বাপণ *বি* ১ নেভানো। ২ বিনাশ; অবসান করানো। ৩ শান্তকরণ। [স. নিঃ+√বাপি+অন]। **নির্বাপিত** *বিণ* নিবিয়ে দেওয়া হয়েছে এমন।
নির্বাসন *বি* গুরুতর অপরাধের দণ্ডস্বরূপ স্বদেশ থেকে বহিষ্কার। [স. নিঃ+√বাসি+অন]। **নির্বাসিত** *বিণ* স্বদেশ থেকে বহিষ্কৃত; নির্বাসন দণ্ডপ্রাপ্ত। **নির্বাসিতা** *বিণ স্ত্রী.*।
নির্বাহ *বি* ১ চালানো (সংসার-যাত্রা নির্বাহ)। ২ সম্পাদন; সমাপন (কার্যনির্বাহ কমিটি)। ৩ নিষ্পত্তি; সমাপ্তি; শেষ। [স. নিঃ+√বহ্+অ]। **নির্বাহক** *বিণ* নির্বাহ করে এমন;

নির্বাহকারী; সম্পাদনকারী; সমাধানকারী। **নির্বাহিত** *বিণ* নির্বাহ করা হয়েছে এমন; সম্পাদিত; বাহক; বাহিত। **নির্বাহী** *বি* কার্যাদি নির্বাহ করেন যিনি (নির্বাহী কর্মকর্তা)।

নির্বিকল্প *বিণ* ১ সংশয়হীন; অভ্রান্ত। ২ বিকল্পহীন; রূপান্তরহীন। ৩ জ্ঞাতৃ–জ্ঞেয়ত্ব ভেদহীন। ৪ অখণ্ড জ্ঞান; পূর্ণজ্ঞান। [স. নিঃ+বিকল্প]। **নির্বিকল্প সমাধি** *বি* হিন্দুমতে অদ্বিতীয় পরমব্রহ্মে একাগ্রচিত্তে অবস্থান।

নির্বিকার *বিণ* ১ বিকারবিহীন; বিকারশূন্য। ২ নির্লিপ্ত; উদাসীন; মনোবিকারশূন্য; চাঞ্চল্যশূন্য। ৩ পরিবর্তনহীন; অধিকৃত। [স. নিঃ+বিকার]

নির্বিঘ্ন *বিণ* বিঘ্নশূন্য; বাধাহীন; নিরুপদ্রব; বিপদহীন; নিরাপদ। [স. নিঃ+বিঘ্ন]। **নির্বিঘ্নতা** *বি* বিঘ্নশূন্যতা। **নির্বিঘ্নে** *ক্রিবিণ* অবাধে; নিরাপদে; নিরুপদ্রবে; বিঘ্নশূন্য অবস্থায়।

নির্বিচার *বিণ* ১ বিচারহীন; বিচার না করে কৃত। ২ বিবেচনাশূন্য। ৩ বাছবিচার করে না এমন। [স. নিঃ+বিচার]। **নির্বিচারে** *ক্রিবিণ* বাছবিচার না করে; সমদৃষ্টিতে; বিবেচনা বাদ দিয়ে।

নির্বিবাদ *বিণ* বিবাদশূন্য; বিরোধহীন; অবিরোধী; শান্তিপূর্ণ। [স. নিঃ+বিবাদ]। **নির্বিবাদী**(–দিন্) *বিণ* নিরীহ; অবিরোধী। **নির্বিবাদে** *ক্রিবিণ* বিবাদ না করে।

নির্বিরোধ, নির্বিরোধী (অশু.) *বিণ* বিরোধশূন্য; নির্বিবাদ; নিরীহ; শান্ত। [স. নিঃ+বিরোধ; নিঃ+বিরোধী]

নির্বিশঙ্ক *বিণ* শঙ্কা নেই এমন; নিঃশঙ্ক; নির্ভয়; নির্ভীক। [স. নিঃ+বিশঙ্কা]

নির্বিশেষ *বিণ* ভেদরহিত; অবিশেষ; অভিন্ন; সদৃশ। [স. নিঃ+বিশেষ]। **নির্বিশেষে** *ক্রিবিণ* ইতরবিশেষ ভেদ না করে।

নির্বিষ *বিণ* ১ বিষশূন্য; বিষহীন। ২ (আল.) কাপুরুষ; ভীরু; ক্লীব। [স. নিঃ+বিষ]

নির্বীজ *বিণ* ১ বীজহীন; বীজরহিত। ২ জীবাণুমুক্ত, পচে না এমন। ৩ কারণহীন। ৪ পুরুষত্বশূন্য। [নিঃ+বীজ]। **নির্বীজন** *বি* জীবাণুশূন্যকরণ; disinfection; sterilization। **নির্বীজিত** *বিণ* জীবাণুশূন্য করা হয়েছে এমন।

নির্বুদ্ধি *বিণ* বিশেষ জ্ঞান নেই এমন; বুদ্ধিশূন্য; মূর্খ; নির্বোধ। [স. নিঃ+বুদ্ধি]

নির্বেদ *বি* ১ অনুতাপ; আত্মগ্লানি; খেদ। ২ বৈরাগ্য; উদাসীনতা; সংসারে বিরাগ। ৩ নৈরাশ্য। [স. নিঃ+√বিদ্+অ]

নির্বোধ *বিণ* বোধহীন; অজ্ঞান; মূর্খ; বুদ্ধিশূন্য। [স. নিঃ+বোধ]

নির্ভয় *বিণ* ১ শঙ্কাশূন্য; ভয়শূন্য; নিঃশঙ্ক; নির্ভীক। [স. নিঃ+ভয়]

নির্ভর *বি* ১ আশ্রয়; ভরসা; অবলম্বন। ২ বিশ্বাস; আস্থা। ▢ *বিণ* ১ পরিপূর্ণ। ২ অধিক; অতিরিক্ত। [স. নিঃ+√ভৃ+অ]

নির্ভাবনা *বি* দুর্ভাবনার অভাব; নিশ্চিন্ততা; দুশ্চিন্তা দূর হওয়ার ভাব। [স. নিঃ+ভাবনা]

নির্ভার *বিণ* ভারহীন। [স. নিঃ+ভার]

নির্ভীক *বিণ* শঙ্কারহিত; নিঃশঙ্ক; ভয়শূন্য; ভীতিহীন; সাহসী। **নির্ভীকতা** *বি* ভীতিহীনতা; সাহসিকতা। [স. নিঃ+√ভী+ক]

নির্ভুল *বিণ* ১ ত্রুটিশূন্য; সঠিক। ২ ভুলশূন্য; ভ্রমহীন। [স. নিঃ+বা. ভুল]

নির্ভেজাল *বিণ* ভেজালহীন; খাঁটি।

নির্মম *বিণ* ১ নিষ্ঠুর; হৃদয়হীন; নির্দয়। ২ মমতাশূন্য; স্নেহশূন্য। ৩ বাসনাবর্জিত। [স. নিঃ+মম]। **নির্মমতা** *বি* ১ নিষ্ঠুরতা; হৃদয়হীনতা। ২ মমতাহীনতা। ৩ মমতা।

নির্মল *বিণ* ১ স্বচ্ছ; আবিলতাশূন্য। ২ মলিনতাশূন্য; ময়লাহীন; অমলিন। ৩ নিষ্পাপ; অকলঙ্ক; নির্দোষ (নির্মল চরিত্র)। ৪ শুভ্র। ৫ পূত; বিশুদ্ধ; পবিত্র; পাক (নির্মল হৃদয়)। [স. নিঃ+মল]। **নির্মলা** *বিণ স্ত্রী*। **নির্মলতা** *বি* স্বচ্ছতা; পবিত্রা।

নির্মাণ[১]**, নিরমান** (পদ্যে) *ক্রি* নির্মাণ করা; তৈরি করা বা করানো। ▢ *বি* একই অর্থে। [স. নিঃ+√মা+অন]

নির্মাণ[২] *বি* ১ গঠন; প্রস্তুতকরণ; রচনা। ২ প্রতিষ্ঠাকরণ। [স. নিঃ+√মা+অন]। **নির্মাতা** *বিণ* নির্মাণ করে এমন; নির্মাণকারী; গঠনকারী; প্রস্তুতকারী। **নির্মিত** *বিণ* নির্মাণ করা হয়েছে এমন; গঠিত; রচিত; প্রস্তুত। **নির্মিতি** *বি* নির্মাণকার্য; রচনা। **নির্মিৎসা** *বি* নির্মাণের ইচ্ছা। **নির্মীয়মাণ** *বিণ* নির্মিত হচ্ছে এমন।

নির্মাল্য *বি* ১ যে মালা নিবেদন করা হয়েছে। ২ দেবতার প্রসাদ। [স. নিঃ+মাল্য]

নির্মুক্ত *বিণ* ১ নিঃশেষে মুক্ত; সম্পূর্ণরূপে মুক্ত। ২ খোলস ছাড়া সাপ। [স. নিঃ+√মুচ্+ত]

নির্মূল *বিণ* ১ মূল ছিন্ন হয়েছে এমন; মূলসহ উৎপাটিত; বিনষ্ট। ২ ভিত্তিহীন; অমূলক। ৩ সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত; বিলুপ্ত। [স. নিঃ+√মূল্]

নির্মূলন *বি* ১ মূলসহ উৎপাটন। ২ বিনাশ; উৎসাদন; ধ্বংস। [স. নিঃ+√মূল্+অন]

নির্মেঘ *বিণ* মেঘশূন্য। [স. নিঃ+মেঘ]

নির্মোক *বি* ১ সাপের খোলস। ২ বর্ম; সাঁজোয়া। ৩ আচ্ছাদন। [স. নিঃ+√মুচ্+অ]

নির্যাতক *বিণ* ১ উৎপীড়ক; জালিম; নির্যাতনকারী। ২ যন্ত্রণাদায়ক। [নিঃ+√যাতি+অক অথবা নিঃ+√যত্+ণিচ+অক]। **নির্যাতিকা** *বিণ স্ত্রী*।

নির্যাতন *বি* ১ পীড়ন; উৎপীড়ন; নিগ্রহ; অত্যাচার; প্রহার। ২ প্রতিহিংসা। [স. নিঃ+√যাতি+অন]। **নির্যাতিত** *বিণ* উৎপীড়িত; অত্যাচারিত; নিগৃহীত। **নির্যাতিতা** *বিণ স্ত্রী*।

নির্যাস *বি* ১ সার; রস। ২ শ্রেষ্ঠাংশ। ৩ নিস্যন্দ; extract। ৪ সিদ্ধান্ত। [স. নিঃ+√যস্+অ]

নির্লক্ষ্য *বিণ* লক্ষ্যের বা দৃষ্টির বহির্ভূত; লক্ষ্য করা যায় না এমন। [স. নিঃ+লক্ষ্য]

নির্লজ্জ *বিণ* বেহায়া; লজ্জাশূন্য; লজ্জাহীন। [স. নিঃ+লজ্জা]। **নির্লজ্জতা** *বি* লজ্জাহীনতা; বেহায়াপনা।

নির্লিপ্ত *বি* ১ সম্বন্ধহীন; সম্পর্কশূন্য; সংস্রববিহীন। ▢ *বিণ* ১ উদাসীন। ২ অনাসক্ত; আসক্তিহীন। [স. নিঃ+√লিপ্+ত]। **নির্লিপ্ততা, নির্লিপ্তি** *বি* ১ সংস্রবহীনতা। ২ উদাসীনতা। ৩ অনাসক্ততা।

নির্লোভ *বিণ* লোভশূন্য; অনাসক্ত। [স. নিঃ+লোভ]

নির্লোম *বিণ* লোমশূন্য; পশমশূন্য। [স. নিঃ+লোমন্]

নিলয় *বি* ১ গৃহ; আলয়। ২ বাসস্থান; অবাস। ৩ আধার; আগার; আশ্রয়। ৪ নিঃশেষে লয়; বিলয়। ৫ হৃৎপিণ্ডের বা মস্তিষ্কের ক্ষুদ্র গহ্বর। [স. নি+√লী+অ]

নিলাজ *বিণ* লজ্জাহীন; নির্লজ্জ; বেহায়া। [স. নির্লজ্জ>]
নিলাম *বি* ১ দেনার দায়ে অথবা বাজেয়াপ্ত মালামালের প্রকাশ্যে বিক্রয়। ২ উপস্থিত ব্যক্তিদের মধ্যে সবচেয়ে বেশি দাম দিতে ইচ্ছুক ব্যক্তির নিকট বিক্রয়। [পো. leilam]। **নিলাম ডাকা, নিলামে ডাকা** *ক্রি* নিলামে প্রতিযোগিতায় দর বাড়ানো। **নিলামি** *বিণ* ১ নিলাম করা হবে এমন। ২ নিলামে ক্রীত এমন। ৩ নিলাম করার মতো।
নিলীন *বিণ* বিলীন; নিমগ্ন; অন্তর্হিত। [স. নি+লীন]। **নিলীয়মান** *বিণ* বিলীয়মান; প্রচ্ছন্ন।
নিশপিশ, নিসপিস *অব্য* অস্থিরতা বা চাঞ্চল্যজ্ঞাপক (হাত নিশপিশ করছে)।
নিশা, নিশি *বি* রাত্রি; রজনী; যামিনী। [স.]। **নিশাকর** *বি* চন্দ্র; শশাঙ্ক; রজনীকর। **নিশাকান্ত** *বি* চন্দ্র। **নিশাগম** *বি* রাত্রির আগমন। [নিশা+আগমন]। **নিশাচর** *বি* রাত্রিতে বিচরণশীল পিশাচ পেচক রাক্ষস; চোর প্রভৃতি। ❑ *বিণ* রাত্রিতে বিচরণ করে এমন। **নিশাচরী** *বিণ স্ত্রী.*।
নিশাত *বিণ* শাণিত; তীক্ষ্ণ।
নিশান[১] *বি* ধ্বজা; পতাকা; ঝাণ্ডা; কেতন। [ফা.]
নিশান[২], **নিশানা** *বি* ১ নিদর্শন; চিহ্ন। ২ অভিজ্ঞান; পরিচয়। ৩ লক্ষ্য; উদ্দেশ্য। ৪ টিপ। [ফা. নিশানহ্]। **নিশানদার** *বিণ* পরিচিত বলে নির্দেশ করে এমন; শনাক্তকারী। **নিশানবরদার, নিশানবর্দার** *বি,বিণ* পতাকাবাহী। **নিশানি** *বি* চিহ্ন; অভিজ্ঞান; পরিচয়।
নিশি *বি* ১ রাত্রি; নিশা; রজনী। ২ কল্পিত প্রেতযোনিবিশেষ। [স. নিশা>]। **নিশিদিন, নিশিদিশি** *ক্রিবিণ* রাত্রিদিন; অহরহ; সর্বদা; অনুক্ষণ। **নিশিপালন** *বি* অমাবস্যা পূর্ণিমা ও সংক্রান্তিতে হিন্দুদের রাত্রে উপবাস বা অন্নভোজন বর্জন। **নিশির ডাক** *বি* কল্পিত প্রেতযোনি—প্রবাদ এই যে, রাত্রিকালে এদের ডাকে নিদ্রোত্থিত মানুষ এদের অনুসরণ করে মারা যায়। **নিশিসমাগম** *বি* রাত্রির আগমন; সন্ধ্যা।
নিশিত *বিণ* তীক্ষ্ণ; ধারালো; শাণিত। [স. নি+√শো+ত]
নিশীথ *বি* ১ রাত্রি; রজনী। ২ মধ্যরাত্র। ৩ গভীর রাত্রি। [স. নি+√শী+থ]। **নিশীথনিবিড়** *বিণ* ঘনকৃষ্ণ; কালো।
নিশীথিনী *বি* রাত্রি; রজনী। [স.]
নিশুতি *বি* গভীর রাত্রি। ❑ *বিণ* নিদ্রিত; নীরব; নিঃশব্দ; নির্জন। [স. নিষুপ্তি>]
নিশ্চয় *বি* ১ নিঃসন্দেহ জ্ঞান; নিঃসন্দিগ্ধতা; স্থির ধারণা। ২ নির্ধারণ; সিদ্ধান্ত (ঠিকঠাক)। ❑ *বিণ* ১ নিঃসন্দেহ; সংশয়রহিত; অসংশয়; নিঃসন্দিগ্ধ (নিশ্চয় চিত্ত)। ২ স্থির (নিশ্চয় ধারণা)। ❑ *ক্রিবিণ* অবশ্য; নিঃসন্দেহে (নিশ্চয় সে আসবে)। [স. নি+√চি+অ]। **নিশ্চয়তা** *বি* অসংশয়তা; সন্দেহশূন্যতা; সন্দেহরাহিত্য। **নিশ্চায়ক** *বিণ* ১ নিশ্চয়কারী। ২ নির্ণয়কারক। **নিশ্চিত** *বিণ* নিঃসন্দেহ; নিঃসংশয়। ❑ *ক্রিবিণ* নিশ্চয়; অবশ্য।
নিশ্চল *বিণ* গতিশূন্য; অচল; স্থির। [স. নি+√চল্+অ]। **নিশ্চলতা** *বি* গতিহীনতা।
নিশ্চিন্ত, নিশ্চিন্দি *বিণ* ভাবনাহীন; চিন্তারহিত; নির্ভাবনা; নিরুদ্বিগ্ন। [স. নিঃ+চিন্তা]। **নিশ্চিন্ততা** *বি* নিরুদ্বিগ্নতা। **নিশ্চিন্তপুর যাওয়া** *ক্রি* মৃত্যুবরণ করা; মরে যাওয়া।
নিশ্চেতন *বিণ* অজ্ঞান; চেতনাহীন; বোধহীন। [স. নিঃ+চেতন]। **নিশ্চেতনা** *বি* ১ চেতনাহীনতা; অজ্ঞানতা; বোধহীনতা। ২ (আল.) উপেক্ষা।
নিশ্চেষ্ট *বিণ* ১ উদ্যমহীন; চেষ্টাশূন্য। ২ গতিশক্তিরহিত; অচল। ৩ অলস। **নিশ্চেষ্টতা** *বি* জড়ের স্থিতি প্রবণতা; জাড্য। [স. নিঃ+চেষ্টা, চেষ্টতা]
নিশ্ছিদ্র *বিণ* ছিদ্র নেই এমন; ত্রুটিহীন।
নিশ্বসন *বি* শ্বাসপ্রশ্বাস গ্রহণ। **নিশ্বাস** *বি* যে বায়ু নাক দিয়ে গ্রহণ করা হয়।
নিষঙ্গ *বি* যে আধারে বাণ রাখা হয়; তূণীর; বাণাধার। [স. নি+√সন্‌জ্+অ]। **নিষঙ্গী**(–ঙ্গিন্) *বিণ* বাণ রাখার আধার ধারণ করে এমন; তূণীরধারী; বাণাধারধারী।
নিষাদ *বি* ১ ব্যাধ। ২ চণ্ডাল। ৩ জেলে। ৪ একটি প্রাচীন জাতি (অস্ট্রিক)। ৫ (সং) স্বরগ্রামের সপ্তম স্বর। ৬ নিখাদ। [স. নি+√সদ্+অ]। তুল. কিরাত (মঙ্গোল)। **নিষাদী** *স্ত্রী.*।
নিষাদী[১] *বি* ১ হস্তিচালক; মাহুত। ২ হাতির সওয়ার; গজারোহী। [স. নিঃ+√সদ্+ইন]
নিষিক্ত *বিণ* ১ সিক্ত; খুব ভিজা। ২ ক্ষরিত; চুইয়ে পড়ে এমন; নিঃসৃত। [স. নি+√সিচ্+ত]
নিষিদ্ধ *বিণ* ১ বারণ বা মানা করা হয়েছে এমন; হারাম। ২ অন্যায়; অন্যায্য; অবিহিত; অনুচিত; বে-আইনি। [স. নিঃ+√সিধ+ত]
নিষুতি *বি* নিদ্রায় মগ্ন; গাঢ়নিদ্রা। ❑ *বিণ* নিস্তব্ধ। [স. নিষুপ্তি]
নিষুপ্ত *বিণ* গভীর নিদ্রামগ্ন। [স. নি+√স্বপ্+ত]। **নিষুপ্তি** *বি* নিদ্রামগ্নতা; গভীর নিদ্রা।
নিষেধ *বি* ১ নিবারণ; প্রতিষেধ। ২ মানা। **নিষেধক** *বিণ* ১ নিষেধকারী। ২ নিবারণকারী; নিবারক। [স. নি+√সিধ্+অ]
নিষ্কণ্টক *বিণ* ১ কণ্টকবিহীন; কাঁটাশূন্য। ২ নিঃশত্রু; শত্রুহীন। ৩ নির্বিঘ্ন; নিরাপদ; বিপদশূন্য। [স. নিঃ+কণ্টক]
নিষ্কপট *বিণ* কপটতাহীন; সরল; কুটিলতাবর্জিত। [স. নিঃ+কপট]
নিষ্কম্প *বিণ* অকম্পিত; কম্পনশূন্য; স্থির; নিশ্চল; অচঞ্চল। [স. নিঃ+কম্প]
নিষ্কর *বিণ* খাজনা দিতে হয় না এমন; লাখেরাজ। [স. নিঃ+কর]
নিষ্করুণ *বিণ* করুণাশূন্য; দয়াশূন্য; নিষ্ঠুর; নির্দয়। [স. নিঃ+করুণ]
নিষ্কর্মা *বিণ* ১ বেকার; কর্মহীন। ২ অলস; কুঁড়ে। [স. নিঃ+কর্মন্]। **নিষ্কর্মার ঢেঁকি**—অতি অলস।
নিষ্কলঙ্ক *বিণ* কলঙ্কহীন; নির্মল; পবিত্র; নির্দোষ। [স. নিঃ+কলঙ্ক]
নিষ্কলুষ *বিণ* কলুষতাহীন; অকলঙ্ক; পবিত্র; নিষ্পাপ; নির্দোষ। [স. নিঃ+কলুষ]
নিষ্কাম *বিণ* ১ বাসনাবিহীন; কামনাশূন্য; কামশূন্য। ২ ফলাকাঙ্ক্ষাশূন্য। [স. নিঃ+কাম]
নিষ্কাশ *বি* নিঃসরণ; বহির্গমন; বের হওয়া; বহিষ্করণ। [নিঃ+√কশ্/কস্+অ]
নিষ্কাশন, নিষ্কাসন *বি* ১ বেরকরণ; নিঃসারণ। ২ দূরীকরণ; অপনয়ন। ৩ বহিষ্করণ; বিতাড়ন। ৪ নির্বাসন। [স. নিঃ+√কশ্+অন]। **নিষ্কাশিত, নিষ্কাসিত** *বিণ* ১ বহিষ্কৃত; দূরীকৃত। ২ নিঃসারিত। [স. নিঃ+কাশন, কাশিত, কাসন, কাসিত]
নিষ্কৃতি *বি* মুক্তি; অব্যাহতি; নিস্তার; পরিত্রাণের উপায়।

নিষ্কৃত *বিণ* মুক্ত; অব্যাহতিপ্রাপ্ত। [স. নিঃ+√কৃ+তি]
নিষ্ক্রমণ, নিষ্ক্রম *বি* বহির্গত হওয়া; বহির্গমন; নির্গমন; নির্গত হওন। [স. নিঃ+ক্রমণ, ক্রম]। **মহাভিনিষ্ক্রমণ** *বি* বুদ্ধের সংসার ত্যাগ। [স. মহা+অভিনিঃ+ক্রমণ]
নিষ্ক্রিয় *বিণ* ১ অকেজো (বোমাটিকে নিষ্ক্রিয় করা হয়েছে); কর্মরহিত। ২ নিষ্কর্মা। [স. নিঃ+ক্রিয়]। **নিষ্ক্রিয় প্রতিরোধ** *বি* আক্রমণাত্মক ব্যবস্থা গ্রহণ না করে অন্যের কাজে বাধা সৃষ্টি; passive resistance.
নিষ্ঠ *বিণ* ১ নিষ্ঠাশীল (একনিষ্ঠ); দৃঢ়ভাবে কোনো আদর্শে বিশ্বাসে অথবা কাজে অনন্যচিত্তে লেগে থাকে এমন। ২ একাগ্রভাবে স্থিত। ৩ স্থিতিশীল। [স. নিঃ+√স্থা+অ]
নিষ্ঠা *বি* ১ দৃঢ় অনুরাগ; আস্থা; বিশ্বাস; মনোযোগ। ২ ধর্ম সম্পর্কিত আচরণে শ্রদ্ধা। ৩ দৃঢ়স্থিতি। [স. নি+√স্থা+অ]। **নিষ্ঠাবান** *বিণ* ১ ধর্মীয় আচার-অনুষ্ঠানে শ্রদ্ধাশীল। ২ একাগ্রচিত্ততা।
নিষ্ঠীবন, নিষ্ঠীব *বি* থুথু; থুতু; ছেপ; মুখের পানি। [স. নিঃ+√ষ্ঠীব+অন]
নিষ্ঠুর, নিঠুর *বি* নির্দয়; নির্মম। ❑ *বিণ* ১ কঠোর; কঠিন। ২ ক্রূর; নৃশংস। [স. নিঃ+√স্থা+উর]। **নিষ্ঠুরতা** *বি* ১ নির্দয়তা; নির্মমতা। ২ কঠোরতা। ৩ নৃশংসতা।
নিষ্পত্তি *বি* ১ মীমাংসা; অবধারণ। ২ সমাপ্তি; সম্পাদন; সিদ্ধি (কার্য নিষ্পত্তি)। ৩ উৎপত্তি; জন্ম। ৪ মিটমাট (মোকদ্দমার নিষ্পত্তি)। [স. নিঃ+√পদ্+তি]
নিষ্পন্ন *বিণ* ১ সম্পাদিত; সমাপ্ত; শেষ; সম্পন্ন। ২ সিদ্ধ। [স. নিঃ+√পদ্+ত]
নিষ্পাদক *বিণ* সম্পাদনকারী; নিষ্পত্তিকারী। [স.]
নিষ্পাপ *বিণ* পবিত্র; পাপশূন্য; মাসুম; পূত। [স. নিঃ+পাপ]
নিষ্পেষণ, নিষ্পেষ *বি* সম্পূর্ণরূপে চূর্ণকরণ; মর্দন; নিঃশেষে পেষণ; পিষ্টকরণ। **নিষ্পিষ্ট** *বিণ* চূর্ণ; দলিত; অত্যন্ত পিষ্ট; মর্দিত। **নিষ্পেষক** *বি,বিণ* নিষ্পেষণ করে যে; পিষ্টকারক; নিষ্পেষণকারী। **নিষ্পেষিত** *বিণ* নিষ্পেষণ করা হয়েছে এমন। [স. নিঃ+পেষণ, পেষ, পিষ্ট, পেষক, পেষিত]
নিষ্প্রদীপ *বিণ* ১ প্রদীপশূন্য; দীপ জ্বালানো হয়নি এমন; অন্ধকার; তমসাচ্ছন্ন। ২ যুদ্ধাবস্থায় বিমান আক্রমণ থেকে রক্ষা পাওয়ার জন্য রাতে দীপ না জ্বালানোর অভ্যাস (নিষ্প্রদীপ মহড়া)। [স. নিঃ+প্রদীপ]
নিষ্প্রভ *বিণ* ১ প্রভাবশূন্য; দীপ্তিহীন। ২ তেজোহীন; নিস্তেজ। [স. নিঃ+প্রভ]
নিষ্প্রয়োজন *বিণ* প্রয়োজন নেই এমন; অনাবশ্যক; অপ্রয়োজনীয়। [স. নিঃ+প্রয়োজন]
নিষ্ফল *বিণ* ১ ফলহীন; ফল ধরে না এমন। ২ ব্যর্থ; অকৃতকার্য; পণ্ড; বিফল। ৩ অকারণ; অনর্থক; নিরর্থক। [স. নিঃ+ফল]। **নিষ্ফলা** *বিণ স্ত্রী.*। **নিষ্ফলতা** *বি* ব্যর্থতা। **নিষ্ফলা** *বিণ* ১ বন্ধ্যা; ফলহীনা; সন্তান হয় না এমন। ২ ফলবর্জিত; ফল ধরে না এমন। **নিষ্ফলা বার** *বি* যে দিনে সব কাজই নিষ্ফল হয়।
নিসর্গ *বি* ১ প্রকৃতি; স্বভাব; nature। ২ সৃষ্টি; সৃজন; নির্মাণ। ৩ প্রাকৃতিক। [স. নিঃ+√সৃজ্+অ]। **নিসর্গজ, নৈসর্গিক** *বিণ* স্বাভাবিক; প্রাকৃতিক; প্রকৃতিজাত; স্বাভাবিকভাবে উৎপন্ন বা সৃষ্ট। **নিসর্গবিদ, নিসর্গী** (-র্গিন্) *বি* প্রকৃতিবিজ্ঞানী।
নিসাড়, নিঃসাড় *বিণ* ১ সাড়াশব্দহীন; নিঃশব্দ; নীরব; নিশুতি। ২ সাড়াহীন; সংজ্ঞাহীন। ৩ অসাড়; জড়। [স. নিঃস্বর>বা. নি+সাড়া]
নিসূদন *বি* হনন; বিনাশ; বধ। ❑ *বিণ* বিনাশকারী; বধকারী। [স. নি+√সূদ্+অন]
নিস্তব্ধ *বিণ* নিস্পন্দ; নীরব। [স. নি+√স্তন্ভ্+ত]। **নিস্তব্ধতা** *বি* নীরবতা।
নিস্তার *বি* ১ নিষ্কৃতি; উদ্ধার; অব্যাহতি। ২ পরিত্রাণ; মুক্তি। **নিস্তারক** *বিণ* নিস্তারকারী; উদ্ধারক; ত্রাতা; রক্ষাকারী। [নিঃ+তার, তারক]
নিস্তারিণী *বি* ১ হিন্দুদেবী দুর্গা। ২ নিস্তারকারিণী; মুক্তিদায়িনী। [স. নিঃ+তারিণী]
নিস্তেজ *বিণ* ১ দুর্বল; ক্ষীণ; তেজোহীন; শক্তিহীন। ২ দীপ্তিশূন্য। ৩ নিষ্প্রভ; বলবীর্যহীন; হীনপ্রভ। [নিঃ+তেজ]
নিস্পন্দ *বিণ* ১ স্পন্দনশূন্য। ২ স্থির; অচঞ্চল; অকম্পিত। ৩ নিঃসাড়; অসাড়। [স. নি+√স্পন্দ্+অ]। **নিস্পন্দতা** *বি* অসাড়তা; স্পন্দনহীনতা।
নিস্যন্দ, নিষ্যন্দ *বি* ১ ক্ষরণ; কর্ষণ; পতন; ঝরন। ২ নির্যাস। [স. নি+√স্যন্দ্+অ]। **নিস্যন্দিত** *বিণ* ক্ষরিত। **নিষ্যন্দী, নিস্যন্দী** (-দিন্) *বিণ* ঝরায় বা ক্ষরণ করায় এমন; ক্ষরণকারী।
নিস্বন, নিস্বান *বি* শব্দ; নিনাদ; ধ্বনি; আওয়াজ। [স. নিঃ+√স্বন+অ]
নিহত *বি,বিণ* ১ মেরে ফেলা হয়েছে এমন। ২ হত; বিনাশিত; বিনষ্ট। [স. নি+√হন্+ত]। **নিহন্তা** *বি,বিণ* বধকর্তা; হননকারী।
নিহাই, নেহাই *বি* স্বর্ণকার কামার প্রভৃতি যে বেদি বা উচ্চ বস্তুর উপর ধাতব পদার্থ রেখে পিটিয়ে পাত তৈরি করে। [স. নিধাপিকা>কিংবা হি. নিহাই]
নিহারন, নেহারন *বি* দর্শন; অবলোকন; নিরীক্ষণ। [স. নিভালন>নিহারণ। তুল. হি. নিহারনা]
নিহারি, নেহারি *বি* ঘৃতপক্ক মাংসমিশ্রিত খিচুড়িজাতীয় খাদ্য; পলান্ন। তুল. **তিহারি, তেহারি**। [হি.]
নিহিত *বিণ* ১ রাখা হয়েছে এমন; গূঢ়ভাবে স্থাপিত। ২ নিক্ষিপ্ত। ৩ অর্পিত; ন্যস্ত। ৪ রক্ষিত। ৫ অভিহিত। ৬ গুপ্ত; লুক্কায়িত। [স. নি+√ধা+ত]
নীচ, নিচু *বিণ* ১ অত্যন্ত খারাপ; হীন; ইতর; নিকৃষ্ট (অতি নীচ)। ২ নিচু; নিম্ন; নাবাল। [স. ন+ঈ+√চি+অ]। **নীচতা, নীচত্ব** *বি* হীনতা; ইতরামি। **নীচযোনি** *বি,বিণ* ১ নীচজাতি; নিম্নশ্রেণীর; হীনকুলে জাত; নিচু কুলে জন্ম এমন। ২ মনুষ্য ভিন্ন অন্য নীচ প্রাণিকুলে উৎপন্ন।
নীড় *বি* ১ কুলায়; পাখির বাসা। ২ বাসা; স্থান। ৩ (আল.) আশ্রয়। [স.]
নীত *বিণ* ১ নিয়ে যাওয়া হয়েছে এমন; আনীত; চালিত। ২ অতিবাহিত; যাপিত। ৩ গৃহীত। [স. √নী+ত]
নীতি *বি* ১ যা কোনো লক্ষ্যে নিয়ে যায়। ২ হিতাহিত সম্পর্কে উপদেশ (নীতিকথা)। ৩ ন্যায়সঙ্গত বা সমাজের কল্যাণকর বিধান। ৪ বিদ্যা; শাস্ত্র (রাজনীতি, ধর্মনীতি)। ৫ প্রথা; আচার (দুর্নীতি)। ৬ প্রণালী; রীতি। ❑ *বিণ* ন্যায়-অন্যায় কর্তব্য-অকর্তব্য ইত্যাদি বিচার। [স. √নী= নিয়ে যাওয়া+তি]। **নীতিকথা, নীতিবাক্য** *বি* হিতোপদেশ; সুনীতিবিষয়ক বিবৃতি। **নীতিজ্ঞ** *বিণ* ১

ভালোমন্দ ন্যায়-অন্যায় প্রভৃতি বিষয়ে জ্ঞানযুক্ত। ২ নীতিশাস্ত্রে গভীর জ্ঞান আছে এমন। **নীতিজ্ঞান** *বি* নীতিশাস্ত্রে অভিজ্ঞতা। **নীতিবাগীশ** *বিণ* ১ নীতিকথা-বিশারদ; নীতি সম্পর্কে একনিষ্ঠ। ২ (ব্য.) নীতিনিষ্ঠা সম্পর্কে দাম্ভিক; নীতি সম্পর্কে শুচিবাইগ্রস্ত। **নীতিবিরুদ্ধ, নীতিবিরোধী**(-ধিন্) *বিণ* ১ অন্যায়। ২ সমাজের অহিতকর নিয়ম। ৩ নীতিশাস্ত্রবিরোধী। **নীতিশাস্ত্র** *বি* নীতিবিষয়ক গ্রন্থ; ন্যায়-অন্যায় কর্তব্যাকর্তব্য প্রভৃতি বিষয়ক বিচার সম্পর্কিত শাস্ত্র; ethics। **নীতিসঙ্গত, নীতিসম্মত** *বিণ* নীতিশাস্ত্র অনুমোদিত; সমাজের পক্ষে মঙ্গলজনক বিধান অনুসারে।

নীপ *বি* ১ কদমফুলের গাছ। ২ কদমফুল।

নীবার *বি* উড়িধান; তৃণধান্য। [স.]

নীবি, নীবী ১ নারীদের কটিদেশে বস্ত্রে যে গ্রন্থি দেওয়া হয়; কটিবন্ধন। ২ সঞ্চয়; পুঁজি; মূলধন। [স.]। **নীবিবন্ধ, নীবীবন্ধ** *বি* কটিদেশে পরিধেয় বস্ত্রের বাঁধন।

নীর *বি* ১ পানি; জল; বারি। ২ রস। **নীরজ** *বি* পদ্ম। □ *বিণ* পানিতে উৎপন্ন; জলজাত। [স.]। **নীরজা**[১] *বিণ স্ত্রী.*। **নীরদ** *বি* মেঘ; জলদ। □ *বিণ* জলদায়ক। **নীরদবরণ** *বিণ* মেঘের মতো রং এমন; ধূসরবর্ণ। **নীরদা** *বিণ স্ত্রী.*। **নীরধি** *বি* বারিধি; সাগর।

নীরক্ত *বিণ* রক্তহীন। [স. নিঃ+রক্ত]

নীরজা[২] **নীরজাঃ** *বিণ* ১ ধূলিশূন্য; রজোহীন। ২ পরাগশূন্য। ৩ রজোগুণবর্জিত। ৪ ঋতুমতী নয় এমন; রজোহীনা হয়েছে এমন; অরজঃস্বলা। [স. নিঃ+রজাঃ]

নীরদ *বিণ* দন্তহীন। [স. নিঃ+রদ]

নীরন্ধ্র *বিণ* ১ ফাঁকহীন। ২ ছিদ্রহীন; রন্ধ্রহীন। ৩ ঘন; নিবিড়। ৪ ঠাসবুনন। □ *বি* যার চারদিক রুদ্ধ। [স. নিঃ+রন্ধ্র]

নীরব *বিণ* ১ শব্দহীন; চুপচাপ; নিঃশব্দ। ২ বাকহীন; নির্বাক; মৌনী। [স. নিঃ+রব]। **নীরবচারী** *বিণ* মৌনী। **নীরবতা** *বি* ১ নিঃশব্দতা; নিস্তব্ধতা। ২ মৌনভাব। **নীরস** *বিণ* ১ শুষ্ক; রস নেই এমন; রসহীন। ২ রসবোধহীন; অরসিক। ৩ রুক্ষ্ম; কর্কশ। ৪ অসন্তুষ্ট; অপ্রসন্ন; ম্লান; মলিন। ৫ মনকে মুগ্ধ করে না এমন (নীরস খেলা)। [স. নিঃ+রস]। **নীরসতা** *বি* ১ রসহীনতা। ২ অপ্রসন্নতা।

নীরোগ *বিণ* রোগশূন্য; সুস্থ। [স. নিঃ+রোগ/রোগী]

নীল *বি* ১ এক প্রকার বর্ণ; blue। ২ এক জাতীয় গাছ, যা থেকে নীল রঙ উৎপন্ন হয়; indigo plant। □ *বিণ* নীলবর্ণবিশিষ্ট। [স.]। **নীলকণ্ঠ** *বি* ১ হিন্দুদেবতা শিব। ২ ময়ূর। ৩ নীলবর্ণ কণ্ঠবিশিষ্ট এক প্রকার পক্ষী। **নীলকমল** *বি* নীলবর্ণ পদ্মফুল; নীলপদ্ম; নীলোৎপল। **নীলকর** *বি,বিণ* নীলের আবাদকারী; পূর্বতন নীলচাষকারী ইউরোপীয় indigo planter। **নীলকান্তমণি** *বি* মণিবিশেষ; বহুমূল্য নীলবর্ণ প্রস্তর। **নীলকুঠি, নীলকুঠী** *বি* নীলকর সাহেবের কার্যালয়। **নীলগাই** *বি* এক প্রকার হরিণজাতীয় নীলবর্ণ পশু যা দেখতে গরুর মতো। **নীলপূজা** *বি* চৈত্রসংক্রান্তিতে অনুষ্ঠেয় হিন্দুদের শিবপূজা। **নীলবর্ণ শৃগাল** *বি* (আল.) ছদ্মবেশী ব্যক্তি। **নীলমণি** *বি* ১ নীলবর্ণ মণি। ২ শ্রীকৃষ্ণ। **নীললোহিত** *বি* ১ নীল ও লালবর্ণের সংমিশ্রণে উৎপন্ন বেগুনি রঙ। ২ হিন্দুদেবতা শিব।

নীলা *বি* মূল্যবান নীলবর্ণ রত্ন; বহুমূল্য প্রস্তর; sapphire। [স. নীলক>]

নীলাচল *বি* ১ উড়িষ্যায় অবস্থিত নীলগিরি পর্বতমালা। ২ জগন্নাথক্ষেত্র; পুরী। ৩ নীলবর্ণযুক্ত পাহাড়। [স. নীল+অচল]

নীলাঞ্জন *বি* ১ রসাঞ্জন। ২ তুঁতে। [স. নীল+অঞ্জন]

নীলাভ *বিণ* ঈষৎ নীলবর্ণ; নীল আভাযুক্ত। [স. নীল+আভা]

নীলাভ্র *বিণ* নীল আকাশ। [স. নীল+অভ্র]

নীলাম্বর *বি* ১ নীল আকাশ। ২ নীলবসন। ৩ নীলবর্ণ বস্ত্র পরিহিত বা পরিধানকারী। [স. নীল+অম্বর]

নীলাম্বরী *বি* নীলশাড়ি; নীলবস্ত্র। [স. নীল+অম্বরী]

নীলাম্বু, নীলাম্বুধি *বিণ* নীলবর্ণের অম্বু বা পানি যার—সমুদ্র, সাগর, জলধি। [স. নীল+অম্বু; অম্বুধি]

নীলিম *বিণ* নীলবর্ণ; নীলিমাযুক্ত। [স. নীল+ইমন্]

নীলিমা *বি* ১ নীল রং বা তার আভা। ২ নীলের ভাব; নীলত্ব। [স. নীল+ইমন্+আ]

নীলোৎপল *বি* নীলবর্ণবিশিষ্ট পদ্মফুল। [স. নীল+উৎপল]

নীহার, নিহার *বি* ১ হিমানী; তুষার। ২ বরফ। **নীহারস্ফোট** *বি* বৃহৎ বরফের পিণ্ড।

নীহারিকা *বি* মহাকাশে অবস্থিত নক্ষত্রপুঞ্জ; আকাশে দৃশ্যমান নক্ষত্রসদৃশ বহুবিস্তৃত বাষ্পীয় পদার্থ; nebula। [স. নীহার+ইক+আ]

নুটি *বি* সুতা আঁশ লোম প্রভৃতির জড়ানো আঁটি। [স. লোষ্ট্র>অথবা স. নড়>]

নুড়নুড়ি, নুন্নুড়ি *বি* ১ আলজিভ; আলজিহ্বা; উপজিহ্বা। ২ ঘণ্টার জিহ্বা বা দোলক; ঘুণ্টি। [স. নড়>নড়নড়> নন্নড়> ক্ষুদ্রার্থে ই/উ]

নুড়া, নুড়ো, লুড়া *বি* খড়ের আঁটি; তৃণের গুচ্ছ; শুষ্ক নল-খাগড়া প্রভৃতির আঁটি। **নুড়োমুখ** *বি* শুষ্ক তৃণগুচ্ছের মতো মুখ। [স. লোষ্ট্র>লুড়া, নুড়া, নুড়ো]

নুড়ি *বি* ১ পাথরের ছোট টুকরা। ২ ছোট পাথর; প্রস্তরখণ্ড। [স. লোষ্ট্র> লোট্টি>নুটি>নুড়ি]

নুদি *বি* ভুঁড়ি; পেটের চামড়ায় চর্বির ভাঁজ।

নুন *বি* লবণ। [স. লবণ>লোণ>নুন]। **নুন আনতে পান্তা ফুরোয়**—অত্যন্ত দারিদ্র্যের মধ্যে থাকা; একটা অভাব পূরণ হবার আগেই আরেকটি অভাব উপস্থিত হওয়া। **নুন খাওয়া** *ক্রি* ১ উপকার লাভ করা। ২ প্রদত্ত অন্ন খেয়ে অনুগত হওয়া। **নুন শোধা** *ক্রি* প্রত্যুপকার করা।

নুনিয়া *বি* ১ লবণ প্রস্তুতকারী জাতি। ২ শাকবিশেষ। ৩ পুরীতে সমুদ্রে সাঁতার দিতে পটু একটি জাতি। [প্রা. লনিয়া>]।

নুনু *বি* শিশু বা বালকের পুরুষাঙ্গ। (তুল. সোনা)

নুলা, নুলো *বি* বিড়ালের থাবা। □ *বিণ* ১ বিবশ; ঠুঁঠা। ২ হাত বিকল এমন; ছিন্ন বা ক্ষুদ্র হাতবিশিষ্ট। [বা. লুলা>]

নুসকা, নোসখা *বি* ব্যবস্থাপত্র; prescription। [আ. নুস্খা]

নূতন *বিণ* নব্য; অভিনব; নবীন; তরুণ; নতুন; নোতুন। [স. নব+তন]। **নূতনত্ব** *বি* অভিনবত্ব।

নূপুর *বি* ঘুঙুর; মঞ্জির; শিঞ্জিনী; পায়ের অলঙ্কারবিশেষ। [স.]

নেংচানো, নেঙচানো *ক্রি* খোঁড়ানো। [ফা. লঙ্গ>+বা. চানো]

নেংড়া, ল্যাংড়া *বিণ* খোঁড়া; খঞ্জ। (ল্যাংড়ার কথ্যরূপ)।

[ফা. লঙ্গ>নঙ্গ>নংড়ে+আ; লঙ্গ>লেংড়া]
নেংলা, ন্যাংলা *বিণ* অতিশয় কৃশ; খুব সরু; লম্বা ও কৃশ; লিকলিকে; হ্যাংলো। [তুল. গেংলো— কুৎসিত; ক্ষুদ্রাশয়; হ্যাংলা-পাতলা, শীর্ণ]
নেক *বি* পুণ্য; ভালো; মঙ্গল; সু। ❑*বিণ* পুণ্যবান (নেকবান্দা)। [ফা.]। **নেকি** *বি* সৎকাজ; পুণ্য।
নেকড়া, ন্যাকড়া *বি* ছিন্নবস্ত্র; জীর্ণবস্ত্রের টুকরা; ছেঁড়া কাপড়। **নেকড়ার আগুন**— *বি* যে ব্যাপার সহজে মেটে না অর্থাৎ নেকড়ার আগুনের মতোই ধুমিয়ে ধুমিয়ে জ্বলে। [স. নক্তক>]
নেকড়ে, নেকড়িয়া *বি* বৃক; কুকুরজাতীয় এক প্রকার হিংস্র পশু; wolf। [বা. তুল. হি. লকড়]
নেক নজর, নেক নযর *বি* ১ কৃপাদৃষ্টি; অনুকূলদৃষ্টি; অনুগ্রহদৃষ্টি; শুভদৃষ্টি; সুনজর।২ (ব্য.) কুনজর; অনুগ্রহহীন দৃষ্টি; ক্রোধ। [ফা. নেক+আ. নযর]
নেকনাম *বি* সুখ্যাতি; সুনাম। ❑*বিণ* সুবিখ্যাত; খ্যাত; সুনামবিশিষ্ট। [ফা.]। **নেকনামি** *বি* সুখ্যাতি; সুনাম।
নেকবক্ত, নেকবখ্‌ত *বিণ* সৌভাগ্যবান; পুণ্যবান। [ফা.]
নেকা[১] *বি* দ্বিতীয় বিয়ে; নিকাহ।
নেকা[২]**, ন্যাকা** *বিণ* নির্বুদ্ধিতা; অজ্ঞতা ও সততার ভান করে এমন; ভণ্ড। [ফা. নেক্]। **নেকি**[২] *বিণ স্ত্রী.*। **নেকামি, ন্যাকামো** *বি* অজ্ঞতার ভান। **নেকা সাজা, ন্যাকা সাজা** *ক্রি* জেনেও না জানার ভান করা; অজ্ঞতার ভান করা।
নেকাব *বি* স্ত্রীলোকের মুখাবরণ; ঘোমটা। [আ. নকাব]
নেকার বুকার *বি* বাচ্চাদের পোশাকবিশেষ।
নেকি, নেকী *বিণ* পুণ্য; সৎকাজ। [ফা.]
নেগা, নেগাহ *বি* ১ দৃষ্টি; লক্ষ্য। ২ কৃপা; কৃপাদৃষ্টি। [ফা. নিগাহ্]। **নেগাহবান, নেগাবান** *বিণ* ১ রক্ষণাবেক্ষণকারী। ২ সদয় দৃষ্টিসম্পন্ন।
নেছা *বি* নারী। [আ.]
নেজা[১]**, ন্যাজা**[১]**, লেজা, ল্যাজা** *বি* মাছের পুচ্ছভাগ। [বা. √লেজ>+আ]
নেজা[২]**, ন্যাজা**[২] *বি* বর্শা; বাণ। [ফা.]
নেজামত, নিযামত *বি* প্রধান শাসনকর্তার দফতর। [আ.]
নেটা, ন্যাটা *বিণ* বাঁ হাত বেশি চলে এমন; ডান হাতের কাজ বাঁ হাতে করে এমন। [হি. লওটা> (উল্টো বা বিপরীত কাজ করে যে)]
নেড়রি গেড়রি *বি* বোচকাবুচকি; লটবহর; জিনিসপত্র; বাচ্চা-কাচ্চা; নেদড়ি গেদড়ি। [বা. আঞ্চলিক]
নেড়া, ন্যাড়া *বি,বিণ* ১ যার কেশ মুণ্ড করা হয়েছে; মুণ্ডিত-মস্তক; মুণ্ডিতকেশ। ২ নগ্ন। ❑*বিণ* ১ পত্রপুষ্পহীন (নেড়া গাছ)। ২ বৃক্ষাদিশূন্য (নেড়া প্রান্তর)। ৩ অলঙ্কারহীন; নিরাভরণ (নেড়া হাত)। ৪ সজ্জাহীন; শোভাহীন; সৌন্দর্যশূন্য; অশোভন (নেড়া নেড়া দেখানো)। ❑*বি* ১ প্রাচীরহীন। ২ (ব্য.) বৈষ্ণব বৈরাগী; বৌদ্ধ ভিক্ষু (নেড়া-নেড়ীর দল)। **নেড়ী** *স্ত্রী.*। **নেড়ানেড়ী** *বি* ১ (ব্য.) বৈষ্ণব-বৈষ্ণবীগণ। ২ বৈষ্ণব সম্প্রদায়। [স. নগ্নাট> নাণ্ডা>নাড়া+ইয়া>নাড়িয়া>নাড়ে>নেড়া]
নেড়ে *বি,বিণ* (ব্য.) মূলে নেড়া মাথার বৌদ্ধ ভিক্ষু নির্দেশক (অবজ্ঞার্থে) পরে ঘৃণার্থে নেড়ামাথার মুসলিম দরবেশ— মাদারিয়া/কলন্দরিয়া নির্দেশক। আরো পরে তাচ্ছিল্যে মুসলমান নির্দেশক। [স. নগ্নাট>নাণ্ডা>নাড়া+ইয়া>নাড়িয়া>নেড়ে]
নেত *বি* প্রাচীনকালের সূক্ষ্ম রেশমি কাপড় বা পট্টবস্ত্র। [স. নেত্র>]। **নেতধটি** *বি* রেশমের তৈরি সূক্ষ্মবস্ত্র। **নেতবাস** *বি* তসরের কাপড়।
নেতা[১](-তৃ) *বিণ* ১ নিয়ে যায় এমন; পরিচালক; নায়ক। ২ পথপ্রদর্শক। ৩ সেনাপতি। ৪ প্রধান। ৫ অগ্রণী; অগ্রগামী। [স. √নী+তৃ]। **নেত্রী** *স্ত্রী.*। **নেতৃত্ব** *বি* নেতার পদ; পরিচালকের কাজ।
নেতা[২]**, ন্যাতা** *বি* ১ জীর্ণ মলিন বস্ত্রখণ্ড; কানি। ২ মেঝে মুছবার ছেঁড়া কাপড়। [নক্তক>ন্যাকড়া;>নওঅ> নেতা/ন্যাতা]
নেতা জোবড়া, ন্যাতা জাবড়া *বিণ* নোংরা বা অগোছালো।
নেতানো *ক্রি* অবসাদগ্রস্ত হওয়া; মিয়ানো। **নেতিয়ে পড়া** *ক্রি* অবসন্ন হয়ে পড়া। [স. নতানো>]
নেতিবাচক *বিণ* নিষেধার্থক; negative। [স. ন+ইতিবাচক]
নেত্র *বি* চক্ষু; চোখ; নয়ন। [স. √নী+ত্র]। **নেত্রগোচর** *বিণ* দৃষ্টিগোচর। **নেত্রচ্ছদ, নেত্রপল্লব** *বি* চোখের পাতা; নেত্রপক্ষ্ম। **নেত্রপাত** *বি* অবলোকন; দৃষ্টিপাত; দর্শন। **নেত্রমল** *বি* চোখের পিচুটি; কেতুর।
নেপটানো, ল্যাপটানো *ক্রি* লিপ্ত হওয়া; জড়িয়ে থাকা। [স. লিপ্ত>তুল. হি. লিপটনা]
নেপথ্য *বি* ১ রঙ্গমঞ্চের অন্তরালবর্তী জায়গা; প্রেক্ষাগৃহের আড়ালে বা গোপনীয় স্থান। ২ রঙ্গালয়ের সাজঘর বা সজ্জাগৃহ। ৩ অভিনেতা-অভিনেত্রীর সাজসজ্জা বা বেশভূষা। **নেপথ্যবিধান** *বি* বেশ-বিন্যাস; অভিনেতা-অভিনেত্রীর অভিনয়ের পূর্বে সাজগোজ। **নেপথ্যে** *ক্রিবিণ* ১ রঙ্গমঞ্চের আড়ালে। ২ (আল.) সাধারণের আড়ালে বা অগোচরে; গোপনে। [স. নে (নায়ক)+পথ্য (যোগ্য স্থান)।
নেপাল[১] *বি* ভারতের উত্তরে হিমালয়স্থ দেশের ও রাষ্ট্রের নাম; হিমালয়-কন্যা। **নেপালি** *বি* নেপালের অধিবাসী বা বাসিন্দা। ❑*বিণ* ১ নেপাল সম্পর্কিত। ২ নেপালে উৎপন্ন।
নেপাল[২]**, ন্যাপলা** *বি* মানুষের নাম। [স. নৃপাল> নিরিপাল> নেপাল> ন্যাপলা]
নেপো, নেপা, ন্যাপা *বিণ* পরস্বাপহারী (নৃপের ধারণা থেকে এ শব্দের উদ্ভব)। ❑*বি* ধূর্ত ব্যক্তি; বাটপাড়; অধিকারহীন চালাক ব্যক্তি। [স. নৃপাল>নেপাল>নেপো]। **যার ধন তার নয়, নেপোয় মারে দই**—পরিশ্রমী ব্যক্তিকে বঞ্চনা করে ধূর্ত লোকের ফলপ্রাপ্তি।
নেমি, নিমি *বি* চক্রপরিধি; চাকার বেষ্টনী; চাকার বেড়। [স. √নী+মি=নীমি>নেমি]
নেয়াপাতি *বিণ* কোমল শাঁসযুক্ত; কচি (নেয়াপাতি ডাব)। [স. স্নেহ+পত্র=স্নেহপত্র> নেহপত্ত>নেয়াপাত> নেয়াপাতি]
নেয়ার, নেয়াড় *বি* চওড়া ফিতা যা খাট ছাওয়া ও মশারি ইজার-পাজামা ইত্যাদির কাজে ব্যবহৃত হয়। [হি. নেবার>নেওয়াড়>নেয়াড়/নেয়ার]
নেশা, নিশা *বি* ১ মত্ততা; মাদকতা। ২ অত্যন্ত আসক্তি, প্রবল ঝোঁক (চোখের নেশা)। ৩ মাদক দ্রব্য। ৪ মোহ; বিহ্বলতা। [আ. নশা]। **নেশা করা** *ক্রি* মাদকদ্রব্য সেবন করা। **নেশা কাটা** *ক্রি* মোহ কাটিয়ে ওঠা; মাদকের ঘোর

মুক্ত হওয়া। ❑*বিণ* মোহ দূরীভূত; মাদকের প্রভাবমুক্ত। **নেশাখোর** *বিণ* মাদকদ্রব্য সেবন করে এমন; মাদক–দ্রব্যসেবী। [আ. নশা+ফা. খোর]
নেহ[১] *ক্রি* লহ; গ্রহণ কর; লও।
নেহ[২] *বি* (জিহ্বা দ্বারা) চাটা; অবলেহন। [স. লেহন>]
নেহ[৩], **নেহা** *বি* স্নেহ; প্রীতি; আদর; প্রণয়। [ব্রজ.; স. স্নেহ>নেহ]
নেহাত, নিহায়েৎ *অব্য* ১ একান্ত; নিদেনপক্ষে; নিতান্ত। ২ সম্পূর্ণ; যারপর নেই; একেবারে। [ফা. নিহায়ৎ]
নেহার, নিহারা *ক্রি* দর্শন করা; দেখা; নিরীক্ষণ করা। **নেহারনু, নিহারনু** (ব্র.) *ক্রি* দেখলাম। **নেহারল, নিহারিল** *ক্রি* দেখল। [স. নিভালন> নিহালন> নিহাল> নিহার> নেহাল> নেহার। তুল. হি. নিহারনা]। **নেহারহ, নেহারত** (ব্র.) *ক্রি* দেখে।
নেহাল, নেয়াল *বিণ* ১ সুখী; পরিতৃপ্ত; পরিতুষ্ট। ২ ধনশালী; আঢ্য। ❑*বি* ১ চারাগাছ; কলমের চারা। ২ তোষক; গদি। [ফা. নিহাল]
নেহালি *বি* ১ গদি; কার্পেট। ২ নবমল্লিকা ফুলবিশেষ। [ফা.]
নেহালে *ক্রি* নেত্রপাত করে; দেখে; দর্শন করে। [স. নিভালন>নিহালন>নিহাল>নেহাল (দর্শন)।
নৈ *বিণ* ১ নদী। ২ নবজাত; নবপ্রসূত। ৩ গোবৎস বা ছাগশিশু। [স. নবীন> নবী>নঈ>নই>নৈ]
নৈঃশব্দ্য, নৈশব্দ *বি* শব্দহীনতা। [স. নিঃশব্দ+য়/ নিশব্দ+অ]
নৈকট্য *বি* নিকটত্ব; নিকটস্থ; সামীপ্য। [স. নিকট+য]
নৈকষেয় *বি* নিকষার পুত্র; রাবণ; কুম্ভকর্ণ ও বিভীষণ। [স. নিকষা+এয় (অপত্যার্থে)]
নৈকষ্য *বিণ* ১ বিশুদ্ধ; খাঁটি (নৈকষ্য কুলীন)। ২ নিকষে পরীক্ষা করা হয়েছে এমন। [স. নিকষ+য]
নৈচা, নৈচে *বি* হুঁকার নলচে; হুঁকার খোলে যে সছিদ্র কাষ্ঠদণ্ড লাগানো থাকে। [ফা. নইচহ্]
নৈতিক *বিণ* নীতিঘটিত; নীতিসংক্রান্ত। [স. নীতি+ইক]
নৈপুণ্য *বিণ* ১ নিপুণতা; কৌশল; চাতুর্য; দক্ষতা। ২ পারিপাট্য। [স. নিপুণ+য]
নৈবচ *অব্য* এমন নয়। **নৈবচ নৈবচ** *অব্য* কখনই তা নয়; কখনই হবে না। [স. ন+এব+চ]
নৈমিত্তিক *বিণ* ১ প্রয়োজনের জন্য এমন; প্রয়োজনার্থক; আপতিক; casual। ২ নিমিত্তবেত্তা; শুভাশুভ লক্ষণ জানে এমন; দৈবজ্ঞ। [স. নিমিত্ত+ইক]
নৈমিষারণ্য *বি* হিন্দু পুরাণে বর্ণিত প্রাচীন তপোবন। [স. নৈমিষ+ইক]
নৈয়ায়িক *বি* ১ ন্যায়শাস্ত্রবিদ। ২ তার্কিক। [স. ন্যায়(ঐ)+ইক]
নৈরাজ্য *বি* অরাজকতা; anarchy। [স. নিরাজ+য]
নৈরাশ্য, নৈরাশা (অশু.) *বি* আশাহীনতা; ভরসাহীনতা; নিরাশা; হতাশা। [স. নিরাশ+য>]
নৈর্ঋত *বি* ১ দক্ষিণ–পশ্চিম কোণ; দক্ষিণ ও পশ্চিম দিকের মধ্যবর্তী দিক। ২ রাক্ষস। [স. নির্ঋত+অ]
নৈর্ব্যক্তিক *বিণ* ১ কোনো ব্যক্তির সঙ্গে সম্পর্কশূন্য; নির্বিশেষ; impersonal। ২ অপৌরুষেয়। [স. নির্ব্যক্তি+ইক]
নৈশ *বিণ* ১ নিশাকালীন; রাত্রিকালীন (নৈশ ভোজ)। ২ রাত্রিসম্পর্কিত; রাতসম্বন্ধীয়। [স. নিশা+অ]
নৈষধ *বি* নিষধ দেশের রাজা নল; ঐ দেশের অধিবাসী। ❑*বিণ* নিষধসম্বন্ধীয়; নিষধ দেশীয়। **নৈষধীয়** *বিণ* নলরাজ সম্বন্ধীয়। [স. নিষধ+অ(ষ্ণ)]
নৈষ্ঠিক *বিণ* ১ নিষ্ঠাযুক্ত; ব্রতবিশেষে আসক্ত; নিষ্ঠাবান। ২ নিষ্ঠাসম্বন্ধীয়। [স. নিষ্ঠ+ইক]
নৈসর্গিক, নৈসর্গিকী *বিণ* ১ অন্তর্জাত; জন্মগত। ২ নিসর্গজাত; প্রাকৃতিক; স্বাভাবিক; natural। [স. নিসর্গ+ইক]
নোংরা *বি* আবর্জনা; ময়লা; জঞ্জাল (নোংরা পরিষ্কার করা)। ❑*বিণ* ১ ঘৃণ্য। ২ অশুদ্ধ; অপবিত্র; অশুচি। ৩ অশ্লীল। [স. ন্যক্কার>]। **নোংরা কথা** *বি* অশ্লীল আলোচনা; অশ্লীল কথা। **নোংরামি, নোংরামো** *বি* কুৎসিত ব্যবহার; নোংরা আচরণ; নোংরাভাব।
নোক্তা, নোকতা *বি* বিন্দু; আরবি ফারসি অক্ষরে যেসব বিন্দু যুক্ত থাকে। [আ. নুক্তঃ]। **নোকতা ধরা** *ক্রি* দোষ ধরা; ত্রুটি খোঁজা।
নোট *বি* ১ স্মারক লেখা। ২ চিরকুট; টীকা; টিপ্পনী; অর্থপুস্তক। ৩ চিঠিপত্র। ৪ কাগজের টাকা; currency note। [ই. note]। **নোট করা** *ক্রি* সংক্ষিপ্ত করে টুকে রাখা বা লিখে রাখা। **নোট দেওয়া** *ক্রি* মতামত জানানো; সংক্ষিপ্তভাবে লিখে দেওয়া।
নোটন *বি* নৃত্যশীল পায়রাবিশেষ। ❑*বিণ* প্রশস্ত; বিস্তারিত।
নোটিস, নোটিশ *বি* সংবাদ; বিজ্ঞাপন; ইস্তেহার; বিজ্ঞপ্তি; সূচনা। [ই. notice]
নোড় *বি* আমলকীর আকৃতি সাদা টক ফলবিশেষ।
নোড়া, লোড়া *বি* প্রস্তরনির্মিত ছোট পেষণদণ্ড; পেষণী; মসলা ইত্যাদি বাটার পাথর; পুতা। [স. লোষ্ট্র>লোটঅ+লোড়>নোড়+আ]
নোনতা *বি* কচুরি; নিমকিজাতীয় খাবার। ❑*বিণ* লবণাক্ত। [স. লবণ>লৌন>নোন+তা]
নোনা[১] *বিণ* লবণাক্ত। **নোনা ধরা, নোনা লাগা** *ক্রি* ইট দেয়াল প্রভৃতি জীর্ণ হলে তাতে মাটির লবণ অংশ ফুটে ওঠা। [স. লবণ>লৌন>নোন+আ]
নোনা[২] *বি* আতাজাতীয় ফল। [পো. anona]
নোয়া[১], **নুয়া** *বি* লৌহনির্মিত হাতের অলঙ্কার যা সধবার নিদর্শন হিসেবে হিন্দু সধবা নারীরা ব্যবহার করে। [স. লোহ+আ>নোয়া]
নোয়া[২] *ক্রি* ঝুঁকে পড়া; নত বা অবনত হওয়া; মাথা নিচু করা। ❑*বি, বিণ* অবনত; নত; ঝোঁকা। **নোয়ানো** *ক্রি* নত করা; ঝুঁকিয়ে দেওয়া। ❑*বি, বিণ* নতকরণ। [স. নত>নুই>ণিজন্ত নুয়ান/ নোয়ান]
নোলক *বি* নাকের ফুল; নাসিকার এক প্রকার অলঙ্কার। [স. লোলক; হি. নোলক; বা. >নোলক(দোলক)]
নোলা *বি* ১ জিহ্বা; লোলা। ২ আহারে লোভ। [স. লোলা>]। **নোলাদাগা** *বিণ* ১ লোলুপ; লোভী। ২ পেটুক। **নোলা বাড়ানো** *ক্রি* খাবার লোভ করা।
নৌ *বি* নাও; তরণী; পোত; জলযান। [স.]। **নৌপথ** *বি* নদী–পথ। **নৌবল, নৌবাহিনী** *বি* জলযুদ্ধে প্রয়োগযোগ্য সৈনিক ও জাহাজের সমষ্টি। **নৌবিদ্যা** *বি* নৌকা জাহাজ

ইত্যাদি নির্মাণ; নৌকা জাহাজ ইত্যাদি চালনার বিদ্যা। **নৌযুদ্ধ** *বি* জলযুদ্ধ।

নৌকতা *বি* লৌকিকতা; সামাজিক আদান প্রদান বা আচার ব্যবহার (আঞ্চলিক)। [স. লৌকিকতা>নৌকতা]

নৌকা *বি* ১ নাও; তরণী; জলযান; পোত; তরী। ২ দাবাখেলার ঘুঁটিবিশেষ। [স. নৌ+ক+আ]। **নৌকাপথ** *বি* নদীতে নৌকা চলাচলের পথ; জলপথ; নদীপথ। **নৌকাবিলাস, নৌকাবিহার, নৌকালীলা** *বি* ১ নৌকায় চড়ে বেড়ানো। ২ শ্রীকৃষ্ণকীর্তনে ও পদাবলীতে শ্রীকৃষ্ণের রাধিকা ও গোপীগণসহ যে লীলা। **নৌকাযাত্রী** *বি, বিণ* যে নৌকায় যাত্রা করে। **নৌকারোহী**(-হিন্) *বিণ* নৌকায় আরোহণ করে এমন; জলপথের যাত্রী; নৌকাযাত্রী। **দুই নৌকায় পা দেওয়া**—(আল.) দুই চলমান নৌকায় দুই পা রাখলে যেমন জলে পড়ে যাওয়া অবশ্যম্ভাবী সেরূপ দুই মত বা দলের সমর্থকের বিপন্ন অবস্থা।

ন্যক্কার, ন্যাকার *বি* ১ ভীষণ ঘৃণার বিষয়। ২ বমি; বমন। ৩ ধিক্কার। [স. ন্যক+কার/ন্যক+√কৃ+অ]। **ন্যক্কারজনক** *বিণ* ১ অতিশয় ঘৃণাজনক। ২ অত্যন্ত নিন্দনীয়; ধিক্কারজনক। ৩ বমনোদ্রেককর।

ন্যস্ত *বিণ* ১ ভার দেওয়া হয়েছে এমন; অর্পিত; সমর্পিত; প্রদত্ত। ২ রক্ষিত; গচ্ছিত। ৩ বিন্যস্ত; বিন্যস্তকৃত। ৪ নিক্ষিপ্ত; পতিত। ৫ স্থাপিত; প্রতিষ্ঠিত; নিহিত। [স. নি+√অস্+ত]

ন্যাংটা, ন্যাংটো *বিণ* বিবস্ত্র; উলঙ্গ; দিগম্বর। [স. নগ্নাট>]। **ন্যাংটাগোরা** *বি* স্কটল্যান্ডের পর্বত অঞ্চলের অধিবাসী; খাটো প্যান্ট পরতে অভ্যস্ত বলে তাদের এরূপ বলা হয়।

ন্যাবা, নেবা *বি* রোগবিশেষ; পাণ্ডুরোগ; কামলা রোগ; কাঁওলা রোগ; jaundice।

ন্যায্য *বিণ* ১ যুক্তিযুক্ত; ন্যায়সঙ্গত; উচিত। ২ যোগ্য। ☐ *বি* **ন্যায্যতা**। [স. ন্যায়+য]। **ন্যায্য পাওনা-গণ্ডা** *বি* ন্যায় অনুসারে প্রাপ্য অর্থ বা অন্য দ্রব্য। [স. ন্যায্য+গণ্ডক>প্রা. গণ্ডঅ>বা. গণ্ডা]

ন্যায়[১] *বি* ১ নীতি; যুক্তি; যাথার্থ্য; সত্য; সুবিচার যা সত্যে নিয়ে যায়। ২ তর্কশাস্ত্র; ন্যায়দর্শন; আন্বীক্ষিকী বিদ্যা; গৌতম-রচিত দর্শন শাস্ত্রবিশেষ। অন্যায় *বিপ*। **ন্যায়কর্তা** *বি* ১ বিচারক; বিচারকর্তা; যিনি বিচার করেন; জজ। ২ ন্যায়প্রণেতা; ন্যায়শাস্ত্র-প্রণেতা। **ন্যায়ত, ন্যায়তঃ**(-তস্) *ক্রিবিণ* সুবিচার অনুসারে; সুবিচারমতো। **ন্যায়নিষ্ঠ, ন্যায়পর, ন্যায়পরায়ণ, ন্যায়বান** *বিণ* ন্যায় মেনে চলে এমন। **ন্যায়নিষ্ঠা, ন্যায়নিষ্ঠতা, ন্যায়পরতা, ন্যায়পরায়ণতা, ন্যায়বত্তা, ন্যায়পথ, ন্যায়মার্গ** *বি* ১ ধর্মপথ; সত্যপথ; সঙ্গত-পথ। ২ ন্যায্য উপায়; ন্যায়সঙ্গত পদ্ধতি। **ন্যায়বিচার** *বি* পক্ষপাতশূন্য বিচার; ন্যায্য বিচার। **ন্যায়সঙ্গত, ন্যায়সম্মত** *বিণ* ন্যায্য; যুক্তিযুক্ত; ধর্মসঙ্গত। [স. নি+√ই+অ/নি+ √অয়্+অ]

ন্যায়[২] *অব্য* (বা.) মতো; তুল্য; সদৃশ; মতন।

ন্যায়বাগীশ *বিণ* ন্যায়শাস্ত্রে সুপণ্ডিত।

ন্যায়বাদী(-দিন্) *বিণ* সত্যবাদী।

ন্যায়াধীশ (পরিভাষা) *বি* বিচারক; বিচারপতি; জজ। [স. ন্যায়+অধীশ]

ন্যায়ালঙ্কার, ন্যায়তীর্থ, ন্যায়চঞ্চু, ন্যায়রত্ন *বি* ১ ন্যায়শাস্ত্রে বিশিষ্ট জ্ঞান লাভজ্ঞাপক উপাধি। ২ পণ্ডিত। [স. ন্যায়+অলঙ্কার]

ন্যাস *বি* ১ গচ্ছিত বস্তু বা সম্পত্তি; trust। ২ গচ্ছিত বস্তু বা বিষয় রক্ষা। ৩ গচ্ছিত বস্তু রক্ষার ভার; জিম্মা। ৪ অর্পণ; প্রদান। ৫ রক্ষণ; রক্ষণাবেক্ষণ। ৬ জ্ঞাপন; আরোপণ; নিবেশন। ৭ ত্যাগ; বর্জন; পরিহার (কর্মন্যাস)। ৮ প্রাণায়াম; শ্বাস গ্রহণ ধারণ ও ত্যাগ; যোগসাধনার একটি অঙ্গ। [স. নি+√অস্+অ]। **ন্যাসরক্ষক** *বি, বিণ* গচ্ছিত বস্তুর রক্ষাকর্তা; অর্পিত সম্পত্তির রক্ষাকারী; জিম্মাদার।

ন্যাসী *বি, বিণ* ১ ত্যাগী; বিরাগী; ভোগলালসা বিমুখ। ২ সন্ন্যাসী। [স. নি+√অস্+অ=ন্যাস+ঈ]

ন্যুব্জ *বিণ* ১ কুব্জ; কুঁজো; বক্রপৃষ্ঠ। ২ বক্র। ৩ উপুড়। [স. নি+√উব্জ্+অ]

ন্যূন *বিণ* অপেক্ষাকৃত অল্প; তুলনায় কম। [স. নি+√ঊন্+অ]। **ন্যূনকল্প** *অব্য* অন্তত; at least। **ন্যূনকল্পে, ন্যূনপক্ষে** *ক্রিবিণ* কম করে ধরলে; নিদানপক্ষে; at least। **ন্যূনতা, ন্যূনত্ব** *বি* অপেক্ষাকৃত অল্পতা; তুলনায় কমের ভাব। **ন্যূনাধিক** *বিণ* ১ কমবেশি; বেশিকম। ২ প্রায় (ন্যূনাধিক পাঁচশত)। **ন্যূনাধিক্য** *বি* কমবেশির ভাব; তারতম্য; অল্পতা ও আতিশয্য; অল্পত্ব ও আধিক্য।

প

প বাংলা বর্ণমালার একুশতম ব্যঞ্জনবর্ণ।

পইঠা, পৈঠা *বি* সিঁড়ির ধাপ।

পইতা, পৈতা *বি* উপবীত—যা ব্রাহ্মণরা গলায় পরেন। [স. পবিত্র>]

পইথান *বি* বিছানার যে দিকে পা থাকে।

পইপই *অব্য* বার বার; পুনঃপুন। [স. পদে পদে>]

পঙখ-পাখালি *বি* পশু-পাখি।

পঁচাত্তর *বি, বিণ* ৭৫ সংখ্যা বা সংখ্যক। [স. পঞ্চসপ্ততি>]

পঁচানব্বই, পঁচানব্বুই *বি, বিণ* ৯৫ সংখ্যা বা সংখ্যক। [স. পঞ্চনবতি>]

পঁচাশি, পঁচাশী *বি, বিণ* ৮৫ সংখ্যা বা সংখ্যক। [স. পঞ্চাশীতি>]

পঁচিশ *বি, বিণ* ২৫ সংখ্যা বা সংখ্যক। [স. পঞ্চবিংশতি>]। **পঁচিশে** *বিণ* মাসের পঁচিশ তারিখ (পঁচিশে বৈশাখ)।

পঁয়তাল্লিশ *বি, বিণ* ৪৫ সংখ্যা বা সংখ্যক। [স. পঞ্চচত্বারিংশৎ>]

পঁয়ত্রিশ *বি, বিণ* ৩৫ সংখ্যা বা সংখ্যক। [স. পঞ্চত্রিংশৎ>]

পঁয়ষট্টি *বি, বিণ* ৬৫ সংখ্যা বা সংখ্যক। [স. পঞ্চষষ্টি>]

পকেট *বি* জামার সংলগ্ন থলি; জেব। [ই. pocket]। **পকেটমার** *বিণ* গাঁটকাটা; অন্যের পকেট থেকে অর্থাদি গোপনে তুলে আত্মসাৎকারী। **পকেট মারা** *ক্রি* পকেট থেকে অপহরণ করা।

পক্ব *বিণ* ১ সাদা (পক্ব কেশ)। ২ পাকা; কাঁচার বিপরীত

(পক্বফল)। ৩ পরিণত; পটু (পক্কবুদ্ধি)। ৪ রান্না করা হয়েছে এমন (পক্বান্ন)।

পক্ষ *বি* ১ চন্দ্রের হ্রাসবৃদ্ধিজনিত কাল; মাসার্ধ; প্রতিপদ থেকে পূর্ণিমা পর্যন্ত পঞ্চদশ তিথি। ২ পাখির ডানা বা পালক; পাখা। ৩ বাণের পাখা বা পুচ্ছ। ৪ দল; গোষ্ঠী; সম্প্রদায় (মিত্রপক্ষ)। ৫ সহায়; অবলম্বন। ৬ দিক (অন্যপক্ষে)। ৭ বিশেষ ব্যবস্থা (পারতপক্ষে)। ৮ বিতর্কে প্রশ্ন বা উত্তর (উত্তর-পক্ষ, পূর্বপক্ষ)। ৯ পার্শ্ব (পক্ষাঘাত)। ১০ পরিবার; পত্নী; ভার্যা (প্রথম পক্ষ, দ্বিতীয় পক্ষ); স্ত্রী। ১১ বিবাহ; পরিগ্রহ (দ্বিতীয় পক্ষের পরিবার)। [স.]। **পক্ষগ্রহণ** *বি* কোনো বিশেষ দলকে সমর্থন। **পক্ষচ্ছেদ** *বি* পালক বা ডানা ছিন্নকরণ; পাখাকাটা। **পক্ষজ, পক্ষধর** *বি* চন্দ্র; কলাধর। **পক্ষপাত** *বি* একপক্ষের প্রতি বেশি অনুরাগ বা সমর্থন; একদিকে টান বা আকর্ষণ বা আসক্তি। **পক্ষপাতিতা, পক্ষপাতিত্ব** *বি* পক্ষপাত। **পক্ষপাতী**(-তিন্) *বিণ* একপক্ষের প্রতি বেশি অনুরক্ত; পক্ষপাতযুক্ত। **পক্ষপুট** *বি* ডানার ভিতর পক্ষরূপ আধার বা আবরণ। **পক্ষবল** *বি* ১ পাখা বা ডানার বল। ২ সহায়কবর্গ; সাহায্যকারী; সেনাদল; রাজশক্তি। ৩ দলস্থ লোকদের জোর। **পক্ষল** *বিণ* ডানাযুক্ত; পাখা বিশিষ্ট। **পক্ষসঞ্চালন** *বি* পাখা সঞ্চরণ; পালক বা ডানা ঝাপটানো। **পক্ষসমর্থন** *বি* পক্ষাবলম্বন।

পক্ষাঘাত *বি* একপার্শ্বের অঙ্গ অবশ হয়ে পড়ে এমন ব্যাধিবিশেষ। [স. পক্ষ+আঘাত]

পক্ষান্তর *বি* অন্যপক্ষ; যা বিচার বিবেচনা করা হয় এরূপ; বিষয়ের অপর দিক বা অবস্থা। [স. পক্ষ+অন্তর]। **পক্ষান্তরে** *বি* অন্যপক্ষে; অপরপক্ষে; পরন্তু।

পক্ষাপক্ষ *বি* ১ একবার একপক্ষ আর একবার অন্য পক্ষ; স্বপক্ষ ও বিপক্ষ। ২ শত্রুমিত্র। ৩ দলাদলি। [স. পক্ষ+অপক্ষ]

পক্ষী *বি* পাখি; বিহঙ্গ; বিহঙ্গম; শকুন্ত; খগ। [স. পক্ষ+ইন্]। পক্ষিণী *স্ত্রী*। **পক্ষিরাজ** *বি* ১ পক্ষীদের রাজা; পাখিদের মধ্যে শ্রেষ্ঠ। ২ গরুড়। ৩ রূপকথার কাল্পনিক পাখাযুক্ত ঘোড়া।

পক্ষীয় *বিণ* পক্ষসংক্রান্ত; দলীয়; দলভুক্ত। [স.]

পক্ষোদ্গম, পক্ষোদ্ভেদ *বি* পাখির অঙ্গে ডানার বা পাখার উদ্গম বা উৎপত্তি। [স. পক্ষ+উদ্গম, উদ্ভেদ]

পক্ষ্ম(-ক্ষ্মন্) *বি* ১ চোখের পাতার লোম। ২ পাখির পালক বা পাখা। [স.]

পগার *বি* ১ জমির সীমা নির্ধারক নালা। ২ ডোবা; নালা। ৩ (অর্থান্তরে) প্রাকার; দেয়াল। [স. প্রাকার>প্রা. পাগার>পগার]। **পগার-পার** *বি* পলায়ন; চম্পট; উধাও। ❑ *বিণ* পলাতক। **পগার পার হওয়া** *ক্রি* (আল.) পালিয়ে সীমানার বাইরে যাওয়া।

পঙ্ক *বি* ১ পাঁক; কর্দম; কাদা। ২ চন্দনাদি ঘর্ষণে প্রস্তুত কাদার ন্যায় প্রলেপ। [স.]। **পঙ্কজ** *বি* পদ্ম; কমল। ❑ *বিণ* কর্দমজাত। **পঙ্কজা** *স্ত্রী*। **পঙ্কজিনী** *বি* ১ যেখানে পদ্ম জন্মে এরূপ পুকুরবিশেষ। ২ পদ্মের ঝাড়। **পঙ্কেরুহ** *বি* পদ্ম। **পঙ্কিল** *বিণ* পঙ্কময়; কর্দমাক্ত; কাদাপূর্ণ। **পঙ্কিলতা** *বি* কর্দমাক্ততা। **পঙ্কোদ্ধার** *বি* পাঁক তুলে ফেলে জলাশয় পরিষ্কারকরণ। [স. পঙ্ক+উদ্ধার]

পঙ্ক্তি, পংক্তি *বি* ১ পাঁতি; দল; সারি; শ্রেণী। ২ লেখার সারি; লাইন। [স.]। **পঙ্ক্তিদূষক** *বি* হিন্দুসমাজে যার সাথে এক পঙ্ক্তিতে বসে ভোজন করলে পঙ্ক্তিসমেত দূষিত হয়; অপাঙ্ক্তেয়। **পঙ্ক্তিভোজন** *বি* এক পঙ্ক্তি বা সারিতে বসে ভোজন।

পঙ্খি, পংখী *বি* পাখি। ❑ *বিণ* পাখির আকারযুক্ত (ময়ূরপঙ্খি)। [স. পক্ষী>]

পঙ্গপাল, পংগপাল *বি* ১ ফড়িংজাতীয় পতঙ্গের দলবিশেষ যা খেতের শস্যাদি বিনাশ করে। ২ অসংখ্য লোকের দল। [স. পতঙ্গপালি>]

পঙ্গু, পংগু *বিণ* ১ চলৎশক্তিরহিত; বিকল পদ। ২ খোঁড়া। [স.]

পচন[১] *বি* ১ রন্ধন; পাককরণ; সিদ্ধকরণ। ২ পরিপাক। [স. √পচ্+অন]

পচন[২] *বি* গলন; বিকৃতি; পচে যাওয়া। **পচনশীল** *বিণ* সহজে পচে যায় এমন। [স. √পচ্+অন]

পচা *ক্রি* পচে যাওয়া; গলে যাওয়া; বিকৃত হওয়া; দুর্গন্ধযুক্ত হওয়া। ❑ *বি* পচন। ❑ *বিণ* পচে গিয়েছে বা গলে গিয়েছে এমন; বিকৃত; দুর্গন্ধময়। [স. √পচ্+বা. আ]। **পচাগরম** *বি* গ্রীষ্মের অসহ্য গরম। **পচানো** *ক্রি* দূষিত করা; বিকৃত বা বিনষ্ট করা। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।

পচাই *বি* ভাত পচিয়ে চোলাই করে প্রস্তুত মদবিশেষ; ধেনো মদ।

পচানি *বি* ১ পচা দ্রব্যাদির রসবিশেষ। ২ ভাত প্রভৃতি পচিয়ে প্রস্তুত মদ। ৩ পচন। [স. √পচ্+বা. আনি]

পচ্য *বি* পাকের যোগ্য; রন্ধনের উপযোগী। ❑ *বিণ* পরিপাক হয় এমন। [স. √পচ্+য]

পছন্দ, পসন্দ *বিণ* ১ মনের মতো; মনঃপূত; ইচ্ছানুযায়ী মনোনীত। ২ নির্বাচিত। ❑ *বি* নির্বাচন; মনোনয়ন; রুচি। [ফা.]। **পছন্দসই** *বিণ* রুচিমাফিক; মনের মতো।

পজ্ঝটিকা *বি* ষোলো মাত্রার ছন্দবিশেষ। [স.]

পঞ্চ(-ঞ্চন্) *বি, বিণ* পাঁচ; পাঁচ সংখ্যক। [স.]। **পঞ্চ-উপাসক, পঞ্চোপাসক** *বি* হিন্দুদের মধ্যে গাণপত্য সৌর শাক্ত বৈষ্ণব ও শৈব--এই পাঁচ শ্রেণীর উপাসকবিশেষ। **পঞ্চক** *বি* পাঁচজন; পাঁচের সমষ্টি। **পঞ্চকর্ম** *বি* বমন বিরেচন নস্য নিরূহ এবং অনুবাসন—আয়ুর্বেদ চিকিৎসাশাস্ত্রের এই পাঁচ প্রকার শারীরিক ক্রিয়া। **পঞ্চকোষ** *বি* (বেদান্ত শাস্ত্রের) অন্নময় কোষ প্রাণময় কোষ মনোময় কোষ জ্ঞানময় কোষ ও আনন্দময় কোষ—আত্মার এই পঞ্চবিধ আবরণ। **পঞ্চক্রোশী** *বিণ* পঞ্চক্রোশ পরিমাণ এমন। ❑ *বি* বারাণসী। **পঞ্চগব্য** *বি* দই দুধ ঘি গোময় এবং গোমূত্র—এই পঞ্চ পদার্থ। **পঞ্চগুণ** *বি* রূপ রস গন্ধ শব্দ স্পর্শ—এই পাঁচটি গুণ। **পঞ্চগৌড়** *বি* সরস্বতী নদীর তীরস্থ প্রদেশ এবং কনৌজ উৎকল মিথিলা এবং গৌড়। **পঞ্চচামর** *বি* ষোড়শ অক্ষরবিশিষ্ট সংস্কৃত ছন্দ। **পঞ্চজন** *বি* ১ পঞ্চভূত থেকে জাত। ২ গ্রামের পাঁচজন। ৩ (হিন্দু পুরাণের) হিরণ্যকশিপুর পৌত্র অসুরবিশেষ, কৃষ্ণ একে বধ করে এর অস্থি থেকে পাঞ্চজন্য শঙ্খ নির্মাণ করেন। **পঞ্চতন্ত্র** *বি* বিষ্ণুশর্মা কর্তৃক রচিত সংস্কৃত গল্পগ্রন্থ। **পঞ্চতপা, পঞ্চতপাঃ** *বি, বিণ* উপরে সূর্য এবং চার পাশে চারটি অগ্নিকুণ্ড এই পঞ্চ অগ্নির মধ্যে তপস্যা করেন এমন তপস্বী। **পঞ্চতিক্ত** *বি* নিম গুলঞ্চ বাসক পলতা ও কণ্টকারী। **পঞ্চতীর্থ** *বি* কাশীর

পাঁচটি তীর্থভূমি—জ্ঞানবাদী নন্দিকেশ্বর তারকেশ্বর মহাকালেশ্বর এবং দণ্ডপাণি। **পঞ্চত্ব** *বি* ক্ষিতি অপ তেজ মরুৎ ব্যোম—এই পঞ্চভূতে পরিণতি; মৃত্যু। **পঞ্চত্বপ্রাপ্ত** *বিণ* মৃত। **পঞ্চত্বপ্রাপ্তি** *বি* মৃত্যু। **পঞ্চদশ** *বি,বিণ* পনেরো সংখ্যা বা সংখ্যক। **পঞ্চদশী** *বিণ* পঞ্চদশ স্থানীয়া; পনেরো বৎসর বয়স্কা। ☐ *বি* ১ পূর্ণিমা বা অমাবস্যা। ২ বেদান্ত গ্রন্থ। **পঞ্চদেবতা** *বি* আদিত্য রুদ্র গণেশ গৌরী ও কেশব—হিন্দুদের এই পাঁচ দেবতা। **পঞ্চধা** *ক্রিবিণ* ১ পাঁচবার। ২ পাঁচ রকমে; পাঁচ প্রকারে। **পঞ্চনখ** *বিণ* পঞ্চনখবিশিষ্ট (শশক সজারু গোসাপ কূর্ম ও গণ্ডার পঞ্চনখযুক্ত বলে প্রসিদ্ধ)। **পঞ্চনদ** *বি* ১ শতদ্রু ইরাবতী বিপাশা চন্দ্রভাগা ও বিতস্তা—এই পাঁচটি নদীবিধৌত পাঞ্জাব প্রদেশ। ২ কিরণা ধূতপাপা সরস্বতী গঙ্গা ও যমুনা—এই পাঁচটি নদীযুক্ত তীর্থভূমি। **পঞ্চনিম্ব** *বি* নিমগাছের মূল ত্বক পাতা ফুল ও ফল। **পঞ্চপল্লব** *বি* আম্র অশ্বত্থ বট প্লক্ষ এবং যজ্ঞডুমুর গাছ ও তার পাতা। **পঞ্চপাণ্ডব** *বি* যুধিষ্ঠির ভীম অর্জুন নকুল ও সহদেব—এই পঞ্চভ্রাতা। **পঞ্চপাত্র** *বি* দেবপক্ষদ্বয় ও পিতৃপক্ষ-ত্রয়—এই পঞ্চপাত্রের জন্য করণীয় শ্রাদ্ধ। **পঞ্চপিতা** *বি* জন্মদাতা ভয়ত্রাতা শ্বশুর অন্নদাতা ও দীক্ষাদাতা। **পঞ্চপিত্ত** *বি* ছাগল মহিষ বরাহ ময়ূর ও মৎস্যের পিত্ত। **পঞ্চপ্রদীপ** *বি* হিন্দুদের দেবতার আরতি করবার জন্য পঞ্চমুখ প্রদীপবিশেষ। **পঞ্চপ্রেত** *বি* পঞ্চভূত। **পঞ্চবটী** *বি* অশ্বত্থ বিল্ব বট অশোক ও আমলকী—এই পাঁচপ্রকার গাছের বন। ☐ *বিণ* রামায়ণে বর্ণিত বন। **পঞ্চবাণ, পঞ্চশর** *বি* ১ হিন্দুপুরাণ মতে মদনের সম্মোহন উন্মাদন শোষণ তাপন ও স্তম্ভন নামের পঞ্চবাণ। ২ অরবিন্দ অশোক আম্র নবমল্লিকা ও রক্তোৎপল নামের পুষ্পশর। ৩ মদন; কামদেব। **পঞ্চবায়ু** *বিণ* প্রাণ অপান সমান উদান ব্যান—দেহস্থ এই পাঁচটি বায়ু। **পঞ্চবেদ** *বি* ঋক সাম যজু অথর্ব ও আয়ুর্বেদ। **পঞ্চভুজ** *বি* পাঁচটি সরলরেখায় বেষ্টিত ক্ষেত্র; pentagon। **পঞ্চভূত** *বি* ক্ষিতি অপ তেজ মরুৎ ও ব্যোম—এই পাঁচটি ভূত। **পঞ্চম** *বিণ* পাঁচ সংখ্যার পূরক। ☐ *বি* ১ স্বরগ্রামের পঞ্চমস্বর। ২ কোকিলের স্বর। ৩ মাদ্রাজের অস্পৃশ্য জাতিবিশেষ। **পঞ্চম বাহিনী** *বি* দেশের যে-সব লোক যুদ্ধের সময়ে শত্রুর সহায়তা করে। **পঞ্চমহাপাতক** *বি* ব্রহ্মহত্যা ব্রহ্মস্বহরণ গুরুপত্নীতে উপগমন সুরাপান এবং এ সকল পাপকর্মে লিপ্তদের সংসর্গে বাস। **পঞ্চম স্বর, পঞ্চম রাগ** *বি* ১ স্বরগ্রামের পঞ্চম স্বর; 'পা' নামক স্বর। ২ কোকিলের স্বর। **পঞ্চ-মকার** *বি* মদ মাংস মৎস্য মুদ্রা ও মৈথুন—হিন্দু তন্ত্র সাধনায় এই পঞ্চ অঙ্গ। **পঞ্চমী** *বি স্ত্রী.* পঞ্চমস্থানীয়া। ☐ *বি* তিথিবিশেষ। **পঞ্চমুখ** *বি* হিন্দুদেবতা শিব; পঞ্চানন। ☐ *বিণ* ১ পাঁচমুখবিশিষ্ট; পাঁচমুখো। ২ মুখর; বাচাল। **পঞ্চযজ্ঞ** *বি* ১ ব্রহ্মযজ্ঞ নৃযজ্ঞ পিতৃযজ্ঞ দেবযজ্ঞ ও ভূতযজ্ঞ। ২ বেদপাঠ আতিথেয়তা শ্রাদ্ধাদি দেবপূজা ও ইতর প্রাণীর সেবা—এই পাঁচটি যজ্ঞ। **পঞ্চ রং, পঞ্চ রঙ্গ** *বি* দাবা খেলায় মাত করবার এক বিশেষ প্রক্রিয়া। **পঞ্চরত্ন** *বি* নীলকান্ত হীরক পদ্মরাগ মুক্তা ও প্রবাল—এই পাঁচটি মহারত্ন। **পঞ্চশর** *বি* পঞ্চবাণ। **পঞ্চশস্য** *বি* ধান মাষ যব তিল (বা শ্বেত সর্ষপ) ও মুগ। **পঞ্চাঙ্ক** *বিণ* পাঁচ অঙ্কবিশিষ্ট (পঞ্চাঙ্ক নাটক)।

পঞ্চানন *বি* হিন্দু দেবতা শিব। [স. পঞ্চ+আনন]

পঞ্চান্ন *বি,বিণ* ৫৫ সংখ্যা বা সংখ্যক।

পঞ্চামৃত *বি* ১ দই দুধ ঘি মধু ও চিনি—এই পাঁচটি অমৃততুল্য দ্রব্য। ২ হিন্দুসমাজে গর্ভবতীর গর্ভ শোধনের জন্য পঞ্চম মাসে উক্ত সকল দ্রব্য ভোজন করাবার অনুষ্ঠানবিশেষ। [স. পঞ্চ+অমৃত]

পঞ্চায়ুধ *বি* তরবারি শক্তি ধনুক কুঠার বর্ম—এই পঞ্চ অস্ত্র বা আয়ুধ। [স. পঞ্চ+আয়ুধ]

পঞ্চায়েত, পঞ্চায়ত, পঞ্চাইত *বি* পল্লীর প্রধান ব্যক্তিদের নিয়ে গঠিত বিচারসভা; গ্রামের পাঁচজনের বৈঠক। [হি]। **পঞ্চায়েতি, পঞ্চায়তি** *বি* ১ পঞ্চায়েতের কাজ বা বিচার। ২ পঞ্চায়েতের বিচারকের পদ।

পঞ্চাল *বি* গঙ্গা-যমুনার মধ্যস্থিত প্রাচীন রাজ্য। [স.]

পঞ্চালিক *বি* লৌহযুক্ত কাঠের ফলক যা শত্রুর গতিরোধের জন্য জলভরা পরিখায় রাখা হয়। [স.]

পঞ্চালিকা, পঞ্চালী, পাঁচালি *বি* ১ ধাতু কাষ্ঠ বস্ত্র ইত্যাদি দিয়ে রচিত পুতুলবিশেষ। ২ বর্ণনামূলক কাব্য; মূলে পুতুল অভিনীত কাহিনী; পুতুল নাচ। [স.]

পঞ্চাশ *বি,বিণ* ৫০ সংখ্যা বা সংখ্যক। [স. পঞ্চাশৎ>]। **পঞ্চাশবার** *বি,ক্রিবিণ* বহুবার; অনেকবার।

পঞ্চাশৎ *বি,বিণ* ৫০ সংখ্যা বা সংখ্যক (গল্পপঞ্চাশৎ)। [স.]। **পঞ্চাশত্তম** *বিণ* ৫০ সংখ্যার পরিপূরক।

পঞ্চাশিকা *বি* ৫০টি কবিতার সমষ্টি (চৌর-পঞ্চাশিকা)। [স.]

পঞ্চেন্দ্রিয় *বি* ১ চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ত্বক—এই পাঁচটি জ্ঞানেন্দ্রিয়। ২ বাক পাণি পাদ পায়ু উপস্থ—এই পাঁচটি কর্মেন্দ্রিয়। [স. পঞ্চ+ইন্দ্রিয়]

পঞ্চোপচার *বি* গন্ধ পুষ্প ধূপ দীপ ও নৈবেদ্য—এই পাঁচ প্রকার পূজার দ্রব্য। [স. পঞ্চ+উপচার]

পঞ্চোপাসক *বি* শাক্ত শিব সূর্য গণপতি ও বিষ্ণু—এ পাঁচ দেবতার উপাসক। [স. পঞ্চ+উপাসক]

পঞ্জড়ি, পঞ্জুড়ি *বি* পাশা খেলার দান।

পঞ্জর *বি* ১ পাঁজরা; বুকের হাড়ের খাঁচা; কঙ্কাল। ২ পিঞ্জর; খাঁচা। **পঞ্জরাস্থি** *বি* পাঁজরার অস্থি বা হাড়। [স. √পিন্‌জ্‌+অর> পঞ্জর+অস্থি]

পঞ্জি, পঞ্জিকা *বি* ১ তিথি নক্ষত্র তারিখ শুভাশুভ কাল প্রভৃতি জ্ঞাপক পুস্তক। ২ পাঁজি। ৩ বিবরণী। [স.]

পট[১] *অব্য* ১ স্ফুটন বা মৃদু বিদারণ শব্দ। ২ হঠাৎ; সহসা; খুব তাড়াতাড়ি। **পটপট** *অব্য* ১ পুনঃপুন কিছু ফাটানোর শব্দ; ক্রমাগত পট পট শব্দ। ২ শীঘ্র বা দ্রুত (পটপট করে কথা বলা)। **পটাপট** *ক্রিবিণ* পটপট করে; ক্রমাগত; অতি দ্রুততার সাথে (পটাপট উত্তর)।

পট[২] *বি* ১ বস্ত্র; কাপড়। ২ ছবি; চিত্রপট। ৩ ছবি আঁকার মোটা কাপড় বা কাগজের খণ্ড। ৪ দৃশ্যপট; নাটক বা থিয়েটারের সিন (পট পরিবর্তন)। [স.]। **পটভূমি, পটভূমিকা** *বি* ১ চিত্রিত মূর্তি বা আলেখ্যের পশ্চাদ্‌ভূমি। ২ যে দৃশ্যপটকে পশ্চাতে রেখে অভিনয় করা হয়। ৩ পারিপার্শ্বিকতা; পরিবেষ্টনী। **পটমঞ্জরী** *বি* রাগিণীবিশেষ। **পটমণ্ডপ** *বি* ১ শামিয়ানা দিয়ে নির্মিত মণ্ডপবিশেষ। ২ তাঁবু; বস্ত্রগৃহ। **পটবাস, পটাবাস, পট্টাবাস** *বি* ১ বস্ত্রগৃহ; তাঁবু; শিবির। ২ রেশমি শাড়ি; পট্টবস্ত্র। ৩ সুবাসিত চূর্ণ; গন্ধচূর্ণ। ৪ পিটালি।

পটকা *বি*১ পটপট করে শব্দ হয় এরূপ আতসবাজিবিশেষ। ২ মাছের পেটের মধ্যস্থ বায়ুপূর্ণ থলি। ৩ আছাড় দেওয়া; ভূপাতিত করা। ☐ *বিণ* অতিশয় দুর্বল বা ক্ষীণ (রোগা পটকা)।

পটকানো[১] *ক্রি* ১ আছড়ানো; আছাড় দেওয়া; ভূপাতিত করা। ২ ঘায়েল করা। ☐ *বি* আছাড়; হঠাৎ পতন।

পটকানো[২] *ক্রি*১ অবিরত পটপট শব্দ করা। ২ বেশি কথা বলা; পটপট করে কথা বলা; অনভিপ্রেত কথা বলা। ☐ *বিণ* বাচাল।

পটপটি, পটপটী *বি* ১ অত্যধিক শুচিবাই; অতিরিক্ত বাছবিচার; স্পর্শভীতি। ২ আস্ফালন। ৩ পটপট আওয়াজ হয় এমন বাজিবিশেষ। ৪ বালকদের খেলনার বাদ্যযন্ত্র বিশেষ। ৫ মাছের ফুসফুস। ৬ ছোট গাছ বা তার ফল।

পটল *বি*১ পরিচ্ছেদ; অধ্যায়। ২ বিভাগ; অংশ। ৩ সমূহ; রাশি (নব জলধর পটল)। ৪ ছাদ; চাল; চাঁদোয়া। ৫ চক্ষুরোগ; ছানি। [স. √পট্+অল]। **পটল তোলা** *ক্রি* ১ (আল.) মারা যাওয়া। ২ (আল.) লোপ পাওয়া; বিনষ্ট হওয়া (ব্যাংকও অবশেষে পটল তুললো)।

পটস্থ *বিণ* চিত্রে অঙ্কিত। [স.]

পটহ *বি* ১ রণবাদ্যবিশেষ; জয়ঢাক। ২ শ্রবণেন্দ্রিয়ের ভিতরস্থ ঝিল্লি বা পর্দা (কর্ণপটহ)। [স. পট+√হা+অ]

পটা *ক্রি*১ বনিবনা হওয়া; খাপ খাওয়া। ২ মনের মিল হওয়া। ৩ রাজি হওয়া; সম্মত হওয়া (শেষ পর্যন্ত পটেছে)। ৪ ঘনিষ্ঠ হওয়া; অন্তরঙ্গ হওয়া (মেয়েটা তার সঙ্গে পটেছে)। ☐ *বি* উক্ত সকল অর্থে। **পটানো** *ক্রি*১ রাজি করা; সম্মত করা। ২ ভুলিয়ে বশে আনা। ৩ ভুলানো।

পটাম্বর *বি* পট্টবস্ত্র; রেশমি কাপড়। [স. পট+অম্বর]

পটাশ *বি* রাসায়নিক পদার্থ বিশেষ। [ই. potash]

পটাস *অব্য* জোরে পট শব্দ। **পটাস পটাস** *অব্য* জোরে পটপট শব্দ।

পটি[১], **পট্টি**[১] *বি*১ বস্ত্রখণ্ড; কাপড়ের টুকরা। ২ শরীরের ক্ষতময় জায়গায় জড়াবার জন্য কাপড়ের লম্বা ফালি; bandage। [স. পট্টিকা>]

পটি[২], **পট্টি**[২] *বি* বাজারের বিভাগ; বেষ্টনী; পাড়া বা পল্লী (লোহাপট্টি, কাঠপট্টি)। [স. পট্ট>]

পটীয়ান, পটীয়স *বিণ*১ অত্যন্ত পটু; সুদক্ষ। ২ দুয়ের মধ্যে অধিকতর পটু বা দক্ষ। [স. পটু+ঈয়স]। **পটীয়সী** *স্ত্রী.*।

পটু *বিণ*১ নিপুণ; দক্ষ; পারদর্শী। ২ সমর্থ; কার্যক্ষম; সক্ষম; পারগ [স.]। **পটুতা, পটুত্ব** *বি* ১ দক্ষতা; পারদর্শিতা; নিপুণতা। ২ সামর্থ্য; কার্যক্ষমতা; সক্ষমতা।

পটুকা *বি* কোমরবন্ধ; কটিবন্ধ; পেটি। [সা.]

পটুয়া, পটো *বি*১ চিত্রকর (পটুয়া কামরুল হাসান); যে পট অঙ্কন করে। ২ পাটের সুতার সাহায্যে শিকা, ঘুনসি প্রভৃতি প্রস্তুত করে এমন ব্যক্তি।

পটোল *বি* সবজিবিশেষ। [পদতল>পটোল]। **পটোল-চেরা** *বি* দ্বিখণ্ডিত পটোলের আকার (পটোলচেরা চোখ)। **পটোলপাতা** *বি* পলতা।

পট্ট *বি*১ পাটা; ফলক। ২ পীঠ; পিড়ি; সিংহাসন। ৩ পাট্টা; রাজকীয় সনদ। ৪ পাট; রেশমাদি। ৫ গ্রাম; জনপদ; নগর। ৬ পাগড়ি; ফ্যাটা। ৭ উত্তরীয়; চাদর। [স.]। **পট্টজাত** *বি* পাটের কাপড়; রেশমি বস্ত্র। **পট্টনায়ক** *বি*১ প্রধান নেতা বা নায়ক। ২ পল্লীর মোড়লের উপাধিবিশেষ। **পট্টমহিষী** *বি* পাটরানী; প্রধান মহিষী; সিংহাসনে বসবার অধিকারিণী মহিষী।

পট্টি[১] *বি*১ ধাপ্পা; ধোঁকা; ফাঁকি। ২ কুমন্ত্রণা। [হি.]। **গুলপট্টি** *বি* ধাপ্পাবাজি; ধোঁকাবাজি।

পট্টি[২] *বি* অশ্বের কটিবন্ধন রজ্জু। [হি.]

পট্টিশ, পট্টিস *বি* প্রাচীন খড়্গাকৃতি যুদ্ধাস্ত্রবিশেষ। [স. পট+টিশ]

পট্টু *বি* মোটা পশমি বস্ত্রবিশেষ। [স.]

পঠন *বি* অধ্যয়ন; পাঠকরণ; পাঠ; আবৃত্তি; ফলন। [স. পঠ+অন]। **পঠনীয়** *বিণ* পাঠ্য; পাঠের যোগ্য; পাঠোপযোগী; পাঠ করা উচিত এমন। **পঠিত** *বিণ* পাঠ করা হয়েছে এমন; অধীত। **পঠিতব্য** *বিণ* পাঠ করতে হবে এরূপ; পঠনীয়। **পাঠ্যমান** *বিণ* পঠিত হচ্ছে এরূপ।

পড়তা *বি*১ পাশাদি খেলায় ক্রমাগত জয় হয় এমন দান। ২ ভাগ্য। ৩ সৌভাগ্য; সুসময়; সুদিন। ৪ লাভের ভাগ। ৫ গড়ে হিসাব করে যে সংখ্যা পাওয়া যায়; average (গড়পড়তা)। ৬ পণ্যদ্রব্য উৎপাদনের বা সংগ্রহের জন্য খরচ হয় এমন (পড়তা পোষণ)। ৭ মিল; বন্ধুত্ব; ভালোবাসা (তার সঙ্গে পড়তা নেই)।

পড়তি *বি*১ অবনতি। ২ যার পতন হতে থাকে; যা পড়ে যায় (ঝরতি–পড়তি)। ৩ মন্দা (উঠতি–পড়তি)। ☐ *বিণ* ১ অবনতি বা অবসান হচ্ছে এমন; পতনোন্মুখ (পড়তি দশা)। ২ বিলুপ্ত হবার বা নষ্ট হবার উপক্রম হয়েছে এমন (পড়তি কারবার)। **পড়তি বাজার** *বি* মন্দা বাজার; পণ্যদ্রব্যের চাহিদা হ্রাস পাওয়ায় মূল্য কমে যাচ্ছে এরূপ অবস্থা।

পড়ন[১] *বি*১ পতন। ২ পড়তা। ৩ গড়মূল্য। ৪ গড় খরচ; মোট ব্যয়। [স. পতন>]

পড়ন[২] *বি* পাঠ; অধ্যয়ন। [স. পাঠ+অন]

পড়ন্ত *বিণ*১ পতনোন্মুখ; পড়ে যাচ্ছে এমন। ২ পড়তি; শেষ হয়ে যাচ্ছে এরূপ; তেজ কমে আসছে এমন (পড়ন্ত বেলা)।

পড়পড়[১] *অব্য* বস্ত্রাদি ছেঁড়ার শব্দবিশেষ।

পড়পড়[২], **পড়োপড়ো** *বিণ* পতনোন্মুখ; পতন আসন্ন এমন।

পড়শি, পড়সি *বি* প্রতিবেশী; প্রতিবাসী। [স. প্রতিবেশী>]

পড়া[১] *ক্রি*১ পতিত হওয়া (গাছ থেকে পড়া)। ২ স্মরণ হওয়া; উদয় হওয়া। ৩ আবদ্ধ হওয়া। ৪ শরীর এলিয়ে দেওয়া (শুয়ে পড়া, বসে পড়া)। ৫ ধরা পড়া (জালে মাছ পড়া)। ৬ ধরা লাগা (মরচে পড়া, পোকা পড়া)। ৭ বিবাহিতা হওয়া (মেয়েটি বেশ বড় ঘরে পড়েছে)। ৮ আক্রমণ করা (ডাকাত পড়া, বাগানে হনুমান পড়া, ক্ষেতে পঙ্গপাল পড়া)। ৯ আক্রান্ত হওয়া (অসুখে পড়া)। ১০ সূচনা হওয়া; আরম্ভ হওয়া (শীত পড়া, গরম পড়া)। ১১ ঝরা; নিঃসৃত হওয়া (রক্ত পড়া, বৃষ্টি পড়া)। ১২ দৃষ্টিপথে পতিত হওয়া (পথে কয়েকটা ঝাউগাছ পড়বে)। ১৩ মূল্য হ্রাস পাওয়া; দাম কমা (বাজার পড়ে গেছে)। ১৪ বিপদগ্রস্ত হওয়া; বিপন্ন হওয়া (শক্ত পাল্লায় পড়েছে)। ১৫ নত হওয়া (পায়ে পড়া)। ১৬ উৎপাটিত হওয়া (দাঁত পড়া, চুল পড়া)। ১৭ পশ্চাৎপদ থাকা (পিছনে পড়া)। ১৮ ব্যয়িত হওয়া; খরচ হওয়া (গাড়ি কিনতে কত পড়ল)। ১৯ শান্ত হওয়া (রাগ

পড়া)। ২০ মিলিত হওয়া (নদী সাগরে পড়েছে)। ২১ সৃষ্ট হওয়া (টাক পড়া, ছানি পড়া)। ২২ জনশূন্য থাকা (বাড়িটি খালি পড়ে আছে)। ২৩ আছাড় খাওয়া (পা পিছলে পড়া)। ২৪ অবনতি হওয়া (অবস্থা পড়ে গেছে)। ২৫ বিগলিত হওয়া (গলে পড়া)। ২৬ বাকি পড়া (অনেক টাকা পড়ে আছে)। ২৭ অবসানপ্রাপ্ত হওয়া (বেলা পড়ে এসেছে)। ❑*বি* উক্ত সকল অর্থে। ❑*বিণ* ১ অকর্ষিত; অনাবাদি (পড়া জমি)। ২ পরিত্যক্ত (পড়া মাল)। [স. √পত্]। **পড়ে পড়ে কিল বা মার খাওয়া** *ক্রি* নীরবে বা বিনা প্রতিবাদে অনবরত অপমান বা অত্যাচার সহ্য করা।

পড়া[২] *ক্রি* ১ অধ্যয়ন করা; পাঠ করা (বই পড়া)। ২ আবৃত্তি করা (কলেমা পড়া, কবিতা পড়া)। ❑*বি* ১ নির্দিষ্ট পাঠ। ২ অধ্যয়ন; পঠন। ❑*বিণ* পঠিত; অধীত (পড়া বই)। [স. √পঠ্]। **পড়া করা** *ক্রি* নির্ধারিত পাঠ প্রস্তুত করা। **পড়া ধরা বা নেওয়া** *ক্রি* নির্ধারিত পাঠের পরীক্ষা গ্রহণ করা। **পড়ানো, পড়ান** *ক্রি* ১ অধ্যাপনা করা; শিক্ষকতা করা (কলেজে ছাত্র পড়ানো)। ২ শিক্ষা দেওয়া। ৩ আবৃত্তি করানো (মন্ত্র পড়ানো)। ৪ বুলি শেখানো; কথা শেখানো (পাখিকে পড়ানো)। ❑*বি,বিণ* উক্ত সকল অর্থে। **পড়াশুনা, পড়াশোনা** *বি* ১ পাঠাভ্যাস; অধ্যয়ন। ২ বিদ্যাশিক্ষা; লেখাপড়া। ৩ পাঠ ও উপদেশ শ্রবণ।

পড়ুয়া, পড়ো[১]**, পোড়ো**[১] *বি* ছাত্র; অধ্যয়নকারী; যে পাঠ করে। ❑*বিণ* বেশি পড়াশুনা করে এমন (পড়ুয়া ছেলে)।

পড়ো[২]**, পোড়ো**[২] *বিণ* ১ অব্যবহৃত অবস্থায় পড়ে রয়েছে এমন; পতিত; অকর্ষিত; পড়ে আছে এমন (পড়ো জমি)। ২ অব্যবহৃত; জনশূন্য (পড়ো বাড়ি)।

পণ *বি* ১ অঙ্গীকার; প্রতিজ্ঞা; দৃঢ় সংকল্প। ২ বাজি খেলায় হারজিতের প্রতিজ্ঞা। ৩ শর্ত; কড়ার (ধনুক ভাঙা পণ)। ৪ বিবাহাদিতে বর বা কন্যাপক্ষকে প্রদত্ত অর্থ; যৌতুক। ৫ সংখ্যার পরিমাণবিশেষ; বিশ গণ্ডা। [স. পণ+অ]। **পণকিয়া** *বি* (গ.) পণঘটিত গণনা। **পণন** *বি* বিনিময়; বিক্রয়। **পণপ্রথা** *বি* বিবাহাদিতে বরপক্ষ বা কন্যাপক্ষকে বাধ্যতামূলকভাবে যৌতুক দেবার প্রথা। **পণবদ্ধ** *বিণ* প্রতিজ্ঞায় আবদ্ধ; অঙ্গীকারাবদ্ধ। **বরপণ** *বি* কন্যাপক্ষের থেকে বরপক্ষের প্রাপ্য অর্থ।

পণ্ড *বিণ* ১ বৃথা; নিষ্ফল; ব্যর্থ; বিফল (পণ্ডশ্রম)। ২ নষ্ট (কর্ম পণ্ড করা)। [স. √পণ্+ড]। **পণ্ডশ্রম** *বি* বিফল পরিশ্রম; বৃথা শ্রম।

পণ্ডিত *বিণ* ১ বিদ্বান; জ্ঞানী; বিজ্ঞ; প্রাজ্ঞ। ২ শাস্ত্রজ্ঞ। ৩ ভাষাবিশারদ। ❑*বি* ১ সংস্কৃত ভাষার শিক্ষক। ২ ব্রাহ্মণের উপাধি। [স. পণ্ডা (জ্ঞান বা উৎকর্ষ প্রাপ্ত বুদ্ধি)+ইত]। **পণ্ডিতা** *স্ত্রী.*। **পণ্ডিতমূর্খ** *বিণ* পাণ্ডিত্য আছে কিন্তু ব্যবহারিক জ্ঞানশূন্য; বিদ্বান অথচ নির্বোধ। **পণ্ডিতম্মন্য, পণ্ডিতাভিমানী** *বিণ* পণ্ডিত না হয়েও নিজেকে পণ্ডিত মনে করে এমন। **পণ্ডিতি** *বি* ১ পণ্ডিতের কাজ বা বৃত্তি। ২ (ব্য.) পাণ্ডিত্য (পণ্ডিতি ফলানো)। ❑*বিণ* সংস্কৃতবহুল (পণ্ডিতি বাংলা)।

পণ্য *বি* ১ বিক্রেয় দ্রব্য; বেসাত। ২ মূল্য; মাসুল; ভাড়া। [স. √পণ্+য]। ❑*বিণ* বিক্রেয় (পণ্যদ্রব্য)। **পণ্যজাত** *বি* বহু বিক্রেয় দ্রব্যসম্ভার। **পণ্যজীবী**(–বিন্)**, পণ্যাজীব** *বি* ১ বণিক; ব্যবসায়ী; সওদাগর। ২ দোকানদার। **পণ্যবীথি, পণ্যবীথিকা** *বি* ১ সারিবদ্ধ বাজার; হাট। ২ দোকানের সারি; শ্রেণীবদ্ধ বিক্রয়শালা। **পণ্যশালা** *বি* ১ দোকান। ২ বাজার; হাট; গঞ্জ; পণ্য ক্রয়বিক্রয় স্থান। ৩ উৎপাদনকেন্দ্র। **পণ্যস্ত্রী, পণ্যাঙ্গনা** *বি* বেশ্যা; গণিকা।

পতঙ্গ, পতঙ্গম *বি* ১ পত বা পক্ষ দ্বারা উড্ডয়নশীল কীট বা পোকাবিশেষ। ২ (প্রাণি.) ষট্পদযুক্ত কীটবিশেষ; insect। ৩ সূর্য। [স. পত্+√গম্+অ]। ❑*বিণ* ১ পক্ষী; বিহঙ্গ। ২ বাণ; শর। **পতঙ্গবৃত্ত** *বি* পতঙ্গ যেমন আলোক দর্শনে অন্ধভাবে আগুনে ঝাঁপ দেয়; তেমনি মনোরম বস্তু দেখে মুগ্ধ হয়ে আত্মনাশ করে যে। **পতঙ্গবৃত্তি** *বি* মনোরম বস্তু দেখে মুগ্ধ হয়ে আত্মবিনাশ।

পতঞ্জলি *বি* ১ যোগসূত্র নামক দর্শনগ্রন্থ ও মহাভাষ্য নামক ব্যাকরণভাষ্য রচয়িতা। ২ ঋষি বা মুনিবিশেষ। [স. পতৎ+অঞ্জলি]

পতন *বি* ১ পড়া। ২ অবনতি; অধোগমন; অধোগতি; বিচ্যুতি; দুর্দশাপ্রাপ্তি। ৩ স্খলন। ৪ ধ্বংস; বিনাশ। ৫ শত্রু সেনা কর্তৃক অধিকারভুক্ত হওয়া (দুর্গের পতন)। ৬ নিধন; মৃত্যু (ইন্দ্রজিতের পতন)। **পতনোন্মুখ** *বিণ* পড়পড়; পড়তে উদ্যত; পড়ে যাবার উপক্রম করেছে এমন। [স. পতন+উৎ+মুখ]

পতাকা *বি* ১ নিশান; ধ্বজা; ধ্বজপট; ঝাণ্ডা; বৈজয়ন্তী; কেতন। ২ ধ্বজপট। **পতাকী**(–কিন্) *বি* (জ্যো–শা) শুভাশুভ বোধক চক্রবিশেষ। ❑*বিণ* পতাকাধারী; নিশানধারী। **পতাকিনী** *স্ত্রী.*। [স. পত্+√অক্+আ]

পতি *বি* ১ স্বামী। ২ প্রভু; কর্তা। ৩ পালক; রক্ষক; রক্ষাকর্তা। ৪ অধীশ্বর; অধিপতি; রাজা। ৫ নেতা; নায়ক; প্রধান ব্যক্তি; পরিচালক। **পতিঘাতিনী** *বিণ স্ত্রী.* স্বামীহন্ত্রী। **পতিত্ব** *বি* পতির কর্ম বা পদ। **পতিপরায়ণা** *বি,বিণ* পতির প্রতি বিশেষভাবে অনুরক্তা বা বিশ্বস্তা। **পতিপ্রাণা** *বি,বিণ* পতিকে নিজের প্রাণস্বরূপ জ্ঞান করে যে; পতিব্রতা।

পতিত *বিণ* ১ পড়ে গেছে এমন; চ্যুত; ভ্রষ্ট; স্খলিত। ২ নিম্নগত; অধোগত। ৩ পড়ে আছে এমন; অনাবাদি; অকর্ষিত; অব্যবহৃত (পতিত জমি)। ৪ উদিত; উদ্ভাসিত (নয়নপথে পতিত)। ৫ হীনতাপ্রাপ্ত; দুর্দশাপ্রাপ্ত। ৬ সমাজে অবনত (পতিত জমি)। [স. √পত্+ত]। **পতিতপাবন** *বিণ* পাপীদের ত্রাণ করেন এমন। **পতিতপাবনী** *স্ত্রী.*। **পতিতা** *বি,বিণ* বেশ্যা; গণিকা; বারবনিতা; অর্থের বিনিময়ে দেহ বিক্রি করে এমন নারী।

পত্তন *বি* ১ নগর; শহর; বন্দর। ২ উপনিবেশ। ৩ ভিত্তিভূমি; বুনিয়াদ। ৪ আরম্ভ; সূচনা; সূত্রপাত (নগর পত্তন)। ৫ সন্নিবেশ। ৬ দৈর্ঘ্য; বহর (কোঁচার পত্তন)। ৭ জমিদারের নিকট থেকে নির্দিষ্ট হারে ও মেয়াদে ভূমি স্বত্ব। ৮ জোত জমা ও প্রজাস্বত্ববিশেষ। [স. √পত্+তন]। ❑*বিণ* নির্মাণ; প্রতিষ্ঠা।

পত্তনি, পত্তনী *বি* নির্ধারিত কর দেবার নিয়মে যে ভূ-সম্পত্তি পত্তন নেওয়া হয়েছে। **পত্তনিদার, পত্তনদার** *বি* রাজা বা জমিদারের নিকট থেকে যে ব্যক্তি ভূ-সম্পত্তি নিয়েছে। **পত্তনী** *বিণ* নির্দিষ্ট মেয়াদ ও খাজনার নিয়মে গৃহীত। [বা. পৎ+তন=পত্তন+ঈ। ফা. দার=পত্তনীদার]

পত্নী *বি স্ত্রী.* জায়া; সহধর্মিণী; ভার্যা; বিবাহিত স্ত্রী। [স. পতি+ঈ (ন আগম)]

পত্র, পত্তর *বি* ১ পাতা (গাছের পাতা, বইয়ের পাতা)। ২ চিঠি; লিপি। ৩ পাত; ফলক। ৪ দলিল (বায়নাপত্র)। ৫ পাখির ডানা। ৬ ছাপা কাগজ (সংবাদপত্র)। ৭ সমূহ; ইত্যাদি (জিনিসপত্র, বিছানাপত্র)। [স. √পত্+ত্র]। **পত্রনবিস** *বি* উপাধি; পত্ররচনা বিভাগের ভারপ্রাপ্ত কর্মচারীর উপাধিবিশেষ। **পত্রপাঠ** *বি* চিঠি পড়া। ❑ *ক্রিবিণ* পত্র পড়ামাত্র অবিলম্বে বা তৎক্ষণাৎ। **পত্রপুট** *বি* গাছের পত্রাদি দ্বারা নির্মিত পাত্র বা *ঠোঙ্গা*। **পত্রপুষ্প** *বি* রক্ততুলসী। **পত্রবাহ, পত্রবাহক** *বিণ* চিঠি বহনকারী; লিপিবাহী; ডাকহরকরা। **পত্রবিনিময়, পত্রব্যবহার** *বি* চিঠির আদান-প্রদান। **পত্রভঙ্গ, পত্রলেখা, পত্রলিখা** *বি* দেহের শোভা বাড়ানোর জন্য কপোলাদিতে তিলক বা চিত্ররচনা। **পত্রমঞ্জরী** *বি* পত্রাদির অগ্রভাগ। **পত্রসূচি** *বি* ১ পুস্তকাদির পৃষ্ঠার সংখ্যা নির্দেশক সূচি। ২ কাঁটা।

পত্রাঙ্ক *বি* পুস্তকাদির পৃষ্ঠার ক্রমসূচক সংখ্যা। [স. পত্র+অঙ্ক]

পত্রাবলি, পত্রাবলী, পত্রালি *বি* ১ পত্রসমূহ; পত্রশ্রেণী; চিঠিপত্রের সমষ্টি। ২ পত্রলেখা। **পত্রালিকা** *ক্রি* গোপন বা ক্ষুদ্র পত্র; চিট। [স.]

পত্রিকা *বি* ১ সংবাদপত্র; খবরের কাগজ; সাময়িকপত্র। ২ চিঠিপত্র। ৩ লিখিত কাগজ (জন্মপত্রিকা)। [স. পত্র+ক+আ]

পত্রী[১] *বি* ১ চিঠি; পত্র। ২ পত্রিকা। [স. পত্র+ঈ]

পত্রী[২](-ত্রিন্) *বিণ* পত্রবিশিষ্ট; পত্রযুক্ত; পত্রবহুল। ❑ *বি* ১ পক্ষীবিশেষ; শ্যেন। ২ গাছ; বৃক্ষ। ৩ শৈল; পর্বত। ৪ বাণ; কর। ৫ হিন্দু উপাধিবিশেষ (পূর্ণেন্দু পত্রী)। [স. পত্র+ইন্]

পত্রোদ্গম *বি* বৃক্ষলতায় নতুন পাতা গজানো; অঙ্কুর থেকে নতুন পাতার উদ্ভব। [স. পত্র+উদ্গম]

পথ *বি* ১ রাস্তা; সড়ক; সরণী; মার্গ; যার দ্বারা গমনাগমন করা যায়। ২ উপায়; পন্থা; ব্যবস্থা; কৌশল (মুক্তির পথ, প্রাণ রক্ষার পথ)। ৩ রন্ধ্র; ছিদ্র; দ্বার (জলনিষ্কাশন পথ, প্রবেশপথ)। ৪ অভিমুখ; দিক (ধ্বংসের পথ)। ৫ গোচর (নয়নপথ, শ্রবণ-পথ)। ৬ গমনের দিক (পথ দেখানো)। [স. √পথ্+অ]। **পথকর** *বি* পথ নির্মাণ বা চলাচলের জন্য প্রজা কর্তৃক রাজা বা জমিদারকে দেয় শুল্ক বা খাজনা। **পথখরচ, পথখরচা** *বি* পাথেয়; পথ চলাচলের জন্য প্রয়োজনীয় খরচা; রাহা খরচ; travelling allowance। **পথ চলতি** *বিণ* পথে চলে বা চলছে এমন; পথ চলাকালীন। **পথ চাওয়া** *ক্রি* কারো আগমন প্রতীক্ষা করা। **পথচারী** *বিণ* পথিক; পথে বিচরণকারী; পথ দিয়ে চলছে এমন। **পথ দেওয়া** *ক্রি পথ থেকে সরে অন্যকে চলতে দেওয়া;* পথছাড়া। **পথ দেখা** *ক্রি* ১ প্রকৃত পথ নির্ণয় করা; উপায় চিন্তা করা। ২ (ব্য.) প্রস্থান করা; বিদায় হওয়া। **পথ দেখানো** *ক্রি* ১ প্রকৃত পথ বা উপায় প্রদর্শন করা। ২ দৃষ্টান্ত স্থাপন করা। ৩ (ব্য.) তাড়ানো; বিতারিত করা; বিদায় করা। **পথ ধরা** *ক্রি* প্রকৃত পথ অবলম্বন করা; সুপথে আসা। **পথপার্শ্ব** *বি* পথের ধার; পথের প্রান্ত। **পথপ্রদর্শক** *বি, বিণ* ১ প্রকৃত পথ বা উপায় নির্দেশকারী। ২ পথিকৃৎ; মুর্শিদ। **পথপ্রান্ত** *বি* পথের ধার বা পার্শ্ব; রাস্তার শেষ সীমা। **পথভোলা, পথভ্রষ্ট, পথভ্রান্ত, পথহারা** *বি* ১ পথ হারিয়ে ফেলেছে এমন; পথচ্যুত। ২ প্রকৃত পথ থেকে বিচ্যুত হয়েছে এমন; বিপথগামী। ৩ দিশেহারা। **পথ মাড়ানো** *ক্রি* ১ পথে চলা; পথ দিয়ে যাতায়াত করা। ২ (আল.) নিকটে বা সংস্রবে যাওয়া। **পথশ্রান্ত** *বিণ* পথ চলতে চলতে ক্লান্ত হয়েছে এমন। **পথে আসা** *ক্রি* ১ প্রকৃত পথ অবলম্বন করা। ২ বিরোধিতা ত্যাগ করা। ৩ বশীভূত হওয়া। **পথে বসা** *ক্রি* সর্বস্বান্ত হওয়া; নিঃস্ব হওয়া; রিক্ত হওয়া। **পথে বসানো** *ক্রি* সর্বস্বান্ত করা; নিঃস্ব করা। **পথের কুকুর** *বি* ১ পথে পথে ঘুরে বেড়ায় এমন কুকুর। ২ (আল.) পথে পথে বিচরণশীল কুকুরের মতো অনাদৃত ও অবহেলিত ব্যক্তি। **পথের পথিক** *বি* ১ যে পথিক পথেই বাস করতে বাধ্য হয়েছে। ২ অন্য কারো মত প্রভৃতি অবলম্বনকারী (একই পথের পথিক)।

পথিক *বি* ১ পথ দিয়ে গমনাগমন করে যে; পান্থ; পথচারী। ২ পর্যটক; ভ্রমণকারী; মুসাফির। **পথিকশালা** *বি* পান্থশালা; সরাই। [স. পথিন্+ক]।

পথিকৃৎ *বিণ* ১ পথ প্রস্তুতকারী; পথকার। ২ কোনো কর্মপন্থার অগ্রকর্মী; pioneer। [স. পথিন্+√কৃ+ক্বিপ্]

পথিমধ্যে *ক্রিবিণ* পথের মধ্যে; রাস্তায়; [স. পথিন্+মধ্য+বা. এ]

পথেঘাটে *ক্রিবিণ* সর্বত্র; যত্রতত্র; যথাতথা; যেখানে-সেখানে।

পথ্য, পথ্যি *বিণ* ১ রোগীর জন্য উপযুক্ত আহার্য। ২ উপকারক; হিতকর। ❑ *বি* রোগান্তে গ্রহণযোগ্য খাদ্য (পথ্য করা)। **পথ্যাপথ্য** *বি* রোগীর জন্য হিতকর অহিতকর খাদ্য পানীয়; সুপথ্য ও কুপথ্য। [স. পথিন্+য]

পদ *বি* ১ চরণ; পা। ২ পদচিহ্ন; পায়ের দাগ; পদাঙ্ক (পদানুসরণ)। ৩ পদক্ষেপ (পদেপদে)। ৪ কবিতার পঙ্‌ক্তি বা চরণ (ত্রিপদী, চতুর্দশপদী)। ৫ অধিকার; আধিপত্য; সম্মান; কাজের ভার; চাকরি (রাজপদ)। ৬ স্থান; বসতি (জনপদ)। ৭ উপাধি; পদবি। ৮ গুরুজনের অনুগ্রহ; আশ্রয় (পদে রাখা)। ৯ বিভিন্ন রকমের দ্রব্যাদি (বিভিন্ন পদ রান্না হয়েছে)। ১০ বৈষ্ণব কবিদের রচিত কবিতা ও গান (পদাবলী)। ১১ (ব্যা.) বিভক্তিযুক্ত শব্দ। [স.]। **পদকর্তা** *বি* বৈষ্ণব পদরচয়িতা; গীতি-কবিতা রচয়িতা। **পদকর্ত্রী** *বি স্ত্রী.*। **পদকার** *বিণ* শ্লোকরচয়িতা। ❑ *বি* বেদের মন্ত্রপদ-বিভাজক গ্রন্থ রচয়িতা। **পদক্ষেপ, পদবিক্ষেপ, পদবিন্যাস** *বি* ১ পা ফেলা; হাঁটা। ২ পদার্পণ। **পদগৌরব, পদমর্যাদা** *বি* পদের সম্মান; আধিপত্যের মূল বা সম্মান। **পদচারণ, পদচালনা** *বি* পায়চারি; পদসঞ্চালন। **পদচিহ্ন** *বি* পায়ের দাগ; পদাঙ্ক। **পদচ্যুত** *বি* ১ কর্মচ্যুত; বরখাস্ত। ২ অধিকারভ্রষ্ট; স্বাধিকারচ্যুত; আধিপত্যশূন্য। **পদচ্ছায়া, পদছায়া** *বি* ১ চরণাশ্রয়; চরণতলে ঠাঁই। ২ অনুগ্রহ; দয়া। **পদত্যাগ** *বি* ইস্তফা; চাকরি ত্যাগ; অধিকার বর্জন। **পদদলিত** *বিণ* পায়ের তলায় দলিত বা পিষ্ট; পদপিষ্ট; চরণমর্দিত। **পদদলিতা** *স্ত্রী.*। **পদধূলি** *বি* পায়ের ধুলা। **পদধ্বনি, পদশব্দ** *বি* পায়ের আওয়াজ। **পদপঙ্কজ** *বি* পাদপদ্ম। **পদপল্লব** *বি* কিশলয়ের মতো কোমল চরণ। **পদপাত** *বি* ১ পা ফেলা। ২ পদার্পণ। **পদপ্রান্ত** *বি* ১ পায়ের তলা; চরণতল; পদনিম্ন। ২ পায়ের নিকটবর্তী স্থান। **পদপ্রার্থী** *বিণ* ১ কোনো কর্ম, পদমর্যাদা বা চাকরি লাভেচ্ছু; applicant। ২ চরণাশ্রয়প্রার্থী; চরণাভিলাষী। **পদপ্রার্থিনী** *বিণ স্ত্রী.*। **পদবিক্ষেপ, পদবিন্যাস** *বিণ*

পদক্ষেপ। **পদব্রজ** *বি* পায়ে হেঁটে গমন; চলন। **পদমর্যাদা** *বি* পদগৌরব। **পদযুগল** *বি* চরণদ্বয়। **পদরজ, পদরজঃ, পদরেণু** *বি* পায়ের ধুলা; চরণধূলি। **পদলেহন** *বি* ১ পা চাটা; চরণলেহন। ২ (আল.) দীনহীনভাবে তোষামোদ। **পদশক্তি** *বি* পদের ক্ষমতা; পদের গর্ব। **পদশব্দ** *বি* পদধ্বনি। **পদসেবা** *বি* পা টেপা; চরণমর্দন। **পদস্খলন** *বি* ১ পা পিছলে পড়া। ২ পদচ্যুতি। ৩ (আল.) নৈতিক অধঃপতন। **পদস্খলিত** *বিণ* ১ পা পিছলে পড়েছে এমন। ২ পদচ্যুতি ঘটেছে এমন। ৩ নৈতিক অধঃপতন ঘটেছে এমন। **পদস্খলিতা** *বিণ স্ত্রী.*। **পদস্থ** *বিণ* ১ পদে অধিষ্ঠিত; অধিকারে অবস্থিত। ২ উচ্চপদে অধিষ্ঠিত। **পদে থাকা** *ক্রি* ১ চলনসই থাকা। ২ কোনো রকমে পদে বিদ্যমান থাকা। **পদে পদে, প্রতিপদে** *ক্রিবিণ* সব সময়ে বা বিষয়ে; যত অগ্রসর হওয়া যায় ততই।

পদক *বি* ১ পুরস্কারের চিহ্নস্বরূপ প্রদত্ত রৌপ্য বা স্বর্ণখণ্ড; প্রশংসা বা সম্মানের নিদর্শন হিসেবে প্রদত্ত ধাতুনির্মিত অলঙ্কার; medal। ২ কণ্ঠভূষণ; কণ্ঠহারের মধ্যভাগের দোলক; লকেট। [স. পদ+ক]

পদবি, পদবী *বি* ১ উপাধি। ২ কুল বা বংশজ্ঞাপক নাম। ৩ উপনাম। ৪ স্তর; পর্যায়। [স. পদ+অবি+ঈ]

পদাংশ *বি* বিভক্তিযুক্ত শব্দের অংশ; syllable। [স. পদ+অংশ]

পদাঘাত *বি* পায়ের দ্বারা আঘাত; পদপ্রহার; লাথি। [স. পদ+আঘাত]

পদাঙ্ক *বি* ১ পদচিহ্ন; পায়ের দাগ। ২ কোনো মহৎ ব্যক্তির কৃতকর্ম বা চরিত্র। [স. পদ+অঙ্ক]।

পদাতি, পদাতিক *বি* ১ পায়ে হেঁটে যুদ্ধ করে এমন সৈন্য; পদচারী সৈনিক; infantry। ২ পাইক। ৩ (ব্য.) পথচারী। ৪ পেয়াদা; সংবাদ–বাহক। [স. পদ+√অৎ+ই+ক]

পদানত, পদাবনত *বিণ* ১ চরণতলে পতিত; চরণে নিপতিত। ২ সম্পূর্ণ বশীভূত; অধীন। [স.]। **পদানতা, পদাবনতা** *বিণ স্ত্রী.*।

পদান্বয় *বি* ১ (ব্যা.) পদের অন্বয় বা সম্বন্ধ। ২ পদ পরিচয়। [স. পদ+অন্বয়]। **পদান্বয়ী** *বিণ* অন্য পদের সঙ্গে সংযোগ সাধন করে এমন (পদান্বয়ী অব্যয়)। [স. পদ+অন্বয়+ই]

পদাবলী *বি* ১ বৈষ্ণব কবিদের রচিত পদ বা গীতি কবিতাবলী। ২ পদসমূহ। [স. পদ+আবলী]

পদাম্বুজ, পদারবিন্দ *বি* ১ চরণকমল; পাদপদ্ম। ২ চরণরূপ পদ্ম। [স. পদ+অম্বুজ, অরবিন্দ]

পদার্থ[১] *বি* ১ বস্তু; দ্রব্য; জিনিস। ২ যার ওজন আছে এবং যা কিছু স্থান জুড়ে থাকে। ৩ সারবস্তু; substance, matter। ৪ বৈশেষিক দর্শনে দ্রব্য গুণ কর্ম সামান্য বিশেষ সমবায় ও অভাব। ৫ তর্কবিদ্যায় জ্ঞানের বিষয়সমূহ যে সকল ব্যাপক বিভাগে শ্রেণীবদ্ধ করা যায়; category। [স. পদ(শব্দ)+অর্থ]। **পদার্থবিজ্ঞান, পদার্থবিদ্যা** *বি* জড়পদার্থের ধর্ম সম্পর্কে জ্ঞানদায়ক বিদ্যা বা শাস্ত্র; physics।

পদার্পণ *বি* ১ পৌঁছা; পা রাখা (একুশ বছরে পদার্পণ); প্রবেশ; উপস্থিত হওন। ২ পদবিন্যাস; চরণস্থাপন; পদক্ষেপণ। [স. পদ+অর্পণ]

পদাশ্রয় *বি* ১ চরণাশ্রয়। ২ অনুগ্রহ। **পদাশ্রয়ী** *বিণ* চরণে আশ্রয় নিয়েছে এমন। **পদাশ্রিত** *বিণ* ১ চরণে আশ্রয় পেয়েছে এমন; চরণাশ্রয়প্রাপ্ত। ২ অনুগৃহীত। **পদাশ্রিতা** *বিণ স্ত্রী.*। [স. পদ+আশ্রয়, আশ্রয়ী, আশ্রিত, আশ্রিতা]

পদাসন *বি* পা রাখবার আসন; পাদপীঠ। [স. পদ+আসন]

পদাহত *বিণ* ১ চরণ দ্বারা প্রহৃত। ২ পদাঘাতপ্রাপ্ত; পায়ে আঘাত দেওয়া হয়েছে এমন। [স. পদ+আহত]

পদেপদে *ক্রিবিণ* প্রতি পদে; বারে বারে; প্রতি পদক্ষেপে। [স. পদ>]

পদোন্নতি *বি* ১ চাকরিতে পরবর্তী ধাপে উত্তীর্ণ; চাকরি বা কর্মের উন্নতি। ২ আধিপত্য মর্যাদা বা ক্ষমতার বৃদ্ধি। [স. পদ+উন্নতি]

পদ্ধতি *বি* ১ পথ। ২ নিয়ম; রীতি; প্রণালী; প্রথা; ধারা। ৩ শ্রেণী; পঙ্‌ক্তি। ৪ আচার। ৫ প্রবাহ। ৬ রেখা। [স. পদ+হতি অথবা পাদ+√হন্‌+তি]

পদ্ম *বি* ১ একপ্রকার জলজ পুষ্প; কমল; উৎপল; সরোজ; পঙ্কজ; নলিন; শতদল; রাজীব; কোকনদ; কুবলয়; পুণ্ডরীক; অরবিন্দ; ইন্দীবর; পুষ্কর; তামরস; মৃণাল। ২ তন্ত্রশাস্ত্রোক্ত দেহের অভ্যন্তরীণ চক্রবিশেষ। ৩ ১০,০০,০০০,০০,০০,০০০ সংখ্যা বা সংখ্যক; ১০১৩। [স.]। **পদ্মকাটা** *বি* চর্মরোগবিশেষ; ত্বকের উপর মৃণালের কাঁটার মতো চর্মরোগ। **পদ্মকোষ** *বি* পদ্মকোরক; কমল–কলি। **পদ্মগন্ধি** *বিণ* পদ্মফুলের সৌরভবিশিষ্ট। **পদ্মনাথ** *বি* সূর্য। **পদ্মনাভ** *বি* ১ পদ্ম নাভিতে যার। ২ বিষ্ণু। **পদ্মনেত্র** *বিণ* পদ্মের ন্যায় নয়নবিশিষ্ট; কমললোচন। **পদ্মপত্র** *বি* পদ্মপাতা; কমলদল। **পদ্মপরাগ** *বি* পদ্মের রেণু; পদ্মরাজ। **পদ্মপলাশলোচন** *বিণ* পদ্মের পাপড়ির মতো আয়ত নয়নবিশিষ্ট। **পদ্মপাণি** *বি* পদ্ম পাণিতে (হাত) যার; বিষ্ণু। **পদ্মপুরাণ** *বি* পুরাণবিশেষ। **পদ্মবন্ধু** *বি* ১ সূর্য। ২ মধুকর। **পদ্মভূ, পদ্মোদ্ভব** *বি* পদ্মে জন্ম যার; পদ্ম উৎপত্তি স্থল যার; বিষ্ণু বা ব্রহ্মা। **পদ্মমুখ** *বিণ* পদ্মের মতো কমনীয় মুখবিশিষ্ট। ❑ *বি* পদ্মের মতো সুন্দর মুখ। **পদ্মমুখী** *বি স্ত্রী.*। **পদ্মযোনি** *বি* ব্রহ্মা। **পদ্মরাগ** *বি* ১ পদ্মের ন্যায় রাগ বা বর্ণ যার। ২ পদ্মবর্ণ মূল্যবান মণিবিশেষ; চুনি; ruby। **পদ্মলোচন** *বিণ* পদ্মনেত্র। **পদ্মশ্রী** *বি* ১ বোধিসত্ত্বের নাম। ২ বর্তমান ভারতে প্রচলিত সরকার প্রদত্ত উপাধিবিশেষ।

পদ্মা *বি* ১ বাংলাদেশের নদীবিশেষ; গঙ্গানদীর নিম্নভাগের নাম যা বাংলাদেশে প্রবাহিত। ২ হিন্দুদেবী লক্ষ্মী; মনসা। [স.]

পদ্মাক্ষ *বিণ* ১ পদ্মের মতো সুন্দর চোখবিশিষ্ট; কমললোচন; পদ্ম–আঁখি। ২ পদ্মবীজ। [স. পদ্ম+অক্ষ]

পদ্মাবতী *বি* ১ মনসাদেবী। ২ কর্ণপত্নী। ৩ পদ্মানদী। ৪ কবি আলাওলের একটি কাব্যগ্রন্থের নাম। [স.]

পদ্মালয়া *বি স্ত্রী.* লক্ষ্মী; কমলা; কমলবাসিনী। [স. পদ্ম+আলয়া]

পদ্মাসন *বি* যোগসাধনে বসবার বিশেষ ভঙ্গি। [স. পদ্ম+আসন]

পদ্মাসনা *বি* লক্ষ্মী; কমলা। [স. পদ্ম+আসনা]

পদ্মিনী *বিণ* পদ্মযুক্তা; কমলিনী। ❑ *বি* ১ পদ্মঝাড়; পদ্মসমূহ। ২ চারজাতীয় নারীর মধ্যে সুলক্ষণা ও শ্রেষ্ঠা নারী। [স.]। **পদ্মিনীকান্ত, পদ্মিনীবল্লভ** *বি* সূর্য।

পদ্য *বি* ১ কবিতা; ছন্দবদ্ধ রচনা; ছন্দযুক্ত বাক্য বা শ্লোক;

verse। ২ নিম্নশ্রেণীর লোক। [স.]
পনস *বি* ১ কাঁঠাল গাছ। ২ কাঁঠাল। [স.]
পনা ভাববাচক প্রত্যয়বিশেষ (গিন্নিপনা, গুণপনা)।
পনাহ, পানাহ *বি* আশ্রয় (আল্লাহর কাছে পানাহ চাই)। [ফা.]
পনির, পনীর *বি* লবণাক্ত জমাটবাঁধা ছানাবিশেষ; cheese। [ফা.]
পনেরো, পনর *বি,বিণ* ১৫ সংখ্যা বা সংখ্যক। [স. পঞ্চদশ>]। **পনেরোই, পনরই** *বি* মাসের পঞ্চদশ দিবস।
পন্থ *বি* ১ পথ; রাস্তা। ২ ধর্মমত (কবীর পন্থ)। [স. পন্থাঃ>]
পন্থা *বি* ১ পথ। ২ উপায়। ৩ সাধনা বা জ্ঞানমার্গ (তান্ত্রিক পন্থা)। ৪ ধারা; রীতি; পদ্ধতি। [স. পন্থা]
-পন্থি, -পন্থী *বিণ* ১ বিশেষ ধর্ম সম্প্রদায়ভুক্ত (নানক-পন্থি)। ২ মতানুসারী। ৩ ধারা বা রীতি অবলম্বী (বাম-পন্থি)।
-পন্থিক *বি* পথিক।
পন্নগ *বি* সর্প; সরীসৃপ; উরগ; অহি। **পন্নগী** *বি স্ত্রী.*। **পন্নগকেশর** *বি* নাগকেশর পুষ্প। **পন্নগারি** *বি* ১ গরুড়। ২ ময়ূর। ৩ বেজি; নকুল। [স. পন্নগ+অরি]
পপ, পপ সঙ্গীত *বি* এ কালের জনপ্রিয় গান, যা নানা চড়া বাদ্য ও অঙ্গভঙ্গি-সহকারে গাওয়া হয়।
পবন *বি* বায়ু; বাতাস। **পবননন্দন** *বি* ১ হনুমান। ২ ভীম। ৩ পবনবাহন অগ্নি। [স.]
পবিত্র *বিণ* ১ পূত। ২ বিশুদ্ধ; খাঁটি। ৩ নিষ্পাপ; পাপহীন। [স.]। **পবিত্রা** *বিণ স্ত্রী.*। **পবিত্রতা** *বি* ১ বিশুদ্ধতা; নির্মলতা। ২ পরিশুদ্ধি। **পবিত্রীকরণ** *বি* ১ নির্মলীকরণ। ২ সংশোধন। **পবিত্রীকৃত** *বিণ* পূত বা পবিত্র করা হয়েছে এমন।
পমেটম *বি* কেশের পারিপাট্যের জন্য ব্যবহৃত সুগন্ধময় স্নেহজ পদার্থবিশিষ্ট; কেশপ্রসাধন দ্রব্য। [ই. pomatum]
পয়[1], পয়া *বি* ১ সুলক্ষণ; শুভচিহ্ন। ২ সৌভাগ্য।
পয়[2] *বি* পানি; জল। [স. পয়ঃ>]। **পয়নালা, পয়নালী, পয়োনালী** *বি* নর্দমা; জলনালী; পানি নিষ্কাশনের পথ।
পয়ঃপ্রণালী *বি* পানি নিষ্কাশনের ব্যবস্থা/পথ; নর্দমা; ড্রেন।
পয়গম্বর, পয়গাম্বর *বি* বাণী বা বার্তাবাহক; নবী; রসুল; আল্লাহ প্রেরিত দূত। [ফা.]
পয়গাম *বি* ১ খবর; সংবাদ; প্রস্তাব। ২ বিবাহের প্রস্তাব। [ফা.]
পয়জার, পায়যার *বি* ১ চটি জুতা; পাদুকা। ২ পাপোশ। [ফা.]
পয়দা *বি* ১ জন্ম; উৎপত্তি; উদ্ভব। ২ উৎপাদন; জন্মানো। [ফা.]। **পয়দায়েশ, পয়দায়েস** *বি* জন্ম।
পয়মন্ত, পয়া *বিণ* ১ সুলক্ষণযুক্ত; শুভচিহ্ন সূচক। ২ ভাগ্যবান।
পয়মাল *বিণ* ১ নষ্ট। ২ ধ্বংস; বিধ্বস্ত; বরবাদ। [ফা.]
পয়রা *বিণ* তরল; পাতলা (পয়রা গুড়)। [স. পয়ঃ>]
পয়সা *বি* ধাতুনির্মিত মুদ্রাবিশেষ; টাকার শতাংশের একাংশ। [স. পাদ>পদ>পঅ>পয়+সা]। **পয়সাওয়ালা** *বিণ* ধনবান; ধনী। **পয়সাকড়ি** *বি* ১ আর্থিক সম্বল। ২ নগদ টাকা-পয়সা।
পয়স্তি, পৈয়স্তি *বি* ১ সংযোগ। ২ নদীতে ভেঙে যাওয়া জমির স্থানে আবার চর পড়া; নদী ভরাটি জমি; নদীর পানি শুকিয়ে চড়া পড়লে অথবা বন্যার পানি শুকিয়ে পলিমাটি দ্বারা গঠিত আবাদের উপযোগী জমি; alluvion। [ফা.]। **শিকস্তি** *বিপ.* ভাঙ্গন।
পয়স্য *বিণ* দুগ্ধজাত; দধি ছানা ইত্যাদি দ্রব্য। [স.]। তুল. পায়েস।
পয়স্বিনী *বি* ১ প্রচুর দুধ দেয় এমন গাভী; দুগ্ধবতী। ২ নদী। ❑ *বিণ* জল পরিপূর্ণা। [স. পয়স্+বিন্+ঈ]
পয়ান, পয়াণ (পদ্যে) *বি* প্রয়াণ; প্রস্থান। [স. প্রয়াণ>]
পয়োধর *বি* ১ স্ত্রীলোকদের স্তন। ২ মেঘ; জলধর। ৩ নারিকেল। [স.]
পয়োধি, পয়োনিধি *বি* ১ সমুদ্র; সাগর; জলধি। ২ মেঘ; জলধর। [স.]
পয়োভার *বি* ১ জলভার। ২ দুগ্ধভার। ৩ পয়োধর; স্তন। [স.]
পর[1] *বি* পাখির পালক। [আঞ্চলিক]
পর[2] *বিণ* ১ অন্য; ভিন্ন; পৃথক। ২ অনাত্মীয়; সম্বন্ধ নেই এমন। ৩ শ্রেষ্ঠ; প্রধান; চরম; পরম। ❑ *বি* ১ শত্রু; বৈরী; অরি। ২ অন্য ব্যক্তি (পরচর্চা)। ৩ মোক্ষ; মুক্তি; নির্বাণ। ৪ পরমাত্মা। ৫ ব্রহ্ম। ❑ *ক্রিবিণ* অনন্তর; পশ্চাৎ। **পরা** *বিণ স্ত্রী.*। [স.]। **পরের ঘর** *বি* মেয়েদের শ্বশুর বাড়ি। **পরের ধনে পোদ্দারি**—অন্যের অর্থাদির সাহায্যে কর্তৃত্ব ফলানো। **পরের মাথায় কাঁঠাল ভাঙা, পরের মাথায় হাত বুলানো**—ফাঁকি দিয়ে পরের দ্রব্যাদি আত্মসাৎ করা; পরকে ঠকানো।
পর[3] *বি* প্রহর (তিন পর>বেলা)। [স. প্রহর>পর]
'পর, পর[4]—'উপর'-এর সংক্ষিপ্ত রূপ। [স. উপরি]
-পর *বিণ* নিষ্ঠ; নিরত; আসক্ত; পরায়ণ (স্বার্থপর)। [স. প+অ (করণে)]। **পরা** *বিণ স্ত্রী.* আসক্তা; নিরতা (নৃত্যপরা)।
পরওয়ার *বি* প্রতিপালক। [ফা.]। **পরওয়ারদেগার, পরওয়ারদিগার** *বি* রক্ষক; পালনকর্তা; জন্মদাতা আল্লাহ (গায়েবের মালিক পরওয়ারদেগার)।
পরক *বিণ* ভিন্নদেশীয়; alien। [স. (নবনির্মিত শব্দ)]
পরকলা *বি* ১ কাচ। ২ দর্পণ; আয়না। ৩ কাচের চাকতি; lens। [ফা.]
পরকাল *বি* ১ পরলোক; মৃত্যুর পরবর্তী অবস্থা; আখেরাত। ২ ভবিষ্যৎ; উত্তরকাল। [স.]। **পরকাল খাওয়া** *ক্রি* (আল.) ভবিষ্যৎ উন্নতির পথ নষ্ট করা।
পরকীয় *বিণ* পরসম্বন্ধীয়; অন্যের। **পরকীয়া** *বি* প্রণয়িনী; পরপত্নী বা কুমারী। ❑ *বিণ* পরস্ত্রী সম্বন্ধীয় (পরকীয়া প্রেম)। **পরকীয়াবাদ** *বি* বৈষ্ণব শাস্ত্রে প্রেম বিষয়ক মতবাদ। [স. পর+(ক)+ঈয়া]
পরকোলা *বি* দোলা।
পরখ, পরখাই *বি* ১ পরীক্ষা; বিচার; যাচাই। ২ বিবেচনা; পর্যালোচনা। [স. পরীক্ষা>]
পরগনা *বি* অনেকগুলো গ্রামের সমষ্টি; জেলার অংশবিশেষ; চাকলা। [ফা.]
পরগাছা *বি* ১ যে গাছ বা লতা অন্য গাছকে আশ্রয় করে জন্মে ও বাঁচে; পরজীবী উদ্ভিদ। ২ (আল.) অপরের আশ্রিত ব্যক্তি।
পরচর্চা *বি* অন্যের সম্বন্ধে আলোচনা; পরনিন্দা; অপরের

দোষত্রুটি সম্পর্কে সমালোচনা। [স.]

পরচালা, পরচাল *বি* ঘরের চালের নিম্নদেশে দ্বারের উপরকার ক্ষুদ্র ছাদন বা চালা; চালের ছাঁইচ।

পরচুল, পরচুলা, পরচুলো *বি* কৃত্রিম কেশ।

পরচ্ছিদ্রান্বেষণ *বি* অপরের দোষ খুঁজে বের করা; পরদোষ সন্ধান। [স.]। **পরচ্ছিদ্রান্বেষী**(-ষিন্) *বি,বিণ* অন্যের দোষ খুঁজে বেড়ায় এমন ব্যক্তি।

পরজ *বি* সঙ্গীতের রাগবিশেষ।

পরজীবী(-বিন্) *বি,বিণ*১ যে অন্যকে আশ্রয় করে বাঁচে; অন্যের দ্বারা প্রতিপালিত হয় এমন। ২ (বৈ.) অন্য জীবের দেহে বাস করে এরূপ উদ্ভিদ বা প্রাণী; parasite। [স.]

পরটা, পরোটা *বি* ঘিয়ে অথবা তেলে ভাজা রুটি। [হি.]

পরত *বি* ভাঁজ; স্তর; থাক; পট; layer। [আ.; তুল. স. পত্র]

পরতন্ত্র *বিণ* পরাধীন; পরবশ; পরের ইচ্ছায় নিয়ন্ত্রিত। [স.]

পরদার *বি*১ অন্যের পত্নী; পরস্ত্রী। ২ পরস্ত্রীগমন। [স.]। **পরদারগমন** *বি* অন্যের স্ত্রীতে উপগত হওয়া। **পরদারিক, পারদারিক** *বিণ* পরস্ত্রী সম্ভোগকারী; পরপত্নীগামী।

পরদ্বেষ *বি* অন্যের প্রতি দ্বেষ বা হিংসা। [স.]। **পরদ্বেষী** (-ষিন্) *বিণ* অপরকে হিংসা করে এমন; পরদূষক। **পরদ্বেষিণী** *বিণ স্ত্রী.*।

পরধন *বি* ১ অপরের ধন বা সম্পদ। ২ পরস্ব।

পরন *বি* পরিধানকরণ; বস্ত্ররূপে ব্যবহার (পরনের কাপড়)।

পরনিন্দা *বি* অন্যের কুৎসা বা দোষকীর্তন। [স.]

পরন্তপ *বিণ* শত্রুকে পীড়ন করে এমন; অরিন্দম; শত্রু-তাপন। [স. পর+√তপ্+ণিচ্+অ]

পরন্তু *অব্য* ১ অধিকন্তু। ২ পক্ষান্তরে। ☐ *বি* কিন্তু [স. পরম্+তু]

পরপতি *বি*১ অন্য নারীর স্বামী। ২ উপপতি। ৩ পরকীয়া সাধনতত্ত্বের নায়ক। [স.]

পর পর *ক্রিবিণ* ১ উপর্যুপরি; উত্তরোত্তর; একের পর আর। ২ ক্রমান্বয়ে। ৩ ক্রমে ক্রমে। ৪ অন্তর অন্তর (দুই চারদিন পর পর জ্বর আসে)। ☐ *বিণ* পাশাপাশি (পর পর সাজানো)।

পরপীড়ক *বিণ* অন্যকে পীড়ন করে এমন। [স.]

পরপুরুষ *বি*১ স্বামী ছাড়া অন্য পুরুষ; উপপতি। ২ পরম পুরুষ। ৩ প্রধান পুরুষ; পুরুষোত্তম। ৪ পরবর্তী বংশধর। [স.]

পরপুষ্ট *বি* কোকিল; পরভৃত। ☐ *বিণ* অন্যের দ্বারা পালিত। [স.]। **পরপুষ্টা** *বি স্ত্রী.* বেশ্যা; গণিকা। ☐ *বিণ* অন্যের দ্বারা পালিতা।

পরবর্তী(-তিন্) *বিণ* পরে অবস্থিত; পশ্চাৎস্থিত। [স.]। **পরবর্তিনী** *বিণ স্ত্রী.*।

পরবশ *বিণ*১ পরাধীন; অন্যের ইচ্ছাধীন। ২ অধীন। [স. পর+বশ]

পরবাদ *বি* ১ নিন্দা; অপবাদ; অখ্যাতি। ২ প্রত্যুত্তর; উত্তরবাক্য। [স.]। **পরবাদী**(-দিন্) *বিণ* ১ নিন্দুক; অপবাদকারী। ২ প্রত্যুত্তরকারী। **পরবাদিনী** *স্ত্রী.*।

পরবি *বি* পর্বাদিতে প্রাপ্য বখশিশ; পার্বণী।

পরব্রহ্ম(-হ্মন্) *বি* ১ পরমপুরুষ; পরমেশ্বর। ২ অনন্ত অসীম সর্বব্যাপী পরমব্রহ্ম। [স.]

পরভৃৎ *বি* কোকিলকে যে পালন করে অর্থাৎ কাক; বায়স। [স. পর+√ভৃ+ক্বিপ্]

পরভৃত *বি* কোকিল; পিক। ☐ *বিণ* পরপুষ্ট; অন্য কর্তৃক পালিত। [স. পর+√ভৃ+ত]। **পরভৃতা** *বি,বিণ স্ত্রী.*।

পরম *বিণ*১ শ্রেষ্ঠ; মহান; প্রধান; সর্বোত্তম (পরমপুরুষ)। ২ প্রথম; আদ্য। ৩ অত্যন্ত; চরম (পরম দুঃখ)। ৪ চূড়ান্ত; শেষ। [স. পর+√মা+অ]। **পরমপদ** *বি* ১ শ্রেষ্ঠস্থান। ২ মোক্ষ; মুক্তি। **পরমপদার্থ** *বি* শ্রেষ্ঠ বা মূল সত্তা। **পরমপিতা, পরমপুরুষ, পরমব্রহ্ম** *বি* পরমেশ্বর। **পরমহংস** *বি* মহাযোগী; শুদ্ধচিত্ত সংযত সমদর্শী নির্লোভ ও নির্বিকার যোগী পুরুষ।

পরমত *বি* অপরের অভিমত; অন্যের ধারণা বা ধর্ম। [স.]। **পরমতসহিষ্ণু** *বিণ* অপরের মত বা সিদ্ধান্ত সহ্য করে এমন। **পরমতাবলম্বী** *বিণ* অপরের মত গ্রহণকারী। **পরমত-অসহিষ্ণু, পরমতাসহিষ্ণু** *বিণ* অন্যের মত সহ্য করতে পারে না এমন।

পরমা *বিণ* শ্রেষ্ঠা; প্রধানা। [স.]। **পরমাগতি** *বি* মুক্তি; মোক্ষ। **পরমাপ্রকৃতি** *বি* আদ্যাশক্তি। **পরমাসুন্দরী** *বিণ* অপরূপ রূপলাবণ্যবতী; অতিশয় সৌন্দর্যশালিনী।

পরমাণু *বি* মৌল পদার্থের যে সূক্ষ্মতম অংশকে আর ভাগ করা যায় না। [স.]। **পারমাণবিক** *বিণ*১ পরমাণু সম্বন্ধীয়। ২ পরমাণু দ্বারা গঠিত।

পরমাত্মা *বি* উপনিষদ-কথিত বিশ্বস্রষ্টা পরমপুরুষ ব্রহ্ম। [স. পরম+আত্মা]

পরমাত্মীয় *বি,বিণ* অত্যন্ত ঘনিষ্ঠ বা অন্তরঙ্গ; অত্যন্ত নিকটসম্বন্ধীয়। [স. পরম+আত্মীয়]। **পরমাত্মীয়া** *বিণ স্ত্রী.*।

পরমাদর *বি* অতিশয় আদর বা যত্ন; পরম সমাদর বা আপ্যায়ন। [স. পরম+আদর]। **পরমাদৃত** *বিণ* অতিশয় আদৃত। [স. পরম+আদৃত]

পরমানন্দ *বি* অতিশয় আনন্দ। [স. পরম+আনন্দ]

পরমান্ন *বি* পায়েস; পায়সান্ন; দুগ্ধ ও শর্করা বা গুড় সংযোগে পাকানো অন্ন। [স. পরম+অন্ন]

পরমায়ু, পরমাই *বি* আয়ু; জীবিতকাল। [স. পরম+আয়ুঃ]

পরমার্থ *বি*১ শ্রেষ্ঠ বস্তু। ২ ধর্ম। ৩ শ্রেষ্ঠ সত্য; পরম সত্য। ৪ পরম কাম্য; চরম লক্ষ্য। [স. পরম+অর্থ]। **পরমার্থচিন্তা** *বি* ধর্মচিন্তা; হিন্দুমতে ব্রহ্মধ্যান।

পরমুখাপেক্ষা *বি* অন্যের উপর নির্ভরতা; অন্যের সাহায্য প্রত্যাশা। [স.]। **পরমুখাপেক্ষী**(-ক্ষিন্) *বিণ* অন্যের উপর নির্ভরশীল; অপরের সাহায্যপ্রত্যাশী। **পরমুখাপেক্ষিতা** *বি* অন্যের উপর নির্ভরশীলতা। [পরমুখ+অপেক্ষা, অপেক্ষী, অপেক্ষিতা]

পরমেশ, পরমেশ্বর *বি* জগদীশ্বর; পরব্রহ্ম। **পরমেশ্বরী** *বি* হিন্দু দেবীবিশেষ; ভগবতী; দুর্গা। [স. পরম+ঈশ, ঈশ্বর, ঈশ্বরী]

পরমোৎসব *বি* শ্রেষ্ঠ উৎসব; মহান উৎসব। [স. পরম+উৎসব]

পরম্পরা *বি* ধারা; অনুক্রম (বংশ-পরম্পরা, গুরুশিষ্য-পরম্পরা)। **পরম্পরাগত, পরম্পরীণ** *বিণ* পরম্পরায় বা ক্রমানুসারে আগত; ধারাবাহিক। [স.]। **পরম্পরায়,**

পরম্পরাক্রমে *ক্রিবিণ* পরপর ক্রমানুসারে; ক্রমে ক্রমে।
পররাষ্ট্র *বি* ভিন্ন রাষ্ট্র; অন্য রাষ্ট্র। ❑ *বিণ* বিদেশ সংক্রান্ত (পররাষ্ট্র মন্ত্রী)। **পররাষ্ট্র মন্ত্রণালয়** *বি* বিদেশ বিষয়ক মন্ত্রণালয়।
পরলোক *বি* ১ মৃত্যুর পরবর্তী জগৎ; মরণের পর যে স্থানে অবস্থান করতে হয়; লোকান্তর; মৃত্যুর পরবর্তী অবস্থা। ২ পরকাল; ইহকালের পরবর্তী কাল; আখেরাত। ৩ মৃত্যু। [স.] **পরলোকগমন, পরলোকপ্রাপ্তি** *বি* মৃত্যু।
পরশ, পরশন *বি* স্পর্শ; ছোঁয়াচ। [স. স্পর্শ>পরশ (স্বরাগমে)]
পরশপাথর, পরশমণি *বি* স্পর্শমণি; কাল্পনিক প্রস্তরবিশেষ যার স্পর্শে লোহাদি স্বর্ণে রূপান্তরিত হয়। [স. স্পর্শপ্রস্তর; স্পর্শমণি>]
পরশু[১] *বি* কুঠার; টাঙ্গি; প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিশেষ। [স.]। **পরশুরাম** *বি* পুরাণোক্ত ঋষিবিশেষ; যমদগ্নি ঋষির পুত্র; বিষ্ণুর ষষ্ঠ অবতার যিনি কুঠার দ্বারা একুশ বার ক্ষত্রিয়কুল ধ্বংস করেছিলেন।
পরশু[২] *বি* আগামী কালের পরের দিন; গতকালের পূর্বদিন। [স. পরশ্ব>]
পরশ্রীকাতর *বিণ* অপরের উন্নতি বা সৌভাগ্য দেখে ঈর্ষান্বিত হয় এমন। [স.]। **পরশ্রীকাতরতা** *বি* অপরের উন্নতিতে ঈর্ষা প্রকাশ।
পরস্পর *বিণ* ১ উভয় বা বহুর মধ্যে। ২ একের সঙ্গে অন্য; অন্যোন্য। [স. পর+পর]। **পরস্পরবিরোধী** *বিণ* একে অন্যের বিপরীত।
পরস্মৈপদ *বি* (স. ব্যা.) অন্যের উদ্দেশ্য প্রকাশ করে এমন ধাতুর সঙ্গে যুক্ত বিভক্তি। [স.]। **পরস্মৈপদী** *বিণ* ১ পরস্মৈপদে প্রযুক্ত। ২ যে কাজ অন্যের উপর ভার দিয়ে করা যায়। ৩ অন্যের; অপরের (পরস্মৈপদী অর্থে বাবুয়ানা)।
পরস্ব *বি* অন্যের বিত্ত বা সম্পদ। **পরস্বহরণ, পরস্বাপহরণ** *বি* অন্যের বিত্ত বা সম্পদ আত্মসাৎকরণ। **পরস্বহারী, পরস্বাপহারী** *বিণ* পরধন অপহরণকারী; অন্যের সম্পদ আত্মসাৎকারী। [স. পরস্ব+অপহরণ, অপহারী]
পরহিত *বি* অপরের মঙ্গল; পরোপকার। **পরহিতব্রত** *বি* পরোপকার রূপ ধর্মকার্য। ❑ *বিণ* পরের হিত সাধনই যার ব্রত; পরের কল্যাণসাধক। **পরহিতব্রতা** *বিণ স্ত্রী.*। **পরহিতব্রতী**(–তিন্) *বিণ* পরের মঙ্গলে নিয়োজিত। **পরহিতৈষণা** *বি* পরোপকার বা পরের মঙ্গল সাধনের চেষ্টা। **পরহিতৈষী**(–ষিন্) *বিণ* পরের মঙ্গলচিন্তা করে এমন; পরহিতাভিলাষী। [স. পরহিত+এষণা, এষী]
পরহেজ *ক্রিবিণ* ধর্মবিরোধী কাজ থেকে বিরত থাকা। ❑ *বি* সংযম; মিতাচার; অসৎ কার্য সম্বন্ধে সাবধানতা। [ফা.]। **পরহেজগার** *বি* ধর্মনিষ্ঠ; সাবধানী; ধার্মিক। ❑ *বিণ* ধর্মবিরোধী ক্রিয়াকলাপ থেকে বিরত থাকেন এমন; সংযমী; মিতাচারী। **পরহেজগারি** *বি* ১ তাকওয়া বা ভীতিকর বিষয় থেকে আত্মরক্ষা করার সাধনা; সংযম; মিতাচার। ২ কর্তব্যনিষ্ঠা।
পরা[১] *বিণ* পরমা; প্রধানা; শ্রেষ্ঠা; মুখ্যা। [স. √পৃ+অ+আ]
পরা[২] *ক্রি* পরিধান করা; দেহে ধারণ করা (কাপড় পরা)। ❑ *বি* পরিধান; অঙ্গে ধারণ (গহনা পরা)। ❑ *বিণ* পরিহিত (মোজাপরা পা)। [স. পরি+√ধা]। **পরানো** *ক্রি* পরিধান করানো; দেহে ধারণ করানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।
পরা[৩] *অব্য* আতিশয্য বৈপরীত্য প্রভৃতি জ্ঞাপক উপসর্গবিশেষ (পরাক্রম, পরাজয়)। [স. √পৃ+আ]
পরাকাষ্ঠা *বি* চরম সীমা; চূড়ান্ত; চরম উৎকর্ষ বা অপকর্ষ; climax। [স. পরা+কাষ্ঠা]
পরাক্রম *বি* বল; বীর্য; শক্তি; বিক্রম; বীরত্ব; দাপট; প্রতাপ; পুরুস্কার। [স. পরা+√ক্রম্+অ]। **পরাক্রমশালিতা** *বি* বলশালিতা; প্রতাপশালিতা। **পরাক্রমশালী**(–লিন্), **পরাক্রান্ত** *বিণ* পরাক্রমযুক্ত; শক্তিমান; বলশালী; বীর্যবান; প্রতাপশালী।
পরাগ *বি* ১ ফুলের রেণু; pollen। ২ গন্ধদ্রব্যপূর্ণ। ৩ রেণু; রজ; ধূলি। ৪ চূর্ণ; গুঁড়া। ৫ চন্দন। ৬ প্রতিপত্তি; খ্যাতি। [স. পরা+√গম্+অ]
পরাঙ্মুখ *বি* ১ মুখ ফিরিয়ে আছে এরূপ; বিমুখ। ২ প্রতিকূল; বিরুদ্ধ। ৩ উদাসীন; নির্লিপ্ত। ৪ নিবৃত্ত; ক্ষান্ত। [স. পরাঙ+মুখ]
পরাজয় *বি* পরাভব; হার। [স. পরা+√জি+অ]। **পরাজিত** *বিণ* পরাভূত; পরাস্ত; হারিয়েছে এমন। **পরাজিতা** *বিণ স্ত্রী.*।
পরাত *বি* বৃহৎ থালা। [পো. prato]
পরাৎপর *বিণ* শ্রেষ্ঠ থেকেও শ্রেষ্ঠ; মহতের মহৎ। ❑ *বি* পরমেশ্বর; জগদীশ্বর। [স.]। **পরাৎপরা** *বিণ স্ত্রী.*।
পরাধীন *বিণ* অন্যের অধীন বা বশীভূত; পরবশ। [স.]। **পরাধীনা** *বিণ স্ত্রী.*। **পরাধীনতা** *বি* অন্যের অধীনতা।
পরান্ন *বি* পরের অন্ন; অন্ন স্বোপার্জিত নয়। [পর+অন্ন]। **পরান্নজীবী**(–বিন্) *বিণ* অপরের অন্নে জীবন ধারণ করে এমন; অপরের অন্নে প্রতিপালিত। **পরান্নপুষ্ট** *বিণ* অপরের অন্নে পরিপুষ্ট হয়েছে এমন; পরান্নে প্রতিপালিত। **পরান্নভোজী** *বিণ* ১ পরের অন্ন ভোজন করে এমন। ২ পরান্নজীবী।
পরাবর্ত *বি* ১ বিনিময়; অদলবদল; বদলাবদলি। ২ প্রত্যাবর্তন। [স. পরা+√বৃৎ+অ]
পরাবর্তন *বি* ১ প্রত্যাবর্তন। ২ প্রতিফলন; reflection। [স. পরা+√বৃৎ+অন]
পরাবর্তিত *বিণ* ফিরানো হয়েছে এমন; প্রত্যাবর্তিত। [স. পরা+√বৃৎ+ণিচ্+ত]
পরাবৃত্ত[১] *বিণ* ১ ফিরে এসেছে এমন; প্রত্যাবৃত্ত। ২ পলায়িত। [স. পরা+√বৃৎ+ত]। **পরাবৃত্তি** *বি* ১ প্রত্যাবর্তন। ২ পলায়ন।
পরাবৃত্ত[২] *বি* (জ্যা.) শঙ্কু ও সমতলের পরস্পর ছেদন থেকে বিশেষভাবে সৃষ্ট বক্ররেখার একটি; hyperbola। [স. পরা+বৃত্ত]
পরাভব *বি* ১ পরাজয়; হার। ২ অবমাননা; নির্যাতন। [স. পরা+√ভূ+অ]
পরামর্শ *বি* ১ মন্ত্রণা; যুক্তি (পরামর্শ করা)। ২ উপদেশ (পরামর্শ দেওয়া)। ৩ বিচার; বিবেচনা। [স. পরা+√মৃশ্+অ]
পরামানিক *বি* নাপিত। [স. প্রামাণিক>পরামানিক (স্বরভক্তির ফলে)]
পরায়ণ[১] *বিণ* ১ অতিশয় আসক্ত বা অনুরক্ত; একনিষ্ঠ (কর্তব্যপরায়ণ)। ২ শ্রেষ্ঠ বা প্রধান অবলম্বন। [স. পর+অয়ন]। **পরায়ণা** *বিণ স্ত্রী.*।
পরায়ত্ত *বিণ* অন্যের অধিকারভুক্ত; পরাধীন; পরবশ।

[স. পর+আয়ত্ত]

পরার্থ *বি* পরের উপকার; অন্যের প্রয়োজন। [স. পর+অর্থ]। **পরার্থপর** *বিণ* পরোপকারী। **পরার্থপরতা** *বি* পরোপকারপরায়ণতা।

পরাশর *বি* বেদ সঙ্কলয়িতা ব্যাসের পিতা; ধর্মশাস্ত্র প্রবর্তক ঋষি। [স.]

পরাশ্রয় *বি* অন্যের আশ্রয় বা অবলম্বন। [স. পর+আশ্রয়]। **পরাশ্রয়ী(-য়িন্)** *বিণ* অন্যকে আশ্রয় বা অবলম্বন করে এমন। **পরাশ্রিত** *বিণ* ১ অন্যের আশ্রিত। ২ অপরের পালিত। **পরাশ্রিতা** *বিণ স্ত্রী.*।

পরাস্ত *বিণ* পরাজিত। [স. পরা+√অস্+ত]

পরাহত *বিণ* ১ পরাজিত; পরাস্ত। ২ আহত। ৩ ব্যাহত; বাধাপ্রাপ্ত। ৪ আক্রান্ত। [স. পর+আহত]। তুল. **সুদূরপরাহত**—বহুদিনের জন্যে যা বাধাপ্রাপ্ত।

পরি *অব্য* ব্যাপ্তি বিরোধ নিন্দা প্রভৃতিসূচক উপসর্গবিশেষ (পরিণত, পরিপন্থী, পরিচ্ছেদ)। [স.]

পরিকর *বি* ১ কটিবন্ধ (বদ্ধপরিকর)। ২ সহচর। ৩ গণ; সমূহ। [স. পরি+√কৃ+অ]

পরিকল্পক, পরিকল্পয়িতা *বিণ* ছক বা রূপরেখাকারী; পরিকল্পনাকারী। [স. পরি+√কৃপ্+ণিচ্+অক]

পরিকল্পনা *বি* ১ চিন্তন; উদ্ভাবন; কোনো কাজের সুচিন্তিত রূপরেখা (পাঁচসালা পরিকল্পনা); planning। ২ নকশা; কল্পিত রচনার প্রণালী; plan। [স. পরি+√কৃপ্+অন+আ]। **পরিকল্পনা কমিশন** *বি* দেশের আর্থ-সামাজিক উন্নয়নের রূপরেখা ও তার বাস্তবায়ন নির্দেশিকা প্রণয়নকারী সংস্থা।

পরিকল্পিত *বিণ* ১ পরিকল্পনা করা হয়েছে এমন। ২ স্থিরীকৃত; নির্ধারিত। [স.]

পরিকীর্ণ *বিণ* ১ বিক্ষিপ্ত; ছড়ানো। ২ পরিব্যাপ্ত; বিস্তৃত। [স.]

পরিকীর্তন *বি* সম্যকভাবে কথন বা প্রশংসা। [স.]। **পরিকীর্তিত** *বিণ* সম্যকরূপে কথিত বা প্রশংসিত।

পরিকেন্দ্র *বি* সমবাহু ত্রিভুজ বা সমাঙ্গ বহুভুজের কোণ বিন্দুগুলির মধ্য দিয়ে অঙ্কিত বৃত্তের কেন্দ্র; মণ্ডল-মধ্য বিন্দু; circumcentre। [স.]

পরিক্রম, পরিক্রমণ *বি* ১ পরিভ্রমণ। ২ প্রদক্ষিণ। ৩ পায়চারি; পাদচারণ। **পরিক্রমা** *বিণ* ভ্রমণ (বিদেশ পরিক্রমা)। ☐*বি* ১ তীর্থস্থান-প্রদক্ষিণ। ২ (আল.) পর্যালোচনা (সাহিত্য পরিক্রমা)। [স. পরি+√ক্রম্+অ/অন]

পরিখা *বি* শত্রুর আক্রমণ থেকে রক্ষার জন্য দুর্গ; প্রাসাদাদির চারদিকে খনিত খাত; গড়খাই। [স. পরি+√খন+অ]। **পরিখীকৃত** *বিণ* পরিখা দ্বারা ঘেরাও বা বেষ্টিত।

পরিগণন, পরিগণনা *বি* বিশেষভাবে সংখ্যাকরণ বা গণনা। [স.]। **পরিগণিত** *বি* ১ বিশেষভাবে গণিত বা সংখ্যাত। ২ বিবেচিত। **পরিগণিতা** *বিণ স্ত্রী.*।

পরিগৃহীত *বিণ* ১ গ্রহণ করা হয়েছে এরূপ। ২ স্বীকৃত। [স.]

পরিগ্রহ *বি* বিশেষভাবে গ্রহণ (দারপরিগ্রহ)। ☐*বিণ* ধারণ (সমুদ্র ভীষণ রূপ পরিগ্রহ করেছে)। [স. পরি+√গ্রহ্+অ]। **পরিগ্রাহক** *বিণ* পরিগ্রহকারী; পরিগ্রহণ করে এমন। **পরিগ্রাহিকা** *বিণ স্ত্রী.*।

পরিচয় *বি* ১ নামধাম বংশাদির বিবরণ। ২ জানাশুনা; আলাপ। ৩ চিহ্ন; অভিজ্ঞান; নিদর্শন; উদাহরণ। ৪ প্রণয়; প্রেম। [স. পরি+√চি+অ]। **পরিচয়বাহী** *বি, বিণ* পরিচয় বহনকারী; বর্ণনা দানকারী।

পরিচর্যা *বি* ১ সেবা; শুশ্রূষা। ২ পূজা; উপাসনা। [স. পরি+√চর্+য+আ]

পরিচলন *বি* ১ সঞ্চলন। ২ *বি* (বৈ.) বায়ব বা তরল দ্রব্যের প্রবাহের তাপ ও বিদ্যুতের সঞ্চালন; convection। [স. পরি+√চল্+অন]

পরিচায়ক *বিণ* ১ পরিচয় করিয়ে দেয় এমন; পরিচয় প্রদানকারী। ২ জ্ঞাপক; সূচক; নির্দেশক। [স. পরি+√চি+অক]। **পরিচায়িকা** *বিণ স্ত্রী.*।

পরিচারক *বি* সেবক; চাকর; ভৃত্য। [স. পরি+√চর্+অক]। **পরিচারিকা** *বি স্ত্রী.* চাকরানি; সেবিকা। **পরিচারণ** *বি* সেবা।

পরিচালক *বি, বিণ* ১ যিনি পরিচালনা করেন; পরিচালনাকারী (সিনেমা বা সঙ্গীত পরিচালক); বিভাগের প্রধান; director। ২ অধ্যক্ষ। [স.]। **পরিচালিকা** *বিণ স্ত্রী.*। তুল. পদের ক্রমানুসারে সহপরিচালক; উপপরিচালক; পরিচালক; মহাপরিচালক।

পরিচালন, পরিচালনা *বি* ১ কোনো সংস্থা বা অফিস ইত্যাদি চালানো। ২ সঞ্চালন। ৩ সম্পাদন। ৪ নির্বাহ। ৫ শাসন। [স.]। **পরিচালিত** *বিণ* ১ সঞ্চালিত। ২ সম্পাদিত।

পরিচিত *বিণ* ১ পরিচয় জানা আছে এমন; পরিচয়বিশিষ্ট। ২ জানাশুনা আছে এমন; জানিত; আলাপিত। ৩ জ্ঞাত। ৪ অভ্যস্ত। [স. পরি+√চি+ত]। **পরিচিতা** *বিণ স্ত্রী.*। **পরিচিতি** *বি* পরিচয়।

পরিচ্ছদ *বি* ১ আচ্ছাদন। ২ পোশাক; বসন; জামাকাপড়। [স. পরি+√ছদ্+ণিচ্+অ]

পরিচ্ছন্ন *বিণ* ১ পরিষ্কৃত। ২ ফিটফাট; গোছানো; বিন্যস্ত। [স. পরি+√ছদ্+ত]। **পরিচ্ছন্নতা** *বি* নির্মলতা।

পরিচ্ছেদ *বিণ* অংশ; ভাগ। ☐*বি* ১ শেষ; সমাপ্তি; অবসান। ২ গ্রন্থের বিষয় বিভাগ; অধ্যায়; chapter। ৩ নির্ণয়; নির্ধারণ। ৪ ভেদজ্ঞান। [স. পরি+√ছিদ্+অ]

পরিজন *বি* ১ পরিবারের লোক। ২ আত্মীয়-স্বজন। ৩ পোষ্যবর্গ। ৪ পরিচারক; সেবক। [স]

পরিজ্ঞাত *বিণ* সম্যকভাবে জ্ঞাত বা পরিচিত। [স.]

পরিণত *বিণ* ১ পূর্ণতাপ্রাপ্ত; পরিপক্ব; পরিণতিপ্রাপ্ত। ২ বিশেষ অবস্থা বা অবস্থান্তরপ্রাপ্ত; রূপান্তরিত। ৩ পর্যবসিত। ৪ চরমে উপনীত। ৫ বৃদ্ধ (পরিণত বয়স)। [স. পরি+√নম্+ত]। **পরিণতি** *বি* ১ চরম দৃশ্য; শেষ অবস্থা; পরিণাম। ২ শেষ; সমাপ্তি। ৩ অবস্থান্তরপ্রাপ্তি; রূপান্তর।

পরিণয় *বি* বিবাহ; উদ্বাহ। [স. পরি+√নী+অ; পরি+√নী+অন]। **পরিণয়সূত্র** *বি* বিবাহ-বন্ধন।

পরিণাম *বি* ১ শেষ দশা বা অবস্থা। ২ অবস্থান্তরপ্রাপ্তি। ৩ ভবিষ্যৎ; আখের; ফল। [স. পরি+√নম্+অ]। **পরিণামদর্শী(-র্শিন্)** *বিণ* ১ ভবিষ্যৎ দর্শনকারী। ২ ভবিষ্যৎ ভেবে কাজ করে এমন। **পরিণামদর্শিতা** *বি* দূরদর্শিতা।

পরিণীত *বিণ* বিবাহিত। **পরিণীতা** *বিণ স্ত্রী.*। [স. পরি+√নী+ত]।
পরিণেয় *বিণ* বিবাহযোগ্য; বিবাহের উপযুক্ত। [স. পরি+√নী+য]।
পরিতাপ *বি* মনস্তাপ; খেদ; আফসোস; দুঃখ। [স.]
পরিতুষ্ট *বিণ* ১ পরিতৃপ্ত। ২ আনন্দিত; সন্তুষ্ট; খুশি। [স. পরি+√তুষ্+ত]। **পরিতুষ্টা** *বিণ স্ত্রী.*। **পরিতুষ্টি, পরিতোষ** *বি* পরিতৃপ্তি; সন্তোষ।
পরিতৃপ্ত *বিণ* পূর্ণ তৃপ্ত; অতিশয় তৃপ্ত। [স.]। **পরিতৃপ্তি** *বি* পূর্ণতৃপ্তি।
পরিত্যক্ত *বিণ* ১ বর্জিত; ত্যক্ত। ২ সঙ্গ বা সাহচর্য ত্যাগ করা হয়েছে এমন। [স. পরি+√ত্যজ্+ত]। **পরিত্যক্তা** *বিণ স্ত্রী.*।
পরিত্রাণ *বি* ১ নিষ্কৃতি; মুক্তি; উদ্ধার। ২ সঙ্কটজনক পরিস্থিতি থেকে মুক্তি। ৩ ধ্বংস বা বিনাশ থেকে রক্ষা। [স.]
পরিত্রাতা *বিণ* পরিত্রাণকারী; ত্রাণকর্তা। [স.]
পরিত্রাহি *ক্রিবিণ* পরিত্রাণ করো; বাঁচাও; রক্ষা করো। [স.]
পরিদর্শক *বি,বিণ* ১ পর্যবেক্ষক। ২ পরিদর্শন করে যে; পরিদর্শনকারী; inspector। [স. পরি+দর্শক]
পরিদৃশ্যমান *বিণ* ১ চারদিকে দৃষ্ট; চতুর্দিকে দৃশ্যমান। ২ সুস্পষ্ট। [স.]
পরিদৃষ্ট *বিণ* সম্যকরূপে দৃষ্ট। [স.]
পরিধান *বি* ১ পরিধেয় বস্ত্র; পোশাক; পরিচ্ছদ। ২ অঙ্গে ধারণ। [স. পরি+√ধা+অন]। **পরিধায়ী** *বি* যে পরে। **পরিধেয়** *বিণ*।
পরিধি *বি* ১ বৃত্তের বেষ্টনরেখা; circumference। ২ চারদিকের সীমারেখা; প্রান্ত; বেড়। [স. পরি+√ধা+ই]।
পরিনির্বাণ *বি* বুদ্ধের দেহত্যাগ; ভবযন্ত্রণা থেকে মুক্তি; শাক্যসিংহের বুদ্ধত্ব প্রাপ্তি। [স.]
পরিপক্ব *বিণ* ১ সুপক্ব; সম্পূর্ণ পাকা। ২ বিচক্ষণ; সুদক্ষ; পারদর্শী। ৩ পরিণত। [স.]। **পরিপক্বতা** *বি* ১ সুপক্বতা। ২ বিচক্ষণতা।
পরিপন্থী *বিণ* ১ প্রতিকূল। ২ প্রতিবন্ধকস্বরূপ; বিঘ্নকর; বাধাদায়ক। ৩ শত্রুভাবাপন্ন। ❑ *বি* বিপক্ষ। [স.]
পরিপাটি, পরিপাটী *বি* ১ সুবিন্যাস; সুশৃঙ্খলা। ২ নৈপুণ্য; কৌশল; কারিগরি। ❑ *বিণ* ১ সুবিন্যস্ত; সুশৃঙ্খল। ২ নিপুণ। [স.]
পরিপুষ্ট *বিণ* ১ অতিশয় পুষ্ট; সুপুষ্ট; নিটোল। ২ বৃদ্ধিপ্রাপ্ত; বর্ধিত। [স.]। **পরিপুষ্টা** *বিণ স্ত্রী.*। **পরিপুষ্টতা, পরিপুষ্টি** *বি* সুপুষ্টতা।
পরিপূরক *বিণ* পরিপূর্ণকারী; সম্পূর্ণ করে এমন। [স.]
পরিপূরণ *বি* ১ সম্পূর্ণকরণ; পরিপূর্তি। ২ অভাব দূরীকরণ। [স.]
পরিপূর্ণ *বিণ* ১ সামগ্রিকভাবে পূর্ণ; ভরপুর। ২ সম্পূর্ণ। ৩ পরিতৃপ্ত। ৪ সফল। [স.]। **পরিপূর্ণা** *বিণ স্ত্রী.*। **পরিপূর্ণতা** *বি* ১ সম্পূর্ণতা। ২ পরিতৃপ্তি।
পরিপোষণ *বি* ১ প্রতিপালন; সংরক্ষণ। ২ মনে ধারণ। [স.]। **পরিপোষিত** *বিণ* পরিপালন করা হয়েছে এমন।
পরিপ্রেক্ষিত *বি* দৃশ্যমান বিষয়ের বিভিন্ন অংশের আকৃতি দূরত্ব নৈকট্য প্রভৃতি চিত্রে প্রতিফলন; পটভূমি; পরিবেষ্টনী; পারিপার্শ্বিক অবস্থা; perspective। এ অর্থে প্রেক্ষিত অশুদ্ধ প্রয়োগ। [স. পরি+প্র+√ঈক্ষ্+ত]
পরিপ্লুত *বিণ* ১ আপ্লুত; অভিষিক্ত; সিক্ত। ২ প্লাবিত। ৩ নিমজ্জিত। ৪ কম্পমান। ৫ আকুল। [স. পরি+√প্লু+ত]। **পরিপ্লুতি** *বি* আকুলতা; কম্প।
পরিবর্জন *বি* পরিত্যাগ; বিসর্জন। [স.]। **পরিবর্জিত** *বিণ* পরিত্যক্ত।
পরিবর্ত *বিণ* পরিবর্তন। ❑ *বি* ১ বদল; বিনিময়। ২ বদলি (পরিবর্ত খেলোয়াড়)। [স. পরি+√বৃত্+অ]
পরিবর্তক *বিণ* ১ পরিবর্তনকারী। ২ প্রত্যাবর্তনকারী। [স. পরি+√বৃত+অক]
পরিবর্তন *বি* ১ বদল। ২ অবস্থান্তর; রূপান্তর। ৩ সংস্কার। ৪ আবর্তন। [স. পরি+√বৃত্+অন]। **পরিবর্তনীয়, পরিবর্তনশীল** *বিণ* ১ পরিবর্তিত বা বদল হতে পারে এমন; পরিবর্তনযোগ্য। ২ বিনিময়যোগ্য। **পরিবর্তমান** *বিণ* পরিবর্তনশীল। **পরিবর্তিত** *বিণ* ১ বদল বা পরিবর্তন হয়েছে এমন। ২ অবস্থান্তরিত।
পরিবর্ধন *বি* ১ বর্ধিতকরণ; সম্প্রসারণ; বিস্তারণ; বাড়ানো; enlargement। ২ সম্যক উন্নতিসাধন; শ্রীবৃদ্ধিকরণ। [স.]। **পরিবর্ধক** *বিণ*। **পরিবর্ধিত** *বিণ* পরিবর্ধন করা হয়েছে এমন; সম্প্রসারিত; বিস্তারিত।
পরিবহন *বি* ১ স্থান থেকে স্থানান্তরে প্রাণী ও বস্তু বহন; transport। ২ (বৈ.) কোনো বস্তুর মধ্য দিয়ে তড়িৎ তাপ ইত্যাদির সঞ্চলন; conduction।
পরিবাদ *বি* নিন্দা; অপবাদ; কুৎসা; দুর্নাম। [স. পরি+√বদ্+অ]। **পরিবাদক, পরিবাদী** *বিণ* নিন্দাকারী; অপবাদ দেয় এমন; কুৎসা রটনাকারী। **পরিবাদিনী** *স্ত্রী.*।
পরিবার *বি* ১ স্বামী, স্ত্রী, সন্তান ও পোষ্যগণ। ২ একান্নবর্তী সংসার। ৩ পত্নী। [স. পরি+√বৃ+অ]। **পরিবার-পরিকল্পনা** *বি* ১ সন্তান-প্রজনন সিদ্ধান্ত। ২ জন্মনিয়ন্ত্রণ; birth control। ৩ সুনির্দিষ্ট সংখ্যা নিয়ে নির্দিষ্ট পরিবার রচনা; family planning।
পরিবাহন *বি* সঞ্চালন। [স.]
পরিবাহী *বি,বিণ* ১ পরিবহনকারী; পরিবহন করে এমন। ২ যার মধ্য দিয়ে তাপ সঞ্চলন হয়; conductor। [স.] **পরিবাহিতা** *বি* (বৈ.) পরিবহন শক্তি; conductivity।
পরিবৃত *বিণ* ১ পরিবেষ্টিত। ২ সম্যকভাবে আবৃত; সমাচ্ছাদিত। [স. পরি+√বৃ+ত]। **পরিবৃতি** *বি* ১ পরিবেষ্টন; পরিধি। ২ আবরণ; আচ্ছাদন।
পরিবৃত্ত *বি* ক্ষেত্র পরিবেষ্টন করে অঙ্কিত বৃত্ত; circumcircle। [স.]
পরিবৃত্তি *বি* ১ পরিবর্তন। ২ বিনিময়; বদল। [স.]
পরিবেদনা *বি* ১ প্রবল বেদনা; নিদারুণ যন্ত্রণা বা ক্লেশ। ২ বিবেচনা। [স.]
পরিবেশ *বি* ১ চার পাশের অবস্থা; প্রতিবেশ। ২ পরিধি; পরিবেষ্টন। ৩ পরিমণ্ডল; environment। [স. পরি+√বিশ্/বিষ্+অ]
পরিবেশন, পরিবেষণ *বি* ১ বিতরণ। ২ ভাগ করে প্রদান। [স. পরি+√বিশ্, বিষ্+অন]। **পরিবেশক** *বি,বিণ* পরিবেশন করে যে; পরিবেশনকারী।
পরিবেষ্টন *বি* ১ আবেষ্টন; ঘের; বেড়া। ২ ঘেরাওকরণ; ঘিরে ফেলা। ৩ প্রদক্ষিণ। [স.]

পরিবেষ্টনী *বি* ১ আবেষ্টনী। ২ প্রতিবেশ। [স.]
পরিবেষ্টিত *বিণ* পরিবৃত; ঘেরাও করা হয়েছে এমন।
পরিব্রজ্যা *বি* ১ পরিব্রাজক ধর্ম; প্রব্রজ্যা বা সন্ন্যাস। ২ ধর্মার্থে পরিভ্রমণ। [স. পরি+√ব্রজ্+য]
পরিব্রাজক *বি* ১ পর্যটক; ভ্রমণকারী। ২ পর্যটনকারী ভিক্ষু বা সন্ন্যাসী। **পরিব্রাজিকা** *বি স্ত্রী.*।
পরিব্রাজন *বি* পরিভ্রমণ; পর্যটন। [স. পরি+√ব্রজ্+অন]
পরিভাষা *বি* বিশিষ্ট অর্থবাচক শব্দ; বিশেষ অর্থে ব্যবহৃত শব্দ বা পদ; সংজ্ঞাবিশেষ। [স.]
পরিভ্রমণ *বি* ১ ইতস্তত ভ্রমণ; প্রদক্ষিণ। ২ পর্যটন। [স.]
পরিমণ্ডল *বি* ১ পরিধি; পরিবেষ্টন; ঘের। ২ বর্তুল; গোলাকার জিনিস। [স.]
পরিমল *বি* ১ কুঙ্কুম; চন্দন ইত্যাদির মর্দনজাত সুগন্ধ। ২ পুষ্প চন্দনাদি থেকে উত্থিত সুগন্ধ। ৩ মধু। [স. পরি+√মল্+অ]
পরিমাণ *বি* ১ মাপ; ওজন। ২ মাত্রা; সংখ্যা। ৩ গুরুত্ব। [স. পরি+মান]। **পরিমাণ ফল** *বি* ১ (গ.) ক্ষেত্রফল; বর্গফল; ঘনফল। ২ ভূমির চতুঃসীমা আবদ্ধ স্থানের পরিমাণ।
পরিমাপ *বি* ১ পরিমাণ নির্ণয়; মাপা। ২ পরিমাণ; মাপ; ওজন। ❑ *বিণ* জরিপ; survey। **পরিমাপক** *বি* পরিমাপকারী; জরিপকারী; surveyor। **পরিমাপণ** *বি* পরিমাপ নির্ধারণ।
পরিমিত *বিণ* ১ সংযত। ২ অল্প। ৩ মাপা হয়েছে এমন। ৪ পরিমাণ মতো। [স. পরি+ √মা+ইত]
পরিমিতি *বি* ১ মাপ; পরিমাপ। ২ ভূমির পরিমাণ সংক্রান্ত শাস্ত্র; ক্ষেত্রতত্ত্ব; mensuration। ৩ সংযম; মাত্রা (পরিমিতিবোধ)। [স. পরি+√মা+ত+ই]
পরিমেয় *বিণ* ১ পরিমাপ করার যোগ্য; মাপা যায় এমন; পরিমিতি। ২ সসীম; finite। [স. পরি+√মা+য]
পরিম্লান *বিণ* অত্যন্ত ম্লান। [স.]
পরিলেখ *বি* ১ সীমানির্ধারক রেখা; নকশা। ২ খসড়া; outline। [স. পরি+√লিখ্+অ]
পরিশিষ্ট *বি* অবশিষ্ট; বাকি। ❑ *বিণ* গ্রন্থাদির পরিশেষে যুক্ত পাঠ্যবিষয়ের অতিরিক্ত অংশ; appendix। [স. পরি+√শিষ্+ত]
পরিশীলন, পরিশীলনী *বি* ১ পরিচর্চা; অনুশীলন। ২ অনুলেপন। [স.]। **পরিশীলিত** *বিণ* মার্জিত; যত্ন ও চর্চার ফলে যে বিশেষ অবস্থায় সৃষ্টি হয় (পরিশীলিত রচনা)।
পরিশুদ্ধ *বিণ* ১ বিশুদ্ধ; পবিত্র। ২ পরিষ্কৃত; পবিত্রীকৃত। [স.]। **পরিশুদ্ধতা, পরিশুদ্ধি** *বিণ* বিশুদ্ধতা; পবিত্রতা।
পরিশেষ *বি* ১ অবশেষ; অবসান; শেষকাল। ২ উপসংহার। ❑ *বিণ* অবশিষ্ট। [স.]
পরিশোধ *বি* ১ ঋণশোধ; ধারশোধ। ২ সংশোধন। ৩ প্রত্যর্পণ। [স.]। **পরিশোধ্য** *বিণ* পরিশোধ করা যায় বা করতে হবে এমন।
পরিশ্রম *বি* ১ শ্রম; মেহনত; খাটুনি। ২ আয়াস। [স.]। **পরিশ্রমী(-মিন্)** *বিণ* ১ শ্রমশীল; পরিশ্রম বা মেহনত করতে পারে এমন। ২ মেহনত করতে অভ্যস্ত।
পরিশ্রান্ত *বিণ* পরিশ্রমহেতু ক্লান্ত; অবসন্ন। [স.]
পরিষদ, পরিষৎ *বি* ১ সভা; সমিতি; সংসদ (সাহিত্য পরিষৎ)। ২ ব্যবস্থাপক সভা; assembly। ৩ সমাজ। [স.]। **পরিষদ-সভাপতি** *বি* ব্যবস্থাপক সভার সভাপতি।
পারিষদ *বি* ১ সভাসদ; সভ্য; সদস্য। ২ পার্শ্বচর। ❑ *বিণ* পরিষদ সম্বন্ধীয়।
পরিষ্কার *বি* পরিচ্ছন্নতা; স্বচ্ছতা; নির্মলতা। ❑ *বিণ* ১ নির্মল; সাফ; পরিচ্ছন্ন। ২ সরল; অকপট; উদার (মনটা একেবারে পরিষ্কার)। ৩ স্পষ্ট (পরিষ্কার কথা)। ৪ বাধাবিঘ্নহীন; প্রতিবন্ধকশূন্য (রাস্তা পরিষ্কার)। ৫ শুভ্র; অমলিন (পরিষ্কার কাপড়)। ৬ স্বচ্ছ (পরিষ্কার পানি)। ৭ বিচারক্ষম (পরিষ্কার মাথা)। ৮ তীক্ষ্ণ (পরিষ্কার দৃষ্টি)। ৯ নির্মেঘ; মেঘশূন্য (পরিষ্কার আকাশ)। ১০ মলশূন্য (পেট পরিষ্কার হয়েছে)। ১১ আবর্জনাশূন্য (পরিষ্কার আঙ্গিনা)। ১২ রোগহীন; স্বাভাবিক (ফুসফুস বেশ পরিষ্কার)। [স. পরি+√কৃ+অ]। **পরিষ্কৃত** *বিণ* ১ নির্মলীকৃত; পরিশোধিত; পরিমার্জিত। ২ শুদ্ধীকৃত।
পরিসংখ্যা *বি* সংখ্যা; বিশেষভাবে গণনা। [স.]। **পরিসংখ্যাত** *বিণ* পরিসংখ্যান নেওয়া হয়েছে এমন; বিশেষভাবে গণনাকৃত। **পরিসংখ্যান** *বি* গণনা; সংখ্যাকরণ; কোনো বিষয়ের তথ্যসূচক মোটামুটি হিসাব বা সংখ্যা; statistics। **পরিসাংখ্যানিক, পারিসংখ্যানিক** *বি* যে গণনা করে; পরিসংখ্যাবিদ; statistician। **পরিসংখ্যায়ক** *বি,বিণ* পরিসংখ্যান বিষয়ক তথ্য সংগ্রাহক; statistician।
পরিসমাপ্তি *বি* ১ পরিপূর্ণতা; সম্পূর্ণতা। ২ অবসান। [স.]
পরিসর *বি* ১ ব্যাপ্তি; বিস্তার; প্রসার। ২ প্রস্থ। ৩ অবধি। [স.]
পরিসীমা *বি* ১ সীমা; অবধি; ইয়ত্তা; অন্ত; শেষ (এর পরিসীমা নেই)। ২ (জ্যা.) সমতল ক্ষেত্রের চতুষ্পার্শ্বস্থ সীমারেখা। [স. পরি+সীমা]
পরিস্থিতি *বি* চারদিকের অবস্থা; পারিপার্শ্বিক অবস্থা; situation, circumstances। [স.]
পরিস্ফুট *বি* স্পষ্টভাবে প্রকাশিত; সুস্পষ্ট। ❑ *বিণ* বিকশিত। [স.]
পরিস্রাবণ, পরিস্রুতি *বি* ১ ক্ষরণ; নিঃসারণ। ২ তরল দ্রব্য; ছেঁকে শোধন; filtration। ৩ পরিমার্জনা; উৎকর্ষসাধন। [স. পরি+√স্রু+ণিচ্+অন/পরি+√স্রু+তি]। **পরিস্রুত** *বিণ* ১ নিঃসৃত; ক্ষরিত; চোয়ানো; filtered। ২ পরিমার্জিত; উৎকর্ষসাধনকৃত; লাবণ্যদানকৃত।
পরিহার *বি* ১ পরিত্যাগ; বর্জন। ২ অনাদর; অসম্মান; উপেক্ষা; অবজ্ঞা। ৩ দোষ স্খালন।
পরিহাস *বি* ১ ঠাট্টা; তামাশা। ২ কৌতুক।
পরিহিত *বিণ* ১ পরিধান করা হয়েছে এমন। ২ সজ্জিত। [স.]। **পরিহিতা** *বিণ স্ত্রী.*।
পরী *বি* ১ পক্ষবিশিষ্টা কল্পিত সুন্দরী। ২ অতিশয় সুশ্রী নারী। [ফা. পরী]। **ডানা কাটা পরী** (আল.) *বি* নিখুঁত সুন্দরী নারী।
পরীক্ষক *বিণ* পরীক্ষা করে এমন; পরীক্ষাকারী। [স.]
পরীক্ষণ *বি* পরীক্ষাকরণ; কোনো বস্তুর দোষগুণ নিরূপণ। [স. পরি+ঈক্ষণ]
পরীক্ষণীয় *বিণ* ১ পরীক্ষার উপযোগী। ২ অনুসন্ধেয়। ৩ বিচার্য। [স.]
পরীক্ষা *বি* ১ দোষগুণ ভালোমন্দের যাথার্থ্য বিচার। ২ ছাত্রদের জ্ঞান ও বিদ্যার মূল্যায়ন; examination। ৩ যাচাই (স্বর্ণাদি পরীক্ষা)। ৪ স্বরূপ নিরূপণ। ৫ গবেষণা।

৬ অনুসন্ধান। ৭ প্রয়োগ বা ব্যবহারের মাধ্যমে গুণাগুণ বিচার। ৮ ক্রিয়া দ্বারা স্বরূপ বা প্রকৃতি নিরূপণ। **পরীক্ষাকেন্দ্র, পরীক্ষাগার** *বি* ১ যেখানে পরীক্ষা নেওয়া হয়। ২ ছাত্রদের পরীক্ষা দেওয়ার জায়গা। ৩ বৈজ্ঞানিক গবেষণার জায়গা; laboratory। **পরীক্ষাধীন** *বিণ* ১ পরীক্ষিত হচ্ছে এমন। ২ বিচারাধীন। ৩ পরীক্ষাসাপেক্ষ; পরীক্ষার উপর নির্ভর করছে এমন। **পরীক্ষার্থী** *বিণ* পরীক্ষার জন্য প্রস্তুত বা পরীক্ষা দেবে এমন। **পরীক্ষার্থিনী** *বিণ স্ত্রী.*। **পরীক্ষিত** *বিণ* পরীক্ষা করা হয়েছে এমন। **পরীক্ষোত্তীর্ণ** *বিণ* পরীক্ষায় উত্তীর্ণ বা সফল হয়েছে এমন। [স. পরীক্ষা+উত্তীর্ণ; পরি+√ঈক্ষ্+অ]

পরীক্ষিৎ *বি* অভিমন্যুর পুত্র—তক্ষক দংশনে যাঁর মৃত্যু হয়। [স.]

পরুষ *বিণ* ১ কড়া; রূঢ়; কঠোর; কর্কশ। ২ উদ্ধত; উগ্র। ৩ নিষ্ঠুর। [স.]। **পরুষতা, পরুষত্ব, পারুষ্য** *বি* কর্কশতা; রূঢ়তা; কঠোরতা। **পরুষবচন** *বি* কটু কথা। **পরুষভাষী** *বি, বিণ* কটুভাষী।

পরে *ক্রিবিণ* ১ পিছনে; পশ্চাতে। ২ অনন্তর। ৩ অপরে; অন্যলোকে। ৪ অন্যত্র। ৫ কোনো ঘটনাদি অবসান হলে। [স. পর]। **পরে পরে** *ক্রিবিণ* এক জনের পর অন্যজন; ক্রম অনুসারে।

পরেশ *বি* পরমেশ্বর।

পরেশনাথ, পার্শ্বনাথ *বি* ১ জৈন তীর্থবিশেষ। ২ ভারতের বিহার রাজ্যের হাজারিবাগ জেলার ঐ নামীয় সর্বোচ্চ পাহাড়। [স.]

পরোক্ষ *বিণ* ১ অপ্রত্যক্ষ; অক্ষির অগোচর; indirect,; অসাক্ষাৎ; সম্পর্কে প্রত্যক্ষ জ্ঞান নেই এমন। ২ গৌণ; সরাসরি নয় এমন। ৩ ইন্দ্রিয়াতীত। [স. পর+অক্ষ]

পরোপকার *বি* অন্যের উপকার; পরের কল্যাণ বা মঙ্গল। [পর+উপকার]। **পরোপকার, পরোপকারী** *বিণ*। **পরোপকারিণী** *বিণ স্ত্রী.*।

পরোপচিকীর্ষা *বি* অন্যের উপকার করার ইচ্ছা। [স. পর+উপচিকীর্ষা]

পরোপজীবী *বি, বিণ* পরের সাহায্যে জীবিকা নির্বাহকারী; পরান্নপালিত; পরনির্ভর; পরের গলগ্রহ। [স. পর+উপজীবী]

পরোপজীব্য *বিণ* পরকে আশ্রয় করে জীবন যাপন করে এমন; পরের গলগ্রহ। [স. পর+উপজীব্য]

পরোয়া, পরওয়া *বি* ১ গ্রাহ্য। ২ ডর; ভয়; আশঙ্কা। ৩ ভাবনা; চিন্তা; উৎকণ্ঠা। [ফা. পরওয়া]। **কুছ পরোয়া নেই**—কোনো ভয় নেই। **বেপরোয়া** *বিণ* কোনো কিছুতেই ডর ভয় বা গ্রাহ্য নেই এমন; নির্ভীক।

পরোয়ানা, পরওনা *বি* ১ আদালতের বা শাসকের হুকুমনামা। ২ লিখিত আদেশ; আদেশপত্র। [ফা. পরওয়ানহ্]

পর্চা, পরচা *বি* ১ জমির খাজনা পরিমাণ জমিদার ইত্যাদির পরিচয় সম্বলিত সরকারি দলিল; সেটেলমেন্ট খতিয়ান। ২ বংশাবলীর পরিচয়। ৩ কাগজের টুকরা। [ফা. পরচ্‌হ্]

পর্ণ *বি* ১ পাতা। ২ পান। ৩ পক্ষ; ডানা; পালক। **পর্ণকার** *বি* ১ পানবিক্রেতা; পান-ব্যবসায়ী। ২ বারুই জাতি। [স.]। **পর্ণকুটির, পর্ণশালা** *বি* পত্র দ্বারা আচ্ছাদিত কুঁড়েঘর। **পর্ণপুট** *বি* পাতার ঠোঙ্গা।

পর্দা, পরদা *বি* ১ বস্ত্রাদি নির্মিত আবরণ বা আচ্ছাদন; যবনিকা; screen। ২ অন্তঃপুর; অবরোধ। ৩ *বি* চক্ষু-আবরণ। [ফা. পরদহ্]। **পর্দানশিন** *বিণ* অবরোধবাসিনী; পর্দার অন্তরালে বাস করে এমন। [ফা. পরদহ্ নিশীন]। **পর্দা-পুশিদা** *বি* পর্দা; অন্তরাল; গোপনীয়তা। **পর্দাপ্রথা** *বি* নারীদের অন্তঃপুরে বাস করানোর রীতি।

পর্ব, পরব *বি* ১ ধর্মীয় অনুষ্ঠান পালন করার জন্য নির্দিষ্ট দিন; পার্বণ। ২ অষ্টমী; চতুর্দশী; পূর্ণিমা; অমাবস্যা তিথি ও রবিসংক্রান্ত। ৩ উৎসব; তেহার। ৪ গ্রন্থি; পর্যায়; অধ্যায়; ভাগ; বিভাগ। ৫ সন্ধি; জোড়। ৬ আয়োজন। [স.]। **পর্বমধ্য** *বি* দুই গ্রন্থির মধ্যবর্তী অংশ।

পর্বত *বি* শৈল; গিরি; পাহাড়; অচল; অদ্রি। [স.]। **পর্বতকন্দর** *বি* গিরিগুহা; শৈলগহ্বর। **পর্বতপতি** *বি* গিরিরাজ; হিমালয়। **পর্বতপ্রমাণ** *বিণ* পর্বতের মতো বিশাল। **পর্বতবাসী** *বিণ* পর্বতে বাস করে এমন; পাহাড়ি; পার্বত্য জাতি। **পর্বতবাসিনী** *বিণ স্ত্রী.*। **পর্বতীয়, পার্বত, পার্বতীয়, পার্বত্য** *বিণ* ১ পর্বত সম্বন্ধীয়। ২ পর্বতে জাত। ৩ পর্বতের অধিবাসী।

পর্যঙ্ক *বি* ১ পালঙ্ক; বহুমূল্য খাট; মূল্যবান শয্যাধার। ২ (ভূ.) নদীর অববাহিকা; basin। [স.]

পর্যটক *বি, বিণ* ভ্রমণকারী; পরিব্রাজক। [স. পরি+√অট্+অক]। **পর্যটন** *বি* ভ্রমণ।

পর্যন্ত *বি* ১ সীমা; প্রান্ত। ২ অবধি। ৩ ও; অপিচ। [স. পরি+অন্ত]

পর্যবেক্ষক *বিণ* ১ পর্যবেক্ষণকারী। ২ পরিদর্শক। [পরি+অবেক্ষক]। **পর্যবেক্ষিকা** *বিণ স্ত্রী.*।

পর্যবেক্ষণ *বি* ১ নিরীক্ষণ; অভিনিবেশ সহকারে দর্শন। ২ প্রাকৃতিক ঘটনা নিরীক্ষণ; observation। [স. পরি+অবেক্ষণ]। **পর্যবেক্ষিত** *বিণ* পর্যবেক্ষণ করা হয়েছে এমন।

পর্যাপ্ত *বিণ* ১ প্রচুর; প্রতুল; যথেষ্ট। ২ পরিমিত। ৩ প্রয়োজন মেটাবার উপযুক্ত। ৪ সক্ষম; সমর্থ। [স. পরি+√আপ্+ত; পরি+আপ্ত]। **পর্যাপ্তি** *বি* ১ প্রাচুর্য। ২ সম্পূর্ণতা। ৩ পরিমিতি।

পর্যায় *বি* ১ পালা; অনুক্রম; আনুপূর্ব। ২ স্তর। ৩ অবস্থা; ক্রম। ৪ বংশ পরম্পরাগত সংখ্যা; generation। ৫ সমান অর্থবাচক শব্দ; synonym। ৬ গ্রহাদির আবর্তনকাল। [স. পরি+√ই+অ]

পর্যালোচন, পর্যালোচনা *বি* সম্যক অনুশীলন; সমস্ত বিষয় চর্চা; সর্বতোভাবে আলোচনা, পুঙ্খানুপুঙ্খ বিচার। **পর্যালোচিত** *বি*। [স. পরি+আলোচন, আলোচনা]

পর্যুদস্ত *বিণ* ১ পরাজিত; পরাভূত। ২ নিবারিত; নিষিদ্ধ। [স. পরি+উৎ+ √অস্+ত]

পর্যুষিত *বিণ* বাসি; আগের দিন রাঁধা হয়েছে এমন। [পরি+উষিত; পরি+√বস্+ত]

পর্ষদ, পর্ষৎ *বি* ১ পরিষদ; সভা। ২ পরিচালক সমিতি; board। ৩ সমাজ। [স.]

পল[১] *বি* ১ ২৪ সেকেন্ড কাল; $\frac{১}{৬০}$ দণ্ড। ২ ক্ষণকাল; সামান্য সময়। ৩ তোলা পরিমাণ। ৪ মাংস। ৫ বিচালি; খড়; শস্যশূন্য তৃণ। [স.]

পল[২] *বি* ১ দ্রব্যাদির শিরাল পার্শ্বদেশ। [ফা. পহ্‌ল]। ২ কাঠের অসার অংশ; গরমা।

পলক *বি* ১ নিমেষ; চোখের পাতা ফেলতে যতক্ষণ সময় লাগে। ২ চোখের পাতা। [ফা. পলক]। **পলকা** *বিণ* ঠুনকো; ভঙ্গুর।
পলটি(ব্র.) *অক্রি* পিছনে ফিরে।
পলতা *বি* পটোল পাতা বা লতা। [পটোল লতা> (দ্রুত উচ্চারণে) পল্‌তা]
পলল *বি*১ মাংস।২ পঙ্ক; পাঁক।৩ পলি।[স.]।**পললভূমি** *বি* পলিমাটি।
পলস্তারা, পলেস্তারা *বি* চুন সুরকি সিমেন্ট বালি ইত্যাদির প্রলেপ। [ই. plaster]
পলা[১] *বি* তৈলাদি তুলবার দীর্ঘ হাতলযুক্ত বাটি; হাতা।[স. পল+বা. আ]
পলা[২] *বি* রত্নবিশেষ; প্রবাল। [স. প্রবাল>]
পলাতক *বিণ* ১ পলায়ন করেছে এমন। ২ ফেরারি; নিরুদ্দেশ। [স. পলায়ক>]। **পলাতকা** *বিণ স্ত্রী.*।
পলানো, পালানো *ক্রি* পলায়ন করা; অপরের অলক্ষ্যে প্রস্থান করা। ❑ *বি* পলায়ন। ❑ *বিণ* পলায়িত; পালিয়ে গেছে এমন।
পলান্ন *বি* মাংসাদি মিশ্রিত ঘৃতপক্ব অন্ন; বিরিয়ানি; পোলাও। [স. পল(মাংস)+অন্ন(ভাত)]
পলায়ন *বি* ভয়ের কারণে দৃষ্টির বাইরে গমন বা প্রস্থান; চম্পট। **পলায়মান** *বিণ* পলায়নপর; পালাচ্ছে এমন। [স. পরা(পলা)+√অয়+অন]
পলাশ *বি* ১ পুষ্পবিশেষ বা তার গাছ। ২ কিংশুক ফুল বা গাছ। ৩ পাতা। ৪ পাপড়ি। [স.]
পলি *বি* বন্যা বা নদীর স্রোতে আনীত ঘোলা জল থেকে থিতিয়ে পড়া নরম মাটির স্তর; alluvium। [স. পলল>]। **পলিজ** *বিণ* পলি থেকে জাত বা উৎপন্ন; পাললিক।
পলিত *বি* বার্ধক্যহেতু কেশের শুক্লতা। ❑ *বিণ* ১ কর্দম। ২ বৃদ্ধাবস্থার জন্য শুক্লতাপ্রাপ্ত; পাকা। **পলিতকেশ** *বিণ* ১ বার্ধক্যের কারণে চুল পেকে সাদা হয়ে গেছে এমন। ২ বৃদ্ধ। ❑ *বি* পাকা চুল। [স. √পল্+ত]
পলিতা, পলতে *বি* প্রদীপের সলিতা। [ফা. পলিতাহ্]
পলু, পোলু *বি* তুঁত পোকা; ডিম্ব থেকে নির্গত রেশমকীট।
পলো, পৌলো *বি* বাঁশের শলাকা নির্মিত মাছ ধরবার যন্ত্রবিশেষ। [স. পলব>]
পল্টন *বি* সেনাদল; ফৌজ। [ই. platoon]। **পল্টনি** *বিণ* ফৌজি; সামরিক; জঙ্গি।
পল্লব *বি* ১ পাতা। ২ বৃক্ষাদির নতুন পাতা; কিশলয়; কচিপাতা। ৩ নতুন পাতাবিশিষ্ট; কচি ডালের অগ্রভাগ; কচি পাতাযুক্ত ডালের ডগা। [স.]। **পল্লবগ্রাহিতা** *বি* বিভিন্ন বিষয়ে ভাসা ভাসা জ্ঞান। **পল্লবগ্রাহী** *বিণ* বিবিধ বিষয়ে কিছু কিছু জ্ঞান অর্জন করে এমন। ❑ *বি* অল্প অল্প বা অগভীর জ্ঞান সম্পন্ন। **পল্লবিত** *বিণ*১ পল্লবযুক্ত। ২ শাখা প্রশাখায় বিস্তারিত। ৩ অতিরঞ্জিত।
পল্লি, পল্লী *বি* ১ গ্রাম; পাড়াগাঁ। ২ পাড়া (ব্রাহ্ম পল্লী)। [স.]। **পল্লীগীতি** *বি* প্রেম ভক্তি বিরহ মিলন দেহতত্ত্ব অধ্যাত্মতত্ত্বমূলক গ্রামীণ গীত। **পল্লীগ্রাম** *বি* পাড়াগাঁ। **পল্লীবাসী** *বিণ* পল্লীতে বাস করে এমন; গ্রামবাসী। **পল্লীবাসিনী** *বিণ স্ত্রী.*। **পল্লীসঙ্ঘ** *বি* পল্লীর অভ্যন্তরীণ উন্নতি সাধনের জন্য পল্লীবাসীদের দ্বারা গঠিত সমিতিবিশেষ।
পল্বল *বি* বিল; ডোবা; ক্ষুদ্র জলাশয়। [স.]
পশতু, পস্তু *বি* পাকিস্তানের উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ ও আফগানিস্তান এবং সরহদ অঞ্চলের অধিবাসীদের ভাষা; পাঠানদের ভাষা। এটি আর্যভাষার বিবর্তিত রূপবিশেষ।
পশম *বি* ভেড়া প্রভৃতি পশুর লোম; উর্ণা; wool। [ফা. পশ্‌ম্]। **পশমি** *বিণ*১ পশমজাত; পশম দ্বারা নির্মিত। ২ পশমের ন্যায়।
পশা *ক্রি* প্রবেশ করা।
পশিল (পদ্যে) *ক্রি* প্রবেশ করলো।
পশু *বি* ১ জানোয়ার; প্রাণী; লেজবিশিষ্ট চতুষ্পদ জন্তু। ২ অবিবেকী; মূঢ়; পশু-প্রকৃতি মানুষ। ৩ (তন্ত্রমতে) মদ্য মাংসে বর্জনকারী সংযমশীল সাধক (পশ্বাচার)। [স.]। **পশুত্ব** *বি*১ পশুর স্বভাব বা ধর্ম। ২ পশুর মতো আচরণ। **পশুধর্ম** *বি* ১ পশুর স্বভাবগত ধর্ম বা বৃত্তি। ২ মৈথুন। **পশুপতি** *বি* হিন্দুদেবতা শিব। **পশুরাজ** *বি* সিংহ; মৃগেন্দ্র। **পশুশালা** *বি* চিড়িয়াখানা; জনগণকে প্রদর্শনের ও সংরক্ষণের জন্য জীবজন্তু পালন করা হয় যেখানে; zoo।
পশ্চাৎ *অব্য, ক্রিবিণ*১ পরে। ২ পেছনে। ৩ পরবর্তী সময়। [স.]
পশ্চাৎপদ *বিণ* অনুন্নত; পিছপা; পেছনে পড়ে আছে এমন। [স.]
পশ্চাত্তাপ *বি* অনুতাপ; পস্তানো। [স. পশ্চাৎ+তাপ]
পশ্চাদ্‌গামী *বিণ* পিছনে বা পরে গমন করে এমন; অনুসরণকারী। [স.]
পশ্চাদ্ধাবন *বি* পিছু ছোটা; কাউকে পেছন দিক থেকে অনুসরণ।
পশ্চাদ্‌ভূমি *বি* ১ পিছনের স্থান। ২ চিত্রাদি বিষয়বস্তুকে বিশিষ্ট করে তুলবার জন্য পিছনের বা দূরের দৃশ্যাবলী; পটভূমি। ৩ কোনো দেশের নদী বা সমুদ্র তীরবর্তী পশ্চাদ্‌বর্তী অঞ্চলবিশেষ; পশ্চাৎপ্রদেশ; hinterland। [স.]
পশ্চিমা, পশ্চিমে *বিণ* ১ পশ্চিম দিকের। ২ পশ্চিম দেশবাসী; পাশ্চাত্ত্য দেশীয়। ❑ *বি* প্রতীচ্যবাসী; পশ্চিমাঞ্চলবাসী লোক।
পশ্বাচার *বি*১ তান্ত্রিক সাধকের আচারবিশেষ। *বি*২ পশুর ন্যায় আচরণ। [স. পশু+আচার]। **পশ্বাচারী** *বিণ* পশ্বাচার করে এমন।
পশ্বাধম(অ-প্র), **পশ্বধম** *বিণ* পশুর চেয়েও অধম। [স. পশু+অধম]
পষ্ট *বিণ* স্পষ্ট; অকপট; খোলা। [স. স্পষ্ট>]। **পষ্টাপষ্টি** *ক্রিবিণ* স্পষ্টভাবে; অকপটে; খোলাখুলি।
পসরা, পশারা *বি* ১ আলো; কিরণ; প্রভা। ২ ক্ষেপ; খেয়াপার। ৩ পণ্যাধার; যে পাত্রে পণ্যদ্রব্য রাখা হয়। ৪ বিক্রয় বস্তুর বোঝা। ৫ পণ্যদ্রব্য; দ্রব্যসম্ভার। [আঞ্চলিক (চট্টগ্রাম)=পহর। পর আলোকিত। স. স্ফর(দীপ্তি)>বর্ণ বিপর্যয়ে ফসর>পসর]
পসলা, পশলা, পসালা, পশাল *বি* বর্ষণ; বারিপতন। [তুল. মারাঠি পহ্‌ল]
পসার[১], **পশার** *বি*১ দোকান। ২ পণ্যসামগ্রীর আধার। ৩ পণ্যসম্ভার। ৪ ব্যবসায়ে উন্নতি (উকিলের ডাক্তারের পসার)। [স. প্রসার]

পসারা[১] *ক্রি* পণ্য প্রসারিত করা; বাড়িয়ে দেওয়া; বিস্তারিত করা। [স. প্রসার>]

পসারা[২], **পস্‌রা** *বি* পণ্যসামগ্রী; বিক্রেয় বস্তু। [স. প্রসার—প্র+√সৃ+ণিচ+বা. আ]

পসারি, পশারি *বি* ১ দোকানদার; পণ্যবিক্রেতা। ২ মিছরি মসলা বিবিধ গাছগাছড়া শুষ্ক ফল ইত্যাদি বিক্রেতা। [স. হি. প্রসারক>]। **পসারিণী** *বিণ স্ত্রী*।

পসুরি, পঁশুরি *বি* ১ পাঁচ সের ওজন; পাঁচ সের পরিমাণ। ২ পাঁচ সের ওজনের বাটখারা; পাঁচরি। [বা. পাঁচসেরি> পসুরি]

পস্তানো *ক্রি* ১ পশ্চাত্তাপ পাওয়া। ২ অনুতাপ করা; অনুশোচনা করা; আফসোস করা। ৩ খেদ করা। **পস্তানি** *বি* পশ্চাত্তাপ। [স. পশ্চাৎ+তাপ>]

পহিল (ব্র.) *বিণ* প্রথম; নতুন; নবীন; তরুণ। [হি.]। **পহিলাহ** *ক্রিবিণ* প্রথমে; প্রথমেই।

পহু, পহুঁ (ব্র.) *বি* প্রভু।

পহেলা, পয়লা *ক্রিবিণ* প্রথম; অগ্রে। [হি.]

পহ্লব *বি* প্রাচীন ইরানি জাতি; পহ্লবি ভাষাভাষী জাতি। [স. ফা. পহ্লব]। **পহ্লবি** *বিণ* ১ পহ্লব সম্বন্ধীয়। ২ পদবিবিশেষ।

পা[১] *বি* ১ পদ; চরণ; উরু-সন্ধি থেকে পায়ের পাতা; পদতল। ২ আসবাব পত্রাদির পায়া। [স. পদ>]। **পা-গাড়ি** *বি* সাইকেল; bicycle। **পা-চাটা** *বিণ* অতিলজ্জাহীনভাবে তোষামোদকারী। **পা ধুতেও না আসা** *ক্রি* অত্যন্ত ঘৃণা হেতু পরিহার করে চলা; ঘৃণা হেতু কারো বাড়িতে পদার্পণ না করা। **পা বাড়ানো** *ক্রি* যেতে উদ্যত হওয়া। **পায়ে ঠেলা** *ক্রি* অবজ্ঞার সাথে পরিত্যাগ করা। **পায়ে তেল দেওয়া** *ক্রি* হীনভাবে তোষামোদ করা। **পায়ে ধরা** *ক্রি* একান্ত বিনীতভাবে অনুরোধ করা। **পায়ে পায়ে, পায়-পায়** *ক্রিবিণ* ১ প্রতিপদে। ২ ধীরে হাঁটতে হাঁটতে। **পায়ের উপর পা দিয়ে থাকা** *ক্রি* অত্যন্ত আরাম ও বিলাসব্যসনের মধ্যে থাকা। **পায়ের পাতা** *বি* পায়ের তলার বিপরীত পৃষ্ঠ; পদপৃষ্ঠ। **পায়ে রাখা** *ক্রি* ১ আশ্রয় দেওয়া। ২ কৃপা করা। **নিজের পায়ে নিজে কুড়ুল মারা** *ক্রি* স্বহস্তে নিজের সর্বনাশ করা।

পা[২] *বি* স্বরগ্রামের পঞ্চম স্বরের লিখিত চিহ্ন বা সংকেত। [স. পঞ্চম]

পাই *বি* ১ পুরনো এক পয়সার এক-চতুর্থাংশ। ২ মুদ্রাবিশেষ। ❑ *ক্রি* প্রাপ্ত হই। লাভ করি। [স. পাদ>]

পাইক *বি* ১ পদাতিক সৈন্য। ২ সংবাদবাহক। ৩ লাঠিয়াল; লেঠেল। ৪ পেয়াদা। ৫ দাঁড়ি। [স. পদাতিক>প্রা. পাইক্ক>]

পাইকস্ত, পাইকস্তা *বি* এক জমিদারের অধীনে বাস করে যে ব্যক্তি অপর জমিদারের অধীনস্থ গ্রামে চাষ করে বা জমি জমা রাখে সে পাইকস্তা রাইয়ত এবং ঐ জমি পাইকস্তা জমি। [ফা. পায়কাশ্‌ৎ]

পাইকা *বি* ছাপার অক্ষরের আকারবিশেষ। [ই. pica]

পাইকার, পাইকের *বি* ১ যে থোকে অনেক জিনিস ক্রয় বা বিক্রয় করে। ২ থোকে জিনিস কিনে খুচরা বিক্রয়কারী। ৩ ফেরিওয়ালা। [হি.]। **পাইকারি** *বিণ* ১ থোক ক্রয়-বিক্রয় সম্বন্ধীয়। ২ খুচরার বিপরীত। ৩ এক সঙ্গে অনেক জিনিস ক্রয় বা বিক্রয় এমন। ৪ সমষ্টিগতভাবে কার্য; collective।

পাইখানা⇒পায়খানা।

পাইট, পাট *বি* ১ পারিপাট্য; শৃঙ্খলা; ভাঁজ। ২ আবাদ; ক্ষেত বপনোপযোগীকরণ। ৩ মজুর-কৃষাণ। ৪ চাষের যথাযোগ্য কাজ-কর্ম। ৫ মাঝি; দাঁড়ি।

পাইন্ট, পাঁইট, পাঁই *বি* জলীয় দ্রব্যের পরিমাণ; প্রায় দেড় পোয়া। [ই. pint]

পাইপ *বি* ১ নল; পানির কল। ২ ধূমপানের নলবিশেষ। [ই. pipe]

পাউডার *বি* ১ চূর্ণ; গুঁড়া। ২ সুগন্ধ চূর্ণ দ্রব্যবিশেষ। [ই. powder]

পাউন্ড[১] *বি* ইংরেজি ওজনবিশেষ; প্রায় আধসের। [ই. pound]

পাউন্ড[২] *বি* ব্রিটিশ মুদ্রাবিশেষ। [ই. pound]

পাওন *বি* প্রাপ্তি; পাওয়া; লাভকরণ।

পাওনা *বিণ* প্রাপ্য। ❑ *বি* ১ প্রাপ্তি; লাভ; উপার্জন। ২ লভ্য অর্থ। **পাওনা-গণ্ডা** *বি* প্রাপ্য টাকা-পয়সা। **পাওনাদার** *বি* যার কিছু প্রাপ্য আছে; মহাজন; উত্তমর্ণ।

পাওয়া *ক্রি* ১ প্রাপ্ত হওয়া; লাভ করা। ২ মেলা। ৩ আয় করা; উপার্জন করা। ৪ বোধ করা। ৫ নিদ্রাবেশ পাওয়া। ৬ সমর্থন পাওয়া। ৭ ভীত হওয়া। ৮ অনুভব করা। ৯ জানতে পারা। ১০ গ্রস্ত হওয়া। ১১ ভোগ করা। ১২ লাভ করা। ১৩ গোচর হওয়া। ১৪ আবেগ আসা। ১৫ প্রাপ্ত; লব্ধ। ১৬ গ্রস্ত। [প্র+স. √আপ্]। **পাওয়ানো** *ক্রি* ১ প্রাপ্তি করানো; লাভ করানো। ২ সমর্থ করানো; সক্ষম করানো। ৩ বোধ করানো; অনুভব করানো। ৪ উদ্রিক্ত করানো।

পাওয়ার *বি* ১ শক্তি। ২ প্রভাব। [ই. power]

পাংশু *বিণ* ফ্যাকাশে; ম্লান; রক্তশূন্য; ক্ষার বা ছাইয়ের মতো অনুজ্জ্বল। [স.]। **পাংশুবর্ণ** *বি* ১ ধুলার রং। ২ ছাইয়ের রং। **পাংশু মুখ** *বিণ* বিষণ্ণ মুখ; শুষ্কবদন।

পাঁইজোর, পাঁয়জোর *বি* পায়ের অলক্ত বা নূপুর।

পাঁউরুটি, পাউরুটি *বি* বিশেষ পদ্ধতিতে মেশিনে তৈরি রুটি। [পো. pao =রুটি]

পাঁক *বি* কাঁদা; কর্দম। [স. পঙ্ক>]

পাঁকাল, পাকাল *বি* ১ বাইন জাতীয় মাছ যা পাঁকে বাস করে। ২ পান্তাভাত। [স. পঙ্ক>পাঁক+আল]

পাঁকুই *বি* জলকাদা লেগে আঙ্গুলের সন্ধিতে উৎপন্ন ক্ষত; হাজারোগ।

পাঁচ *বি, বিণ* ৫ সংখ্যা বা সংখ্যক। [স. পঞ্চ>; তুল. ফা. পনজ]। **পাঁচই, পাঁচুই** *বি* মাসের পঞ্চম দিবস বা পাঁচ তারিখ। **পাঁচকথা** *বি* নানা ধরনের কথা; কটুবাক্য। **পাঁচচুলা, পাঁচচুলো** *বি* বিশ্রী অসমানভাবে চুলছাটা। **পাঁচজন** *বি* জনসাধারণ; পঞ্চায়েত। **পাঁচনরি** *বি* পাঁচলহর যুক্ত হার। **পাঁচ-পাঁচি** *বি* পাঁচজনের মধ্যে প্রচলিত; সাধারণ। **পাঁচফোড়ন** *বি* জিরা কালজিরা মেথি মৌরি রাঁধুনি—রন্ধনে ব্যবহৃত এই পাঁচ রকমের মসলা। **পাঁচমিশালি, পাঁচমিশালী** *বিণ* ১ পাঁচ রকম অর্থাৎ বিবিধ দ্রব্যের সংমিশ্রণে প্রস্তুত। ২ মিশ্রিত। **পাঁচসাত, সাতপাঁচ** *বি* অগ্রপশ্চাৎ; বিবিধপ্রকার জল্পনা-কল্পনা। **পাঁচহাতি, পাঁচহাতী** *বিণ* পাঁচহাত লম্বা।

পাঁচড়া *বি* এক প্রকার চর্মরোগ; খোস; কণ্ডুরোগ। [স. পিচ্চট>]

পাঁচালি, পাঁচালী *বি* ১ এক প্রকার বর্ণনাত্মক কাব্য যা রাগ-রাগিণী সমেত গায়েন-মুখে নাচ-গান-বাদ্যযোগে

অতীতে গীত হতো। ২ গীতাভিনয় বিশেষ। [স. পঞ্চালিকা (পুত্তলিকা) অথবা পঞ্চালক> (মূল গায়েনের সঙ্গে সমবেত কণ্ঠে গান) পাঞ্চালি>পাঁচালি]

পাঁচিল, পাচিল *বি* প্রাচীর; দেয়াল। [স. প্রাচীর]

পাঁজ[1] *বি* পদচিহ্ন; পদাঙ্ক।

পাঁজ[2], পাঁইজ *বি* পেঁজা তুলার বাতি; পলিতা; মোটা সলিতা। [স পঞ্জি>]

পাঁজর, পাঁজরা *বি* পঞ্জর; বুকের ও পার্শ্বদেশের অস্থি বা হাড়। [স. পঞ্জর>]

পাঁজা[1] *বি* পোড়াবার জন্য ইটের স্তূপ। [ফা. পজাবহ্]

পাঁজা[2] *বি* গুচ্ছ; আটি; রাশি। [স. পুঞ্জ>]

পাঁজা[3] *বি* দুই করতল প্রসারিত করে ধারণ। [ফা. পান্জহ্>]। **পাঁজাকোলা** *বিণ* দুই হাত বাড়িয়ে জাপটে ধরে কোলের মধ্যে উত্তোলিত।

পাঁজি, পাঁজী *বি* পঞ্জিকা; মাস তিথি বার শুভাশুভ দিন গণনা ইত্যাদি নির্ধারণের জন্য জ্যোতিষ শাস্ত্রোক্ত সাঙ্কেতিক গ্রন্থ। [স. পঞ্জিকা>]। **পাঁজিপুঁথি** *বি* হিন্দু পঞ্জিকা ও শাস্ত্রগ্রন্থ; প্রামাণ্য গ্রন্থ; পুঁথিপত্র। **হাতে পাঁজি মঙ্গলবার**— কাছে পাঁজি থাকতে দিন তারিখ শুভাশুভ নির্ধারণের জন্য ভাবনা; প্রত্যক্ষ প্রমাণ থাকতে অনাবশ্যক দুশ্চিন্তা।

পাঁঠা *বি* ১ পুং ছাগ। ২ (আল.) গালিবিশেষ; বুদ্ধিশূন্য ব্যক্তি। **পাঁঠী, পাঁটী** *বি স্ত্রী.*। [তুল. হি. পট্ঠা]

পাঁড় *বিণ* ১ পাকা (পাঁড় শসা)। ২ সম্পূর্ণ (পাঁড় মাতাল)। [স. পণ্ড>]। **পাঁড়মাতাল** *বি* বদ্ধমাতাল; অতিশয় মদ্যাসক্ত।

পাঁড়ে *বি* ১ হিন্দুস্তানি ব্রাহ্মণদের পদবি বা উপাধিবিশেষ। ২ চতুর্বেদ ও মহাভারতে পারদর্শী ব্রাহ্মণ। [স. পণ্ডিত; তুল. হি. পাণ্ডা>পাঁড়ে]

পাঁতি *বি* ১ শ্রেণী; সারি (দাঁতের পাঁতি)। ২ শাস্ত্রীয় বচন; ব্যবস্থাপত্র। ৩ পত্র; চিঠি; লিপি। ৪ ধরন; পদ্ধতি; রীতি। [স. পঙক্তি>]

পাঁপর, পাঁপড় *বি* বিভিন্ন মসলামিশ্রিত করে ডালবাটা দ্বারা তৈরি তেলেভাজা পাতলা মচমচে রুটিবিশেষ (পাঁপর ভাজা)। [স. পপট>]

পাঁয়তারা, পাঁইতারা *বি* ১ মল্লযুদ্ধাদিতে আক্রমণের পূর্বোদ্যোগস্বরূপ হাত-পা খেলানো। ২ কোনো কাজের আগে আস্ফালন। [স. পদান্তর>প্রা. পয়ান্তর>হি. পাঁয়তারা]

পাঁশ *বি* ১ ছাই; ভস্ম। ২ ছাইয়ের ন্যায় অকিঞ্চিৎকর বস্তু; (কি ছাইপাঁশ এনেছ)। [স. পাংশু>]। **পাঁশগাদা** *বি* ছাইগাদা; ভস্মস্তূপ।

পাঁশুটে *বিণ* পাংশুবর্ণ বিশিষ্ট; ছাইবর্ণ; ash-coloured। [স. পাংশু>+বা. টে; তুল. হিংসুটে]

পাক[1] *বি* ১ রন্ধন; রন্ধনকার্য; অগ্নিতাপে সিদ্ধকরণ। ২ অগ্নির উত্তাপে তৈরি করা (কবিরাজি তৈলাদির পাক)। ৩ হজম। ৪ পরিণতি; পরিণাম (বিপাক)। ৫ পক্বতা; শুক্লতা; শুভ্রতা। [স. √পচ্+অ]। **পাক করা** *ক্রি* রান্না করা। **পাকঘর** *বি* রান্নাঘর। **পাক ধরা** *ক্রি* ১ পক্বতা প্রাপ্ত হওয়া; পেকে ওঠা (আমে পাক ধরেছে)। ২ সাদা হতে শুরু করা (চুলে পাক ধরেছে)। **পাকপাত্র** *বি* রান্নার পাত্র। **পাকযন্ত্র** *বি* পাকস্থলী; পাকাশয়; stomach। **পাকস্থলী** *বি* পাকাশয়; উদরের যে অংশে খাদ্যদ্রব্যাদি জীর্ণ হয়; stomach। **পাকস্পর্শ** *বি* ১ বউভাত। ২ বাঙালি বিবাহ অনুষ্ঠানের একটি অঙ্গ।

পাক[2] *বি* ১ ঘূর্ণন; আবর্তন; প্রদক্ষিণ। ২ হেতু; কারণ; নিমিত্ত; জন্য। ৩ মোচড়; মোড়া (পাক দেওয়া)। ৪ ঘটনাক্রম; ঘটনাচক্র (পাকচক্র)। ৫ চক্রান্ত; ষড়যন্ত্র; কৌশল; ফাঁদ (পাকে পড়া; পাকে ফেলা)। [স. পক্ষ> পাঁক]। **পাঁকচক্র** *বি* ১ ঘটনাচক্র। ২ চক্রান্ত; ষড়যন্ত্র। **পাকেচক্রে, পাকে-প্রকারে** *ক্রিবিণ* ১ ঘটনাচক্রে; ঘটনাক্রমে। ২ কলেকৌশলে।

পাক[3], পাক *বিণ* শুদ্ধ; পবিত্র। [ফা.]। **না-পাক** *বিণ* অপবিত্র; পবিত্র নয় এমন। [স. পাবক; পহলবি. পাওক; ফা. পাক]। **পাকসাফ** *বিণ* পরিষ্কার; পরিচ্ছন্ন। [ফা. +আ.]

পাকড়াও[1] *বি,বিণ* সবলে ধরা; আয়ত্তে আনা। [হি.]

পাকড়াও[2], পাকড়ো *ক্রি* ধর; গ্রেফতার করো। [হি.]। **পাকড়ানো** *ক্রি* ধৃত করা; গ্রেপ্তার করা। ❑ *বি,বিণ* উক্ত সকল অর্থে। [স. প্র+√কৃষ্>]

পাকল *বিণ* রক্তবর্ণ; লোহিত; অগ্নিবর্ণ। [স.]

পাকা *ক্রি* ১ পক্ব হওয়া; পরিণত হওয়া; পেকে যাওয়া (আম পাকা, বুদ্ধি বা জ্ঞান পাকা)। ২ শুভ্র বা শুক্ল হওয়া (চুল পাকা)। ৩ পুঁজপূর্ণ হওয়া (ফোড়া পাকা)। ৪ বৃদ্ধ হওয়া; প্রবীণ হওয়া (বয়স পাকা)। ৫ ঝানু হওয়া; নিপুণ বা দক্ষ হওয়া (বুদ্ধিতে পেকেছে)। ❑ *বিণ* ১ পরিণত; পরিপক্ব (পাকা ফল, পাকা বয়স)। ২ ঝানু (পাকা লোক)। ৩ নিপুণতার সঙ্গে কৃত (পাকা কাজ)। ৪ স্থায়ী (পাকা রং)। ৫ অপরিবর্তনীয়; নড়চড় হয় না এমন (পাকা কথা)। ৬ পুরোপুরি; সম্পূর্ণ (পাকা তিনসের)। ৭ মজবুত; দৃঢ় (পাকা ছাদ)। ৮ ৮০ তোলায় ১ সের পরিমাণ (পাকা ওজন)। ৯ ইটের তৈরি (পাকা বাড়ি)। ১০ আইন অনুযায়ী সম্পাদিত (পাকা দলিল)। ১১ নিখাদ; খাঁটি (পাকা সোনা)। ১২ পরিশ্রমে অভ্যস্ত; পরিণতি প্রাপ্ত (পাকা হাড়)। ১৩ ইষ্টকাদি দ্বারা বাঁধানো (পাকা রাস্তা)। ১৪ চূড়ান্ত (পাকা ফলার)। **পাকা আম দাঁড়কাকে খাওয়া**—সেরা জিনিস অযোগ্যের ভোগে আসায় ক্ষোভসূচক উক্তি। **পাকা ঘুঁটি কেচে যাওয়া**—সমাপ্তপ্রায় কাজ নষ্ট হয়ে যাওয়া। **পাকা দেখা** *ক্রি* বিবাহ নির্ধারিত করে বর বা কনেকে আশীর্বাদ করবার জন্য দেখা। **পাকা ধানে মই দেওয়া**—সুসম্পন্ন কাজ নষ্ট করা। **পাকানো, পাকান** *ক্রি* পক্ব করা। ❑ *বি* মোচড়ানো; ঘূর্ণন (দড়ি পাকানো)। ❑ *বিণ* উক্ত অর্থে। **পাকাপাকি** ❑ *বিণ* ১ স্থিরীকৃত; নির্ধারিত। ২ সুনিশ্চিত। **পাকাপোক্ত** *বিণ* ১ সুদক্ষ; সুচতুর; সেয়ানা। [ফা. পাকা+পোখ্তহ্]। ২ বলিষ্ঠ; সুদৃঢ়; মজবুত। ৩ পরিপক্ব; পরিণত। ৪ স্থায়ী; কায়েমি। **পাকা মাথা** *বি* প্রবীণ ব্যক্তির মস্তক বা বুদ্ধি। **পাকামো, পাকামি** *বি* অপরিণত বয়সে প্রবীণ ব্যক্তির ন্যায় আচরণ। **পাকা লেখা** *বি* স্থায়ী লেখা। ২ নিপুণ রচনা। **পাকা সোনা** *বি* খাঁটি বা বিশুদ্ধ বা খাদহীন সোনা। **পাকা হাড়** *বি* বুড়ো মানুষের হাড় যা পরিণত বুদ্ধির ও অভিজ্ঞতার প্রতীক। ❑ *বিণ* পরিশ্রমে অভ্যস্ত; সুদৃঢ়।

পাকাটে, প্যাকাটে *বিণ* ১ রুগ্ন; পাতলা; অসুন্দর। ২ পাট কাঠির মতো হালকা-পাতলা।

পাকানো[১] *ক্রি* ১ পাক দেওয়া; মোচড়ানো; জড়ানো; ঘুরানো (সুতা পাকানো)। ২ জটিল করা; গোলমেলে করা (জট পাকানো)। ৩ বর্তুলাকার বা গোলাকার করা (বড়ি পাকানো)। ৪ জটলা করে কোনো অভিসন্ধি নির্ধারণ করা (দল পাকানো)। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **পাকানো (পাকোয়ান) পিঠা** *বি* গোলাকার করে প্রস্তুত পিঠা।

পাকানো[২] *ক্রি* রান্না করা (ভাত পাকানো)। [স. পক্ব>বা.]

পাকিস্তান *বি* ১৯৪৭ খ্রিস্টাব্দে পূর্ববঙ্গ, পশ্চিম পাঞ্জাব, উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশ, সিন্ধু ও বেলুচিস্তান নিয়ে গঠিত ভারতবর্ষের যে অংশে স্বাধীন রাষ্ট্র গঠিত হয়েছিল তা; ১৯৭১ খ্রিস্টাব্দে বাংলাদেশ নাম নিয়ে পূর্ববঙ্গ মুক্তি-যুদ্ধের মাধ্যমে স্বাধীন হবার পর অপর চারটি প্রদেশ নিয়ে গঠিত রাষ্ট্র। [ফা.]

পাকুড় *বি* অশ্বত্থজাতীয় বৃহৎ বৃক্ষ। [স. পর্কটী>]

পাকে *ক্রিবিণ* ১ পাকচক্রে, পাকেপ্রকারে। ২ নিমিত্ত; জন্য।

পাকোয়ান *বি* পাকানো পিঠা; ঘিয়ে ভাজা খাদ্য; কচুরি প্রভৃতি। [স. পক্বান্ন>]

পাক্কা *বিণ* ১ পাকা। ২ পুরাপুরি দৃঢ় শক্ত (পাক্কা ভবন)। [পাক্কা হি.]

পাক্ষিক *বিণ* পনেরো দিন অন্তর সংঘটিত হয় এমন। ❑ *বি* যে সাময়িক পত্রিকা প্রতি পক্ষে প্রকাশিত হয় (এবার পাক্ষিকে লেখাটা প্রকাশিত হবে)। [স.]

পাখ, পাখনা *বি* পক্ষী পতঙ্গাদির ডানা বা পালক। [স. পক্ষ>]। **পাখপাখালি** *বি* পাখি বা পাখিজাতীয় প্রাণী; ছোট বড় নানা জাতীয় পাখি।

পাখলানো, পাকলা *ক্রি* প্রক্ষালন করা; রগড়িয়ে ধৌত করা; ধোয়া-পাখলা করা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। [স. প্রক্ষালন]

পাখসাট, পাকসাট *বি* পাখার বা ডানার ঝাপটা।

পাখা *বি* ১ পাখি পতঙ্গ প্রভৃতির ডানা বা পালক। ২ যা দ্বারা বাতাস করা হয়; ব্যজনী; তালবৃন্ত (তালপাখা, বৈদ্যুতিক পাখা)। [স. পক্ষ>]

পাখালা *ক্রি* প্রক্ষালন করা; ধৌত করা। [স. প্রক্ষালন>]

পাখি[১], **পাখী**[১] *বি* পক্ষী; বিহঙ্গম; বিহগ। [স. পক্ষিন্>]। **পাখি পড়ানো** *বি* অর্থ না বুঝিয়ে পাখির বুলির মতো মুখস্থ করানো। ❑ *ক্রি* মুখস্থ বলাবার জন্য বারবার বলা। **পাখির প্রাণ** *বি* পাখির মতো ক্ষীণ বা দুর্বল প্রাণ। **প্রাণপাখি** *বি* দেহরূপ পিঞ্জরে আবদ্ধ প্রাণরূপ পাখি।

পাখি[২], **পাখী** *বি* ১ খড়খড়ির কাষ্ঠদণ্ড। ২ চরকার খুরায় সংলগ্ন কাষ্ঠদণ্ডাবলী। ৩ মইয়ের খিল বা ধাপ।

পাখি[৩], **পাখী**[৩] *বি* ২৬/৩৩/৩৫ শতাংশ পরিমাণ জমি (১০ পাখি জমি)।

পাখোয়াজ *বি* ১ মৃদঙ্গ ঢোল ইত্যাদির ন্যায় এক প্রকার বাদ্যযন্ত্র। ২ ইঁচড়ে পাকা; অকালপক্ব (পাখোয়াজ ছেলে)। ৩ চালাক; চতুর। [ফা. ফখ্‌রাজ; তুল; স. পক্ষবাদ]। **পাখোয়াজি** *বিণ* পাখোয়াজ বাদক।

পাগড়ি, পাগড়ী *বি* উষ্ণীষ; আমামা; শিরস্ত্রাণ; শিরোবেষ্টন বস্ত্র; মাথায় জড়ানোর কাপড়। [হি.]

পাগল *বিণ* ১ বাতুল; উন্মাদ; বিকৃতমস্তিস্ক; ক্ষ্যাপা। ২ মত্ত। ৩ বিমুগ্ধ; বিমোহিত। ৪ অবোধ (পাগল ছেলে যা বায়না ধরবে তা নেবেই)। [স.]। **পাগলিনী, পাগলি** *বিণ স্ত্রী.*। **পাগল-ছাগল** *বি* পাগলের প্রায়; পাগলের পর্যায়ভুক্ত (পাগল-ছাগল মানুষ দিয়ে কি কাজ হয়?)। **পাগলঝোরা** *বি* উন্মত্ত বা বেগবান ঝরনা। **পাগলপারা** *বিণ* পাগলের মতো; ক্ষিপ্তপ্রায়; ক্ষ্যাপার মতো।

পাগলা *বি* ক্ষ্যাপা। ❑ *বিণ* চঞ্চলমতি; অবুঝ। [স. পাগল+ বা. আ]। **পাগলী** *বিণ স্ত্রী.*। **পাগলা গারদ** *বি* পাগলদের আড্ডা; যেখানে বিকৃতমস্তিষ্কদের আটক করে রাখা হয়। **পাগলাটে** *বিণ* ছিটগ্রস্ত; পাগল ধরনের।

পাগলামি, পাগলামো *বি* ১ পাগলের ভাব বা ব্যবহার। ২ অবুঝপনা (পাগলামি কোরো না)।

পাঙ্‌ক্তেয় *বিণ* ১ পঙ্‌ক্তিতে বা সমশ্রেণীতে স্থান পাবার উপযুক্ত। ২ এক পঙ্‌ক্তিতে বা এক সারিতে আহার করবার যোগ্য। [স. পঙ্‌ক্তি+এয়]

পাঙ্খা *বি* পাখা; ব্যজনী। [স. পক্ষ>]

পাঙ্গাশ[১], **পাঙাশ**[১] *বি* আড়টেংরা জাতীয় এক প্রকার মাছ। [স. পিঙ্গাশ]

পাঙ্গাশ[২], **পাঙাশ**[২] *বিণ* পাংশুবর্ণ; ফেকাসে; ছাইরঙা; রক্তহীনতায় পাণ্ডুর। [স. পাংশু>]

পাচক *বি, বিণ* ১ রাঁধুনে; সূপকার। ২ হজমি; পরিপাক করায় এমন; জীর্ণকারক। [স. √পচ্+ণিচ্+অক]। **পাচক-রস** *বি* পাকস্থলীজাত রস যা হজমে সাহায্য করে; gastric juice। **পাচিকা** *বি, বিণ স্ত্রী.* রাঁধুনি।

পাচন[১] *বি* ১ আগাছা তুলে ফেলবার নিড়ানি অস্ত্রবিশেষ। ২ গরু ঘোড়া প্রভৃতি তাড়াবার দণ্ডবিশেষ; নড়ি; ছোট লাঠি। [স. প্রাজন>]

পাচন[২], **পাঁচন** *বিণ* পরিপাককারী; জীর্ণকারক; হজমি। ❑ *বি* বিবিধ ঔষধি লতা মূলাদির ক্বাথ; পাঁচ রকম গাছ-গাছড়া সিদ্ধ করে প্রস্তুত ঔষধ। [স. √পচ্+ণিচ্+অন]। **পাচনযন্ত্র** *বি* পরিপাকযন্ত্র; জীর্ণকারক যন্ত্র; digestive organ।

পাচনবাড়ি, পাচনবাড়ি, পাচনি, পাঁচনি *বি* গবাদি পশুর জন্য ব্যবহৃত তাড়নদণ্ডবিশেষ; নড়ি। [স. প্রাজন>]

পাচার *বি* ১ গোপনে অপসারণ; চুপিচুপি সরিয়ে ফেলা; চুরি করে নিঃশেষকরণ। ২ সাবাড়। [তুল. হি. পছাড়া]

পাচ্য *বিণ* ১ পরিপাক বা হজমসাধ্য (সহজপাচ্য)। ২ রন্ধনযোগ্য; পাকযোগ্য। [স.]

পাছ *বি* পশ্চাদ্‌ভাগ; পিছন। [স. পশ্চাৎ]। **পাছদুয়ার** *বি* বাড়ির পিছন দরজা; খিড়কি। **পাছে** *ক্রিবিণ* ১ পরে; পিছনে। ২ আশঙ্কায় (সে নদীপথে গেল না পাছে নৌকাডুবি হয়)।

পাছড়া, পাছড়ি *বি* উত্তরীয় বস্ত্র; গায়ের চাদর; দোপাট্টা। [স. প্রচ্ছদপট>]

পাছড়ানো *ক্রি* ১ আছাড় দেওয়া; আছাড় দিয়ে ভূপাতিত করা। ২ ছাগাদি জবাই করবার সময়ে মাটিতে ফেলা। ❑ *বি* কুলা দ্বারা শস্যাদি ঝাড়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [তুল. হি. আছাড়-পাছাড়/আছড়া পাছড়া]

পাছা *বি* ১ নিতম্বদেশ। ২ নৌকার পশ্চাদ্‌ভাগ। [স. পশ্চাৎ>]। **পাছাপেড়ে, পাছপেড়ে** *বিণ* পাছার উপরে পরে এমন পাড়যুক্ত; মধ্যের পাড়সহ তিন পাড়যুক্ত (পাছাপেড়ে শাড়ি)।

পাছাড় *বি* পশ্চাৎ থেকে জাপটে ধরে আছাড়; মল্লযুদ্ধ। [তুল. হি. পছাড়না]

পাছানো *ক্রি* ১ পিছিয়ে পড়া। ২ পিছে হটা।

পিছু, পিছ *বি* পিছন; পশ্চাৎ (পিছু থেকে)। ❑ *ক্রিবিণ* ১ পিছন বা পশ্চাৎ দিকে। ২ পশ্চাৎ থেকে (পিছু ডাকা)। ৩ পরে; পাছে; শেষে (পিছু শুনবে)। ৪ পিছে; পিছনে (পিছু লাগা)। [স. পশ্চাৎ>]। **পিছুটান** *বি* প্রিয়জনদের প্রতি স্নেহ মমতার আকর্ষণ। **পিছু নেওয়া, পেছু নেওয়া** *ক্রি* অনুসরণ করা; পিছনে পিছনে যাওয়া। **পিছুপিছু, পিছপিছ** *ক্রিবিণ* পিছে পিছে; পিছনে পিছনে। **পাছু লাগা, পিছু লাগা** *ক্রি* ১ নাছোড়বান্দা হয়ে পিছনে লাগা। ২ উত্যক্ত করা; বিরক্ত করা।

পাছে *ক্রিবিণ* ১ পরে; পরবর্তীকালে; পরে যদি (পাছে তুমি বকো এই ভয়ে আমি খেলতে যাইনি); যদি ক্ষতিকর বা অনভিপ্রেত কিছু ঘটে এই ভয়ে বা আশঙ্কায়; ভেবে; বিবেচনায়। ২ পশ্চাৎভাগে; পিছনে; পিছে।

পাজি, পাজী *বিণ* উদ্ধত; ঠেঁটা; ঝাগড়াটে; নচ্ছার; দুষ্ট; পামর; নীচ; ইতর। [ফা.]। **পাজির পা ঝাড়া**—পাজির হদ্দ; অতিশয় পাজি।

পাজেব, পাযেব *বি* পায়ের অলঙ্কারবিশেষ। [ফা.]

পাঞ্চজন্য *বি* শ্রীকৃষ্ণের শঙ্খের নাম। 'পঞ্চজন' নামের দৈত্যের অস্থি দিয়ে নির্মিত বলে এ শঙ্খের নাম পাঞ্চজন্য। [স.]

পাঞ্চবার্ষিক *বিণ* ১ পঞ্চবর্ষীয়। ২ প্রতি পাঁচ বছর অন্তর যা ঘটে বা প্রকাশিত হয়; পঞ্চবর্ষস্থায়ী। [স.]

পাঞ্চভৌমিক *বিণ* ক্ষিতি অপ তেজ মরুৎ ব্যোম এই পঞ্চভূত দ্বারা গঠিত বা উৎপন্ন; পঞ্চভূত সংক্রান্ত। [স.]

পাঞ্চাল *বি* ১ পঞ্চাশ দেশীয় আধুনিক বেরিলি; রোহিলাখণ্ড অঞ্চল। ২ পঞ্চাল দেশ সংক্রান্ত। ৩ পঞ্চাল দেশজাত। [স.]। **পাঞ্চালী** *বি* ১ পাঞ্চাল রাজকুমারী দ্রৌপদী। ২ কাষ্ঠ প্রভৃতি দ্বারা নির্মিত পুতুল।

পাঞ্জতন, পাকপাঞ্জতন *বি* পাঁচ শ্রেষ্ঠ ব্যক্তি : হযরত মুহম্মদ (সা.), হযরত আলী (রা.), হযরত ফাতিমা (রা.), হযরত হাসান (রা.) ও হযরত হুসাইন (রা.)। [ফা. পনজতন]

পাঞ্জর *বি* ১ পঞ্জর; পাঁজর। ২ শরীর; দেহ। [স. পঞ্জর>]

পাঞ্জা, পান্‌জা *বি* ১ দস্তখত বা সিলমোহরের পরিবর্তে করতলের সআঙুল হাতের ছাপ; বাদশাহগণের হাতের ছাপমারা ফরমান; ফরমান। ২ করতল; থাবা। ৩ দুই করতল প্রসারিত করে জড়িয়ে ধরা। ৪ পাঁচ ফোঁটাযুক্ত তাস। ৫ পদচিহ্ন দেখে যারা বনে হাতির সন্ধান করে। [ফা. পন্‌জহ্]। **পাঞ্জা কষা বা লড়া** *ক্রি* পরস্পরের পাঁচটি আঙুল বদ্ধ করে কব্জির শক্তি পরীক্ষা করা।

পাঞ্জাবি[১], পাঞ্জাবী *বি* প্রধানত বাঙালিরা পরেন এমন সুপরিচিত জামা; পাঞ্জা তথা হাতের তালু অবধি বিস্তৃত আস্তিনবিশিষ্ট ঢিলা-ঢালা জামা; কামিজ।

পাঞ্জাবি[২] *বি* পাঞ্জাবের ভাষা বা মানুষ।

পাঞ্জেগানা *বিণ* পাঁচ ওয়াক্তের নামাজ; দিনের পাঁচ বারের নামাজ। [ফা. পনজ্‌গানাহ্]

পাঞ্জেরি, পঞ্জেরী *বি* নৌকা বা জাহাজের অগ্রভাগে অবস্থিত আলোকদিশারি; যে নৌ-কর্মচারী নৌকার মাস্তুলে উঠে চারদিকের দৃশ্য আবহাওয়া চর ইত্যাদি বিষয়ে মাঝিকে সংকেত দান করেন। [ফা. পন্‌জরহ্]

পাট[১] *বি* ১ বাংলাদেশের 'সোনালি আঁশ' নামে খ্যাত এক রকম তন্তু যা থেকে চট, বস্তা, কার্পেট ইত্যাদি তৈরি হয়; কোষ্টা গাছ; উক্ত গাছের আঁশ; jute। ২ রেশম। ৩ রেশমি কাপড়। ৪ স্তর; ভাঁজ; থাক। ৫ কাষ্ঠাসন; পিঁড়ি। ৬ সিংহাসন; রাজতন্ত্র। ৭ পীঠস্থান; তীর্থস্থান। ৮ অস্তাচল। ৯ চ্যাপটা বস্তুর এক জোড়ার একটি। ১০ চওড়া তক্তা; পাটা; ফলক। ❑ *বিণ* ১ রাজকীয়; রাজার ব্যবহারের। ২ প্রধানা (পাটরানী)। [স. পট্ট>]

পাট[২] *বি* ১ পারিপাট্য সাধন। ২ নিত্যনৈমিত্তিক গৃহকর্ম। ৩ চাকরানিগিরি; দাসীবৃত্তি; কাজকর্ম। ৪ নিত্যদিনের কর্মের রীতি বা ধারা (পাট তোলা)। [স. পাটি>]

পাট[৩] *বি* পাতকুয়ায় ব্যবহৃত পোড়া মাটির বেষ্টনী; চাক। [স. পাটকা>]

পাটকিলে *বিণ* ইটের রংযুক্ত; পাটল বর্ণযুক্ত।

পাটকেল, পাটকিল *বি* ইষ্টকখণ্ড; ইটের টকুরা।

পাটখড়ি *বি* পাট গাছের উপরের পাট নামক ছাল তুলে নেবার পর ডাঁটাসহ যে শুকনা গাছ।

পাটন *বি* ১ নগর; জনবসতি; দেশ; অঞ্চল; জনপদ। ২ পাটা; পাত। ৩ বাণিজ্য। [স. পটন>পত্তন> পট্টন>পাটন]

পাটনা *বি* ভারতের বিহার প্রদেশের অন্তর্গত বিখ্যাত নগর; প্রাচীন পাটলীপুত্র। **পাটনাই** *বিণ* ১ পাটনায় উৎপন্ন বা প্রস্তুত। ২ পাটনা সংক্রান্ত।

পাটনি, পাটুনী *বি* খেয়াঘাটের মাঝি; পারঘাটার ঠিকাদার মাঝি। [স. নৌ+পত্তন>নৌ+পাটন+বা. ঈ]

পাটরানী, পাটরাণী *বি* রাজার প্রধানা মহিষী; পাটে তথা সিংহাসনে যাঁর সন্তানের উত্তরাধিকার থাকে তিনিই পাটরানী। [স. পট্ট>রাজ্ঞী>]

পাটল *বিণ* ১ পাটকিলে; ফিকে লাল। ২ গোলাপি রং। [স.]। **পাটলা, পাটলি** *বি* ১ পারুল গাছ। ২ পারুল ফুল।

পাটা *বি* ১ পট্ট; তক্তা; ফলক। ২ ভূমির ক্রয় বা পত্তনি দলিল; পাট্টা। ৩ বক্ষের বিস্তৃতি; বিশাল বক্ষ। ৪ সাহস (এত বড় বুকের পাটা)। ৫ বাটনা বাটবার শিল; পেষণশিল। [স. পট্ট>]। **পাটাতন** *বি* কাষ্ঠ বংশাদি নির্মিত মাচা; তক্তায় তৈরি নৌকার মেঝে; জাহাজের ডেক; flooring of planks। **বুকের পাটা** *বি* ১ বুকের বিস্তৃতি; বিশাল বক্ষঃস্থল। ২ সাহস; হিম্মত (কত বড় বুকের পাটা)।

পাটারি *বি* গ্রামে জমিদারের খাজনা আদায়কারী। [পাটোয়ারী শব্দের সংক্ষিপ্ত রূপ>স. পুট+বার+ঈ]

পাটালি, পাটালী *বি* পাটার মতো চওড়া জমাট গুড়; নতুন গুড়ের বরফি। ❑ *বিণ* তক্তার মতো জমাট খেজুরের গুড় (পাটালি গুড়)।

পাটি[১], পাটী *বি* ১ শৃঙ্খলা; প্রণালী (পরিপাটি কাজ)। ২ শ্রেণী; সারি (দন্তপাটি)। ৩ জোড়ার একটি (এক পাটি জুতা)। ৪ জুতা; পাদুকা। ৫ কেশবিন্যাস। ৬ ঘরের কাজ; গৃহকর্ম (সংসারের পাটি)। ৭ অঙ্ক দ্বারা সংখ্যা নির্দেশ করে গণনা। [স. পট্টি>পাটি]

পাটি[২] *বি* ১ জলজ ডাঁটা প্রায় গাছের বা তৃণের মোতরার দ্বারা প্রস্তুত মসৃণ মাদুরবিশেষ (সিলেটের শীতল পাটি)। ২ বিশেষ সম্প্রদায়ের পাড়া বা পল্লী। [স. পট্টী>]

পাটিগণিত, পাটীগণিত *বি* অঙ্কবিদ্যা; অঙ্কশাস্ত্র। [স.]

পাটিসাপটা *বি* ভিতরে ক্ষীর, নারকেল ইত্যাদির পুর দেওয়া এক প্রকার পিঠা। পাটির মতো জড়ানো হয় বলে এবং এক পিঠ অন্য পিঠকে সাপটে ধরে বলে এ নাম।

পাটেশ্বরী *বি* প্রধান মহিষী; রাজার মুখ্য পত্নী; পাটরানী;

পট্টমহিষী। [স. পাট+ইশ্বরী]
পাটোয়ার *বি* ১ কর সংগ্রাহক; খাজনা আদায় করে এরূপ কর্মচারী। ২ ঘুনসি মালা ইত্যাদি গ্রন্থশিল্প প্রস্তুতকারী। ❑*বিণ* অতিশয় হিসেবি। [স. পট্ট+বার>]। **পাটোয়ারি** *বিণ* পাটোয়ার সুলভ প্রকৃতিবিশিষ্ট (পাটোয়ারি বুদ্ধি)।
পাট্টা, পাটা *বি* ১ ভূমির ক্রয়-বিক্রয় সংক্রান্ত দলিল; পত্তন বিষয়ক প্রমাণপত্রবিশেষ। ২ ভাঁজ; পাট (দোপাট্টা)। ৩ ঘনস্তর; চাপ (গালপাট্টা)। [স. পট্টক> তুল. হি. পাট্টা]
পাঠ *বি* ১ পঠন; অধ্যয়ন। ২ আবৃত্তি। ৩ পঠিতব্য বিষয় (পাঠ নেওয়া)। [স.]। **পাঠক** *বি,বিণ* ১ পাঠকর্তা; আবৃত্তিকারী। ২ ছাত্র। ৩ কথক; পুরাণ পাঠকারী। [স.]। **পাঠগৃহ** *বি* অধ্যয়ন গৃহ; পাঠকক্ষ। **পাঠগ্রহণ** *বি* শিক্ষকের নিকট থেকে পাঠ্য বিষয় সম্পর্কে উপদেশ বা নির্দেশ গ্রহণ; পড়া বুঝে নেওয়া। **পাঠচক্র** *বি* যারা একসঙ্গে কোনো বিষয় পড়ে; study circle। **পাঠনিবিষ্ট** *বিণ* অধ্যয়নরত; পাঠমগ্ন। **পাঠমন্দির** *বি* ১ পড়বার ঘর; অধ্যয়নগৃহ। ২ বিদ্যালয়; বিদ্যাপাঠ। **পাঠশালা** *বি* ১ বিদ্যালয়। ২ প্রাথমিক বিদ্যালয়।
পাঠন *বি* পড়ানো; শিক্ষাদান; অধ্যাপনা; teaching। [স. √পঠ্+অন]। **পঠনপাঠন** *বি* পড়া এবং পড়ানো।
পাঠান[১] *বি* পাকিস্তানের উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশ ও আফগানিস্তানের মুসলমান গোত্রবিশেষ। [পশ্‌তু> পখতুন> পটঠোন>হি. পঠান>বা. পাঠান]
পাঠানো *ক্রি* প্রেরণ করা। ❑*বি,বিণ* উক্ত অর্থে। [স. প্র+√স্থা+ণিচ্= প্রস্থান>অথবা প্রেরণ/প্রস্থাপন>পাঠা-অন>পাঠান/হি. পঠানা]। ডেকে **পাঠানো** *ক্রি* লোক পাঠিয়ে ডাকা। **বলে পাঠানো** *ক্রি* লোক পাঠিয়ে সংবাদ দেওয়া।
পাঠান্তর *বি* পাঠ্য বা লিখিত বিষয়ের ভিন্নরূপ; ভিন্ন বা স্বতন্ত্র পাঠ; variation of texts। [স. পাঠ+অন্তর]
পাঠাভ্যাস *বি* পাঠ্যবিষয়প্রস্তুত বা চর্চাকরণ; বিদ্যানুশীলন। [স. পাঠ+অভ্যাস]
পাঠার্থী (-র্থিন্) *বি,বিণ* বিদ্যার্থী; পড়তে চায় এমন। **পাঠার্থিনী** *বি,বিণ স্ত্রী.*। [স. পাঠ+অর্থী/অর্থিনী]
পাঠিকা *বি স্ত্রী.* ১ বই পড়ে এমন নারী; পাঠকারিণী (সংবাদ পাঠিকা)। ২ ছাত্রী। [স.]
পাঠ্য *বিণ* ১ পাঠযোগ্য; পঠনীয়; পড়বার যোগ্য। ২ পাঠ করতে হয় বা হবে এরূপ (পাঠ্য পুস্তক)। [স. √পঠ্+য]
পাঠ্যাবস্থা *বি* ছাত্রাবস্থা; ছাত্রজীবন। [স. পাঠ্য+অবস্থা]
পাড়[১] *বি* ১ তট; তীর (নদীর পাড়)। ২ ক্ষেত্রের আল। ৩ কূপের চারদিকের বেষ্টনী। [স. পাটক>]
পাড়[২] *বি* পরিধেয় বস্ত্রের প্রান্ত; কাপড়ের কিনারা (লাল পাড়)। [স. পট্ট>]
পাড়[৩] *বি* যন্ত্রাদি চালু করবার জন্য প্রদত্ত পায়ের চাপ বা আঘাত; পাতন; পাড়ন (ঢেঁকিতে পাড় দেওয়া)। [স. পাত>]
পাড়[৪] *বি* ঘরের চাল ধরে রাখার জন্য খুঁটির উপর স্থাপিত লম্বা বাঁশ বা কাঠ।
পাড়া[১] *ক্রি* ১ নামিয়ে আনা; নামানো; পতিত করা (ফল পাড়া)। ২ নামানো (তাক থেকে পাড়া)। ৩ পাতা (বিছানা পাড়া)। ৪ প্রসব করা (ডিম পাড়া)। ৫ প্রয়োগ করা (গালি পাড়া)। ৬ পরিষ্কার করা (এঁটো পাড়া)। ৭ অবতারণা করা (কথা পাড়া)। ৮ উচ্চৈঃস্বরে উচ্চারণ করা (ডাক পাড়া)। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে। **পাড়ানি, পাড়ানী, পাড়ানিয়া** *বিণ* পাড়ায় এমন (ঘুম পাড়ানি গান)। **পাড়ানো** *ক্রি* ১ কারো দ্বারা নামানো (ফল পাড়ানো)। ২ প্রবৃত্ত করানো (ঘুম পাড়ানো)। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে।
পাড়া[২] *বি* ১ পল্লী; গ্রাম; মহল্লা (কৈবর্তপাড়া, কাজীপাড়া)। ২ পাড়ার লোক (পাড়া প্রতিবেশী)। [স. পল্লী>পালি> পাড়ি>পাইড়>পাড়া অথবা পট্টী>পাটা>পাড়া]। **পাড়া-কুঁদলি/কুঁদুলি** *বিণ স্ত্রী.* পাড়ার লোকের সঙ্গে কোন্দল বা ঝগড়া করে বেড়ায় এমন। **পাড়াগাঁ** *বি* পল্লীগ্রাম। **পাড়াগাঁয়ে/গেঁয়ে** *বিণ* ১ পল্লীগ্রামবাসী; গ্রামে বাস করে এমন (পাড়াগেঁয়ে লোক)। ২ গ্রামীণ; পল্লীগ্রাম সংক্রান্ত। **পাড়া-পড়শি** *বি* প্রতিবেশী; প্রাড়ার লোকজন; এক পাড়ার লোক। **পাড়াবেড়ানি** *বিণ স্ত্রী.* পাড়ায় পাড়ায় বেড়ায় এমন। **পাড়া মাথায় করা** *ক্রি* চিৎকার করে পাড়া সরগরম করা।
পাড়ি *বি* ১ পার হওয়া; উত্তরণ (পাড়ি দেওয়া)। ২ নদ্যাদির এক পাড় থেকে অপর পাড়ের বিস্তার বা ব্যাপ্তি। **পাড়ি জমানো, পাড়ি দেওয়া** *ক্রি* পার হওয়া; এক পাড় থেকে অপর পাড়ে পৌছানো।
পাণি *বি* হস্ত; হাত। **পাণিগ্রহণ, পাণিগ্রহ, পাণিপীড়ন, পাণিবন্ধ** *বি* বিবাহ; পরিণয়। [স.]। **পাণিপ্রার্থী** *বিণ* বিবাহের অভিলাষী।
পাণিনি *বি* ১ খ্রিস্টপূর্ব পঞ্চম শতকের সংস্কৃত ব্যাকরণ প্রণেতা। ২ পাণিনি সম্বন্ধীয়। ❑*বিণ* ১ পাণিনি কথিত বা রচিত। ২ পাণিনি সম্মত। [স.]
পাণ্ডা[১] *বিণ* তীর্থস্থানের পূজারী। ❑*বি* উদ্যোক্তা সর্দার; পেশিজীবী দলের চাঁই। [স. পণ্ডিত>]
পাণ্ডা[২] =পান্ডা।
পাণ্ডিত্য *বি* ১ বিদ্যাবত্তা; অগাধ জ্ঞান; মনীষা। ২ প্রাজ্ঞতা; বিচক্ষণতা। ৩ অভিজ্ঞতা। [স. পণ্ডিত+য]
পাণ্ডু[১] *বি* যুধিষ্ঠির, ভীম, অর্জুন, নকুল ও সহদেবের পিতা। [স.]
পাণ্ডু[২], **পাণ্ডুর** *বি* ১ শুক্ল-পীতবর্ণ। ২ সাদা রং। ৩ ন্যাবা রোগ; জন্ডিস। ❑*বিণ* ১ শুক্ল-পীতবর্ণযুক্ত। ২ ফ্যাকাশে; পাংশুটে; পাংশুবর্ণবিশিষ্ট। [স. √পণ্ড+উ/পাণ্ডু+র]
পাণ্ডুলিপি, পাণ্ডুলেখ, পাণ্ডুলেখ্য *বি* ১ হাতে লেখা কাগজ; মুদ্রিত পুস্তকাদির আদর্শ; manuscript। ২ খসড়া; মুসাবিদা। [স.]
পাণ্ডে *বি* পাঁড়ে; হিন্দুস্তানি ব্রাহ্মণের পদবিবিশেষ। [স. পণ্ডিত>]
পাণ্ড্য *বি* ১ দক্ষিণ ভারতের একটি প্রাচীন দেশ (জনপদ)। ২ পাণ্ড্য নামক জাতি। ৩ পাণ্ড্য দেশের রাজা; পাণ্ড্যদেশের অধিবাসী। ৪ পাণ্ড্য সম্বন্ধীয়। [স.]
পাত[১] *বি* ১ পতন; ক্ষরণ (রক্তপাত)। ২ নিক্ষেপ; ফেলা; স্থাপন। ৩ বিনাশ; নিপাত; ক্ষয়; ধ্বংস (দেহপাত)। ৪ সংঘটন। [স. √পত্+অ]
পাত[২] *বি* ১ বৃক্ষ বা পুস্তকাদির পাতা (কলার পাত)। ২ পাতা; চোখের আবরক ত্বক। ৩ ধাতুর চাদর (লোহা বা সোনার পাত)। ৪ ভোজনপাত্র রূপে ব্যবহৃত কলাপাতা বা থালা। [স. পত্র>]। **পাত ওঠা** *ক্রি* অন্ন ওঠা। **পাত করা** *ক্রি* আহারের স্থান বা আয়োজন করা। **পাতখোল**

বি অর্ধদগ্ধ মাটির পাতবিশেষ। **পাতগালা** *বি* গালার পাতলা পাত। **পাতচাটা** *বিণ* উচ্ছিষ্টভোজী। ❑*বি,বিণ* অতি হীনভাবে অনুগ্রহ প্রার্থনা করে এমন; অতিশয় খোসামুদে। **পাতড়া, পাৎড়া** *বি* ১ উচ্ছিষ্ট পাতা; এঁটো পাতা। ২ হীনভাবে পরের বাড়ি অন্ন গ্রহণ করা। **পাততাড়ি, পাত্তাড়ি** *বি* ১ লিখন কার্যে ব্যবহৃত তালপাতা বা কলাপাতার আঁটি। ২ জিনিসপত্রের সমষ্টি। **পাততাড়ি গুটানো** *ক্রি* ১ (আল.) পাট তোলা; পলায়ন করা; জিনিসপত্র গুছিয়ে নিয়ে সরে পড়া। ২ (আল.) দোকান বা প্রতিষ্ঠান তুলে দেওয়া। **পাতলাগা** *বি* গাছের পাতার ন্যায় গালার পাতলা পাতবিশেষ।

পাতক *বি* পাপ; দুষ্কৃতি; ধর্মবিরোধী কার্য। [স. √পত+ণিচ্+অক]। **পাতকী**(-কিন্) *বি,বিণ* পাপী। **পাতকিনী** *বিণ স্ত্রী.*। **মহাপাতক** *বি* অতি বড় পাপের কাজ।

পাতকুয়া, পাতকুয়ো, পাতকো *বি* কাঁচা কুয়া; ছোট কুয়া; ক্ষুদ্র কূপ। [স. কূপ>]

পাতঞ্জল *বিণ* পতঞ্জলি রচিত। [স.]। **পাতঞ্জল দর্শন** *বি* পতঞ্জলি–কৃত দর্শন শাস্ত্র বা যোগদর্শন।

পাতলা, পাতল *বিণ* ১ ঘন বা গাঢ় নয় এমন; তরল দ্রব্য (পাতলা দুধ)। ২ সূক্ষ্ম; পুরু বা মোটা নয় এমন (পাতলা কাগজ)। ৩ সরু; চিকন(পাতলা সুতা বা বেত)। ৪ জমাট নয় এমন; অগভীর। ৫ ফিনফিনে (পাতলা দেহ)। ৬ লঘু; হালকা; ভারী নয় এমন (পাতলা শোলা)। ৭ ক্ষীণ; কৃশ; শীর্ণ (পাতলা দেহ)। [স. পত্র+লা>]

পাতশা *বি* বাদশাহ; সম্রাট; নৃপতি; রাজাধিরাজ। [ফা.]। **পাতশাহি, পাদশাহি** *বি,বিণ* বাদশাহি; রাজকীয়। ❑*বি* রাজত্ব।

পাতা[১] *বিণ* পালক; পালনকর্তা; রক্ষক; রক্ষাকারী। [স. √পা+তৃ]

পাতা[২] *বি* ১ পত্র; গাছ বা বইয়ের পাতা। ২ গ্রন্থপত্র; বইয়ের পৃষ্ঠা (চারের পাতা)। ৩ নেত্রপল্লব (চোখের পাতা)। ৪ গাছের যে পাতা ভোজনপাত্র হিসেবে ব্যবহৃত হয় (কলাপাতা বিছিয়ে খাও)। ৫ পাতার মতো বিন্যাস বা গুছানো বা শৃঙ্খলাবদ্ধ (পাতা কাটা চুল)। [স. পত্র>]। **পাতা করা, পাত করা** *ক্রি* ভোজনের জন্য পাতা বা থালা দেওয়া; আহারে আসন করা। **পাতকুড়ানি** *বি* উচ্ছিষ্ট পাতা বা জ্বালানি পাতা সংগ্রহ করে যে নারী অন্নসংস্থান করে; অত্যন্ত দরিদ্রা। **পাতাচাটা** *বিণ* অন্যের উচ্ছিষ্ট লেহন করে বা চেটে বেড়ায় এমন; অত্যন্ত হীনভাবে অপরের অনুগ্রহ প্রার্থনা করে এমন। **ওত পাতা** *ক্রি* শিকারের জন্য খাপ পেতে থাকা। **আড়ি পাতা** *ক্রি* গোপনে বা লুকিয়ে শোনা। **চোখের পাতা** *বি* চোখের উপরিস্থিত চর্মের আবরণ বা ঢাকনি; আঁখিপল্লব। **পায়ের পাতা** *বি* পায়ের তলা; পদতল। **মাথা পেতে নেওয়া** *ক্রি* শিরোধার্য করা। **হাত পাতা** *ক্রি* সাহায্য চাওয়া; ভিক্ষা চাওয়া।

পাতা[৩] *ক্রি* ১ বিছানো (শয্যা পাতা)। ২ প্রতিষ্ঠা বা স্থাপন করা; গড়ে তোলা। ৩ নিবদ্ধ করা (কান পাতা, আড়ি পাতা)। ৪ সম্মুখে নুইয়ে দেওয়া (পিঠ পাতা)। ৫ তৈরি বা রচনা করে রাখা (ফাঁদ পাতা)। ❑*বি,বিণ* উক্ত সকল অর্থে। **পাতানো** *ক্রি* ১ অন্যের দ্বারা বিস্তারিত করে নেওয়া। ২ পরস্পরের সম্বন্ধ স্থাপন করা (বন্ধুত্ব পাতানো, সই পাতানো)। ❑*বিণ* ১ অন্যের দ্বারা বিছিয়ে নেওয়া হয়েছে এমন। ২ জন্মগত নয় এবং কৃত্রিমভাবে স্থাপিত এমন (পাতানো সম্পর্ক)।

পাতাল *বি* ১ হিন্দুপুরাণে উল্লিখিত ত্রিভুবনের সর্বনিম্নস্থ ভুবন। ২ সর্পলোক; নাগলোক। ৩ ভূগর্ভ। ৪ নরক। [স.]। **পাতালপুরী** *বি* ভূগর্ভে নির্মিত গুপ্তগৃহ।

পাতি[১] *বি* ১ পত্র; পর্ণ; পাতা। ২ চিঠি; পত্র; লিপি। [স. পত্র>]

পাতি[২], **পাঁতি** *বি* সারি; শ্রেণী (পাতি পাতি)। [স. পঙ্‌ক্তি>]। **পাতি পাতি করে** *ক্রিবিণ* তন্ন তন্ন করে (পাতি পাতি করে খোঁজা)।

পাতি[৩] *বিণ* ক্ষুদ্র ছোট নিম্ন পর্যায়ভুক্ত (পাতিহাস, পাতিলেবু, পাতিশিয়াল)। [স. প্রতি>]। **পাতিনেবু, পাতিলেবু** *বি* একজাতীয় ক্ষুদ্রাকৃতি গোল লেবু। **পাতিশিয়াল** *বি* খেঁকশিয়াল; ছোট জাতের এক প্রকার শিয়াল। **পাতিহাঁস** *বি* ছোট জাতের হাঁস।

পাতিত *বিণ* ১ নিচে ফেলা হয়েছে এমন; নিক্ষিপ্ত। ২ চুয়ানো; distilled। (তুল. ভূপাতিত)। [স. √পত্+ণিচ্+ত]

পাতিত্য *বি* পতিতের অবস্থা বা ভাব; অধঃপতনাবস্থা। [স. পতিত+য]

পাতিব্রত্য *বি* পতিব্রতার ধর্ম বা ভাব; পতিপরায়ণতা; সতীধর্ম; সতীত্ব। [স. পতিব্রত+য]

পাতিল *বি* মৃৎপাত্রবিশেষ; ক্ষুদ্র হাঁড়ি; তিজেল।

পাত্তা *বি* সংবাদ; খোঁজ; খবর; ঠিকানা; উদ্দেশ (তার পাত্তা পাওয়া ভার)। [স. পত্র>]

পাত্র *বি* ১ আধার (ভোজনপাত্র, পানপাত্র)। ২ বিষয়; আস্পদ (স্নেহপাত্র)। ৩ মন্ত্রী; উজির; উপদেষ্টা (পাত্রমিত্র)। ৪ যোগ্যজন; উপযুক্ত ব্যক্তি (নিন্দার পাত্র)। ৫ নাটকের চরিত্র। ৬ বিবাহার্থী; বর (পাত্রপক্ষ)। ৭ ব্যক্তি (ভুল করবার পাত্র সে নয়)। ৮ সাধারণ সৈন্য ও গ্রাম–বংশ–সঙ্ঘসূচক উপাধিবিশেষ (মহাপাত্র)। [স.]। **পাত্রী** *বি স্ত্রী.*। **পাত্রস্থ** *বিণ* ১ বরের হাতে সমর্পিত। ২ যোগ্য পাত্রে ন্যস্ত; পাত্রগত।

পাথর *বি* ১ পাষাণ; প্রস্তর; শিলা। ২ প্রস্তরনির্মিত ভোজনপাত্র বা থালা। ৩ মণি; রত্ন (গোমেদ পাথর)। ৪ বাটখারা (পাল্লাপাথর)। [স. প্রস্তর>]। **পাথরকুচি** *বি* ১ এক প্রকার ক্ষুদ্র গুল্ম। ২ প্রস্তরখণ্ড; পাথরের ছোট টুকরা। **পাথর চাপা কপাল**—যে ভাগ্য আবরণ উন্মোচন করে প্রকাশ পায় না; অপ্রসন্ন ভাগ্য; দুরদৃষ্ট; দুর্ভাগ্য। **পাথরে পাঁচকিল**—বহু আঘাতে নির্বিকার; প্রস্তরের ন্যায় বহু বিপদ কিছুতেই যার ক্ষতি সাধন করতে পারে না; সৌভাগ্য; অত্যন্ত মঙ্গল; অত্যন্ত সুদিন।

পাথার *বি* সাগর; সমুদ্র; বিস্তীর্ণ জলরাশি। [স. পাথঃ> পাথর>পাথার অথবা পাথ+√ঋ+অ]

পাথালি *বি* ১ পদতল উপর দিকে উত্থিত করে ধারণ। ২ বিস্তার; প্রস্থের দিক। [স. প্রস্থ>পাথ+আলি]। **পাথালি কোলা** *বি,বিণ* দুই বাহুতে স্কন্ধ ও পদদ্বয় বেষ্টন করে ক্রোড়ে উত্তোলন।

পাথি, পাথী *বি* বাঁশ বা কঞ্চির নির্মিত ছোট চুপড়ি বা ঝুড়ি। [হি. পাত্তী]

পাথুরে, পাথরিয়া *বিণ* ১ প্রস্তরনির্মিত (পাথুরে বাটি)। ২ পাথরের ন্যায় কঠিন। ৩ প্রস্তরসংক্রান্ত। [স

প্রস্তর>পাথর+বা. ইয়া]
পাথুরে প্রমাণ *বি* প্রত্নতাত্ত্বিক খননকার্যের ফলে যে-সব ঐতিহাসিক তথ্যপ্রমাণ পাওয়া যায়।
পাথেয় *বি* পথের সম্বল বা খরচা। [স. পথিন্+এয়]
পাদ[১] *বি* ১ পদ; চরণ; পা (পদচারণা)। ২ মূল; শিকড় (পাদপ)। ৩ চারভাগের একভাগ; চতুর্থাংশ। ৪ শ্লোকের পঙ্‌ক্তি। ৫ সম্মানবাচক পদবি (প্রভুপাদ)। **পাদগ্রহণ** *বি* পা ছোঁয়া; চরণস্পর্শ; প্রণাম। **পাদচারণা, পাদচারণ** *বি* পায়চারি। **পাদচারী**(-রিন্) *বিণ* পায়ে হেঁটে বিচরণ করে এমন; পাদচারণকারী; পথিক। **পাদটীকা** *বি* গ্রন্থাদির পৃষ্ঠার নিম্নে প্রদত্ত টীকা; footnote। **পাদদেশ** *বি* তলদেশ; নিম্নদেশ; নিম্নভাগ (হিমালয়ের পাদদেশ)। **পাদপদ্ম** *বি* পদ্মের ন্যায় সুন্দর পা; চরণ-কমল। **পাদপীঠ** *বি* ১ কেন্দ্র; পবিত্র স্থান (শিক্ষার পাদপীঠ)। ২ পা রাখবার আসন, টুল ইত্যাদি। **পাদপূরণ** *বি* অরচিত বা লুপ্ত অংশ নতুনভাবে রচনার দ্বারা পূর্ণকরণ। **পাদ-প্রক্ষালন** *বি* পা ধোয়া। **পাদ-প্রহার** *বি* পদাঘাত; লাথি। **পাদমূল** *বি* পায়ের নিম্নভাগ; গোড়ালি। **পাদলেহন** *বি* পা-চাটা; হীনভাবে তোষামোদ।
পাদ[২] *বি* ১ পায়ুপথ দিয়ে নিঃসৃত বায়ু। ২ বাতকর্ম। [স. পর্দন>]। **পাদা** *ক্রি* বায়ু নিঃসরণ করা; বাতকর্ম করা। ❑ *বি* বাতকর্ম; বায়ু-নিঃসরণ।
পাদপ *বি* পা দ্বারা পান করে যে; বৃক্ষ; গাছ; উদ্ভিদ। [স.]
পাদরি, পাদ্রি *বি* খ্রিস্টান ধর্মযাজক বা পুরোহিত। [পো. Padre, ই. Father]
পা-দান, পা-দানি *বি* শকটাদিতে ওঠা নামার কালে পা দেওয়ার স্থান; footboard। [ফা. পায়দান]
পাদুকা *বি* ১ খড়ম। ২ জুতা। [স.]
পাদোক *বি* পূজনীয় ব্যক্তির পা ধোয়া জল; চরণামৃত। [স. পাদ+উদক]
পাদ্য *বি* চরণ প্রক্ষালনের জল। [স. পাদ+য]
পান[১] *বি* তাম্বুল। [স. পর্ণ]। **পান থেকে চুন খসা** *ক্রি* যৎসামান্য ত্রুটি হওয়া। **পান সাজা** *ক্রি* মসলা সংযোগে পানের খিলি তৈরি করা। **পানের বরজ** *বি* পান জন্মাবার আচ্ছাদিত ও সুবিন্যস্ত খেত।
পান[২]**, পাইন** *বি* ১ ঝালা; যে নিকৃষ্ট ধাতু গলিয়ে ধাতু দ্রব্য জোড়া লাগানো হয়; alloy। ২ ইস্পাত প্রভৃতি ধাতুতে প্রয়োজনীয় কাঠিন্য দান। **পাইন মরা** *ক্রি* গলালে মিশ্রিত খাদের জন্য সোনারুপার গহনার ওজন হ্রাস পাওয়া।
পান[৩] *বি* ১ তরলদ্রব্য গলাধঃকরণ (দুগ্ধ পান)। ২ মদ্যপান; সুরাপান (পান দোষ)। [স.]। **পান দেওয়া** *ক্রি* ধাতুর কাঠিন্য বা স্থিতি স্থাপকতা সাধন। **পান দোষ** *বি* মদ্যপানরূপ দোষ; মদ্যাসক্তি।
পানকৌড়ি, পানকোটি *বি* কালো রঙের হাঁসজাতীয় মৎস্য শিকারি পাখি; পানিকাক।
পানস *বিণ* ১ কাঁঠাল থেকে তৈরি। ২ কাঁঠাল সম্বন্ধীয়। [স. পনস+অ]
পানসি *বি* এক প্রকার ছই-ঢাকা ছোট নৌকা; হালকা সরু নৌকা। [ই. pinnace]
পানসে *বিণ* জলো; স্বাদহীন; ফিকে রঙের। [স. পানীয়; তুল. হি. পানসা। পানি প্রায়=পানসে (তুল. কালসে, লালসে)]
পানা[১] *বি* চিনিমিশ্রিত পানি; শরবত। [স. পানক>]
পানা[২] *বি* শৈবাল জাতীয় এক প্রকার জলজ উদ্ভিদ; কচুরিপানা। [স. পর্ণ>]। **পানাপুকুর** *বি* শৈবালজাতীয় জলজ উদ্ভিদবিশিষ্ট পুকুর।
পানা[৩] *বি* প্রস্থ; বিস্তার (কাপড়ের পানা)। [ফা. পনহ্]
পানা[৪] *বি* আশ্রয়। [ফা. পনাহ্]
পানা[৫] তুল্যার্থবাচক বাংলা তদ্ধিত প্রত্যয় (চাঁদপানা)। [স. প্রায়>পারা>পানা]
পানানো *ক্রি* ১ গাভীর স্তন দুগ্ধে পূর্ণ করার জন্য বাছুর দ্বারা স্তন আকর্ষণ। ২ দোহন। ৩ লোহার অস্ত্রাদিতে পাইন ধরানো। ৪ অস্ত্রাদি ধার করবার সময়ে পানি দিয়ে ভিজানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।
পানাসক্ত *বিণ* সুরাপানে আসক্ত; সুরাসক্ত; মদ্য পানানুরক্ত; মদ্যপ। [স. পান+আসক্ত]
পানি *বি* জল; বারি। [স. পানীয়; তুল. হি. পানি]। **পানি কচু** *বি* অল্প পানিতে জন্মে এমন এক ধরনের কচু। **পানি ঘোলা করা** *ক্রি* (আল.) অস্বস্তিকর অবস্থা সৃষ্টি করা। **পানিফল, পানফল** *বি* সিঙ্গাড়া; তিন কাঁটাযুক্ত জলে জাত এক প্রকার ফল। **পানিবদ্ধতা** *বি* পানির অচলতা বা স্থিরতা; water-logging। **পানিবসন্ত, পানবসন্ত** *বি* জলবসন্ত; গুটিকা রোগ; chicken pox। **পানি ভাঙা** *বি* প্রসবের পূর্বে জলীয় স্রাব।
পানীয় *বিণ* পানযোগ্য; পানোপযোগী; পেয়; পান করা হয় এমন। ❑ *বি* পানযোগ্য দ্রব্য। [স. √পা+অনীয়]
পানে *অব্য* দিকে; প্রতি; অভিমুখে।
পান্ডা *বি* চীনের বনাঞ্চলে জাত কচি বংশদণ্ডভোজী এক প্রকার সংবেদনশীল ভালুকজাতীয় বিরল প্রজাতির প্রাণী।
পান্তা, পানিভাত *বি* পানিতে ভিজানো বাসি ভাত। **পান্তা-বাতাস** *বি* বাসি বাতাস। **পান্তা ভাতে ঘি**— অকারণে উৎকৃষ্ট বস্তুর অপচয়।
পান্তি *বি* পানবিক্রেতা হিন্দুজাতির উপাধি।
পান্তুয়া, পানতোয়া *বি* চিনির রসে ভিজানো রসগোল্লা জাতীয় কড়া ভাজা মিষ্টান্নবিশেষ। [হি. পানি+ফা. তওয়া>তুয়া]
পান্থ *বি* পথিক; পথ পর্যটনকারী; পথ পরিভ্রমণকারী। [স. পথিন্+অ]। **পান্থনিবাস, পান্থশালা** *বি* পথিকদের বিশ্রামস্থল; সরাই; চটি; ধর্মশালা। **পান্থপাদপ** *বি* মাদাগাস্কার দ্বীপে উৎপন্ন একপ্রকার বৃক্ষ যাকে আঘাত করলে নির্মল পানি পাওয়া যায়।
পান্না *বি* বহুমূল্য প্রস্তরবিশেষ; মরকত; emerald। [স. পর্ণ>, তুল. হি. পান্না]
পাপ *বি* ১ কলুষ; দুষ্কৃতি। ২ অন্যায়; অধর্ম; শাস্ত্রবিরুদ্ধ কর্ম; গুনাহ্। ৩ পাপিষ্ঠ ব্যক্তি; পাপাত্মা। ৪ আপদ, জঞ্জাল (পাপ গেলে বাঁচি)। ৫ অশুভ; অমঙ্গল (পাপগ্রহ)। ❑ *বিণ* পাপজনক; পাপিষ্ঠ (পাপমুখে কি আর বলব)। [স.]। **পাপকৃৎ** *বিণ* পাপকারী; পাপিষ্ঠ। **পাপপুণ্য** *বি* পাপ ও পুণ্য। **পাপবুদ্ধি, পাপমতি** *বি* দুর্মতি; অধর্মবুদ্ধি। **পাপযোনি** *বি* অন্ত্যজ; নীচকুলজাত। **পাপহর** *বিণ* পাপনাশক; পাপ দূরকারী। **পাপাচার** *বিণ* দুরাচার; পাপকারী; পাপিষ্ঠ। ❑ *বি* পাপাচরণ। **পাপাচারী**(-রিন্) *বিণ* পাপিষ্ঠ; দুরাচার; অধর্মাচারী। **পাপাত্মা** *বিণ* পাপচিত্ত; পাপিষ্ঠ। **পাপিষ্ঠ** *বিণ* অতিশয় পাপী;

মহাপাপী। **পাপিষ্ঠা** *বিণ স্ত্রী.*। **পাপী**(-পিন্) *বিণ* পাপকারী; অধার্মিক; পাপাচারী। **পাপিনী** *বিণ স্ত্রী.*। **পাপীয়সী** *বিণ* পাপিষ্ঠা; মহাপাপকারিণী; পাপচারিণী।
পাপড়ি *বি* ফুলের দল। [স. পর্ব>পবড়>পাপড়+ই (তুল. পত্র> পাতড়া)]
পাপিয়া *বি* পিউ পিউ রবকারী পাখিবিশেষ; কোকিলজাতীয় গায়ক পাখি। [তুল. হি. পপীহা]
পাপোশ, পাপোষ *বি* পায়ের ধুলা মুছবার জন্য নারকেলের ছোবড়াদি দ্বারা তৈরি আস্তরণ। [ফা.]
পাবক *বি* অগ্নি; অনল। ❑ *বিণ* শোধক; শোধনকারী; বিশুদ্ধ বা পবিত্র করে এমন। [স. √পূ+অক। ফা. পাক]
পাবদা, পাবতা *বি* এক প্রকার আঁশশূন্য সুস্বাদু ছোট মাছ। [স. পর্বত (মৎস্য)>]
পাবন *বিণ* ১ বিশুদ্ধ বা পবিত্রকারী; শোধক। ২ ত্রাণকর্তা; উদ্ধারকারী। ❑ *বি* ১ শোধন; পবিত্রকরণ। ২ অগ্নি। [স. √পূ+ণিচ্+অন, স. √পূ+অক পাবক (অগ্নি)]। **পাবনি** *বি* পবননন্দন হনুমান। **পাবনী** *বিণ* ১ পবিত্রকারিণী। ২ উদ্ধারকারিণী। ❑ *বি* হিন্দুমতে গঙ্গা নদী।
পাবন্দ *বিণ* অনুগত; নিষ্ঠাবান। [ফা.]
পাবলিক *বি* জনসাধারণ। [ই. public]
পামর *বিণ* ১ পাপিষ্ঠ; পাপাত্মা। ২ নরাধম; নীচ। ৩ মূর্খ। ৪ চুলকানি রোগযুক্ত। [স.]। **পামরী** *বিণ স্ত্রী.*।
পামরি[১] *বি* ১ শস্য নষ্ট করে এমন এক ধরনের পোকা। ২ রেশমি বস্ত্র-বিশেষ।
পামরি[২] *বি* মূল্যবান বস্ত্রবিশেষ।
পামসু *বি* একপ্রকার ফিতাহীন জুতা। [ই.]
পাম্প *বি* বায়ুপূর্ণ করবার বা পানি তুলবার এক প্রকার যন্ত্র। [ই. pump]
পায়খানা *বি* ১ মল; বিষ্ঠা। ২ মলত্যাগের স্থান। [ফা. পায়খানহ্]। **পায়খানা করা** *ক্রি* মল ত্যাগ করা।
পায়চারি, পায়চারী *বি* নিরুদ্দিষ্ট পদচারণা; ইতস্তত হাঁটা। [স. পদচারণ]
পায়জামা, পাজামা *বি* ঢিলা ট্রাউজার; ইজার। (ফা. পাজামাহ্]
পায়দল, পয়দল *ক্রিবিণ* পদব্রজে; পায়ে হেঁটে। ❑ *বি* পদচারী সেনা; পদাতিক। [হি.]
পায় পায়, পায়ে পায়ে *ক্রিবিণ* ১ পদে পদে; প্রতিপদে। ২ ধীরে বা ধীরপদে বা আস্তে হাঁটতে হাঁটতে।
পায়রবি, পায়রবী *বি* অনুসরণ; শিষ্যত্ব; অনুচরের ভাব। [ফা. পয়রবী]
পায়রা *বি* কবুতর; কপোত; পারাবত। [স. পারাবত]। **পায়রি** *বি* পারাবতী।
পায়স, পায়েস *বি* দুধ চিনি চাউল প্রভৃতি সংযোগে প্রস্তুত মিষ্টান্নবিশেষ; পরমান্ন। ❑ *বিণ* ১ দুগ্ধ সম্বন্ধীয়। ২ দুগ্ধ থেকে উৎপন্ন। [স. পায়স]। **পায়সান্ন** *বি* পরমান্ন।
পায়া *বি* ১ টেবিল চেয়ার চৌকি প্রভৃতির নিম্নভাগে সংলগ্ন খুঁটি বা খুরা। ২ পদ; চরণ। ৩ উচ্চপদ; পদমর্যাদা। [ফা. পায়হ্]। **পায়াভারী** *বি* উচ্চপদে অধিষ্ঠানজনিত গুমর; গর্ব। ❑ *বিণ* পদগৌরব ও মর্যাদা সম্পন্ন; পদ গৌরবহেতু গর্বিত। **চারপায়া** *বি* এক প্রকার ছোট খাট। ❑ *বিণ* চতুষ্পদ। **তেপায়া** *বি* তিন পায়া বিশিষ্ট টেবিল; চেয়ার ইত্যাদি।

পায়ী *বিণ* পান করে এমন; পানকারী। [স.]
পায়ু *বি* মলদ্বার; গুহ্যদেশ। [স.]
পার *বি* ১ নদী খাল পুকুর ইত্যাদির বিপরীত তট বা তীর। ২ কূল; কিনারা। ৩ প্রান্ত; শেষ; সীমা। ৪ উত্তরণ। ৫ উদ্ধার; পরিত্রাণ; রক্ষা। [স.]। **পার করা** *ক্রি* ১ পরিত্রাণ করা (পার কর হে দয়াল)। ২ নদ্যাদির অপর পারে নিয়ে যাওয়া। ৩ কন্যার বিবাহ দেওয়া। **পারগ**[১], **পারঙ্গম** *বিণ* ১ পারগামী। ২ দক্ষ; সমর্থ; সক্ষম। **পারঘাট** *বি* খেয়াঘাট।
পারক, পারগ[২] *বিণ* ১ সমর্থ; সক্ষম। ২ পারদর্শী; পটু; নিপুণ। [স.]। **পারকতা** *বি* ১ সক্ষমতা। ২ পটুতা।
পারণ, পারণা *বি* ব্রতাদিতে উপবাসকাল শেষে ভোজন। [স.]
পারতপক্ষে *ক্রিবিণ* ১ সাধ্যমতো; পারলে। ২ সম্ভব হলে।
পারত্রিক *বিণ* পারলৌকিক; পরলোক সম্বন্ধীয়; আখেরাতের। [স.]
পারদ *বি* একটি তরল ধাতু; পারা; mercury। [স.]
পারদর্শী *বিণ* ১ অভিজ্ঞ। ২ পটু; দক্ষ; বিচক্ষণ। ৩ দূরদর্শী; পরিণামদর্শী। [স.]। **পারদর্শিনী** *বিণ স্ত্রী.*। **পারদর্শিতা** *বিণ* বিচক্ষণতা; দক্ষতা; পটুতা। ❑ *বি* দূরদর্শিতা।
পারবশ্য *বি* পরবশতা; পরাধীনতা; অধীনতা। [স.]
পারমাণবিক *বিণ* ১ পরমাণু সংক্রান্ত। ২ পরমাণু থেকে উৎপন্ন; পরমাণুজাত; atomic। [স.]
পারমার্থিক *বিণ* পরমার্থ সম্বন্ধীয়। [স.]
পারমিট *বি* সরকার নিয়ন্ত্রিত মাল ক্রয় বা বিক্রয়ের অনুমতিপত্র; অনুমতিপত্র। [ই. permit]
পারম্পর্য *বি* ধারাবাহিকতা; অনুক্রম; ক্রমান্বয়। [স.]
পারলৌকিক *বিণ* ১ পরলোকসংক্রান্ত। ২ পরলোকের জন্য কল্যাণকর। [স.]
পারসি, পারশী *বি* ১ পারস্যের ভাষা; ফারসি। ২ প্রাচীনকালে পারস্য দেশ থেকে আগত জরথুস্ত্রপন্থি জাতি। ❑ *বিণ* ১ পারস্য দেশে উৎপন্ন। ২ পারসি/পার্শি জাতি সংক্রান্ত। [ফা.]
পারসিক *বি* পারস্য দেশীয়। ❑ *বিণ* পারস্য দেশজাত। ❑ *বি, বিণ* পারস্য দেশের অধিবাসী; ইরানি।
পারস্য *বি* পশ্চিম এশিয়ার একটি প্রাচীন দেশ; বর্তমান ইরান।
পারা[১] *ক্রি* ১ সমর্থ হওয়া; সক্ষম হওয়া। ২ এঁটে ওঠা; আয়ত্তে আনতে সক্ষম হওয়া। ৩ অনুমতি পাওয়া। ৪ কাজ সারা।
পারা[২] *বি* তরল ধাতুবিশেষ; পারদ। [স. পারদ>]
পারা[৩] *অব্য* সদৃশ; তুল্য; ন্যায়; মতো। [স. প্রায়>]
পারা[৪] *বি* খণ্ড। [ফা. পারহ্]
পারানি *বি* খেয়া পার হবার মাশুল বা মূল্য; খেয়ার কড়ি ('আমার শেষ পারানির কড়ি')। [স. পার+বা. আনি]
পারাবার *বি* ১ সিন্ধু; সমুদ্র। ২ উভয় তীর। ৩ এফোঁড়-ওফোঁড়। [স.]
পারিজাত *বি* হিন্দু পুরাণে উল্লিখিত সমুদ্র মন্থনে উদ্ভূত স্বর্গীয় বৃক্ষ, ফুল বা তার ফল। [স.]
পারিতোষিক *বি* সন্তুষ্ট হয়ে যা দান করা হয়; পুরস্কার; বখশিশ। [স.]
পারিন্দ্র, পারীন্দ্র *বি* ১ পশুরাজ; মৃগেন্দ্র; সিংহ। ২ অজগর সাপ।

পারিপাট্য *বি* ১ শৃঙ্খলা; বিন্যাস। ২ পরিচ্ছন্নতা। ৩ কুশলতা; নিপুণতা; নৈপুণ্য। ৪ আড়ম্বর। [স.]
পারিপার্শ্বিক *বিণ* ১ চতুর্দিকস্থ; পার্শ্ববর্তী; পাশের। ২ পারিষদ। ৩ সূত্রধরের পার্শ্বচর নট। [স.]
পারিভাষিক *বিণ* পরিভাষা সংক্রান্ত। [স.]
পারিশ্রমিক *বি* পরিশ্রমের ফল বা মূল্য; মজুরি। [স.]
পারিষদ *বি* ১ সভ্য; সভাসদ; সদস্য। ২ পার্শ্বচর। ❑ *বিণ* পরিষদ সম্বন্ধীয়; সভা সংক্রান্ত। [স.]
পারুল *বি* এক প্রকার পাটলবর্ণ সুগন্ধি পুষ্প বা তার গাছ। [তুল. স. পাটলী]
পার্ট *বি* ১ অভিনয়াদির অংশভাগ। ২ অংশ; কপাটের ফলক; পাট। [ই. part]
পার্টস *বি* অংশ; কলের খুচরা অংশ। [ই. parts]
পার্টি, পার্টী *বি* ১ পাশ্চাত্য রীতিতে ভোজ বা অনুরূপ অনুষ্ঠান। ২ রাজনৈতিক দল; পক্ষ। [ই. party]
পার্থ *বি* ১ কুন্তী বা পৃথার পুত্র অর্জুন। ২ অর্জুনবৃক্ষ। [স.]
পার্থক্য *বি* প্রভেদ; বিভিন্নতা; পৃথকত্ব; বৈসাদৃশ্য। [স.]
পার্থসারথি *বি* শ্রীকৃষ্ণ।
পার্থিব *বিণ* ১ পৃথিবী সংক্রান্ত; ঐহিক; জাগতিক। ২ ভূপতি; নৃপ। [স.]
পার্বণ *বি* ১ উৎসব। ২ হিন্দুদের অমাবস্যাদি পর্বদিনে অনুষ্ঠেয় শ্রাদ্ধ। [স.]। ❑ *বিণ* ১ পর্বসংক্রান্ত। ২ পর্বদিনে করণীয়। **পার্বনী, পার্ব্বণী** *বি* পর্ব বা উৎসব দিবসের পারিতোষিক; বখশিশ।
পার্বত, পার্বতীয়, পার্বত্য *বিণ* ১ পর্বত সংক্রান্ত। ২ পর্বতময় (পার্বত্য চট্টগ্রাম)। ৩ পর্বতবাসী; পাহাড়ি। ৪ পর্বতে উৎপন্ন বা জাত। ❑ *বি* ঘোড়ানিমের গাছ। [স.]
পার্বতী *বি* ১ হিন্দু পুরাণোক্ত পর্বতরাজ হিমালয়ের দুহিতা; নগনন্দিনী; গিরিজা; উমা; গৌরী; হৈমবতী; দুর্গা; অপর্ণা। ২ পর্বতকন্যা; পর্বতবাসিনী; পাহাড়ি। [স.]
পার্লামেন্ট, পার্লিয়ামেন্ট *বি* রাষ্ট্রের আইনসভা; জাতীয় সংসদ; বিধান-পরিষদ। [ই. parliament]
পার্শ্ব *বি* ১ পাশ; দিক। ২ প্রান্ত; কিনারা। ৩ নিকট। [স.]। **পার্শ্বচর** *বি,বিণ* ১ সহচর। ২ অনুচর। ৩ মোসাহেব; চাটুকার।
পার্শ্বনাথ *বি* ১ জৈনতীর্থ। ২ এক জৈন ধর্মগুরুর নাম।
পার্শ্ববর্তী, পার্শ্বস্থ *বিণ* পার্শ্বস্থিত; পার্শ্বে অবস্থান করে এরূপ। [স.]। **পার্শ্ববর্তিনী, পার্শ্বস্থা** *বিণ স্ত্রী.*।
পার্সি, পার্শি *বি* ১ পারসি; ফারসি। ২ পারস্যবাসী। ৩ পারসিক জাতি। ৪ ভারতের অগ্নি উপাসক সম্প্রদায়। [ফা.]
পার্সেল *বি* ডাকযোগে প্রেরিত দ্রব্যাদি; মোড়ক; খণ্ড; প্যাকেট। [ই. parcel]
পাল[১] *বি* (সাধারণত পশুর) দল। [স. পালি>]। **পালের গোদা** *বি* দলের পাণ্ডা বা সর্দার।
পাল[২] *বি* গরু প্রভৃতির সঙ্গম বা প্রজনন ক্রিয়া।
পাল[৩] *বি* ১ চাঁদোয়া। ২ বায়ুভরে নৌকা চালাবার জন্য মাস্তুলে সংলগ্ন কাপড়।
পালং, পালং শাক *বি* এক ধরনের সবুজ শাক (টক পালং, মিষ্টি পালং)। [স. পালঙ্ক>]
পালক[১] *বিণ* ১ পালনকর্তা; প্রতিপালক। ২ রক্ষক; রক্ষাকারী। **পালিকা** *বিণ স্ত্রী.*। **পালক নেওয়া** *ক্রি* দত্তক সন্তানরূপে গ্রহণ করা। **পালকপুত্র** *বি* অপরের পুত্র হলেও যাকে নিজের পুত্রের মতো পালন করা হয়। [স.]
পালক[২] *বি* ১ পাখির ডানা বা পাখা। ২ পাখির ডানার পর বা ফর।
পালকি, পাল্কি *বি* মনুষ্যবাহিত এক প্রকার যান; শিবিকা। [ফা. ফাল্‌কী]
পালঙ[১] ⇒ পালং।
পালঙ্ক, পালঙ *বি* পর্যঙ্ক; মূল্যবান শয্যাধার বা খাট। [স. পল্যঙ্ক, পর্যঙ্ক]। **পালঙ্কপোশ, পালঙপোষ** *বি* ১ পালঙ্কের আবরণ বস্ত্র বা ঢাকনা। ২ পালঙ্ক এবং বিছানা। ৩ খাট। [বা. পালঙ্ক+ফা. পোষ]
পালটা, পাল্টা *বিণ* ১ উলটা; বিপরীত। ২ প্রতিপক্ষ দ্বারা বা ব্যবহৃত; বিপক্ষীয়। ৩ বিনিময়; বদল।
পালটানো, পাল্টানো *ক্রি* ১ পরিবর্তিত করা; বদলানো। ২ উলটানো। ❑ *বি,বিণ* উক্ত সকল অর্থে।
পালন *বি* ১ প্রতিপালন; লালন-পালন; ভরণ-পোষণ। ২ তত্ত্বাবধান; রক্ষণ। ৩ মান্যকরণ। ৪ প্রতিশ্রুতি রক্ষা। [স.]। **পালনীয়** *বিণ* পালনযোগ্য; পালনের উপযুক্ত; রক্ষণীয়।
পাল-পার্বণ, পালিপার্বণ *বি* পালনীয় উৎসবাদি; শ্রাদ্ধ-শান্তি ও আচার-অনুষ্ঠান। [স. পাল্যপার্বণ্য>]
পাললিক *বিণ* ১ পলিবিষয়ক; পলি সম্বন্ধীয়। ২ পলিজাত। [স.]
পালা[১] *বি* ১ পল্লব; প্রশাখা; ছোট ডাল। ২ গাদা; স্তূপ। [স. পল্লব>]
পালা[২] *বি* ১ পর্যায়; স্তর; অনুক্রম। ২ গীত বা নাটকাদির নাম বা বিষয়বস্তু। [স. পালি>]
পালা[৩] *ক্রি* ১ পালন করা; পোষা। ২ প্রতিপালন করা; ভরণপোষণ করা। ৩ কথামতো কাজ করা বা মান্য করা। [স.]
পালান[১] *বি* ১ ভার বহনকারী পশুর পিঠের গদিবিশেষ। ২ গাভীস্তন; ওলান। [ফা. পালান]
পালান[২] *বি* ১ শাকপাতা। ২ ছোট ছোট অসার গাছ। ৩ তরকারি ইত্যাদির জন্য বাড়ির সংলগ্ন জমি।
পালি[১] *বি* প্রাচীন মাগধী ভাষার প্রকারভেদ, যে ভাষায় বুদ্ধদেব উপদেশ দিতেন এবং যে ভাষায় তাঁর উপদেশ রক্ষিত হয়েছে।
পালি[২], **পালী** *বি* ১ পঙ্‌ক্তি; শ্রেণী; লাইন; সারি। ২ রাশি; সমূহ। ৩ প্রান্ত; কিনারা; ধার। ৪ দল। ৫ শস্যাদির পরিমাণবিশেষ। [স.]
পালিত *বিণ* ১ পোষা। ২ প্রতিপালিত; জন্মগত সম্পর্কযুক্ত না হলেও আপনজনের মতো লালিত; পোষ্য। ৩ রক্ষিত। ৪ যাকে মান্য করা হয়েছে। ৫ উপাধিবিশেষ (লোকেন পালিত)। [স.]। **পালিতা** *বিণ স্ত্রী.*।
পালিশ, পলিস *বি* ১ ঔজ্জ্বল্য; চাকচিক্য। ২ উজ্জ্বল বা মসৃণ করবার জন্য ব্যবহৃত প্রলেপাদি। ৩ মার্জিত ভাব বা আচরণ। ❑ *বিণ* ঘর্ষণ বা স্নেহপদার্থের প্রলেপজনিত মসৃণতা। [ই. polish]
পালুই *বি* ১ খড়ের গাদা; পালা; স্তূপ; খড়সহ ধানের পালা। ২ মরাই। [স. পল্লক>]
পালো *বি* শটি; পানফল প্রভৃতির দ্বারা প্রস্তুত শ্বেতসারজাতীয় শিশুখাদ্য।
পালোয়ান, পালওয়ান *বি* ১ কুস্তিগির; ব্যায়ামবীর; মল্ল।

২ বলবান; বীর। [ফা. পহ্‌লওয়ান]
পাল্লা *বি* ১ খণ্ড; স্তর; পরদা। ২ দুইটির একটি; দুই ভাগের এক ভাগ। ৩ ওজনের যন্ত্রে দ্রব্য বা বাটখারা রাখার পাত্র। ৪ দূরত্ব। ৫ বেগ। ৬ কবল। ৭ প্রতিযোগিতা।
পাশ[১] *বি* ১ পার্শ্ব; সামীপ্য; নিকট। ২ ধার; প্রান্ত। ৩ পক্ষ। [স. পার্শ্ব>]। **পাশ কাটানো** *ক্রি* এড়ানো।
পাশ[২] *বি* সুগন্ধি জল বা তরল দ্রব্যাদি ছিটাবার এক প্রকার পাত্র। (গোলাবপাশ)। [ফা.]
পাশব, পাশবিক (অশুদ্ধ কিন্তু প্রচলিত) *বিণ* ১ পশু সংক্রান্ত। ২ পশুসুলভ; পশুবৎ। ৩ অমানুষিক। ৪ নির্দয়; নিষ্ঠুর। [স.]। **পাশবতা, পাশবিকতা** *বি*। **পাশবিক ক্রিয়া, পাশবিক কর্ম** *বি* ১ নারী জাতির ধর্মনাশ; বলাৎকার। ২ পশুসুলভ কাজ; অমানুষিক কর্ম।
পাশর *বি* বিস্মৃতি; বিস্মরণ।
পাশা[১] *বি* ১ অক্ষ। ২ অক্ষখেলা। ৩ কানের এক প্রকার গহনা। [স. পাশক>]
পাশা[২] *বি* তুরস্কের অভিজাত ও উচ্চপদস্থ সরকারি কর্মচারীর উপাধি (কামালপাশা)। [তু.]
পাশাপাশি *বিণ* পরস্পর পার্শ্বে অবস্থিত; নিকটস্থ; কাছাকাছি। ❑ *ক্রিবিণ* পরস্পরের পার্শ্ববর্তী হয়ে।
পাশুপত *বিণ* পশুপতি বা শিবসম্বন্ধীয়। ❑ *বি* ১ শিবের দ্বারা ব্যবহৃত অস্ত্রবিশেষ; শিবের অমোঘ অস্ত্র। ২ শিবকে তুষ্ট করবার জন্য সম্পাদনীয় ব্রতবিশেষ। ৩ শৈব সম্প্রদায়; শিবের উপাসক। [স.]
পাশুলি, পাশালি *বি* পদাঙ্গুলির ভূষণবিশেষ।
পাশ্চাত্য, পাশ্চাত্ত্য *বিণ* ১ প্রতীচ্য; পশ্চিম দেশীয়; পশ্চিম দেশসংক্রান্ত; পশ্চিমস্থ। ২ পশ্চাদ্‌বর্তী। ৩ পশ্চাৎ আগত। ৪ পশ্চিম দেশ থেকে আগত। ৫ পশ্চিম দেশ জাত। [স.]
পাষণ্ড, পাষণ্ডী *বি,বিণ* ১ নাস্তিক; ধর্মে অবিশ্বাসী; ধর্মদ্বেষী। ২ পাপিষ্ঠ; পামর। **পাষণ্ডিনী** *বিণ স্ত্রী.*।
পাষাণ *বি* ১ শিলা; পাথর; প্রস্তর। ২ ওজনের বাটখারা; উভয় পাল্লা সমান করবার জন্য চাপানো পাথর ইত্যাদি। ❑ *বিণ* ১ হৃদয়হীন; নির্মম; নিষ্ঠুর; নির্দয়; কঠিন। ২ প্রস্তরবৎ পাথরসদৃশ। [স.]। **পাষাণী** *বি স্ত্রী.* হৃদয়হীনা; নিষ্ঠুরা বা দয়ামায়াহীনা নারী।
পাস, পাশ *বি* ১ নিষিদ্ধ জায়গায় প্রবেশানুমতির জন্য লিখিত আদেশপত্র, প্রবেশপত্র, ছাড়পত্র, অনুমতিপত্র। ২ বিনামূল্যে ভ্রমণের বা সিনেমাদি দেখার অনুমতিপত্র। ৩ পরীক্ষায় সাফল্যলাভ। ৪ মঞ্জুর; অনুমোদন। ❑ *বিণ* সফল; কৃতকার্য। [ই. pass]
পাসপোর্ট *বি* বিদেশভ্রমণ বা দেশের বাইরে যাওয়ার সরকারি অনুমোদনপত্র। [ই.]
পাসরা, পাশরা *ক্রি* বিস্মৃত হওয়া; ভুলে যাওয়া। **পসারণ** *বি*।
পাহলভি, পহ্লবি *বি* প্রাচীন ইরানি ভাষা; গোত্র। [ফা. পহ্‌লবী]
পাহাড় *বি* ১ অনতিউচ্চ পর্বত; ক্ষুদ্র পর্বত। ২ মাটির স্তূপ বা টিবি; টিলা। ৩ উচ্চ তীরভূমি; পাড়। ❑ *বিণ* সুদীর্ঘ; বিশাল। [স. পাষাণ>পাহাড়]। **পাহাড়তলি** *বি* ১ পর্বতের পাদমূল; পর্বতের পাদদেশ বা নিম্নস্থ সমতলভূমি। ২ উপত্যকা। **পাহাড়ি** *বিণ* পাহাড়নিবাসী; পার্বত্যজাতি (পার্বত্য চট্টগ্রামের পাহাড়িরা); একটি রাগিণীর নাম। **পাহাড়ে** *বিণ* পর্বতজাত; পাহাড় সম্বন্ধীয়।
পাহারা *বি* প্রহরীর কর্ম; চৌকি। [স. প্রহর>]। **পাহারাওয়ালা, পাহারাওলা** *বি* প্রহরী; চৌকিদার; সান্ত্রি।
পিউ পিউ *বি* পাপিয়ার ডাক।
পিওন, পিয়ন *বি* ১ পত্র বিলি করে যে। ২ আরদালি। ৩ বেয়ারা। ৪ পিয়াদা। [ই.]। **পিওনি, পিয়নি** *বি* পিয়নগিরি; পিয়নের কাজ।
পিঁচুটি, পিচুটি *বি* চোখের ক্লেদ বা ময়লা। [স. পিচুট>]
পিঁজরাপোল *বি* জৈনদের পরিচালিত অসুস্থ ও অক্ষম পশু-পাখির শুশ্রূষার ও পালনের আলয়; পশু-পাখির হাসপাতাল। [স. পিঞ্জর+পোল]
পিঁড়া, পিঁড়ে[১] *বি* ১ ঘরের মধ্যের কক্ষ। ২ পিঁড়ি। [স. পিণ্ড>]
পিঁড়ি, পিঁড়ে *বি* ক্ষুদ্র কাষ্ঠাসন; আসন; বসবার জন্য ব্যবহৃত চতুষ্কোণ কাষ্ঠখণ্ড বা তক্তা। [স. পিণ্ডি]
পিঁপড়া, পিঁপড়ে, পিঁপীড়া *বি* এক প্রকার ক্ষুদ্র কীট; ant। [স. পিপীলিকা>]। **কাঠ পিঁপড়া** *বি* কালো অপেক্ষাকৃত বড় ও শক্ত দাড়াযুক্ত পিঁপড়া। **ডেঁয়ে পিঁপড়া** *বি* কাঠ পিঁপড়া অপেক্ষা বড় পিঁপড়া।
পিঁপুল, পিপুল *বি* ঔষধরূপে ব্যবহৃত গোলমরিচ জাতীয় ফল বা তার গাছ। [স. পিপ্পলী>]
পিক[১] *বি* কোকিল। [স.]। **পিকী** *বি স্ত্রী.*।
পিক[২]**, পিচ** *বি* ১ চর্বিত পানের রস। ২ থুতু; ছেপ। **পিকদান, পিকদানি** *বি* পিক বা থুতু ফেলবার পাত্র।
পিকনিক *বি* বনভোজন; চড়ুইভাতি। [ই. picnic]
পিকেট *বি* বেশি পোড়া ইট ও তার টুকরা।
পিকেটিং *বি* ধর্মঘট হরতাল বন্ধ পালনের অনুরোধ করার জন্য অফিস বিদ্যালয় দোকান কারখানা প্রভৃতির সামনে অবস্থান। [ই.]। **পিকেটিং** *বি* যে বা যারা পিকেটিং করে।
পিগমি *বি* ক্ষুদ্রকায় মানুষবিশেষ। [ই.]
পিঙ্গল, পিঙ্গ *বি* ১ হলুদ আভাযুক্ত নীলবর্ণ; কপিলবর্ণ। ২ *বিণ* হলুদ আভাযুক্ত। **পিঙ্গলা** *বিণ স্ত্রী.*।
পিচ *বি* আলকাতরা থেকে তৈরি কৃষ্ণবর্ণ দ্রব্য যা রাস্তায় ব্যবহৃত হয়। [ই.]
পিচকারি, পিচকিরি *বি* তরল পদার্থ ছিটাবার যন্ত্র।
পিচবোর্ড, পিজবোর্ড, পিসবোর্ড *বি* স্থূল কঠিন ও জমাট কাগজের পাত। [ই. pasteboard]
পিছ, পিছন, পিছু *বি* পশ্চাৎ; সম্মুখের উল্টা দিক; পৃষ্ঠভাগ। [স. পশ্চাৎ>]। **পিছটান, পিছনটান, পিছুটান** *বি* ১ পশ্চাৎ দিক থেকে আকর্ষণ। ২ পিছনে ফেলে আসা বস্তুর প্রতি আসক্তি; পরিত্যক্ত সংসারের প্রতি মায়া বা আকর্ষণ। **পিছু নেওয়া** *ক্রি* অনুসরণ করা। **পিছপা** *বিণ* পশ্চাৎপদ; অনগ্রসর; প্রগতিসম্পন্ন নয় এমন; কোনো কার্যাদি সম্পাদনে অসমর্থ। **পিছমোড়া** *বি* দুই হাত পিঠের দিকে করে বাঁধা। **পিছু লাগা** *ক্রি* ১ নাছোড়বান্দা হয়ে পিছনে লাগা। ২ উত্ত্যক্ত করা।
পিছলানো *ক্রি* ভূমিতলের সিক্ততাহেতু পদস্খলন বা পা হড়কানো। [স. পিচ্ছিল>পিছল+বা. আনো]
পিছানো, পিছনো *ক্রি* ১ পশ্চাতে হটা। ২ অন্যের সঙ্গে সমকক্ষ বা সম অগ্রগতিসম্পন্ন হতে না পারা। ৩ পিছনপানে চলা। ৪ কোনো কর্ম থেকে বিরত হওয়া।
পিছিলা *বিণ* ১ পিছল। ২ মাংসের কিমা। [স. পিচ্ছিল>]

পিঞ্জন *বি* ১ তুলা ধুনার যন্ত্র; ধুনখারা। ২ তুলা ধোনা; পেঁজা। [স.]

পিঞ্জর, পিঁজরা, পিঁজরে *বি* খাঁচা। [স. পিঞ্জর]

পিটকয়লা *বি* খনিজ কয়লাবিশেষ। [ই.]

পিটপিট *অব্য* ১ মিটমিট; পুনঃপুন পলকপাত। ২ খিটখিট; শুচিবাইয়ের ভাব প্রকাশক।

পিটালি, পিঠুলি *বি* পানিতে ভেজানো চালবাটা; জলসংযুক্ত পিষ্ট তণ্ডুল।[স. পিষ্ট>পিট্ঠ>পিটা; স. পিঠা+বা. আলি]

পিটিশন *বি* আবেদন; আরজি; দরখাস্ত। [ই.]

পিঠ, পিট *বি* ১ পৃষ্ঠ; স্কন্ধ থেকে কোমর পর্যন্ত অঙ্গ। ২ পশ্চাৎ; পিছন। ৩ বিপরীত দিক। ৪ তাস খেলায় দান। [স. পৃষ্ঠ>]। **পিঠ চাপড়ানো** *ক্রি* উৎসাহ দিয়ে বা প্রশংসা করে পিঠে মৃদু চাপড় মারা।

পিঠটান, পিটটান *বি* প্রস্থান; চম্পট; পলায়ন; পৃষ্ঠপ্রদর্শন। [স. প্রস্থান>]

পিঠা, পিঠে *বি* পিষ্টক। [স. পিষ্টক>]

পিঠাপিঠি, পিঠোপিঠি *বিণ* ১ পর পর প্রসূত বা জাত। ২ একটির পর অন্যটি অবস্থিত এমন; অনুক্রমিক। ❑ *ক্রিবিণ* পৃষ্ঠে পৃষ্ঠে সংলগ্ন।

পিঠারি *বি* পিষ্টক বিক্রেতা।

পিড়ালি *বি* ঘরের মেঝের ধার; ঘরের বেড়ার বাইরে উঁচু অংশ।

পিণ্ড, পিণ্ডি[১] *বি* ১ ডেলা। ২ হিন্দুদের পিতৃলোক উদ্দেশ্যে প্রদত্ত অন্নের দলা বা গ্রাস। ৩ অন্নের ডেলা বা দলা। ৪ শরীর; দেহ। [স.]

পিণ্ডি[২], **পিণ্ডিকা, পিণ্ডী** *বি* ১ চক্রের মধ্যমণ্ডল; চক্রের কেন্দ্রস্থল; নাভি। ২ পায়ের ডিমা বা গুলি। ৩ বেদি; পীঠ। ৪ রোয়াক। ৫ পাকিস্তানের রাওয়ালপিণ্ডির সংক্ষিপ্ত রূপ 'পিণ্ডি'। [স.]

পিতঃ *বি* হে জনক; পিতা বা পিতৃস্থানীয় গুরুজনের প্রতি সম্বোধনবিশেষ। [স.]

পিতল, পেতল *বি* তামা ও দস্তার মিশ্রণজাত এক প্রকার উপধাতু। [স. পিত্তল>]

পিতা *বি* জনক; বাপ; বাবা; আব্বা। **পিতামহ** *বি* ১ পিতার পিতা বা তৎস্থানীয় ব্যক্তি; দাদা; ঠাকুর দাদা; ঠাকুরদা। ২ হিন্দুধর্মমতে ব্রহ্মা। [স.]। **পিতামহী** *বি স্ত্রী.* পিতামহের স্ত্রী; দাদি; ঠাকুরমা। **পঞ্চপিতা** *বি* জন্মদাতা অন্নদাতা ভয়ত্রাতা শ্বশুর এবং দীক্ষাগুরু বা শিক্ষক এই পাঁচজন পঞ্চপিতা নামে খ্যাত।

পিতৃ *বি* পিতা শব্দের মূল সংস্কৃত রূপ। **পিতৃকল্প** *বি* ১ পিতৃসম; পিতার তুল্য। ২ মৃত পিতৃপুরুষগণের উদ্দেশ্যে শ্রাদ্ধ তর্পণাদি অনুষ্ঠান। **পিতৃকুল** *বি* পিতার বংশ। **পিতৃদায়** *বি* হিন্দুদের পিতৃশ্রাদ্ধজনিত সামাজিক কর্তব্য সম্পাদনের গুরু দায়িত্ব; গুরুতর দুরূহ কার্য। **পিতৃদেব** *বি* পিতাই দেবতা; দেব সমতুল্য পিতা।

পিত্ত, পিত্তি *বি* যকৃত থেকে নিঃসৃত তিক্ত রসবিশেষ। **পিত্তকোষ, পিত্তাশয়** *বি* পেটে যকৃত সংলগ্ন যে থলিতে পিত্ত জমা থাকে। **পিত্তজ্বর** *বি* পিত্তদোষজাত জ্বর। [স.]। **পিত্তপড়া** *ক্রি* ক্ষুধার সময়ে পিত্তস্রাব হওয়া। **পিত্তবিকার** *বি* পিত্তরোগ; পিত্তের দোষ। **পিত্তাতিসার** *বি* পিত্তবিকার জনিত অতিসার বা উদরাময় রোগ। [স. পিত্ত+অতিসার]

পিত্রালয় *বি* বাপের বাড়ি; পিতৃগৃহ। [স. পিতৃ+আলয়]

পিদিম *বি* প্রদীপ।

পিন *বি* কাগজ ইত্যাদি বিঁধবার অতি ক্ষুদ্র সরু কাঁটাবিশেষ; আলপিন। [ই.]। **পিন-পতন-নীরবতা**—পিন পড়লেও শব্দ শোনা যায় এমন নীরবতা। **সেফটিপিন** *বি* সহজে আটকানো যায় এমন আগা ঢাকা নিরাপদ পিন।

পিনদ্ধ *বিণ* ১ বন্ধন করা হয়েছে এমন। ২ পরিধান করা হয়েছে এমন। [স.]

পিনাক *বি* শিবের ধনুক; বাদ্যযন্ত্রবিশেষ। **পিনাকপাণি, পিনাকী** *বি* শিব।

পিনালকোড, পেনালকোড *বি* ফৌজদারি মামলার দণ্ডবিধি। [ই.]

পিন্ধন *বি* পরিধান; বস্ত্রাদি—যা পরা হয়েছে।

পিন্ধা *ক্রি* পরিধান করা; পরা। ❑ *বি* পরিধান।

পিপা, পিপে *বি* ঢাক বা ঢোলের আকৃতিবিশিষ্ট কাষ্ঠনির্মিত আধার বা পাত্র। [পো. pipa]

পিপাসা, পিয়াসা, পিয়াস *বি* ১ তৃষ্ণা; পান করবার বাসনা বা ইচ্ছা। ২ প্রবল আশা বা আকাঙ্ক্ষা; গভীর আগ্রহ। [স. পিপাসা>]। **পিয়াসি** *বিণ* ১ পিপাসাযুক্ত; তৃষ্ণার্ত। ২ লোলুপ; লোভাতুর। **পিপাসিতা, পিপাসিনী** *বিণ স্ত্রী.*। **পিয়াসু** *বিণ* ১ পান করতে ইচ্ছুক। ২ লোলুপ।

পিপীলিকা *বি* পিঁপড়া। [স.]

পিয়া[১] (পদ্যে) *বি* প্রিয়া; প্রিয়তমা।

পিয়া[২] *ক্রি* পান করা।

পিয়াজ, পেয়াজ, পেঁয়াজ *বি* একপ্রকার উগ্রগন্ধ কন্দ। পলাণ্ডু। [ফা. পিয়ায]। **পিয়াজি, পেয়াজি, পিয়াজু** *বি* পিয়াজ দিয়ে প্রস্তুত এক প্রকার ডালের বড়া। **পিয়াজি, পেয়াজি** *বিণ* পিয়াজের রংবিশিষ্ট; ফিকা বেগুনি।

পিয়াদা, পেয়াদা *বি* ১ পত্রবাহক; সংবাদবাহক; দূত। ২ পাইক। ৩ চাপরাশি। [ফা. পিয়াদহ্]

পিয়ানো *বি* হারমোনিয়াম জাতীয় বৃহৎ বাদ্যযন্ত্র। [ই. piano]

পিয়াল[১] *বি* একজাতীয় বৃক্ষ বা তার ফল। [স. প্রিয়াল>]

পিয়াল[২], **পেয়ালা** *বি* পানপাত্র; বাটি; কাপ; cup। [ফা. পিয়ালহ্]

পিরান, পিরহান *বি* এক প্রকার ঢিলা জামা; কুর্তা। [ফা. পীরাহন]

পিরামিড *বি* পাষাণে নির্মিত ত্রিকোণাকার উচ্চ সমাধিস্তূপ। [ই. pyramid]

পিরালি, পীরালী *বি* প্রাচীন বঙ্গদেশের এক শ্রেণীর ব্রাহ্মণ যারা যশোর খুলনার পীর আলীর সংস্পর্শে এসে স্বজাতির সমাজে পতিত হয়েছিল। **পিরালি ব্রাহ্মণ** *বি* উক্ত শ্রেণীর ব্রাহ্মণ। [ফা. পীর+আলী]

পিরিচ *বি* রেকাবি; ছোট ডিশ; তসতরি। [পো. pires]

পিরিত, পিরিতি *বি* ১ প্রীতি; প্রণয়; প্রেম; অনুরাগ; ভালোবাসা। ২ বন্ধুত্ব; সদ্ভাব। ৩ অবৈধপ্রণয়। [স. প্রীতি>]

পিল[১] *বি* বটিকা; ঔষধের বড়ি। [ই. pill]

পিল[২], **ফিল** *বি* ১ হাতি। ২ দাবা খেলার গজ। [আ. ফিল>ফা. পিল]। **পিলখানা, ফিলখানা** *বি* হাতিশালা।

পিলপিল *অব্য* পিপীলিকা শ্রেণীবৎ বহুজনের একত্র সমাবেশজনিত গমন বা নির্গমনের ভাবপ্রকাশক।

পিলসুজ, পীলসুজ *বি* পিতলের দীপাধার; শামাদান। [ফা.]
পিলা, পিলে ছেলের আনুষঙ্গিক শব্দ।
পিলু *বি* (সং) একটি রাগিণীর নাম।
পিলে *বি* প্লীহা; spleen। [স. প্লীহা>]। **পিলে-চমকানো** *বিণ* পিলা কাঁপানো; আতঙ্কদায়ক।
পিশাচ, পিচাশ (অশু.) *বি* ১ ভূত বা প্রেতযোনিবিশেষ। ২ নির্দয়; নিষ্ঠুর বা নীচ প্রকৃতির মানুষ। [বর্ণবিপর্যয়ে পিচাশ। স. পিশাচ]। **পিশাচসিদ্ধ** *বিণ* সাধনা বা যোগবলে পিশাচকে বশীভূত করেছে এমন। **পিশাচী** *বি স্ত্রী.*।
পিশুন *বিণ* ১ কুৎসাকারী; নিন্দক; ঈর্ষু; হিংস্র; হিংসুটে। ২ খল; কপট। ৩ নিষ্ঠুর; কঠোর। [স.]
পিষ্ট *বিণ* ১ পেষা হয়েছে এমন। ২ চূর্ণিত; মর্দিত; দলিত। [স. √পিষ্+ত]
পিষ্টক *বি* ১ পিঠা। ২ চোখের রোগ।
পিসবোর্ড⟹ পিচবোর্ড।
পিসি, পিসী *বি স্ত্রী.* ফুফু; পিতার ভগিনী; বাবার বোন। [স. পিতৃষ্বস্]। **পিসতুতো, পিসতুত** *বিণ* পিসি বা পিসিমার সন্তান এমন। **পিসশ্বশুর** *বি*-স্বামী বা পত্নীর ফুফা বা পিসা। **পিসশাশুড়ি** *বি স্ত্রী.*। **পিসে, পিসা** *বি* পিসির স্বামী; ফুফা।
পিস্তল *বি* এক প্রকার ক্ষুদ্র আগ্নেয়াস্ত্র।
পীচ, পিচ *বি* এক প্রকার ফল। [ই. peach]
পীঠ *বি* ১ বসবার কাষ্ঠাসনবিশেষ; পিঁড়া; পিঁড়ি। ২ বেদি। ৩ হিন্দুদের দেবাসন বা অধিষ্ঠান ভূমি; তীর্থক্ষেত্র। ৪ হিন্দুপুরাণ মতে সতীর মৃতদেহের খণ্ডিত অংশ যে সব স্থানে পড়েছিল। ❑ *বিণ* প্রতিষ্ঠান (বিদ্যাপীঠ)। [স.]। **পীঠস্থান** *বি* সতীর অঙ্গপতন স্থান; প্রাচীন দেবালয়।
পীঠিকা *বি* ছক; তালিকা।
পীড়ক *বি* পীড়ন করে যে; পীড়নকারী; অত্যাচারী। **পীড়িকা** *বি* সর্বাঙ্গে দুষ্ট ব্রণাদির উদ্ভব। [স. √পীড়্+অক]
পীড়ন *বি* ১ অত্যাচার; জুলুম; নির্যাতন। ২ চাপ। ৩ সমাদরে গ্রহণ। [স. √পীড়্+অন]। ❑ *বিণ* পেষণ; মর্দন।
পীড়া *বি* ১ ক্লেশ; যন্ত্রণা; কষ্ট; দেবনা। ২ ব্যাধি। [স.]। **পীড়াদায়ক, পীড়াজনক** *বিণ* ১ ক্লেশকর; যন্ত্রণাদায়ক। ২ রোগ উৎপাদক। ৩ পীড়িত; অসুস্থ; রোগগ্রস্ত; অত্যাচারিত; নির্যাতিত।
পীড়াপীড়ি *বি* ১ পুনঃপুন বিশেষভাবে অনুরোধ-উপরোধ। ২ বার বার বিশেষ চাপ প্রদান।
পীত[১] *বি* হরিদ্রাবর্ণ; হলুদ রং। ❑ *বিণ* ১ হলদে; হরিদ্রাবর্ণযুক্ত; পিঙ্গল। ২ পান করা হয়েছে এমন। [স.]। **পীত-পাণ্ডু** *বিণ* পিঙ্গল ও ফ্যাকাশে। **পীতবাস, পীতাম্বর** *বি* ১ হলদে রঙের কাপড়। ২ পীত বস্ত্রধারী কৃষ্ণ। ❑ *বিণ* হলদে কাপড় পরে এমন।
পীত[২] *বি* ১ পিত্ত। ২ লজ্জা শরম ঘৃণা প্রভৃতি। [স. পিত্ত>]
পীন *বিণ* স্থূল; পুষ্ট। [স.]। **পীনস্তনী** *বি* সুপুষ্ট ও উন্নত স্তন-বিশিষ্টা নারী।
পীনোন্নত *বিণ* স্থূল ও উচ্চ। [স. পীন+উন্নত]
পীবর *বিণ* পীন; সুপুষ্ট; সমুন্নত। **পীবরা, পীবরী** *বিণ* স্থূলাঙ্গী। [স. √প্যায়+বর]
পীযূষ *বি* অমৃত; সুধা। [স.]
পীর *বি* মুসলিম দীক্ষাগুরু; পুণ্যাত্মা। [ফা.]। **পীর-পরস্তি** *বি* পীরপূজা।
পীল, পিল *বি* হাতি। [ফা.]। **পিলখানা, পীলখানা** *বি* হাতিশালা।
পুং *বি* ১ পুরুষজাতীয় প্রাণী; পুরুষ জীব। ২ জাতিতে পুরুষ। [স. পুমস্]। **পুংলিঙ্গ** *বি* ১ শব্দের পুরুষবাচকত্ব। ২ পুরুষ-চিহ্ন; শিশ্ন। ❑ *বিণ* পুরুষবাচক।
পুঁই *বি* পুঁইশাক; শাকরূপে ভক্ষ্য এক প্রকার লতাকৃতি গাছ। [স. পূতিকা>]। **পুঁইয়ে, পুয়ে** *বিণ* পুঁই ডাঁটার ন্যায় লতানিয়া। **পুঁইয়ে পাওয়া** *ক্রি* শুকিয়ে ডাঁটার মতো ক্ষীণ হতে থাকে শিশুর এমন রোগ হওয়া।
পুঁচকে, পুটকে *বিণ* অত্যন্ত ছোট; অপরিণত।
পুঁজ, পুয *বি* ফোড়া পাকা ব্রণ বা ক্ষতাদি থেকে নির্গত ক্লেদ বা দূষিত রক্ত। [স. পূয]
পুঁজি, পুঞ্জি *বি* ১ পুঞ্জীভূত ধনরাশি। ২ মূলধন; capital। ৩ সম্বল। ৪ সঞ্চয়। ৫ পুঞ্জ; রাশি। [স. পুঞ্জ>]। **পুঁজিপাটা** *বি* ১ স্থাবর-অস্থাবর সম্পত্তি। ২ সঞ্চিত ধনসম্পদ; জমানো সম্পত্তি।
পুঁটলি, পুঁটুলি, পুটলি, পুটুলি *বি* ক্ষুদ্র গাঁঠরি; বোঁচকা। [স. পোট্টলি>]
পুঁটি[১]**, পুঁটী, পুঁঠি** *বি* এক প্রকার ছোট মাছ। [স. প্রোষ্ঠী>]। **পুঁটিমাছের প্রাণ** *বি* ১ পুঁটি মাছের মতো স্বল্পপ্রাণ বা ক্ষীণজীবী ব্যক্তি; অল্প ক্ষমতাসম্পন্ন ব্যক্তি। ২ হীনচেতা ব্যক্তি। **চুনোপুঁটি** *বি* ১ ক্ষুদ্র মৎস্যবিশেষ। ২ প্রতিপত্তিশূন্য সামান্য ব্যক্তি।
পুঁথি, পুথি *বি* ১ পুস্তক; গ্রন্থ। ২ হস্তলিখিত পুস্তক; হাতে লেখা প্রাচীন বই; manuscript। [স. পুস্তিকা>]। **পুঁথিগত, পুথিগত** *বিণ* পুস্তকস্থ; পুস্তকাদিতে নিবদ্ধ। **পুঁথিগত বিদ্যা, পুথিগত বিদ্যা** *বি* যে বিদ্যা পুঁথিতেই সীমাবদ্ধ; মুখস্থ না থাকলে যা বিদ্যার্থীর কোনো কাজে লাগে না। **পুঁথিশালা, পুথিশালা** *বি* গ্রন্থাগার; লাইব্রেরি; library। **পাঁজিপুঁথি** *বি* পঞ্জিকা; পুস্তিকা ইত্যাদি।
পুকুর *বি* পুষ্করিণী; ক্ষুদ্র জলাশয়। [স. পুষ্কর>]। **পুকুর চুরি** *বি* আগাগোড়া ফাঁকি বা বেমালুম চুরি; অসম্ভব রকমের বিরাট চুরি।
পুঙ্খ *বি* বাণের পক্ষযুক্ত অংশ; বাণমূল। [স.]। **পুঙ্খানুপুঙ্খ** *বিণ* সূক্ষ্মাতিসূক্ষ্ম; তন্ন তন্ন; পাতিপাতি। **পুঙ্খানুপুঙ্খভাবে** *ক্রিবিণ* সূক্ষ্মাতিসূক্ষ্মভাবে; তন্ন তন্ন করে; পাতিপাতি করে।
পুঙ্গব *বি* ১ বৃষ; ষণ্ড; ষাঁড়। ২ শ্রেষ্ঠজন (নরপুঙ্গব)। [স. পুমস্+গো+অ]
পুচকে *বিণ* অত্যন্ত ছোট (পুচকে ছেলে)।
পুচ্ছ *বি* ১ লাঙ্গুল; লেজ। ২ কলাপ (ময়ূরপুচ্ছ)। ৩ পশ্চাদ্ভাগ; পেছনের অংশ। [স. পুচ্ছ+অ]
পুছা, পোছা *ক্রি* ১ জিজ্ঞাসা করা। ২ গ্রাহ্য করা; পরোয়া করা (ওকে কেউ পোছে না)। ৩ মার্জন; পরিষ্করণ; ঝাড়পোঁছ। [স. প্রচ্ছ> প্রা. পুছ বা. আঞ্চলিক পুছ]
পুঞ্জ *বি* স্তূপ; রাশি; জমিয়ে তোলা দ্রব্যের সমাবেশ; সমূহ। [স.]। **পুঞ্জিত, পুঞ্জীকৃত** *বিণ* জমে উঠেছে এমন; সঞ্চিত; রাশীভূত; স্তূপীভূত। **পুঞ্জীকৃত** *বিণ* জমানো হয়েছে এমন; স্তূপীকৃত; রাশীকৃত।
পুট[১] *বি* ১ আধার; পাত্র; কোষ; অঞ্জলি (করপুট)। ২

কৌটা। ৩ পত্রনির্মিত পাত্র বা ঠোঙ্গা; ঠোসা (পর্ণপুট)। ৪ যা দিয়ে ধরা যায়; যা দিয়ে ঢাকা যায় (চঞ্চুপুট)। ৫ ঔষধ পাকের পাত্রবিশেষ (পুটপাক)। **পুটক** *বি* আধার; পাত্র; কোষ। [স. √পুট+অ]

পুট[২] *বি* স্কন্ধ থেকে শিরদাঁড়া অবধি অঙ্গ; ঐ পরিমাণ অঙ্গের দৈর্ঘ্য। [স. পৃষ্ঠ>]

পুটিং *বি* দরজা জানালার কাচ আটকানো বা ছোট গর্ত ভরাট করার জন্য খড়ি চূর্ণের সঙ্গে তিসির তেল এবং ধুনা মিশ্রণে প্রস্তুত পলস্তারা বা প্রলেপ। [ই. putty]

পুটিত *বিণ* ১ মুচি প্রভৃতিতে পক্ব; অগ্নিতে সিদ্ধ বা পক্ব; roasted। ২ আবৃত; আচ্ছাদিত। ৩ গ্রথিত; গ্রহণযুক্ত। ৪ মর্দিত; নিষ্পেষিত। [স. √পুট্+ত]

পুটী *বি* কৌপিন; আচ্ছাদন।

পুডিং *বি* দুধ ডিম চিনি প্রভৃতির দ্বারা প্রস্তুত সুস্বাদু মিষ্টান্নবিশেষ। [ই. pudding]

পুণ্ডরীক *বি* শ্বেত কমল; সাদা পদ্ম। **পুণ্ডরীকাক্ষ** *বি* পদ্মের ন্যায় অক্ষি বা চোখ যার; হিন্দুদেবতা কৃষ্ণ; বিষ্ণু। [স.]

পুণ্ড্র, পুণ্ড্রক, পৌণ্ড্র *বি* ১ এক প্রকার ইক্ষু। ২ তিলক; ফোঁটা। ৩ বাংলার প্রাচীন জনপদ বা জাতির নাম। [স.]

পুণ্য *বি* ১ সৎকর্ম; ধর্মানুষ্ঠান। ২ সওয়াব; সৎকর্মহেতু শুভ ফল যাতে মৃত্যুর পরে আত্মার শান্তি হয়। ❑ *বিণ* ১ পবিত্র (পুণ্যতীর্থ)। ২ ধার্মিক; ধর্মপরায়ণ; পুণ্যবান (পুণ্যাত্মা)। [স.]। **পুণ্যকর্মা** *বিণ* পুণ্য কর্ম করে এমন; পুণ্য সঞ্চয়কর অনুষ্ঠানকারী। **পুণ্যকাল** *বি* পুণ্যকর্ম অনুষ্ঠানাদির জন্য শুভ সময়। **পুণ্যতোয়া** *বিণ* (নদীসম্বন্ধীয়) পবিত্র জলে পূর্ণ; পূতসলিলা। **পুণ্যদ** *বিণ* পুণ্যদাতা; পুণ্যজনক। **পুণ্যদর্শন** *বিণ* দেখলে পুণ্যলাভ হয় এমন; দর্শনে পবিত্রতা জন্মে এমন। **পুণ্যফল** *বি* সৎকর্মের মঙ্গলজনক ফল। **পুণ্যবল** *বি* পুণ্যকর্ম করায় যে শক্তিলাভ হয়েছে। **পুণ্যবান** *বিণ* ১ সুকৃতিশীল। ২ ধার্মিক। **পুণ্যবতী** *বিণ স্ত্রী.*। **পুণ্যশ্লোক** *বিণ* ১ যশস্বী। ২ পবিত্রচরিত্র; পূতচরিত্র। **পুণ্যসঞ্চয়** *বিণ* পুণ্যকর্ম সম্পাদনের দ্বারা পরলোকে কল্যাণ লাভের অধিকার অর্জন।

পুণ্যাত্মা *বিণ* পুণ্যবান; পূতচিত্ত; ধার্মিক। [স. পুণ্য+আত্মা]

পুণ্যাহ *বি* ১ পুণ্যকর্ম সম্পাদনের পক্ষে শুভ দিন। ২ নতুন বৎসরে প্রজাদের নিকট থেকে খাজনা আদায় করবার আরম্ভ অনুষ্ঠান। [স. পুণ্য+অহ]

পুত *বি* পুত্র; ছেলে; বেটা। [স. পুত্র>]। **পুতী** *বি* পৌত্র।

পুতলি, পুতলী *বি* ১ পুতুল। ২ মূর্তি। ৩ নয়নতারা। ৪ সন্তান। [স. পুত্তলি>]

পুতুল *বি* ১ মানুষ পশুপাখি ইত্যাদির প্রতিমূর্তি। ২ প্রতিমা (পুতুল পূজা)। ❑ *বিণ* (আল.) সাক্ষীগোপাল; অচেতন নিঃসাড় জড় পদার্থবৎ। [স. পুত্তল>]। **পুতুল খেলা** *বি* ১ (শিশুদের) পুতুল নিয়ে খেলা। ২ (আল.) ছেলেখেলা; শিশুসুলভ গুরুত্বশূন্য ব্যাপার (একি পুতুল খেলা পেয়েছ)। **পুতুল নাচ** *বি* খেলাবিশেষ যাতে সুতার সাহায্যে পুতুল দ্বারা জীবন্ত মানুষ বা জীবজন্তুর ন্যায় অঙ্গভঙ্গিরূপ ক্রীড়া দেখানো হয়।

পুত্তলি, পুত্তলী, পুত্তলিকা *বি স্ত্রী.* পুতুল। ❑ *বি* মৃত্তিকা-নির্মিত জীবজন্তুর প্রতিমূর্তি। [স. পুত্ত+√লা+অ+ক]

পুত্তিকা *বি* ১ উইপোকা। ২ মৌমাছি। [স.]

পুত্র *বি* ১ তনয়; নন্দন; ছেলে; পুরুষ সন্তান। ২ পুত্রবৎ স্নেহের পাত্র; পুত্রস্থানীয় ব্যক্তি। **পুত্রবধূ** *বি স্ত্রী.* পুত্র বা পুত্রস্থানীয় ব্যক্তির স্ত্রী; ছেলের বৌ। **পুত্রী** *বি স্ত্রী.* কন্যা; তনয়া; নন্দিনী; মেয়ে। ❑ *বি* কন্যাস্থানীয়া স্ত্রীলোক বা বালিকা। **পুত্রেষ্টি** *বি* পুত্র কামনায় অনুষ্ঠিত যজ্ঞবিশেষ। [স. পুত্র+ইষ্টি]

পুদিনা *বি* এক প্রকার গন্ধযুক্ত শাক। [ফা. পোদিনাহ্]

পুন, পুনঃ *অব্য, ক্রিবিণ* পুনরায়; আবার; ফের; দ্বিতীয় বার। [স.]। **পুনঃপুন** *অব্য, ক্রিবিণ* বারবার; উপর্যুপরি; মুহুর্মুহু। **পুনরধিকার** *বি* হারানো বিষয়াদি পুনরায় অধিকার। **পুনরপি** *অব্য, ক্রিবিণ* পুনশ্চ; পুনরায়। **পুনরাগমন** *বি* ১ প্রত্যাগমন। ২ প্রত্যাবর্তন; ফিরে আসা। **পুনরাবৃত্ত** *বিণ* ১ প্রত্যাবৃত্ত। ২ পুনরায় কথিত; আবার ঘটেছে বা করা হয়েছে এমন। **পুনরাবৃত্তি** *বি* ১ পুনরায় পাঠকরণ বা কথন; পুনরুক্তি। ২ পুনঃকরণ; অনুবৃত্তি। ৩ প্রত্যাবর্তন। **পুনরায়** *অব্য, ক্রিবিণ* আবার; ফের; পুনর্বার। **পুনরুক্ত** *বিণ* পুনরায় উক্ত বা কথিত। **পুনরুজ্জীবিত** *বিণ* পুনর্বার সজীবতাপ্রাপ্ত; পুনরায় জীবন লাভ করেছে এমন। **পুনরুত্থান** *বি* ১ পুনরায় উত্থান; কিয়ামত। ইসলাম ও খ্রিস্ট ধর্মানুসারে মৃত্যুর পর কবর থেকে মৃতের আবার উত্থান; resurrection। ২ পুনর্জাগরণ বা উন্নতি লাভ। **পুনরুত্থিত** *বিণ* আবার উঠেছে এমন। [পুনঃ+উত্থিত]। **পুনরুৎপত্তি, পুনরুদ্ভব, পুনর্জন্ম** *বি* ১ পুনরায় জন্ম। ২ কোনো কোনো ধর্মবিশ্বাস মতে মৃত্যুর পর পুনর্বার উৎপত্তি বা জন্মলাভ। **পুনরুৎপন্ন, পুনরুদ্ভূত, পুনর্জাত** *বিণ* মৃত্যুর পর পুনরায় উৎপন্ন হয়েছে বা জন্মলাভ করেছে এমন। **পুনর্জীবন** *বি* ১ পুনরায় জীবন লাভ। ২ নবজীবন। ৩ মরণের পরে পুনর্জন্ম। **পুনর্বসতি** *বি* পুনরায় বসতি স্থাপন; নতুন বসতি; rehabilitation। **পুনর্বার** *ক্রিবিণ* আবার; ফের; পুনরায়। **পুনর্বাসন** *বি* স্থায়ী বাসভূমি ত্যাগকারীকে পুনরায় বাসস্থান প্রদান বা পুনর্বসতিকরণ। **পুনর্বিচার** *বি* যার বিচার হয়ে গিয়েছে এরূপ বিষয়ের নতুন করে বিচার; সানি-বিচার। **পুনর্মিলন** *বি* বিরহ অবস্থায় পুনরায় মিলন বা সাক্ষাৎ লাভ। **পুনর্মূষিক** *বি* ১ পুনরায় ইঁদুর হওয়া। ২ (আল.) পূর্বের হীন অবস্থা প্রাপ্তি। **পুনর্মূষিকোভব**—১. 'হিতোপদেশ' গ্রন্থের গল্পবিশেষে উক্ত, অর্থ: পুনরায় ইঁদুর হও। ২. (আল.) পুনর্বার (ইতঃপূর্বের) হীন অবস্থাপ্রাপ্ত হও। **পুনর্যাত্রা** *বি* ১ আবার যাওয়া বা আসা। ২ উল্টারথ নামক হিন্দু ধর্মানুষ্ঠান। **পুনশ্চ** *অব্য, ক্রিবিণ* পুনরায়; পুনর্বার; আবারও।

পুন্নাম নরক *বি* হিন্দু বিশ্বাসমতে 'পুৎ' নামক নরকবিশেষ। [স. পুৎ+নাম+নরক। পুত্রহীন হলে এ নরকে যেতে হয়]

পুব, পূব *বি* পূর্বদিক। [স. পূর্ব>]। **পুবালি, পুবালী** *বিণ* পূর্বদিক থেকে যা আসে বা প্রবাহিত হয়।

পুর[১] *বি* ১ আলয়; ভবন; গৃহ; নিকেতন। ২ নগর গ্রাম শহর ইত্যাদি। [স.]। **পুরদ্বার** *বি* গৃহের বা নগরের দ্বার; gate। **পুরনারী** *বি* ১ অন্তঃপুরবাসিনী স্ত্রীলোক; অন্তঃপুরিকা; পুরমহিলা; পুরন্ধ্রী। ২ কুলনারী। **পুরবাসী** *বিণ* ১ নগরবাসী। ২ গৃহবাসী; গৃহস্থ। **পুরবাসিনী** *বিণ স্ত্রী.*।

পুর[২], **পূর** *বি* পিঠা ইত্যাদির ভেতর পোরা হয় এমন বস্তু (নারকেলের পুর)।

পুরঃসর *বিণ* অগ্রসর; অগ্রবর্তী। ◻ *ক্রিবিণ* পূর্বক; অগ্রে করে এমন। [স.]
পুরন্দর *বি* ইন্দ্র; নগর-বিনাশক। [স.]
পুররক্ষী(-ক্ষিন্) *বি* ১ চৌকিদার। ২ কোটাল; নগরপাল; নগররক্ষক।
পুরস্কার *বি* ১ কোনো কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ অর্থ, মেডেল ইত্যাদি প্রদান করার ব্যবস্থা; পারিতোষিক। ২ অর্চনা; অভ্যর্থনা; সম্মাননা; সমাদর। [স. পুরস্+√কৃ+অ]। **পুরস্কৃত** *বিণ* ১ পুরস্কারপ্রাপ্ত। ২ সমাদৃত।
পুরা[১] *অব্য* পূর্বে; পূর্বকালীন; প্রাচীন; অতীত। [স.]। **পুরাকাল** *বি* প্রাচীনকাল; অতি প্রাচীনকাল। **পুরাতত্ত্ব, পুরাবৃত্ত** *বি* প্রাচীনকালের বৃত্তান্ত বা ইতিবৃত্ত; প্রাচীন ইতিহাস; বহুকাল পূর্বের ঘটনা বলে প্রসিদ্ধ। **পুরাতত্ত্ববিদ, পুরাবিৎ** *বি* পুরাতত্ত্বের জ্ঞানী ব্যক্তি।
পুরা[২]**, পুরো** *বি* সম্পূর্ণ; সমগ্র; অখণ্ড। ◻ *ক্রিবিণ* পূর্ণভাবে; পুরাপুরি। [স. পূর্ণ>]। **পুরাদস্তুর** *ক্রিবিণ* পূর্ণমাত্রায়; সম্পূর্ণরূপে; পরিপূর্ণভাবে। **পুরাপুরি** *বিণ* সম্পূর্ণ; পরিপূর্ণ। ◻ *ক্রিবিণ* সম্পূর্ণরূপে; পুরাপুরিভাবে।
পুরাঙ্গনা *বি* পুরনারী; কুলনারী; পুরবাসিনী। [স. পুর+অঙ্গনা]
পুরাণ *বি* ১ পুরাকালের প্রসিদ্ধ ব্যক্তি, সমাজ, ধর্ম ইত্যাদি অবলম্বনে রচিত আখ্যায়িকা বা কথা (বিষ্ণুপুরাণ, ভাগবত পুরাণ)। ২ অনড় ও অনাপেক্ষিক বাচন; পবিত্র কথাবস্তু; mythology। ◻ *বিণ* ১ পুরাতন; পুরাকালীন; প্রাচীন। ২ অনাদি (পুরাণ পুরুষ)। [স.]। **পুরাণকর্তা, পুরাণকৃত, পুরাণকার** *বি* পুরাণ রচনা করেছেন যিনি। **পুরাণ-পুরুষ** *বি* হিন্দু মতে পরমাত্মা; পরব্রহ্ম। **পুরাণপ্রসিদ্ধি** *বি* ১ পুরাণশাস্ত্রে খ্যাত। ২ অতি প্রাচীন খ্যাতি।
পুরাতন *বিণ* ১ প্রাচীন (পুরাতন কাল)। ২ বৃদ্ধ; প্রবীণ (পুরাতন লোক)। ৩ সেকেলে; অপ্রচলিত (পুরাতন ফ্যাশন)। ৪ দীর্ঘদিন ধরে চলে আসছে এমন; মামুলি; গতানুগতিক (পুরাতন প্রথা)। ৫ অভিজ্ঞ; পাকা; দক্ষ (পুরাতন কর্মচারী)। ৬ দাগি (পুরাতন চোর)। [স.]। **পুরাতনী** *বিণ স্ত্রী.*।
পুরাধ্যক্ষ *বি* নগরাধ্যক্ষ। ◻ *বিণ* গৃহকর্তা; তত্ত্বাবধায়ক; তত্ত্বাবধানকারী। [স. পুর+অধ্যক্ষ]
পুরানো[১] *ক্রি* পূর্ণ করা; ভরা; মেটানো; সম্পূর্ণ করা। ◻ *বি* উক্ত অর্থে।
পুরানো[২]**, পুরনো** *বিণ* ১ প্রাচীন; সেকেলে; বহুকালস্থায়ী (পুরানো জ্বর)। ২ পুরাতন (পুরানো জমানা)। ৩ প্রাচীন; বৃদ্ধ; প্রবীণ (পুরানো ব্যক্তি)। ৪ অভিজ্ঞ; দক্ষ (পুরানো চাকর)। ৫ দাগী; বহুকাল থেকে অপরাধী (পুরানো পাপী)। [স. পুরাতন>]
পুরি, পুরী *বি* আটার তৈরি লুচি। [স. পুরিকা>]। **ডাইলপুরি, ডালপুরী** *বি* ডাইলের পুর দেওয়া আটার লুচি।
পুরিয়া *বি* ১ মোড়ক। ২ গুঁড়া ওষুধের মোড়ক। [স. পুটিকা>]
পুরী *বি* ১ ভবন; গৃহ; আলয়; আবাস (রাজপুরী)। ২ নগরী; শহর (পুরী আলোকিত)। ৩ এক সম্প্রদায়ের সন্ন্যাসীদের উপাধি (ঈশ্বরপুরী)। [স.]। ◻ *বিণ* উড়িষ্যা প্রদেশের সমুদ্র তীরবর্তী তীর্থ নগরী (পুরীধাম); জগন্নাথধাম।
পুরীশ *বি* বিষ্ঠা; মল; গু। [স.]
পুরু *বিণ* ১ মোটা; স্থূল। ২ ভাঁজযুক্ত (পাঁচ পুরু)।
পুরুখ (ব্র.) *বি* পুরুষ। [স. পুরুষ>]
পুরুষ *বি* ১ নর; পুংজাতীয় জীব (নারী পুরুষ)। ২ আত্মা। ৩ ঈশ্বর; পরমেশ্বর; পরব্রহ্ম; পরমপুরুষ। ৪ বংশের ধারা (সাত পুরুষের ভিটা)। ৫ যার দ্বারা ব্যক্তির বোধ প্রকাশ পায়; person (উত্তম পুরুষ, প্রথম পুরুষ)। ৬ পুরুষজাতীয় (পুরুষ সিংহ)। [স.]। **পুরুষকার** *বি* ১ পৌরুষ। ২ মানুষের স্বাভাবিক উদ্যম। **পুরুষত্ব** *বি* ১ পৌরুষ। ২ উদ্যম; উৎসাহ; প্রেরণা। ৩ তেজ; বীর্য। ৪ পুরুষের রতিশক্তি (পুরুষত্বহানি)। **পুরুষ-পরম্পরা** *বি* পুরুষানুক্রম; বংশানুক্রম। **পুরুষপুঙ্গব, পুরুষসিংহ** *বি* মনুষ্যশ্রেষ্ঠ; পুরুষোত্তম। **পুরুষপ্রকৃতি** *বি* ১ স্ত্রী ও পুরুষ। ২ সাংখ্যদর্শন অনুযায়ী চৈতন্যময় পুরুষ ও ত্রিগুণাত্মিকা প্রকৃতি। ৩ ঈশ্বর ও মায়া। ৪ পুরুষের স্বভাব। ৫ পুরুষের মতো স্বভাবযুক্ত। **পুরুষসুলভ** *বিণ* পুরুষোচিত; পুরুষের যোগ্য; মরদের উপযুক্ত। **পুরুষাঙ্গ** *বি* শিশ্ন; পুরুষ বা পুং প্রাণীর জননেন্দ্রিয়; পুংলিঙ্গ। **পুরুষাদ্য** *বি* ১ হিন্দুমতে পরব্রহ্ম। ২ *বি* হিন্দুদেবতা বিষ্ণু। ৩ জিনবিশেষ। **পুরুষানুক্রমে** *ক্রিবিণ* পুরুষ বা বংশপরম্পরায়; বংশানুক্রমে। **পুরুষার্থ** *বি* ধর্ম অর্থ কাম মোক্ষ পুরুষের প্রয়োজনীয় এই চতুর্বর্গ। **পুরুষোত্তম** *বিণ* শ্রেষ্ঠপুরুষ; পুরুষপ্রধান। ◻ *বি* হিন্দুমতে পরব্রহ্ম; বিষ্ণু; জগন্নাথদেব। **পুরুষোচিত** *বিণ* পুরুষের যোগ্য বা উপযুক্ত।
পুরুষালি, পুরুষালী *বিণ* পুরুষসুলভ; পুরুষের ভাব; পুরুষোচিত (স্ত্রীলোকের পুরুষালি চেহারা)। [স. পুরুষ+আলি, আলী]
পুরুষ্টু *বিণ* পরিপুষ্ট; হৃষ্টপুষ্ট; নাদুসনুদুস; গোলগাল; পুষ্ট শব্দের কথ্য রূপ। [স. পরিপুষ্ট>]
পুরোগ, পুরোগামী(-মিন্) *বিণ* ১ অগ্রগামী। ২ নায়ক-প্রধান। **পুরোগত** *বিণ* অগ্রে গমন করেছে এমন।
পুরোডাশ *বি* যজ্ঞের পশুমাংস বা ঘৃত; এক প্রকার পিষ্টকজাতীয় খাদ্য যা যজ্ঞাদিতে ব্যবহৃত হতো। [স.]
পুরোধা, পুরোধাঃ(-ধাস্) *বি* পুরোহিত; যজ্ঞের বা পূজার পুরোহিত; পূজক; যাজক। [স. পুরস্+√ধা+অস্]
পুরোহিত, পুরুত *বি* হিন্দুদের পূজা, বিয়ে, আচার-অনুষ্ঠান প্রভৃতির ব্রাহ্মণ যাজক; যজনকর্তা; ঋত্বিক। [স. পুরস্+√ধা+ত]
পুল, পোল *বি* সেতু; সাঁকো; bridge। [ফা. পুল]
পুলক *বি* ১ রোমান্স; শিহরণ; কম্পন। ২ আনন্দ; হর্ষ। [স.]। **পুলকিত** *বিণ* ১ রোমাঞ্চিত। ২ আনন্দিত; উল্লসিত।
পুলটিস *বি* ক্ষত বা ব্রণাদিতে লাগাবার উষ্ণ মলম; গরম প্রলেপ। [ই. poultice]
পুলি[১]**, পুলী** *বি* এক প্রকার পিঠা (ক্ষীরপুলি, চন্দ্রপুলি)। [স. পোলিকা>]
পুলি[২] *বি* আন্দামান দ্বীপপুঞ্জের পোর্ট ব্লেয়ার নগর, যেখানে ইংরেজ আমলে অপরাধীকে নির্বাসন-দণ্ডে পাঠানো হতো। [ই. Port Blair]। **পুলিপোলাও** *বি* নির্বাসন-দণ্ড; দীপান্তর (তার পুলিপোলাও হয়েছে)।
পুলিন *বি* ১ নদী; সাগর। ২ সৈকত; তট; তীর (যমুনা পুলিনে)। [স.]

পুলিন্দ *বি* নিম্নবর্ণের গোত্রবিশেষ। [স.]
পুলিন্দা *বি* পুঁটলি; গাঁঠরি; মোট; বান্ডিল। [ফা. পলবন্দহ্; স. পুল]
পুলিশ, পুলিস *বি* শান্তিরক্ষা বিভাগের কর্মচারী; অপরাধীকে ধরা বা অপরাধ নিবারণের জন্য নিয়োজিত সরকারি বিভাগ; কোতোয়াল। [ই. police]। **পুলিশ স্টেশন, পুলিস স্টেশন** *বি* থানা। **চোরের মন পুলিশ, পুলিশ**—পুলিশের ভয়ে চোরের মন সর্বদা আতঙ্কিত।
-পুলে, -পিলে, -পেলে *বি* ছেলে; সন্তান; ছেলেমেয়ে; ছেলে শব্দের সমার্থক ও সহচর শব্দবিশেষ। (ছেলেপুলে, ছেলেপিলে, ছেলেপেলে)।
পুশিদা, পুশীদা *বিণ* গোপন; লুকানো; অন্তরালবর্তী; গুপ্ত। **পর্দা-পুশিদা** *ক্রি* পর্দানশিনতা। [ফা. পুশীদাহ্]
পুষ্কর *বি* ১ পদ্ম; কমল। ২ পদ্মকোষ। ৩ পানি। ৪ মেঘের নাম। ৫ আজমিরের নিকটবর্তী হ্রদ যা একটি হিন্দু তীর্থ। [স.]। **পুষ্করিণী** *বি* পুকুর; দিঘি; তালাব। [স.]
পুষ্ট *বি* ১ প্রোষিত; প্রতিপালিত (পরপুষ্ট)। ২ বর্ধিত। ৩ নধর; স্থূল। ৪ পাকা; সুপক্ব। **পুষ্টি** *বি* ১ পোষণ; প্রতিপালন। ২ বৃদ্ধি; বাড়। ৩ মোটাসোটার ভাব। ৪ পরিণতি। [স.]। **পুষ্টিকর** *বিণ* পুষ্টি দান করে এমন।
পুষ্প *বি* ১ ফুল; কুসুম। ২ স্ত্রীরজ। ৩ নেত্ররোগবিশেষ। [স.]। **পুষ্পক, পুষ্পরথ** *বি* হিন্দুপুরাণে বর্ণিত আকাশ-চারী রথবিশেষ; কুবেরের রথ—যা সর্বত্রগামী ছিল বলে বলা হয়। **পুষ্পকেতন, পুষ্পকেতু, পুষ্পধন্বা** *বি* কন্দর্প; মদন। **পুষ্পচাপ, পুষ্পধনু, পুষ্পধনুঃ** (-ধনুস্) *বি* ১ কুসুমনির্মিত কন্দর্পের ধনুক। ২ কন্দর্প। **পুষ্পনির্যাস, পুষ্পসার** *বি* ১ ফুলের রস বা আতর। ২ পুষ্পমধু। **পুষ্পপত্র, পুষ্পপল্লব** *বি* ১ ফুল ও পাতা। ২ ফুলের পাপড়ি। **পুষ্পপাত্র** *বি* ১ ফুল রাখার পাত্র। ২ ফুলদান। **পুষ্পবতী** *বিণ* ১ পুষ্পে পূর্ণ সজ্জিত বা শোভিত। ২ রজঃস্বলা। **পুষ্পবাণ, পুষ্পশর** *বি* ১ পুষ্পনির্মিত কন্দর্পের তীর; কন্দর্পের কুসুম শর। ২ মদন। **পুষ্পবৃষ্টি** *বি* পুষ্পবর্ষণ; ফুল ছড়ানো। **পুষ্পমঞ্জরী** *বি* পুষ্প-মুকুল। **পুষ্পমাস** *বি* মধুমাস; বসন্তকাল। **পুষ্পরজ, পুষ্পরেণু** *বি* ফুলের রেণু বা পরাগ। **পুষ্পরথ** *বি* প্রমোদবিহারের জন্য পুষ্প দ্বারা সজ্জিত রথবিশেষ। **পুষ্পরস** *বি* ১ ফুলের নির্যাস; পুষ্পসার। ২ পুষ্পমধু। **পুষ্পরাগ** *বি* পদ্মরাগ মণি; পীতবর্ণ মণিবিশেষ; পোখরাজ। **পুষ্পল** *বিণ* পুষ্পময়; কুসুমিত।
পুষ্পাঞ্জলি *বি* ১ কুসুমাঞ্জলি; ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন। ২ হিন্দুদের দেবার্চনাকালে মন্ত্রপাঠের সঙ্গে দেবতার উদ্দেশে প্রদত্ত অঞ্জলিপূর্ণ পুষ্প।
পুষ্পাভরণ *বি* পুষ্পনির্মিত গহনা। **পুষ্পাভরণা** *বি,বিণ স্ত্রী.* ফুলের অলঙ্কারে ভূষিতা; ফুলসাজে সজ্জিতা। [স. পুষ্প+আভরণ, আভরণা]
পুষ্পাসব[১] *বি* ফুলের মধু; পুষ্পমধু। [স. পুষ্প+আসব]
পুষ্পাসব[২] *বি* গ্রন্থের প্রতিটি পরিচ্ছেদের সমাপ্তিসূচক উক্তি ও ভণিতা (লেখকের নাম) প্রদান। [স.]
পুষ্পিত *বিণ* কুসুমিত; পুষ্পযুক্ত; ফুল ধরেছে এমন। **পুষ্পিতা** *বিণ* ১ কুসুমিতা (পুষ্পিতা লতা)। ২ ঋতুবতী। [স.]
পুষ্পোদ্যান *বি* পুষ্প-মালঞ্চ; ফুলের বাগান। [স. পুষ্প+উদ্যান]
পুষ্যা *বি* (জ্যো-শা) নক্ষত্রবিশেষ। [স.]
পুস্ত *বি* বংশ বা পুরুষ-পরম্পরা। [ফা. পুশ্‌ৎ]
পুস্তক *বি* গ্রন্থ; বই। [চামড়ায় (পোস্ত) লিপিবদ্ধ অর্থে পুস্তক। ফা. পোস্ত স. পুস্তক]। **পুস্তকাগার** *বি* গ্রন্থাগার। **পুস্তিকা, পুস্তী** *বি* ক্ষুদ্র পুস্তক। **পুস্তকালয়** *বি* বইয়ের দোকান; বই বিক্রয়ের দোকান।
পুস্তনি, পুস্তানি *বি* পুস্তকের পুরু ও শক্ত কাগজের তৈরি অমুদ্রিত প্রথম ও শেষ পৃষ্ঠা যার সঙ্গে বইয়ের মলাট আটকানো হয়।
পুস্তা, পুস্তান *বি* ১ অবলম্বন; আশ্রয়; ঠেস। ২ সহায়। ৩ পোস্তা। ৪ পুস্তক বাঁধার সময় তার পিঠে আড়ভাবে যে মোটা সুতা যুক্ত করা হয়। [ফা.]
পুস্তিন, পুস্তীন *বি* চামড়ার জামা; চর্মনির্মিত কোট। [ফা.]
পূজক *বিণ* পূজা করে এমন; পূজাকারী; অর্চনাকারী; উপাসক। **পূজারী** *বি,বিণ*। **পূজারিণী** *স্ত্রী.*। [স. √পূজ্+অক]
পূজন *বি* পূজাকরণ; অর্চনা; উপাসনা। **পূজনীয়** *বিণ* ১ পূজ্য; উপাস্য; মাননীয়; শ্রদ্ধেয়। ২ গুরুস্থানীয়। [স. √পূজ+অন]
পূজা *বি* ১ অর্চনা; আরাধনা। ২ ভক্তি; শ্রদ্ধা। ৩ প্রশংসা; গুণকীর্তন; স্তুতি। ৪ সংবর্ধনা; সম্মাননা। **পূজার্হ** *বিণ* ১ পূজ্য; পূজনীয়; পূজার যোগ্য বা উপযুক্ত। **পূজাহ্নিক** *বি* হিন্দুদের নিত্য আচরণীয় জপতপ প্রভৃতি। [স. পূজা+আহ্নিক]
পূজ্য *বিণ* পূজনীয়; আরাধ্য। **পূজিত** *বিণ* পূজাপ্রাপ্ত; অর্চিত; উপাসিত। **পূজ্যপাদ** *বিণ* যাঁর পা/চরণ পূজনীয় বা শ্রদ্ধেয় বা সম্মানীয়। [স. √পূজ্+য]। **পূজ্যমান** পূজিত হচ্ছেন এমন।
পূত *বিণ* পবিত্র; বিশুদ্ধ। [স. √পূ+ত]। **পূতাত্মা** *বিণ* পবিত্রাত্মা; পুণ্যাত্মা; পবিত্র চরিত্র। [স. পূত+আত্মা]
পূতনা *বি* হিন্দু পুরাণে বর্ণিত কৃষ্ণ কর্তৃক নিহত বকাসুরের ভগিনী দানবীবিশেষ। [স.]
পূতি *বি* দুর্গন্ধ; খারাপ গন্ধ। ❑ *বিণ* দুর্গন্ধযুক্ত। [স. √পূয়্+তি]
পূরক *বিণ* ১ পূর্ণকারক; পূর্ণকারী (ইচ্ছাপূরক)। ২ (গ.) গুণ করা যায় এমন; গুণক; multiplier। [স.]। ❑ *বি* ১ (জ্যা.) একটি কোণের সঙ্গে আর একটি কোণ যুক্ত হলে যে সমকোণ হয় তার একটি; complement। ২ প্রাণায়ামকালে অন্তরে বায়ুগ্রহণ।
পূরণ *বি* ১ পরিপূর্ণ করা বা পূর্ণ হওয়া (ইচ্ছাপূরণ)। ২ সমাধান; নিরসন (সমস্যাপূরণ)। ৩ বৃদ্ধি। ৪ (গ.) গুণন; multiplication। ৫ পূরক; পূর্ণকারী। [স.]
পূরবী, পুরবী *বিণ* ১ একটি রাগিণীর নাম। ২ উদাস ভাবব্যঞ্জক।
পূর্ণ *বিণ* ১ পরিপূর্ণ; ভরতি; ভরা (পূর্ণপাত্র)। ২ যাতে ঘাটতি নেই; ভরপুর। ৩ অভাবহীন। ৪ অখণ্ড; সমগ্র; গোটা (পূর্ণচন্দ্র)। ৫ সফল; সিদ্ধিযুক্ত (আকাঙ্ক্ষা পূর্ণ হওয়া)। ৬ সম্পূর্ণ; শেষ (কাল পূর্ণ হওয়া)। ৭ সমস্ত; সকল (ত্রুটিপূর্ণ)। [স.]। **পূর্ণা** *বিণ স্ত্রী.*। **পূর্ণকাম** *বিণ* সিদ্ধ মনোরথ; সফলকাম; বাসনা পূর্ণ হয়েছে এমন। **পূর্ণকুম্ভ** *বি* জল ভরতি ঘট বা কলস। **পূর্ণগর্ভা** *বিণ স্ত্রী.* আসন্নপ্রসবা; প্রসবকাল নিকটবর্তী হয়েছে এমন। **পূর্ণচন্দ্র**

বি পূর্ণশশী; পূর্ণিমার সকল কলাবিশিষ্ট চন্দ্র। **পূর্ণচ্ছেদ** *বি* যতিপাত চিহ্ন; দাঁড়ি; Full stop। **পূর্ণতা, পূর্ণত্ব** *বি* ১ সম্পূর্ণতা; সমাপ্তি। ২ সফলতা। ৩ সমগ্রতা। ৪ অখণ্ডতা। **পূর্ণবয়স্ক** *বিণ* ১ যৌবনপ্রাপ্ত; যুবক। ২ সাবালক। **পূর্ণবয়স্কা** *বিণ স্ত্রী*। **পূর্ণবিকাশ** *বি* চরম বিকাশ; পরিপূর্ণ বিকাশ। **পূর্ণমাত্রা** *বি* পূর্ণিমা। **পূর্ণা** *বি* (জ্যো–শা) পঞ্চমী দশমী অমাবস্যা ও পূর্ণিমা এই চারটি তিথি।

পূর্ণাবয়ব *বিণ* সমস্ত অঙ্গযুক্ত। ❑*বি* পূর্ণ বৃদ্ধিপ্রাপ্ত শরীর। [স. পূর্ণ+অবয়ব]

পূর্ণিমা *বি* চন্দ্রের ষোলোকলা বা পূর্ণতাপ্রাপ্ত তিথিবিশেষ। [স.]

পূর্ণেন্দু *বি* পূর্ণশশী; পূর্ণিমা তিথির চাঁদ। [স. পূর্ণ+ইন্দু]

পূর্ত *বি* জনসাধারণের কল্যাণের জন্য জলাশয়াদি খনন এবং পথঘাট ইত্যাদি নির্মাণ। [স. √পৃ+ত]। **পূর্তবিভাগ** *বি* সরকারি ভবন সড়ক ইত্যাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থাপনায় নিযুক্ত সরকারি বিভাগ।

পূর্ব, পূরব *বি* ১ পূর্বদিক। ২ প্রাচীনকাল; অতীতকাল (পূর্বকথিত)। ৩ সম্মুখ; অগ্র (পূর্ববর্তী)। ❑*বিণ* ১ প্রথম। ২ জ্যেষ্ঠ। ৩ গত; অতীত; প্রাচীন; পূর্ববর্তী (পূর্বপুরুষ)। ৪ পূর্ব দিকস্থ; প্রাচ্য (পূর্ববাংলো)। [স. পূর্ব]। **পূর্বক** *ক্রিবিণ* ১ পুরঃসর; পূর্বে করে (সালামপূর্বক)। ২ সহকারে (প্রীতিপূর্বক)। **পূর্বকথিত** *বিণ* পূর্বোক্ত; প্রথমোক্ত। **পূর্বকাল** *বি* প্রাচীনকাল; পুরাকাল; অতীত–কাল; গতসময়। **পূর্বকালীন, পূর্বকালিক** *বি* প্রাচীন বা অতীতকালের। **পূর্বগামী**(–মিন্) *বিণ* সম্মুখে বা অগ্রে গমনকারী; অগ্রগামী; pioneer। **পূর্বগামিনী** *বিণ স্ত্রী*। **পূর্বজন্ম** *বি* গতজন্ম; বর্তমান জীবনের পূর্বকালীন জীবন। **পূর্বজ্ঞান** *বি* পূর্বকালে প্রাপ্ত জ্ঞান; অভিজ্ঞতা। **পূর্বতন** *বিণ* পূর্বকালীন; পূর্বকালের; আগেকার; বিগত। **পূর্বদৃষ্ট** *বিণ* ১ অগ্রে দৃষ্ট; পূর্বে দেখা হয়েছে এমন। ২ সংঘটিত হবার পূর্বেই ধারণা করা গিয়েছে এমন। **পূর্বপক্ষ** *বি* ১ অভিযোগ; নালিশ। ২ অভিযোক্তা। ৩ (তর্কশাস্ত্রে) প্রশ্ন; জিজ্ঞাসা; বিচার বিবেচনার নিমিত্ত উপস্থাপিত বিষয়। তুল. **উত্তর–পক্ষ**। **পূর্বপুরুষ** *বি* বংশের পিতৃপিতামহাদি পূর্বগামী ব্যক্তিগণ। **পূর্বফাল্গুনী** *বি* (জ্যো–শা) নক্ষত্রবিশেষ। **পূর্ববৎ** *অব্য, ক্রিবিণ* পূর্বের ন্যায়; আগেকার মতো। **পূর্ববর্ণিত** *বিণ* পূর্বে বিবৃত; প্রথমে কথিত; আগে বর্ণনা করা হয়েছে এমন। **পূর্ববর্তিনী** *বিণ স্ত্রী*। **পূর্ববর্তী**(–তিন্) *বিণ* ১ পূর্বেকার; অতীতের; সেকালের। ২ অগ্রে বা সম্মুখে স্থিত। **পূর্বভাদ্রপদ** *বি* (জ্যো–শা) নক্ষত্রবিশেষ। **পূর্বমীমাংসা** *বি* জৈমিনি মুনি রচিত দর্শনশাস্ত্র। তুল. **উত্তরমীমাংসা**। **পূর্বরাগ** *বি* প্রথম প্রেম বা আসক্তি; নায়ক–নায়িকার পরস্পর দর্শন বা শ্রবণাদি; প্রেম সঞ্চারিত হবার ফলে হৃদগত ভাব। **পূর্বরাত্র** *বি* রাত্রির প্রথম অংশ। **পূর্বরাত্রি** *বি* বিগত রাত্রি। **পূর্বলক্ষণ** *বি* ভবিষ্যতে ঘটবে এমন বিষয়াদির প্রথম চিহ্ন; প্রথম সূচনা। **পূর্বসংস্কার** *বি* ১ হিন্দুমতে পূর্বজন্ম বা অতীতকালে প্রাপ্ত সংস্কার। ২ পূর্ব জন্মার্জিত কর্মজনিত গুণ প্রবৃত্তি ও ধারণা। **পূর্বসূরি** *বি* ১ পূর্ববর্তী; অগ্রগামী; অগ্রজ বিদ্বান; কবি। ২ সম পেশার পূর্ববর্তী গণ্য/খ্যাত ব্যক্তিগণ (অশুদ্ধ প্রয়োগজাত; অর্থান্তরে)।

পূর্বাচল, পূর্বাদ্রি *বি* উদয়গিরি; উদয়াচল; পূর্বদিকের পর্বত। [স.]

পূর্বাপর *বিণ* ১ আনুপূর্বিক; প্রথম থেকে শেষ পর্যন্ত; আগাগোড়া (পূর্বাপর বৃত্তান্ত)। ২ পূর্ব ও পশ্চিম। [স. পূর্ব+অপর]

পূর্বাপেক্ষা *অব্য* আগের চেয়ে উৎকর্ষাপকর্ষবোধক; আগেকার চেয়ে। [স. পূর্ব+অপেক্ষা]

পূর্বাবধি *অব্য* আগে থেকে; পূর্ব থেকে। [স. পূর্ব+অবধি]

পূর্বাভাষ *বি* ১ ভবিষ্যৎ বিষয় বা ঘটনাবলীর চিহ্ন; পূর্বলক্ষণ; সূচনা; আরম্ভ। ২ ভূমিকা; মুখবন্ধ সূচনা। [স. পূর্ব+আভাষ]।

পূর্বাভাস *বি* ১ আভাস। ২ ভাবী ঘটনার সঙ্কেত বা ইঙ্গিত। ৩ ভবিষ্যৎ বিষয়। [স. পূর্ব+আভাস]

পূর্বাশা *বি* পূর্বদিক। [স. পূর্ব+আশা]

পূর্বাষাঢ়া (জ্যো–শা) *বি* নক্ষত্রবিশেষ। [স.]

পূর্বাহ্ণ *বি* দিবসের প্রথম ভাগ; প্রভাতবেলা। [স. পূর্ব+অহ্ন]। **পূর্বাহ্ণিক** *বিণ* দিনের প্রথমভাগে করণীয়; পূর্বাহ্ণে করা উচিত এমন। [স.]

পূর্বোক্ত *বিণ* পূর্বোল্লিখিত; আগে বলা হয়েছে এমন। [স. পূর্ব+উক্ত]

পূষা *বি* সূর্য; তপন। [স.]

পৃক্ত *বিণ* ১ সংলগ্ন; সংযুক্ত; সংশ্লিষ্ট। ২ মিশ্রিত। ৩ সম্পর্কিত; সম্বন্ধীয়। তুল. **সম্পৃক্ত**। [স.]

পৃথক *অব্য, বিণ* ১ স্বতন্ত্র; ভিন্ন; আলাদা; অন্য। ২ তফাত; ফারাক। [স.]। **পৃথকীকরণ, পৃথককরণ** *বি* স্বতন্ত্রকরণ; ভিন্নকরণ। **পৃথকীকৃত** *বিণ* স্বতন্ত্রীকৃত; আলাদাকৃত।

পৃথগন্ন *বি, বিণ* এক বাড়িতে বাস করেও পরিবারের কোনো সদস্য যখন খাওয়া–পরার আলাদা ব্যবস্থা করে তাকে পৃথগন্ন বলে; যে একান্নবর্তী নয়। [স. পৃথক+অন্ন]

পৃথা *বি* কুন্তী; মহাভারতোক্ত পাণ্ডুর স্ত্রী। [স.]

পৃথিবী, পৃথ্বী *বি* ভূমণ্ডল; ধরণী; ধরিত্রী; অবনী; ক্ষিতি; বসুমতী; বসুন্ধরা; মহী; জগৎ; মেদিনী। [স.]

পৃথু *বি* পৌরাণিক রাজা; পুরাণবর্ণিত বেন রাজার পুত্র। ❑*বিণ* ১ স্থূল; মোটা। ২ বিস্তৃত; প্রসারিত। ৩ মহৎ; বিরাট। [স.]। **পৃথুল** *বিণ* ১ বিস্তৃত। ২ স্থূল; মোটা। ৩ মহৎ; বিরাট; বিশাল।

পৃষ্ঠ *বি* ১ পিঠ; বক্ষদেশের বিপরীত দিক। ২ পিছন দিক; পশ্চাদ্‌ভাগ। ৩ উপরিভাগ। [স.]। **পৃষ্ঠদেশ** *বি* পিঠ; শরীরের পশ্চাদ্‌ভাগ; দেহের পিছনের অংশ।

পৃষ্ঠপোষক *বিণ* পৃষ্ঠ পোষণ করে এমন; সাহায্যকারী; সহায়ক; সমর্থনকারী; সমর্থক; অবলম্বন; আশ্রয়। [স.]। **পৃষ্ঠপোষকতা, পৃষ্ঠপোষণ** *বি* সহায়তা; সমর্থন। **পৃষ্ঠপ্রদর্শন** *বি* (আল.) পলায়ন; ভীরুতা প্রদর্শন। **পৃষ্ঠবংশ** *বি* মেরুদণ্ড; পিঠের দাঁড়া। **পৃষ্ঠব্রণ** *বি* পৃষ্ঠদেশে উদ্‌গত দূষিত স্ফোটক। **পৃষ্ঠভঙ্গ** *বি* (আল.) পরাজিত হয়ে প্রস্থান; রণে ভঙ্গ দিয়ে পলায়ন। **পৃষ্ঠরক্ষক** *বি, বিণ* ১ পশ্চাদ্‌ভাগ রক্ষাকারী। ২ দেহরক্ষী; পার্শ্বরক্ষী। **পৃষ্ঠরক্ষা** *বি* ১ দেহরক্ষীর কর্ম। ২ পশ্চাদ্‌ভাগ রক্ষা বা রক্ষণ।

পৃষ্ঠা *বি* গ্রন্থাদির পাতার এক পিঠ। [স.]। **পৃষ্ঠাঙ্ক** *বি* পৃষ্ঠার ক্রমসূচক সংখ্যা; পত্রাঙ্ক।

পেঁকাটি, প্যাঁকাটি, পেকাটি *বি* ছাল ছাড়ানো শুষ্ক পাটগাছ বা পাটগাছের ডাঁটা, কাঠি; শোলা; পাটখড়ি।

পেঁকো *বিণ* ১ পঙ্কযুক্ত। ২ পঙ্কসদৃশ; পাঁকের মতো। [স.

পক্ষ>বা. পাঁক+উয়া= পাঁকুয়া>পেঁকো]
পেঁচ, প্যাঁচ *বি* ১ মোচড়; ঘুরন; পাক। ২ স্ক্রু। ৩ কূটকৌশল; চক্রান্ত। ৪ জটিল সমস্যা। ৫ আঁকড়ে ধরার কায়দা। ৬ পরস্পর আক্রমণ বা জড়াজড়ি। [ফা. পেচ্]
পেঁচকি, পেঁজগি *বি* অবাঞ্ছিত জটিলতা।
পেঁচা, পেচক *বি* ১ পেচক; উলুক; নিশাচর পাখিবিশেষ। ২ কুৎসিত। [স. পেচক]। **কালপেঁচা** *বি* কর্কশ স্বরে আর্তনাদকারী এক প্রকার পেচক যার রব অশুভ মনে করা হয়। **লক্ষ্মীপেঁচা** *বি* শ্বেতবর্ণ অপেক্ষাকৃত দীর্ঘ আকৃতির পেচক; ধানের গোলায় বাস করে বলে এই নাম। **হুতোম, হুতুম পেঁচা** *বি* ১ যম-প্রতীক ভীষণ রবকারী পাটকিলা বর্ণের বৃহত্তম পেচক। ২ (আল.) কদাকার ও অবাঞ্ছিত ব্যক্তি।
পেঁচাও, প্যাঁচালো *বিণ* ১ জটিল; ঘুরানো। ২ কুটিল; কূচক্রী। [ফা. পেচ্]
পেঁচানো, প্যাঁচানো *ক্রি* ১ পাকানো; পেঁচ দেওয়া। ২ পেঁচ দিয়ে অল্পে অল্পে কাটা; ঘুরিয়ে ঘুরিয়ে এঁটে দেওয়া। ৩ কূটকৌশলে জটিল করা। ৪ কোনো ব্যাপারে জড়িত করা। ❑ *ক্রিবিণ, বিণ* উক্ত সকল অর্থে। [ফা. পেচ, হি. পচোয়া]
পেঁচো *বি* হিন্দুবিশ্বাস মতে পঞ্চানন্দ নামক কল্পিত অপদেবতা বা পিশাচবিশেষ যার আক্রমণে আঁতুড়ে শিশু ধনুষ্টঙ্কার রোগ হয়ে মারা যায়। **পেঁচোয় পাওয়া** *ক্রি* পেঁচোর আক্রমণে শিশুর ধনুষ্টঙ্কার রোগাক্রান্ত হওয়া।
পেঁজা, পিঁজা *বি* ১ তুলা বা তুলাজাতীয় দ্রব্যাদির আঁশ ধুনে বা টেনে আলাদা করা। ২ উক্ত অর্থে। ৩ যার আঁশ পৃথক করা হয়েছে। [স. √পিন্জ্>]
পেঁদানো, প্যাঁদানো *ক্রি* গুরুতরভাবে প্রহার করা; বেদম প্রহার দেওয়া। **পেঁদানি, প্যাঁদানি** *বি* গুরুতর প্রহার। [আঞ্চলিক]
পেঁপে *বি* এক প্রকার সুস্বাদু ফলবিশেষ। [পো.]
পেখন (ব্র.) *বি* দর্শন; সাক্ষাৎ। [স. প্রেক্ষণ>]
পেখম *বি* ময়ূরাদি পাখির বিস্তৃত পালক বা পুচ্ছ। [স. পক্ষ>]। **পেখম ধরা, পেখম ফুলানো** *ক্রি* ১ ময়ূরপুচ্ছ বিস্তার করা। ২ ময়ূরপুচ্ছের মতো মনোরম সাজসজ্জা করা। ৩ (আল.) উৎফুল্ল বা আহ্লাদিত হয়ে ওঠা।
পেখা (প্রা-বা) *ক্রি* দেখা; দর্শন করা; নিরীক্ষণ করা। [স. প্রা+√ঈক্ষ>]
পেজি *বিণ* পৃষ্ঠাযুক্ত। [ই. page]
পেজোমি *বি* নীচতা; বদ ব্যবহার; নষ্টামি। [ফা. পাজি+বা. আমি, ওমি]
পেট[১] *বি* ১ ফুসফুস ও হৃৎপিণ্ডের নিম্নস্থ অঙ্গ; উদর; জঠর। ২ গর্ভ। ৩ পাকস্থলী। **পেট খসা** *ক্রি* গর্ভচ্যুত হওয়া; গর্ভপাত হওয়া। **পেট নামা, পেট নামানো** *ক্রি* উদরাময় হওয়া; পাতলা দাস্ত হওয়া। **পেট ফাঁপা** *ক্রি* পেটে বায়ু হওয়া। **পেট ফুলা** *ক্রি* অত্যধিক আহারে পেট স্ফীত হওয়া। **পেট ফুলে কোলা ব্যাঙ** *ক্রি* পেট ফুলে বড় জালার মতো হওয়া। **পেট ভরা** *ক্রি* আহার দ্বারা ক্ষুধা দূর হওয়া। **পেট ভাতা, পেটে ভাতে** *বি* মজুরি বাবদ কেবল পেট ভরবার মতো অন্ন লাভ। **পেটমোটা** *বিণ* ভুঁড়িযুক্ত। **পেটরোগা** *বিণ* উদরাময় রোগগ্রস্ত; দুর্বল হজমবিশিষ্ট। **পেটসর্বস্ব** *বিণ* ভোজনবিলাসী; পেটুক। **পেট হওয়া** *ক্রি* গর্ভ সঞ্চার হওয়া; অন্তঃসত্ত্বা হওয়া। **পেটে আসা** *ক্রি* গর্ভে জন্ম নেওয়া। **পেটে খিদে মুখে লাজ**—মনে প্রবল বাসনা থাকলেও লজ্জাবশত প্রকাশ করতে না পারা। **পেটে খেলে পিঠে সয়**—লাভ হলে কষ্ট সহ্য করা যায়। **পেটে তলানো** *ক্রি* হজম হওয়া। **পেটে থাকা** *ক্রি* মনে গোপন থাকা। **পেটে ধরা** *ক্রি* গর্ভে ধারণ করা। **পেটে পেটে** *ক্রিবিণ* গোপনে। **পেটে বোমা মারলেও কিছু বের না হওয়া**—পেটে কোনো বিদ্যা না থাকা। **পেটের জ্বালা, পেটের দায়**—ক্ষুধার তাড়না; বুভুক্ষার পীড়ন। **পেটের ভাত চাল হওয়া**—অত্যন্ত দুর্ভাবনাযুক্ত বা ভীত হওয়া। **পেটের ভিতর হাত পা সেঁধে যাওয়া/ হাত পা সেঁধুনো**—কিংকর্তব্যবিমূঢ় হওয়া; অতি ভয়ে বা লজ্জায় জড়সড়। **পেটের শত্রু** *বি* যে সন্তান জননীর দুঃখের কারণ। **পেটে সওয়া** *ক্রি* হজম করতে সক্ষম হওয়া; ভক্ষিত দ্রব্যাদি উদরে সহ্য হওয়া। **খালিপেট** *বি* অনাহারে শূন্য উদর; ক্ষুধার্ত অবস্থা। **তলপেট** *বি* নাভির নিম্নস্থ উদরাংশ; নাভি ও মূত্রাশয়ের মধ্যবর্তী দেহাংশ। **নাদাপেট** *বি* জালার মতো স্ফীত উদর বা ভুঁড়ি। **ভরাপেট** *বি* আহারপুষ্ট উদর।
পেট[২], **পেটিকা, পেটী** *বি* পেটরা; ঝাঁপি। [স. পেটিকা>]
পেটা, পিটা *ক্রি* ১ প্রহার করা; আঘাত করা। ২ আঘাত করে বাজানো। ❑ *বি* ১ উক্ত সকল অর্থে। ২ পুনঃপুন আঘাত দ্বারা পাত করা হয়েছে এমন; পিষ্ট। ❑ *বিণ* ১ পিটিয়ে বাজানো হয় এমন। ২ শক্ত ও সুঠাম (পেটা শরীর)। **পেটাই** *বি* পেটার কাজ। **পেটানো, পিটানো, পিটানি, পিটুনি** *বি* ১ প্রহার। ২ আঘাত। ❑ *ক্রি* ১ পেটা; আঘাত দেওয়া। ২ প্রহার করা; মারা। ৩ পরের দ্বারা আঘাত বা প্রহার করানো। ❑ *বিণ* উক্ত সকল অর্থে।
পেটাই, পেটাও *বি* পিটন; পিট্টি; প্রহার।
পেটারি *বি* ১ বাঁশ বেত প্রভৃতি দ্বারা তৈরি বাক্সবিশেষ। ২ ঝাঁপি; তোরঙ্গ; পেটরা।
পেটি *বি* ১ মাছের পেটের অংশ। ২ কোমরবন্ধ; উদরবন্ধনী।
পেটিকোট *বি* সায়া। [ই.]
পেটুক *বিণ* ঔদরিক; উদরপরায়ণ; বেশি খায় এমন; ভোজনবিলাসী।
পেটেন্ট *বি* ১ সরকার থেকে প্রাপ্ত সনদ বা আদেশপত্রের দ্বারা প্রস্তুত বা বিক্রয়ের একচেটিয়া অধিকার। ২ সরকারি সনদের বলে সংরক্ষিত হয়েছে যে স্বত্ব। ৩ একঘেয়ে; বৈচিত্র্যশূন্য।
পেটোয়া *বি* ১ বিশ্বস্ত; অনুগত; বশংবদ (পেটোয়া বাহিনী); বাধ্য। ২ অধীন। ❑ *বিণ* পৃষ্ঠপোষিত।
পেড়া, পেঁড়া, প্যাড়া *বি* ক্ষীরের তৈরি মিষ্টান্ন। [হি.]
পেতনি, পেত্নী *বি* ১ স্ত্রীভূত; প্রেতিনী। ২ (ব্য.) কুশ্রী বা নোংরা স্ত্রী। [স. প্রেত/পেত্নী]
পেন[১] *বি* ১ কলম; লেখনী। ২ ঝরনা কলম। [ই.] **পেন-ফ্রেন্ডশিপ** *বি* পত্রালাপে বন্ধুত্ব; পত্রমিতা।
পেন[২], **পেইন** *বি* ১ ব্যথা। ২ গর্ভবেদনা। [ই.]
পেনশন, পেনসন *বি* চাকুরের অবসর ভাতা; চাকরি শেষে অবসরগ্রহণের পর প্রাপ্ত বৃত্তি বা ভাতা। [ই.]
পেনসিল *বি* কাঠের তৈরি এক প্রকার লেখার কলম। (কাঠ পেনসিল)। [ই.]
পেন্ডাল, প্যান্ডাল =প্যান্ডেল।

পেন্টালুন *বি* এক প্রকার পায়জামা। [ই.]
পেন্ডুলাম *বি* ঘড়ির দোলনযন্ত্র; ঘড়ির দোলক। [ই.]
পেয় *বি* দুধ পানি প্রভৃতি পানযোগ্য দ্রব্য। ❑ *বিণ* পান করা যায় এমন; পানযোগ্য; পানীয়। [স. √পা+য]
পেয়ার, পিয়ার *বি* ১ আদর; সোহাগ; স্নেহ। ২ প্রেম; প্রীতি। [স. প্রিয়>হি. পেয়ার]। **পেয়ারা, পিয়ারা** *বি* ১ প্রিয়পাত্র; ভালোবাসার পাত্র। ২ প্রণয়ী; প্রিয়। **পেয়ারি, পিয়ারী, প্যারী** *বিণ* প্রণয়িনী; প্রেমপাত্রী।
পেয়ারা *বি* বর্ষা ও শরৎকালীন ফলবিশেষ। [পো. pera আঞ্চলিক গোআম; সবরী; গয়া]
-পেয়ে *বিণ* পা-বিশিষ্ট (মানুষ দুপেয়ে প্রাণী)।
পেরনো, পেরোনো *ক্রি* ১ পার হওয়া। ২ অতিবাহিত হওয়া। ❑ *বি* উক্ত সকল অর্থে।
পেরু *বি* ১ দক্ষিণ আমেরিকার একটি রাষ্ট্র। ২ বৃহদাকার মোরগ জাতীয় পাখি।
পেরেক *বি* লোহার ক্ষুদ্র কাঁটা বা কীলক; তারকাঁটা; জলই।
পেরেশান *বিণ* উদ্বিগ্ন; চিন্তিত। [ফা. পরেশান]। **পেরেশানি** *বি* উদ্বেগ; চিন্তা।
পেলব *বিণ* ১ অতি কোমল; ললিত; সুকুমার; নাজুক। ২ মৃদু। ৩ কৃশ; ক্ষীণ। ৪ ভঙ্গুর; ভঙ্গপ্রবণ। ৫ লঘু। [স.]। **পেলবতা** *বি* ১ কোমলতা; লালিত্য। ২ কৃশতা; ক্ষীণতা। ৩ লঘুতা।
পেলা, প্যালা *বি* ১ সঙ্গীতাদির আসর বা অনুষ্ঠানে শ্রোতৃবর্গ কর্তৃক শিল্পীদের প্রদত্ত অর্থাদি পুরস্কার। ২ ঠেকনা; ঠেস; অবলম্বন।
পেশ *বি* সামনে রাখা; উপস্থাপন; সম্মুখে স্থাপন; নিবেশ। [ফা. পেশ]। **পেশ ইমাম** *বি* যিনি নামাজে ইমামতি করেন। **পেশ করা** *ক্রি* নিবেদন করা; আরজ করা। **পেশকার** *বি* বিচারকের সামনে আদালতের কাগজপত্রাদি উপস্থাপিত করে এবং তা সংরক্ষণ করে এমন কর্মচারীবিশেষ।
পেশল *বিণ* ১ মনোহর; সুন্দর; মনোরম। ২ *বিণ* প্রচুর পেশিযুক্ত; পেশিবহুল; শক্তিমান; বলিষ্ঠ। [স. √পিশ্+অল]
পেশা *বি* বৃত্তি; ব্যবসা; জীবিকার উপায়। ❑ *বিণ* (আল.) স্বভাব; অভ্যাস। [ফা. পেশাহ্]। **পেশাকার, পেশাকর** *বি* ১ বেশ্যা; গণিকা। ২ নটী। **পেশাদার** *বিণ* বৃত্তিজীবী; ব্যবসাদার; ব্যবসায়ী; কোনো কাজ কেবল ব্যবসা হিসাবে করে এমন। **পেশাদারি, পেশাদারী** *বি* ১ পেশাদারের আচরণ বা ব্যবহার। ২ ব্যবসাদারি; দোকানদারি। ৩ ব্যবসায়বৃত্তি। ❑ *বিণ* পেশাদার সম্বন্ধীয়।
পেশি, পেশী *বি* ১ দেহের মাংসপিণ্ডবিশেষ; যার সংকোচনে অঙ্গ-প্রত্যাঙ্গাদি আলোড়িত হয়। ২ খড়গাদির কোষ বা খাপ। ৩ অণ্ড; ডিম্ব। [স. √পিশ্+ই/ঈ]। **পেশিকোষ** *বি* অণ্ডকোষ। **পেশি শক্তি** *বি* পেটোয়া বাহিনী; মস্তান বাহিনীর শক্তি।
পেশোয়া, পেশওয়া *বি* মহারাষ্ট্রীয় শাসক বা তাঁর বংশ। [ফা. পেশওয়া]
পেশোয়াজ, পেশওয়াজ *বি* নর্তকী বা নারীদের এক প্রকার পায়জামা। [ফা. পেশওয়ায]
পেষক *বিণ* পেষণ করে এমন; পেষণকারী। [স. √পিষ্+অক]
পেষণ *বি* মর্দন; দলন; বাটা; চূর্ণন। [স.]। **পেষণি, পেষণী** *বি* ১ শিল; নোড়া। ২ জাঁতা; পেষণযন্ত্র। ৩ হামানদিস্তা। [স. √পিষ্+অন]
পেষা, পিষা *ক্রি* ১ বাটা; পেষণ করা। ২ (আল.) অত্যাচার করা; পীড়ন করা। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [স. √পিষ্>]। **পেষাই, পিষাই** *বি* ১ পেষণ; দলন। ২ পেষণের পারিশ্রমিক।
পেষানো, পিষানো *ক্রি* ১ পেষণ করানো; বাটানো। ২ পীড়ন করানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [স. √পিষ্+ণিচ্+অন]
পেস্তা *বি* কাবুলের এক প্রকার বাদামজাতীয় ফল। [ফা. পিস্তহ্, পিস্তা]
পৈঠা, পইঠা *বি* দরজার সিঁড়ি; সোপান। [স. প্রতিষ্ঠা]
পৈতা, পইতা *বি* উপবীত। [স. পবিত্র>]। **পৈতাধারী** *বিণ* উপবীত আছে এমন।
পৈতৃক, পৈত্র, পৈত্র্য *বিণ* ১ পিতৃ-পিতামহাদি সম্বন্ধীয়। ২ পিতৃপিতামহাদি থেকে প্রাপ্ত (পৈতৃক ভিটা)। [স.]
পৈত্রিক (অশুপ্র; শুদ্ধ পৈতৃক) *বিণ* পিতা বা পিতৃপুরুষ সম্বন্ধীয়/বিষয়ক।
পৈথান *বি* শায়িত ব্যক্তির পায়ের দিক। **শিথান** *বিপ.*। [স. পদস্থান>]
পৈশাচী *বি* ভারতের উত্তর পশ্চিমাঞ্চলে প্রচলিত প্রাচীন প্রাকৃত ভাষা। [স.]
পৈশাচিক *বিণ* ১ পিশাচসুলভ। ২ পিশাচের মতো। ৩ পিশাচ-সংক্রান্ত। **পৈশাচিকতা** *বি* পিশাচসুলভ আচরণ।
পৈশুন, পৈশুন্য *বি* ১ পিশুন বা কুৎসা রটনাকারীর আচরণ বা ভাব। ২ খলতা; ক্রূরতা। ❑ *বিণ* দ্বেষ। [স.]
পো *বি* পুত্র; ছেলে। [স. পুত্র>]
পোঁ *অব্য* সানাই বা বাঁশির একটানা বা অপরিবর্তনীয় সুর। **পোঁ ধরা** *ক্রি* ১ কোনো ব্যাপারকে অন্ধভাবে সমর্থন করা। ২ (ব্য.) মোসাহেবি করা। **পোঁ পোঁ** *অব্য* অতি দ্রুত; অতি বেগে।
পোঁচ *বি* লেপ; প্রলেপ; লেপন। **পোঁচড়া, পোঁচলা** *বি* ১ লেপন; প্রলেপ। ২ চুনকাম করবার জন্য বাঁখারি প্রভৃতি দণ্ডের মুখে বাঁধা পাটের গুচ্ছ।
পোঁছ *বি* ১ প্রলেপ। ২ সম্মার্জনা।
পোঁছা[১]**, পুঁছা** *ক্রি* ১ মুছে ফেলা; মোছা। ২ ঘর্ষণ করে দাগ বা সংলগ্ন পদার্থ উঠিয়ে ফেলা। ❑ *বি* সম্মার্জন। ❑ *বিণ* সম্মার্জিত। **পোঁছানো, পুঁছানো** *ক্রি* মোছানো; পরিষ্কার করা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে।
পোঁছা[২] *ক্রি* ১ গণ্য করা; গ্রাহ্য করা (কেউ তাঁকে পোঁছে না)। ২ খোঁজ-খবর নেওয়া; সম্ভাষণ করা। ৩ জিজ্ঞাসা করা; প্রশ্ন করা। [স. পৃচ্ছ>]
পোঁছা[৩]**, পোঁচা** *বি* ১ অপেক্ষাকৃত বৃহদাকার মাছের লেজের অংশবিশেষ। ২ হাতের কব্জি থেকে প্রান্তভাগ অবধি অংশ। [স. পুচ্ছ>]
পোঁটলা, পোটলা *বি* বড় পুটুলি; গাঁটরি; বোচকা। [স. পোট্টলি>]
পোঁতা *ক্রি* ১ প্রোথিত করা; ভূগর্ভে নিহিত করা। ২ রোপণ করা। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।
পোঁদ, পোঙ্গা *বি* ১ মলদ্বার; গুহ্যদেশ। ২ পাছা; নিতম্বের নিম্নাংশ।
পোকা, পোক *বি* ১ কীট। ২ ক্ষুদ্র পতঙ্গবিশেষ। **উইপোকা** *বি* শ্বেত পিপীলিকা। **কুমরে পোকা** *বি*

মাটির বাসা নির্মাণকারী ভীমরুল আকৃতির পোকাবিশেষ। **গাঁধি পোকা, গান্ধি পোকা** *বি* অতি দুর্গন্ধযুক্ত পোকাবিশেষ যা শরীরে লাগলে ঘা হয়ে যায়। **গুবরে পোকা** *বি* পচা গোবরে জন্মে এমন কীটবিশেষ। **চেলো পোকা** *বি* চাল গম ইত্যাদি নাশকারী এক প্রকার কীট। **টিপপোকা** *বি* কালো রঙের কঠিন পাখাওয়ালা পোকাবিশেষ। **শুঁয়া পোকা** *বি* সূক্ষ্মমুখ এবং কাঁটাঅলা ও লোমযুক্ত শরীর ও বহু পা আছে এমন এক প্রকার কীট। **সোনা পোকা** *বি* উজ্জ্বল ময়ূরকণ্ঠী বর্ণের কীট যার পক্ষ কেটে টিপ তৈরি করা হয়।

পোক্ত *বিণ* ১ দৃঢ়; মজবুত। ২ পরিপক্ব; পরিণত; অভিজ্ঞ। [ফা. পুখ্‌তহ্‌]

পোখরাজ *বি* এক জাতীয় মণি; পুষ্পরাগমণি। [হি.<স. পুষ্পরাগ]

পোর্টফোলিও, পোর্টফোলিও *বি* ১ অবাঁধা কাগজপত্রাদি রাখবার জন্য ব্যবহৃত আধারবিশেষ। ২ ব্যাগ। ৩ মন্ত্রীর কর্মভার; দফতর। [ই.]

পোড়, পোড়ন *বি* দহন; কষ্ট; জ্বালা। **পোড় খাওয়া** *বিণ* ১ অগ্নির উত্তাপে পুড়ে শক্ত হয়েছে এমন বস্তু। ২ (আল.) অভিজ্ঞ; বিচক্ষণ। [স. √পুট্‌> পুড়+অন]

পোড়া, পুড়া *ক্রি* ১ দগ্ধ হওয়া; জ্বলে যাওয়া। ২ জ্বালাযন্ত্রণা হওয়া। ৩ শোকসন্তপ্ত হওয়া। □ *বি* ১ দহন; জ্বালা। ২ যন্ত্রণা। □ *বিণ* ১ দগ্ধ; ভস্মীভূত। ২ হতভাগ্য; মন্দ; খারাপ। ৩ কলঙ্কযুক্ত। ৪ প্রতিকূল; বিরূপ। [স. √পুট্‌>পুড়+বা. আ]। **পোড়ানো, পুড়ানো** *ক্রি* ১ দগ্ধ করা; ভস্মীভূত করা; জ্বালানো। ২ কষ্ট দেওয়া; যন্ত্রণা দেওয়া। □ *বি* দহন; জ্বালানো। □ *বিণ* দাহিত। **পোড়ানে, পুড়ানে** *বিণ* ১ দগ্ধকারক। ২ যন্ত্রণাদায়ক; ক্লেশদায়ক।

পোড়ানি, পুড়ুনি *বি* ১ দহন; জ্বালা। ২ জ্বালাযন্ত্রণা। [স. √পুট্‌>পুড়+বা. অনি]

পোত *বি* নৌকা কিশতি জাহাজ প্রভৃতি যান। [স.]

পোতাধ্যক্ষ *বি* পোত-নায়ক; পোতের প্রধান চালক; জাহাজের কাপ্তেন; নাখোদা। [স. পোত+অধ্যক্ষ]

পোতারোহী *বিণ* জাহাজ ইত্যাদির যাত্রী। [স. পোত+আরোহী]

পোতাশ্রয় *বি* নৌকা জাহাজ ইত্যাদির নিরাপদ আশ্রয়স্থান; বন্দর। [স. পোত+আশ্রয়]

পোথা *বি* বড় পুথি বা পুস্তক। [স. পুস্তক্‌> পুত্থঅ> পোথা, তুল. পুস্তিকা>পুত্থিয়া>পুথি]

পোদ *বি* বাঙালি হিন্দু সম্প্রদায়বিশেষ; পৌণ্ড্র ক্ষত্রিয়। [স. পুণ্ড্র>]

পোদ্দার, পোতদার *বি* ১ মহাজন; কুসীদজীবী; যে সুদে টাকা ধার দেয়। ২ মুদ্রাগণক ও পরীক্ষক; মুদ্রার কৃত্রিমতা ও অকৃত্রিমতা পরীক্ষাকারী। ৩ যে বাটা নিয়ে টাকা ভাঙ্গিয়ে দেয়। ৪ যারা সোনা-রুপা বেচাকেনা করে। [আ. ফূতহ্‌+ফা. দার]। **পোদ্দারি** *বি* ১ পোদ্দারের কর্ম বা বৃত্তি; মহাজনী। ২ (ব্য.) কর্তাপনা; মোড়লিপনা।

পোনা, পোণা *বি* ১ রুই কাতলা মৃগেল শোল গজার ইত্যাদি মাছের বাচ্চা। ২ রুই কাতলা প্রভৃতি মাছ। [স. পোতাধান>]

পোয়া[১]**, পো** *বি* ১ চার ভাগের এক ভাগ; সিকি। ২ এক সেরের এক-চতুর্থাংশ। [স. পাদ]। **পোয়াটাক** *বিণ* এক পোয়ার মতো; এক ক্রোশ বা দুই মাইলের চার ভাগের একভাগ পরিমাণ। **পোয়াবারো** *বি* ১ পাশা খেলার একটি দান। ২ (আল.) পরম সৌভাগ্য; বিশেষ মূল্যবান প্রাপ্তি। **চারপোয়া, চারপো** *বিণ* সম্পূর্ণ; সমগ্র; পরিপূর্ণ; পুরাপুরি।

পোয়া[২] *বি* ঢেঁকির কাতলা; যে কাষ্ঠখণ্ডদ্বয়ের উপর ঢেঁকি ভর দিয়ে থাকে ও ওঠানামা করে।

পোয়া[৩] *বি* মসলা গুড় ময়দাদি যোগে প্রস্তুত তেলে ভাজা খাদ্যবিশেষ।

পোয়াতি *বি* ১ প্রসূতি। ২ নবজাত সন্তানের মাতা। ৩ অন্তঃসত্ত্বা; গর্ভিণী। [স. পুত্রবতী>]

পোর *বি* গোয়ালঘরের মশা পোকা ইত্যাদি তাড়াবার জন্য যে ধোঁয়া দেওয়া হয়।

পোরা, পুরা *ক্রি* ১ পূর্ণ করা; ভরা। ২ প্রবেশ করানো; ঢুকানো। ৩ আবদ্ধ করা; আটক করা। ৪ ফুঁ দিয়ে বাজানো। ৫ পূর্ণ হওয়া; সফল হওয়া। □ *বি* উক্ত সকল অর্থে। □ *বিণ* ১ পূরিত। ২ প্রবেশিত। ৩ আবদ্ধ। [স. √পূর্‌]

পোল *বি* পুল। **পোলসারাত, পুলসিরাত** *বি* মুসলিম ধর্মমতে পরলোকের সাঁকোবিশেষ। [ফা. পুল+আ. সিরাৎ]

পোলা *বি* ছেলে; পুত্র। [আঞ্চলিক]

পোলাও *বি* ঘৃতপক্ব অন্ন। [ফা. পলাও, তুল. স. পলান্ন]

পোলো *বি* অশ্বারোহীদের বন্দুক ক্রীড়াবিশেষ; ঘোড়ায় আরোহণপূর্বক হকির মতো এক প্রকার খেলা।

পোশ *বি* ১ পরিধানকারী। ২ যা দিয়ে কোনো কিছু ঢাকা যায়। ৩ আচ্ছাদন। [ফা. পোশ্‌]

পোশাক *বি* পরিচ্ছদ; বেশ। [ফা. পোশাক]

পোশাকি *বিণ* ১ পোশাক-সম্বন্ধীয়। ২ সভ্য সমাজের রীতি ও রুচি অনুযায়ী। ৩ বিশেষ অনুষ্ঠান উপলক্ষে পরিধেয়। ৪ বাহ্য। [ফা.]। **পোশাকি ভদ্রতা** *বি* (ব্য.) লোক দেখানো ভদ্রতা; ভদ্রতার মুখোশ।

পোষ *বি* বশ্যতা; অধীনতা স্বীকার; পালকের বশ্যতা। [স. √পুষ্‌]। **পোষমানা** *বিণ* বশ্যতা স্বীকার করে এমন।

পোষক *বিণ* ১ পোষণকারী; পালক। ২ সহায়ক। ৩ সমর্থক। ৪ পুষ্টিসাধক; পুষ্টিকর। [স. √পুষ্‌+অক]। **পোষকতা** *বি* ১ সহায়তা। ২ সমর্থন; অভিন্ন মত পোষণ। ৩ সহায়ক; প্রমাণ।

পোষণ *বি* ১ পালন। ২ পুষ্টি; বর্ধন। ৩ মনে ধারণ। [স. √পুষ্‌+অন]। **পোষণীয়, পোষ্য** *বিণ* ১ পোষণের যোগ্য; পালনীয়। ২ প্রতিপাল্য।

পোষা *ক্রি* ১ পালন করা। ২ বশে এনে পালন করা। □ *বি* উক্ত সকল অর্থে। □ *বিণ* প্রতিপালিত; পোষ মেনেছে এমন। **পোষা কুকুর** *বি* ১ পোষ মেনেছে এমন কুকুর। ২ (ব্য.) একান্ত বশংবদ ব্যক্তি; অত্যন্ত অনুগত লোক; দাসানুদাস।

পোষানো *বি* সংকুলান হওয়া; আঁটানো; কুলানো। □ *ক্রি* ১ বনিবনা হওয়া। ২ অন্যের দ্বারা পালন করানো; প্রতিপালন করা। [স. √পুষ্‌>]

পোষিত *বিণ* ১ পালিত; প্রতিপালিত। ২ বর্ধিত; পুষ্ট। [স. √পুষ্‌+ত]

পোষ্টা(-ষ্টৃ) *বিণ* ১ পোষক; পোষণকারী। ২ প্রতিপালক। [স. √পুষ্‌+তৃ]

পোষ্টাই *বিণ* পুষ্টিকর; বলকারক। □ *বি* পুষ্টি। [স. পুষ্ট> বা. আই]

পোষ্য *বিণ* পালনের যোগ্য; প্রতিপাল্য; পোষণীয়। [স. √পুষ্+য]। ❑ *বি* পালনীয় ব্যক্তিগণ; প্রতিপাল্য লোকেরা; পরের অন্নে পালিত ব্যক্তিবর্গ। **পোষ্যপুত্র** *বি* দত্তক পুত্র; নিজের সন্তানরূপে গৃহীত ও প্রতিপালিত অন্যের সন্তান।

পোস্ট, পোষ্ট *বি* ১ চিঠি; পুস্তক; কাগজের পুলিন্দা প্রভৃতি এক স্থান থেকে অন্য স্থানে বিলির সরকারি ব্যবস্থা। ২ ডাক। ৩ খাম; খুঁটি। ৪ পদ। [ই.]। **পোস্ট অফিস** *বি* ডাকঘর; পত্রাদি প্রেরণের ও প্রাপ্তির স্থান। **পোস্টকার্ড** *বি* ডাকঘরের চিত্রাঙ্কিত পত্র লিখবার নির্দিষ্ট আকার ও ওজনের কাগজবিশেষ। **পোস্ট গ্রাজুয়েট** *বি, বিণ* প্রথম ডিগ্রির পরবর্তী স্তর; বি. এ., বি. এস-সি., বি. কম. প্রভৃতি উপাধি লাভের পর বা পরবর্তী। **পোস্টমাস্টার** *বি* ডাকঘরের ভারপ্রাপ্ত প্রধান কর্মচারী। **বুকপোস্ট** *বি* ডাকে পাঠাবার জন্য দুই মুখ খোলা পুস্তকের বা পত্রপত্রিকাদির পুলিন্দাবিশেষ; ডাকে পাঠাবার মুদ্রিত কাগজ ও পত্রিকার প্যাকেট। **বেয়ারিং পোস্ট** *বি* ১ বিনা মাসুলে বা ডাকটিকেট ছাড়া যা ডাকে প্রেরণ করা হয় এবং প্রাপককে যার জন্য দ্বিগুণ মাসুল দিতে হয়। ২ (ব্য.) অন্যের উপর নির্ভরশীলতা। **ভি. পি. পোস্ট, ভি. পি.** *বি* যা প্রাপককে মূল্য দিয়ে নিতে হয়। **ল্যাম্পপোস্ট** *বি* রাস্তায় বাতি দেওয়ার জন্য প্রোথিত থাম বা খুঁটি।

পোস্টার *বি* প্রাচীরপত্র।

পোস্ত[১] *বি* ১ আফিম ফলের বীজ বা বিচি। ২ পশুর চামড়া। [ফা.]

পোস্ত[২], **পোস্তা** *বি* ১ দেহের বাঁধন। ২ গঞ্জ; আড়ত; বিক্রয়স্থল। ৩ দেয়াল বাঁধ ইত্যাদি দৃঢ় করবার জন্য গাঁথনি বা ঠেকনা। [ফা. পুশতহ্]

পোহানো, পোয়ানো *ক্রি* ১ ভোর হওয়া; সকাল হওয়া। ২ কাটানো; যাপন করা; অতিবাহিত করা। ৩ সেবন করা। ৪ সহ্য করা। [স. প্র+√ভা, প্রভা>পোহা> পোহা+বা. আনো/পোয়ানো]

পৌঁছা, পঁহুছা *ক্রি* ১ উপস্থিত হওয়া। ২ নাগাল পাওয়া। ❑ *বি* উক্ত সকল অর্থে। [হি. পহুঁচনা]। **পৌঁছানো** *ক্রি* ১ পৌঁছা। ২ নির্দিষ্ট স্থানে রেখে আসা। ❑ *বি* উক্ত সকল অর্থে।

পৌত্তলিক *বিণ* পুতুলপূজক; মূর্তিপূজাকারী। **পৌত্তলিকতা** *বি* মূর্তির উপাসনা। [স.]

পৌত্র *বি* ছেলের ছেলে; পুত্রের পুত্র বা তৎস্থানীয় ব্যক্তি; নাতি। **পৌত্রী** *বি* পুত্রের কন্যা বা তৎস্থানীয় নারী; নাতনি। [স. পুত্র+অ(অপত্যে)]

পৌনঃপুনিক *বিণ* পুনঃপুন ঘটে এমন; বারংবার সংঘটিত হয় এমন। [স. পুনঃ+ পুনঃ+ইক]। **পৌনঃপুনিক দশমিক** আবৃত্ত দশমিক। **পৌনঃপুনিকতা, পৌনঃপুন্য** *বি* বারংবার সংঘটন; বারংবার ঘুরে আসা; পুনঃপুন অনুবর্তন।

পৌনে *বিণ* একপাদ বা সিকি কম। [স. পাদোন>]

পৌর *বিণ* ১ পুরবাসী; নাগরিক। ২ নগর বা পুর-সংক্রান্ত; মিউনিসিপ্যাল। ৩ নাগরিক হিসেবে প্রাপ্য। [স.] **পৌরসভা** *বি* মিউনিসিপ্যালিটি; মিউনিসিপ্যাল কর্পোরেশন।

পৌরব *বিণ* পুরুরাজের বংশে উৎপন্ন; পুরুবংশীয়। [স. পুরু+অ(অপত্যে)]। **পৌরাঙ্গনা** *বি* পুরনারী; অন্তঃপুরবাসিনী। [স. পৌর+অঙ্গনা]

পৌরাণিক *বি* ১ পুরাণ-সংক্রান্ত। ❑ *বিণ* ১ পুরাতন; প্রাচীন। ২ পুরাণের বিষয়বস্তু অবলম্বনে রচিত। ৩ পুরাণ। [স. পুরাণ+ইক]

পৌরুষ *বি* ১ পুরুষজনোচিত ভাব ধর্ম বা আচার-ব্যবহার। ২ পুরুষকার। ৩ তেজ; বীর্য; পরাক্রম; বীরত্ব। ৪ পুরুষত্ব। ৫ পুরুষের রতিশক্তি। [স. পুরুষ+অ]

পৌরুষেয় *বিণ* ১ পুরুষসম্পর্কিত। ২ মনুষ্য রচিত; মনুষ্যকৃত। [স. পুরুষ+এয়]

পৌরোহিত্য *বি* ১ পুরোহিতের কর্ম বা বৃত্তি; যাজন ক্রিয়া; পুরোহিতগিরি। ২ সভাপতিত্ব; নেতৃত্ব। [স. পুরোহিত+য]

পৌর্ণমাসী *বি* ১ পূর্ণিমা তিথি; যে তিথিতে চাঁদের ষোলো কলা পূর্ণ হয়। ২ বৈষ্ণবশাস্ত্রে কৃষ্ণলীলা সংঘটয়িত্রী যোগমায়ার একটি রূপ। ৩ বৈষ্ণব সাহিত্যে বর্ণিত বর্ষীয়সী নারী। [স. পূর্ণমাস+অ+ঈ]

পৌর্বাপর্য *বি* ১ পূর্ব ও পর সম্বন্ধ। ২ অনুক্রম; আনুপূর্বিক। [স. পূর্বপর+য]

পৌর্বাহ্নিক *বিণ* ১ দ্বিপ্রহরের পূর্বকালীন; প্রাতঃকালীন। ২ পূর্বাহ্ণ-সংক্রান্ত। [স.]

পৌষ, পউষ *বি* বাংলা বৎসরের নবম মাস। [স. পৌষ]। **পৌষপার্বণ** *বি* পৌষ-সংক্রান্তি উপলক্ষে পিষ্টকাদি ভোজনের উৎসব; পৌষমাসে পিঠা ভক্ষণ-উৎসব। **পৌষা, পৌষে** *বিণ* ১ পৌষ-সংক্রান্ত। ২ পৌষ মাসে জাত।

পৌষালি, পৌষালী *বিণ* ১ পৌষ মাসে জন্মে বা প্রস্তুত হয় এমন। ২ পৌষমাস সম্বন্ধীয়।

প্যাঁক *বি* হংস এবং হাঁসের ডাক।

প্যাকবন্দি *বিণ* বাক্স বা অপর কোনো আধারে বিশেষভাবে আবদ্ধ। [ই.+ফা.]

প্যাকিং *বি* ১ কোনো কিছুর ভিতরে বিশেষভাবে বদ্ধ বা আবদ্ধকরণ। ২ মোড়ক; মোড়ানো অবস্থা।

প্যাচপ্যাচ, পচপচ *অব্য* জলকাদায় চলবার শব্দ বা জলকাদায় একাকার হয়ে যাবার ভাব। **প্যাচপ্যাচে, পচপচে** *বিণ* প্যাচপ্যাচ করে এমন।

প্যাটার্ন *বি* ছাঁচ; আদর্শ; নমুনা; দৃষ্টান্ত; আদল। [ই.]

প্যাডেল *বি* পায়ের চাপ দিয়ে চাকা ঘুরিয়ে যন্ত্র বা যান চালাবার পাদান। [ই.]

প্যান *বিণ* সর্ব। [ই.]। **প্যানইসলামবাদ** *বি* বিশ্বমুসলিম ঐক্যবাদ। **প্যানইসলামবাদী** *বিণ* বিশ্বমুসলিম ভ্রাতৃত্ব ও সংহতিবাদী।

প্যানপ্যান *অব্য* নাকি সুরে কান্নার ভাব; নাছোড়বান্দা হয়ে পুনঃপুন অনুনয়ের ভাবব্যঞ্জক। [স.]। **প্যানপ্যানানো** *বি* প্যানপ্যান করণ। **প্যানপেনে** *বিণ* প্যানপ্যান করার স্বভাবযুক্ত।

প্যান্ট *বি* ইউরোপীয় পায়জামাবিশেষ। [ই.]। **ফুলপ্যান্ট** *বি* গোড়ালি পর্যন্ত লম্বা ইউরোপীয় পায়জামা। **হাফপ্যান্ট** *বি* হাঁটু অবধি লম্বিত পায়জামা।

প্যান্টোমাইম *বি* কথা না বলে অঙ্গভঙ্গির দ্বারা গল্প ইত্যাদির কৌতুকাভিনয়; মূকাভিনয়। [ই.]

প্যান্ডেল *বি* বৃহত্তর জনসমাবেশ বা উৎসবের জন্য অস্থায়ীভাবে নির্মিত চাঁদোয়া বা শামিয়ানা ঢাকা স্থান। [তামিল থেকে ইংরেজিতে গৃহীত শব্দ pandal]

প্যারেড, প্যারেড *বি* ১ আড়ম্বর; সমারোহ। ২ সামরিক কুচকাওয়াজ; আনুষ্ঠানিক কুচকাওয়াজ। [ই.]

প্যাসেঞ্জার *বি* শকট বা কোনোরূপ যানের যাত্রী। ❑ *বিণ*

যাত্রীবাহী। **প্যাসেঞ্জার ট্রেন** *বি* যাত্রীবাহী ট্রেন বা রেলগাড়ি। [ই.]

প্র *অব্য*১ উপসর্গবিশেষ।উৎকর্ষ আধিক্য ব্যাপকতাপ্রভৃতি ভাবব্যঞ্জক উপসর্গ। [স.]

প্রকট *বিণ* ১ বিশেষরূপে ব্যক্ত; উৎকট। ২ প্রকাশ্য; প্রকাশিত। ৩ স্পষ্ট; মূর্ত; বিশদ। **প্রকটন** *বি* প্রকটকরণ বা প্রকাশকরণ। **প্রকটলীলা** *বি* কৃষ্ণের বৃন্দাবনে প্রকাশ্য লীলা। [স. প্র+√কট্+অ]

প্রকম্প, প্রকম্পন *বি* অত্যন্ত কম্পন। **প্রকম্পিত** *বিণ* বিশেষভাবে কম্পিত; প্রকম্পযুক্ত। [স. প্র+ √কম্প্+অ]

প্রকরণ *বি*১ প্রক্রিয়া; পদ্ধতি। ২ গ্রন্থের পরিচ্ছেদ; বইয়ের অংশবিশেষ। ৩ কোনো বিষয়ের সূত্রসমূহ। ৪ প্রসঙ্গ; আলোচ্য বিষয়। [স.]

প্রকর্ষ *বি* শ্রেষ্ঠত্ব; উৎকর্ষ; উন্নতি; শ্রীবৃদ্ধি; সমৃদ্ধি। [স. প্র–√কৃষ্+অ]। **প্রকর্ষণ** *বি* অনুশীলন। **চিৎপ্রকর্ষ** *বি* চিৎ শক্তির বিকাশ; মানসিক পরিণতি; সংস্কৃতি; culture।

প্রকল্প *বি*১ পরিকল্পনা; উপপত্তি; project। ২ যুক্তিতর্ক সমর্থিত অনুমান বা সিদ্ধান্ত; মত। [স.]

প্রকাণ্ড *বিণ*১ অত্যন্ত বৃহৎ; আজদাহা; মস্ত। ২ গাছের গুড়ি। [স.]

প্রকার *বি* ১ জাতি; শ্রেণী; ধরন। ২ রীতি; প্রণালী। ৩ প্রভেদ। [স.]। **প্রকারান্তর** *বি* অন্য প্রকার; অন্য রীতি; ভিন্ন প্রকার।

প্রকাশ, পরকাশ (পদ্যে) *বি*১ সাধারণের সম্মুখে প্রচার; জাহির; প্রদর্শন; ব্যঞ্জনা; ব্যক্তকরণ। ২ উদয়; বিকাশ। ৩ ফোটা; প্রস্ফুটন। ৪ মুদ্রণ করে বিক্রয়ের ব্যবস্থাকরণ। ❑ *বিণ* ব্যক্ত; বিজ্ঞাত; প্রচারিত। [স. প্রকাশ>(স্বরাগম) পরকাশ]। **প্রকাশক** *বি, বিণ* প্রকাশকারী। ❑ *বি* যিনি পুস্তকাদি ছাপিয়ে বিক্রয় বা বিতরণের জন্য প্রকাশ করেন। **প্রকাশন, প্রকাশনা** *বি* পুস্তকাদি প্রকাশকরণ। **প্রকাশনীয়** *বিণ* প্রকাশযোগ্য; প্রকাশের উপযুক্ত। **প্রকাশমান** *বিণ* ১ প্রকাশিত হচ্ছে এমন; প্রকাশ পাচ্ছে এরূপ। ২ পরিস্ফুট; বিশদ; স্পষ্ট; ব্যক্ত। **প্রকাশিত** *বিণ* ১ প্রকাশ করা হয়েছে এমন। ২ মুদ্রিত হয়ে বাজারে গেছে এমন। **প্রকাশিতব্য** *বিণ*১ যন্ত্রস্থ; প্রকাশ করতে হবে বা প্রকাশিত হবে এমন। ২ প্রকাশযোগ্য। **প্রকাশ্য** *বিণ* ১ প্রকাশযোগ্য; প্রকাশনীয়; প্রকাশের উপযুক্ত। ২ প্রকাশিত হবে এমন। ৩ সাধারণের অধিগম্য। ৪ খোলাখুলি; সকলের সম্মুখে কৃত। **প্রকাশ্য দিবালোক** *বিণ* দিনের বেলায় ও সর্বজনের দৃষ্টিগোচরভাবে। **প্রকাশ্যে** *ক্রিবিণ* সাধারণের সম্মুখে।

প্রকীর্ণ *বিণ*১ ছড়ানো; বিক্ষিপ্ত। ২ বিবিধ। [স. প্র+কীর্ণ]

প্রকুপিত *বিণ* অত্যন্ত রুষ্ট বা রাগান্বিত। [স.]

প্রকৃত *বিণ* সত্য; আসল; যথার্থ; বিশুদ্ধ; বাস্তবিক। [স. প্র+√কৃ+ত]। **প্রকৃতত্ব** *বি* প্রকৃত অবস্থা; সত্যতা। **প্রকৃতপক্ষে, প্রকৃত প্রস্তাবে** *ক্রিবিণ* আসলে; যথার্থভাবে; বস্তুত; বাস্তবিক। **প্রকৃতার্থ** *বি* আসল মানে; সত্য অর্থ; অন্তর্নিহিত তাৎপর্য।

প্রকৃতি *বি* ১ বাইরের জগৎ; নিসর্গ। ২ স্বভাব; চরিত্র; আচার–আচরণ; ব্যবহার। ৩ স্বভাবগত গুণাগুণ; ধর্ম। ৪ সৃষ্টির মূল বা আদিকারণ; আদ্যাশক্তি। ৫ সত্ত্ব রজঃ তমঃ—এ তিন গুণের আধার। ৬ নারী। ৭ মায়া; অবিদ্যা। ৮ প্রত্যয়হীন শব্দ। [স.]। **প্রকৃতিগত** *বিণ* স্বভাবগত; স্বভাবসিদ্ধ। **প্রকৃতিজ, প্রকৃতিজাত, প্রকৃতিসিদ্ধ** *বিণ* ১ স্বাভাবিকভাবে জাত; স্বভাবজাত। ২ নৈসর্গিক; প্রাকৃতিক। **প্রকৃতিপূজা** *বি* বৃক্ষ পর্বতাদি জড় প্রকৃতির আরাধনা। **প্রকৃতিবাদ** *বি* ১ প্রকৃতি দ্বারাই দুনিয়ার সৃষ্টি ও ধ্বংসে নিয়মে সাধিত হয়—এই মতবাদ। ২ জড়বাদ। ৩ শব্দের মূল ও অর্থের বিচার। **প্রকৃতিবিরুদ্ধ** *বিণ* স্বভাবগত নয় এমন; অস্বাভাবিক। **প্রকৃতিস্থ** *বিণ* ১ স্বাভাবিক অবস্থাপ্রাপ্ত। ২ ধাতস্থ। ৩ শান্ত।

প্রকৃষ্ট *বিণ*১ উত্তম; শ্রেষ্ঠ; উৎকৃষ্ট; পরম। ২ প্রশস্ত। [স. প্র+√কৃষ্+ত]। **প্রকৃষ্টতা, প্রকৃষ্টত্ব** *বি* ১ শ্রেষ্ঠত্ব। ২ প্রশস্ততা।

প্রকোপ *বি* ১ প্রাবল্য; আধিক্য। ২ অধিক ক্রোধ। [স. প্র+কোপ]। **প্রকোপন, প্রকোপণ** *বি* ১ উত্তেজনা। ২ ক্রুদ্ধকরণ; রাগানো। ৩ বৃদ্ধিকরণ; বাড়ানো। **প্রকোপিত** *বিণ* ১ রাগান্বিত; ক্রুদ্ধ। ২ উত্তেজিত। ৩ বাড়ছে এমন; বৃদ্ধিপ্রাপ্ত।

প্রকোষ্ঠ *বি* ১ ঘর; কক্ষ; কোঠা। ২ দরজার পার্শ্বস্থ কোঠা বা ঘর। ৩ মহল। ৪ কনুই থেকে মণিবন্ধ অবধি অংশ। [স. প্র+√কুষ্+থ]

প্রকৌশল *বি* শক্তির প্রয়োগ ও নিয়ন্ত্রণসংক্রান্ত ফলিত বিজ্ঞান; কৃৎকৌশলবিদ্যা; প্রযুক্তিবিদ্যা; engineering। **প্রকৌশলী** *বি* প্রকৌশলের বিভিন্ন শাখায় কাজ করেন এমন ব্যক্তি; engineer (পূর্তপ্রকৌশলী, যন্ত্রপ্রকৌশলী)।

প্রক্রিয়া *বি* কার্যসাধনের নিমিত্ত বিশেষ প্রণালী; কোনো কাজের পর্যায়ক্রমিক বিন্যাসধারা; প্রবহমান ধারা (সাংস্কৃতিক প্রক্রিয়া)। [স. প্র+ক্রিয়া]

প্রক্ষালন *বি* ধৌতকরণ; ধৌতকার্য। **প্রক্ষালিত** *বিণ* ধৌত; ধোয়া। [স. প্র+√ক্ষালি+অন]

প্রক্ষিপ্ত *বিণ* ১ নিক্ষিপ্ত; ছুড়ে ফেলা। ২ ভিতরে স্থাপন; অন্তর্নিবেশিত। ৩ মূল রচনায় অন্য কারও লেখা ঢুকানো হয়েছে এমন। [স.]

প্রক্ষেপ *বি*১ নিক্ষেপ; ক্ষেপণ। ২ অন্তরে স্থাপন। ৩ রচনার মধ্যে প্রক্ষিপ্ত অংশ। [স. প্র+√ক্ষিপ্+অ]। **প্রক্ষেপক** *বি, বিণ* প্রক্ষেপ করে যে; প্রক্ষেপণকারী। **প্রক্ষেপণ** *বি* প্রক্ষিপ্তকরণ। **প্রক্ষেপণীয়** *বিণ* প্রক্ষেপণের যোগ্য।

প্রখ্যাত *বিণ* প্রসিদ্ধ; বিখ্যাত; যশস্বী। [স.]

প্রগণ্ড *বি* বাহুর যে অংশ কাঁধ থেকে কনুই পর্যন্ত থাকে; কনুই থেকে কাঁধ অবধি বাহুর নাম। [স.]

প্রগত *বিণ*১ প্রস্থান করেছে এমন। ২ প্রস্থিত; মারা গেছে এরূপ; মৃত। ৩ পৃথগ্‌ভূত। ৪ বিযুক্ত। [স.]

প্রগতি *বি*১ সামাজিক অগ্রগতি; উন্নতি; সমৃদ্ধি। ২ চিন্তা ও কর্মের আধুনিকতা; বিজ্ঞান ও যুক্তিভিত্তিকতা। ৩ ক্রমোন্নতি। ❑ *বিণ* (গ.) সংখ্যায় নিয়মিত ক্রমবৃদ্ধি; নিয়মিতভাবে ক্রমবর্ধমান সংখ্যাশ্রেণী। [স.]। **প্রগতি–পন্থি/পন্থী, প্রগতিশীল** *বি* বর্তমানের পরিবর্তন ও উৎকর্ষ সাধনের ইচ্ছা যাঁরা পোষণ করেন; আধুনিক, বিজ্ঞানমনস্ক ও সমাজ–পরিবর্তনে যিনি বিশ্বাসী।

প্রগমন *বি* প্রস্থান; দূরে চলে যাওয়া; দূরে গমন। [স.]

প্রগলভ *বিণ* ১ ধৃষ্ট; নির্লজ্জ। ২ সপ্রতিভ; অকুণ্ঠিত; দ্বিধাহীন; নির্ভীক; অত্যন্ত সাহসী। ৩ নিঃসংকোচে বা নির্লজ্জভাবে কথা বলে এমন। [স.]। **প্রগলভতা** *বি*

ঔদ্ধত্য; নির্লজ্জতা; অশিষ্টতা।
প্রগাঢ় *বি* অত্যন্ত গাঢ়। ❑*বিণ* ১ নিবিড়। ২ গভীর। [স.]। **প্রগাঢ়তা** *বি* নিবিড়তা; গভীরতা; অতিশয় গাঢ়তা।
প্রচণ্ড *বিণ* ১ প্রখর; তীব্র; কড়া; অত্যন্ত উগ্র। ২ দুর্ধর্ষ। ৩ প্রবল। ৪ ভীষণ; ভয়ানক। ৫ অসহনীয়; অসহ্য। [সং. প্র+ চণ্ড]। **প্রচণ্ডতা** *বি* ১ প্রখরতা। ২ ভীষণ। ❑*বিণ* ১ উগ্রতা। ২ উষ্ণতা। **প্রচণ্ড মূর্তি** *বিণ* উগ্রমূর্তি; ভয়ঙ্কর মূর্তি।
প্রচলন *বি* ১ প্রবর্তন; যা চালু করা হয়েছে। ২ চলন; প্রচল; চলছে এমন। ৩ প্রচার। **প্রচলিত** *বিণ* ১ প্রচলন বা প্রবর্তন করা হয়েছে এমন। ২ প্রবর্তিত। ৩ চালু; চলিত। [স. প্র+চল্+অন]
প্রচার *বি* ১ ঘোষণা; সর্বসাধারণকে জানানো। ২ প্রকাশ। ৩ বিজ্ঞপ্তি। ৪ চালু করার উদ্দেশ্যে বিজ্ঞপ্তি দান। ৫ রটনা। ৬ প্রচলন। [স.]। **প্রচারক** *বিণ* প্রচার করে এমন; প্রচারকারী। **প্রচারণ, প্রচারণা** *বি* প্রচার; প্রচারের কাজ। **প্রচারিত** *বিণ* প্রচার করা হয়েছে এমন; রটনাকৃত; সর্বসাধারণ্যে বিজ্ঞাপিত বা ঘোষিত।
প্রচার্য *বিণ* প্রচারযোগ্য; প্রচারের উপযুক্ত। [স. প্রচার+য]
প্রচুর *বিণ* ১ প্রয়োজনানুরূপ; যথেষ্ট; পর্যাপ্ত। ২ (অর্থান্তরে) অনেক; বহু; ঢের; প্রভূত; প্রয়োজনাতিরিক্ত। ৩ প্রাচুর্য। [স.]
প্রচেতা *বিণ* ১ প্রশস্তচিত্ত; জ্ঞানবান; পণ্ডিত; বিজ্ঞ। ২ হৃষ্ট; আনন্দিত; সুখী; প্রশান্তচিত্ত। ❑*বি* ১ হিন্দু জলদেবতা বরুণ। ২ সমুদ্র। ৩ এক জাতীয় প্রজাপতি। [প্র+চেতস্+আ]
প্রচেষ্টা *বি* ১ প্রয়াস; বিশেষ চেষ্টা। ২ অধ্যবসায়। ৩ প্রচুর উদ্যম। [স.]
প্রচ্ছদ *বি* আবরণ; আচ্ছাদন; ঢাকনি। [স. প্র+√ছদ্+ণিচ্+অ]। **প্রচ্ছদপট** *বি* ১ আবরণের কাপড়; ঢাকবার কাগজ। ২ বইয়ের মলাট।
প্রচ্ছন্ন *বিণ* ১ আবৃত; ঢাকা। ২ গুপ্ত। ৩ লুক্কায়িত। [স. প্র+√ছদ্+ণিচ্+ত]। **প্রচ্ছন্নতা** *বি* গোপনতা; গোপনের ভাব; আবরণ। **প্রচ্ছন্নবেশ** *বি* ছদ্মবেশ। **প্রচ্ছাদন** *বি* ১ আবরণ। ২ উত্তরীয় বস্ত্র; চাদর; উড়ানি। ৩ আবরণ বস্ত্র। **প্রচ্ছাদিত** *বিণ* আবৃত; ঢাকা; আচ্ছাদিত।
প্রচ্ছায় *বি* ঘন ছায়া; ছায়াচ্ছন্ন স্থান। [স. প্র+ছায়া]
প্রজ *বি* পতি, স্বামী। [প্র-জন্+অ]
প্রজনন *বি* ১ সন্তান সৃষ্টি বা উৎপাদন বা প্রসব। ২ জন্মদান। [স. প্র+√জন্+ণিচ্+অন]। **প্রজন** *বি* পশুর গর্ভসঞ্চারকরণ। **প্রজনিকা** *বি* মাতা। **অভিপ্রজনন** *বি* জনসংখ্যা বিস্ফোরণ।
প্রজন্ম *বি* ১ বংশ পরম্পরার একটি ধাপ। ২ একই সময়ে জন্মগ্রহণকারী ব্যক্তিবর্গ। ৩ ত্রিশ বছরের মতো সময় যার মধ্যে কেউ জন্মাতে পারে, বিয়ে করতে পারে এবং সন্তান জন্ম দিতে পারে। ৪ উৎপাদন; সৃষ্টি; জন্ম; উদ্ভব। ৫ সন্তান; বংশধর।
প্রজা *বি* ১ জমিদারির অন্তর্গত জনগণ; রায়ত। ২ জনসাধারণ। ৩ ভাড়াটে। ৪ প্রাণিবর্গ। ৫ সন্তান-সন্ততি। [স.]। **প্রজাতন্ত্র** *বি* জনসাধারণের ভোটে নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা রাষ্ট্রশাসন ব্যবস্থা বা শাসিত রাষ্ট্র। **প্রজাতন্ত্রী** *বিণ* প্রজাতন্ত্রের আইনসমূহ দ্বারা শাসিত; প্রজাতন্ত্র আছে যে রাষ্ট্রে।
প্রজাত *বিণ* উৎপন্ন; প্রসূত। [স. প্র+জাত]
প্রজাতি *বি* ১ শ্রেণী; রকম; প্রকার। ২ (বৈ.) একই বৈশিষ্ট্যপূর্ণ প্রাণী-গোষ্ঠী (মানব প্রজাতি)।
প্রজাপতি *বি* ১ একজাতীয় বিচিত্র বর্ণের পক্ষযুক্ত ষট্‌পদী পতঙ্গ। ২ হিন্দু বিশ্বাসমতে জীববর্গের স্রষ্টা; বিধাতা। ৩ ব্রহ্মা।
প্রজ্ঞা *বি* ১ উৎকৃষ্ট বুদ্ধি। ২ প্রগাঢ় জ্ঞান; তত্ত্বজ্ঞান। [স.]। **প্রজ্ঞাচক্ষু** *বি* ১ জ্ঞানচক্ষু। ২ তত্ত্বজ্ঞান অর্জনের ক্ষমতা। **প্রজ্ঞাত** *বিণ* ১ বিশেষভাবে অবগত। ২ অত্যন্ত বিখ্যাত। **প্রজ্ঞান** *বি* ১ বিশেষ জ্ঞান; বুদ্ধি। ২ সম্যক জ্ঞান। ৩ চিহ্ন। **প্রজ্ঞাপক** *বি* যিনি বিশেষভাবে প্রচারকারী বা ঘোষণাকারী বা জ্ঞাপনকারী। **প্রজ্ঞাপন** *বি* notification-এর পরিভাষা। **প্রজ্ঞাপারমিতা** *বিণ* ১ জ্ঞানের পরাকাষ্ঠা। ২ দেবীরূপে কল্পিত। ৩ জ্ঞানের পরিপূর্ণতা। **প্রজ্ঞাবান** *বিণ* তত্ত্বজ্ঞানী; পণ্ডিত।
প্রজ্বলন *বি* ১ অত্যন্ত জ্বলন। ২ অত্যন্ত ঔজ্জ্বল্য বা দীপ্তি; প্রদীপন। [স.]। **প্রজ্বলন্ত** *বিণ* জ্বলছে এমন; জ্বলন্ত। **প্রজ্বলিত** *বিণ* জ্বলন্ত; দীপ্তিময়; প্রদীপ্ত। **প্রজ্বালন** *বি* আগুন জ্বালানো; প্রজ্বলিতকরণ। **প্রজ্বালিত** *বিণ* ভালোভাবে জ্বালানো হয়েছে এমন।
প্রটেস্টান্ট *বি* ষোলো শতকে মার্টিন লুথার প্রবর্তিত খ্রিস্টান ধর্মসম্প্রদায়বিশেষ। [ই.]
প্রণত *বিণ* প্রণাম বা নমস্কার করেছে এমন। ❑*বি* ১ যে নত হয়েছে। [স. প্র+নত]। **প্রণতি** *বি* সালাম; নমস্কার; শ্রদ্ধানিবেদন। ২ নত অবস্থা।
প্রণব *বি* ১ ওঁকার; হিন্দুগণ ওঙ্কার উচ্চারণ করে ঈশ্বরের পূজা বা আরাধনা করে। ২ হিন্দুমতে আদি ধ্বনি। ৩ বিষ্ণু। [স. প্র+√নু+অ]
প্রণয় *বি* ১ প্রেম; অনুরাগ; ভালোবাসা। ২ প্রীতি। ৩ সৌহার্দ্য। ৪ বন্ধুত্ব; মিত্রতা। [স.]
প্রণয়ন *বি* রচনা; নির্মাণ; তৈরি; প্রস্তুত। [স.]
প্রণয়ী(-য়িন্) *বি* ১ প্রেমপাত্র। ২ অনুরক্ত ব্যক্তি; প্রেমের যোগ্য পুরুষ বা নায়ক। ❑*বিণ* প্রেমিক; প্রেমপাত্র; প্রণয়াস্পদ। [স. প্র+√নী+অ+ঈন]। **প্রণয়িনী** *স্ত্রী*।
প্রণাম *বি* ১ হিন্দু ব্যবহারে নমস্কার। ২ প্রণতি; হস্ত বা মস্তক দ্বারা গুরুজনের চরণ স্পর্শ করে অভিবাদন। [স.]। **দণ্ডবৎ প্রণাম** *বি* লাঠির ন্যায় মাটিতে শুয়ে প্রণাম। **সাষ্টাঙ্গ প্রণাম** *বি* মস্তক চক্ষু হাত বক্ষঃস্থল জানু ও পা—মাটিতে বিস্তৃত করে বাক্য ও মনঃসংযোগে প্রণতি।
প্রণামী *বি* ১ হিন্দুদের প্রতিমা পুরোহিত প্রভৃতিকে আরাধনা বা প্রণামের সময়ে যে দক্ষিণা দেওয়া হয়। ২ নজরানা; সালামি। ❑*বিণ* প্রণামের সময়ে দেয় শ্রদ্ধা বা সম্মান প্রদর্শনের জন্য দেয় অর্থ বা উপহার।
প্রণালী *বি* ১ নর্দমা; পানিপ্রবাহ নিষ্কাশনের নালা; জলনালী। ২ (ভূ.) দুটি সাগর বা মহাসাগরকে সংযোগকারী সংকীর্ণ জলভাগ। ৩ পদ্ধতি; রীতি। ৪ কার্যক্রম; কর্মপদ্ধতি। [স.]
প্রণিধান *বি* ১ বিশেষভাবে মনোনিবেশ; অভিনিবেশ। ২ ধ্যান। ৩ অর্পণ; প্রদান; স্থাপন। [স. প্র+নিধান]
প্রণিপাত *বি* ১ প্রণাম। ২ ভূমিতে শুয়ে পড়ে প্রণাম। [স. প্র+নি+√পত্+অ]
প্রণীত *বিণ* রচিত; কৃত; প্রস্তুত; নির্মিত; লিখিত। [স প্র+√নী+ত]

প্রণোদন *বি* ১ প্রেরণা বা উৎসাহ দান। ২ প্ররোচনা। ৩ নিয়োজন। [স. প্র+√নুদ্+ণিচ্+অন]। **প্রণোদনা** *বিণ* অনুপ্রেরণা; প্ররোচনা। **প্রণোদিত** *বিণ* প্রণোদন-প্রাপ্ত বা প্রদত্ত; প্রেরণা বা উৎসাহ বা প্ররোচনা পেয়েছে এমন।

প্রতপ্ত *বিণ* উত্তপ্ত; অত্যন্ত তপ্ত। [স.]

প্রতর্ক *বি* ১ সন্দেহ; ধারণা; অনুমান। ২ বিচার; সিদ্ধান্ত। [স. প্র+তর্ক]। **প্রতর্ক্য** *বিণ* সিদ্ধান্ত বিচার বা অনুমান দ্বারা ঠিক করা যায় এমন।

প্রতাপ *বি* ১ পরাক্রম; বীরত্ব; প্রবল শক্তি; প্রচণ্ড ক্ষমতা। ২ প্রভাব; তেজ। ৩ উষ্ণতা; উত্তাপ। [স.]

প্রতারক *বি* জুয়াচোর; প্রবঞ্চক; ফেরেববাজ; শঠ; ধূর্ত। [স.]

প্রতারণা, প্রতারণ *বি* প্রবঞ্চনা; ছলনা; ঠকামি; শঠতা; জুয়াচুরি। [স. প্র+√তারি+অন/+আ]। **প্রতারিত** *বিণ* প্রবঞ্চিত।

প্রতি *অব্য* ১ উপসর্গবিশেষ। ২ উপর; বিষয়ে। ৩ দিকে। ৪ প্রত্যেক; সমগ্র। ৫ পরিবর্ত; বদল। ৬ পাল্টা; বিপরীত। ৭ সমীপ; নিকটবর্তী। ৮ বিপরীত; উল্টা; বিরুদ্ধ; বিরোধী; শত্রুতা। ৯ অনুরূপ; সদৃশ। ১০ উদ্দেশ্য। ১১ তুল্য; সমান। [স.]

প্রতিকার *বি* ১ প্রতিবিধান। ২ প্রতিশোধ; প্রতিহিংসা বা অন্যায়কারীর অনিষ্টসাধন। ৩ দমন; সংযম। ৪ নিবারণ; নিষেধ; নিষিদ্ধকরণ। [স.]। **প্রতিকারক** *বিণ* প্রতিকারকারী; প্রতিবিধানকারী; প্রতিশোধ গ্রহণকারী।

প্রতিকূল *বিণ* ১ বিরুদ্ধ; বিরোধী। ২ বিপরীত; উল্টা। ৩ বিপক্ষ; শত্রু। ৪ বাম। ৫ বৈরিতাযুক্ত; শত্রুতাপূর্ণ। ৬ অননুকূল। [স.]। **প্রতিকূলতা** *বি* বিরুদ্ধতা; বিপক্ষতা।

প্রতিকৃতি *বি* ১ প্রতিমূর্তি; কারও দেহের ছবি। ২ প্রতিকার; প্রতিবিধান। [স.]

প্রতিক্রিয়া *বি* ১ প্রয়োগের ফলে যে ক্রিয়া শুরু হয়। ২ উত্তেজনাদির শেষে উপস্থিত অবসন্নতা। ৩ প্রগতিবিরোধী কার্য। ৪ প্রতিবিধান। **প্রতিক্রিয়াশীল** *বিণ* প্রগতিবিরুদ্ধ।

প্রতিক্ষণ *ক্রিবিণ* ১ ক্ষণে ক্ষণে; প্রতি মুহূর্তে। ২ সর্বদা। [স.]

প্রতিগ্রহ *বি* ১ দান গ্রহণ। ২ প্রদত্ত বা দেয় বস্তু। ৩ স্বীকার। ৪ প্রতিজ্ঞা; অঙ্গীকার। ৫ (জ্যো-শা) বিরুদ্ধ বা প্রতিকূল গ্রহ। [স.]। **প্রতিগ্রহণ** *বি* ১ দান গ্রহণ; দত্ত বস্তু গ্রহণ। ২ স্বীকার। **প্রতিগ্রহণীয়** *বিণ* প্রতিগ্রহণের উপযুক্ত। [স. প্রতি+√গ্রহ্+ণিচ্+অ]। **প্রতিগ্রাহ্য** *বিণ* দান হিসেবে গ্রহণ করার যোগ্য দানরূপে গ্রহণীয়।

প্রতিঘাত *বি* প্রত্যাঘাত; আঘাতের বদলে আঘাত দান। [স.]। **প্রতিঘাতন** *বি* বধ; সংহার; ধ্বংস; নাশ। **প্রতিঘাতী(-তিন্)** *বিণ* বধকারী; হননকারী; সংহারকারী।

প্রতিচ্ছায়া *বি* ১ প্রতিবিম্ব; ছায়া। ২ প্রতিকৃতি; প্রতিমূর্তি। ৩ সাদৃশ্য; প্রতিরূপ। [স. প্রতি+ছায়া]

প্রতিজ্ঞা *বি* ১ সংকল্প। ২ শপথ; অঙ্গীকার; প্রতিশ্রুতি; ওয়াদা। ৩ (জ্যা.) প্রতিপাদ্য সম্পাদ্য বা উপপাদ্য বিষয়। [স. প্রতি+√জ্ঞা+অ]। **প্রতিজ্ঞাত** *বিণ* ১ অবধারিত; নিশ্চয়কৃত। ২ সংকল্পিত। ৩ অঙ্গীকৃত। ৪ প্রতিশ্রুত; স্বীকৃত। ৫ সিদ্ধান্ত করা হয়েছে এমন; প্রস্তাবিত। **প্রতিজ্ঞাপত্র** *বি* অঙ্গীকারপত্র; প্রতিজ্ঞার লিখিত দলিল; একরারনামা। **প্রতিজ্ঞাবাক্য** *বি* প্রতিজ্ঞা করা হয়েছে এমন বাক্য। **প্রতিজ্ঞেয়** *বিণ* ১ প্রতিজ্ঞার বিষয়। ২ প্রতিশ্রুতিযোগ্য।

প্রতিদান *বি* ১ দানের বদলে দান। ২ ফেরত; প্রত্যর্পণ। ৩ পরিশোধ। [স.]

প্রতিদিন *ক্রিবিণ* দিন দিন; প্রত্যহ; রোজ। [স.]

প্রতিদ্বন্দ্ব, প্রতিদ্বন্দ্বিতা *বি* ১ প্রতিপক্ষতা; পরস্পরের দ্বন্দ্ব বা কলহ বা বিরোধ। ২ প্রতিযোগিতা। ৩ অপরের সঙ্গে শক্তিপরীক্ষা বা সমকক্ষতা। [স.]। তুল. প্রতিযোগিতা। **প্রতিদ্বন্দ্বী** *বি, বিণ* প্রতিদ্বন্দ্বকারী; প্রতিযোগী।

প্রতিধ্বনি *বি* ১ শব্দ প্রতিহত হয়ে যে ধ্বনির সৃষ্টি করে। ২ সদৃশ শব্দ। ৩ (আল.) নকল; অন্যের উক্তির সদৃশ বা সমর্থক উক্তি। [স.]। **প্রতিধ্বনিত** *বিণ* ১ প্রতিধ্বনি দ্বারা অনুরণিত। ২ প্রতিধ্বনি সৃষ্ট হয়েছে এমন।

প্রতিনিধি *বি* ১ মুখপাত্র; প্রতিভূ; নায়েব। ২ জামিন। ৩ কারও পরিবর্তে কাজ করার জন্য নিযুক্ত ব্যক্তি; কায়েম মকাম। ৪ বদলি। ৫ অনুকল্প। [স. প্রতি+নি+√ধা+ই]। **প্রতিনিধিত্ব** *বি* প্রতিনিধির কাজ বা কার্যফল।

প্রতিনিবৃত্ত *বিণ* প্রত্যাবৃত্ত; ফিরে এসেছে এমন। [স.]। **প্রতিনিবৃত্তি, প্রতিনিবর্তন** *বি* ১ প্রত্যাবর্তন; ফিরে আসা। ২ নিরস্ত হওয়া।

প্রতিনিয়ত *ক্রিবিণ* সর্বদা; সদাসর্বদা; নিরন্তর। [স.]

প্রতিপক্ষ *বি* ১ শত্রুপক্ষ। ২ বাদী। [স.]

প্রতিপত্তি *বি* ১ সম্মান; মর্যাদা। ২ প্রতিষ্ঠা। ৩ প্রভাব। ৪ শক্তি; ক্ষমতা। ৫ প্রমাণ; নিশ্চয়াত্মক হেতু। [স প্রতি+√পদ্+তি]। **প্রতিপত্তিশীল** *বিণ* প্রতিপত্তিসম্পন্ন।

প্রতিপদ *বি* শুক্লপক্ষের বা কৃষ্ণপক্ষের প্রথম তিথি। [স. প্রতি+√পদ্+ক্বিপ্]

প্রতিপন্ন *বিণ* ১ প্রমাণসিদ্ধ; যুক্তিতর্ক দ্বারা সমর্থিত। ২ অবধারিত। ৩ প্রাপ্ত। ৪ প্রতিশ্রুত। [স. প্রতি+√পদ্+অ]

প্রতিপাদন *বি* ১ অবধারণ; সিদ্ধান্ত গ্রহণ। ২ নির্ণয়; নির্ধারণ; নিরূপণ। ৩ মীমাংসা। ৪ সম্পাদনা। ৫ প্রতিপন্নকরণ। **প্রতিপাদক** *বিণ* প্রতিপাদনকারী; নিরূপক; অবধারক। **প্রতিপাদনীয়, প্রতিপাদ্য** *বিণ* প্রতিপাদনের উপযুক্ত বা যোগ্য।

প্রতিপালন *বি* ১ পালন; পোষণ; লালন। ২ রক্ষণ; রাখা। ৩ রক্ষণাবেক্ষণ। [স.]। **প্রতিপালক** *বি, বিণ* পালনকর্তা; প্রতিপালনকারী। ❑ *বিণ* রক্ষণাবেক্ষণকারী। **প্রতিপালনীয়, প্রতিপাল্য** *বিণ* ১ প্রতিপালন করতে হবে এমন; পোষণ বা রক্ষণের যোগ্য। ২ প্রতিপালনের উপযুক্ত। **প্রতিপালিত** *বিণ* পোষিত ও পালিত; লালনপালন করা হয়েছে এরূপ।

প্রতিপোষণ *বি* ১ সমর্থন। ২ সাহায্য; সাহায্যকরণ। [স.]। **প্রতিপোষক** *বিণ* ১ সমর্থনকারী; সমর্থক। ২ দুষ্কর্মের জন্য উপযুক্ত ফল। ৩ প্রতিশোধ; শাস্তি; সাজ। [স.]

প্রতিফলন *বি* আয়না প্রভৃতিতে পতিত আলোকের প্রত্যাবর্তন; প্রতিবিম্বন। [স. প্রতি+√ফল্+অন]

প্রতিবন্ধ *বি* অন্তরায়; বাধা। [স. প্রতি+√বন্ধ্+অ]। **প্রতিবন্ধক** *বিণ* ১ বাধাজনক; বাধাযুক্ত। ২ *বি* বাধা; অন্তরায়। **প্রতিবন্ধী** *বিণ* বাধাযুক্ত; বিকলাঙ্গ; বিকল; অক্ষম; বাধাজনক (মানসিক প্রতিবন্ধী)।

প্রতিবাদ *বি* ১ কোনো উক্তির বিরুদ্ধে বলা। ২ আপত্তি

জানানো। ৩ খণ্ডনের নিমিত্ত বিরুদ্ধ যুক্তি; বিতর্ক। [স. প্রতি+√বাদ্+অ]। **প্রতিবাদী**(-দিন্) *বি,বিণ*১ বিরুদ্ধবাদী। ২ আসামি; বিবাদী। ৩ প্রতিপক্ষ। ৪ যে প্রতিবাদ করে।

প্রতিবাসী(-সিন্) *বি,বিণ* পড়শি; প্রতিবেশী; নিকট বা পাশাপাশি বাসকারী। [স. প্রতি+√বস্+ইন্]

প্রতিবিধান *বি*১ প্রতিকার; নিবারণ; বাধাপ্রদান; নিবারণের উপায়। ২ প্রতিশোধ। ৩ দমন। [স.]। **প্রতিবিধিৎসা** *বি* প্রতিবিধানের ইচ্ছা।

প্রতিবিপ্লব *বি*১ কোনো বিপ্লবকে ব্যর্থ করে দেওয়ার জন্য পরবর্তীকালে রাজনৈতিক পরিবর্তন। ২ বিপ্লববিরোধী কাজ।

প্রতিবিম্ব *বি* আয়না প্রভৃতিতে পতিত বা প্রতিফলিত মূর্তি; প্রতিচ্ছায়া; ছায়া। [স.]। **প্রতিবিম্বন** *বি* প্রতিফলন। **প্রতিবিম্বিত** *বিণ*১ প্রতিফলিত। ২ প্রতিফলিত হয়েছে এমন।

প্রতিবেদন *বি*১ বিবরণী। ২ অভাব-অভিযোগ জ্ঞাপন। ৩ রিপোর্ট। [স. প্রতি+ √বিদ+ণিচ্+অন]

প্রতিবেশী(-শিন্) ১ *বি,বিণ* পড়শি; প্রতিবাসী। ২ নিকটবর্তী স্থানে বসবাসকারী। [স. প্রতি+√বিশ্+ইন্]

প্রতিভা *বি* ১ তীক্ষ্ণবুদ্ধি; অনন্যসাধারণ বুদ্ধি। ২ প্রত্যুৎপন্নমতিত্ব। ৩ নির্মাণক্ষম বুদ্ধি বা প্রজ্ঞা; উদ্ভাবনী-বুদ্ধি। ৪ অসাধারণ সৃজনীশক্তি। ৫ প্রভা; ঔজ্জ্বল্য; দীপ্তি। [স. প্রতি+√ভা+অ]। **প্রতিভাশালী** *বিণ* প্রতিভার অধিকারী; প্রতিভাযুক্ত; প্রতিভা আছে এমন।

প্রতিভাত *বিণ*১ প্রকাশিত। ২ স্পষ্টরূপে উক্ত বা প্রকাশিত। ৩ জ্ঞাত; অবগত। ৪ আলোকিত; উদ্ভাসিত। ৫ প্রতিফলিত হয়েছে এমন। [স. প্রতি+√ভা+ত]

প্রতিভাস *বি* দীপ্তি; ঔজ্জ্বল্য। [স. প্রতি+√ভাস্+অ]। **প্রতিভাসিত** *বিণ* দীপ্ত; উজ্জ্বল; আলোকিত।

প্রতিভূ *বি*১ জামিন। ২ প্রতিনিধি। [স. প্রতি+√ভূ+ক্বিপ্]

-প্রতিম *বিণ* তুল্য; সদৃশ; ন্যায়; মতো (অনুজপ্রতিম)।

প্রতিমা *বি*১ প্রতিকৃতি; প্রতিমূর্তি। ২ হাতে তৈরি মাটির কল্পিত মূর্তি। ৩ দেবমূর্তি; দেববিগ্রহ। [স. প্রতি+√মা+অ (কর্মবাচ্যে)]

প্রতিমুহূর্ত *ক্রিবিণ* সর্বদা; প্রতিক্ষণ। [স.]

প্রতিমূর্তি *বি*১ প্রতিকৃতি; প্রতিচ্ছবি। ২ অনুরূপ বা সদৃশ মূর্তি। ৩ কল্পিত মূর্তি; প্রতিমা। [স.]

প্রতিযোগ *বি*১ বিরোধ। ২ প্রতিদ্বন্দ্বিতা। ৩ শত্রুতা। [স.]

প্রতিযোগী(-গিন্) *বি,বিণ*১ প্রতিদ্বন্দ্বী। ২ সমকক্ষ। ৩ বিপক্ষ। ৪ পরস্পর ক্ষমতা বা শক্তি পরীক্ষাকারী। ৫ বিরোধী। [স.]। **প্রতিযোগিতা** *বি* প্রতিদ্বন্দ্বিতা; বিরুদ্ধতা।

প্রতিরক্ষা *বি* প্রতিরোধ; বাধাদান। [স.]

প্রতিরূপ *বি* ১ প্রতিমূর্তি; প্রতিকৃতি। ২ প্রতিবিম্ব। ৩ সাদৃশ্য। ❑*বিণ* তুল্য। [স.]

প্রতিরোধ *বি* ১ নিরোধ। ২ নিবারণ। ৩ বাধাদান। ৪ প্রতিবন্ধ। ৫ আটক। ৬ ব্যাঘাত। [স.]। **প্রতিরোধক, প্রতিরোধী**(-ধিন্) *বিণ* প্রতিরোধকারী; নিবারণকারী। **প্রতিরোধিত, প্রতিরুদ্ধ** *বিণ* প্রতিরোধ করা হয়েছে এমন।

প্রতিলিপি *বি* লেখা ছবি প্রভৃতির হুবহু নকল। [স.]

প্রতিলোম *বিণ*১ উল্টা; বিপরীত। ২ বিরুদ্ধ; প্রতিকূল। [স. প্রতি+লোমন্+অ]। **প্রতিলোম বিবাহ** *বিণ* নিম্নবংশীয় পুরুষের সহিত উচ্চ বংশীয়া স্ত্রীলোকের বিবাহ।

প্রতিশব্দ *বি* ১ সমার্থক শব্দ। ২ প্রতিধ্বনি; অনুরূপ ধ্বনি। [স.]

প্রতিশোধ *বি* অন্যায়কারীর ক্ষতিসাধন; শত্রু নির্যাতন; হিংসার পরিবর্তে হিংসা; প্রতিহিংসা। [স.]

প্রতিশ্রুত *বিণ*১ প্রতিজ্ঞাবদ্ধ। ২ প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এমন। [স. প্রতি+√শ্রু+ত]

প্রতিশ্রুতি *বি* প্রতিজ্ঞা; অঙ্গীকার; নিশ্চয়াত্মক স্বীকৃতি। **প্রতিশ্রুতিশীল** *বিণ* ভবিষ্যৎ উন্নতির সম্ভাবনা আছে এমন। [স. প্রতি+√শ্রু+অ+ই]

প্রতিষেধ *বি*১ নিবারণ; বারণ। ২ নিষেধ। ৩ বর্জন। [স. প্রতি+√সিধ্+অ]। **প্রতিষিদ্ধ** *বিণ* প্রতিষেধ করা হয়েছে এমন; নিবারিত; বারিত; নিষিদ্ধ। **প্রতিষেদ্ধা** *বি,বিণ* নিষেধকারী; নিবারণকারী; নিবারক। **প্রতিষেধক** *বিণ*১ নিবারক; নিষেধকারী। ২ বিষক্রিয়ানাশক ঔষধ।

প্রতিষ্ঠা *বি*১ মর্যাদা; গৌরব; প্রতিপত্তি। ২ সংস্থাপন। ৩ উৎসর্গ। ৪ উদ্‌যাপন। ৫ অবস্থান; স্থিতি। [প্রতি+√স্থা+অ+আ]। **প্রতিষ্ঠাতা**(-তৃ) *বি,বিণ* প্রতিষ্ঠাকারী; যে প্রতিষ্ঠা করে।

প্রতিষ্ঠান *বি*১ সংস্থাপন। ২ অবস্থান; স্থিতি। ৩ সংগঠন; সংস্থা; সমিতি। ৪ সংস্থার গৃহ। [স.]। **প্রতিষ্ঠিত** *বিণ*১ প্রতিষ্ঠা করা হয়েছে বা প্রতিষ্ঠালাভ হয়েছে বা প্রতিষ্ঠালাভ করেছে এমন; প্রসিদ্ধ। ২ বদ্ধমূল।

প্রতিসরণ *বি* এক স্বচ্ছ পদার্থ থেকে অন্য পদার্থে ঢুকলে আলোকরশ্মির স্বাভাবিক গতিপথের যে পরিবর্তন হয়; refraction। **প্রতিসৃত** *বিণ*। **প্রতিসারণ** *বি* দূরীকরণ। [স.]

প্রতিহত *বিণ*১ প্রতিঘাতপ্রাপ্ত। ২ ব্যাহত; বাধাপ্রাপ্ত। ৩ আহত। ৪ নিবারিত। ৫ বিফলীকৃত। [স. প্রতি+√হন্+ত]

প্রতিহার *বি* ১ পরিহার; ত্যাগ; বর্জন। ২ সদর দরজা; সিংহদ্বার। [স.]। **প্রতিহারী** *বি* দৌবারিক; দারোয়ান।

প্রতিহিংসা *বি*১ শত্রু-নির্যাতন। ২ প্রতিশোধ। ৩ হিংসার বদলে হিংসা। [স.]

প্রতীক *বি*১ অবয়ব। ২ চিহ্ন; নিদর্শন; সঙ্কেত। ৩ প্রতিমা; প্রতিমূর্তি। ❑*বিণ* বিরুদ্ধ; প্রতিকূল। [স. প্রতি+√ই+ঈক]। **প্রতীকবাদ, প্রতীকতা, প্রতীকীবাদ** *বি* সাহিত্যে সঙ্কেতের সাহায্যে ভাব প্রকাশের পদ্ধতি।

প্রতীকী *বিণ* সাংকেতিক। [স.]

প্রতীক্ষা *বি*১ অপেক্ষা; ইনতিজার। ২ আশা; প্রত্যাশা। ৩ যা ঘটতে পারে সে বিষয়ের জন্য অপেক্ষা। [স. প্রতি+√ইক্ষ+অ+আ]। **প্রতীক্ষমাণ** *বিণ* প্রতীক্ষাকারী; প্রত্যাশা করে এমন। **প্রতীক্ষ্য** *বিণ*১ প্রতীক্ষার উপযুক্ত। ২ পূজ্য। **প্রতীক্ষিত** *বিণ* প্রতীক্ষা করা হয়েছে বা হচ্ছে এমন। [স. প্রতি+ইক্ষিত]। **প্রতীক্ষ্যমাণ** *বিণ* অপেক্ষা করা হচ্ছে এমন; অপেক্ষমান।

প্রতীচী *বি*১ পশ্চিম দিক। ২ পৃথিবীর পশ্চিম দিকে অবস্থিত দেশসমূহ। [স. প্রতি+√অন্চ্+ক্বিপ্+ঈ]। **প্রতীচ্য** *বিণ*১ পাশ্চাত্য; পশ্চিম দিকের দেশ সংক্রান্ত। ২ পশ্চিম দিকস্থ।

প্রতীতি *বি*১ জ্ঞান; বোধ; উপলব্ধি। ২ ধারণা; বিশ্বাস। [স. প্রতি+√ই+তি]। **প্রতীত** *বিণ* জ্ঞাত; অবগত; প্রতীতি জন্মেছে এরূপ।

প্রতীত্যসমুৎপাদ *বি* (বৌদ্ধমতে) নাম ও বস্তুরূপে রূপ

বেদনা সংজ্ঞা সংস্কার বিজ্ঞান—এই পঞ্চ স্কন্দ নামে কতকগুলি পদার্থকে আশ্রয় করে সেগুলো থেকে অন্য বস্তুর উৎপাদন বা উৎপত্তি। [স.]

প্রতীপ *বিণ* ১ (জ্যা.) সম্পূর্ণ বিপরীত দিকে অবস্থিত। ২ প্রতিকূল; উল্টা; বিপরীত। ৩ এক প্রকার কাব্যালঙ্কার। ৪ শান্তনুর পিতা। [স.]

প্রতীয়মান *বিণ* অনুভূত বা জ্ঞাত; বোধগম্য; আপাতদৃষ্ট। [স. প্রতি+√ই+শানচ্(=মান)]

প্রতুল *বি* ১ প্রাচুর্য। ২ বাহুল্য; বৃদ্ধি। ৩ প্রচুর। [প্র+√তুলা+অ]

প্রত্ন *বিণ* পুরাতন; প্রাচীন; পুরা। [স.]। **প্রত্নতত্ত্ব, প্রত্নতত্ত্ববিদ্যা** *বি* পুরাতত্ত্ব; প্রাচীনকালের মুদ্রা বা অট্টালিকা প্রভৃতির ধ্বংসাবশেষ বিচার করে তৎকালীন ইতিহাস আবিষ্কার। **প্রত্নতত্ত্ববিদ, প্রত্নবিৎ** *বি* যে প্রত্নতত্ত্বে অভিজ্ঞ। **প্রত্নতত্ত্বীয়** *বিণ* প্রত্নতত্ত্বসম্বন্ধীয়।

প্রত্যক্ষ *বিণ* ১ চাক্ষুষ; সাক্ষাৎ; ইন্দ্রিয়গোচর; দৃশ্য; দৃষ্ট। ২ স্পষ্ট। ❑ *বি* ১ ইন্দ্রিয়গ্রাহ্য জ্ঞান। ২ ইন্দ্রিয় দ্বারা অনুভূত বিষয় দর্শন। [স. প্রতি+অক্ষ]। **প্রত্যক্ষকারী** *বিণ* প্রত্যক্ষ করেছে এমন। **প্রত্যক্ষত** *অব্য* সম্মুখে; সাক্ষাৎভাবে। **প্রত্যক্ষদর্শন** *বি* স্বচক্ষে দর্শন। **প্রত্যক্ষদর্শী** *বিণ* স্বচক্ষে দর্শনকারী। **প্রত্যক্ষ প্রমাণ** *বি* ১ সাক্ষাৎ প্রমাণ। ২ চাক্ষুষ সাক্ষী। **প্রত্যক্ষ ফল** *বি* ১ কারণ থেকে সরাসরি উদ্ভূত ফল। ২ যে ফলের কারণ স্পষ্ট। **প্রত্যক্ষভূত** *বিণ* প্রত্যক্ষ হয়েছে এমন। **প্রত্যক্ষী**(-ক্ষিন্) *বিণ* প্রত্যক্ষ করে এমন; প্রত্যক্ষকারী; সাক্ষাৎদ্রষ্টা। **প্রত্যক্ষীকরণ** *বি* চোখে দেখা। **প্রত্যক্ষীকৃত** *বিণ* অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষ হয়েছে এমন; সাক্ষাৎদৃষ্ট। **প্রত্যক্ষীভূত** *বিণ* পূর্বে সাক্ষাৎ দৃষ্ট ছিল না এখন সাক্ষাৎ হয়েছে এমন।

প্রত্যঙ্গ *বি* প্রতি অঙ্গ; প্রতিটি অবয়ব; অঙ্গের অঙ্গ; উপাঙ্গ। [স. প্রতি+অঙ্গ]

প্রত্যন্ত *বিণ* ১ প্রান্তবর্তী। ২ সীমান্তের আশেপাশে। ৩ নিকটবর্তী; সমীপস্থ। ❑ *বি* ১ প্রান্তদেশ। ২ সীমান্তবর্তী অঞ্চল। [স. প্রতি+অন্ত]

প্রত্যবায় *বি* ১ অনিষ্ট; ক্ষতি; লোকসান। ২ দোষ; অপরাধ। ৩ পাপ। [স. প্রতি+অব+√ই+অ]

প্রত্যভিবাদন, প্রত্যভিবাদ (বিরল) *বি* প্রতিনমস্কার; সালামের জবাবে সালাম। [স. প্রতি+অভিবাদন]

প্রত্যয় *বি* ১ প্রতীতি; বিশ্বাস; নিঃসন্দিগ্ধতা; নিশ্চয়াত্মক ধারণা। ২ (ব্যা.) যে শব্দাংশ শব্দ বা ধাতুর শেষে যুক্ত হয়ে বিশেষ অর্থ নির্দেশ করে। [স.]। **প্রত্যয়ন** *বি* বিশ্বাসযোগ্য করণ। **প্রত্যয়হন্তা** *বিণ* বিশ্বাস নষ্ট করে এমন; বিশ্বাস-ঘাতক। **প্রত্যয়িত** *বিণ* ১ বিশ্বস্ত; বিশ্বাসের পাত্র। ২ বিশ্বাসযোগ্য করা হয়েছে এমন। **প্রত্যয়ী**(-য়িন্) *বিণ* ১ বিশ্বাসী। ২ বিশ্বাস করে এমন; বিশ্বাসকারী।

প্রত্যর্পণ *বি* ১ ফেরত দান। ২ প্রতিদান। [স. প্রতি+অর্পণ]। **প্রত্যর্পিত** *বিণ* ফেরত দেওয়া হয়েছে এমন। [স. প্রতি+অর্পিত]

প্রত্যহ *অব্য, ক্রিবিণ* প্রতিদিন; দিন দিন; রোজ রোজ। [প্রতি+অহন্+অ]

প্রত্যাখ্যান *বি* ১ গ্রহণ না করা; ফেরতপ্রদান; অগ্রাহ্যকরণ। ২ উপেক্ষা; অবজ্ঞা; অনাদর; ত্যাগ। [স. প্রতি+আখ্যান]। **প্রত্যাখ্যাত** *বিণ* বর্জিত; প্রত্যাখ্যান করা হয়েছে এমন। [স.]

প্রত্যাগত *বিণ* ফিরে এসেছে এমন; প্রত্যাবর্তন করেছে এমন; প্রত্যাবৃত্ত। [স. প্রতি+আগত]। **প্রত্যাগমন** *বি* ফিরে আসা; প্রত্যাবর্তন।

প্রত্যাঘাত *বি* আঘাতের বদলে আঘাত। [স.]

প্রত্যাদেশ *বি* ১ ঐশবাণী; আল্লাহর আদেশ; ওহি। ২ দেবতার আদেশ। ৩ পূর্বের আদেশ বাতিলকরণ। ৪ অগ্রহণ; প্রত্যাখ্যান। ৫ খণ্ডন; নিরাকরণ। [স. প্রতি+আদেশ]। **প্রত্যাদিষ্ট** *বিণ* প্রত্যাদেশ পেয়েছে এমন। [স. প্রতি+আদিষ্ট]। **প্রত্যাদেষ্টা** *বিণ* প্রত্যাদেশ দান করে এমন; প্রত্যাদেশ দানকারী। [স. প্রতি+আদেষ্টা]

প্রত্যাবর্তন *বি* ফিরে আসা; প্রত্যাগমন। [স. প্রতি+আবর্তন]। **প্রত্যাবৃত্ত** *বিণ* প্রত্যাবর্তন করেছে এমন; পুনরাগত। [স. প্রতি+আবৃত্ত]। **প্রত্যাবৃত্তি** *বি* ফেরত গতি; বিরপীত গতি। [স. প্রতি+আবৃত্তি]

প্রত্যাশা, পিত্যেশ, পিত্যেস *বি* ১ আশা; কামনা। ২ সম্ভাবনা; সম্ভাবিত বিষয়ের জন্য অপেক্ষা; প্রতীক্ষা। [স. প্রতি+আশা]। **প্রত্যাশিত** *বিণ* ১ প্রত্যাশা করা হয়েছে এমন। ২ সম্ভাবিত। **প্রত্যাশী**(-শিন্) *বিণ* প্রতীক্ষাকারী; কামনাকারী; প্রত্যাশাকারী। **প্রত্যাশে, প্রত্যাশায়** *ক্রিবিণ* আশায়; ভরসায়।

প্রত্যাসন্ন *বিণ* নিকটবর্তী; সন্নিহিত; অতি আসন্ন। [স. প্রতি+আসন্ন]

প্রত্যাহত *বিণ* ১ বাধাপ্রাপ্ত; বিফলীকৃত; ব্যাহত; বারিত; নিবারিত। ২ সংকুচিত। [স. প্রতি+আহত]

প্রত্যাহার *বি* ফিরিয়ে নেওয়া; চিত্তবৃত্তি নিরোধ করে ঈশ্বরে মনোনিবেশ; প্রত্যাহরণ। **প্রত্যাহৃত** *বিণ* প্রত্যাহার করা হয়েছে এমন।

প্রত্যুক্তি *বি* জবাব; উক্তির উত্তরে উক্তি। [স.]

প্রত্যুত *অব্য* ১ বরং; পরন্তু। ২ পক্ষান্তরে; অন্যপক্ষে। [স. প্রতি+উত]

প্রত্যুত্তর *বি* উত্তরের উত্তর; জবাবের পরিবর্তে জবাব; মুখের উপর কথা। [স. প্রতি+উত্তর]

প্রত্যুত্থান *বি* আগত ব্যক্তির সম্মানার্থে উঠে দাঁড়ানো। [স. প্রতি+উত্থান]। **প্রত্যুত্থিত** *বিণ* প্রত্যুত্থান করেছে এমন। [স. প্রতি+উত্থিত]

প্রত্যুৎপন্ন *বিণ* সঙ্গে সঙ্গে জাত; সেই মুহূর্তে বা তৎক্ষণাৎ উৎপন্ন। [স. প্রতি+উৎপন্ন]। **প্রত্যুৎপন্নমতি** *বি* উপস্থিত বুদ্ধি; দরকারের সঙ্গে সঙ্গে জাত বুদ্ধি। ❑ *বিণ* উপস্থিত বুদ্ধি আছে এমন। **প্রত্যুৎপন্নমতিত্ব** *বি* উপস্থিত বুদ্ধি ব্যবহারের শক্তি; তৎক্ষণাৎ খেলে এমন বুদ্ধি। [স. প্রতি+উৎপন্ন]

প্রত্যুদ্গমন *বি* ১ অভ্যর্থনাবিশেষ; সম্মানিত ব্যক্তিকে কিছু দূর অগ্রসর হয়ে অভ্যর্থনা অথবা বিদায়কালে কিছু পথ সঙ্গে গমন। ২ অগ্রসর হয়ে সংবর্ধনা। [স. প্রতি+উদ্+√গম্+অন]

প্রত্যুপকার *বি* উপকারের বদলে উপকার। [স. প্রতি+উপকার]। **প্রত্যুপকর্তা, প্রত্যুপকারী**(-রিন্) *বিণ* উপকারীর উপকার করে এমন। **প্রত্যুপকৃত** *বিণ* উপকারের পরিবর্তে উপকারপ্রাপ্ত; প্রত্যুপকারপ্রাপ্ত।

প্রত্যুষ, প্রত্যূষ *বি* ভোর; প্রভাত; উষাকাল। [স. প্রতি+√উষ্+অ]

প্রত্যেক *বিণ, সর্ব* এক এক করে; প্রতিটি; প্রতিজন; হরেক। [স. প্রতি+এক]
প্রথম *বিণ*১ আদিম; আদি। ২ শুরু; আরম্ভকাল। ৩ পরম; প্রধান। ৪ জ্যেষ্ঠ; বড়। ৫ সবার আগে আছে যা। ৬ সর্বাপেক্ষা উত্তম; সর্বোচ্চ। [স. √প্রথ্+অম]
প্রথা *বি* রীতি; ব্যবহার; চালু আচার–আচরণ। ❑ *বিণ* নিয়ম; প্রণালী; পদ্ধতি। [স. √প্রথ্+অ+আ]
প্রথিত *বিণ* বিখ্যাত; খ্যাতিযুক্ত; প্রসিদ্ধ। **প্রতিথনামা** *বিণ* ১ প্রসিদ্ধ নামবিশিষ্ট। ২ খ্যাতিমান। [স. √প্রথ্+ত]। **প্রথিতযশা, প্রথিতযশাঃ** *বিণ* প্রচুর খ্যাতিসম্পন্ন; সুবিখ্যাত।
-প্রদ *বিণ* দান করে এমন; দানকারী (সুখপ্রদ)। [স. প্র+√দা+অ]। **-প্রদা** *স্ত্রী*।
প্রদক্ষিণ *বি* ১ পবিত্র কাবাগৃহ বামে রেখে তার ডান দিক থেকে সাতবার চারদিকে পরিভ্রমণ বা তওয়াফ। ২ হিন্দু আচার বা নিয়ম মতে প্রতিমা বা পূজনীয় ব্যক্তিকে ডানদিকে রেখে পরিভ্রমণ। ৩ মধ্যে রেখে চতুর্দিকে বেষ্টন; পরিক্রমণ। ৪ উপাসনা; পূজা; অর্চনা; বন্দনা। ❑ *বিণ* অত্যন্ত অনুকূল। [স.]
প্রদত্ত *বিণ* দানকৃত; দান করা হয়েছে এমন; সমর্পিত। [স. প্র+√দা+ত]
প্রদমিত *বিণ* নিবারিত; শাসিত; দমিত; সংযমিত; নিবারণ বা সংযত করা হয়েছে এমন। [স.]
প্রদর *বি* এক প্রকার স্ত্রীরোগ; লিকুরিয়া। [স. প্র+√দৃ+অ]
প্রদর্শক *বিণ* দেখায় এমন; প্রদর্শনকারী; নির্দেশক (পথ প্রদর্শক)। [স. প্র+√দৃশ্+ণিচ্+অক]
প্রদর্শন *বি* ১ উত্তমরূপে বা যথাযথ দর্শন; পর্যবেক্ষণ। ২ দেখানো; দর্শন করার কাজ; প্রকাশ করা (উপেক্ষাপ্রদর্শন)। [স. প্র+√দৃশ্+ণিচ্+অন]। **প্রদর্শনী** *বি* নানাবিধ বস্তু বা ক্রীড়া কৌতুকাদি দেখানো হয় যেখানে; (কৃষি ও শিল্প প্রদর্শনী) মেলা; নিশানা। **প্রদর্শিত** *বিণ* দেখানো হয়েছে এমন।
প্রদর্শনশালা *বি* জাদুঘর; যে ভবনে নানাবিধ বিশেষত্বপূর্ণ বা প্রাচীন বস্তু দেখানো হয়। [স.]
প্রদান *বি* উত্তমরূপে দান; অর্পণ; বিতরণ। [স. প্র+√দা+অন]। **প্রদাতা, প্রদায়ক, প্রদায়ী** *বি* প্রদানকারী।
প্রদাহ *বি* জ্বালা; যন্ত্রণা; টাটানি। [স. প্র+√দহ্+অ]। **প্রদাহী(-হিন্)** *বিণ* প্রদাহ সৃষ্টি করে এমন।
প্রদীপ, পিদিম *বি*১ দীপ। ২ আলো। ৩ (আল.) আলোক–স্বরূপ; উজ্জ্বলকারী; গুণবান; শ্রেষ্ঠ ব্যক্তি। [স. প্র+√দীপ্+অ]। **প্রদীপক** *বিণ*১ উজ্জ্বল করে এমন; উজ্জ্বলকারী। ২ প্রকাশক। ৩ উদ্দীপনা সৃষ্টি করে এমন; উদ্দীপক। **প্রদীপন** *বি*১ প্রকাশকরণ। ২ উজ্জ্বলকরণ। ৩ উদ্দীপন; উত্তেজন। **প্রদীপ্ত** *বিণ*১ তীব্রভাবে উজ্জ্বল; ভাস্বর। ২ জ্বলন্ত; উদ্দীপ্ত। **প্রদীপ্তি** *বি* ১ তীব্র উজ্জ্বলতা। ২ জ্বলন্ত অবস্থা।
প্রদৃপ্ত *বিণ* ১ তেজঃপূর্ণ। ২ অত্যন্ত অহঙ্কৃত; গর্বিত; দর্পযুক্ত। ৩ উদ্ধত; অবিনীত। [স.]
প্রদেশ *বি* ১ দেশের বা রাষ্ট্রের অংশ; province। ২ কয়েকটি বিভাগের সমষ্টি। ৩ অঞ্চল। [স. প্র+√দিশ্+অ]
প্রদেহ *বি* প্রলেপ; মলম। [প্র+√দিহ্+অ]
প্রদোষ *বি* সন্ধ্যা; সায়ংকাল। **প্রদোষকাল** *বি* সায়ংকাল। [স.]
প্রদ্যুম্ন *বি* ১ কামদেব। ২ রুক্মিণী ও কৃষ্ণের পুত্র।
প্রদ্যোত *বি*১ দীপ্তি; উজ্জ্বলতা। ২ আভা। ৩ রশ্মি; কিরণ। [স. প্র+√দ্যুত্+অ]
প্রধান *বিণ* মুখ্য (প্রধান বিচারপতি); শ্রেষ্ঠ। ❑ *বি*১ নায়ক; নেতা; সর্দার; মোড়ল। ২ প্রাধান্য। ❑ *ক্রিবিণ* প্রধানত; অগ্রগণ্য বিষয় বা বস্তু (কৃষিপ্রধান বাংলাদেশ)। [স.]
প্রধূমিত *বিণ*১ প্রবলভাবে ধূমায়িত। ২ জ্বলনোন্মুখ; জ্বলে উঠবার অবস্থা। [স. প্র+√ধূম্+ইত]
প্রপঞ্চ *বি* ১ প্রবঞ্চনা। ২ ভ্রম। ৩ মায়া। ৪ বিস্তার। ৫ সংসার। ৬ সমূহ। ৭ অসত্য। [স. প্র+√পন্চ্+অ]। **প্রপঞ্চময়** *বি* মায়াময়; ছলনাময়। **প্রপঞ্চিত** *বিণ* ১ বিস্তীর্ণ; প্রসারিত; ব্যস্ত। ২ ভ্রান্তিযুক্ত; ভ্রমপূর্ণ।
প্রপাত *বি*১ নির্ঝরের পতন স্থান। ২ জলপ্রপাত। ৩ ভৃগু। ৪ জলধারার উচ্চস্থান থেকে নিম্নস্থানে বেগে পতন। [স. প্র+√পত্+ত]
প্রপিতামহ *বি* পিতামহের পিতা। [স.]
প্রপৌত্র *বি* নাতির ছেলে; পৌত্রের পুত্র; প্রতিনপ্তা। [স.]
প্রফুল্ল *বিণ* ১ বিকশিত; প্রস্ফুটিত। ২ আনন্দিত। [স. প্র+ফুল্ল]। **প্রফুল্লতা** *বি* প্রসন্নতা।
প্রফেসর, প্রফেসার *বি* অধ্যাপক; কলেজের বা বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ পর্যায়ের শিক্ষক। **প্রফেসারি** *বিণ* অধ্যাপনা; কলেজাদিতে শিক্ষাদান। [ই. প্রফেসর+ বা. ই]
প্রবংশ *বি* জাতি; race।
প্রবক্তা *বিণ* শাস্ত্র–ব্যাখ্যাতা; সুবক্তা।
প্রবচন *বি*১ প্রবাদ। ২ বি বহু প্রচলিত কথা বা বাক্য। ৩ চিরন্তন সত্য ও তথ্য; জন্মানুক্রমিক অভিজ্ঞতাজাত আপ্তবাক্য; folksayings। [স.]
প্রবঞ্চন, প্রবঞ্চনা *বি* প্রতারণা; জুয়াচুরি; ঠকামি। [স.]। **প্রবঞ্চক** *বি* প্রবঞ্চনাকারী; প্রতারক; ঠক। **প্রবঞ্চিত** *বিণ* ঠকাচ্ছে এমন; প্রতারিত।
প্রবণ *বিণ*১ ঝোঁকযুক্ত। ২ আসক্ত। ৩ উন্মুখ; আগ্রহযুক্ত। ৪ নত; ক্রমনিম্ন। ৫ অনুকূল। ৬ নিপুণ। [স. √প্রু+ব–আগম+অন]। **প্রবণতা** *বি* গতি; আভিমুখ্য।
প্রবন্ধ *বি*১ পূর্বাপর যুক্তিপূর্ণ রচনা; নিবন্ধ। ২ প্রকৃষ্ট বন্ধ। ৩ শুরু; আরম্ভ। ৪ কৌশল; ফন্দি। ৫ সুশোভিত; সুসজ্জিত। [স. প্র+√বন্ধ্+অ]। **প্রবন্ধকার** *বি, বিণ* প্রবন্ধ–লেখক।
প্রবর *বিণ*১ শ্রেষ্ঠ (পণ্ডিতপ্রবর)। ২ গোত্র; বংশ। ৩ গোত্র বা বংশ বা কুলের প্রবর্তনকারী। [স.]
প্রবর্তক *বি, বিণ*১ প্রচলনকারী; প্রবর্তনকারী। ২ প্রবণতা বা ঝোঁক সৃষ্টিকারক; প্রবৃত্তিদায়ক। [স. প্র+√বর্তি+অক]। **প্রবর্তন** *বি* ১ প্রচলন; প্রচলিতকরণ। ২ শুরু করা; আরম্ভকরণ। ৩ সূচনা; আরম্ভ; উপক্রম। ৪ প্রেরণা; সৃষ্টি; নিয়োজন। **প্রবর্তনা** *বি*১ প্রচলন; প্রবর্তন। ২ প্রবৃত্তি দান; প্রবণতা সৃষ্টি। ৩ প্রেরণা; উৎসাহ। ৪ উত্তেজনা; উদ্দীপনা। **প্রবর্তয়িতা** *বিণ* প্রচলনকারী; প্রবর্তনকারী।
প্রবর্ধমান *বিণ* বাড়ন্ত; ক্রমশ বৃদ্ধি পাচ্ছে এমন। [স.]
প্রবল *বিণ*১ অত্যন্ত শক্তিশালী। ২ প্রচণ্ড; তীব্র; অত্যন্ত; সুপ্রচুর। [স.]। **প্রবলতা, প্রাবল্য** *বি* বলবত্তা; শক্তিমত্তা।
প্রবাদ *বি*১ বহুকাল থেকে প্রচলিত উপদেশমূলক উক্তি; জনশ্রুতি; proverb। ২ নিন্দা; কুৎসা; অপবাদ। [স.]

প্রবাল *বি* ১ সামুদ্রিক কীটজাত লালবর্ণের রত্নবিশেষ; পলা; বিদ্রুম। ২ কিশলয়; কচি পাতা; নব পল্লব; অঙ্কুর। [স.]। **প্রবালকীট** *বি* একপ্রকার সামুদ্রিক কীট; যাদের হাড় থেকে প্রবাল জন্মে। **প্রবালদ্বীপ** *বি* প্রবালকীটের হাড় দিয়ে প্রস্তুত দ্বীপ। **প্রবালফল** *বি* রক্তচন্দন।

প্রবাস *বি*১ বিদেশে অবস্থান।২ বিদেশ।[স. প্র+√বস্+অ]। **প্রবাসন** *বি* বিদেশে প্রেরণ; নির্বাসন। **প্রবাসী**(-সিন্) *বিণ* প্রবাসে বাস করে যে; বিদেশে বাসকারী।

প্রবাহ *বি* স্রোত; অবিচ্ছিন্ন গতি। [স. প্র+√বহ্+অ]। **প্রবাহিত** *বিণ* প্রবাহযুক্ত; চলমান; বহমান। **প্রবাহী**(-হিন্) *বিণ* স্রোতযুক্ত; প্রবহমানা।

প্রবিষ্ট *বিণ* প্রবেশ করেছে এমন। [স. প্র+√বিশ্+ত]

প্রবীণ *বিণ* ১ বৃদ্ধ; যথেষ্ট বয়স্ক। ২ বিজ্ঞ; জ্ঞানী। ৩ বহুদর্শী; অভিজ্ঞ। ৪ নিপুণ; দক্ষ; কুশলী। ৫ আনন্দিত; খুশি। [স.]। **প্রবীণতা, প্রবীণত্ব** *বি* বিজ্ঞতা; বহুদর্শিতা।

প্রবুদ্ধ *বিণ* ১ উদ্বুদ্ধ; জাগরিত; চেতনাপ্রাপ্ত। ২ জ্ঞানলাভ করেছে এমন; জ্ঞানপ্রাপ্ত। ৩ অত্যন্ত বিজ্ঞ; প্রকৃষ্ট জ্ঞানী। [স. প্র+√বুধ্+ত]

প্রবৃত্ত *বিণ*১ নিযুক্ত; ব্যাপৃত।২ আরম্ভ হয়েছে এমন।[স.]

প্রবৃত্তি *বি* ১ স্পৃহা; আকাঙ্ক্ষা; ইচ্ছা; অভিরুচি। ২ প্রবণতা। ৩ নিযুক্তি; ব্যাপৃত হওয়া। [স. প্র+ √বৃত্+তি]। **প্রবৃত্তিমার্গ** *বি* ভোগের পথ; ইন্দ্রিয়সেবার পথ।

প্রবৃদ্ধ *বিণ* ১ অতিশয় বৃদ্ধ। ২ অত্যন্ত বৃদ্ধিযুক্ত। ❑*বি* বিশাল; বিস্তৃত। [স. প্র+√বৃধ্+ত]। **প্রবৃদ্ধ কোণ** *বিণ* (জ্যা.) দুই সমকোণের চেয়ে বড় কিন্তু চার সমকোণ অপেক্ষা ছোট কোণ; ১৮০ ডিগ্রির বড় কিন্তু ৩৬০ ডিগ্রির ছোট কোণ।

প্রবেশ *বি*১ অভ্যন্তরে গমন। ভিতরে যাওয়া। ২ ঢুকবার অধিকার; দখল। [স. প্র+√বিশ্+অ]। ❑*বিণ* ঢোকা। **প্রবেশক** *বিণ* চাকরি ইত্যাদিতে প্রবেশকারী (প্রবেশক পদ)।❑*বি*১ গ্রন্থের ভূমিকা। ২ নাটকের দুই অঙ্কের মধ্যে ভবিষ্যৎ নির্দেশক কথাবস্তু। **প্রবেশন** *বি* ১ প্রবেশ। ২ ঢুকানো। ৩ প্রবেশের প্রধান পথ; সদর দুয়ার; সিংহদ্বার। **প্রবেশমান** *বিণ* প্রবেশ করেছে এমন। **প্রবেশিত** *বিণ* ঢোকানো হয়েছে এমন। **প্রবেশ্য** *বিণ* ভিতরে যাওয়ার উপযুক্ত; প্রবেশযোগ্য। **প্রবেষ্টা** *বি* যে প্রবেশ করে। **প্রবিষ্ট** *বি* যে প্রবেশ করেছে।

প্রবোধ *বি*১ সান্ত্বনা; আশ্বাস; যে বাক্য দিয়ে কষ্ট নিবারণের চেষ্টা করা হয়। ২ বিকাশ। ৩ নিদ্রা থেকে জাগরিত হওন; জাগরণ। [স.]। **প্রবোধন** *বি* ১ প্রবোধদান। ২ জাগানো; জাগরিতকরণ। **প্রবোধিত** সান্ত্বনাপ্রাপ্ত; প্রবোধপ্রাপ্ত।

প্রব্রজ্যা *বি*১ সন্ন্যাস। ২ সন্ন্যাস ধর্ম গ্রহণ করে ভ্রমণ। ৩ প্রবাস; বিদেশগমন। [স. প্র+√ব্রজ্+য]

প্রব্রাজন নির্বাসন।

প্রভঞ্জন *বি* ১ ঝড়-ঝঞ্ঝা; প্রবল বায়ু। ২ বায়ু। ❑*বিণ* নাশক; ভঞ্জনকারী। [স. প্র+√ভন্জ্+অন]

প্রভা *বি* ১ দীপ্তি; দ্যুতি; কিরণ। ২ তেজ; উজ্জ্বলতা; ঔজ্জ্বল্য। ৩ প্রকাশ; বিকাশ। [স. প্র+√ভা+অ]। **প্রভাকর** *বি* সূর্য; ভাস্কর। **প্রভাকীট** *বি* জোনাকি পোকা।

প্রভাত *বি* প্রাতঃকাল; সকাল; সুবেহ; ফজর। ❑*বিণ* প্রভাযুক্ত। [স. প্র+√ভা+ত]। **প্রভাতফেরি, প্রভাতফেরী** *বি* প্রভাতে উদ্বোধনী সঙ্গীত গেয়ে জনগণকে জাগরিতকরণ (একুশে ফেব্রুয়ারির প্রভাতফেরি)।

প্রভাতি, প্রভাতী *বিণ*১ ভোরবেলার; প্রভাতকালীন। ২ প্রভাতে যে সঙ্গীত গান করা বা স্তব পাঠ করা হয়। [স. প্রভাত+বা.ই/ঈ]

প্রভাব *বি* ১ প্রতাপ; প্রভুত্ব। ২ ক্ষমতা। ৩ মহিমা। [স. প্র+√ভূ+অ]। **প্রভাবান্বিত** *বিণ* ১ প্রভাবসম্পন্ন। ২ প্রভাবিত। **প্রভাবিত** *বিণ* অন্যের প্রতাপে মোহাচ্ছন্ন বা বশীভূত।

প্রভু *বি* ১ মনিব। ২ পতি; স্বামী; ভর্তা। ৩ রাজা। ৪ আল্লাহ; ঈশ্বর; ভগবান। ৫ মহামানব। ৬ অতিসম্মানিত ব্যক্তি। ৭ নেতা; নায়ক; পরিচালক। [স. প্র+ √ভূ+উ]। **প্রভুতা, প্রভুত্ব** *বি* ১ প্রভুর ভাব; প্রভুশক্তি। ২ কর্তৃত্ব; অধ্যক্ষতা; আধিপত্য। **প্রভুপত্নী** *বি* মনিবের স্ত্রী। **প্রভুপরায়ণ, প্রভুভক্ত** *বিণ* মনিবের প্রতি অনুরক্ত বা আসক্ত; বিশ্বাসী। **প্রভুপরায়ণতা, প্রভুভক্তি** *বি* প্রভুর প্রতি শ্রদ্ধা ও অনুরাগ। **প্রভুপাদ** *বি* বৈষ্ণবদিগের ধর্মগুরুর নাম উল্লেখের পূর্বে সম্মান প্রদর্শনের জন্য ব্যবহৃত শব্দ। **প্রভুশক্তি** *বি* ১ রাজশক্তি। ২ প্রভাব। ৩ প্রতাপ।

প্রভূত *বিণ* ১ প্রচুর; অনেক। ২ উদ্ভূত; উৎপন্ন।

প্রভৃতি *বিণ* ইত্যাদি। ❑*অব্য* অবধি। [স.]

প্রভেদ *বি* পার্থক্য; ফারাক; বিভিন্নতা। [স.]

প্রমত্ত *বিণ* ১ অত্যন্ত মত্ত। ২ প্রবলভাবে আসক্ত। ৩ অসাবধান; অসতর্ক। ৪ ভ্রান্তিযুক্ত; প্রমাদযুক্ত। [স.]। **প্রমত্ততা** *বি* মত্ততা; অত্যাসক্তি; ভাবে বিভোর অবস্থা।

প্রমথেশ *বি* শিব; মহাদেব। [স. প্রমথ+ঈশ]

প্রমদা *বি* ১ সুন্দরী রমণী; মনোহারিণী রমণী। ২ চতুর্দশ অক্ষরের ছন্দবিশেষ। [স.]

প্রমা *বি* ১ যথার্থ জ্ঞান। ২ স্থিরবোধ; নিশ্চয়বোধ। [স.]

প্রমাই *বি* পরমায়ু; জীবন।

প্রমাণ, পরমাণ (পদ্যে) *বি*১ সত্যাসত্য নির্ণয়ের উপায়; যা দিয়ে নিশ্চয়জ্ঞান লাভ হয়। ২ সাক্ষ্য; দলিল; নজির। ❑*বিণ*১ মাপা যায় এমন; পরিমাণ। ২ পুরা মাপের; পূর্ণ বয়স্কের পরবার মতো বড়। [স. প্রমাণ>]। **প্রমাণপঞ্জি** *বি* অবলম্বিত বা সম্বন্ধযুক্ত পুস্তকাদির তালিকা। **প্রমাণপত্র** *বি* ১ দলিল। ২ প্রশংসাপত্র; সার্টিফিকেট। **প্রমাণসই** *বিণ* দৈর্ঘ্যে প্রস্থে পূর্ণ পরিমাণ; সাধারণ লোকের চলে এমন। **প্রমাণসাপেক্ষ** *বিণ* প্রমাণ দিয়ে যার সত্যতা নির্ণয় করবার প্রয়োজন হয়। **প্রমাণসিদ্ধ** *বিণ* যথার্থ বা সত্য বলে প্রমাণিত; কোনো বিশেষ প্রমাণ দ্বারা সত্যতা প্রমাণিত হয়েছে এমন। **প্রমাণিত, প্রমাণীকৃত** *বিণ* প্রমাণ প্রদর্শনপূর্বক সত্যরূপে নির্ণীত; মীমাংসিত।

প্রমাতামহ *বি* মাতামহের পিতা; নানার বাবা। [স.]

প্রমাদ, পরমাদ (পদ্যে) *বি*১ অনবধানতা; অসাবধানতা। ২ ভ্রান্তি; কী করতে হবে সে সম্পর্কে বিচারের অভাব; বিমূঢ়তা। ৩ বিস্মৃতি; ভুলে যাওয়া। ৪ নিদারুণ বিপত্তি; ভয়ানক বিপদ। [স. প্র+√মদ্+অ]

প্রমিত *বিণ* একটি নির্দিষ্ট মানে উন্নীত করা হয়েছে এমন; মান-সম্মত। **প্রমিতি** *বি* প্রমাণ নিশ্চয়তার জ্ঞান। **প্রমিত-করণ, প্রমিতীকরণ** *বি* সুনির্দিষ্ট মানে উন্নীত করা।

প্রমুখ *বিণ* ১ শ্রেষ্ঠ; উত্তম; প্রধান। ২ প্রথম। ❑*অব্য* ইত্যাদি; প্রভৃতি। ❑*বি* আরম্ভ; শুরু। [স.]

প্রমুখাৎ *অব্য* মুখ থেকে মুখে; মুখের কথা; জবানি। [স.

প্রমুখ+আৎ (অপাদানে)]
প্রমূর্ত *বিণ* সুস্পষ্ট; বিশেষভাবে সুপ্রকাশিত; স্পষ্টভাবে ব্যক্ত। [স. প্র+মূর্ত]
প্রমেহ *বি* ১ প্রস্রাবের বা জননেন্দ্রিয়ের এক প্রকার রোগ। ২ বহুমূত্র নামক রোগ। ৩ গনোরিয়া। [স. প্র+√মিহ্+অ]
প্রমোদ *বি* ১ আনন্দ; হর্ষ; স্ফূর্তি। ২ বিলাস। ৩ আমোদ; আহ্লাদ। ❑ *বিণ* আনন্দদায়ক। [স. প্র+√মুদ্+অ]। **প্রমোদকানন, প্রমোদউদ্যান** *বি* আনন্দে সময় কাটানোর জন্য নির্মিত বাগানবাড়ি। **প্রমোদমত্ত** *বিণ* আমোদে মত্ত।
প্রযত্ন *বি* ১ বিশেষ চেষ্টা; প্রয়াস; অধ্যবসায়। ২ ন্যায়দর্শন অনুযায়ী প্রবৃত্তি নিবৃত্তি ও জীবনকারণ। [স. প্র+যত্ন]
প্রযুক্ত *বিণ* ১ নিযুক্ত; প্রয়োগ করা হয়েছে এমন। ২ উল্লিখিত; উদাহৃত। ৩ প্রবর্তিত; অনুষ্ঠিত। ৪ উৎপন্ন। ❑ *অব্য* জন্য; নিমিত্ত; নিবন্ধন। [স.]
প্রযুক্তি *বি* ১ প্রয়োগ। ২ প্রকৃষ্ট যুক্তি। ৩ শিল্প প্রভৃতিতে প্রয়োগ করবার কৌশল; technology। [স. প্র+√যুজ্+তি]। **প্রযুক্তিবিদ্যা** *বি* শিল্পবিজ্ঞান।
প্রযুজ্যমান *বিণ* প্রযুক্ত হচ্ছে বা প্রয়োগ করা হচ্ছে এমন। [স. প্র+ √যুজ্+শানচ্ (=মান)]
প্রযোজক, প্রয়োজক *বি,বিণ* অনুষ্ঠাতা। ❑ *বি* ১ যার অর্থে ও উদ্যমে সিনেমা তৈরি হয়; যিনি নাটকাদি অভিনয়ের ব্যবস্থা করেন; রেডিও বা টেলিভিশনে যিনি কোনো অনুষ্ঠানের আয়োজনাদি নির্বাহ করেন; producer। ২ বিজ্ঞাপনের বিনিময়ে প্রচারমাধ্যম ইত্যাদিতে প্রচারিত কোনো অনুষ্ঠানের ব্যয়নির্বাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান; sponsor। ৩ যে টাকা-পয়সা সুদে খাটায়। [স. প্র+√যুজ্+অ]
প্রযোজ্য *বিণ* প্রয়োগযোগ্য; ব্যবহারের উপযুক্ত; প্রয়োগ করতে হবে এমন। ❑ *বি* মূলধন। [স. প্র+√যুজ্+য]
প্রয়াগ *বি* ১ হিন্দু তীর্থবিশেষ; গঙ্গা যমুনা ও সরস্বতীর সঙ্গমস্থল। ২ ভারতে অবস্থিত এলাহাবাদ। [স. প্র+√যজ্+অ]
প্রয়াণ *বি* ১ মৃত্যু। ২ গমন; প্রস্থান; যাত্রা। ৩ যুদ্ধযাত্রা। [স. প্র+√যা+অন]
প্রয়াত *বিণ* মৃত; গত; প্রয়াণ করেছে এরূপ। [স. প্র+√যা+ত]
প্রয়াস *বি* ১ যত্ন। ২ অভিলাষ; ইচ্ছা। ৩ পরিশ্রম সহকারে চেষ্টা; উদ্যম; প্রযত্ন। ৪ ক্লেশ; আয়াস; শ্রম। [স. প্র+√যস্+অ]। **প্রয়াস চিহ্নিত** *বিণ* যত্নের নিদর্শন আছে এমন। **প্রয়াসী**(-সিন্) *বিণ* ১ পরিশ্রমী; প্রযত্নকারী। ২ ইচ্ছুক; অভিলাষী।
প্রয়োক্তা, প্রয়োগকর্তা *বি,বিণ* ১ প্রয়োগকর্তা; প্রয়োগকারী; নিয়োগকারী। ২ অনুষ্ঠানকারী; অনুষ্ঠাতা। [স. প্র+√যুজ্+তৃ]
প্রয়োগ *বি* ১ নিয়োগ; নিয়োজন। ২ দৃষ্টান্ত; উদাহরণ। ৩ ব্যবহার। ৪ উল্লেখ। [স. প্র+√যুজ্+অ]।
প্রয়োজন *বি* ১ দরকার; আবশ্যক। ২ দরকারি কাজ; আবশ্যকীয় কাজ; জরুরি কাজ। ৩ কারণ; নিমিত্ত; হেতু। ৪ প্রয়োগকরণ; ব্যবহার। [স. প্র+√যুজ্+অন]। **প্রয়োজনীয়তা** *বি* দরকার; আবশ্যকতা।
প্ররোচন, প্ররোচনা *বি* ১ উসকানি; প্রবৃত্তকরণ; উৎসাহদান। ২ উত্তেজনা সঞ্চার; প্রেরণা। [স. প্র+√রুচ্+ণিচ্+অন/+আ]। **প্ররোচক** *বি,বিণ* প্ররোচনাকারী; উৎসাহদাতা। **প্ররোচিত** *বিণ* প্ররোচনা বা প্রেরণাপ্রাপ্ত।
প্রলয় *বি* ১ সৃষ্টিনাশ; কেয়ামত। ২ জগতের ব্যাপক ক্ষতি বা ধ্বংস। [স. প্র+লয়]। **প্রলয়ঙ্কর** *বিণ* প্রলয়কারী; অতি ভয়াবহ ও ধ্বংসকারী।
প্রলাপ *বি* ১ অর্থহীন কথা; অর্থশূন্য উক্তি। ২ মিথ্যা; ছলনা। [স. প্র+√লপ্+অ]। **প্রলাপী**(-পিন্) *বিণ* প্রলাপকারী; নিরর্থক শব্দ উক্তিকারী।
প্রলুব্ধ *বিণ* অতিশয় লোভাতুর; খুব লোভযুক্ত।
প্রলেপ *বি* ১ লেপে লাগানো হয় এমন বস্তু। ২ লেপন; পোঁচ; মাখানো। ৩ লেপনযোগ্য বস্তু; মলম। [স. প্র+লেপ]। **প্রলেপক** *বিণ* প্রলেপকারী; লেপন করে এমন। **প্রলেপন** *বি* উত্তমরূপে বা প্রকৃষ্টভাবে লেপন; বিলেপন।
প্রলোভন *বি* ১ লোভ দেখানো; লুব্ধ করা; লোভ জন্মানো; লালসা উৎপাদন। ২ লোভজনক বিষয়। ৩ লোভজনকতা। **প্রলোভিত, প্রলুব্ধ** *বিণ* লোভ দেখানো হয়েছে এমন; প্রলোভনপ্রাপ্ত।
প্রশংসন *বি* প্রশংসাকরণ; সাধুবাদ প্রদান; সুখ্যাতি। **প্রশংসনীয়** *বিণ* সুখ্যাতির উপযুক্ত; প্রশংসার যোগ্য। [স. প্র+√শন্স্+অন]
প্রশংসা *বি* স্তুতি; সুখ্যাতি; গুণকীর্তন; সাধুবাদ। [স. প্র+√শন্স্+অ+আ]। **প্রশংসাপত্র** *বি* সুখ্যাতিপূর্ণ পত্র; প্রশংসাযুক্ত লিখন। **প্রশংসাবাদ** *বি* স্তুতিবাক্য। **প্রশংসায় পঞ্চমুখ হওয়া** *ক্রি* (আল.) ভূয়সী প্রশংসা করা।
প্রশংসিত *বিণ* প্রশংসা করা হয়েছে এমন। [স.]
প্রশমন *বি* ১ শান্তকরণ; সংযম; সংযতকরণ; বাধাদান। ২ দমন; নিবারণ। ৩ শান্তি। [স. প্র+ √শম্+অন]। **প্রশমিত** *বিণ* ১ নিবারিত। ২ দমিত। ৩ শান্ত। ৪ (বৈ.) ক্ষার বা অম্ল নয় এমন।
প্রশস্ত *বিণ* ১ বিস্তৃত; প্রসারিত; চওড়া। ২ উদার; যা সংকীর্ণ নয়। ৩ উপযুক্ত; যোগ্যতম। ৪ প্রশংসিত; প্রশংসনীয়। ৫ শ্রেষ্ঠ; উৎকৃষ্ট। [স. প্র+√শন্স্+ত]। **প্রশস্ততা, প্রাশস্ত্য** *বি* ১ প্রসারতা। ২ উদারতা। ৩ যোগ্য।
প্রশস্তি *বি* ১ প্রশংসা; সুখ্যাতি। ২ গুণকীর্তন; স্তুতি। [স. প্র+√শন্স্+তি]
প্রশাখা *বি* শাখা থেকে বহির্গত শাখা।
প্রশান্ত *বিণ* ১ ধীর; স্থির; অতিশয় শান্ত; অচঞ্চল; বিক্ষোভশূন্য; অবিক্ষুব্ধ। ২ অব্যাকুল। ৩ নিবৃত্ত। ৪ শান্তিময়; শান্তিযুক্ত। [স.]। **প্রশান্ত মহাসাগর** *বি* একটি মহাসমুদ্রের নাম। **প্রশান্তি** *বি* গভীর শান্ত ভাব; সুস্থিরতা; প্রগাঢ় ধৈর্য; অচঞ্চলতা।
প্রশাসন *বি* ১ শাসন কাজ পরিচালনার ব্যবস্থা; সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের শাসন যন্ত্র; কার্যনির্বাহ। ২ শাসন শৃঙ্খলা ও শান্তিরক্ষার কাজ। [স.]। **প্রশাসক** *বি* কার্য-নির্বাহক; শাসনকার্য পরিচালনার জন্য ভারপ্রাপ্ত ব্যক্তি। [স.]। **প্রশাসনিক** *বি* রাষ্ট্রের শাসন সংক্রান্ত।
প্রশিক্ষণ *বি* হাতে কলমে শিক্ষা। [স.]। **প্রশিক্ষক** *বি* হাতে কলমে প্রশিক্ষণ কাজের শিক্ষক।
প্রশিষ্য *বি* শিষ্যের শিষ্য; ছাত্রের ছাত্র। [স.]
প্রশ্ন *বি* ১ জিজ্ঞাস্য; সওয়াল। ২ বিষয় জিজ্ঞাসা। ৩ খোঁজার বা অনুসন্ধানের বিষয়। [স. √প্রচ্ছ্+ন]। **প্রশ্নকর্তা**(-র্তৃ) *বি* যে ব্যক্তি প্রশ্ন করে; পরীক্ষার প্রশ্নপত্র।

প্রণেতা। **প্রশ্নপত্র** *বি* মেধা যাচাই বা তথ্য জানার জন্য যেসব জিজ্ঞাসার উত্তর জানতে চাওয়া হয় সে সংক্রান্ত লিখিত বা মুদ্রিত কাগজ; প্রশ্ন লেখা কাগজ। **প্রশ্নমালা** *বি* জিজ্ঞাস্য বিষয়ের সমষ্টি; প্রশ্নসমূহ। **প্রশ্নোত্তর** *বি* জিজ্ঞাসার জবাব; সওয়াল ও জবাব।

প্রশ্রয় *বি* আশকারা; লাই; নাই (প্রশ্রয় দিয়ে মাথায় তোলা হয়েছে); অনেক আদর। [স. প্র+√শ্রি+অ]। **প্রশ্রিত** *বি*১ আশকারা প্রাপ্ত। ২ আদরপ্রাপ্ত; আদৃত। ৩ বিনীত; নম্র।

প্রশ্বাস *বি* ১ নাকের সাহায্যে ফুসফুসে গৃহীত বায়ু। ২ শ্বাসকার্য; ফুসফুসে বায়ুগ্রহণ। [স. প্র+শ্বাস]

প্রসঙ্গ *বি*১ আলোচ্য বিষয়; প্রস্তাব। ২ সংশ্লিষ্ট পূর্বকথা; আনুষঙ্গিক তথ্য; আলোচনা (মেঘনাদবধ প্রসঙ্গ)। ৩ সঙ্গতি সম্পর্ক (আলোচনা প্রসঙ্গ)। [স. প্র+√সন্‌জ্‌+অ]। **প্রসঙ্গক্রমে, প্রসঙ্গত** *ক্রিবিণ* আলোচ্য বিষয়ের অংশ হিসেবে বা তৎসূত্রে। **প্রসঙ্গান্তর** *বি* অন্য প্রসঙ্গ।

প্রসন্ন *বিণ*১ হৃষ্ট; সন্তুষ্ট; খুশি; আনন্দিত; তৃপ্ত। ২ দয়াবান; সদয়; অনুকূল। ৩ নির্মল (প্রসন্ন সলিল)। ৪ উজ্জ্বল; শান্ত; ক্ষোভহীন; স্থির; প্রফুল্ল (প্রসন্ন হাসি)। [স.]। **প্রসন্না** *বিণ স্ত্রী.*। **প্রসন্নতা** *বি* ১ প্রফুল্লতা। ২ আনন্দ; হর্ষ; সন্তোষ। ৩ স্বচ্ছতা; নির্মলতা।

প্রসব *বি*১ সন্তান জন্ম দেওয়া; গর্ভমোচন। ২ সৃষ্টি; জন্ম। [স. প্র+√সূ+অ]। **প্রসববেদনা** *বি* সন্তান জন্মের সময়ের কষ্ট। **প্রসবিতা**(-তৃ), **প্রসবী**(-বিন্) *বিণ,বি* যে প্রসব বা জন্মদান করে; প্রসবকারী; জন্মদানকারী। **প্রসবিত্রী, প্রসবিনী** *বিণ স্ত্রী.*।

প্রসর *বি*১ বিস্তার; ব্যাপ্তি। ২ যাওয়া; গমন; বেগ। ❑*বিণ* প্রশস্ত; বিস্তৃত। **প্রসরণ** *বি*১ ব্যাপ্তি; বিস্তার। ২ ইতস্তত ভ্রমণ। ❑*বিণ* বিপক্ষ সৈন্যদলকে বেষ্টন।

প্রসাদ *বি*১ হর্ষ; আনন্দ। ২ অনুগ্রহ; প্রসন্নতা। ৩ হিন্দুদের দেবতাকে নিবেদিত; ভোজ্যসামগ্রী বা গুরুজনের ভুক্তাবশিষ্ট। ৪ সৌম্য; কাব্যাদির মনোহর প্রাঞ্জলতা গুণ। [স. প্র+√সদ্‌+অ]

প্রসাদাৎ *অব্য, ক্রিবিণ* দয়ায়; অনুগ্রহে; অনুগ্রহের ফলে। [স.]। **প্রসাদিত** *বিণ* তুষ্টি বিধান করা হয়েছে এরূপ। **প্রসাদী, প্রসাদি** *বিণ*১ হিন্দুদের দেবতাকে নিবেদন করা হয়েছে এমন; গুরুজন কর্তৃক ভক্ষিত। ২ প্রসাদ বলে মনে করা হয় এমন; ভুক্তাবশিষ্ট।

প্রসাধক *বি,বিণ* বেশভূষা করে যে। [স.]। **প্রসাধিকা** *স্ত্রী.*। **প্রসাধনী** *বি* ১ চিরুনি। ২ সাজসজ্জার জন্য প্রয়োজনীয় দ্রব্য; অঙ্গরাগ। **প্রসাধিত** *বিণ*১ প্রসাধন করা হয়েছে এমন। ২ কৃত; সম্পাদিত।

প্রসাধন *বি*১ দেহসজ্জা সম্পাদন; বেশবিন্যাস। ২ সাজ; সাজসজ্জা; অঙ্গরাগ। ৩ অলঙ্করণ; চিত্রণ। ৪ সুচারুরূপে সম্পাদন। [স. প্র+√সাধি+অন]।

প্রসার *বি* ১ বিস্তৃতি; বিস্তার; বিস্তারিত হওয়া; বিস্তার লাভ (ব্যবসায়ের প্রসার)। ২ নির্গম; নির্গমন; বের হওয়া। [স. প্র+√সৃ+অ]। **প্রসারিত** *বিণ* বিস্তার লাভ করেছে এমন। **প্রসারতা** (অশু.)। **প্রসারী**(-রিন্) *বিণ*১ বিস্তার লাভ করে এমন। ২ ব্যাপক। ৩ বিস্তারিত হয় এমন। **প্রসারিণী** *বিণ স্ত্রী.*। **প্রসার্য** *বিণ*১ বিস্তারের উপযুক্ত। ২ বিস্তারিত করা যায় এমন; প্রসারমান।

প্রসিদ্ধ *বিণ* বিখ্যাত; খ্যাতনামা; মশহুর; ব্যাপকভাবে জ্ঞাত বা পরিচিত। [স. প্র+√সিধ্‌+ত]। **প্রসিদ্ধা** *বিণ স্ত্রী.*। **প্রসিদ্ধি** *বি*১ খ্যাতি; ব্যাপকভাবে পরিচিতি। ২ প্রবাদ; জনশ্রুতি।

প্রসূ *বি* প্রসবকারিণী; জন্ম দেয় যে; প্রসবিনী; প্রসূতি; মাতা। [স. প্র+√সূ+ক্বিপ্]। **প্রসূত** *বিণ*১ সম্যকরূপে জাত; উৎপন্ন। ২ গর্ভজাত; ভূমিষ্ঠ। **প্রসূতা** *বিণ স্ত্রী* উৎপন্না; জাতা; ভূমিষ্ঠা। ❑*বিণ* সন্তানপ্রসব করেছে এমন। **প্রসূতি** *বি* মাতা; জননী; উৎপাদনকারিণী; প্রসবিত্রী; পোয়াতি।

প্রসূন *বি* ১ ফুল; পুষ্প। ২ মুকুল। ❑*বিণ* ফল। [স. প্র+√সূ+ত]

প্রসৃত *বিণ* ১ বের হয়েছে এমন; নির্গত। ২ বিস্তৃত; প্রসারিত। [স. প্র+√সৃ+ত]। **প্রসৃতি** *বি* ১ নির্গমন; নিঃসরণ। ২ বিস্তৃতি।

প্রস্থ *বি* ১ একসঙ্গে কাজে লাগে বা একত্র থাকে এমন জিনিসের সমষ্টি; দফা; সেট। ২ ভাঁজ; তা; লেপ। ৩ পোশাকাদির সমষ্টি (এক প্রস্ত জামা কাপড়)।

প্রস্তর *বি* ১ পাথর; শিলা; পাষাণ; উপল। ২ মণি। [স. প্র+√স্তৃ+অ]। **প্রস্তরীভূত** *বিণ* প্রস্তরে পরিণত; শিলীভূত।

প্রস্তাব *বি* ১ আলোচ্য বিষয়; প্রসঙ্গ। ২ কথা; আলোচ্য বিষয় উপস্থাপন। ৩ আলোচনার জন্য যা উত্থাপন করা হয়। ৪ গ্রন্থাদির পরিচ্ছেদ বা অধ্যায়। [স. প্র+√স্তু+অ]। **প্রস্তাবক** *বিণ* প্রস্তাব উত্থাপক; প্রস্তাবকারী। **প্রস্তাবনা** *বি*১ সূচনা; শুরু; ভূমিকা। ২ নাটকের সূচনায় নাটকের বিষয় সম্পর্কে আলাপ। **প্রস্তাবিত** *বিণ*১ প্রস্তাব করা বা উত্থাপন করা হয়েছে এমন। ২ উত্থাপিত; উল্লিখিত। ৩ প্রস্তাব বা আলোচনার বিষয়রূপে গৃহীত।

প্রস্তুত *বিণ*১ নির্মিত; তৈরি; সম্পাদিত। ২ উদ্যোগ বা আয়োজন সম্পূর্ণীকৃত (যেতে প্রস্তুত)। [স. প্র+√স্তু+ত]। **প্রস্তুতি** *বি* প্রস্তুত হওয়া; প্রস্তুতকরণ।

প্রস্থ *বি*১ পর্বতের উপরিস্থ সমভূমি; পর্বতের সানুদেশ। ২ বিস্তার; চওড়া মাপ। ৩ পরিমাণবিশেষ। ৪ সমতল ভূমি; উঁচুনিচু নয় এমন ভূমি (ইন্দ্রপ্রস্থ)। [স. প্র+ √স্থা+অ]

প্রস্থান *বি* ১ যাত্রা; প্রয়াণ। ২ চলে যাওয়া। [স. প্র+√স্থা+অন]। **প্রস্থাপিত** *বিণ* প্রেরিত; পাঠানো হয়েছে এরূপ। **প্রস্থিত** *বিণ* চলে গেছে এমন।

প্রস্ফুট, প্রস্ফুটিত *বিণ* সম্পূর্ণ বিকশিত; সম্পূর্ণরূপে ব্যক্ত এমন। [স. প্র+√স্ফুট্‌+অ+ত]। **প্রস্ফুটিতা** *বিণ স্ত্রী.*। **প্রস্ফুটন** *বি* প্রস্ফুটিত হওয়া; বিকাশ।

প্রস্ফুরণ *বি* ঈষৎ স্পন্দন; সামান্য কম্পন। [স. প্র+ √স্ফুর্‌+অন]। **প্রস্ফুরিত** *বিণ* ঈষৎ স্পন্দিত; সামান্য কম্পিত; প্রস্ফুরণবিশিষ্ট।

প্রস্রবণ *বিণ*১ ঝরনা; নির্ঝর; ঝরছে এমন। ২ স্রবণ; ক্ষরণ। [স. প্র+√স্রু+অন]

প্রস্রাব *বি*১ মূত্র। ২ মূত্রত্যাগ। [স. প্র+√স্রু+অ]

প্রহর, পহর *বি*১ তিন ঘণ্টা ব্যাপী সময়; এক প্রহর। ২৪ ঘণ্টায় আট প্রহর। ২ দিনরাতের এক-অষ্টমাংশ; যাম। [স. প্র+√হৃ+অ। অষ্টপ্রহর>আটপৌর+এ = আটপৌরে]

প্রহরণ *বি*১ অস্ত্র। ২ প্রহার; আঘাত।

প্রহরা *বি* পাহারা; রক্ষণাবেক্ষণ। [স. প্রহর+বা. আ]

প্রহরী(-রিন্) *বি* পাহারা দেয় যে; পাহারাওয়ালা; প্রতিহারী; চৌকিদার। [স.]। **প্রহরিণী** *বি স্ত্রী.*।

প্রহর্তা *বিণ* প্রহারকারী যোদ্ধা। [স. প্র+√হৃ+তৃ]

প্রহসন *বি* ১ হাস্যরসপ্রধান নাটক। ২ ব্যঙ্গ; বিদ্রূপ। [স. প্র+√হস্+অন]
প্রহার *বি* ১ মার (প্রহার করা)। ২ নিগ্রহ। ৩ দুঃখ; আঘাত; শাস্তি।
প্রহৃত *বিণ* ১ মার খেয়েছে এমন। ২ কারো দ্বারা আঘাত প্রাপ্ত হয়েছে এমন; প্রহারপ্রাপ্ত। ৩ নিগৃহীত; অত্যাচারিত। [স. প্র+√হৃ+অ]
প্রহেলিকা *বি* ১ বোঝা কঠিন এমন প্রশ্ন; কূটপ্রশ্ন। ২ ধাঁধা। ৩ হেঁয়ালি। [স.]
প্রাইজ *বি* পুরস্কার; উপহার; পারিতোষিক। [ই. prize]
প্রাইভেট *বিণ* ১ নিজস্ব; গোপনীয়; ব্যক্তিগত। ২ নিজে নিজে; ব্যক্তিগতভাবে; অপরের সাহায্য ব্যতিরেকে। [ই. private]। **প্রাইভেট টিউটর** *বি* গৃহশিক্ষক।
প্রাইমারি, প্রাইমারী *বিণ* প্রাথমিক। ❑ *বি* প্রাথমিক পাঠ্য। [ই. primary]
প্রাংশু *বিণ* উন্নত; উঁচু; দীর্ঘকায়; লম্বা। **প্রাংশুলভ্য** *বিণ* উচ্চ স্থান থেকে লভ্য। [স. প্র+অংশু]
প্রাক *অব্য* ১ পূর্ববর্তী; আগের (প্রাক রবীন্দ্রযুগ)। ২ পূর্বদিকস্থ; প্রাচ্য। [স.]। **প্রাক্কলন** *বি* গণনাপূর্ব; কোনো ব্যাপারে সম্ভাব্য খরচের হিসাব; estimate। **প্রাক্কলিত** *বিণ* কোনো কাজের জন্য যে ব্যয় ধরা হয়েছে। **প্রাক্কাল** *বি* পূর্ববর্তী সময়; প্রারম্ভিক বা সূচনা কাল। **প্রাক্কালিক, প্রাক্কালীন** *বিণ* পূর্ববর্তী সময়ের।
প্রাকার *বিণ* প্রাচীর; দেয়াল। [স.]
প্রাকৃত[১] *বিণ* ১ প্রকৃতিজাত; স্বাভাবিক। ২ প্রজাসম্বন্ধীয়। ৩ লৌকিক। ৪ অমার্জিত; সামান্য; আভিজাত্যশূন্য; সাধারণ। ❑ *বি* সংস্কৃতের অপভ্রংশ ভাষাবিশেষ। [স.]
প্রাকৃত[২] *বি* ব্রাত্য; লৌকিক সাধারণ। [স. প্রকৃতি+অ]
প্রাকৃতিক *বিণ* প্রকৃতি–সংক্রান্ত; নৈসর্গিক। ❑ *বি* জড় পদার্থ বিষয়ক। [স.]
প্রাক্তন *বিণ* ১ সাবেক; ভূতপূর্ব। ২ পুরাতন। ৩ হিন্দু বিশ্বাস মতে জন্মান্তরের; পূর্ব জন্মে করা হয়েছে এমন। ❑ *বি* অদৃষ্ট; ভাগ্য; স্বাভাবিক; প্রাকৃতিক; হিন্দুবিশ্বাস মতে পূর্বজ। [স.]
প্রাখর্য *বি* প্রখরতা; তীক্ষ্ণতা। [স. প্রখর+য]
প্রাগজ্যোতিষপুর *বি* আসামের কামরূপ কামাখ্যার প্রাচীন নাম; প্রাগজ্যোতিষপুর জলপাইগুড়ি থেকে বার্মা সীমান্ত পর্যন্ত বিস্তৃত ছিল। [স. প্রাক্+জ্যোতিষ]
প্রাগল্ভ্য *বি* ১ উদ্ধত ভাব; ঔদ্ধত্য; প্রগল্‌ভতা। ২ প্রেম প্রভৃতি বিষয়ে লজ্জাহীনতা। ৩ ধৃষ্টতা। ৪ তেজস্বিতা। [স. প্রগল্‌ভ+য]
প্রাগুক্ত *বিণ* পূর্বে উক্ত বা উল্লিখিত। [স. প্রাক্+উক্ত]
প্রাগৈতিহাসিক *বিণ* যে যুগ থেকে ইতিহাস জানা যায় তার পূর্বকালের। [স. প্রাক্+ঐতিহাসিক]
প্রাগ্রসর *বিণ* বিশেষরূপে অগ্রসর; শ্রেষ্ঠ। [স.]
প্রাঙ্গণ *বি* উঠান; অঙ্গন; চত্বর। [স. প্র+অঙ্গন]
প্রাচী *বি* ১ পূর্বদিক। ২ পূর্বদিকের দেশসমূহ। [স. প্রাচ্য+ঈ]
প্রাচীন *বিণ* ১ পুরাতন; বহুকাল পূর্বের। ২ পৌঢ়োত্তর বৃদ্ধ। ৩ অনাধুনিক; সেকেলে। ৪ অভিজ্ঞ। [স.]। **প্রাচীনা** *বিণ স্ত্রী.*। **প্রাচীনতা, প্রাচীনত্ব** *বি*।
প্রাচীর *বি* দেয়াল; পাঁচিল; প্রাকার। [স.]
প্রাচুর্য *বি* ১ প্রয়োজনানুরূপতা; বেশিও নয় কমও নয়; অভাবশূন্যতা। ২ বাহুল্য; প্রচুরতা; আধিক্য। [স.]
প্রাচ্য *বিণ* ১ পূর্বদিকস্থ; এশীয়। ২ পূর্বদেশীয়। ৩ ইউরোপের পূর্বস্থ দেশসমূহ। [স. প্রাচ্+য]। **প্রাচ্যবাদ** *বি* ইউরোপীয় ও পাশ্চাত্য পণ্ডিতদের পূর্বদেশ সংক্রান্ত মতবাদ।
প্রাজাপত্য *বি* হিন্দুদের অষ্টবিধ বিবাহ–পদ্ধতির অন্যতম। ❑ *বিণ* প্রজাপতি–সংক্রান্ত। [স. প্রজাপতি+য]
প্রাজ্ঞ *বিণ* বিজ্ঞ; পণ্ডিত; জ্ঞানবান; প্রজ্ঞাযুক্ত। **প্রাজ্ঞা, প্রাজ্ঞী** *বিণ স্ত্রী.*। **প্রাজ্ঞতা** *বি* পাণ্ডিত্য; বিজ্ঞতা। [স. প্রজ্ঞা+অ]
প্রাঞ্জল *বিণ* ১ পরিষ্কার; স্বচ্ছ। ২ সরল; সহজবোধ্য; সুখবোধ্য। [স.]
প্রাণ, পরান *বি* ১ জীবন; হায়াত। ২ ফুসফুসস্থিত যে বাতাস শ্বাসরূপে গৃহীত; প্রাণবায়ু। ৩ হৃদয়; মন; চিত্ত; অন্তঃকরণ। [স. প্রাণ]। **প্রাণকান্ত** *বি* ১ জীবিতেশ্বর; প্রাণনাথ; প্রাণেশ্বর; হৃদয়েশ্বর। ২ স্বামী। ৩ প্রেমাস্পদ; প্রণয়পাত্র। **প্রাণকৃষ্ণ** *বি* ১ জীবনতুল্য প্রিয় কৃষ্ণ। ২ পরম আদরের ব্যক্তি। **প্রাণগত** *বিণ* ১ হৃদয়গত। ২ আন্তরিক; অকৃত্রিম। **প্রাণগতিক** *বিণ* ১ জীবন–সম্বন্ধীয়; জীবনযাত্রা সংক্রান্ত। ২ দৈহিক; শারীরিক। **প্রাণত্যাগ** *বি* ১ মৃত্যু; মরণ। ২ জীবন–বিসর্জন; দেহত্যাগ। **প্রাণ থাকা** *ক্রি* বেঁচে থাকা; বাঁচা। **প্রাণদণ্ড** *বি* ১ মৃত্যুদণ্ড। ২ অপরাধহেতু মৃত্যুরূপ চরম শাস্তি। **প্রাণদ, প্রাণদা** *বি* প্রাণদানকারী; জীবনদাতা। **প্রাণদাতা** *বিণ* জীবনরক্ষাকারী; জীবনরক্ষক। **প্রাণদাত্রী** *স্ত্রী.*। **প্রাণদান** *বি* ১ জীবন বাঁচানো। ২ মৃত্যু বা সাংঘাতিক বিপদ থেকে রক্ষা। **প্রাণ দেওয়া** *ক্রি* ১ জীবন বাঁচানো। **প্রাণধারণ** *বি* জীবিত থাকা; বেঁচে থাকা। **প্রাণন** *বি* জীবনধারণ। **প্রাণনাথ** *বি* ১ পতি; স্বামী। ২ জীবনস্বামী। **প্রাণনাশ** *বি* হত্যা। **প্রাণপাখি** *বি* পিঞ্জরাবদ্ধ পাখির মতো দেহগত প্রাণ। **প্রাণপূর্ণ** *বিণ* জীবন্ত; সজীব। **প্রাণপ্রতিম** *বিণ* প্রাণতুল্য; প্রাণপ্রিয়। **প্রাণপ্রতিষ্ঠা** *বি* জীবন্তকরণ; প্রাণসঞ্চার। **প্রাণপ্রদ** *বিণ* জীবন দানকারী; শক্তিদায়ক। **প্রাণপ্রিয়** *বিণ* প্রাণের তুল্য প্রিয়; জীবনবন্ধু; জীবনাধিক প্রিয়। **প্রাণবঁধু** *বি* প্রাণের প্রিয়। **প্রাণবল্লভ** *বি* প্রাণনাথ; প্রাণপতি। **প্রাণবান, প্রাণবন্ত** *বি* ১ প্রাণময়; সজীব। ২ স্ফূর্তিযুক্ত। ৩ সহৃদয়; হৃদয়বান; সদাশয়। ৪ সক্রিয়। **প্রাণবায়ু** *বি* প্রাণ অপান সমান উদান ও ব্যান— এই পাঁচ প্রকার নিশ্বাস–প্রশ্বাস। **প্রাণবিয়োগ** *বি* মৃত্যু; মরণ; দেহত্যাগ। **প্রাণবিসর্জন** *বি* মৃত্যুবরণ; দেহত্যাগ। **প্রাণময়** *বিণ* জীবন্ত; স্ফূর্তিযুক্ত; সজীব; হৃদয়বান; উদার; জীবন–লক্ষণপূর্ণ। **প্রাণময়ী** *বিণ স্ত্রী.*। **প্রাণময় কোষ** *বি* দেহের পঞ্চপ্রাণ ও পঞ্চবায়ুযুক্ত কোষ। **প্রাণ যাওয়া** *ক্রি* মৃত্যু হওয়া; দেহত্যাগ করা। **প্রাণ লওয়া** *ক্রি* হত্যা করা। **প্রাণশূন্য, প্রাণহীন** *বিণ* ১ মৃত্যু। ২ জীবনশূন্য; জড়। ৩ উদ্যমশূন্য; উদাসীন; নির্দয়। **প্রাণসংশয়, প্রাণসঙ্কট** *বি* মৃত্যুর ভয়ে বিপদাপন্ন জীবন। **প্রাণসংহার** *বি* হত্যা; বধ। **প্রাণসঞ্চার** *বি* ১ মৃতদেহে জীবন আনয়ন; অচেতন দেহে চৈতন্যসৃষ্টি। ২ উৎসাহ বা প্রাণদান। **প্রাণহন্তা(–ন্তৃ)** *বিণ* প্রাণবধকারী; ঘাতক; হত্যাকারী। **প্রাণহন্ত্রী** *বিণ স্ত্রী.*। **প্রাণহর, প্রাণহারক, প্রাণহারী** *বিণ* ১ জীবন নাশকারী। ২ মারাত্মক; সাংঘাতিক। **প্রাণহরা, প্রাণহারিকা, প্রাণহারিণী** *বিণ স্ত্রী.*। **প্রাণহরা** *বি* প্রসিদ্ধ মিষ্টান্নবিশেষ। **প্রাণহীন** *বি* ১ মৃত্যু; নিষ্প্রাণ; নির্জীব। ২

নির্দয়। **প্রাণাধিক** *বিণ* প্রাণাপেক্ষা বেশি প্রিয়। [স. প্রাণ+অধিক]। **প্রাণাধিকা** *বিণ স্ত্রী.*। **প্রাণান্ত** *বি* মৃত্যু; মরণ; জীবনের অবসান। [স. প্রাণ+অন্ত] **প্রাণে মারা** *ক্রি* ১ মৃত্যু ঘটানো। ২ হত্যা করা। **প্রাণের প্রাণ** *বি* প্রাণাপেক্ষা প্রিয়; প্রাণাধিক।

প্রাণায়াম *বি* যোগসাধনের অঙ্গ; শ্বাসগ্রহণ (পূরক), শ্বাসধারণ (কুম্ভক) ও শ্বাসত্যাগ (রেচক)–এর যৌগিক অনুশীলনের নাম প্রাণায়াম। [স. প্রাণ+আ+√যম্+অ]

প্রাণী *বি* ১ যে জীবের প্রাণ আছে; জীবনযুক্ত বা সচেতন জীব। ২ লোক (এই বাড়িতে মাত্র একটি প্রাণী আছে)। ৩ *বিণ* প্রাণ; জীবন; মন। [স.]। **প্রাণিজগৎ** *বি* জীবজগৎ; সকল প্রাণী; সমস্ত জীব। **প্রাণিতত্ত্ব, প্রাণিবিদ্যা** *বি* জীবজন্তু–সম্বন্ধীয় বিজ্ঞান; প্রাণী বিষয়ক বিদ্যা। **প্রাণিহিংসা** *বি* জীবজন্তু হত্যাকরণ; জীবহত্যা; প্রাণবধ।

প্রাণেশ, প্রাণেশ্বর *বি* ১ প্রাণপতি; প্রাণপ্রিয়। ২ স্বামী। ৩ প্রণয়াস্পদ; প্রেমিক। [স. প্রাণ+ঈশ, ঈশ্বর]

প্রাণোৎসর্গ *বি* জীবনদান; জীবন-বিসর্জন। [স. প্রাণ+উৎসর্গ]

প্রাত *বি* প্রাতঃকাল; সকাল। [স.]

প্রাতঃ *অব্য* ১ প্রভাত; সকাল বেলা। ২ সূচনা; আরম্ভ; শুরু; সূচনাকাল। [স.]। **প্রাতঃকাল** *বি* প্রভাত; সুবেহ্; সকালবেলা। **প্রাতঃকৃত্য, প্রাতঃক্রিয়া** *বিণ* ১ প্রাতঃকালে করণীয় কর্ম। ২ মলমূত্র ত্যাগ। ৩ উপাসনা। **প্রাতঃস্নান** *বি* সূর্যোদয়ের সময় স্নান; সকালে গোসল। **প্রাতঃস্মরণীয়** *বিণ* প্রভাতে স্মরণযোগ্য; পুণ্যশ্লোক।

প্রাতরাশ, প্রাতর্ভোজন *বি* নাশতা; সকালের নাশতা। [স. প্রাতঃ(=র)+আশ]

প্রাতিপদিক *বি* ১ (ব্যা.) বিভক্তিশূন্য বিশেষ্য পদ বা বিশেষণ পদ। ২ প্রতিপদ সংক্রান্ত। [স.]

প্রাতিভাসিক *বিণ* আপাত প্রতীয়মান; বাস্তবে নয় এমন; বাস্তব বলে প্রতীয়মান। [স.]

প্রাতিস্বিক *বিণ* স্বকীয়; ব্যক্তিগত; অসামান্য; অসাধারণ। [স. প্রতি+স্ব+ইক]

প্রাতিহার, প্রাতিহারক, প্রাতিহারিক *বি* ১ দ্বার–রক্ষকের কাজ। ২ বাজিকর। ৩ মায়াবী; জাদুকর। [স.]

প্রাত্যহিক *বিণ* ১ দৈনিক; প্রতিদিনের; প্রতি দিবসীয়। ২ প্রত্যহ সংঘটিত হয় এমন; প্রতিদিন পালনীয়। [স.]। **প্রাত্যহিকী** *বিণ স্ত্রী.*।

প্রাথমিক *বিণ* আরম্ভকালীন; প্রারম্ভ বা সূচনাকালের; আদ্য। [স. প্রথম+ইক]

প্রাদি *বি* প্র আদিতে আছে যার; প্র পরা অপ সম নি অব অনু নির্ দুর্ বি অভি অধি সু উৎ পরি প্রতি অপি অতি উপ আ—এই বিশটি তৎসম উপসর্গ। [স.]। **প্রাদি সমাস** *বি* উপসর্গযোগে যে তৎপুরুষ সমাস নিষ্পন্ন হয়।

প্রাদুর্ভাব *বি* ১ প্রকটন; প্রকাশ; আবির্ভাব। ২ ভয়ানক প্রকাশ; ভীতিপ্রদ আবির্ভাব। ৩ ব্যাপক আবির্ভাব; সুপ্রচুর প্রকাশ। ৪ ভীতিকর প্রাচুর্য বা বাহুল্য। [স. প্রাদুস্+√ভূ+অ]। **প্রাদুর্ভূত** *বিণ* ১ আবির্ভূত; প্রকাশিত; প্রকটিত। ২ প্রবল ভীতিকর রূপে আবির্ভূত; ব্যাপকভাবে প্রকটিত বা প্রকাশিত।

প্রাদেশিক *বিণ* ১ প্রদেশ–সংক্রান্ত। ২ প্রদেশে জাত বা উৎপন্ন। ৩ সর্বজনীন নয় এমন। [স. প্রদেশ+ইক]। **প্রাদেশিকতা** *বি* ১ প্রাদেশিক বৈশিষ্ট্য। ২ ভাষার প্রাদেশিক বিস্তার। ৩ নিজ প্রদেশের প্রতি পক্ষপাত; অন্য প্রাদেশের প্রতি শত্রুতা বা ঈর্ষা।

প্রাধান্য *বি* ১ শ্রেষ্ঠত্ব। ২ নেতৃত্ব। ৩ প্রভুত্ব; কর্তৃত্ব; আধিপত্য। ৪ প্রাবল্য; আতিশয্য। ৫ অতিরেক; বেশি। [স. প্রধান+য]

প্রান্ত *বি* সীমা; ধার; কিনারা। **প্রান্তবর্তী** *বি* প্রান্তে অবস্থিত; প্রান্তস্থিত; প্রান্তস্থ। [স. প্র+অন্ত]

প্রান্তর *বি* ১ মাঠ। ২ জনবসতি ও বৃক্ষাদি নেই এমন বিস্তৃত ভূমি। [স. প্র+অন্তর]

প্রান্তিক, প্রান্তীয় *বিণ* ১ প্রান্তবর্তী। ২ প্রান্তসংক্রান্ত। ৩ কেন্দ্রীয় নয়; আশপাশের; সামান্য। [স. প্রান্ত+ইক/ঈয়]

প্রাপক *বি, বিণ* ১ যে পায়। ২ যে অন্যকে লাভ করিয়ে দেয়। [স. প্র+√আপ্+ণিচ্+অক]।

প্রাপণ *বি* পাওয়া; প্রাপ্তি; লাভ।

প্রাপ্ত *বিণ* পাওয়া গেছে এমন; লব্ধ। [স.]। **প্রাপ্তকাল** *বিণ* মুমূর্ষু; মরণোন্মুখ। **প্রাপ্তবয়স্ক** *বিণ* ১ উপযুক্ত বয়স পেয়েছে এমন; বয়ঃপ্রাপ্ত; পূর্ণবয়স্ক। ২ সাবালক। **প্রাপ্তব্য** *বিণ* প্রাপ্য; পাওয়ার উপযুক্ত; প্রাপ্তিযোগ্য; পাওয়া উচিত। **প্রাপ্তযৌবন** *বিণ* যৌবনকাল লাভ করেছে যে যুবক। **প্রাপ্তযৌবনা** *বিণ স্ত্রী.*।

প্রাপ্তি *বি* ১ পাওয়া। ২ আয়; উপার্জন। [স. প্র+√আপ্+তি]

প্রাপ্য *বিণ* ১ পাওয়ার উপযুক্ত; লভ্য। ২ পাওনা। [স. প্র+√আপ্+য]

প্রাবল্য *বি* ১ প্রবলতা; আধিক্য। ২ প্রভাব; শক্তি; প্রাচুর্য। [স. প্রবল+য]

প্রাবাদিক *বিণ* প্রবাদসম্পর্কিত; লোকপ্রসিদ্ধ; সুবিদিত। [স. প্রবাদ+ইক]

প্রাবৃট(–ষ্) *বি* বর্ষাকাল; বর্ষাঋতু। [স.]

প্রাভাতিক *বিণ* সকালবেলার; প্রভাতকালীন। [স. প্রভাত+ইক]

প্রামাণিক *বিণ* ১ প্রমাণসিদ্ধ; বিশ্বাসযোগ্য। ২ প্রধান। ৩ পণ্ডিত; জ্ঞানী। ❑ *বি* ১ অধ্যক্ষ। ২ সমাজপতি। ৩ হিন্দু শ্রেণীবিশেষের পদবি। ৪ নাপিত। ৫ (ব্য.) নেতা; মোড়ল। [স. প্রমাণ+ইক]। **প্রামাণিকতা** *বি* বিশ্বস্ততা; বিশ্বাসযোগ্যতা। **প্রামাণ্য** *বি* প্রামাণিকতা। ❑ *বিণ* প্রামাণিক; বিশ্বাসযোগ্য; দলিলসিদ্ধ। [স. প্রমাণ+য]

প্রাযুক্তিক *বিণ* ১ প্রযুক্তি বিষয়ক; প্রযুক্তিগত। ২ প্রযুক্তি বিষয়ে দক্ষ বা বিশারদ; technologist। [স. প্রযুক্তি+ইক]

প্রায়[১] *ক্রিবিণ* ১ সাধারণত; সচরাচর। ২ ঘন ঘন; অল্পকাল বাদে; বারংবার; অধিকাংশ ক্ষেত্রে। [স. প্রায়ঃ]

প্রায়[২] *বিণ* ১ সদৃশ; তুল্য; মতো; ন্যায়। ২ কাছাকাছি; নিকটবর্তী; সামান্য কম। [স. প্র+√ই/অয়্+অ]

প্রায়শ *অব্য, ক্রিবিণ* প্রায়ই; সচরাচর; বারবার। [স. প্রায়শঃ]

প্রায়শ্চিত্ত *বি* ১ পাপক্ষয়ের জন্য অনুষ্ঠান; স্বেচ্ছায় যে শাস্তিগ্রহণ করা হয়; কাফফারা। ২ চিত্তের বিশুদ্ধতা সাধন। [স. প্রায়ঃ(পাপ)+চিত্ত]

প্রায়োগিক *বিণ* প্রয়োগসংক্রান্ত; প্রযুক্তি–সম্পর্কিত; ফলিত; applied। [স. প্রয়োগ+ইক]

প্রায়োপবেশ, প্রয়োপবেশন *বি* মৃত্যুবরণ করার ইচ্ছায় অনশনে থাকা; এরূপভাবে উপবেশন। [স.]। **প্রায়োপবিষ্ট** *বিণ* প্রায়োপবেশন করেছে এমন।

প্রারব্ধ *বিণ* আরব্ধ হয়েছে এমন; শুরু হয়েছে এমন। □*বি* ১ ফলতে চলেছে এমন পাপ ও পুণ্য। ২ পাপ ও পুণ্যের ফল। ৩ ভাগ্য; অদৃষ্ট। [স. প্র+আরব্ধ]
প্রারম্ভ *বি* আরম্ভ; সূত্রপাত; উপক্রম; ভূমিকা। [স. প্র+আরম্ভ]। **প্রারম্ভিক** *বিণ* আরম্ভকালীন।
প্রার্থনা *বি* আবেদন; যাচ্ঞা; মোনাজাত। [স.]। **প্রার্থনীয়** *বিণ* প্রার্থনার যোগ্য; আবেদনের যোগ্য।
প্রার্থী *বিণ* প্রার্থনাকারী; যাচক; প্রার্থনা করে এমন। [স.]। **প্রার্থিতা** *বি* প্রার্থী হওন; candidacy।
প্রাস *বি* বল্লমজাতীয় ক্ষেপণাস্ত্রবিশেষ। [স.]
প্রাসঙ্গিক *বিণ* প্রসঙ্গক্রমে বা কথাপ্রসঙ্গে উপস্থিত বা উপস্থাপিত। [স. প্রসঙ্গ+ইক]
প্রাসাদ *বি* ১ বিরাট অট্টালিকা; বালাখানা; হর্ম্য। ২ রাজভবন। **প্রাসাদকুক্কুট** *বি* পায়রা; কবুতর। [প্র+√সদ্+অ]
প্রাহসনিক *বিণ* ১ প্রহসন-সংক্রান্ত। ২ প্রহসনে অভিনয় করে এমন। [স. প্রহসন+ইক]
প্রিতম *বিণ* প্রিয়তম। [হি.]
প্রিমিয়াম *বি* বিমার কিস্তি। [ই. premium]
প্রিয় *বি* ১ ভালোবাসার পাত্র। ২ স্বামী বা প্রণয়ীকে সম্বোধন। ৩ বন্ধু। □*বিণ* ১ প্রীতিভাজন। ২ প্রেমাস্পদ; স্নেহের পাত্র। ৩ কাম্য; আকাঙ্ক্ষিত (প্রিয় সামগ্রী, প্রিয়জন)। [স. প্রী+অ]। **প্রিয়া** *বি,বিণ স্ত্রী.*। **প্রিয়ংবদা, প্রিয়ম্বদা** (অশু.) *বিণ স্ত্রী.* মধুরভাষিণী। **প্রিয়জন** *বি* ১ প্রিয় ব্যক্তি; ভালোবাসার পাত্র। ২ আত্মীয়স্বজন। ৩ বন্ধু। **প্রিয়তম** *বিণ* সর্বাপেক্ষা প্রিয়। **প্রিয়তমা** *বিণ স্ত্রী.*। **প্রিয়দর্শন** *বিণ* সুদর্শন; সুন্দর। **প্রিয়দর্শী(-র্শিন)** *বিণ* সকলকে প্রীতির চোখে দেখে এমন। □*বি* সম্রাট অশোকের উপাধি। **প্রিয়পাত্র** *বিণ* ১ প্রীতিভাজন। ২ স্নেহপাত্র। ৩ প্রেমপাত্র। **প্রিয়পাত্রী** *বিণ স্ত্রী.*। **প্রিয়বচন, প্রিয়বাক্য** *বি* মধুর কথা; মনোরঞ্জক বাক্য। **প্রিয়বাদী** *বিণ* মিষ্টভাষী। **প্রিয়সমাগম** *বি* ১ প্রিয়জনের সঙ্গে মিলন বা সাক্ষাৎ। ২ প্রীতিভাজন ব্যক্তির আগমন বা উপস্থিতি।
প্রীত *বিণ* সন্তুষ্ট; তৃপ্ত; আহ্লাদিত; খুশি। □*বি* ১ প্রেম; ভালোবাসা; পিরিত। ২ আনন্দ বিধান। [স.]
প্রীতি *বি* ১ সন্তোষ; তৃপ্তি; খুশি। ২ প্রেম; ভালোবাসা। ৩ বন্ধুত্ব। [স. প্রী+তি]। **প্রীতি-উপহার** *বি* প্রীতিজ্ঞাপক উপঢৌকন। **প্রীতিভোজ, প্রীতিভোজন** *বি* আনন্দজ্ঞাপক ভোজ। **প্রীতিসম্ভাষণ** *বি* প্রেম স্নেহ বা বন্ধুত্বজ্ঞাপক কথাবার্তা। **প্রীতিসূচক** *বিণ* প্রেম স্নেহ বা বন্ধুত্বজ্ঞাপক।
প্রেত *বি* ভূত; পিশাচ; মৃতের আত্মা। [স. প্র+√ই+ত]। **প্রেতিনী** *বি স্ত্রী.* পেতনি; মৃত স্ত্রীলোকের আত্মা।
প্রেম *বি* ১ প্রণয়; ভালোবাসা। ২ প্রীতি। ৩ স্নেহ। **প্রেমোদ্গম** *বি* প্রেমের জন্ম; প্রেমের উন্মেষ। [স. প্রিয়+ইমন্]
প্রেমিক *বিণ,বি* ১ যে পুরুষ ভালোবাসে; অনুরাগী। ২ প্রণয়ী; আশিক। ৩ অনুরক্ত; ভক্ত। [স.]। **প্রেমিকা** *বিণ স্ত্রী.*।
প্রেমী *বিণ* প্রেমযুক্ত; প্রেমিক; অনুরক্ত। [স.]
প্রেয় *বিণ* প্রিয়; বাঞ্ছিত; ঈপ্সিত। [স. প্রেয়স্]
প্রেয়সী *বিণ* প্রিয়া; প্রেমপাত্রী; প্রিয়তমা। [স. প্রেয়স্+ঈ]
প্রেরণ *বি* ১ পাঠিয়ে দেওয়া; পাঠানো। ২ নিয়োগ। [স.]। **প্রেরক, প্রেরয়িতা** *বিণ,বি* প্রেরণকারী। **প্রেরিকা, প্রেরয়িত্রী** *বিণ,বি স্ত্রী.*। **প্রেরিত** *বিণ* পাঠানো হয়েছে এমন। [স. প্র+√ঈর+ণিচ্+অন]
প্রেরণা *বি* ১ উৎসাহ উদ্দীপনা প্রবৃত্তি ইত্যাদির সঞ্চার। ২ বিশেষ কোনো কর্মসম্পাদনের জন্য মানুষের অন্তরের শক্তি। ৩ ঐশ বা দৈব শক্তি। [স. প্রেরণ+আ]
প্রেষণ, প্রেষণা *বি* ১ প্রেরণ; পাঠানো; deputation। ২ হিন্দু সমাজে মন্ত্রাদি পাঠ করে আনুষ্ঠানিকভাবে নিয়োগ। ৩ প্রবৃত্তি; উৎসাহ; প্রেরণা। [স. প্র+√ঈষ্+ণিচ্+ত]। **প্রেষক** *বিণ* প্রেষণ করে এমন প্রেরক। **প্রেষিকা** *বিণ স্ত্রী.*। **প্রেষণীয়** *বিণ* প্রেরণযোগ্য। **প্রেষিত** *বিণ* ১ প্রেরিত। ২ প্রেরণা বা উৎসাহ প্রাপ্ত। ৩ নিয়োজিত। **প্রেষিতা** *বিণ স্ত্রী.*। **প্রেষ্য, প্রৈষ্য** *বিণ* প্রেরণীয়; পাঠাবার যোগ্য। □*বি* ভৃত্য। [স. প্রেষণ+ঈয়]
প্রেস *বি* ছাপাখানা। [ই. press]
প্রেসক্রিপশন *বি* ডাক্তার বা চিকিৎসক কর্তৃক রোগীর জন্য কৃত ব্যবস্থাপত্র। [ই.]
প্রেসিডেন্ট *বি* ১ সভাপতি; সদর; রইস। ২ রাষ্ট্রপতি; রাষ্ট্রপ্রধান। [ই.]
প্রেসিডেন্সি, প্রেসিডেন্সী *বি* সভাপতিত্ব; সভাপতিত্ব করবার কাজ। [ই.]
প্রোগ্রাম *বি* কর্মসূচি; অনুষ্ঠানসূচি; অনুষ্ঠানের কর্মসমূহের বিষয়ানুক্রমিক তালিকা। [ই.]
প্রোজ্জ্বল *বিণ* বিশেষ রূপে উজ্জ্বল। [স. প্র+উজ্জ্বল]
প্রোথিত *বিণ* পোঁতা হয়েছে এমন; মাটিতে পোঁতা বা নিহিত। [স.]
প্রোষিত *বিণ* বিদেশগত; প্রবাসী। **প্রোষিতভর্তৃকা** *বি* যে স্ত্রীর স্বামী বিদেশে থাকে; বিদেশগত পতি-বিরহে কাতরা পত্নী। **প্রোষিতভার্য, প্রোষিতপত্নীক** *বি* বিদেশগতা পত্নীর বিরহে কাতর পতি।
প্রৌঢ় *বিণ* ১ যৌবন ও বার্ধক্যের মধ্যবর্তী বয়সপ্রাপ্ত; প্রবীণ। ২ যথাশাস্ত্র বিবাহিত। [প্র+উঢ়]। **প্রৌঢ়া** *বিণ স্ত্রী.*।
প্লাকার্ড *বি* প্রকাশ্যে প্রদর্শিত লিখিত বা মুদ্রিত ঘোষণাপত্র; বিজ্ঞাপনপত্র। [ই.]
প্লাটফরম, প্ল্যাটফরম *বি* ১ রেলস্টেশনে গাড়ি ভিড়বার বা যাত্রীদের রেলগাড়িতে চড়বার জন্য প্রস্তুত উঁচুস্থান। ২ মঞ্চ। [ই.]
প্লান, প্ল্যান *বি* ১ পরিকল্পনা; ফন্দি। ২ নকশা। ৩ ষড়যন্ত্র। [ই.]
প্লাবন, প্লাব *বি* বন্যা; নদ্যাদির জলের ব্যাপক স্ফীতি। **প্লাবক** *বিণ* ১ প্লাবনকারী; প্রবল বন্যাকারী। ২ প্লাবনকর। **প্লাবিত** *বিণ* ১ বন্যায় ডুবে গেছে এমন। ২ জলমগ্ন। ৩ ডুবে বা ভেসে গেছে এমন। [স.]
প্লেগ *বি* ইঁদুরের মাধ্যমে ছড়ায় এমন এক প্রকার সংক্রামক মারাত্মক রোগ ও তজ্জনিত মড়ক বা মহামারী। [ই.]
প্লেট *বি* থালা, রেকাবি, বরতন, ডিশ, বাসন প্রভৃতি। [ই.]

প্লেন[১] *বিণ* মসৃণ; তেলতেলে; সমতল। [ই.]
প্লেন[২] *বিণ* সাদাসিধে। [ই.]
প্লেন[৩] *বি* উড়োজাহাজ। [ই.]

ফ

ফ বাংলা বর্ণমালার বাইশতম ব্যঞ্জনবর্ণ।
ফইড়, ফইড়া *বি* পাখা; পালক। [ফা. পর]
ফইলা, ফয়লা, ফায়লা *বি* কর্মচারীবৃন্দ; গোমস্তা; আমলা। [অ. ফঅল/লা। তুল. আমলা-ফয়লা]
ফক *ক্রিবিণ* ১ হঠাৎ; ফস করে। ২ ফাঁক পেয়ে; ফাঁক দিয়ে। [দেশজ]
ফকফক, ফক্‌ফক্‌ *অব্য* ১ খুব ফর্সা বা সাদার ভাবসূচক। ২ কথা বলতে দন্তহীন মাঢ়ির ফাঁক বা বিরল দাঁতের ফাঁক দিয়ে হাওয়া বের হবার যে শব্দ।
ফকির, ফকীর *বি* ১ সংসারত্যাগী; মুসলমান ভিক্ষুক বা সন্ন্যাসী বা সাধু পুরুষ। ২ মরমি সাধক (লালন ফকির)। ৩ নিঃস্ব; দরিদ্র; সর্বহারা। [আ. ফকীর্]। **ফকিরনি, ফকিরানী** *স্ত্রী*। **ফকিরি, ফকীরি** *বি* ১ সন্ন্যাসবৃত্তি; ফকির বা সাধুদের বৃত্তি। ২ ভিক্ষাবৃত্তি। ☐*বিণ* ফকিরবিষয়ক।
ফক্কড়, ফক্কর *বিণ* ১ ফাজিল; বাচাল; প্রগল্‌ভ। ২ প্রবঞ্চক; শঠ; ফেরেববাজ। ৩ ধড়িবাজ; ধূর্ত। ৪ অন্তঃসারশূন্য। ৫ কৌতুকী; বিদূষক। [আ. ফিকর]। **ফক্কুড়ি, ফক্করি, ফক্কড়ি** *বি* ফাজলামি; ইয়ারকি; বাচালতা।
ফক্কা, ফোক্কা *বিণ* ১ ফাঁকা; শূন্য। ২ ভুয়া; জাল। ৩ মিথ্যা। [স. ফক্কিকা]
ফক্কিকা *বি* ১ ফাঁকি; বঞ্চনা; প্রতারণা। ২ কূটপ্রশ্ন। ৩ কূটতর্ক। [স.]। **ফক্কিকার, ফক্কিকারি** *বি* ১ ফাঁকি; প্রতারণা। ২ ফাঁকিবাজি। [আ.]
ফখর *বি* অহঙ্কার; গর্ব; গৌরব। [আ.]
ফচকে, ফচকিয়া *বিণ* ১ ফাজিল; বাচাল। ২ ফক্কড়া। ৩ লঘুপ্রকৃতি; চটুল। [আ.]। **ফচকেমি, ফচকিয়ামি** *বি* ১ বাচালতা। ২ ফচকের ভাব। [আ. ফেস্‌ক্]
ফচফচ, ফচ্‌ফচ্‌ *অব্য* ১ বাচালতা; প্রগল্‌ভতা। ২ ক্রমাগত বিরক্তিকর ও অবান্তর কথা বলা।
ফজর *বি* ১ উষাকাল; প্রাতঃকাল; প্রত্যুষ। ২ সুবেহ সাদেক অর্থাৎ সূর্যোদয়ের এক ঘণ্টা বিশ মিনিট পূর্বে পূর্বাকাশে আলোর রেখা প্রকাশ পাওয়ার সময় থেকে সূর্যোদয়ের প্রাক্কাল। [আ. ফজর]। **ফজরের নামাজ** *বি* সুবেহ সাদেক সময়-কালের নামাজ।
ফজলি, ফজলী *বি* মালদহ ও রাজশাহীর নবাবগঞ্জ অঞ্চলের প্রসিদ্ধ ও সুস্বাদু বড় আকারের আম। [আ.]
ফজিলত, ফযিলত *বি* ১ শ্রেষ্ঠতা; উৎকর্ষ; গুণপনা; সম্মান। ২ সমৃদ্ধি। ৩ বরকত। [আ. ফযীলৎ]
ফজিহত, ফইজত *বি* ১ কলঙ্ক; অপযশ; বদনাম। ২ অসম্মান; অপমান। ৩ ভর্ৎসনা; তিরস্কার। ৪ কলহ; ঝগড়া। ৫ হাঙ্গামা। [আ. ফযীহৎ]
ফজুল *বিণ* ১ অতিরিক্ত। ২ অনাবশ্যক। [আ. ফযুল]
ফট *অব্য* ১ কোনো কিছু ফাটবার শব্দ। ২ সত্বরতাজ্ঞাপক। **ফটফট** *অব্য* ১ ক্রমাগত ফাটবার আওয়াজ। ২ চটিজুতার শব্দ। ☐*ক্রিবিণ* দ্রুত। **ফটাফট** *ক্রিবিণ* ফটফট করে।
ফটক *বি* সিংহদ্বার; সদর দরজা; বহির্দ্বার; দেউড়ি। [হি.]। **ফটকওয়ালা** *বিণ* ফটকবিশিষ্ট; দেউড়ি আছে এমন।
ফটকা, ফাটকা *বি* ১ শেয়ার বাজারদরের অনিশ্চিত হ্রাসবৃদ্ধির সুযোগ নিয়ে একপ্রকার জুয়া ব্যবসা। ২ ঝুঁকিদার ব্যবসা বা তাতে টাকা নিয়োগ করা। [হি.]। **ফটকাগিরি** *বিণ* ফক্করের কাজ; যে-কাজে কোনো সার নেই এমন। **ফটকাবাজ** *বিণ* বিক্রয় মূল্যের হ্রাসবৃদ্ধি হয় এরূপ পণ্য দ্রব্যের বাজারে জুয়া ব্যবসা যার অভ্যাস।
ফটকি-নাটকি *বি* রং-তামাশা।
ফটকিরি, ফিটকিরি *বি* কষায় স্বাদযুক্ত রাসায়নিক লবণবিশেষ; alum। [স. স্ফটিকারি>]
ফটর ফটর *অব্য* অপ্রাসঙ্গিক অতিকথন; অপ্রয়োজনীয় কথা।
ফটিক *বিণ* ১ স্ফটিক; স্বচ্ছ; পরিষ্কার; নির্মল। ২ স্বচ্ছ পাথরবিশেষ। [স. স্ফটিক>]। **ফটিকচাঁদ** *বি* ১ কলঙ্কহীন চাঁদ। ২ ফুলবাবু; ফিটফাট গোছের তরুণ যুবক। **ফটিকজল** *বি* ১ স্বচ্ছ পানি। ২ চাতক পাখি—যে বৃষ্টির পানি ভিন্ন অন্য পানি পান করে না বলে কবিপ্রসিদ্ধি।
ফটো, ফটোগ্রাফ *বি* আলোকচিত্র; ক্যামেরায় তোলা ছবি। [ই.]। **ফটোগ্রাফার** *বি* আলোকচিত্রী।
ফড় *বি* ১ গরুর গাড়ির দুই পাশে বাঁধা বাঁশ বা লম্বা কাঠ। ২ কুপন খেলার ছ'পণ গুটি।
ফড়ফড়, ফড়্‌ফড়্‌ *অব্য* ১ বস্ত্রাদি ছিঁড়বার শব্দবিশেষ। ২ কাগজ পালক প্রভৃতি নড়বার শব্দবিশেষ। ৩ কানে পিঁপড়া বা কোনো পোকা প্রবেশ করলে যে শব্দ হয়। ☐*বি* ১ ব্যস্ততার ভাব। ২ বকবক; অনবরত বাজে কথা বলা। **ফড়ফড় করা** *ক্রি* ১ অনবরত কথা বলা। ২ বকবক করা। **ফড়ফড়ি রাম** *বি* (আল.) ছ্যাবলা।
ফড়িং, ফড়িঙ *বি* ১ লম্বা ঠ্যাংবিশিষ্ট পতঙ্গবিশেষ। ২ উচ্চিংড়ো। [স. পতঙ্গ>]। **ফড়িঙ্গা** *বি* ঝিল্লিকা; ঝিঁঝি পোকা; পতঙ্গবিশেষ।
ফড়ে, ফড়িয়া *বি* ফেরিওয়ালা; বাড়ি বাড়ি যারা বিভিন্ন দ্রব্য ফেরি করে বিক্রি করে; পাইকারি দরে ক্রয় করে খুচরা দরে বিক্রয়কারী; পাইকার। [তুল. হি. ফড়িয়া]
ফণা *বি* সাপের উদ্যত চ্যাপটা মাথা; চক্র; চক্কর। [স.]। **ফণাধর** *বি* ফণাধারী সাপ; সরীসৃপ।
ফণি, ফণী(-ণিন্) *বি* ফণাধারী; সাপ; নাগ; সরীসৃপ; ভুজঙ্গ। [স.]। **ফণিনী** *স্ত্রী*। **ফণিজা** *বি* ফণি-মনসার গাছ। **ফণিভূষণ** *বি* ১ ফণী যাঁর গলার ভূষণ—শিব। ২ সর্পাকৃতি হস্তালঙ্কারবিশেষ; সর্পবলয়। **ফণিমনসা, ফণীমনসা** *বি* সাপের ফণার মতো চ্যাপটা পাতাহীন একপ্রকার কাঁটাগাছ; ঝাঁপিগাছ। **ফণীন্দ্র, ফণীশ্বর** *বি* ১ হিন্দুমতে সর্পরাজ বাসুকি। ২ নাগরাজ। [স. ফণী+ইন্দ্র, ঈশ্বর]
ফতুয়া, ফতুই *বি* ক্ষুদ্রাকৃতি গলাকাটা জামাবিশেষ। [আ. ফতূহি]
ফতুর *বিণ* ১ নিঃস্ব; রিক্ত; সর্বস্বান্ত। ২ নিঃশেষ। [আ. ফুতুর]

ফতে, ফতেহ *বি* ১ জয়; বিজয়; বিপক্ষের পরাভব। ২ সিদ্ধি; সফলতা। [আ. ফৎহ্]। **ফতে করা** *ক্রি* জয় করা।
ফতো, ফোতো *বিণ* পরপুষ্ট; অন্তঃসারশূন্য; অপরের দান বা অনুগ্রহে বাবুগিরি করতে অভ্যস্ত। [আ.]। **ফতো নবাব, ফতো বাবু, ফতো কাপ্তেন** *বি* যার বাহ্যিক আচরণ নবাব বা বাবুর মতো কিন্তু অন্তঃসারহীন।
ফতোয়া, ফতওয়া *বি* ইসলাম ধর্মশাস্ত্রসম্মত সিদ্ধান্ত বা রায় বা লিখিত ব্যবস্থা বা মীমাংসা; শাস্ত্রনির্দেশ। [আ. ফৎওয়া]। **ফতোয়াবাজ** *বি* ফতোয়া জারি করতে ওস্তাদ।
ফনি, ফনী *বি* চিরুনি।
ফন্দি, ফন্দী *বি* ১ ফাঁদ; চাতুরী; প্রতারণা; ছল। ২ কূটকৌশল। ৩ মতলব। [আ. ফন/ফা. ফন্দ্]। **ফন্দি-ফিকির** *বি* ছল; চাতুরী; কৌশল। [আ.]। **ফন্দিবাজ** *বিণ* ১ কৌশলী; ফন্দি আঁটায় দক্ষ ব্যক্তি। ২ মতলববাজ; চক্র।
ফপর-দালাল, ফোপর-দালাল *বি* (ব্য.) অযাচিতভাবে গায়ে পড়ে যে লোক অন্যের ব্যাপারে মোড়লি করে। [হি. ফপর+আ. দালাল]। **ফপর-দালালি** *বি* ফপড়দালালের মতো ব্যবহার।
ফয়তা, ফৈত্তা *বি* ১ ইসলাম ধর্মশাস্ত্র অনুযায়ী মৃতব্যক্তির আত্মার সদ্‌গতি প্রার্থনা উপলক্ষে ভোজ বা ফকির মিশকিনকে খাওয়ানো। ২ পীরের দরগায় শিরনি দান ও ভক্তি নিবেদন। [আ. ফাতেহা>ফয়তা]
ফয়সলা, ফয়সালা *বি* ১ মীমাংসা; মিটমাট; নিষ্পত্তি। ২ রায়; বিচারফল। [আ.]। **ফয়সালা করা** *ক্রি* ১ নিষ্পত্তি করা। ২ মিটমাট করা।
ফরকানো *ক্রি* ১ আস্ফালন করা। ২ ফাঁক করা। ❑ *বি* উক্ত সকল অর্থে। [হি.]
ফরজ, ফরয *বি* ১ ইসলামি ধর্মমতে অবশ্য করণীয় কাজ বা অনুষ্ঠান। ২ জরুরি কাজ। [আ.]
ফরজন্দ, ফরযন্দ *বি* ১ সন্তান; আওলাদ। ২ বংশধর। [ফা.]
ফরদাফাঁই *বিণ* ছিন্নভিন্ন।
ফরফর, ফর্‌ফর্ *বি* ১ কাপড় কিংবা কাগজ ইত্যাদি পাতলা বস্তুর বাতাসে উড়বার শব্দ। ২ পতঙ্গ বা প্রাণীর দ্রুত নড়বার শব্দ। ৩ অতিরিক্ত ও অবান্তর কথা। ৪ দ্রুততা; ত্বরা। [ফা.]। **ফরফরানি** *বি* ১ চাঞ্চল্য। ২ ফরফর করার ভাব। ৩ নিশানাদি উড়বার শব্দ। **ফরফরে** *বিণ* ফরফর করে এমন; অতিরিক্ত ও অবান্তর কথা বলে এমন; বাচাল; চঞ্চল; চটপটে।
ফরম, ফর্ম *বি* ১ নির্দিষ্ট নিয়মানুযায়ী ছাপানো বিবরণপত্র; রসিদ ইত্যাদির আদর্শ লেখ্য। ২ দরখাস্ত। [ই.]
ফরমা, ফর্মা *বি* ১ পুস্তকাদির যতগুলো পৃষ্ঠা একসঙ্গে ছাপা হয়। ২ ছাঁচ। [ফ.]
ফরমান *বি* ১ হুকুম; আদেশ। ২ হুকুমনামা; আদেশপত্র। ৩ হুকুমত; শাসন। ৪ বাণী; সংবাদ; খবর। [ফা.]। **ফরমান-বরদার, ফরমা-বরদার** *বিণ* অনুগত; আজ্ঞাবহ; হুকুমপালনকারী। [ফা.]। **ফরমান-বরদারি** *বি*। **ফরমানি** *বি* আনুগত্য; আদেশমান্যতা। **ফরমানো** *ক্রি* হুকুম করা; আদেশ দেওয়া। **না-ফরমানি** *বিণ* আদেশ অমান্যকারী।
ফরমায়েশ, ফরমাইশ, ফরমাশ *বি* ১ আদেশ; নির্দেশ; হুকুম; আজ্ঞা। ২ কোনো কিছু ক্রয়ের বা সরবরাহের নির্দেশ। ৩ আবদার; বায়না। [ফা.]। **ফরমায়েশি, ফরমাশি** *বিণ* হুকুমে করা হয়েছে এমন; নির্দেশিত।
ফরসা, ফরশা *বিণ* ১ গৌরবর্ণ। ২ অন্ধকারশূন্য; আলোকোজ্জ্বল। ৩ নির্মল; পরিষ্কার; সাদা। ৪ উজ্জ্বল; নির্মেঘ। ৫ নিঃশেষ; সাবাড়; খতম। ৬ জটিলতাহীন; স্পষ্ট। ❑ *বি* শূন্য। [স. স্ফর>(দীপ্ত অর্থে)]
ফরসি, ফুরসি *বি* দীর্ঘ নলযুক্ত হুঁকা; গুড়গুড়ি; ফরাসের যোগ্য হুঁকা। [আ.]
ফরাগত, ফরাকত *বি* ১ উন্মুক্ত বা ফাঁকা জায়গা। ২ অভাবমুক্ত; সাচ্ছন্দ্য; স্বাচ্ছল্য; অবকাশ; অবসর; ছুটি। ❑ *বিণ* চওড়া; প্রশস্ত; বিস্তৃত পরিসর। [আ.]
ফরাজ, ফরায়েজ *বি* মৃত ব্যক্তির সম্পত্তি বণ্টন-সম্বন্ধীয় বিশেষ ইসলামি বিধান; ইসলামি দায়ভাগ। [আ.]। **ফরাজ বা ফরায়েজ করা** *ক্রি* ইসলামি শাস্ত্র অনুযায়ী মৃতের সম্পত্তি তাঁর উত্তরাধিকারীদের মধ্যে নির্ধারিত অংশে ভাগ করে দেওয়া।
ফরাজি, ফরায়েজি *বি* ১ হাজি মুহম্মদ শরিয়তুল্লাহর মতানুসারী ব্যক্তি। ২ ইসলাম অনুসারে যাঁরা ফরজ বা অবশ্যপালনীয় নির্দেশ মেনে চলেন। ৩ ব্রিটিশ বিরোধী ফরাজি আন্দোলনে যাঁরা ব্রিটিশ অধিকৃত ভারতবর্ষকে দারুল-হরব মনে করতেন।
ফরাশ, ফরাস *বি* ১ মেঝে বা তক্তপোষে পাতবার জন্য কার্পেট বা বিছানা। ২ ঘরের আসবাবপত্র ঝাড়ামোছা, আলো জ্বালা, শয্যা বিছানো ইত্যাদি কাজে নিয়োজিত চাকর বা ভৃত্য। [আ.]
ফরাসি *বি* ১ ফ্রান্স দেশের অধিবাসী। ২ ফ্রান্স দেশের ভাষা। ❑ *বিণ* ফ্রান্স দেশীয়; ফ্রান্স সম্বন্ধীয়। [ফ. Francis]
ফরিয়াদ *বি* ১ প্রার্থনা; বিচারপ্রার্থনা। ২ অভিযোগ; নালিশ। ৩ মামলা; মোকদ্দমা; আদালতে অভিযোগ। ৪ সাহায্য-প্রার্থনা; দোহাই দেওয়া। [ফা.]। **ফরিয়াদি, ফরিয়াদী** *বি* বাদী; বিচারপ্রার্থী; আদালতে অভিযোগকারী।
ফর্দ *বি* ১ তালিকা; ফিরিস্তি। ২ খণ্ড; টুকরা; ফালি। [আ.]
ফল *বি* ১ গাছ প্রভৃতিতে জাত শস্য বা বীজাধার। ২ লাভ; কোনো কাজের পরিণাম। ৩ নির্ধারণ; সিদ্ধান্ত; সমাধান। ৪ নিষ্পত্তি। ৫ শাস্তি; দণ্ড। ৬ রায়; মীমাংসা। ৭ সন্তান। ৮ ফলা। ৯ উপকার (ঔষধের ফল)। [স.]। **ফলকথা** *বি* মোট কথা; শেষ কথা; সারবস্তু বা সার কথা; কোনো বিষয়ে নিষ্পত্তিকর বাক্য। **ফলত, ফলে** *ক্রিবিণ* ১ মোটের উপর; ফলস্বরূপ; আসলে; প্রকৃতপক্ষে; বস্তুত। ২ পরিণামে। **ফলদ, ফলদায়ক, ফলপ্রদ** *বিণ* ১ ফলদান করে এমন; ফলদাতা। ২ সিদ্ধিদায়ক। **ফলদর্শী** *বিণ* দূরদর্শী; পরিণামদর্শী; ভবিষ্যৎদর্শী। **ফলদর্শিতা** *বি*। **ফল দেওয়া** *ক্রি* ১ উপকার পাওয়া। ২ ফল ধরা। **ফলন** *বি* ১ বৃক্ষাদিতে ফল জন্মানো; উৎপাদন। ২ ফলা; সংঘটন; সত্যে পরিণত হওয়া। **ফলন্ত** *বিণ* ফল ধরেছে এমন (গাছ); ফলবান; ফলবন্ত; ফলশালী। **ফলপ্রসূ** *বিণ* ফল দেয় এমন; ফলদায়ক; হিতকারী; উপকারক। **ফলপ্রাপ্তি** *বি* ফললাভ; কার্যে সিদ্ধিলাভ। **ফলবান** *বিণ* ১ কৃতকার্য; সফল; চরিতার্থ। ২ ফলপূর্ণ; ফলন্ত; ফলযুক্ত। **ফলবতী** *স্ত্রী.*। **ফলভাগী** *বিণ* কোনো কাজের পরিণামভাগী; ফলের অংশীদার। **ফলভাগিনী** *স্ত্রী.*। **ফলভোগ** *বি* কৃতকর্মজনিত সুখ-দুঃখের উপলব্ধি। **ফলভোগী** (-ভোগিন্) *বিণ* কৃতকর্মের ফলভোগকারী। **ফলশ্রুতি**

*বি*১ শ্রুতিফল। (পুণ্যকাহিনী শ্রবণে যে ফল পাওয়া যায়, তা–ই ফলশ্রুতি। যেমন মহাভারত কিংবা গীতা শ্রবণের শ্রুতিফল হচ্ছে পুণ্যলাভ; অতএব ফলশ্রুতি হচ্ছে পুণ্যার্জন কিংবা ধর্মভাবের উন্মেষ)। ২ (অশুদ্ধ প্রয়োগ) ফলাফল; পরিণাম; তাৎপর্য। ৩ প্রভাব।

ফলই, ফলি *বি* চিতলজাতীয় ছোট মৎস্যবিশেষ; ফলিমাছ। [স. ফলকী>]

ফলক *বি*১ ফলা; তীরের সূক্ষ্মাগ্রভাগ। ২ ধোপার পাট। ৩ পাটা; পট্ট; পাটার মতো চওড়া; পাত। ৪ ললাটের অস্থি বা হাড়। ৫ ঢাল। [স.]। **ফলকপাণি** *বি* ঢালী। **ফলক-লিপি** *বি* চওড়া কাষ্ঠখণ্ডে লেখা পরিচয়লিপি; sign board/name plate প্রভৃতি।

ফলকী *বি* ১ ফলি মাছ। ২ ঢালী। [স.]

ফলঙ্গ *বি* উল্লম্ফন; লাফ। [স. লম্ফ বর্ণবিপর্যয়ে ফল্গ>]

ফলন *বি* শস্যবীজ জন্মানো; ফল ধরা।

ফলনা, ফলানা *বি* নাম উচ্চারণ না করে ইঙ্গিতে লোককে নির্দেশ করা; অমুক লোক (ফলনার বাপ)। [আ.]

ফলসা, ফালসা *বি* অম্ল–মধুর স্বাদযুক্ত কৃষ্ণলোহিতবর্ণ ক্ষুদ্র গোলাকার ফলবিশেষ। [ফা.]। **ফলসাই, ফালসাই** *বিণ* ফলসাজাতীয় ফলের রংবিশিষ্ট।

ফলা[১] *বি* ১ ফলক; অস্ত্রের তীক্ষ্ণপ্রান্ত। ২ ঢাল। ৩ যুক্তাক্ষরে সংযুক্ত ব্যঞ্জনবর্ণের চিহ্ন। [স. ফলক>]

ফলা[২] *ক্রি*১ উৎপন্ন হওয়া; জন্মানো। ২ ফলবান হওয়া। ৩ সত্য হওয়া; সফল হওয়া। ৪ ফল প্রসবকারী; ফল উৎপন্ন করে এমন (দোফলা গাছ)। ৫ ফলন্ত। **ফলানো** *ক্রি* ১ জন্মানো; উৎপাদন করা। ২ (ব্য.) জাহির করা; বাহাদুরি দেখিয়ে বলা। ৩ অতিরঞ্জিত করে প্রকাশ করা। **রং ফলানো** *ক্রি* ১ বর্ণ পরিস্ফুট করা; রং ফোটানো। ২ অতিরঞ্জিত করা।

ফলাও, ফালাও *বিণ* ১ সবিস্তার; ব্যাপক; প্রসারিত; ঢালাও। ২ অতিরঞ্জিত। ৩ বিশেষ গুরুত্ব সহকারে। [আ.]

ফলাকাঙ্ক্ষা *বি* কৃতকর্ম ফলের আশাপোষণ। [স. ফল+আকাঙ্ক্ষা]

ফলাফল *বি* কর্মের শুভাশুভ বা মঙ্গলামঙ্গল পরিণাম; সাফল্য বা অসাফল্য; সিদ্ধি বা প্রসিদ্ধি। [স. ফল+অফল]

ফলাহার, ফলার *বি*১ আহার্যরূপে ফলভক্ষণ। ২ ভাত ছাড়া অন্যান্য নিরামিষ দ্রব্য—দই চিঁড়া দুধ মিষ্টান্ন বিভিন্ন প্রকার ফল ইত্যাদি ভোজ্যবস্তু। ৩ উক্তরূপ ভোজ্য দ্রব্যাদি আহার। [স.]। **ফলাহারী, ফলারে** *বিণ* ফলারপ্রিয়; ফলার করতে অভ্যস্ত এমন (ফলারে বামুন)।

ফলিত *বিণ* ১ ফলবান; ফলযুক্ত। ২ সফল; সিদ্ধযুক্ত; সত্যরূপে প্রমাণিত। ৩ পরীক্ষা বা গবেষণা দ্বারা প্রমাণিত বা সিদ্ধ। ৪ প্রক্রিয়ামূলক; প্রায়োগিক; applied। [স.]। **ফলিত জ্যোতিষ** *বি* গ্রহ–নক্ষত্রের গতি দ্বারা ভূত–ভবিষ্যৎ জানবার শাস্ত্রবিশেষ; astrology। **ফলিতবিজ্ঞান** *বি* ব্যবহারিক বিজ্ঞান; গবেষণায় সিদ্ধ বিজ্ঞান। **ফলিতার্থ** *বি* সারাংশ; প্রধান অংশ।

ফলোদয় *বি* ১ ফলোৎপত্তি। ২ যশ; লাভ; সফলতা; উদ্দেশ্যসিদ্ধি। [স. ফল+উদয়]

ফলোন্মুখ *বিণ* দ্রুত ফল দেবে এমন। [স. ফল+উন্মুখ]

ফল্গু *বি*১ গয়ার মধ্য দিয়ে প্রবাহিত অন্তঃসলিলা নদীর নাম। ২ বসন্তকাল। ৩ আবীর; ফাগ। ❑ *বিণ* ১ তুচ্ছ; অসার। ২ সুন্দর; মনোরম। ৩ অন্তরে প্রবাহিত অথচ বাইরে অপ্রকাশ্য। [স.]। **ফল্গুধারা, ফল্গুপ্রবাহ** *বি*১ যে ধারা বাইরে প্রকাশিত নয়। ২ লোকসমাজে প্রচারিত নয় এমন ভাব বা কর্মপদ্ধতি।

ফল্গুৎসব *বি* দোলযাত্রা; হোলি বা ফাল্গুন মাসে আবির খেলার উৎসব। [ফল্গু+উৎসব]

ফষ্টি, ফষ্ঠি *বি* রঙ্গরস; ফুটানি। **ফষ্টিনষ্টি** *বি* ১ ফাজলামি; ইয়ারকি; লঘু হাস্যপরিহাস; রংঢং; হাসি–তামাসা। ২ অবৈধ প্রেম।

ফস *ক্রিবিণ* ১ অসতর্কভাবে; অসাবধানবশত। ২ আকস্মিক; শীঘ্র। [আ.+বা.]

ফসকা, ফস্কা *বিণ* আলগা; শিথিল; ঢিলা। [আ.]। **ফসকানো, ফস্কানো** *ক্রি*১ পিছলানো। ২ হাতছাড়া হয়ে যাওয়া; আয়ত্তের বাইরে চলে যাওয়া।

ফসফরাস *বি* সহজে দাহ্য মৌলিক পদার্থ; অন্ধকারে দীপ্তিমান পদার্থবিশেষ। [ই. phosphorus]

ফসল *বি* ১ ক্ষেতে উৎপন্ন শস্য। ২ ফল; কোনো কিছু আবিষ্কারের সুফল। ৩ শস্য সংগ্রহের সময়। [আ.]। **ফসলি** *বিণ*১ ফসল–সংক্রান্ত। ২ ফসল কর্তনের কাল থেকে গণনা করা হয় এমন। **ফসলি সন** *বি*১৫৫৬ খ্রিস্টাব্দে (৯৬৩ হিজরি) আকবর বাদশাহ কর্তৃক তাঁর রাজ্যে প্রবর্তিত অব্দ। [আ. সন্‌হ্]। আকবর ১৫৭৫ সনে বঙ্গবিজয় করেন। তাঁর প্রবর্তিত সন সমগ্র বাংলাদেশে ১৬১৭ সন থেকে চালু হয়।

ফসাদ *বি* ঝগড়া; গণ্ডগোল [আ.]। **ঝগড়া-ফসাদ** *বি* ঝগড়া; ফ্যাসাদ; হাঙ্গামা।

ফাইন *বি* জরিমানা। ❑ *বিণ* মিহিন; সুন্দর (ফাইন সুতার কাপড়)। [ই. fine]

ফাই–ফরমাশ *বি* ছোটখাট হুকুম তামিল। [ফা. ফরমাইশ]

ফাইল *বি*১ নথি; শৃঙ্খলার সাথে গুছিয়ে রাখা কাগজপত্রের তাড়া বা নথির গোছা। ২ তালিকা। [ই. file]

ফাউন্টেন পেন *বি* ঝরনা কলম; একবার কালিতে পূর্ণ করলে যে কলমে দীর্ঘক্ষণ লেখা যায়। [ই. fountain-pen]

ফাউল *বি* নিয়ম বিরোধী কাজ (খেলায় ফাউল করা)।

ফাও, ফাউ *বি* আসল পরিমাণের অতিরিক্ত কিছু; মূল্যের বদলে প্রাপ্যবস্তুর চেয়ে বাড়তি সামান্য কিছু। ❑ *বিণ* ১ অতিরিক্ত; উপরি। ২ তুচ্ছ; সামান্য। [হি.]

ফাওড়া *বি* লম্বা বাটযুক্ত চওড়া কোদালি। [হি.]

ফাঁই ফাঁই *অব্য* বস্ত্রাদি ফালি ফালি করে ছেঁড়ার শব্দ।

ফাঁক *বি*১ তফাত; অন্তর; ব্যবধান। ২ ফাটল; উন্মুক্ততা; ছিদ্র। ৩ সুযোগ; সুবিধা। ৪ অবকাশ; অবসর। ৫ শূন্য বা নিঃশেষ। ৬ শূন্যতা। ৭ বিচ্ছেদ; লঙ্ঘন; বাদ। ৮ লুণ্ঠন। [স.√ফক্ক>আ. ফরক]। **ফাঁক করা** *ক্রি*১ খোলা। ২ শূন্য বা খালি করা; ছিদ্র করা। ৩ বিদারণ ক[illegible]। ৪ রাষ্ট্র করা; প্রচার করা; প্রকাশ করে দেওয়া। **ফাঁকতাল, ফাঁকতাল্লা** *বি* হঠাৎ পাওয়া সুযোগ বা সুবিধা। **ফাঁক পাওয়া** *ক্রি*১ অবসর পাওয়া। ২ সুযোগ পাওয়া। **ফাঁকফাঁক** *বিণ* বিচ্ছিন্ন; আলাদা; ছাড়া ছাড়া (ফাঁক ফাঁক হয়ে ব[illegible])। **ফাঁকে পড়া** *ক্রি*১ ফাঁকিতে পড়া। ২ বঞ্চিত হওয়া; প্রতারিত হওয়া। **ফাঁকে ফাঁকে** *ক্রিবিণ* কাজের অবসরে; মধ্যে মধ্যে; দূরে দূরে; আড়ালে আড়ালে।

ফাঁকা *বিণ*১ উন্মুক্ত; অনাবৃত; খোলা। ২ শূন্য। ৩ জনশূন্য।

নির্জন। ৪ অসার; ভিত্তিহীন; মিথ্যা; বাজে। ৫ অপ্রত্যাশিতভাবে কিছু পাওয়া। **ফাঁকা আওয়াজ** *বি* ১ গুলিশূন্য বন্দুকে শুধু বারুদের জন্য যে শব্দ হয়। ২ (ব্য.) বৃথা আস্ফালন; বাজে কথার হাঁকডাক। **ফাঁকা ফাঁকা ঠেকা** *ক্রি* জনহীন বোধ হওয়া; কোনো কিছুর অভাব অনুভব করা।

ফাঁকি *বি* ১ প্রতারণা; ছলনা; বঞ্চনা; ঠকামি; চাতুরী; ধাপ্পা; ধোঁকা। ২ কর্তব্যকর্মে অবহেলা। ৩ কূটবিতর্ক। ৪ মিহি চূর্ণ; গুঁড়া। [স. ফক্কিকা]। **ফাঁকিজুঁকি, ফাঁকিজুঁখি** *বি* প্রবঞ্চনা; শঠতা; মিথ্যা আচরণ। **ফাঁকিতে পড়া** *ক্রি* ১ লোকসান দেওয়া। ২ প্রতারিত হওয়া। **ফাঁকিবাজ** *বিণ* ফাঁকি দিতে অভ্যস্ত বা পটু; প্রতারক। **ফাঁকিবাজি** *বি* ফাঁকিবাজের বৃত্তি বা কাজ।

ফাঁড়া *বি* রিষ্টি বা গ্রহদোষ, জ্যোতিষ গণনানুযায়ী মৃত্যুযোগ বা কঠিন বিপদের সম্ভাবনা। [দেশজ]। **ফাঁড়া উতড়ানো, ফাঁড়া কাটানো** *ক্রি* বিপদ উত্তীর্ণ হওয়া; প্রাণসংকট মুহূর্ত কেটে যাওয়া। **ফাঁড়াগর্দিশ** *বি* বিপদআপদ। [ফ.]

ফাঁড়ি, ফাঁড়ী *বি* পুলিশ-ঘাঁটি; থানার শাখা; চৌকি। **ফাঁড়িদার** *বি* ১ ফাঁড়ির বড় কর্তা। ২ দারোগা। ৩ চৌকিদার।

ফাঁত, ফাঁৎ *ক্রিবিণ* দীর্ঘ-নিশ্বাস ত্যাগ সম্পর্কে বলা হয়। **ফাঁত করা** *ক্রি* বিশেষ শব্দ করা।

ফাঁদ, ফান্দ *বি* ১ পশুপাখি ধরবার যন্ত্রবিশেষ। ২ (আল.) কৌশল; ছল; ফন্দি; চক্রান্ত। ৩ ব্যাস; বৃত্তের ভিতরের আয়তন। [ফা. ফন্দ]। **ফাঁদ পাতা** *ক্রি* (আল.) কারও অনিষ্ট সাধনের জন্য চক্রান্তজাল বিস্তার করা। **ফাঁদে পা দেওয়া** *ক্রি* (আল.) চক্রান্ত না বুঝে শিকার যেমন জালে পড়ে তেমনি অজ্ঞাতসারে কোনো বিপদের মধ্যে পড়া।

ফাঁদা, ফান্দা (ম-বা) *ক্রি* ১ আরম্ভ করা; শুরু করা; সূচনা করা; পত্তন করা। ২ (বুদ্ধি) আঁটা; কৌশলজাল পাতা।

ফাঁদালো, ফাঁদাল *বিণ* ১ ফাঁদযুক্ত, জটিল ফাঁদ। ২ বিস্তৃত মুখবিশিষ্ট। ❑ *বি* যার ভিতর অনেক ফাঁকা।

ফাঁপ *বি* স্ফীতি; ফোলা বস্তু। **ফাঁপ ধরা** *ক্রি* ফুলে ওঠা; ফেঁপে ওঠা।

ফাঁপর, ফাঁফর *বি* ১ মনের অস্বস্তি বা শূন্যতা। ২ সমস্যা; বিপদ; বিপাক; মহাচিন্তা; নিরুপায়। ৩ হতবুদ্ধিকর অবস্থা; ৪ উদর ফুলে ওঠা। ❑ *বিণ* বিপন্ন; হতবুদ্ধি; কিংকর্তব্যবিমূঢ়।

ফাঁপা *ক্রি* ১ স্ফীত হওয়া; ফুলে ওঠা বায়ু দ্বারা পূর্ণ হওয়া (পেট ফাঁপা)। ২ ধনবান হওয়া; বিত্তশালী হওয়া। ❑ *বিণ* ১ শূন্যগর্ভ। ২ বায়ুপূর্ণ। [প্রা. ফংক]। **ফাঁপানো, ফাঁপান** *ক্রি* ১ ফুলানো; বায়ুপূর্ণ করা; স্ফীত করা। ২ অতিরঞ্জিত বা প্রশংসা দ্বারা গর্বিত করা। ❑ *বিণ* বায়ুপূরিত। **ফাঁপা ঢেঁকির শব্দ বড়**—ভিতরে যার কিছু নেই তার বাইরের শব্দ কিছু বেশি রকম।

ফাঁস[১], ফাঁশ[১] *বি* ১ ইচ্ছানুযায়ী শক্ত বা শিথিল করা যায় এমন দড়ির বাঁধন, শূন্যে ঝুলিয়ে বা পায়ের নিচে মাটি বা শক্ত কিছু না থাকলে যা গলায় পরালে মৃত্যু ঘটে; ফাঁসি। ২ প্রকাশ। ৩ ফাঁদ; জাল। [স. পাশ>]। **ফাঁসকল** *বি* ১ ফাঁদ। ২ চাল; চক্রান্ত; কৌশল; জাল।

ফাঁস[২], ফাঁশ[২] *বিণ* ১ আলগা; শিথিল। ২ ব্যক্ত; প্রকাশিত; রাষ্ট্র। [ফা. ফাস]

ফাঁসা *ক্রি* ১ ধ্বসে পড়া; খুলে যাওয়া; ফেটে পড়া বা ভগ্ন হওয়া। ২ পণ্ড বা বিফল হওয়া; ব্যর্থ হওয়া। ৩ বিপদে জড়িয়ে পড়া। ৪ বিচ্ছিন্ন হওয়া। ❑ *বি* উক্ত সকল অর্থে। **ফাঁসানো** *ক্রি* ১ বিপদে ফেলা বা জড়িত করা। ২ ছিন্ন করা; চেরা। ৩ পণ্ড করা; বিফল করা।

ফাঁসি, ফাঁসী *বি* ১ গলায় দড়ির ফাঁস লাগিয়ে আত্মহত্যা; উদ্বন্ধন। ২ বন্ধন-রজ্জু। ৩ আত্মহননের জন্য গলায় পরবার ফাঁস। ৪ গলায় ফাঁস লাগিয়ে মৃত্যুদণ্ড। [স. পাশ>ফাঁস]। **ফাঁসিকাঠ** *বি* যে কাঠ থেকে ফাঁসির দড়ি লাগানো হয়।

ফাঁগ, ফাগু *বি* ১ আবীর। ২ উৎসববিশেষ; হোলি। [স. ফল্গু, তুল. হি. ফাগুয়া]

ফাজলামি, ফাজলামো *বি* বাচালতা; প্রগল্‌ভতা; ধৃষ্টতা। [আ.]।

ফাজিল, ফাজেল *বি* বাচাল, বখাটে। ❑ *বিণ* পণ্ডিত, বিদ্বান। [আ.]। **ফজুল** *বিণ* ফালতু; অতিরিক্ত, উদ্বৃত্ত; অবশিষ্ট।

ফাট *বি* ১ চির; ফাটল; বিদারণ। ২ ফাঁক। [স. স্ফট>]। **ফাটন** *বি* ফেটে যাওন; বিদারণ; চিড় খাওয়া। **ফাটল** *বি* ফাটা স্থান; ছিদ্র; ইটের গাঁথুনির বা জমির মধ্যস্থ ফাঁক।

ফাটক *বি* ১ কারাগার; জেলখানা; হাজত; গারদ। ২ কারাদণ্ড; জেল। ৩ সিংহদ্বার; সদর দরজা; ফটক। [হি.]। **ফাটক খাটা** *ক্রি* জেল খাটা; কারাদণ্ড ভোগ।

ফাটা *বি* ১ বিদারণ। ২ বিদীর্ণ স্থান; ফাটল। ❑ *বিণ* বিদীর্ণ। ❑ *ক্রি* বিদীর্ণ হওয়া; ছিন্নবিচ্ছিন্ন হওয়া; চিড় খাওয়া [স. স্ফট>]। **ফাটানো** *ক্রি* বিদীর্ণ করা; ফাঁড়া; চেরা। **ফাটাফাটি** *বি* ১ উভয় পক্ষের দ্বন্দ্ব ও আঘাতে পরস্পর আহতকরণ। ২ সংকটনজক অবস্থা; প্রবল দ্বন্দ্ব।

ফাড় *বি* চওড়া; প্রস্থ।

ফাড়া *ক্রি* চেরা; বিচ্ছিন্ন করা; বিদীর্ণ করা। [স. স্ফুট>]। **ফাড়ানো** *ক্রি* অন্যের দ্বারা চেরানো। [ণিজন্ত প্রয়োগ]

ফাৎ *অব্য* ১ হঠাৎ; আগুন জ্বালাসূচক শব্দ। ২ ফুৎকার শব্দ।

ফাতনা, ফেতনা *বি* মাছ ধরবার জন্য ছিপের সুতায় বাঁধা শোলা বা পালকের ডাঁটা।

ফাতরা, ফাত্‌রা *বি* কলাগাছের পাতার সাথে শুকনা খোল। ❑ *বিণ* ১ বাজে; হালকা; খেলো। ২ অসার। ৩ ফাজিল; বাচাল; ধাপ্পাবাজ। **ফাতরামি** *বি* ফাজলামি; ধাপ্পাবাজি; দুষ্টামি; ছেলেমানুষি।

ফাতেহা *বি* ১ কুরআনের প্রথম সুরা; আল-ফাতিহা। ২ মৃতব্যক্তির আত্মার কল্যাণের জন্য সুরা ফাতিহা ইত্যাদি পড়ে প্রার্থনা ও দরিদ্র ভোজনাদি অনুষ্ঠান। [আ.]। **ফাতেহা দোয়াজ দহম** *বি* ১২ই রবিউল আওয়াল—হজরত মুহম্মদ (সা.)-এর জন্ম ও মৃত্যু দিবস; নবী দিবস।

ফানা *বি* ১ লয়; ধ্বংস। ২ আত্মহারা; তন্ময়; পাগল। [আ.]। **ফানা হওয়া** *ক্রি* লয় হওয়া।

ফানুশ, ফানুস *বি* ১ বেলুন; যা বাষ্পের সাহায্যে আকাশে উড়তে পারে। ২ দীপাবরণ। ৩ লণ্ঠন। [আ. ফানুস]

ফান্ড, ফন্ড *বি* ১ তহবিল; কোষ। ২ পুঁজি। [ই.]

ফায়দা, ফয়দা *বি* ১ মঙ্গল; উপকার; সুফল লাভ (কোনো ফায়দা নেই)। ২ সুবিধা; সুযোগ (ফায়দা লোটা)। ৩ আবশ্যক। [আ. ফাইদঃ]

ফারসি, ফার্সি *বি* পারস্যদেশের ভাষা। ❑ *বিণ* পারস্য

দেশ সম্বন্ধীয়। [পার্সী, ফার্সী]
ফারাক *বি* ১ পার্থক্য; প্রভেদ। ২ ব্যবধান; তফাত। ❑*বিণ* ১ আলাদা; স্বতন্ত্র; বিচ্ছিন্ন; পৃথক। ২ দূর। [আ. ফরক]
ফার্নিচার *বি* আসবাবপত্র। [ই.]
ফার্ম, ফারম *বি* ব্যবসায়-প্রতিষ্ঠান; কোম্পানি। [ই.]
ফার্স্ট-এইড *বি* প্রাথমিক চিকিৎসা। [ই.]
ফাল[১] *বি* লাঙলের মুখের লৌহখণ্ড যা দিয়ে ভূমি বিদীর্ণ করা হয়; লাঙলের ফলা।
ফাল[২] *বি* লাফ। [স. লম্ফ>লাফ>(বর্ণবিপর্যয়ে) ফাল]
ফালতু, ফালতো *বিণ* ১ বেশি; বাড়তি; অতিরিক্ত। ২ বাজে; অনাবশ্যক। ৩ জেলখানার সাধারণ কয়েদি। [হি.]
ফালা, ফাল *বি* ১ খণ্ড; ফালি; লম্বা টুকরা। ২ লম্বভাবে কাটা/ছেঁড়া; ছেদ। **ফালা ফালা করা** *ক্রি* লম্বা লম্বা টুকরা করে ছিন্ন করা বা ছেঁড়া।
ফালি *বি* ১ ক্ষুদ্র ফালা। ২ লম্বা সরু টুকরা।
ফালুদা *বি* দুধের সরের তৈরি মিষ্টান্ন। [আ., ফা.]
ফাল্গুন, ফাগুন *বি* বাংলা বৎসরের একাদশ মাস; বসন্তকালের প্রথম মাস; ফাল্গুন মাস। [স.]। **ফাল্গুনি** *বি* অর্জুন। **ফাল্গুনী** *বি* ১ ফাল্গুন মাসের পূর্ণিমা; বাসন্তী পূর্ণিমা। ২ পূর্ব ও উত্তর ফল্গুনী নক্ষত্রদ্বয়।
ফাসিক *বিণ* সত্যত্যাগী; অবাধ্য; পাপী; দুষ্কৃতকারী। ❑*বি* যে আল্লাহর আদেশ পরিত্যাগ করে সৎপথ থেকে সরে গেছে। [আ.]
ফি[১]**, ফী**[১] *বিণ* প্রত্যেক; প্রতি (ফি বছর)। [আ.]
ফি[২]**, ফী**[২] নির্দিষ্ট হারে কোনো কাজের জন্যে দেয় অর্থ। [ই. fee]
ফিক *অব্য* লঘু হাস্য প্রকাশসূচক (ফিক করে হাসা)। **ফিকফিক** *অব্য* পুনঃপুন মৃদু হাস্যের ভাবসূচক।
ফিকা[১]**, ফিকে** *বিণ* ১ অনুজ্জ্বল; ফ্যাকাসে; হালকা। ২ অসার; অকিঞ্চিৎকর; বাজে। ৩ পানসে; বিস্বাদ; জলো।
ফিকাহ্ *বি* ইসলামি শরিয়তের আইন ব্যাখ্যা; আইনের তাৎপর্য বিশ্লেষণজাত সিদ্ধান্ত। [আ.]
ফিকির *বি* ১ কার্যোদ্ধারের ফন্দি। ২ উপায়; ব্যবস্থা; কৌশল; চেষ্টা; মতলব। ৩ ছলনা; ছল; প্রতারণা। [আ.]
ফিঙে, ফিঙ্গে *বি* একপ্রকার কৃষ্ণবর্ণ ক্ষুদ্র পাখি।
ফিচেল, ফিচাল *বিণ* ১ ধূর্ত; শঠ; প্রবঞ্চক; ধড়িবাজ। ২ ফাজিল; বাচাল; লম্পট। (তুল. মারাঠি ফিসরা—বিশ্বাসঘাতক, বেঈমান, ধূর্ত)। [ফা. ফাসিক; আ. ফাজিল]
ফিট[১] *বি* মূর্ছা; তড়কা; অজ্ঞান অবস্থা।
ফিট[২] *বি* ১ সংযোগ; সংযুক্তি। ২ মাপসই বা সুসঙ্গত হওয়া (গায়ের জামাটি তো বেশ ফিট করেছে)। ❑*বিণ* ১ উপযুক্ত; যোগ্য। ২ সুসজ্জিত; পরিপাটি (ফিট বাবু)। ৩ মানানসই। [ই. fit]। **ফিটফাট** *বি* পরিষ্কার-পরিচ্ছন্ন; পরিপাটি; কেতাদুরস্ত; tip-top।
ফিটন, ফেটিং *বি* এক প্রকার চার চাকার ঘোড়ার গাড়ি। [ই. phaeton]
ফিটকিরি⟹ফটকিরি।
ফিতনা *বি* প্রলোভন; দাঙ্গা; ধর্মীয় নির্যাতন; বিশৃঙ্খলা; গৃহযুদ্ধ; শিরক। [আ.]
ফিতা, ফিতে *বি* ১ কাপড়ের তৈরি লম্বা ও চ্যাপটা ফালি। ২ কাপড়ের বসাবার লেস। [পো. fita]
ফিনকি *বি* ১ অগ্নিকণা; স্ফুলিঙ্গ। ২ বেগে নির্গত সূক্ষ্ম ধারা (ফিনকি দিয়ে রক্ত বের হওয়া)। [স. স্ফুলিঙ্গ>]
ফিনফিন *অব্য* অতি পাতলা কাপড়, কাগজ বা অন্য বস্তুর দ্রুত স্পন্দনের ভাবসূচক। [ই. fine]। **ফিনফিনে** *বিণ* সূক্ষ্ম; মিহি; সরু; পাতলা (ফিনফিনে ধুতি)।
ফিনাইল *বি* দুর্গন্ধ ও জীবাণু নষ্টকারী এক প্রকার তরল পদার্থ। [ই. phenyl]
ফিরতি *বিণ* ফেরত; প্রত্যাগত; ফিরে আসবে এমন। ❑*বি* ফেরার সময়। ❑*ক্রিবিণ* ফিরবার কালে। [হি. ফিরা]
ফিরদৌস, ফেরদউস *বি* মুসলিমদের একটি জান্নাত; বেহেস্ত বা স্বর্গের নাম। [আ.]
ফিরদৌসি, ফেরদউসী *বি* শাহনামা নামক মহাকাব্য রচয়িতা ইরানের খ্যাতনামা কবি (৯৪১ থেকে ১০২০)।
ফিরনি *বি* চালের গুঁড়া ও দুধমিশ্রিত পায়েসবিশেষ। [ফা.]
ফিরিঙ্গি *বি* ফরাসি তথা ইউরোপীয় জাতি। **টেঁস ফিরিঙ্গি** *বি* ইউরোপীয় ও ভারতীয় মিশ্রণজাত বর্ণসংকর জাতিবিশেষ। [পো. France]
ফিরিশতা, ফেরেশতা *বি* আল্লাহর আজ্ঞাবহ জ্যোতির্ময় সত্তা। [ফা.]
ফিরিস্তি *বি* ১ ফর্দ; তালিকা। ২ সূচিপত্র। ৩ নির্ঘণ্ট। [ফা. ফিহ্‌রিস্ত]
ফিরোজা *বিণ* নীলাভ। ❑*বি* এক প্রকার নীলাভ মণি। [ফা.]
ফিলটার *বি* ১ ছাঁকনি। ২ বিচার-ক্ষমতা; ভালোমন্দ বুঝবার শক্তি। [ই. filter]। **ফিলটার করা** *ক্রি* ১ ছাঁকনি দিয়ে ছাঁকা। ২ ভালোমন্দ বিচার করা; গুণাগুণ পরীক্ষা করা।
ফিলহাল *ক্রিবিণ* বর্তমান অবস্থা; হালফিল; বর্তমানে; সম্প্রতি। [আ.]
ফিল্ডমার্শাল *বি* সেনাবিভাগের সর্বোচ্চ অধিনায়ক। [ই.]
ফিল্ম, ফিলিম *বি* ১ ছায়াছবি, চলচ্চিত্র। ২ ফটোগ্রাফ তোলার কাজে প্রয়োজনীয় একপ্রকার পাত। [ই.]। **ফিল্ম স্টুডিও, ফিল্ম স্টুডিয়ো** *বি* চলচ্চিত্র নির্মাণ-গৃহ। **শর্ট ফিল্ম** *বি* ছোট চলচ্চিত্র; বিকল্প ধারার চলচ্চিত্র।
ফিসফিস *অব্য* মৃদু বা চাপা স্বরবাচক; চুপিচুপি কথা বলবার শব্দ; গোপন আলোচনা; ষড়যন্ত্রমূলক কথাবার্তা।
ফিসফিসানি *বি* চাপা বা মৃদুস্বরে বাক্যালাপ; কোনো গোপন বিষয়ে অনুচ্চস্বরে আলাপ।
ফুঁ *বি* ১ ফুৎকার, মুখে থেকে বেগে নির্গত বায়ু। ২ লঘুতম চাপ বা আঘাত। [স. ফুৎ>]। **এক ফুঁয়ে উড়ানো** *ক্রি* (আল.) সহজে বা অনায়াসে বিপক্ষের চেষ্টা ব্যর্থ করা।
ফুঁক, ফুক *বি* ১ মন্ত্রোচ্চারণের সঙ্গে ফুৎকার। ২ ফুঁ। [স.]। **ঝাঁড় ফুঁক করা** *ক্রি* (আল.) মন্ত্র বা ইসম পড়ে ফুঁক দিয়ে রোগ সারানো বা জিনের আছর বা প্রভাব দূর করা।
ফুঁকা, ফোঁকা *ক্রি* ১ ফুঁ দেওয়া; বাঁশিতে ফুঁ দিয়ে বাজানো। ২ ফুৎকার করা। ৩ অপব্যয় করা; উড়িয়ে দেওয়া। ৪ ধূমপান করা। **শিঙা ফুঁকা** (আল.) মারা যাওয়া।
ফুঁপি *বি* বস্ত্রপ্রান্ত; খুঁট। **ফুঁপা** (ধ্বন্যা.) *বি* ফুঁপানো; গুমরে কাঁদা; রাগে-ক্ষোভে-দুঃখে চাপা গর্জন।
ফুক *অব্য* অতি দ্রুত বা শীঘ্র; খুব তাড়াতাড়ি।
ফুকচি, ফুচকি *বি* উঁকি।
ফুকর, ফোকর *বি* ১ ছিদ্র; গর্ত; রন্ধ্র। ২ খোপ।
ফুকরানো, ফোকরানো *ক্রি* ১ উচ্চস্বরে আহ্বান করা বা ডাকা; হাঁকা। ২ চিৎকার করা; ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদা। [হি.

পুকার]
ফুকা, ফুকো *বি* বেশি দুধ বের করার জন্য গাভীর যোনিতে যে ফুৎকার দেওয়া হয়। ❑*বিণ* ফাঁপা অথচ হালকা। [স. ফুৎকার]
ফুঙ্গি, ফঙ্গি *বি* ব্রহ্মদেশীয় বৌদ্ধ সন্ন্যাসী। [বর্মী]
ফুচকে *বিণ* পুচকে; অতি ক্ষুদ্র।
ফুট[১] *বি*১ মাপ; ১২ ইঞ্চি; গজের এক তৃতীয়াংশ। ২ পাদমূল। [ই. foot]। **ফুটনোট** *বি* পাদটীকা। [ই. foot-note]
ফুট[২] *বি*১ ফুটন্ত অবস্থায় তরল পদার্থ থেকে উত্থিত বুদ্বুদ। ২ ফুটবার অবস্থা। ৩ ফাট; চিড়; বিদার। ৪ বিবাদ। [স. স্ফট/ স্ফুর>]। **ফুটফাট** *বি*১ ফুটবার শব্দ। ২ বারুদের তৈরি বিদারণ শব্দ; বন্দুকাদির গুলির আওয়াজ। ৩ হজম না হওয়ার দরুন পেটের ভিতর এক প্রকার শব্দ।
ফুট[৩] *বিণ* ১ প্রস্ফুটিত; বিকশিত। ২ বিদীর্ণ। [স. স্ফুট>]
ফুট[৪] *বি* ছোট দাগ; ফোঁটা; বিন্দু। **ফুট ফুট** *বি*১ ছোট ছোট দাগ। ২ ছোট ছোট দাগযুক্ত (ফুট ফুট পাখিটা)।
ফুটকলাই, ফুটকড়াই *বি* ভাজা মটর বা কলাই।
ফুটকি *বি* জলের বা তরল পদার্থের বিন্দু; ক্ষুদ্র ফোটা। [স. স্ফুট-সাদৃশ্যে>]
ফুটন *বি*১ প্রস্ফুটিত হওয়া; বিকশিত হওয়া। ২ আগুনের উত্তাপে তরল পদার্থ ফুটবার ফলে বুদ্বুদবিশিষ্ট হওয়া। [স.√স্ফুট]
ফুটন্ত *বিণ*১ প্রস্ফুটিত; বিকশিত। ২ আগুনের তাপে যা ফুটছে। **ফুটনোন্মুখ** *বিণ* ফোটো-ফোটো; ফুটতে যাচ্ছে এমন।
ফুটপাথ, ফুটপাত *বি* শহরের বড় বড় রাস্তার দুই পাশে পায়ে চলার জন্য নির্দিষ্ট পথ বা প্লাটফর্ম। [ই. footpath]
ফুট-ফরমাশ, ফুট-ফরমাইশ *বি* ছোটখাটো আদেশ। [বা+ফা.]
ফুটফুটে *বিণ* ১ গোরবর্ণ ও সুশ্রী (ফুটফুটে মেয়েটি)। ২ উজ্জ্বল; সাদা (ফুটফুটে জ্যোৎস্না) [সি.√স্ফুট>]
ফুটবল *বি*১ অতি পরিচিত জনপ্রিয় খেলাবিশেষ। ২ পা, মাথা ও নিয়মের মধ্যে হাত দিয়ে খেলা যায় এমন বায়ুপূর্ণ চামড়ার বল। [ই. football]
ফুটা, ফুটো *বি* ছিদ্র; রন্ধ্র। ❑*বিণ*১ সচ্ছিদ্র; রন্ধ্রযুক্ত। ২ বিদ্ধ।
ফুটানি *বি* ১ জাঁক; আড়ম্বর প্রকাশ; অশোভন বাবুগিরি। ২ অহঙ্কার; গর্বপ্রকাশ; বড়াই; যে অতিশয় গর্বিত। ❑*বিণ* অতিশয় মুখর। **দাঁতফুটানি** *বি* কোনো বিষয়ে প্রবেশলাভ; হস্তক্ষেপ।
ফুটি *বি* পক্বতা হেতু ফেটে যায় এমন কাঁকুড়; বাঙ্গি। [স. স্ফুটি>]। **ফুটিফাটা** *বিণ* ফুটির মতো অত্যন্ত বিদীর্ণ।
ফুটুস *বিণ* অনুপস্থিত; পলাতক। [লঘু পরিহাসচ্ছলে ব্যবহৃত]
ফুড়ুক, ফুড়ুৎ *অব্য*১ চকিতে উঠে যাওয়ার সময়ে পাখির ডানার শব্দ। ২ হুঁকার তামাক টানবার শব্দসূচক। **ফুড়ুক ফাঁই** *বি* উড়ু উড়ু ভাব।
ফুৎকার *বি*১ ফুঁ; মুখ থেকে নির্গত বায়ু। ২ ফুসফুস শব্দ। [স. ফুৎ]। ❑*ক্রিবিণ* অনায়াসে; অবলীলাক্রমে।
ফুফা, ফুপা *বি* ফুফুর স্বামী; পিতার বোনের স্বামী; পিসা। [হি. ফুফফী]। **ফুফাতো** *বি* পিসতুতো; পিসাতো।
ফুফু, ফুপি *বি* বাবার বোন; পিসি।
ফুরকান, ফোরকান *বি* মুসলিমদের মূল ধর্মগ্রন্থ; কুরআনের অপর নাম; সত্য ও মিথ্যার ফারাক বা প্রভেদ নির্দেশক গ্রন্থ। [আ.]
ফুরফুর, ফুরফুর্ *অব্য*১ মৃদুবায়ু সঞ্চরণের ভাবব্যঞ্জক। ২ উড়বার জন্য স্বল্প পালকযুক্ত ডানার সঞ্চালনজনিত লঘু শব্দ; হালকা পদার্থের উড়বার শব্দ। **ফুরফুরানো** *ক্রি* ১ ফুরফুর শব্দ করা। ২ ঐরূপ শব্দে উড়তে থাকা। ৩ উড়বার চেষ্টা করা। **ফুরফুরে** *বিণ*১ ফুরফুর করে এমন। ২ মৃদুমন্দ ও মনোরম; লঘু ও মনোহর; মৃদুগতিসম্পন্ন (ফুরফুরে হাওয়া)।
ফুরসত, ফুরসৎ *বি* অবসর; ছুটি; অবকাশ। [আ.]। **ফুরসতমাফিক** *বি* অবকাশমতো; অবসরমতো।
ফুরানো *ক্রি*১ শেষ হওয়া; অবসান হওয়া। ২ ব্যয়িত হওয়া; ফুরিয়ে যাওয়া। ৩ সমাধা হওয়া; সমাপ্ত হওয়া। ৪ নির্ধারণ বা নির্ণয় বা স্থির করা; চুক্তি করা। [স.√পূরি>ফুর]
ফুর্তি *বি* ১ হর্ষ; উল্লাস। ২ অশিষ্ট আমোদ-প্রমোদ। [স. স্ফূর্তি>]
ফুল[১] *বি*১ পুষ্প; কুসুম; প্রসূন। ২ পুষ্পাকৃতি অলঙ্কার রেশম উল ইত্যাদির বোনা পুষ্পাকৃতি কারুকাজ। ৩ জরায়ু ও সন্তানের নাভির সঙ্গে সংযুক্ত মাংসপিণ্ডবিশেষ; অমরা। [স. ফুল্ল>]। **ফুলওয়ারি** *বি* ফুলবাগান। [হি.]। **ফুল-ওয়ালা** *বি* পুষ্পবিক্রেতা। **ফুলওয়ালী** *স্ত্রী*। **ফুলকপি** *বি* পুষ্পাকৃতি কপি যা সবজিরূপে ব্যবহৃত হয়। [বা.+ই.]। **ফুলকাটা** *বি* ফুল তোলা; পুষ্পাকৃতি নকশায় শোভিত। **ফুলকারি** *বি* বস্ত্রাদিতে ফুলের নকশা; বাটিক; বুটির কাজ। **ফুলচন্দন** *বি* হিন্দুমতে সাদর সংবর্ধনাজ্ঞাপক ফুল ও চন্দন। **ফুলজাগানো** *বিণ* ফুলফুটানো। **ফুলঝাঁপা** কানের অলঙ্কারবিশেষ; কানপাশা। **ফুলঝারি** *বি* পুষ্পকুঞ্জ; ফুলের ঝোপ। **ফুলঝুরি** *বি* আতশবাজিবিশেষ; যা থেকে পুষ্পরাশির ফোয়ারার মতো অগ্নিস্ফুলিঙ্গ বের হয়। **ফুলটুঙ্গি ঘর** *বি* তুঙ্গে নির্মিত ঘর; টুঙ্গি বা টঙ্গি; ফুলে সজ্জিত টুঙ্গিঘর অথবা ফুলশয্যার জন্যে নির্মিত টুঙ্গিঘর—রূপকথায় বর্ণিত। **ফুলদানি, ফুলদান** *বি* পুষ্পাধার; যে পাত্রে ফুল সাজিয়ে রাখা হয়। [বা. ফুল/ফা. দান+বা. ই]। **ফুল পড়া** *ক্রি* প্রসবের পর গর্ভপুষ্প গর্ভচ্যুত হওয়া। **ফুলবাবু** *বি* শৌখিন ব্যক্তি। ❑*বিণ*১ ফুল যে বাবু; সমগ্রভাবে বেশভূষায় নিখুঁত; শৌখিন। ২ (ব্য.) অতিরিক্ত বিলাসী ও পরিচ্ছন্ন; সুন্দর বেশভূষা পরিহিত ব্যক্তি। **ফুলশয্যা** *বি*১ বিবাহের পর পুষ্পভূষিত বিছানায় বর-বধূর একত্রে প্রথম রজনী যাপনের জন্য অনুষ্ঠানবিশেষ। ২ কুসুমাবৃত সুখশয্যা। **ফুলেন** *বিণ* ফুল-অঙ্কিত/তোলা বস্ত্র বা জামা প্রভৃতি। **ফুলের ঘায়ে মূর্ছা যাওয়া** (আল.) সামান্য কারণে কাতর বা পীড়িত হওয়া বা কষ্ট পাওয়া।
ফুল[২] *বিণ*১ সম্পূর্ণ মাপবিশিষ্ট; নির্দিষ্ট অঙ্গ সম্পূর্ণ আবৃত হয় এমন মাপের। ২ পুরা মূল্যের। [ই.]
ফুলকা, ফুলকো *বি*১ মৎসাদির কানকোর নিম্নস্থ চিরুনির মতো শ্বাসযন্ত্রবিশেষ। ২ ফোলানো বস্তুর উপরের পাতলা

আচ্ছাদন বা ছাল। ❑*বিণ* ফুলানো; স্ফীত। [হি.]

ফুলকি *বি* স্ফুলিঙ্গ; অগ্নিস্ফুলিঙ্গ; অগ্নিকণা। ❑*বিণ* মৃদু; মুচকি। [স. স্ফুলিঙ্গ>প্রা. ফুল্‌কি, তুল. হি. ফুল্কি]

ফুলস্কেপ, ফুলস্ক্যাপ *বিণ* দৈর্ঘ্য ১৬½ এবং প্রস্থে ১৩½´´ মাপের কাগজ। [ই.]

ফুলুরি, ফুলরি *বি* তেলে-ভাজা বেসনের বড়া। [স. ফুল্ল (স্ফীত)>ফোলা+বাড়ি=ফুলাড়ি>ফুলারি, তুল. হি. ফুলৌরি]।

ফুল্ল *বিণ*১ প্রফুল্ল; উৎফুল্ল। ২ বিকশিত; ফুটন্ত; প্রস্ফুটিত। ৩ কুসুম; পুষ্প; প্রসূন।

ফুস *বি* ১ তৃণবিশেষ। ২ তুচ্ছ; অসার। [হি.]

ফুসকুড়ি, ফুস্কুড়ি *বিণ* ছোট ফোড়া। [স. স্ফোটক]

ফুসফুস[১] *বি* শ্বাস-প্রশ্বাসের যন্ত্র; lungs। [স. ফুপ্‌পুস]। **ফুসফুস প্রদাহ** *বি* নিউমোনিয়া রোগ।

ফুসফুস[২] *অব্য* মৃদুশব্দে কথোপকথন; ফিসফিস শব্দব্যঞ্জক। **ফুসফুস-গুজগুজ** *বি* আড়ালে কোনো গোপন বিষয়ের মৃদু আলাপচারিতা।

ফুস মন্তর *বি* ১ গোপন উপদেশ। ২ ফুসলাবার মন্ত্র। ৩ ফাঁসির মন্ত্র। [স. ফুৎকার>ফু+স, তুল. হি. ফুস্]

ফুসলানো, ফোসলানো *ক্রি*১ নিজ স্বার্থের জন্য কাউকে কুপরামর্শ দিয়ে নীতিবিগর্হিত কর্মে প্রবৃত্ত করা; বিপথগামী হওয়ার জন্য কুমন্ত্রণা দেওয়া। ২ স্বমতে আনবার জন্য গোপনে পরামর্শ বা মন্ত্রণা দেওয়া; নিজের দলে টানবার জন্য মন্ত্রণা দেওয়া।

ফুসুর ফাসুর *বি* চাপা গলায় কথোপকথন; গোপনে কথা বলা; চুপিচুপি কথা বলা; ষড়যন্ত্রমূলক আলাপ-আলোচনা।

ফেউ *বি* ১ শৃগাল; 'ফেউ' রবকারী ক্ষিপ্ত শৃগাল। ২ বাঘের পিছনে থেকে চিৎকার করে এমন শৃগাল। ❑*বিণ* অনুসরণকারী। [স. ফেরু>]। **ফেউ লাগা** *ক্রি* (আল.) পশ্চাতে লেগে থেকে ক্রমাগত উত্ত্যক্ত বা বিরক্ত করা।

ফেঁকড়া, ফ্যাঁকড়া *বি* ১ প্রশাখা, গাছের ডাল। [স. ফর্ফরীক, ও. ফাঁকড়া]। ২ মূল বিষয়ে থেকে উৎপন্ন ফেসাদ; ঝঞ্ঝাট। ৩ মূল বিষরে আনুষঙ্গিক বিঘ্ন বা বাধা।

ফেঁকাসে, ফ্যাকাসে *বিণ* ১ ফিকা; পাণ্ডুবর্ণ; বিবর্ণ; ঔজ্জ্বল্যশূন্য; অনুজ্জ্বল; দীপ্তিহীন। ২ রক্তশূন্য। [হি. ফিকা+সা]

ফেকো, ফেঁকো *বি* উপবাস হেতু অথবা দীর্ঘক্ষণ ক্রমাগত কথা বলবার ফলে কণ্ঠনালীর শুষ্কতাহেতু মুখ থেকে নির্গত শুষ্ক থুতু। [আ.]

ফেচফেচ, ফ্যাচফ্যাচ *ক্রিবিণ* বিরক্তিজনক অযথা বাক্য প্রয়োগ। তুল. বকবক, বকরবকর।

ফেচাং *বি*১ ফ্যাসাদ; ঝঞ্ঝাট; হাঙ্গামা। ২ লেজুড়; ফেঁকড়া; লেঠা; কার্যে বিঘ্ন; বিশৃঙ্খলা।

ফেজ *বি* মরোক্কোতে তৈরি পশমের টুপিবিশেষ। [তু.]

ফেটানো *ক্রি* ফেনানো; নেড়ে নেড়ে স্ফীত করা; নেড়ে নেড়ে ফেনানো (ফেটানো ডিম)। [স. ফান্ট>]

ফেতনা, ফেৎনা = ফাতনা।

ফেতরা, ফিৎরা *বি* রমজান মাসের শেষে দীন দরিদ্রদিগকে দেওয়া নির্ধারিত পরিমাণ গম চাউল বা টাকা-পয়সা। [আ. ফিত্‌র]

ফেদা[১]**, ফ্যাদা** *বি* প্যাঁচাল। [আঞ্চলিক]

ফেদা[২] *বি* উৎসর্গ। [আ.]

ফেন *বি* ১ ফেনা; গাঁজ; বায়ু মিশ্রিত তরল পদার্থ; বুদ্বুদ। ২ মাড়। **দুগ্ধফেননিভ** *বিণ* দুধের ফেনার মতো সাদা; দুধের মতো সাদা।

ফেনা *বি* ১ দুধ সাবান সাগর ইত্যাদি থেকে উদ্ভূত বুদ্বুদ। ২ ফেন; গাঁজ। [স.]। **ফেনানো** *ক্রি* ১ ক্রমাগত নাড়িয়ে ফেনিল করে তোলা; ফেটানো। ২ অতিরঞ্জিত করে তোলা; কথা বাড়িয়ে তোলা। ❑*বিণ* অতিরঞ্জিত; ফাঁপানো; বাড়ানো। ❑*বি* অতিরঞ্জন। **ফেনায়মান** *বিণ* ফেনানো হচ্ছে এমন। **ফেনায়িত** *বিণ* ফেনাযুক্ত হয়েছে এমন; বুদ্বুদযুক্ত; ফেনিল। [স.]

ফেব্রুয়ারি, ফেব্রুআরি *বি* ১ ইংরেজি সনের দ্বিতীয় মাস। ২ আটাশ দিনের মাস তবে লিপ-ইয়ারে উনত্রিশ দিন হয়। [ই.]। **একুশে ফেব্রুয়ারি** *বি* তৎকালীন পূর্ব বাংলায় ভাষা-আন্দোলনের ঐতিহাসিক শহীদ-দিবস। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি তারিখে ঢাকা শহরে মাতৃভাষা বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে ১৪৪ ধারা ভঙ্গ করে ছাত্রজনতার প্রতিবাদ মিছিলের দিন। তৎকালীন পূর্ব পাকিস্তানের মুসলিম লীগ সরকার এই মিছিলে গুলি চালায়। এতে শহীদ হন বরকত, সালাম, রফিক, জব্বার, সফিউর, অহিউল্লা প্রমুখ।

ফের *বি*১ সংকট; দায়; বিভ্রাট। ২ বিঘ্ন; ব্যাঘাত; গণ্ডগোল। **অদৃষ্টের ফের, গ্রহের ফের, কপালের ফের** *বি* ভাগ্য-বিপর্যয়। **হেরফের** *বি* অদল-বদল; বদল; পরিবর্তন। [হি. ফের—পুনরায় ফিরে আসা; ফেরত দেওয়া]

ফেরকা, ফিরকা *বি* দল; ধর্ম সম্প্রদায়ের অন্তর্গত উপসম্প্রদায়। [আ.]

ফেরত, ফেরৎ *বি* প্রত্যর্পণ। ❑*বিণ* ১ ফিরিয়ে দেওয়া হয়েছে এমন; প্রত্যর্পিত; গ্রহণ করা হয়নি এমন। ২ প্রত্যাগত; ফিরেছে এমন। ৩ পাল্টা; প্রত্যাবর্তনকারী। **ফেরতা** *বিণ* প্রত্যাগত। ❑*বি* ১ বেষ্টন; এক পরতের উপর অন্য পরত। ২ পরিবর্তন; বদল। ❑*ক্রিবিণ* ফেরার সময়ে; প্রত্যাবর্তনকালে। [হি. ফিরতা]

ফেরা, ফিরা *ক্রি*১ প্রত্যাবর্তন করা; ফিরে আসা বা ফিরে যাওয়া। ২ দিকে যাওয়া; অভিমুখী হওয়া। ৩ পশ্চাদ্দিকে যাওয়া; ঘোরা। ৪ অবস্থাগত দিকের পরিবর্তন হওয়া। ৫ নিবৃত্ত হওয়া। ৬ ভ্রমণ করা। ৭ অবস্থার প্রতিকূলতা হেতু নানা জায়গায় ঘোরা। ৮ বিফল মনোরথ হয়ে প্রত্যাবর্তন করা। [হি. ফির্]। **ফেরানো, ফিরানো** *ক্রি*১ প্রত্যাবর্তিত করা; ফিরিয়ে দেওয়া। ২ প্রার্থনা কিংবা অনুরোধ উপেক্ষা করে বিদায় করা। ৩ বদলানো। ৪ নতুন করে লাগানো। ৫ আঁচড়ানো; বিন্যাস করা। **ফেরাফিরি, ফিরাফিরি** *বি* ১ উপর্যুপরি ফেরত বা বদল; বার বার পরিবর্তন। ২ অদল-বদল; একটার পরিবর্তে আর একটার আদান-প্রদান।

ফেরার *বিণ* পলাতক; নিখোঁজ; লুক্কায়িত। [আ.]। **ফেরারি** *বি* পলাতক আসামি।

ফেরি[১] *বি*১ রাস্তায় বা বাড়ি বাড়ি ঘুরে পণ্য বিক্রয়। ২ কীর্তন বা যাত্রার গায়ক-গায়িকাদের প্রদত্ত পুরস্কার। ৩ টহল গান। [হি.]। **প্রভাতফেরি** *বি* সকাল বেলা শোভাযাত্রা বা মিছিল করে সমস্বরে গান করা। **ফেরিওয়ালা** *বি* রাস্তায় বা বাড়ি বাড়ি পণ্যদ্রব্য ফেরি করে বেড়ায় যে।

ফেরি[২] *বি* খেয়ানৌকা; খেয়াঘাট পারাপারের

নৌকা। [ই. ferry]

ফেরু *বি* শৃগাল; ফেউ। [স.]

ফেরেব, ফরেব *বি* প্রবঞ্চনা; জুয়াচুরি; জাল; শঠতা। [ফ.]। **ফেরেবফন্দি** *বি* ধূর্তামি; কারসাজি। [ফা. ফেরেব]। **ফেরেববাজ** *বিণ* প্রবঞ্চক; জালিয়াত; দাগাবাজ; ঠগ। [ফা.]। **ফেরেববাজি** *বি* জালিয়াতি; ফেরেববাজের কর্ম বা বৃত্তি।

ফেল *বিণ* ১ অনুত্তীর্ণ; অকৃতকার্য। ২ ব্যর্থ; অসফল। ৩ দেউলিয়া। ৪ নিষ্ক্রিয়। ৫ ঠিক সময়ে উপস্থিত হতে অসমর্থ। ৬ নষ্ট; বন্ধ। [ই.]। **ফেল করা** *বিণ* অনুত্তীর্ণ।

ফেলনা, ফ্যালনা *বিণ* তুচ্ছ; অকিঞ্চিৎকর; অকেজো; ফেলে দেবার যোগ্য। [স. ফেল (ত্যাগ)+হি. না]

ফেলা *ক্রি* ১ নিক্ষেপ করা; ফেলে দেওয়া; পতিত করা। ২ ছোঁড়া; ক্ষেপণ করা। ৩ সমাপ্ত করা; শেষ করা; চুকানো; নিষ্পন্ন করা। ৪ ত্যাগ করা; ছাড়া। ৫ নিঃসরণ করা। ৬ অকস্মাৎ কিছু করা। ৭ নির্ধারণ করা; নির্দিষ্ট করা। ◻ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [স. ক্ষেপণ>]। **ফেলাছড়া, ফেলাফেলি** *বি* ১ অপ্রয়োজনীয় অংশের ইতস্তত বিক্ষেপ; অযত্নে ছড়ানো। ২ অপব্যয়; অমিতব্যয়; নির্বিচারে ব্যয়।

ফেলো *বি* বিদ্বৎ-সভার সভ্য। [ই.]

ফেসাদ, ফ্যাসাদ *বি* ১ ঝঞ্ঝাট; বিপদ; বিঘ্ন; গণ্ডগোল; ঝামেলা। ২ কলহ; হাঙ্গামা; ঝগড়া; বিবাদ। [আ.]। **ফ্যাসাদে** *বিণ* ঝগড়াটে; হাঙ্গামাপ্রিয়; কলহপ্রিয়।

ফোঁকল *বি* খোরল; ফাঁক; ছিদ্র।

ফোঁটা *বি* ১ টিপ, তিলক। ২ তরল দ্রব্যের বিন্দু। ৩ ক্ষুদ্র বিন্দুবৎ চিহ্নবিশেষ। ৪ ক্ষুদ্র; চোট। [স. স্ফোটন>]

ফোঁড় *বি* ১ ছিদ্র; রন্ধ্র। ২ বেঁধন; বিঁধ। ৩ সুঁইয়ের ঘাই। [স. স্ফুটক>]। **এফোঁড়-ওফোঁড়** *বিণ* এপিঠ-ওপিঠ করে বিদ্ধ; পারাপার করে বিদ্ধ। **ভুঁইফোঁড়** *বিণ* ১ ভূমি ফুঁড়ে ওঠে এমন। ২ হঠাৎ ধনী হওয়া এমন; বুনিয়াদি ঘরের নয় এমন। ৩ পূর্বাপর সম্পর্ক নেই এমন।

ফোঁড়া, ফোড়া *ক্রি* ভেদ করা; বিদ্ধ করা; বিদীর্ণ করা। [স. স্ফুট>]। **ফোঁড়াফুঁড়ি** *বি* বিদ্ধকরণ ইত্যাদি।

ফোঁপরা, ফোপরা *বিণ* ১ ফাঁপা। ২ ঝাঁঝরা, ছিদ্রবহুল। ৩ ফুসফুস। [হি. ফোঁপর]

ফোঁপল, ফোপর *বি* নারিকেলের অভ্যন্তরস্থ বীজের অংশ যা অঙ্কুরোদ্গমের সময়ে বৃদ্ধি পায়।

ফোঁপানো, ফুঁপানো *ক্রি* ১ গুমরে কাঁদা। ২ চাপা গর্জন করা। ৩ রাগে ফোঁস ফোঁস করা। **ফোঁপানি, ফুঁপানি** *বি* গুমরানি; ফোঁপানি; ফোঁসফোঁসানি।

ফোঁস *অব্য* ১ নৈরাশ্য বা দুঃখজনিত আবেগে নিঃশ্বাস ফেলার শব্দ। ২ সর্প-গর্জন। **ফোঁস করা** *ক্রি* ১ ফণা বা চক্র ধারণ করা। ২ দংশন করতে প্রস্তুত হওয়া। ৩ হঠাৎ বিরক্তি বা উষ্মা প্রকাশ করা। [স. স্ফীতনিশ্বাস>]। **ফোঁসফোঁস** *বি* ফোঁস ফোঁস শব্দকরণ। **ফোঁসফোঁসানো** *বি* অবিরাম ফোঁস ফোঁস শব্দ করা।

ফোঁসা, ফুঁসা *ক্রি* ১ ফোঁস ফোঁস করা। ২ আক্রোশবশে গর্জন করা। উক্ত সকল অর্থে। **ফোঁসানো** *বি* ফোঁস ফোঁস শব্দ।

ফোকট *বি* ফাঁকতাল।

ফোকলা *বিণ* দন্তহীন।

ফোকলোর *বি* লোকজ সংস্কৃতির চলমান অংশ; বিশেষ কোনো গোষ্ঠী বা সম্প্রদায়ের ঐতিহ্যগত সংস্কৃতি (artistic communication in a small group—Dan Ben Amos), লোকসংস্কৃতি অর্থেও কেউ কেউ ব্যবহার করেন। [ই. Folklore]। **ফোকলোর চর্চা** *বি* লোকজ সংস্কৃতির প্রসঙ্গ-নির্ভর (contextual) ও মাঠকর্ম ভিত্তিক (Fild work-based) গবেষণা; লোক সংস্কৃতির পারফরমেন্স-ভিত্তিক গবেষণা।

ফোটন *বি* কণারূপী আলো।

ফোটা, ফুটা *ক্রি* ১ বিকশিত বা প্রস্ফুটিত হওয়া। ২ উদিত হওয়া। ৩ প্রকাশিত হওয়া; ব্যক্ত হওয়া। ৪ অগ্নুত্তাপে বুদ্বুদযুক্ত হওয়া। ৫ ফেটে যাওয়া। ৬ সিদ্ধ হওয়া। ৭ উন্মুক্ত হওয়া; উন্মীলিত হওয়া। ৮ বিদ্ধ হওয়া। ◻ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [স. স্ফুট>]। **কথা ফোটা** *ক্রি* অর্থবহ শব্দ উচ্চারিত হওয়া। **চোখ ফোটা** *ক্রি* ১ কোনো বিশেষ প্রাণীর জন্মের কয়দিন পর চক্ষু উন্মীলিত হওয়া বা দৃষ্টিশক্তি পাওয়া। ২ (আল.) ভুল ধারণা দূরীভূত হয়ে কারও মধ্যে যথার্থ ধারণা বা জ্ঞানের আবির্ভাব হওয়া। **বিয়ের ফুল ফোটা** *ক্রি* (আল.) বিবাহের সম্ভাবনা দেখা দেওয়া। **মুখে খই ফোটা** *ক্রি* খই ফোটার মতো চটপট দ্রুত কথা বলা।

ফোটানো, ফুটানো *ক্রি* ১ প্রস্ফুটিত বা বিকশিত করা। ২ ব্যক্ত বা প্রকাশিত করা। ৩ আগুনের উত্তাপে কোনো বস্তু বা পদার্থ সিদ্ধ করা। ৪ উৎকর্ষ বিধান করা। **দাঁত ফোটানো** *ক্রি* ১ দাঁত দিয়ে কামড় বসানো। ২ (আল.) বোধগম্য করা; কঠিন বিষয়ে প্রবেশ লাভ করা।

ফোড়ন *বি* ব্যঞ্জনাদি সুস্বাদু করবার জন্য গরম তেলের উপর দেয় লঙ্কা তেজপাতা জিরা ইত্যাদি মশলা; সম্বরা। [স. স্ফোটন>]। **ফোড়ন কাটা, ফোড়ন দেওয়া** *ক্রি* কথার মধ্যে টিপ্পনী কাটা।

ফোড়া *বি* ১ স্ফোটক। ২ ব্রণ। [স.]। **বয়স-ফোড়া, বসফোড়া** *বি* যৌবনকালে মুখে উদ্গত ব্রণ। **বিষফোড়া** *বি* দুষ্টব্রণ; প্রদাহযুক্ত ফোড়াবিশেষ। **লোমফোড়া** *বি* লোমকূপ ভেদ করে উদ্গত ফোড়া।

ফোন *বি* দূরালাপনী; আলাপনী; টেলিফোন। [ই.]

ফোয়ারা *বি* প্রস্রবণ; উৎস। [আ.]

ফোরম্যান *বি* যন্ত্র পরিচালনার তত্ত্বাবধায়ক কর্মচারীবিশেষ। [ই.]

ফোরাত, ফোরাৎ *বি* ইরাক দেশীয় প্রসিদ্ধ নদী।

ফোলা, ফুলা *ক্রি* ১ স্ফীত হওয়া। ২ ফুলে বা ফেঁপে ওঠা। ৩ স্থূল বা মোটা হওয়া। ৪ (আল.) ধনবান হওয়া। ৫ স্বাস্থ্যোন্নয়ন হওয়া। ৬ গর্বিত হওয়া। ৭ ব্যবসা-বাণিজ্যে উন্নতি লাভ করা। ৮ শোথ রোগে ফুলে ওঠা। ◻ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **ফোলানো, ফুলানো** *ক্রি* ১ স্ফীত করা। ২ ফাঁপিয়ে তোলা। ৩ (আল.) অতি প্রশংসাদি দিয়ে অহঙ্কৃত করে তোলা; বাড়িয়ে তোলা। ◻ *বি, বিণ* উক্ত সকল অর্থে।

ফোস্‌কা, ফোস্কা *বি* অগ্নিদাহ বা ঘর্ষণজনিত জলপূর্ণ স্ফোটকবিশেষ। [স. স্ফোটক>]

ফৌজ, ফওজ *বি* ১ সৈন্যদল। ২ অনেক লোকজন। [আ.]

ফৌজদার *বি* ১ সেনানায়ক। ২ নায়ক। ৩ কোতোয়াল। ৪ ম্যাজিস্ট্রেট। ৫ (মোগল আমলে) আঞ্চলিক শাসক ও রাজস্বগ্রাহক সর্বোচ্চ কর্মচারী। **ফৌজদারি** *বি* খুন-জখম,

মারপিট ইত্যাদি সম্পর্কিত মামলা বা মোকদ্দমা। ❑ *বিণ* ১ খুন-জখম ইত্যাদি সম্বন্ধীয়। ২ শাসন-সংক্রান্ত। [আ.+ফা.]। **ফৌজদারি আলাদত** *বি* ম্যাজিস্ট্রেটের বিচারালয়; মারপিট খুন-জখম চুরি-ডাকাতি ইত্যাদি সংক্রান্ত বিচারালয়। **ফৌজদারিতে সোপর্দ করা** *ক্রি* ফোজদারি আদালতে বিচারের জন্য প্রেরণ করা। **ফৌজি** *বিণ* সামরিক; জঙ্গি।

ফৌত, ফোত *বিণ* ১ মৃত; গত; নষ্ট। ২ উত্তরাধিকারহীন হয়ে মৃত; নির্বংশ। [আ.]। ❑ *বি* দেউলিয়া; ফতুর; সর্বস্বান্ত।

ফ্যান-চাটা *বিণ* উচ্ছিষ্টভোজী; অতিশয় অনুগত।

ফ্যা-ফ্যা *অব্য* ১ নিষ্কর্মার বেকারের নিরর্থক বাক্যব্যয়সূচক ধ্বনি; বকবক। ২ দ্বারে দ্বারে দয়া/কৃপা ভিক্ষা চেয়ে ঘুরে বেড়ানো। ৩ বৃথা অনুরোধ কিংবা দুঃখ প্রকাশক; নিষ্ফল প্রার্থনাসূচক। ৪ দারিদ্র্যের ভাব। ৫ চাকুরি খুঁজে বেড়ানো। (অফিসে অফিসে ফ্যা ফ্যা করে ঘুরছে)।

ফ্যালফ্যাল *অব্য* অসহায় বা বিমূঢ় দৃষ্টির ভাবব্যঞ্জক; বিস্ময়-বিমূঢ় চাহনির ভাব; শূন্যদৃষ্টি।

ফ্যাশন, ফ্যাশান *বি* ১ পোশাক পরিচ্ছদের চলতি রীতি; পছন্দ মাফিক চালচলন; শৌখিন রীতি। ২ প্রচলন; রেওয়াজ; প্রথা; পদ্ধতি। ৩ ঢং; রকম; ধরন; বিশেষ প্রকার। ৪ বাবুগিরি। [ই.]

ফ্রক *বি* বালিকাদের ঘাগরাজাতীয় একপ্রকার পোশাক। [ই.]

ফ্রি, ফ্রী *বিণ* ১ অবৈতনিক। ২ মূল্য দিতে হয় না এরূপ। ৩ স্বাধীন; মুক্ত। [ই.]

ফ্রিজ *ক্রি* পানি জমে বরফ হওয়া। [ই.]। **ফ্রিজার** *বি* ১ হিমায়নযন্ত্র বা কক্ষ; হিমায়ক; রেফ্রিজারেটার। ২ ফ্রিজ।

ফ্রেম *বি* ছবি চশমা দর্পণ ইত্যাদিতে বাঁধিয়ে বা আটকিয়ে রাখবার জন্য এদের চারধারের বেষ্টনীবিশেষ; কাঠামো; খাঁচা। [ই.]

ফ্লাশ *বি* ১ তাসের একপ্রকার খেলা; তাস দিয়ে জুয়া খেলা। ২ আলো (ক্যামেরার ফ্লাশ)। [ই.]

ফ্লাস্ক *বি* দীর্ঘক্ষণ গরম বা ঠাণ্ডা রাখবার পাত্রবিশেষ। [ই.]

ফ্লু *বি* সংক্রামক সর্দিজ্বর; ইনফ্লুয়েঞ্জা, রোগবিশেষ। [ই.]

ফ্ল্যাট *বি* ১ বহুতল ভবনের কয়েকটি কামরা নিয়ে নির্মিত স্বয়ংসম্পূর্ণ বাসোপযোগী অংশ। ২ চ্যাপটা তলাবিশিষ্ট নৌকা। ৩ স্টিমার ঘাটের ভাসমান প্ল্যাটফর্ম। ৪ গাদাবোট; ইঞ্জিনবিহীন মালবাহী জাহাজবিশেষ। ৫ নিরুপায়; হতাশ। ৬ চিৎপাত। [ই.]

ব

ব[১] বাংলা বর্ণমালার তেইশতম ব্যঞ্জনবর্ণ।

ব[২] *বি* বটাদি বৃক্ষের কাণ্ড থেকে যে মূল ঝুলে পড়ে।

বঅন(প্রা-বা) *বি* বদন; মুখ। [স. বদন>]

বই[১]**, বহি**[১] *বি* ১ পুস্তক; গ্রন্থ (পাঠ্যবই)। ২ খাতা (হিসাবের বই)। [আ. বহি। বই-তে অন্তঃস্থ 'ব' ব্যবহৃত]। **বই দপ্তর** *বি* বই ও খাতাপত্র। **বই পড়া** *ক্রি* অধ্যয়ন করা; গ্রন্থ পাঠ করা। **বই পড়ানো** *ক্রি* অধ্যয়ন করা; গ্রন্থ পাঠ করা। **বই বাঁধা** *ক্রি* ১ ছাপানো কাগজগুলোর পৃষ্ঠা ঠিকমতো সাজিয়ে গ্রন্থের আকারে সেলাই করা। ২ কাগজ কাপড় বা চামড়া দিয়ে গ্রন্থের মলাট আবৃত করা। **বই বের করা** *ক্রি* পুস্তক ছেপে প্রকাশ করা। **বই বের হওয়া** *ক্রি* বই ছাপা হবার পর বাজারে বাজারে বিক্রীত হতে থাকা। **বইয়ের পোকা** *বি* গ্রন্থকীট; পুস্তকপাঠে অতি মাত্রায় আসক্ত ব্যক্তি। **বই লেখা** *ক্রি* রচনা করা।

বই[২]**, বৈ, বহি**[২] *অব্য* ১ বিনা; ব্যতীত; ছাড়া; ভিন্ন। ২ বাদে; পরে। [স. ব্যতীত>]। **বইকি, বৈকি** *অব্য* ১ নিশ্চয়তা আগ্রহ ইত্যাদি সূচক শব্দ। ২ অস্বীকার বা না-সূচক। **বইত নয়, বৈত নয়** *অব্য* মাত্র; কেবল।

বই[৩] *বিণ* ব্যাপ্ত; বিস্তৃত।

বই[৪] *বি* কচুর লতা।

বইঠা, বৈঠা *বি* নৌকার মুখ-চওড়া ছোট দাঁড়; কাঠ দ্বারা নির্মিত পাতলা দাঁড় যা না বেঁধে হাত দিয়ে বাইতে হয়। [স. বহিত্র>]

বইন *বি স্ত্রী.* বোন; ভগিনী। [আঞ্চলিক; স. ভগিনী>, তুল. হি. বহিন]

বউ, বৌ *বি স্ত্রী.* ১ বধূ; পত্নী; গিন্নি। ২ কুলবধূ (ঘরের বউ)। ৩ কনে; নববধূ (নতুন বৌ)। ৪ পুত্রবধূ বা তৎস্থানীয়া। [স. বধূ>প্রাঃ বহু>বা. বউ]। **বউকথা কও** *বি* কোকিলজাতীয় সুপরিচিত পাখি; পাপিয়া কিংবা তার কণ্ঠরব। **বউকাঁটকি** *বি স্ত্রী.* যে শাশুড়ি পুত্রবধূকে নির্যাতন করে ও খোঁটা দেয়। **বউগড়া** *বি* নববধূর স্বামীর ঘরে আসলে যে আচার অনুষ্ঠিত হয়। **বউ-ঝি, বউ-বেটি** *বি স্ত্রী.* বধূ ও কন্যা বা কন্যা শ্রেণীর যুবতী স্ত্রীলোক। **বৌঠান** *বি* বড় ভাইয়ের স্ত্রী। [স. বধূ ঠাকুরাণী]। **বউড়ি, বউড়ী** *বি স্ত্রী.* অল্পবয়স্কা বৌ; বালিকাবধূ। **বউদিদি, বৌদি** *বি স্ত্রী* জ্যেষ্ঠ ভ্রাতার পত্নী; ভাবি। **বউভাত, বৌভাত** *বি* নববধূর ছোঁয়া অন্ন বরের আত্মীয়-স্বজন কর্তৃক গ্রহণের আচারবিশেষ; বিবাহ-উত্তর ভোজ; পাকস্পর্শ; ওয়ালিমা। **বউমা, বৌমা** *বি স্ত্রী.* পুত্রবধূ বা কনিষ্ঠ ভ্রাতার বধূ।

বউনি[১] *বি* ১ দিনের প্রথম বিক্রয়। ২ ব্যবসায়ে দিনের প্রথম বিক্রয়লব্ধ মূল্য। [স.]। **বউনি করা** *ক্রি* নগদ মূল্যে দিনের প্রথম বিক্রয় কার্য করা।

বউনি[২]**, বউনী** *বি* অগ্রিমপ্রাপ্তি। [হি. বয়ানা; বা বায়ানা; আ. বয় (অগ্রিম)+ফা. আনা]

বউনি[৩] *বি* বহন করার মজুরি বা পারিশ্রমিক। [স. বহন+বা. ই>]

বউল[১]**, বোল** *বি* ১ আম্র ইত্যাদির মুকুল। ২ বকুল ফুল। [স. মুকুল/বউল]

বউল[২]**, বউলা** *বি* খড়মস্থ মুকুলাকৃতি কাষ্ঠখণ্ড যা পায়ের দুই আঙুলে চেপে ধরে চলতে হয়।

বংগ=বঙ্গ।

বংগদেশ=বঙ্গদেশ।

বংগাব্দ=বঙ্গাব্দ।

বংশ[১] *বি* ১ পুরুষানুক্রম, পুরুষ-পরম্পরা, কুল। ২ গোষ্ঠী;

গোত্র। ৩ ছেলেমেয়ে; পুত্রকন্যা; সন্তান-সন্ততি। **বংশক্ষয়, বংশনাশ, বংশলোপ** *বি* বংশের সন্তান-সন্ততির মৃত্যুতে বংশের বিলোপ। **বংশগত** *বিণ* বংশানুক্রমে লব্ধ বা প্রাপ্ত কুলের বৈশিষ্ট্য বা নিয়মস্বরূপ। **বংশগতি** *বি* পুরুষ-পরম্পরায় দৈহিক ও মানসিক বৈশিষ্ট্যসমূহের সংক্রমণ। **বংশগৌরব** *বি* বংশের মর্যাদা; কুলগর্ব; যাতে বংশের মানমর্যাদা বৃদ্ধি পায়। **বংশজ** *বিণ* ১ বংশে জাত বা উৎপন্ন। ২ সদ্‌বংশীয়; সৎকুলোদ্ভব। ৩ মৌলিক; কুলভ্রষ্ট কুলীন। **বংশধর** *বি* সন্তান; বংশরক্ষাকারী। **বংশ-পরম্পরা** *বি* বংশানুক্রম; বংশধরদের ধারাবাহিকতা। **বংশবৃদ্ধি** *বি* বংশের সন্তান-সন্ততির সংখ্যা বাড়া। **বংশমর্যাদা** *বি* বংশের প্রাপ্য সম্মান; আভিজাত্য। **বংশরক্ষা** *বি* সন্তান জন্মদানের মাধ্যমে বংশের ধারাবাহিকতা বজায় রাখা। **বংশলতা, বংশলতিকা** *বি* শাখা প্রশাখাক্রমে বিন্যস্ত বংশের পুরুষ-পরম্পরায় নামের তালিকা। **বংশে বাতি দেওয়া** *ক্রি* বংশধররূপে বংশ বাঁচিয়ে রাখা।

বংশ[২] *বি* ১ বাঁশ। ২ বাঁশি। ৩ মেরুদণ্ড; পিঠের দাঁড়া। [স.]। **বংশদণ্ড** *বি* বাঁশের তৈরি মণ্ডপবিশেষ। **বংশলোচন** *বি* বাঁশের অভ্যন্তরে উৎপন্ন এক ধরনের সাদা কঠিন বস্তু। **বংশশলাকা** *বি* বাখারি; বাঁশের সরু কাঠি বা শলা।

বংশাঙ্কুর *বি* বাঁশের কোঁড়া। [স. বংশ+অঙ্কুর]

বংশানুক্রম *বি* বংশপরম্পরা; বংশধারা; পুরুষানুক্রম; পুরুষপরম্পরা। [স. বংশ+অনুক্রম]। **বংশানুক্রমিক** *বি* বংশপরম্পরাগত; পুরুষপরম্পরাগত। [স. বংশ+অনুক্রমিক]

বংশানুরচিত *বি* বংশের পুরুষানুক্রমিক ইতিবৃত্ত। [স. বংশ+অনুরচিত]

বংশাবতংস *বি* ১ বংশের অলঙ্কারস্বরূপ ব্যক্তি; বংশের শ্রেষ্ঠ ব্যক্তি। ২ গুণী ব্যক্তি; প্রখ্যাত ব্যক্তি; কুলভূষণ; কুলচূড়ামণি। [স. বংশ+অবতংশ]

বংশাবলি, বংশাবলী *বি* বংশ-তালিকা; কুলজি; কুলপঞ্জি। [স.]

বংশী[১] *বিণ* বংশজাত।

বংশী[২] *বি* বাঁশি; মুরলী; বেণু। **বংশীধর, বংশীধারী** *বি* ১ যে বংশী ধারণ করে। ২ শ্রীকৃষ্ণ। **বংশীবট** *বি* বৃন্দাবনস্থ যে বটগাছের নিচে শ্রীকৃষ্ণ বাঁশি বাজাতেন। **বংশীবদন, বংশীবয়ান** *বি* ১ যে বংশী বাজায়। ২ শ্রীকৃষ্ণ।

বংশীয়, বংশ্য *বিণ* ১ বংশজাত; কুলোদ্ভব; কুলে জাত বা উৎপন্ন। ২ বংশ সম্বন্ধীয়। [স.]

বংশীয়াল *বিণ* বংশীবাদনে দক্ষ।

বঃ *বি* বকলম শব্দের সংক্ষিপ্ত রূপ।

বঁইচি, বৈঁচি *বি* এক প্রকার অম্লমধুর ক্ষুদ্র গোলাকার বন্য ফল বা তার গাছ।

বঁটি, বণ্টিকা *বি* মাছ তরকারি ইত্যাদি কুটবার অস্ত্রবিশেষ। [মুণ্ডা. বইন্‌টি]। **বঁটিঝাঁপ** *বি* গাজন উৎসবে বঁটির উপর ঝম্প প্রদান।

বঁধু, বঁধুয়া (পদ্যে) *বি* প্রেমাস্পদ; প্রণয়ী; বন্ধু; নাগর; প্রিয়; বল্লভ। [স. বন্ধু>]

বঁমচুলি, বমচুলি *বি* ব্রহ্মচুল; টিকি। [স. ব্রহ্মচুল>]

বক, বগ *বি* ১ মাছ শিকারে পটু বক্রগ্রীবা ও দীর্ঘ চঞ্চুবিশিষ্ট এক জাতীয় পাখি। ২ 'বক' নামের পৌরাণিক অসুর/রাক্ষস বকাসুর। [স. বক]। **বকচর, বগচর** *বি* পুকুরের জলসন্নিহিত বর্গাকার তীরাংশ। **বক দেখানো** *ক্রি* (আল.) বকের গলা ও মুখের মতো হাত বাঁকিয়ে বিদ্রূপ করা। **বকধার্মিক** *বিণ* ভণ্ড; বকের মতো ধার্মিকতার ভান করে এমন। **বকধ্যান** *বি* কপটধ্যান। **বকফুল** *বি* বকের আকৃতিবিশিষ্ট এক প্রকার সাদা ফুল যা আনাজরূপে ব্যবহৃত হয়। **বকবৃত্তি, বকধর্ম** *বি* ভণ্ডামি; কপটতা। ❑ *বিণ* ধূর্ত; ভণ্ড। **বকব্রতী** *বিণ* ১ ভণ্ড; কপট। ২ প্রবঞ্চনাকারী।

বকঠুঁটো *বি* গাংদাড়া চিংড়ি।

বকনা *বি স্ত্রী.* মাদি-বাছুর; যে গাভীর এখনও বাছুর হয়নি; অল্পবয়স্কা গাভী। [স. বষ্কয়ণী>]

বকবক *ব্য* ক্রমাগত বৃথা বাক্যব্যয়; বিরক্তিকর অনর্গল কথা। **বকবক করা, বকবকানো, বকর-বকর করা** *ক্রি* অনর্গল কথা বলা; ক্রমাগত বৃথা বাক্যব্যয় করা; বাচালতা করা। **বকবকানি** *বি* ক্রমাগত বিরক্তিকর কথাবার্তা; বৃথা বাক্যব্যয়; বিরক্তিজনক বাচালতা।

বকবকম, বকবকুম, বকবাকুম *বি* পারাবত-কণ্ঠধ্বনি; পায়রার ডাক।

বকম *বি* এক প্রকার গাছ বা তার কাঠ।

বকযন্ত্র *বি* ১ পাতনযন্ত্র; যে যন্ত্রে কোনো পদার্থের অংশ বাষ্পীভূত বা চোলাই করে পৃথক করা হয়। ২ রোগীর বক্ষ পরীক্ষার যন্ত্রবিশেষ; স্টেথোসকোপ।

বকরা *বি* ছাগ; ছাগল। [আ.]। **বকরি, বকরী** *বি স্ত্রী.* ছাগী।

বকরিদ, বক্‌রীদ *বি* ইদুজ্জোহা; কুরবানির ঈদ। [আ. বক্‌র+ঈদ]। **বকরিদি, বক্‌রীদি** *বিণ* বকরি ঈদ সম্বন্ধীয়।

বকলম *বি* ১ লিখতে অক্ষম এমন ব্যক্তির পরিবর্তে যে লেখে বা সই করে। ২ এক বস্তুর অন্তরালে অন্য বস্তুর স্বরূপ গোপন। [আ.]

বকলস, বগলেস *বি* কোমরবন্ধ ফিতাপ্রভৃতি আটকাবার খিল। [ই. buckles]

বকশি, বখশি *বি* ১ তুর্কি-মোগল আমলের বেতন বণ্টনকারী রাজকর্মচারী; paymaster। ২ খাজনা আদায়কারী কর্মচারী। ৩ সেনাধ্যক্ষ। ৪ একটি পদবি।

বকা[১] *ক্রি* ১ অনাবশ্যকভাবে বেশি কথা বলা, বকবক করা, বাচালতা করা। ২ ভর্ৎসনা করা; ধমক দেওয়া। ৩ গালি দেওয়া; গালমন্দ বলা। ❑ *বি* উক্ত সকল অর্থে। **বকানো** *ক্রি* ১ অধিক বা বৃথা কথা বলানো। ২ গলানো; প্রতিবাদ বা তর্ক করবার জন্য আগ্রহ দেখানো। ৩ উক্ত সকল অর্থে। **বকাবকি** *বি* ১ তর্কবিতর্ক। ২ গালাগালি; কলহ; বচসা। ৩ তিরস্কার; ভর্ৎসনা। [স.√বুক্ক (কথনে)>, তুল. হি. বক্‌না; অথবা স.√বচ+আ]

বকাণ্ডপ্রত্যাশী, বকাণ্ড-ন্যায় *বি* (আল.) নিষ্ফল আশা; বক কর্তৃক বৃষের দোদুল্যমান অণ্ড লাভের আশার মতো নিষ্ফল প্রত্যাশা। [স.]

বকুনি *বি* ১ তিরস্কার; ভর্ৎসনা; ধমক। ২ বকবকানি; অনর্গল কথা বলা।

বকুল *বি* এক জাতীয় সুগন্ধি ফুল বা তার গাছ। [স.]

বকেয়া *বিণ* ১ বাকি; যা পাওনা রয়েছে; অবশিষ্ট। ২ পুরনো। ৩ প্রাচীন। **বকেয়া খাজনা** *বি* আগের বা গত সনের বাবদ যে বাকি পড়েছে। [আ. বকিয়া]

বক্কেশ্বর *বিণ* হাবা; বোকা। [তুচ্ছার্থে চলতি ও আঞ্চলিক বক্ক—বোকা, বক্ক+ঈশ্বর]
বক্ত, বখ্‌ত *বি*১ অদৃষ্ট; নসিব। ২ মুসলিম উপাধি। [আ.]
বক্তব্য *বিণ*১ বক্তৃতা; কথ্য; কথনীয়; বলতে হবে এমন। ২ আলোচ্য। ৩ বলবার উপযোগী। ৪ উল্লেখনীয়; উল্লেখ্য। [স. √বচ্+তব্য]
বক্তা *বিণ,বি* ১ বক্তৃতাকারী; যিনি ভাষণ দেন। ২ উক্তিকারী; যিনি বলেন। ৩ বাকপটু; বাগ্মী। [স. √বচ্+তৃ]
বক্তিমে (ব্য.) *বি* ভাষণ; বক্তৃতা।
বক্তৃতা *বি* ১ ভাষণ; সভায় কোনো বিষয়ে কিছু বলা। ২ বাকপটুতা। ৩ বাগ্‌বিন্যাস। [স. বক্তৃ+তা]
বক্ত্র *বি* মুখ; বদন। [স.]
বক্র *বিণ*১ বাঁকা; সরল নয় এমন; অসরল; অসমান। ২ কুটিল। ৩ বাঁক; মোড়। [স.]। **বক্রগ্রীব** *বিণ* ঘাড় বাঁকা এমন।
বক্রি *বিণ* বাকি; অবশিষ্ট।
বক্রীকরণ *বি* বাঁকানো। [স.]
বক্রোক্তি *বি* ১ কাব্যের অলঙ্কারবিশেষ; শ্লেষ; ব্যঙ্গার্থক অলঙ্কার। ২ ব্যঙ্গোক্তি; শ্লেষপূর্ণ কথা। ৩ বাঁকা করে অথবা রস দিয়ে যা বলা হয়। ৪ প্রচ্ছন্ন নিন্দাবাদ। [স.]
বক্ষ, বক্ষঃ *বি* ১ বুক। ২ হৃদয়; অন্তর; মন; চিত্ত। [স. বক্ষঃ]। **বক্ষঃস্থল** *বি* ১ বুকের পাটা; বুকের উপরিভাগ। ২ হৃদয়; অন্তর। **বক্ষস্পন্দন, বক্ষঃস্পন্দন** *বি* বুকের দুরু দুরু ভাব বা কম্পন; বুক ধড়ফড়ানো। **বক্ষ-কোষ্ঠক** *বি* গ্যালারি। **বক্ষপঞ্জর, বক্ষঃপঞ্জর** *বি* বুকের হাড়; পাঁজরা। **বক্ষপুট** *বি* বক্ষস্থল; বুকের পাটা; বক্ষঃস্থল। **বক্ষবন্ধনী** *বি* কাঁচুলি; নারীবক্ষের অন্তর্বাস বিশেষ।
বক্ষ্যমাণ *বিণ* বলা হবে বা আলোচিত হবে এমন; বলার আকাঙ্ক্ষা রয়েছে এমন; বক্তব্য। [স. √বচ্+স্যমান]
বখরা *বি* ভাগ; অংশ। [ফা. বখ্‌রা]। **বখরাদার** *বি* অংশীদার; ভাগীদার। **বখরাদারি** *বিণ* অংশীদারি।
বখশ *অক্রি* বখশিয়া; রুহের মাগফেরাতের ক্রিয়া। [ফা.]
বখশিশ, বকশিশ *বি* পুরস্কার; ইনাম; পারিতোষিক। [ফা.]
বখা, বকা *বি*১ অধঃপাতে যাওয়া; কুসংসর্গে নষ্ট হওয়া; দুশ্চরিত্র হওয়া। ২ অধঃপতন। ❑*বিণ* অধঃপাতে গেছে এমন; দুশ্চরিত্র; নষ্ট। ২ বাচাল; ফাজিল। [স. √বহ্>বখ+বা. আ]
বখাটে, বকাটে *বি* ১ কুসংসর্গে নষ্ট হয়েছে এমন; অধঃপাতে গেছে এমন; দুশ্চরিত্র; বখে যাওয়া। [স.√বহ্ (প্রবাহিত)>কুপথে যাওয়া]। **বখানো, বকানো** *ক্রি* নষ্ট করা; অধঃপতনে নিয়ে যাওয়া; বখাটে করা। **বখামি, বকামি, বকামো** *বি*১ দুশ্চরিত্র বা অধঃপতিত লোকের আচরণ বা ভাব; নষ্টামি। ২ ফাজলামি; বাচালতা। **বখে যাওয়া** *ক্রি* দুশ্চরিত্র হওয়া; কুসংসর্গে নষ্ট হওয়া; অধঃপাতে যাওয়া।
বখিল *বিণ*১ কৃপণ; ব্যয়কুণ্ঠ। ২ অভাবগ্রস্ত; শূন্য; রিক্ত। [আ.]। **বখিলি** *বি* কৃপণতা।
বখেড়া *বি*১ বাধা; প্রতিবন্ধক; বিঘ্ন। ২ ঝঞ্ঝাট। ৩ ঝগড়া; কলহ। [হি.]
বগল *বি*১ বাহুমূলের নিচের অংশ; কক্ষ; কাখতলি। ২ পার্শ্ব। ৩ সামীপ্য; নৈকট্য; নিকট। [আ.]। **বগলদাবা** *বি* ১ বাহুমূলে চেপে ধারণ। ২ গোপনে অপহরণ। ৩ আয়ত্তে আনয়ন। **বগলদাবা করা** *ক্রি* (আল.) আয়ত্তে আনা; করতলগত করা। **বগলবাজানো** *ক্রি*১ আনন্দ প্রকাশার্থ বগলে হাত পুরে চাপ দিয়ে শব্দ করা। ২ (আল.) বিজয়ের জন্য উল্লাস প্রকাশ করা।
বগলি *বি* ছোট থলি; বটুয়া। [ফা.]
বগি[১], **বগী**[১] *বি* চার চাকাবিশিষ্ট হালকাঘোড়ার গাড়ি। [ই. buggy]
বগি[২], **বগী**[৩] *বি* যাত্রীবাহী রেলগাড়ির এক একটি স্বতন্ত্র অংশ। [ই.]
বগি[৩], **বগী**[৩] *বি* বকের গ্রীবার আকৃতির কান-উচু কাঁসার পাত্রবিশেষ (বগিথালা)। ❑*বিণ* উচু।
বগি[৪] *বি* ছোট থলি; বটুয়া। [ফা.]
বগুলা *বি* বক।
বঙ্ক *বিণ*১ বাঁকা; বঙ্কিম। ২ কুটিল। ❑*বি* ১ নদীর বাঁক। ২ বাঁকমল। [স.]
বঙ্কা (প্রা-বা) *বিণ* বাঁকা।
বঙ্কিম *বিণ*১ বক্র; বাঁকা; আকাবাঁকা; ঈষৎ বক্র। ২ কুটিল। [স.]। **বঙ্কিমবিহারী** *বি* শ্রীকৃষ্ণ। **বঙ্কিমা** *বি* বাঁক।
বঙ্গ[১] *বি* রাং; টিন; tin।
বঙ্গ[২] *বি*১ প্রাচীন ভারতবর্ষের উত্তর-পূর্বস্থ একটি জনপদের নাম। ২ বাংলাদেশের প্রাচীন নাম। **বঙ্গজ** *বিণ* বাংলাদেশে জাত বা উৎপন্ন। ❑*বি* বাঙালি বৈদ্য/কায়স্থের একটি শ্রেণী। [স.]। **বঙ্গদেশ** *বি* বাংলাদেশ। **বঙ্গাব্দ** *বি* বাংলা সাল। **বঙ্গীয়** *বিণ*১ বাংলাদেশ বা বাংলা ভাষাসংক্রান্ত। ২ বাংলাদেশে জাত বা উৎপন্ন।
বচ[১] *বি* বচন; বাক্য। [স. বচঃ]
বচ[২] *বি* ঔষধে ব্যবহার্য এক প্রকার ঝাল কন্দ। [স. বচা>]
বচন *বি*১ বাক্য, কথা, উক্তি। ২ জ্ঞানগর্ভ উক্তি; প্রবচন। ৩ কথন। ৪ (ব্যা.) যা দিয়ে পদের একত্ব বোঝা যায়, পদের একত্ব বা বহুত্বজ্ঞাপক বিভক্তি। [স. √বচ্+অনট্]। **বচনপ্রপঞ্চ** *বি* প্রবঞ্চনাপূর্ণ কথা; কথার ছলাকলা। **বচনবাগীশ** *বিণ* বাকপটু; কেবল কথায় ওস্তাদ কিন্তু কাজে নয়। **বচনীয়** *বিণ*১ বলার যোগ্য; বাচ্য; কথনযোগ্য। ২ নিন্দার যোগ্য।
বচসা *বি*১ কথা কাটাকাটি; তর্কাতর্কি। ২ ঝগড়া; কলহ। [স. বচস্+আ (স্বার্থে)]
বচা *বি* বাক্য। [স.]। **বচাবচ** *বি* বাদানুবাদ তর্কবিতর্ক; বাকযুদ্ধ; ঝগড়া; বচসা। [স. √বচ্+আ]
বজরা *বি* ১ বৃহৎ নৌকাবিশেষ; ভড়। ২ ধনীদের ভ্রমণবিলাসের উপযোগী নৌকা; কাঠের কামরা ও ছাদযুক্ত বৃহৎ নৌকাবিশেষ। [ই. Barge]
বজায় *বিণ*১ কায়েম; বলবৎ; অক্ষুণ্ণ; রক্ষিত। ২ প্রতিষ্ঠিত। [ফা.]
বজ্জাত, বজ্জাৎ *বি* চালাক; ধূর্ত; দুর্বৃত্ত; দুষ্ট; দুর্জন; মন্দ জন্মের লোক; অন্যের ক্ষতি করার মানসিকতাসম্পন্ন ব্যক্তি। [ফা. বদ-জাদ (জাত)]। **বজ্জাতি** *বি* বদমায়েশি; দুর্বৃত্তপনা; দুষ্টামি।
বজ্র, বজর (পদ্যে) *বি* ১ বাজ; অশনি; কুলিশ; সশব্দে বিদ্যুৎ প্রকাশ। ২ ইন্দ্রের অস্ত্র। ৩ হীরক। ৪ (জ্যো-শা) মানবদেহে বজ্রসূচক × এরূপ চিহ্ন। ৫ শূন্যতা। ৬ প্রচণ্ড; নিদারুণ; অসহ্য। ❑*বিণ* অত্যন্ত কঠিন; দৃঢ়। **বজ্রকঠিন**

বিণ বজ্রের মতো কঠিন, অত্যন্ত দৃঢ়। **বজ্রকীট** *বি* ১ তীক্ষ্ণ দন্তকীটবিশেষ। ২ দন্তহীন দীর্ঘ জিহ্বা কীটভুক স্তন্যপায়ী আঁশযুক্ত জীববিশেষ; pangolin। **বজ্রকুল** *বি* বাউল; বজ্রী; বৌদ্ধ তন্ত্রসাধক সম্প্রদায়। **বজ্রগম্ভীর** *বিণ* বজ্র শব্দের মতো গম্ভীর। **বজ্রগর্ভ** *বিণ* গুরুগম্ভীর। **বজ্রচিহ্ন** *বি* × এই রূপ চিহ্ন। **বজ্রধর, বজ্রপাণি, বজ্রী** *বি* ইন্দ্র। **বজ্রধ্বনি, বজ্রনাদ, বজ্রনির্ঘোষ** *বি* বজ্রপাতের শব্দ। **বজ্রনখ** *বি* তীক্ষ্ণনখ। **বজ্রপাত** *বি* বাজপড়া; বজ্রের পতন। **বজ্রবাঁটুল** *বি* বেঁটে অথচ শক্তিসামর্থ্যে সমৃদ্ধ। **বজ্রমণি** *বি* হীরা। **বজ্রমুষ্টি** *বি* অত্যন্ত দৃঢ়। **বজ্রযান** *বি* তান্ত্রিক বৌদ্ধ মতবিশেষ; শূন্যতাযান। **বজ্রলেপ** *বি* দুর্ভেদ্য প্রলেপবিশেষ; পারদাদি জ্বাল দেবার সময়ে যে দুর্ভেদ্য আবরণ ব্যবহার করা হয়। **বজ্রলেপময়** *বিণ* দুর্ভেদ্য। **বজ্রশলাকা** *বি* বজ্রপাতজনিত ধ্বংস থেকে রক্ষার জন্য ছাদে বা সৌধচূড়ায় যে লৌহশলাকা স্থাপন করা হয়। **বজ্রসায়ক** *বি* বজ্রতুল্য দৃঢ় তীর বা বাণ। **বজ্রাগ্নি** *বি* বিদ্যুৎ। **বজ্রাঘাত** *বি* ১ বাজপড়া; অশনি–সম্পাত; বজ্রপতন। ২ (আল.) আকস্মিকভাবে প্রাপ্ত অতি আঘাত। **বজ্রাদপি** *ক্রিবিণ* বজ্র থেকেও অধিক। **বজ্রাসন** *বি* যোগের এক প্রকার আসন। **বজ্রাহত** *বিণ* ১ বজ্রাঘাতপ্রাপ্ত। ২ অপ্রত্যাশিত শোক বা আঘাত পেয়ে ব্যাকুল।

বঞ্চন[১] (প্রা–বা) *বি* অতিবাহন; যাপন; ক্ষেপণ।

বঞ্চন[২], **বঞ্চনা** *বি* প্রতারণা; শঠতা; শাঠ্য; ঠকামি। [স.] **বঞ্চক** *বি,বিণ* প্রতারক; ঠক; শঠ; বঞ্চনাকারী। **বঞ্চিত** *বিণ* ১ বঞ্চনা করা হয়েছে এমন; প্রতারিত। ২ শূন্য; বিহীন; বিরহিত। [স.]

বঞ্জুল *বি* ১ অশোক বৃক্ষ বা তার ফুল। ২ স্থলপদ্ম। ৩ পক্ষীবিশেষ। ৪ বেত; বেতস।

বট[১] *বি* ১ দীর্ঘজীবী বৃক্ষবিশেষ; ন্যগ্রোধ। ২ মূল্য; দাম। [স.]

বট[২] *ক্রি* হও।

বট[৩] *বি* জবাই–করা গরু–ছাগলের আতড়ি বা নাড়ি।

বটক *বি* ১ বড়া। ২ কড়ি। ৩ এক তোলা ওজন। [স.]

বটকিরি, বটখিরি, বৈঠকিরি *বি* বৈঠকী। ❑ *বিণ* মজলিসি রঙ্গ–রসিকতা।

বটকেরা, বটখেরা *বি* ঠাট্টা–তামাশা; হাসি–ঠাট্টা; রংতামাশা।

বটবটি *বি* বরবটি। [স. বর্বটী]

বটব্যাল *বি* ব্রাহ্মণের উপাধিবিশেষ।

বটি *ক্রি* হই।

বটিকা, বটী *বি* ১ বড়ি; গুটি; গুলি। ২ টুকরা টুকরা; খণ্ড খণ্ড। [স.]

বটুয়া *বি* কাপড়ের তৈরি এক প্রকার থলে। [উড়িয়া (বটু> বড়ু—ব্রাহ্মণ বালক বটুক) বটুক>বড়ুঅ>বড়ু, বটু+রু]

বটে[১] *অব্য* ১ সত্যই; প্রকৃতই। ২ তাই নাকি—বিস্ময় বা সংশয়সূচক প্রশ্নে। ৩ শাসনে; ভীতি প্রদর্শনে কিংবা ব্যঙ্গ বিদ্রূপে প্রযুক্ত।

বটে[২] *ক্রি* হয়। **বটেন** *ক্রি* হন। [স. বৃৎ]

বটেক (প্রা–বা) *বি* এককড়া। ❑ *বিণ* অতি তুচ্ছ।

বটের *বি* তিতিরজাতীয় পাখি; লাব। [স. বর্তক>]

বটঠাকুর *বি* ভাশুর; স্বামীর বড় ভাই। [বড়>বড> বট+ঠাকুর]

বডিস, বডি *বি* স্ত্রীলোকের জামা বা অন্তর্বাসবিশেষ; কাঁচুলি। [ই.]

বড্ড *বিণ,ক্রিবিণ* অত্যন্ত; অতিশয়; খুব বেশি। [স.]

বড়[১], **বড়ো** *বিণ* ১ বৃহৎ; বিশাল; মস্ত; প্রকাণ্ড। ২ প্রশস্ত; বিস্তৃত। ৩ দীর্ঘ। ৪ স্ফীত; স্থূল; মোটা। ৫ অত্যন্ত; অতিশয়; খুব বেশি। ৬ বয়সে অধিক; মানে শ্রেষ্ঠ। ৭ সম্ভ্রান্ত; অভিজাত; মর্যাদাসম্পন্ন; উচ্চ। ৮ শ্রেষ্ঠ; উৎকৃষ্ট; গণ্যমান্য। ৯ উচ্চপদস্থ অধিষ্ঠিত। ১০ ধনবান; ধনী। ১১ মহৎ; উদার; বিশাল। ১২ নিদারুণ; ভীষণ; খুব খারাপ। ১৩ আসল; প্রকৃত। ১৪ দক্ষ; কুশলী; অভিজ্ঞ; খ্যাতিসম্পন্ন। ১৫ আশান্বিত; গর্বিত; অহঙ্কৃত। ❑ *ক্রিবিণ* অত্যন্ত; খুব; অতিশয়। ❑ *অব্য* ১ নেহাত; নিতান্ত; খুব; একেবারে। ২ তুচ্ছ; সামান্য। ৩ বিস্ময়ব্যঞ্জক; অপ্রত্যাশিত ভাবসূচক। ❑ *বি* ধনী বা ঐশ্বর্যশালী ব্যক্তি। [স. বড্র>]। **বড় একটা** *ক্রিবিণ* প্রায়; অধিক; বিশেষ। **বড় কথা** *বি* ১ স্পর্ধাব্যঞ্জক বা অহঙ্কারপূর্ণ উক্তি। ২ গুরু বা প্রধান বাক্য। ৩ প্রধান বিষয়। **বড় করা** *ক্রি* বাড়িয়ে তোলা; উন্নত করা। **বড় কুটুম্ব, বড় কুটুম** *বি* শালা বা সম্বন্ধী; স্ত্রীর ভাই। **বড় গলা** *বি* ১ উচ্চকণ্ঠ। ২ গর্ব; অহঙ্কার। **বড় গলা করে বলা** *ক্রি* গর্ব করে বলা। **বড় চাল** *বি* ধনী বা উচ্চপদস্থ লোকের চালচলন। **বড়–ছোট** *বি* ১ উচ্চ–নীচ। ২ ধনী–গরিব। ৩ বয়সে জ্যেষ্ঠ বা কনিষ্ঠ। **বড় জোর** *বিণ* ঊর্ধ্ব পক্ষ; খুব বেশি করে ধরলে। **বড় ঠাকুর, বটঠাকুর** *বি* (স্ত্রী কর্তৃক স্বামীর বড় ভাইকে বোঝাতে) ভাশুর। **বড় তরফ** *বি* বংশের বর্ষীয়ান পরিবার। **বড় তামাক** *বি* গাঁজা। **বড়ত্ব** *বি* মহত্ত্ব; শ্রেষ্ঠত্ব; জ্যেষ্ঠত্ব। **বড় দরের** *বিণ* উচ্চস্তরের। **বড়দিন** *বি* ১ পঁচিশে ডিসেম্বর; যিশুখ্রিস্টের জন্মদিন। ২ একুশে জুন; বৎসরের দীর্ঘতম দিন। **বড় বড় কথা** *বি* অহঙ্কার বা আত্মম্ভরিতাপূর্ণ উক্তি। **বড়ফট্টাই** *বি* বৃথা আত্মশ্লাঘা প্রকাশ। **বড়বাবু** *বি* অফিসের প্রধান কেরানি; head clerk। **বড়মানুষ, বড়লোক** *বি* ধনী বা ঐশ্বর্যশালী ব্যক্তি। **বড়মানুষি, বড়মানষি** *বি* ১ ধনীর মতো আচরণ। ২ ধনী ও পদস্থ লোকের মতো। **বড়মানুষিয়ানা, বড়মানষিয়ানা** *বি* বড়লোকের চালচলন। **বড়মুখ** *বি* প্রচুর আশা; অনেক উৎসাহ। **বড় হওয়া** *ক্রি* ১ বয়োবৃদ্ধ হওয়া; বয়স বাড়া। ২ বৃদ্ধি পাওয়া। ❑ *বি* মহৎ; প্রসিদ্ধ বা ধনী হওয়া।

বড়[২] *বি* খড়ের তৈরি মোটা দড়ি।

বড়লাট *বি* ব্রিটিশ আমলের Governor General। [বা. লাট, ই. lord]

বড়শি, বড়শী *বি* লোহার বাঁকা ও আলযুক্ত কাঁটা যাতে মাছের টোপ গাঁথা হয়। [স. বড়িশ]। **বড়শি গাঁথা** *ক্রি* (আল.) কায়দায় বা আয়ত্তে পাওয়া। **বড়শিযন্ত্র** *বি* বড়শিতুল্য আলযুক্ত বেধনাস্ত্রবিশেষ।

বড়হর *বি* ফলবিশেষ।

বড় হাজরি *বি* দিনের প্রধান আহার। (তুল. ছোটহাজরি)।

বড়া[১] *বি* ১ খাদ্যদ্রব্যের তেল বা ঘিয়ে ভাজা পিষ্টকবিশেষ (ডালের বড়া)। ২ তদনুরূপ পদ্ধতিতে তৈরি মিঠাইবিশেষ (তালের বড়া)। [হি. স. বটক]

বড়া[২] *বি* আঁটি।
বড়াই[১] *বি*১ গর্ব; অহঙ্কার; জাঁক; বড়র ভাব। ২ উচ্চ প্রশংসা; মহিমা; গৌরব।
বড়াই[২], **বড়ায়ি**, **বড়াইবুড়ি** *বি স্ত্রী.* ১ বড় আয়ি; মাতামহী। ২ বৃন্দাবনের বৃদ্ধা নারী—যিনি রাধা-কৃষ্ণের মিলন ঘটিয়েছিলেন। ৩ অতিবৃদ্ধ রমণী। [স. বৃদ্ধ-আর্যিকা বা বড্ড+আর্যিকা]
বড়ি *বি*১ বটিকা; গুলি। ২ পিষ্ট দাল প্রভৃতির দ্বারা প্রস্তুত শুষ্কপিণ্ড। ৩ ছোট বড়া। [স. বটক> +ই]
বড়ু *বি* ব্রাহ্মণ; ব্রাহ্মণপুত্র। [স. বটু]
বড়ুয়া[১], **বরুয়া** *বি* ১ পদস্থ বা সম্মানিত ব্যক্তি; ধনী। ২ চট্টগ্রামের বৌদ্ধদের ও অহমিয়া হিন্দুদের পদবি; আসামের কোনো কোনো মুসলমানের পদবি। [বড়াহ্< বড়ুয়া>বোরো]
বড়ুয়া[২] *বি*১ ব্রাহ্মণকুমার। ২ কুমার; ছোকরা। [স. বটু>+বা. ইয়া]
বড়ে, বোড়ে *বি* দাবা খেলার সবচেয়ে ছোট গুটি। [স. বটিকা>]। **বড়ে/বোড়ে টেপা** *ক্রি*১ (আল.) গুটি চালা। ২ (আল.) চাল চালা; কৌশল প্রয়োগ করা। ৩ (আল.) অনুচরকে ইঙ্গিত করা। **বড়ের চাল, বোড়ের চাল** *বি*১ দাবা খেলায় গুটির চাল। ২ (আল.) কৌশল প্রয়োগ।
বড়ো=বড়[১]।
বণিক *বি* সওদাগর; বেনে; ব্যবসায়ী; ক্রয়-বিক্রয়কারী। [স.]। **বনিকবৃত্তি** *বি*১ ব্যবসায়; বাণিজ্য; সওদাগরি। ২ সর্ববিষয়ে কেবল টাকা পয়সা বা লাভ-লোকসান খতিয়ে দেখবার মনোবৃত্তি।
বণ্টন *বি* বিভাজন; বাঁটা; অংশে ভাগ করে বিতরণ [স.]। **বণ্টক** *বিণ* বিভাজক; বণ্টনকারী। ❑ *বি* বিভাজন; বিতরণ। **বণ্টিত** *বিণ* বণ্টন করা হয়েছে এমন।
বণ্টিকা *বি* বঁটি।
বৎ *অব্য* তুল্য; সদৃশ্য; ন্যায় (পশুবৎ)। [স.]
বতর *বি* জমিতে ফসল বুনার উপযুক্ত সময়; যো, বীজ বপনের মতো জমির অবস্থা।
বতারিখ *ক্রিবিণ* তারিখ অনুযায়ী বা অনুসারে; তারিখে। [ফা.+আ.]
বৎস *বি*১ বাছা—স্নেহ সম্বোধনে। ২ বাছুর; বাচ্চা গরু। ৩ পশুশাবক। [স.]। **বৎসতর** *বি* এঁড়ে বাছুর। **বৎসতরী** *বি স্ত্রী.* স্ত্রী বাছুর; বকনা বাছুর।
বৎসর, বছর *বি* বারোমাসকাল; বর্ষ; অব্দ; সন। [স. বৎসর>]
বৎসল *বিণ* স্নেহপূর্ণ; অনুরক্ত; অপত্য নির্বিশেষে স্নেহপরায়ণ। [স. বৎস+অল]। **বৎসলা** *স্ত্রী.*। **বৎসলতা, বাৎসল্য** *বি* স্নেহ; অনুরাগ।
বৎসা, বৎসে *বি স্ত্রী.* বাছা—স্নেহসম্বোধনে প্রযুক্ত।
বত্রিশ *বি*১ ৩২ সংখ্যা। ২ ৩২ সংখ্যক। [স দ্বাত্রিংশৎ>]। **বত্রিশ নাড়ি ছেঁড়া ধন**—প্রিয় সন্তান।
বদ, বদ্ *বিণ*১ মন্দ; খারাপ (বদলোক)। ২ রুক্ষ; কর্কশ (বদমেজাজ)। ৩ অসৎ; অসাধু; দুষ্ট (বদখেয়াল)। ৪ অন্যায়; অন্যায্য; অনুচিত (বদরাগী)। ৫ দূষিত; জীবাণুযুক্ত বা রোগগ্রস্ত (বদরক্ত)। ৬ অন্য; ভিন্ন (বদ রঙের তাস)। [ফা.]। **বদ কথা** *বি* কুকথা; খারাপ কথা। **বদ কাম** *বি* কুকর্ম; অপকর্ম; ব্যভিচার। **বদকার** *বিণ* কুক্রিয়াশীল; কুকর্মে রত এমন। ❑ *বি* কুকর্ম; খারাপ কাজ; ব্যভিচারী। **বদকারী** *বি*। **বদখত, বদখদ** *বিণ*১ বিশ্রী। ২ হাতের লেখা খারাপ এমন। ৩ বেয়াড়া; দুষ্ট; অবাধ্য; অসৎ। [ফা. বদ+আ. খত]। **বদখাসলত** *বি* কুঅভ্যাস; খারাপ রীতিনীতি; খারাপ স্বভাব। **বদখেয়াল** *বি* ১ খারাপ অভিপ্রায়; কুপ্রবৃত্তি। ২ খারাপ আচরণ; কুনীতি। **বদখেয়ালি** *বিণ*। **বদজবান, বদজোবান** *বি* কুবাক্য; অশিষ্ট কথা; গালাগালি। [ফা. বদ+ফা. যোবান]। **বদদোয়া, বদ্দোয়া** *বি* অভিশাপ; অপরের অনিষ্টের জন্য যে দোয়া। [ফা. বদ+আ. দো'আ]। **বদনসিব, বদ্নসিব** *বি* দুর্ভাগ্য; মন্দভাগ্য। **বদনাম, বদ্নাম** *বি* দুর্নাম; অখ্যাতি; অপযশ; নিন্দা। **বদনিয়ত, বদ্নিয়ত** *বি* অসদভিপ্রায়; দুরভিসন্ধি। ❑ *বিণ* উদ্দেশ্য খারাপ এমন। **বদফাল** *বি* দুর্ভাগ্যের চিহ্ন। **বদবখ্ত, বদ্বখত্** *বি* দুর্ভাগ্য; মন্দভাগ্য। ❑ *বিণ* দুর্ভাগা; হতভাগা। **বদবখতি** *বি*১ দুর্ভাগ্য; ভাগ্যহীনতা। ২ দুঃসময়। **বদবু, বদবো** *বি* দুর্গন্ধ; খারাপ গন্ধ। **বদভ্যাস** *বি* খারাপ অভ্যাস। **বদমতলব, বদ্মতলব** *বি* খারাপ উদ্দেশ্য। **বদমাশ, বদমাইশ, বদমায়েশ** *বিণ*১ অসচ্চরিত্র; ইন্দ্রিয়পরায়ণ। ২ দুষ্ট; দুর্বৃত্ত। [আ. তুল. নেকমাইয়েশ—সচ্চরিত্র]। **বদমায়েশি, বদমাইশি** *বি*১ চরিত্রহীনতা; অসচ্চরিত্রতা; ইন্দ্রিয়-সেবা। ২ দুষ্টামি; অপকর্ম। **বদমেজাজ, বদ্মেজাজ** *বি* উগ্র মেজাজ; রুক্ষ স্বভাব। **বদমেজাজি, বদ্মেজাজি** *বি, বিণ* মেজাজ খুব উগ্র; রগচটা; সহজে চটে যায় এমন। **বদরং, বদরঙ** *বি*১ খারাপ রং; ফিকে রং। ২ বিবর্ণ বা বেরং তাস। **বদরক্ত, বদ্রক্ত** *বি*১ দূষিত রক্ত। ২ (আল.) হীনবংশ। **বদরসিক, বদ্রসিক** *বিণ* রসজ্ঞানহীন; তাৎপর্য; তাৎপর্য জানে না বা বুঝতে পারে না এমন। **বদরাগ** *বি* অন্যায় বা অন্যায্য ক্রোধ। **বদরাগী, বদ্রাগী** *বিণ* কোপন-স্বভাব; রগচটা; অল্পতে রেগে যায় এমন। **বদরীতি, বদ্রীতি** *বি* খারাপ নিয়ম; কুরীতি। **বদরুচি, বদ্রুচি** *বি* কুরুচি; নিম্নস্তরের রুচি। ❑ *বিণ* কুরুচিসম্পন্ন; পছন্দসই নয় এমন। **বদরোখা, বদ্রোখা** *বি* কোপনস্বভাব; রুক্ষ মেজাজ। **বদসলা, বদশলা** *বি* কুপরামর্শ। **বদসুরত, বদ্ছুরত** *বিণ* কুৎসিত; বিশ্রী। **বদহজম, বদ্হজম** *বি* পরিপাক ক্রিয়ার গোলমাল।
বদন *বি* ১ মুখ। ২ মুখমণ্ডল; আনন। ৩ মুখগহ্বর। **বদনচন্দ্রমা** *বি* চন্দ্রমুখ; চাঁদের মতো বদন। **বদনমদিরা, বদনামৃত**—*বি* (ব্য.) থুথু।
বদনা, বদনি *বি* নল ও প্রশস্ত মুখবিশিষ্ট জলপাত্রবিশেষ; ধাতু বা মাটির ঘটিবিশেষ। [স.]। **বদনা বিয়ে** *বি* বৃষ্টি আনবার জন্য গীত গান।
বদর[১], **বদরি** *বি* কুলগাছ বা তার ফল। [স.]
বদর[২] *বি* ১ পীরবিশেষ মুসলমান মাঝিমাল্লারা নির্বিঘ্ন জলযাত্রার কামনা করে যাঁর নাম স্মরণ করে। ২ পূর্ণচন্দ্র। [আ. বদ্র]
বদরিকাশ্রম *বি* হিমালয়স্থ হিন্দুতীর্থ। [স. বদরিকা+আশ্রম]
বদরিনাথ *বি* বদরি শৈলের তীর্থপতি দেববিগ্রহ। [স.]
বদল *বি*১ বিনিময়। ২ পরিবর্তন। [আ., স.]। **বদলানো** *ক্রি*১ পরিবর্তন করা। ২ পরিবর্তিত হওয়া। ৩ বিনিময় করা। **বদলাবদলি** *বি* পরস্পর বিনিময়; অদলবদল। **বদলি, বদলী** *বি* ১ বিনিময়; পরিবর্তন। ২ স্থানান্তরে

নিয়োগ; এক কর্মস্থল থেকে অন্য কর্মস্থলে নিয়োগ। ❑*বিণ* ১ প্রতিনিধি। ২ অন্য কর্মস্থানে নিযুক্ত। ৩ অন্যের পরিবর্তে সাময়িকভাবে নিযুক্ত।

ব-দস্তুর *ক্রিবিণ* যথারীতি; যথানিয়ম; নিয়মানুসারে। [ফা.]

বদান্য *বিণ* ১ দানশীল; দাতা; উদার। ২ মধুরভাষী; প্রিয়ভাষী। ৩ সুবক্তা। [স. বদ+আন্য]। **বদান্যতা** *বি*।

বদি, বদী *বিণ* ১ মন্দ; খারাপ; অহিত। ২ মন্দ বা খারাপ কাজ করে এমন; পাপী। [ফা.]। নেকি *বিপ*।

বদৌলত *অব্য* জন্য; কৃপায়। [ফা. ব+আ. দৌলত]। (বদৌলতে—অশুদ্ধ প্রয়োগ)।

বদ্দু *বি* মরুবাসী বেদুইন।

বদ্ধ *বি* বাঁধা; আবদ্ধ; বাঁধানো। ❑*বিণ* ১ রুদ্ধ; বন্ধ। ২ অবরুদ্ধ; গতিহীন (বদ্ধপুকুর, বদ্ধস্রোত)। ৩ বন্দী; আটক (পিঞ্জরাবদ্ধ)। ৪ যুক্ত; একত্রিত। ৫ ন্যস্ত; স্থির। ৬ বিন্যস্ত; একের পর এক সজ্জিত বা স্থাপিত (শ্রেণীবদ্ধ)। ৭ দৃঢ় ও অনমনীয় (বদ্ধ ধারণা)। ৮ নিরেট; সম্পূর্ণ (বদ্ধপাগল)। [স. বদ্ধ>বাধা/ বদ্ধ>বাঁধা]। **বদ্ধকালা** *বিণ* কানে কিছুই শুনতে পায় না এমন। **বদ্ধচিত্ত** *বিণ* চিত্ত কোনো কিছুতে আকৃষ্ট বা স্থির হয়েছে এমন। **বদ্ধজীব** *বিণ* সংসারচক্রে আবদ্ধ; সংসারে অত্যাসক্ত। **বদ্ধদৃষ্টি** *বি* স্থির বা অপলক দৃষ্টি; অনিমেষ লক্ষ্য। ❑*বিণ* স্থির দৃষ্টিসম্পন্ন; অপলক দৃষ্টিতে চেয়ে আছে এমন। **বদ্ধপরিকর** *বিণ* ১ (আল.) কোমর বেঁধেছে এমন। ২ দৃঢ়সংকল্প; কোনো কাজ করার জন্য কোমর বেঁধে লেগেছে এমন। **বদ্ধপাগল** *বিণ* সম্পূর্ণ পাগল। **বদ্ধমুষ্টি** *বিণ* ১ দৃঢ়মুষ্টি; মুষ্টি বদ্ধ করেছে এমন। ২ কৃপণ। **বদ্ধমূল** *বিণ* ১ মূল বা শিকড় মাটিতে দৃঢ়রূপে প্রোথিত আছে এমন। ২ দৃঢ়; অনড় (বদ্ধমূল ধারণা।) **বদ্ধাঞ্জলি** *বিণ* যুক্তকর; হাত জোড় করেছে এমন।

ব-দ্বীপ *বি* নদীর মোহনাস্থিত প্রায় ব-অক্ষরের আকারবিশিষ্ট যে দ্বীপ। [বা. ব+স. দ্বীপ]

বধ *বি* হত্যা; হনন। [স.]। **বধক, বধী** *বিণ* হত্যাকারী; ঘাতক। **বধ্য, বধাই** *বিণ* বধের যোগ্য এমন; হত্যার উপযুক্ত এমন। **বধ্যভূমি, বধস্থলী, বধস্থান** *বি* বধ করবার স্থান।

বধির *বিণ* কালা; শুনতে পায় না এমন। [স. বন্ধ+ইর]। **বধিরতা, বধিরত্ব** *বি*। **বধিরা** *স্ত্রী.*।

বধূ *বি স্ত্রী.* ১ পত্নী; স্ত্রী; বনিতা। ২ নতুন বৌ; কনে; নব বিবাহিতা স্ত্রী; ছেলে বা তৎস্থানীয়ের পত্নী। ৩ কুলবালা (গৃহবধূ)। ৪ মহিলা। [স.]। **বধূজন** *বি স্ত্রী.* ১ বিবাহিতা যুবতী নারী। ২ সধবা নারী। ৩ যুবতী।

বন *বি* অরণ্য; জঙ্গল; কানন; কুঞ্জ; গহন; বিপিন। [স.] **বনজ, বনজাত** *বিণ* বনে জাত বা উৎপন্ন বা উদ্ভূত। **বনজঙ্গল** *বি* ঝোপঝাড়পূর্ণ স্থান। **বনদেবী** *বি স্ত্রী.* বনের অধিষ্ঠাত্রী দেবী। **বনফুল** *বি* বনে জাত ফুল; স্বভাবজাত ফুল। **বনবাদাড়** *বি* ঝোপ-ঝাড়; ক্ষুদ্র বন ও বনসদৃশ ঝোপ। **বনবাস** *বি* ১ অরণ্যে বসবাস। ২ অরণ্যে নির্বাসন। **বনবাসী** *বিণ* অরণ্যে বাস করে এমন। **বনবাসিনী** *স্ত্রী.*। **বনবিড়াল** *বি* যে বিড়াল বনে বাস করে; খাটাশ। **বনবিহারী** *বিণ* অরণ্যে বিচরণ করে এমন। ❑*বি* শ্রীকৃষ্ণ। **বনভোজ, বনভোজন** *বি* চড়ুইভাতি; সঙ্ঘবদ্ধভাবে বনে বা রম্যস্থানে গিয়ে রন্ধন ও প্রীতিভোজন। **বনমল্লিকা** *বি* কাঠমল্লিকা নামক লতা; পুষ্পবিশেষ। **বনমানুষ** *বি* অরণ্যচর নরাকৃতি লাঙ্গুলহীন বানরবিশেষ; গরিলা শিম্পাঞ্জি ইত্যাদি। **বনমালী** *বি, বিণ* বনমালা ধারণকারী। ❑*বি* শ্রীকৃষ্ণ। **বনস্পতি** *বি* ১ যে বৃক্ষে ফুল ধরে না অথচ ফল হয়; অশ্বত্থ বট ইত্যাদি বৃক্ষ। ২ প্রকাণ্ড গাছ; অশ্বত্থ বট প্রভৃতি। **বনীকরণ** *বি* (পরিভাষা) বনে পরিণত করা; বনসৃষ্টি; বনায়ন।

বনতি, বন্‌তি *বি* মনের মিল। তুল. **বনিবনা** (মনের ও মতের মিল)।

বনবন *অব্য* দ্রুত ঘূর্ণনের ভাবপ্রকাশ।

বনা *বি* মনের ও মতের মিল হওয়া। (তুল. পটা)।

বনাত *বি* পশমি কাপড়। [হি.]। **বনাতওয়ালা, বোনাতওয়ালা** *বিণ* রেশমি বস্ত্র পরেছে এমন।

বনানী *বি* বিশাল বন; মহাবন; সুবিস্তৃত অরণ্য। [স. 'অরণ্যানী'র অনুকৃত শব্দ]

বনানো[১] *ক্রি* ১ নির্মাণ করা; প্রস্তুত করা। তুল. বোনা (বয়ন)। ২ রচনা করা। **বনায়ত** (প্রা—বা) *ক্রি* বিন্যাস করে সাজিয়ে দেওয়া। **বনায়ল** (প্রা—বা) *ক্রি* রচনা করলো; সজ্জিত করলো।

বনানো[২] *ক্রি* সদ্ভাব বজায় রাখা; মিল করা; মতে বা চালচলনে খাপ খাওয়ানো। [বা. ণিজন্ত/তুল. বনিবনা]

বনাবনি, বনাবন্তি *বি* মনে-মতে মিলমিশ; সদ্ভাব; বনিবনা। [তুল. হি. বন্‌না]

বনাম *অব্য* ১ বিরুদ্ধে। ২ ওরফে; নামান্তর। [ফা.]

বনিজ, বণিজ *বি* হাট। [স. বণিজ্>]। **বনিজার, বণিজার** *বি* বণিক।

বনিতা, বণিতা *বি স্ত্রী.* ১ স্ত্রী; পত্নী। ২ নারী; ভার্যা। ৩ প্রিয়া; প্রেয়সী। [স. বিনিতা, √বন্ (যাচ্ঞা)+ত]

বনিয়াদ, বুনিয়াদ, বনেদ *বি* ১ ভিত্তি; মূল। ২ উৎপত্তি। [ফা.]। **বনিয়াদি, বুনিয়াদি, বনেদি** *বিণ* ১ সুপ্রতিষ্ঠিত; স্থায়ীভাবে স্থাপিত; বহুকাল যাবৎ প্রতিষ্ঠিত। ২ প্রাচীন ও সম্ভ্রান্ত; প্রাচীন ঐতিহ্যবাহী। ৩ ভিত্তিস্বরূপ। **বনেদিআনা** *বি* ভদ্রতা; সম্ভ্রান্ত লোকের আচরণ। **বনেদিপনা** *বি* বংশগৌরব বা বড়লোকি দেখানো।

বনেট *বি* ইউরোপীয় মহিলা কর্তৃক পরিহিত এক প্রকার টুপি যা চিবুকের নিচে ফিতা দিয়ে আটকানো হয়। [ই.]। **বনেটি** *বি* মশালযুক্ত লম্বালাঠি। [স. বহ্নিযষ্টি>(সরু বাঁশ)]

বনোয়ারি *বি* শ্রীকৃষ্ণ। ❑*বিণ* বনবিহারী; বনে বিচরণকারী। [স. বনবিহারী>]

বনোসা *বি* নীল রঙের ফুলবিশেষ।

-বন্ত *প্রত্যয়* যুক্ত বিশিষ্ট সম্পন্ন ইত্যাদি অর্থসূচক প্রত্যয় (প্রাণবন্ত)। [স.]

বন্দ *বি* ১ দৈর্ঘ্য প্রস্থের সমষ্টির পরিমাণ। ২ খণ্ড; অংশ। [ফা.]

বন্দক, বন্দী[১] *বি, বিণ* বন্দনা করে এমন; বন্দনাকারী; প্রমাণকারী। [স. √বন্দ্ (স্তুতি)+অক]

বন্দনা, বন্দন *বি* ১ স্তব; স্তুতি। ২ প্রমাণ। ৩ পূজা; অর্চনা। [স.]। **বন্দনীয়, বন্দ্য** *বি* বন্দনার উপযুক্ত; প্রণম্য; পূজনীয়। **বন্দনীয়া, বন্দ্যা** *স্ত্রী.*।

বন্দর *বি* সমুদ্র বা নদীর তীরবর্তী স্থান যেখানে জাহাজ বা নৌকা নোঙর করা হয়। [ফা.]

বন্দী[২], **বন্দি** *বি* ১ কয়েদি; কারাগারে আটক অবরুদ্ধ

ব্যক্তি। ২ অবরুদ্ধ; আটক; কারারুদ্ধ। ৩ বদ্ধ। [সং ও ফা.]। **বন্দিনী** *স্ত্রী.*। **বন্দীশালা, বন্দিশালা, বন্দিঘর** *বি* কারাগার; জেল; কয়েদখানা।

বন্দী[৩] (-ন্দিন্) *বিণ* বন্দনাগায়ক বা পাঠক; বন্দনাকারী। [সং]। **বন্দিনী** *স্ত্রী.*।

বন্দুক *বি* যে আগ্নেয়াস্ত্র দ্বারা গুলি ছোঁড়া হয়। [তু.]। **বন্দুকচি, বন্দুকবাজ** *বিণ* বন্দুকচালক; গোলন্দাজ। **বন্দুক মারা** *ক্রি* বন্দুক দিয়ে শিকার করা। **বন্দুকের আওয়াজ** *বি* গুলি ছুঁড়বার আওয়াজ।

বন্দেগি, বন্দেগী *বি* ১ বান্দার আনুগত্য; দাস্যভাব। ২ সশ্রদ্ধ অভিবাদন; সালাম। ৩ বান্দা বা গোলামের কর্ম। ৪ এবাদত; প্রার্থনা। [ফা.]

বন্দে মাতরম *ক্রি* মাতাকে বন্দনা করি। [সং]

বন্দোবস্ত, বন্দবস্ত *বি* ১ ব্যবস্থা। ২ আয়োজন। ৩ শৃঙ্খলা; পরিপাটি। ৪ জমির মালিকানার শর্তাদিসহ ব্যবস্থা; জমির দখল সম্পর্কিত শর্ত; নির্দিষ্ট শর্তে জমির পত্তনি ব্যবস্থা। [ফা.]

বন্দ্য *বিণ* বন্দনীয়; বন্দনার যোগ্য এমন। **বন্দ্যবংশ** *বি* ১ মান্য বা সম্ভ্রান্ত বংশ। ২ বন্দ্যোপাধ্যায় বংশ। [সং √বন্দ্+য]

বন্দ্যোপাধ্যায় *বি* বাঙালি ব্রাহ্মণের পদবি; বাঁড়ুজ্জে। [সং বন্দ্য+উপাধ্যায়]

বন্ধ *বি* ১ বন্ধনী; বাঁধবার উপকরণ। ২ বন্ধন; বাঁধন। ৩ বাধা; রোধ। ৪ সংযোগ। ৫ গ্রন্থন; রচনা। ৬ আবেষ্টন। ৭ ছুটি; অবকাশ। ৮ দৈনিক কাজের অবসান বা সমাপ্তি। ❑ *বিণ* ১ রুদ্ধ। ২ রহিত; আড়ি। ৩ কাজ স্থগিত আছে এমন। ৪ অচল; নিশ্চল; গতিহীন। ৫ বাধাপ্রাপ্ত; বাধাগ্রস্ত। ৬ আটক; বন্দী। [সং]। **বন্ধখানা** *বি* কারাগার।

বন্ধক *বি* ১ ঋণের জামিনস্বরূপ কোনো বস্তু জমা রাখা। ২ ঋণের জামিনস্বরূপ গচ্ছিত বস্তু। [সং √বন্ধ্+অক]। **বন্ধক গ্রহীতা** *বি, বিণ* যে দ্রব্যাদি বন্ধক রেখে ঋণ দেয়। **বন্ধকদাতা** *বি, বিণ* দ্রব্যাদি বন্ধক দিয়ে যে ঋণ গ্রহণ করে। **বন্ধকী** *বিণ* ১ বন্ধকরূপে প্রদত্ত; যে বস্তু বন্ধক রেখে ঋণ গৃহীত হয়। ২ বন্ধক সংক্রান্ত। ❑ *বি স্ত্রী.* যে নারী পরপুরুষের নিকট বন্ধ থাকে; কুলটা।

বন্ধন *বি* ১ বাঁধন; দড়ি দিয়ে বন্ধন। ২ অবরোধ; আটক; কয়েদ। ৩ আবেষ্টন; বদ্ধভাব। ৪ নির্মাণ; গ্রন্থন। ৫ নিয়ন্ত্রণ; সংযম; নিরোধ। ৬ সম্পর্ক স্থাপন; সংযোজন। ৭ ক্ষতাদি বাঁধবার পট্টি। [সং বন্ধ্+অন]। **বন্ধনদশা** *বি* আটক অবস্থা; কয়েদ। **বন্ধনহীন** *বিণ* মুক্ত; স্বাধীন। **বন্ধনাগার** *বি* কারাগার; ফাটক। **বন্ধনালয়** *বি*। [বন্ধন+আলয়]।

বন্ধনী *বি* ১ যে উপকরণ দ্বারা বাঁধা হয়; যা দ্বারা বাঁধা হয়। ২ ব্র্যাকেট; ( ), { }, [ ]—এসব চিহ্ন। [সং]। **বন্ধনীয়** *বিণ* বন্ধনের যোগ্য।

বন্ধান *বি* ১ বন্দোবস্ত; ব্যবস্থা। ২ দেহের গঠন বা বাঁধন। ৩ চেহারা।

-বন্ধী (প্রা-বা) *বিণ* বাঁধা; আবদ্ধ (প্রতিবন্ধী)।

বন্ধু *বি* ১ মিত্র; সখা; সুহৃদ। ২ হিতৈষী; কল্যাণকামী ব্যক্তি। ৩ স্বজন। ৪ প্রণয়ী; প্রিয়জন। [সং √বন্ধ্+উ]। **বন্ধুনী, বান্ধবী** *স্ত্রী.*। **বন্ধুত্ব, বন্ধুতা** *বি*। **বন্ধুয়া** *বি* বন্ধু; প্রণয়ী।

বন্ধুক, বন্ধুজীব, বন্ধুলি *বি* রক্তবর্ণ ফুল বা তার গাছ; বাঁধুলি ফুল বা গাছ।

বন্ধুকবন্ধু *বি* সূর্য। [সং]

বন্ধুর *বিণ* ১ ভূমি বা ক্ষেতের অসমান তলবিশিষ্ট; অসমতল; উঁচুনিচু; এবড়োখেবড়ো। ২ বধির। [সং]। **বন্ধুরতা** *বি*।

বন্ধ্য *বিণ* ১ নিঃসন্তান; সন্তানহীন। ২ ফলহীন; নিষ্ফল। ৩ বন্ধনযোগ্য; বাঁধার উপযোগী এমন। [সং √বন্ধ্+য]। **বন্ধ্যত্ব, বন্ধ্যতা** *বি*। **বন্ধ্যা** *বিণ স্ত্রী.* ১ বাঁঝা; সন্তান হয় না এমন। ২ বন্ধনযোগ্যা। **বন্ধ্যাসুত** *বি* বন্ধ্যার পুত্রসন্তানের মতো মিথ্যা বস্তু; অসম্ভব বস্তু।

বন্য *বিণ* ১ বনজাত; বনে উৎপন্ন; বুনো। ২ বনে বাস করে বা বিচরণ করে এমন। ৩ অসামাজিক; বনে বাস করার যোগ্য; জনসমাজের অনুপযুক্ত। ৪ বনসম্পর্কিত। [সং]। **বন্যবৃত্তি** *বিণ* বন্য ফলমূল খেয়ে বাঁচে এমন। **বন্যা**[১] *স্ত্রী.*।

বন্যা *বি* প্লাবন; বান। [সং বন (জল)+য+আ]

বপন *বি* ১ রোপণ; বোনা। ২ বয়ন।

বপু *বি* দেহ; শরীর; কায়া। [সং বপু]

বপ্তব্য *বিণ* বপনযোগ্য। [সং]

বব *বিণ* নারীর মাথার চুলের বিশেষ ধরনের ছাঁট (ববকাট)। [ই. boob]

বম, ববমবম, বম বম *অব্য* গালবাদ্য ধ্বনি।

বম ভোলানাথ (ধ্বনি) *বি* হিন্দুদেবতা ভোলানাথ; শিব।

বমন *বি* ১ বমি; ন্যক্কার। ২ উদ্‌গিরণ; নিঃসরণ। [সং]। **বমনীয়** *বিণ* বমনের উপযুক্ত; বমনযোগ্য।

বমাল ⟹ বামাল।

বমি *বি* ১ বমন; উদ্‌গিরণ। ২ উদ্‌গীর্ণ বস্তু; বমিত বস্তু। [সং]। **বমিত** *বিণ* উদ্‌গীর্ণ; বমি করে ফেলা হয়েছে এমন। **বমি-বমি ভাব** *বি* বমনেচ্ছা। **গা বমি-বমি করা** *বি* বার বার বমিভাব হওয়া।

বয়[১] *বি* বিক্রয়। [আ. বাইৎ]। **বয়নামা** *বি* বিক্রয়ের দলিল।

বয়[২] *বি* গন্ধ। [ফা. বূ]

বয়[৩] *বি* হোটেল ইত্যাদির ভৃত্য; বালভৃত্য। [ই. boy]

বয়ঃ *বি* ১ বয়স। ২ আয়ু; জীবনকাল। ৩ সাবালকত্ব; যৌবন। [সং]। **বয়ঃক্রম** *বি* বয়স। **বয়ঃপ্রাপ্ত** *বিণ* সাবালক; যৌবনপ্রাপ্ত; প্রাপ্তবয়স্ক। **বয়ঃপ্রাপ্তা** *স্ত্রী.*। **বয়ঃসন্ধি** *বি* শৈশবের শেষ ও যৌবনের আরম্ভ; কৈশোর। **বয়ঃসন্ধিকাল** *বি* বাল্যের শেষ ও যৌবনের আরম্ভকাল। **বয়ঃস্থ, বয়স্থ** *বিণ* ১ বয়ঃপ্রাপ্ত। ২ কিশোর; যুবক। ৩ মধ্যবয়স্ক; মাঝবয়সী; প্রৌঢ়। ৪ প্রবীণ; বৃদ্ধ। **বয়ঃস্থা, বয়স্থা** *বিণ স্ত্রী.* ১ বয়ঃপ্রাপ্তা। ২ যুবতী; বিবাহের উপযুক্তা; সোমত্ত। ৩ পৌঢ়া; মধ্যম বয়সী; মধ্যবয়স্কা। ৪ বৃদ্ধা; প্রবীণা।

বয়কট *বি* ১ বর্জন; পরিহার; ত্যাগ। ২ একঘরে করা। আয়ারল্যান্ডে বয়কট নামক এক ঘৃণ্য প্রশাসককে বর্জন করা থেকে এই শব্দের উদ্ভব। [ই.]। তুল. **মিরজাফরি**।

বয়দা, বয়জা *বি* আণ্ডা; ডিম; ডিম্ব। [আ.]

বয়ন[১] *বি* বোনা (বস্ত্র বয়ন)। [সং বপন]

বয়ন[২], **বয়ান** *বি* মুখ; বদন। [সং বদন>]। **শশিবয়ান** *বিণ* চন্দ্রমুখী; শশিবদনা।

বয়রা, বহেরা, বয়ড়া *বিণ* বধির; কালা। [হি.]। ❑ *বি* বহেরা ফল বা তার গাছ।

বয়লা *বি* বলয়; বালা; কঙ্কণ; করভূষণ বিশেষ।

বয়লার *বি* ১ পানি ফুটিয়ে বাষ্প তৈরির যন্ত্র। ২ সিদ্ধ করবার পাত্র বিশেষ। [ই.]

বয়স, বয়েস *বি*১ বয়ঃক্রম; আয়ুষ্কাল। ২ অধিক বয়ঃক্রম; পরিণত বয়স। ৩ যৌবনপ্রাপ্ত; সাবালকত্ব; বয়ঃপ্রাপ্তি। [স. বয়স]। **বয়সকাল** *বি* সাবালকত্ব; যৌবনকাল; পরিণত বয়স। **বয়সফোড়া, বসফোড়া** *বি* যৌবনকালে মানুষের মুখমণ্ডলে যে ফোড়া ওঠে; বয়োব্রণ। **বয়সী** *বি* বয়সবিশিষ্ট। ❑ *বিণ* ১ সমবয়স্ক। ২ বয়ঃস্থ। **বয়সিনী** *স্ত্রী.*। **বয়সোচিত** *বিণ* বয়সের উপযোগী এমন।

বয়স্ক *বিণ*১ বয়সযুক্ত। ২ সাবালক; বয়ঃপ্রাপ্ত। ৩ অধিক বয়স হয়েছে এমন। [স.]। **বয়স্কা** *স্ত্রী.*।

বয়ান *বি* ১ বর্ণনা; বিবরণ; ভাষ্য। ২ দলিলাদির বিশেষ ভাষা। [আ.]

বয়াম, বয়েম, বৈয়াম *বি* কাচ চীনামাটি ইত্যাদির তৈরি এক প্রকার পাত্র। [পো. boiao]

বয়ার *বি* বন্য মহিষ।

বয়েত[১]**, বওআয়েত** *বি*১ কবিতাংশ; দুই চরণের কবিতা; আরবি ফারসি বা উর্দু কবিতার শ্লোক। ২ বাণী। ৩ গান; জারিগান। [আ. বায়ত]

বয়েত[২] *বি* শিষ্যত্ব গ্রহণ; দীক্ষাগ্রহণ; মুরিদ হওয়া। [আ. বায়'আত]

বয়েল, বৈল *বি* বলদ; ষাঁড়; যে গরু গাড়ি টানে। **বয়েল গাড়ি, বৈল গাড়ি** *বি* গরুর গাড়ি।

বয়োগুণ, বয়োধর্ম *বি* বয়সের স্বাভাবিক গুণ; যৌবনের ধর্ম। [স. বয়ঃ+গুণ)।

বয়োজীর্ণ *বিণ* বহু বছরের বয়সে জীর্ণ বা ক্ষয়প্রাপ্ত। [স.]

বয়োজ্যেষ্ঠ *বিণ* বয়সে বড়; অধিক বয়স্ক।

বয়োবৃদ্ধ *বিণ* ১ বয়সে বড়। ২ বুড়া। **বয়োবৃদ্ধা** *স্ত্রী.*।

বয়োব্রণ *বি* সাধারণত কিশোর বয়সে গালে মুখে যে ব্রণ হয়। [স.]

বর *বি*১ কারো নিকট থেকে প্রার্থনীয় বা লব্ধ বস্তু বা বিষয়। ২ আশীর্বাদ। ৩ বিবাহের পাত্র। ৪ স্বামী। ৫ অনুগ্রহসূচক বা করভঙ্গির দ্বারা প্রদর্শিত অনুগ্রহব্যঞ্জক মুদ্রা। ❑ *বিণ*১ শ্রেষ্ঠ; উৎকৃষ্ট। ২ ঈপ্সিত; অভীষ্ট। ৩ সুন্দর; মনোহর। [স. √বৃ+অ]। **বরকনে, বরবধূ** *বি* বিবাহের পাত্র ও পাত্রী; স্বামী ও স্ত্রী। **বরদা** *বিণ স্ত্রী.* বরদাত্রী। ❑ *বি*১ হিন্দুদেবী সরস্বতী। ২ হিন্দুদেবী দুর্গা। **বরপণ** *বি* বিবাহে কন্যাপক্ষ কর্তৃক বরপক্ষকে দেয় অর্থ। **বরপুত্র** *বি* দেবতার বরে বা আশীর্বাদে উৎপন্ন পুত্র। **বরবর্ণিনী** *বি*১ *স্ত্রী.* সুন্দরী ভার্যা। ২ শ্রেষ্ঠা নারী। **বরমাল্য** *বি* ১ বধূ কর্তৃক বরকে প্রদেয় মালা। ২ বিজয়জ্ঞাপক মালা। **বরের ঘরের মাসি কনের ঘরের পিসি**—বিবদমান উভয় পক্ষের সাথেই যার সম্পর্ক আছে; উভয়পক্ষের সাথেই যে সদ্ভাব বজায় রাখে এবং উভয়কে উভয়ের বিরুদ্ধে উস্কে দেয়। **নিতবর** *বি* বিবাহে বরের বা পাত্রের প্রধান সঙ্গী।

বরই *বি* এক প্রকার টক-মিষ্ট ফল; কুল। [স. বদরিকা> বঅরিয়া>]

বরং *অব্য*১ অপেক্ষাকৃত ভালো বা শ্রেষ্ঠ; যুক্তিসঙ্গত। ২ পক্ষান্তরে; তার বদলে। [স.]

বরকত *বি* ১ প্রতুলতা; প্রাচুর্য; শ্রীবৃদ্ধি। ২ সৌভাগ্য। ৩ কল্যাণকর শক্তি। [আ. বরকৎ]

বরকন্দাজ *বি*১ বন্দুকধারী সিপাই বা রক্ষী। ২ দেহরক্ষী। [আ. বরক (অস্ত্র)+ফা. অন্দায (ধারী)]। **বরকন্দাজি, বরকন্দাজী** *বি*১ বন্দুকধারী সিপাহির বৃত্তি; গুলি ছোঁড়ার কাজ। ২ দেহরক্ষীর পেশা বা কাজ।

বরখাস্ত *বি* ১ কর্মচ্যুত; ছাঁটাই; বরতরফ। ২ ভঙ্গ; ছুটি। ৩ অপগত; দূরীভূত; অতীত। **বরখাস্ত করা** *ক্রি* চাকরি বা দায়িত্ব থেকে অপসারণ করা; ছাড়িয়ে দেওয়া। **বরখাস্ত হওয়া** *ক্রি* কর্মচ্যুত হওয়া। **বরখাস্তি** *বিণ* কাজের অযোগ্য বলে পরিত্যক্ত বা অপসারিত। [বা. বরখাস্ত+ঈ]

বরখেলাপ, বরখিলাফ *বি*১ অন্যথা; ব্যতিক্রম; প্রতিকূল আচরণ। ২ পূর্বাপর বিরুদ্ধ। [ফা. বর+খেলাফ]

বরগা[১] *বি* ছাদের নিচে কড়ির উপরিস্থিত কাঠ বা লোহা যা ছাদের ভার রক্ষা করে। [পো. verga>হি. বরগা]। তুল. **কড়ি বরগা**। **বরগা গোনা** *ক্রি*১ ছাদের দিকে চেয়ে বৃথা সময় নষ্ট করা। ২ (আল.) আশায় বৃথা প্রতীক্ষা করা।

বরজ *বি* ছাউনি দেওয়া ও ঘেরাও করা পানের ক্ষেত। [আ. বুর্জ]

বরঞ্চ *অব্য* বরং; তুলনায় অপেক্ষাকৃত যথার্থ বুঝাবার জন্য ব্যবহৃত। [স. বরম্+চ]

বরণ *বি*১ সসম্মানে নিয়োগ; সাদরে গ্রহণ; সম্মানের সাথে অভ্যর্থনা। ২ দেবতা বর প্রভৃতিকে নানা উপকরণে অর্চনা বা অভ্যর্থনা। ৩ মহৎ উদ্দেশ্যে কোনো কষ্ট স্বেচ্ছায় স্বীকার বা ভোগ। ৪ প্রার্থনা। ৫ মনোনয়ন; নির্বাচন। [স. √বৃ+অন]। **বরণডালা** *বি* বরণের উপকরণে সজ্জিত ডালা।

বরণীয় *বিণ* ১ বরণের উপযুক্ত; বরণযোগ্য। ২ যাচ্ঞার যোগ্য; প্রার্থনীয়।

বরতন, বর্তন *বিণ* থালা; পাত্র; বাসন; প্লেট। [হি., ফা.]

বরদার *বি* ১ বাহক; বহনকারী। ২ পালক; হুকুম তামিলকারী; ভৃত্য; চাকর। ৩ বরদার। [ফা. বহরদার>]

বরদাশ্ত, বরদাস্ত *বি*১ সহ্যকরণ। ২ সহ্য। ৩ সহিষ্ণুতা। [ফা. বরদাশ্ত]। **বরদাশ্ত করা** *ক্রি* সহ্য করা।

বরনারী *বি স্ত্রী.* ১ শ্রেষ্ঠ রমণী। ২ অতি সুন্দরী নারী। [স. বর+নারী]

বরফ *বি*১ তুষার। ২ জমাট-বাঁধা হিমশীতল পানির খণ্ড। [ফা. বর্ফ]

বরফি *বি* ছানা ক্ষীর ইত্যাদি দ্বারা প্রস্তুত চতুষ্কোণ মিঠাই। [হি.]

বরবটি, বরবটী *বি* শিমজাতীয় কলাই বিশেষ; মহামাষ। [স. বর্বটী]

বরবাদ *বিণ*১ নষ্ট; বিধ্বস্ত; উৎপন্ন। ২ বিকল; নিরর্থক। ❑ *বি* অতিবাহিত; অব্যয়িত। [ফা.]

বরষাত *বি* বৃষ্টিধারা। **বরষাতি, বর্ষাতি** *বি* ১ ছাতা। ২ বৃষ্টির জল নিরোধক আলখাল্লা জাতীয় কোট; রেন-কোট। ৩ বর্ষাকালীন ফসল; বর্ষাকালে উৎপন্ন শস্যাদি ও ফলমূল।

বরহক *বি* সত্য। [ফা. বর+আ. হক্ক]

বরা *ক্রি* বরণ করা; বিবাহ করা।

বরাঙ্গ *বি*১ শ্রেষ্ঠ অবয়ব; সুন্দর দেহ। ২ মস্তক। ৩ উপস্থ গুহ্যদেশ। ❑ *বিণ* উত্তমাঙ্গবিশিষ্ট। [স. বর+অঙ্গ]

বরাঙ্গনা *বি স্ত্রী.* সুন্দরী বা শ্রেষ্ঠ রমণী; উত্তম স্ত্রী। [স. বরা+অঙ্গনা]

বরাত[১] *বি* ১ বরযাত্রীদল; বিবাহের মিছিল। ২ দায়িত্ব; কার্যভার; বরাতি দায়িত্ব প্রদায়ক; প্রতিনিধিত্ব দাতা। [স. আ.]। **বরাতি**[১]**, বরাতী** *বি* বরযাত্রী।

বরাত[২] *বি* ১ কপাল; ভাগ্য; অদৃষ্ট। ২ কর্মভার; দায়িত্ব; অন্যের উপর দায়িত্ব অর্পণ; উৎস; আকর; তথ্যের উৎস/পঞ্জি। ৩ প্রয়োজন। [আ. বরাৎ] । **বরাতগুণে** *ক্রিবিণ* ভাগ্যবলে; কপালের জোরে। **বরাতিয়া, বরাতে** *বিণ* ভাগ্যবান। **বরাতি**[২] *বি* যাকে দায়িত্ব দেওয়া হয়েছে; প্রতিনিধিত্বদানকারী। ◻ *বিণ* ১ ভার বা দায়িত্ব অপরকে দেওয়া হয়েছে এমন। ২ প্রয়োজনীয়। [আ.]

বরাতি[৩] *বি* সংবাদবাহক দূত।

বরাদ্দ *বিণ* নির্ধারিত; নির্দিষ্ট। ◻ *বি* ১ নির্ধারিত পরিমাণ অর্থ। ২ নির্ধারণ বা নির্ধারিত অবস্থা। [ফা. বরাবর্দ]

বরানুগমন *বি* বিবাহের বরের সাথে কনের গৃহে গমন। [স.]। **বরানুগামী** *বিণ*।

বরাবর *ক্রিবিণ* ১ সকল সময়ে; প্রতিবারে; চিরদিন; সর্বদা। ২ সোজা; একটানা। ৩ নিকটে; দিকে; সম্মুখে। ◻ *বিণ* সমান; তুল্য। [ফা. বরাবর]। **বরাবরি** *অব্য* ১ সন্নিধানে; নিকটে। ২ সম্মুখে; আগে। ◻ *বি* প্রতিযোগিতা; প্রতিদ্বন্দ্বিতা।

বরাবরেষু *ক্রিবিণ* সমীপে; উদ্দেশ্যে; নিকটে—বাংলা পত্রলিখনে ব্যবহৃত। [ফা.]

বরাভয় *বি* ১ আশীর্বাদসহ আশ্বাস বা অভয়দান। ২ আশীর্বাদ ও আশ্বাসসূচক করভঙ্গি বা মুদ্রা। [স. বর+অভয়]

বরাসন *বি* ১ শ্রেষ্ঠ সুন্দর বা সম্মানজনক আসন। ২ বিবাহের মজলিসে বরের জন্য নির্দিষ্ট আসন। [স. বর+আসন]

বরাহ *বি* ১ শূকর। ২ পুরাণ মতে বিষ্ণুর তৃতীয় অবতার। [স. বর+আ+√হন্+অ]

বরিষ, বরিষা *বি* ১ বর্ষাকাল। ২ বর্ষা। ◻ *ক্রি* বর্ষণ করা। [বর্ষ>বরিষ/বর্ষা>বরিষ]

বরুণ *বি* সমুদ্রের অধিপতি; জলের দেবতা; প্রচেতঃ। [স. √বৃ+উন]

বরেণ্য *বিণ* ১ বরণীয়; মান্য। ২ শ্রেষ্ঠ; উৎকৃষ্ট। ৩ প্রার্থনীয়; অভীষ্ট। [স. √বৃ+এণ্য]

বরেন্দ্র, বরেন্দ্রভূমি *বি* ১ প্রাচীন গৌড় নামক অঞ্চল; উত্তরবঙ্গ; বর্তমান রাজশাহী অঞ্চল। ২ প্রধান রাজা; শ্রেষ্ঠতম ব্যক্তি। [স. বর+ইন্দ্র]

বর্গ *বি* ১ জাতি; দল। ২ সমূহ; গণ। ৩ (ব্যা.) স্পর্শবর্ণের পাঁচটি শ্রেণীর প্রত্যেকটি। ৪ (গ.) একই রাশি দুইবার গুণ করার ফল। ৫ গ্রন্থের পরিচ্ছেদ। ৬ বর্জন। ৭ ধর্মশাস্ত্রস্থ ধর্ম অর্থ কাম মোক্ষ। [স. √বৃজ্+অ]। **বর্গক্ষেত্র** *বি* যে চতুষ্কোণ ক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ সমান। **বর্গমূল** *বি* (গ.) যে রাশি নিজ দ্বারা গুণিত হয়ে একটি নির্দিষ্ট রাশি উৎপন্ন করে। **বর্গীয়, বর্গ** *বিণ* বর্গসংক্রান্ত। **বর্গীয়বর্ণ** *বি* (ব্যা.) স্পর্শবর্ণ; ক থেকে ম পর্যন্ত পঁচিশটি বর্ণ।

বর্গা[১] *বি* বরগা[১]।

বর্গা[২], **বরগা**[২] *বি* ভাগে ফসল উৎপাদনের জমি; ঐরূপ জমির বন্দোবস্ত; যে ব্যবস্থায় জমির মালিক ফসলের নির্দিষ্ট ভাগ পেয়ে চাষিকে জমি চাষ করতে দেয়। **বর্গাদার, বর্গাইত, বরগাদার** *বি* যে ব্যক্তি পরের জমি ভাগে চাষ করে; ভাগচাষি। **বর্গা দেওয়া** *ক্রি* ফসলের অর্ধেক ভাগ পেয়ে জমির মালিক কর্তৃক চাষিকে জমি চাষ করতে দেওয়া। **বর্গাভাগ** *বি* অর্ধেক ভাগের চুক্তিতে প্রদত্ত জমির ফসলের অংশ। **বর্গি**[১] *বি* জমির মালিকপক্ষ।

বর্গি[২] *বি* ১ লুণ্ঠনপ্রিয় মহারাষ্ট্রীয় সৈন্যদল। ২ জমির মালিকপক্ষ। **বর্গিরাজ, বর্গীরাজ** *বি* শিবাজি। **বর্গির হাঙ্গামা** *বি* মারাঠা লুণ্ঠনকারী সৈন্যদের দ্বারা তৎকালীন বঙ্গে যে ব্যাপক লুঠতরাজ হয় সেই গোলযোগ। ভিন্ন রাজ্যে ব্যুজস্বে চৌথ ¼ নামে ভাগ বসায় বলেই মারাঠা সৈন্যবাহিনীর দস্যুরা বর্গি (বর্গা আদায়কারী) নামে খ্যাত।

বর্জক *বিণ* বর্জনকারী। [স. √বৃজ্+অক]

বর্জন *বি* ত্যাগ; পরিহার। [স.]। **বর্জনীয়, বর্জ্য** *বিণ* ত্যাজ্য; ত্যাগযোগ্য; বর্জনের উপযুক্ত। **বর্জিত** *বিণ* ১ পরিত্যক্ত; বর্জন করা হয়েছে এমন। ২ বিরহিত; শূন্য; বিহীন।

বর্জাইস *বি* ছাপার ক্ষুদ্র অক্ষর বা টাইপ। [ই.]

বর্ডার *বি* ১ পাড় বস্ত্র ইত্যাদির প্রান্ত। ২ প্রান্তদেশ। [ই.]

বর্ণ, বরন *বি* ১ রং। ২ অক্ষর। ৩ জাতি। ৪ (জ্যো-শা) রাশি অনুসারে জাতকের শ্রেণীভেদ। [স.]। **বর্ণগুরু** *বি* ব্রাহ্মণ। **বর্ণচোরা** *বিণ* ১ পাকলেও বর্ণের পরিবর্তন হয় না এমন (বর্ণচোরা আম)। ২ (আল.) বাইরে দেখে ভিতরে বোঝা অসম্ভব এমন। ৩ (আল.) নিজের আসল পরিচয় গোপন করে এমন। **বর্ণজ্ঞান** *বি* অক্ষর পরিচয়। **বর্ণজ্ঞানহীন** *বিণ* অক্ষরের সঙ্গে পরিচয় নেই এমন; নিরক্ষর। **বর্ণবিশ্লেষণ** *বি* শব্দের বর্ণগুলোকে পৃথকভাবে দেখানো। **বর্ণমালা** *বি* ভাষায় প্রযুক্ত বর্ণসমূহ। **বর্ণসঙ্কর** *বিণ* ১ ভিন্ন বর্ণ বা জাতির মাতাপিতা থেকে উৎপন্ন। ২ দো-আঁশলা। **বর্ণসঙ্করতা, বর্ণসঙ্করত্ব বর্ণসাঙ্কর্য** *বি*। **বর্ণহীন** *বিণ* বিবর্ণ; রংশূন্য। **বর্ণাঢ্য** *বিণ* ১ বর্ণে সমৃদ্ধ। ২ জমকালো (বর্ণাঢ্য অনুষ্ঠান)। **বর্ণানুক্রম** *বিণ* বর্ণ পরম্পরাগত। **বর্ণানুক্রমে** *ক্রিবিণ* বর্ণমালার পরম্পরা অনুসারে। **বর্ণাশ্রম** *বি* ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য সূত্র—এই চার বর্ণের শ্রেণীবিন্যাস। **বর্ণাশ্রম ধর্ম** *বি* ব্রহ্মচর্য গার্হস্থ্য বানপ্রস্থ ও সন্ন্যাস—এ চার আশ্রমে পালনীয় নিয়ম।

বর্ণনা, বর্ণন *বি* ১ বিবরণ; বিবৃতি। ২ ব্যাখ্যা। ৩ গুণ ও দোষ-কথন। ৪ রংলাগানো। ৫ বিন্যাস। [স.]। **বর্ণনাকুশল** *বিণ* বর্ণনা করতে নিপুণ বা দক্ষ। **বর্ণনাতীত** *বিণ* ১ বর্ণনার দ্বারা বোঝানো যায় না এমন। ২ অনির্বচনীয়। **বর্ণনাপত্র** *বি* লিখিত বক্তব্য বা জবাব-সম্বলিত দলিল বা কাগজপত্র। **বর্ণনীয়** *বিণ* ১ বর্ণনার উপযুক্ত; বর্ণনা করা যায় এমন। ২ বর্ণনা করতে হবে এমন। **বর্ণিত** *বিণ* ১ বিবৃত; বর্ণনা করা হয়েছে এমন। ২ রঞ্জিত। **অবর্ণনীয়** *বিপ.*।

বর্ণালি, বর্ণালী *বি,বিণ* তেকোনা কাচের ভিতর দিয়ে আলোকরশ্মি নির্গত হলে রংধনুর ন্যায় নানা রঙের যে সমাবেশ দেখা যায়। ◻ *বিণ* জাঁকালো (বর্ণালি অনুষ্ঠান)। [স. বর্ণ+বা. আলি/আলী]

বর্ণিক *বি* চিত্রকর; বর্ণশিল্পী।

বর্তক *বি* ভারুই পাখি; ভাটই; quail। [স.]

বর্তমান *বি* উপস্থিতি; উপস্থিত কাল; যে কাল এখন চলছে। ◻ *বিণ* ১ এখনকার; আধুনিক কালের; উপস্থিত কালের। ২ বিদ্যমান; জীবিত; বাঁচা। ৩ উপস্থিত। [স. √বৃত্+শানচ (=মান)]

বর্তা, বর্তানো, বর্তান *ক্রি* ১ উত্তরাধিকার সূত্রে বা অন্য কোনো সূত্রে প্রাপ্ত হওয়া। ২ বিদ্যমান থাকা; বর্তমান থাকা। ৩ রক্ষা পাওয়া; বাঁচা; কৃতার্থ হওয়া। ◻ *বি* উক্ত সকল অর্থে। [স. √বৃত্+বা. আ. আনো]। **বর্তে থাকা** *ক্রি* বেঁচে থাকা। **বেঁচে-বর্তে থাকা** *ক্রি* কোনো প্রকারে বেঁচে থাকা।

বর্তি, বর্তিক, বর্তিকা *বি*১ বাতি; দীপ; প্রদীপ। ২ প্রদীপের সলিতা। ৩ তুলি। [স. √বৃত্‌+ই/ক+আ]
বর্তী (–র্তিন্) *বিণ*১ স্থিতিশীল আছে এমন; বিদ্যমান। ২ নিকটবর্তী; পরবর্তী; সম্মুখবর্তী। [স.]
বর্তুল *বিণ* গোলাকার; বৃত্ত সদৃশ। ☐ *বি* ১ গোলক; গোলাকার বস্তু। ২ বাঁটুল। [স.]
বর্ত্ম *বি* ১ পথ; রাস্তা। ২ আচার। ৩ (আল.) উপায়। [স. √বৃত্‌+মন্]
বর্ধক *বি, বিণ* যা বাড়ায়; বর্ধনকারী; বৃদ্ধিকর।
বর্ধন *বি* বৃদ্ধি; উপচয়; উন্নতি; বৃদ্ধিপ্রাপ্তি। ☐ *বিণ* ১ বৃদ্ধিকরণ। ২ বৃদ্ধিকর; বৃদ্ধিকারক। [স. √বৃধ্‌+অন]। **বর্ধমান** *বি* ১ ভারতের পশ্চিমবঙ্গের একটি জেলা ও নগর। ২ জৈন তীর্থঙ্কর মহাবীর। ☐ *বিণ* বৃদ্ধিশীল; বর্ধিষ্ণু; বাড়ছে এমন। **বর্ধিত** *বিণ* বৃদ্ধিপ্রাপ্ত; বাড়ানো হয়েছে এমন। **বর্ধিষ্ণু** *বি* বৃদ্ধশীল; অভ্যুদয়শীল; উন্নতিশীল।
বর্বর *বি* অসভ্য জাতি। [স.] ☐ *বিণ*১ অসভ্য; অমার্জিত; অশিষ্ট। ২ পাশবিক; পশুত্বব্যঞ্জক; নিষ্ঠুর। **বর্বরতা** *বি*।
বর্ম *বি* অস্ত্রাদির আঘাত; প্রতিরোধক; দেহাবরণ; সাঁজোয়া; কবচ; তনুত্রাণ। [স. √বৃ+মন]। **বর্মিত, বর্মী** (–র্মিন্) *বিণ* বর্মপরিহিত; বর্মধারী; বর্মাবৃত; কবচধারী।
বর্মা[১], **বার্মা** *বি* ব্রহ্মদেশ; বর্তমান মায়ানমার। ☐ *বিণ* ব্রহ্মদেশীয়। **বর্মি** *বি* ব্রহ্মদেশের অধিবাসী বা ভাষা। ☐ *বিণ* ব্রহ্মদেশীয়; ব্রহ্মদেশজাত; Burmese।
বর্মা[২] *বি* ক্ষত্রিয় সম্প্রদায়ের পদবিসমূহের একটি।
বর্শা, বরশা *বি* সড়কি; বল্লম; যে দণ্ডের একপ্রান্তে লাটাই থাকে।
বর্ষ, বরষ *বি* ১ বৎসর; বছর। ২ বর্ষণ; বারিপাত; বৃষ্টি। ৩ পুরাণোক্ত জম্বু দ্বীপ বা এশিয়ার ভারত কুরু রম্যক হিরন্ময় কেতুমান হরি ইলাবৃত কিম্পুরুষ ভদ্রার্থ নামক নয়টি ভূভাগ। [স.]। **বর্ষকাল** *বি* এক বৎসর। **বর্ষজীবী** *বি* যে উদ্ভিদ মাত্র এক বছর জীবিত থাকে। ☐ *বিণ* মাত্র এক বছর জীবিত থাকে এমন। **বর্ষপর্বত** *বি* পুরাণোক্ত এশিয়ার মেরু হিমবান হেমকূট শ্বেত নীল নিষধ ও শৃঙ্গবান নামক সপ্ত পর্বত। **বর্ষবরণ** *বি* নববর্ষের আগমনে মঙ্গলাচরণ; নতুন বছরকে অভ্যর্থনা বা আবাহন। **বর্ষভোগ্য** *বিণ* এক বৎসর মেয়াদে ভোগ করা যায় এমন।
বর্ষণ, বরিষন *বি* ১ বৃষ্টিপাত। ২ বৃষ্টি। ৩ উপর থেকে ছড়ানো; ধারার আকারে নিচে ফেলা। ৪ প্রচুর নিক্ষেপ বা দান। [স. √বৃষ্‌+অন]। **বর্ষণস্নাত** *বিণ* বৃষ্টিসিক্ত বা ভেজা (বর্ষণস্নাত বিকেল)।
বর্ষা, বরষা *বি* ১ বৃষ্টিপাতের কাল; যে ঋতুতে প্রচুর বৃষ্টি হয়। ২ বৃষ্টিপাত। ☐ *ক্রি* বর্ষণ করা। [স. √বৃষ্‌+অ+আ; বর্ষা>বরষা]। **বর্ষাকাল** *বি* বর্ষাঋতু; আষাঢ় ও শ্রাবণ মাস। **বর্ষাতি** *বি* ১ বৃষ্টির পানি থেকে দেহ রক্ষার জন্য আলখাল্লা জাতীয় বড় জামা বা কোটবিশেষ। ২ ছাতা। **বর্ষানো** *ক্রি* ১ বর্ষণ করা। ২ বর্ষণ করানো। **বর্ষাপ্লাবিত** *বিণ* বৃষ্টি বা বর্ষার পানিতে মগ্ন। **বর্ষাবাদল** *বি* বৃষ্টি ও বাদল। **বর্ষা–বিধৌত** *বিণ* বৃষ্টিধোয়া। **বর্ষাস্নাত** *বিণ* বর্ষা বা বৃষ্টির পানিবিধৌত। **বর্ষিত** *বিণ* বৃষ্টিরূপে বা অজস্র ধারায় পতিত।
বর্ষীয়ান *বিণ* ১ অতিশয় বৃদ্ধ। ২ বৃদ্ধতর; অপেক্ষাকৃত বৃদ্ধ। ৩ সকলের জ্যেষ্ঠ। [স. √বৃদ্ধ+ঈয়স্]। **বর্ষীয়সী** *স্ত্রী.*।

বল[১] *বি* ১ শক্তি; সামর্থ্য; ক্ষমতা। ২ সৈন্য। ৩ সহায়। ৪ রাজা ও বড়ে ভিন্ন দাবা খেলার অন্যান্য ঘুঁটি। ৫ বলরাম। [স. √বল্‌+অ]। **বলকর, বলকারক** *বিণ* শক্তিবর্ধক। **বল করা** *ক্রি* জোর করা; শক্তি প্রকাশ করা। **বলদ**[১] *বি* বলদায়ক; শক্তিদাতা। **বলদৃপ্ত, বলদর্পিত, বলগর্বিত** *বিণ*১ ক্ষমতাগর্বিত। ২ শক্তিমত্ত। **বলপূর্বক** *ক্রিবিণ* জোর করে; জবরদস্তি করে; সবলে। **বলবৎ** *বিণ* ১ বলশালী; শক্তিযুক্ত; প্রবলপরাক্রান্ত। ২ বহাল; প্রচলিত; কার্যকর। **বলবত্তা** *বি* শক্তিশালিতা; শক্তিমত্তা। **বলবন্ত** *বিণ* ১ বলবান। ২ বলবৎ। **বলবর্ধন** *বি* শক্তিবৃদ্ধি। ☐ *বিণ* শক্তিবৃদ্ধিকর; বলবৃদ্ধিকারক।। **বলবান** *বিণ* শক্তিশালী; ক্ষমতাবান। **বলবিদ্যা** (পদার্থবিদ্যা) *বি* পদার্থের কর্মশক্তিবিষয়ক বিদ্যা। **বলবিন্যাস** *বি* ব্যূহ রচনা; যুদ্ধার্থে সেনা স্থাপন। **বলশালী** *বিণ* শক্তিমান; বলবান। **বলশালিতা** *বি*। **বলশালিনী** *স্ত্রী.*। **বলসঞ্চালন** *বি* সৈন্য চালনা। **বলহীন** *বিণ* দুর্বল; নিঃশক্ত।
বল[২] *বি* ১ খেলবার গোলক বা ভাঁটা; ক্রীড়াকন্দুকবিশেষ। ২ পাশ্চাত্য দেশে প্রচলিত নাচ বিশেষের মজলিস। [ই]। **বলনাচ** *বি* পাশ্চাত্যের নাচবিশেষ; যাতে নারী–পুরুষ এক সঙ্গে নাচে।
বলক *বি* জ্বালে বসানো দুধ ইত্যাদির উথলানো বা ফেঁপে ওঠা। [হি. বলক্‌না]। **বলকা** *বিণ* বলক উঠেছে এমন; বলকযুক্ত। **এক বলকা দুধ** *বি* মাত্র একবার ফুটে ওটা দুধ।
বলদ[২] *বি* ১ ষাঁড়; বৃষ; যে ষাঁড়ের মুষ্ক ছিন্ন করা হয়েছে। ২ দামড়া; যে গরু হাল বা গাড়ি টানে। ৩ (আল.) নির্বোধ; আহম্মক। [স. বলীবর্দ>]।
বলদেব, বলভদ্র, বলরাম *বি*১ কৃষ্ণের জ্যেষ্ঠ ও বৈমাত্র ভ্রাতা; হলধর; হলায়ুধ। ২ (হিন্দুপুরাণ মতে) বিষ্ণুর অষ্টম অবতার। [স.]
বলন[১] *বি* কথন; ভাষণ; কথা বলা।
বলন[২] *বি* বৃদ্ধি; পুষ্টি; সুডৌল।
বলভি, বলভী *বি*১ ঘরের ছাদ বা চাল। ২ ছাদের উপরস্থ গৃহ; চিলে কুঠরি। ৩ গৃহচূড়া। ৪ ছাদ বা চালের পাড়। [স.]
বলয় *বি*১ বালা; কঙ্কণ; করভূষণ বিশেষ। ২ মণ্ডল। [স.] **বলয়া** *বিণ* বলয়ের আকৃতিবিশিষ্ট। **বলয়িত** *বিণ* ১ বলয়যুক্ত বা বিশিষ্ট। ২ বেষ্টিত; পরিবৃত; বলয়াকারে বেষ্টিত। ৩ বলয়াকৃতি।
বলশেভিক, বলসেভিক *বি* ১৯১৭ সালের রুশবিপ্লবে নেতৃত্ব দানকারী রাজনৈতিক দল; রুশ কমিউনিস্ট পার্টি, রুশদেশের প্রাচীন শাসনব্যবস্থার উচ্ছেদ করে যারা সাম্যতন্ত্র প্রতিষ্ঠা করেছিল। **বলশেভিকবাদ** *বি* বলশেভিকদের নীতি বা দর্শন। তুল. **ম্যানশেভিক**।
বলা[১] *বি* ১ কথন। ২ উল্লেখকরণ। ৩ বর্ণন। ৪ জ্ঞাপন। ☐ *বিণ* কথিত; পূর্বে বর্ণিত। ☐ *ক্রি* ১ কহা। ২ বিবৃত বা বর্ণনা করা। ৩ উল্লেখ করা। ৪ সম্মতি বা অনুমতি দেওয়া। ৫ জ্ঞাপন করা। ৬ বিচার বা বিবেচনা করে দেখা। ৭ উপদেশ বা পরামর্শ দেওয়া। ৮ আদেশ বা অনুরোধ। ৯ প্রকাশ বা ব্যক্ত করা। ১০ ডাকা; নিমন্ত্রণ করা; আহ্বান করা। ১১ লজ্জা দেওয়া; তিরস্কার করা; নিন্দা করা। ১২ অনুমতি বা সম্মতি লওয়া। [স. √বদ্>প্রা, বোল্ল]। **বলতে কি**— সত্য বলতে হলে। **বলা কওয়া** *বি* ১ কথোপকথন। ২

বিশেষ করে বলন বা অনুরোধ বুঝানো। ৩ বোঝা-পড়া। ৪ জ্ঞাপন। **বলো কি?** বিস্ময় প্রকাশক উক্তি। **বলানো** *বিণ* উক্ত অর্থে। ❑ *ক্রি* অন্যকে দিয়ে কহানো। **বলাবলি** *বি* ১ পরস্পর আলাপ-আলোচনা। ২ কথোপকথন। ৩ ক্রমাগত অনুরোধ।

বলা[২] *ক্রি* বৃদ্ধি পাওয়া। [স. বৃদ্ধি>]। **বলানো** *ক্রি* বাড়ানো।

বলাই *বি* বলরাম।

বলাক *বি* ক্ষুদ্র বকবিশেষ; কোঁচ বক। [স.]। **বলাকা** *বি স্ত্রী.* ১ স্ত্রী-বক। ২ বলাকের শ্রেণী।

বলাৎকার *বি* ১ ধর্ষণ; বলপূর্বক নারীর সতীত্ব হরণ। ২ শক্তিপ্রয়োগ; জোরকরণ। ৩ অত্যাচার; জুলুম; জবরদস্তিমূলক আচরণ। [স. বলাৎ+√কৃ+অ]। **বলাৎকৃত** *বিণ* ১ ধর্ষিত। ২ বলপ্রয়োগে কাবু করা হয়েছে এমন। **বলাৎকৃতা** *স্ত্রী.*।

বলাধিক্য *বি* বলের আধিক্য; শক্তির প্রাচুর্য। [স. বল+আধিক্য]

বলাবল *বি* ক্ষমতা ও অক্ষমতা; সামর্থ্য ও অসামর্থ্য। [স. বল+অবল]

বলাহক *বি* ১ মেঘ। ২ পর্বত। [স.]

বলি[১] *বি* ১ যজ্ঞাদিতে নিবেদনযোগ্য বস্তু; পূজার সামগ্রী। ২ যজ্ঞাদিতে প্রাণী হত্যা বা বধ্য প্রাণী। ৩ উৎসর্গ; ত্যাগ; বিসর্জন। ৪ ভূতযজ্ঞ; ইতর জীবকে খাদ্যদান। [স. √বল্+ই]। **বলিদান** *বি* ১ দেবতার উদ্দেশ্যে বলি অর্পণ; দেবোদ্দেশে পশুবধ। ২ মহৎ কাজে উৎসর্গ। **বলিপুষ্ট** *বি* কাক। **বলিভুক** *বি* কাক চড়াই ইত্যাদি পাখি যা ফেলে দেওয়া খাদ্য খায়।

বলি[২], **বলী** *বি* ১ মাংসের বা চর্মের কুঞ্চনজাত রেখা। ২ বার্ধক্যের ফলে গাত্রচর্মের শিথিলতা। ৩ মলদ্বারে অর্শরোগহেতু মাংস-গুটিকা। [স.]। **বলিত** *বিণ* ১ বলিরেখাযুক্ত; কুঞ্চিত মাংসযুক্ত। ২ শিথিল; লোল।

বলিয়ে, বলিয়ে-কহিয়ে *বিণ* সুবক্তা; বাকপটু; বাগ্মী।

বলিষ্ঠ *বিণ* অত্যন্ত বলযুক্ত; শক্তিমান; সবল। [স.]

বলিহারি *বিণ* চমৎকার। ❑ *অব্য* বাহবা; সাবাস। ❑ *ক্রিবিণ* মোহিত হয়ে।

বলী *বি* শক্তি বা পরাক্রমশালী লোক; বীর পুরুষ। [স. বল+ইন]। ❑ *বিণ* বলশালী; শক্তিশালী; বীর।

বলীন্দ্র *বিণ* বীরশ্রেষ্ঠ; সর্বাপেক্ষা অধিক শক্তিশালী। [স.]। **বলীয়সী** *স্ত্রী.*।

বলীবর্দ *বি* বলদ; ষাঁড়; বৃষ। [স.]

বলীয়ান *বিণ* অত্যন্ত বলবান বা শক্তিশালী। [স.]। **বলীয়সী** *স্ত্রী.*।

বলে[১] *অব্য* ১ শক্তিতে। ২ হিসেবে; রূপে। ৩ অছিলায়; অজুহাতে।

বলে[২], **বলিয়া** *অব্য* ১ সেজন্য; তজ্জন্য; সে কারণে; সেহেতু। ২ শীঘ্র; দ্রুত; এখনই; এক্ষণি। **বলে আসা** *ক্রি* ১ অনুমতি নিয়ে আসা। ২ সংবাদ দিয়ে আসা। **বলে রাখা** *ক্রি* পূর্ব থেকে জ্ঞাত করানো বা অনুমতি নেওয়া।

বলৌকা *বি* বন্য জন্তুবিশেষ।

বল্কল, বল্ক *বি* বাকল; গাছের ছাল। [স.]

বল্কা, বল্‌কা *বি* বলক; দুধ ইত্যাদি তরল পদার্থের জ্বাল দেবার সময়ে ফেঁপে ওঠার ভাব।

বল্গা, বল্‌গা *বি* লাগাম; কোনো কিছুর গতি নিয়ন্ত্রণের জন্য ব্যবহৃত রশি বা তত্তুল্য বস্তুবিশেষ। [স.]। **বল্গা হরিণ** *বি* তুষারাবৃত দেশে পরিবহনের কাজে ব্যবহৃত হরিণ বিশেষ।

বল্মীক *বি* ১ উই ঢিপি। ২ উই। [স.]

বল্লভ *বি* ১ স্বামী; পতি। ২ প্রিয়; প্রণয়ী। ৩ পুত্রবৎ প্রিয়। [স.]। **বল্লভা** *স্ত্রী.*।

বল্লম *বি* বর্শা; শূল; কোঁচ; ভল্ল। [স. ভল্ল]

বল্লরী, বল্লরি *বি* ১ মুকুল; মঞ্জরী; বোল। ২ লতা; ব্রততী। [স.]

বল্লা *বি* বোলতা। **বল্লার চাক** *বি* বোলতার বাসা। [আঞ্চলিক, স. বরট>]

বল্লালী *বি* বঙ্গাধিপতি বল্লাল সেন প্রবর্তিত বা কৃত। ❑ *বিণ* বল্লাল সেন প্রবর্তিত কৌলীন্য প্রথা।

বল্লি, বল্লী *বি* লতা। [স.]। **বল্লিতনু, বল্লীতনু** *বিণ* লতার ন্যায় অঙ্গ এমন; ক্ষীণাঙ্গী; তন্বী। **বল্লিবিতান, বল্লী-বিতান** *বি* লতামণ্ডপ; লতাপাতায় আচ্ছাদিত স্থান।

বশ *বিণ* ১ অধীন; শাসনের অন্তর্গত; আয়ত্ত। ২ আজ্ঞাধীন; আদেশের অধীন; বশীভূত; অনুগত। ৩ মোহিত; মুগ্ধ। ৪ অধীনতা; অন্যের ইচ্ছা অনুযায়ী চলা; ইচ্ছানুবর্তিতা; আনুগত্য। ৫ কর্তৃত্ব; অধিকার; প্রভাব; শক্তি। [স.]। **বশত** *অব্য* প্রযুক্ত; হেতু; নিমিত্ত; কারণে। **বশবর্তী** *বিণ* অধীন; অনুগত; বশতাপন্ন। **বশবর্তিনী** *স্ত্রী.*। **বশবর্তিতা** *বি*।

বশংবদ *বিণ* বশবর্তী; অনুগত; অধীন। [স. বশ(ম্)+√বদ+অ]

বশ্য *বিণ* ১ বশ করবার উপযুক্ত; বশীভূত করা যায় এমন। ২ বশবর্তী। **বশ্যা** *স্ত্রী.*।

বস[১], **বাস, ব্যস** *অব্য* ১ কারণসূচক; যথেষ্ট হয়েছে আর দরকার নেই এই ভাব। ২ শেষ হয়েছে; এই শেষ আর নয়। ৩ অমনি; যেই মাত্র। [ফা.]

বস[২] *বি* ১ উপরওয়ালা। ২ মনিব। ❑ *বিণ* ১ তত্ত্বাবধায়ক। [ই.]

বসতবাটি, বসতবাড়ি *বি* যে বাড়িতে বাস করা হয়।

বসতি *বি* ১ বাসস্থান; আবাস; লোকালয়। ২ বাস; নিবাস; অবস্থান। [স. √বস্+অতি]

বসন *বি* ১ বস্ত্র; কাপড়। ২ পরিধানের কাপড়; পরিধেয় বস্ত্র; বাস। [স.]। **বসনাঞ্চল** *বি* কাপড়ের আঁচল। [স. বসন+অঞ্চল]

বসন্ত *বি* ১ শীতের পরবর্তী ঋতু; ফাল্গুন ও চৈত্রমাস; মধুমাস; ঋতুরাজ। ২ সংক্রামক রোগবিশেষ; গুটিকা বা মসূরিকা রোগ; small-pox। ৩ (সং) একটি রাগের নাম। [স.]। **বসন্ততিলক** *বি* সংস্কৃত ছন্দবিশেষ। **বসন্তদূত** *বি* কোকিল। **বসন্ত-পঞ্চমী** *বি* শ্রীপঞ্চমী; মাঘ মাসের শুক্লপক্ষের পঞ্চমী তিথি। **বসন্তবাউরি** *বি* 'বউ কথা কও' পাখি। **বসন্তসখা** *বি* ১ মদন; হিন্দুমতে কামদেব। ২ কোকিল। **বসন্তের কোকিল** *বি* (আল.) সুদিনের বন্ধু। **বসন্তোৎসব** *বি* ১ প্রাচীন ভারতে প্রচলিত হিন্দুদের মদনোৎসব। ২ হোলি; দোলযাত্রা। [স. বসন্ত+উৎসব]

বসন্তী *বি* ফিকা হরিদ্রাবর্ণ।

বসবাস *বি* স্থায়ীভাবে বাস; স্থায়ী বসতি; সর্বদা বাস। [হি.]

বসরাই *বিণ* ইরাকের প্রসিদ্ধ শহর বসরায় জাত

(বসরাই গোলাপ)।
বসা[১] *বি* ১ চর্বি; মেদ। ২ মজ্জা। [স.]
বসা[২] *ক্রি* ১ উপবেশন করা। ২ স্থাপিত বা প্রতিষ্ঠিত হওয়া। ৩ সক্রিয় হওয়া; কাজ শুরু হওয়া। ৪ নিবিষ্ট হওয়া (পড়ায় মন বসছে না)। ৫ প্রতীক্ষা করা; অপেক্ষা করা। ৬ ভিতরে ঢোকা; প্রবিষ্ট হওয়া। ৭ অঙ্কিত বা বিদ্ধ হওয়া (জামায় তেলের দাগ বসেছে)। ৮ জমাট বাঁধা; জমে যাওয়া (বুকে সর্দি বসেছে)। ৯ খাপ খাওয়া; মাপসই হওয়া। ১০ নেবে যাওয়া (বৃষ্টির দরুন ঘরের মেঝে বসে গেছে)। ১১ শুষ্ক বা রুগ্ন হওয়া; চুপসানো। ১২ কণ্ঠস্বর ভগ্ন হওয়া; অবরুদ্ধ হওয়া। ১৩ তলায় জমা; থিতানো। ১৪ বাস স্থাপন করা (ভাড়াটে বসা)। ১৫ কোনো কাজে প্রবৃত্ত হওয়া। ১৬ হঠাৎ কোনো কিছু করা। ১৭ উপক্রম বা সম্ভাবনা হওয়া (মরতে বসেছে)। ১৮ দমে যাওয়া; হতোদ্যম হওয়া। ❑ *বি* উক্ত সকল অর্থে। ❑ *বিণ* ১ উক্ত সকল অর্থে। ২ বেকার; কর্মহীন। ৩ থেবড়া (বসা নাক)। [স. বস্]। **বসতে পেলে শুতে চায়**—একটু প্রশ্রয় পেলে আবদার বেড়ে যায়। **বসে থাকা** *ক্রি* ১ অপেক্ষা বা প্রতীক্ষা করা। ২ বেকার থাকা। **বসে বসে** *ক্রি* বহুক্ষণ যাবৎ উপবিষ্ট থেকে বা অপেক্ষা করে। **বসে বসে খাওয়া** *ক্রি* ১ কাজের অভাব বা আলস্যবশত পুঁজি ভেঙে খাওয়া। ২ অন্যের গলগ্রহ হয়ে উদরপূর্তি করা। **বসে যাওয়া** *ক্রি* ১ হতাশ হওয়া; ভগ্নোদ্যম হওয়া। ২ ক্ষতিগ্রস্ত হওয়া; সর্বনাশ হওয়া (ব্যবসায়ে বসে পড়া)। ৩ নাকাল হওয়া; নেমে যাওয়া। ৪ চেপে যাওয়া; বিলীন বা আত্মগোপন করা (সর্দি বসে যাওয়া)। **যেতে বসা** *ক্রি* ১ ধ্বংস হওয়ার উপক্রম হওয়া। ২ মরণাপন্ন অবস্থায় উপনীত হওয়া।
বসানো *ক্রি* ১ উপবেশিত করা; উপবিষ্ট করানো। ২ স্থাপন করা। ৩ লাগানো। ৪ বেঁধানো; করানো (কামড় দিয়ে দাঁত বসানো)। ৫ বাস করানো (বাড়িতে ভাড়াটে বসিয়েছে)। ৬ দমিয়ে দেওয়া; হতোদ্যম করা। ৭ চাপানো; পড়ানো। ৮ জমানো। ❑ *বি* উক্ত সকল অর্থে। ❑ *বিণ* উক্ত সকল অর্থে। **বসিয়ে দেওয়া** *ক্রি* ১ নিরুৎসাহ করা; দমিয়ে দেওয়া। ২ সর্বনাশ করা।
বসু *বি* ১ (হিন্দু পুরাণোক্ত) অষ্ট গণদেবতাবিশেষ; (মহাভারতোক্ত) গঙ্গার আটপুত্র। ২ ধন; অর্থ; ঐশ্বর্য। ৩ কিরণ; রশ্মি। ৪ বাঙালি কায়স্থের উপাধিবিশেষ। [স.]। **বসুদেব** *বি* ১ ধনাধিপতি কুবের। ২ কৃষ্ণের পিতা। **বসুধরা** *বি* ১ হিন্দুদের বিবাহ ইত্যাদি অনুষ্ঠানে দেয়ালে ঘি ঢেলে যে পাঁচ বা সাতটি ধারা দেওয়া হয়। ২ ধনপ্রবাহ। **বসুধা, বসুন্ধরা, বসুমতী** *বি স্ত্রী.* পৃথিবী; ধরা; ধরণী। **বসুন্ধর** *বি* কুবেরের অনুচর। **অষ্টবসু** *বি* অষ্ট গণদেবতা—ভব ধ্রুব সোম বিষ্ণু অনিল অনল প্রত্যুষ প্রভব।
বস্তা *বি* ১ বড় থলে; ছালা; বোরা। ২ গাঁট শক্ত করে বাঁধা বস্তা। ৩ ঝোলা; প্রচুর পরিমাণে বোঝাই। [ফা.]। **বস্তাপচা** *বিণ* ১ বহুদিন বস্তায় থাকার ফলে নষ্ট। ২ বহু পুরনো; বাজে ও নীরস। **বস্তাবন্দী** *বিণ* গাঁট-বাঁধা; বস্তায় আবদ্ধ।
বস্তি, বস্তী *বি* ১ লোকালয়; জনপদ; পল্লী। ২ শহরে দরিদ্রের অপরিচ্ছন্ন ও ঘন বিন্যস্ত কুটির-শ্রেণী; দরিদ্র পাড়া। [স. √বস্+অতি=বসতি>]
বস্তু *বি* ১ জিনিস; পদার্থ। ২ সার; উত্তম উপাদান। ৩ সত্য; যথার্থ। ৪ যা ঘটে থাকে বা দেখা যায়। [স.]। **বস্তুত, বস্তুতঃ** *অব্য* বাস্তবিকপক্ষে; যথার্থত; সত্যই; প্রকৃতপক্ষে। **বস্তুতত্ত্ব** *বি* ১ বস্তুসম্পর্কীয় বিদ্যা বা জ্ঞান। ২ ঈশ্বরই সারবস্তু এই জ্ঞান। **বস্তুতন্ত্র** *বি* বাস্তবতাকে বা প্রত্যক্ষ বস্তুকে প্রাধান্য দেওয়া হয় যাতে। **বস্তুতান্ত্রিক, বস্তুতন্ত্রী, বস্তুতন্ত্রীয়** *বিণ*। **বস্তুবিচার** *বি* বস্তুর বিচার পরীক্ষা। **বস্তুমান** *বি* বস্তু পরিমাণের এক হিসাব। **বস্তুসংক্ষেপ** *বি* ১ কোনো কিছুর সংক্ষিপ্ত রূপ। ২ সারমর্ম; substance।
বস্ত্র *বি* ১ কাপড়। ২ পরিধেয় কাপড়; বসন। ৩ আচ্ছাদন। [স.]
বস্ত্রহরণ *বি* ১ পরনের কাপড় জোর করে কেড়ে নিয়ে নগ্নকরণ। ২ শ্রীকৃষ্ণের লীলাবিশেষ (বস্ত্রহরণ পালা)। [স.]
বহ *বি* ১ বহনকারী; বাহক (বার্তাবহ)। ২ যাতে চড়ে যাওয়া যায়; বাহন; যান। ৩ পথ; রাস্তা। ৪ বায়ু; বাতাস। [স. √বহ্+অ]। ❑ *বিণ* প্রতিপালনকারী; বাধ্য (আজ্ঞাবহ)। **বহা** *বি স্ত্রী.* নদী; তটিনী (স্রোতোবহা)।
বহত (ব্রজ.) *ক্রি* ১ বহে। ২ বইছে। [হি.]। **বহতা** *বিণ* প্রবাহমান; বয়ে যাচ্ছে এমন।
বহন *বি* ১ নিয়ে যাওয়া। ২ ধারণ; মস্তক পৃষ্ঠ স্কন্ধ ইত্যাদিতে ধারণ। ৩ সহন; সহ্যকরণ। ৪ দায়িত্ব; নির্বাহকরণ; বয়ে যাওয়া। [স. √বহ্+অন]। **বহনীয়** *বিণ* ১ বহনের উপযুক্ত; বহনযোগ্য। ২ ধারণযোগ্য।
বহমান *বিণ* ১ প্রবহমান; প্রবাহিত হচ্ছে এমন। ২ বহন করছে এমন। ৩ বহতা। [স. √বহ্+আন (মান)]
বহর *বি* ১ রণপোতশ্রেণী; fleet (সপ্তম নৌবহর)। ২ প্রসার; প্রস্থ; বিস্তার। ৩ ঘটা; জাঁকজমক; বাহার। [আ.]। ৪ জলযানসমূহ; নৌকাশ্রেণী; জাহাজসমূহ; পোতশ্রেণী (নৌবহর)।
বহরি *বি* বাজপাখি।
বহস *বি* তর্ক; আলোচনা। [হি.]
বহা, বওয়া *ক্রি* ১ বহন করা। ২ প্রবাহিত হওয়া। ৩ সহ্য করা। ৪ ধারণ করা। ৫ অতিবাহিত হওয়া; অতিক্রান্ত হওয়া। ৬ কর্মক্ষম থাকা; চালু থাকা; তাচ্ছিল্যভাব প্রকাশ (না আসলো তো বয়েই গেলো)। **বয়ে যাওয়া** *ক্রি* ১ ক্ষতি হওয়া। ২ নষ্ট হয়ে যাওয়া (ছেলেটা বয়ে গেছে)। **বহানো, বওয়ানো** *বি, বিণ* উক্ত সকল অর্থে। ❑ *ক্রি* ১ প্রবাহিত করা। ২ বহন করানো।
বহাল *বি* সুস্থ; অটুট। [আ.]। ❑ *বিণ* ১ নিযুক্ত। ২ স্থায়ী (চাকুরিতে বহাল)। **বহাল-তবিয়ত** *বি* ১ সুস্থ শরীর; অটুট স্বাস্থ্য। ২ নির্বিঘ্ন জীবন যাপন (বহাল-তবিয়তে থাকা)।
বহিঃ *অব্য* বাহির। [স.]
বহিত্র *বি* ১ নৌকা; জলযান; পোত (বহিত্র ভ্রমণ)। ২ বৈঠা। ৩ দাঁড়। [স.]
বহিন *বি স্ত্রী.* ভগিনী; সহোদরা; বোন। [স. ভগিনী> বহিন]। **বহিন-ঝি** *বি স্ত্রী.* ভগ্নী-কন্যা। **বহিন-পো** *বি* ভগ্নীর পুত্র।
বহিরঙ্গ *বিণ* বাহ্য; বাইরের। অনাত্মীয়; আত্মীয়তাশূন্য। ❑ *বি* বাইরের অঙ্গ। [স. বহিঃ+অঙ্গ]।
বহিরাগত *বিণ* ১ বাহির থেকে আগত। ২ বাহির বা বিদেশ থেকে আগত। ৩ প্রকাশিত। [স. বহিঃ+আগত]। **বহিরাগমন** *বি* বাইরে আসা; প্রকাশমান হওয়া; প্রকাশিত

হওয়া। [স. বহিঃ+আগমন]

বহিরাবরণ *বি* ১ বাহ্য আবরণ; খোলস। ২ দেহ ঢাকবার আচ্ছাদন। ৩ পোশাক। [স. বহিঃ+আবরণ]

বহির্গত *বিণ* ১ বাইরে আছে বা বের হয়েছে এমন। ২ নির্গত। ৩ উদ্‌গত। [স.]। **বহির্গতা** *স্ত্রী.*।

বহির্গমন *বি* বাইরে যাওয়া; নির্গমন। [স. বহিঃ+গমন]

বহির্জগৎ *বি* ১ বাইরের জগৎ; দৃশ্যমান জগৎ। ২ জড়জগৎ। [স. বহিঃ+জগৎ]

বহির্দেশ *বি* বাইরের দিক; বাইরের অংশ। [স. বহিঃ+দেশ]

বহির্দ্বার *বি* তোরণ; ফটক; সদর দরজা। [স. বহিঃ+দ্বার]

বহির্বাটী *বি* বৈঠকখানা; বাহির বাড়ি। [স. বহিঃ+বাটী]

বহির্বাণিজ্য *বি* ভিন্ন দেশের বা বিদেশের সাথে বাণিজ্য। [স. বহিঃ+বাণিজ্য]

বহির্বাস *বি* ১ সন্ন্যাসী বৈষ্ণবরা কৌপীনের উপর যে বস্ত্র পরিধান করে। ২ উত্তরীয় বস্ত্র। [স. বহিঃ+বাস]

বহির্বিশ্ব *বি* ১ (জো-বি) পৃথিবীর বায়ুমণ্ডলের বাইরের জগৎ, outer space। ২ (আল.) বিশ্বের অন্যান্য দেশ।

বহির্ভূত *বিণ* ১ বহির্গত। ২ বাইরে অবস্থিত; বহিঃস্থ। [স. বহিঃ+ভূত]

বহির্মুখ *বিণ* ১ বাইরের দিকে মুখ করে আছে এমন। ২ বাহ্যবিষয়ে আসক্ত; বিষয়াসক্ত। ৩ বিমুখ; পরাঙ্‌মুখ। [স. বহিঃ+মুখ]। **বহির্মুখা, বহির্মুখী** *স্ত্রী.*।

বহিশুল্ক, বহিঃশুল্ক *বি* পণ্য আমদানি-রপ্তানির উপরে যে শুল্ক ধার্য করা হয়; customs duty। [স.]

বহিষ্করণ, বহিষ্কার *বি* ১ দূরীকরণ; বিতাড়ন; বর্জন। ২ নির্বাসন। ৩ আবিষ্কার। [স. বহিঃ+করণ, কার]। ❑ *বিণ* নিষ্কাশন; বের করে দেওয়া।

বহিষ্কৃত *বিণ* ১ বের করে দেওয়া হয়েছে এমন; বিতাড়িত। ২ দূরীকৃত। [স. বহিঃ+কৃত]

বহিষ্ক্রান্ত *বিণ* ১ বের হয়ে গিয়েছে এমন। ২ বিদেশে নিষ্ক্রান্ত বা নির্বাসিত। [স. বহিঃ+ক্রান্ত]

বহিস্থ, বহিঃস্থ, বহিঃস্থিত *বিণ* বাহ্য; বাইরে আছে এমন। [স. বহিঃস্থ, বহিঃস্থিত]

বহু[১] *বিণ* ১ অনেক; প্রচুর; অধিক; বেশি; যথেষ্ট। ২ নানা; নানাবিধ; বিবিধ। ৩ মহা; প্রকাণ্ড; বিশাল। ৪ দীর্ঘ। ৫ একের অধিক; একাধিক। ৬ অতি; খুব; অতিশয়; অত্যন্ত। [স. বংহ্+উ]। **বহুকেলে** *বিণ* বহুকালের; প্রাচীন; সেকেলে। **বহুজ্ঞ** *বিণ* ১ বহুবিষয়বিদ; অনেক বিষয় জানে এমন। ২ বহুদর্শী। ৩ অভিজ্ঞ; জ্ঞানী। **বহুত** *বিণ* অনেক; বিস্তর; প্রভূত। **বহুত** *ক্রিবিণ* অনেক প্রকারে। **বহুতর** *বিণ* ১ আরও বেশি। ২ বহু; অনেক; প্রচুর। ৩ অত্যধিক; অত্যন্ত। ৪ বহুপ্রকার; বিবিধ। **বহুতা, বহুত্ব** *বি* আধিক্য। **বহুত্বক** *বিণ* বহু স্তরবিশিষ্ট। **বহুত্র** *অব্য* বহু স্থলে; অনেক স্থানে; অনেক ক্ষেত্রে। **বহুদর্শী**(-শিন্) *বিণ* ১ বিচক্ষণ; অভিজ্ঞ; অনেক কিছু দেখেছে এমন। ২ অনেক কিছু সম্পর্কে অভিজ্ঞ। ৩ দূরদর্শী। **বহুদর্শিতা** *বি*। **বহুদর্শিনী** *বিণ স্ত্রী.*। **বহুদূর** *বি* অনেক দূর; বহু ব্যবধান। ❑ *বিণ* ১ অনেক দূর অবস্থিত। ২ যথেষ্ট বা অত্যন্ত দীর্ঘ। **বহুদোষ** *বি* অনেক দোষ; বহু দোষযুক্ত। **বহুধা** *অব্য* অনেক প্রকারে; বিভিন্ন দিকে; বহু ভাগে। **বহুধার** *বিণ* অনেক ধারাবিশিষ্ট। **বহুপত্নীক** *বিণ* একাধিক বা অনেক পত্নী আছে এমন; অনেক বিবাহ করেছে এমন। **বহুপর্ণী** *বি* ছাতিম গাছ। **বহুপুত্রবতী** *বিণ* বহু পুত্রের মাতা। **বহুপুষ্প** *বি* নিমগাছ। ❑ *বিণ* বহু পুষ্পযুক্ত। **বহুপ্রজ** *বি* শূকর। ❑ *বিণ* অনেক সন্তান হয় এমন। **বহুপ্রসবিনী** *বিণ স্ত্রী.* অনেক সন্তানের জন্মদান করেছে এমন; অনেক সন্তান হয়েছে এমন। **বহুবচন** *বি* (ব্যা.) একের অধিক ব্যক্তি বস্তু বা বিষয়বাচক শব্দ। **বহুবল** *বি* যার প্রচুর শক্তি বা সৈন্য আছে। **বহুবল্লভ** *বি* ১ বহু রমণী বা নায়িকার প্রিয়। ২ শ্রীকৃষ্ণ। **বহুবল্লভা** *বি স্ত্রী.*। **বহুবিদ, বহুবিৎ** *বিণ* অনেক বিষয়ে জানে এমন। **বহুবিধ** *বিণ* অনেক রকম; নানা প্রকার। **বহুবিবাহ** *বি* একাধিক পত্নী গ্রহণ। **বহুবিস্তীর্ণ** *বি* দূর পর্যন্ত প্রসারিত। **বহুবীজ** *বি* যে ফলে অনেক বীজ থাকে। **বহুবেত্তা** *বিণ* ১ বহুবিদ। ২ অনেক বিষয়ে জানে এমন; বহুদর্শী। ৩ অভিজ্ঞ। **বহুব্রীহি** *বি* ১ বহুশস্যবিশিষ্ট। ২ (ব্যা.) সমাস বিশেষ—যে সমাসে দুই বা বহুপদ দ্বারা সমাস হয়ে সমাসঘটিত পদগুলোকে না বুঝিয়ে অন্য কোনো পদ বা বস্তুকে বুঝায়। **বহুভঙ্গিম** *বিণ* বহু প্রকার অভিব্যক্তি আছে এমন। **বহুভাগ, বহুভাগ্য** *বিণ* ১ অতিশয় ভাগ্যবান। ২ অত্যন্ত সদয় বা অনুকূল অদৃষ্ট। **বহুভাগী** *স্ত্রী.*। **বহুভাষী**(-ষিন্) *বিণ* ১ অনেক ভাষাবিদ; বহু ভাষাভিজ্ঞ; বিভিন্ন ভাষায় কথা বলে এমন। ২ বেশি কথা বলে এমন; বাচাল। **বহুভাষিণী** *স্ত্রী.*। **বহুভুজ** *বিণ* ১ বহু বাহুবিশিষ্ট। ২ (জ্যা.) চারটির বেশি বাহু আছে যে ক্ষেত্রের; polygon। **বহুভোজী** *বিণ* যে প্রচুর খায়। **বহুমঞ্জরি** *বি* তুলসী; যে গাছে বহু মুকুল হয়। **বহুমাত্রিক** *বিণ* বহু ব্যঞ্জনা বা তাৎপর্য সম্পন্ন। **বহুমার্গ** *বিণ* অনেক পথওয়ালা; অনেক পথযুক্ত। **বহুমুখ, বহুমুখী** *বিণ* ১ অনেক মুখযুক্ত। ২ যার নানাদিকে মুখ বা প্রবণতা। ৩ বিভিন্ন বিষয়ে দক্ষতা। **বহুমূত্র** *বি* রোগ বিশেষ; যে রোগে বার বার প্রস্রাব হয় ও প্রস্রাবের সঙ্গে শর্করা নির্গত হয়। **বহুরন্ধ্র** *বি* অনেক ছিদ্রবিশিষ্ট। **বহুরাশিক** *বিণ* অনেক রাশিযুক্ত। **বহুরূপ** *বি* নানান রকম; বিভিন্ন প্রকার; নানারূপ। **বহুরূপী** *বি* কাঁকলাস; গিরগিটি। ❑ *বিণ* নানা রূপ ধারণ করে এমন; বহু রূপে সেজে লোকের চিত্ত বিনোদন করে এমন। **বহুশ** *অব্য* ১ অনেকবার। ২ নানাভাবে। **বহুশত্রু** *বি* চড়ুই পাখি। ❑ *বিণ* অনেক শত্রু বিশিষ্ট। **বহুশাখ** *বিণ* অনেক ডালযুক্ত। **বহুশিখ** *বিণ* অনেক শিখাবিশিষ্ট। **বহুশ্রুত** *বিণ* অনেকবার বেদ ও শাস্ত্রাদি শ্রবণ করেছেন এমন; সুপণ্ডিত। **বহুসন্ততি** *বি* বেউড় বাঁশ। ❑ *বিণ* অনেক সন্তানযুক্ত। **বহুস্বামিক** *বি* যার অনেক প্রভু বা মালিক।

বহু[২] (প্রা-বা) *বি* বধূ। [স. বধূ>বহু]

বহুড়ি, বহুড়ী *বি* বালিকা বা যুবতী বধূ; বউড়ি। [স. বধূটী>]

বহুত, বহুৎ *বিণ* ১ অনেক; প্রচুর। ২ অনেক ভালো। [হি.]

বহুল *বিণ* অনেক; প্রচুর; পর্যাপ্ত। [স. √বংহ্+উল]। **বহুলতা, বহুলত্ব, বাহুল্য** *বিণ*।

বহেড়া, বয়ড়া *বি* আয়ুর্বেদশাস্ত্রে ঔষধরূপে ব্যবহৃত কষায় স্বাদবিশিষ্ট ফল। [স. বিভীতক>প্রা. বহেড়অ]

বহ্নি *বি* ১ অগ্নি; আগুন। ২ যজ্ঞাগ্নি। ৩ জঠরাগ্নি। [স.]। **বহ্নিকোণ** *বি* অগ্নিকোণ। **বহ্নিগর্ভ** *বি* বাঁশ। **বহ্নিজ্বালা** *বি* ১ অগ্নিশিখা; আগুনের আঁচ বা তাপ। ২ (আল.) হৃদয়ের জ্বালা; মনের যন্ত্রণা। **বহ্নি-সংস্কার** *বি* মৃতদেহ

দাহ; শবদাহ।
বহ্বাড়ম্বর *বি* অত্যন্ত ঘটা ও জাঁকজমক।[স. বহু+আড়ম্বর]
বহ্বারম্ভ *বি* ১ বহু আড়ম্বরযুক্ত আরম্ভ।[স. বহু+আরম্ভ]। **বহ্বারম্ভে লঘুক্রিয়া**—বহু সমারোহে আরম্ভ করা কাজের ফল অত্যন্ত সামান্য।
বা[১] *অব্য* ১ বিকল্প; অথবা। ২ পাদপূরণে। ৩ আরও। ৪ সম্ভাবনাসূচক; সন্দেহবাচক। ৫ প্রশ্নবাচক। ৬ সন্দেহস্থলে নিশ্চয়ার্থজ্ঞাপক। ৭ বিস্ময় বিরক্তি ইত্যাদি জ্ঞাপক (বা রে! তামাশা!)। ৮ বেশ; চমৎকার। [স. ব+ক্বিপ্]
বা[২], **বাঃ** *অব্য* বিস্ময় ও আপত্তিসূচক; আশ্চর্য ও অসম্মতিজ্ঞাপক (বাঃ তা কি হয় ?)।
বাআদাব আদব বা সম্মানের সাথে। [আ.]
বাই[১] *বি* রোগবিশেষ; বায়ুরোগ। ❑ *বিণ* ১ বাতিক; ছিট; পাগলামি। ২ প্রবল শখ; প্রচণ্ড ঝোঁক; নেশা; প্রবল আসক্তি। [স. বায়ু>]
বাই[২], **বাঈ** *বি* সম্ভ্রান্ত মহিলার নামের শেষে সম্মানসূচক শব্দ—মহারাষ্ট্র, গুজরাট, রাজপুতনা প্রভৃতি অঞ্চলে ব্যবহৃত (লক্ষ্মী বাঈ)। ২ পেশাদার গায়িকা; নর্তকী।
বাইচ, বাইছ *বি* প্রতিযোগিতামূলক নৌকাচালনা। [স. বহিত্র>]
বাইজি *বি* পেশাদার সম্ভ্রান্ত বা উচ্চশ্রেণীর নর্তকী।
বাইতি *বি* হিন্দুসমাজের ঢোল-বাদক জাতি।[স. বাদিত্রিন্]
বাইন[১] *বি* ১ রস জ্বাল দেবার বৃহৎ চুল্লি বা স্থান। ২ ভিয়ান; জ্বাল দিয়ে প্রস্তুতকরণ।
বাইন[২] *বি* সর্পাকৃতি মাছবিশেষ; বান বা বাইন মাছ।
বাইন[৩] *বি* চাষবাস; বীজবপন; ধারা।
বাইবেল *বি* খ্রিস্টানদের সর্বপ্রধান ধর্মগ্রন্থ। [ই.]
বাইল *বি* ১ তাল নারকেল প্রভৃতির শাখা। ২ কপাটের একদিকের পাল্লা বা বাহু। ৩ বৃক্ষবিশেষ।
বাইশ *বি,বিণ* দুই অধিক বিংশতি; ২২। [স. দ্বাবিংশ>]। **বাইশে, বাইশা** *বি* মাসের বাইশ তারিখ।
বাইস[১], **বাস** *বি* ক্ষুদ্র কোদালের মতো ছুতারের একটি অস্ত্র। [স. বাসি>]
বাইস[২] *বি* পাকসাঁড়াশি; কোনো বস্তু এঁটে ধরবার জন্য ব্যবহৃত এক প্রকার যন্ত্র। [ই. vice]। **বাইসম্যান** *বি* পাকসাঁড়াশি ব্যবহারকারী শ্রমিক।
বাউকুড়ানি *বি* ছোট আকারের ঘূর্ণিবায়ু।
বাউটি, বাউটী *বি* বলয়জাতীয় অলঙ্কার।[স. বাহুত্রাণ>]।
বাউণ্ডুলে *বিণ* ১ ছন্নছাড়া; ভবঘুরে; পথে পথে ঘুরে বেড়ায় এমন। ২ ছলনা; প্রহসন; মিথ্যা। **বাউণ্ডুলেপনা, বাউণ্ডুলিপনা** *বি* ছন্নছাড়ার ভাব; খারাপ কাজে মেতে থাকা।
বাউনি *বি* ১ লক্ষ্মীকে গৃহে অচলা করবার পৌষ-পার্বণ বিশেষ। ২ যাতে ভর করে লাউ লতাদি উঠতে পারে এমন ডালপাতা বা কাঠি।
বাউরা *বিণ* ১ পাগল; ক্ষ্যাপা; উদাসীন। ২ বাতুল; অভিলাষী। [হি./স. বজ্রীকূল>বাউল]
বাউরি, বাউরী *বি* ১ হিন্দু জাতিবিশেষ। ২ মাতাল; দুরন্ত। [স. বাতুল>বাউল; বাউর+বা. ই/ঈ]
বাউল *বি* ১ ধর্ম বা সাধক সম্প্রদায়বিশেষ; একটি গায়ক সম্প্রদায়। ২ সঙ্গীতের সুরবিশেষ। ৩ পাগল; ক্ষ্যাপা। [স. বৌদ্ধ যোগীতান্ত্রিক বজ্রীকূল>বজ্জীউল>বাজুল> বাউল; স. বাতুল>]
বাউলি, বাউলী *বি* ১ জনশূন্য স্থান। ২ রন্ধনের হাড়ি ধরবার বেড়ি। **বাউলি দিয়ে আসা** *ক্রি* ঘুরে আসা; ছলছুতা করে ঘুরে আসা। **বাউলিমারা** *ক্রি* চালাকির সঙ্গে বা ফাঁকি দিয়ে এড়িয়ে যাওয়া।
বাউস *বি* রুই জাতীয় মৎসবিশেষ—রং কালচে বলে কালো বা কালি বাউস নামেও পরিচিত।
বাও *বি* ১ বাতাস; বায়ু। ২ ভূত প্রেতাদি অপদেবতার প্রভাব। ৩ দূষিত গ্রন্থিস্ফীতিবিশেষ; বাগি। [স. বায়ু>]
বাওটা *বি* নৌকাদির পাল।
বাওড়ি *বিণ* উপাসী; উদ্‌ভ্রান্ত।
বাওয়া *বিণ* ভ্রূণশূন্য; বাঁকা; শাবক উৎপাদনে অসমর্থ (বাওয়া ডিম)। [আঞ্চলিক]
বাংলা[১], **বাঙলা, বাঙ্গালা** *বি* ১ বঙ্গদেশ। ২ বঙ্গভাষা। ❑ *বিণ* বঙ্গভাষায় লিখিত। [ফা. বঙ্গালহ্>]
বাংলা[২] ⟹ বাংলো[১]।
বাংলাদেশ *বি* ১ ব্রিটিশ ভারতের পূর্ববঙ্গ বা সাবেক পূর্ব পাকিস্তান, যা ১৯৭১ খ্রিস্টাব্দে মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীন ও সার্বভৌম গণপ্রজাতান্ত্রিক রাষ্ট্র হিসাবে প্রতিষ্ঠিত হয়েছে। ২ বঙ্গদেশ। **বাংলাদেশী** *বি* বাংলাদেশের নাগরিক। ❑ *বিণ* বাংলাদেশ সংক্রান্ত।
বাংলো[১], **বাংলা**[২] *বি* ১ চওড়া বারান্দাযুক্ত এক তলা; বাংলাদেশীয় বিশেষ আদলে তৈরি বাড়ি। ২ গ্রাম বাংলার সম্পন্ন গৃহস্থের বাইরের বৈঠকখানা। ৩ পদস্থ চাকুরেদের সরকারি বাসগৃহ। ৪ মফস্বল পরিদর্শনকালে চাকুরেদের বিশ্রাম ও অবস্থান গৃহ। তুল. ডাকবাংলো। [ই. bungalow; হি. বাংলা>]
বাঃ *অব্য* ১ বাহবা। ২ প্রশংসা প্রভৃতি। ৩ বিস্ময়সূচক। [হি. বা. ফা.]
বাঁ, বাঁও *বি,বিণ* দক্ষিণের বিপরীত; দক্ষিণেতর; বাম। [স. বাম>]
বাঁও, বাম *বি* সাড়ে তিন (বা চার) হাত পরিমিত গভীরতা। ❑ *বিণ* ঐরূপ পরিমাণ বিশিষ্ট। [স. ব্যাম]
বাঁওড় *বি* ১ নদীর বাঁক। ২ নদীর মুখ যেখানে বেঁকে স্রোত বন্ধ হয়। ৩ নিম্নভূমিতে সঞ্চিত পানি।
বাঁক *বি* ১ বাঁশের বাঁকা দণ্ড যার দুপ্রান্তে মালপত্র ঝুলিয়ে কাঁধে করে বহন করা হয়; ভার বইবার দণ্ড। ২ বক্রতা। ৩ নদী বা রাস্তার মোড়; নদী বা রাস্তা যেখানে বেঁকে যায়। ৪ বাঁকানো বাদ্যযন্ত্র। ৫ নৌকার তলার বাঁকা কাষ্ঠখণ্ড। [স. বঙ্ক>]। **বাঁকনল** *বি* ফুঁ দিয়ে অগ্নিশিখা বাড়াবার জন্য ব্যবহৃত মুখবাঁকা নল; ফুঁকনি। **বাঁকমল** *বি* পায়ের বক্রাকৃতি গহনাবিশেষ।
বাঁকা, বেঁকা *বিণ* ১ যা সোজা বা সিধা নয়। ২ কুব্জ; ন্যুব্জ। ৩ তির্যক; অসরল; কাত। ৪ চোরা; গোপন। ৫ কুটিল; খল; কপট; চক্রী। [স. বঙ্ক>]। ❑ *ক্রি* ১ বক্র হওয়া; ঘুরে যাওয়া। ২ অসম্মত হওয়া; প্রতিকূল বা বিরোধী হওয়া। **বাঁকা কথা**—কুটিল কথা। **বাঁকাচোরা** *বিণ* আঁকাবাঁকা; বিভিন্ন দিকে বাঁকা। **বাঁকানো** *বি* বাঁকাকরণ। ❑ *বিণ* বাঁকাকৃত। ❑ *ক্রি* বাঁকা করা।
বাঁচন *বি* ১ প্রাণে বাঁচা; রক্ষা পাওয়া। ২ জীবন লাভ; পুনর্জীবনপ্রাপ্তি। ৩ নিষ্কৃতি বা মুক্তিলাভ; রেহাই পাওয়া।
বাঁচা *ক্রি* ১ জীবিত থাকা; প্রাণধারণ করা। ২ রক্ষা পাওয়া;

নিষ্কৃতি বা পরিত্রাণ পাওয়া। ৩ উদ্‌বৃত্ত বা বাড়তি হওয়া। ৪ না হওয়া বা ঘটা। ৫ বজায় থাকা; রক্ষিত হওয়া। ৬ উক্ত সকল অর্থে। **বাঁচানো** *ক্রি* ১ জীবন দান করা; পুনর্জীবিত করা। ২ রক্ষা করা; বিপদ থেকে পরিত্রাণ বা নিষ্কৃতি দান করা। ৩ উদ্‌বৃত্ত বা জমা করা। ৪ বজায় রাখা; রক্ষা করা। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।

বাঁঝা, বাঁজা, *বিণ স্ত্রী.* ১ বন্ধ্যা; সন্তান হয় না এমন। ২ ফল ধরে না এমন গাছ। [স. বন্ধ্যা>]

বাঁট[১] *বি* ছুরি তরবারি প্রভৃতির হাতল; ধারণদণ্ড। [স. বণ্ট>]

বাঁট[২] *বি* গো–মহিষাদির বা পশুর স্তনের বোঁটা। [স. বাণ]

বাঁটন *বি* বণ্টন; ভাগ; ভাগ করে বিতরণ। [স. বণ্টন>]

বাঁটা *ক্রি* বণ্টন করা; ভাগ করা; ভাগ করে বিতরণ করা। [স. বণ্ট>]

বাঁদর, বানর, বান্দর *বি* মর্কট; কপি; শাখামৃগ। [স. বানর>]। **বাঁদরামি, বাঁদরামো** *বি* শয়তানি; বানরপ্রকৃতি সুলভ আচরণ; বানরের মতো বিকট দুষ্টামি। **বাঁদরে** *বিণ* বানর সুলভ আচরণ; উৎকট দুষ্টামিযুক্ত।

বাঁদি *বি স্ত্রী.* ক্রীতদাসী; দাসী; ঝি; চাকরানি। [ফা. বান্দী]

বাঁধ *বি* ১ বাধা; প্রতিবন্ধ; ব্যাঘাত। ২ জলের প্রবাহ রোধ করবার জন্য আল বা প্রাচীর; ভেড়ি। ৩ আটক। ৪ বন্ধন; আঁটসাঁট ভাব। [স. বন্ধ>]

বাঁধন *বি* ১ বন্ধন; অবরোধ; আটক। ২ বাঁধুনি; সুশৃঙ্খল বিন্যাস। [স. বন্ধন>]

বাঁধনি, বাঁধুনি *বি* ১ বন্ধন; বাঁধাছাঁদা; গ্রন্থি। ২ শৃঙ্খল; সংহতি। ৩ শৃঙ্খলাপূর্ণ বিন্যাস; সুসঙ্গত সৌষ্ঠব।

বাঁধা[১] *বি* বন্ধক; ঋণের জামিন হিসাবে যা গচ্ছিত রাখা হয়। [স. বন্ধ>]

বাঁধা[২] *বিণ* ১ বদ্ধ; আটক। ২ বরাদ্দ; নির্ধারিত। ৩ বদলানো যায় না এমন; অপরিবর্তনীয়। [স. বদ্ধ]। ❑ *ক্রি* ১ বন্ধন করা; গিরা দেওয়া। ২ রচনা করা; ছন্দোবদ্ধ করা। ৩ নির্মাণ করা। ৪ বন্দী করা; রোধ করা; থামানো। ৫ ঠিকঠাক করা। ৬ দৃঢ় করা। ৭ একত্র করা। ❑ *বি* উক্ত সকল অর্থে।

বাঁধাই *বি* ১ বাঁধার কাজ। ২ বাঁধবার পারিশ্রমিক। ❑ *বিণ* মজুদ; জমা; সঞ্চিত। **বাঁধাধরা** *বিণ* পূর্ব থেকে নির্ধারিত আছে এমন। **বাঁধানো** *ক্রি* ১ তৈরি বা নির্মাণ করানো; পাকা করানো। ২ লাগানো বা আবদ্ধ করা। ৩ মোড়া; শোভিত করা। ৪ সুসম্বদ্ধ করা। **বাঁধাবাঁধি** *বিণ* সুনির্ধারিত; নির্দিষ্ট; ধরাবাঁধা।

বাঁশ *বি* তৃণজাতীয় এক প্রকার লম্বা গাছ; বংশ; বেণু। [স. বংশ>]। **বাঁশগাড়ি** *বি* জমির সীমা নির্দেশ করা বা দখলের উদ্দেশ্যে খুঁটি গাড়া। **বাঁশ দেওয়া** *ক্রি* সর্বনাশ সাধন করা; নিদারুণ ক্ষতি করা।

বাঁশরি, বাঁশরী *বি* বাঁশি; মুরলী। [স. বংশী>বা. বাঁশী; পদ্যে বাঁশরী]

বাঁশি, বাঁশী *বি* বংশী; বেণু; মুরলী; ফুঁ দিয়ে বাজাবার এক প্রকার বাদযন্ত্র। [স. বংশী>]

বাক, বাক্‌ *বি* ১ উক্তি; বাক্য; শব্দ; কথা। ২ বিদ্যা। [স.√বচ+ক্বিপ]। **বাককলহ** *বি* বাক্যের দ্বারা কলহ বা গালাগালি; ঝগড়া; তর্কাতর্কি। **বাকপটু** *বিণ* কথা বলতে নিপুণ বা দক্ষ। **বাকশক্তি** *বি* কথা উচ্চারণের ক্ষমতা। **বাকসর্বস্ব** *বিণ* কথা বলতে ওস্তাদ কিন্তু কাজ করতে অক্ষম; অপদার্থ।

বাকল, বাকলা *বি* গাছের ছাল; খোসা; ছিলকা। [স. বল্কল>]

বাকি, বক্রী *বি* ১ উদ্‌বৃত্ত বা অবশিষ্ট অংশ। ২ দেয় বা শোধযোগ্য টাকা। [আ.]। ❑ *বিণ* ১ অবশিষ্ট; উদ্‌বৃত্ত; বাড়তি। ২ সম্পাদিত হয়নি এমন; অসম্পন্ন। ৩ প্রাপ্য। ৪ আগামী; ভবিষ্যৎ; ভাবী।

বাক্য *বি* ১ কথা; বচন; উক্তি। ২ পরস্পর অন্বয়যুক্ত পূর্ণ মনোভাব প্রকাশক পদসমষ্টি। [স.√বচ্‌+য। তুল. বাচ্য]। **বাক্যদান** *বি* অঙ্গীকার; প্রতিশ্রুতি; কথা দেওয়া। **বাক্যবাগীশ, বাক্যবিশারদ, বাক্যবীর** *বিণ* বাকপটু; বাচাল; কথা বলতে ওস্তাদ। **বাক্যবাণ** *বি* তীক্ষ্ণ তীরের মতো মর্মভেদী বচন; অত্যন্ত তীক্ষ্ণ কথা।

বাক্স, বাকস *বি* দ্রব্যাদি রেখে তালা বন্ধ করা যায় এমন চতুষ্কোণ আধার; তোরঙ্গ; পেটিকা। [ই.]

বাক্সবন্দী *বিণ* বাক্সের মধ্যে সংরক্ষিত; বাক্সে রক্ষিত। **ক্যাশবাক্স** *বি* নগদ টাকাকড়ি রাখবার পেটিকা বা বাক্স।

বাখান *বি* ১ ব্যাখ্যান; বর্ণনা; অর্থবিবৃতি। ২ প্রশংসা; গুণকীর্তন। ৩ বর্ণনা; প্রশংসাগীতি; বীরগাথা; সাহসিকতা। [স. ব্যাখ্যান>]। **বাখানি** *ক্রি* (পদ্যে) বলি; বর্ণনা বা প্রশংসা করি।

বাখারি, বাঁখারি *বি* কাঁধের দুদিকে দুপ্রান্তে ঝুলিয়ে বোঝা বহনের বাঁক বা বাঁশের ফালি।

বাগ[১] *বি* বাগান; উদ্যান। [ফা. বাগ]। **বাগবাগিচা** *বি* ছোটবড় বাগান। **বাগান** *বি* মালাকার; মালী; বাগান করে যে, উদ্যানমালিক। **বাগানি** *বি* মালীর কাজ; বাগানের কাজ।

বাগ[২] *বি* ১ দিক; পথ। ২ বশ; অধীনতা; শাসন। ৩ সুযোগ–সুবিধা। ৪ আয়ত্ত (বাগে পাওয়া)। [স. বল্গা>বগগা>বাগ]

বাগড়া *বি* বাধা; বিপত্তি; ব্যাঘাত; প্রতিবন্ধকতা। [স. ব্যাঘাত>]

বাগডাশ, বাঘডাশা *বি* বাঘের মতো ডোরাযুক্ত বনবিড়াল।

বাগডোর *বি* ১ ঘোড়ার লাগাম; রশি; দড়ি। ২ বৃষ–মহিষ প্রভৃতির নাকফোঁড় দড়ি। [স. বল্গা>বাগ+হি. ডোর]

বাগদি, বাগদী *বি* বর্ণাশ্রম বহির্ভূত কৃষিজীবী বাঙালি হিন্দু সম্প্রদায়।

বাগাড়ম্বর *বি* কথার ঘটা; বড় বড় কথা; কথার আড়ম্বর। [স. বাক+আড়ম্বর]

বাগান *বি* উদ্যান; যেখানে ফুল–ফলাদি উৎপন্ন হয়; উপবন। [ফা. বাগ]। **বাগানবাড়ি, বাগানবাড়ী** *বি* বাগানঘেরা বাড়ি; বাগান পরিশোভিত প্রমোদভবন।

বাগানো *ক্রি* ১ কৌশলে আয়ত্ত করা; বশে আনা। ২ কৌশলে লাভ বা আদায় করা। ৩ বিন্যাস বা পাট বা সজ্জিত করা।

বাগিচা *বি* ছোট বাগান; ক্ষুদ্র উদ্যান। [ফা. বাগচহ্‌>]

বাগীশ, বাগীশ্বর *বি* ১ বাক্যবিশারদ; বাচস্পতি; বাকপটু; বাগ্মী। ২ হিন্দু পুরাণোক্ত দেবগুরু বৃহস্পতি। [স. বাক্‌+ঈশ, ঈশ্বর]। **বাগীশা, বাগীশ্বরী** *বি স্ত্রী.* সরস্বতী।

বাগুরা *বি* জাল; ফাঁদ; পাশ।

বাগেবাগ, বাগবাগ *বি* খুশিতে আটখানা; অতিশয় পুলকিত। [ফ.]

বাগ্‌গি, বগি *বি* ঘোড়ার গাড়ি। [ই.]

বাগ্‌দত্তা, বাকদত্তা *বি, বিণ* যে কন্যাকে বাক্য দান করা হয়েছে; যে কন্যাকে নির্দিষ্ট পাত্রের সঙ্গে বিয়ের কথা

দেওয়া হয়েছে। [স. বাচ্++দত্তা বা বাক্+দত্তা] **বাগ্দান** *বি* কন্যাদানের অঙ্গীকার ও তদুপলক্ষে প্রদত্ত যে অনুষ্ঠান (বাগ্দান হয়ে গেছে)। [স. বাক্+দান]

বাগ্দেবী *বি* হিন্দুমতে বাক বা বাণীর অধিষ্ঠাত্রী দেবী সরস্বতী। [স. বাক্+দেবী]

বাগ্বিতণ্ডা, বাগ্বিতণ্ডা *বি* তর্ক–বিতর্ক; ঝগড়া–কলহ। [স. বাচ্+বিতণ্ডা]

বাগ্বিদগ্ধ *বিণ* কথায় পণ্ডিত; বাক্যে নিপুণ; বাক্যচতুর; বাকপটু; কথা বলায় পাণ্ডিত্যসম্পন্ন। [স. বাচ্+বিদগ্ধ বা বাক্+বিদগ্ধ]

বাগ্যুদ্ধ *বি* ঝগড়া; রাগারাগি; তর্ক–বিতর্ক। [স. বাক্+যুদ্ধ]

বাগ্মী(–গ্মিন্) *বিণ* ভালো বক্তৃতাকারী; বাকনিপুণ; সুবক্তা; বাকপটু। [স. বাচ+মিন]

বাঘ *বি* ১ ব্যাঘ্র; শার্দূল। ২ (আল.) বাঘের মতো প্রভাবশালী ব্যক্তি। [স. ব্যাঘ্র>]। **বাঘছড়ি** *বি* বাঘের চাল বা চামড়া। **বাঘনখ** *বি* ১ বাঘের নখ। ২ কণ্ঠের অলঙ্কারবিশেষ; গলার গহনা। ৩ ব্যাঘ্র নখাকৃতি গুপ্ত অস্ত্র। ৪ এক প্রকার গন্ধদ্রব্য। **বাঘের মাসি** *বি* বিড়াল।

বাঘা *বি* বাঘ। ❑ *বিণ* ১ বিশাল; বৃহৎ; প্রকাণ্ড; মস্ত বড়। ২ কড়া; তীব্র (বাঘা শীত)। ৩ রাশভারী; অত্যন্ত গম্ভীর ও ব্যক্তিত্বসম্পন্ন (বাঘা বাঘা ব্যক্তি)। [স. ব্যাঘ্র>বাঘ+আ, বা. বাঘা]। **বাঘাটে** *বিণ* তীব্র; প্রচণ্ড।

বাঙ, বাঙ্গ *বি* মোরগের ডাক। [হি.]

বাঙাল, বাঙ্গাল *বি* ১ উনিশ শতকে কলকাতার "ভদ্রলোক" শ্রেণী পূর্ব বাংলার বাঙালীদের অমার্জিত গণ্য করে এই নাম দিয়েছিল। ২ খাঁটি ও গ্রামীণ পূর্ব বঙ্গের অধিবাসী (আমি বাঙ্গাল, আমার বাটী যশোহর—মধুসূদন)। ❑ *বিণ* সাবেক পূর্ববঙ্গীয়। [স. বঙ্গ+বা. আল]।

বাঙালি, বাঙ্গালী *বি* ১ মাতৃভাষা বাংলা এমন জনগোষ্ঠীর জাতিসত্তাগত অভিধা। ২ গৌড়, বঙ্গ বা বাংলার অধিবাসী। ৩ বাংলাদেশের মুসলমান, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান। ❑ *বিণ* ১ বাংলাভাষী। ২ বাংলাদেশী; বাংলাদেশ সংক্রান্ত।

বাঙ্গি *বি* ফুটি; পাকলে ফেটে যায় এমন শশাজাতীয় ফল।

বাচ[২]**, বাছ** *বি* নির্বাচন; বাছাই; পছন্দ।

বাচন *বি* ১ কথন; উক্তি। ২ পঠন; পাঠ। ৩ ব্যাখ্যান। [স. √বচ্+অন]। **বাচনিক** *বিণ* বাচন দ্বারা নিষ্পন্ন; মৌখিক। ❑ *ক্রিবিণ* মুখে; কথায়।

বাচস্পতি *বি* ১ বাগ্মী (কথায় বাচস্পতি)। ২ পণ্ডিতের উপাধি (বাচস্পতি মশায়)। [স.]

বাচাল *বি* যে অকারণে বেশি কথা বলে; প্রগল্‌ভ। [স.]

বাচ্চা *বি* ১ শিশু; শিশুসন্তান। ২ সন্তান; শাবক; ছানা (মুরগির বাচ্চা)। ❑ *বিণ* কমবয়সী; অল্প বয়স (নিতান্তই বাচ্চা)। [স. বৎস>হি. বাচ্চা/ফা. বাচ্চা]

বাচ্য *বিণ* ১ কথ্য; কথনীয়; বচনীয়; কথনযোগ্য; বলার যোগ্য; যা বলতে হবে। ২ অভিধেয়। ৩ (ব্যা.) ক্রিয়ার সাথে কর্তা প্রভৃতির অন্বয়। [স. √বচ্+য]। **বাচ্যার্থ** *বি* মুখ্য অর্থ; অভিহিত অর্থ।

বাছন, বাছুনি *বি* ১ বাছাই; নির্বাচন; অপকৃষ্ট অংশ বাদ দিয়ে অপেক্ষাকৃত উৎকৃষ্ট অংশ বা অংশসমূহ গ্রহণ। ২ মনোনয়ন; রুচি অনুযায়ী গ্রহণ; পছন্দ অনুযায়ী বাছাই।

বাছা[১] *বি* ১ বৎস; অল্পবয়সী সন্তান। ২ সন্তান বা অল্প বয়স্কের প্রতি বয়স্ক ব্যক্তির স্নেহ সম্বোধন। [স. বৎস>প্রা. বচ্ছ>বা. বাছা; তুল. হি. বাচ্চা]

বাছা[২] *ক্রি* ১ বাছাই বা নির্বাচন করা। ২ পছন্দ করা। ৩ অপকৃষ্ট অংশ থেকে উৎকৃষ্ট অংশ পৃথক করা। ৪ অপ্রয়োজনীয় পদার্থ বা আবর্জনা দূর করা। ৫ বাদ দেওয়া।

বাছুর *বি* গোবৎস; গোশাবক। [স. বৎসরূপ>]

বাজ[১] *বি* একজাতীয় শিকারি পাখি; শ্যেন। [ফা.]

বাজ[২] *বি* ঠাঠা; বজ্র। [স. বজ্র>]

বাজখাঁই *বি* অতিশয় গম্ভীর ও কর্কশ (বাজখাঁই আওয়াজ)। [স. বাজ+খাঁ+ই]

বাজন *বি* ১ বাদ্য; বাদ্যধ্বনি। ২ যা বাজে। **বাজনদার** *বি* বাদ্যকার; যে বাজায়। [স. বাদ্য>]

বাজনা *বি* ১ বাদ্যধ্বনি। ২ বাদ্যযন্ত্র; বাদন।

বাজরা *বি* ১ বড় ঝুড়ি। ২ বাক্স; পেটরা।

বাজা *ক্রি* ১ ধ্বনিত হওয়া। ২ শব্দ দ্বারা সময় জ্ঞাপিত করা (ঘড়ি বাজা)। ৩ সময় জানানো (তিনটা বাজে)। ৪ কর্কশ ও কঠোর অনুভূত হওয়া (কানে বাজে)। ৫ পরীক্ষা করা; আসল নকল নির্ণয় করা (বাজিয়ে নেওয়া)।

বাজান *বি* বাবাজান; প্রিয় পিতা। [আঞ্চলিক]

বাজানো *ক্রি* ধ্বনিত করানো।

বাজার *বি* ১ পণ্য ক্রয়–বিক্রয়ের স্থান; হাট। ২ খরিদ করা জিনিসপত্র, মাছ তরিতরকারি ইত্যাদি (বাজার এসেছে)। ৩ প্রচুর জনসমাগম—তজ্জন্য বিশৃঙ্খলা বা চেঁচামেচি (হট্টগোলের বাজার)। ৪ কাটতি (জিনিসগুলির বাজার আছে)। ৫ দরদাম (বাজার খুব চড়া)। ৬ সমাবেশ। [ফা.]। **বাজার খরচ** *বি* বাজার থেকে দ্রব্যাদি কেনার খরচ বা অর্থ। **বাজার দর** *বি* যে দামে পণ্য বিক্রি হয়; সাধারণ দর (বাজার দরে কেনা)। **বাজার-সরকার** *বি* কেরানি; বাজারের হিসাবপত্র রাখে যে।

বাজি[১]**, বাজী** *বি* ১ ইন্দ্রজাল; ভেলকি; ম্যাজিক। ২ খেলা; কৌতুক। ৩ খেলার দান বা দফা। ৪ আতশবাজি। ৫ জুয়াখেলায় পণ। ৬ (আল.) জীবলীলা; ভবের লীলা (এবার জীবনের বাজি শেষ)। [ফা.]। **বাজিকর, বাজিগর** *বি* জাদুকর; ঐন্দ্রজালিক। **বাজিমাত, বাজিমাৎ** *বি* কেল্লা ফতে; জবরদস্ত বিজয়; অভাবনীয় জয়।

বাজি[২] *বি* ১ বাহু; হাতের উপরের অংশ। ২ বাহুভূষণ; বাহুর অলঙ্কার বিশেষ। ৩ চৌকাঠ বা খাটের পাশের লম্বা কাষ্ঠ খণ্ডদ্বয়। [ফা.]

বাজু *বি* ১ বাহু; হাতের উপরের অংশ। ২ বাহুভূষণ; বাহুর অলঙ্কার বিশেষ। ৩ চৌকাঠ বা খাটের পাশের লম্বা কাষ্ঠ খণ্ডদ্বয়। [ফা.]

বাজে *বিণ* ১ অকেজো; মন্দ; খারাপ (বাজে লোক)। ২ অনাবশ্যক; অপ্রয়োজনীয়; ফালতু (বাজে খরচ)। ৩ অসার; মিথ্যা (বাজে কথা)। ৪ নিরর্থক; তুচ্ছ (বাজে কাজ) ৫ অতিরিক্ত; বাড়তি (বাজে পরিশ্রম)। [আ. বাজ>]

বাজেট *বি* আয়–ব্যয়ের আগাম হিসাব; আয়–ব্যয়। [ই.]

বাজেয়াপ্ত, বাজেয়াফত *বিণ* সরকার ইত্যাদি দ্বারা দখলীকৃত বা অধিকৃত; খেসারতে বা ক্ষতিপূরণে চিরতরে দখল। [ফা. বাজ+ইয়াফৎ]। **বাজেয়াপ্তি** *বি* বাজেয়াপ্তকরণ।

বাঞ্ছন, বাঞ্ছা *বি* ইচ্ছা; অভিলাষ [স.]। **বাঞ্ছনীয়** *বি*

অভিলষণীয়; কাম্য; ঈপ্সিত। [স. √বঞ্ছ্+অন/আ]। **বাঞ্ছা** *বি* কামনা; সাধ; ইচ্ছা; অভিলাষ। **বাঞ্ছিত** *বিণ* অভিলাষিত; ঈপ্সিত; প্রিয়; কাম্য।
বাট[১] *বি* পথ; রাস্তা। [স. বর্ত্ম>বট>বাট]
বাট[২] *বি* সোনারুপা ইত্যাদির চাঙর বা তাল বা পিণ্ড।
বাটখারা *বি* পড়েন; দ্রব্যাদি ওজনের জন্য পাথরের বা লোহার খণ্ড। [স. বটক>]
বাটন, বাঁটা *বি* পিষ্টকরণ; পেষা; মশলা বাটা।
বাটপাড়, বাটপার *বি,বিণ* প্রতারক; ঠক; রাহাজানকারী; লুটেরা। [স. বর্ত্ম>বাট, তুল. হি. বাটপারণা]। **বাটপাড়ি, বাটপারি** *বি* বাটপাড়ের বৃত্তি বা পেশা।
বাটা[১], **বাঁটা** *বিণ* পেষণকৃত; পিষ্ট। ❑ *ক্রি* পেষণ করা।
বাটা[২] *বি*১ এক প্রকার থালা; পানের থালা; তাম্বুল করঙ্ক। ২ জামাইষষ্ঠীতে জামাতাকে দেয় থালাপূর্ণ খাদ্য।
বাটা[৩], **বাট্টা** *বি* ক্রয় বিক্রয়ের সময়ে প্রকৃত মূল্য থেকে যা বাদ যায়; commission, discount। [হি. বট্টা>]
বাটালি, বাটালী *বি* কাঠ চাঁচবার অস্ত্রবিশেষ।
বাটি, বাটী[১] *বি* প্রান্তভাগ উঁচু ক্ষুদ্র বাসন; পেয়ালা; কটোরা। **বাটি চালা** *ক্রি* অজ্ঞাত অপরাধী স্থির করা বা ধরার জন্য মন্ত্রবলে বাটিকে চলমান করা। **জামবাটি** *বি* বৃহৎ আকৃতির বাটি।
বাটী[২] *বি* বাড়ি; গৃহ; বাসা; আবাস; ক্ষুদ্র বাড়ি। [স.]
বাটুল, বাঁটুল *বি*১ লৌহ; সীসা বা মাটির গুলি। ২ ক্ষুদ্রাকৃতি গোলগাল মানুষ। [স. বর্তুল>]
বাটোয়ারা, বাটওয়ারা *বি* বিভাগ; বণ্টন; ভাগ বাটোয়ারা। [হি. বটবারা>বটবানা]
বাড় *বি*১ বৃদ্ধি, পুষ্টি। ২ স্পর্ধা; ঔদ্ধত্য; বাড়াবাড়ি; গ্রাহ্য না করা। ৩ উন্নতি। [স. বৃদ্ধি]
বাড়ই , বাড়ৈ *বি* ছুতার; ঘরামি। [বা. আঞ্চলিক]
বাড়তি *বিণ*১ বৃদ্ধি। ২ উদ্বৃত্ত; প্রয়োজন অপেক্ষা যে অংশ বেশি; অতিরিক্ত; প্রয়োজনাতিরিক্ত।
বাড়ন[১] *বি* বৃদ্ধি; পুষ্টি [স. বর্ধন>]
বাড়ন[২] *বি* সম্মার্জনী; ঝাঁটা; ঝাড়ন। [স. বর্ধনী>হি. বঢ়ণী>]
বাড়ন্ত *বি*১ বাড়ছে এমন; বর্ধিষ্ণু; বৃদ্ধিশীল। [স. বর্ধন>]
বাড়া *ক্রি*১ বৃদ্ধি পাওয়া। ২ পরিবেশন করা। ৩ উড়ন্ত ঘুড়ির সুতা ছাড়া। ৪ ভেঙ্গে যাওয়া। ৫ সামনে অগ্রসর হওয়া। ❑ *বিণ* অধিক; বেশি। [স. √বৃধ্>+বা. আ। হি. বঢ়না]। **বাড়ানো** *ক্রি*১ বৃদ্ধি করা। ২ অতিরঞ্জিত করা। ৩ অতিশয় প্রশ্রয় দেওয়া। ৪ প্রকৃত অপেক্ষা বেশি করে বলা। ৫ লেখার উপযুক্ত করে পেন্সিল কাটানো। ❑ *বিণ* উক্ত সব অর্থে। **বাড়াবাড়ি** *বি* ১ খুব বেশি বাড়। ২ মাত্রাতিরিক্ত সীমা লঙ্ঘন। **পা বাড়ানো** *ক্রি* যেতে উদ্যত হওয়া; প্রস্থানের উদ্যোগ গ্রহণ করা। **হাত বাড়ানো** *ক্রি* পাওয়ার বা ধরার জন্য হস্ত প্রসারণ করা; পাবার লোভে অগ্রসর হওয়া; পাবার জন্য সচেষ্ট বা আগ্রহান্বিত হওয়া।
বাড়ি[১] *বি* লাঠি দণ্ড বেত প্রভৃতি দিয়ে আঘাত।
বাড়ি[২], **বাড়ী** *বি* ১ আবাসগৃহ; বাসস্থান; বাস্তু সংলগ্ন বেষ্টিত স্থান। ২ উদ্যান; বাগান। [স. বাটী>]। **বাড়িওয়ালা** *বি* বাড়ির মালিক। **বাড়িঘর, ঘরবাড়ি** *বি* গোটা বাড়ি; সমস্ত ঘর ইত্যাদিসহ বাড়ি।
বাণ *বি*১ তীর; ধনুক থেকে ছুড়বার অস্ত্র। ২ এক প্রকার তান্ত্রিক মন্ত্রযুক্ত মারণাস্ত্র। ৩ বাণ নামক রাজা। [স.]
বাণদণ্ড *বি* কাপড় বুনবার যন্ত্রবিশেষ। [স.]
বাণিজ্য *বি*১ ব্যবসা; পণ্যদ্রব্যাদি ক্রয়-বিক্রয়। ২ বিদেশের সঙ্গে কারবার; সওদাগরি। [স. বাণিজ+য]। **বাণিজ্যদূত** *বি* বিদেশে নিজ দেশের ব্যবসার স্বার্থ দেখবার জন্য নিযুক্ত রাষ্ট্রদূত। **বাণিজ্যধানী** *বি* দেশের প্রধান প্রধান শহর বা নগর।
বাণী *বি*১ শব্দ; ভাষা; কথা; উক্তি; ভাষণ। ২ উপদেশপূর্ণ উক্তি। ৩ সরস্বতী। [স.]
বাত[১] *বি* ১ কথা; উক্তি; বাক্য। ২ খবর। [স. বার্তা>]। **বাৎচিত, বাতচিত** *বি* আলাপ-আলোচনা; কথাবার্তা। [স. বার্তা>বা. বাত>বাৎচিত]
বাত[২] *বি*১ বায়ু; বাতাস। ২ রোগবিশেষ; রক্তদুষ্টির ব্যাধি। ৩ দেহগত ত্রিধাতুর একটি। [স.]। **বাতকর্ম** *বি* পাদ; নিম্নাঙ্গের ছিদ্রপথে অপান-বায়ু ত্যাগ। **বাতরক্ত** *বি* রক্তদুষ্টি হেতু এক প্রকার রোগ।
বাতলানো, বাৎলানো *ক্রি*১ পথ বলা; ব্যাখ্যা করা। ২ উপদেশ দেওয়া; উপায় বলে দেওয়া। [হি.]
বাতা *বি* বাখারি; বাঁশ বা কাঠের পাতলা দীর্ঘ ফালি।
বাতানো[১] *ক্রি* বাখারি; বাঁশ বা কাঠের পাতলা দীর্ঘ ফালি কোথাও লাগানো।
বাতানো[১] *ক্রি* বলে দেওয়া; নির্দেশ দেওয়া; উপদেশ দেওয়া। [তুল. হি. বাতলান্]
বাতাবরণ *বি* (বাংলামূলক) আবরণ সৃষ্টি করা; যুক্তিসিদ্ধ কথা; (হিন্দিমূলক) পরিবেশ; কথার জাল।
বাতাবর্ত *বি* ঘূর্ণিবায়ু; ঘূর্ণিঝড়। [স. বাত+আবর্ত]
বাতাবি, বাতাপি *বি*১ অত্যন্ত বড় এক প্রকার লেবু। ২ ইন্দোনেশিয়ার বাতাবিয়াজাত বলেই লেবুর এ নাম।
বাতায়ন *বি*১ ঘরের মধ্যে আলো-বাতাস প্রবেশের পথ; জানালা। ২ গবাক্ষ। [স. বাত (বায়ু)+অয়ন]। **বাতায়নবর্তিনী** *বি স্ত্রী.* জানালার সন্নিকটবর্তিনী।
বাতাস *বি*১ বায়ু; হাওয়া। ২ সংস্রব; প্রভাব। ৩ দূষিত বায়ুর বা বাতাসরূপী অপদেবতার প্রভাব। ৪ ব্যজন; পাখা। [স. বাত>হি. বতাস]। **বাতাস করা** *ক্রি* হাওয়া দেওয়া। **বাতাস খাওয়া** *ক্রি* মুক্তবায়ু বা পাখার হাওয়া উপভোগ করা। **বাতাস দেওয়া** *ক্রি* ১ (আল.) উত্তেজিত করা; আগুন জ্বালোনো। ২ বাতাস দিয়ে ঠাণ্ডা করা। **বাতাসের সঙ্গে লড়াই করা** *ক্রি* (আল.) বিনা কারণে ঝগড়া করা।
বাতাসা *বি* চিনি বা গুড় দিয়ে প্রস্তুত এক প্রকার মিষ্ট দ্রব্যবিশেষ। [হি.]। **ফেনি বাতাসা** *বি* চিনির তৈরি এক প্রকার বড় বাতাসা। **বাতাসা কাটা** *ক্রি* বাতাসা প্রস্তুত করা। [হি.]
বাতি *বি* ১ দীপ; প্রদীপ; বর্তিকা। ২ আলো; আলোক; আলোকবর্তিকা।। ৩ সলিতাযুক্ত মোম প্রভৃতির ক্ষুদ্র দণ্ড। ৪ গাছের সরু দীর্ঘ গুঁড়ি বা কাণ্ড। ৫ মোমবাতির মতো দীর্ঘ জিনিস। [স. বর্তিকা>]। **বাতিদান** *বি* দীপাধার। **বংশে বাতি দেওয়া**—১ হিন্দু সমাজে কার্তিক মাসে পিতৃপক্ষে পিতৃপুরুষের আত্মার মঙ্গলের জন্য আকাশ-প্রদীপ দান করা। ২ (আল.) বংশ লোপ হতে না দেওয়া। **সাঁঝবাতি দেওয়া**—*বি* সন্ধ্যার সময়ে গৃহে বাতি-জ্বালানো রূপ প্রতিদিনের করণীয় কর্ম। **সাঁঝের বাতি** *বি* সন্ধ্যাবেলা দেবতার উদ্দেশ্যে জ্বালানো প্রদীপ।
বাতিক *বি* ১ বায়ুর প্রকোপ হেতু মানসিক উত্তেজনা;

বায়ুরোগ; বাই। ২ পাগলামি; ছিট। ৩ প্রবল ঝোঁক বা শখ। ❑*বিণ* বায়ুঘটিত। [স. বাত (বায়ু)+ইক]। **বাতিকগ্রস্ত, বাতিকে** *বিণ* বাতিকের ফলে অস্থিরচিত্ত। [স.]

বাতিল *বিণ* ১ অগ্রাহ্য; না-মঞ্জুর; পরিত্যক্ত। ২ মিথ্যা; অসার। ৩ নাকচ। [আ.]

বাতুল *বিণ* ১ বায়ুরোগাক্রান্ত। ২ উন্মাদ; পাগল; ক্ষেপা। [স. বাত+উল]। **বাতুলতা** *বি* পাগলামি। **বাতুলাগার** *বি* পাগলা-গারদ। [স. বাতুল+আগার]

বাতেন *বি* গোপন। [আ. বাতিন>]। **বাতেনি কথা** *বি* শাস্ত্রসম্পৃক্ত গোপন কথা; যে সব শ্রেণী কথা সর্বসাধারণের নিকট প্রকাশনীয় নয়।

বাত্যা *বি* প্রবল বায়ুপ্রবাহ; ঝড়; ঝটিকা। [স. √বাত্+য+আ]। **বাত্যাচক্র** *বি* ঘূর্ণিবায়ু। **বাত্যাপীড়িত** *বিণ* ঝড়ের মধ্যে পতিত; ঝঞ্ঝাক্লিষ্ট; ঝটিকাহত। **বাত্যাবিধ্বস্ত** *বি* ঝড়ে ধ্বংসপ্রাপ্ত।

বাৎসরিক *বিণ* প্রতি বর্ষে অনুষ্ঠিত; বার্ষিক; বৎসর-সংক্রান্ত। [স. বৎসর+ইক]

বাৎসল্য *বি* স্নেহ; সন্তানের প্রতি পিতামাতার মায়া-মমতা।

বাৎস্যায়ন *বি* কামসূত্র গ্রন্থের প্রণেতা।

বাথরুম *বি* গোসল করবার জন্য বিশেষ কামরা; স্নানাগার; গোসলখানা। [ই.]

বাথান *বি* ১ গোশালা; যে স্থানে গরু-মহিষকে রাখা হয়। ২ গোচারণ-মাঠ। ৩ গরুর পাল। [স. বাসস্থান>]

বাথুয়া, বেথো *বি* শাকবিশেষ। [স. বাস্তুক>]

বাদ[১] *বি* ১ কথন; ভাষণ; উক্তি (সাধুবাদ)। ২ তর্ক। ৩ বাক্য। ৪ ঝগড়া; কলহ। ৫ মত; নীতি (সাম্রাজ্যবাদ)। ৬ যথার্থ বিচার। [স. √বদ্+অ]। **বাদ-প্রতিবাদ** *বি* তর্কাতর্কি; তর্কবিতর্ক। **বাদবিতণ্ডা** *বি* কথা-কাটাকাটি; তর্কবিতর্ক; ঝগড়া-কলহ। **বাদ-বিসম্বাদ** *বি* ঝগড়া-ঝাটি; কলহ।

বাদ[২] *বি, অব্য* ছাড়; বিয়োগ; বিযুক্ত; ত্যাগ। [আ. বাদ]। **বাদবাকি** *বিণ* অবশিষ্ট।

বাদক *বি, বিণ* যে বাজায়; বাদ্যকর। [স. √বদ্+ণিচ্+অক]। **বাদন** *বি* বাজানো।

বাদল *বি* ১ মেঘ। ২ বৃষ্টি; বর্ষা। ৩ দুর্দিন; দুঃসময়। [স. বাদল]। **বাদল-পোকা** *বি* বর্ষাকালের ছোট সবুজ পোকা। **বাদলা**[১] *বি* বাদল; মেঘবৃষ্টি। ❑*বিণ* বর্ষাকালীন; বৃষ্টিসিক্ত; বর্ষাস্নাত; মেঘাচ্ছন্ন; বর্ষণযুক্ত (বাদলা রাত)। [স. বাদল+আ]। **বাদুলে** *বিণ* বাদল সংক্রান্ত; বর্ষাকালের। [স. বাদল+বা. ইয়া> এ]

বাদলা[২] *বি* জরির সুতা; উক্ত সুতায় তৈরি বস্ত্র। **বাদলার কাজ** *বি* জরির সুতা দিয়ে তৈরি নকশা ইত্যাদি।

বাদশাহ, পাদশাহ *বি* মূলে পারস্য-সম্রাট; মহারাজ; রাজাধিরাজ। [ফা.]। **বাদশাহজাদা** *বি* ১ বাদশাহর ছেলে; রাজপুত্র। ২ (ব্য.) ধনীর দুলাল। **বাদশাহি, বাদশাই** *বি* ১ বাদশাহের ঐশ্বর্য ও সম্পদ; সম্রাটের কর্তৃত্ব। ২ জাঁকজমকময় জীবন; ভোগবিলাস। ৩ বাদশাহর কাজ; সর্বময় কর্তৃত্ব। ৪ সম্রাটের ঐশ্বর্য ও সম্পদ। ❑*বিণ* বাদশাহ সংক্রান্ত; রাজকীয়।

বাদা *বি* ১ জলাভূমি; বাদা নামে পরিচিত সুন্দরবন অঞ্চল। ২ দক্ষিণবঙ্গের জঙ্গলময় অঞ্চল। [আ. বাদিয়াহ্>]

বাদাড় *বি* জঙ্গল; জংলা অঞ্চল। [আ. বাদা>বা. বাদাড়]। **বন-বাদাড়** *বি* বন-জঙ্গল।

বাদানুবাদ *বি* তর্ক-বিতর্ক; কলহ; কথা কাটাকাটি। [স. বাদ+অনুবাদ]

বাদাম[১] *বি* নৌকার পাল [ফা. বাদ্‌বান]

বাদাম[২] *বি* বৃক্ষবিশেষ ও তার ফল। [ফা. বাদাম]। **বাদামি** *বিণ* পাটকিলা; বাদামের ন্যায় বর্ণযুক্ত; পিঙ্গল; হলুদাভ; ধূসর; বাদামের মতো।

বাদিত *বিণ* ধ্বনিত; শব্দিত। [স. √বদ্+ণিচ্+ত]

বাদিত্র *বি* বাদ্যযন্ত্র; বাজনা। [স. √বদ্+ণিচ্+ইত্র]

বাদী(-দিন্) *বি* রাগ বা রাগিণীর প্রধান সুর। ❑*বিণ* ১ অভিযোগকারী; অভিযোক্তা; নালিশ করে এমন; ফরিয়াদি। ২ বাধা দান করে এমন। ৩ বক্তা (স্পষ্টবাদী); কথা বলে এমন। ৪ মতাবলম্বী; বিশেষ মতবাদ অনুসারী। [স. বাদিন্>]। **বাদিনী** *স্ত্রী*।

বাদুড়, বাদুর *বি* চামচিকা অপেক্ষা বৃহৎ স্তন্যপায়ী ও ডানাযুক্ত নিশাচর প্রাণী। [স. বাতুলি>]। **বাদুরচোষা** *বিণ* বাদুরে চুষেছে এমন। **বাদুরঝোলা** *বিণ* চলন্ত বাস-ট্রেনে বাদুরের মতো ঝুলে থাকা।

বাদে *অব্য* ১ ব্যতীত; ছাড়া। ২ পরে গেলে; অতীত হলে। ৩ অবর্তমানে। [আ.+বা. (এ)]

বাদ্য *বি* যা বাজানো হয়; বাজনা; বাজনার যন্ত্র। [স. √বদ্+ণিচ্+য]। **বাদ্যকর** *বি* বাজনদার; বাজিয়ে। **বাদ্যভাণ্ড** *বি* বাদ্যযন্ত্রসমূহ।

বাধ *বি* ১ বাধা; ব্যাঘাত; প্রতিবন্ধ। ২ উপদ্রব; পীড়া। [স. √বাধ্+অ]

বাধা[১] *বি* ১ প্রতিবন্ধ; অন্তরায়; বিঘ্ন; ব্যাঘাত; নিষেধ। ২ প্রতিরোধ। [স. √বাধ্+অ+আ]

বাধা[২] *ক্রি* ১ রুদ্ধ বা বদ্ধ হওয়া; জড়িত বা লিপ্ত হওয়া; আটকানো (বাধাপড়া)। ২ বাধা পাওয়া; প্রতিবন্ধকতা বা বিরোধ সৃষ্টি হওয়া। ৩ রোধ করা (বাধা দেওয়া)। ৪ সংঘটিত হওয়া; লাগা (ঝগড়া বাধা, যুদ্ধ বাধা)। ৫ বন্দী বা ধৃত হওয়া (বেধে আনা)। ৬ বুঝতে অসুবিধে হওয়া। ❑*বি* উক্ত সকল অর্থে। ❑*বিণ* আবদ্ধ। [স.]। **বাধানো** *ক্রি* ১ ঘটানো। ২ আটকানো; বদ্ধ বা আবদ্ধ করা। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে।

বাধিত *বি* অনুগৃহীত; অনুগ্রহপ্রাপ্ত; উপকারের ঋণে বা কৃতজ্ঞতায় বদ্ধ। ❑*বিণ* বাধাযুক্ত; পীড়িত। [বা. √বাধ্+ত]

বাধো বাধো, বাধ বাধ *ক্রিবিণ* বেধে যাচ্ছে এমন; সঙ্কোচযুক্ত বা কুণ্ঠাযুক্ত ভাব।

বাধ্য *বিণ* ১ বশ্য; বশীভূত; আজ্ঞাবহ। ২ নিবারণযোগ্য; নিবারণীয়; নিষেধের। ৩ উপায়হীনতা (একাজ করতে তুমি বাধ্য)। [স. √বাধ্+য]। **বাধ্যবাধকতা** *বি* করতেই হবে এমন; পারস্পরিক বশ্যতা; বাধাবাধি।

বান[১] *বি* এক তক্তার সঙ্গে অন্য তক্তা জুড়বার জন্য যে খাঁজ কাটা হয়। **বানচাল** *বিণ* ১ নৌকার তক্তার জোড়া ফাঁক হয়ে যাওয়া। ২ ভণ্ডুল; ফেঁসে যাওয়া; বিপর্যয় ঘটা; ভেস্তে যাওয়া (পরিকল্পনা বানচাল হওয়া)।

বান[২] *বি* বন্যা; জলপ্লাবন; নদ-নদীর হঠাৎ প্রচুর জলস্ফীতি বা বৃদ্ধি। [স. বন্যা>]। **বান ডাকা** *ক্রি* বন্যা হওয়া। **বানের পানিতে ভেসে আসা**--(আল.) তুচ্ছভাবে বা মূল্যহীনভাবে পাওয়া; অসাররূপে বিবেচিত হওয়া। **বানের পানিতে ভেসে যাওয়া**—তুচ্ছ বা মূল্যহীন হওয়া;

সর্বনাশগ্রস্ত হওয়া। **বানভাসি** *বি* বন্যায় যা ভাসিয়ে আনে। ❑*বিণ* বন্যায় ভাসানো।

-বান যুক্ত বা অন্বিতসূচক প্রত্যয়। যথা ধনবান; গুণবান। [স.-বান,-বতী]

বানপ্রস্থ *বি* হিন্দুশাস্ত্র অনুসারে তৃতীয় আশ্রম; সংসার ছেড়ে পৌঢ় বয়সে বনে বসবাস করে ঈশ্বরের চিন্তায় অবশিষ্ট জীবন অতিবাহন। ❑*বিণ* তৃতীয় আশ্রম অবলম্বনকারী। [স.]

বানস্পত্য *বি* পুষ্প ব্যতীত ফল হয় এমন বট অশ্বত্থ ইত্যাদি গাছ; বনস্পতিসমূহ। [স.]

বানা *বি*১ তাঁত বোনার কাজে ব্যবহৃত সরু খিল।২ বাঁশের পাতলা সরু চটা দিয়ে প্রস্তুত মাছ আটকানোর বেড়া।

বানান *বি* শব্দের বর্ণ বিশ্লেষণ। [স. বর্ণন>]

বানানো *ক্রি*১ তৈরি করা; গড়া; প্রস্তুত করা। ২ রাঁধা। ৩ রাঁধবার জন্য কোনো কিছু কোটা। ৪ কোনো কিছুর তুল্য বলে প্রতিপন্ন করা। ৫ কিছুতে পরিণত করা। ❑*বিণ* কৃত্রিম; মিথ্যা। [তুল. হি. বনানা]

বানারসি, বেনারসি *বি* কাশিতে প্রস্তুত শাড়ি (বেনারসি শাড়ি)।

বানি, বানী *বি* বানানোর মজুরি; অলঙ্কার ইত্যাদি প্রস্তুত করবার মজুরি। [ফা.]

বানোয়াট, বানাওট *বিণ* কল্পিত; মিথ্যা। [তুল. হি. বনাওট]

বান্ডিল *বি* পুলিন্দা; তাড়া। [ই. Bundle]

বান্দা *বি*১ গোলাম; দাস; ক্রীতদাস; একান্ত বাধ্য।২ ব্যক্তি। ৩ সৃষ্ট মানব; মানুষ। ৪ অনুগত লোক; বশীভূত ব্যক্তি। ৫ (বিদ্রূপ) সহজ সরল ব্যক্তি (বান্দা বুঝেছে এবার)। [ফা.]। **বান্দি** *বি স্ত্রী.* দাসী; ক্রীতদাসী।

বান্ধা *ক্রি* বাঁধা।

বান্ধুলি, বাঁধুলি *বি* পুষ্পবিশেষ। [স. বন্ধুলি>]

বাপ[১]**, বাপস** *অব্য* ভয় বিস্ময় প্রভৃতিসূচক শব্দ। [স.]

বাপ[২] *বি*১ বাবা; পিতা; জন্মদাতা। ২ পুত্রস্থানীয় ব্যক্তির প্রতি স্নেহ সম্বোধন। ৩ পিতৃস্থানীয় ব্যক্তি বা পিতৃবৎ পূজ্য ব্যক্তি (ধর্মবাপ)। ❑*অব্য* ভয় বিস্ময় প্রকাশক শব্দ। [স. বপ্র ; হি. বাপ]। **বাপকা বেটা** *বিণ* পিতার যোগ্য পুত্র। **বাপকা বেটা সিপাইকা ঘোড়া কুচ নেহি তো থোড়া থোড়া**—পিতার গুণ সন্তানে কিছু না কিছু বর্তায়। **বাপকেলে** *বিণ* পৈত্রিক; পিতার আমলের; প্রাচীন। **বাপ বলা** *ক্রি* (আল.) একান্ত নতি স্বীকার করা; বশ্যতা স্বীকার করে নেওয়া। **বাপ-মা তোলা** *ক্রি* পিতামাতার উল্লেখ করে গালি দেওয়া। **বাপ-মা মরা দায়** *বি* বিশেষ দায়; যে বিপদে হীনতা স্বীকার করতে হয়। **বাপান্ত করা, চৌদ্দ পুরুষ তোলা** *ক্রি* পিতা ও পূর্বপুরুষের উল্লেখ করে গালাগালি দেওয়া। **বাপের জন্মে, বাপের কালে, বাপের বয়সে** কোনো দিন; কখনও; কোনো কালে। **বাপের বেটা** *বি* পিতার যোগ্য পুত্র; মরদ; বীরপুরুষ। **আপনি বাঁচলে বাপের নাম**—বিপদের সময়ে নিজের ভাবনাই আগে ভাবতে হয়।

বাপান্ত, বাপন্ত *বি* বাপ তুলে গালি।

বাপি, বাপী *বি*১ বড় পুকুর বা দিঘি; জলাশয়। [স. √বপ্+ ই/ঈ]। ২ বাপ আদরে বাপি; পিতা।

বাপু *বি* বাছা; স্নেহপাত্রকে সম্বোধনবিশেষ; বাবু; পিতা। **বাপুজি** *বি* মহাত্মা গান্ধীর সম্মানজনক সম্বোধন। **বাপু-বাছা করা** *ক্রি* সস্নেহে বাক্য প্রয়োগ করা। [স. বপ>]

বাবদ, বাবত *অব্য* জন্য; দরুন; দফা। [আ.]

বাবরি, বাবরী *বি* লম্বা কোঁকড়ানো চুল; কাঁধ পর্যন্ত লম্বা কোঁকড়ানো চুল। [ফা.]। **বাবরিকাটা** *বিণ* বাবরির মতো কুঞ্চিত করে চুল কাটা।

বাবলা *বি* এক জাতীয় কাঁটাওয়ালা গাছ—যার কাঠে লাঙ্গল ও যে-গাছের আঠায় গঁদ প্রস্তুত হয়। [স. বর্বুর>]

বাবা *বি*১ পিতা; জনক। [স. বপ্র, তু. বাবা]। ২ পিতার মতো আশ্রয়স্থল। ৩ পুত্র বা পুত্রস্থানীয়কে আদরে ও স্নেহ-সম্বোধনে ব্যবহৃত শব্দ। ৪ সাধু সন্ন্যাসী ও দেবতার প্রতি সম্মানসূচক উপাধি। ৫ বৎস। ৬ আদর অনুনয় ইত্যাদিসূচক সম্বোধন। ৭ বন্ধু-বান্ধবদের পরস্পরের প্রতি সম্বোধন। ৮ বিতৃষ্ণাজনক উক্তি। ৯ অধিকতর শক্তিশালী। **বাবাগো** *বিণ* দুঃখ যন্ত্রণা ইত্যাদিসূচক উক্তি। **বাবাজান, বা'জান** *বি* ১ পিতা। ২ বৎস। **বাবাজি, বাবাজী** *বি* ১ বৈষ্ণব সাধু সন্ন্যাসী সম্পর্কে সম্ভ্রমপূর্ণ উক্তি। ২ পুত্রস্থানীয়দের প্রতি আরোপিত সম্মানজনক শব্দ। **বাবাজীবন** *বি* জামাতা বা জামাতৃস্থানীয়ের প্রতি সস্নেহ সম্বোধন। **বাবাঃ** *অব্য* ভয় বিস্ময় বিদ্রূপ প্রভৃতি সূচক।

বাবু *বি*১ পদস্থ বা ভদ্র বাঙালি হিন্দুর নামের পরে ব্যবহৃত সম্ভ্রমসূচক শব্দ। ২ বাঙালি হিন্দু কর্মচারী। ৩ হিন্দুসমাজে স্বামী; গৃহস্বামী। ৪ দৈহিক শ্রমবিমুখ ব্যক্তি। ❑*বিণ* শৌখিন; বিলাসী; আয়েশি। **বাবুগিরি, বাবুয়ানা, বাবুয়ানি** *বি* শৌখিন চালচলন; বিলাসী হালচাল। **বাবুজি, বাবাজি, বাবু মশাই** *বি* ভদ্রলোকের প্রতি সম্মানজনক সম্বোধন। **বাবু-বাছা করা** *ক্রি* (আল.) পুত্রবৎ সস্নেহে বাক্য বলা। **বাবু-বাছা বলা** *ক্রি* স্নেহ ও আদর করা।

বাবুই, বাউই *বি* ১ বয়নপটু ক্ষুদ্র পাখি। ২ দীর্ঘ দৃঢ় তৃণবিশেষ। **বাবুই-তুলসী** *বি* একপ্রকার তুলসী গাছ।

বাবুর্চি *বি* ১ পাচক। ২ মুসলমান পাচক। [তু. বাবর্চি]। **বাবুর্চিখানা** *বি* রান্নাঘর; হেঁসেল; kitchen।

বাম *বি* ১ বাঁ দিক, ডান দিকের বিপরীত। ২ বামদিক, বামদিকস্থ। ❑*বিণ*১ বিমুখ; প্রতিকূল। ২ বিপরীত। ৩ সুন্দর। [স.]। **বামা** *স্ত্রী.*।

বামন[১]**, বামুন** *বি* ১ ব্রাহ্মণ, চতুর্বর্ণের শ্রেষ্ঠ বর্ণ। ২ পুরোহিত; পূজক। ৩ পাচক। [স. ব্রাহ্মণ]। **বামনী** *স্ত্রী.*। **বামন গেল ঘর তো লাঙ্গল তুলে ধর**—কর্মচারীদের উপর দৃষ্টি না রাখলে তারা কাজ করে না। **বামনঠাকুর** *বি* পুরোহিত; পূজক; ব্রাহ্মণজাতীয় পাচক। **বামন-শুদ্দুর তফাত**—আকাশ-পাতাল তফাত। **বামনের গরু**—যে ব্যক্তি বা বস্তুর নিকট অতি অল্প ব্যয়ে প্রচুর কাজ পাওয়া যায়।

বামন[২] *বি*১ বেঁটেলোক। [স.]। ২ হিন্দু পুরাণোক্ত বিষ্ণুর অবতারবিশেষ। [স.]। **বামন হয়ে চাঁদে হাত**—অসম্ভব প্রয়াস; অযোগ্য লোকের বিরাট কিছু করার চেষ্টা; অসম্ভব বস্তু লাভের বৃথা চেষ্টা।

বামপন্থী *বি* আইন সভায় বিরোধীদলীয় সদস্যবৃন্দ। ❑*বিণ* প্রগতিশীল।

বামা *বি* ১ সুন্দরী রমণী। ২ প্রতিকূলা; বিরুদ্ধাচারিণী; অপ্রসন্না। [স.]

বামাচার *বি* হিন্দু সমাজের তান্ত্রিক আচার; স্ত্রী-পুরুষের

মিলিতভাবে এক প্রকার তান্ত্রিক সাধনা। মদ-মাংস-মৈথুন প্রভৃতি পঞ্চ 'ম'-কার যুক্ত তান্ত্রিক সাধনা। **বামাচারী** *বি* বামাচার পদ্ধতির সাধক। [স. বাম+আচার, আচারী]

বামাবর্ত *বিণ* বাঁ দিকে যায় এমন; বাঁ দিকে ঘোরে এরূপ। [স. বাম+আবর্ত]

বামাল, বমাল *বি* চোরাই মাল; অপহৃত বস্তু। [ফা. ব+আ. মাল]। ❑ *বিণ* মালসমেত।

বামেতর *বিণ* ডান; ডাহিন; দক্ষিণ। [স. বাম+ইতর]

বায়[১] *বি* ১ বায়ু; হাওয়া; বাতাস; পবন; সমীরণ; সমীর। ২ গন্ধ; খোশবু। ❑ *ক্রিবিণ* বাতাসে; হাওয়ায়। [স. বায়ু>]

বায়[২] *ক্রি* ১ বাজায়। ২ বাজে। ৩ চালায়। [স. বাদ্য> বাজায়>বা. বায়]

বায়তুল মাল *বি* রাজকোষ; ধনাগার। [আ.]

বায়তুল্লাহ *বি* আল্লাহর ঘর; কা'বা।

বায়ন[১] *বিণ* বাদ্যকর। [স. বাদন>]

বায়ন[২] *বি* ১ পূজন। ২ পিষ্টকবিশেষ। [স. √বয়্+ ণিচ্+অন]

বায়না[১] *বি* ১ আবদার; প্রবল আগ্রহের সঙ্গে বার বার চাওয়া। ২ ছল; উছিলা; ওজর; ছুতা। [ফা. বাহানা]

বায়না[২] *বি* অগ্রিম মূল্যদান; দাদন; মূল্য নির্ধারণ করে কিয়দংশ অগ্রিম দান বা গ্রহণ; মূল্যের কিয়দংশ পূর্বে দান করে ক্রয়ের অঙ্গীকার। [আ. বয়+ফা. আনা>]। **বায়নাপত্র** *বি* বায়না করা হলো এইরূপ স্বীকৃতিপত্র।

বায়নাক্কা *বি* বিস্তৃত বিবরণ; বিস্তারিত বিবরণ; খুঁটিনাটি; ফর্দ; টালবাহানা।

বায়ব, বায়বীয়, বায়ব্য *বিণ* বায়ু বিষয়ক; বাতাস থেকে উৎপন্ন; বায়ুতুল্য; বায়ুপথে চলে এমন। [স.]

বায়স *বি* ১ কাক। ২ অগুরু বৃক্ষ। **বায়সী** *স্ত্রী*। **বায়সান্তক, বায়সারি** *বি* পেচক। [স. বায়স+অরি]

বায়স্কোপ *বি* চলচ্চিত্র; ছায়াছবি; সিনেমা। [ই.]

বায়া *বি* স্বত্ব বিক্রয়কারী (আদালতের ভাষা)। [আ. বা'য়ী]

বায়ু *বি* ১ বাতাস; হাওয়া; পবন; বাত; অনিল; মরুৎ; মারুত; সমীর; সমীরণ। ২ বাই; বাতিক। ৩ দেহ-মধ্যস্থ ধাতুবিশেষ। [স.]। **বায়ুগ্রস্ত** *বিণ* ১ বায়ু-রোগাক্রান্ত। ২ বাতিকগ্রস্ত। **বায়ুজীবী** *বিণ* কেবল বায়ু আহারপূর্বক জীবন ধারণ করে এমন। **বায়ুতনয়, বায়ুনন্দন** *বি* হনুমান। **বায়ুপথ** *বি* আকাশ। **বায়ুপরিবর্তন** *বি* স্বাস্থ্য লাভার্থ একস্থান থেকে অন্যস্থানে গমন। **বায়ুপ্রবাহ** *বি* বায়ুর স্রোত বা বেগ। **বায়ুবাহিনী** *বি* বায়ুসঞ্চারিণী শিরা। **বায়ুবিজ্ঞান** *বি* আবহবিদ্যা; meteorology। **বায়ুভুক** *বি* ১ বায়ু ভক্ষণ করে বেঁচে থাকে যে; বায়ু ভক্ষণকারী। ২ সাপ; অহি। **বায়ুমণ্ডল** *বি* ১ পৃথিবীর উপরে আকাশে যতদূর পর্যন্ত বাতাস আছে। ২ আকাশ; শূন্য। **বায়ুমান যন্ত্র** *বি* যে যন্ত্রে বায়ুর চাপ মাপা হয়; barometer। **বায়ুরোগ** *বি* উন্মাদরোগ; ক্ষিপ্ততা বা পাগলামি রোগ; বাতিক। **বায়ুসখা** *বি* অগ্নি। **বায়ুসেবন** খোলা জায়গায় ঘুরে তাজা বাতাস শরীরে নেওয়া। **বায়ুস্তর** *বি* বায়ুর বিভিন্ন থাক বা পর্যায়।

বায়েত, বয়াত *বি* মুরিদ হওয়া; শিষ্যত্ব গ্রহণ। ❑ *ক্রি* ১ দীক্ষা দান করা। ২ আনুগত্য স্বীকার করা। [আ. বাইআত>]

বায়েন *বি* বাদ্যকর; বাদক; দক্ষ বাদক। [স. বাদন>]

বার[১] *বি* ১ সপ্তাহের বিভিন্ন দিন। ২ নির্দিষ্ট দিন। ৩ দফা; পালা; পর্যায়। ৪ সাধারণ। ৫ নিবারণ। ❑ *বিণ* নিষিদ্ধ। [স. √বৃ+অ]। **বারবার, বারংবার, বারম্বার** *ক্রিবিণ* পুনঃপুন।

বার[২] *বি* ১ ব্যবহারজীবীদের সম্প্রদায়; আদালতের উকিল-সমষ্টি। [ই. bar]। **বার অ্যাসোসিয়েশন** *বি* উকিল-সমিতি। **বার-লাইব্রেরি** *বি* উকিলদের বসবার জায়গা।

বার[৩] শুঁড়িখানা। [ই.]

বার[৪]=বারো।

বারকোনা *বি* কাঠের তৈরি বড় থালা। [ফা.]

বারণ[১] *বি* নিবারণ; নিষেধ; মানা। **বারক** *বিণ* ১ নিবারক; নিষেধকারী। ২ প্রতিবন্ধক; বাধাসৃষ্টিকারী। **বারণীয়** *বিণ* নিষেধযোগ্য; নিবারণ করা উচিত এমন।

বারণ[২] *বি* ১ হস্তী; হাতি। ২ বর্ম; অঙ্কুশ। **বারণবল্লভা** *বি* কলাগাছ।

বারতা (পদ্যে) *বি* বার্তা, সংবাদ; খবর। [স. বার্তা>]

বারদরিয়া *বি* বাইরের দরিয়া; উন্মুক্ত সমুদ্র; বহিঃসমুদ্র। [বা. বার+ফা. দরিয়া]

বারনারী, বারবধূ, বারবণিতা, বারবিলাসিনী, বারযোষিৎ *বি* গণিকা; বারাঙ্গনা; বেশ্যা। [স.]

বারবেলা *বি* লোক-সংস্কারে দিবসের যে অংশে শুভকার্য করা নিষিদ্ধ (বৃহস্পতিবারের বারবেলা)।

বারমতি *বি* ধর্মঠাকুরের পূজা।

বারা *ক্রি* ১ (পদ্যে) নিবারণ করা; বাধা দেওয়া। ২ ঢেঁকিতে ধান ভানা। [আঞ্চলিক]

বারাঙ্গনা *বি* বারবধূ; বারনারী; গণিকা; বেশ্যা। [বার (সাধারণ বা সমূহ)+অঙ্গনা]

বারানসি *বি* ১ কাশি; বরুণা ও অসি নদীর মধ্যস্থিত নগরী। ২ কাশিতে প্রস্তুত শাড়ি।

বারান্তর, বারান্তরে *বি* পুনরায়; সময়ান্তরে; অন্য বারে; অন্য সময়ে। [স. বার+অন্তর, অন্তরে]।

বারান্দা, বারাণ্ডা *বি* ঘরের সম্মুখস্থ চত্বর; দাওয়া। [ফা. বরামদাহ্]

বারাম *বি* আসর; বৈঠক; ইয়ার বন্ধুদের নিয়ে গল্পে মশগুল। [ফা. বা+আ. আম]। **বারামখানা** *বি* আরাম করবার ঘর; বৈঠকখানা।

বারি *বি* ১ পানি; সলিল; বৃষ্টি। ২ জলপাত্র; ঘট; কলসি। [স.]। **বারিধি, বারিনিধি** *বি* সমুদ্র।

বারিক *বি* সৈন্যদলের বাসগৃহ। [ই. barrack]

বারুই, বারই *বি* বৃত্তিজীবী হিন্দু সম্প্রদায় যারা পান উৎপাদন ও বিক্রয় করে; তাম্বুলিক; তাম্বুলী। [স. বারকী>]

বারুদ *বি* এক প্রকার বিস্ফোরক চূর্ণ, যা দিয়ে কামান বন্দুক ইত্যাদির গুলি প্রস্তুত হয়। [তু. বারুদ]। **বারুদখানা** *বি* যে ঘরে বা গুদামে বারুদ রাখা হয়।

বারেন্দ্র *বিণ* বরেন্দ্র অঞ্চলের; উত্তরবঙ্গের লোক বা বিষয় সংক্রান্ত।

বারো, বার *বি,বিণ* ১২ সংখ্যা বা সংখ্যা বা সংখ্যক; দ্বাদশ। [স. দ্বাদশ>]। **বারোই, বারই** *বি* মাসের দ্বাদশ দিবস বা তারিখ। **বারোয়ারি, বারইয়ারি** *বি,বিণ* বারোজন বন্ধুর (যৌথকাজ) সর্বজনীন বা যৌথ ব্যবস্থা। [বার+ফা. ইয়ার (বন্ধু)+বা. ই/ঈ]। **বারো ভূঁইয়া, বারভূঁঞা** *বি* দ্বাদশ ভূম্যধিকারী; পাঠান রাজত্বের শেষ

ভাগের বঙ্গের বারো জন শক্তিশালী সামন্ত রাজা। **বারোমাসি, বারমাস্যা** *বি* বিরহিণী নারীর এক বৎসর ব্যাপী দুঃখের কাহিনী নিয়ে রচিত কবিতা। **বারো মাসে তেরো পার্বণ**—পার্বণাধিক্য বোধক; পার্বণ বা উৎসব লেগেই আছে এমন। **বারো হাত কাঁকুড়ের তেরো হাত বিচি** (ব্য.) ১ অতিরিক্ত দীর্ঘ। ২ বড় বাড় বেড়েছে এমন।

বারোয়াঁ, বারোয়া *বি* একটি রাগিণীর নাম। [হি. বরবাঁ]

বার্ণিক *বি* ১ লেখক-লিপিকর যে রং দিয়ে লেখে বা রং লাগায়। ২ লেখক; চিত্রকর; লিপিকর। [সং. বর্ণ+ইক]

বার্তা *বি* সংবাদ; বৃত্তান্ত; খবর; জনশ্রুতি। [সং.]

বার্ধক্য *বি* পৌঢ়ত্বের পরবর্তী বয়স; বৃদ্ধাবস্থা; জরা। [সং. বার্ধক+য]

বার্নিশ, বার্নিস *বি* কাঠ লোহা প্রভৃতি চকচকে করবার জন্য বিভিন্ন ধরনের রঙের যে লেপ দেওয়া হয়। [ই.]

বার্লি *বি* যব; যবের গুঁড়া; যবচূর্ণ। [ই.]

বার্ষিক *বিণ* ১ বর্ষ সংক্রান্ত; বাৎসরিক। ২ প্রতি বৎসরে অনুষ্ঠানযোগ্য বা দেয়। [সং.]। **বার্ষিকী** *বি স্ত্রী.* ১ বৎসরে করণীয় অনুষ্ঠানসমূহ। ২ প্রতি বৎসর ঘটে বা প্রকাশিত হয় এমন; বাৎসরিক।

বার্হস্পত্য *বি* বৃহস্পতি রচিত শাস্ত্র; নীতিশাস্ত্র; বৌদ্ধশাস্ত্র; চার্বাক ঋষি প্রণীত শাস্ত্র। [সং.]। ❑ *বিণ* বৃহস্পতি সংক্রান্ত।

বাল *বি* বালক; শিশু। [সং. √বল্+অ]। **বালা** *স্ত্রী.*। **বালক্রীড়া** *বি* ছেলেখেলা; শিশুকালের খেলা। **বালখিল্য** *বি* হিন্দু পুরাণোক্ত ষাট হাজার অঙ্গুষ্ঠ প্রমাণ ঋষি। ❑ *বিণ* শিশুজনোচিত। **বালগোপাল** *বি* বালক কৃষ্ণ। **বালবাচ্চা** *বি* ছেলেপুলে; সন্তান। [হি.]। **বালবিধবা** *বি* যে মেয়ে বালিকা অবস্থায় বিধবা হয়েছে। **বালরোগ** *বি* শিশুদের রোগ। **বালশশী** *বি* শুক্লপক্ষের দ্বিতীয়ার চাঁদ। **বালসন্ধ্যা** *বি* উষার নবোদিত সূর্য; বালার্ক।

বালক *বি* ১ ছোট ছেলে; শিশু; অল্প বয়সী পুরুষ; তরুণ কিশোর; ষোলো বৎসরের অনধিক ব্যক্তি। ২ অর্বাচীন; নির্বোধ; অপক্ব; অভিজ্ঞতাশূন্য ব্যক্তি। **বালিকা** *স্ত্রী.*। [সং. বাল+ক অথবা √বল্ (প্রাণধারণ)+অক]

বালতি *বি* টবের আকৃতির হাতলবিশিষ্ট জলপাত্র বা জলাধার। [পো. balde; পর্তু. bucket]

বালা[১] *বি* ১ বালিকা; ষোলো বৎসরের অনধিক বয়সের নারী। ২ কিশোর; তরুণী। ৩ কন্যা। ৪ যুবতী। [সং. বাল+আ]

বালা[২] *বি* বলয়; হাতের অলঙ্কার। [সং. বলয়>]

বালাই *বি* আপদ-বিপদ; অমঙ্গল; উৎপাত; দুর্দৈব; সঙ্কট। ❑ *অব্য* অকল্যাণকর উক্তির খণ্ডনবাচক শব্দ। [আ. বালা>]। **বালাইষাট** *অব্য* অকল্যাণকর উক্তি বা অমঙ্গল খণ্ডনার্থ উচ্চারিত শব্দ। **বালামুসিবত** *বি* বিপদ-আপদ; দুর্যোগ। **আপদ বালাই** *বি* বিঘ্ন; অকল্যাণ; বিপদ। **আলাই বালাই**—ব্যাধি; অমঙ্গল আপদ বিপদ দূর হয়ে যাক। **রোগ বালাই** *বি* ব্যাধি; অমঙ্গল ইত্যাদি।

বালাখানা *বি* ১ উচ্চ অট্টালিকা; প্রাসাদ। ২ দোতলা বা তদূর্ধ্ব তলার ঘর। [ফা. বালাখানাহ্]

বালাপোশ, বালাপোষ *বি* পাতলা লেপের মতো গায়ে দেবার এক ধরনের বস্ত্র। [ফা. বালাপোশ]

বালাম[১] *বি* ১ এক জাতীয় সরু ধান। ২ চাউল বহন করার নৌকার সাধারণ নাম।

বালাম[২] *বি* পুস্তকের খণ্ড যাতে আদালতের দলিলাদি লেখা হয়। [ই. volume>]

বালার্ক *বি* নবোদিত সূর্য; অরুণ। [সং. বাল+অর্ক]

বালি[১] *বি* বালু; বালুকা। [সং. বালুকা>]। **বালির বাঁধ**—অত্যন্ত অল্পক্ষণ স্থায়ী বস্তু বা ব্যাপার। **চোখের বালি**⟹চোখ।

বালি[২] (ব্র.) *বি,বিণ* অল্পবয়সী নারী; বালিকা; কিশোরী। [সং. বালিকা>]

বালিকা *বি* ১ ছোট মেয়ে; কিশোরী; অনধিক আঠারো বছরের নারী। ২ অনভিজ্ঞা; অল্পবয়স্কা তরুণী।

বালিয়াড়ি *বি* নদী বা সমুদ্রের তীরের উচ্চ বালির স্তূপ; নদীর বালুকাময় উচ্চ তীর।

বালিশ *বি* উপাধান; শয়নকালে যে আধারে মাথা রাখা হয়। [ফা.]। **কোলবালিশ, পাশবালিশ** *বি* যে উপাধানে মাথা ছাড়া দেহের অন্য অংশকে আরাম দেওয়ার জন্য রাখা হয়; পার্শ্বস্থিত লম্বা আকৃতির বালিশ।

বালু *বি* বালি। [সং. বালুকা>]। **বালুচর** *বি* বালির পলিতে উৎপন্ন চর।

বালুকা *বি* বালি। [সং.]

বাল্মীকি *বি* সংস্কৃত রামায়ণ রচয়িতা কবি ও মুনি; আদি কবি। **বল্মীক** *বি* উইয়ের ঢিবি।

বাল্য *বি* শৈশব; ছেলেবেলা; বালক বয়স; ষোলো বৎসর বয়স পূর্ণ না হওয়া পর্যন্ত সময়। [সং.]। **বাল্যকাল** *বি* বালক বয়স। **বাল্যপ্রণয়, বাল্যপ্রেম** *বি* অপ্রাপ্ত বয়সের ভালোবাসা। **বাল্যবন্ধু, বাল্যসখা, বাল্যসুহৃদ** *বি* শৈশব থেকে যার সঙ্গে বন্ধুত্ব আছে। **বাল্যবিবাহ** *বি* শৈশবে সংঘটিত বিবাহ, অপরিণত বয়সে কৃত পরিণয়। **বাল্যশিক্ষা** *বি* বালক বয়সের শিক্ষা; প্রাথমিক শিক্ষা। **বাল্যসঙ্গী, বাল্যসহচর** *বি* শৈশবের সাথি।

বাশিন্দা, বাসিন্দা *বি* অধিবাসী। [ফা. বাসিনদহ্]

বাশুলী, বাসুলী *বি* বৌদ্ধতন্ত্রে লেখা এবং চণ্ডীদাস পূজিত দেবী। [সং. বৎসলা>]

বাষট্টি *বি,বিণ* ৬২ সংখ্যা বা সংখ্যক। [সং. দ্বিষষ্টী>]

বাষ্প *বি* ১ উত্তাপের ফলে তরল পদার্থের বায়বীয় অবস্থা। ২ ধোঁয়া; তাপ। ৩ চোখের জল; অশ্রু। ৪ আভাস; অস্পষ্ট প্রকাশ; ইঙ্গিত। [সং.]। **বাষ্পপোত** *বি* বাষ্পচালিত জাহাজ; স্টিমার। **বাষ্পরথ, বাষ্পশকট** *বি* বাষ্পচালিত গাড়ি; রেলগাড়ি। **বাষ্পস্নান** *বি* সর্বাঙ্গে গরম ধোঁয়া বা ভাপ প্রয়োগ (প্রধানত রোগ প্রতিকারকল্পে); অবগাহন। **বাষ্পাকুল** *বিণ* অশ্রুসজল; অশ্রুপূর্ণ। **বাষ্পীয়** *বিণ* বাষ্প সম্বন্ধীয়; বাষ্পের সাহায্যে চালিত।

বাস[১] *বি* গন্ধ; সৌরভ; সুগন্ধ। [সং. বাস+অ]

বাস[২] *বি* বস্ত্র; কাপড়; বসন। [সং. <বাসস্>]

বাস[৩] *বি* ১ বাসস্থান। ২ অবস্থান। ৩ গৃহ; আশ্রয়। [সং. √বস্+অ]

বাস[৪] *বি* যে মোটরগাড়ি অনেক যাত্রী বহন করে। [ই.]

বাসক[১] *বি* ১ পুষ্পবিশেষ। ২ ঔষধে ব্যবহৃত এক প্রকার ছোট গাছ; বাসক গাছ। [সং. √বাস্+অক]

বাসক[২] *বি* শয্যাগৃহ; শয়নকক্ষ। **বাসকসজ্জা, বাসসজ্জা** *বি* নায়কের আগমন প্রত্যাশায় যে নারী স্বীয় শরীর ও বাসগৃহ সাজিয়ে প্রতীক্ষা করে।

বাসন[১] *বি* ১ সুগন্ধকরণ; সুবাসিতকরণ; ধূপন। ২ বস্ত্র।

৩ বাসস্থান। ৪ পাত্র। [স. বাস+অন]

বাসন[২] *বি*১ থালা; জলপাত্র; জালা। ২ বাসক। ৩ গৃহস্থালীর কাজে ব্যবহৃত পাত্র বা আধার। ৪ বসতি স্থাপন। [স. √বস্+ণিচ্+অন]

বাসনা[১] *বি* প্রত্যাশা; কামনা; অভিলাষ; আকাঙ্ক্ষা। **বাসনাকুল** *বিণ* কামনায় অধীর। [স. বাসনা+আকুল]

বাসনা[২] *বি*১ কলাগাছের শুকনা পাতা বা বাকল। ২ সুগন্ধ; সৌরভ।

বাসন্ত, বাসন্তিক *বি* বসন্ত ঋতু সম্বন্ধীয়; বসন্তকালীন। ❑*বিণ* বসন্তকালে জন্মে এমন। [স.]

বাসন্তী *বিণ* বসন্ত সংক্রান্ত; কমলালেবুর বর্ণযুক্ত। **বাসন্তী পূজা** *বি* বসন্তকালে অনুষ্ঠিত হিন্দুদের দুর্গাপূজা। **বাসন্তী রং** *বি* বসন্তের শুকনা পাতার রং; হলদে বা কমলা রং।

বাসব *বি* দেবরাজ ইন্দ্র। [স.]। **বাসবদত্তা** *বি* সুবন্ধুকৃত সংস্কৃত গদ্যকাব্যের নায়িকার নাম।

বাসমতি *বি* এক প্রকার সুগন্ধি চাল।

বাসর[১], **বাসরঘর** *বি* বরকন্যার বিবাহরাত্রি যাপনের সুসজ্জিত কক্ষ। [স.]। **বাসরজাগানি** *বি* বাসরে রাত জাগরণ হেতু বরপক্ষের নিকট কন্যাপক্ষের প্রাপ্য অর্থ। [স. বাসগৃহ>]

বাসর[২] *বি* দিন; বার। [স.]। **বাসরীয়** *বিণ* দিবসের (রবিবাসরীয়)।

বাসা[১] *বি*১ বাসস্থান; আবাসস্থল; নীড়। ২ অস্থায়ী ভাড়াটে আবাস। ৩ আশ্রয়। [স. বাস+বা. আ]। **বাসাড়ে** *বি* ভাড়াটে বা অস্থায়ী বাসিন্দা।

বাসা[২] *ক্রি* ১ বোধ করা; অনুভব করা। ২ মনে করা; ভালোবাসা। [স. √বস্+বা. আ]

বাসা[৩] *বি* বাসক গাছ।

বাসি, বাসী *বিণ*১ মলিন; শুষ্ক। ২ টাটকা নয় এমন। ৩ পূর্বদিনের বা পূর্বরাত্রের প্রস্তুত। ৪ গত; পুরনো। ৫ নতুনত্বহীন। [স.]। **বাসি কাপড়** *বি* যে কাপড় আগের রাত্রে বিশেষত শয়নকালে ব্যবহৃত হয়েছে। **বাসি ঘর** *বি* যে ঘরে সকাল বেলা থেকে ঝাঁট পড়েনি। **বাসি ফুল** *বি* বিগত রাতে বা দিনে তোলা ফুল। **বাসি বিয়ে** *বি* হিন্দু বিবাহের পরদিন আচরণীয় অনুষ্ঠানসমূহ। **বাসি ভাত** *বি* আগের দিন বা রাত্রে রাঁধা ভাত। **বাসি মড়া** *বি* হিন্দুমতে যে মৃতদেহ মৃত্যু দিনে রাতের মধ্যে দাহ না করে রাখা হয়েছে। **বাসি মুখ** *বি* সকালে ঘুম ভাঙ্গার পর যে মুখ ধোয়া হয়নি।

বাসিন্দা *বি* বাসকারী; বসবাসকারী; অধিবাসী। [ফা. বাশিন্দহ্]

-বাসী *বিণ* বাসকারী; বাসিন্দা (পরবাসী)। [স.]। **-বাসিনী** *স্ত্রী.*।

বাসুকি, বাসুকেয় *বি* সর্পরাজ অনন্ত। [স.]

বাসুদেব *বি* বসুদেবের পুত্র শ্রীকৃষ্ণ। [স.]

বাস্তব *বিণ*১ বস্তু বিষয়ক; প্রকৃত; যথার্থ; সত্তাযুক্ত। ২ ইন্দ্রিয়গোচর। ❑*বি* সত্য। [স.]। **বাস্তবতা, বাস্তববাদ** *বি* ইন্দ্রিয়গোচর জগৎই এক মাত্র সত্য—এ মতবাদ; realism। **বাস্তববাদী** *বি,বিণ* বাস্তববাদ মানে এমন; যে কল্পনাসর্বস্ব নয়। **বাস্তবিক** *বিণ* যথার্থ; সত্য; প্রকৃত। ❑*ক্রিবিণ* প্রকৃতপক্ষে।

বাস্তব্য *বি* বসবাসের উপযুক্ত; বাস করা যায় এমন; বাসযোগ্য। [স. √বস্+ণিচ্+তব্য]

বাস্তু *বি* বাসস্থান; বহুকালের বসতভূমি; পুরুষানুক্রমে যে বাড়িতে বাস করা হয়। [স. √বস্+তু]। **বাস্তুকর্ম** *বি* বাসগৃহ-নির্মাণ। **বাস্তুকার** *বি* বাসগৃহ প্রভৃতির নির্মাতা; civil engineer। **বাস্তুকলাবিদ** *বি* স্থপতি। **বাস্তুঘুঘু** *বি* সুদীর্ঘকাল থেকে গৃহে বসবাসকারী যে দুষ্ট ব্যক্তিকে দূর করা দুরূহ; দুষ্ট ও সর্বনাশা ব্যক্তি। **বাস্তুবিদ্যা** *বি* স্থাপত্যবিদ্যা। **বাস্তুভিটা** *বি* যে ভূমির উপর পুরুষানুক্রমিক বাসগৃহ নির্মিত বা প্রতিষ্ঠিত। **বাস্তুসাপ** *বি* দীর্ঘকাল যাবৎ বাস্তুভিটায় বাসকারী সাপ—যে গৃহস্থের ক্ষতি করে না।

বাহক *বিণ* ১ বহন করে এমন। ২ সারথি। **বাহিকা** *বিণ স্ত্রী.*। [স. √বহ্+অক বা √বাহি+অক]।

বাহন *বি*১ যে বহন করে অথবা যা দিয়ে বহন করা হয়; অশ্ব হস্তী শিবিকা রথ ইত্যাদি। ২ যানবাহন। ৩ মাধ্যম। ৪ অনুচর; স্তাবক। [স. √বহ্+ণিচ্+অন]

বাহবা, বাহা[১] *অব্য* প্রশংসাসূচক উক্তি; বিস্ময় উপহাস প্রভৃতি সূচক উক্তি। **বাহা বাহা** *অব্য* চমৎকার।

বাহা[২], **বাওয়া** *ক্রি* ১ নৌকা চালানো; পানি ঠেলে নিয়ে যাওয়া। ২ অতিক্রম করা; চলা; উপরে ওঠা। ৩ প্লাবিত করা; ভাসানো। ৪ উপচানো।

বাহাই *বি* ইরানের মির্জা হুসেন আলি (১৮১৭-১৮৯২) ওরফে বাহাউল্লাহ প্রবর্তিত ধর্মসম্প্রদায়বিশেষ। সকল ধর্মের ঐক্য, সর্বজনীন শিক্ষা, বিশ্বশান্তি ও নরনারীর সমানাধিকার এই ধর্মের মূলমন্ত্র।

বাহাছ, বাহাস *বি*১ ইসলাম ধর্ম সংক্রান্ত তাত্ত্বিক তর্ক বিতর্ক। ২ যুক্তিতর্ক; বিতর্ক; তর্ক। [আ.]

বাহাত্তর, বায়াত্তর *বি,বিণ* ৭২ সংখ্যা বা সংখ্যক। [স. দ্বাসপ্ততি>]। **বাহাত্তুরে** *বিণ* ১ বাহাত্তর বছর বয়স্ক শক্তিহীন অকজো বৃদ্ধ। ২ ভীমরতিগ্রস্ত।

বাহাদুর *বি* ইংরেজ আমলের সরকারি খেতাবের অংশ। [ফা. মূলে মঙ্গোলীয়]। ❑*বিণ* ১ বীর; দুঃসাধ্য কর্ম সম্পন্নকারী; কৃতী। ২ সাহসী; নির্ভীক। ৩ কাজ হাসিল করতে জানে বা পারে এমন। **বাহাদুরি** *বি* পৌরুষ; কৃতিত্বের গৌরব।

বাহানা *বি*১ অছিলা; ছল; ভান; ছুতা; ওজর। ২ বায়না; আবদার; ক্রমাগত প্রার্থনা। ৩ আপত্তি। [ফা.]। **বাহানাবাজ** *বি* ওজর অছিলায় পটু।

বাহান্ন *বি,বিণ* ৫২ সংখ্যা বা সংখ্যক। [স. দ্বাপঞ্চাশৎ>]। **যাহা বাহান্ন তাহা তিপান্ন**—প্রভেদশূন্য; প্রায় একই; এতটা সম্ভব হলে আরও সামান্য হতে আপত্তি হওয়ার কথা নয় এমন ভাব; বেপরোয়া ভাব।

বাহার[১] *বি*১ শোভা; সৌন্দর্য; জৌলুস; চটক। ২ মজা। ৩ সঙ্গীতের রাগিণীবিশেষ। ৪ বসন্তকাল। [ফা. বহার>]। **বাহার দেওয়া** *বিণ* শোভা বা সৌন্দর্য বিকশিত করা। **বাহারি** *বিণ* বাহ্যিক সৌন্দর্যময়; মেকি। **গুলবাহার** *বিণ* ফুল তোলা হয়েছে এমন। **পাতাবাহার** *বি* বিবিধ বর্ণের পত্রময় ফলপুষ্পহীন গাছ। **বাহারে, বাহারিয়া** *বিণ* সুন্দর; মনোহর; শোভাযুক্ত।

বাহার[২] *বি* প্রবাহ। [তুল. হি. বহাও]

বাহিত *বিণ*১ বহন করা বা আনা হয়েছে এমন। ২ চালিত; প্রবাহিত। [স. √বহ্+ণিচ্+ত]। **বাহিতা** *বিণ স্ত্রী.*।

বাহিনী *বি*১ সৈন্যদল; দলবাহ। ২ অশ্ব হস্তী প্রভৃতি। ৩

নদী; যা প্রবাহিত হয়। [স.√বাহ্+ইন+ঈ]

বাহির, বাইর, বের *বি* বহির্ভাগ; বাইরের অংশ; বহির্দেশ; সদর; বাহির-বাড়ি; বৈঠকখানা। ❑ *বিণ* ১ নিষ্ক্রান্ত। ২ বের করা হয়েছে এমন; নিষ্কাশিত। ৩ নিঃসৃত। ৪ প্রকাশিত। ৫ বিজ্ঞাপিত। ৬ আবিষ্কৃত। ৭ বহিষ্কৃত। ৮ শাসন বা দমন করা হয়েছে এমন। ৯ আয়ত্ত; বহির্ভূত। ১০ বাইরে অবস্থিত; বহির্দেশস্থ। [স.]। **বাহিরানো, বেরোনো** *বি, বিণ* উক্ত অর্থে। ❑ *ক্রি* বহির্গত হওয়া; বাইরে যাওয়া। **বাইরে, বাহিরে** *ক্রিবিণ* বহির্ভাগে; বহিঃস্থ স্থানে; অন্য স্থানে; অন্য জায়গায়। ❑ *অব্য* অতিরিক্ত।

-বাহী(-হিন্) *বিণ* ১ বহন করে এমন; বহনকারী; যাত্রীবাহী। ২ প্রবাহিত। [স.√বহ্+অ]। **বাহিনী** *বিণ স্ত্রী.*।

বাহু *বি* ১ ভুজ; স্কন্ধ থেকে হাতের আঙুল পর্যন্ত অঙ্গ। ২ কনুইয়ের উপরিভাগ।। ৩ চৌকাঠের পার্শ্বদেশ। ৪ ত্রিভুজ ইত্যাদির পার্শ্বদেশ। ৫ দৈহিক শক্তি বা অস্ত্রাদির শক্তি। [স.]। **বাহুত্র, বাহুত্রাণ** *বি* হস্তাবরক বর্ম। **বাহুবন্ধ** *বি* বাজুবন্ধ। **বাহুবল** *বি* গায়ের জোর, দেহশক্তি। **বাহুমূল** *বি* বগল। **বাহুযুদ্ধ** *বি* হাতাহাতি; কুস্তি।

বাহুল্য *বি* ১ আধিক্য; প্রাচুর্য; বাড়াবাড়ি। ২ অতিরিক্ত; অনাবশ্যক ব্যাপার। [স. বহুল+য]

বাহ্য[১] *বিণ* ১ বাইরের। ২ অসত্য; অপ্রকৃত; অপ্রধান। [স. বহিস্+য]। **বাহ্যজগৎ** *বি* দৃশ্যমান জড়জগৎ। **বাহ্যজ্ঞান** *বি* বহির্বিষয়ের জ্ঞান; ইন্দ্রিয় দ্বারা লব্ধ জ্ঞান; চেতনা; সাংসারিক জ্ঞান বা কাণ্ডজ্ঞান। **বাহ্যদৃষ্টি** *বি* চক্ষু দ্বারা দর্শন; সাধারণ দৃষ্টি। **বাহ্যমান** *বিণ* বের হচ্ছে এমন। **বাহ্যিক** *বিণ* ১ বাইরের। ২ আপাত দৃশ্যমান। **বাহ্যেন্দ্রিয়** *বি* চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ত্বক—এই পঞ্চ ইন্দ্রিয়।

বাহ্য[২] *বি* মল; বিষ্ঠা। **বাহ্য করা** *ক্রি* মলত্যাগ করা। **বাহ্য পাওয়া** *ক্রিবিণ* মলত্যাগের বেগ হওয়া।

বাহ্বাস্ফোট *বি* বাহুতে বা দেহে চাপড় মেরে আস্ফালন বা দম্ভ প্রকাশ; মালসাট। [স. বাহু+আস্ফোট]

বি *অব্য* বিকার, বিশেষ বৈপরীত্য প্রভৃতি ভাবসূচক উপসর্গ। [স.]

বিউগল, বিগুল *বি* ১ রণশিঙ্গা; বাদ্যযন্ত্রবিশেষ। ২ শিঙ্গাজাতীয় ইউরোপীয় বাঁশিবিশেষ যার বাদ্য সংকেতরূপে ব্যবহৃত হয়। [ই. bugle]

বিউনি[১], **বিউনী**[১] *বি* বেণী; বিন্যস্ত কেশ; বিনানো চুল; বিনুনী। [স. বেণী; বেণি>]

বিউনি[২], **বিউনী**[২] *বি* বীজনী; হাতপাখা।

বিউর *বি* বাদ্যযন্ত্রবিশেষ।

বি এ, বি এস-সি, বি কম *বি* ১ বিশ্ববিদ্যালয় প্রদত্ত কলা বিজ্ঞান ও বাণিজ্য বিষয়ক Bachelor of Arts; Bachelor of Science এবং Bachelor of Commerce উপাধিসমূহ। ২ স্নাতক কলা বিজ্ঞান ও বাণিজ্য শ্রেণী। ৩ গ্রাজুয়েট ডিগ্রিধারী শিক্ষিত যুবক। [ই. B.A, B.Sc, B.Com]

বি এল *বি* আইন পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার ফলে বিশ্ববিদ্যালয় থেকে প্রদত্ত Bachelor of Law উপাধি। [ই.]

বিংশ *বিণ* কুড়ি সংখ্যার পূরক। [স.]। **বিংশতি** *বি, বিণ* কুড়ি; বিশ; ২০ সংখ্যা বা সংখ্যক। **বিংশতিতম** *বিণ* কুড়ি সংখ্যার পূরক। **বিংশতিতমী** *বিণ স্ত্রী.*।

বিঁধ *বি* ছিদ্র; ফোঁড়। [স.√বিধ্+অ]

বিঁধা, বেঁধা *ক্রি* ১ বিদ্ধ হওয়া। ২ কণ্টক বিদ্ধ হওয়ার মতো তীব্র বেদনা বোধ হওয়া। ৩ বিদ্ধ করা; ছিদ্র করা। **বিঁধানো, বেঁধানো** *ক্রি* ১ বিদ্ধ করা; ফুটিয়ে দেওয়া; ছিদ্র করা। ২ বিদ্ধ বা ছিদ্র করানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **বিঁধিয়ে বিঁধিয়ে কথা বলা** *ক্রি* বাঁকা বাঁকা কথা বলা; অন্যের মনে ঘা দিয়ে কথা বলা।

বিঁধানো *ক্রি* ছিদ্র করা।

বিকচ[১] *বিণ* বিকশিত; প্রস্ফুটিত; প্রফুল্ল। **বিকচিত** *বিণ* বিকশিত। [স. বি+√কচ্+অ]

বিকচ[২] *বিণ* কেশহীন; চুলশূন্য; মুণ্ডিত। [স. বি (বিগত)+কচ]

বিকট *বিণ* ১ অদ্ভুত ও ভীতিকর। ২ করাল; ভয়ঙ্কর। ৩ বৃহৎ; বিপুল। [স. বি+√কট্+অ]। **বিকটা** *বি স্ত্রী.* হিন্দু দেবতাবিশেষ। **বিকটাকার** *বি* বিকট মূর্তি; ভয়ঙ্কর চেহারা। ❑ *বিণ* বিকট মূর্তিযুক্ত; ভীতিজনক; ভয়ঙ্কর।

বিকম্প, বিকম্পন *বি* কম্পন; স্পন্দন। [স. বি+√কম্প্+অ/অন]

বিকম্পিত *বিণ* অত্যন্ত কম্পিত; আন্দোলিত; অতিশয় কম্পিত। [স.]

বিকর্ণ *বিণ* ১ কর্ণহীন; ছিন্নকর্ণ। ২ দুর্যোধনের এক ভাই। [স. বি+কর্ণ]

বিকর্ষণ *বি* ১ উল্টা টান; বিরাগ। ২ আকর্ষণের বিপরীত; বিপ্রকর্ষণ। [স. বি+কর্ষ/কর্ষণ]

বিকল *বিণ* ১ কলাহীন; অঙ্গহীন; অপূর্ণ। ২ অক্ষম; অবশ। ৩ অস্থির; স্থৈর্যশূন্য; বিহ্বল; বিমূঢ়। ৪ বিকৃতাঙ্গ অন্ধ বধির প্রভৃতি। ৫ অচল; অকেজো। [স. বি+কলা]। **বিকলতা, বৈকল্য** *বি*। **বিকলা**[১] *বিণ স্ত্রী.* ব্যাকুল। **বিকলাঙ্গ, বিকলেন্দ্রিয়** *বিণ* অঙ্গহীন; কোনো একটি অঙ্গ বা ইন্দ্রিয় নেই অথবা অঙ্গবিশেষ ত্রুটিযুক্ত। [স.]

বিকলা[২] *বি* (বি.) কলা বা মিনিটের ষাট ভাগের এক ভাগ।

বিকল্প *বি* ১ পরিবর্তে কল্পনা; বিপরীত কল্প; পক্ষান্তর; বিকল্প ব্যবস্থা; পরিবর্ত। ২ বিপরীত কল্পনা। ৩ বিবিধ কল্পনা; সন্দেহ; সংশয়। ৪ কোনো শব্দ বা নিয়মের একাধিক রূপ; বিভাষা। ৫ বাস্তবে যার স্থিতি নেই, কেবল শব্দের দ্বারা বিশ্বাস বা প্রতীতি যথা—আকাশকুসুম, সোনার পাথরবাটি ইত্যাদি। [স. বি+কল্প]। **বিকল্পিত** *বিণ* বিভাষা-যুক্ত; বিপরীতরূপে কল্পিত বা বিভিন্ন কল্পনাযুক্ত; সন্দেহযুক্ত।

বিকশিত *বিণ* ১ প্রস্ফুটিত; ফুল্ল; প্রস্ফুটিত হয়েছে এমন। ২ প্রকাশিত। [স. বি+√কশ্+ত; বি+ √কস্+ত]

বিকানো *ক্রি* ১ বিক্রয় হওয়া; বেচা; বিকিয়ে দেওয়া। ২ সমাদৃত হওয়া। ৩ কাটতি হওয়া; চাহিদা হওয়া। ৪ নিজেকে নিঃশেষ করে দান করা। [স. বিক্রয়>]

বিকার *বি* ১ অস্বাভাবিক অবস্থা; বৈগুণ্য; অস্বাভাবিক পরিবর্তন। ২ স্বাস্থ্যহীনতা; অসুস্থতা; ব্যাধি; রোগ-বৃদ্ধিহেতু উচ্চারিত প্রলাপ। ৩ বিকৃতি; খারাপ হওয়া; পচা। ৪ পরিবর্তনে জাত বস্তু; রূপান্তর; রূপ বদল। [স. বি+√কৃ+অ]। **বিকারী**(-রিন্) *বিণ* রূপান্তরিত; বিকৃতিযুক্ত।

বিকাল, বৈকাল *বি* অপরাহ্ণ; সূর্যাস্তের পূর্ববর্তী শেষ কয়েক ঘণ্টা। [স.]

বিকাশ *বি* ১ প্রকাশ; ব্যক্তকরণ। ২ উন্মেষ; উন্মীলন; উদ্রেক। ৩ প্রসার; উন্নতি। ৪ প্রস্ফুটন। [স. বি+কাশ]। **বিকাশন** *বি* প্রকাশন; প্রসারণ; প্রস্ফুটন। **বিকশিত** (ণিজন্ত) *বিণ* প্রকাশিত; প্রস্ফুটিত। **বিকাশোন্মুখ** *বিণ* বিকশিত বা প্রকাশিত হওয়ার পথে এমন।

বিকি *বি* বিক্রয়; বেচা-কেনা। [স. বিক্রয়>]। **বিকিকিনি** *বি* বেচা-কেনা; ক্রয়-বিক্রয় (বিকিকিনির হাট)।

বিকিরণ *বি* বিক্ষেপ; বিস্তারকরণ; ছড়ানো। [স. বি+√কৃ+অন]। **বিকীর্ণ** *বিণ* ছড়ানো হয়েছে এমন; বিক্ষিপ্ত; বিস্তারিত; ছড়ানো।

বিকীর্যমান *বিণ* বিকীর্ণ বা ছড়ানো হয়েছে এমন।

বিকুল *বিণ* ব্যাকুল। **বিকুলি** *বি* ব্যাকুল ভাব; ব্যাকুলতা; ব্যাকুলতাপ্রকাশ। [স. ব্যাকুল>বিয়াকুল>বা. বিকুল+ই]

বিকৃত *বি* পচা। ⎕ *বিণ* ১ দোষত্রুটিবিশিষ্ট; রোগগ্রস্ত। ২ বিকারপ্রাপ্ত; স্বভাবের বিপরীত; অস্বাভাবিক রূপ বা অবস্থাপ্রাপ্ত। ৩ বিকট; বীভৎস। [স. বি+√কৃ+ত]। **বিকৃতকণ্ঠ, বিকৃতস্বর** *বি* ভাঙা গলা; যার গলা বা স্বর ভেঙেছে; স্বর-ভগ্ন কণ্ঠ। **বিকৃতমস্তিষ্ক** *বিণ* ১ পাগল। ২ বিকারগ্রস্ত মস্তিষ্ক। **বিকৃতরুচি** *বি* কুরুচি। ⎕ *বিণ* বিকৃত রুচিযুক্ত। **বিকৃতাকৃতি** *বি* বিকলাঙ্গ। **বিকৃতি** *বি* ১ বিকৃত ভাব বা অবস্থা; বৈগুণ্য; অস্বাভাবিক অবস্থা। ২ রূপান্তর; বিকার; অস্বাস্থ্য; ব্যাধি।

বিকেন্দ্রণ *বি* বিকেন্দ্রীকরণ; কোনো বিষয়কে কেন্দ্রীয় সরকারের শাসন থেকে প্রাদেশিক বা আঞ্চলিক সরকারের হস্তে প্রদান। [স. বিকেন্দ্র+অন]

বিক্রম *বি* ১ বল; শক্তি। ২ প্রতাপ; পরাক্রম; বীরত্ব; শৌর্য। [স. বি+√ক্রম্+অ]। **বিক্রমশালী, বিক্রমী, বিক্রান্ত** *বিণ* শক্তিশালী; পরাক্রান্ত; বীর।

বিক্রমাদিত্য *বি* ১ উজ্জয়িনীর বিখ্যাত রাজা যাঁর নবরত্ন সভায় কবি কালিদাস ছিলেন বলে কথিত। ২ অনেক প্রাচীন রাজার উপাধি। [স.]

বিক্রয়, বিক্রি *বি* মূল্যের বদলে দ্রব্যের স্বত্ব ত্যাগ; বেচা। [স. বি+ক্রয়]। **বিক্রয়িক, বিক্রয়ী, বিক্রেতা** *বিণ* বিক্রয় করে এমন; বিক্রয়কারী। **বিক্রয়িকা, বিক্রয়িনী** *বিণ স্ত্রী*। **বিক্রীত** *বিণ* বিক্রয় করা হয়েছে এমন। **বিক্রেয়** *বিণ* বিক্রয়যোগ্য; বিক্রয় করা হবে এমন।

বিক্রীড়িত *বি* বিবিধ ক্রীড়া। **শার্দূলবিক্রীড়িত** *বি* একটি সংস্কৃত ছন্দের নাম। [স.]

বিক্ষত *বিণ* বিশেষভাবে আহত; আঘাতের ফলে উৎপন্ন ক্ষত। [স. বি+ক্ষত]

বিক্ষিপ্ত *বিণ* ১ ইতস্তত ছড়ানো। ২ ব্যাকুলিত; অস্থির; অব্যবস্থিত। [স. বি+√ক্ষিপ্+ত]

বিক্ষুব্ধ *বিণ* ১ ক্ষোভযুক্ত; অত্যন্ত দুঃখিত। ২ বিচলিত; আলোড়িত; অস্থির। [স. বি+ক্ষুব্ধ]

বিক্ষেপ *বি* ইতস্তত ছড়ানো বা নিক্ষেপ; অস্থিরতা। [স. বি+√ক্ষিপ্+অ]

বিক্ষোভ *বি* ১ ক্ষোভ; আলোড়ন; চাঞ্চল্য। ২ গভীর অসন্তোষজনিত আন্দোলন। [স. বি+ক্ষোভ]

বিখাউজ *বি* চর্মরোগবিশেষ। [স. খর্জু, তুল. হি. খুজ্‌লি]

বিখ্যাত *বিণ* সুপ্রসিদ্ধ; অত্যন্ত খ্যাত; প্রখ্যাত। **বিখ্যাতা** *স্ত্রী*। [স. বি+খ্যাত]। **বিখ্যাতি** *বি* অতিশয় খ্যাতি; প্রসিদ্ধি।

বিগড়ানো *ক্রি* ১ বিকৃত হওয়া; খারাপ করা। ২ অচল বা বিকল হওয়া। ৩ অসৎ পথে যাওয়া; কুপথগামী করা; অধঃপতিত করা; নষ্ট হওয়া। ৪ প্রতিকূল হওয়া বা করা; বিরোধী হওয়া। [স. বি+√ঘট্+আন>। তুল. হি. বিগড়্‌না]

বিগত *বিণ* ১ অতীত; গত। ২ মৃত। ৩ অপগত। ৪ নষ্ট [স. বি+গত]। **বিগতা** *স্ত্রী*। **বিগম** *বি* অবসান; সমাপ্তি; শেষ; অপগম; নাশ; ধ্বংস।

বিগর্হ, বিগর্হণ *বিণ* খারাপ; অনুচিত। [স. বি+√গর্হ্+অ]। **বিগর্হণা** *বি* ১ কলঙ্ক; অপবাদ। ২ ভর্ৎসনা; নিন্দা। **বিগর্হিত** *বিণ* ১ অতিশয় কলঙ্কিত; বিশেষ কলঙ্ককর। ২ অতিশয় নিন্দিত; তিরস্কৃত; ভর্ৎসিত। ৩ নিষিদ্ধ; অত্যন্ত কলঙ্কজনক; দূষিত।

বিগলন *বি* ১ গলে যাওয়া; দ্রবণ। ২ ক্ষরণ; স্খলন। [স. বি+গলন]। **বিগলিত** *বিণ* ১ ক্ষরিত; ঝরে পড়ছে এমন; গলে গেছে এমন; সম্পূর্ণ গলিত বা নিঃসৃত। ২ স্খলিত; শিথিল, শ্লথ; ঢিলা। ৩ একেবারে পচা। **বিগলিতা** *স্ত্রী*।

বিগুণ *বিণ* ১ নির্গুণ; গুণহীন; বিকৃত; বিকৃষ্ট; অপকৃষ্ট। ২ গুণাতীত। ৩ বিরুদ্ধ গুণ; প্রতিকূল। ৪ অপকার; ক্ষতি। [স. বি (প্রতিকূল/বিকৃত/বিগত) + গুণ]। **বৈগুণ্য** *বি*।

বিগ্রহ *বি* ১ দেহ। ২ দেবমূর্তি; প্রতিমা। ৩ মূর্তি। ৪ বিবাদ; কলহ; যুদ্ধ। ৪ ব্যাসবাক্য। ৫ বিস্তার। [স. বি+গ্রহ]

বিঘটন *বি* ১ বিশ্লেষ; বিভাগ। ২ ব্যাঘাত; বিরোধ। ৩ অনিষ্ট; ধ্বংস। ৪ বিকাশ; প্রস্ফুটন। [স. বি+√ঘট্+অন]

বিঘত, বিঘৎ *বি* হাতের বৃদ্ধাঙ্গুলি থেকে কনিষ্ঠাঙ্গুলি পর্যন্ত বিস্তার; আধহাত বা বারো আঙুল পরিমাণ।

বিঘা *বি* ভূমির এক প্রকার পরিমাপ; ২০ কাঠা বা ৩২০০ বর্গহাত বা প্রায় ⅓ একর জমি। (বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে বিঘার মাপে হেরফের আছে)। [স. বিগ্রহ>]। **বিঘাকালি** *বি* বিঘার হিসাবে জমির পরিমাণ নির্ণয়।

বিঘূর্ণন *বি* বিশেষভাবে ঘূর্ণন। [স.]। **বিঘূর্ণিত** *বিণ*।

বিঘোষণ *বি* সম্যক বা সর্বত্র ঘোষণা; সর্বসাধারণের ভিতর প্রচার; বিজ্ঞাপন। [সি. বি+√ঘুষ্+ণিচ্+অন]। **বিঘোষিত** *বিণ* ব্যাপকভাবে সর্বত্র প্রচারিত; বিশেষভাবে ঘোষিত।

বিঘ্ন *বি* কর্মসিদ্ধির পথে প্রতিবন্ধক; ব্যাঘাত; অন্তরায়। [স. বি+√হন্+অ]। **বিঘ্নকর** *বিণ* বিঘ্ন সৃষ্টি করে এমন। **বিঘ্ননাশন, বিঘ্নবিনাশন, বিঘ্ননাশক, বিঘ্নহারী** *বিণ* বিঘ্ন দূরকারী। **বিঘ্নিত** *বিণ* প্রতিহত; ব্যাহত।

বিচ, বীচ *বি* মধ্যে। ⎕ *অব্য* মধ্যে; ভিতরে; মধ্যস্থানে; মাঝখানে। [হি.]

বিচক্ষণ *বিণ* ১ সুবিবেচক। ২ জ্ঞানী; অভিজ্ঞ; বিদ্বান; পণ্ডিত। ৩ দূরদর্শী; বিশদদর্শী। ৪ কুশল; দক্ষ। [স. বি+√চক্ষ্+অন]। **বিচক্ষণতা** *বি*।

বিচঞ্চল *বিণ* বিশেষভাবে চঞ্চল; অতিশয় অস্থির বা অধৈর্য; চঞ্চল। [স. বি+চঞ্চল]

বিচয়ন, বিচয় *বি* ১ একত্রীকরণ; সংগ্রহ; তুলে একত্র করা; অনুসন্ধান। ২ পুষ্পাদিত চয়ন। [স. বি+√চি+অন/অ]। **বিচিত** *বিণ* একত্রীকৃত; সংগৃহীত; অনুসন্ধিত।

বিচরণ *বি* ইতস্তত ভ্রমণ; পর্যটন; চলাফেরা করা; ভ্রমণ করা; বেড়ানো। [স. বি+√চর্+অন]। **বিচরিত** *বিণ*।

বিচরানো, বিছরানো *বি* খোঁজা।

বিচলিত, বিচল *বিণ* চঞ্চল; অস্থির; অধীর; কম্পিত;

আলোরিত; চ্যুত; উদ্বিগ্ন; ব্যাকুল।[স. বি+√চল্+অ/ত]। **বিচলা, বিচলিতা** *বিণ স্ত্রী.*। **বিচলন** *বি* চঞ্চলতা; অস্থিরতা; অধৈর্য; আলোড়ন; উদ্বেগ; ব্যাকুলতা; স্খলন।

বিচার *বি* ১ বিবেচনা; যুক্তিপ্রয়োগ; গবেষণা। ২ সিদ্ধান্তে উপনীত হওয়া; মীমাংসা; তত্ত্বনির্ণয়; নিষ্পত্তি। ৩ আলোচনা; তর্ক-বিতর্ক। ৪ দোষগুণ অপরাধ ইত্যাদি নির্ণয়; ন্যায়-অন্যায় স্থিরীকরণ; আসামির বিচার। [স. বি+√চর্+অ]। **বিচারক, বিচারকর্তা, বিচারপতি** *বি* যিনি বিচার করেন; বিচারকারী; জজ; ন্যায়াধীশ। **বিচারক্ষম** *বি,বিণ* যিনি সুবিচার করতে পারেন। **বিচারণ, বিচারণা** *বি* বিচার; বিচারকরণ; বিবেচনা। **বিচারণীয়, বিচার্য** *বিণ* বিচারযোগ্য; বিচার করতে হবে এমন; বিবেচ্য; বিবেচনাযোগ্য। **বিচারফল** *বি* বিচারকের মত সিদ্ধান্ত বা রায়। **বিচারবিহীন, বিচারশূন্য** *বিণ* ন্যায়বিচার; বিরহিত; অবিবেচক। **বিচারাধীন** *বিণ* বিচার করা হচ্ছে এমন; বিবেচনাধীন; বিচার্য; বিচারণীয়। [স. বিচার+অধীন]। **বিচারালয়** *বি* বিচার করার স্থান; আদালত; ধর্মাধিকরণ। [স. বিচার+আলয়]

বিচালি, বিচুলি *বি* খড়; শস্যহীন শুষ্ক ধান গাছ।

বিচি, বীচি *বি* ১ ফল বা শস্যাদির ক্ষুদ্র আঁটি; বীজ। ২ অণ্ডকোষ। ৩ ফোঁড়ার মধ্যকার গুটি। [স. বীজ>]

বিচিত *বিণ* বিশেষভাবে চয়নকৃত; চয়িত; চিত; সংগৃহীত; সমাহৃত। [স. বি.+√চি (চয়ন)+ত]

বিচিত্র *বিণ* ১ বিভিন্ন বর্ণযুক্ত। ২ নানারূপে চিত্রিত; নকশাদার। ৩ বিবিধ বিষয়যুক্ত। ৪ বিস্ময়কর; আশ্চর্যজনক। ৫ মনোরম; মনোহর; সুন্দর; সৌন্দর্যময়। [স. বি (বিশেষ বা নানাভাবে)+√চি [চয়ন]+ত (ত্র)]। **বিচিত্রা** *স্ত্রী.*। **বিচিত্রতা** *বি* নানা বর্ণরূপ। **বিচিত্রবর্ণ** *বিণ* নানা বর্ণযুক্ত। **বিচিত্রিত** *বিণ* নানা বর্ণে চিত্রিত। **বিচিত্রতা** *স্ত্রী.*।

বিচিত্রবীর্য *বিণ* ১ আশ্চর্যজনক বীরত্ব বা বিক্রমযুক্ত। ২ মহাভারতে শান্তনু রাজার পুত্র। [স.]

বিচিন্তা *বি* নানাভাবে চিন্তন।

বিচিন্তন *ক্রি* নানাভাবে বিবেচনা করা। [স. বি+√চিন্ত্+অন]

বিচিন্তিত *বিণ* নানাভাবে চিন্তিত; সুচিন্তিত; বিশেষভাবে ভাবনা বা বিবেচনা করা হয়েছে এমন। [স. বি+√চিন্ত্+ত]

বিচিন্ত্য *বিণ* বিশেষভাবে চিন্তনীয়; বিবেচ্য। [স. বিচিন্ত+য]

বিচূর্ণ, বিচূর্ণিত *বি* গুঁড়া; যা বিশেষভাবে বা সম্যকরূপে গুঁড়া করা হয়েছে। **বিচূর্ণন** *বি* বিশেষভাবে বা উত্তমরূপে বা সম্যকভাবে চূর্ণকরণ। [স. বি+চূর্ণ/চূর্ণিত]

বিচ্ছিন্ন *বিণ* ১ সম্পূর্ণ বা সম্যক ছিন্ন; পৃথককৃত। ২ বিযুক্ত; বিভক্ত; খণ্ডিত। [স. বি+√ছিদ্+ত]। **বিচ্ছিন্না** *স্ত্রী.*। **বিচ্ছিন্নতা** *বি*।

বিচ্ছিরি *বি* বিশ্রী; কদর্য; কুৎসিত; অশোভন; লজ্জাজনক; জঘন্য; ঘৃণ্য। [বা. স. বিশ্রী>]

বিচ্ছু *বি* ১ কাঁকড়া; বিছা; বৃশ্চিক; বিষাক্ত কীটবিশেষ। ২ বিচ্ছুর মতো ক্ষুদ্র কিন্তু ভয়ঙ্কর; ক্ষুদ্র কিন্তু তীব্র আঘাতদানে সক্ষম। ৩ (আল.) অত্যন্ত ধূর্ত ও সর্বনাশা লোক। [স. বৃশ্চিক>]

বিচ্ছুরণ *বি* ১ অনুলেপন; অনুরঞ্জন। ২ আলোকরশ্মির নানা বর্ণে বিশ্লেষণ; আলোক রশ্মির বিকিরণ। [স. বি+√ছুর্+অন]। **বিচ্ছুরিত** *বিণ* অনুলেপিত; রঞ্জিত; বিকীর্ণ; বিচিত্র বর্ণে বিশ্লিষ্ট।

বিচ্ছেদ *বি* ১ বিয়োগ; ভেদ; বিভেদ; বিভাগ। ২ বিরহ। ৩ মনান্তর; ছাড়াছাড়ি। ৪ বিরতি; বিরাম; বিশ্রাম। [স. বি+√ছিদ্+অ]। **বিচ্ছেদন** *বি* কর্তন; পৃথককরণ।

বিচ্যুত *বিণ* ১ স্খলিত; পতিত। ২ বিচ্ছিন্ন; ভ্রষ্ট। [স. বি+√চ্যু+ত]। **বিচ্যুতা** *স্ত্রী.*। **বিচ্যুতি** *বি* ১ স্খলন; পতন। ২ ভ্রংশ; বিচ্ছিন্নতা।

বিছা *বি* ১ সুপরিচিত বহুপদবিশিষ্ট কীট; বৃশ্চিক। ২ বৃশ্চিক রাশি। ৩ কটিভূষণবিশেষ; কোমরের বিছা। [স. বৃশ্চিক>]। **বিছার হুল**—বিচার হুলের মতো তীব্র আঘাত দানে সক্ষম এমন। **বিছাহার** *বি* বৃশ্চিক আকারে তৈরি কোমরের গহনা। **কাঁকড়াবিছা** *বি* যে বৃশ্চিকের দাড়া কাঁকড়ার মতো। **তেতুঁল বিছা** *বি* তেঁতুলের বিচির ছড়ার আকারের বৃশ্চিক।

বিছানা *বি* শয্যা। [হি. বিছৌনা]

বিছানো *ক্রি* ১ বিস্তার করা; পাতা। ২ বিস্তৃত করা; ছড়ানো; বিন্যস্ত করা। ❑ *বি,বিণ* উক্ত সকল অর্থে। [স. বিচ্ছাদন>; তুল. হি. বিস্তারা]

বিছুটি, বিছুতি *বি* বুনো গাছ যা দেহে লাগলে অতিশয় চুলকায় ও জ্বালা করে। [স. বৃশ্চিক>]। **জল বিছুটি লাগানো** *বি* পানিতে ভিজানো বিছুটি দিয়ে প্রহার—যা অত্যন্ত জ্বালা-যন্ত্রণাদায়ক।

বিজন *বিণ* নির্জন; জনশূন্য; নিভৃত; গোপন। ❑ *বি* জনশূন্য স্থান। [স. বি(বিরল)+জন]। **বিজনতা** *বি* জনহীনতা।

বিজনন *বি* জন্মদান; জন্ম; প্রসব; উৎপত্তি; সৃষ্টি। [স. বি+√জন্+অন]

বিজন্মা *বি,বিণ* জারজ; বেজন্মা; অবৈধ সন্তান। [স. বি+জন্মন্]

বিজবিজ *অব্য* প্রচুর কীটের একত্র অবস্থানের ভাবসূচক; গিজগিজ; থিকথিক; ঘন সমাবেশের ভাব প্রকাশক।

বিজয় *বি* ১ জয়; জিত; পরাজিত বা দমিতকরণ। ২ গমন; প্রস্থান; চলে যাওয়া। ৩ প্রাধান্য। ৪ মৃত্যু। [স. বি+√জি+অ]। **বিজয়ী, বিজেতা** *বিণ* জয়লাভকারী; জয়ী। **বিজয়িনী, বিজেত্রী** *বিণ স্ত্রী.*।

বিজয়োৎসব *বি* বিজয়লাভ হেতু উৎসব; বিজয়াদশমীর উৎসব। **বিজয়োন্মত্ত** *বিণ* বিজয়লাভের জন্য আনন্দে উন্মত্তপ্রায়। **বিজিত** *বিণ* ১ পরাজিত। ২ জয়কৃত; জয় করা হয়েছে এরূপ। **বিজিতা** *বিণ স্ত্রী.*। **বিজেয়** *বিণ* জয়সাধ্য; জয়যোগ্য; জয়ের উপযুক্ত।

বিজয় দিবস *বি* ১৯৭১-এর মুক্তিযুদ্ধে পরাজিত পাকিস্তান বাহিনীর সোহরাওয়ার্দি উদ্যানে আত্মসমর্পণ ও বাংলাদেশের বিজয়; ১৬ই ডিসেম্বর।

বিজয়া *বি* ১ দুর্গাদেবী; দুর্গাদেবীর সখী বা কন্যা। ২ সিদ্ধি; ভাং। [স. বি+জয়+আ]। **বিজয়া দশমী** *বি* যে তিথিতে দুর্গা প্রতিমার বিসর্জন দেওয়া হয়। **বিজয়া সঙ্গীত** *বি* আশ্বিন মাসে পিতৃগৃহ থেকে যাত্রার বেদনাকে অবলম্বন করে রচিত গান। [স.]

বিজল, বিজলা *বি* পিচ্ছল রসাদি। ❑ *বিণ* লাল বা শ্লেষ্মার মতো পিছলা।

বিজলি, বিজুলি, বিজুরি *বি* ১ বিদ্যুৎ; তড়িৎ; চঞ্চলা; চপলা; সৌদামিনী। ২ পুষ্পবিশেষ। [স.]

বিজাতি *বি* ভিন্নজাতি; ভিন্ন দেশ বা ধর্মের লোক। [স. বি+জাতি]। **বিজাতীয়** *বিণ* ১ ভিন্ন জাতি সম্পর্কীয়। ২ ভীষণ, উৎকট। **বিজাতীয়তা, বিজাতীয় ভেদ** *বি* পরস্পর ভিন্ন জাতির মধ্যকার পার্থক্য।

বিজারক *বি,বিণ* যে জিনিসটি অন্য অবস্থায় আনতে পারে। **বিজারণ** *বি* অন্য অবস্থায় আনয়ন। [স.]

বিজিগীষা *বি* জয়লাভের ইচ্ছা। **বিজিগীষু** *বিণ* জয়লাভে ইচ্ছুক। [স. বি+√জি+সন+অ+আ]।

বিজুত, বেজুত *বি* অসুবিধা; অনভিপ্রেত অবস্থা। ❑ *বিণ* অসুস্থ। [ফা. বে+বা. জুত]

বিজ্ঞ *বিণ* ১ জ্ঞানযুক্ত; জ্ঞানী; পণ্ডিত। ২ অভিজ্ঞতাসম্পন্ন; অভিজ্ঞ; বিচক্ষণ। [স. বি+√জ্ঞা+অ]। **বিজ্ঞা** *বিণ স্ত্রী.*। **বিজ্ঞতা, বিজ্ঞত্ব** *বি*।

বিজ্ঞান *বি* ১ বিশেষ জ্ঞান। ২ ধারাবাহিক পর্যবেক্ষণ ও গবেষণার ফলে কোনো বিষয়ে প্রাপ্ত ব্যাপক ও বিশেষ জ্ঞান; পরীক্ষা প্রমাণ প্রভৃতি দ্বারা নিরূপিত শৃঙ্খলাবদ্ধ জ্ঞান। ৩ তত্ত্বজ্ঞান। ৪ সঙ্গীতশিল্পাদি শাস্ত্র। [স. বি+জ্ঞান]। **বিজ্ঞানী** *বি* বিজ্ঞানবিদ; বৈজ্ঞানিক।

বিজ্ঞাপন *বি* ১ বিজ্ঞপ্তি; নিবেদন; বিশেষভাবে জ্ঞাপন; ঘোষণা। ২ জনসাধারণকে জানাবার জন্য ঘোষণা বা লেখন। [স. বি+জ্ঞাপন]। **বিজ্ঞপ্তি** *বি* ১ বিজ্ঞাপন। ২ আরম্ভ; সূচনা। ৩ নিবেদন; জ্ঞাপন। **বিজ্ঞাপনসূচক** *বিণ* সম্মতিজ্ঞাপক। **বিজ্ঞাপনীয়** *বিণ* বিজ্ঞাপনের উপযুক্ত; বিজ্ঞাপন দ্বারা ঘোষণা বা প্রচার করতে হবে এমন। **বিজ্ঞাপিত** *বিণ* বিজ্ঞপ্তি দিয়ে প্রচারিত।

বিজ্ঞেয় *বিণ* বিশেষভাবে জানতে হবে এমন; বিশেষভাবে জ্ঞাতব্য বা জানার যোগ্য। [স. বি+√জ্ঞা+য]

বিট[১] *বি* ১ ধূর্ত ব্যক্তি; শঠ লোক (তুল. বিটকেল)। ২ লবণবিশেষ। ৩ মূষিক। ৪ কামশাস্ত্রে নিপুণ; কামুক; লম্পট। ৫ বিষ্ঠা। ৬ নারঙ্গ বৃক্ষ। ৭ পর্বতবিশেষ। [স.]

বিট[২]**, বীট**[১] *বি* এক প্রকার কন্দ। [ই.]। **বিটপালং, বিটপালম** *বি* পালংশাক; বিট।

বিট[৩]**, বীট**[২] *বি* পুলিশ বা অন্য কর্মচারীর পাহারা দেওয়ার এলাকা। [ই. beat। তুল. বিটপুলিশ]

বিটকেল, বিটকাল *বিণ* ১ কদর্য; কুৎসিত; বিকট। ২ পাজি; বদ। [স. বিট/বীট>]

বিটপ *বি* বৃক্ষাদির শাখা, ডাল, পল্লব। [স.] **বিটপী** *বি* বৃক্ষ; তরু; গাছ।

বিটলে, বিটেল *বিণ* দুষ্ট; পাজি; ভণ্ড; দুষ্টবুদ্ধি সম্পন্ন; ধড়িবাজ। [স. বীট>]। **ভক্তবিটেল** *বিণ* ভণ্ড বা কপট ভক্ত।

বিটি *বি* কন্যা; বেটি; কন্যাস্থানীয়া স্ত্রীলোক। [হি.]

বিড়বিড় *অব্য* অস্পষ্ট ও অনুচ্চ স্বরে উচ্চারিত কথা।

বিড়ম্বন, বিড়ম্বনা *বি* ১ অযথা হয়রানি। ২ বৃথা দুর্ভোগ; নিগ্রহ। ৩ অনুকরণ; নকল। [স. বি+√ডমর+ অ+আ]। **বিড়ম্বিত** *বিণ* বঞ্চিত; ক্লেশ প্রাপ্ত; দুঃখপ্রাপ্ত অনুকৃত।

বিড়া, বিড়ে, বিঁড়া, বিঁড়ে *বি* ১ পাত্রাদি বসাবার জন্য খড়কুটা বা বস্ত্র দ্বারা তৈরি বেষ্টনী। ২ মাথায় বোঝা বা ভার বহনের জন্য বস্ত্রাদি নির্মিত বেষ্টনীবিশেষ। ৩ পানাদি জড়িয়ে বাঁধা গোছা; ৮০টি বা কুড়ি গণ্ডা পানের গোছা। [স. বীটি/বীটিকা>]

বিড়াল, বেড়াল *বি* বাঘের আকৃতিবিশিষ্ট সুপরিচিত গৃহপালিত শিকারি প্রাণী; মার্জার। **বিড়ালি, বেড়ালি** *স্ত্রী.*। [স.]। **বিড়ালতপস্বী** *বি* (আল.) সাধুর বেশে দুষ্ট লোক; ভণ্ড বা কপট ব্যক্তি। **বিড়ালাক্ষী, বিড়ালচোখী** *বিণ* যে স্ত্রীলোকের চোখের তারা কালো নয়; বিড়ালের চোখের মতো কটা। **বিড়ালের গলায় ঘণ্টা বাঁধা** *ক্রি* আসল ঝুঁকি নেওয়া। **বিড়ালের ভাগ্যে শিকা ছেঁড়া**— ভাগ্যক্রমে প্রত্যাশিত সুযোগ লাভ।

বিড়ি *বি* ১ তামাকের খিলি; শাল টেণ্ডু তমাল ইত্যাদি পাতায় মোড়া তামাক চূর্ণ। ২ পানের খিলি। [স. বীটি>]

-বিৎ, বিদ *বিণ* অভিজ্ঞ; পণ্ডিত; জানে এমন; বেত্তা (বিজ্ঞানবিৎ, ভাষাবিদ)। [স.]

বিতংস, বীতংস *বি* পশুপক্ষী প্রভৃতি ধরার ফাঁদ; জাল; খাঁচা ইত্যাদি। [স.]

বিতণ্ডা *বি* ১ ভিত্তিহীন বিচার; বাজে বিতর্ক। ২ নিজের মত প্রতিষ্ঠিত করবার চেষ্টা না করে অন্যের মত খণ্ডনার্থ যে বাগাড়ম্বর। [স. বি+√তন্ড্+অ+আ]

বিতত *বিণ* প্রসারিত, ছড়ানো; বিস্তৃত; বিস্তারিত; ব্যাপ্ত। [স. বি+√তন্+ত]

বিতন্ত্রী *বি* তারহীন বেসুরো বীণা। [স.]

বিতরণ *বি* ১ ভাগকরণ; বণ্টন; বিলানো। ২ বহু মানুষকে যে দান। [স. বি+√তৃ+অন]

বিতরা *ক্রি* (পদ্যে) দান করা; বিলানো; বিতরণ করা।

বিতরিত *বিণ* বণ্টন করা হয়েছে এমন; বণ্টিত; বিলানো দ্রব্য। [স.]

বিতর্ক *বি* ১ তর্ক; আলোচনা; বাদানুবাদ। ২ বিচার। ৩ সন্দেহ; সংশয়। ৪ অনুমান। [স. বি+তর্ক]। **বিতর্কিকা** *বি* ১ কোনো বিষয়ের উপর আলোচনা বা অল্প পরিমাণ তর্কাতর্কি। ২ তর্ক-বিতর্কের সভা বা আসর বা মজলিস। ৩ সাময়িকপত্রে আলোচনা বা বাদানুবাদ প্রকাশের স্থান। **বিতর্কিত** *বিণ* ১ যে বিষয়ে বিতর্ক হবার সম্ভাবনা আছে; যা আলোচনা বা বিচার করা হয়েছে; আলোচিত; বিচারিত। ২ সন্দিগ্ধ; অনুমিত। ৩ বিতর্ক আছে এমন (বিতর্কিত ব্যক্তি)।

বিতল *বি* হিন্দু পুরাণোক্ত দ্বিতীয় পাতাল। [স.]

বিতস্তা *বি* পাঞ্জাবের বর্তমান ঝিলম নদীর প্রাচীন নাম। [স.]

বিতান *বি* ১ মণ্ডপ; চাঁদোয়াসমূহ; সমষ্টি (বিপণি বিতান)। ২ তাঁবু; চন্দ্রাতপ। ৩ বিস্তার। ৪ ছন্দবিশেষ। ৫ অবকাশ। ৬ শূন্য। ❑ *বিণ* তুচ্ছ। [স. বি+√তন+অ]। **বিতানমূলক** *বি* খশখশ নামক সুগন্ধি তৃণ। **বিতানীকৃত** *বিণ* প্রসারিত; বিস্তৃত; আচ্ছাদিত।

বিতারিখ *ক্রিবিণ* তারিখে, তারিখ অনুসারে। [ফা. ব+আ. তারীখ]

বিতিকিচ্ছি, বিতিকিচ্চি *বিণ* ১ অশোভন; নোংরা; কুৎসিত; বিশ্রী; বীভৎস। ২ কিম্ভূতকিমাকার; বিকট। [স. বিচিকিৎস্য>]

বিতৃষ্ণা *বি* বিরাগ; তৃষ্ণাহীনতা; আকাঙ্ক্ষাশূন্যতা; অনিচ্ছা; অরুচি। **বিতৃষ্ণ** *বিণ* ১ তৃষ্ণাহীন; বীতস্পৃহ; বীতরাগ; উদাসীন; নিষ্কাম। ২ রুচিহীন। [স. বি+তৃষ্ণা]

বিত্ত *বি* সম্পত্তি; ধনসম্পদ। [স. √বিদ্ (লাভ)+ত]। **বিত্তবান** *বিণ* সম্পদশালী; অর্থশালী। **বিত্তসমাগম** *বি* অর্থলাভ; আয়। **বিত্তহীন** *বিণ* দরিদ্র; অর্থহীন।

বিথান *বিণ* ১ (পদ্যে) আলুথালু; বিস্রস্ত; এলেমেলো। ২ স্থানভ্রষ্ট; স্থানচ্যুত। [স. বিস্থান>]

বিথার *বি* বিস্তার; প্রসার। [স. বিস্তার>]। ❑ *বিণ* ১ (পদ্যে) ছড়ানো; আলুলায়িত; বিস্তৃত। ২ পূর্ণ; ভরা; ব্যাপ্ত; পরিব্যাপ্ত।

বিদ'আত *বি* ইসলামি শাস্ত্রে বিরুদ্ধ কাজ। **বিদ'আতি** *বিণ* ইসলামি শাস্ত্রে বিরোধী কাজ করে এমন; বিদ'আদ বিষয়ক। [আ. বিদ'আত+বা. ই]

বিদগ্ধ *বিণ* ১ পক্ব; দগ্ধ। ২ রসজ্ঞানসম্পন্ন; রসকলাবিদ; রসিক। ৩ চতুর; কুশলী; নিপুণ। ৪ পণ্ডিত; মর্মজ্ঞ; বিদ্বান। [বি (বিশেষভাবে)+দগ্ধ (পক্ব)] **বিদগ্ধসমাজ** *বি* ১ বিদ্বানমণ্ডলী; পণ্ডিতমণ্ডলী। ২ সারস্বত সমাজ। **বিদগ্ধা** *বিণ স্ত্রী.* ১ রসিকা; রসগ্রহণে সমর্থা; চতুরা। ২ সুরসিকা নায়িকা।

বিদঘুটে *বিণ* ১ কদর্য; বিশ্রী; কুৎসিত। ২ কুটিল; জটিল। [বা. কূটবিদ বিপর্যয়ে> বিদ–কূট+এ]

বিদরা (পদ্যে) *ক্রি* ১ বিদীর্ণ বা ছিন্নভিন্ন হওয়া। ২ বিদীর্ণ বা ভগ্ন করা। [স. বিদীর্ণ>]

বিদরি, বিদরী *বি* ধাতুর উপর নানাবিধ লতাপাতাকাটা রুপার পাত বসানোর কাজ; ধাতুপাত্রে খোদাই–করা নকশা। [হি.]

বিদর্ভ *বি* ভারতের মধ্যপ্রদেশের বর্তমান বিদরের প্রাচীন নাম। [স.]

বিদলন *বি* ১ সম্পূর্ণভাবে পেষণ; দলন; বিমর্দন; বিদারণ। ২ নিপীড়িতকরণ। ৩ সম্পূর্ণ পরাজিতকরণ। [স. বি+দলন]। **বিদলিত** *বিণ* ১ নিষ্পিষ্ট; অতিশয় নিপীড়িত। ২ বিমর্দিত; চূর্ণীকৃত। ৩ খণ্ডিত; বিদারিত।

বিদায়[১] *বি* ১ স্থানান্তরে যাবার অনুমতি। ২ দূরীকরণ; বিতাড়ন। ৩ বিচ্ছেদ। ৪ প্রস্থান। ৫ কর্ম থেকে অবসর। ৬ কার্যান্তে বা বিদায়কালে পুরস্কার হিসেবে প্রদত্ত অর্থাদি। [আ. বিদা]। **কাঙালিবিদায়** *বি* দরিদ্র ও ভিক্ষুকগণকে অন্নবস্ত্র ও অর্থদান। **নগদ বিদায়** *বি* ১ (আল.) কাজ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে পারিশ্রমিক প্রদান। ২ (আল.) উত্তম–মধ্যম দিয়ে তাড়িয়ে দেওয়া (চোরকে নগদ বিদায় দাও)।

বিদায়[২] *বি* ১ সম্প্রদান; দান। ২ ত্যাগ; বিসর্জন। [আ.]

বিদায়ি, বিদায়ী *বি* বিদায়ের কালে দেওয়া অর্থ বা উপহার। [আ+বা. ঈ]। ❑ *বিণ* বিদায় নিচ্ছে এমন; বিদায় গ্রহণকারী।

বিদার *বি* বিদীর্ণ হওন; বিদারণ। [স. বিদীর্ণ>]। **বিদারক** *বিণ* বিদারণকারী; ভেদকারক। **বিদারণ** *বি* ১ বিদীর্ণকরণ; ফুঁড়িয়ে বা ফাটিয়ে ফেলন; ভেদ করা কাজ; ভেদন। ২ হনন; মেরে ফেলা। **বিদারণ-রেখা** *বি* বিভাগ–রেখা। **বিদারিত** *বিণ* বিদীর্ণ করা হয়েছে এমন; ভেদিত। **বিদারী** (–রিন্) *বিণ* বিদীর্ণ করা যায় এমন; বিদারণকারী; বিদারক।

বিদিক *বি* ১ দুই দিকের মধ্যভাগ। ২ ঈশান বায়ু অগ্নি নৈর্ঋত প্রভৃতি কোণ। ৩ বিপরীত দিক; প্রতিকূল বা ভুল দিক। [বা. স. বি+√দিশ্]

বিদিত *বিণ* ১ পরিজ্ঞাত; জানা আছে বা হয়েছে এমন। ২ অবগত; জেনেছে এমন। ৩ বিশ্রুত; খ্যাত। [স.√বিদ্+ত]

বিদিশা *বি* ভারতবর্ষের প্রাচীন মালব দেশের একটি নগরী। [স.]

বিদীর্ণ *বিণ* ১ খণ্ডিত; ভিন্ন। ২ ছিন্ন; ছেঁড়া। ৩ ভগ্ন। ৪ কেটে গেছে এমন। [স. বি+দীর্ণ]

বিদুর *বি* মহাভারতোক্ত ধৃতরাষ্ট্রের ভ্রাতা। [স.]। **বিদুরের খুদ** *বি* ১ কুরুরাজ দুর্যোধনের রাজভোগ প্রত্যাখ্যান করে কৃষ্ণ বিদুর প্রদত্ত খুদ দ্বারা প্রস্তুত যে অন্ন ভক্ষণ করেছিলেন। ২ (আল.) দীনজনের সশ্রদ্ধ সামান্য উপহার।

বিদুষী *বি* বিদ্যাবতী রমণী; উচ্চশিক্ষিতা; পণ্ডিত মহিলা। [স. বিদ্বস্+ঈ]। **বিদ্বান** *বি পু.*।

বিদূরিত *বিণ* দূরীকৃত; দূরীভূত; বিতাড়িত; বিমোচিত; দূরে ফেলে দেওয়া হয়েছে বা বিতাড়িত হয়েছে এমন।

বিদূষক *বি* ১ কৌতুকী; ভাঁড়। ২ সংস্কৃত নাটকে রাজার বা নায়কের রঙ্গরস সৃষ্টিকারী অনুচর। ❑ *বিণ* কুৎসাকারী; নিন্দক; নিন্দুক। [স. বি+√দুষ্+ণিচ্+অক]

বিদেশ *বি* স্বদেশের বাইরে অবস্থিত দেশ; অন্য দেশ; ভিন্ন রাষ্ট্র; প্রবাস। **বিদেশাগত** *বিণ* বিদেশ থেকে এসেছে এমন। [স. বি+দেশ]। **বিদেশী** *বিণ* স্বদেশবাসী নয় এমন; ভিন্ন বা অন্য দেশবাসী। **বিদেশিনী** *বিণ স্ত্রী.*। **বিদেশীয়, বৈদেশিক** *বিণ* ১ ভিন্ন দেশে উৎপন্ন। ২ ভিন্ন দেশবাসী। ৩ বিদেশ সম্বন্ধীয়।

বিদেহ *বি* ১ বিহার প্রদেশ; মিথিলা। ❑ *বিণ* নিরবয়ব; দেহহীন; অশরীরী। [স. বি+দেহ]। **বিদেহা** *বিণ স্ত্রী.*। **বিদেহী** *বিণ* দেহশূন্য; দেহবিহীন; অশরীরী; দেহহীন।

বিদ্ধ *বিণ* ১ ছিদ্রিত; ফোঁড়া; বেঁধা; বিদীর্ণ। ২ উৎকীর্ণ। ৩ আহত। [স.√ব্যধ্+ত]

বিদ্যমান *বিণ* ১ বর্তমান। ২ উপস্থিত। [স. বিদ্+(শানচ) মান]

বিদ্যা *বি* ১ অধ্যয়নাদিজনিত জ্ঞান। ২ পাণ্ডিত্য। ৩ তত্ত্বজ্ঞান। ৪ দক্ষতা। ৫ শাস্ত্র। **বিদ্যাদাতা** *বি* জ্ঞানদাতা; শিক্ষক; গুরু। **বিদ্যাদাত্রী** *বি স্ত্রী.* সরস্বতী। **বিদ্যাদান** *বি* শিক্ষাদান; জ্ঞানদান; শিক্ষকতা; অধ্যাপনা। **বিদ্যানিধি, বিদ্যাসাগর, বিদ্যার্ণব** *বি* ১ প্রগাঢ় পণ্ডিত; জ্ঞানরূপ সমুদ্র; শাস্ত্রজ্ঞ ব্যক্তি। ২ সংস্কৃত পণ্ডিতদের উপাধি। [স. বিদ্যা+অর্ণব]। **বিদ্যাপীঠ, বিদ্যামন্দির** *বি* শিক্ষা গ্রহণের স্থান; বিদ্যালোচনার প্রধান স্থান; বিদ্যালয়। **বিদ্যাবত্তা** *বি* পাণ্ডিত্য; মনীষা। **বিদ্যাভ্যাস** *বি* বিদ্যাশিক্ষা; বিদ্যাচর্চা; বিদ্যা আলোচনা। [স. বিদ্যা+অভ্যাস]। **বিদ্যারম্ভ** *বি* শিক্ষারম্ভ; শিক্ষায় হাতেখড়ি; বিদ্যার্জনের সূচনা বা উপক্রম। [স. বিদ্যা+আরম্ভ]। **বিদ্যার্জন** *বি* বিদ্যা শিক্ষাকরণ; বিদ্যালাভ। [স. বিদ্যা+অর্জন]

বিদ্যাধর *বি* (পুরাণোক্ত) স্বর্গের সঙ্গীতকুশল দেবযোনিবিশেষ। [স.]। **বিদ্যাধরী** *বি স্ত্রী.*।

বিদ্যার্থী *বি* ১ ছাত্র; শিষ্য। ২ বিদ্যা শিক্ষায় অভিলাষী। [স.]। **বিদ্যার্থিনী** *স্ত্রী.*।

বিদ্যালয় *বি* ১ বিদ্যাশিক্ষার স্থান। ২ স্কুল; কলেজ। [স. বিদ্যা–আলয়]

বিদ্যুজ্জিহ্ব *বি* রামায়ণোক্ত রাক্ষসবিশেষ। ❑ *বিণ* বিদ্যুৎরেখা তুল্য সরু ও রক্তবর্ণ জিহ্বা এমন। [স. বিদ্যুৎ+জিহ্বা]

বিদ্যুৎ *বি* তড়িৎ; বিজলি; ক্ষণপ্রভা; সৌদামিনী; চঞ্চলা; চিকুর; চপলা। [স. বি+√দ্যুৎ+ক্বিপ্]। **বিদ্যুৎকোষ** *বি* ব্যাটারি। **বিদ্যুৎ-প্রভ** *বিণ* বিদ্যুতের ন্যায় উজ্জ্বলতাবিশিষ্ট। **বিদ্যুৎপ্রভা** *বিণ স্ত্রী.*। **বিদ্যুৎস্পন্দ,**

বিদ্যুৎস্ফুরণ *বি* বিদ্যুতের ফিনকি বা ঝিলিক; বিদ্যুৎকণা। **বিদ্যুদ্‌গর্ভ** *বিণ* তড়িৎময় বিদ্যুৎপূর্ণ। [স. বিদ্যুৎ+গর্ভ]। **বিদ্যুদ্দাম, বিদ্যুন্মালা** *বি* বিদ্যুতের মালিকার মতো রেখা সমষ্টি। [স. বিদ্যুৎ+দাম, মালা]। **বিদ্যুদ্দীপ্ত** *বিণ* বিদ্যুতের আলোকে উজ্জ্বল ও উদ্ভাসিত। [স. বিদ্যুৎ+দীপ্ত]। **বিদ্যুদ্দীপ্তি** *বি* বিজলির বা বিদ্যুতের আলো বা উজ্জ্বলতা। **বিদ্যুদ্বিকাশ** *বি* তড়িতের প্রকাশ; বিজলিস্ফুরণ। [স. বিদ্যুৎ+বিকাশ]। **বিদ্যুদ্বেগ** *বি* বিজলির মতো দ্রুতগতি; তড়িদ্‌গতি। [স. বিদ্যুৎ+বেগ]। **বিদ্যুল্লতা** *বি* লতার মতো চিকন বিদ্যুৎরেখা। [স. বিদ্যুৎ+লতা]

বিদ্যোৎসাহী(–হিন্) *বিণ* বিদ্যার উন্নতি বিষয়ে উৎসাহদাতা। [স. বিদ্যা+উৎসাহী]। **বিদ্যোৎসাহিনী** *স্ত্রী.*।

বিদ্রূপ *বি* শ্লেষমিশ্রিত উপহাস; পরিহাস; ঠাট্টা; তামাশা। [স.]। **বিদ্রূপাত্মক** *বিণ* বিদ্রূপপূর্ণ; উপহাসযুক্ত।

বিদ্রোহ *বি* ১ প্রচলিত বা বর্তমান ব্যবস্থার বিরোধিতা। ২ শাসন বা শাসনব্যবস্থার প্রতিকূলাচরণ। ৩ বিরুদ্ধে অভ্যুত্থান। ৪ বিরোধিতা। [স. বি+দ্রোহ্ অথবা বি+√দ্রুহ্+অ]। **বিদ্রোহাচরণ** *বি* বিদ্রোহকরণ; প্রতিকূলতা বা বিরোধিতাকরণ। [স. বিদ্রোহ+আচরণ]। **বিদ্রোহী**(–হিন্) *বিণ* বিদ্রোহকারী; বিরোধী; শাসন অগ্রাহ্যকারী। **বিদ্রোহিণী** *বিণ স্ত্রী.*।

বিদ্বজ্জন *বি* বিদ্বান ব্যক্তি; জ্ঞানী; পণ্ডিত। [স. বিদ্বৎ+জন]

বিদ্বৎকল্প *বিণ* পণ্ডিতসদৃশ; পণ্ডিততুল্য; প্রায় পণ্ডিত; অল্প বিদ্বান। [স.]

বিদ্বৎকুল, বিদ্বৎসমাজ *বি* পণ্ডিত বা শিক্ষিত সমাজ; সুধীমণ্ডলী। [স.]

বিদ্বান *বি, বিণ* জ্ঞানী; বিদ্যাবান; পণ্ডিত; শিক্ষিত; সুশিক্ষিত। **বিদুষী** *বিণ স্ত্রী.*। [স.√বিদ্+বস্]

বিদ্বিষ্ট *বিণ* বিদ্বেষের পাত্র; এমন; বিদ্বেষভাজন। [স. বি+√দ্বিষ্+ত]

বিদ্বেষ *বি* বৈরিতা; ঈর্ষা; শত্রুতা; হিংসা। **বিদ্বেষপরায়ণ** *বিণ* ঈর্ষাযুক্ত; দ্বেষশীল; অন্যের প্রতি বিদ্বেষ পোষণকারী। [স. বি+√দ্বিষ্+অ]। **বিদ্বেষবুদ্ধি** *বি* শত্রুতার ভাব; ঈর্ষার ভাব। **বিদ্বেষানল** *বি* ঈর্ষানল; হিংসার অগ্নি। [স. বিদ্বেষ–অনল]। **বিদ্বেষী**(–ষিন্), **বিদ্বেষ্টা** *বি, বিণ* বিদ্বেষকারী; ঈর্ষাকারী; শত্রু।

বিধবা *বি, বিণ* যে নারীর ধব বা স্বামী মৃত; পতিহীনা; মৃতভর্তৃকা। [স. বি+ধব(স্বামী)+আ]। **বিধবাবিবাহ** *বি* বিধবা স্ত্রীলোকের পুনর্বিবাহ।

বিধর্মা *বিণ* বিধর্মী; অন্য ধর্মাবলম্বী। [স.]

বিধর্মী(–র্মিন্) *বিণ* বিধর্মা; অন্য ধর্মাশ্রীয়; অন্য ধর্মাবলম্বী। [স. বি+ধর্ম+ইন]

বিধাতা *বি* ১ বিধানকর্তা। ২ বিশ্বস্রষ্টা। ৩ জগদীশ্বর। ৪ হিন্দুদেবতা ব্রহ্মা। [স. বি+√ধা+তৃ]

বিধান *বি* ১ শাস্ত্রবিহিত নিয়ম। ২ রীতি; নীতি। ৩ ব্যবস্থা; সম্পাদনা। ৪ আইন প্রণয়ন। [স. বি+√ধা+অন]। **বিধানসভা** *বি* আইনসভা ও রাষ্ট্র পরিচালনা ও আইন প্রণয়নের জন্য প্রজাসাধারণের প্রতিনিধিসভা; প্রাদেশিক ও জাতীয় পরিষদ।

বিধায় *অব্য* বিধানানুসারে; হেতু; জন্য। [স. বিধা>]

বিধায়ক, বিধায়ী *বিণ* ১ বিধানকর্তা; নিয়ামক; ব্যবস্থাকারী। ২ সংঘটনকারী; সম্পাদনকারী। [স.]। **বিধায়িকা, বিধায়িনী** *বিণ স্ত্রী.*।

বিধি *বি* ১ ব্যবস্থা; বিধান; নিয়ম (বিধি-নির্দিষ্ট)। ২ বিধানকর্তা; আল্লাহ (বিধি-নির্দেশ)। ৩ ক্রম; প্রণালী (কার্য-বিধি)। ৪ ভাগ্য; অদৃষ্ট; দৈব (বিধি বাম)। ৫ উপায় (বিধি-নির্ধারণ)। ৬ হিন্দুদেবতা ব্রহ্মা। [স. বি+√ধা+ই]। **বিধিজ্ঞ** *বিণ* শাস্ত্রীয় নিয়মাদি জানেন এমন; শাস্ত্রজ্ঞ। **বিধিবদ্ধ** *বিণ* ১ শাস্ত্রদ্বারা নির্মিত ব্যবস্থাপিত। ২ নিয়মবদ্ধ। ৩ যথাবিধি। **বিধি-বিড়ম্বনা** *বি* অদৃষ্টের ছলনা। **বিধিমতো** *বিণ* ১ শাস্ত্রীয় বিধান অনুসারে। ২ উপযুক্ত; যথাযোগ্য। ৩ নিয়মিত; যথাবিহিত। **বিধিলিপি** *বি* ভাগ্য বা অদৃষ্টের লিখন। **বিধিশাস্ত্র** *বি* ১ ধর্মব্যবস্থা-শাস্ত্র। ২ ব্যবহারশাস্ত্র; আইন। **বিধিসম্মত** *বিণ* ১ নিয়মানুযায়ী। ২ শাস্ত্রীয় বিধান অনুসারে।

বিধিৎসা *বি* বিধান করার ইচ্ছা। [স.]। **বিধিৎসু** *বিণ* বিধান বা ব্যবস্থা করতে ইচ্ছুক।

বিধু *বি* চন্দ্র; চাঁদ; শশাঙ্ক; শশধর। [স.]। **বিধুবদন, বিধুমুখ** *বি* চাঁদের মতো মুখ। ☐ *বিণ* চাঁদের মতো সুন্দর মুখযুক্ত। **বিধুবদনা, বিধুমুখী** *বিণ স্ত্রী.*।

বিধুত, বিধূত *বিণ* কম্পিত; আলোড়িত। [স.]

বিধুনন, বিধূনন *বি* কম্পন; সঞ্চালন। [স. বি+√ধু/ধূ+ণিচ্+অন]। **বিধুনিত, বিধূনিত** *বিণ* কম্পিত; আলোড়িত।

বিধুন্তুদ *বি* চন্দ্রকে যে বেদনা দেয়; রাহু। [স.]

বিধুর *বিণ* ১ কাতর। ২ দুঃখিত; ক্লিষ্ট। ৩ বিকল; ভারাক্রান্ত। ৪ বিমূঢ়। ৫ ভীত; ত্রাসিত। **বিধুরা** *বিণ স্ত্রী.* ভীতা; ত্রাসিতা। **বিধুরতা** *বি* কাতরতা।

বিধৃত *বিণ* ১ বিশেষভাবে ধরা বা গ্রহণ করা হয়েছে এমন; গৃহীত। ২ আশ্রিত; অবলম্বিত। ৩ আক্রমণ করা হয়েছে এমন; আক্রান্ত। ৪ অধিষ্ঠিত; অধিকৃত। [স. বি+√ধৃ+ত]

বিধেয় *বি* উদ্দেশ্য সম্পর্কে যে বাক্যাংশে কিছু বলা হয়; ক্রিয়াপদ ও তার সঙ্গের শব্দসমূহ। ☐ *বিণ* ১ অজ্ঞাত বা অপরিজ্ঞাত বিষয়। ২ উচিত; ন্যায়; সঙ্গত; বিধিসম্মত। ৩ করণীয়। [স. বি+√ধা+য]

বিধ্বংস *বি* ১ সম্পূর্ণ ধ্বংস; বিনাশ; উৎখাত; বিলোপ। ২ ক্ষয়। [স. বি+√ধ্বন্স্+অ]

বিধ্বংসিত *বিণ* ১ সম্পূর্ণরূপে ধ্বংসিত; ক্ষয়প্রাপ্ত। ২ বিনাশিত; বিনষ্ট; অপকৃত। [স.]। **বিধ্বংসী** *বিণ* ধ্বংসশীল; সম্পূর্ণরূপে ধ্বংসকারী।

বিধ্বস্ত *বিণ* ১ বিনাশপ্রাপ্ত; সম্পূর্ণরূপে বিনষ্ট। ২ বিনাশিত। ৩ বিলুপ্ত। ৪ চতুর্দিকে বিক্ষিপ্ত। [স. বি+√ধ্বন্স্+ত]

বিনত *বিণ* ১ বিশেষরূপে নত; অবনত। ২ বিনয়ী; নম্র। ৩ প্রণত। [স. বি+নত]। **বিনতা**[১] *স্ত্রী.*। **বিনতি** *বি* ১ নম্রতা; বিনয়। ২ অনুনয়-বিনয়পূর্বক নিবেদন। ৩ প্রণতি। ৪ শিষ্টতা; সুশীলতা।

বিনতা[২] *বি, স্ত্রী.* হিন্দু পুরাণোক্ত কশ্যপ মুনির পত্নী এবং অরুণ ও গরুড়ের মাতা। **বিনতা-নন্দন** *বি* কশ্যপ মুনির পত্নী বিনতার পুত্র অরুণ ও গরুড়।

বিনম্র *বিণ* ১ অত্যন্ত নম্র। ২ বিনয়াবনত। ৩ কোমল; মৃদু। [স. বি+নম্র]। **বিনম্রা** *স্ত্রী.*। **বিনম্রতা** *বি* অতিশয় নম্রতা।

বিনয় *বি* শিষ্টতা, কোমলতা, নম্রতা। [স. বি+√নী+অ]

বিনষ্ট *বিণ* ১ ধ্বংসপ্রাপ্ত; বিনাশপ্রাপ্ত। ২ অতীত; গত। ৩ ক্ষয়িত। [স. বি+নষ্ট]। **বিনষ্টি** *বি* ধ্বংস।

বিনা *অব্য* ব্যতীত; ভিন্ন; ব্যতিরেকে; ছাড়া। [স.]। **বিনা**

মেঘে বজ্রপাত—সহসা অপ্রত্যাশিত ভয়ঙ্কর বিপদ। **বিনা মেঘে বর্ষণ**—অপ্রত্যাশিতভাবে বস্তুলাভ।

বিনানো *ক্রি* ১ বেণী প্রস্তুত করা। ২ বেণীর মতো করা। ৩ দীর্ঘ বিলাপ করা; বিস্তারিত খেদোক্তি করা। ❑*বি* উক্ত সকল অর্থে। ❑*বিণ* জড়িয়ে বেণীর মতো করা হয়েছে এমন।

বিনামা *বিণ* ১ নাম নেই এমন; নামহীন। ২ বেনামা। ৩ কল্পিত নামবিশিষ্ট। [স. বি+নামন্]

বিনায়ক *বি* ১ গণনায়ক; হিন্দুদেবতা গণেশ। ২ বৌদ্ধধর্ম প্রচারক বুদ্ধদেব। ৩ গুরু; শিক্ষক। ৪ গরুড়। [স. বি+√নী+অক]

বিনাশ *বি* ১ বিলোপ। ২ উচ্ছেদ; উৎসাদন। ৩ ধ্বংস; নাশ। ৪ মৃত্যু; মরণ। [স. বি+নাশ]। **বিনাশক** *বিণ* বিনাশকারী; সংহারক; ঘাতক; বিনাশকরণ; ধ্বংসকারক; নাশসাধক; বিনাশকর। **বিনাশিত** *বিণ* বিনষ্ট বা বিনাশপ্রাপ্ত করা হয়েছে এমন; নিহত। **বিনাশী** *বিণ* ১ বিনাশক; বিনাশকারী। ২ নশ্বর; বিনাশশীল। **বিনাশিনী** *স্ত্রী.*।

বিনিঃশেষ *বিণ* নিঃশেষিত; সম্পূর্ণরূপে শেষ। [স.]

বিনিঃসরণ *বি* বের হওয়া; বহির্গমন; নির্গমন। **বিনিঃসৃত** *বিণ* বহির্গত; নির্গত। [স. বি+নিঃ+সরণ]

বিনিদ্র *বিণ* নিদ্রাহীন; জাগরিত; নিদ্রারহিত। [স. বি+নিদ্রা]

বিনিন্দিত *বিণ* বিশেষভাবে নিন্দিত; হীন করা হয়েছে এমন। [স. বি+নিন্দিত]। **বিনিন্দিতা** *বিণ স্ত্রী.*।

বিনিময় *বি* ১ পরিবর্ত; বদল; বদলে দ্রব্য গ্রহণ। ২ প্রতিদান। [স. বি+নি+√মী+অ]

বিনিয়োগ *বি* ১ প্রদান; অর্পণ। ২ প্রেরণ। ৩ প্রয়োগ। ৪ আদেশ; অনুমতি। ৫ টাকা খাটানো। [স. বি+নিয়োগ]।

বিনিয়োজিত *বিণ* ১ বিনিয়োগ করা হয়েছে এমন। ২ প্রেরিত। ৩ অর্পিত। ৪ প্রবর্তিত। ৫ নিযুক্ত। [স. বি+নিয়োজিত]

বিনির্গত *বিণ* নিষ্ক্রান্ত; বহির্গত; নিঃসৃত। [স. বি+নির্গত]। **বিনির্গম, বিনির্গমন** *বি* ১ নিঃসরণ। ২ বহির্গমন; নির্গমন; নিষ্ক্রমণ।

বিনির্ণয় *বি* ১ নির্ধারণ; নিরূপণ। ২ বিচারপূর্বক ব্যবস্থাগ্রহণ; সিদ্ধান্ত; রোয়েদাদ। [স. বি+নির্ণয়]। **বিনির্ণীত** *বিণ* স্থিরীকৃত; বিশেষভাবে নির্ধারিত বা নিরূপিত।

বিনীত *বিণ* ১ বিনম্র; বিনয়ী; বিনয় আছে এমন। ২ সংযত; শান্ত; শিক্ষিত। ৩ স্থানান্তরে নীত। [স. বি+√নী+ত]। **বিনীতা** *স্ত্রী.*।

বিনুনি, বিননি *বি* ১ বেণী রচনা। ২ বেণী; বিনানো চুল ইত্যাদি।

বিনে *অব্য* ব্যতীত; ছাড়া।

বিনোদ *বি* ১ তোষণ; সন্তুষ্টিবিধান। ২ আমোদ; আনন্দ; বিহার। ❑*বিণ* ১ মনোহর; মনোরম। ২ সুন্দর। [স. বি+√নুদ্+অ]

বিনোদন *বি* ১ আমোদিতকরণ; তুষ্টিসাধন। ২ অপনোদন; দূরীকরণ। [স. বি+√নুদ্+অন]। **বিনোদিত** *বিণ* সন্তোষিত; আমোদিত। **বিনোদিয়া** *বিণ* (পদ্যে) আনন্দদায়ক; মনোহর; মনোরম; রমণীয়। **বিনোদিনী** *বিণ স্ত্রী.* প্রমোদিনী; সুন্দরী; সন্তোষদায়িনী। ❑*বি* রাধিকা।

বিন্তি *বি* একপ্রকার তাস খেলা। [পো.]

বিন্দু *বি* ১ কণিকামাত্র; কণা। ২ তরল দ্রব্যের অত্যল্প ফোঁটা। ৩ ক্ষুদ্র চিহ্ন। ৪ (জ্যা.) যার অংশে পরিমাণ নেই বা যা দৈর্ঘ্য বিস্তার বেধহীন অবস্থিতির জ্ঞাপকমাত্র। ৫ অনুস্বার; ং। ৬ বীর্য; শুক্র। [স.]। **বিন্দুবিসর্গ** *বি* ১ অনুস্বার ও বিসর্গ; ং ও ঃ। ২ (আল.) কোনো কিছুর অতি সামান্য অংশ। ৩ (আল.) কোনো ঘটনার অত্যল্প সংবাদ; কিঞ্চিন্মাত্র আভাস। **বিন্দুমাত্র** *বি* লেশমাত্র; যৎসামান্য; সামান্য মাত্র।

বিন্দে দূতী *বি* ১ বৃন্দা নামক রাধিকার দূতী। ২ গুপ্তপ্রেমের দূতী। [ব্রি.]

বিন্ধা *ক্রি* বিদ্ধ করা; বেঁধা।

বিন্ধ্য *বি* ভারতের একটি পর্বতমালা। [স.]। **বিন্ধ্যবাসিনী** *বি* হিন্দুদেবী দুর্গা। ❑*বিণ* বিন্ধ্য পর্বত নিবাসিনী।

বিন্যাস *বি* ১ সুন্দরভাবে রচনা, মনোহর সজ্জা। ২ রক্ষণ; স্থাপন। ৩ গ্রন্থন। [স. বি+ন্যাস]। **বিন্যস্ত** *বিণ* ১ সুশৃঙ্খলভাবে স্থাপিত। ২ যথাক্রমে রক্ষিত।

বিপক্ষ *বি* প্রতিপক্ষ; শত্রু; বিরুদ্ধ পক্ষ; অনিষ্টকারী। [স. বি+পক্ষ]। **বিপক্ষতা** *বি* বৈরিতা; শত্রুতা; প্রতিকূলতা। **বিপক্ষীয়** *বিণ* ১ বিপক্ষভুক্ত। ২ বিপক্ষসম্পর্কীয়।

বিপণন *বি* বিক্রয়ের জন্যে বাজারে তোলা বা দেওয়া। [স. বি+√পণ+অন]

বিপণি, বিপণী *বি* ১ দোকান; পণ্যশালা। ২ হাট; বাজার। [স. বি+√পণ্+ই/ঈ]

বিপত্তি *বি* ১ আপদ; বিপদ; সঙ্কট। ২ ঝামেলা; ঝঞ্ঝাট। ৩ দুর্দশা; দুরবস্থা। [স. বি+√পদ্+তি]

বিপত্নীক *বিণ* স্ত্রী মারা গেছে এমন; মৃতদার। [স. বি+পত্নী+ক]

বিপথ *বি* কুপথ; মন্দ পথ; ভুল পথ; অসৎ জীবনযাত্রা প্রণালী। [স. বি+পথ]। **বিপথগামী** *বি, বিণ* কুপথগামী; অসৎ পক্ষাবলম্বী। **বিপথগামিনী** *বিণ স্ত্রী.*।

বিপদ, বিপৎ *বি* ১ আপদ; বিপত্তি। ২ দুর্দশা; দুরবস্থা। ৩ দুর্ঘটনা। ৪ ঝঞ্ঝাট। [স. বি+√পদ্+ক্বিপ্]। **বিপদকাল** *বি* বিপদপূর্ণ সময়; বিপত্তিপূর্ণ সময়। **বিপদগর্ভ** *বিণ* বিপদপূর্ণ; বিপত্তিময়। **বিপদসঙ্কুল** *বিণ* বিপদবহুল; সঙ্কটাপন্ন। **বিপদাত্মক** *বিণ* বিপদ আছে এমন; বিপজ্জনক। **বিপদাপদ** *বি* সঙ্কট; আপদ-বিপদ; নানা রকম বিপদ। [বিপদ+আপদ]। **বিপদাপন্ন** *বিণ* সঙ্কটাপন্ন; আপদগ্রস্ত; বিপন্ন। [বিপৎ+আপন্ন]। **বিপদুদ্ধার** *বি* সঙ্কটমোচন; বিপদ থেকে নিষ্কৃতি। [স. বিপৎ+উদ্ধার]

বিপন্ন *বিণ* সঙ্কটাপন্ন; বিপদগ্রস্ত; বিপর্যয়। [স. বি+পরি+√ঈ+ত]।

বিপরীত *বিণ* ১ উল্টা; বিরুদ্ধ; প্রতিকূল। ২ বিষম; উৎকট; অস্বাভাবিক।

বিপর্যয়, বিপর্যাস *বি* ১ উলট-পালট; নিদারুণ বিশৃঙ্খল; বিপ্লব। ২ বিশৃঙ্খল বা বৈপ্লবিক পরিবর্তনমূলক অবস্থা। ৩ বৈপরীত্য; বিরুদ্ধতা। ৪ বিনাশ; ধ্বংস; দুর্দৈব। ৫ সম্পূর্ণ পরিবর্তন; ব্যতিক্রম। [স. বি+পরি+অল/ঘঞ্]। **বিপর্যস্ত** *বিণ* ১ বিপর্যয়প্রাপ্ত; উলট-পালট বা নিদারুণ বিশৃঙ্খল অবস্থাপ্রাপ্ত। ২ ছত্রভঙ্গ। ৩ সম্পূর্ণ পরিবর্তিত; ব্যতিক্রান্ত।

বিপাক *বি* ১ দুর্গতি; বিড়ম্বনা; দুর্ভোগ; বিপত্তি। ২ মন্দ পরিণাম। ৩ বিসদৃশ কর্মফল। ৪ জীর্ণতা। ৫ পরিপাক। ৬ শরীরে খাদ্যের পরিণাম। ৭ রন্ধন। [স. বি+√পচ্+অ]। **বিপাকীয়** *বিণ* বিপাক সংক্রান্ত।

বিপাশা *বি* পাঞ্জাবের বর্তমান বিয়াস নদীর প্রাচীন নাম। [স.]

বিপিতা *বি* জন্মদাতা ভিন্ন মায়ের অন্য স্বামী; সৎবাপ। [স.]

বিপিন *বি* অরণ্য; বন; বিটপী। **বিপিনবিহারী** *বিণ* বনে ভ্রমণকারী। ❑*বি* (বিশেষার্থে) বৃন্দাবনবিহারী শ্রীকৃষ্ণ। [স.]

বিপুল *বিণ* ১ সুবৃহৎ; বিশাল; অতি বড়। ২ খুব; অনেক; অতিশয়। ৩ গভীর; অগাধ। ৪ প্রশস্ত; চওড়া। ৫ মহৎ; উদার; মহান। [স.]। **বিপুলা** *বিণ স্ত্রী.*। **বিপুলতা** *বি* বিশালতা।

বিপ্র *বি* ব্রাহ্মণ; বিদ্বান ব্রাহ্মণ। [স.]

বিপ্রকর্ষ *বি* ১ দূরত্ব; ব্যবধান। ২ দূরবর্তী হওয়া। ৩ (ব্যা.) স্বরভক্তি; উচ্চারণের সুবিধার জন্য যুক্ত ব্যঞ্জনবর্ণের মধ্যে স্বরধ্বনি আনয়ন। [স. বি+প্র+√কৃষ+অ]

বিপ্রতীপ *বিণ* প্রতিকূল; সম্পূর্ণ উল্টা বা বিপরীত। [স. বি+প্রতীপ]

বিপ্রলব্ধ *বিণ* ঠকানো হয়েছে এমন; প্রতারিত; বঞ্চিত; চলিত। [স. বি+প্র+√লভ্+ত]। **বিপ্রলব্ধা** *বিণ স্ত্রী.* প্রতারিতা; বঞ্চিতা। ❑*বি* (আল.) সংকেত–স্থানে নায়কের সাক্ষাৎ লাভে বঞ্চিতা নায়িকা।

বিপ্রলম্ভ *বি* ১ বিবাদ; কলহ। ২ প্রতারণা; ছলনা। ৩ বিরহ; বিচ্ছেদ। ৪ নায়ক–নায়িকার বিচ্ছেদ বা মিলনাভাব। [স. বি+প্র+√লভ্+অ]

বিপ্লব *বি* ১ দেশের শাসনব্যবস্থা বা সমাজব্যবস্থায় দ্রুত ও আমূল পরিবর্তন। ২ বিদ্রোহ। ৩ উপদ্রব। ৪ ব্যাপক ধ্বংস বা বিনাশ। [স. বি+√প্লু+অ]। **বিপ্লবী** *বি, বিণ* ১ বিপ্লব করেন যিনি; বিপ্লব সংঘটনে চেষ্টিত বা ইচ্ছুক। ২ বিপ্লবের সমর্থক বা সংঘটক।

বিফল *বিণ* নিরর্থক; বৃথা; ব্যর্থ; নিষ্ফল; অসিদ্ধ; অকৃতকার্য। [স. বি (বিনষ্ট)+ফল]। **বিফলতা** *বি* ব্যর্থতা; নিষ্ফলতা; অকৃতকার্যতা।

বিবক্ষা *বি* ১ বলবার বাসনা; বলবার ইচ্ছা। ২ বাসনা; অভিলাষ। [স. √বচ্+সন্+আ]। **বিবক্ষিত** *বিণ* বলতে ইচ্ছা করা হয়েছে এমন। **বিবক্ষু** *বিণ* বলতে ইচ্ছুক।

বিবৎসা[১] *বি* বাস করবার ইচ্ছা। [স. √বস্+সন+অ]

বিবৎসা[২] *বি, বিণ* বৎসহীনা। [স. বি+বৎস+আ]

বিবদমান *বিণ* বিবাদরত; বিবাদ করছে এমন; বিবাদকারী; কলহকারী। [স. বি+√বদ্+আন (মান)]। **বিবদমানা** *স্ত্রী.*।

বিবমিষা *বি* বমনেচ্ছা; বমন করবার ইচ্ছা; বমির ভাব। [স. √বম+সন্+অ+আ]। **বিবমিষু** *বিণ* বমনেচ্ছু।

বিবর *বি* ১ গর্ত; গহ্বর। ২ ছিদ্র; রন্ধ্র। [স.]

বিবরণ *বি* ১ ব্যাখ্যান। ২ বৃত্তান্ত। ৩ বর্ণনা; বিবৃতি। [স. বি+√বৃ+অন]। **বিবরণী** *বি* বিবরণপূর্ণ লিপি; বিবরণ সংবলিত পুস্তক।

বিবর্জন *বি* পরিত্যাগ; বিসর্জন; সম্পূর্ণ বর্জন। [স. বি+বর্জন]। **বিবর্জিত** *বিণ* ১ সম্পূর্ণভাবে পরিত্যাগ করা হয়েছে এমন; পরিত্যক্ত; বিসর্জিত। ২ রহিত। **বিবর্জিতা** *বিণ স্ত্রী.*।

বিবর্ণ *বিণ* বর্ণ নষ্ট হয়েছে এমন; বর্ণহীন; মলিন; ফ্যাকাসে; বিকৃতবর্ণ। [স. বি (বিকৃত)+বর্ণ]। **বিবর্ণা** *স্ত্রী.*। **বিবর্ণতা** *বি* বর্ণবিকৃতি; হীনবর্ণ।

বিবর্ত *বি* ১ ঘূর্ণন; আবর্তন। ২ পরিবর্ত; বদল। ৩ ভ্রমণ; পরিভ্রমণ। ৪ পরিবর্তিত অবস্থা; অবস্থান্তরপ্রাপ্ত; পরিণতি; পরিণাম। ৫ বিশেষরূপে স্থিতি। ৬ (দর্শ.) এক বস্তুর অন্য বস্তুরূপে প্রতীয়মান হওয়া; মায়াময়রূপে স্থিতি। ৭ ভ্রম; ভুল। [স. বি+√বৃৎ+অ]। **বিবর্তবাদ** *বি* ১ হিন্দু দর্শনের মায়াবাদ। ২ বিবর্তনবাদ।

বিবর্তন *বি* ১ পরিবর্তন; রূপান্তর; বদলানো। ২ ঘূর্ণন; আবর্তন। ৩ ভ্রমণ। ৪ প্রত্যাবর্তন; ফিরে আসা। [স. বি+√বৃৎ+অন]। **বিবর্তনবাদ** *বি* ক্রমবিকাশবাদ; Theory of Evolution.

বিবর্তিত *বিণ* ১ ঘূর্ণিত; আবর্তিত। ২ পরিবর্তিত; রূপান্তরিত। ৩ ফিরিয়ে আনা হয়েছে এরূপ। ৪ প্রত্যাবর্তিত। [স.]

বিবর্ধক *বিণ* বৃদ্ধিসাধনকারী; বিবর্ধনকারী। [স. বি+বর্ধক]

বিবর্ধন *বি* বিশেষভাবে বৃদ্ধিসাধন; বাড়িয়ে তোলা; সম্যক বৃদ্ধিকরণ। [স. বি+√বৃধ+ণিচ্+অন]

বিবর্ধিত *বি* সম্যক বৃদ্ধিপ্রাপ্ত। ❑*বিণ* ছিন্ন; খণ্ডিত। [স. বি.+√বৃধ+ত]

বিবশ *বিণ* ১ অবাধ্য; বশহীন; অবশ। ২ বিহ্বল; বিভোল; আত্মহারা। ৩ অচেতন; নিশ্চেষ্ট। [স. বি (বিগত)+বশ]। **বিবশা** *স্ত্রী.*।

বিবসন, বিবস্ত্র *বিণ* উলঙ্গ; নগ্ন; বস্ত্রহীন। [স. বি+বসন/বস্ত্র]। **বিবসনা, বিবস্ত্রা** *স্ত্রী.*।

বিবস্বান *বি* সূর্য; রবি; ভাস্কর। [স.]

বিবা *বি* বিবাহ; পরিণয়।

বিবাদ *বি* ১ ঝগড়া; বিরোধ; কলহ। ২ নালিশ; মোকদ্দমা। ৩ তর্কাতর্কি; বিতণ্ডা। ৪ লড়াই; যুদ্ধ; মারামারি। [স. বি+√বিদ্+অ]। **বিবাদপ্রিয়** *বিণ* ঝগড়াটে; ঝগড়া করতে ভালোবাসে এমন; কলহপ্রিয়।

বিবাদী[১] (–দিন্) *বি* ১ মামলা–মোকদ্দমায় প্রতিপক্ষ। ২ সঙ্গীতে রাগ বা রাগিণী বিশেষের বর্জনীয় সুর। ❑*বিণ* ১ বিরোধী। ২ বিবাদ বা ঝগড়ার কারণ যিনি; বিবাদকারী। [স.]। **বিবাদিনী** *বিণ স্ত্রী.*।

বিবাদী[২] *বি* বিবাদের বস্তু; বিবাদের বিষয়। ❑*বিণ* কলহবিষয়ক; বিতর্কিত।

বিবাহ *বি* দারপরিগ্রহ; পরিণয়; পাণিগ্রহণ। [স. বি+√বহ+অ]। **বিবাহিত** *বিণ* বিবাহ করেছেন এমন; পরিণীত। **বিবাহিতা** *স্ত্রী.*।

বিবি *বি* ১ মুসলমান মহিলার সাধারণ পদবি। ২ স্ত্রী; বধূ; পত্নী। ৩ ইউরোপীয় রমণী। ৪ কর্ত্রী। ৫ রমণীমূর্তি চিহ্নিত তাসবিশেষ। ❑*বিণ* সাজসজ্জা ও আমারপ্রিয়; বিলাসিনী। [ফা.]

বিবিক্ত *বিণ* ১ জনহীন; গোপন; নিভৃত। ২ স্বতন্ত্র; আলাদা; পৃথক। ৩ একাকী; অসম্পৃক্ত; একলা; নিঃসঙ্গ। ৪ একাগ্র; তন্ময়; একনিষ্ঠ। ৫ বিশুদ্ধ; অবিমিশ্র; খাঁটি। [স. বি+√বিচ্+ত]

বিবিক্ষা *বি* প্রবেশ করবার ইচ্ছা। [স. √বিশ্+সন্+আ]। **বিবিক্ষু** *বিণ* প্রবেশ করতে ইচ্ছুক; প্রবেশেচ্ছু।

বিবিধ *বিণ* নানা প্রকার; বহুবিধ; হরেক রকম। [স. বি+বিধা]

বিবৃত *বিণ* ১ বর্ণিত। ২ প্রসারিত; বিস্তৃত। ৩ প্রকটিত;

প্রকাশিত। ৪ ব্যাখ্যাত; বিশদীকৃত। ৫ উন্মুক্ত, খোলা। [স. বি+বৃ+ত]। **বিবৃতি** *বি* ১ বিবরণ, বর্ণনা। ২ মতামত প্রকাশ। ৩ ব্যাখ্যা। ৪ উন্মোচন। ৫ বিস্তার; প্রসারণ।

বিবৃত্ত *বিণ* ১ ঘূর্ণিত; আবর্তিত। ২ প্রত্যাবৃত্ত; ফিরে আসা। ৩ ফিরেছে এমন; পরাবৃত্ত। [স. বি+√বৃত্+ত]। **বিবৃত্তি** *বি* চক্রবৎ ঘূর্ণন বা আবর্তন।

বিবৃদ্ধি *বি* বিশেষরূপে বৃদ্ধি। [স. বি+বৃদ্ধি]। **বিবৃদ্ধ** *বিণ*।

বিবেক *বি* ১ মানুষের অন্তর্নিহিত শক্তি যার দ্বারা ন্যায়-অন্যায় ভালোমন্দ **ধর্মাধর্ম** বিচার করা যায়। ২ ন্যায়-অন্যায়ের বোধ; বিবেচনা; বিচার। ৩ ঔদাসীন্য; বৈরাগ্য। ☐ *বিণ* তত্ত্বজ্ঞান; পরমজ্ঞান। [স. বি+√বিচ্+অ]। **বিবেকবুদ্ধি** *বি* ন্যায়-অন্যায় বিষয়ক বিচার; বিবেক অনুমোদিত বুদ্ধি। **বিবেকহীন** *বিণ* বিবেক নেই এমন; হিতাহিত জ্ঞানশূন্য। **বিবেকী** *বিণ* হিতাহিত জ্ঞান আছে এমন; ন্যায়-অন্যায়ের বোধ আছে এমন; বিবেকযুক্ত।

বিবেচনা *বি* ১ বিশেষভাবে বিচার; বিশেষভাবে চিন্তা করে বিচার। ২ বিচক্ষণতা। ৩ অন্যের সুখ-সুবিধার প্রতি লক্ষ্য। [স. বি+√বিচ্+অন+আ]। **বিবেচক** *বিণ* উৎকৃষ্ট বিচারক্ষম; বুদ্ধি বিবেচনায় গুণসম্পন্ন। **বিবেচনীয়, বিবেচ্য** *বিণ* বিবেচনার যোগ্য; বিচার্য। **বিবেচিত** *বিণ* বিবেচনা বা বিচার করা হয়েছে এমন; চিন্তা-ভাবনার দ্বারা নিরূপিত।

বিব্রত *বি* ১ দিশেহারা; ব্যতিব্যস্ত। ☐ *বিণ* বিপন্ন; বিপদগ্রস্ত। [স.]

বিভক্ত *বিণ* ১ ভাগ করা হয়েছে এমন; বণ্টিত। ২ বিভিন্ন; খণ্ডিত; পৃথককৃত; বিশিষ্ট। [স. বি+√ভজ্+ত]। **বিভক্তি** *বি* ১ বিভাগ; বিভাজন; বণ্টন। ২ (ব্যা.) পুরুষ কারক বচন কাল প্রভৃতি সূচক প্রত্যয় যা দিয়ে সংখ্যা ও কারক বুঝায়।

বিভঙ্গ *বি* ১ রচনা; বিন্যাস। ২ খণ্ড; ছেদ। ৩ রকম; ভঙ্গি। ৪ ভাঙ্গন। [স. বি+√ভন্‌জ্+অ]। **বিভঙ্গি, বিভঙ্গী** *বি* ১ হাবভাব; ভঙ্গি। ২ রকম; প্রকার।

বিভব *বি* ১ ধন; সম্পত্তি; ঐশ্বর্য। ২ প্রভুত্ব; ক্ষমতা। ৩ মহত্ত্ব; মহৎ ভাব। ৪ ঔদার্য; উদারতা। [স. বি+√ভূ+অ]

বিভা *বি* ১ আলোক; কিরণ; প্রভা; দীপ্তি। ২ সৌন্দর্য। [স. বি+√ভা+অ+আ]। **বিভাকর, বিভাবসু** *বি* ১ সূর্য; ভাস্কর। ২ অগ্নি। ☐ *বিণ* প্রভাকর; দীপ্তিজনক।

বিভাগ *বি* ১ বণ্টন। ২ কোনো বৃহৎ প্রতিষ্ঠানের প্রধান অংশ; department। ৩ কোনো দেশের জেলা সমষ্টি। ৪ অংশ; খণ্ড। [স. বি+√ভজ্+অ]। **বিভাগীয়** *বিণ* ১ বিভাগ সম্পর্কিত। ২ কোনো প্রতিষ্ঠান বা দেশের বিশেষ বিভাগে নিযুক্ত; বিভাগস্থ।

বিভাজন *বি* ভাগকরণ; অংশ নিরূপণ। [স. বি+√ভজ্+অন]। **বিভাজক** *বিণ* ১ ভাগ করেন এমন; ভাগকারী। ২ ভাজক। ☐ *বি* যে সংখ্যা দ্বারা ভাগ করা হয়, divisor। **বিভাজিকা** *বিণ স্ত্রী.*। **বিভাজ্য** *বিণ* ১ ভাগযোগ্য; ভাগ করা যায় এমন; বণ্টনীয়; ভাগ করতে হবে এমন। ২ (গ.) নির্দিষ্ট কোনো রাশি দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে না এমন। *বিণ* **বিভাজ্যতা**।

বিভাব *বি* অলঙ্কারশাস্ত্রে যে বিষয়ের সন্নিবেশে রসের উৎপত্তি হয়। [স. বি+√ভূ+অ]। **বিভাবক** *বিণ* উদ্ভাবক।

বিভাবন *বি* ১ বিবেচনা; চিন্তন। ২ অনুভবকরণ। ৩ প্রকাশন। [স. বি+√ভূ+ণিচ্+অন]। **বিভাবিত, বিভাব্য, বিভাবনীয়** *বিণ*।

বিভাবনা *বি* ১ বিভাবন। ২ অলঙ্কারবিশেষ; কারণ বিনা কার্যোৎপত্তি বুঝলে এই অলঙ্কার হয়। [স. বি+√ভূ+ণিচ্+অন+আ]

বিভাবরী *বি* রাত্রি। [স. বি+√ভা+বন (ন=র)+ঈ]

বিভাস *বি* একটি রাগিণীর নাম। [স.]

বিভিন্ন *বিণ* ১ নানাপ্রকার; হরেক রকম। ২ অন্য রকম; ভিন্নপ্রকার। ৩ বিভক্ত। [স. বি+ভিন্ন]। **বিভিন্নতা** *বি* ভিন্ন রকম।

বিভীষণ *বি* ১ রামায়ণোক্ত রাবণের ছোট ভাই। ২ (আল.) গৃহশত্রু। ☐ *বিণ* ভয়ঙ্কর; অতি ভীষণ। [স.]। **বিভীষণ-বাহিনী** *বি* দেশের বহিঃশত্রুপক্ষের সঙ্গে যোগদানকারী ব্যক্তিগণ। **গৃহশত্রু বা ঘরের শত্রু বিভীষণ**—যে লোক দেশের বা পরিবারের বা প্রতিষ্ঠানের আপন লোক হয়েও নিজ দেশের পরিবারের বা প্রতিষ্ঠানাদির শত্রুতা করে।

বিভীষিকা *বি* ১ ভয় দেখানো; ভীতি প্রদর্শন। ২ ভীতি; ভীষণ আতঙ্ক; ভীষণ ভয়। ৩ ভীষণ বা ভয়ঙ্কর দৃশ্য; ভীতিজনক দৃশ্য। [স. বি+√ভী+ণিচ্+অক+আ]

বিভু *বি* ১ পরমেশ্বর; ঈশ্বর। ২ প্রভু। ৩ হিন্দুদেবতা ব্রহ্মা/বিষ্ণু। [স.]। **বিভুতা, বিভুত্ব** *বি* প্রভুত্ব।

বিভুঁই *বি* বিদেশ; ভিন্ন দেশ। [স. বি (ভিন্ন)+ভূমি>]

বিভূতি *বি* ১ ঈশ্বরের ঐশ্বর্য; ভগবানের শক্তি। ২ ভস্ম; ছাই। ৩ সমৃদ্ধি; উন্নতি। ৪ সম্পত্তি; ধন। ৫ অণিমা লঘিমা ব্যাপ্তি প্রাকাম্য মহিমা ঈশিত্ব বশিত্ব কামাবসায়িতা এই অষ্ট বিভূতি বা ঐশ্বর্য। [স.]। **বিভূতিভূষণ** *বি* ১ ছাই বা ভস্ম যার অলঙ্কার। ২ হিন্দুদেবতা শিব।

বিভূষণ[১] *বিণ* আভরণহীন; ভূষণহীন; নিরলঙ্কার। **বিভূষণা** *স্ত্রী.*। [স. বি (বিগত)+ভূষণ]

বিভূষণ[২] *বি* ১ আভরণ; অলঙ্কার; ভূষণ। ২ শোভা; সৌন্দর্য। [স. বি (বিশিষ্ট)+ভূষণ]। **বিভূষিত** *বিণ* অলঙ্কৃত; বিশেষরূপে শোভিত। **বিভূষিতা** *স্ত্রী.*।

বিভেদ *বি* ১ বিভিন্নতা; প্রভেদ; পার্থক্য। ২ বিদারণ। ৩ দলাদলি; শত্রুতা; মনোমালিন্য। ৪ বিভাগ; ভাগ। [স.]। **বিভেদক** *বিণ* বিভেদ সৃষ্টি করে এমন; বিভেদকারী; পৃথককারী। **বিভেদন** *বি* বিভেদ সৃষ্টিকরণ; ভেদসৃষ্টি; বিয়োজন।

বিভোর *বিণ* বিহ্বল; অভিভূত; আত্মহারা। [স. বিহ্বল>বা.]

বিভ্রম *বি* ১ ভুল; ভ্রান্তি; ভ্রম। ২ বিলাস; লীলা। ৩ সংশয়; সন্দেহ। ৪ প্রণয়ে মানসিক বিমূঢ়তা বা চাঞ্চল্য। ৫ শোভা। [স. বি+ভ্রম]। **বিভ্রান্ত** *বিণ* ১ ভুলপথে গত; ভ্রমযুক্ত; বিভ্রমযুক্ত। ২ বিমূঢ়। **বিভ্রান্তি** *বি* ১ ভ্রান্তি; ভুল। ২ বিভ্রান্ত হওয়ার ভাব বা অবস্থা।

বিভ্রাট *বি* ১ সঙ্কট; আপদ; বিপদ। ২ ঝামেলা; গোলযোগ; হাঙ্গামা; ঝঞ্ঝাট। ৩ দুর্ঘটনা। [স. বি+√ভ্রাজ্+ক্বিপ্+অ]

বিম, বীম *বি* লৌহ বা কাঠনির্মিত কড়ি; কড়িকাঠ। [ই. beam]

বিমনস্ক, বিমনা *বিণ* ১ অন্যমনা; অন্যমনস্ক। ২ উদ্বিগ্নচিত্ত; উদ্বেগাকুল; ব্যাকুল; চঞ্চল। ৩ দুঃখিত; ক্লিষ্ট। ৪ বিষণ্ণ। [স. বি+মনস্]

বিমর্দ, বিমর্দন *বি* ১ চূর্ণন। ২ মন্থন। ৩ ঘর্ষণ। ৪ পেষণ। ৫ বিনাশ; ধ্বংস। [স. বি+√মৃদ্+অ/অন]। **বিমর্দক,**

বিমর্দন *বিণ* ১ নিষ্পেষক। ২ বিমর্দনকারী। **বিমর্দিত** *বিণ* ১ দলিত; মথিত। ২ পিষ্ট। ৩ ঘৃষ্ট। ৪ চূর্ণিত।

বিমর্শ, বিমর্শন *বি* ১ বিতর্ককরণ; তর্ক। ২ বিশেষ বিবেচনা; বিচার। ৩ তথ্য নিরূপণ। ৪ যুক্তি দিয়ে পরীক্ষাকরণ। [স. বি+√মৃশ্+অ,অন। প্রাচীন বাংলা বিমরিশ]

বিমর্ষ *বি* ১ অসহন। ২ অসন্তোষ। ৩ দুঃখিত; বিষণ্ণ; মনমরা; ম্লান। [স. বি+√মৃষ্+অ]। **বিমর্ষতা** *বি* বিষণ্ণতা; ম্লানতা।

বিমল *বিণ* ১ নির্মল; ময়লাহীন। ২ স্বচ্ছ। ৩ অনাবিল; অকলঙ্ক। ৪ পূত; পবিত্র; নিষ্পাপ। [স. বি. (বিগত)+মল]। **বিমলা** *স্ত্রী*.। **বিমলতা** *বি* ১ নির্মলতা। ২ স্বচ্ছতা। ৩ পবিত্রতা।

বিমা, বীমা *বি* ক্ষতিপূরণার্থ চুক্তি; ভবিষ্যতে টাকা প্রাপ্তির আশায় নির্দিষ্ট সময়ে নির্দিষ্টভাবে টাকা জমা রাখা; insurance। [ফা. বীমহ্]

বিমাতা *বি* মায়ের সপত্নী; গর্ভধারিণী ছাড়া পিতার অন্য স্ত্রী; সৎমা। [স. বি (বিরুদ্ধ)+মাতৃ]

বিমান *বি* ১ উড়োজাহাজ; হাওয়াই জাহাজ; আকাশগামী যান; ব্যোমযান। ২ আকাশ। ৩ আশ্রয়স্থল; গৃহ। [স. পরিভাষা]। **বিমানঘাঁটি** *বি* বিমানাঙ্গন; বিমানবন্দর; হাওয়াই আড্ডা। **বিমানপথ** *বি* যে পথে নিয়মিতভাবে উড়োজাহাজ চলাচল করে। **বিমান পরিবহন** *বি* উড়োজাহাজে করে এক স্থান থেকে অন্যস্থানে যাত্রী ও মালপত্র নিয়ে যাওয়া। **বিমানবালা** *বি* উড়োজাহাজের মহিলা খেদমতগার যিনি আরোহীগণের খাদ্য ও পানীয় পরিবেশন ও অন্যান্য সুখ-সুবিধার দিকে লক্ষ্য রাখেন। **বিমানবাহিনী** *বি* ১ বিমানবল; বিমানশক্তি। ২ যে সামরিক বাহিনী উড়োজাহাজের সাহায্যে যুদ্ধ করে।

বিমার, বেমার *বি* পীড়া; রোগ; ব্যাধি। □ *বিণ* পীড়িত। [ফা.]। **বিমারি, বিমারী** *বি* পীড়া; রোগ। **বিমারিস্তান** *বি* হাসপাতাল।

বিমিশ্র *বিণ* সম্পৃক্ত; যুক্ত; মিশ্রিত। [স. বি+মিশ্র]

বিমুক্ত *বিণ* ১ মুক্ত; পরিত্রাণপ্রাপ্ত; মুক্তিপ্রাপ্ত; স্বাধীন। ২ পরিত্যক্ত। ৩ মোক্ষলাভ করেছে এমন; মোক্ষপ্রাপ্ত। [স. বি+মুক্ত]। **বিমুক্তি** *বি* ১ বন্ধনমোচন। ২ দুঃখ নিবৃত্তি। ৩ মোক্ষ; মুক্তি।

বিমুখ *বিণ* ১ স্পৃহাহীন; নিবৃত্ত; নিরস্ত। ২ নারাজ; অপ্রসন্ন। ৩ প্রতিকূল; বিরুদ্ধ; বিরোধী। ৪ নারাজ; অপ্রসন্ন; প্রতিকূল; প্রার্থনা পূর্ণ না হওয়া। [স. বি (বিরুদ্ধ)+মুখ]। **বৈমুখ্য** *বি*।

বিমুগ্ধ *বিণ* ১ বিশেষ মুগ্ধ। ২ মোহগ্রস্ত; মোহপ্রাপ্ত। [স. বি+মুগ্ধ]। **বিমুগ্ধা** *স্ত্রী*.। **বিমুগ্ধতা** *বি* ১ মুগ্ধতা। ২ মোহগ্রস্ততা।

বিমূঢ় *বিণ* ১ হিতাহিত জ্ঞানশূন্য; কর্তব্যজ্ঞানহীন; অজ্ঞান। ২ হতবুদ্ধি; বিহ্বল। ৩ মোহাচ্ছন্ন; সম্পূর্ণ মুগ্ধ। ৪ মূর্খ। [স. বি+মূঢ়]। **বিমূঢ়তা** *বি* ১ মূর্খতা; অজ্ঞতা। ২ বিহ্বলতা।

বিমূর্ত *বিণ* ১ মূর্তিহীন; নিরবয়ব। ২ ভাবমূলক; ভাবময়। [স. বি(বিগত)+মূর্তি; বা. বি+√মূর্ছ্+ত]

বিমোচন *বি* ১ মুক্তকরণ। ২ উদ্ধার; বন্ধনমোচন। ৩ মুক্তি। [স. বি+মোচন]

বিমোহ *বি* মোহাচ্ছন্নতা; চিত্তের জড়তা; বিমুগ্ধতা। [স. বি+মোহ]। **বিমোহন** *বি* ১ মুগ্ধকরণ; ভুলানো। ২ মোহজনক; মুগ্ধকারী। **বিমোহিত** *বিণ* মুগ্ধ; মোহগ্রস্ত; বিহ্বল।

বিম্ব *বি* ১ ছায়া; প্রতিবিম্ব। ২ সূর্য ও চন্দ্রের মণ্ডল। ৩ তেলাকুচা ফল। ৪ বুদ্বুদ। [স.]। **বিম্বাগত, বিম্বিত** *বিণ* প্রতিফলিত। **বিম্বাধর, বিম্বোষ্ঠ, বিম্বৌষ্ঠ** *বি* পাকা তেলাকুচা ফলের ন্যায় রক্তবর্ণ ঠোঁট। □ *বিণ* তেলাকুচা ফলের মতো লাল ঠোঁটবিশিষ্ট। **বিম্বাধরা, বিম্বোষ্ঠা, বিম্বৌষ্ঠা** *স্ত্রী*.।

বিযুক্ত, বিযুত *বিণ* ১ বিশ্লিষ্ট; সংযোগশূন্য; বিচ্ছিন্ন; পৃথক। ২ (গ.) বাদ দেওয়া বা বিয়োগ করা হয়েছে এমন। [স. বি+√যুজ্+ত]

বিয়ন্ত *বিণ* সদ্য প্রসব করেছে এমন; সদ্য প্রসবকারিণী।

বিয়া, বিয়ে *বি* বিবাহ; পরিণয়। [স. বিবাহ>বিভা>বিহা>বিয়া]

বিয়ান, বিয়েন *বি* প্রসব; জন্মদান; গর্ভবিমোচন।

বিয়ানো *ক্রি* প্রসব করা। □ *বি,বিণ* উক্ত অর্থে। **এক বিয়েন/বিয়েনে** *বিণ* একবার প্রসব করেছে এমন।

বিয়াবান *বি* শূন্য ময়দান; মরুভূমি; জনমানবশূন্য স্থান। [ফা.]

বিয়াল্লিশ, বেয়াল্লিশ *বি,বিণ* ৪২ সংখ্যা বা সংখ্যক। [স. দ্বিচত্বারিংশ>]

বিয়ে, বে *বি* বিবাহ; পরিণয়। **বিয়ে-থাওয়া** *বি* বিবাহাদি অনুষ্ঠান। **বিয়ের পানি গায়ে লাগা**—বিয়ের সময়ে পানি গায়ে লাগলে কন্যা শীঘ্রই যৌবনবতী হয় এরূপ সংস্কার আছে; বিয়ের সম্ভাবনা হওয়া। **বিয়ের ফুল ফোটা**—বিয়ে আসন্ন এমন; বিয়ের সম্ভাবনা হওয়া।

বিয়োগ *বি* ১ বেদনা। ২ বিরহ; বিচ্ছেদ। ৩ অভাবশূন্যতা। ৪ মৃত্যু; মরণ। ৫ (গ.) এক সংখ্যা বা রাশি থেকে অন্য সংখ্যা বা রাশি বাদ দেওয়া। [স. বি+√যুজ্+অ]। **বিয়োগান্ত** *বিণ* শেষে বিচ্ছেদ বা মৃত্যু ঘটে এমন; নায়ক-নায়িকার বিচ্ছেদে সমাপ্তি এমন। [বিয়োগ+অন্ত]। **বিয়োগী(-গিন্)** *বিণ* বিরহী; বিরহযুক্ত; বিচ্ছেদযুক্ত; সংযোগহীন। **বিয়োগিনী** *বিণ স্ত্রী*.। **বিয়োগবিধুর** *বিণ* বিয়োগজনিত দুঃখে কাতর।

বিয়োজিত *বিণ* ১ বিযুক্ত; বিচ্ছিন্ন করা হয়েছে এমন। ২ পৃথককৃত; বিশ্লিষ্ট। ৩ বিরহিত। [স.]

বিরক্ত *বিণ* আসক্তিহীন; অনুরক্তহীন; অনুরাগশূন্য; বিরাগী; নিঃস্পৃহ; উদাসীন; অসন্তুষ্ট। [স. বি+√রন্জ্+ত]। **বিরক্তি** *বি* ১ অসন্তোষ; বিরাগ; বিরক্ত হওয়ার ভাব। ২ জ্বালাতন; অপ্রসন্ন।

বিরচন *বি* ১ প্রণয়ন; নির্মাণ; রচনা। ২ লিখন। ৩ গ্রথন। [স. বি+রচন]

বিরচিত *বিণ* ১ প্রণীত; কৃত; নির্মিত; প্রস্তুত; তৈরি। ২ লিখিত। ৩ গ্রথিত। [স.]

বিরত *বিণ* নিবৃত্ত; ক্ষান্ত। [স. বি+রত]। **বিরতা** *বিণ স্ত্রী*.। **বিরতি** *বি* ১ ক্ষান্তি; নিবৃত্তি; নিরস্ত হওয়া। ২ বিরাম; অবসর। ৩ অবসান।

বিরল *বিণ* ১ অনিবিড়; ফাঁকবিশিষ্ট। ২ খুব কম; অত্যল্প। ৩ কদাচিৎ দেখা যায় এমন। ৪ নির্জন বা জনমানবশূন্য। [স. বি+√রা+অল]। **বিরলতা** *বি* নির্জনতা।

বিরস *বিণ* ১ রসশূন্য; সারহীন। ২ ম্লান; আনন্দহীন। ৩ বিস্বাদ। [স. বি (বিগত)+রস]

বিরহ *বি* ১ বিচ্ছেদ। ২ অভাব; শূন্যতা। ৩ শৃঙ্গার রসের একটি বিশেষ অবস্থা। [স. বি+√রহ্+অ]। **বিরহ-বিধুর** *বিণ* বিচ্ছেদকাতর; বিরহকাতর। **বিরহিত** *বিণ* ১ বিযুক্ত। ২ বিহীন। **বিরহী**(-হিন্) *বিণ* বিরহকাতর; বিচ্ছেদপীড়িত; বিরহ-বিধুর। **বিরহী-কাজরী** *বি* বিরহের সংগীত বা সুর। **বিরহিনী** *বিণ স্ত্রী.*। **বিরহিয়া** *বিণ* বিরহী।

বিরাগ *বি* ১ ঔদাসীন্য; নিঃস্পৃহতা; অনুরাগের অভাব। ২ বিতৃষ্ণা; বিরক্তি। [স. বি+√রন্জ্+অ]। **বিরাগী** (-গিন্) *বিণ* ১ উদাসীন; আসক্তিহীন; নিঃস্পৃহ। ২ বিরাগযুক্ত। ৩ বিরক্ত। **বিরাগিণী** *বিণ স্ত্রী.*। **বিরাগভাজন** *বিণ* বিরক্তি উদ্রেককারী; বিরাগের পাত্র।

বিরাজ *বি* শোভাযুক্ত হয়ে অবস্থিতি; শোভাসহকারে অবস্থান। [স. বি+√রাজ্+অ]। □*ক্রি* (পদ্যে) প্রকাশ পাওয়া; বিরাজ করা; শোভা পাওয়া। **বিরাজমান** *বিণ* ১ শোভিত; উদ্ভাসিত; দীপ্ত। ২ শোভমান হয়ে অবস্থিত। ৩ প্রকাশিত; দৃষ্টিগোচর।

বিরাট[১] *বিণ* ১ বিশাল; প্রকাণ্ড; সুবৃহৎ। ২ সর্বব্যাপী। [স. বি+√রাজ+ক্বিপ্]। **বিরাটত্ব** *বি* প্রকাণ্ড; বৃহত্ত্ব।

বিরাট[২] *বি* ১ উত্তরার পিতার নাম। ২ প্রাচীন রাজ্যবিশেষ; মৎস্যদেশ। [স.]

বিরান *বিণ* জনমানবহীন; পরিত্যক্ত; বসতিশূন্য; ধ্বংসপ্রাপ্ত। [ফা.]। **বিরান পাথার** *বি* জনমানবহীন সমুদ্র। **বিরান প্রান্তর** *বি* নির্জন মাঠ। **বিরানা** *বিণ* জনশূন্য।

বিরানব্বই, বিরানব্বুই *বি,বিণ* ৯২ সংখ্যা বা সংখ্যক। [স. দ্বিনবতি>]

বিরাম *বি* ১ বিশ্রাম; অবসর বিনোদন। ২ বিরতি; ক্ষান্তি। ৩ অবসান; সমাপ্তি। ৪ অবসর। ৫ নিবৃত্তি। [স. বি.+√রম্+অ]

বিরাশি, বিরাশী *বি,বিণ* ৮২ সংখ্যক বা সংখ্যা। [বা. স. দ্ব্যশীতি]। **বিরাশি সিক্কা ওজন** *বি* ৮২ রুপার টাকার অর্থাৎ ৮২ তোলার ওজন; পাকা ওজন। **বিরাশি সিক্কা ওজনের চাপড়**—প্রবলতম চপেটাঘাত।

বিরিঞ্চি *বি* হিন্দুদেবতা ব্রহ্মা। [স.]

বিরিয়ানি, বিরয়ানি *বি* মাংস সহযোগে রান্না করা পোলাওবিশেষ; গোশ্‌ত-পোলাও। [ফা.]

বিরুদ্ধ *বিণ* ১ বিপরীত; উল্টা। ২ পরিপন্থী; প্রতিকূল। ৩ বিরোধী। [স. বি+√রুধ্+ত]। **বিরুদ্ধতা** *বি* ১ প্রতিকূলতা। ২ বিরোধিতা। **বিরুদ্ধাচরণ** *বি* বিপক্ষতা; শত্রুতা; প্রতিকূলতা। **বিরুদ্ধে** *ক্রিবিণ* বিপক্ষে; শত্রুপক্ষে।

বিরূপ *বিণ* ১ রূপহীন; কুরূপ। ২ অপ্রসন্ন; বিমুখ; অসন্তুষ্ট (বিরূপ হওয়া)। **বিরূপতা, বিরূপত্ব; বৈরূপক্ষ্য** *বি* বিমুখতা।

বিরূপাক্ষ *বি* বিরূপ অক্ষি যার; হিন্দুদেবতা শিব। [স.]

বিরেচক *বি* জোলাপ; যা খেলে জলের মতো মল নিঃসৃত হয়। □*বিণ* দাস্তকর; মল-নিঃসারক। [স. বি+রেচক]। **বিরেচন** *বি* ভেদ; মল-নিঃসারণ। □*বিণ* মল-নিঃসারক; দাস্তকারী।

বিরোচন *বি* ১ সূর্য। ২ চন্দ্র। ৩ অগ্নি। ৪ হিন্দু পুরাণোক্ত একজন দৈত্য; বলির পিতা। [স.]

বিরোধ *বি* ১ কলহ; বিবাদ; ঝগড়া। ২ শত্রুতা। ৩ যুদ্ধ। ৪ পরস্পর বিপরীতভাব বা বৈপরীত্য বা বিরুদ্ধতা। ৫ অনৈক্য; অবনিবনা। [স. বি+√রুধ্+অ]। **বিরোধাভাস** *বি* ১ অর্থালঙ্কারবিশেষ। ২ যে অর্থালঙ্কারে যথার্থ বিরোধ না থাকলেও আপাতত বিরোধের প্রতীতি হয়। **বিরোধিত** *বিণ* প্রতিকূলতা বা বিরোধিতা করা হয়েছে এমন; বিরোধযুক্ত। **বিরোধী**(-ধিন্) *বিণ* ১ বিরোধিতা করে এমন; বিরোধকারী; বিরুদ্ধ আচরণকারী। ২ শত্রু; বিপক্ষ। ৩ বিরুদ্ধ; প্রতিকূল। **বিরোধিনী** *স্ত্রী.*। **বিরোধিতা** *বি* বিপক্ষতা; শত্রুতা।

বিল[১] *বি* স্রোতহীন বিশাল জলাশয়; বাওড়। [স.]

বিল[২] *বি* ১ বিক্রেতা কর্তৃক ক্রেতাকে বিক্রীত দ্রব্যের বর্ণনা ও হিসাবযুক্ত যে কাগজ দেওয়া হয়। ২ হুন্ডি। ৩ আইন পরিষদে উপস্থাপিত আইনের খসড়া; bill। [ই.]

বিলকুল *বিণ* ১ স্রেফ; একদম। ২ সম্পূর্ণ; সমস্ত; সমুদয়; বেবাক। [আ.]

বিলক্ষণ *বিণ* ১ বিপরীত; পৃথক; বিভিন্ন; আলাদা। ২ অসাধারণ; অসামান্য। □*ক্রিবিণ* খুব ভালো রকম। □*অব্য* যথেষ্ট হয়েছে; বেশ হয়েছে; বিস্ময় বিরক্তি প্রভৃতি বোধক; আচ্ছা বেশ। [স. বি+লক্ষণ]

বিলম্ব *বি* ১ গৌণ; দেরি। ২ লম্বমান। [স. বি+√লম্ব্+অ]। **বিলম্বন** *বি* ১ দেরিকরণ; দেরি। ২ ঝুলন। **বিলম্বিত** *বিণ* ১ ধীর গতিযুক্ত; বিলম্বযুক্ত। ২ লম্বমান; ঝুলানো হয়েছে এমন। **বিলম্বিতা** *বিণ স্ত্রী.*। **বিলম্বী**(-ম্বিন্) *বি,বিণ* দেরি করেছে এমন; বিলম্বকারী। □*বিণ* ঝুলানো; বিলম্বিত।

বিলয় *বি* ১ নাশ; প্রলয়। ২ ধ্বংস; বিনাশ। **বিলয়ন** *বি* বিনাশন; ধ্বংস। [স. বি+লয়]

বিলসন, বিলসিত *বি* ১ লীলা; হাবভাব। ২ খেলা; ক্রীড়া। ৩ স্ফুরণ; প্রকাশ; প্রকটন; বিকাশ। ৪ শোভা; সৌন্দর্য। [স. বি+√লস্+অন]। **বিলসিত** *বিণ* ১ ক্রীড়িত; লীলায়িত। ২ শোভিত। □*বি* ১ প্রকাশিত; প্রকটিত। ২ স্ফুরিত।

বিলাত, বিলেত *বি* ১ ইংলন্ড। ২ ইউরোপ। [আ. বিলায়ৎ, বিলায়েত]। **বিলাতফেরত, বিলাতফেরতা** *বিণ* ইংলন্ড বা ইউরোপ ঘুরে এসেছে এমন। **বিলাতি, বিলিতি** *বিণ* ১ বিলাতে উৎপন্ন বা প্রচলিত। ২ বিদেশ থেকে আমদানিকৃত; বিদেশাগত। **বিলাতি-বেগুন** *বি* টম্যাটো। **বিলাতিয়ানা** *বি* বিলাতি চাল-চলন ও হাবভাব।

বিলানো, বিলনো *ক্রি* বণ্টন করা; দান বা বিতরণ করা। □*বি,বিণ* উক্ত অর্থে।

বিলাপ *বি* কাতরোক্তি; খেদোক্তি; শোকপ্রকাশ; ক্রন্দন। [স. বি+√লপ্+অ]। **বিলাপী**(-পিন্) *বিণ* খেদপ্রকাশকারী; বিলাপকারী; ক্রন্দনকারী; শোকগ্রস্ত। **বিলাপিনী** *বিণ স্ত্রী.*।

বিলাস *বি* ১ শৌখিনতা; সুখভোগ; আরাম; বাবুগিরি। ২ কেলি; লীলা; প্রমোদ; বিহার। ৩ বিকাশ; শোভা; সৌন্দর্য। ৪ লীলায়িত ভঙ্গি; হাবভাব। [স. বি+√লস্+অ]। **বিলাসকানন** *বি* প্রমোদবন; প্রমোদোদ্যান। **বিলাসিতা** *বি* বিলাসপূর্ণ চালচলন; বাবুগিরি; শৌখিনতা। **বিলাসিনী** *বি স্ত্রী.* ১ বিলাস-পরায়ণা। ২ নারী। ৩ বারাঙ্গনা; বেশ্যা। **বিলাসী** *বিণ* শৌখিন; বিলাসপরায়ণ; সুখভোগে রত; আরামপ্রিয়।

বিলি *বি* ১ বিতরণ। ২ বিনামূল্যে দান। ৩ বন্দোবস্ত; ব্যবস্থা; খাজনার বদলে জমি দেওয়া। ৪ বণ্টন; দায়িত্ব অর্পণ।

বিলীন *বিণ* ১ বিলয়প্রাপ্ত; মিলিয়ে গেছে এরূপ। ২ সম্পূর্ণ লুপ্ত; অন্তর্হিত; অদৃশ্য। [স. বি+লীন]

বিলীয়মান *বিণ* ১ বিলীন হয়ে যাচ্ছে এমন। ২ লুপ্ত বা

অন্তর্হিত বা অদৃশ্য হচ্ছে এরূপ। [স. বি+√লী+(শানচ্)+আন]
বিলুপ্ত *বিণ* ১ অন্তর্হিত; বিলোপপ্রাপ্ত। ২ বিলীন। [স. বি+লুপ্ত]। **বিলুপ্তি** *বি*।
বিলেপ, বিলেপন *বি* ১ লেপা; পোঁচ দেওয়া; মাখানো। ২ লেপন করা হয় এমন। [স. বি+√লিপ্+অন]
বিলোকন *বি* অবলোকন; দর্শন; আগ্রহের সাথে দর্শন। [স. বি+√লোক্+অন]। **বিলোকিত** *বিণ* দৃষ্ট; অবলোকিত।
বিলোচন *বি* ১ দর্শন; দেখা। ২ শিবের চোখ; চক্ষু; নয়ন। [স. বি (বিকৃত)+লোচন]
বিলোপ, বিলোপন *বি* ১ সম্পূর্ণ লোপ। ২ বিনাশ; ধ্বংস। ৩ মৃত্যু। ৪ অন্তর্ধান; তিরোভাব। [স. বি+√লুপ্+অ/অন]
বিলোল *বিণ* ১ চঞ্চল; কম্পিত; চপল। ২ লোলুপ; অতিলোভী। ৩ এলোমেলো; বিশৃঙ্খলা। [স. বি+√লুল্+অ]
বিল্ব *বি* শ্রীফল; বেলফল বা গাছ। [স.]। **বিল্বস্তনী** *বিণ* বেলসদৃশ দৃঢ় ও সুগোল স্তনবিশিষ্ট।
বিশ *বি,বিণ* কুড়ি; ২০ সংখ্যা বা সংখ্যক। [স. বিংশতি, বিংশ>]। **বিশ বাঁও পানি** *বি* বিষম বিপাক।
বিশদ *বিণ* ১ সুস্পষ্ট; স্পষ্ট। ২ ধবল; সিত; শুভ্র; সাদা। ৩ নির্মল। [স.]। **বিশদতা** *বি* ১ স্পষ্টতা। ২ শুভ্রতা। ৩ নির্মলতা।
বিশল্য *বিণ* ১ শল্যশূন্য। ২ যন্ত্রণাশূন্য; বেদনাহীন। ৩ ভাবনাহীন; চিন্তাবিহীন; নির্ভাবনা। [স. বি+শল্য]। **বিশল্যকরণী** *বি* রামায়ণোক্ত এক প্রকার বেদনা দূরকারী পাতা। **বিশল্যা** *বিণ স্ত্রী.* প্রসববেদনা-শূন্যা। ☐ *বি* একপ্রকার ব্যথা দূরকারী লতা; গুলঞ্চ।
বিশাই *বি* হিন্দু-দেবতা বিশ্বকর্মা। [স. বিশ্বকর্মা>]
বিশাখ[১] *বি* হিন্দুদেবতা কার্তিকেয়। [স.]
বিশাখ[২] *বিণ* শাখাশূন্য। **বিশাখা**[১] *বিণ স্ত্রী.*।
বিশাখা[২] *বি* ১ রাধিকার একজন সখী। ২ সাতাশ নক্ষত্রের একটি। [স.]
বিশারদ *বি* পণ্ডিত; অভিজ্ঞ; জ্ঞানসম্পন্ন (আবদুল করিম সাহিত্য বিশারদ)। ☐ *বিণ* পারদর্শী; দক্ষ; নিপুণ। [স. বি (বিপরীত)+শারদ (প্রতিভাহীন) অর্থাৎ প্রতিভাশূন্যতার বিপরীত= প্রতিভাবান]
বিশাল *বিণ* ১ প্রকাণ্ড; বৃহৎ; বিস্তীর্ণ। ২ অতিশয় উদার। [স.]। **বিশালতা, বিশালত্ব** *বি* ১ বিস্তীর্ণতা; প্রকাণ্ডতা। ২ অতিশয় উদারতা। **বিশালী** *বিণ স্ত্রী.*। **বিশালাক্ষী** *বিণ স্ত্রী.* ১ চোখ আয়ত বা টানা-টানা এমন; আয়তলোচনযুক্তা। ২ পরমা সুন্দরী।
বিশিখ *বি* ১ বাণ। ২ তোমর নামক অস্ত্র। ৩ শরগাছ। ☐ *বিণ* শিখাহীন। [স. বি+শিখা]
বিশিষ্ট *বিণ* ১ বিশেষ প্রকার; অসাধারণ; অত্যন্ত। ২ যুক্ত; সমন্বিত; সংকেলিত। ৩ প্রসিদ্ধ; মর্যাদাসম্পন্ন। [স. বি+√শিষ্+ত]। **বিশিষ্টতা** *বি* ১ অতিশয় শিষ্টতা। ২ অসাধারণতা।
বিশীর্ণ *বিণ* বিশেষভাবে শীর্ণ; অতিশয় শুষ্ক; অত্যন্ত কৃশ; অতীব জীর্ণ। [স.]। **বিশীর্ণা** *বিণ স্ত্রী.*। **বিশীর্ণতা, বিশীর্ণত্ব** *বি* অতিশয় জীর্ণতা; অত্যন্ত শুষ্কতা।
বিশুদ্ধ *বিণ* ১ পবিত্র। ২ নির্মল; নিষ্কলঙ্ক; অতিশুদ্ধ। ৩ অমিশ্র। ৪ খাঁটি। ৫ দোষহীন; নির্দোষ। [স.]। **বিশুদ্ধতা, বিশুদ্ধি** *বি* নির্মলতা; পবিত্রতা।
বিশুষ্ক *বিণ* ১ খুব শুষ্ক; রসহীন। ২ ম্লান; নিষ্প্রভ। [স.]। **বিশুষ্কতা** *বি* ১ শুষ্কতা; শুষ্কভাব; অত্যন্ত রূপহীনতা। ২ ম্লানিমা।
বিশৃঙ্খল *বিণ* ১ এলোমেলো; শৃঙ্খলহীন; বিপর্যস্ত। ২ নিয়মবদ্ধ নয় এমন; নিয়মহীন। ৩ উচ্ছৃঙ্খল। [স. বি (বিগত)+শৃঙ্খলা]। **বিশৃঙ্খলতা, বিশৃঙ্খলা** *বি* ১ ব্যবস্থাহীনতা। ২ উচ্ছৃঙ্খলতা।
বিশে, বিশা *বি,বিণ* মাসের বিংশতিদিবস বা দিবসের; মাসের কুড়ি তারিখ বা কুড়ি তারিখের। [বা.]
বিশেষ *বি* ১ প্রকর্ষ; উৎকর্ষ; আতিশয্য; আধিক্য। ২ ভেদাভেদ; প্রভেদ; বৈলক্ষণ্য; তারতম্য। ৩ রকম; প্রকার। ৪ বৈচিত্র্য। ☐ *বিণ* ১ বিশিষ্ট; অসাধারণ। ২ বিলক্ষণ; জরুরি; খুব বেশি। [স. বি+√শিষ্+অ]। **বিশেষক** *বিণ* ১ বৈশিষ্ট্যজ্ঞাপক; বিশেষকারক। ২ প্রভেদকারী; প্রভেদক। **বিশেষজ্ঞ** *বি* ১ সুপণ্ডিত। ২ বিশেষ বিষয়ে জ্ঞানী; কোনো বিষয়ে যে উত্তমরূপে জানে। **বিশেষত** *অব্য, ক্রিবিণ* ১ বিশেষ করে; বিশেষভাবে। ২ অধিকন্তু। ৩ প্রধানত। **বিশেষত্ব** *বি* বিশেষ গুণ; বৈশিষ্ট্য; বিশেষ ভাব।
বিশেষণ *বি* ১ (ব্যা.) যে পদ বিশেষ্যের বা সর্বনামের গুণ ভাব অবস্থাদি নির্দেশ করে। ২ গুণ বা দোষ নির্দেশক; প্রশংসাসূচক শব্দ। ৩ বিশেষ ধর্ম। ৪ চিহ্ন। ৫ বিশেষিতকরণ। [স.]। **বিশেষিত** *বিণ* ১ বিশেষণের সাহায্যে নির্ণীত। ২ পৃথকীকৃত।
বিশেষোক্তি *বি* সাহিত্যে অলঙ্কারবিশেষ; কারণ সত্ত্বেও কাজের অভাব ঘটলে যে অলঙ্কার হয়। [স.]
বিশেষ্য *বি* (ব্যা.) ব্যক্তি প্রাণী বস্তু দ্রব্য জাতি ক্রিয়া গুণ বা ভাবের সংজ্ঞাবাচক শব্দ। ☐ *বিণ* গুণাদি দ্বারা পৃথক করে নির্দিষ্ট করা যায় এমন। [স.]
বিশোধন *বি* ১ বিশুদ্ধকরণ। ২ সংশোধন। ৩ সম্যকরূপে শোধন। [স.]। **বিশোধক** *বিণ* বিশুদ্ধ করে এমন; বিশোধনকর। **বিশোধনীয়, বিশোধ্য** *বিণ* বিশোধনযোগ্য; বিশুদ্ধ করার উপযুক্ত। **বিশোধিত** *বিণ* বিশুদ্ধ করা হয়েছে এমন; পরিষ্কৃত।
বিশোষণ *বি* শুষ্ককরণ; বিশেষভাবে শোধন; তরল পদার্থ শুষে অঙ্গীভূতকরণ। [স.]। **বিশোষিত** *বিণ* বিশেষভাবে শোষণ করা হয়েছে এমন; বিশেষভাবে শোষিত।
বিশ্ব *বি* জগৎ। ☐ *বিণ* সমস্ত; সমুদয়; সকল; সব; যাবতীয়। **বিশ্বকর্মা** *বি* হিন্দু দেবতাবিশেষ যিনি শিল্পের দেবতারূপে খ্যাত। **বিশ্বকোষ** *বি* নিখিল শাস্ত্রবিষয়ক অভিধান; জগতের সকল বিষয়ের অভিধান; encyclopedia। **বিশ্বচরাচর** *বি* সমগ্র দৃশ্যমান জগৎ। **বিশ্বজন** *বি* মানব জাতি; মানব সাধারণ; পৃথিবীর সমস্ত মানুষ। **বিশ্বজনীন** *বিণ* ১ জগদ্ব্যাপী। ২ বিশ্বের মঙ্গলজনক; সর্বজনহিতকর। ৩ সকল মানুষ সম্পর্কীয়। **বিশ্বজিৎ** *বি* ১ যিনি বিশ্বকে জয় করেছেন। ২ যজ্ঞবিশেষ। **বিশ্বদেব** *বি* ১ অগ্নি; আগুন। ২ হিন্দুমতে গণদেবতা। **বিশ্বনাথ** *বি* ১ জগদীশ্বর; কাশীর বিখ্যাত শিবলিঙ্গ। ২ হিন্দুদেবতা শিব। **বিশ্বনিখিল** *বি* সমগ্র জগৎ। **বিশ্বপ্রেম** *বি* সর্বজনের প্রতি সমান ভালোবাসা বা প্রীতি। **বিশ্ববাসী** *বি* বিশ্বের সমগ্র মানবজাতি; জগতের জনগণ; জগদ্বাসী।

বিশ্ববিদ্যালয় *বি* সর্বপ্রকার বিদ্যাশিক্ষার জন্য সর্বোচ্চ প্রতিষ্ঠান; university. **বিশ্ববিধাতা** *বি* সৃষ্টিকর্তা; পরমেশ্বর; আল্লাহ। **বিশ্ববিশ্রুত** *বিণ* জগৎবিখ্যাত; জগতের সর্বত্র প্রসিদ্ধ; ভুবনবিখ্যাত। **বিশ্বব্যাপী** *বিণ* পৃথিবীর সব জায়গায় বিস্তৃত; সকল স্থানে বর্তমান। **বিশ্বমৈত্রী** *বি* জগতের সকলের সঙ্গে বন্ধুত্ব বা মিত্রতা; universal friendship। **বিশ্বসাহিত্য** *বি* ১ সকল দেশ বা সকল যুগের উপযোগী যে সাহিত্য। ২ জগতের সাহিত্য। ৩ বিশ্ববিখ্যাত গ্রন্থ।

বিশ্বস্ত *বিণ* বিশ্বাসের উপযুক্ত; বিশ্বাসী; বিশ্বাসভাজন। **বিশ্বস্ততা** *বি* বিশ্বাসযোগ্যতা। **বিশ্বস্তসূত্রে** *ক্রিবিণ* বিশ্বাসযোগ্য ব্যক্তি বা উৎস থেকে।

বিশ্বামিত্র *বি* খ্যাতনামা ঋষি। [স. বিশ্ব+মিত্র]

বিশ্বাস *বি* ১ সত্য বলে বিবেচনা; প্রত্যয়। ২ নির্ভর; আস্থা; ভরসা। ৩ শ্রদ্ধা। [স.]। **বিশ্বাসঘাতক, বিশ্বাসঘাতী, বিশ্বাসহন্তা** *বি* প্রতারক; অবিশ্বাসী; বিশ্বাসভাজন হয়েও যে অবিশ্বাসের কাজ করে; বেইমান। **বিশ্বাসঘাতিকা, বিশ্বাসঘাতিনী, বিশ্বাসহন্ত্রী** *বিণ স্ত্রী.*। **বিশ্বাসভাজন** *বিণ* বিশ্বাসের বা আস্থার পাত্র; নির্ভরযোগ্য। **বিশ্বাসী** *বিণ* আস্থা স্থাপন করা যেতে পারে এমন। ☐ *বি* যে বিশ্বাস করে। **বিশ্বাস্য** *বিণ* বিশ্বাসযোগ্য; নির্ভর করার উপযুক্ত।

বিশ্বেশ্বর *বি* ১ বিশ্বপতি। ২ ঈশ্বর; জগৎকর্তা। ৩ কাশীর শিব। [স. বিশ্ব+ঈশ্বর]। **বিশ্বেশ্বরী** *বি স্ত্রী.* ১ জগতের ঈশ্বরী; জগৎকর্ত্রী। ২ হিন্দু দেবী দুর্গা। [স. বিশ্ব+ঈশ্বরী]

বিশ্রাম *বি* ১ নিবৃত্তি; বিরতি; বিরাম। ২ শ্রম দূরীকরণ; জিরানো। [স.]

বিশ্রী *বিণ* কদাকার; কুৎসিত; শ্রীহীন। ☐ *বি* লজ্জাকর; জঘন্য; অশ্লীল। [স.]

বিশ্রুত *বিণ* প্রখ্যাত; বিখ্যাত; প্রসিদ্ধ। **বিশ্রুতি** *বি* প্রসিদ্ধি। [স.]

বিশ্লেষ *বি* ১ বিয়োগ; বিচ্ছেদ; অসংযোগ। ২ পৃথক। ৩ বিভাগ। ৪ বিকাশ। **বিশ্লেষণ** *বি* পৃথককরণ; বিচ্ছেদকরণ; ব্যবচ্ছেদন; উপাদান স্থিরীকরণ। **বিশ্লেষিত** *বিণ* বিশ্লিষ্ট করা হয়েছে এমন।

বিষ *বি* ১ গরল; হলাহল; যে পদার্থ দেহে প্রবেশ করলে অসুস্থতা ঘটে বা মৃত্যু হয়। ২ দ্বেষ; হিংসা। ৩ অত্যন্ত বিরক্তিকর ব্যক্তি বা বস্তু। [স.]। **বিষকন্যা** *বি* নিয়মিত বিষ সেবন দ্বারা অন্যের হত্যাকারীরূপে সৃষ্ট বালিকা। **বিষকুম্ভ** *বি* ১ বিষের কলসি; বিষপূর্ণ কলসি। ২ (আল.) হিংসাপূর্ণ মানসিকতাবিশিষ্ট ব্যক্তি। **বিষক্রিয়া** *বি* বিষের যে ক্রিয়ার ফলে অসুস্থতা ঘটে বা মৃত্যু হয়। **বিষদন্ত, বিষদাঁত** *বি* ১ সাপের যে দন্তমূলে বিষের থলি থাকে। ২ (আল.) তেজের অহঙ্কারের মূল কারণ। **বিষদাঁত ভাঙা** *ক্রি* অনিষ্ট করবার শক্তি নষ্ট করা। **বিষদৃষ্টি, বিষনয়ন** *বি* ১ কুনজর। ২ অতিশয় বিদ্বেষ বা শত্রুতা। ৩ হিংসাপূর্ণ দৃষ্টি; হিংসাদৃষ্টি। **বিষবৃক্ষ** *বি* ১ যে বৃক্ষের ফল বিষময়। ২ (আল.) যা লালন করলে নিজেরই সর্বনাশ হয়। ৩ (আল.) যে আশ্রিত ব্যক্তি আশ্রয়দাতার সর্বনাশ সাধন করে। **বিষবৈদ্য** *বি* ওঝা; বিষক্রিয়ার চিকিৎসা জানে যে। **বিষমুখ** *বি* বিষযুক্ত মুখ। ☐ *বিণ* (আল.) কটুভাষী। **বিষহর** *বিণ* বিষঘ্ন; বিষ নাশ করে এমন। **বিষহরা** *বিণ স্ত্রী.*। **বিষহরী** *বি স্ত্রী.* হিন্দু দেবী মনসা।

বিষণ্ন *বিণ* ১ দুঃখিত; দুঃখপ্রাপ্ত; ক্ষুণ্ন। ২ ম্লান; মলিন। ৩ বিষাদযুক্ত; অপ্রসন্ন। [স.]। **বিষণ্না** *স্ত্রী.*।

বিষফোঁড়া *বি* যন্ত্রণাদায়ক ফোড়াবিশেষ। [স. বিস্ফোটক>]

বিষম *বি* খাদ্য বা পানি পেটে যাওয়ার সময়ে শ্বাসনালীতে প্রবেশ করলে হঠাৎ যে শ্বাসরোধ ও হিক্কা হয়। ☐ *বিণ* ১ দুঃসহ; দারুণ; খুব; অত্যন্ত; অতিশয়; বেজায়। ২ সাজ্ঘাতিক; ভীষণ; উৎকট। ৩ অসমান; বন্ধুর; তরঙ্গায়িত; অসমতল। ৪ অযুগ্ম; অযুক্ত; বিজোড়; কঠিন। **বিষম জ্বর** *বি* ১ দীর্ঘকাল স্থায়ী থাকে যে জ্বর। ২ অত্যন্ত বেশি জ্বর।

বিষয় *বি* ১ ভোগ্য পদার্থ। ২ ধন; সম্পত্তি। ৩ আলোচ্য বা বর্ণনীয় বস্তু। ৪ বিস্তৃত অঞ্চল; জেলা। ৫ অধিকারভুক্ত জায়গা। [স.]। **বিষয়-আশয়** *বি* ধনসম্পত্তি; অর্থসম্পদ। **বিষয়ক** *ক্রিবিণ* সংক্রান্ত; সম্বন্ধীয়; বিষয়ে। **বিষয়কর্ম** *বি* ১ সাংসারিক বা সম্পত্তিগত ব্যাপার। ২ জমিদারি রক্ষণাবেক্ষণ বা পরিচালনার কাজ। **বিষয়তৃষ্ণা, বিষয়বাসনা, বিষয়লালসা** *বি* ধনপিপাসা; সাংসারিক সুখভোগের অভিলাষ। **বিষয়পরায়ণ, বিষয়াসক্ত** *বিণ* ১ ভোগ্যবস্তুর প্রতি আসক্ত; ধনসম্পত্তির প্রতি অনুরক্ত। ২ অত্যন্ত সংসারী। ৩ মোহাবিষ্ট; মোহাচ্ছন্ন। **বিষয়বস্তু** *বি* বর্ণনীয় বিষয়; subject matter। **বিষয়বুদ্ধি** *বি* বৈষয়িক জ্ঞান; সাংসারিক জ্ঞান; সম্পত্তি পরিচালনায় কূটবুদ্ধি। **বিষয়সূচি** *বি* আলোচ্য ঘটনা বা বিষয়সমূহের ধারাবাহিক তালিকা। **বিষয়ান্তর** *বি* প্রসঙ্গান্তর; আলোচনার এক বিষয় থেকে অন্য বিষয়। **বিষয়ী** *বি* আত্মা; জ্ঞাতা; ইন্দ্রিয়। ☐ *বিণ* ১ ধনী; সম্পত্তিশালী। ২ বিষয়াসক্ত। **বিষয়ীভূত** *বিণ* আলোচনা সম্পর্কিত; বিষয়ের অন্তর্গত।

বিষাক্ত *বিণ* গরলপূর্ণ; বিষমিশ্রিত; বিষযুক্ত। [স.]

বিষাণ *বি* ১ পশুর শিং। ২ পশুর শৃঙ্গের ন্যায় নির্মিত বাদ্যযন্ত্র; শিঙ্গা। ৩ শূকর হস্তী প্রভৃতির বৃহৎ দন্ত। [স.]

বিষাদ *বি* ১ স্ফূর্তিশূন্যতা; বিষণ্নতা। ২ আশাভঙ্গের ক্ষোভ; খেদ। ৩ দুঃখ। [স.]। **বিষাদিত, বিষাদী** *বিণ* বিষাদবিশিষ্ট। **বিষাদিতা, বিষাদিনী** *বিণ স্ত্রী.*।

বিষানো *ক্রি* ১ বিষাক্ত হওয়া। ২ অত্যন্ত যন্ত্রণাপূর্ণ হওয়া; টাটানো। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে।

বিষিত *বিণ* বিষযুক্ত; বিষাক্ত।

বিষুব *বি* যে সময়ে দিন ও রাত্রি সমান হয়। **বিষুবরেখা** *বি* মেরুদ্বয় থেকে সমদূরবর্তী ভূগোলক বেষ্টনকারী কল্পিত রেখা। **বিষুবলম্ব** *বি* ক্রান্তি; বিষুববৃত্ত থেকে গ্রহ নক্ষত্রের কৌণিক দূরত্ব বা অন্তর।

বিষ্টিভদ্রা *বি* (জ্যো.) হিন্দু জ্যোতিষশাস্ত্র মতে যাত্রা বা শুভকাজের জন্য একটি অশুভ যোগ।

বিষ্টু *বি* বিষ্ণু শব্দের কথ্যরূপ।

বিষ্ঠা *বি* মল; গু; পুরীষ। [স.]

বিষ্ণু *বি* ১ হিন্দু ত্রিত্ববাদের ত্রয়ীর অন্যতম। ২ হিন্দু জগতের পালনকর্তা নারায়ণ নামক দেবতা। [স.]। **বিষ্ণুপ্রিয়া** *বি* ১ লক্ষ্মী। ২ শ্রীচৈতন্যের স্ত্রী।
বিস *বি* মৃণাল; পদ্মাদির ডাঁটা।
বিসংবাদ, বিসম্বাদ *বি* ১ বিরোধ; ঝগড়া; কলহ। ২ অমিল; বৈলক্ষণ্য। ৩ মতানৈক্য; মতভেদ। [স.]। **বিসংবাদিত** *বিণ* ১ বিবাদিত; বিরোচিত; বিসংবাদের বিষয়ীভূত। ২ বিতর্কিত। **অবিসংবাদিত** *বিপ.*।
বিসদৃশ *বিণ* ১ সামঞ্জস্যহীন; অন্যরকম। ২ বিপরীত; উল্টা।
বিসমিল্লাহ, বিসমিল্লা *বি* ১ আল্লাহর নামে; খোদাতালার নাম স্মরণ করে কাজ শুরু। ২ সূচনা; আরম্ভ। [আ.]। **বিসমিল্লায় গলদ** *বি* গোড়ায় গলদ; সূচনাতেই ত্রুটি।
বিসর্গ *বি* ১ বর্ণবিশেষ। ২ ত্যাগ; বিসর্জন। ৩ সৃষ্টি; জন্ম; উৎপত্তি; উদ্ভব। [স.]
বিসর্জন *বি* ১ পরিত্যাগ; ত্যাগ। ২ হিন্দুদের পূজার শেষে প্রতিমা নদী ইত্যাদিতে নিক্ষেপ। [স.]। **বিসর্জনীয়** *বিণ* ত্যাগের উপযোগী; বিসর্জনযোগ্য। **বিসর্জিত** *বিণ* ত্যাগ করা বা বিসর্জন দেওয়া হয়েছে এমন। **বিসর্জিতা** *বিণ স্ত্রী.*।
বিসার *বি* ১ প্রসার; বিস্তার। ২ প্রবাহ।
বিসূচিকা *বি* কলেরা; ওলাউঠা নামক মারাত্মক ছোঁয়াচে রোগ। [স.]
বিস্কুট *বি* ময়দাদির দ্বারা প্রস্তুত পাতলা পিষ্টকজাতীয় খাদ্য। [ই.]
বিস্তর *বিণ* অনেক; খুব; ঢের; প্রচুর; দেদার। ▢*বি* ১ বিশেষ বর্ণনা। ২ বর্ণনার আধিক্য। ৩ বিস্তার; প্রসার। [স.]
বিস্তার *বি* ১ চওড়াই; প্রস্থ। ২ প্রসারণ। ৩ প্রসার; ব্যাপ্তি; বিস্তৃতি; পরিসর। **বিস্তারিত, বিস্তৃত** *বিণ* ১ ব্যাপক। ২ প্রসারিত। ৩ ছড়ানো; বিছানো। ৪ সবিশেষ। [স.]। **বিস্তীর্ণ** *বিণ* বিশাল; বিরাট। **বিস্তৃতি** *বি* বিস্তার; ব্যাপ্তি; প্রসার।
বিস্ফার, বিস্ফোরণ *বি* ১ স্ফূর্তি। ২ কম্পন। ৩ বিস্তার। ৪ প্রসারণ। ৫ বিকাশন। [স.]। **বিস্ফারিত** *বিণ* ১ বিস্তারিত; প্রসারিত। ২ কম্পিত। ৩ বিকশিত।
বিস্ফোট, বিস্ফোটক *বি* ফোড়া; বিষফোড়া। [স.]
বিস্ফোটিত *বিণ* প্রস্ফুটিত। [স.]
বিস্ফোরণ *বি* হঠাৎ সশব্দে ফেটে যাওয়া; explosion। [স.]। **বিস্ফোরক** *বিণ* ১ সহজে জ্বলে ওঠে বা ফাটে এমন। ২ বিধ্বংসী দাহ্য পদার্থ দিয়ে তৈরি এমন।
বিস্ময় *বি* ১ আশ্চর্য; চমৎকৃতের ভাব। ২ সংশয় [স.]। **বিস্ময়কর, বিস্ময়জনক, বিস্ময়াবহ** *বিণ* বিস্ময় উৎপাদন করে এমন; আশ্চর্যজনক। **বিস্ময়বিহ্বলতা** *বি* বিস্ময়ের দরুন অভিভূত হওয়ার ভাব। **বিস্ময়াবিষ্ট, বিস্ময়াভিভূত** *বিণ* বিস্ময়ে বিহ্বল; বিস্ময়মগ্ন।
বিস্মরণ *বি* স্মৃতিলোপ; ভুলে যাওয়া; বিস্মৃতি। [স.]
বিস্মিত *বিণ* বিস্ময়াপন্ন; আশ্চর্যান্বিত; বিস্ময়যুক্ত; অবাক; চমৎকৃত। [স.]। **বিস্মিতা** *বিণ স্ত্রী.*।
বিস্মৃত *বিণ* ১ বিস্মৃতিযুক্ত; ভুলে গেছে এমন। ২ মনে নেই এমন। [স.]। **বিস্মৃতা** *বিণ স্ত্রী.*। **বিস্মৃতি** *বি* স্মৃতিলোপ; বিস্মরণ।
বিস্বাদ *বিণ* ১ খেতে ভালো লাগে না এমন। ২ স্বাদশূন্য। [স.]

বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম *বি* ১ পক্ষী; পাখি। ২ বাণ। [স.]। **বিহগী, বিহঙ্গী, বিহঙ্গমী**[১] *বিণ স্ত্রী.*।
বিহঙ্গমা, বিহঙ্গমী[২] *বি* ব্যাঙ্গমা; বাংলা রূপকথায় কথিত একপ্রকার কাল্পনিক পাখি। [স. বিহঙ্গম>]। **বিহঙ্গমী, ব্যাঙ্গমী** *বিণ স্ত্রী.*।
বিহনে *অব্য* ব্যতীত; অভাবে; বিনা। [স. বিহীন>]
বিহান[১], **বিয়ান**[১] *বি* প্রভাত; সকাল; প্রাতঃকাল। [স. বিভাত]
বিহান[২], **বেয়ান** *বি* বৈবাহিক সম্পর্কসূত্রে বর ও কনের পিতা ও মাতা কিংবা ভাই ও বোনের পারস্পরিক সম্বোধন ও আত্মীয়তা। [স. বৈবাহিকা>]
বিহার[১] *বি* ভারতের প্রদেশবিশেষ। **বিহারি** *বিণ,বি* ১ বিহার প্রদেশের অধিবাসী। ২ বিহারে জাত। ▢*বি* বিহার থেকে আগত মোহাজের।
বিহার[২] *বি* ১ ক্রীড়ার জন্য বিচরণ। ২ ক্রীড়া। ৩ রতিক্রীড়া। ৪ বৌদ্ধমঠ। [স.]। **বিহারী** *বিণ* বিহারকারী; বিচরণশীল। **বিহারিণী** *বিণ স্ত্রী.*।
বিহিত *বি* ১ যথোপযুক্ত ব্যবস্থা। ২ বিধান। ৩ প্রতিকার; প্রতিবিধান। [স.]
বিহীন *বিণ* অভাববিশিষ্ট; বর্জিত; বিরহিত; ত্যক্ত। [স.]। **বিহীনা** *বিণ স্ত্রী.*।
বিহ্বল *বিণ* বিভোল; বিবশ; আত্মহারা; অভিভূত; অচেতন। [স.]। **বিহ্বলা** *বিণ স্ত্রী.*। **বিহ্বলতা** *বি* অবসন্নতা; আত্মহারার ভাব।
বীক্ষণ *বি* ১ নিরীক্ষণ; বিশেষভাবে দর্শন। ২ যার সাহায্যে বিশেষভাবে দেখা যায়। **বীক্ষণীয়** *বিণ* দর্শনীয়; দর্শনযোগ্য। **বীক্ষমান** *বিণ* দর্শন করছে এমন। **বীক্ষ্যমান** *বিণ* বীক্ষিত বা নিরীক্ষিত হচ্ছে এমন।
বীচি[১] = বিচি।
বীচি[২] *বি* ১ ঢেউ; তরঙ্গ। ২ কিরণ; দীপ্তি; আলোকতরঙ্গ; ray। ৩ আনন্দ; হর্ষ।
বীজ *বি* ১ নতুন ফসল উৎপাদনের উদ্দেশ্যে সংরক্ষিত শস্য। ২ শস্যাদির আঁটি; অঙ্কুর। ৩ মূল কারণ। ৪ জীবাণু। ৫ বীর্য; শুক্র। [স.]। **বীজকোষ, বীজকোশ** *বি* পুষ্পের যে অংশে বীজ থাকে; পুষ্পবীজের আধার। **বীজবারক** *বিণ* জীবাণুর উৎপত্তি নিবারণকারী; antiseptic।
বীণা *বি* এক প্রকার তারযুক্ত বাদ্যযন্ত্র। [স.]। **বীণাপাণি** *বি* ১ বীণা পাণিতে (হাত) যার। ২ পুরাণোক্ত বাগ্‌দেবী; সরস্বতী দেবী।
বীত *বিণ* বিগত; অপগত; অতীত; নিবৃত্ত। **বীতরাগ** *বি* বিরক্ত। ▢*বিণ* আসক্তিহীন; অনাসক্ত। **বীতশ্রদ্ধ** *বি,বিণ* শ্রদ্ধা দূর হয়েছে এমন; শ্রদ্ধাহীন; আস্থাহীন।
বীথি, বীথিকা *বি* ১ সারি; পঙ্‌ক্তি; শ্রেণী। ২ উভয়পার্শ্বে বৃক্ষশ্রেণী দ্বারা সুশোভিত পথ; avenue। [স.]
বীন, বীণ *বি* বাদ্যযন্ত্রবিশেষ; বীণা। [স. বীণা>]। **বীণকার** *বি* বীণা বাজায় যে; বীণাবাদক।
বীপ্সা *বি* ১ ব্যাপ্তি; ইচ্ছা। ২ যা পুনঃপুন ঘটে।
বীভৎস *বিণ* অতিশয় কদর্য; ঘৃণ্য; বিকৃত। ▢*বি* ১ পাপাত্মা; পাপী। ২ ঘৃণা বা জুগুপ্সা উৎপাদক রস। [স.]। **বীভৎসতা** *বি* কদর্যতা।
বীর *বি* ১ বলবীর্যশালী পুরুষ। ২ কাব্যের রসবিশেষ

৩ বীর্যবান; বলবান; শূর; সাহসী; শক্তিমান। ☐*বিণ* ১ তেজস্বী। ২ শ্রেষ্ঠ; প্রধান। ৩ যুদ্ধকুশল; রণনিপুণ। [স.]। **বীরত্ব** *বি*। **বীরনারী** *বি স্ত্রী.* ১ শৌর্যবতী; বীর্যবতী। ২ বীরপত্নী; বীরাঙ্গনা। **বীরপ্রসবিনী, বীরপ্রসূ** *বিণ* বীর পুত্রের জননী; বীর সন্তান প্রসবকারিণী। **বীরবর** *বি* শূরশ্রেষ্ঠ; শ্রেষ্ঠ বীর। **বীরভদ্র** *বি* হিন্দু পুরাণমতে শিবের একজন অনুচরের নাম; শূরপ্রধান। **বীরভোগ্যা** *বিণ স্ত্রী.* বীরের অধিকার বা ভোগের উপযুক্তা।

বীরশ্রেষ্ঠ *বি* বাংলাদেশের মুক্তিযুদ্ধে বীরত্ব ও সাহসিকতার জন্য সরকার প্রদত্ত খেতাব। মর্যাদা-ক্রম: **বীরশ্রেষ্ঠ, বীর-উত্তম, বীর-বিক্রম, বীর-প্রতীক**।

বীরাঙ্গনা *বি* ১ বীরনারী; বীর্যবতী বা সাহসী নারী। ২ বীরপত্নী। [স. বীর+অঙ্গনা]

বীরাচার *বি* হিন্দু তান্ত্রিক সাধনার পদ্ধতিবিশেষ। [স. বীর+আচার]

বীরেশ্বর *বি* শ্রেষ্ঠ বীর; বীরশ্রেষ্ঠ; সর্বোত্তম বীর। [স. বীর+ঈশ্বর]

বীর্য *বি* ১ শৌর্য; বীরত্ব; পরাক্রম; বিক্রম; তেজ; শক্তি। ২ রেত; শুক্র। **বীর্যবত্তা** *বি* বীরত্ব। **বীর্যবন্ত** *বিণ* বলবান; বিক্রমশালী। **বীর্যবান, বীর্যশালী** *বিণ* বীরত্বপূর্ণ। **বীর্যবতী, বীর্যশালিনী** *বিণ স্ত্রী.*।

বুঁদ[১] *বিণ* বিভোর; চুর; অভিভূত; বিহ্বল। [স. মুদ>]

বুঁদ[২], **বুঁদি** *বি* ১ ক্ষুদ্র বিন্দু; ছোট ফোঁটা; বৃষ্টির ছোট ছোট ফোঁটা। ২ ভুড়ভুড়ি। [স. বিন্দু>]

বুঁদিয়া, বুঁদে *বি* বটিকা আকৃতির মিঠাই।

বুক[১] *বি* ১ বক্ষঃস্থল। ২ ছাতি। ৩ অন্তর; হৃদয়। [স. বুক্ক>]। **বুক চাপড়ানো** *ক্রি* শোকে প্রকাশপূর্বক বারংবার বুকে চাপড় মারা। **বুক চিতিয়ে চলা** *ক্রি* অসঙ্কুচিত হয়ে অগ্রসর হওয়া; সাহসের সঙ্গে অগ্রসর হওয়া। **বুক ঠোকা** *ক্রি* সাহস বা ভরসা প্রকাশ করা; বুকে আঘাত করে সাহস দেখানো। **বুক দশ হাত হওয়া, বুক ফুলে ওঠা** *ক্রি* আনন্দিত হওয়া; গর্বিত বা অহঙ্কৃত হওয়া। **বুক পাতা** *ক্রি* দুঃখ-কষ্ট সহ্য করতে প্রস্তুত থাকা। **বুক ফাটা** *ক্রি* দুঃখে হৃদয় ফেটে যাওয়া; প্রচণ্ড দুঃখ বা শোক পাওয়া। **বুক ফাটে তো মুখ ফোটে না**— মনের গোপন কথা প্রকাশ করার ভীষণ ইচ্ছা সত্ত্বেও মুখে না বলা। **বুক বাঁধা** *ক্রি* ১ সাহসে ভর করা। ২ বিপদে ধৈর্য ধারণ করা। **বুক ভাঙা/ ভাঙ্গা** *বিণ* ১ প্রবল দুঃখবাচক। ২ দুঃখে-শোকে মর্মান্তিক কষ্ট পাওয়া। **বুকে ঢেঁকির পাড় পড়া** *ক্রি* তীব্র আতঙ্কে প্রবল বেগে হৃৎপিণ্ডের স্পন্দন হওয়া। **বুকে পিঠে করে মানুষ করা** *ক্রি* অত্যন্ত আদরে ও যত্নে লালন করা। **বুকে বসে দাড়ি উপড়ানো** *ক্রি* আশ্রয়দাতা বা প্রতিপালকের অনিষ্ট সাধন করা। **বুকের পাটা** *বি* ১ বুকের প্রসার; ছাতি। ২ (আল.) শক্তি; সাহস; দুঃসাহস। **বুকের রক্ত দেওয়া** *ক্রি* প্রাণপণে জীবন দেওয়া; সর্বান্তঃকরণে জীবন বিসর্জন দেওয়া; আত্মত্যাগ করা। **বুকে হাত দিয়ে বলা** *ক্রি* আন্তরিকতা বা সাহসের সঙ্গে বলা; বিবেকের নির্দেশ মেনে চলা।

বুক[২] *বি* ১ আগাম মূল্য দিয়ে আসন সংরক্ষণ বা সিট রিজার্ভ করা। ২ জাহাজে বা রেলে মালপত্র চালান দেবার ব্যবস্থা। ৩ বইপুস্তক। [ই]। **বুক কিপিং** *বি* ব্যবসায় প্রতিষ্ঠানের হিসাব-রক্ষণ। [ই]। **বুকপোস্ট** *বি* পুস্তক খবরের কাগজের মোড়ক ইত্যাদি মুখ-খোলা অবস্থায় কম মাশুলে ডাকযোগে পাঠাবার ব্যবস্থা। **বুকশেলফ** *বি* বইয়ের তাক। **বুকস্টল** *বি* বইয়ের দোকান; রেল স্টেশন প্রভৃতি খোলা জায়গায় বইয়ের দোকান।

বুকড়ি, বুকড়ী *বি* আছাঁটা মোটা চাল। ☐*বিণ* অশোভনরূপে বড় ও মোটাসোটা।

বুজদিল *বিণ* ভীরু; কাপুরুষ। [ফা.]

বুজরুক *বিণ* ১ (ব্য.) অলৌকিক বা দৈবশক্তির ভানকারী; পাণ্ডিত্যের ভান করে এমন; কুটিল। ২ প্রতারক; ঠক। **বুজরুকি** *বি* ১ পাণ্ডিত্যের বা অলৌকিক শক্তির ভান; ছলনা; ভান। ২ প্রতারণা। [ফা.]

বুজুর্গ *বি* মহান; সম্মানিত; মুরব্বি; সাধু। [ফা.]। **বুজুর্গি** *বিণ* মাহাত্ম্য; আভিজাত্য।

বুঝ *বি* ১ বোধ; বিচার; জ্ঞান। ২ প্রবোধ; সান্ত্বনা। **বুঝ-সমঝ** *বি* বিচার-বিবেচনা।

বুঝি *ক্রি* অনুমান করি; অনুভব করি; বোধ করি। ☐*অব্য* বোধ হয়; সম্ভবত; অনুমান; হয়তো।

বুট[১] *বি* এক ধরনের মজবুত জুতা যা পরলে পায়ের গোড়ালির উপরাংশ আবৃত থাকে। [ই. boot]

বুট[২] ⟹ ছোলা[২]

বুটি, বুটী *বি* বস্ত্রাদিতে সুচে-তোলা ফুল। [তুল. হি বুটা]। **বুটিদার** *বিণ* বুটিযুক্ত; বুটি দ্বারা মণ্ডিত।

বুড়বক *বিণ* নিরেট মূর্খ; একান্ত নির্বোধ। তুল. উজবুক।

বুড়া[১] *ক্রি* ১ নিমজ্জিত হওয়া; ডোবা; জলমগ্ন হওয়া। ২ ভরে যাওয়া। **বুড়ানো** *ক্রি* ১ ডোবানো। ২ ভরে দেওয়া বা যাওয়া।

বুড়া[২], **বুড়ো** *বি* বৃদ্ধ ব্যক্তি। ☐*বিণ* ১ প্রবীণ। ২ অতি পুরনো; প্রাচীন। ৩ অতিশয় বয়স্ক। ৪ পরিপক্ব; জেঠা; ফাজিল; অকালপক্ব। [স. বৃদ্ধ]। **বুড়ি**[১], **বুড়ী** *বিণ,বি স্ত্রী.*। **বুড়া আঙুল** *বি* অঙ্গুষ্ঠ; বৃদ্ধাঙ্গুলি। **বুড়া/বুড়ো আঙুল দেখানো** *ক্রি* ফাঁকি দেওয়া। **বুড়ো শালিকের ঘাড়ে রোঁ**—বৃদ্ধ বয়সে শিশু বা যুবকের মতো আচরণ। **বুড়োহাড়** *বি* অভিজ্ঞ লোক।

বুড়ি[২] *বি* পাঁচগণ্ডা বা সিকিপণ। [স. বোড্রী>]। **বুড়িকিয়া, বুড়িকে** *বি* বুড়িসম্বন্ধীয় গণনাপদ্ধতি।

বুঢ়া *বিণ* বৃদ্ধ; প্রবীণ। [হি]

বুত *বি* মূর্তি। [ফা. বুত]। **বুতপরস্ত** *বিণ* মূর্তি উপাসক।

বুদ্দু *বি,বিণ* মরুবাসী আরব। [আ.]

বুদ্ধ *বি* বৌদ্ধধর্মের প্রবর্তক ও প্রচারক; সিদ্ধার্থ; গৌতম। ☐*বিণ* ১ জাগরিত; উদ্বোধিত। ২ জ্ঞানপ্রাপ্ত; প্রজ্ঞাপ্রাপ্ত। ৩ জ্ঞানী। [স.]। **বুদ্ধত্ব** *বি* বুদ্ধের ভাব; বোধিলাভের অবস্থা।

বুদ্ধি *বি* ১ ধী; বোধ; বিচারশক্তি; মনীষা। ২ পরামর্শ; মন্ত্রণা; যুক্তি। ৩ মতলব; ফন্দি; কৌশল। ৪ মনোবৃত্তি। ৫ জ্ঞান। [স. √বুধ্+তি]। **বুদ্ধি-কৌশল** *বি* বুদ্ধির দ্বারা উদ্ভাসিত উপায় বা ফন্দি; চতুরতা। **বুদ্ধিগম্য** *বিণ* জ্ঞানগোচর; বুদ্ধির সাহায্যে জানা যায় এমন। **বুদ্ধিচাতুর্য** *বি* বুদ্ধিকৌশল; বুদ্ধির নৈপুণ্য; বুদ্ধির প্রাখর্য; চতুরতা। **বুদ্ধিজীবী**(-বিন্) *বিণ* ১ সমাজ ও সংস্কৃতি সচেতন এবং জ্ঞান বিজ্ঞানে দক্ষ

সুশিক্ষিত মানুষ যারা বুদ্ধির বলে বা বুদ্ধির কাজ দিয়ে জীবিকা নির্বাহ করে। ২ জ্ঞান বা বুদ্ধিকৌশলে কাজ সম্পাদন করে এমন। **বুদ্ধিতে বৃহস্পতি**—হিন্দু পুরাণোক্ত দেবগুরু বৃহস্পতির মতো অত্যন্ত বুদ্ধিমান; মহাপণ্ডিত ব্যক্তি। **বুদ্ধিনাশ, বুদ্ধিভ্রংশ, বুদ্ধিলোপ, বুদ্ধিহানি** *বি* বুদ্ধির লোপ; বুদ্ধিশূন্যতা। **বুদ্ধিবৃত্তি** *বি* বুদ্ধিশক্তি; মানসিক শক্তি। **বুদ্ধিভ্রম** *বি* মতিভ্রান্তি; বুঝবার ভুল। **বুদ্ধিভ্রষ্ট** *বিণ* বুদ্ধি ভ্রংশ হয়েছে এমন। **বুদ্ধিমত্তা** *বি* বিজ্ঞতা; ধী-শক্তি; বুদ্ধিশালিতা; মনীষা। **বুদ্ধিমান** *বিণ* ১ জ্ঞানবিশিষ্ট; বুদ্ধিসম্পন্ন; বুদ্ধিযুক্ত; জ্ঞানী। ২ চালাক; চতুর। **বুদ্ধির গোড়ায় ধোঁয়া দেওয়া** *ক্রি* বিবেচনা বা চিন্তা করতে বসা। **বুদ্ধির ঢেঁকি**—নির্বোধ; নিতান্ত স্থূলবুদ্ধি। **বুদ্ধিশুদ্ধি** *বি* বিচার-বিবেচনা। **বুদ্ধিহত** *বিণ* হতবুদ্ধি; লুপ্তবুদ্ধি।

বুদ্ধু *বিণ* (ব্য.) বোকা; মূর্খ। [স. সংবুদ্ধ>]

বুদ্বুদ, বুদ্‌বুদ *বি* পানির ভুড়ভুড়ি; জলবিম্ব। [স.]

বুধ *বি* ১ সপ্তাহের একটি বার; সাতদিনের একটি; বুধবার। ২ একটি গ্রহের নাম; Mercury। ৩ জ্ঞানী; বোধশক্তিসম্পন্ন ব্যক্তি। ৪ পণ্ডিত; বিদ্বান; জ্ঞানী; প্রতিভাধর ব্যক্তি। ৫ চন্দ্রের পুত্র। [স.]

বুনট *বি* ১ বয়নকাজ; বয়নকৌশল। ২ বয়নের পারিশ্রমিক; বয়নমূল্য। ৩ বস্ত্রাদির বুনন বা জমিন।

বুনন, বুনান *বি* ১ বীজরোপণ; বপন। ২ বস্ত্রাদি প্রস্তুতকরণ; বয়ন। [স. বয়ন>]

বুননি, বুনানি, বুনুনি *বি* ১ কাপড়ের জমিন; কাপড়ের বুনন। ২ বয়নকাজ; বোনা। ৩ বয়নের পারিশ্রমিক বা মূল্য।

বুনানো, বোনা *ক্রি* ১ বপন করা; সুবিন্যস্তরূপে ছড়িয়ে দেওয়া। ২ বয়ন করা।

বুনো *বিণ* ১ আদিবাসী। ২ অসভ্য; বর্বর; অমার্জিত। ৩ জংলি; বনবাসী; বন-জঙ্গলে বাস করে এমন। ৪ বন্য; বনে উৎপন্ন; বনজাত। [স. বন/বন্য>]

বুভুক্ষা *বি* ক্ষুধা; ভোজন করার ইচ্ছা। [স. √ভুজ্+ সন+অ+আ]। **বুভুক্ষিত, বুভুক্ষু** *বিণ* ১ ভোজনেচ্ছু। ২ ক্ষুধিত; ক্ষুধার্ত।

বুরা *বিণ* মন্দ; খারাপ (বুরা না মানো তো একটা কথা বলি)। [হি.]

বুরুজ *বি* ১ মিনারের উপরের অংশ; গম্বুজ। ২ দুর্গপ্রাকার; দুর্গপ্রাকারের উপরের কক্ষ—সশস্ত্রপ্রহরী যেখানে থাকে। ৩ এক প্রকার তাসখেলা। [আ. বুর্জ; তুল. ই.]

বুরুশ *বি* পশুলোম ইত্যাদিতে তৈরি মার্জনী। [ই. brush]

বুর্জোয়া *বি* পুঁজিবাদী বা ধনতান্ত্রিক ব্যবস্থার ফলে সৃষ্ট উচ্চবিত্ত বা ধনিক-শ্রেণীর লোক। [ফ.]

বুলক, বুলাক, বোলক *বি* নাকের অলঙ্কারবিশেষ। [ফা. বুলাক]

বুলন্দ *বিণ* উচ্চ। [ফা. বুলন্দ]। **বুলন্দ-নসিব** *বিণ* সৌভাগ্য।

বুলবুল, বুলবুলি *বি* মিষ্টি সুরের এক জাতীয় পাখি। [ফা. বুলবুল]

বুলা(প্রা-বা) *ক্রি* ভ্রমণ করা; বিচরণ করা; ঘুরে বেড়ানো। [প্রা. √বোল্লা>বা. বুলা]

বুলি *বি* ১ কথা; শব্দ; বাক্য; বোল; ভাষা; dialect। ২ মুখস্থ ভাষা বা গৎ। ৩ অস্পষ্ট কথা। ৪ আঞ্চলিক ভাষা; উপভাষা।

বুলেট *বি* বন্দুকের গুলি; ছররা। [ই.]

বুস্তাঁ, বোস্তান *বি* ফুলের বাগান। [ফা.]

বৃংহণ *বি* হাতির ডাক। ❑ *বিণ* বলকর; পুষ্টিকর। [স.]

বৃংহিত *বি* হস্তীর গর্জন; হাতির চিৎকার। ❑ *বিণ* ১ বৃদ্ধিপ্রাপ্ত; বর্ধিত। ২ পুষ্ট। [স.]

বৃক *বি* ১ নেকড়ে বাঘ। ২ শৃগাল। ৩ কাক। ৪ জঠরানল; জঠরাগ্নি। ৫ ক্ষত্রিয়। [স. বৃক+উদর]। **বৃকোদর** *বি* ১ মহাভারতোক্ত মধ্যম পাণ্ডব ভীম। ২ নেকড়ে বাঘের মতো উদর যার।

বৃক্ক *বি* তলপেটের যে যন্ত্র রক্ত থেকে মূত্র আলাদা করে; কিডনি। [স.]

বৃক্ষ *বি* গাছ; শাখী; বিটপী; দ্রুম; মহীরুহ; তরু; পাদপ। [স.]। **বৃক্ষচ্ছায়** *বি* বৃক্ষসমূহের ছায়া। [স. বৃক্ষ+ছায়]। **বৃক্ষচ্ছায়া** *বি* গাছের ছায়া। [স. বৃক্ষ+ছায়া]। **বৃক্ষবাটিকা** *বি* বাগান-বাড়ি। **বৃক্ষাগ্র** *বি* গাছের আগা; তরুশির। [স. বৃক্ষ+অগ্র]

বৃত *বিণ* ১ কোনো কাজের জন্য শ্রদ্ধার সঙ্গে গ্রহণ করা হয়েছে এমন। ২ সসম্মানে গৃহীত বা নিযুক্ত। ৩ প্রার্থিত। ৪ আবৃত। ৫ আচ্ছাদিত। [স. √বৃ+ত]

বৃতি *বি* ১ কাঁটার বেড়া। ২ বেড়া। ৩ বেষ্টনী। ৪ বরণ। ৫ নিয়োগ; নিযুক্তি। ৬ প্রার্থনা; আবেদন। ৭ আবরণী। ৮ বেষ্টন। ৯ পুষ্পের বহিরাবরণ। ❑ *বিণ* গোপন। [স. √বৃ+তি]

বৃত্ত *বি* ১ (জ্যা.) একই সমতলে অবস্থিত একটি বিন্দু অন্য একটি বিন্দু থেকে সর্বদা সমান দূরে থেকে যে গোলাকার ক্ষেত্র সৃষ্টি করে। ২ চরিত্র। ৩ শাস্ত্রোক্ত আচার। ৪ ছন্দ। ৫ কচ্ছপ। ❑ *বিণ* ১ বর্তুল; গোলাকার। ২ জাত; উৎপন্ন। ৩ আবৃত; আচ্ছাদিত। ৪ অভ্যস্ত; অভ্যাস দ্বারা আয়ত্ত। ৫ নিযুক্ত; কার্যরত। [স. √বৃত্+ত]

বৃত্তান্ত *বি* ১ বিবরণ; বর্ণনা। ২ বার্তা; সংবাদ। ৩ বিষয়; ব্যাপার। ৪ ঘটনা। [স. বৃত্ত+অন্ত]। **সর্ববৃত্তান্তদর্শী** *বি* যিনি সকল ব্যাপার জানেন।

বৃত্তি *বি* ১ ধর্ম; প্রকৃতি। ২ প্রবৃত্তি; স্বভাব। ৩ উপজীবিকা; ব্যবসায়। ৪ আচরণ; ব্যবহার। ৫ যে ছন্দ অক্ষর সংখ্যা দ্বারা স্থির হয়। ৬ নির্দিষ্ট সময়ের জন্য বা নির্দিষ্ট সময় অন্তর অর্থ সাহায্য। ৭ টীকা-টিপ্পনী; ব্যাখ্যান। [স. √বৃত্+তি]। **বৃত্তিগবেষক** *বি* বৃত্তি বা সরকারি অনুদান নিয়ে গবেষণা করেন যিনি। **বৃত্তিদান** *বি* জীবিকা-নির্বাহের জন্য ভূমি বা অর্থ সাহায্য দান। **বৃত্তিভোগী** *বি* যে নিয়মিত অর্থসাহায্য পায়।

বৃত্র *বি* হিন্দু পুরাণোক্ত শক্তিশালী অসুর। **বৃত্রহা, বৃত্রারি** *বি* বৃত্রসংহারক দেবরাজ ইন্দ্র। [স. তুল. পহ্লবী বেত্‌রো—সর্পরূপী অসুর]

বৃথা *অব্য, ক্রিবিণ* অকারণ; নিষ্কারণ; বিনা কারণে; নিরর্থক; অনর্থক; নিষ্ফল; মিথ্যা; অলীক। [স. √বৃ+থা]। **বৃথা মাংস** *বি* হিন্দুমতে দেব-দেবীকে উৎসর্গ করা হয়নি এমন পশুর মাংস।

বৃদ্ধ *বিণ* ১ বুড়া; প্রবীণ। ২ বৃদ্ধিপ্রাপ্ত; বয়োজ্যেষ্ঠ। ৩ প্রাচীন; বহু বৎসরের। ৪ মুরুব্বি। ৫ অভিজ্ঞ; প্রবুদ্ধ (জ্ঞানবৃদ্ধ)। [স. √বৃধ+ত]। **বৃদ্ধকাক** *বি* দাঁড়কাক। **বৃদ্ধ প্রপিতামহ** *বি* প্রপিতামহের পিতা। **বৃদ্ধস্য তরুণী ভার্যা**

বি বৃদ্ধের তরুণী স্ত্রী।

বৃদ্ধাঙ্গুলি, বৃদ্ধাঙ্গুষ্ঠ *বি* বুড়া আঙুল; অঙ্গুষ্ঠ; হাতের বা পায়ের বুড়া আঙুল। [স. বৃদ্ধ+অঙ্গুলি, অঙ্গুষ্ঠ]। **বৃদ্ধাঙ্গুলি/বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখানো/প্রদর্শন** *ক্রি* ফাঁকি দেওয়া।

বৃদ্ধি *বি*১ আধিক্য; প্রাচুর্য। ২ বাড়; বিস্তার। ৩ উন্নতি। ৪ সুদ। [স.√বৃধ+তি]

বৃন্ত *বি*১ পাতা ফুল ও ফল যে দণ্ডের সঙ্গে সংলগ্ন থাকে; বোঁটা। ২ স্তনাগ্র; চুচুক। ৩ জলপাত্র রাখবার বিড়া। [স.√ব+(ন–আগাম)+ত]। **বৃন্তচ্যুত** *বিণ* বোঁটা থেকে খসে পড়েছে এমন।

বৃন্দ *বি*১ কয়েকজন; সমূহ; গণ। ২ কতকগুলো। ❑ *বিণ* শত কোটি সংখ্যক।

বৃন্দা *বি* ১ তুলসী গাছ। ২ হিন্দুপুরাণে রাধিকার দূতী বা সখী; রাধিকার নামান্তর। [স.]

বৃন্দাবন *বি* রাধা ও কৃষ্ণের প্রেমের লীলাক্ষেত্র; যমুনা তীরবর্তী মথুরার নিকটবর্তী হিন্দুদের তীর্থস্থান। [স.]

বৃশ্চিক *বি*১ বিছা। ২ রাশিচক্রের অষ্টম রাশি। ৩ শূককীট; শুঁয়াপোকা। [স. √ব্রশ্চ+ইক]। **বৃশ্চিকদংশন** *বি*১ বিছার কামড়। ২ (আল.) তীব্র হৃদয়দাহ; ভীষণ মর্মবেদনা।

বৃষ, বৃষভ *বি*১ ষণ্ড; ষাঁড়; বলদ; বলীবর্দ। ২ (জ্যো-বি) রাশিচক্রের একটি রাশি। [স. √বৃষ্+অ]। **বৃষকাষ্ঠ** *বি* হিন্দুদের বৃষোৎসর্গ নামক শ্রাদ্ধে ব্যবহৃত ষাঁড় বাঁধার খুঁটি। **বৃষধ্বজ, বৃষভধ্বজ, বৃষবাহন, বৃষভবাহন** *বিণ* হিন্দুদেবতা শিব। **বৃষস্কন্ধ** *বিণ*১ ষাঁড়ের স্কন্ধের মতো স্থূল ও প্রশস্ত স্কন্ধ এমন। ২ অত্যন্ত শক্তিশালী। **বৃষোৎসর্গ** *বি* হিন্দুদের দ্বারা অনুষ্ঠিত একপ্রকার শ্রাদ্ধ যাতে ষাঁড় উৎসর্গ করা হয়। [স. বৃষ+উৎসর্গ]

বৃষ্টি *বি* বর্ষণ; মেঘ থেকে পানি পড়া। [স. √বৃষ্+তি]। **বৃষ্টিস্নাত** *বিণ* বৃষ্টির পানিতে ধৌত।

বৃষ্ণি *বি*১ যদুবংশ; যাদব। ২ কৃষ্ণ। ৩ জ্যোতি। ৪ ইন্দ্র। ৫ বায়ু। ৬ মেঘ। ৭ অগ্নি। ❑ *বিণ* ১ বিধর্মাবলম্বী। ২ পাষণ্ড। [স. √বৃষ্+নি]

বৃহৎ *বিণ*১ মস্ত বড়; প্রকাণ্ড; বিরাট; বিস্তৃত। ২ উদার; মহৎ। ৩ সমারোহপূর্ণ। [স.√বৃহ্+অত]। **বৃহত্তর** *বিণ* অধিকতর বিস্তৃত; বিশালতর।

বৃহস্পতি *বি*১ সপ্তাহের দিন বা বারবিশেষ; বৃহস্পতিবার। ২ একটি গ্রহের নাম; Jupiter। ৩ হিন্দু পুরাণোক্ত দেবগুরু। [স. বৃহৎ (বাক)+পতি]

বে[১] *বি* বিয়ে।

বে[২] *অব্য*১ বিহীন; বিনা; ব্যতীত; ছাড়া। ২ অভাব বিরোধ নিন্দা বৈপরীত্য ভাব প্রকাশক শব্দ। [ফা. বে]। **বেয়াকুফ, বেয়াকুব** *বিণ* বোকা; নির্বোধ; জ্ঞানহীন। [ফা. বে+আ. ওয়কুফ]। **বেআইন, বেআইনি** *বিণ*১ আইনের বাইরে; আইনের বিরুদ্ধে। ২ অবৈধ। **বেআক্কেল** *বিণ* জ্ঞানহীন; বুদ্ধিহীন; নির্বোধ; কাণ্ডজ্ঞানহীন। [ফা. বে+আ. আকল]। **বেআদব, বেয়াদব** *বি* অভদ্র; শিষ্টাচারহীন; অশিষ্ট। **বেআদবি, বেয়াদবি** *বি* অভদ্রতা; অশিষ্টাচার। **বেআন্দাজ** *বি* বেহিসাব; পরিমাণ সম্বন্ধে যার জ্ঞান নেই। [ফা. বে+ফা. আন্দায]। **বেআবরু** *বিণ* ১ বেপর্দা। ২ শ্লীলতাহীন; সম্ভ্রম বা সম্মানহীন। ❑ *বি* অপমান; অসম্মান। [ফা. বে+ফা. আবরূ]। **বেইজ্জত** *বিণ* ১ অসম্মানিত। ২ অপমানিত। [ফা. বে+আ. ইয্যত]। **বেইজ্জতি** *বি* মানহানি; অপমান। **বেইমান, বেঈমান** *বিণ*১ বিশ্বাসঘাতক; নিমকহারাম। ২ ধর্ম–বিশ্বাসহীন। [ফা. বে+আ. ঈমান]। **বেইমানি, বেঈমানি** *বি* বিশ্বাসঘাতকতা। **বেএক্তিয়ার** *বিণ* ১ এলাকার বাইরে স্থিত; এলাকা–বহির্ভূত। ২ ক্ষমতাহীন। ৩ উপায়হীন। ৪ বেসামাল। ৫ অধিকার–বহির্ভূত। [ফা. বে+আ. ইখতিয়ার]। **বেওজর** *বিণ* অজুহাত নেই এমন; আপত্তিহীন। [ফা. বে+আ. উযর]। **বেওফা** *বিণ* অকৃতজ্ঞ; নিমকহারাম; প্রতিজ্ঞা ভঙ্গকারী। [ফা. বে+আ. ওয়ফা]। **বেওয়ারিশ, বেওয়ারিশি** *বিণ*১ অভিভাবকহীন। ২ স্বত্বাধিকারশূন্য; দাবিদার নেই এমন। **বেকবুল** *বিণ* অস্বীকৃত; অসম্মত। [ফা. বে+আ. কবুল]। **বেকসুর খালাস** *বি* নির্দোষ বলে মুক্তিলাভ। **বেকায়দা** *বিণ* অসুবিধা; উপায়হীন; নিরুপায়; অনায়ত্ত। [ফা. বে+আ. ক'ইদঃ]। **বেকার** *বিণ*১ অযথা; অকারণ। ২ কর্মহীন; জীবিকাশূন্য। **বেকুব**=বেয়াকুব। **বেকুবি** *বি* বোকামি; নির্বুদ্ধিতা; মূর্খতা। **বে-খরচ, বেখরচা** *ক্রিবিণ* বিনা খরচে; ব্যয় ব্যতিরেকে। **বেখাপ, বেখাপ্পা** *বিণ* মিল হয় না বা মানায় না এমন; বেমানান। **বেগতিক** *বিণ* নিরুপায়; উপায়হীন; অসহায়; প্রতিকারহীন। **বেগোছ** *বিণ* অগোছালো; এলোমেলো। **বেচাল** *বিণ* ১ আচার–ব্যবহার শোভনীয় নয় এমন। ২ চরিত্রহীন। **বেজুত, বিজুত** *বি*১ অসুবিধা। ২ মনের মতো না হওয়া অবস্থা; অবাঞ্ছিত। **বেটাইম** *বি* অসময়। ❑ *বিণ* নির্দিষ্ট সময়ের আগে বা পরে। [ফা. বে+ই. টাইম]। **বেঠিক** *বিণ* অসত্য; ভ্রমপূর্ণ; ঠিক নয় এমন। **বেঢক, বেঢপ** *বিণ* বেমানান; ছাঁচের সাথে মেলে না এমন; কাদাকার; কুশ্রী। **বেতদবির** *বি* তদবিরের বা তত্ত্বাবধানের অভাব। [ফা. বে+আ. তদবীর]। **বেতমিজ** *বিণ* ১ অশিষ্ট। ২ বেআদব; শিষ্টাচারজ্ঞানবর্জিত। ৩ অনভিজ্ঞ। [ফা. বে+আ. তমীয]। **বেতর** *বিণ*১ অসুস্থ; অপ্রকৃতিস্থ; পাগল। ২ বিসদৃশ; বিপরীত; বিরুদ্ধ। **বেতরিবত** *বিণ* অশিক্ষিত; শিক্ষার বা শিষ্টাচারের অভাব আছে এমন। [ফা. বে+আ. তরবীয়ৎ]। **বেতার** *বিণ* ১ বিস্বাদ। ২ তারবিহীন। [ফা. বে+ফা. তার]। **বেতারবার্তা** *বি* যে তারবিহীন যন্ত্রের সাহায্যে দূরবর্তী স্থানের সংবাদ প্রদান করা হয়; রেডিও। **বেতারযন্ত্র** *বি* বিনা তারে বিদ্যুৎ–প্রবাহের সাহায্যে শব্দ প্রেরিত ও গৃহীত হয় যে যন্ত্রে; রেডিও। **বেতাল, বেতালা** *বিণ*১ তালহীন; তালভঙ্গ। ২ কোনো তালজ্ঞান নেই এমন। ৩ অনুপযুক্ত। **বেদখল** *বিণ* ১ অধিকারহীন; অধিকারচ্যুত। ২ নিজস্ব জিনিস অপরের হাতে চলে যাওয়া। [ফা. বে+আ. দখল]। **বেদখলি** *বিণ* অন্যায়ভাবে অধিকার করা হয়েছে এমন। **বেদম** *বিণ*১ দম ফুরিয়ে গেছে এমন। ২ শ্বাসরোধকর। ৩ নিঃশ্বাস ফেলারও অবসর পাওয়া যায় না এমন; নিরবকাশ। ৪ শ্বাস ও প্রাণবায়ু বের করে দেয় এমন মারাত্মক। ৫ নিঃশ্বাস নেওয়ার জন্যও থামে না এমন। [ফা. বে+ফা. দম]। **বেদল** *বি* বিপক্ষ। ❑ *বিণ* দলছাড়া। **বেদলীয়** *বিণ* ১ অন্যদলভুক্ত। ২ শত্রুপক্ষের। **বেদস্তুর** *বিণ* ১ রীতি–বিরুদ্ধ। ২ নিয়মকানুনবহির্ভূত। [ফা. বে+ফা. দস্তুর]। **বেদাগ** *বিণ*১ দাগবিহীন। ২ চিহ্নিত করা হয়নি এমন। ৩ নিষ্কলঙ্ক; কালিমাহীন। [ফা. বে+দাগ]। **বেদীন** *বিণ*১ ধর্মহীন। ২ সত্যধর্মে অবিশ্বাসী। [ফা. বে+আ. দীন]। **বেদেরেগ** *বিণ* নির্মম; করুণাহীন। **বেধড়ক** *বিণ*

অপরিমিত; বেজায়। **বেনাম** *বিণ* নামহীন; অপরিচিত। ❑ *বি* ১ প্রকৃত মালিকের বদলে অন্য লোকের নাম। ২ নাম গোপন করা। [ফা. বে নাম]। **বেনামি, বেনামা** *বিণ* লেখকের নাম গোপন করা হয় এমন; নামহীন। [ফা. বে+ফা. নামী]। **বেপর্দা** *বিণ* ১ পর্দা সম্পর্কে সচেতন নয় এমন। ২ উন্মুক্ত। ৩ ঘোমটাহীন; বেআবরু। ৪ লজ্জাহীন। [ফা. বেপরদাহ্]। **বেপরোয়া** *বিণ* নির্ভীক; ভয়হীন; কোনো কিছুই গ্রাহ্য করে না এবং বাধা-নিষেধ মানে না এমন। [ফা. বে+পরওয়া]। **বেফজুল** *বিণ* মিছামিছি, শুধু শুধু। **বেফাঁস** *বিণ* ১ অসংযত। ২ বন্ধনহীন। ৩ অশ্লীল; নগ্ন। ❑ *বি* গোপন তথ্যাদি প্রকাশ। **বেফায়দা** *বিণ* ১ লাভ নেই এমন। ২ বৃথা; নিষ্ফল। [ফা. বে+আ. ফাঈদ]। **বে-বন্দেজ** *বিণ* ব্যবস্থাহীন; শৃঙ্খলাশূন্য। **বেবন্দোবস্ত** *বিণ* ১ ব্যবস্থাশূন্য; ঠিক হয়নি এমন। ২ শৃঙ্খলাশূন্য; বিশৃঙ্খল। [ফা. বে+বন্দবস্ত]। **বেবাক** *বিণ* সবগুলো; সমস্ত; নিঃশেষ। [ফা. বে+বাক]। **বেমক্কা, বেমওকা** *বিণ* ১ অসঙ্গত। ২ অসংযত। ৩ অশোভন। [ফা. বে+আ. মওকা]। **বেমতলব** *বি* অনিচ্ছা। [ফা. বে+আ. মতলব]। **বেমনাসিব** *বিণ* উচিত নয় এমন; অনুচিত। [ফা. বে+আ. মনাসিব]। **বেমানান** *বিণ* ১ মানায় না এমন; বেখাপ্পা। ২ অশোভন। **বেমালুম** *বিণ, ক্রিবিণ* জানার মধ্যে নয় এমন; অজ্ঞাতে; অগোচরে। [ফা. বে+আ. মালূম]। **বেমেরামত** *বি* ১ মেরামত করা হয়নি বা হয় না এমন অবস্থা। ২ মেরামত করা হয়নি এমন। [ফা. বে+আ. মরম্মৎ]। **ব্যারাম, বেআরাম** *বি* রোগ ব্যাধিতে শারীরিক বা মানসিক অবস্থা খারাপ হওয়া। [ফা. বে+আরাম]। **বেরসিক** *বিণ* রস বোঝে না এবং রস করে না এমন; অরসিক। **বেশক** *ক্রিবিণ* অবশ্যই; নিশ্চয়ই; সত্যই; নিঃসন্দেহে। [ফা. বে+আ. শিক]। **বেশম** *বিণ* বেশ; যথেষ্ট। **বেশরম** *বিণ* ১ লজ্জা নেই এমন; নির্লজ্জ। ২ বেহায়া। ৩ বেয়াদব। [ফা. বে+শরম]। **বেশরা** *বিণ* শরিয়ত বা ইসলামের বিধান বহির্ভূত কাজ করে এমন; বিধান মানে না এমন। [ফা. বে+আ. শরা]। **বেশুমার** *বিণ* অসংখ্য, প্রচুর। [ফা. বে+ফা. শুমার]। **বেসরকারি** *বিণ* সরকারের আওতা বহির্ভূত; সরকারের নয় এমন। [ফা. বে+সরকারি]। **বেসামাল** *বিণ* ১ সাজিয়ে গুছিয়ে থাকতে পারে না এমন। ২ অসাবধান; অসংলগ্ন। **বেসুর, বেসুরো** *বি, বিণ* ১ ভুল সুর। ২ শ্রুতিকটু। **বেহদ, বেহদ্দ** *বিণ* ১ অত্যন্ত; খুব। ২ অসীম। [ফা. বে+আ. হদ্দ]। **বেহাত** *বিণ* অন্যের হাতে চলে যাওয়া; হাতছাড়া; নিজের অধিকারের বাইরে যাওয়া; অধিকার-বহির্ভূত। **বেহায়া** *বিণ* লজ্জাশরম নেই এমন; নির্লজ্জ। [ফা. বে+ আ. হয়া]। **বেহায়াপনা** *বি* নির্লজ্জ ব্যবহার; লজ্জাহীন আচরণ। **বেহিসাব** *বিণ* ১ হিসাবশূন্য। ২ অবাধ; নির্বাধ; মুক্তহস্ত। ৩ অসতর্ক; অসাবধান। ৪ সংখ্যাতীত; অসংখ্য; সুপ্রচুর। [ফা. বে+আ. হিসাব]। **বেহিসাবি** *বিণ* ১ হিসাব করে চলে না এমন। ২ অপরিণামদর্শী। **বেহুঁশ, বেহোশ** *বিণ* ১ অচৈতন্য; বেখেয়াল। ২ অজ্ঞান; জ্ঞান হারানো। ৩ মূর্ছিত। [ফা. বে+ফা. হোশ]। **বেহুদা** *বিণ* ১ বে-আদব; বেহায়া; ব্যবহার খারাপ এমন। ২ অনর্থক; বাজে। [ফা. বেহুদহ্]। **বেহেড** *বিণ* মতিভ্রষ্ট; বিচার-বিবেচনাহীন; উন্মত্ত; কাণ্ডজ্ঞানশূন্য। [ফা. বে+ই. head]

বেউড় বাঁশ *বি* কাঁটাযুক্ত বাঁশ; বেড়া দেবার জন্য ব্যবহৃত বাঁশ।

বেউফা, বেওফা *বিণ* অকৃতজ্ঞ; নিমকহারাম; প্রতিজ্ঞা ভঙ্গকারী। [ফা. বে+আ. বেফা]

বেওয়া *বি, বিণ* বিধবা নারী; পতিহীনা। [ফা. বেবহ্]

বেঁটে[১] *বিণ* ১ খাটো; ছোট; খর্বকায়। ২ বামন। [স. বণ্ঠ>]

বেঁটে[২] *ক্রিবিণ* ১ বেঁটে; পিষে; পেষণ করে। ২ ভাগবাঁটোয়ারা করে; বণ্টন করে।

বেঁড়ে *বিণ* ১ লেজশূন্য; লেজকাটা। ২ বেঁটে; খাটো; ছোট; খর্বকায়। [স.>বণ্ড>আঞ্চলিক]

বেগ[১] *বি* ১ দ্রুতগতি; গতির পরিমাণ। ২ স্রোত। ৩ মূত্রাদি ত্যাগের ইচ্ছা। ৪ কষ্ট। ৫ প্রকোপ; প্রাবল্য; আধিক্য। **বেগবান** *বিণ* ১ শীঘ্রগামী; দ্রুতগতিযুক্ত। ২ খরস্রোত; অত্যন্ত প্রবাহযুক্ত। ৩ দমন করা কঠিন এমন; দুর্দমনীয়।

বেগ[২] *বি* ১ সম্ভ্রান্ত মুসলমানদের উপাধি। ২ মোগল জমিদার। [তুর্কি বক>বাগ>বেগ। তুল. আইবক, বারবক, উজবক]। **বেগম** *স্ত্রী*।

বেগতিক *বি, বিণ* নিরুপায়; বেকায়দা; বিপজ্জনক অবস্থা। [স. বি+গতিক; ফা. বে+স. গতিক]

বেগনি ⇒বেগুন।

বেগম *বি* ১ বিবাহিত মুসলিম মহিলা; মুসলিম নারীর নামের শেষাংশ। ২ মুসলমান রানী বা সম্রাজ্ঞী বা সুলতানা। বেগ *পু*। [তু. বক>বগ>বেগ, স্ত্রী. বেগম]

বেগর *অব্য* বিনা; ব্যতীত; ছাড়া। [আ. বিগয়র, বগয়র]

বেগানা *বি* অনাত্মীয়; নিকট সম্পর্কহীন। [ফা. বেগানাহ্]

বেগার *বি* পারিশ্রমিকবিহীন কাজ; কম বেতন বা অনিয়মিত বেতনে বাধ্যতামূলক পরিশ্রম। **বেগার ঠেলা/খাটা** *ক্রি* অনিচ্ছাকৃতভাবে কাজ করা। ❑ *বিণ* অনিচ্ছাকৃতভাবে করা।

বেগুন *বি* এক প্রকার তরকারি; বার্তাকু। [স. বাতিঙ্গন> বাইগন>বেগন>]। **তেলে বেগুনে জ্বলে ওঠা** *ক্রি* অত্যন্ত ক্রুদ্ধ হওয়া। **বেগুনি, বেগনি** *বিণ* বেগুনে রঙের মতো লালচে আভাযুক্ত গাঢ় নীল রং। ❑ *বি* বেসম মেখে তেলে ভাজা বেগুনের ফালি; খাদ্যবিশেষ।

বেঘুম *বি* অনিদ্রা; ঘুম না আসা। [ফা. বে+ঘুম]

বেঘোর, বিঘোর *বি* ১ অসহায় অবস্থা। ২ অচেতন অবস্থা।

বেঙ্গমা, ব্যাঙ্গমা *বি* রূপকথার এক প্রকার পাখি যে মানুষের মতো কথা বলতে পারে। [স. বিহঙ্গম>]

বেচা *ক্রি* বিক্রি করা।

বেচাইন, বেচঈন *বি* অস্থির। [ফা. বে+হি. চৈঈন]

বেচাকেনা, কেনাবেচা *বি* ক্রয়-বিক্রয়।

বেচানো *ক্রি* জিনিসপত্র বিক্রয় করানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [বা. ণিজন্ত প্রয়োগ]

বেচারা, বেচারি *বিণ* শান্তশিষ্ট; নিরীহ; উপায়হীন। [ফা. বে+চারহ্]

বেছন, বিছন *বি* ধান্যাদির বীজ। **বেছন রাখা** *ক্রি* ভালো বীজ পাবার জন্য পুষ্ট করা। [আঞ্চলিক]

বেজন্মা *বিণ* অবৈধ সন্তান; জারজ। [ফা. বে+স. জন্মা]

বেজাত *বি* ১ অন্যজাত। ২ জাতিচ্যুত। ❑ *বিণ* অবৈধ বা জারজ। [স. বি+জাত ফা. বে+জাদ]

বেজায় *বিণ* খুব; বেশি; অত্যন্ত। [ফা. বে+জায়]

বেজার, ব্যাজার *বিণ* ১ বিরক্ত; অসন্তুষ্ট। ২ অপ্রসন্ন।

৩ ক্রুদ্ধ। [ফা. বেজার]

বেজি, বেঁজি *বি* নকুল; নেউল।

বেঞ্চ, বেঞ্চি *বি* একাধিক লোকের বসবার জন্য কাঠ ইত্যাদি নির্মিত লম্বা উঁচু আসনবিশেষ। [ই. bench]

বেটা, ব্যাটা *বি* পুত্র; ছেলে; পুরুষ। [স. বুট; হি বেটা/বিটি; স্ত্রী. বিটি]। **বেটাছেলে** *বি* ১ পুরুষ জাতীয় ছেলে; পুত্রসন্তান। ২ পুরুষ মানুষ। **বেটাচ্ছেলে, বেটার ছেলে** *বি* অবজ্ঞাসূচক গালি। **বাপের বেটা** *বি* পিতার যোগ্য বা উপযুক্ত পুত্র।

বেড় *বি* ১ বেষ্টন। ২ ঘের; পরিধি। [স. বেষ্ট>বেড়]। **বেড় দেওয়া** *ক্রি* বেষ্টন করা; ঘেরা; ঘিরে দেওয়া; সীমাবদ্ধ করা।

বেড়া[১] *ক্রি* বেষ্টন করা; ঘেরা। [বা.]

বেড়া[২] *বি* বেষ্টনী; যা দিয়ে বেষ্টন বা ঘেরাও করা হয়। ❑ *বিণ* চারদিকে ব্যাপ্ত। [স. বেষ্ট>বেড়+আ]। **বেড়াপাক** *বি* বেড়ার আবর্ত; বেড়াজাল।

বেড়ানো *ক্রি* ১ ঘোরা; ভ্রমণ করা; ঘুরে বেড়ানো। ২ বিচরণ করা; পদচারণা করা; হাঁটা; উদ্দেশ্যহীনভাবে চলাফেরা করা। [স. বেষ্টন>]

বেড়ি, বেড়ী *বি* আবদ্ধ রাখবার বালাজাতীয় শিকল; লৌহবেষ্টনী; হাত-পা বাঁধবার শৃঙ্খল। **হাতবেড়ি** *বি* বাউলি। **হাতে বেড়ি পড়া** *ক্রি* অপরাধের দরুন গ্রেফতার হওয়া বা বন্দী হওয়া। **বেড়িবাঁধ, ভেড়ি** *বি* বন্যা রোধকল্পে নদী বা বিলের পাড়ে তৈরি সুদীর্ঘ বাঁধ।

বেড়ে *বিণ* ১ খুব ভালো; বেশ সুন্দর। ২ অতি উত্তম। [তুল. হি. বঢ়িয়া]

বেডোল, বেডৌল *বিণ* ডৌল নেই; কুশ্রী; খারাপ গঠন।

বেঢপ, বেঢক *বিণ* সামঞ্জস্যহীন অবয়ব; আকৃতি অসঙ্গতি; এবড়োখেবড়ো; অপ্রাসঙ্গিক। [বা.]

বেঢ়ল, বেঢ়লি (প্রা-বা) *ক্রি* বেষ্টন করলো; ঘিরলো। [ব্রজ.]

বেঢ়া *ক্রি* বেষ্টন করা; ঘেরা। [প্রা. বা/ব্রজ]

বেণী, বেণি *বি* ১ বিনুনী; বিনানো চুল। ২ পানির প্রবাহ। [স.]। **বেণীসংহার** *বি* ১ কেশবন্ধন; চুল বাঁধা। ২ একটি সংস্কৃত নাটকের নাম।

বেণীর *বি* ১ রিঠা গাছ। ২ রিঠা ফল।

বেণু *বি* ১ বংশ; বাঁশ। ২ বাঁশি। [স.]। **বেণুক** *বি* পাঁচনবাড়ি। **বেণুকা** *বি* ১ বাঁশি। ২ বাঁশবন। **বেণুবন** *বি* বাঁশঝাড়; বাঁশবন। **বেণুরব** *বি* বাঁশির সুর; ধ্বনি।

বেত *বি* ১ বেত্র; কঞ্চি। ২ বেত্রাঘাত। [স. বেত্র>]। **বেত মারা, বেত লাগানো** *ক্রি* বেত দিয়ে প্রহার করা; বেতানো। **বেতানো** *ক্রি* বেত দিয়ে মারা।

বেতন *বি* মাহিনা; মুশাহারা; পারিশ্রমিক; মজুরি; ভাড়া; দাম; কর্ম-মূল্য। [স.]। **বেতনগ্রাহী, বেতনভুক, বেতনভোগী** *বিণ* টাকা বা বেতন নিয়ে কাজ করে এমন।

বেতল *বি* ফুলগাছবিশেষ।

বেতস *বি* বেতগাছ। [স.]। **বেতসবৃত্তি** *বি* ১ বেত গাছের মতো নমনীয়তার ভাব বা নমনশীলতা। ২ (আল.) ব্যক্তিত্বসম্পন্ন লোকের সামনে নত হয়ে থাকার স্বভাব। **বেতস লতা** *বি* বেত গাছ।

বেতাব *বিণ* ১ অশান্ত; চিন্তান্বিত; ব্যাকুল। ২ নিস্তেজ; শক্তিহীন; দুর্বল। [ফা. বে+তাব]

বেতাল *বি* ১ প্রেতাত্মা। ২ যে মৃতদেহে ভূতের আবেশ হয়েছে। ৩ হিন্দুমতে দেবতা শিবের একজন অনুচরের নাম। [স.]

বেতো *বিণ* বাতরোগে ভুগছে এমন; বাত-ব্যাধিগ্রস্ত। [বাত+উয়া=বেতুয়া>বেতো]

বেত্তা *বিণ* কোনো বিষয়ে জ্ঞানী বা জ্ঞানসম্পন্ন বা অভিজ্ঞ। [স. √বিৎ+তৃ]

বেত্র *বি* ১ বেতগাছ। ২ বেতের লাঠি; বেত। [স.]। **বেত্রদণ্ড** *বি* ১ বেত দিয়ে তৈরি ছড়ি। ২ বেত্রাঘাত নামে শাস্তি। **বেত্রধর** *বিণ* বেত্রদণ্ড ধারণকারী। **বেত্রবতী** *বিণ স্ত্রী.* বেত হাতে নিয়ে আছে এমন। ❑ *বি* প্রাচীন মালব দেশের একটি নদী। **বেত্রাঘাত** *বি* বেতের ছড়ি বা বেত দিয়ে প্রহার। **বেত্রাহত** *বিণ* বেত দ্বারা প্রহৃত। [স. বেত্র+আঘাত, আহত]

বেথুয়া, বেথো *বি* বইথা নামক শাক। [স. বাস্তুক>]

বেদ *বি* ঋক সাম যজু অথর্ব— এই চারটি ভাগে বিভক্ত হিন্দুদের প্রাচীনতম শাস্ত্র ও সাহিত্য। **বেদজ্ঞ, বেদবিদ** *বিণ* বেদ সম্বন্ধে বিশেষ জ্ঞান আছে এমন। **বেদবাক্য** *বি* (আল.) অভ্রান্ত; অবিসংবোদিত সত্য; নিশ্চিত প্রমাণ। **বেদব্যাস** *বি* ব্যাস নামের যে ঋষি; বেদের বিভাগকর্তা। **বেদমাতা** *বি* গায়ত্রী মন্ত্র।

বেদআত, বেদাত *বি* (শাস্ত্রে অনুক্ত) নতুন রীতির প্রচলন। [আ. বিদ'আত]

বেদন *বি* ১ বেদনা; কষ্ট। ২ বোধ; অনুভূতি; জ্ঞান। ৩ বিবাহ; দান। [স. √বিধ্+অন]। **বেদনশীলতা** *বি* স্বভাবগত বেদনাবোধ। **বেদনা** *বি* ১ অনুভূতি; বোধ। ২ কষ্ট; যন্ত্রণা। ৩ দুঃখ। **বেদনার্ত** *বিণ* দুঃখক্লিষ্ট। [স. বেদনা+আর্ত]। **বেদনীয়** *বি* জ্ঞেয়; জ্ঞাতব্য। ❑ *বিণ* অনুভবযোগ্য; অনুভবনীয়।

বেদাঙ্গ *বি* শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ, জ্যোতিষ বেদের এ ছয়টি অঙ্গ; ছয় প্রকার শাস্ত্র। [স. বেদ+অঙ্গ]

বেদানা *বি* ফলবিশেষ; ক্ষুদ্রবীজবিশিষ্ট ডালিমজাতীয় সুস্বাদু ফল। [ফা. বে+দানা]

বেদান্ত *বি* ১ বেদব্যাসের রচিত দর্শনশাস্ত্র। ২ বেদের জ্ঞানকাণ্ড। ৩ উপনিষদ। [স. বেদ+অন্ত]। **বৈদান্তিক** *বিণ*। **বেদান্তবাদ** *বি* বেদান্ত দর্শনের মত। **বেদান্তবাদী** (-দিন), **বেদান্তী**(-ন্তিন) *বিণ* বেদান্তবাদ মানে এমন।

বেদি, বেদী, বেদিকা *বি* ১ বসবার জন্য বা বক্তৃতা দেবার জন্য নির্মিত উচ্চ ভূমি বা মঞ্চ; পীঠ। ২ হিন্দুদের যজ্ঞ বা পূজার জন্য প্রস্তুত উচ্চভূমি। [স.]

বেদিতব্য *বিণ* জ্ঞাতব্য। [স. √বিদ্+তব্য]

বেদিয়া, বেদে *বি* যাযাবর; সাপুড়ে জাতিবিশেষ, বিষবৈদ্য। [স. বৈদ্য> বাইদিয়া> বাইদ্যা> বেদিয়া; বাদিয়া> বেদে]

বেদুইন, বেদুঈন *বি* আরবের একটি যাযাবর জাতি। [আ.]

বেদ্য *বি* জ্ঞাতব্য; জ্ঞেয়। *বিণ* ১ আখ্যাত। ২ পরিণেয়। [স. √বিদ্+য]

বেধ *বি* ১ গভীরতা; স্থূলতা। ২ বিঁধ; ছিদ্র। ৩ বিদ্ধকরণ। ৪ হিন্দুমতে বিবাহের শুভকর্মে যে গ্রহকে অশুভ বলে মনে করা হয়। [স. √বিধ্+অ]। **বেধক** *বিণ* ১ বিদ্ধকারী। ২ মণিমুক্তা ছিদ্র করে এমন। **বেধন** *বি* বিদ্ধকরণ। **বেধনী,**

বেধনিকা *বিণ* শলাকা; সুচ; ছুঁচ। **বেধনীয়, বেধ্য** *বিণ* ১ বেধনযোগ্য। ২ বেধনসাধ্য। ৩ লক্ষ্য। **বেধা** *বিণ* বেধক।
বেনা, বেণা *বি* এক প্রকার সুগন্ধ তৃণ; খসখস। [স. বীরণ>]। **বেনা/উলু বনে মুক্তা/ মুক্তো ছড়ানো** *ক্রি* অপাত্রে বা অনুপযুক্ত ব্যক্তিকে মূল্যবান বস্তু দেওয়া। **বেনার মূল** *বি* বেনা নামক তৃণের শিকড়; উশীর।
বেনারস *বি* শহরবিশেষ; বারাণসী শহর; কাশী। [স. বারাণসী>ই]। **বেনারসি** *বিণ* বারাণসী বা কাশীতে তৈরি একটি বিশেষ ধরনের শাড়ি।
বেনিয়া, বেনে, বেণে *বি* ১ ইংরেজ কোম্পানির দেশীয় দালাল; মুৎসুদ্দি। ২ ব্যবসাদার; ব্যবসায়ী; দোকানি। ৩ অত্যন্ত ব্যবসা-বুদ্ধিসম্পন্ন ব্যক্তি। [স. বণিক> বেনে; আ. ব্যায়নিয়ন]
বেনিয়ান *বি* গেঞ্জির মতো খাটো এক প্রকার জামা। [আ. ব্যায়নিয়ন]
বেনো *বিণ* বান বা বন্যাসম্পর্কিত। [বন্যা>বা বান+উয়া>বেনো]। **বেনোজল** *বিণ* বানের পানি; বন্যার জল।
বেপথু, বেপন *বি* কম্পন; শিহরণ। ▢*বিণ* কম্পমান; কম্পিত; শিহরিত; আন্দোলিত। [স.√বেপ্+অথু/ বেপ+অন]। **বেপথুমান** *বি* কম্পমান; শিহরিত; আন্দোলিত।
বেপমান *বিণ* কম্পমান; কাঁপছে এমন; শিহরিত; আন্দোলিত। [স. √বেপ্+(শানচ) মান]
বেবাক *বিণ* সমস্ত; কিছু বাকি নেই এমন। [ফা. বে+আ. বাক]
বেয়াড়া *বিণ* ১ অভ্যাস ও ব্যবহার খারাপ এমন। ২ বশে আনা কঠিন এমন; একরোখা। ৩ বিশ্রী; বেঢপ; বেঢং। ৪ খারাপ; মন্দ; বদ। [ফা. বে+বা. দাঁড়া>বেদাঁড়া>বেয়াড়া]
বেয়ান্দাজ, বেআন্দাজি *বিণ* পরিমাণ করা যায় না এমন; অপরিমেয়; অচিন্তনীয়; অননুমেয়। [ফা.]
বেয়ারা *বি* বাহক; পিয়ন। [ই.]
বেয়ারিং *বিণ* ১ বিনা মাশুলে পাঠানো হয়েছে এমন। ২ বিনা মাশুলে; বিনা খরচায়। ৩ অন্যের খরচে কাজ চালানো। [ই.]
বেরং, বেরঙ *বি* ১ অন্য রং। ২ বিকৃত রং। [স. বিরঙ্গ]
বেরনো, বেরুনো *ক্রি* ১ বের হওয়া। ২ ঘোরাফেরা করা। **বেরিয়ে যাওয়া** *ক্রি* ১ স্থান ত্যাগ করা; বের হয়ে যাওয়া; চলে যাওয়া। ২ কূল ত্যাগ করা।
বেরাদর *বি* ১ ভাই; ভ্রাতা। ২ বন্ধু। ৩ জ্ঞাতি; আত্মীয়-স্বজন। [ফা.]। **ভাই-বেরাদর** *বি* জ্ঞাতি-গোষ্ঠী; আত্মীয়-স্বজন।
বেরিবেরি *বি* শোথজাতীয় রোগ যাতে হাত পা ফুলে যায়। [সিংহলি, ই. beriberi]
বেরেষের কাঠ *বি* হিন্দু শ্রাদ্ধে বৃষোৎসর্গের স্মারক; বৃষচিহ্নিত কাষ্ঠ খণ্ড; বৃষকাষ্ঠ।
বেল১ *বি* বেলফুল; স্নিগ্ধ গন্ধযুক্ত এক প্রকার সাদা ফুল; বেলা; মল্লিকা। [স. বিল্ব>]
বেল২ *বি* খোলযুক্ত একপ্রকার ফল; শ্রীফল। [স. বিল্ব>]। **বেলশুঁঠ** *বি* খণ্ডিত ও শুকনা বেল ফল। **বেল পাকলে কাকের কী**—যা উপভোগ করা অসম্ভব তার প্রতি লোভ নিরর্থক। **ন্যাড়া/ নেড়া একবারই বেল তলায় যায়**—একবার যে বিষয়ে বিপন্ন হয় মানুষ তা ভীতির সাথে এড়িয়ে চলে।
বেল৩ *বি* ঘণ্টা। [ই. bell]
বেল৪ *বি* গাঁট। [ই. bale]
বেল৫ *বি* নকশাকাটা জালের ফিতা। [ফা.]
বেল৬ *বি* আসামিকে শর্ত আরোপ করে জামিন দেওয়া। [ই. bail]
বেল৭ *বি* কাচের লণ্ঠনবিশেষ; ফানুস।
বেলচা *বি* ১ লম্বা হাতলযুক্ত এক প্রকার কোদাল; শাবল; shovel; কোদালের মতো এক প্রকার খুঁড়বার যন্ত্র। ২ বালি ইত্যাদি তুলবার যন্ত্র। [ফা. বেল+চা]
বেলদার *বি* ১ খনক; যারা কোদাল দিয়ে মাটি কেটে জীবিকা অর্জন করে। ২ যারা ঝাড়-লণ্ঠন সাজায়। ▢*বিণ* জরির বা সুতার জালিবিশিষ্ট। [ফা.]। **বেলদারনি** *বি স্ত্রী*।
বেলন, বেলনা, বেলুন *বি* ১ রুটি লুচি ইত্যাদি বেলবার গোল লম্বা কাঠের তৈরি জিনিস। ২ সিলিন্ডার। [স. বেল্লন>]। **বেলনাকার** *বিণ* বেলনের মতো গোল ও লম্বা।
বেলা১ *বি* বেলফুল; মল্লিকা।
বেলা২ *বি* ১ সমুদ্রের তীর বা তটভূমি। ২ সাগরের জোয়ারভাঁটা। ৩ সীমা। **বেলাভূমি** *বি* সমুদ্রের তটভূমি বা একপ্রকার সাদা ফুল।
বেলা৩ *ক্রি* বেলন দিয়ে রুটি বানানো। [স. বেল্ল>]
বেলা৪ *বি* ১ সময়; দিবাভাগ (সকালবেলা, বিকালবেলা)। ২ বিলম্ব; দেরি। ৩ ব্যাপ্তি; বিস্তৃতি। ৪ বয়স (ছোটবেলা)। **বেলা করা** *ক্রি* দেরি করা। **বেলা পড়া, বেলা যাওয়া** *ক্রিবিণ* বিকেল বা সন্ধ্যা হওয়া। **বেলা হওয়া** *ক্রিবিণ* ১ সময় পেরিয়ে যাওয়া। ২ বিলম্ব হওয়া।
বেলা৫ *বি* সমুদ্রতট; সাগরতীর; বেলাভূমি।
বেলাল *বি* হজরত মুহম্মদের (সা.) বিশ্বাসী ভক্ত হাবসি শিষ্য, যিনি ইসলামের প্রথম মুয়াজ্জিন। [আ.]
বেলুন১ *বি* ফানুস; গ্যাসপূর্ণ থলি যা আকাশে উড়ানো হয়। [ই. balloon]
বেলে *বিণ* ১ বালিপূর্ণ; বালুকাময়। ২ টাকি মাছের ন্যায় একরূপ মাছ যা সাধারণত বালিময় জায়গায় থাকে। **বেলেখেলা, এলেবেলে** *বিণ* খেলায় নেওয়া হয়েছে এমন ছোট বালক-বালিকা যাদের বিশেষ খাটাখাটি করতে হয় না বা শাস্তি পেতে হয় না; খেলায় মিছামিছি গৃহীত।
বেলেল্লা *বিণ* ধর্ম ও নীতিহীন; নির্লজ্জ; লম্পট; কাণ্ডজ্ঞানহীন; উচ্ছৃঙ্খল। **বেলেল্লাপনা, বেলেল্লাগিরি** *বি* উচ্ছৃঙ্খল ব্যবহার; নীতিহীন আচরণ। [ফা. বে+আ. লিল্লাহ্]
বেলেহাজ *বিণ* ১ অশিষ্ট; অভদ্র। ২ অমনোযোগী; কাণ্ডজ্ঞানহীন। [ফা. বে+আ. লেহাজ]
বেলোয়ারি, বেলোয়ারী *বিণ* ১ উৎকৃষ্ট স্বচ্ছ কাচে প্রস্তুত। ২ স্ফটিক। [ফা. বিল্লোর>বিল্লোরী>বেলোয়ারি]
বেল্লিক *বিণ* ১ নির্লজ্জ। ২ লম্পট; মাতাল। [স. ব্যলীক>]
বেশ১ *বি* সজ্জা; বস্ত্র; পোশাক। [স.]। **বেশবিন্যাস** *বি* সাজসজ্জা বা প্রসাধন-ক্রিয়া। **বেশভূষা** *বি* পোশাক-পরিচ্ছদ; বসন-ভূষণ।
বেশ২ *বিণ* ১ ভালো; উত্তম; চমৎকার। ২ অনেক; খুব; যথেষ্ট। ▢*ক্রিবিণ* সম্মতি বা অনুমতিজ্ঞাপক। [ফা.]। **বেশ করা** *ক্রি* অন্যের ভয় না করে নিজের খেয়াল

খুশিমতো কাজ করা (বেশ করেছে)।
বেশর, বেসর *বি* নাকের অলঙ্কার; নথ।
বেশি *বি* প্রাচুর্য; আধিক্য। **কমবেশি** *বিণ* অল্পবিস্তর; অল্পাধিক। [ফা.]
বেশ্যা *বি* পতিতা; বারাঙ্গনা; গণিকা; দেহোপজীবিনী; রূপোপজীবিনী। [স. বেশ+য+আ]। **বেশ্যাবৃত্তি** *বি* গণিকার ব্যবসা। **বেশ্যালয়** *বি* গণিকার গৃহ; বেশ্যাবাড়ি। [স. বেশ্যা+আলয়]
বেষ্ট *বি* ১ বেড়; বেড়া; বেষ্টনী; বেষ্টন। ২ পরিধি। ৩ বৃক্ষবিশেষের নির্যাস। **বেষ্টক** *বিণ* বেষ্টনকারী; বেড়। **বেষ্টন** *বি* ঘেরা; জড়ানো; পরিধি। **বেষ্টনী** *বি* যার দ্বারা ঘেরা হয়; বেড়া; প্রাচীর। **বেষ্টবংশ** *বি* বেউড় বাঁশ। **বেষ্টিত** *বিণ* ঘেরাও করা হয়েছে এমন।
বেসন, ব্যাসম *বি* ডালের গুঁড়া। [তুল. হি. বেসন]
বেসাত *বি* ১ পুঁজি। ২ ব্যবসায়। ৩ ব্যবসায়ের পণ্যদ্রব্য। ৪ পণ্যদ্রব্য ক্রয়-বিক্রয়। ৫ দোকানদারি। [আ. বিসাৎ]
বেসালি *বিণ* দুগ্ধজাত। □ *বি* দুধ রাখবার কেঁড়ে বা ভাঁড়। [পো. vasilha]
বেহাই, বেয়াই *বি* বৈবাহিক; পুত্র বা কন্যার শ্বশুর। [স. বৈবাহিক>]। **বেহাইন, বেয়ান** *বি স্ত্রী.*।
বেহাগ *বি* সঙ্গীতের একটি রাগিণী। [হি.]
বেহারা, বেয়ারা *বি* ১ যানবাহক; পালকি-বাহক; কাহার। ২ পিয়ন; চাপরাসি। [ই. bearer]
বেহাল *বিণ* অবস্থা খারাপ হয়েছে এমন। [ফা. বে+আ. হাল]
বেহালা *বি* তারযুক্ত বাদ্যযন্ত্রবিশেষ। [পো. viola]
বেহুলা *বি* লোককাহিনীর চাঁদ সওদাগরের সতী-সাধ্বী পুত্রবধূ। [স. বিপুলা>]
বেহেস্ত, বেহেশ্‌ত *বি* ১ মৃত্যুর পর পুণ্যবানদের বাসস্থান; স্বর্গ। ২ (আল.) সর্ববিধ সুখের স্থান। [ফা. বিহিশ্‌ত্‌]
বৈ *অব্য* ১ পাদপূরক শব্দ। ২ ভিন্ন; বিনা; ছাড়া।
বৈকর্তন *বি* ১ হিন্দুপুরাণ মতে সূর্য-পুত্র; শনি। ২ কর্ণ। □ *বিণ* ১ সূর্যবংশীয়। ২ সৌর। [স.]
বৈকল্পিক *বিণ* ১ বিকল্পে হয় এমন। ২ সন্দেহযোগ্য। ৩ একের পরিবর্তে অন্য। [স. বিকল্প+ইক]
বৈকল্য *বি* ১ অচল হওয়ার অবস্থা; বিকলতা; অঙ্গহীনতা। ২ ব্যাকুলভাব; বিহ্বলতা। [স. বিকল+য]। **বিকল** *বিণ*।
বৈকাল *বি* বিকাল বেলা। **বৈকালিক** *বিণ* ১ বিকাল সম্বন্ধীয়; অপরাহ্ণ সংক্রান্ত; বিকাল বেলার। ২ হিন্দুমতে দেবতার উদ্দেশ্যে অপরাহ্ণকালে নিবেদিত ভোগ। [স.]। **বৈকালিকী** *স্ত্রী.*। **বৈকালি, বৈকালী** *বি* হিন্দুমতে দেবতার বৈকালিক ভোগ। **বৈকালীন** *বিণ* বিকাল সম্বন্ধীয়; বিকালের; অপরাহ্ণ সংক্রান্ত।
বৈকুণ্ঠ *বি* ১ বিষ্ণুলোক; গোলোক। ২ স্বর্গ। [স.]। **বৈকুণ্ঠনাথ, বৈকুণ্ঠপতি** *বি* হিন্দুদেবতা বিষ্ণু।
বৈক্লব্য *বি* ১ চিত্তচাঞ্চল্য। ২ অস্থিরতা। ৩ কাতরতা। ৪ বিহ্বলতা। [স. বিক্লব+য]
বৈগুণ্য *বি* ১ ত্রুটি; ভুল। ২ গুণহীনতা। ৩ বিরোধিতা; প্রতিকূলতা; শত্রুতা। [স. বিগুণ+য]
বৈচিত্ত্য *বি* মতিভ্রম; চিত্তের ভাবান্তর বা গতিপ্রকৃতি (প্রেমবৈচিত্ত্য)। [স. বিচিত্ত+য]। **বিচিত্ত** *বিণ*।
বৈচিত্র্য *বি* ১ বিচিত্রতা। ২ বিভিন্নতা। ৩ সৌন্দর্য। ৪ চমৎকারিত্ব। **বিচিত্র** *বিণ*।
বৈজয়ন্তী *বি স্ত্রী.* ১ পতাকা; ধ্বজা। ২ সিঁড়ি। ৩ কণ্ঠ থেকে জানু পর্যন্ত লম্বা পঞ্চবর্ণময়ী মালা। [স.]। **বৈজয়ন্ত** *বি* ইন্দ্রের রাজধানী; ইন্দ্রপুরী; ইন্দ্রের প্রাসাদ। **বিজয়-বৈজয়ন্তী** *বি* জয়-পতাকা।
বৈজ্ঞানিক *বিণ* ১ বিজ্ঞান সম্বন্ধীয়। ২ বিজ্ঞান সম্বন্ধে বিশেষভাবে জ্ঞাত এমন; বিজ্ঞানে নিপুণ; বিজ্ঞানে কৃতী বা কুশলী; বিজ্ঞানবিদ। [স. বিজ্ঞান+ইক]। **বৈজ্ঞানিকী** *বিণ স্ত্রী.*। **বিজ্ঞান** *বি*।
বৈঠক *বি* ১ সভা; আসর; মজলিস। ২ বসা; উপবেশন। ৩ হুকা রাখবার পাত্র বা আধার। **বৈঠকখানা** *বি* বসবার ঘর; মজলিশ ঘর। **বৈঠকি** *বিণ* বৈঠকের উপযুক্ত। [হি.]। **ডনবৈঠক** *বি* ওঠা-বসা করবার ব্যায়াম।
বৈতনিক *বিণ* বেতন অর্থাৎ টাকা নিয়ে কাজ করে এমন; বেতনভোগী। [স.]। **বেতন** *বি*।
বৈতরণী, বৈতরণি *বি* ১ উড়িষ্যার একটি নদী। ২ হিন্দুপুরাণ মতে যমদ্বারের নদী। [স.]। **বৈতরণী পার করা** *ক্রি* (আল.) মেরে ফেলা; হত্যা করা। **বৈতরণী পার হওয়া** *ক্রি* (আল.) মৃত্যুমুখে পতিত হওয়া; স্বর্গে যাওয়া।
বৈতাল[১] *বিণ* বেশ্যা; পতিতা; পাপিষ্ঠা; নীতিহীনা; দুরাচারিণী। [আ.]
বৈতালিক[১], **বৈতাল**[২] *বি* স্তুতি-পাঠক; স্তুতি পাঠ করে যারা রাজা-রানীদের নিদ্রাভঙ্গ করে। **বৈতালিকী**[১], **বৈতালী** *স্ত্রী.*। [স. বি(বিবিধ)+তাল+ইক]
বৈতালিক[২], **বৈতাল**[৩] *বিণ* বেতাল-সংক্রান্ত। [স. বেতাল+অ/ইক]
বৈতালিকী[২] *বি* গানবিশেষ; স্তুতি-পাঠক; যে গানের সাহায্যে রাজাদের ঘুম ভাঙায়।
বৈদগ্ধ, বৈদগ্ধ্য *বি* ১ পাণ্ডিত্য। ২ রসিকতা; রসবোধ। ৩ চতুরতা; নিপুণতা; চাতুর্য। [স. বিদগ্ধ+য]। **বিদগ্ধ** *বিণ*
বৈদর্ভ *বিণ* ১ ভারতের মধ্যপ্রদেশস্থ আধুনিক বিদর প্রদেশ সম্বন্ধীয়। ২ বিদর্ভ দেশোৎপন্ন। □ *বি* ১ বিদর্ভরাজ। ২ বাকচাতুর্য। [স.]। **বৈদর্ভী** *বি স্ত্রী.* সংস্কৃত রচনার রীতিবিশেষ।
বৈদান্তিক *বিণ* ১ বেদান্ত দর্শনে পণ্ডিত ব্যক্তি; বেদান্তে অভিজ্ঞ। ২ জড় জগৎ মিথ্যা—এরূপ ধারণা বাচক। ৩ বেদান্ত মতাবলম্বী। ৪ বেদান্ত বিষয়ক। [স.]। **বেদান্ত** *বি*।
বৈদিক *বিণ* ১ বেদসংক্রান্ত; বেদবিহিত; বেদসম্মত। ২ যিনি বেদ সম্বন্ধে বিশেষভাবে জ্ঞাত; বেদজ্ঞ। ৩ ব্রাহ্মণের শ্রেণীবিশেষ। [স. বেদ+ইক]। বেদ *বি*।
বৈদেহ *বিণ* ১ বিদেহ বা মিথিলার অধিবাসী। ২ মিথিলাসম্পর্কীয়। ৩ মিথিলায় জাত। □ *বি* মিথিলার রাজা জনক। [স. বিদেহ+অ]। **বৈদেহী** *বি* বিদেহ-রাজ জনকের কন্যা সীতা। **বিদেহ** *বি*।
বৈদ্য *বি* ১ যিনি চিকিৎসাশাস্ত্রে পারদর্শী; চিকিৎসক; কবিরাজ। ২ বাঙালি হিন্দু সম্প্রদায়বিশেষ। ৩ বিদ্বান; পণ্ডিত। [স.]। **বৈদ্যক, বৈদ্য-শাস্ত্র** *বি* ১ আয়ুর্বেদ। ২ চিকিৎসাশাস্ত্র। **বৈদ্যনাথ** *বি* ১ হিন্দুমতে শিব; দেওঘরের শিব। ২ অভিজ্ঞ চিকিৎসক। ৩ বিহারের অন্তর্গত হিন্দুদের তীর্থস্থান।
বৈদ্যুত, বৈদ্যুতিক *বিণ* বিদ্যুৎবিষয়ক; বিদ্যুৎপূর্ণ; তড়িৎসম্বন্ধীয়। [স. বিদ্যুৎ+ইক/অ]

বৈধ *বিণ* বিধানসম্মত; বিধিমতো; আইনমাফিক; ন্যায্য; উচিত; ন্যায়। [স. বিধি+অ]। **বৈধতা** *বি*।
বৈধব্য *বি* বিধবার অবস্থা; পতিহীনতা। [স. বিধবা+য]।
বৈনতেয় *বি* ১ হিন্দুপুরাণ মতে গরুড়। ২ বিনতার পুত্র। ৩ অরুণ। [স. বিনতা+এয় (অপত্যার্থে)]
বৈপরীত্য *বি* ১ বিপরীত বা উল্টাভাব। ২ বিপর্যয়। ৩ বিরুদ্ধতা। [স. বিপরীত+য]। **বিপরীত** *বিণ*।
বৈপিত্র, বৈপিত্রেয় *বি* একমাতার গর্ভে ভিন্ন পিতার ঔরসে জাত সন্তান। [স.]। **বৈপিত্রী, বৈপিত্রেয়ী** *বি স্ত্রী.* এক মাতার গর্ভে ভিন্ন পিতার ঔরসজাত কন্যাসন্তান।
বৈপ্লবিক *বিণ* ১ বিপ্লব সম্বন্ধীয়; বিপ্লব সংক্রান্ত। ২ বিপ্লবাত্মক। ৩ দ্রুত পরিবর্তনশীল। [স.]। **বিপ্লব** *বি*।
বৈফল্য *বি* বিফলতা; ব্যর্থতা। [স.]। **বিফল** *বিণ*।
বৈবর্ণ, বৈবর্ণ্য *বি* বিবর্ণতা; রংশূন্যতা; ম্লানিমা। **বিবর্ণ** *বিণ*। [স. বিবর্ণ+য/বিবর্ণ+অ অপপ্রয়োগ]
বৈবস্বত *বি* ১ হিন্দু পুরাণমতে সপ্তম মনু। ২ সূর্যপুত্র। ৩ যম। ৪ শনি। [স.]
বৈবাহিক *বিণ* ১ বিবাহ সম্পর্কীয়। ২ বিবাহ বিষয়ক। ৩ বিবাহযোগ্য; বিবাহের উপযোগী। ☐ *বি* পুত্র বা কন্যার শ্বশুর; বেহাই; বেয়াই। [স. বিবাহ+ইক]। **বিবাহ** *বি*। **বৈবাহিকী, বৈবাহিকা** *বি স্ত্রী.* বেহাইন।
বৈভব *বি* ১ ঐশ্বর্য; ধন; সম্পদ। ২ মহিমা। ৩ সামর্থ্য। ৪ বাহুল্য। ৫ বিভূতি। ৬ শক্তি। [স. বিভব+অ]
বৈভাষিক *বিণ* বৈকল্পিক; বিকল্পে হয় এমন। ☐ *বি* বৌদ্ধদর্শনে কথিত মতবিশেষ। [স. বিভাষা+ইক]
বৈমাত্র, বৈমাত্রেয় *বিণ* বিমাতার সন্তান। [স.]
বৈমানিক *বি* বিমানচালক; পাইলট। ☐ *বিণ* ১ বিমান সম্বন্ধীয়। ২ বিমানচারী।
বৈয়াকরণ *বিণ* ১ ব্যাকরণে পণ্ডিত; ব্যাকরণ-বিশারদ; ব্যাকরণবিদ। ২ ব্যাকরণ সম্পর্কীয়। [স.]। **ব্যাকরণ** *বি*।
বৈর *বি* ১ শত্রুতা। ২ বিরোধ। ৩ বিদ্বেষ। [স.]। **বৈরী** *বিণ* শত্রু; বিদ্বেষী। **বৈরিতা** *বি* শত্রুতা; বিদ্বেষ।
বৈরাগী *বি* ১ সংসারে বীতস্পৃহ; সন্ন্যাসী। ২ বৈষ্ণব। [স.]। **বৈরাগ্য, বৈরাগ** *বি* ১ সংসারে অনাসক্তি বা উদাসীনতা। ২ বিষয়ভোগে উদাসীনতা বা অনাসক্তি বা বীতস্পৃহা।
বৈরাতি *বি* বরযাত্রী।
বৈরূপ্য *বি* ১ বিরূপভাব। ২ বিরূপতা। ৩ বিকৃতি। [স.]। **বিরূপ** *বিণ*।
বৈলক্ষণ্য *বি* ১ বিভিন্নতা। ২ প্রভেদ। ৩ ভাবান্তর। ৪ অসাধারণতা। ৫ বিশেষত্ব। [স.]। **বিরূপ** *বিণ*।
বৈশাখ *বি* বাংলা সন বা বৎসরের প্রথম মাস। [স.]
বৈশাখী[১] *বিণ* ১ বৈশাখ মাস বিষয়ক। ২ বৈশাখ মাসে উৎপন্ন বা জাত। ৩ বৈশাখ মাসে অনুষ্ঠেয়। ৪ বৈশাখ মাসের। **কালবৈশাখী, কালবোশেখি** *বি* বৈশাখ মাসের অপরাহ্নে যে প্রবল ঝড় আসে।
বৈশাখী[২] *বি স্ত্রী.* বিশাখা নক্ষত্রযুক্তা।
বৈশালী *বি* উত্তর বিহারে অবস্থিত প্রাচীন বিখ্যাত নগরী। [স.]
বৈশিষ্ট্য *বি* ১ বিশেষত্ব; বিশিষ্টতা। ২ অসাধারণত্ব। ৩ বৈলক্ষণ্য। ৪ প্রভেদ; পার্থক্য। [স. বিশিষ্ট+য]। **বিশিষ্ট** *বিণ*।
বৈশ্য *বি* ১ হিন্দুদের চার বর্ণের তৃতীয় বর্ণ। ২ ব্যবসায়ী সম্প্রদায়। [স.]। **বৈশ্যা** *বি স্ত্রী.*।
বৈশ্বানর *বি* ১ অগ্নি; আগুন। ২ হিন্দুমতে অগ্নিদেবতা।
বৈষম্য *বি* পার্থক্য; প্রভেদ; অসমতা; বৈসাদৃশ্য। [স. বিষম+য]। **বিষম** *বিণ*।
বৈষয়িক *বিণ* বিষয়-সংক্রান্ত। **বিষয়** *বিণ*। [স. বিষয়+ইক]
বৈষ্ণব *বি* চৈতন্যদেব (১০৮৬-১৫৩৩) প্রবর্তিত ধর্ম-সম্প্রদায়বিশেষ। ☐ *বিণ* ১ বিষ্ণু সম্পর্কীয়। ২ বিষ্ণুভক্ত। **বৈষ্ণবী** *বি, বিণ স্ত্রী.*। [স. বিষ্ণু+অ]
বৈসাদৃশ্য *বি* বৈষম্য; প্রভেদ; বিসদৃশতা; পার্থক্য। **বিসদৃশ** *বিণ*।
বৈহাসিক *বিণ* পরিহাস সম্বন্ধীয়। ☐ *বি* ১ বিষ্ণু। ২ ভাঁড়; বয়স্য; বিদূষক। [স. বিহাস+ইক]
বোঁ *অব্য* ১ প্রবল বেগের গতির শব্দ। ২ খুব জোরে কোনো কিছু ঘোরার শব্দ; বেগে ঘূর্ণন; ধাবন।
বোঁচকা, বোচকা *বি* কাপড় দিয়ে বাঁধা পোটলা; গাঁটরি; বোঝা। [তু.]। **বুচকি** *বি* ছোট বোঁচকা; পুটলি।
বোঁচা, বোচা *বিণ* ১ (সাধারণত নাকের ক্ষেত্রে) থ্যাবড়া বা খাঁদা। ২ বিকলাঙ্গ। ৩ ধারহীন; ভোঁতা।
বোকা *বিণ* আহাম্মক; নির্বোধ; বুদ্ধি কম এমন। ☐ *বি* (ব্য.) পাঁঠা; ছাগল। **বোকাচণ্ডী, বোকারাম** *বিণ* অত্যন্ত বোকা; বোকার সেরা বা শ্রেষ্ঠ। **বোকাটে** *বিণ* বোকার মতো; কতকটা বোকা। **বোকামি, বোকামো** *বি* আহাম্মকি; নির্বুদ্ধিতা; বোকার ভাব।
বোগনা, বৌগনা *বি* বাঁকানো কাঁধযুক্ত ধাতু পাত্রবিশেষ।
বোজা, বুজা *ক্রি* ১ নিমীলিত করা; বন্ধ করা; খোলা না রাখা। ২ ভরে যাওয়া; ভরাট হওয়া। **বোজানো, বুজানো** *ক্রি* ১ মুদ্রিত করা। ২ ভরাট হওয়া। ৩ নিমীলিত করানো। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে।
বোঝা[১] *বি* ১ ভার; মোট। ২ দায়িত্ব। **বোঝাই** *বি* ১ ভার স্থাপন। ২ পূর্ণ ভরতি।
বোঝা[২], **বুঝা** *ক্রি* ১ বোধ করা; অনুভব করা; উপলব্ধি করা। ২ জানা। ৩ বিচার-বিবেচনা বা পরীক্ষা করে জানা। **বুঝে সুঝে চলা** *ক্রি* বিবেচনা করে চলা; বুদ্ধি করে চলা। **বোঝানো, বুঝানো** *ক্রি* ১ উপলব্ধি করানো। ২ ব্যাখ্যা করে বলা। ৩ সান্ত্বনা বা প্রবোধ দেওয়া। **বোঝাপড়া, বুঝাপড়া** *বি* মীমাংসা; নিষ্পত্তি।
বোট *বি* নৌকা; তরী; বজরা। [ই.]। **জালিবোট** *বি* পানসি; ছোট নৌকা। **লাইফবোট** *বি* ছোট নৌকা; জাহাজ ডুবে গেলে বা নষ্ট হয়ে গেলে যাত্রীদের জীবনরক্ষা করবার জন্য যে নৌকা ব্যবহার করা হয়; জীবনতরী। **ল্যাংবোট** *বি* ১ জাহাজের পশ্চাতে বাঁধা নৌকা। ২ নিত্যসঙ্গী; অনুসারী।
বোটকা *বিণ* পাঁঠার গায়ের গন্ধের ন্যায় উৎকট গন্ধযুক্ত; বিশ্রী গন্ধ।
বোটানি, বটানি *বি* উদ্ভিদবিদ্যা। [ই.]
বোড়া *বি* সর্পবিশেষ। [স. বোড্র>]
বোড়ে =বড়ে।
বোত, বুত *বি* প্রতিমা; মূর্তি। [ফা.]। **বুতখানা, বোতখানা** *বি* প্রতিমাগার; যেখানে বহু মূর্তি আছে। [ফা.]। **বুতপরস্ত** *বি, বিণ* মূর্তিপূজক। **বুতপরস্তি** *বি* মূর্তিপূজা।
বোতল *বি* বড় শিশি; সরু মুখবিশিষ্ট কাচের পাত্র। [পো.+ই]

বোতাম, বুতাম *বি* জামাপ্রভৃতির খোলা অংশে আটকাবার এক প্রকার গুটিকা। [ই.]
বোদা[১] *বিণ* স্বাদহীন; বিস্বাদ। [বা.]
বোদা[২], **ভোদা** (অশি.) *বি* যোনি; স্ত্রীঅঙ্গ। [আ. বুদঅ; আঞ্চলিক]
বোদাল *বি* বোয়াল মাছ। [স.]
বোদ্ধা, বোদ্ধ *বিণ* ১ সমঝদার; বুঝতে সমর্থ। ২ বুদ্ধি দ্বারা গ্রহণকারী। [স.]
বোধ *বি* ১ অনুভূতি; উপলব্ধি। ২ জ্ঞান; বুদ্ধি। ৩ প্রবোধ; সান্ত্বনা। ৪ চেতনা। ৫ ধারণা; অনুমান; আন্দাজ। **বোধক, বোধয়িতা** *বিণ* ১ সূচক; জ্ঞাপক। ২ চেতনাদানকারী; প্রবুদ্ধকারী; সান্ত্বনাদাতা। ৩ বোধদানকারী; জ্ঞানদানকারী। [স.]। **বোধিকা, বোধয়িত্রী** *স্ত্রী*। **বোধগম্য** *বিণ* জ্ঞেয়; অর্থ বোঝা যায় এমন; বোধ্য। **বোধন** *বি* ১ জ্ঞান; অবগতি; জাগরণ; চৈতন্য। ২ হিন্দুমতে দুর্গাপূজার আগে দেবীর জাগরণের আয়োজন। ৩ উদ্দীপন। ৪ উদ্বোধন। ৫ বোধসম্পাদন। **বোধসোধ** *বি* সহজবুদ্ধি; জ্ঞানবুদ্ধি; বুদ্ধিশুদ্ধি। **বোধাতীত** *বি* বুদ্ধির অতীত; জ্ঞানের অতীত; বোঝা যায় না বা জানা যায় না এমন; অজ্ঞেয়; দুর্জ্ঞেয়; জ্ঞাতব্য। **বোধোদয়** *বি* জ্ঞানের উদ্রেক; চেতনার আবির্ভাব। [স. বোধ+উদয়]। **বোধ্য** *বিণ* বুঝতে পারা যায় এমন।
বোধি *বিণ* ১ প্রাজ্ঞ। ২ পরম জ্ঞান; তত্ত্বজ্ঞান। ৩ সমাধিবিশেষ। ৪ অশ্বত্থ গাছ। [স.]। **বোধিদ্রুম, বোধিবৃক্ষ** *বি* যে অশ্বত্থ বৃক্ষের তলায় শাক্যসিংহ বুদ্ধত্ব লাভ করেছিলেন। **বোধিসত্ত্ব** *বি* বৌদ্ধশাস্ত্রে বর্ণিত বুদ্ধত্বের অব্যবহিত পূর্ববর্তী অবস্থা।
বোন *বি* ভগিনী; সহোদরা। [স.]। **বোনঝি** *বি* ভগিনীর কন্যা। **বোনপো** *বি* ভগিনীর পুত্র। **বোনাই** *বি* ভগিনী-পতি; বোনের স্বামী। [বা. বোন+আই]
বোনা, বুনানো *ক্রি* ১ শস্য রোপণ করা। ২ বয়ন করা। ☐ *বি, বিণ* শস্য রোপণ; বপন। ☐ *বিণ* বয়নকৃত; বোনা হয়েছে এমন।
বোবা *বিণ* ১ বাকশক্তিহীন; মূক। ২ নির্বাক। ৩ চাপা; প্রকাশের অসাধ্য। **বোবাকালা** *বিণ* মূক ও বধির।
বোমা[১], **বোম** *বি* ১ বিস্ফোরক ধাতু দিয়ে তৈরি গোলকবিশেষ; মারাত্মক বিস্ফোরক অস্ত্র। ২ আতশবাজিবিশেষ। [পো., ই]। **বোমাবাজ** *বিণ* বোমা নিক্ষেপ করে এমন। **বোমারু** *বিণ* বোমা নিক্ষেপ করা যায় এমন; বোমা নিক্ষেপক।
বোমা[২] *বি* পানি তুলবার নল বা যন্ত্র; পাম্প।
বোমা[৩] *বি* সূক্ষ্মাগ্র যন্ত্র যা দিয়ে বস্তা ছিদ্র করে মালের নমুনা বের করা হয়।
বোম্বাই, বোম্বে *বি* ১ ভারতের সাবেক প্রদেশ। ২ বর্তমান ভারতের অন্যতম প্রধান নগর। ৩ জাত বা উৎপন্ন। ৪ বড়; বৃহৎ। [মূল মোম্বাই>]
বোম্বাটে, বোম্বেটে *বি* ১ জলদস্যু। ২ সাংঘাতিক লোক; বেপরোয়া ব্যক্তি। [পো.]
বোয়াল *বি* এক প্রকার বৃহৎ মাছ। [স.]। **রাঘব বোয়াল** *বি* ১ বোয়ালজাতীয় বৃহদাকার মৎস্য। ২ (আল.) সর্বগ্রাসী। ৩ (আল.) অর্থগৃধ্নু; অন্যের সম্পদ গ্রাসে তৎপর।
বোর *বি* কুলের আঁটির মতো ধাতবদানা; সোনারুপার নির্মিত দানা। [স. বদর>]
বোরকা, বোরখা *বি* ১ মুসলিম নারী কর্তৃক ব্যবহৃত আপাদমস্তক আবৃত এক প্রকার ঢিলেঢালা পোশাক; পর্দা-পরিচ্ছদ। ২ আবরণ; ঘেরাটোপ। [আ.]
বোরহান *বি* ১ দলিল; প্রমাণ। ২ নগ্ন। [আ.]
বোরহানি *বি* টক দইয়ের সঙ্গে বিটলবণ, গোলমরিচ, জিরা ইত্যাদি মিশিয়ে তৈরি হজম সহায়ক পানীয়।
বোরা *বি* ১ চটের থলি; ছালা; বস্তা। ২ রশি-নির্মিত থলি বিশেষ। [হি.]
বোরাক, বোররাক, বুররাক *বি* পক্ষবিশিষ্ট স্বর্গীয় অশ্ব— এর মুখ নারীর মতো, শরীরের বাকি অংশ ঘোড়ার মতো আকৃতিবিশিষ্ট। [আ. বুরাক]
বোরো *বি* বৈশাখে কাঁটা হয় এমন ধানবিশেষ।
বোর্ড *বি* ১ কাষ্ঠফলক; ফলক; পাটা; তক্তা। ২ স্থায়ী সমিতি; পরিষদ; পর্ষদ; মন্ত্রণাসভা। [ই.]। **ইউনিয়ন বোর্ড** *বি* গ্রামের উন্নতির জন্যে প্রতিষ্ঠিত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানবিশেষ। **জেলাবোর্ড** *বি* জেলার উন্নতি বিধানের জন্যে স্থাপিত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানবিশেষ; ডিস্ট্রিক্ট বোর্ড। **পিসবোর্ড, পিচবোর্ড** *বি* তক্তার মতো শক্ত কাগজের ফলকবিশেষ। **ব্ল্যাকবোর্ড** *বি* কালো রঙে রঞ্জিত পুরু তক্তাবিশেষ যাতে চক দিয়ে লেখা যায়।
বোল[১] *বি* ১ বাক্য; কথা; বুলি; বচন; ভাষা। ২ ধ্বনি; অস্পষ্ট কথা। ৩ বাদ্য। ৪ বাজনার গৎ। **বোলচাল** *বি* বাগাড়ম্বরপূর্ণ কথাবার্তা। **বোলবোলা** *বি* ১ হাঁকডাক। ২ প্রভাব; প্রতিপত্তি; প্রতাপ; শক্তি। ৩ নামডাক।
বোল[২] *বি* ১ ক্ষার ও পানি। ২ ফেনা। ৩ গন্ধরস।
বোলটু, বল্টু *বি* মজবুত করে আটবার লোহা; শলাকাবিশেষ; পেরেকজাতীয় ছিটকানি। [ই.]
বোলতা *বি* একজাতীয় দংশনকারী বিষাক্ত পতঙ্গ। [স.]। **বোলতার চাকে খোঁচা দেওয়া** *ক্রি* শত্রুকে উত্তেজিত করা; নিজের দুর্ব্যবহারে হিংস্র জনতাকে খেপানো।
বোলানো[১], **বোলান** *ক্রি* ১ ডাকা। ২ ডেকে পাঠানো। ৩ কথা বলানো। ☐ *বি* ডাকা। [বা.]
বোলানো[২], **বুলানো** *ক্রি* ১ লঘু বা আলতোভাবে ছুঁয়ে যাওয়া। ২ মনোযোগহীন হয়ে দেখা। ৩ লঘুভাবে চালনা। ☐ *বি, বিণ* আন্তরিকতাহীনভাবে সঞ্চালন। **চোখ বোলানো, চোখ বুলানো** *ক্রি* তাচ্ছিল্যভরে বা অমনোযোগের সাথে পড়া; উপর দিয়ে দেখে যাওয়া। **মাথায় হাত বুলানো** *ক্রি* ১ সান্ত্বনা বা প্রবোধ দেওয়া; শান্ত করা। ২ (বিদ্রূপে) ফাঁকি দিয়ে বা প্রতারণা করে চুরি করা।
বোসরা *বি* বসরা; ইরাকের একটি অঞ্চল ও শহর।
বৌ=বউ।
বৌছি, বউচি *বি* এক ধরনের গ্রামীণ খেলা।
বৌদ্ধ *বি* বুদ্ধদেবের মতাবলম্বী। ☐ *বিণ* ১ বুদ্ধদেব সম্পর্কীয়। ২ বুদ্ধদেব প্রবর্তিত ধর্মগ্রহণকারী। ৩ বুদ্ধদেব কর্তৃক প্রবর্তিত বা প্রচারিত। [স.]
বৌলি, বউলি, বউলী *বি* মুকুলাকৃতি কর্ণভূষণবিশেষ। [স.+বা. ই]
ব্যক্ত *বিণ* ১ প্রকাশ পেয়েছে এমন; প্রকাশিত। ২ স্পষ্টকৃত; প্রকট। [স.]
ব্যক্তি *বি* ১ একক লোক; মানুষ। ২ বিশেষ; অসামান্য; ব্যষ্টি। ৩ অভিব্যক্তি; প্রকাশ; প্রকটন। **ব্যক্তিক, ব্যক্তিগত** *বিণ* ১ নির্দিষ্ট কোনো ব্যক্তির বৈশিষ্ট্যের অন্তর্গত। ২

ব্যক্তিবিশেষ বিষয়ক। [স.]। **ব্যক্তিতন্ত্র, ব্যক্তিবাদ** *বি* অহংবাদ; স্বাতন্ত্র্যবাদ; যে নীতিতে সমাজ অপেক্ষা ব্যক্তিকে বেশি প্রাধান্য দেওয়া হয়। **ব্যক্তিতা** *বি* ব্যক্তির বিশেষত্ব। **ব্যক্তিত্ব** *বি* ব্যক্তিবিশেষের বৈশিষ্ট্য; স্বপ্রাধান্য। **ব্যক্তিস্বাতন্ত্র্য** *বি* ব্যক্তির নিজস্ব মত ও প্রাধান্য।

ব্যঙ্গ¹ *বিণ* ১ বিকৃতাঙ্গ; বিকলাঙ্গ। ২ অঙ্গহীন। ৩ ভেক; ব্যাঙ। [স. ব্যঙ্গ]

ব্যঙ্গ² *বি* উপহাস; বিদ্রূপ। **ব্যঙ্গপ্রিয়** *বিণ* ঠাট্টা বা বিদ্রূপ করতে ভালোবাসে এমন। [স. ব্যঙ্গ]। **ব্যঙ্গবাণী** *বি* উপহাসবাক্য; বিদ্রূপবাক্য। **ব্যঙ্গার্থ** *বি* ১ বিদ্রূপসূচক অর্থ। ২ বিদ্রূপপূর্ণ অর্থ। **ব্যঙ্গোক্তি** *বিণ* ১ শ্লেষপূর্ণ উক্তি; বক্রোক্তি। ২ বিদ্রূপ বা উপহাসাত্মক বাক্য।

ব্যঙ্গ্য *বিণ* ১ ব্যঞ্জনার মাধ্যমে বুঝতে হয় এমন। ২ নিগূঢ়; গূঢ়ার্থক; তাৎপর্যপূর্ণ। [স.]। **ব্যঙ্গ্যার্থ** *বি* প্রতীয়মান অর্থের অন্তর্নিহিত কোনো গভীরতর অর্থ; বাক্যের ব্যঞ্জনাবৃদ্ধির মাধ্যমে বোধগম্য হয় এমন অর্থবিশেষ। **ব্যঙ্গ্যোক্তি** *বি* ১ বক্রোক্তি। ২ (আল.) বিদ্রূপাত্মক উক্তি। ৩ ব্যঞ্জনাময় বাক্য।

ব্যজন *বি* ১ বাতাস; বীজন। ২ পাখা; যা দ্বারা বাতাস করা হয়। [স.]। **ব্যজনী** *বি* বাতাস করবার পাখা; চামর; তালবৃন্ত; তালপাখা।

ব্যঞ্জক *বিণ* দ্যোতক; সূচক; প্রকাশক; বোধক। [স.]

ব্যঞ্জন *বি* ১ (ব্যা.) 'ক' থেকে 'হ' পর্যন্ত বর্ণ; ব্যঞ্জনবর্ণ। ২ বিশিষ্টতাসূচক চিহ্ন; লক্ষণ। ৩ প্রকাশক। ৪ রন্ধন করা তরকারি। [স.]। **ব্যঞ্জনসন্ধি** *বি* (ব্যা.) স্বরবর্ণের সাথে ব্যঞ্জনবর্ণের বা ব্যঞ্জনবর্ণের সাথে ব্যঞ্জনবর্ণের সন্ধি বা মিলন। **অন্নব্যঞ্জন** *বি* ভাত ও রান্না করা তরকারি।

ব্যঞ্জনা *বি* ১ প্রকাশনা। ২ (আল.) শব্দের গূঢ়ার্থ প্রকাশক গুণ। ৩ শব্দের বা বাক্যের ব্যঙ্গ্যার্থের দ্যোতনা। [স.]। **ব্যঞ্জিত** *বিণ* ১ ব্যঞ্জনার সাহায্যে অভিব্যক্ত। ২ বোধিত; সূচিত; দ্যোতিত।

ব্যাডমিন্টন *বি* জাল র‍্যাকেট ও পালকের বলের সাহায্যে এক প্রকার খেলা। [ই.]

ব্যতিক্রম *বি* ১ ব্যত্যয়; নিয়ম-কানুনের অন্যথা। ২ কোনো কিছুর বৈপরীত্য। **ব্যতিক্রান্ত** *বিণ* ১ ব্যতিক্রমবিশিষ্ট। ২ ব্যতিক্রম বা লঙ্ঘন করা হয়েছে এমন।

ব্যতিব্যস্ত *বিণ* ১ অত্যন্ত ব্যস্ত; খুব ব্যাকুল। ২ উত্ত্যক্ত। ৩ বিব্রত। [স.]

ব্যতিরিক্ত *বিণ* ১ অতিরিক্ত। ২ ভিন্ন; বাদে; ব্যতীত। [স.]

ব্যতিরেক *বি* ১ বিভিন্নতা; স্বাতন্ত্র্য; ভেদ। ২ রাহিত্য; অভাব। ৩ অতিক্রম। ৪ কাব্যের অর্থালঙ্কারবিশেষ যাতে উপমান অপেক্ষা উপমেয় অধিক প্রাধান্য লাভ করে।

ব্যতিরেকী *বিণ* ১ প্রভেদক; পৃথককারী। ২ অভাবযুক্ত। [স.]

ব্যতিহার *বি* ১ পরিবর্তন; বিনিময়। ২ একাধিক ব্যক্তির একই সময়ে অভিন্ন আচরণ। [স.]। **ব্যতিহার বহুব্রীহি** *বি* (ব্যা.) সমাসবিশেষ; পরস্পর ক্রিয়াবিনিময় বুঝাতে এই সমাস হয়, যেমন—*লাঠালাঠি, হানাহানি*।

ব্যতীত *বিণ* অতীত; বিগত; অতিবাহিত। ◻ *অব্য* বিনা; ছাড়া; ভিন্ন; বাদে। [স.]

ব্যত্যয় *বি* অন্যথা ভাব; বিপরীত ভাব; বৈপরীত্য; ব্যতিক্রম; নিয়মাদি লঙ্ঘন। [স.]

ব্যথা *বি* ১ ক্লেশ; দুঃখ; কষ্ট; বেদনা। ২ প্রসব বেদনা। [স.]। **ব্যথাহত** *বিণ* বেদনাক্রান্ত। **ব্যথিত** *বিণ* ১ ব্যথাপ্রাপ্ত; দুঃখিত। ২ সন্তপ্ত। **ব্যথিতা** *স্ত্রী.*। **ব্যথী(-থিন্)** *বিণ* বেদনাযুক্ত; ব্যথিত; বেদনাক্লিষ্ট। **ব্যথিনী** *স্ত্রী.*।

ব্যপদেশ *বি* ১ ছল; আছিলা; ছুতা; ওজর। ২ নামোল্লেখ। ৩ ইঙ্গিত; ইশারা; সংকেত। ৪ প্রয়োজন; দরকার। [স.]। **ব্যপদিষ্ট** *বিণ* ব্যপদেশযুক্ত; ছলছুতাবিশিষ্ট। **ব্যপদেষ্টা** *বি, বিণ* ১ কপটতা করে যে; কপট। ২ ভান বা ছল করে যে; ভানকারী; ছলকারী। ৩ নামোল্লেখকর্তা।

ব্যবচ্ছেদ *বি* ১ বিশ্লেষণ; পরীক্ষার জন্য খণ্ড খণ্ড করে ভাগ করা বা পৃথক করা। ২ ভেদ; খণ্ড; বিভাগ। [বি+অবচ্ছেদ]। **ব্যবচ্ছিন্ন** *বিণ* ব্যবচ্ছেদ বা বিশ্লেষ করা হয়েছে এমন। [বি+অবচ্ছিন্ন]। **শব-ব্যবচ্ছেদ** *বি* ১ অপঘাত বা দুর্ঘটনায় মৃত শবের মৃত্যুর কারণ নির্ণয়ার্থে শল্যকরণ পরীক্ষা; ময়নাতদন্ত; post-mortem। ২ চিকিৎসাবিদ্যার্থীদের শিক্ষার জন্য মৃতদেহ কেটে দেখা।

ব্যবধান, ব্যবধা, ব্যবধি *বি* ১ আড়াল; অন্তরাল। ২ দূরত্ব। ৩ তিরোধান। ৪ আবরণ।

ব্যবসাদার *বিণ, বি* যে ব্যবসা করে; ব্যবসায়ী।

ব্যবসায়, ব্যবসা *বি* ১ জীবিকা; বৃত্তি; পেশা। ২ তেজারত; কারবার; বাণিজ্য। ৩ যত্ন; উদ্যম; চেষ্টা। ৪ অভিপ্রায়; ইচ্ছা; উদ্দেশ্য। ৫ অনুসন্ধান। ৬ ব্যবহার; আচরণ। [স.]। **ব্যবসায়ী** *বি, বিণ* ১ ব্যবসাদার। ২ সওদাগর; বণিক। ৩ বিশেষ কর্মে নিপুণ। ৪ উদ্যমী; উদ্যোগী। ৫ স্বার্থসন্ধানী চিন্তাভাবনা (ব্যবসায়ী মনোবৃত্তি)। **ব্যবসিত** *বিণ* ১ চেষ্টাযুক্ত; উদ্যত; চেষ্টান্বিত। ২ স্থিরীকৃত। ৩ অনুষ্ঠিত। ৪ পরিকল্পিত।

ব্যবস্থা *বি* ১ জোগাড়; আয়োজন; বন্দোবস্ত। ২ আইন; রীতি। ৩ শাস্ত্রীয় বিধি; বিধান; সমাজনিয়ম। ৪ যথোপযুক্তভাবে স্থাপন। ৫ কার্যবিধি। ৬ স্থিতি। ৭ স্থিরতা। ৮ শৃঙ্খলা। [স. বি+অবস্থা]। **ব্যবস্থা দেওয়া** *ক্রি* ১ রোগ হলে ঔষধ বা পথ্যাদি খাবার উপদেশ বা জোগাড়। ২ পাপাদির প্রায়শ্চিত্ত সম্বন্ধে শাস্ত্রীয় নির্দেশ দেওয়া। **ব্যবস্থাপত্র** *বি* রোগের চিকিৎসা-সংক্রান্ত নির্দেশ-পত্র; prescription। **ব্যবস্থান** *বি* অবস্থিতি; অবস্থান। **ব্যবস্থাশাস্ত্র** *বি* আইনশাস্ত্র; স্মৃতিশাস্ত্র; ধর্মাচারবিধায়ক শাস্ত্র। **ব্যবস্থিত** *বিণ* ১ ব্যবস্থা করা হয়েছে এমন। ২ পৃথককৃত। ৩ বিষয়রূপে স্থিত; অবস্থিত। ৪ স্থিরীকৃত। ৫ নিযুক্ত।

ব্যবস্থাপন *বি* নিয়ম-প্রণয়ন; বিধি-নির্ধারণ; আইন প্রণয়ন। ◻ *বিণ* সংস্থাপন। **ব্যবস্থাপক** *বি, বিণ* ১ আইন গঠনকারী। ২ নিয়ামক; বিধানকর্তা; আইনকর্তা। ৩ সংস্থাপক। [স.]। **ব্যবস্থাপিকা** *স্ত্রী.*। **ব্যবস্থাপিত** *বিণ* ব্যবস্থাপন করা হয়েছে এমন।

ব্যবহার *বি* ১ আচরণ। ২ বাণিজ্য। ৩ বিষয়কর্ম। ৪ আইন। ৫ প্রয়োগ। ৬ রীতি; প্রথা; আচার; বিধি; কর্তব্য। ৭ পোশাকের কাজে নিয়োগ। ◻ *বিণ* মামলা-মোকদ্দমা। **ব্যবহর্তা** *বি* বিচার। ◻ *বিণ* ব্যবহারকারী। **ব্যবহারজীবী, ব্যবহারাজীব** *বি* উকিল; মোক্তার; ব্যারিস্টার; আইনজীবী। **ব্যবহারদেশক** *বি* অ্যাটর্নি সলিসিটর প্রভৃতি আইনজীবী। **ব্যবহারশাস্ত্র** *বি* ১ আইনশাস্ত্র;

স্মৃতিশাস্ত্র। ২ আইনগ্রন্থ। **ব্যবহারিক** *বিণ* ১ আইনসংক্রান্ত; আইনবিষয়ক। ২ ব্যবহারসংক্রান্ত। ৩ আইনজ্ঞ। ৪ বিষয়কর্ম সম্পর্কিত; সাংসারিক। ৫ রীতিমাফিক; প্রথানুযায়ী। ৬ অবাস্তব হলেও ব্যবহারের ক্ষেত্রে মূল্য আছে এমন। **ব্যবহার্য, ব্যবহর্তব্য** *বিণ* ১ ব্যবহার করতে হবে এমন। ২ ব্যবহারের উপযুক্ত। **ব্যবহৃত** *বিণ* ব্যবহার করা হয়েছে এমন; আচরিত; অনুষ্ঠিত।

ব্যবহিত *বিণ* ১ ব্যবধানে বা দূরত্বে অবস্থিত; দূরত্বযুক্ত। ২ অন্তর্হিত। ৩ আবৃত; আচ্ছাদিত। [স. বি+অবহিত]

ব্যভিচার *বি* ১ নারী-পুরুষের অবৈধ যৌন সম্বন্ধ। ২ কদাচার; অন্যায় ব্যবহার; গর্হিত আচরণ। ৩ স্খলন। ৪ অন্যথাচরণ। [বি+অভিচার]। **ব্যভিচারী** *বিণ* ১ ব্যভিচার করে এমন; পরদারগামী; অবৈধ নারী সম্ভোগকারী। ২ অন্যথাচারী। ☐ *বি* যে ব্যভিচার করে। **ব্যভিচারিণী** *স্ত্রী.*।

ব্যয় *বি* ১ খরচ। ২ ধ্বংস; অপচয়। ৩ ক্ষয়; ক্ষতি। ৪ প্রয়োগ; ব্যবহার; নিয়োগ। [স.]। **ব্যয়কুণ্ঠ** *বিণ* খরচে কুণ্ঠিত; কৃপণ। **ব্যয়কুণ্ঠতা** *বি* কৃপণতা; কার্পণ্য। **ব্যয়ন** *বি* প্রাপ্য প্রদান; খরচ; ব্যয়। **ব্যয়বহুল** *বিণ* ১ বেশি খরচ করায় এমন; ব্যয়সাধ্য। ২ প্রচুর অর্থব্যয় না করলে প্রাপ্তি অসম্ভব এমন। **ব্যয়বহুলতা, ব্যয়বাহুল্য** *বি* অধিক ব্যয়। **ব্যয়সাধ্য, ব্যয়সাপেক্ষ** *বিণ* অধিক ব্যয় দ্বারা শুধু সম্ভব এমন; অধিক খরচ করায় এমন। **ব্যয়িত** *বিণ* ১ খরচ হয়েছে এমন। ২ গত। **ব্যয়ী** *বিণ* ১ খরচকারী; ব্যয়কারী। ২ ব্যয়শীল।

ব্যর্থ *বিণ* ১ বৃথা; বিফল; নিষ্ফল। ২ নিষ্প্রয়োজন; নিরর্থক। ৩ অকৃতকার্য; অসিদ্ধ। **ব্যর্থকাম** *বিণ* নিষ্ফল; অকৃতকার্য। **ব্যর্থতা** *বি* বিফলতা; অকৃতকার্যতা।

ব্যষ্টি *বি* ১ পৃথক পৃথক বা নিজ নিজ ভাব। ২ সমষ্টির বিপরীত; পৃথক পৃথক বা ভিন্ন ভিন্ন ব্যক্তি। [স.]

ব্যসন *বি* ১ কাম ও ক্রোধ থেকে উৎপন্ন দোষ। ২ পাপ। ৩ নেশা; মাদক সেবন। ৪ অমঙ্গল; অশুভ। ৫ বিপদ। ৬ দুঃখ; মনস্তাপ; কষ্ট। ৭ ধ্বংস। [স.]। **ব্যসনী** *বিণ* ১ ব্যসনানুরক্ত; ব্যসনযুক্ত। ২ বিপন্ন।

ব্যস্ত *বি* অস্থির; ব্যগ্র; উৎকণ্ঠিত; ব্যাকুল; উদ্‌গ্রীব। ☐ *বিণ* ১ ব্যাপৃত; নিযুক্ত। ২ বিভক্ত; বিক্ষিপ্ত। ৩ ত্বরান্বিত। [স.]। **ব্যতিব্যস্ত** *বিণ* অত্যধিক ব্যস্ত। **ব্যস্ততা** *বি* অস্থিরতা; ব্যগ্রতা। **ব্যস্তবাগীশ** *বিণ* অতিরিক্ত ব্যস্ত; কর্মসম্পাদনে অস্থিরতা প্রদর্শনকারী। **ব্যস্তসমস্ত** *বিণ* ১ অতিব্যস্ত; ব্যতিব্যস্ত; অস্থির। ২ অতি ত্বরান্বিত।

ব্যাংক, ব্যাঙ্ক *বি* অর্থ ও অলঙ্কারাদি গচ্ছিত রাখবার ও যারা গচ্ছিত রাখে তাদেরকে প্রয়োজনমতো তা দেবার প্রতিষ্ঠানবিশেষ। [ই.]

ব্যাকরণ *বি* ১ কোনো ভাষার শব্দ ও পদবিন্যাসের স্বরূপ, কাঠামো, রীতি ও বিশ্লেষণ সম্পর্কিত বিদ্যা বা গ্রন্থ। ২ শব্দের ব্যুৎপত্তিবিষয়ক শাস্ত্র। [স.]

ব্যাকুল, বেয়াকুল (ম-বা) *বিণ* অতিশয় আকুল; বিকুল; অস্থির; উৎকণ্ঠিত; উদ্‌গ্রীব; ব্যগ্র। [স. বি+আকুল]। **ব্যাকুলা** *স্ত্রী.*। **ব্যাকুলতা** *বি* অস্থিরতা; উৎকণ্ঠা। **ব্যাকুলিত** *বিণ* ব্যাকুল; আকুল। **ব্যাকুলিতা** *স্ত্রী.*।

ব্যাখ্যা *বি* ১ বর্ণনা; বিশদ বিবরণ। ২ টীকা-টিপ্পনী। ৩ অর্থ বা মানে প্রদান। [স.]। **ব্যাখ্যাতা** *বিণ* ব্যাখ্যাকারী বা বর্ণনাকারী; টীকাকার। **ব্যাখ্যান** *বি* ১ অতিরঞ্জন; ফলাও করে বর্ণনা করা। ২ বর্ণনা। ৩ টীকা। **ব্যাখ্যেয়** *বিণ* ১ ব্যাখ্যা করতে হবে এমন। ২ ব্যাখ্যার যোগ্য; বর্ণনীয়।

ব্যাগ *বি* থলি; বস্ত্র বা চর্ম-নির্মিত পেটিকা। [ই.]

ব্যাঘাত *বি* অন্তরায়; বাধা; বিঘ্ন; প্রতিবন্ধ। **ব্যাঘাতক** *বিণ* ১ ব্যাঘাতকারী; বিঘ্নসম্পাদক। ২ প্রতিবন্ধক। [স.]

ব্যাঘ্র *বি* বাঘ; শার্দূল; হিংস্র পশুবিশেষ। ☐ *বিণ* শ্রেষ্ঠ; প্রধান; বলশালী। [স.]। **ব্যাঘ্রী** *স্ত্রী.*।

ব্যাঙ, বেঙ *বি* ভেক; মণ্ডূক। [স. ব্যঙ্গ]। **ব্যাঙ তড়কা** *বি* ব্যাঙের মতো লম্ফ। **ব্যাঙাচি, বেঙাচি** *বি* ব্যাঙের বাচ্চা। **ব্যাঙের আধুলি/সিকি** *বি* (আ.) গরিব লোকের অতি সামান্য অর্থ বা সঞ্চয়। **ব্যাঙের ছাতা** *বি* ছাতার আকারের ছোট উদ্ভিদবিশেষ; ছত্রাক। **ব্যাঙের লাথি** *বি* (আল.) হীন বা নগণ্য লোক দ্বারা অপমান। **ব্যাঙের সর্দি** (আল.) *বি* অসম্ভব ব্যাপার।

ব্যাঙর ব্যাঙর করা *ক্রি* (আল.) অনেকক্ষণ ধরে বিরক্তিকর কথা বলে চলা; অবিরত বাজে বকবক করা।

ব্যাজ[১] *বি* ১ বিলম্ব; দেরি। ২ বিঘ্ন; বাধা; অন্তরায়। ৩ কপটতা। ৪ সুদ; বৃদ্ধি। **ব্যাজনিন্দা** *বি* একজনের নিন্দা দ্বারা অপরের নিন্দা জ্ঞাপন। **ব্যাজস্তুতি** *বিণ* ছলপূর্ণ স্তুতি; কপট প্রশংসা। ☐ *বি* (আল.) কাব্যের অলঙ্কার-বিশেষ; নিন্দাচ্ছলে স্তুতি ও স্তুতিচ্ছলে নিন্দা করা হলে বলা হয় (যেমন— অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ/ কোন গুণ নাই তার কপালে আগুন—ভারতচন্দ্র)। **ব্যাজোক্তি** *বি* ১ ছলপূর্ণ কথা। ২ (আল.) স্পষ্টরূপে প্রকাশিত বিষয়ের ছল দ্বারা গোপন।

ব্যাজ[২] *বি* তকমা; দল পেশা নির্দেশক চিহ্ন। [ই.]

ব্যাট *বি* ক্রিকেট খেলার বল চালনা করবার জন্যে ব্যবহৃত কাষ্ঠফলকবিশেষ। [ই.]

ব্যাটারি *বি* বিদ্যুৎ-ধারক যন্ত্রবিশেষ। [ই.]

ব্যাটালিয়ন *বি* সৈন্যবাহিনী; সামরিক স্থলবাহিনী— কতকগুলো কোম্পানি নিয়ে একটি ব্যাটালিয়ন হয়। [ই.]

ব্যাদড়া, বেদাঁড়া *বিণ* ১ অশিষ্ট; দুষ্টু; বেয়াড়া। ২ কুৎসিত।

ব্যাদান *বি* ১ খোলা; উদ্‌ঘাটন। ২ বিকটভাবে মুখের প্রসারণ; বিকৃতভাবে মুখ-প্রদর্শন (মুখ ব্যাদান)। [স.]। **ব্যাত্ত, ব্যাদত্ত** *বিণ* ১ উদ্‌ঘাটিত। ২ প্রসারিত। ৩ বিস্তৃত।

ব্যাধ *বি* ১ শিকারি জাতিবিশেষ। ২ পশুপক্ষী বধকারী; কিরাত। [স.]

ব্যাধি *বি* অসুখ; পীড়া; রোগ। [স.]। **ব্যাধিত** *বিণ* রোগগ্রস্ত; রোগাক্রান্ত। **ব্যাধিমন্দির** *বি* ১ রোগের ঘর; রোগের বাসা। ২ শরীর; দেহ।

ব্যান্ড *বি* ১ ঐকতান বাদনের দল। ২ ঐকতান বাদন; নানা রকম যন্ত্রের ঐকতান বাদ্য। [ই.]। **ব্যান্ডপার্টি** *বি* ঐকতান বাদকদল। **ব্যান্ডমাস্টার** *বি* ঐকতান বাদকদলের প্রধান পরিচালক নেতা বা শিক্ষক।

ব্যান্ডেজ *বি* ক্ষতস্থান বন্ধনের পট্টি। [ই.]

ব্যাপক *বিণ* ১ ব্যাপ্তিযুক্ত; ব্যাপনশীল; কালব্যাপী; স্থানব্যাপী; বহুদূর বিস্তৃত। ২ বহু বিষয়ের উপর প্রভাব বিস্তার করে এমন। [স.]। **ব্যাপিকা** *বি* ১ ধিঙ্গি স্ত্রীলোক। ২ প্রগলভা; চঞ্চলা নারী।

ব্যাপন *বি* ১ প্রসারণ; বিস্তার; ব্যাপ্তি। ২ আবরণ; আচ্ছাদন। [স.]

ব্যাপা *ক্রি* বিস্তৃত হওয়া; ছড়ানো; ব্যাপ্ত হওয়া; স্থান জুড়ে

অবস্থান করা। ❑ *বি, বিণ* বিস্তৃত; ছড়ানো; ব্যাপ্ত।
ব্যাপার *বি* ১ বাণিজ্য; ব্যবসায়। ২ বিষয়। ৩ ঘটনা। ৪ ক্রিয়া; অনুষ্ঠান। ৫ নিয়োগ। [স.]
ব্যাপারী *বি* ব্যবসায়ী; বণিক; কারবারি; সওদাগর। [স.]
ব্যাপী(-পিন) *বিণ* ১ ব্যাপ্তিশীল; ব্যাপক প্রসারী। ২ আবরক। [স.]। **ব্যাপিনী** *স্ত্রী.*।
ব্যাপৃত *বিণ* নিয়োজিত; নিযুক্ত; রত। [স.]। **ব্যাপৃতা** *স্ত্রী.*। **ব্যাপৃতি** *বি* নিযুক্ত হওয়ার ভাব; রত থাকার ভাব।
ব্যাপ্ত *বিণ* ১ প্রসারিত; বিস্তৃত। ২ আচ্ছন্ন। ৩ পূরিত; পরিপূর্ণ। [স.]। **ব্যাপ্তি** *বি* ১ প্রসার; বিস্তৃতি। ২ আবরণ।
ব্যামো *বি* রোগ; পীড়া; ব্যাধি। [স. ব্যামোহ>]
ব্যামোহ *বি* ১ অতিমুগ্ধতা; বিমূঢ়তা; চিত্তবৈকল্য। ২ অজ্ঞানতা। ৩ ব্যাধি। [স.]
ব্যায়াম *বি* ১ বিশেষরূপে অঙ্গ সঞ্চালন; শ্রমসাধন ব্যাপার; স্বাস্থ্যরক্ষার জন্য পরিশ্রম। ২ কুস্তি। [স.]।
ব্যারাক *বি* ১ সেনানিবাস। ২ বিরাট ও বেঢপ অট্টালিকা। [ই.]
ব্যারিস্টার *বি* ইংলন্ড থেকে আইন পাশ করা উকিল; উচ্চ শ্রেণীর ব্যবহারাজীববিশেষ। [ই.]। **ব্যারিস্টারি** *বি* ব্যারিস্টারের কাজ।
ব্যালট পেপার *বি* ভোটদানের পত্র; নির্বাচনে ভোট দেওয়ার জন্য নির্দিষ্ট কাগজ যাতে চিহ্ন দিয়ে বা নাম লিখে ভোট দেওয়া হয়। [ই.]
ব্যাস *বি* ১ বৃত্তের কেন্দ্র ভেদ করে উভয়পার্শ্বে যে সরলরেখা পরিধি স্পর্শ করে। ২ বৃত্তের সর্বাধিক প্রস্থ। ৩ বিস্তার। ৪ বিভাগ। ৫ বেদব্যাস। [স.]। **ব্যাসার্ধ** *বি* ব্যাসের অর্ধাংশ; বৃত্তের পরিধি থেকে কেন্দ্র পর্যন্ত প্রসারিত সরলরেখা।
ব্যাসকূট *বি* ১ বেদব্যাসের রচনার দুর্বোধ্য শ্লোক। ২ দুর্বোধ্য লেখা। [স.]
ব্যাসবাক্য *বি* (ব্যা.) সমাসবদ্ধ পদসমূহের ব্যাখ্যাকারী বাক্য। [স.]
ব্যাহত *বিণ* ১ বাধা পাওয়া; বাধাপ্রাপ্ত। ২ বিফলীকৃত। ৩ নিবারিত। [স.]
ব্যুৎপত্তি *বি* ১ শাস্ত্রে বিশেষ পাণ্ডিত্য। ২ জ্ঞান; বোধ; অভিজ্ঞতা। ৩ পারদর্শিতা। ৪ বিশেষ উৎপত্তি। ৫ (ব্যা.) শব্দের প্রকৃতি প্রত্যয়াদি বিশ্লেষণপূর্বক গঠন বিচার। [স. বি+উৎপত্তি]। **ব্যুৎপন্ন** *বিণ* ১ শাস্ত্রজ্ঞান সম্পন্ন। ২ জ্ঞানী। ৩ (ব্যা.) প্রকৃতি প্রত্যয়াদির সাহায্যে উৎপন্ন। [স. বি+উৎপন্ন]। **ব্যুৎপাদক** *বিণ* ব্যুৎপত্তিদানকারী। **ব্যুৎপাদিকা, ব্যুৎপাদিত** *বিণ স্ত্রী.* ব্যুৎপন্ন হয়েছে এমন; প্রকৃতি প্রত্যয়াদির সাহায্যে উৎপাদিত। [স. বি+উৎপাদিত]। **ব্যুৎপাদ্য** *বিণ* ব্যুৎপত্তি নির্ণয় করতে হবে এমন। [স. বি+উৎপাদ্য]
ব্যূহ *বি* ১ সৈন্য সমাবেশ; যুদ্ধের জন্য কৌশল সহকারে সৈন্যবিন্যাস। ২ সেনাসমূহ। ৩ গঠন; নির্মাণ। ৪ দেহ। **ব্যূহিত, ব্যূঢ়** *বিণ* ব্যূহাকারে বিন্যস্ত। [স. বি+উহ, উহিত, উঢ়]
ব্যোম *বি* ১ অম্বর; আকাশ; শূন্য। ২ (আল.) ফাঁকি। **ব্যোমকেশ** *বি* হিন্দু দেবতা শিব; মহাদেব। **ব্যোমচর** *বি* ১ গগনবিহারী; যারা আকাশে বিচরণ করে। ২ গ্রহ–নক্ষত্রাদি। ৩ পাখি। **ব্যোমযাত্রা** *বি* শূন্যে ভ্রমণ; বিমানে চড়ে শূন্যে ভ্রমণ। **ব্যোমযান** *বি* আকাশযান; বিমান; অ্যারোপ্লেন।
ব্রঙ্কাইটিস *বি* বায়ুনালীর প্রদাহ রোগ; শ্বাসনালীর শ্লৈষ্মিক ঝিল্লির বিকারজনিত শিরঃপীড়া, স্বরভঙ্গ, শ্লেষ্মা, গলা ঘড়ঘড়, বুকে বেদনাবোধ, শ্বাসকষ্ট প্রভৃতি লক্ষণজনিত ব্যাধি। [ই.]
ব্রজ *বি* ১ গমন। ২ পথ। ৩ গোষ্ঠ। ৪ হিন্দুশাস্ত্রে কৃষ্ণের বাল্যলীলাভূমি রূপে বর্ণিত মথুরার নিকটবর্তী গ্রামবিশেষ। [স.]। **ব্রজকিশোর, ব্রজমোহন, ব্রজসুন্দর** *বি* শ্রীকৃষ্ণ। **ব্রজকিশোরী, ব্রজসুন্দরী** *বি* রাধিকা। **ব্রজধাম** *বি* বৃন্দাবন; গোকুল। **ব্রজবুলি** *বি* বৈষ্ণব পদাবলী সাহিত্যে ব্যবহৃত মিশ্র ভাষাবিশেষ। **ব্রজভাষা** *বি* ব্রজবুলি। **ব্রজলীলা** *বি* ব্রজধামে শ্রীকৃষ্ণের রাসলীলা। **ব্রজাঙ্গনা** *বি* ১ ব্রজের রমণী। ২ গোপনারী। ৩ রাধা। [স. ব্রজ+অঙ্গনা]। **ব্রজদুলাল** *বি* শ্রীকৃষ্ণ। **ব্রজেশ্বর** *বি* শ্রীকৃষ্ণ। [স. ব্রজ+ঈশ্বর]। **ব্রজেশ্বরী** *বি স্ত্রী.* শ্রীরাধা। [স. ব্রজ+ঈশ্বরী]
ব্রজ্যা *বি* পর্যটন; ভ্রমণ। (তুল. বৌদ্ধ প্রব্রজ্যা) [স.]
ব্রণ *বি* ফোড়া; যৌবনাগমনে মুখে ওঠা ক্ষুদ্র ফোড়া বা ফুস্কুড়ি।
ব্রত *বি* ১ ধর্মানুষ্ঠান; পাপক্ষয় ও পুণ্যলাভের ইচ্ছায় অনুষ্ঠিত ধর্মকার্য। ২ নিয়ম; সংযম। ৩ তপস্যা। [স.]। **ব্রতচারী** *বিণ* ব্রত আচরণ করে এমন। **ব্রতধারী, ব্রতী** *বিণ* ব্রতকারী; তপস্বী। **ব্রতধারিণী, ব্রতিনী** *স্ত্রী.*।
ব্রততি, ব্রততী *বি* ১ লতা; বল্লী। ২ লতার মতো বিস্তার বা বিস্তৃতি (ব্রততী–বালা)। [স.]
ব্রহ্ম *বি* ১ হিন্দুমতে পরমপুরুষ; পরমেশ্বর; অনন্ত; অনাদি; অদ্বিতীয় পুরুষ। ২ বিধাতা। ৩ বেদ (শব্দব্রহ্ম, বাক্‌ব্রহ্ম)। ৪ ব্রাহ্মণ। [স.]। **ব্রহ্মচর্য** *বি* ব্রহ্মচারীর করণীয় ব্রত; মৈথুন ও অন্যান্য ভোগবাসনা বর্জিত সংযত জীবনযাপন। **ব্রহ্মচর্যাশ্রম** *বি* হিন্দু শাস্ত্রানুসারে জীবনের প্রথমাংশে ব্রহ্মচারীর অবস্থা। **ব্রহ্মচারী** *বিণ* ব্রহ্মচর্য পালনকারী। ❑ *বি* উপনয়নের পর যে ব্রাহ্মণ–সন্তান গুরুগৃহে থেকে অধ্যয়ন করে। **ব্রহ্মচারিণী** *স্ত্রী.*। **ব্রহ্মজ্ঞ** *বি* যার ব্রহ্মজ্ঞান হয়েছে। **ব্রহ্মজ্ঞান** *বি* পরমাত্মা জ্ঞান; ব্রহ্মের স্বরূপসম্বন্ধীয় জ্ঞান; তত্ত্বজ্ঞান। **ব্রহ্মজ্ঞ, ব্রহ্মজ্ঞানী** *বি, বিণ* ১ ব্রহ্মজ্ঞানসম্পন্ন। ২ ব্রাহ্মধর্মাবলম্বী। **ব্রহ্মডাঙ্গা** *বি* উচ্চে অবস্থিত উর্বরতাহীন জমি। **ব্রহ্মণ্য** *বিণ* ব্রহ্ম বা ব্রাহ্মণ সম্বন্ধীয়। ❑ *বি* ১ হিন্দুদেবতা নারায়ণ। ২ ব্রহ্মতেজ। **ব্রহ্মতালু** *বি* মাথার চাঁদি। **ব্রহ্মতেজ** *বি* ১ ব্রহ্মজ্ঞানজনিত তেজ; ব্রাহ্মণ্য। ২ ব্রাহ্মণের শক্তি। **ব্রহ্মত্ব** *বি* ব্রহ্মের বা ব্রহ্মতুল্য ভাব বা পদ। **ব্রহ্মত্র, ব্রহ্মত্রা** *বি* ব্রহ্মোত্তর। **ব্রহ্মদৈত্য, ব্রহ্মপিশাচ, ব্রহ্মরাক্ষস** *বি* হিন্দুমতে ব্রাহ্মণের প্রেতযোনি। **ব্রহ্মনাভ** *বি* হিন্দুমতে বিষ্ণু। **ব্রহ্মপাতক** *বি* ব্রাহ্মণ হত্যারূপ পাপ। **ব্রহ্মপুরী, ব্রহ্মলোক** *বি* ১ ব্রহ্মার বাসস্থান। ২ স্বর্গ। ৩ পুরাণোক্ত সপ্তলোকের মধ্যে উচ্চতম লোক। **ব্রহ্মবাদী** *বি, বিণ* বেদাধ্যায়ী। ❑ *বিণ* ১ ব্রহ্মজ্ঞানী। ২ ব্রহ্মবিদ্যার বক্তা। ❑ *বি* বৈদান্তিক। **ব্রহ্মবাদিনী** *স্ত্রী.*। **ব্রহ্মবিদ্যা** *বি* ব্রহ্মজ্ঞান বিষয়ক শাস্ত্র। **ব্রহ্মবৈবর্ত** *বি* অষ্টাদশ পুরাণের অন্যতম। **ব্রহ্মরন্ধ্র** *বি* ব্রহ্মতালুর কেন্দ্র বা কেন্দ্রবর্তী ছিদ্র। **ব্রহ্মর্ষি** *বি* ঋষি ব্রাহ্মণ। **ব্রহ্মলোক** *বি* ব্রহ্মার বাসস্থান; লোকবিশেষ। **ব্রহ্মশাপ** *বি* ব্রাহ্মণের অভিশাপ। **ব্রহ্মশিরঃ, ব্রহ্মশিরা** *বি* পুরাণোক্ত অস্ত্রবিশেষ। **ব্রহ্মসংহিতা** *বি* চৈতন্যদেব কর্তৃক

দাক্ষিণাত্য থেকে আনীত বৈষ্ণব গ্রন্থবিশেষ। **ব্রহ্মসঙ্গীত** *বি* ব্রহ্মের উপাসনামূলক সঙ্গীত। **ব্রহ্মসাবর্ণি** *বি* হিন্দুমতে দশম মনু। **ব্রহ্মসূত্র** *বি* ১ বেদব্যাস কর্তৃক বেদান্ত সূত্র। ২ উপবীত; পৈতা। **ব্রহ্মস্ব** *বি* ব্রাহ্মণের সম্পত্তি। **ব্রহ্মহত্যা** *বি* ১ ব্রাহ্মণ-বধ। ২ হিন্দুমতে মহাপাপ।

ব্রহ্ম[২] *বি* বাংলাদেশের দক্ষিণ-পূর্বস্থ দেশবিশেষ; মায়েনমার; ব্রহ্মদেশ।

ব্রহ্মপুত্র *বি* আসাম ও বাংলাদেশের মধ্যবর্তী নদবিশেষ।

ব্রহ্মা *বি* হিন্দুমতে সৃষ্টিকর্তা; জগৎস্রষ্টা; বিধাতা; কমলাসন; চতুরানন; প্রজাপতি; হিরণ্যগর্ভ; বিরিঞ্চি; স্বয়ম্ভু; লোকপিতামহ। **ব্রহ্মাণী** *বি স্ত্রী.* ব্রহ্মার পত্নী বা শক্তি। **ব্রহ্মারণ্য** *বি* বেদাধ্যয়নের জন্য উৎকৃষ্ট পৌরাণিক স্থান। **ব্রহ্মাস্ত্র** *বি* অতিশয় ক্ষমতাশালী অস্ত্র। **ব্রহ্মাণ্ড** *বি* বিশ্বজগৎ; সৃষ্টি। **ব্রহ্মোত্তর** *বি* ব্রাহ্মণকে প্রদত্ত নিষ্কর-ভূমি।

ব্রাত্য *বিণ* ১ পতিত; সংস্কারহীন; ব্রতভ্রষ্ট। ২ আচারভ্রষ্ট। [স.]

ব্রাহ্ম, ব্রাহ্মধর্ম *বি* রাজা রামমোহন রায়ের আদর্শে দেবেন্দ্রনাথ ঠাকুর কর্তৃক প্রতিষ্ঠিত একেশ্বরবাদী ধর্ম। ☐*বিণ* ১ ব্রহ্মজ্ঞানী। ২ ব্রহ্মসম্বন্ধীয়। [স.]। **ব্রাহ্মবিবাহ** *বি* ১ ব্রাহ্মধর্মের নিয়মানুযায়ী বিবাহ। ২ বরকে আহ্বান করে সালঙ্কারা কন্যাদান। **ব্রাহ্মমুহূর্ত** *বি* সূর্যোদয়ের অব্যবহিত পূর্ববর্তী এক ঘণ্টা বিশ মিনিট কাল। **ব্রাহ্মসমাজ** *বি* ব্রাহ্মধর্মাবলম্বী সম্প্রদায়। **ব্রাহ্মসমাজী** *বিণ* ব্রাহ্মসমাজভুক্ত।

ব্রাহ্মণ *বি* ১ যিনি ব্রহ্মকে জানেন; হিন্দুমতে উচ্চবর্ণের লোক। ২ আর্যদের চারবর্ণের প্রথম বর্ণ। ৩ বিপ্র; বামুন। ৪ বেদের অংশবিশেষ। ৫ পুরোহিত ব্রাহ্মণ; পাচক ব্রাহ্মণ। **ব্রাহ্মণী** *স্ত্রী.*। **ব্রাহ্মণ সমাজ** *বি* ব্রাহ্মণ সম্প্রদায়।

ব্রাহ্মণ্য *বি* ১ ব্রাহ্মণের ধর্ম; ব্রাহ্মণত্ব। ২ ব্রাহ্মণসমূহ। [স.]

ব্রাহ্মী *বি* ১ ব্রহ্মার শক্তি; মাতৃকাবিশেষ। ২ লিপি; ভারতের প্রাচীন লিপিবিশেষ। ৩ তিক্ত শাকবিশেষ। ৪ ব্রহ্মজ্ঞা; ব্রহ্মসম্বন্ধীয়া। [স.]

ব্রিজ *বি* ১ তাস খেলাবিশেষ। ২ সাঁকো; পোল; সেতু। [ই.]

ব্রিটিশ *বি* ১ ব্রিটেনের অধিবাসী। ২ ব্রিটেনে উৎপন্ন বা নির্মিত। ৩ গ্রেট ব্রিটেন সম্বন্ধীয়। [ই.]

ব্রীড়া *বি* লজ্জা। **ব্রীড়ানত** *বিণ* লজ্জায় আনত। **ব্রীড়ানতা** *স্ত্রী.*।

ব্রীড়িত *বিণ* ১ লজ্জিত। ২ লজ্জাযুক্ত।

ব্রীহি *বি* ধান্যবিশেষ; আউশ ধান। [স.]

ব্রেক *বি* চাকা প্রভৃতির গতিরোধক যন্ত্র। [ই.]

ব্রাকেট *বি* ১ গণিতে ব্যবহৃত বন্ধনীচিহ্ন; এক কোঠা; সমপর্যায়। ২ ঘরের দেয়াল সংলগ্ন তাক বা আলনাবিশেষ। [ই.]

ব্রান্ডি *বি* আঙুর ফলের রস থেকে প্রস্তুত মদবিশেষ। [ই.]

ব্লটিং *বি* চোষকাগজ; শোষক কাগজ। [ই.]

ব্লাউজ *বি* মেয়েদের জামাবিশেষ। [ই.]

ব্লু-প্রিন্ট *বি* নীল কাগজে সাদা রঙে মুদ্রিত নকশা ও পরিকল্পনা; blue print।

ব্লু-ফিল্ম *বি* অশ্লীল ও যৌনতাভিত্তিক চলচ্চিত্র।

ব্লু-বুক *বি* সরকার প্রকাশিত বিশেষ কোনো তথ্য সম্বলিত পুস্তক।

ব্ল্যাকবোর্ড *বি* স্কুল-কলেজে ব্যবহৃত কাঠের তৈরি কালো রঙের আয়তাকার ফলক যার উপরে খড়ি-মাটি বা চক দিয়ে লেখা বা ছবি আঁকা হয়।

ভ

ভ[১] বাংলা বর্ণমালার চব্বিশতম ব্যঞ্জনবর্ণ।

ভক, ভক ভক *অব্য* ধূম দুর্গন্ধ বমি প্রভৃতির হঠাৎ প্রচুর নির্গমসূচক শব্দ। **ভকভক** *অব্য* ১ ধূম দুর্গন্ধ ইত্যাদি বারবার উদ্গিরণের শব্দ। ২ প্রচুর দমকা বায়ু নিঃসরণ।

ভকিল *বি* উকিল। [Vakil> আ. উকিল/ওয়াকিল]

ভক্ত *বি* ভক্তিমান; যার ভক্তি বা অনুরাগ আছে। ☐*বিণ* ১ সেবক। ২ অনুগত। [স.]। **ভক্ত-বৎসল** *বিণ* ভক্তের প্রতি স্নেহপরায়ণ। **ভক্ত-বাঞ্ছাকল্পতরু** *বিণ* ভক্তের সকল বাঞ্ছা পূর্ণ করেন এমন। **ভক্ত-বিটেল** *বিণ.* কপট বা ভণ্ড ভক্ত। **ভক্তাগ্রগণ্য** *বিণ* শ্রেষ্ঠ বা প্রধান ভক্ত। [স. ভক্ত+অগ্রগণ্য]। **ভক্তাধীন** *বিণ* ভক্তের বশীভূত। [স. ভক্ত+অধীন]

ভক্তি *বি* ১ আল্লাহর প্রতি অনুরাগ। ২ মান্য ব্যক্তির প্রতি শ্রদ্ধা। [স.]। **ভক্তি-গ্রন্থ** *বি* ভক্তি উৎপাদক গ্রন্থ। **ভক্তিচিহ্ন** *বি* ভক্তির লক্ষণ। **ভক্তি-তত্ত্ব** *বি* ভক্তিবিষয়ক তথ্য বা শাস্ত্র। **ভক্তিপথ** *বি* ভক্তিবলে পরমতত্ত্বে পৌঁছাবার উপায়; সুফিদের তরিকা। **ভক্তিবাদ** *বি* দার্শনিক মতবাদবিশেষ, যে মতবাদে জ্ঞান ও কর্ম ব্যতিরেকে শুধু ভক্তি দ্বারা সাধনা করলেই পরম তত্ত্বে পৌঁছা যায়; ভক্তিতত্ত্ব। **ভক্তি-বিহ্বল** *বিণ* বিপুল ভক্তিতে আত্মহারা। **ভক্তি-বিহ্বলতা** *বি*। **ভক্তিভরে** *ক্রিবিণ* ভক্তির সাথে; তাজিমের সঙ্গে। **ভক্তিভাজন** *বিণ* শ্রদ্ধাস্পদ। ☐*বি* ভক্তি করবার যোগ্য পাত্র। **ভক্তিমান** *বিণ* ভক্তিযুক্ত; অন্তরে ভক্তির উদ্রেক হয়েছে এমন। **ভক্তিমতী** *স্ত্রী.*। **ভক্তি-মার্গ** *বি* সাধনার পন্থাবিশেষ। তুল. **জ্ঞানমার্গ, কর্মমার্গ**। **ভক্তিমূলক** *বিণ* শ্রদ্ধাসূচক। **ভক্তিযোগ** *বি* ১ ভক্তির দ্বারা আরাধনা। ২ ভক্তিবাদ; শুধু ভক্তি দ্বারা পরমেশ্বর লাভের সাধনা; সাধনার একটি প্রকার। **ভক্তিরস** *বি* ১ অলঙ্কার শাস্ত্রোক্ত নবরসের অন্যতম। ২ ভক্তিরূপ রস।

ভক্ষ *বিণ* খাদ্য; আহারীয়। [স.]। **ভক্ষক** *বি,বিণ* খায় এমন; খাদক; ভোজনকারী। **ভক্ষণ** *বি* ভোজন; খাদ্যগ্রহণ; আহার। **ভক্ষণীয়** *বিণ* ভক্ষণযোগ্য; ভোজ্য। **ভক্ষিত** *বিণ* খাওয়া হয়েছে এমন; ভুক্ত। **ভক্ষ্য** *বিণ* ভক্ষণীয়। ☐*বি* খাদ্যদ্রব্য। **ভক্ষদ্রব্য** *বি* ভোজনসামগ্রী; ভোজ্যবস্তু। **ভক্ষ্যাবশেষ** *বি* ভুক্তাবশিষ্ট দ্রব্য। [স. ভক্ষ্য+অবশেষ]। **ভক্ষ্যাভক্ষ্য** *বি* খাদ্যাখাদ্য; যা ভক্ষ্য আর যা অভক্ষ্য। ☐*বিণ* আহারের উপযুক্ত ও অনুপযুক্ত। [স. ভক্ষ+অভক্ষ্য]

ভগ *বি* ১ ঐশ্বর্য বীর্য যশ শ্রী জ্ঞান ও বৈরাগ্য—এই ছয়টি ভগ বা গুণ—এই ছয় গুণের অধিকারীই ভগবান। ২ সৌভাগ্য; সৌন্দর্য। ৩ মাহাত্ম্য। ৪ ধর্ম। ৫ মোক্ষ। ৬ যোনি। ৭ গুহ্যদেশ। ৮ সূর্য। ৯ চাঁদ। ১০ পূর্বফল্গুনী নক্ষত্র। [স.]

ভগন্দর *বি* মলদ্বারের বা গুহ্যদ্বারের নালী ঘা; fistula।

ভগবদ্গীতা *বি* সংস্কৃত মহাকাব্য মহাভারতের

অংশবিশেষ; কুরুক্ষেত্র যুদ্ধের প্রারম্ভে অর্জুনের প্রতি কৃষ্ণের উপদেশাবলী; গীতা। [স.]
ভগবন *বি* হে প্রভু (সম্বোধনসূচক)। [স.]
ভগবান *বি* পরমেশ্বর। ❑*বিণ* ১ মান্য; পূজ্য; দেবতুল্য। ২ ষড়গুণের অধিকারী। [স.]। **ভগবতী** *স্ত্রী.*।
ভগিনী, ভগ্নি *বি* সহোদরা বোন। [স.]। **ভগিনীপতি, ভগ্নিপতি** *বি* ভগিনীর স্বামী।
ভগীরথ *বি* সূর্যবংশীয় নৃপতিবিশেষ। **ভাগীরথী** *বি* গঙ্গা নদীর অপর নাম।
ভগ্ন *বিণ* ১ ভাঙা। ২ ছিন্ন; খণ্ডিত; চূর্ণীকৃত। ৩ বিজিত; বিফলীকৃত। ৪ ক্ষান্ত; নিবৃত্ত। ৫ স্বাস্থ্যহীন। ৬ হতাশ। **ভগ্ন-কণ্ঠ** *বিণ* গলাভাঙা; বিকৃতস্বর। **ভগ্ন-চিত্ত** *বিণ* ভগ্নহৃদয়; নিরাশ; দুঃখে অবসন্ন। **ভগ্নদূত** *বি* যে দূত যুদ্ধে পরাজয়ের সংবাদ আনে; ভগ্ন পাইক। **ভগ্নদেহ** *বিণ* স্বাস্থ্যহীন। **ভগ্নপ্রায়** *বিণ* প্রায় ভেঙে গেছে এমন। **ভগ্নস্তূপ** *বি* স্তূপাকার ধ্বংসাবশেষ। **ভগ্নহৃদয়** *বিণ* হতাশ; মনমরা; নিরুদ্যম। **ভগ্নাংশ** *বি* ১ ভাঙা জিনিসের খণ্ড। ২ (গ.) পাটিগণিতের অঙ্কবিশেষ; একের অংশ বিষয়ক অঙ্ক; fraction। [স. ভগ্ন+অংশ]
ভগ্নাবশেষ *বি* যে কোনো জিনিসের ভেঙে যাওয়া বা ধ্বংসের পরে যা পড়ে থাকে। ❑*বিণ* ভগ্নাবশিষ্ট। [স. ভগ্ন+অবশেষ]। **ভগ্নাবস্থা** *বি* জীর্ণ অবস্থা; ধ্বংসপ্রাপ্ত দশা। [স. ভগ্ন+অবস্থা]। ❑*বিণ* জীর্ণ; ভগ্নদশা-প্রাপ্ত। **ভগ্নোদ্যম** *বিণ* উদ্যম ব্যর্থ হয়েছে এমন; হতাশ; ভগ্নোৎসাহ। [স. ভগ্ন+উদ্যম]
ভঙ্গ *বি* ১ ভাঙা; ভাঙন। ২ পরাজয়। ৩ সমাপ্তি; শেষ। ৪ বিভাগ; বিদারণ। ৫ ঢেউ; তরঙ্গ। ৬ ভঙ্গি। ৭ বাধা; প্রতিবন্ধক। ৮ রচনা। ৯ বিফলতা। ১০ হানি; নাশ। [স.]। **ভঙ্গকুলীন** *বি* যে-কুলীন বংশে কৌলীন্য প্রথা ভঙ্গ করা হয়েছে। **ভঙ্গপয়ার** *বি* পয়ার ছন্দের প্রকারভেদ; চার চরণের পয়ারবিশেষ। **ভঙ্গপ্রবণ** *বিণ* সহজে ভেঙে যায় এমন; ভঙ্গুর; পলকা; ঠুনকো; brittle।
ভঙ্গি, ভঙ্গী *বি* ১ ঢঙ; ধরন; রকম; ভাব; ভাঁজ; তরঙ্গ; ঢেউ। ২ কুটিলতা; কুঞ্চন। ৩ অঙ্গভঙ্গি। ৪ রঙ্গ; কৌতুক। [স.]। **ভঙ্গিমা** *বি* ভঙ্গি; ধরন। **ভঙ্গিমান** *বিণ* ১ সৌন্দর্যময়। ২ ঢেউ-খেলানো; তরঙ্গিত।
ভঙ্গিল *বিণ* ১ ভঙ্গপ্রবণ। ২ ভাঁজবিশিষ্ট। [স.]
ভঙ্গুর *বিণ* সহজেই ভেঙে যায় এমন; ঠুনকো; ক্ষণস্থায়ী। [স.]। **ক্ষণভঙ্গুর** *বিণ* ক্ষণস্থায়ী; অচিরস্থায়ী।
ভজকট *বি* ঝামেলা; গোলমেলে ব্যাপার; ফ্যাসাদ; ঝঞ্ঝাট। [স. বিঘ্ন>+কষ্ট>]
ভজন *বি* ১ ঈশ্বর বা দেবদেবীর স্তুতি বা মহিমা কীর্তন। ২ প্রার্থনামূলক সঙ্গীত। ৩ সেবা। [স.√ভজ্+অন]। **ভজনা** *বি* ১ আরাধনা; উপাসনা। ২ পরিচর্যা; সেবা। **ভজনালয়** *বি* উপাসনার গৃহ বা ঘর। [স. ভজন+আলয়]। **ভজমান** *বিণ* ১ উপাসনারত। ২ বিভাজক। **ভজমানা** *স্ত্রী.*। **ভজা** *ক্রি* ভজন করা; উপাসনা করা। ❑*বিণ* ভজে এমন; ভজনকারী। ❑*বি* ভজহরি শব্দের অতি পরিচয়ার্থক সংক্ষেপ। **ভজ্যমান** *বিণ* ১ উপাসনা করা হয় এমন। ২ খণ্ড বা ভাগ করা যায় এমন; বিভজ্যমান।
ভজানো *ক্রি* ১ উপাসনা করানো; ভজনা করানো। ২ পরামর্শ দিয়ে স্বমতে আনা; ফুসলানো। ৩ প্রমাণ দিয়ে প্রতিপন্ন করা; সত্যতা প্রমাণিত করা।
ভঞ্জক *বি,বিণ* ১ যে ভাঙে; ভঞ্জনকারী। ২ নিবারণকারী; নিবারক। [স.]
ভঞ্জন *বি* দূরীকরণ; নিরসন। ❑*বিণ* দূরকারী; নিবারক; নিরসনকারী। [স.]। **ভঞ্জা** *ক্রি* ১ ভঞ্জন করা; ভাঙা। ২ ঘুচানো; দূর করা।
ভটকে (ভড়কে) *ক্রিবিণ* ঘাবড়ে ওঠার ভাব; বিচলিত।
ভটভট *অব্য* শূন্য কলসিতে পানি ভরবার সময়ে বায়ু বহির্গমনের শব্দ; বুদ্বুদাদি ফুটে বা ফেটে বায়ু বের হবার শব্দ। **ভটাভট** *অব্য* ১ বার বার ভটভট শব্দ। ২ ঘুষি মারার শব্দ।
ভট্ট *বি* ১ ভাট; রাজা প্রভৃতির স্তব পাঠ করে যে; স্তুতিপাঠক। ২ পণ্ডিত। ৩ দর্শনশাস্ত্রবিদ। ৪ ব্রাহ্মণের উপাধিবিশেষ। [স.]। **ভট্টপল্লী** *বি* পণ্ডিতগণের গ্রাম; পশ্চিমবঙ্গে অবস্থিত ভাটপাড়া।
ভট্টাচার্য *বি* ১ বাঙালি ব্রাহ্মণের উপাধিবিশেষ। ২ পণ্ডিত; অধ্যাপক; ভট্ট। [স. ভট্ট+আচার্য]
ভট্টারক *বি* ১ পণ্ডিত; আচার্য। ২ নৃপতি; রাজা। ৩ রবি(বার)। ৪ দেব; দেবতা। ৫ মুনি; ঋষি। **ভট্টি** *বি* প্রখ্যাত সংস্কৃত কবি; ভট্টি কাব্যের রচয়িতা। **ভট্টিনী** *বি স্ত্রী.* ১ ব্রাহ্মণী। ২ রাজার মহিষী ভিন্ন অন্য রানী।
ভড়[১] *বি* মালবাহী বড় নৌকাবিশেষ।
ভড়[২] *বি* ১ বর্ণসঙ্কর জাতিবিশেষ। ২ হিন্দুর উপাধিবিশেষ। [স. ভূত>]
ভড়ং *বি* বাহ্য আড়ম্বর; অন্তঃসারশূন্য ঘটা; চাল; বুজরুকি।
ভড়ক *বি* বাইরের জাঁকজমক; ভড়ং। **ভড়কালো** *বিণ* জমকালো; জাঁকজমকপূর্ণ।
ভড়কানো *ক্রি* চমকানো; হঠাৎ ভয় পেয়ে পশ্চাৎপদ হওয়া; থেমে যাওয়া। [স. ভ্রষ্ট>ভড়]। **ভড়কি** *বি* সহজেই ঘাবড়ে দেয় এমন কিছু।
ভড়ভড় *অব্য* অনুকার শব্দ; পচা কাদায় পা দিলে বা পানি ভরা হুঁকা টানলে যে শব্দ হয়। **ভড়ভড়ানো** *ক্রি*। **ভড়ভড়ানি** *বি*।
ভণা⟹ভনা।
ভণিত *বিণ* কথিত; রচিত। ❑*বি* কথন। **ভণিতা** *বি* ১ কবিতায় কবির আত্মপরিচয়সূচক পদ। ২ (ব্য.) আড়ম্বরপূর্ণ কথারম্ভ; আসল কথা বলার আগে বিশাল এক ভূমিকা ফাঁদার প্রবণতা। **ভণিতি** *বি* বাক্যকৌশল।
ভণ্ড *বিণ* ১ শঠ; কপট; ভানকারী। ২ নষ্ট। ❑*বি* ভণ্ডতা; ভণ্ডত্ব। **ভণ্ডন** *বি* প্রতারণা; প্রবঞ্চনা। [স.]। **ভণ্ডানো** *ক্রি* প্রবঞ্চনা করা; ঠকানো। **ভণ্ডামো, ভণ্ডামি** *বি* কপটতা; ছল; চাতুরী।
ভণ্ডুল *বিণ* ব্যর্থ; বিফল; পণ্ড; নষ্ট।
ভদন্ত *বিণ* সম্ভ্রান্ত; মান্য। ❑*বি* বৌদ্ধ সন্ন্যাসীদের সম্পর্কে সম্ভ্রমসূচক আহ্বান বা আখ্যা। [স.]
ভদ্র *বিণ* শিষ্ট; মার্জিতরুচি; সভ্য; সাধু; উচ্চসমাজের অন্তর্গত। ❑*বি* ১ কল্যাণ; মঙ্গল; সৌভাগ্য। ২ সুন্দর; মনোহর। **ভদ্রকালী** *বি* হিন্দু দেবীবিশেষ। **ভদ্রতা** *বি* সৌজন্য; আদব-কায়দাসম্মত ভদ্র আচরণ। **ভদ্রত্ব** *বি* ভদ্রতা; সম্ভ্রমশীলতা। **ভদ্রসন্তান** *বি* ভদ্রবংশের লোক। **ভদ্রা** *বি স্ত্রী.* কল্যাণী; মঙ্গলময়ী। ❑*বি* ভদ্র নারী। **ভদ্রাসন** *বি* ১ বাস্তুভিটা; বসতবাটী। ২ সিংহাসন। [স.

ভদ্র+আসন]। **ভদ্রে**—ভদ্রমহিলার উদ্দেশ্যে সম্বোধন।
ভন ভন *অব্য* মশা মাছি প্রভৃতির গুঞ্জন। **ভনভনানো** *ক্রি* ভন ভন শব্দ করা। **ভনভনানি** *বি* ভন ভন শব্দ; গুঞ্জনধ্বনি।
ভনা, ভণা *ক্রি* বলা; প্রচার করা।
ভন্তে *বি* (সম্বোধনে) অবশ্যমান্য; ভিক্ষুকে সম্বোধনে ব্যবহৃত; ভদ্রে।
ভব *বি* ১ সংসার; ইহলোক; জগৎ। ২ উৎপত্তি; জন্ম; সত্তা। ৩ প্রাপ্তি। ৪ কল্যাণ; মঙ্গল। ❑ *বিণ* উৎপন্ন; সম্ভূত। [স. √ভূ+অ]। **ভবকারা** *বি* সংসার রূপ কারাগার। **ভবঘুরে** *বিণ* উদ্দেশহীনভাবে যে সর্বত্র ঘুরে বেড়ায়। **ভবতারণ** *বিণ* সংসারযন্ত্রণা থেকে মুক্তিদাতা। **ভবতারিণী** *বিণ স্ত্রী.* সংসার-দুঃখ থেকে মুক্তিদাত্রী; মোক্ষদাত্রী। **ভবপারাবার, ভবসমুদ্র, ভবসাগর** (ভবরূপ সাগর), **ভববন্ধন** *বি* সংসার-রূপ বন্ধন। **ভবলীলা** *বি* জীবনের কাজ; জীবনযাত্রা; সংসারের খেলা। **ভবলীলা সাঙ্গ করা** *ক্রি* (আল.) মারা যাওয়া। **ভবসিন্ধু** *বি* সংসাররূপ সমুদ্র।
ভবদীয় *বিণ* আপনার; তোমার/আপনার সম্বন্ধে বা সংক্রান্ত। [স.]
ভবন *বি* ১ গৃহ; বাসস্থান (বঙ্গভবন, কলাভবন)। ২ উৎপত্তি। [স.]
ভবানী *বি* শিবপত্নী; হিন্দুদেবী দুর্গা। [স.]
ভবার্ণব *বি* সংসাররূপ সমুদ্র; সংসারসমুদ্র। [স. ভব+অর্ণব]
ভবিতব্য *বিণ* ঘটবেই এমন; অনিবার্য; অবশ্যম্ভাবী। [স.]। **ভবিতব্যতা** *বি* ভাগ্যলিপি; অদৃষ্ট; তকদির; অবশ্যম্ভাবিতা।
ভবিষ্য *বিণ* ১ অনাগত; পরে ঘটবে এমন। ২ ভাবী; আগামীকালে ঘটবে এমন। ৩ আগামী; ভবিষ্যৎ। [স.]। **ভবিষ্য-তহবিল** *বি* বেতন থেকে সঞ্চিত বিধিবদ্ধ তহবিল, যা অবসর গ্রহণ করার পর ভোগ করা যায়; (provident fund)। **ভবিষ্য-সূচনা** *বি* ভবিষ্যতে যা ঘটবে তার পূর্বলক্ষণ; পূর্বাভাস।
ভবিষ্যৎ *বিণ* পরে ঘটবে এমন; ভাবী। ❑ *বি* ১ আগামী সময়; পরিণাম। ২ আগামী দিনের সুফল বা কুফল। [স.]।
ভবিষ্যদ্বক্তা, ভবিষ্যৎ-বক্তা *বি* যিনি ভবিষ্যতে কী ঘটবে তা বলতে পারেন। **ভবিষ্যদ্বাণী, ভবিষ্যৎবাণী** *বি* ভবিষ্যতে কী ঘটবে সে সম্বন্ধে উক্তি। **ভবিষ্যবাণী** *বি* ভবিষ্যতে কী ঘটবে সে সম্বন্ধে উক্তি।
ভবী, ভবি *বি* ১ যে জিদ ধরেছে; নাছোড়বান্দা। ২ হিন্দুদেবী ভবানী।
ভব্য *বিণ* ১ ভদ্র; শান্ত; মার্জিত রুচি। ২ সাধু; সৎ। ৩ মঙ্গলজনক; কল্যাণকর। [স.]। **ভব্যা** *স্ত্রী.*। **ভব্যতা** *বি* ভদ্রতা; আদব; সভ্যতা।
ভভম, ভভম্ভম *অব্য* শিঙ্গা বাজার শব্দ।
ভমর *বি* ভ্রমর; মধুকর। [স. ভ্রমর>]। **ভমরী** *স্ত্রী.*।
ভম্পেয়ার, ভাম্পায়ার *বি* রক্তচোষা বাদুড়বিশেষ। [ই. vampire]
ভয় *বি* ভীতি; শঙ্কা; ত্রাস; ডর; আতঙ্ক। **ভয়ঙ্কর** *বিণ* ভীতিপ্রদ; ভয়জনক; ভীষণ। **ভয়ঙ্করী** *স্ত্রী.*। [স.]। **ভয় করা, ভয় খাওয়া, ভয় পাওয়া** *ক্রি* ভীত হওয়া; ভয় বোধ করা। **ভয়াকুল, ভয়কাতর, ভয়কাতুরে** *বিণ* ভীত-বিহ্বল; সহজে ভীত। **ভয়ক্লিষ্ট** *বিণ* ভয়ার্ত। **ভয়ক্লিষ্টা** *স্ত্রী.*। **ভয়চকিত** *বিণ* সন্ত্রস্ত; ভয়ে চমকিত।
ভয় জন্মানো *ক্রি* ভীত হওয়া বা শঙ্কিত করা। **ভয়ত্রাসে, তরাসে** *বিণ* স্বভাবত ভীরু; সহজেই ভয় পায় এমন। **ভয়নাশন** *বি* ১ ভয়নাশকারী। ২ ভয়নিবারক। **ভয়নাশিনী** *বি, বিণ স্ত্রী.* শঙ্কানিবারিণী; ভয় দূরকারিণী। **ভয় ভাঙ্গা, ভয় ভাঙা** *ক্রি* ভীতি দূর করা বা হওয়া। **ভয়শূন্য** *বিণ* নির্ভীক; ভয়রহিত। **ভয়ে কেঁচো** *বিণ* সম্পূর্ণ পৌরুষহারা; ভয়ে জড়সড়। **ভয়ে ভয়ে** *ক্রিবিণ* ত্রস্তভাবে; ভীত হয়ে।
ভয়রোঁ *বি* ভৈরবী রাগিণী।
ভয়াতুর, ভয়ার্ত *বিণ* ভয়-কাতর; ভয়ে কাতর; ত্রাসিত; আতঙ্কিত। [স. ভয়+আতুর, আর্ত]
ভয়ানক *বিণ* ১ ভয়ঙ্কর; ভয়াবহ। ২ খুব; অত্যন্ত। ❑ *বি* (আল.) কাব্যের একটি রস, ভয় যার স্থায়ী ভাব। [স.]
ভয়াবহ *বিণ* ভয়ঙ্কর; ভয়ানক; ভীষণ। [স. ভয়+আবহ]
ভয়াল *বিণ* ১ ভীষণ। ২ ভয়ঙ্কর; ভীতিকর।
ভর *বি* ১ ভার; চাপ। ২ অবলম্বন; নির্ভর। ৩ আবির্ভাব; অধিষ্ঠান। ৪ আধিক্য। ৫ (বৈ.) বস্তুমাত্রা। ❑ *বিণ* ১ সকল; সমস্ত। ২ ভরা; পূর্ণ; পরিপূর্ণ। ৩ পরিমিত; পরিমাণ। [স.]
ভরই (ব্র.) পূর্ণ করে।
ভরণ *বি* ১ পূরণ; পূর্ণকরণ। ২ প্রতিপালন; খাদ্যাদি দান। ৩ বেতন; মাইনা। [স.]
ভরণী *বি* (জ্যো-শা) একটি নক্ষত্রের নাম। [স.]
ভরত[১] *বি* ১ হিন্দুপুরাণ মতে কৈকেয়ীর পুত্র; রামচন্দ্রের বৈমাত্রেয় ভ্রাতা; ঋষিদেবের পুত্র; মহাযোগী জড়ভরত; শকুন্তলার পুত্র। ২ নাট্যশাস্ত্রকার মুনিবিশেষ। ৩ নাট্যশাস্ত্র। ৪ নট। ৫ তাঁতি। ৬ ব্যাধ; শিকারি। ৭ ভরতের বংশ। [স.]। **ভরতবচন, ভরতবাক্য** *বি* নাটকের শেষে নটের মুখে শুভ কামনা; স্তব; স্তুতি।
ভরত[২] *বি* পাখিবিশেষ; ভারুই পাখি। [স. ভরদ্বাজ>]
ভরতা, ভর্তা *বি* আলু বেগুন কচু ইত্যাদি সেঁকে বা পুড়িয়ে কিংবা সিদ্ধ করে তেল মশলাযোগে প্রস্তুত ব্যঞ্জনবিশেষ। [তুল. হি. ভরতা]
ভরদ্বাজ *বি* ১ হিন্দু পুরাণোক্ত ঋষিবিশেষ; দ্রোণের পিতা। ২ একজাতীয় পাখি; ভারুই পাখি। ৩ গোত্রবিশেষ। ৪ বাজপাখি। [স.]
ভরন *বি* তামা দস্তা ও রাং-মিশ্রিত নিকৃষ্ট কাঁসা। [ই. bronze]
ভরনা *বি* ১ ঠেস; ভর; ভার। ২ নির্ভর। ৩ ভার সইবার শক্তি।
ভরপুর *বিণ* পূর্ণ; পরিপূর্ণ।
ভরপেট *বিণ* পেট ভরে এমন। ❑ *ক্রিবিণ* পেট ভরে; উদর পূর্ণ করে।
ভরম *বি* ১ ভ্রান্তি; ভ্রম। ২ সম্ভ্রম; মর্যাদা। [স. ভ্রম>]। **ভরম রাখা** *ক্রি* মান-মর্যাদা রাখা। **শরমভরম** *বি* লজ্জা ও সম্ভ্রম।
ভরসা *বি* ১ আস্থা; নির্ভর; বিশ্বাস। ২ অবলম্বন; আশ্রয়স্থল। ৩ আশা; আশ্বাস; সান্ত্বনা; অভয়। ৪ সাহস; নির্ভয়তা। [তুল. হি. ভরোসা]
ভরা[১] *ক্রি* ১ পূর্ণ করা; ভর্তি করা। ২ পূর্ণ হওয়া। ৩ আচ্ছন্ন বা পরিব্যাপ্ত হওয়া। ❑ *বি* পূর্ণ; বোঝাই। [স. √ভৃ>]
ভরা[২] *বি* ১ বোঝা; ভার। ২ নৌকাবিশেষ; বজরা; ভড়। ৩ বোঝাই নৌকা। [বা. ভর+আ]। **ভরাডুবি** *বি* ১ নানা দ্রব্যে

বোঝাই নৌকা ডুবে যাওয়া; মালবোঝাই নৌকার নিমজ্জন। ২ (আল.) সর্বনাশ; মহাবিপদ।

ভরাট *বি* পূরণ; পূর্তি। ❑*বিণ* ভরা; পূর্ণ; পূরিত। [স. ভার+বৃত্ত বা ভৃ>ভর+বা. আ+ট]

ভরানো *ক্রি* পূর্ণ বা বোঝাই করানো ❑*বি* পরিব্যাপ্ত বা আচ্ছন্ন করানো।

ভরি *বি* ওজনবিশেষ; তোলা। **ভরিটাক** *বি* কমবেশি এক ভরি পরিমাণ।

ভর্তা[১] *বি* ১ (উদর) ভরণ করে যে; স্বামী; পতি। ২ প্রভু; রাজা। ❑*বিণ* পালন ও পোষণকারী। [স.]। **ভর্ত্রী, ভর্ত্রিণী** *বি স্ত্রী.* ১ ভার্যা; পত্নী। ২ পালনকর্ত্রী।

ভর্তা[২] *বি* ভাতার; ভর্তৃ।

ভর্তি, ভরতি *বি* পূরণ। ❑*বিণ* ১ ভরপুর; পরিপূর্ণ। ২ নিযুক্ত; বহাল। ৩ অধ্যয়নার্থ; প্রবিষ্ট; দাখিল। [স. √ভৃ>]

ভর্তৃ, ভর্ত্ত *বি* স্বামী। [স.√ভৃ>]। **ভর্তৃহীনা** *বি স্ত্রী.* স্বামীহীনা।

ভর্ৎসন, ভর্ৎসনা *বি* ১ তিরস্কার। ২ নিন্দা। ৩ ধমক; তর্জন। ৪ আক্ষেপ; খেদ। [স. ভর্ৎস]। **ভর্ৎসক** *বিণ,বি* তিরস্কারকর্তা; নিন্দক; ভর্ৎসনাকারী।

ভর্ৎসিত *বিণ* তিরস্কৃত; ভর্ৎসনাপ্রাপ্ত; ধমক দেওয়া হয়েছে এমন। [স.]। **ভর্ৎসিতা** *স্ত্রী.*।

ভলকা *বি* হলকা; বেগে উদ্‌গিরণ।

ভল্ল, ভল্লম, বল্লম *বি* ১ বর্শাজাতীয় অস্ত্র। ২ ভালুক। [স.]

ভল্লুক, ভাল্লুক, ভালুক *বি* অত্যন্ত শক্তিশালী লোমশ হিংস্র পশুবিশেষ; ঋক্ষ। [স. ভল্লুক, ভল্লূক]। **ভল্লুকা, ভল্লুকী** *স্ত্রী.*। **ভালুকজ্বর** *বি* ক্ষণিক কম্পজ্বর।

ভস *অব্য* বালু বা মৃত্তিকাদির শিথিল হয়ে ধ্বসে পড়ার ভাব বা শব্দ।

ভসকা, ভ্যাসকা *বিণ* ১ পানসে; জলবৎ। ২ শিথিল; আলগা; আঁট নেই এরূপ।

ভসভস *অব্য* ক্রমাগত হাওয়া নিঃসরণের শব্দসূচক।

ভস্ম(–স্মন্) *বি* ছাই। [স. ভস্ম]। **ভস্মক** *বি* ১ রোগবিশেষ। ২ রৌপ্য। ৩ সুবর্ণ। **ভস্মসাৎ** *অব্য* ভস্মীভূত; ছাই হয়ে যাওয়া। **ভস্মস্তূপ** *বি* ছাইয়ের গাদা। **ভস্মাচ্ছন্ন, ভস্মাচ্ছাদিত, ভস্মাবৃত** *বিণ* ছাইঢাকা। [স. ভস্ম+আচ্ছন্ন, আচ্ছাদিত, আবৃত]। **ভস্মাধার** *বি* ছাই রাখবার পাত্র; ashtray। [স. ভস্ম+আধার]। **ভস্মাবশেষ** *বি* দগ্ধ পদার্থের যা পড়ে থাকে। [স. ভস্ম+অবশেষ]। **ভস্মিত, ভস্মীভূত** *বিণ* ১ ভস্মে পরিণত; ছাইয়ে পরিণত। ২ বিনষ্ট; সম্পূর্ণ বিনাশিত। **ভস্মীকরণ** *বি* ভস্মে পরিণতকরণ। **ভস্মীকৃত** *বিণ* ভস্ম করা হয়েছে এমন; ছাইয়ে পরিণত করা হয়েছে এমন। **ভস্মে ঘি ঢালা**—নিরর্থক চেষ্টা।

ভাই *বি* ১ ভ্রাতা; সহোদর। ২ ভ্রাতৃতুল্য ব্যক্তি; বন্ধু–বান্ধবী বা নাতিকে সম্বোধন। [স. ভ্রাতা>]। **ভাইঝি** *বি* ভাইয়ের মেয়ে; ভ্রাতুষ্পুত্রী। **ভাইপো** *বি* ভ্রাতুষ্পুত্র; ভাইয়ের ছেলে। **ভাইফোঁটা** *বি* হিন্দুদের মাঙ্গলিক অনুষ্ঠানবিশেষ; ভ্রাতৃদ্বিতীয়ায় বোনের দ্বারা ভাইয়ের কল্যাণ কামনায় তার কপালে ফোঁটা দান উৎসব। **ভাইবেরাদর** *বি* আপনজন; আত্মীয়–স্বজন।

ভাউজ, ভাজ *বি* বয়োজ্যেষ্ঠ ভ্রাতৃবধূ; ভ্রাতৃজায়া। [স. ভ্রাতৃজায়া>]

ভাউলিয়া, ভাইলে *বি* ঘরওয়ালি নৌকাবিশেষ; house-boat।

ভাও, ভাউ *বি* ১ অবস্থা; ভাব; হালচাল। ২ দর; দাম; মূল্য; rate। ৩ পদ্ধতি; কৌশল। [স. ভাব>]

ভাওর *বি* ১ গোশালা। ২ অস্থায়ী কুঁড়েঘর।

ভাওলি *বি* খাজনার পরিবর্তে যে শস্য দেওয়া হয়।

ভাং, ভাঙ *বি* ১ সিদ্ধিগাছ। ২ সিদ্ধিগাছের পাতায় প্রস্তুত মাদকদ্রব্যবিশেষ। [স. ভঙ্গ>]

ভাংচি, ভাঙচি, ভাঙ্গচি *বি* বিয়ের সম্বন্ধ ভেঙে দেওয়ার জন্য মিথ্যা দোষ–ত্রুটির কথা বানিয়ে বলা বা শত্রু করে তুলবার জন্য গোপন উপদেশ; ভাঙানি; কুমন্ত্রণা। [স. ভঞ্জ/ভঙ্গ+চি]

ভাংটা, ভাঙটা, *বি* খুচরা টাকা পয়সা; ভাংতি। [স. ভঙ্গ>আঞ্চলিক]

ভাঁওতা *বি* ধাপ্পা; চালবাজি; ফাঁকি; শঠতা। [আঞ্চলিক; তুল. হি. ভাওতা]

ভাঁওর *বি* ১ চিহ্ন; নিদর্শন; লক্ষণ। ২ ঠাওর; নির্ধারণ। ৩ জলাবর্ত। **ভাঁওরা** *বি* হাবভাব। **ভাঁওরানো** *বি* ঠাওরানো; ঠাহর করা। ❑*ক্রি* তুলনা করা। [আঞ্চলিক]

ভাঁজ *বি* ১ পাট; তা; মোড়া। ২ চিহ্ন; সাড়া–শব্দ। ৩ ভাব; ইঙ্গিত। [আঞ্চলিক]

ভাঁজা *বি* পাট করা; ভাঁজে ভাঁজে রাখা। ❑*ক্রি* ১ অভ্যাস বা অনুশীলন করা। ২ কসরৎ করা। ৩ তাসের বিন্যাস নষ্ট করা। ৪ আঁটা; স্থির করা। [স. √ভন্‌জ্]

ভাঁট *বি* ঘেঁটুফুল ও তার গাছ। [স. ভাণ্ডীর>]। **ভাঁটফুল** *বি* ঘেঁটুফুল।

ভাঁটা *বি* বাটুল; খেলবার বল; ডাণ্ডাগুলির গুলি।

ভাঁড়[১] *বি* ক্ষুদ্র মাটির ভাণ্ড। [স. ভাণ্ড>]

ভাঁড়[২] *বি* নাপিতের যন্ত্রপাতি রাখবার আধার। [স. ভাণ্ডি>]

ভাঁড়[৩] *বি* বিদূষক; ভাঁড়ামি করা যার কাজ। [স. ভণ্ড>]

ভাঁড়[৪] *বি* ভাঁড়ার; কোষ; ভাণ্ডার। [স. ভাণ্ডার>]। **ভাঁড়ে মা ভবানী**—শূন্য ভাণ্ডার।

ভাঁড়ানো *ক্রি* ১ প্রতারণা করা; প্রতারণা করবার ইচ্ছায় গোপন করা। ২ ভুলানো। **ভাঁড়াভাঁড়ি** *বি* পুনঃপুন প্রতারণা; ক্রমাগত প্রবঞ্চনা। **ভাঁড়ামি, ভাঁড়ামো** *বি* ১ প্রতারণা; শঠতা; প্রবঞ্চনা; ছলনা। ২ ভাঁড়ের আচরণ; স্থূল রসিকতা।

ভাক *বিণ* অংশীদার; পাত্র; যুক্ত। [স.]

ভাক্ত *বিণ* ১ অপ্রধান; ভক্তের বিদ্রূপাত্মক বিকৃতি। ২ কপট; ভণ্ড। ৩ ভাত–সম্বন্ধীয়। [স.]

ভাগ *বি* ১ বাটোয়ারা। ২ টুকরা; হিস্‌সা। ৩ কালাংশ (দিবাভাগে)। ৪ প্রদেশ; অঞ্চল; স্থান। ৫ অংশ; বখরা। ৬ ভাগ্য; অদৃষ্ট। ৭ (গ.) বিভাজন। [স.]। **ভাগফল** *বি* (গ.) এক রাশিকে অন্যান্য রাশি দিয়ে ভাগ করলে যে ফল পাওয়া যায়। **ভাগবাটোয়ারা** *বি* বিভিন্ন অংশে ভাগ করে বণ্টন। **ভাগরা** *বি* অন্যের জমি ফসলের অর্ধাংশ বা চুক্তিমতো কিছু অংশ পাওয়ার জন্য চাষ করার পদ্ধতি; বর্গা। [আঞ্চলিক]। **ভাগশেষ** *বি* (গ.) ভাগ করবার পর যা অবশিষ্ট থাকে। **ভাগের মা গঙ্গা পায় না** (আল.)—ভাগাভাগির কাজ প্রায় সময়ই পণ্ড হয়ে যায় এমন; কাজের পূর্ণ দায়িত্ব কোনো একজনের উপর না থাকলে প্রায়ই তা সুসিদ্ধ হয় না।

ভাগবত *বি* শ্রীমদ্ভাগবত নামক পুরাণ গ্রন্থ। ❑ *বিণ* ১ ভগবদ্‌বিষয়ক। ২ ভগবদ্ভক্ত; বৈষ্ণব। [স.]

ভাগা[১] *বি* অংশ; পৃথক পৃথক ভাগ। [স. ভাগ+বা. আ]

ভাগা[২] *ক্রি* ১ ভঙ্গ দেওয়া। ২ পলায়ন করা।

ভাগাড় *বি* মৃত গরু-মহিষাদি ফেলার নির্দিষ্ট স্থান।

ভাগানো *ক্রি* ১ তাড়ানো; পালাতে বাধ্য করা। ২ কুমন্ত্রণা দিয়ে কাউকে কর্মস্থল থেকে বের করে আনা। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [তুল. হি. ভাগ]

ভাগাভাগি *বি* নিজেদের মধ্যে ভাগ-বাঁটোয়ারা; নিজেদের মধ্যে বণ্টন বা বেঁটে নেওয়া। [স.√ভজ্+অ>বা ভাগ+আ/ভাগ+ই। তুল. স. ভাক=ভাজ+ক্বিপ্]।

ভাগি *বি* (ব্র.) ভাগ্য; অদৃষ্ট। [স. ভাগ্য>]

ভাগিনেয়, ভাগনে, ভাগিনা *বি* ভগিনীর পুত্র। [স. ভাগিনেয়; ভাগিনেয়ী। ভগিনী+এয় (অপত্যার্থে)] **ভাগিনেয়ী, ভাগিনী, ভাগ্নি** *স্ত্রী*.।

ভাগী(-গিন্) *বিণ, বি* অংশী; অংশীদার। [স.]। **ভাগিনী** *বিণ স্ত্রী*.।

ভাগীরথী *বি* গঙ্গা; জাহ্নবী; গঙ্গানদীর শাখা নদীবিশেষ। [স.]

ভাগ্য *বি* অদৃষ্ট; তকদির; কপাল; নসিব; নিয়তি। [স.]। **ভাগ্যক্রমে, ভাগ্যগুণে, ভাগ্যে** *ক্রিবিণ* সৌভাগ্যবশত; শুভ অদৃষ্ট হেতু। **ভাগ্যগণনা** *বি* জ্যোতিষের সাহায্যে অদৃষ্টের শুভাশুভ নির্ণয়। **ভাগ্যগুণ** *বি* সৌভাগ্য। **ভাগ্যচক্র** *বি* চক্রবৎ ঘূর্ণ্যমান অদৃষ্ট; পরিবর্তনশীল ভাগ্য। **ভাগ্যদেবতা, ভাগ্যবিধাতা(তৃ)** *বি* ১ অদৃষ্টের নিয়ন্তা। ২ ভাগ্যের দেবতা। **ভাগ্যদেবী, ভাগ্যবিধাত্রী** *বি স্ত্রী*.। **ভাগ্যফল** *বি* নির্দিষ্ট ভবিষ্যৎ শুভাশুভ। **ভাগ্যবন্ত, ভাগ্যমন্ত** *বিণ* ভাগ্যবান; খুশনসিব; সৌভাগ্যশালী। **ভাগ্যবল** *বি* ভাগ্যের জোর; বরাতের জোর; সৌভাগ্য। **ভাগ্যবান** *বিণ* সৌভাগ্যশালী; খুশনসিব। **ভাগ্যবতী** *স্ত্রী*.। **ভাগ্য-বিপর্যয়** *বি* অবস্থার বৈপ্লবিক পরিবর্তন; দুর্ভাগ্য। **ভাগ্যলিখন, ভাগ্যলিপি** *বি* অদৃষ্টের লিখন; তকদির। **ভাগ্যহীন** *বিণ* হতভাগ্য; বদনসিব; অভাগা। **ভাগ্যহীনা** *স্ত্রী*.। **ভাগ্যহীনতা** *বি* দুরদৃষ্টের অবস্থা; দুর্ভাগ্যের দশা। **ভাগ্যোদয়** *বি* সৌভাগ্যের বা সুদিনের সঞ্চার; সৌভাগ্যের উদয় বা আবির্ভাব। [স. ভাগ্য+উদয়]

ভাগ্যি *বি* ১ ভাগ্য। ২ শুভ অদৃষ্ট; ভাগ্য। ❑ *অব্য* সৌভাগ্যের বিষয়। **ভাগ্যিস** *অব্য* সৌভাগ্যের বিষয়; ভাগ্য ভালো তাই।

ভাঙড়, ভাঙ্গড় *বিণ* ভাং বা সিদ্ধিখোর; মাদকসেবী।

ভাঙন, ভাঙ্গন *বি* ১ ধ্বস; ধস; ধসন; ধসা; ভেঙে পড়া; নদীর পাড় ধসার ভাব। ২ (আল.) অবনতির সূচনা; পতনের সূত্রপাত। ৩ মাছবিশেষ।

ভাঙা, ভাঙ্গা *ক্রি* ভগ্ন করা; চূর্ণ হওয়া। [স.]। **ভাঙা কপাল জোড়া লাগা**—ভাগ্য পুনরায় প্রসন্ন হওয়া; ভাগ্য ফেরা। **ভাঙাচুরা, ভাঙাচোরা** *বিণ* টুটাফুটা; ভগ্ন ও চূর্ণ। **ভাঙা ভাঙা** *বিণ* ১ প্রায় ভঙ্গ। ২ বিকৃত। ৩ আধো আধো। **ভাঙা ভার্তি** *বি* পূর্ণ সংখ্যা ও তার ভগ্নাংশ। **ঘর ভাঙা** *ক্রি* ১ পরিবারের একতা নষ্ট হওয়া; সংসারে পরস্পরের সদ্ভাব নষ্ট করা। ২ স্বামী-স্ত্রীর বিবাহিত জীবন ধ্বংস হওয়া। **মাথায় কাঁঠাল ভাঙা/ ভাঙ্গা** *ক্রি* (আল.) অন্যকে ঠকিয়ে স্বার্থ উদ্ধার করা, আদায় করা বা কোনো বিষয়ে লাভবান হওয়া। **ভেঙে পড়া বা আসা** *ক্রি* ছোট বড় আবাল-বৃদ্ধ-বনিতা সকলে সুপ্রচুর সংখ্যায় সমবেত হওয়া। **ভাঙে/ ভাঙ্গে তো মচকায় না** *ক্রি* (আল.) ভেঙেও ভাঙে না; প্রাণ যায় অবস্থা তবু বিনীত হয় না। **ভাঙানো, ভাঙ্গানো** *ক্রি* ১ ভাঙা; ভগ্ন করানো। ২ দূর করা। ❑ *বি* ১ ভাংচি বা পরামর্শ দিয়ে বিরোধী করা; বিচ্ছেদ ঘটানো। ২ খুচরা মুদ্রা করা। ❑ *বিণ* উক্ত সকল অর্থে। **ভাঙানি, ভাঙ্গানি** *বি* ১ খুচরা মুদ্রা; রেজগি। ২ ভাংতি। ৩ (আল.) কারো নিন্দা, দোষ ত্রুটির কথা বলে যে কোনো চুক্তি বা সম্বন্ধ নষ্ট করে দেওয়া। ❑ *বিণ স্ত্রী*. (আল.) কুমন্ত্রণা দিয়ে বিচ্ছেদ ঘটায় এমন। **কান ভাঙানি** *বি* (আল.) গোপনে মিথ্যা কথা বলে কারো বিরুদ্ধে কাউকে উত্তেজিত করা।

ভাঙ্গি, ভাঙ্গড় *বিণ* সিদ্ধিখোর; ভাংপায়ী।

ভাজক *বিণ* (গ.) ভাগকারী। ❑ *বি* (গ.) যে রাশি দিয়ে ভাগ করা যায়; divisor। [স. √ভজ্+অক]

ভাজন *বি* ১ পাত্র; ব্যক্তি। ২ ভাগকরণ; বিভাজন; খণ্ড খণ্ড করণ। ৩ আশ্রয়। [স. √ভজ্+অন]

ভাজা *ক্রি* গরম তেলে বা ঘিয়ে রান্না করা; বালির সাহায্যে বা কেবল উত্তাপে পাক করা। ❑ *বিণ* ভাজা হয়েছে এমন; ভর্জিত। **ভাজা ভাজা** *বিণ* ১ প্রায় ভাজা হয়েছে এমন; ভর্জিতপ্রায়। ২ (আল.) সন্তপ্ত। **ভাজা মাছ উলটে খেতে জানে না**—অতি সরল ও নেহাত নিরীহ প্রকৃতির ব্যক্তি সম্বন্ধে উক্তি; কপট ও ধূর্তলোক সম্পর্কেও বলা হয়। **তেলে ভাজা** *বি* বেসম দিয়ে প্রস্তুত তেলে ভাজা খাবারবিশেষ। **হাড় ভাজা ভাজা হওয়া**—অত্যন্ত সন্তপ্ত বা জ্বালাতন হওয়া।

ভাজি *বি* ভাজা তরকারি। [স. ভ্রস্জ্+ই]

ভাজ্য *বিণ* ১ ভাগার্হ; বিভাগযোগ্য। ২ (গ.) যে রাশিকে অন্য রাশি দিয়ে ভাগ করা হয়; divisible। [স. √ভাজ্+য]

ভাট *বি* ১ একটি জাতি বা সম্প্রদায়। ২ বিবাহাদির ব্যাপারে যারা বংশচরিত কীর্তন করে। ৩ স্তুতিপাঠক। ৪ স্তুতি বা বন্দনাকারী। ৫ চারণকবি। [স. ভট্ট>]। **ভাটকবিতা**—পথুয়া কবিতা।

ভাটা, ভাঁটা *বি* ১ সমুদ্র বা নদীতে চন্দ্রসূর্যের আকর্ষণজনিত সাধারণ জলস্ফীতির বা বৃদ্ধির হ্রাস; জোয়ারের বিপরীত; ebb-tide। ২ (আল.) অবনতি; হ্রাস; কমতি; ক্রমপতনশীল; পতনের দিকে গতি।

ভাটি[১], **ভাঁটি**[১] *বি* ১ ইট চুন ইত্যাদি পোড়াবার চুলা। ২ ধোপার কাপড় সিদ্ধ করবার বড় হাড়ি। ৩ মদ চোলাই করবার পাত্র বা স্থান। [স. ভ্রাষ্ট্র]। **ভাঁটিখানা** *বি* মদ প্রস্তুত করবার ঘর বা স্থান; মদ চোলাই করবার কারখানা, মদের দোকান।

ভাটি[২], **ভাঁটি**[২] *বি* ১ নদী প্রভৃতির ক্ষয়িষ্ণু জলের স্রোতের দিক বা নিম্নগতি। ২ অবনতি; নিচু দিকে গতি। ৩ অবসান; পড়ন্ত বেলা। ৪ হ্রাস। **ভাটি গাঙ** *বি* যে নদীতে ভাটা পড়েছে। **উজান ভাঁটি** *বি* ১ পানির হ্রাস-বৃদ্ধি; জোয়ার-ভাঁটা। ২ উন্নতি-অবনতি।

ভাটি দেওয়া *ক্রি* ভাটার অনুকূলে অর্থাৎ ভাটার টানের সঙ্গে সঙ্গে নৌকা বাইতে দেওয়া।

ভাটিয়াল *বিণ* দক্ষিণদেশীয়; পূর্ববঙ্গের ভাটি অঞ্চল; নিম্নাঞ্চলের জলাভূমির হাওড় অঞ্চলের লোক বা বস্তু। প্রাচীন পূর্ববঙ্গ এগারো ভাটির দেশ।

ভাটিয়ালি, ভাটিয়ারি *বি* ১ লোকসঙ্গীতের সুরবিশেষ। ২ উক্ত সুরে গাওয়া গান; ভাটার টানে নৌকা চলাকালীন সময়ে মাঝিরা যে সুরে গান গায়।

ভাড়া *বি* ১ কেরায়া; নির্দিষ্ট কাল ব্যবহারের জন্য দেয় অর্থ। ২ মাসুল। [সং. ভাটক>]। **ভাড়া করা** *ক্রি* ভাড়া দেবার শর্তে অন্যের জিনিস নির্দিষ্ট সময়ের জন্য নেওয়া। **ভাড়া খাটা** *ক্রি* মজুরি নিয়ে পরের কাজ করা। **ভাড়াটে, ভাড়াটিয়া** *বিণ* ১ ভাড়া করা বা দেওয়া যায় এমন। ২ ঠিকা। ৩ মজুরির বিনিময়ে অসত্য বা অন্যায় কিছু করে এমন (ভাড়াটে গুণ্ডা)। ❑*বি* ভাড়া বাড়িতে যে বাস করে; tenant।

ভাণ *বি* ১ এক অঙ্কে যে নাটক শেষ হয়; সংস্কৃত রূপক নাটিকা। ২ ছল; জ্ঞান; বোধ। ৩ ভাব; বাণী। ❑*বিণ* তুল্য; সদৃশ। [সং. √ভণ্‌+অ]

ভাণ্ড *বি* ১ পাত্র; ভাঁড়। ২ বাদ্যযন্ত্র। ৩ পুঁজি। ৪ দেহ। ৫ নাপিতের অস্ত্রাদি রাখবার ক্ষুদ্র পেটরা।

ভাণ্ডার, ভাঁড়ার *বি* ১ ধন খাদ্য বা অন্য বস্তু যেখানে সঞ্চিত থাকে; ধনাগার; ভাঁড়ার। ২ পুঁজি; কোষ। [সং. ভাণ্ডার]। **ভাণ্ডারী(-রিন্), ভাঁড়ারি** *বি* ১ ভাণ্ডার রক্ষক; ধনরক্ষক। ২ ভৃত্য; অনুচর। [সং. ভাণ্ডারী]

ভাত[১] *বিণ* ১ আলোকিত; দীপ্ত; উদ্ভাসিত। ২ প্রকাশিত; প্রতিভাত। [সং.]। **ভাতি** *বিণ* দীপ্তি; প্রভা; দ্যুতি ('নিশিথে প্রদীপ ভাতি')।

ভাত[২] *বি* রাঁধা চাউল; খাওয়ার যোগ্য সিদ্ধ করা চাউল; অন্ন। [সং. ভক্ত>]। **ভাতকাপড়** *বি* অন্ন-বস্ত্র; খাদ্য ও পরিধেয় বস্ত্র। **ভাত ছড়ালে কাকের অভাব হয় না**— পয়সা থাকলে বা জোগাতে পারলে ভৃত্যের অভাব হয় না। **ভাত বাড়া** *ক্রি* ভোজনপাত্রে অন্ন সাজিয়ে দেওয়া। **ভাতুড়ে, ভাতুড়িয়া** *বিণ* পরের অন্নে পালিত; অন্নদাস; গলগ্রহ। **ভেতো** *বিণ* ১ ভাতই প্রধান খাদ্য এমন, ভাত খেতে ভালোবাসে এমন; অন্নপ্রিয়। ২ (আল.) দুর্বল; ভিতু; ভীরু। **ভাতে মারা** *ক্রি* (আল.) অন্ন না দিয়ে বা জীবিকার উপায় বন্ধ করে জব্দ করা। **ভাতের কাঁড়ি** *বি* এক রাশ অন্ন।

ভাতা *বি* অতিরিক্ত বেতন; বাড়তি বেতন; বৃত্তি; খাদ্যমূল্য বৃদ্ধি বা পরিদর্শনাদি কাজের জন্য কর্মচারীদের নিয়মিত বেতনের অতিরিক্ত যে অর্থ দেওয়া হয়; allowance। [সং. ভৃতি>]

ভাতার *বি* (অশি.) স্বামী; পতি; ভরণ করায় যে; ভর্ত বা ভাত দেয় যে। [সং. ভর্তৃ/ভর্তা+বা. আর]। **ভাতারখাকি, ভাতারখাগি** *বিণ,বি* ১ স্বামীকে খেয়েছে এমন; রাঁড়। ২ বিবাহিতা নারীকে বিধবা বলে গালি। **ভাতারি** *বিণ* ভাতার ধরে এমন; ভাতাররূপে গ্রহণকারিণী।

ভাতি *বি* ১ শোভা; দীপ্তি (নিশীথে প্রদীপ ভাতি)। ২ প্রকার; রকম; সাদৃশ্য। [সং. √ভা+ক্তি]

ভাতিজা *বি* ভাইয়ের ছেলে; ভাইপো। **ভাতিজি, ভাতিজী** *স্ত্রী.*। [সং. ভ্রাতৃজ>]

ভাদর *বি* ভাদ্র মাস। [সং. ভাদ্র>]। **ভাদুরে** *বিণ* ভাদ্র মাস সম্বন্ধীয়; ভাদ্রমাসে উৎপন্ন। **ভাদুরে তাল** *বি* ১ ভাদ্র মাসের পাকা তাল। ২ (আল.) পাকা তাল গাছ থেকে পড়লে যেমন শব্দ হয় তেমনি শব্দযুক্ত কিল লাথি ইত্যাদি।

ভাদাল *বি* গাঁদাল; গন্ধ-ভাদাল; এক প্রকার ঔষধি।

ভাদোই *বিণ* ভাদ্র মাসের। ❑*বি* ভাদ্র মাসে উৎপন্ন ফসল। [আঞ্চলিক]

ভাদ্দর বউ *বি* কনিষ্ঠ ভ্রাতার স্ত্রী। [সং. ভাদ্রবধূ>]

ভাদ্দুরে, ভাদুরে *বিণ* ভাদ্রমাসীয়; ভাদ্রমাস সম্বন্ধীয়; ভাদ্রমাসে উৎপন্ন।

ভান *বি* ভাঁড়ান; ছল; কৃত্রিম আচরণ। [সং. √ভা+ অন]

ভানা *ক্রি* ভাঙা; ধান কুটে চাল প্রস্তুত করা; শস্যের তুষ বা খোসা ছাড়িয়ে রাখা। ❑*বি,বিণ* উক্ত অর্থে। [সং. √ভন্‌জ্>বা. ভান+আ]। **ভানাকুটা** *ক্রি* ধানভানা ও চাল কোটা।

ভানু *বি* ১ সূর্য। ২ সৌন্দর্য; কান্তি। ৩ কিরণ; রশ্মি। ৪ প্রভু; রাজা। ৫ গন্ধর্ববিশেষ। [সং. √ভা+নু]। **ভানুমতী** *বিণ স্ত্রী.* কান্তিমতী; সুন্দরী। ❑*বি* ১ দুর্যোধনের মহিষী। ২ বিক্রমাদিত্যের মহিষী। ৩ হিন্দুপুরাণ মতে ভোজ রাজার কন্যা ইন্দ্রজাল-নিপুণা ভানুমতী; জাদুবিদ্যায় দক্ষ এক পৌরাণিক নারী। **ভানুমতীর খেল, ভানুমতীর ভেলকি** *বি* ১ ভোজ রাজতনয়া ভানুমতী প্রবর্তিত ইন্দ্রজাল। ২ জাদুবিদ্যা; ভোজবাজি; কুহকবিদ্যা।

ভান্তে = ভন্তে।

ভাপ, ভাপরা *বি* ১ উত্তাপ; বাষ্প। ২ গরম সেক। [সং. বাষ্প>]

ভাপসা, ভ্যাপসা *বিণ* ১ বায়ু চলাচল রহিত স্থানসুলভ দুর্গন্ধ। ২ অবরুদ্ধ বাষ্প বা তাপের সদৃশ; গুমট। [সং. বাষ্প>ভাপ+সা]

ভাপা *ক্রি* বাষ্পে পরিণত হওয়া; ভাপযুক্ত হওয়া। ❑*বিণ* ভাপে সিদ্ধ। [সং. বাষ্প>]। **ভাপানো** *ক্রি* ১ ভাপ দেওয়া। ২ বাষ্পের উত্তাপে সিদ্ধ করা; ভাপযুক্ত করা (ভাপা পিঠা)। ❑*বি,বিণ* উক্ত উভয় অর্থে।

ভাব *বি* ১ জন্ম; সৃষ্টি; উৎপত্তি। ২ সত্তা; অভাবের বৈপরীত্য। ৩ ভক্তি; পরম তত্ত্ব। ৪ অভিপ্রায়। ৫ মনের অবস্থা। ৬ প্রকৃতি। ৭ অবস্থা; প্রবণতা। ৮ মর্ম; নিগূঢ় অর্থ। ৯ অনুভূতির গাঢ়তা; emotion। ১০ চিন্তা; ধ্যান। ১১ ধরন; রকম; প্রকার। ১২ প্রেম; প্রীতি; প্রণয়। ১৩ (ব্যা.) ক্রিয়ার প্রকার; mood। [সং. √ভূ+অ]। **ভাব করা** *ক্রি* আলাপ করা; বন্ধুত্ব স্থাপন করা। **ভাবগত** *বিণ* মনোভাববিষয়ক নিগূঢ় অর্থ সংক্রান্ত; চিন্তাধারাসম্বন্ধীয়। **ভাবগতিক, ভাবভঙ্গি** *বি* রকমসমক; প্রবণতা; চালচলন; ধরন-ধারণ। **ভাবগর্ভ** *বিণ* নিগূঢ় অর্থপূর্ণ; ভাবপূর্ণ; ভাবাত্মক। **ভাবগ্রাহী(-হিন্)** *বিণ* মর্মজ্ঞ; অন্তরের গূঢ় ভাব গ্রহণ করেন এমন। **ভাবঘন** *বিণ* নিবিড় ভাবময়; জমাট বাঁধা ভাব। **ভাবদ্যোতক** *বিণ* ভাবব্যঞ্জক; ভাবপ্রকাশক। **ভাবপ্রবণ** *বিণ* ভাবাবেগে চালিত; আবেগযুক্ত। *বি* **ভাবপ্রবণতা**। **ভাববিলাসী(-সিন্)** *বিণ* কল্পনাপ্রিয়; কল্পনা-রাজ্যে বিচরণ করতে ভালোবাসে এমন। **ভাবব্যঞ্জক, ভাবসূচক** *বিণ* অর্থ প্রকাশক; ভাবময়। **ভাবভঙ্গি, ভাবভঙ্গী** *বি* মনোভাব; মনোভাব ও ভাববাচক অঙ্গচালনা। **ভাবভোলা** *বিণ* ভাবাবেশে আত্মবিস্মৃত। **ভাবমূর্তি** *বি* চিন্তা ও অনুভূতির পরিপূর্ণ রূপ; কল্পনা দিয়ে তৈরি মূর্তি। **ভাবয়িত্রী** *বিণ* ভাবুক; কল্পনা-রাজ্যে নানা পরিকল্পনা করে এমন। **ভাবাত্মক** *বিণ* ভাবময়; ভাবব্যঞ্জক; ভাবপূর্ণ। **ভাবানুষঙ্গ** *বি* এক বিষয়ে চিন্তা করবার সময়ে সংশ্লিষ্ট অন্যান্য বিষয় সম্বন্ধে

চিন্তা; Association of ideas। [সং. ভাব+অনুষঙ্গ]। **ভাবান্তর** *বি* মনের অবস্থার পরিবর্তন; মানসিক অবস্থান্তর। [সং. ভাব+অন্তর]। **ভাবাবেশ** *বি* ১ ভাবোদয়; ভাবের আবির্ভাব। ২ ভাবজনিত বিহ্বলতা। [সং. ভাব+আবেশ]। **ভাবার্থ** *বি* মর্ম; নিগূঢ় অর্থ। [সং. ভাব+অর্থ]। **ভাবের ঘরে চুরি**—আসল উদ্দেশ্য পণ্ড করে শুধু বাইরের ঠাঁট বজায় রাখার প্রবণতা। **ভাবোচ্ছ্বাস** *বি* ভাবের বেগ; প্রবল আবেগ বা ভাব; তীব্র অনুভূতিসহ প্রেম ও কল্পনা শক্তির সংযোগ। [সং. ভাব+উচ্ছ্বাস]। **ভাবোদয়, ভাবোন্মেষ** *বি* ভাবোদ্রেক; ভাবের সঞ্চার। [সং. ভাব+উদয়, উন্মেষ]। **ভাবোদ্দীপক** *বিণ* ভাবের উদ্রেককারী; ভাব সঞ্চারকারী। [সং. ভাব+উদ্দীপক]। **ভাবোদ্দীপন** *বি* ভাবের সঞ্চার বা উদ্রেক। [সং. ভাব+উদ্দীপনা]। **ভাবোন্মত্ত** *বিণ* ভাববিহ্বল; ভাবে অভিভূত। [সং. ভাব+উন্মত্ত]। **ভাবোন্মাদ** *বি* ভাব বিহ্বলতা; ভাবজনিত মত্ততা। ☐ *বিণ* ভাবে উন্মত্ত; ভাবে মাতোয়ারা। [সং. ভাব+উন্মাদ]

ভাবক *বিণ* ১ স্মরণকারী; ভাবুক; চিন্তক। ২ উৎপাদক। [সং. √ভূ+অক/√ভাবি+ণক]

ভাবনা *বি* ১ চিন্তা। ২ মানসিক উদ্বেগ; দুশ্চিন্তা। ৩ কবিরাজি ঔষধ প্রস্তুত করবার প্রক্রিয়াবিশেষ। [সং. √ভূ+ণিচ্+অন+আ]

ভাবা *ক্রি* ১ চিন্তা করা। ২ বিবেচনা করা। ৩ সংকল্প করা; স্থির করা। ৪ দুশ্চিন্তা করা। ৫ অনুমান করা। ৬ গণ্য করা। ৭ উদ্ভাবন বা বের করা। ৮ মনে করা। ☐ *বি* উক্ত সকল অর্থে।

ভাবালু *বিণ* ভাব বা কল্পনাবিলাসী; ভাবপ্রবণ; কল্পনা-প্রবণ বা প্রিয়; sentimental (কৃপালু দয়ালু ইত্যাদির অনুকরণে গঠিত)। [বা. ভাব+আলু]। **ভাবালুতা** *বি*।

ভাবিত *বিণ* ১ চিন্তিত; চিন্তাগ্রস্ত। ২ উদ্বিগ্ন; উদ্বেগাকুল। ৩ ঘটিত। ৪ পবিত্রীকৃত। ৫ বাসিত; যুক্ত। [সং. √ভূ+ণিচ্+ক্ত]

ভাবিনী *বি* ১ ভাবময়ী নারী; হাবভাববিশিষ্টা নারী। ২ প্রেমিকা।

ভাবী[1] (-বিন্) *বিণ* ১ ভবিষ্যৎ; আগামী। ২ হবু; ভবিষ্যতে হবে এমন। [সং. √ভূ+ইন]

ভাবি[2], **ভাবী** *বি* বড় ভাইয়ের স্ত্রী; ভাতৃজায়া; বৌদি। [হি.]

ভাবুক *বিণ* ১ চিন্তা করে বুঝবার ক্ষমতা আছে এমন; চিন্তাশীল। ২ কল্পনাপ্রবণ; ভাবপ্রবণ। [সং. √ভূ+উক]। **ভাবুকতা** *বি*।

ভামিনী, ভামী *বি স্ত্রী.* কোপনস্বভাবা স্ত্রীলোক; কোপনা নারী। [সং. ভাম (ক্রুদ্ধ অর্থে)+ইন্+ঈপ]

ভায় *ক্রি* ১ (পদ্যে) দীপ্তি বা প্রকাশ পায়; শোভা পায়। ২ (পদ্যে) ভালো লাগে। [√ভাস্>]। ☐ *বি* দীপ্তি; প্রভা; উজ্জ্বলতা; শোভা।

ভায়রা, ভায়রা-ভাই *বি* স্ত্রীর ভগ্নিপতি; শ্যালিকার স্বামী।

ভায়া *বি* ভাই; ভ্রাতৃসদৃশ ব্যক্তি। [সং. ভ্রাতা>]

ভার *বি* ১ ওজন। ২ বোঝা। ৩ উদ্বেগ; উৎকণ্ঠা; চাপ। ৪ দায়িত্ব; দায়। ৫ পুঞ্জ; সমূহ; রাশি। ৬ ভারযষ্টি; বাঁক। ৭ ভারী বোঝাবিশিষ্ট; অধিক ওজনযুক্ত। ৮ রুগ্ন; অসুস্থ। ☐ *বিণ* ১ দুঃসহ; দুর্বহ। ২ অপ্রসন্ন; বেজার। ৩ দুঃসাধ্য; কঠিন। [সং. √ভৃ+অ]। **ভারকেন্দ্র** *বি* বস্তুর ভারের মধ্যবিন্দু; Centre of Gravity। **ভারগ্রস্ত** *বি* ভারাক্রান্ত। **ভারবাহ, ভারবাহক, ভারবাহী** *বিণ, বি* যে বোঝা বহন করে; বোঝা বহনকারী; ভারী। **ভারযষ্টি** *বি* ভার বহনের বাঁক। **ভারসহ** *বিণ* ভার সইতে পারে এমন। **ভারসাম্য** *বি* দুই দিকের ভারের সমতামূলক সামঞ্জস্য; balance। **ভারহীন** *বিণ* হালকা; ওজনহীন।

ভারত *বি* ১ ভারতবর্ষ; ভারত রাষ্ট্র। ২ ভরতের সন্তান। ৩ বেদব্যাস রচিত ভরত বংশচরিতমূলক কাব্য মহাভারত। ☐ *বিণ* ভরতবংশীয়। [সং.]। **ভারতবর্ষ** *বি* ভারত মহাসাগরের উত্তরে হিমালয়ের দক্ষিণস্থ দেশ। ☐ *বিণ* ভারতবর্ষীয়। **ভারতবাসী** (-সিন্) *বিণ, বি* ভারত রাষ্ট্রের বা ভারতবর্ষের অধিবাসী। **ভারত মহাসাগর** *বি* ভারতের দক্ষিণে অবস্থিত সমুদ্র; Indian Ocean। **ভারতীয়, ভারতবর্ষীয়** *বিণ* ১ ভারতনিবাসী। ২ ভারতে উৎপন্ন। ☐ *বি, বিণ* ভারতবর্ষ সম্বন্ধীয়।

ভারতী *বি* ১ হিন্দুর বিদ্যাদেবী সরস্বতী। ২ বাণী; কথা; বাক্য। ৩ সন্ন্যাসীর উপাধিবিশেষ। [সং.]

ভারা *বি* উচ্চস্থানে বসে কাজ করবার মাচা বাঁশ কাঠ ইত্যাদি দিয়ে নির্মিত মঞ্চবিশেষ। **ভারা ভারা** *বি* বোঝা বোঝা; বহু ভারা পরিমাণ (রাশি রাশি ভারা ভারা)।

ভারাক্রান্ত *বিণ* ১ ভারগ্রস্ত। ২ চিন্তা বা দুঃখের ভারে বিপর্যস্ত। [সং. ভার+আক্রান্ত]

ভারার্পণ *বি* ভার বা দায়িত্ব দান। **ভারার্পিত** *বিণ* ভারপ্রাপ্ত। [সং. ভার+অর্পণ, অর্পিত]

ভারি *বি* খুব; অত্যন্ত; অতিশয়; অত্যধিক। [পা. ভারিয়]

ভারিক্কি, ভারিক্কে *বিণ* গাম্ভীর্যপূর্ণ; রাশভারী; গম্ভীরপ্রকৃতি। **ভারিক্কি-ভরা** *বিণ* গম্ভীর প্রকৃতিবিশিষ্ট। [দেশী ভার+ইক=ভারিক। ভারিক+ইয়া=ভারিকিয়া> ভারিক্কিয়া>ভারিক্কি/-ক্কে]

ভারিভুরি, ভারভুর *বি* ১ জাঁক; সমারোহ; আড়ম্বর। ২ দম্ভ; অহঙ্কার।

ভারী[1] *বিণ* ১ অতিরিক্ত ওজনের; গুরুভার; বেশি ভারযুক্ত। ২ দায়িত্বপূর্ণ কর্তব্যভারযুক্ত। ৩ খুব; অত্যন্ত; অতিশয়; অত্যধিক। [সং. ভার+ইন্]

ভারী[2] (-রিন্) *বিণ* ভার বহন করে এমন।

ভারুই, ভারই *বি* ভরতপক্ষী। [সং. ভরদ্বাজ>]

ভার্যা *বি* পত্নী; স্ত্রী। [সং.]

ভাল[1] *বি* ১ ললাট; কপাল। ২ ভাগ্য; অদৃষ্ট।

ভালকে বাঁশ *বি* এক প্রকার বাঁশ। [আঞ্চলিক]

ভালাই *বি* কল্যাণ; মঙ্গল; হিত। [হি. ভালাই]

ভালো, ভাল[2] *বিণ* ১ উত্তম। ২ হিতকর; কল্যাণকর। ৩ সৎ। ৪ নিরীহ; গো-বেচারা। ৫ শোভন; উচিত। ৬ পটু; দক্ষ। ☐ *বি* মঙ্গল; কল্যাণ; উপকার। ☐ *অব্য* আচ্ছা; বেশ। [সং. ভদ্রক>ভল্লঅ>ভালো]। **ভালো আপদ, ভালো জ্বালা** *অব্য* কষ্ট বিরক্তি অসুবিধা ইত্যাদি ব্যঞ্জক বাক্যাংশ। **ভালো কথা** *বি* হিতকথা; উত্তম উপদেশ। ☐ *অব্য* ভাগ্যক্রমে বা হঠাৎ স্মরণে আসার ভাবব্যঞ্জক। **ভালো করা** *ক্রি* ১ উপকার করা। ২ চিকিৎসা করে রোগ মুক্ত করা। **ভালো থাকা** *ক্রি* ১ সুস্থ থাকা। ২ মনের সুখে থাকা। **ভালো দেখানো** *ক্রি* সুন্দর দেখানো। **ভালো মনে** *ক্রিবিণ* সরল মনে; প্রসন্ন চিত্তে। **ভালোমন্দ** *বি* কল্যাণ-

অকল্যাণ; শুভাশুভ; মঙ্গলামঙ্গল। **ভালোরে ভালো** *অব্য* বিরক্তি বা অসন্তোষসূচক উক্তি : মজা মন্দ নয় ইত্যাদি অর্থবোধক। **ভালো লাগা** *ক্রি* ১ সুস্বাদু বোধ হওয়া। ২ সুস্থ বোধ হওয়া; উপভোগ্য হওয়া। **ভালো হওয়া** *ক্রি* ১ রোগমুক্ত হওয়া। ২ অসৎ পথ ছেড়ে সৎপথে চলা; খারাপ থেকে ভালো হওয়া। **ভালো ভালোয়** *অব্য* নিরাপদে। **ভালোর নিকুচি করা** *ক্রি* ১ ভালোর দফা রফা করা। ২ বিরক্তি প্রকাশক শপথ-বাক্য হিসেবে উচ্চারণ করা। **মন্দের ভালো** *বিণ* নানারূপ অমঙ্গলের মধ্যে অপেক্ষাকৃত কম অমঙ্গলজনক।

ভালোবাসা *ক্রি* ১ কারো প্রতি অনুরক্ত হয়ে প্রীতিযুক্ত বা আসক্ত হওয়া। ২ পছন্দ করা। ৩ শ্রদ্ধা করা; ভক্তি করা। ❑ *বি* ১ প্রেম; অনুরাগ; আসক্তি। ২ বন্ধুত্ব। ৩ শ্রদ্ধা; ভক্তি। ৪ স্নেহ; প্রীতি। ৫ পছন্দ; টান।

ভাশুর *বি* স্বামীর বড় ভাই। [স. ভাতৃশ্বশুর>]

ভাষ, ভাষণ *বি* ১ উক্তি; বাক্য; বচন। ২ বিবৃতি; বক্তৃতা। ৩ টীকা; ভাষ্য। [স. √ভাষ্+অন]। **ভাষক** *বিণ* বক্তা; কথক। **ভাষিকা** *স্ত্রী*। **ভাষিক** *বিণ* ভাষা-সম্পর্কীয়।

ভাষা *বি* ১ ভাবপ্রকাশক উক্তি বা সংকেত। ২ নির্দিষ্ট কোনো দেশ বা অঞ্চলের অধিবাসীদের বা কোনো জাতি বা সম্প্রদায়ের মনের ভাব প্রকাশ করতে ব্যবহৃত শব্দাবলী ও তার প্রয়োগ-কৌশল। ৩ নিজস্ব ভাব প্রকাশের রীতি। ৪ উক্তি; রচনা; কথা। ৫ সংস্কৃত ভিন্ন অন্যান্য কথিত বা চলতি বাংলা হিন্দি প্রভৃতি ভাষা। ৬ প্রকাশ। **ভাষাজ্ঞান** *বি* ভাষা সম্বন্ধে দক্ষতা বা পাণ্ডিত্য; ভাষা সম্বন্ধে জ্ঞান। **ভাষাতত্ত্ব** *বি* ভাষার উৎপত্তি বিবর্তন প্রভৃতি সংক্রান্ত বিজ্ঞান। **ভাষাতত্ত্বজ্ঞ, ভাষাতত্ত্ববিদ** *বিণ,বি* ভাষাবৈজ্ঞানিক; philologist। **ভাষাতীত** *বিণ* ভাষা দ্বারা বর্ণনা বা প্রকাশ করা যায় না এমন; অবর্ণনীয়; অনির্বচনীয়। [স. ভাষা+অতীত]। **ভাষান্তর** *বি* অনুবাদ; তর্জমা। [স. ভাষা+অন্তর]। **ভাষান্তরিক** *বি* দোভাষী; interpreter। [স. ভাষা+অন্তরিক]। **ভাষান্তরিত** *বিণ* অনূদিত; অনুবাদিত। **ভাষাভাষী(-ষিন্)** *বিণ* কোনো একটি ভাষা বলে এমন; কোনো একটি ভাষা ব্যবহারকারী। [স. √ভাষ্+ণিচ্+অচ+আপন্নে/কিংবা √ভাষ্+অ+আ]

ভাষী(-ষিন্) *বিণ* ভাষা ব্যবহারকারী; বলে এমন; ভাষক; কথক। [স.]। **ভাষিণী** *স্ত্রী*।

ভাষ্য *বি* ব্যাখ্যা; সূত্রের ব্যাখ্যা বা ব্যাখ্যা-পুস্তক। ❑ *বিণ* কথনীয়। [স. √ভাষ্+য]। **ভাষ্যকার** *বিণ,বি* ব্যাখ্যাকারী; টীকাকার।

ভাস *বি* ১ দীপ্তি; প্রভা। ২ শোভা; কান্তি। ৩ ভাস নামক প্রাচীন সংস্কৃত নাট্যকার। [স.]। **ভাসন্ত** *বিণ* ভাসছে এমন; ভাসমান; ভাসা-ভাসা। ❑ *বি* ১ সূর্য। ২ চন্দ্র। **ভাসমান** *বিণ* ১ শোভমান; শোভাযুক্ত; দীপ্তিমান। ২ ভাসছে এমন।

ভাসা *ক্রি* ১ পানির উপর ভর করে থাকা। ২ বায়ুস্তরের উপরে অবস্থিত হওয়া। ৩ না ডোবা। ৪ উদিত হওয়া; মনে পড়া। ৫ প্লাবিত হওয়া। ❑ *বি* ১ উক্ত সব অর্থে। ২ ভাসন্ত; ভাসমান। ❑ *বিণ* প্লাবিত। **ভাসা-ভাসা** *বিণ* ১ অগভীর; অতি অল্প; যৎসামান্য। ২ ডোবা নয় এমন; কোটরগত নয়; ঢল ঢল।

ভাসানো *বি* ১ পানিতে বিসর্জন। ২ বেহুলা প্রভৃতির বিষয় অবলম্বনে রচিত লোকগীতিকা; বেহুলার স্বামী সাপে কাটা লখিন্দরকে জলে ভাসিয়ে দেওয়া সংক্রান্ত কিংবদন্তী। ❑ *ক্রি* প্লাবিত করা।

ভাস্কর *বি* ১ দিবাকর; সূর্য। ২ অগ্নি। ৩ প্রস্তরাদি থেকে যে মূর্তি ইত্যাদি নির্মাণ করে; sculptor। [স.]। **ভাস্করাচার্য** *বি* দ্বাদশ শতাব্দীর বিখ্যাত ভারতীয় গাণিতিক ও জ্যোতিষী। **ভাস্কর্য** *বি* ভাস্কর শিল্প; প্রস্তরাদি খোদাই করে বা তা দিয়ে মূর্তি নির্মাণের কাজ; sculpture।

ভাস্বর *বিণ* ১ দীপ্তিমান; দ্যুতিমান; আলোকিত; উজ্জ্বল। ২ তেজস্বী। [স. √ভাস্+বর]

ভি.পি. *বি* ডাকে প্রেরিত যে দ্রব্যের মূল্য গ্রাহকের নিকট প্রাপ্য। [ই. V.P.P.=value payable post]।

ভিক্ষা *বি* ১ যাচ্ঞা; প্রার্থনা। ২ দান; দাতার অনুগ্রহে লভ্য বস্তু। **ভিক্ষাচর্যা, ভিক্ষাবৃত্তি** *বি* ভিক্ষুকের পেশা। **ভিক্ষাজীবী(-বিন্)** *বি,বিণ* ভিক্ষুক; ভিক্ষা বৃত্তিতে জীবিকানির্বাহ করে এমন। **ভিক্ষান্ন** *বি* ভিক্ষালব্ধ অন্ন বা খাদ্য বস্তু। [স. ভিক্ষা+অন্ন]। **ভিক্ষাপাত্র, ভিক্ষাভাণ্ড** *বি* ভিক্ষা দ্বারা প্রাপ্ত বস্তু রাখবার আধার।

ভিক্ষু *বি* ১ চতুর্থাশ্রমী সন্ন্যাসী; শ্রমণ। ২ ভিখারি। ৩ পরিব্রাজক। [স.]। **ভিক্ষুণী** *স্ত্রী*। **ভিক্ষুতা** *বি* ভিক্ষুধর্ম; সংসার বাসনা ত্যাগ।

ভিক্ষুক *বিণ,বি* ১ ভিখারি; অন্নের জন্য যে অপরের উপর নির্ভর করে। ২ ভিক্ষাপ্রার্থী; প্রার্থী। **ভিক্ষুকাশ্রম** *বি* সন্ন্যাসাশ্রম। [স. ভিক্ষুক+আশ্রম]

ভিখ *বি* ভিক্ষা; দান। [স. ভিক্ষা>]

ভিখারি, ভিখিরি *বিণ,বি* ভিক্ষাজীবী; ভিক্ষুক; প্রার্থী। [স. ভিক্ষা+বা. আরি, ইরি]। **ভিখারিনী** *স্ত্রী*।

ভিজা[১], ভেজা[১] *ক্রি* ১ সিক্ত বা আর্দ্র হওয়া। ২ নরম বা দয়ার্দ্র বা করুণা পরবশ হওয়া। [স. অভ্যঞ্জন>বা. ভিজ+আ]

ভিজা[২], ভিজে, ভেজা[২] *বিণ* ১ পানিতে সিক্ত বা বাষ্পযুক্ত; আর্দ্র। ২ সিক্ত। **ভিজে/ ভেজা বিড়াল/বেড়াল** *বি* (আল.) দেখতে জলে ভিজা অবস্থায় বিড়ালের মতো হলেও প্রকৃতপক্ষে অনিষ্টকারী দুষ্ট লোক; হিংস্রপ্রকৃতিযুক্ত কুমতলববাজ।

ভিজানো, ভেজানো *ক্রি* ১ পানিতে ডুবিয়ে রাখা। ২ সিক্ত করা।

ভিজিট *বি* চিকিৎসককে প্রদেয় দর্শনী; ফি। [ই. visit]

ভিজিটর *বি* ১ সাক্ষাৎপ্রার্থী। ২ মেহমান; আগন্তুক। ৩ পরিদর্শক। [ই. visitor]

ভিটকিলামি, ভিটকিলিমি *বি* ভণ্ডামি; বিটলামি।

ভিটা, ভিটি, ভিটে *বি* ১ পৈতৃক বাস্তুভূমি; জমিন থেকে অপেক্ষাকৃত উঁচু করে প্রস্তুত যে ভূমিতে বাসগৃহ নির্মিত হয়। ২ ঘরের ভিত; পোতা। [স. ভিত্তি>ভিট্টি>ভিটি> ভিটা]। **ভিটা, ভিটে কামড়ে পড়ে থাকা** *ক্রি* প্রতিকূল অবস্থায়ও বাস্তুভূমি কিছুতেই ত্যাগ না করা। **ভিটামাটি** *বি* বাস্তুভিটা। **ভিটামাটি উৎসন্ন করা** *ক্রি* বাস্তুভিটা উচ্ছেদ করা; সমূলে ধ্বংস করা; বাস ত্যাগ করানো। **ভিটেমাটি চাটি করা** *ক্রি* বাসগৃহ একেবারে ধ্বংস করা; বাস্তুভিটের মাটি পর্যন্ত লোপ করে সমভূমি করা। **ভিটায় ঘুঘু চরানো বা সরিষা বোনা** *ক্রি* (আল.) সর্বস্বান্ত বা

উৎসন্ন করা; উচ্ছেদ সাধন বা সর্বনাশ করা।

ভিটামিন *বি* খাদ্যপ্রাণ; খাদ্যমধ্যস্থ জীবনীশক্তি বর্ধক উপাদান। [ই. vitamin]

ভিড় *বি* বহুলোকের বিশৃঙ্খলভাবে একত্র সমাবেশ; নিবিড় লোকসমাগম; জনতা। **ভিড়ভাড়** *বি* অত্যধিক ভিড়। **ভিড় ভাঙা** *ক্রি* জনতা অতিক্রম করা।

ভিড়নো, ভিড়া, ভেড়া *ক্রি*১ লগ্ন হওয়া; নৌকা প্রভৃতি তীরে লাগা। ২ নিকটে আসা; ঘেঁসা। ৩ মিলিত হওয়া। ৪ দলে যোগ দেওয়া। **ভিড়ানো, ভেড়ানো** *ক্রি*১ লগ্ন করা। ২ মিলিত করানো; মিশানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।

ভিত *বি* ১ ভিত্তি; বুনিয়াদ; গৃহের বা দেয়ালের যে অংশ মাটির নিচে থাকে; foundation। ২ ঘরের ভূমি থেকে মেঝে পর্যন্ত অংশ; plinth। ৩ (পদ্যে) দিক; পাশ।

ভিতর, ভেতর *বি* মধ্য; অভ্যন্তর। ❑ *বিণ* ভিতরের; অন্তর্বর্তী। [স. অভ্যন্তর>]। **ভিতর-বাড়ি, ভেতর-বাড়ি** *বি* অন্দর মহল; অন্তঃপুর। **ভিতর বাহির এক**—অকপট; মনে মুখে পার্থক্য নেই এমন। **ভিতরে-ভিতরে** *অব্য* বাইরে রাষ্ট্র না করে; তলে-তলে; গোপনে।

ভিতাভিতি, চারিভিতে *ক্রিবিণ* চারদিকে; নানাদিকে; দিকে দিকে। [স. ভিত্তি>]

ভিত্তি *বি*১ ভিত; বুনিয়াদ। ২ দেয়াল; প্রাচীর। ৩ মূল; হেতু; কারণ। ৪ খণ্ড; টুকরা। **ভিত্তিপ্রস্তর** *বি*১ বুনিয়াদের প্রথম প্রস্তর খণ্ড বা ইট। ২ ভিত্তি স্থাপনের স্মারক প্রস্তর ফলক; foundation stone।

ভিত্তিভূমি *বি* যে জায়গাব্যাপী ভিত নির্মাণ করা হয়; পত্তন। [স.]। **ভিত্তিমূল** *বি* বুনিয়াদের যে অংশ মাটির তলায় থাকে; বুনিয়াদের গোড়া। **ভিত্তিহীন** *বিণ* অমূলক; মিথ্যা।

ভিদা *ক্রি*১ ছেদন করা; বিদীর্ণ করা; ভেদকরণ। ২ পৃথক করা। ❑ *বি* উক্ত সকল অর্থে। [স. √ভিদ্+ক্বিপ্+আ]

ভিদ্য *বিণ* ভেদযোগ্য; ভেদ করা যায় এমন। [স. √ভিদ্+য]। **ভিদ্যমান** *বিণ* ভেদ বা বিদীর্ণ করা হচ্ছে এমন।

ভিনদেশ *বি* বিদেশ; অন্যদেশ। [স. ভিন্ন>]। **ভিনদেশী** *বিণ* অন্যদেশী; বিদেশী।

ভিনিগার *বি* সিরকা; টক তরল জিনিসবিশেষ। [ই. vinegar]

ভিন্দিপাল *বি* প্রাচীন নিক্ষেপযোগ্য এক প্রকার যুদ্ধাস্ত্র। [স.]

ভিন্ন *বিণ*১ পৃথক; অন্য। ২ স্বতন্ত্র; আলাদা। ৩ খণ্ডিত; বিদীর্ণ; ছিন্ন। ৪ বিচ্যুত; পৃথগন্ন। ❑ *অব্য* ছাড়া; বিনা। ❑ *বি* ভিন্নতা। [স. √ভিদ্ + ত]। **ভিন্নক্রম** *বি* কাব্যদোষবিশেষ। ❑ *বিণ* ক্রম বজায় রাখা হয়নি এমন। **ভিন্নতা, ভিন্নত্ব** *বি* আলাদা বা পৃথক করা বা হওয়ার ভাব।

ভিমরাজ *বি* ১ ফিঙেজাতীয় চূড়াযুক্ত নীলবর্ণ বৃহৎ পাখিবিশেষ। ২ প্রসিদ্ধ কবিরাজি তেলবিশেষ। [স. ভৃঙ্গরাজ>]

ভিমরুল, ভীমরুল *বি* বোলতা অপেক্ষা বড় একজাতীয় পীতবর্ণ বিষধর পতঙ্গ; hornet। [স. ভৃঙ্গরোল>] **ভিমরুলের চাক** *বি* দলবদ্ধ ভিমরুল কর্তৃক নির্মিত বাসা। **ভিমরুলের চাকে খোঁচা দেওয়া**—ভিমরুলের চাকে খোঁচা দিলে যেমন দলবদ্ধ ভিমরুলের দ্বারা আক্রান্ত হতে হয় তেমনি কোনো দৃঢ়মূল বিশ্বাস বা সংস্কারে আঘাত দিয়ে একতাবদ্ধ জনমণ্ডলীর বিরাগভাজন হওয়া; নিজের আচরণ দিয়ে প্রবল ও ব্যাপক শত্রুতা ও উত্তেজনা সৃষ্টি করা।

ভিয়ান, ভিয়েন *বি*১ তৈরি; মনে মনে গড়ন; কল্পনা। ২ মিষ্টান্নাদি পাক।

ভিয়োলা *বি* বেহালার মতো এক প্রকার বৃহৎ বাদ্যযন্ত্রবিশেষ। [ই. viola]

ভিরকুটি, ভিরকুটী *বি*১ ভ্রূভঙ্গি; ভ্রূকুটি; ভেংচোনি। ২ স্পর্ধা। ৩ দুষ্টামি। ৪ ভ্রূকুটি দিয়ে ভয় দেখানো। [স. ভ্রূকুটি>]। **ভিরকুটি মেরে থাকা** *ক্রি* সংজ্ঞাশূন্যতার ভান করা।

ভিরমি, ভির্মি *বি* ১ হঠাৎ মাথা ঘোরা; মূর্ছা; জ্ঞানহারা অবস্থা। ২ ভয়ে মূর্ছিত হওয়ার ভাব। ৩ ঘূর্ণি রোগবিশেষ। [স. ভ্রমি>]। **ভিরমি/ ভির্মি খাওয়া** *ক্রি*১ মূর্ছিত হওয়া। ২ মাথা ঘুরে পড়ে চৈতন্য লোপ পাওয়া।

ভিল, ভিল্লা *বি* ভারতের একটি আদিম জাতি। [স. ভিল্ল>]। **ভিল্লী** *স্ত্রী*।

ভিষক *বি* চিকিৎসক; বৈদ্য। [স.]। **ভিষকপ্রিয়া** *বি* গুলঞ্চলতা; গুড়ুচি।

ভিসা *বি* ভিন্ন রাষ্ট্রের নাগরিককে স্বরাষ্ট্রে প্রবেশের ও স্বল্পকাল অবস্থানের অনুমতিপত্র।

ভিস্তি, ভিশতি *বি*১ মশক; পানি বহনের জন্য চর্মনির্মিত এক প্রকার থলি। ২ মশকে করে পানি বহনকারী; মশকে পানি সরবরাহকারী; ভিস্তিওয়ালা। [ফা. বিহিশ্‌ৎ]

ভীত, ভিত *বিণ* ভয় পেয়েছে এমন; ভয়প্রাপ্ত; ত্রস্ত; শঙ্কিত। [স. ভীত+উ]। **ভীতা** *স্ত্রী*। **ভীতচিত্ত** *বিণ* ভয়ে আবিষ্ট চিত্ত; চিত্তে ভয়জাত বিহ্বলতা।

ভীতি *বি*১ ভয়; শঙ্কা; ত্রাস। ২ আশঙ্কা। [স.]। **ভীতিকর, ভীতিজনক, ভীতিপ্রদ** *বিণ* শঙ্কাজনক; ভয় উৎপাদক। **ভীতিগ্রস্ত, ভীতিবিহ্বল** *বিণ* ভয়ে অভিভূত; ভয়ে কাতর।

ভীতু, ভিতু *বিণ* ১ সহজেই ভয় পায় এমন। ২ দুর্বল; কাপুরুষ; সাহসশূন্য। [স. ভীত+উ]

ভীম *বিণ* ভীষণ; ভয়ঙ্কর; প্রচণ্ড। ❑ *বি* ১ শিব; রুদ্র। ২ দ্বিতীয় পাণ্ডব। ৩ দময়ন্তীর পিতা ভীমসেন। ৪ দানববিশেষ। ৫ গন্ধর্ববিশেষ। **ভীমা** *বিণ স্ত্রী*। **ভীমা, ভীমকর্মা** *বি* অতি কর্মী; কর্মবীর। **ভীমকান্ত** *বিণ* একই সঙ্গে ভীষণ ও চিত্তাকর্ষক। **ভীমদর্শন** *বিণ* ভীষণ মূর্তির মতো দেখলে ভয়ের উদ্রেক হয় এমন। **ভীমনাদ** *বি* ভীষণ আওয়াজ; হুঙ্কার। **ভীমপরাক্রম, ভীমবিক্রম** *বিণ* অতি বলশালী। **ভীমপলশ্রী, ভীমপলাশি** *বি* একটি রাগিণী। **ভীমরতি, ভীমরথী** *বি* ১ বয়স সাতাত্তর বছর সাতমাস সাতরাত পূর্ণ হওয়ার অবস্থা। ২ অতিশয় বার্ধক্যবশত বুদ্ধি-ভ্রংশতা; dotage। [স.]

ভীরু *বিণ*১ ভীত স্বভাব; ভিতু; ভয়শীল; সহজে ভয় পায় এমন। ২ দুর্বল; কাপুরুষ; সাহসশূন্য। [স. ভী+রু]। **ভীরুতা** *বি*।

ভীষণ *বিণ*১ ভয়াল; ভীতপ্রদ; ভয়ঙ্কর। ২ সাংঘাতিক; অতিশয়। [স. √ভী+ণিচ্+অন]। **ভীষণদর্শন** *বিণ* ভয়ানক মূর্তি; ভয় দেখানো।

ভীষ্ম *বি* মহাভারতের রাজা শান্তনু ও গঙ্গার পুত্র

এবং কৌরব ও পাণ্ডবদের পিতামহ। ❑*বিণ* ভীষণ; ভীতিকর।[স. √ভী+ম]। **ভীষ্মের প্রতিজ্ঞা** *বি*১ অতি দৃঢ় ও অটল প্রতিজ্ঞা। ২ যা অবশ্যই করা হবে; যে কথার নড়চড় হয় না।

ভুঁই, ভূঁই *বি* ১ ভূমি; ক্ষেত্র; মাটি। ২ দেশ (বিভূঁই)। ৩ স্থান; ঠাঁই। [স. ভূমি>]। **ভুঁই কদম** *বি* ফুলবিশেষ। **ভুঁইকুমড়া** *বি*এক প্রকার কুমড়া। **ভুঁইচাপা** *বি*এক প্রকার সুগন্ধ ফুল। **ভুঁইফোড়, ভুঁইফোড়া** *বিণ*১ ভূমি ভেদ করে ওঠে এমন; হঠাৎ উদিত বা আবির্ভূত; অর্বাচীন; পূর্বাপর সম্বন্ধশূন্য; বুনিয়াদি এমন; আভিজাত্যহীন।২ হঠাৎ ধনী। ৩ কল্পিত; ভিত্তি নেই এমন। ❑*বি* ছত্রাকজাতীয় উদ্ভিদবিশেষ।[স. ভূমিস্ফুট>]। **ভুঁইমালী** *বি* হিন্দু সমাজ-ব্যবস্থায় অন্ত্যজ শ্রেণীর লোক ও বংশানুক্রমিকভাবে ঐ শ্রেণীর পদবি।

ভুঁইয়া, ভূঁইয়া *বি*১ ভৌমিক; ভূস্বামী; প্রাচীন জমিদার বা সামন্তরাজ।২ পদবিবিশেষ।[স. ভৌমিক>]। **বারভূঁইয়া** বাংলার প্রাবাদিক ও ঐতিহাসিক দ্বাদশ ভৌমিক।

ভুঁড়া[১], **ভুড়ো** *বিণ*১ ভুঁড়িওয়ালা; পেটমোটা; ভুঁড়িযুক্ত। ২ মোটাসোটা কুৎসিত ব্যক্তি।

ভুঁড়া[২] *বি* ধান ইত্যাদি রাখবার খড়ের পাত্রবিশেষ।

ভুঁড়া[৩] *বিণ* গুঁড়া।

ভুঁড়ি *বি* মোটাপেট, নাদাপেট; স্থূল উদর।

ভুয়েস *বি* মৃত্তিকার গহ্বরবাসী জন্তুবিশেষ। [আঞ্চলিক]

ভুক, ভুকভুক *অব্য*১ সরুমুখ পাত্র থেকে তরল পদার্থের প্রবেশ অথবা নির্গমনের শব্দ। ২ কুকুরের শব্দ।

ভুক্ত *বিণ* ১ ভোজন করা হয়েছে এমন। ২ অন্তর্গত। **ভুক্তভোগী** *বিণ* পূর্বে কোনো বিষয় ভোগ করেছে বা সেজন্য কষ্ট পেয়েছে এমন।[স. √ভুজ্+ত]। **ভুক্তাবশেষ, ভুক্তাবশিষ্ট** *বি* ভোজের পর পাতে যা পড়ে থাকে; উচ্ছিষ্ট।❑*বিণ* ঝুটা; এঁটো।[স. ভুক্ত+অবশেষ, অবশিষ্ট]

ভুক্তি *বি* ১ অন্তর্গত; অন্তর্গত হওয়া; ভিতরে অবস্থান; entry।২ ভোজন।৩ ভোগ; উপভোগ।৪ দখল।৫ প্রাচীন জনপদ। [স.]

ভুখ, ভুক *বি* ক্ষুধা; উদরে খাদ্যাভাবজনিত অবস্থা। [স. বুভুক্ষা>ভুক্ষা>ভুক্ষ>]। **ভুকপিয়াস** *বি* ক্ষুধা-তৃষ্ণা; ক্ষুৎ-পিপাসা। **ভুখা** *বিণ* ক্ষুধার্ত; ক্ষুৎপীড়িত। **ভুখ-মিছিল, ভুখামিছিল** *বি* ক্ষুধার্ত জনগণের খাদ্যাভাব প্রতিকারের জন্য শোভাযাত্রা; hunger march।

ভুগলামি, ভইগলামি *বি* ধূর্ততা; শঠতা।

ভুচরা *বি* কাঁঠালের ভুতি।

ভুজ *বি* ১ হস্ত; বাহু। ২ (জ্যা.) যে সরলরেখা কোনো ক্ষেত্রের সীমা নির্দেশ করে; কোনো ক্ষেত্রের সীমা নির্দেশকারী সরলরেখা(ত্রিভুজ)। ৩ ভূর্জপত্র। ৪ ভুজবিশিষ্ট। [স. √ভুজ্+অ]। **ভুজা** *স্ত্রী.* (দশভুজা)। **ভুজবল** *বি*বাহুবল; দেহের শক্তি। **ভুজমধ্য** *বি*১ ক্রোড়; কোল। ২ বক্ষঃস্থল। **ভুজলতা** *বি* লতার মতো কমনীয় ও সুন্দর বাহু।

ভুজগ, ভুজঙ্গ, ভুজঙ্গম *বি* সর্প; সাপ; অহি। **ভুজগী, ভুজঙ্গী, ভুজঙ্গিনী** *স্ত্রী.*।

ভুজঙ্গপ্রয়াত *বি* সংস্কৃত পদ্যের ছন্দবিশেষ।

ভুজালি, ভোজালি *বি* এক প্রকার ছোট তরবারি; নেপালি; খড়্গবিশেষ; কুকরি।

ভুঞ্জন *বি* উপভোগ। [স. √ভুঞ্জ>]

ভুঞ্জা *ক্রি* ১ (পদ্যে) ভোগ করা। ২ (পদ্যে) ভোজন বা আহার করা। [স.√ভুঞ্জ>]

ভুটভাট, ভুটভুট *অব্য*(ধ্বন্যা.) অজীর্ণতার জন্য পেটের মধ্যে যে শব্দ হয়।

ভুটান *বি* ভারতের উত্তর-পূর্বে অবস্থিত হিমালয়ের পাদদেশস্থ দেশবিশেষ।

ভুটি, ভুটী *বি* কম্বল; মোটা কাপড়বিশেষ।

ভুট্টা *বি* শস্যবিশেষ; মকাই; maize। [হি. ভুট্টা>]

ভুড়, ভুড়া, ভুরা *বি* ভেলা। [বা. আঞ্চলিক]

ভুড়ভুড় *অব্য* (ধ্বন্যা.) ক্রমাগত বুদ্বুদ ফাটার আওয়াজ। **ভুড়ভুড়ি** *বি*১ বুদ্বুদ; মাছ প্রভৃতির শ্বাস ত্যাগের ফলে যে বুদ্বুদ হয়। ২ গাঁজলা। **ভুড়ভুড়ি ভাঙা** *বি* বুদ্বুদ ওঠা; গাঁজলা ওঠা।

ভুতি, ভুতুড়ি *বি* ১ কাঁঠালের ভিতরে অখাদ্য অংশ যা কোষের সঙ্গে জড়িত থাকে। ২ নাড়িভুঁড়ি।

ভুতুড়ে *বিণ*১ ভূতপ্রেতসংক্রান্ত।২ ভূত দ্বারা কৃত।❑*বি* ভূত-প্রেত নিয়ে যে ব্যক্তির কারবার; ভূত নিয়ে যার কাণ্ডকারখানা; ভূতের ওঝা। [স. ভূত>+বা. উড়ে]

ভুনা *ক্রি* ভাজা। ❑*বিণ* ভাজা হয়েছে এমন। [হি.]

ভুনি *বি*১ হিন্দু বিধবাদের পরিধেয় পাড়হীন মোটা তসরের ধুতিবিশেষ। ২ সূক্ষ্ম রেশমি কাপড়; বড়দের শাড়ি।

ভুনি-খিচুড়ি, ভুনা খিচুড়ি *বি* চাল ডাল ঘিয়ে অল্প ভেজে যে খিচুড়ি রান্না করা হয়। [হি.]

ভুবন *বি*১ বিশ্বজগৎ; হিন্দু পুরাণে কথিত সপ্ত স্বর্গ ও সপ্ত পাতাল; চতুর্দশ লোক। ২ পৃথিবী। ৩ আবাস। ৪ দেশ। [স.]। **ভুবন-কানা** *বিণ* অন্ধত্ব জগৎজোড়া এমন; সম্পূর্ণ অন্ধ। **ভুবনবিখ্যাত** *বিণ* বিশ্ববিখ্যাত; জগৎপ্রসিদ্ধ। **ভুবনবিজয়ী, ভুবনজয়ী** *বিণ* সমস্ত জগৎ জয় করেছে এমন; বিশ্ববিজয়ী। **ভুবনমোহন** *বিণ* বিশ্বমুগ্ধকারী; সর্বজনমুগ্ধকর। **ভুবনমোহিনী** *স্ত্রী.*। **ভুবনেশ্বর** *বি* ১হিন্দুমতে ত্রিভুবনের অধিপতি; ঈশ্বর। ২ উড়িষ্যার অন্তর্গত হিন্দু তীর্থবিশেষ। ৩ হিন্দুদের উড়িষ্যার তীর্থের শিবলিঙ্গ। **ভুবনেশ্বরী** *বি স্ত্রী.* হিন্দুমতে দশমহাবিদ্যার একজন। [স. ভুবন+ঈশ্বর/ঈশ্বরী] ·

ভুয়া, ভুয়ো *বিণ* সারহীন; অসার; শূন্যগর্ভ; অন্তঃসারশূন্য। ❑*বি* অলীক; মিথ্যা। **আচাভুয়া** *বি* অলীক; মিথ্যা; অবিশ্বাস্য। **আচাভুয়ার ছা**—অলীক জন্তুর শাবক।

ভুরভুর, ভরভর *অব্য* (ধ্বন্যা.) ভরপুর; পরিপূর্ণ বা আমোদিত হওয়ার ভাবব্যঞ্জক। ❑*বিণ* প্রায় পরিপূর্ণ। **ভুরভুরে** *বিণ* পরিপূর্ণ; ভরপুর; সুগন্ধের সঙ্গে সম্পৃক্ত এমন।

ভুরা[১], **ভুরো** *বি*১ ভেলা।২ অপরিষ্কৃত; অপরিচ্ছন্ন চিনি। [বা./আঞ্চলিক]

ভুল *বি*১ ভ্রম; ভ্রান্তি; প্রমাদ। ২ বিস্মৃতি; বিস্মরণ; মনে না থাকা। ৩ প্রলাপ; মিথ্যা বকা। ❑*বিণ* ভ্রান্ত; অযথার্থ। [স. ভ্রম>]। **ভুলচুক, ভুলভ্রান্তি** *বি* নানা প্রকার ভুল; বিবিধ ভ্রান্তি। **ভুলভাঙা** *ক্রি* ভুল ধারণা দূর হওয়া।

ভুলো *বিণ*১ প্রায়শই ভুল করে বা ভুলে যায় এমন; ভুলে যাওয়া স্বভাববিশিষ্ট। ২ আনাড়ি। ❑*বি* 'ভোলা' নামের

বিকৃত কথ্যরূপ।

ভুশ, ভুস *অব্য* (ধ্বন্যা.) পানি কাদা প্রভৃতি ভেদ করে ওঠার আওয়াজ।

ভুশণ্ডি, ভুষণ্ডি *বি* ১ হিন্দু পুরাণে উল্লিখিত ত্রিযুগদর্শী কাক। ২ (ব্য.) দীর্ঘজীবী; বহুদর্শী; বিষয়-বুদ্ধি কুশল ব্যক্তি। [স.]। **ভুষণ্ডির কাক** *বি* (আল.) যে বহু বছর এবং মৃত্যুর বয়স হওয়া সত্ত্বেও জীবিত আছে; অপ্রত্যাশিতভাবে দীর্ঘজীবী।

ভুশুড়ি, ভুষুড়ি *বি* কাঁঠালের ভুঁতি। **ভুশুড়ি ভাঙা** *ক্রি* ১ ক্রমাগত কাঁঠালের কোয়া বের করা। ২ ভূরিভোজন করা; প্রচুর পরিমাণে তৃপ্তিপূর্বক আহার করা। **গল্পের ভুশুড়ি ভাঙা**—ক্রমাগত বলে যাওয়া।

ভুসা, ভুষা *বি* কাজল; প্রদীপের শিখায় প্রস্তুত কালি বা ঝুল। [স. ভস্ম>]। **ভুসাকালি, ভুসোকালি** *বি* ভুসা থেকে তৈরি কালি।

ভুসি, ভুষি *বি* ১ শস্যের চোকলা বা খোসা। ২ গরুর খাদ্যবিশেষ। [স. বুস>]। **ভুসিমাল** *বি* ১ বাজে বা আবর্জনারূপ বস্তু; রদ্দিমাল। ২ কলাই প্রভৃতি শস্য।

ভূ *বি* ১ পৃথিবী; ভূমণ্ডল। ২ স্থল; ভূমি; স্থান (ভূভাগ)। ৩ পাতাল। ৪ হিন্দু পুরাণোক্ত সপ্তলোকের অন্যতম। ৫ আধার। **ভূকম্প, ভূকম্পন** *বি* ভূমিকম্প; অগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত ইত্যাদি কারণে পৃথিবীর অভ্যন্তর ভাগের আলোড়নের ফলে তার উপরিভাগে যে কম্পন অনুভূত হয়; earthquake। **ভূগর্ভ** *বি* পৃথিবীর অভ্যন্তর; মাটির তলার অংশ। **ভূগোল** *বি* পৃথিবীর ও তার উপরিস্থ বিভিন্ন দেশের বিবরণ; geography। **ভূচর** *বিণ* মাটিতে চরে যে-সমস্ত প্রাণী; স্থলচর। **ভূচিত্র** *বি* মানচিত্র। **ভূতত্ত্ব, ভূবিদ্যা**—পৃথিবীর উৎপত্তি পরিণতি বিষয়ক বিজ্ঞান; ভূপৃষ্ঠে ও তার অভ্যন্তরস্থ স্তরগুলি সংক্রান্ত বিজ্ঞান; geology। **ভূতল** *বি* পৃথিবীর পৃষ্ঠ; পাতাল। **ভূদেব** *বি* পৃথিবীর শ্রেষ্ঠ ব্যক্তি; ব্রাহ্মণ। **ভূধর, ভূভৃৎ** *বি* পর্বত। **ভূপ, ভূপতি, ভূপাল** *বি* নৃপতি; রাজা। **ভূপাতিত** *বিণ* ভূপৃষ্ঠে পতিত; মাটির উপরে পড়েছে এমন। **ভূভারত** *বি* পৃথিবী ও ভারতবর্ষ; সমগ্র পৃথিবী। **ভূমণ্ডল** *বি* পৃথিবী নামক গ্রহ। **ভূলুণ্ঠিত** *বিণ* ভূমিতে পড়ে গড়াগড়ি দিয়েছে বা দিচ্ছে এমন; ধরাশায়ী; ধুলায় পড়েছে এমন। **ভূলোক** *বি* পৃথিবী। **ভূশয্যা** *বি* ভূমিরূপ শয্যা। **ভূসম্পত্তি** *বি* জমিজমা; স্থাবর সম্পত্তি। **ভূস্বর্গ** *বি* ১ পৃথিবীর ভিতর উৎকৃষ্ট স্থান। ২ (আল.) কাশ্মীর। **ভূস্বামী(-মিন)** *বি* জমিদার; জমির মালিক।

ভূত *বি* ১ হিন্দু মতে দেবযোনিবিশেষ। শিবের অনুচর। ২ প্রেত; পিশাচ। ৩ জীব; প্রাণী। ৪ হিন্দুমতে ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুসমূহের মূল উপাদান; পঞ্চভূত অর্থাৎ ক্ষিতি অপ তেজ মরুৎ ও ব্যোম। ৫ কাণ্ডজ্ঞানহীন। ৬ অতীত; যে কাল চলে গেছে। ❑ *বিণ* হয়েছে এমন; সংঘটিত; পরিণত। [স. √ভূ+ত]। **ভূতগ্রস্ত** *বিণ* ভূত প্রভৃতি দ্বারা আক্রান্ত। **ভূতচতুর্দশী** *বি* কার্তিক মাসের কৃষ্ণ চতুর্দশী তিথি। **ভূতচালা** *বি* লোকবিশ্বাসে মন্ত্রাদি দ্বারা ভূতপ্রেত বশীকরণ ও প্রয়োজনমতো তাদের কাজে লাগানো। **ভূত ছাড়ানো, ভূত ঝাড়ানো, ভূত নামানো** *ক্রি* ১ ভূতের প্রভাব থেকে মুক্ত করা। ২ অসৎ প্রভাব থেকে মুক্ত করা। **ভূতনাথ** *বি* হিন্দুদেবতা শিব। **ভূতপূর্ব** *বিণ* পূর্বে; প্রাক্তন। **ভূত-ভবিষ্যৎ**—অতীত ও বর্তমান। **ভূতাবিষ্ট** *বিণ* ভূতগ্রস্ত এমন; ভূতে পেয়েছে এমন। [স. ভূত+আবিষ্ট]। **ভূতের বাপের শ্রাদ্ধ**—অত্যন্ত বিশৃঙ্খলা; বাজে কাজে টাকা নষ্ট। **ভূতের বেগার খাটা, ভূতের বোঝা বওয়া**—অনর্থক পরিশ্রম করা। **ভূতের মুখে রাম নাম**—স্বভাব-বিরুদ্ধ কথা বা বাক্য। **ঘাড়ে ভূত চাপা**—কুবুদ্ধির উদয় হওয়া।

ভূতি *বি* হিন্দুমতে অণিমা মহিমা লঘিমা প্রাপ্তি প্রাকাম্য ঈশিতা বশিতা কামাবশায়িতা নামের অষ্টৈশ্বর্য বা আট বিভূতি।

ভূপালি, ভূপালী *বি* সঙ্গীতের একটি রাগিণী।

ভূম *বি* ১ ভূমি। ২ ক্ষেত্র; তল। ৩ দেশ। ৪ প্রদেশ। [স.]

ভূমা[১] *বি* ১ বহুত্ব; বিপুলতা। ২ হিন্দুমতে সর্বব্যাপী পুরুষ; মহান বিরাট পুরুষ; পরমাত্মা। ৩ ভূমি। [স. বহু+ইমন]। ❑ *বিণ* বহুল; প্রচুর; পূর্ণ (ভূমানন্দ)। **ভূমাবাদী** *বি* পরমাত্মায় বিশ্বাসী।

ভূমি *বি* ১ পৃথিবী। ২ ভূ-পৃষ্ঠ; মাটি। ৩ মেঝে। ৪ ক্ষেত্র; জমি। ৫ দেশ। ৬ আকর; আধার। ৭ ত্রিভুজের অধোরেখা; শীর্ষবিন্দুর বিপরীত দিকের বাহু। [স. √ভূ+মি]। **ভূমিকম্প** *বি* ভূকম্প; ভূমির আন্দোলন। **ভূমিকুষ্মাণ্ড** *বি* ভুঁইকুমড়া। **ভূমিগর্ভ** *বি* ভূপৃষ্ঠের ভিতরে বা তলের স্থান; পৃথিবীর অভ্যন্তর। **ভূমিজ** *বিণ* ভূজাত; মাটিতে বা ক্ষেতে উৎপন্ন। **ভূমিজীবী** *বি* কৃষক। **ভূমিশয্যা** *বি* মাটিতে শয্যা; মেঝেতে বিছানা; অনাদৃত ভূমিতলে পতন বা শয্যা গ্রহণ। **ভূমিসাৎ** *অব্য, বিণ* ভূপতিত; ভূমিতে পতিত।

ভূমিকা *বি* ১ গ্রন্থাদির মুখবন্ধ; সূচনা; পূর্বাভাষ; অবতরণিকা। ২ অভিনেয় অংশ; যে চরিত্রের অভিনয় করতে হবে। ৩ ক্ষেত্র; তল। [স. ভূমি+ক+আ]

ভূমিষ্ঠ *বিণ* ১ প্রসূত। ২ ভূলুণ্ঠিত; ভূপতিত। [স. ভূমি+√স্থা+অ]। **ভূমিষ্ঠা** *বিণ স্ত্রী*।

ভূম্যধিকারী *বি* জমিদার; ভূস্বামী। [স. ভূমি+অধিকারী] **ভূম্যধিকারিণী** *বি স্ত্রী*।

ভূয়ঃ *অব্য, ক্রিবিণ* পুনঃপুন। ❑ *বি* প্রাচুর্য; বাহুল্য; আধিক্য। **ভূয়সী** *বিণ স্ত্রী* প্রচুর; বহুল; অনেক। [স. বহু+ঈয়স্]। **ভূয়োদর্শন, ভূয়োদর্শিতা** *বি* প্রচুর দেখা ও শোনার মাধ্যমে অর্জিত অভিজ্ঞতা। [স. ভূয়ঃ+দর্শন, দর্শিতা]। **ভূয়োভূয়** *অব্য, ক্রিবিণ* পুনঃপুন; বার বার। [স. ভূয়ঃ+ভূয়ঃ]

ভূয়িষ্ঠ *বিণ* প্রচুর; অনেক [স. বহু+ইষ্ঠ]

ভূরি *বিণ* অনেক; প্রচুর; অতিশয়; অত্যধিক। [স. √ভূ+রি]। **ভূরিভোজন, ভুরিভোজন** *বি* ১ গুরুতর আহার। ২ বহু লোককে খাওয়ানো।

ভূর্জ *বি* এক প্রকার কোমল বল্কলবিশিষ্ট গাছ। [স.]। **ভূর্জপত্র** *বি* উক্ত গাছের বাকল।

ভূশণ্ডি, ভূষণ্ডি=ভুশণ্ডি।

ভূষণ, ভূষা *বি* অলঙ্কার; গহনা; গয়না; সাজ-সজ্জা; শোভা; সৌন্দর্য। [স. √ভূষ্+অন, অ+আ]। **ভূষিত** *বিণ* অলঙ্কৃত। **ভূষিতা** *স্ত্রী*।

ভৃগু *বি* পৌরাণিক মুনিবিশেষ; জমদগ্নি। [স.]

ভৃঙ্গ *বি* ১ ভ্রমর। ২ ফিঙে পাখি। [স. √ভৃ+গ]। **ভৃঙ্গরাজ** *বি* কেশরাজ; কেশবর্ধক শাকবিশেষ। **ভৃঙ্গরোল** *বি* ভিমরুল।

ভৃঙ্গার *বি* গাড়ু; ঝারি। [স.]

ভৃঙ্গি, ভৃঙ্গী *বি* শিবানুচরবিশেষ। [স.]

ভৃত্য *বি* বেতনভোগী চাকর। [স. √ভৃ+য]
ভেউ ভেউ *অব্য* আকুল ক্রন্দনধ্বনি; কুকুরের ডাক।
ভেংচা *ক্রি* ভেংচানো। **ভেংচানো** *ক্রি* উপহাস বিরক্তি প্রভৃতি সূচক বিকৃত মুখভঙ্গি করা।
ভেঁপু *বি* বাঁশিবিশেষ।
ভেক[১] *বি* মণ্ডূক; ব্যাঙ। [স.]। **ভেকী** *স্ত্রী.*। **ভেকভুক** *বি* সাপ।
ভেক[২], **ভেখ** *বি* ১ সন্ন্যাসীর বা বৈরাগীর সাজ বা বৃত্তি। ২ ছদ্মবেশ; ভোল। ৩ পরিচ্ছদ। [স. ভৈক্ষ্য>]। **ভেকধারী, ভেখধারী** *বিণ* ১ সংসার ত্যাগী; বৈরাগী। ২ ছদ্মবেশী; ভণ্ড; প্রতারক।
ভেকা, ভেকো, ভেকুয়া *বিণ* কিংকর্তব্যবিমূঢ়; হতবুদ্ধি; হতভম্ব। [আঞ্চলিক]
ভেজানো[১] *ক্রি* সিক্ত করা; আর্দ্র করা। ❑ *বি* কোমল বা নরম করা; দয়ার্দ্র বা করুণাপরবশ করা। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।
ভেজানো[২] *ক্রি* খিল না দিয়ে বন্ধ করা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। ❑ *বি* প্রবেশ করানো; লাগানো।
ভেজাল *বিণ* মিশ্রিত; মেকি; খাঁটি নয় এমন। ❑ *বি* ১ উৎকৃষ্ট দ্রব্যের সঙ্গে নিকৃষ্ট দ্রব্যের মিশ্রণ। ২ ঝামেলা; উৎপাত; উপদ্রব; বিশৃঙ্খলা।
ভেট *বি* ১ সওগাত; নজরানা; উপঢৌকন; উপহার। ২ সাক্ষাৎ; মিলন; দর্শন; মোলাকাত। [হি.]
ভেটকি *বি* মাছবিশেষ। [স. ভেকট>]। **ভেটকি মাছের মতো মুখ করা**—মুখ বিকৃত করা।
ভেটেরা, ভাট্যাল *বিণ* সরাইরক্ষক; ভাতের তথা আহার্যের দোকানদার। [হি.]। **ভেটেরাখানা, ভাট্টারিখানা** *বি* সরাই; চটি; হোটেল; ভাতের বা খাদ্যের দোকান।
ভেটকানো, ভ্যাটকানো *ক্রি* ভেটকি মাছের মতো দাঁত বের করে বিদ্রূপের বা নির্বোধের হাসি হাসা।
ভেড়, ভেড়া *বি* ১ মেষ। ২ ব্যক্তিত্বহীন লোক। [স. বেড়>]। **ভেড়ুয়া, ভেড়ো** *বি, বিণ* ১ (ব্য.) ভীরু; মেষের প্রকৃতিযুক্ত পুরুষ; কাপুরুষ। ২ (ব্য.) স্ত্রৈণ; স্ত্রীর বশীভূত। ৩ বাইজির দলের বাদ্যকর। **ভেড়ের ভেড়ে** *বি* অধমের শেষ; অত্যন্ত ভীরু; সেরা স্ত্রৈণ।
ভেত্তা *বি, বিণ* ভেদক; ভেদকারী; ভেদকারক; ছিদ্রকারী।
ভেদ *বি* ১ বিদারণ; ছেদন। ২ পার্থক্য; ফারাক; বিরোধ। ৩ বিচ্ছেদ; মনোভঙ্গ; মনান্তর। ৪ স্বাতন্ত্র্য। ৫ রাজনৈতিক উপায়। ৬ প্রকাশ। ৭ ব্যাখ্যান। ৮ পরিবর্তন; বদল। ৯ বিশেষপ্রকার; রকম; ধরন। ১০ দাস্ত; রেচন। ১১ ভিতরের কথা; রহস্য। [স. √ভিদ্+অ]। **ভেদবুদ্ধি** *বি* স্বাতন্ত্র্যজ্ঞান; পার্থক্যবোধ; বৈষম্যবোধ; সমদর্শিতার অভাব। **ভেদক** *বি, বিণ* বিদারক; ছিদ্রকারী; উদ্‌ঘাটক; তত্ত্বাবিষ্কারক; তাত্ত্বিক। **ভেদন** *বি* বিদারণ; ভেদকরণ। **ভেদনীয়, ভেদ্য** *বিণ* ১ ভেদনযোগ্য; ভেদনসাধ্য। ২ জাগতিক পদার্থসমূহ ঈশ্বর থেকে পৃথক এই জ্ঞান। **ভেদ-বিসংবাদ** *বি* ঝগড়া-বিবাদ। **ভেদাভেদ** *বি* বৈষম্য। **ভেদিত** *বিণ* ভেদ করা হয়েছে এমন।
ভেদবমি *বি* ওলাউঠা; বিসূচিকা; কলেরা রোগ।
ভেদা, ভ্যাদা *বি* ১ মেনি মাছ; রয়না মাছ। ২ নির্বোধপ্রকৃতির লোক।
ভেন্ডার, ভেণ্ডার *বি* পণ্যবিক্রেতা; ফেরিওয়ালা। [ই.]
ভেবা, ভ্যাবা *বিণ* ১ হাবলা; বোকা। ২ বিহ্বল; হতভম্ব। **ভেবা গঙ্গারাম, ভ্যাবা গঙ্গারাম** *বি* সম্পূর্ণ নির্বোধ লোক; হাঁদা। **ভেবাচেকা** *বি* হতবুদ্ধিতা; হতবুদ্ধি বা বিহ্বল অবস্থা। **ভেবাচেকা/ ভ্যাবাচেকা খাওয়া/ লাগা** *ক্রি* কিংকর্তব্যবিমূঢ় হওয়া; বিমূঢ় হওয়া; হতভম্ব হওয়া।
ভেবান *বি* ছাগল ভেড়ার ডাক।
ভেরল গাছ *বি* ভেরেণ্ডা গাছ; রেড়ি গাছ। [স. এরণ্ড>]
ভেরি, ভেরী *বি* ঢাক; পটহ; বাদ্যযন্ত্রবিশেষ। [স.]
ভেরুয়া *বি* ভেলা।
ভেরেণ্ডা *বি* এরণ্ড গাছ; রেড়ি গাছ। [স. এরণ্ড>]। **ভেরেণ্ডা ভাজা** *ক্রি* ১ নিরর্থক কাজে সময় কাটানো। ২ বেকার থাকা; কিছু উপার্জন না করা।
ভেল *ক্রি* হলো (সকলি গরল ভেল—চণ্ডী)।
ভেলকি, ভেল্কি *বি* জাদু; ভোজবাজি; ইন্দ্রজাল। **ভেলকিবাজি** *বি* জাদুর খেলা; ভোজবাজি; ম্যাজিক। **ভেলকি লাগা** *ক্রি* ভেলকি দেখে অবাক হওয়া।
ভেলভেল, ভ্যালভ্যাল *বিণ* শূন্যদৃষ্টি; ফেল ফেল দৃষ্টি; নির্নিমেষ দৃষ্টি; বিস্ময় বা বিমূঢ় দৃষ্টি।
ভেলা *বি* কলাগাছ কাঠ ইত্যাদি একত্র বেঁধে প্রস্তুত জলযান। [স. ভেল, ভেলক>]। **ভেলায় সাগর পার হওয়া** *ক্রি* সাধ্যাতীত কাজে সফল হওয়া।
ভেষজ *বি* ওষুধ; রোগনাশক গাছ-গাছড়া। **ভেষজদ্রব্য** *বি* যে সব গাছ-গাছড়া ও লতাপাতা থেকে ওষুধ তৈরি হয়। **ভেষজাঙ্গ** *বি* ওষুধের অনুপান। [স. ভেষজ+অঙ্গ]
ভেসাল *বি* জেলেদের মাছ ধরার একপ্রকার জাল।
ভেস্ত *বি* বেহেশ্‌ত; স্বর্গ। [ফা.]। **ভেস্তে যাওয়া** *ক্রি* নষ্ট হওয়া; বৃথা ও ব্যর্থ হওয়া।
ভৈরব *বি* ১ হিন্দুদেবতা শিব বা শিবের রুদ্রমূর্তি। ২ নদবিশেষ। ৩ সঙ্গীতের একটি রাগিণী। ৪ ভয়ঙ্কর কোলাহল। ❑ *বিণ* ভয়ঙ্কর; ভীষণ। [স.]। **ভৈরবী** *বি স্ত্রী.* ১ হিন্দু পুরাণোক্ত দশ মহাবিদ্যার অন্যতম মূর্তি। ২ শৈব সম্প্রদায়ের সন্ন্যাসিনী। ৩ সঙ্গীতের একটি রাগ। ❑ *বিণ* প্রচণ্ডা; ভীষণা; ভয়ঙ্করী। **ভৈরবী চক্র** *বি* ১ তান্ত্রিক সাধনার এক প্রকার পদ্ধতি বা আসন। ২ তান্ত্রিক সাধকদের একত্রে সাধন-পদ্ধতি অনুযায়ী মদ্য পান।
ভৈষজ্য, ভৈষজ *বি* ১ ঔষধ; চিকিৎসা। ২ আয়ুর্বেদীয় চিকিৎসা। [স.]। **ভৈষজ উদ্যান** *বি* যে বাগানে আয়ুর্বেদীয় বৃক্ষলতাদি উৎপন্ন হয়।
ভোঁ *অব্য* ১ মক্ষিকাদির পাখার শব্দ। ২ হুইসল। ৩ ঘূর্ণন ইত্যাদির শব্দ। ৪ দ্রুত বেগসূচক আওয়াজ। **ভোঁ-দৌড়** *বি* দ্রুতবেগে পলায়ন।
ভোঁটকা *বি* এক প্রকার দুর্গন্ধ।
ভোঁতা *বিণ* ১ চালাক নয় এমন। ২ ধারশূন্য। [তুল. হি ভোংতরা]। **থোঁতা মুখ ভোঁতা করা**—জব্দ করা; বার বার লজ্জা দেওয়া।
ভোঁদড় *বি* উদ্বিড়াল জাতীয় জন্তু, উদ্‌বিড়াল। [স. উদ্র]
ভোঁদা, ভুঁদো *বিণ* ১ স্থূলকায়; মোটা; মাংসল। ২ স্থূলবুদ্ধি, নির্বোধ। **ভুঁদি** *স্ত্রী.*। [হি. ভোঁদু]
ভোঁস ভোঁস *অব্য* (ধ্বন্যা.) নিশ্বাস-প্রশ্বাসের শব্দ; নিদ্রাকালে নাসিকা গর্জন।
ভোক, ভুক *বি* ক্ষুধা; ভুখ। [স. বুভুক্ষা>, তুল. হি ভূখ]
ভোক্তা *বি, বিণ* ১ যে ভোগ করে; উপভোগকারী। ২ যে

ভোজন করে; ভক্ষক। ৩ ভোগী। ৪ ধর্মভক্ত। [স. √ভুজ্+তৃ]। **ভোক্ত্রী** *স্ত্রী.*।

ভোগ *বি* ১ সুখ দুঃখ ইত্যাদির অনুভূতি। ২ ক্লেশাদি সহ্য; দুর্ভোগ; ভোগান্তি। ৩ উপভোগ। ৪ ইন্দ্রিয় সেবা। ৫ (হিন্দুদের) দেবতাকে নিবেদিত ভোজ্য বস্তু; নৈবেদ্য। ৬ সাপ। ৭ সাপের ফণা। [স. √ভুজ্+অ]। **ভোগতৃষ্ণা** *বি* সুখ বা বিষয় ভোগের প্রবল ইচ্ছা। **ভোগদখলকার** *বিণ* ভোগ দখল করবার পূর্ণ অধিকার রয়েছে এমন। **ভোগবিলাস** *বি* সুখ ও ঐশ্বর্য ভোগ।

ভোগবতী *বি স্ত্রী.* হিন্দু পুরাণোক্ত পাতালে প্রবাহিত গঙ্গা নদী। [স.]

ভোগা[১] *বি* ফাঁকি; ধোঁকা; প্রতারণা; প্রবঞ্চনা।

ভোগা[২] *ক্রি* দুঃখ কষ্ট রোগ ইত্যাদি ভোগ করা; ক্লেশ বা দুঃখ পাওয়া। ❑ *বি* উক্ত অর্থে। [স. √ভুজ্+ঘঞ+বা. আ]। **ভোগানো** *ক্রি* দুঃখ দেওয়া। ❑ *বি* উক্ত অর্থে। **ভোগানি** *বি* দুঃখভোগ; ব্যথা দুঃখ কষ্ট যন্ত্রণা পাওয়া। **ভোগান্তি** *বি* চরম ক্লেশ। **ভোগানে** *বিণ* ভোগায় এমন; কষ্টদায়ক। **ভোগান্ত, ভোগান্তি** *বি* দুর্ভোগ।

ভোগাসক্ত *বিণ* ঐহিক সুখে অনুরক্ত; ভোগ-বিলাসে সংসক্ত। [স. ভোগ+আসক্ত]। **ভোগাসক্তি** *বিণ* ভোগ-বিলাসের প্রতি আসক্তি।

ভোগী *বিণ* ভোগ করে এমন; বিলাসী; সুখী। ❑ *বি* অশ্লেষা নক্ষত্র। [স.]

ভোগৈশ্বর্য *বি* সুখ সম্পদ। [স.]

ভোগ্য *বিণ* ১ ভোগের উপযুক্ত; উপভোগের যোগ্য। [স.]। **ভোগ্যা** *স্ত্রী.*।

ভোজ[১] *বি* ভোজনোৎসব। ২ বিপুল আহার্য বস্তুর সমাবেশ; জিয়াফত। [স. ভোজন>]

ভোজ[২] *বি* ১ প্রাচীন ভারতের মালব দেশের অন্তর্গত রাজ্য। ২ ঐ দেশের জনৈক ইন্দ্রজালবিদ্যায় পারদর্শী রাজা। **ভোজবাজি, ভোজবিদ্যা** *বি* জাদুর খেলা; ইন্দ্রজাল।

ভোজন *বি* ১ ভক্ষণ; আহার। ২ ভোজ। ৩ খাওয়ানো। ৪ ভোজ্য দ্রব্য। **ভোজনপটু** *বিণ* অত্যধিক আহার্য গ্রহণে বা অধিক ভোজনে সমর্থ; ভোজনবিশারদ। **ভোজনবিলাসী** *বিণ* খাদ্য বা খাওয়ার ব্যাপারে শৌখিন; পেটুক। **ভোজনশালা, ভোজনাগার** *বি* খাবার ঘর; হোটেল; যে স্থানে আহার্য গ্রহণ করা হয়।

ভোজপুরি *বিণ* ১ ভোজপুর নামক স্থানে উৎপন্ন। ২ ভোজপুরের অধিবাসী বা বাসিন্দা; ভোজপুর থেকে আগত।

ভোজবিদ্যা *বি* ইন্দ্রজাল; ভেলকি; জাদুর খেলা; ম্যাজিক।

ভোজী *বিণ* খায় এমন; ভোজনকারী। [স.]

ভোজ্য *বি,বিণ* ১ ভোজনযোগ্য খাদ্য; খাবার। ২ হিন্দু সমাজে মৃত পিতৃপুরুষের তৃপ্তির জন্য দেয় অন্নাদি। [স. √ভুজ্+য]

ভোট[১] *বি* ভুটান দেশ। ❑ *বিণ* ভুটান দেশীয়। **ভোটকম্বল** *বি* ভুটানি বা তিব্বতি কম্বল।

ভোট[২] *বি* নির্বাচনে জ্ঞাপিত মত। [ই]। **ভোটার** *বি* ভোটদাতা। **ভোটাভুটি** *বি* ভোটদানের ব্যাপার।

ভোড়ং, ভোরঙ্গ *বি* বাদ্যযন্ত্রবিশেষ।

ভোদা (অশি.) *বি* যোনি; স্ত্রীযৌনাঙ্গ। [আ. বুদঅ]

ভোমর *বি* কাঠ ছিদ্র করবার যন্ত্রবিশেষ; তুরপুন।

ভোর[১] *বি* ১ উষা; প্রত্যুষ। ২ প্রভাত, নিশাবসান। ৩ অবসান; সমাপ্তি। ৪ সম্পূর্ণ; শেষ।

ভোর[২] *বিণ* বিভোর; মত্ত; অভিভূত; তন্ময়। [তু. স. বিহ্বল> বিভোর]।

ভোরঙ্গ=ভোড়ং।

ভোল *বি* ১ সাজ; বেশ; পরিচ্ছদ। ২ ছদ্মবেশ। ৩ ছলনা; ছল; বেশ পরিবর্তন; ভোল পালটানো। [স. ভ্রম> অথবা ভেলকি>ভোলা]

ভোলা, ভুলা *ক্রি* ১ ভুল করা। ২ মুগ্ধ হওয়া। ৩ বিস্মৃত হওয়া। ❑ *বি* ১ উক্ত সকল অর্থে। ২ সহজে ভুলে যাওয়া। ❑ *বিণ* ১ বিস্মৃত। ২ আত্মবিস্মৃত। ৩ বিহ্বল; বিভোর। ৪ সহজে ভুলে যায় এমন। **ভোলানো, ভুলানো** *ক্রি* ১ মুগ্ধ করা। ২ অন্য দিকে আকৃষ্ট করে শান্ত করা। ৩ স্তোকবাক্যে প্রবঞ্চনা করা বা ঠকানো। ❑ *বি* ১ উক্ত সকল অর্থে। ২ যা দিয়ে ভুলানো যায়। **ভোলানাথ** *বি* শিব।

ভৌত, ভৌতিক *বিণ* ১ পদার্থ বা ভূতসম্পর্কিত। ২ ভূতুড়ে। ❑ *বি* পঞ্চভূতসংক্রান্ত। [স. ভূত+অ, ভূ+ইক]

ভৌমিক *বি* ১ ভূম্যধিকার; ভূস্বামী। ২ উপাধিবিশেষ। [স.]

ভ্যা *অব্য* ১ ছাগলের ডাক; ভেড়ার ডাক। ২ ক্রন্দন ধ্বনি।

ভ্যানভ্যান *অব্য* ১ মশামাছির একটানা বিরক্তিকর গুঞ্জন। ২ ক্রমাগত অনভিপ্রেত অনুরোধ ধ্বনি।

ভ্যানিটি ব্যাগ *বি* মেয়েদের হাতের বটুয়া বা থলে।

ভ্রংশ *বি* ১ নাশ; ধ্বংস। ২ চ্যুতি; পতন; স্খলন।

ভ্রম *বি* ১ ভ্রান্তি; ভুল। ২ বিস্মৃতি। ৩ ঘূর্ণি; আবর্ত। ৪ মিথ্যাজ্ঞান; মায়া; ধাঁধা। ৫ ছুতোরের কুঁদ যন্ত্র। ৬ কুম্ভকারের চক্র। [স.]। **ভ্রমনিরসন** *বি* ভুল সংশোধন বা অপনোদন। **ভ্রমপ্রমাদ** *বি* ভুলত্রুটি, দোষ; ভুল। **ভ্রমবশত** *ক্রিবিণ* ১ ভুল ধারণার বশবর্তী হয়ে। ২ ভুল করে; ভুল হেতু; ভুলের জন্য। **ভ্রমসংকুল** *বি* ভুলে ভরা।

ভ্রমণ *বি* ১ বেড়ানো; পর্যটন। ২ ঘূর্ণন। [স.]। **ভ্রমণকারী** *বিণ* ঘুরে বেড়ায় এমন; পরিব্রাজক; পর্যটক। **ভ্রমণবৃত্তান্ত** *বি* ভ্রমণের কাহিনী।

ভ্রমর *বি* ১ মৌমাছি; মধুপ; মধুকর; অলি; ভৃঙ্গ; ষট্‌পদ; দ্বিরেফ। ২ কামুক। ৩ কাঠ ছিদ্র করার যন্ত্র। [স.]। **ভ্রমরী** *বি স্ত্রী.*। **ভ্রমরকৃষ্ণ** *বিণ* ভ্রমরের মতো খুব গাঢ় ও উজ্জ্বল কৃষ্ণবর্ণ।

ভ্রমাত্মক *বিণ* ভ্রান্তিময়; ভুলে পূর্ণ। [স.]

ভ্রমান্ধ *বিণ* ভুলবশত দৃষ্টি আচ্ছন্ন হয়েছে এমন। [স. ভ্রম+অন্ধ]

ভ্রমি[১], **ভ্রমী** *বি* ঘূর্ণিজল; আবর্ত। [স.]

ভ্রমি[২] *বি* ভিরমি।

ভ্রষ্ট *বিণ* ১ পতিত। ২ চ্যুত; বিচ্যুত। ৩ ধর্মবিরুদ্ধ। ৪ দোষযুক্ত। ৫ ব্যভিচারী; নষ্ট। **ভ্রষ্টা** *বিণ স্ত্রী.*। [স. ভ্রন্শ+ত]। **ভ্রষ্টাচারণ, ভ্রষ্টাচার** *বি* ১ অধার্মিকতা। ২ কদাকার; পাপানুষ্ঠান। [স. ভ্রষ্ট+আচরণ, আচার]।

ভ্রাতা *বি* ১ ভাই; সহোদর। ২ সহোদর স্থানীয় ব্যক্তি; ভাইয়ের তুল্য ব্যক্তি। [স. √ভ্রাজ্+তৃ]

ভ্রাতুষ্পুত্র *বি* ভাইয়ের ছেলে; ভাইপো। [স. ভ্রাতুঃ+পুত্র]। **ভ্রাতুষ্পুত্রী** *বি স্ত্রী.*।

ভ্রাতৃ *বি* ভাই। **ভ্রাতৃদ্বিতীয়া** *বি* কার্তিক মাসের শুক্লা দ্বিতীয়াতে ভগ্নী কর্তৃক মঙ্গল কামনায় ভাইয়ের কপালে তিলক দান; ভাইফোঁটা (হিন্দুমতে)। **ভ্রাতৃভাব** *বি* ভাই

ভাই ভাব; সৌহার্দ্যের ভাব।
ভ্রান্ত *বিণ* ভুলেছে এমন; ভ্রমযুক্ত; ভুলযুক্ত; দিকভ্রান্ত; পথভ্রান্ত। [স.√ভ্রম্+ত]
ভ্রান্তি *বি*১ মিথ্যা বা ভুল ধারণা। ২ ভ্রম; ভুল। ৩ বিস্মৃতি; বিস্মরণ। [স. ভ্রম+তি]। **ভ্রান্তিজনক, ভ্রান্তিপ্রদ** *বিণ* ভ্রম্যোৎপাদক; ভ্রম উৎপাদন করে এমন। **ভ্রান্তিবশত** *ক্রিবিণ* ভ্রমহেতু; ভ্রান্তিযুক্ত। ❑*বি* কাব্যের অর্থালঙ্কারবিশেষ। **ভ্রান্তিমূলক** *বিণ* ভ্রমাত্মক।
ভ্রাম্যমাণ *বিণ* ১ ঘুরানো হচ্ছে এমন; ভ্রমণ করানো; ঘূর্ণ্যমান। ২ ভ্রমণশীল; ঘুরে বেড়ায় এমন; পথিক। [স. √ভ্রম্+ণিচ্+মান]
ভ্রূ, ভুরু *বি* চক্ষুর উপরিস্থ ও কপালের নিম্নস্থ লোমসমূহ। [স. ভ্রূ>ভুরু]। **ভ্রূকুঞ্চন, ভ্রূকুটি, ভ্রূভঙ্গি** *বি* ক্রোধ বিরক্তি ইত্যাদি প্রকাশের জন্য ভ্রূকুঞ্চন বা সংকোচন বা সংকুচিতকরণ। **ভ্রূক্ষেপ** *বি*১ দৃষ্টিনিক্ষেপ; দৃষ্টিপাত। ২ গ্রাহ্যকরণ। **ভ্রূবিলাস, ভ্রূবিভ্রম** *বি* মনোহর বা সুন্দর ভ্রূভঙ্গি। **ভ্রূমধ্য** *বি* দুই ভ্রূর মধ্যস্থল। **ভ্রূলতা** *বি* লতার মতো বক্র ও সুন্দর ভ্রূ। **ভ্রূসঙ্কেত, ভ্রূসংকেত** *বি* ভ্রূকুঞ্চন দ্বারা ইঙ্গিত; ভ্রূসংকোচন দ্বারা ইশারা।
ভ্রূকুণ্ডা *বি* একপ্রকার তৃণ যার ছোট ছোট বীজ বস্ত্রাদিতে লেগে থাকে। [স.]
ভ্রূণ *বি* গর্ভস্থ সন্তান। [স. √ভ্রূণ্+অ]। **ভ্রূণঘ্ন, ভ্রূণহা** *বিণ* ভ্রূণ হত্যাকারী; গর্ভস্থ সন্তানের ঘাতক বা বধকারী। **ভ্রূণজীব** *বি* গর্ভস্থ সন্তান। **ভ্রূণহত্যা** *বি* গর্ভপাত; গর্ভস্থ সন্তানকে বধ; গর্ভ নষ্টকরণ। **ভ্রূণায়মানতা** *বি* সন্তান উৎপাদনের ক্ষমতা।

ম

ম বাংলা বর্ণমালার পঁচিশতম ব্যঞ্জনবর্ণ।
মই, মৈ *বি*১ বাঁশ বা কাঠ দিয়ে তৈরি সিঁড়ি। ২ চষা জমিতে মাটির ঢেলা ভাঙবার বাঁশের তৈরি যন্ত্র। [স. মদিকা>]। **মই দেওয়া** *ক্রি* মই দিয়ে চষা ক্ষেতের ঢেলা মাটি গুঁড়া করা। **গাছে তুলে দিয়ে মই কেড়ে নেওয়া** *ক্রি* উৎসাহ দিয়ে কর্মে প্রবৃত্ত করে অসহায় অবস্থায় ফেলে সরে দাঁড়ানো। **পাকা ধানে মই দেওয়া** *ক্রি* লাভের মুখে সমূহ ক্ষতি করা।
মইষা *বিণ*১ মহিষের সদৃশ। ২ মহিষীর দুধ থেকে উৎপন্ন। [স. মহিষ>+বা.আ]
মইসা, মসে *বি* কাপড়-চোপড়ে তিলাপড়া অবস্থা। [স. মসি>]
মউ, মৌ *বি* মধু। [স. মধু>]। **মউচাক, মৌচাক** *বি* মৌমাছি যে মোম-নির্মিত বাসায় মধু সঞ্চয় করে; মধুচক্র। [স. মধুচক্র>]। **মউমাছি, মৌমাছি** *বি* মধু সংগ্রহকারী পতঙ্গবিশেষ; মধুমক্ষিকা। [স. মধুমক্ষিকা>]। **মউলোভী, মৌলোভী** *বি* মধুপ্রিয় ব্যক্তি বা প্রাণী।
মউজ, মওজ *বি* ১ তরঙ্গ; ঢেউ। ২ নেশাগ্রস্ত অবস্থা; নেশাখোরের পরিণতি। ৩ আনন্দ; উল্লাস। ৪ মহাসমারোহ। [আ. মওজ]। **মউজ করা** *ক্রি* আনন্দ উল্লাস করা।
মউড় *বি* হিন্দুসমাজে বিয়ের সময়ে ব্যবহৃত মাথার টোপর; কন্যার মাথার সোলার মুকুট। [স. মুকুট]
মউনি *বি* মন্থনদণ্ড। [স. মন্থনী>]
মউয়া, মউল *বি*১ মহুয়া; মধুর স্বাদ; গাছ বা তার ফল। ২ বউল; মুকুল। [স. মুকুল>]
মওকা *বি* উপযুক্ত সময়; সুযোগ। [আ. মওকে]
মওজুদ, মজুদ, মজুত *বিণ*১ জমা; সঞ্চিত। ২ বিদ্যমান; বর্তমান। [আ. মওজুদ]। **মজুদ তহবিল** *বি* ভবিষ্যতের জন্য সঞ্চিত করা অর্থাদি; অর্থাদি সঞ্চিত করে রাখা হয়েছে যে তহবিলে।
মওত, মউত *বি* মৃত্যু। [আ. মওত]। **মওত কবুল করা** *ক্রি* মৃত্যু হতে পারে যে পরিশ্রমে তেমন পরিশ্রম করা। **মউতে টানা** *ক্রি* মৃত্যু নিকটবর্তী হওয়া।
মওয়া *ক্রি* মন্থন করা; মথা। [স.√ মথ্>]
মওয়াজ্জমা, মোয়াজ্জমা *বিণ* সম্মানিত; শ্রেষ্ঠ। [আ. মক্কামওয়াজ্জমা; তুল. মদিনা মনোয়ারা]
মওয়াজ্জল *বিণ* বিলম্বে দেয় এমন। **মহর মওয়াজ্জল** *বি* পরবর্তীকালে দেয় মহর বা স্ত্রীধন। [আ. মহর মুআজ্জাল]
মকদ্দমা, মোকদ্দমা *বি*১ মামলা; আদালতে দায়েরকৃত নালিশের বিচার। ২ আলোচ্য বিষয়; ব্যাপার। [আ. মকদ্দম]
মকবরা, মকবেরা *বি* সমাধি-ভবন; কবর; গোর। [আ. মক্‌বর]
মকবুল *বি*১ আল্লাহ যা গ্রহণ করেছেন; স্বীকৃতি। ২ প্রিয়; কবুল করে যে। [আ. মকবুল]
মকমক *অব্য*১ ভেকের ডাক; ব্যাঙের কণ্ঠনিঃসৃত শব্দ। ২ অবরুদ্ধ, ক্রোধে গর গর করছে এমন শব্দ। **মকমকি** *বি* ব্যাঙের ডাক।
মকমল, মখমল *বি* কোমল ও মিহি কাপড়। [ফা. মখমল্]
মকর *বি* ১ কুমিরের মতো জলজন্তু; হিন্দু বিশ্বাসে গঙ্গা দেবীর বাহন; ঘড়িয়াল। ২ রাশিচক্রের দশম রাশির নাম। ৩ কন্দর্পের পতাকা চিহ্ন। ৪ হিন্দুদের মধ্যে সখীর পাতানো নাম। [স.]। **মকরকুণ্ডল** *বি* মকরমুখো কর্ণভূষণ; কানের অলঙ্কারবিশেষ। **মকরকেতন, মকরকেতু, মকরধ্বজ**[১] *বি* যার পতাকায় মকর আছে; হিন্দুদেবতা কন্দর্প; মদন। **মকরক্রান্তি, মকরক্রান্তিবৃত্ত** *বি* বিষুববৃত্ত বা নিরক্ষ-রেখার ২৩°২৭ দক্ষিণস্থ সমাক্ষরেখা; দক্ষিণায়নান্তবৃত্ত। **মকরধ্বজ**[২] *বি* পারদ গন্ধকঘটিত কবিরাজি ওষুধ-বিশেষ। **মকরবাহন** *বি* হিন্দুদেবতা বরুণ। **মকরবাহিনী** *বি স্ত্রী.* হিন্দু পুরাণোক্ত গঙ্গা দেবী। **মকরব্যূহ** *বি* মকর আকারে সৈন্য সমাবেশের পদ্ধতিবিশেষ। **মকরসংক্রান্তি** *বি* সূর্যের মকররাশিতে গমন; মাঘ মাসের শেষ দিন।
মকরন্দম, মুকদ্দম *বি* অগ্রণী; নেতা। [আ. মুকদ্দম]
মকরন্দ *বি*১ ফুলের রেণু; পুষ্পমধু। ২ কুন্দ ফুলের গাছ। [স.]
মকররি *বিণ* চিরস্থায়ী ভূমি বন্দোবস্ত। [আ. মুকররী]
মকরালয়, মকরাকর *বি* মকরের আলয়; সাগর। [স. মকর+আলয়, আকর]
মকরুহ *বিণ*১ ইসলামি শরিয়ত মোতাবেক যা অপছন্দনীয় বা পরিহার্য। ২ সামান্য ত্রুটিপূর্ণ, অপছন্দ; বর্জনীয়। [স.

মকরুহ্]।
মকশো *বি* শিক্ষার্থীর সযত্ন অনুশীলন; লেখা দেখে লেখা শেখা। [আ. মশক্]
মকসুদ, মুকসদ *বি* ১ উদ্দেশ্য; লক্ষ্য; মতলব। ২ অভিপ্রায়; ইচ্ছা। [আ. মকসুদ]
মকসেদ, মকসদ *বি* ১ উদ্দেশ্য। ২ গন্তব্যস্থান। [আ. মকসদ]
মকাই, মক্কা *বি* ভুট্টা; এক প্রকার শস্য। [হি.]
মকান, মোকাম *বি* বাড়ি; ঘর; আবাসস্থল। [আ.]
ম-কার *বি* 'ম' এই বর্ণ। [তুল. স. পঞ্চ 'ম'কার]। **মকার-সাধন** *বি* ১ হিন্দু তন্ত্র সাধন অনুযায়ী পঞ্চ মকার সাধন। ২ মৎস্য মাংস মদ্য মুদ্রা ও মৈথুন—এই পঞ্চ মকার, আদ্য অক্ষর 'ম' বলেই উক্ত পাঁচটির অভ্যাস পঞ্চ 'ম'কার প্রতীকে পরিব্যক্ত।
মকুফ, মওকুফ, মৌকুফ *বি* ১ নিষ্কৃতি; রেহাই; অব্যাহতি; মাফ; মুক্তি। ২ স্থগিত; বরখাস্ত; মুলতবি। [আ. মওকুফ]
মক্কর *বি* ১ লীলা। ২ ছলনা; ভান। [আ. মক্কর]
মক্কা *বি* আরবদেশের অন্যতম প্রধান নগর এবং মুসলমানদের প্রধান তীর্থস্থান; হজরত মুহম্মদ (সা.)–এর জন্মস্থান। কাবা এখানেই অবস্থিত। [আ. মক্কঃ পূর্বনাম বক্কা]
মক্কেল *বি* মামলা মোকদ্দমার ব্যাপারে উকিলের সাহায্য গ্রহণকারী। [আ. মুওয়াক্কিল, muakkil]
মক্তব, মক্তবখানা *বি* মুসলমান বালক–বালিকাদের প্রাথমিক বিদ্যালয় বা বিদ্যালয়গৃহ। [আ. মক্‌তব+ফা. খানহ্]
মক্ষিকা, মক্ষী *বি* মাছি। [স. মক্ষিকা>মচ্ছিয়া>মাছি]
মক্স, মশ্‌ক *বি* চর্চা; অভ্যাস; অনুশীলন। [আ. মশ্‌ক্]। **মক্স/ মশ্‌ক করা** *ক্রি* ১ অনুশীলন করা। ২ হাতের লেখা অভ্যাস করা; হুবহু নকল করা।
মখদুম, মখদম, *বি* শিক্ষক; সম্মানার্হ ব্যক্তি; সেবিত বা সেব্য ব্যক্তি। [আ.]
মখলুক *বি* সৃষ্টজগৎ। [আ.]। **মখলুকাত** *বি* সমগ্র সৃষ্টজগৎ।
মগ[১] *বি* এক প্রকার হাতলওয়ালা ছোট পাত্র। [ই.]
মগ[২] *বি* ব্রহ্মদেশের/ আরাকানের অধিবাসী; আরাকানের বাসিন্দা। **মগের মুলুক, মগের মুল্লুক** *বি* ১ ব্রহ্মদেশ বা আরাকান রাজ্য। ২ (আল.) অরাজক রাষ্ট্র; যে রাজ্যে আইনের শাসন সুপ্রতিষ্ঠ নয়; যেখানে যথেচ্ছাচার হয়।
মগজ *বি* ১ মস্তিষ্ক। ২ সারবস্তু; মজ্জা; শাঁস। [ফা. মগ্‌য্]। **মগজ খালি করা** *ক্রি* বকবক করা; না থেমে বকে যাওয়া। **মগজ খেলানো** *ক্রি* বুদ্ধি বা মস্তিষ্ক চালনা করা।
মগডাল *বি* শীর্ষ; শাখা; বৃক্ষের সর্বপেক্ষা উচু শাখা। [তুল. হি. মঙ্গরা—মাথা]
মগড়া *বিণ* একগুঁয়ে; বোকা; নির্বোধ। [বা. আঞ্চলিক]
মগধ *বি* ভারতবর্ষের একটি প্রাচীন রাজ্য; আধুনিক দক্ষিণ বিহার প্রদেশ। [স.]
মগন(পদ্যে কোমলরূপ), **মগ্ন** *বিণ* মগ্ন; বিভোর। [স. মগ্ন>মগন (স্বরভক্তিতে)]
মগরিব, মগরেব *বি* ১ সূর্যাস্তের স্থান বা কাল। ২ সূর্যাস্তের অব্যবহিত পরে যে নামাজ পড়া হয়। [আ. মগরিব]।
মগরেবি *বিণ* সূর্যাস্তকালীন; পাশ্চাত্য; পশ্চিমী। [আ. মগ্‌রিবী]
মগাই *বিণ* মগদেশে প্রস্তুত; মগ দেশীয়।
মগ্ন *বিণ* ১ ভিতরে প্রবিষ্ট; ডুবে যাওয়া; ডোবা; নিমজ্জিত। ২ বিভোর; তন্ময়। [স.]। **মগ্না** *বিণ স্ত্রী*। **মগ্নগিরি** *বি* সমুদ্রগর্ভস্থ পর্বতবিশেষ; মৈনাক। **মগ্নচৈতন্য** *বি* নিজের যে সক্রিয় মন সম্বন্ধে মানুষ সচেতন থাকে না। **মগ্নপ্রায়** *বি* প্রায় ডুবে গেছে এমন।
মঘা *বি* হিন্দুমতে একটি অশুভ নক্ষত্র।
মঙ্গল *বি* ১ শুভ; ভালো; উপকার; কল্যাণ। ২ সৌরজগতের একটি গ্রহের নাম; Mars; কুজ নামক গ্রহ। ৩ সপ্তাহের একটি বারের নাম। ৪ হিন্দু দেবদেবীর মাহাত্ম্য বিষয়ক কাব্য বা পালা গান। ❑ *বিণ* শুভদায়ক; মঙ্গলজনক; শুভ। **মঙ্গলকামনা, মঙ্গলাকাঙ্ক্ষা** *বি* কল্যাণ কামনা; শুভ কামনা; হিতাকাঙ্ক্ষা। [স. মঙ্গল+আকাঙ্ক্ষা]। **মঙ্গলকামী, মঙ্গলাকাঙ্ক্ষী** *বিণ* শুভার্থী; হিতাকাঙ্ক্ষী; কল্যাণকামী। [স. মঙ্গল+আকাঙ্ক্ষী]। **মঙ্গলগীত** *বি* ১ শুভগীত। ২ হিন্দু দেবদেবীর মাহাত্ম্যজ্ঞাপক গান। **মঙ্গলঘট** *বি* হিন্দু সমাজে ব্যবহৃত কল্যাণসূচক পূর্ণঘট। **মঙ্গলচণ্ডী, মঙ্গলচণ্ডিকা**⟹চণ্ডী। **মঙ্গলদায়ক** *বিণ* কল্যাণপ্রদ; শুভদ; হিতকর। **মঙ্গলদায়িকা** *বিণ স্ত্রী*। **মঙ্গলময়** *বিণ* মঙ্গলকর; শুভকারক। ❑ *বি* পরমেশ্বর। **মঙ্গলময়ী** *বিণ স্ত্রী*। **মঙ্গলা** *বিণ স্ত্রী* ১ মঙ্গলদায়িনী; শুভঙ্করী। ২ (হিন্দুধর্মে) দুর্গাদেবী। **মঙ্গল সমাচার** *বি* কুশল সংবাদ; শুভসংবাদ। **মঙ্গলাচরণ, মঙ্গলাচার** *বি* ১ শুভানুষ্ঠান। ২ কর্মারম্ভে মঙ্গলসূচক অনুষ্ঠান। **মঙ্গলামঙ্গল** *বি* শুভাশুভ; হিতাহিত। [মঙ্গল+অমঙ্গল]। **মাঙ্গল্য** *বি, বিণ* মাঙ্গলিক।
মচ *অব্য* অন্ধকার; কাঠ ইত্যাদি পাতলা জিনিস ভাঙার শব্দ; মচকানোর শব্দ। **মচমচ** *অব্য* পুনঃপুন মচ শব্দ। **মচমচানি** *অব্য* বার বার মচমচ শব্দ। **মচমচে** *বিণ* ১ অল্প চাপে ভাঙে এমন; ক্ষণভঙ্গুর; নরম হয়ে যায়নি এমন। ২ মচমচ ধ্বনি বা শব্দ করে এমন।
মচকানো *ক্রি* দুমড়ে যাওয়া; দুমড়ানো; ভাঙার মতো হওয়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [তুল. হি. মচ্‌কানা]। **মচকানি** *বি* হঠাৎ মোচড় লাগা অবস্থা। **ভাঙবে তবু মচকাবে না**—কোনো অবস্থাতেই নতি স্বীকার বা আপোস করবে না।
মচ্ছব, মোচ্ছব *বি* ১ বিরাট উৎসব; মহোৎসব। ২ বৈষ্ণব সম্প্রদায়ের মিলনোৎসব। [স. মহোৎসব>মোচ্ছব >মচ্ছব]
মচ্ছর *বি* মশা; মশক; দংশনকারী [হি.]
মছলা, মসলা *বি* সমস্যা; প্রশ্ন ইত্যাদি সম্পর্কিত শাস্ত্রীয় বিধান; ইসলামধর্মীয় আদেশ নিষেধ। [আ. মস্'আল]
মছলি[১] *বি* মাছ; মৎস্য। [হি.]
মছলি[২] *বি* মঞ্চ; মাচা।
মছল্লা *বি* জায়নামাজ; নামাজ পড়ার জন্যে চাটাই বা বস্ত্রখণ্ড।
মজকুর, মজ্‌কুর *বি* লিখিত বিবরণ; উল্লিখিত বিবৃতি। ❑ *বিণ* পূর্বোক্ত; পূর্ববর্ণিত; উল্লিখিত। [আ. ময্‌কূর]। **মজকুরি** *বি* যে পরোয়ানা জারি করে। **মজকুরি তালুক**

বি যে অধীন তালুকের খাজনা জমিদার মারফত আদায় করা হয়।
মজনু, মজনুন *বিণ* প্রেমিক; পাগল; বিরাগী। [আ. মজ্‌নূন]
মজবুত *বিণ* ১ শক্ত; কঠিন। ২ নিপুণ; দক্ষ; পারদর্শী। ৩ দীর্ঘস্থায়ী; টেকসই। ৪ পাকা; পটু। ৫ দায়িত্বভার গ্রহণ ও বহনের পক্ষে উপযুক্ত। [আ. মযবুৎ]। **মজবুতি** *বি* শক্তি; দৃঢ়তা।
মজযুব, মজুব *বিণ* ঐশী প্রেমে বেহুঁশ; আকৃষ্ট। [আ. মজযুব]
মজলিস, মজলিশ *বি* ১ আসর; আড্ডা; বৈঠক; সভা। ২ সমিতি; সঙ্ঘ। [আ. মজলিস]। **মজলিসত্ব** *বি* মজলিসের গুণ। **মজলিসি, মজলিশি,** *বিণ* মজলিস সম্বন্ধীয়; মজলিসে যে বাক্যালাপ বা গান বাজনার সাহায্যে আনন্দ দিতে পারে।
মজলুম *বিণ* অত্যাচারিত; উৎপীড়িত। [আ. জুলুম—অত্যাচার; মজলুম—অত্যাচারিত; জালিম—অত্যাচারী]
মজহাব, মাজহাব *বি* ইসলাম ধর্মীয় চর্যাপদ্ধতি; বিশেষ মত ও পথ অবলম্বী দল; সম্প্রদায়; সঙ্ঘ; দল। [আ. মযহব]। **মজহাবি** *বিণ* মজহাব-সংক্রান্ত।
মজা[১] *বি* ১ স্বাদ। ২ আনন্দ; আরাম; আমোদ; কৌতুক; তামাশা; রঙ্গ। ৩ ঠাট্টা; উপহাস। ৪ ক্লেশ; দুঃখ; লাঞ্ছনা। [ফা. মযহ্]। **মজা উড়ানো** *ক্রি* আমোদ ও আহ্লাদে সময় কাটানো। **মজা করা** *ক্রি* কৌতুক করা; অন্যকে নিয়ে তামাশা করা। **মজা টের পাওয়া** *ক্রি* বিপদাপন্ন হওয়া; কষ্ট পাওয়া; বিপত্তি উপলব্ধি করা। **মজাদার** *বিণ* ১ সুস্বাদু। ২ কৌতুকজনক; আমোদজনক। **মজা দেখা** *ক্রি* অন্যের বিপদে কৌতুক বা আমোদ উপভোগ করা। **মজা দেখানো, মজা টের পাওয়ানো** *ক্রি* বিপদে বা অসুবিধায় ফেলে জব্দ করা। **মজা মারা, মজা লোটা** *ক্রি* আনন্দ-আমোদ বা কৌতুক ভোগ করা।
মজা[২] *ক্রি* ১ মজে যাওয়া; মুগ্ধ বা তন্ময় হওয়া; অনুরক্ত বা আসক্ত হওয়া। ২ বুজে যাওয়া। ৩ অতি পক্ব হওয়া। ৪ উপভোগ্য হওয়া। ৫ পরিণত বা পূর্ণতাপ্রাপ্ত হওয়া। ৬ বিপদগ্রস্ত বা বিনাশপ্রাপ্ত হওয়া। ❑ *বি* উক্ত সকল অর্থে। ❑ *বিণ* ১ অতিরিক্ত পক্ব। ২ জলহীন ও পাঁকে পূর্ণ। [স. √মস্‌জ্]। **মজানো** *ক্রি* ১ নিমজ্জিত করা; ডুবানো; জলমগ্ন করা। ২ মোহিত করা; মুগ্ধ করা। ৩ ফলাদি পাকানো। ৪ বিপদাপন্ন করা; সমূহ ক্ষতি করা। ❑ *বি* উক্ত সকল অর্থে। **কুল মজানে** *বিণ* কুল কলঙ্কিতকারী। **কুল-মজানি** *বিণ স্ত্রী.*। **কুল মজানো** *ক্রি* বংশ কলঙ্কযুক্ত করা; কুলে কলঙ্ক লেপন করা।
মজুমদার, মজুন্দার *বি* ১ দলিলপত্র রক্ষক; recordkeeper। ২ রাজস্বের হিসাবপরীক্ষক। ৩ কুল পদবিবিশেষ। [ফা. মজ্‌মুআ'নদার]
মজুর, মজদুর *বি* দৈহিক পরিশ্রম দিয়ে জীবিকা অর্জনকারী; শ্রমিক; শ্রমজীবী। [ফা. মযদূর]
মজুরা *বি* মজুরি; পারিশ্রমিক; অর্থোপার্জনজনিত যে কাজ। [ফা. মজদূর+আ.]
মজুরি, মজুরী *বি* ১ পারিশ্রমিক। ২ মজুরের বা শ্রমজীবীর কাজ। [ফা. মযদূরী]
মজ্জন *বি* নিমজ্জন; পানিতে ডোবা; অবগাহন। [স. √মস্‌জ্+অন]। **মজ্জমান** *বিণ* ডুবে যাচ্ছে এমন; ডুবন্ত। **মজ্জমানা** *বিণ স্ত্রী.*।
মজ্জা *বি* ১ হাড়ের ভিতর চর্বিজাতীয় নরম পদার্থ। ২ কোনো বস্তুর সার অংশ। [স. √মস্‌জ্+অ+আপ]। **মজ্জাগত, অস্থিমজ্জাগত** *বিণ* অস্থি-মজ্জার সঙ্গে অবিচ্ছেদ্যরূপে জড়িত; অন্তর্নিহিত; জন্মগত; সংশোধনের অযোগ্য।
মঝু *সর্ব* আমার। [স. মহ্যম>]
মঞ্চ *বি* ১ টঙ্গ; মাচা; উচ্চস্থান; বেদি। ২ পুস্তক রাখার আধার। [স.]
মঞ্জন *বি* ১ মার্জন; মাজা ক্রিয়া; মেজে সাফ করা। ২ মাজন; যে দ্রব্য দিয়ে মাজা হয়; মিশি। [স. √মৃজ্+অন]
মঞ্জরা *ক্রি* অঙ্কুরিত বা মুকুলিত হওয়া।
মঞ্জরি, মঞ্জরী *বি* ১ মুকুল; শিষ; নবপল্লব। ২ অঙ্কুর। [স. মঞ্জু+√ঋ (গতি/প্রাপ্তি)]। **মঞ্জরিত** *বিণ* ১ মুকুলিত; মঞ্জরিযুক্ত। ২ অঙ্কুরিত।
মঞ্জিমা *বি* সৌন্দর্য; মনোহারিতা; সুদৃশ্যতা; শোভা। [স.]
মঞ্জিল, মনজিল *বি* ১ প্রাসাদ; বাসভবন। ২ অবতরণ-স্থান; পান্থনিবাস; সরাইখানা। ৩ গৃহের তল বা তলা। ৪ গন্তব্যস্থান; লক্ষ্যস্থল। ৫ সমাধি; কবর। [আ. মন্‌যিল]
মঞ্জিষ্ঠা *বি* রক্তবর্ণ লতাবিশেষ। **মঞ্জিষ্ঠারাগ** *বি* ১ মঞ্জিষ্ঠা লতার রং। ২ পূর্বরাগবিশেষ। [স.]
মঞ্জীর *বি* নূপুর; পায়ের একপ্রকার অলঙ্কার। [স. √মনজ্+ঈর]
মঞ্জু *বিণ* মনোহর; সুন্দর; মধুর; মনোজ্ঞ। [স. √মন্‌জ্+উ]। **মঞ্জুকেশী** *বিণ* সুকেশী, মনোহর কেশযুক্ত। **মঞ্জুগমনা** *বি* হংসী। ❑ *বিণ* সুন্দর চলনবিশিষ্ট নারী। **মঞ্জুঘোষ, মঞ্জুশ্রী** *বি* বৌদ্ধ ও জৈন দেবতার নাম। **মঞ্জুভাষিণী** *বিণ স্ত্রী.* সুবচনী; কথা মিষ্ট এমন।
মঞ্জুর, মনজুর *বি* গৃহীত; সঙ্গতিপ্রাপ্ত; অনুমোদিত। [আ. মন্‌যূর]। **মঞ্জুরি** *বি* ১ অনুমতি; অনুমোদন। ২ স্বীকৃতি। **না-মঞ্জুর** *বিণ* অগ্রাহ্য; বাতিল; অনুমোদন লাভ করেনি এমন; অননুমোদিত।
মঞ্জুল, মঞ্জুলা *বিণ* সুন্দর; সুদৃশ্য; মনোহর; মধুর; মনোজ্ঞ। ❑ *বি* কুঞ্জবন; নিকুঞ্জ। [স. মঞ্জু+ল]
মঞ্জুষা, মঞ্জূষা *বি* ১ বেত্রাদি-নির্মিত ঝাঁপি; পেটিকা; পেটরা। ২ পার্বত্য লতাবিশেষ; মঞ্জিষ্ঠা। ৩ সংকলনগ্রন্থ (কাব্য/ গল্প মঞ্জুষা) [স.]
মট *অব্য* কঠিন দ্রব্য ভাঙার শব্দ। **মটমট** *অব্য* বার বার ভাঙার শব্দ।
মটকা[১] *বি* ১ শীর্ষ; চূড়া; মস্তক। ২ ঘরের চালের মাথা। ৩ ছোট আকারের গোলাকার ধানের গোলা। ৪ গতিশীল ভঙ্গিবিশেষ; চোখ ইত্যাদির বিশেষ ভঙ্গিমা। ৫ কপট নিদ্রা; ঘুমের ভান। [স. মণ্ডক>মটক+আ]। **মটকা মারা** *ক্রি* ১ কাঁচা ঘরের শীর্ষস্থ ফাঁক বন্ধ করা। ২ নিদ্রার ভান করে শুয়ে থাকা।
মটকা[২] *বি* মোটা রেশমের কাপড়বিশেষ। [স. মসৃণ। (তুল. হি. মোটকা >)]
মটকা[৩], **মটকি** *বি* মৃত্তিকা নির্মিত ছোট বড় আধার; মাটির তৈরি জালা। [স. মৃত্তিকা >]
মটকানো *ক্রি* মট করে শব্দ হয় এমনভাবে ভাঙা বা মোচড়ানো বা দুমড়ানো। ❑ *বি, বিণ* উক্ত অর্থে।
মটন, মাটন *বি* মাংস; মেষ; ভেড়ার গোশ্‌ত। **মটন-চপ**

বি ভেড়ার মাংসের তৈরি মশলাযুক্ত খাবারবিশেষ। [ই.]
মটর *বি* ডালবিশেষ; কলাই। **মটরশুঁটি** *বি* মটর ডালের শিম।
মটাৎ *অব্য* বাঁশ ইত্যাদি ভাঙার সময়ে মট মট শব্দ।
মটুক *বি* শিরোভূষণ; মুকুট। [বর্ণ-বিপর্যয়ে মুটুক। মুকুট> মুটুক> মটুক]
মঠ১ *বি* ১ আশ্রম; আখড়া। ২ হিন্দু মন্দির। ৩ টোল; বিদ্যালয়। [স.]। **মঠধারী, মঠাধ্যক্ষ** *বি* মঠের অধ্যক্ষ; মোহান্ত। **মঠধারিণী, মঠাধ্যক্ষা** *বি স্ত্রী.*।
মঠ২ *বি* মঠের বা মন্দিরের আকারবিশিষ্ট চিনিতে প্রস্তুত মিষ্টান্ন।
মডেল *বি* ১ প্রতিরূপ; নকল; নমুনা। ২ ভাস্কর ও শিল্পীদের নিকট যে ব্যক্তি বিশেষ ভঙ্গিতে অবস্থান করে। ৩ ধরন; ছাঁচ; মানদণ্ড; আদর্শ। ৪ বিজ্ঞাপনের জন্য যারা পত্রিকা ও প্রচার মাধ্যমে পোজ দেন বা অভিনয় ও কণ্ঠ দান করেন। [ই.]
মড়ক *বি* মহামারী; কলেরা প্লেগ প্রভৃতি রোগে কোনো অঞ্চল অনেক লোকের মৃত্যু। [স. মরক>]
মড়মড় *অব্য* ১ কাঠ ইত্যাদি শক্ত জিনিস ভাঙার শব্দ। ২ শুকনো পাতায় চাপ পড়লে যে শব্দ হয়। **মড়মড়ে** *বিণ* শক্ত; রসশূন্য; খেতে মড়মড় শব্দ হয় এমন।
মড়া *বি* শব; লাশ; মৃতদেহ; মৃত শরীর। [স. মৃত>]। **মড়াখেকো, মড়াখেগো** *বিণ* অতি কৃশ; অস্থিচর্মসার। **মড়ার উপর খাঁড়ার ঘা**—রুগ্ন ও মৃতপ্রায় ব্যক্তির উপর অত্যাচার। **বাসি মড়া** *বি* মৃত্যুর দিন যে মৃতদেহের অন্ত্যেষ্টিক্রিয়া হয়নি।
মড়াচে *বিণ* পরপর কয়েকটি সন্তান হয়ে মরে যাবার পর জীবিত সন্তান সংক্রান্ত। [আঞ্চলিক]
মড়াঞ্চিয়া, মড়াঞ্চে, মড়ুঞ্চে *বিণ* সন্তান হয়ে বাঁচে না এমন; মৃতবৎসা। [বা. মরা+ছা<বৎস)+ইয়া> মড়াঞ্চিয়া>মড়াঞ্চে>মড়ুঞ্চে]
মড়াৎ *বি, অব্য* মরা ডাল ভাঙার শব্দবিশেষ।
মড়িঘর *বি* হাসপাতালাদিতে যে ঘরে মৃতদেহ রাখা হয়; জানঘর; লাশঘর; মর্গ। [আঞ্চলিক]
মড়িপোড়া *বি* হিন্দুদের মধ্যে শবদাহ কাজে সাহায্যকারী পতিত ব্রাহ্মণ। [বা./আঞ্চলিক]
মড়ুঞ্চে ⟹ মড়াঞ্চিয়া।
মড়ুঞ্চে পোয়াতি *বি* যে স্ত্রীলোকের সন্তান হয়ে বাঁচে না। **মড়ুঞ্চে নাম** *বি* মড়ুঞ্চে পোয়াতির সন্তানের নাম; যেমন—এককড়ি, পঁচা, ফেলা, দুখু। [স. মৃতপত্যা>]
মণ ⟹ মন১।
মণি *বি* ১ গহনা হিসেবে ব্যবহৃত দামি পাথর; মূল্যবান প্রস্তর; বহুমূল্য রত্ন। ২ আদরসূচক। ৩ বংশকে উজ্জ্বল করে যে শ্রেষ্ঠ ব্যক্তি। [স.]। **মণিকাঞ্চনযোগ** *বি* সোনার সঙ্গে মণির সংযোগের মতো শোভন ও উপযুক্ত; অতি সুন্দর মিলন। **মণিকার** *বি* জহুরি; রত্নবণিক; মণিপ্রভৃতি কেটে পালিশ করে যে। **মণিকুট্টিম** *বি* মণি বসানো গৃহতল; রত্ননির্মিত মেঝে; পাথর বসানো হয়েছে এমন মেঝে। **মণিকুন্তলা** *বিণ* মণি শিরে এমন (কুন্তল এখানে শির অর্থে)। **মণিকোঠা** *বি* মণি দ্বারা তৈরি ঘর। **মণিদ্বীপ** *বি* ১ মণিময় প্রদীপ। ২ অতিমূল্যবান স্মরণযোগ্য বস্তু। **মণিদীপ্ত** *বিণ* রত্নের আভায় উজ্জ্বল। **মণিমণ্ডিত, মণিময়** *বিণ* রত্নখচিত; মণিদ্বারা খচিত বা প্রস্তুত। **মণিমাণিক্য** *বি* নানা প্রকার মূল্যবান মণি ও রত্ন। **মণিমালা** *বি* মণির মালা; মণিময় হার; রত্নময় হার। **মণিরাগ** *বি* হিঙ্গুল। **মণিহারা ফণী** *বি* ১ মাথার মণি হারানোর ফলে অস্থিরচিত্ত সাপ। ২ অতিপ্রিয় বস্তু বা ব্যক্তিকে হারানোর ফলে অস্থির ব্যক্তি।
মণিকর্ণিকা *বি* ১ হিন্দুদের কাশীস্থ তীর্থবিশেষ। ২ মণিময় কর্ণের অলঙ্কারবিশেষ। [স.]
মণিপুরি *বিণ* ১ হিন্দুদের কাশীস্থ তীর্থবিশেষ। ২ মণিপুর নিবাসী। ৩ মণিপুরে উৎপন্ন। [স.]
মণিবন্ধ *বি* হাতের কব্জি। [স.]
মণ্ড *বি* ১ মাড়; ক্বাথ; ফেন। ২ সারভাগ। [স.]
মণ্ডন *বি* ১ সাজসজ্জা; প্রসাধন; অলঙ্করণ। ২ ভূষণ; অলঙ্কার। [স. √মণ্ড্+অন]। **মণ্ডিত** *বিণ* অলঙ্কৃত; ভূষিত; সজ্জিত; খচিত। **মণ্ডিত** *বিণ স্ত্রী.*।
মণ্ডপ *বি* ১ উপরে ছাদযুক্ত চারদিকে খোলা প্রাঙ্গণ বা চত্বর। ২ হিন্দুদের মন্দির। ৩ উৎসবাদির জন্য নির্মিত চাঁদোয়া ঢাকা স্থান; প্যান্ডেল। ❑ *বিণ* মণ্ড পানকারী। [স. √মণ্ড্+পা+অ]
মণ্ডল১ *বি* ১ গোলক; গোল আকৃতিবিশিষ্ট বস্তু। ২ চক্র; পরিধি। ৩ সঙ্ঘ। ৪ স্থান। ৫ বৃহৎ রাজ্য। ৬ অঞ্চল। [স. √মণ্ড্+অল]। ৭ মোড়ল। **মণ্ডলাকার** *বিণ* গোল; গোলাকার। [স. মণ্ডল+আকার]। **মণ্ডলাধীশ, মণ্ডলেশ্বর** *বি* সুবিস্তীর্ণ রাজ্যের অধিপতি; সম্রাট; রাজচক্রবর্তী। [স. মণ্ডল+অধীশ, ঈশ্বর]
মণ্ডল২ *বি* মোড়ল; সর্দার; মাতব্বর; পদবিবিশেষ।
মণ্ডলী *বি* ১ সমূহ। ২ বৃত্ত। [স.]
মণ্ডা১, মোণ্ডা, মণ্ডিত *বি* ১ সন্দেশজাতীয় ছানার মিষ্টান্নবিশেষ। ২ গুটিকাকৃতি মিঠাইবিশেষ। [স. মণ্ডল>]
মণ্ডূক *বি* ব্যাঙ; ব্যাং; ভেক। **মণ্ডূকী** *বি স্ত্রী.*।
মণ্ডূর *বি* লোহার খাদ; লোহার মরিচা।
মৎ *সর্ব* আমার; মদীয়। **মদীয়** *বিণ* আমার; মৎ সম্পর্কিত। [স.]
মত *বি* ১ অভিমত; মানসিক ভাব; ধারণা; বোধ; প্রতীতি। ২ সম্মতি; সমর্থন; অনুমতি; অনুমোদন। ৩ সিদ্ধান্ত; নির্ধারণ; মীমাংসা; বিশ্বাস। ৪ ধারা; প্রণালী; পদ্ধতি; রীতি। ৫ বিধি; বিধান; নিয়ম। [স.]। **মত দেওয়া** *ক্রি* সম্মত হওয়া; অনুমোদন করা; সম্মতি দেওয়া। **মতদ্বৈধ** *বি* মতের অমিল; মতানৈক্য; দ্বিমত। **মতবাদ** *বি* যুক্তি প্রমাণ ইত্যাদি দিয়ে গৃহীত দার্শনিক বৈজ্ঞানিক বা নীতিবিষয়ক ধারণা বা সিদ্ধান্ত। **মতবিরোধ, মতভেদ** *বি* মতানৈক্য; অমিল; মতান্তর। **মত নেওয়া** *ক্রি* ১ অনুমতি বা সম্মতি গ্রহণ করা। ২ পরামর্শ গ্রহণ করা। **মতান্তর** *বি* ভিন্নমত; মতের অমিল; স্বতন্ত্র অভিমত। [স. মত+অন্তর]। **মতাবলম্বন** *ক্রি* মত গ্রহণ; মতানুসরণ; মত মানা। [স. মত+অবলম্বন]। **মতাবলম্বী** *বিণ* মতানুবর্তী; মতগ্রহণকারী; মতানুসরণকারী। [√মত+ অন্তর]। **মতাবলম্বন** *ক্রি* মত গ্রহণ; মতানুসরণ; মত মানা। [√মত+অবলম্বন]। **মতাবলম্বী** *বিণ* মতানুবর্তী; মতগ্রহণকারী; মতানুসরণকারী। [√মত+অবলম্বী]। **মতাবলম্বিনী** *বিণ স্ত্রী.*। **মতামত** *বি* মত এবং অমত; সম্মতি ও অসম্মতি।

মতলব *বি* ১ ইচ্ছা; অভিসন্ধি; উদ্দেশ্য। ২ ফন্দি; কূট-কৌশল। [আ. মত্‌লব]। **মতলববাজ, মতলবি** *বিণ* ফন্দিবাজ; কূট-কৌশলী; স্বার্থপর। **মতলব হাসিল করা, মতলব হাসিল হওয়া** *ক্রি* গূঢ় উদ্দেশ্য সফল করা; স্বার্থ সিদ্ধ হওয়া।

মতি[১] *বি* ১ বুদ্ধি। ২ স্মৃতি; স্মরণশক্তি। ৩ প্রবৃত্তি; ইচ্ছা; অভিপ্রায়। ৪ মন। [সং √মন্‌+তি]। **মতিগতি** *বি* মনের গতি; মনোভাব; অভিপ্রায়; চেষ্টা। **মতিচ্ছন্ন** *বিণ* কুবুদ্ধি; দুর্মতি; দুর্বুদ্ধি। ☐*বি* বুদ্ধিনাশ; বুদ্ধিভ্রংশ। **মতিভ্রংশ, মতিভ্রম, মতিহীনতা** *বি* স্মৃতিনষ্ট; বুদ্ধিনাশ। **মতিভ্রষ্ট, মতিহীন** *বিণ* স্মৃতি বা বুদ্ধি নষ্ট হয়েছে এমন। **মতিমান** *বিণ* ১ বুদ্ধিমান; সুধী। ২ অনুরক্ত; একাগ্রচিত্ত। **মতিমতী** *বিণ স্ত্রী.*। **মতিস্থৈর্য** *বি* ১ স্থিরতা। ২ সংকল্পের দৃঢ়তা।

মতি[২] (অশু.), **মোতি** *বি* মুক্তা। [সং মৌক্তিক>(মুক্তা); অ. মোত্তি>মোতি>মতি]

মতিচুর, মোতিচুর *বি* মোতির মতো দানাবিশিষ্ট ঘৃতপক্ব মিঠাইবিশেষ; মিহিদানা। [সং মৌক্তিক> মোতি> মতি+চূর্ণ>চুর]

মতিহারি *বি* ভারতস্থ বিহারের অন্তর্গত অঞ্চল। ☐*বিণ* মতিহারিতে জাত; মতিহারি তামাক।

মতো, মতন *বিণ* ১ তুল্য; সদৃশ্য। ২ অনুযায়ী ও অনুরূপ; ন্যায়; অনুসারী। ৩ যোগ্য; উচিত। ☐*বি* প্রকার। ☐*অব্য* জন্য; নিমিত্ত। [সং মৎ+প্রা. মত্ত>বা. মতন>মতো]

মৎকুণ *বি* ১ ছারপোকা। ২ উকুন। ৩ ডাঁশ। ৪ দাড়িগোঁফহীন পুরুষ; মাকুন্দ। [সং]

মত্ত *বিণ* ১ নেশাগ্রস্ত; মাতাল। ২ উন্মত্ত; পাগল; খ্যাপা। ৩ প্রমত্ত; গর্বিত; উল্লসিত; আত্মহারা; বিহ্বল। ৪ অতি আসক্ত; অনুরক্ত বা নিবিষ্ট। [সং]। **মত্তা** *বিণ স্ত্রী.*। **মত্ততা** *বি*।

মৎসর *বি* ১ ঈর্ষা; অসূয়া; হিংসা; পরশ্রীকাতরতা। ২ ক্রোধ। ☐*বিণ* ১ পরশ্রীকাতর; অসূয়াপরবশ; ক্রুদ্ধ। ২ কৃপণ। [সং মদ্‌+ সর]। **মৎসরী** *বিণ* ঈর্ষাকারী; লোভী; নীচ; ক্রুদ্ধ; খল; পরশ্রীকাতর।

মৎস্য *বি* ১ মাছ। ২ হিন্দু পুরাণোক্ত বিষ্ণুর প্রথম অবতার। ৩ একটি হিন্দু পুরাণের নাম। ৪ রাশিচক্রের একটি রাশির নাম; দ্বাদশ রাশির অন্যতম। ৫ একটি প্রাচীন রাজ্যের নাম; বিরাট দেশ। [সং]। **মৎসী** *বিণ স্ত্রী.*। **মৎস্যকরণ্ডিকা** *বি* মাছের চুপড়ি; খালই। **মৎস্যগন্ধা, মৎস্যোদরী** *বি* পুরাণোক্ত ঋষি ব্যাসের মাতার নাম; সত্যবতী। **মৎস্যজীবী** *বি* মাছ ধরে জীবিকা নির্বাহকারী; জেলে; ধীবর। **মৎস্যন্যায়, মৎস্য-নীতি, মাৎস্যন্যায়, মাৎস্যনীতি** *বি* মাছের মতো পরস্পর হানাহানি হত্যা ও অরাজকতা; বড় মাছ ছোট মাছকে খাবে এই নীতি। **মৎস্যরঙ্গ** *বি* মাছরাঙা নামক পাখি।

মৎস্যাশী *বিণ* মাছ খায় এমন; মৎস্যভোজী; মাছখেকো। [সং মৎস্য+আশী]

মথন *বি* ১ মন্থন; ঘোটন; বিলোড়ন। ২ দলন; পীড়ন; ধ্বংসকরণ। ☐*বিণ* বিনাশকারী; দলনকারী; পীড়নকারী। [সং √মথ্‌+অন]। **মথিত** *বিণ* বিলোড়িত; আন্দোলিত; মথন করা হয়েছে এমন। ☐*বি* নির্জল দধি। **মথ্যমান** *বিণ* মন্থন করা হয়েছে এমন।

মথা *ক্রি* মথন করা।

মথুরা *বি* ভারতের একটি নগরী— এখানে শ্রীকৃষ্ণের হাতে রাজা কংসের মৃত্যু হয়। [সং]

মদ *বি* ১ দম্ভ; গর্ব; অহঙ্কার। ২ প্রমত্ততা। ৩ বিহ্বলভাব। ৪ কস্তুরী। ৫ মদ্য; সুরা। ৬ প্রমত্তকর রস। ৭ হাতির গণ্ডদেশ থেকে ক্ষরিত স্রাব। [সং]। **মদকল** *বিণ* মত্ততার জন্য মধুর অস্ফুট শব্দ করে এমন। ☐*বি* মত্তহস্তী। **মদখোর** *বি* মদ্যপ; মদ্যপায়ী; সুরাপায়ী; মাতাল। **মদগর্ব** *বি* মত্ততাহেতু অহঙ্কার; দাম্ভিকতা। **মদমত্ত, মদোন্মত্ত** *বিণ* ১ সুরাপান করে এমন; মাতাল। ২ অহঙ্কারে উন্মত্ত। ৩ প্রমত্ত। [সং মদ+উন্মত্ত]। **মদমত্তা, মদোন্মত্তা** *বিণ স্ত্রী.*। **মদমত্ত হস্তী** *বি* যে হাতির গণ্ডস্থল থেকে রস (মদস্রাব) নিঃসৃত হচ্ছে—এমন অবস্থায় হাতির চঞ্চল আচরণ। মদরত *বিণ* মদমত্ত। **মদশালা** *বি* শরাবখানা। **মদাত্যয়** *বি* মধ্যপান থেকে জাত ব্যাধি। **মদান্ধ** *বিণ* অহঙ্কারে অন্ধ। [সং মদ+অন্ধ]। **মদালস** *বিণ* মদ্যপানের ফলে বিহ্বল; আবেশে বিবশ। **মদালসা** *বিণ স্ত্রী.*।

মদদ, মদত *বি* ১ সাহায্য; সহায়তা। ২ সহযোগিতা। [আ. মদ্‌দ]। **মদদগার** *বিণ* সাহায্যকারী; সহায়তা-কারক। **মদদগারি, মদতগারি** *বি* সাহায্যদান; সহায়তাকরণ। **মদদমাশ, মদদ-ই-মাশ** *বি* ধর্ম ও জ্ঞান প্রচারে নিযুক্ত পীর ফকির ও আলিমদের ভরণ পোষণের জন্য বাদশাহি আমলে নিষ্কর বা অল্প করে প্রদত্ত জমি। [আ. মদ্‌দ+ম'আশ]

মদন *বি* হিন্দুপুরাণোক্ত প্রেমের দেবতা; কন্দর্প; কামদেব; অনঙ্গ; অতনু; মন্মথ; মনোভব; মনসিজ; পঞ্চশর; স্মর; পুষ্পধন্বা; মকরকেতন; রতিপতি। ☐*বিণ* মত্ততাজনক; মাতাল করে এমন। [সং √মদ্‌+ণিচ্‌+অন]। **মদনমোহন, মদনগোপাল** *বি* শ্রীকৃষ্ণ। **মদনোৎসব** *বি* বসন্তোৎসব; হিন্দুদের হোলি উৎসব যাতে রং খেলা হয়।

মদিনা মনোয়ারা *বি* আরব দেশের অন্যতম প্রধান নগর; মদিনা শহর। হজরত মুহম্মদ (সা.) মক্কা থেকে হিজরত করে এখানে আসেন। তাঁর পবিত্র কবর বা রওজা শরিফ এখানে অবস্থিত, সেজন্য মনোয়ারা শব্দটি সম্মানার্থে যুক্ত। [আ.]

মদির *বিণ* মত্ততা সৃষ্টি করে এমন; মত্ততা-জনক; মোহকর। [সং √মদ্‌+ইর]। **মদিরা** *বি* মদ; মদ্য; সুরা; বারুণী। **মদিরাক্ষী, মদিরেক্ষণা** *বি,বিণ* মত্তনয়না; সুলোচনা নারী। [সং মদির+অক্ষী, মদির+ঈক্ষণা]

মদো, মোদো *বিণ* ১ মদের মতন; মদের ন্যায়। ২ মদখোর; মদ্যাসক্ত। [সং মদ+বা. উয়া>ও]

মদ্‌গুর *বি* মাগুর মাছ। [সং মৌদ্‌গল্য]

মদ্য *বি* ১ প্রমত্ততাজনক রস। ২ মদিরা; মদ; সুরা; শরাব; কারণবারি; বারুণী। [সং]

মদ্যপ, মদ্যপায়ী *বিণ* মদ খায় এমন; মদখোর; মাতাল। [সং]

মদ্র *বি* পাঞ্জাবের অন্তর্গত একটি প্রাচীন দেশ। **মদ্রক** *বিণ* মদ্রদেশজাত। [সং]

মধু *বি* ১ ফুলের মিষ্ট রস; মউ; মকরন্দ। ২ পুষ্প থেকে যে মিষ্ট রস মৌচাকে সঞ্চয় করা হয়। ৩ মিষ্ট দ্রব্য। ৪ মদ; সুরা। ৫ বসন্তকাল। ৬ চৈত্রমাস। ৭ মাধুর্য; মধুরতা। ৮ আয় করার সুযোগ-সুবিধা। ☐*বিণ* ১ মধুর মতো স্বাদযুক্ত। ২ মধুর; মাধুর্যময়। [সং]। **মধুক** *বি* ১ যষ্টিমধু। ২ মহুয়ার

ফল। ৩ অশোক। **মধুকণ্ঠ** *বিণ* মিষ্ট স্বরযুক্ত; মিষ্টভাষী। **মধুকর, মধুপ, মধুপায়ী, মধুব্রত, মধুভূৎ, মধুমক্ষিকা, মধুলিট, মধুলিহ, মধুলেহ, মধুলেহী** *বি* ভ্রমর; ভোমরা; মধুমক্ষিকা; মৌমাছি। **মধুকরী** *বি স্ত্রী.*। **মধুকৈটভ** *বি* হিন্দুপরাণ অনুসারে বিষ্ণু দ্বারা নিহত অসুরদ্বয়। **মধুকোষ, মধুক্রম, মধুচক্র, মধুচ্ছত্র, মধুজালক** *বি* মৌচাক। **মধুগন্ধী** *বিণ* মিষ্ট গন্ধযুক্ত। **মধুগোলক** *বি* লাড্ডু বা নাড়ু। **মধুজীব, মধুজীবী** *বি* মৌমাছি। **মধুচন্দ্রিমা, মধুচন্দ্রিকা** *বি* বিয়ের পর বরবধূ যে প্রমোদবিহারে যায়। **মধুনিশি, মধুযামিনী, মধুরাতি** *বি* ১ বসন্তকালের রাত্রি। ২ আনন্দ রাত্রি। **মধুপ** *বি* মধুকর; ভ্রমর। **মধুপী** *বি স্ত্রী.*। **মধুপর্ক** *বি* ঘৃত দধি মধু এসব দ্রব্য-মিশ্রিত বস্তু হিন্দুরা দেবতার নৈবেদ্য হিসেবে ব্যবহার করে। **মধুপিঙ্গল** *বিণ* সুন্দর; সুন্দর হরিতাভ; পাটল। **মধুপুরী** *বি* মথুরা নগরী। **মধুবন** *বি* ১ বৃন্দাবনের এক বন। ২ মথুরার অন্তর্গত একটি বন। **মধুবর্ষী** *বিণ* মধুবর্ষণকর; অতিশয় মধুর। **মধুমক্ষিকা** *বি* মৌমাছি। **মধুমতীপুরী** *বি* মৌচাক। **মধুময়** *বিণ* ১ মধুপূর্ণ। ২ সুমধুর। **মধুমাধব** *বি* চৈত্র ও বৈশাখ মাস। **মধুমান** *বিণ* মধুর; মধুময়। **মধুমাস** *বি* চৈত্রমাস। **মধুমেহ** *বি* বহুমূত্র রোগ। **মধুসখ** *বি* কোকিল। **মধুসূদন** *বি* হিন্দুপুরাণ অনুযায়ী বিষ্ণু যিনি মধু নামক দৈত্যকে বধ করেছিলেন। **মধুস্বর** *বি* ১ মিষ্ট কণ্ঠস্বর। ২ কোকিল। **মধূখ** *বি* মোম।

মধুর *বিণ* ১ অতি মিষ্ট। ২ মনোহর; প্রীতিদায়ক। [স.]। **মধুরা** *বি স্ত্রী.*। **মধুরত্ব, মধুরিমা, মাধুর্য, মাধুরী** *বি*। **মধুরেণ সমাপয়েৎ**—মিষ্টি দিয়ে শেষ করা।

মধূৎসব *বি* বসন্তোৎসব; বসন্তকালে অনুষ্ঠিত যে উৎসবে রং খেলা হয়; হোলি উৎসব। [স. মধু+উৎসব]

মধ্য *বি* ১ মাঝ; মাঝামাঝি স্থল। ২ মাজা; কোমর; কটি; শরীরের মাঝামাঝি স্থান। ৩ কেন্দ্র। ৪ ভিতর; অভ্যন্তর। ৫ ফাঁক; অন্তরাল; অবসর; বিশ্রাম। ৬ সঙ্গীতের একটি তাল। ❑ *বিণ* ১ মধ্যবর্তী; মাঝের; প্রান্ত থেকে সমদূরবর্তী; কেন্দ্রস্থ। ২ ভিতরের; অন্তর্বর্তী। [স.]। **মধ্যগ** *বিণ* মধ্যবর্তী; মাঝের। **মধ্যগা** *বিণ স্ত্রী.*। **মধ্যদিন** *বি* দিবসের মধ্যভাগ; মধ্যাহ্ন; দুপুর বেলা। **মধ্যদেশ** *বি* মধ্যভাগ; মধ্যবর্তী স্থান; ভেতর। **মধ্যপদলোপী** *বিণ* যে সমাসে মধ্যবর্তী পদের লোপ হয়। **মধ্যপ্রদেশ** *বি* ১ মধ্যস্থল। ২ ভারতের একটি প্রদেশ। **মধ্যবয়স্ক** *বিণ* মাঝবয়সী। **মধ্যবয়স্কা** *স্ত্রী.*। **মধ্যবর্তিতা** *বি* ১ সালিসি; মধ্যস্থতা। ২ মাঝে অবস্থান। **মধ্যবর্তী** *বিণ* ১ মাঝে বা ভিতরে স্থিত; মাঝামাঝি স্থানে বা অভ্যন্তরে অবস্থিত। ২ মধ্যস্থ; সালিস। **মধ্যবর্তিনী** *বিণ স্ত্রী.*। **মধ্যবিত্ত** *বি* ধনী ও দরিদ্রের মাঝামাঝি অবস্থাযুক্ত। **মধ্যবিত্ততা** *বি* মধ্যবিত্ত অবস্থা। **মধ্যবিধ** *বিণ* মধ্যম প্রকার। **মধ্যম** *বিণ* ১ মাঝারি; কমও নয় বেশিও নয়, ভালোও নয় মন্দও নয়—এই রকমের। ২ মাঝামাঝি স্থানে স্থিত। ৩ মেজ; দ্বিতীয়। ৪ কটিদেশ। ❑ *বি* 'মা' নামক স্বরগ্রামের চতুর্থ স্বর। **মধ্যমণি** *বি* গ্রথিত বা খচিত মণিগণের মধ্যস্থলে সর্বশ্রেষ্ঠ মণি; হারের মধ্যস্থিত শ্রেষ্ঠ রত্ন। **মধ্যম পাণ্ডব** *বি* মহাভারতোক্ত ভীম। **মধ্যমবয়স্ক** *বিণ* প্রৌঢ়; মাঝবয়সী। **মধ্যমবয়স্কা** *বিণ স্ত্রী.*। **মধ্যমা** *বি* মাঝের আঙুল; হাতের সর্বাপেক্ষা দীর্ঘ আঙুল। **মধ্যমান** *বি* সঙ্গীতের একটি তাল। **মধ্যযুগ** *বি* মোটামুটিভাবে ১১শ-১৭শ শতাব্দী। **মধ্যযুগীয়, মধ্যযুগী** *বিণ* মধ্যযুগের। **মধ্যরাত্র** *বি* রাত্রির মধ্যভাগ; দুপুর রাত; নিশীথ। **মধ্যরেখা** *বি* ১ যে বৃত্তাকার কাল্পনিক রেখা উত্তর ও দক্ষিণ মেরুর মধ্য দিয়ে বিস্তৃত। ২ যে কল্পিত বৃত্তাকার রেখা উত্তর ও দক্ষিণ দিকে বিস্তৃত হয়ে নভোমণ্ডলকে পূর্ব ও পশ্চিমে সমান দুই অংশে বিভক্ত করে। **মধ্যস্থ** *বিণ* মধ্যস্থলে স্থিত; মধ্যবর্তী। ❑ *বি* সালিস; পক্ষপাতহীন মীমাংসা। **মধ্যস্থতা** *বি*। **মধ্যস্থল** *বি* অভ্যন্তর ভাগ; কেন্দ্র; মাঝখান। **মধ্যা** *বিণ স্ত্রী.* মধ্যবর্তিনী; মধ্যস্থিত। **মধ্যে** *বি* ১ মধ্যস্থলে; অভ্যন্তরে; ভিতরে। ২ অবসরে; ফাঁকে; অবকাশে; বিশ্রামে। ৩ সময় অতিবাহিত হবার আগে। ৪ অতিক্রম না করে। ❑ *ক্রিবিণ* কিছুকাল পূর্বে। **মধ্যে পড়া** *ক্রি* ১ ভিতরে পতিত হওয়া; ডাকাত প্রভৃতির দ্বারা পরিবেষ্টিত হওয়া। ২ প্রবেশ করা; মধ্যস্থতা করা। **মধ্যে মধ্যে** *অব্য* মাঝে মাঝে; কিছু পর পর; কখনও কখনও; কোথাও কোথাও; স্থানে স্থানে।

মধ্যাহ্ন *বি* মধ্যদিন; দিনের মধ্যভাগ; দুপুর বেলা; দ্বিপ্রহর। [স.]। **মধ্যাহ্ন তপন** *বি* দিবা দ্বিপ্রহরের প্রখর সূর্য। **মধ্যাহ্ন ভোজন** *বি* দুপুরের আহার; দিনের বেলার প্রধান আহার।

মন[১]**, মণ** *বি* ৪০ সের ওজন; ৩৭·৫ কিলোগ্রাম পরিমাণ ওজন। [আ.]। **মনকে** *অব্য* মনপ্রতি।

মন[২] *বি* ১ চিত্ত; অন্তঃকরণ; অন্তরিন্দ্রিয়; হৃদয়। ২ স্মৃতি; স্মরণ। ৩ বোধ। ৪ ইচ্ছা; প্রবৃত্তি। ৫ নিষ্ঠা; আন্তরিকতা। ৬ পছন্দ। ৭ অভিনিবেশ; একাগ্রতা। ৮ আকাঙ্ক্ষা; সংকল্প। [স. মনস্, মনঃ>]। **মন উঠা, মন ওঠা** *ক্রি* মনের মতো হওয়ার জন্য খুশি হওয়া; আশা মেটা; তুষ্ট হওয়া। **মন করা** *ক্রি* ১ সংকল্প করা; ইচ্ছা করা। ২ সম্মত হওয়া। **মন কর্ষণ** *বি* চিত্তের উৎকর্ষ সাধন। **মনকলা খাওয়া** *ক্রি* কল্পনায় বাঞ্ছিত বস্তু উপভোগ করা। **মনকল্প** *বি* মনের কথা; মনের ইচ্ছা। **মন কষা** *ক্রি* ১ চিত্ত দৃঢ় করা। ২ মন পরীক্ষা করা। **মনকষা** (গ.) ওজনের অঙ্ক মনের ভিত্তি করে নিরূপিত অঙ্ক। **মন কষাকষি** *বি* পরস্পরের প্রতি মনে বিরূপতা ও বিরোধিতা; পরস্পর মনোমালিন্য; পরস্পর অবনিবনা। **মন কাড়া** *ক্রি* মুগ্ধ করা; মন ভুলানো। **মন কেমন করা** *ক্রি* মন ব্যথিত বা ভারাক্রান্ত হওয়া; ব্যাকুল হওয়া; কান্না পাওয়া। **মন খারাপ হওয়া** *ক্রি* দুঃখিত বা বিষণ্ন হওয়া। **মন খোলা** *বিণ* অকপট; সরল; উদার। ❑ *ক্রি* মনের কথা অকপটে খুলে বলা। **মনগড়া** *বিণ* অলীক; কাল্পনিক; কল্পনাপ্রসূত; বানানো। **মন গলা** *ক্রি* হৃদয় বিগলিত হওয়া; দয়ার্দ্র হওয়া। **মন চলা** *ক্রি* চিত্ত ধাবিত হওয়া। **মনচোর, মনচোরা, মনোচোর** *বি, বিণ* যে মন চুরি করে; চিত্ত-চোর; হৃদয়হারক; প্রণয়পাত্র। **মনছল** *বিণ* মনকে ছলনা করে এমন; ছলনাময়ী। **মন ছোটা, মন ছুটা** *ক্রি* প্রবল ইচ্ছা হওয়া। **মন জানা** *ক্রি* অপরের মনের কথা জানা; অন্তরের ভাব বা অভিপ্রায় অবগত হওয়া। **মন টলা** *ক্রি* পূর্ব সংকল্প বা অভিপ্রায় শিথিল হওয়া; মতের নড়াচড়া হওয়া; বিচলিত হওয়া; চিত্তবিকার ঘটা। **মন টানা** *ক্রি* চিত্ত আকর্ষণ করা। **মন ঢালা** *ক্রি* সমর্পণ করা; গাঢ়ভাবে মনোনিবেশ করা। ❑ *বিণ* সম্পূর্ণ আন্তরিক। **মন থাকা**

ক্রি অন্তরের টান থাকা; ইচ্ছা থাকা। **মন থেকে** *ক্রিবিণ* ১ আন্তরিকভাবে; আন্তরিকতার সাথে। ২ নিজের কল্পনা থেকে। **মন দমা** *ক্রি* উদ্যম নষ্ট হওয়া; হতাশ হওয়া। **মন দেওয়া** *ক্রি* ১ মনোযোগী হওয়া; মন লাগানো। ২ ভালোবাসা। **মন দেওয়া-নেওয়া** *বি* চিত্ত বিনিময়; একে অন্যকে ভালোবাসা। **মনপবন** *বি* ১ মনরূপ বাতাস; মনঃপ্রাণ; প্রাণ ও প্রাণবায়ু। ২ পবন বা বায়ুর ন্যায় দ্রুতগামী বা স্বেচ্ছাবিহারী মন। **মনপবনের দাঁড়** *বি* রূপকথার কল্পিত মনপবন নামক অতি দ্রুতগামী নৌকার দাঁড়। **মন ফেরানো** *ক্রি* ঝোঁক নিবারণ করা; কোনো কিছু থেকে নিবৃত্ত করা। **মন বসা, মন লাগা** *ক্রি* চিত্ত স্থির হওয়া; ভালো লাগা। **মন ভার হওয়া** *ক্রি* বিরক্ত হওয়া; অপ্রসন্ন হওয়া। **মন ভোলা** *বিণ* ভুলো; কিছু মনে থাকে না এমন; আত্মবিস্মৃত। **মন ভোলানো, মন ভুলানো** *ক্রি* চিত্ত মুগ্ধ করা; মন হরণ করা। **মনভোলানে** *বিণ* মনোমুগ্ধকর। **মন মরা** *বিণ* বিমর্ষ; উৎসাহহীন। **মনমাতানো**[১] *ক্রি* অপরের মন আনন্দে অভিভূত করা; চিত্ত মুগ্ধ করা। **মনমাতানো**[২], **মনমাতানে** *বিণ* মন মত্তকারী; মনকে আনন্দে মাতিয়ে দেয় এমন; মনোমুগ্ধকর। **মন মানা** *ক্রি* বোধ বা প্রবোধ মানা; সান্ত্বনা পাওয়া। **মন যাওয়া** *ক্রি* মন বসা। **মন জোগানো, মন যোগানো** *ক্রি* পরের খুশিমতো কাজ করে সন্তুষ্ট করা; চাটুকারিতা দ্বারা খুশি করা। **মন জোগানো কথা** *বিণ* খুশি করার জন্য বলা কথা; তোষামোদসূচক বাক্য। **মনরক্ষা** *বি* কোনোরূপে মনঃক্ষুণ্ন না হয় তার উপায় করা; চাটুকারিতা বা প্রিয় কাজ করে সন্তোষবিধান। **মন রাখা** *ক্রি* মন রক্ষা করা; অন্যের ইচ্ছা অনুযায়ী চলে তাকে খুশি করা। **মন লাগা** *ক্রি* মন বসা; আগ্রহ অনুরাগ বা উৎসাহ বোধ করা। **মন লাগানো** *ক্রি* মন যাতে বসে তা করা; মনোযোগ দেওয়া; মনোনিবেশ করা। **মন সরা** *ক্রি* ভালো লাগা বা ইচ্ছা হওয়া; প্রবৃত্তি হওয়া। **মন হরা** *ক্রি* মন চুরি করা; চিত্ত হরণ করা। **মন হারানো** *ক্রি* মন বশে না থাকা; আত্মহারা হওয়া। **মনে আনা** *ক্রি* ভাবা; স্মরণ করা; মনে স্থান দেওয়া। **মনে আসা, মনে উঠা, মনে ওঠা** *ক্রি* মনে পড়া; স্মরণ হওয়া; স্মৃতিপথে উদয় হওয়া। **মনে জাগা** *ক্রি* স্মরণ হওয়া; খেয়াল হওয়া; মনে উদয় হওয়া। **মনে জানা** *ক্রি* অনুভব বা উপলব্ধি করা। **মনে থাকা** *ক্রি* বিস্মৃত না হওয়া; স্মরণ থাকা। **মনে দাগ কাটা, মনে দাগ থাকা** *ক্রি* স্মৃতি স্থায়ী হওয়া; হৃদয়ে জাগরূক থাকা; বেদনার ছাপ থাকা। **মনে ধরা** *ক্রি* মনের মতন হওয়া; পছন্দসই হওয়া। **মনে পড়া** *ক্রি* স্মরণ হওয়া। **মনে পুষে রাখা** *ক্রি* মনে করে রাখা; না ভোলা। **মনেপ্রাণে** *ক্রিবিণ* ঐকান্তিকভাবে; সর্বান্তঃকরণে। **মনে মনে** *ক্রিবিণ* বাইরে প্রকাশ না করে নিজের মনে ও অপরের অজ্ঞাতে; কল্পনায়। **মনের আগুন** *বি* শোক ও দুঃখজনিত মনের তীব্র যন্ত্রণা; অন্তর্দাহ। **মনের কালি, মনের ময়লা** *বি* ১ মনোমালিন্য; বিবাদ-বিসংবাদ। ২ বিদ্বেষ; হিংসা; ঈর্ষা। ৩ গোপন পাপ; গোপনে কৃত পাপকার্য। **মনের গোল** *বি* ১ সন্দেহ; সংশয়। ২ দ্বিধা; ইতস্তত ভাব। **মনের জোর** *বি* মানসিক বল; মনের দৃঢ়তা। **মনের ঝাল মিটানো**—মনের গোপন বিরূপতা প্রকাশ করা; পুষে রাখা বিদ্বেষ বা ক্রোধের বহিঃপ্রকাশ করা। **মনের বিষ** *বি* গোপন হিংসা বিদ্বেষ বা শত্রুতা। **মনের মতো** *বিণ* পছন্দমাফিক; পছন্দসই; ইচ্ছার অনুরূপ। **মনের মানুষ** *বি* আপন পছন্দমতো মানুষ; প্রিয়পাত্র। **মনের মিল** *বি* সদ্ভাব; সম্প্রীতি; ঐক্য। **মনে রাখা** *ক্রি* স্মরণ রাখা। **মনে নেওয়া, মনে হওয়া** *ক্রি* বোধ বা ইচ্ছা হওয়া। **মনে লাগা** *ক্রি* পছন্দ হওয়া। **আপন মনে** *ক্রিবিণ* মনে মনে; নিজের মনে; স্বগত।

মনঃ *বি* মন। [স. মনস্]। **মনঃকল্পিত** *বিণ* মনগড়া; কল্পনায় সৃষ্ট। **মনঃকষ্ট, মনোদুঃখ, মনোবেদনা** *বি* মনের দুঃখ; মনের কষ্ট। **মনঃক্ষুণ্ন** *বিণ* নিরাশ; বিষণ্ণ; দুঃখিত। **মনঃপূত** *বিণ* পছন্দসই; মনোমত; সন্তোষজনক; মনোনীত। **মনঃপ্রাণ** *বি* সমগ্র চিত্ত; সমস্ত অন্তঃকরণ; সমস্ত মন; আন্তরিকতা। **মনঃসংযোগ** *বি* মনোযোগ; মনোনিবেশ। **মনঃসমীক্ষণ** *বি* মানব-মনের প্রকৃতি ও প্রবণতার বিশ্লেষণ; ফ্রয়েড আবিষ্কৃত অবচেতন মানসের বিশ্লেষণ ও বিচারপদ্ধতি। **মনঃস্থ, মনস্থ** *বিণ* মনে স্থিত; অভিপ্রেত; সংকল্পিত। □ *বি* ইচ্ছা; অভিপ্রায়; সংকল্প; প্রতিজ্ঞা।

মনঃশিলা *বি* একপ্রকার রক্তবর্ণ পাহাড়িয়া উপধাতু; মনছাল। [স.]

মনকির-নকির *বি* ইসলাম ধর্মানুযায়ী দুই ফেরেশতা যাঁরা মৃত ব্যক্তিদের কবরের মধ্যে তাদের ধর্মবিশ্বাস ও কার্যাদি সম্বন্ধে জিজ্ঞাসাবাদ করেন। [আ. মন্‌কির্ নকীর]

মনক্কা, মুনাক্কা *বি* কিশমিশ অপেক্ষা বড় শুষ্ক আঙুরবিশেষ। [আ. মুনক্কা]

মনছাল *বি* একপ্রকার রক্তবর্ণ ধাতু। [স. মনঃশিলা]

মনন *বি* ১ চিন্তন; অনবরত অনুচিন্তন। ২ অনুমান; ধারণা; বোধ; সংকল্প; প্রতিজ্ঞা। [স. মন+অন]। **মনন-দৈন্য** *বি* চিন্তার দৈন্য। **মননশীল** *বিণ* চিন্তাশক্তিসম্পন্ন; চিন্তাশীল; ভাবুক। **মননীয়** *বিণ* মননযোগ্য; চিন্তনীয়; ভাববার যোগ্য।

মনশ্চক্ষু *বি* মন রূপ চক্ষু; অন্তর্দৃষ্টি; কল্পনা। [স. মনঃ+চক্ষু]

মনশ্চাঞ্চল্য *বি* চিত্তচাঞ্চল্য; মনের উদ্বেগ। [স. মনঃ+চাঞ্চল্য]

মনসব *বি* ২/৫/৭/১০ হাজার সৈন্যের দল; সেনাবাহিনীর উচ্চপদ। [আ. মনসব]। **মনসবদার** *বি* জায়গির প্রাপ্ত সৈন্যপোষক সেনাপতি। [আ. মন্‌সব্+ফা. দার]। **মনসবদারি, মনসবদারী** *বি* মনসবদারের পদ বা কার্য।

মনসা *বি* ১ হিন্দু পুরাণোক্ত সর্পমাতা নাগদেবী; বিষহরী। [স.]। ২ সিজ গাছ। **মনসামঙ্গল** *বি* হিন্দুদেবী মনসার মাহাত্ম্য ও কাহিনী বিষয়ক কাব্যগ্রন্থ।

মনসিজ *বি* মদন; কামদেব; কন্দর্প। (মনে জন্ম যার)। [স. মনসি+√জন্+অ]

মনস্কাম, মনস্কামনা *বি* বাসনা; আন্তরিক কামনা; ইচ্ছা। [স.]

মনস্তাপ *বি* ১ মানসিক কষ্ট; মনোদুঃখ। ২ অনুশোচনা। [স. মনস্+তাপ]

মনস্তুষ্টি *বি* মনের সন্তোষ; চিত্তের তৃপ্তি। [স. মনস্+তুষ্টি]

মনস্বী *বিণ* উদারচেতা; মহামনা; ধীরচেতা; প্রশস্তচিত্ত; স্থিরচিত্ত। [স. মনস্+বিন্]। **মনস্বিনী** *বিণ* স্ত্রী.। **মনস্বিতা** *বি*।

মনহুস *বি* অশুভ; অমঙ্গলজনক; মন্দ; পয়হীন; অভিশপ্ত;

হতভাগ্য। [আ. মনহূস]
মনাগুন *বি* প্রেমজনিত চিত্তদাহ। [বা. মন+আগুন]
মনান্তর *বি* মনোমালিন্য; ঝগড়া। [স. মনঃ>মন+অন্তর>]
মনিঅর্ডার *বি* পোস্ট অফিসের মাধ্যমে টাকা প্রেরণের আদেশপত্র। [ই.]
মনিব, মুনিব *বি* প্রভু; নিযুক্তকারী ব্যক্তি। [আ. মুনীব]
মনিব্যাগ, মানিব্যাগ *বি* টাকা পয়সা রাখার ছোট থলি যা পকেটে রাখা চলে। [ই.]
মনিষ, মুনিষ *বি* ১ ক্ষেতমজুর; জন; দৈনিক পারিশ্রমিক নিয়ে যারা গৃহস্থবাড়িতে কাজ করে। ২ কুলি, মজুর। [স. মনুষ্য>]। **মনিষ খাটা** *ক্রি* মজুর বা মনিষরূপে কাজ করে জীবিকা উপার্জন করা।
মনিষ্যি *বি* মনুষ্য; মানুষ। [স. মানুষ>]
মনিহারি, মণিহারী *বিণ* খেলনা ও শৌখিন জিনিস বিক্রেতা অথবা সেই সম্পর্কীয়। [হি. মনোহর+বা. ঈ>; স. মনস্+√হৃ+ইন = মনোহরী>; আ. মনহিয়ার+ বা. ঈ = মনিহারী]
মনীষা *বি* প্রজ্ঞা; তীক্ষ্ণবুদ্ধি; প্রতিভা। [স. মনঃ+ঈষা]। **মনীষী** *বিণ* ১ মনীষাসম্পন্ন; তীক্ষ্ণধী। ২ জ্ঞানী; বিদ্বান; পণ্ডিত। **মনীষিণী** *বিণ স্ত্রী.*। **মনীষিতা** *বি* বুদ্ধিমত্তা; মনীষীসুলভ ভাব।
মনু *বি* ১ হিন্দু পুরাণ মতে ব্রহ্মার চতুর্দশ পুত্র বৈবস্বত মনু; আদি মানব। ২ হিন্দুশাস্ত্র প্রণেতা মনু। [স. √মন্+উ]। **মনুসংহিতা** *বি* মনু প্রণীত আইনশাস্ত্র; মনুরচিত হিন্দু স্মৃতিশাস্ত্র।
মনুমেন্ট *বি* কীর্তিস্তম্ভ। [ই.]
মনুষ্য *বি* নর; মানুষ; মানব। **মনুষী** *বি স্ত্রী.*। **মনুষ্যকৃত** *বিণ* মানুষের দ্বারা সম্পাদিত; মানুষ রচিত। **মনুষ্যচরিত** *বি* মানবস্বভাব। **মনুষ্যজন্ম** *বি* মানবজন্ম; মানুষরূপে জন্মগ্রহণ। **মনুষ্যত্ব** *বি* মানবতা; মানুষের থাকা উচিত এমন সদগুণ। **মনুষ্যত্ববর্জিত** *বি* মনুষ্যত্ববিহীন; মানবোচিত গুণশূন্য; অমানুষ; পশুতুল্য। **মনুষ্যধর্মা** *বিণ* মানবোচিত গুণে পূর্ণ। **মনুষ্যলোক** *বি* নরলোক; পৃথিবী; মর্ত্যলোক। **মনুষ্যাবাস** *বি* লোকালয়। [স. মনুষ্য+ আবাস]। **মনুষ্যোচিত** *বিণ* মানবোচিত; মানুষের জন্য উচিত বা শোভন এমন। [স. মনুষ্য+উচিত]
মনোগত *বিণ* মানসিক; অন্তরের/মনের অধিকারগত। [স. মনঃ+গত]
মনোজ *বিণ* মনে উৎপন্ন। ☐ *বি* কাম; কন্দর্প। [স. মনঃ+জ]
মনোজগৎ *বি* মন রূপ ভুবন; অন্তর্জগৎ; ভাবজগৎ; সমস্ত মানসিক ব্যাপার। [স. মনঃ+জগৎ]
মনোজ্ঞ *বিণ* চারু; মনোহর; সুন্দর; চিত্তাকর্ষক। [স. মনঃ+জ্ঞ]। **মনোজ্ঞা** *স্ত্রী.*। **মনোজ্ঞতা** *বি*।
মনোদুঃখ *বি* শোক; মনের দুঃখ; মনস্তাপ; মনোবেদনা; মানসিক যন্ত্রণা। [স. মনঃ+দুঃখ]
মনোনয়ন *বি* নির্বাচন; বাছাই; পছন্দকরণ। [স. মনঃ+নয়ন—মনঃ+√নী+অন]
মনোনিবেশ *বি* মনোযোগ। [স. মনঃ+নিবেশ]
মনোনীত *বিণ* পছন্দ করা হয়েছে এমন; মনোনয়ন প্রাপ্ত; নির্বাচিত। [স. মনঃ+√নী+ত]। **মনোনীতা** *বিণ স্ত্রী.*।
মনোবাঞ্ছা *বি* মনস্কাম; মনের সাধ। [স. মনঃ+বাঞ্ছা]
মনোবিকলনশাস্ত্র *বি* মানব মনের প্রকৃতি বিশ্লেষণ ও বিচার। [স. মনঃ+বিকলনশাস্ত্র]
মনোবিকার *বি* মনের অস্বাভাবিক অবস্থা; মনের ব্যাধি; চিত্তবিকৃতি; চিত্তচাঞ্চল্য। [স. মনঃ+বিকার]
মনোবিচ্ছেদ *বি* মনোমালিন্য; মনান্তর ঝগড়া; কলহ। [স. মনঃ+বিচ্ছেদ]
মনোবিজ্ঞান, মনোবিদ্যা *বি* মনের প্রকৃতি, শক্তি বৃত্তি ইত্যাদি বিষয়ক বিজ্ঞান; মনোবিশ্লেষণ তত্ত্ব। [স. মনঃ+বিজ্ঞান, বিদ্যা]
মনোবিবাদ *বি* মনান্তর; মনোমালিন্য; ঝগড়া; কলহ। [স. মনঃ+বিবাদ]
মনোবৃত্তি *বি* স্মরণ চিন্তন অনুধ্যানাদি মানসিক ক্রিয়া; মনোভাব; চিত্তবৃত্তি। [স. মনঃ+বৃত্তি]
মনোবেদনা, মনোব্যথা *বি* মনের কষ্ট; মনোদুঃখ; অন্তর্যাতনা। [স. মনঃ+বেদনা, ব্যথা]
মনোভঙ্গ *বি* নৈরাশ্য; নিরুৎসাহ; বিষণ্ণতা; বিষাদ। [স. মনঃ+ভঙ্গ]
মনোভব *বি* মদন; মন্মথ; কাম। [স. মনঃ+ভাব]
মনোভাব *বি* মনের অবস্থা; মনের গতি; মানসিক অবস্থা; ইচ্ছা; বাসনা। [স. মনঃ+ভাব]
মনোভার *বি* হৃদয়ভার; মনোবেদনা; অভিমানাদিজনিত মানসিক ক্লেশ। [স. মনঃ+ভার]
মনোমত *বিণ* ইচ্ছানুরূপ; পছন্দসই; মনের মতন। [স. মনঃ+মত]
মনোমদ *বি* দম্ভ; মিথ্যা গর্ব; অহঙ্কার। [স. মনঃ+মদ]
মনোময় *বিণ* মন দ্বারা সৃষ্ট; মানস; কাল্পনিক; মানসিক; মনঃস্বরূপ। [স. মনঃ+ময়]
মনোমালিন্য *বি* মনের মলিনতা; মনান্তর; ঝগড়া; কলহ। [স. মনঃ+মালিন্য]
মনোমোহন *বিণ* মনোহারী; চিত্তাকর্ষক; মনোজ্ঞ; সুন্দর। **মনোমোহিনী** *বিণ স্ত্রী.*। [স. মনঃ+মোহন, মোহিনী]।
মনোযোগ *বি* মনোনিবেশ; অভিনিবেশ; প্রণিধান; একাগ্রতা; অবহিত–চিত্ততা; মনঃসংযোগ। **মনোযোগী** *বিণ* মন দিয়েছে এমন; অভিনিবিষ্ট। **মনোযোগিতা** *বি*। [স. মনঃ+যোগ, যোগী, যোগিতা]
মনোরঞ্জক *বিণ* মনোহর; চিত্তাকর্ষক; মনের সন্তোষ বিধায়ক। [স. মনঃ+রঞ্জক]। **মনোরঞ্জিকা** *স্ত্রী.*।
মনোরঞ্জন *বি* চিত্তের সন্তোষ সাধন; মনে আনন্দ দান। ☐ *বিণ* মনের আনন্দ বিধায়ক; মনোরঞ্জক। [স. মনঃ+রঞ্জন] **মনোরঞ্জিনী** *বি স্ত্রী.* মনোরঞ্জনকারিণী; চিত্তবিনোদনকারিণী। [স. মনঃ+রঞ্জিনী]
মনোরথ *বি* ১ ইচ্ছা; বাসনা; অভিলাষ। ২ সংকল্প। [স. মনঃ+রথ]। **মনোরথগতি** *বিণ* মনের মতো দ্রুতগতিসম্পন্ন। ☐ *বি* যথেচ্ছ গমনশক্তি।
মনোরম *বিণ* সুন্দর; মনোজ্ঞ; রমণীয়; চারু। **মনোরমা** *বিণ স্ত্রী.*। [স. মনঃ+রম, রমা]।
মনোরাজ্য *বি* মন রূপ রাজ্য; হৃদয়–রাজ্য; মনের ভুবন; মনোজগৎ; ভাবজগৎ। [স. মনঃ+রাজ্য]
মনোলোভা *বিণ স্ত্রী.* দেখে মন মুগ্ধ হয় এমন; লোভ জন্মে এমন; মনোমুগ্ধকর; মনোহারিণী; চিত্তহারিণী। [স. মনঃ+লোভা]
মনোহর *বিণ* অতি সুন্দর; চিত্তাকর্ষক। **মনোহরা** *বিণ* মন হরণকারিণী; অতি মনোরমা। ☐ *বি* সন্দেশবিশেষ। [স.

মনঃ+√হৃ+অ]। **মনোহরণ** *বি* হৃদয় মুগ্ধকরণ। [স. মনঃ+হর, হরা, হরণ]। **মনোহরশাহি, মনোহরসাহি** *বি* মনোহর শাহ প্রবর্তিত কীর্তনের সুরবিশেষ।

মনোহারী *বিণ* রমণীয়; চিত্তাকর্ষক; অতি সুন্দর। [মনঃ+হারী]। **মনোহারিণী** *বিণ স্ত্রী*। **মনোহারিত্ব** *বি*। [স. মনঃ+হারী, হারিণী, হারিত্ব; মনঃ+√হৃ+ঈন]

-মন্ত—যুক্ত বিশিষ্ট সম্পন্ন প্রভৃতি অর্থবাচক প্রত্যয় (বুদ্ধিমন্ত, লক্ষ্মীমন্ত)।

মন্তব্য *বি* অভিমত; টীকা। [স. √মন্+তব্য]

মন্তর *বি* মন্ত্র।

মন্তেক *বি* তর্কবিদ্যা বা ন্যায়শাস্ত্র। [আ. মনতিক]

মন্ত্র *বি*১ গূঢ় তাৎপর্যপূর্ণ শব্দ বা বাক্য; হিন্দুদের দেবপূজা প্রভৃতিতে ব্যবহৃত পবিত্র বাক্য বা শব্দ। ২ হিন্দু বিশ্বাসে ত্রাণকারী শব্দ বা শব্দসমূহ। ৩ বেদ বা বেদাংশ। ৪ কর্মের মূলনীতি। ৫ মন্ত্রণা; উপদেশ; যুক্তি; পরামর্শ। ৬ রহস্য। [স.]। **মন্ত্রক** *বি* মন্ত্রণালয়; মন্ত্রদাতা; ministry। **মন্ত্রকুশল** *বিণ* পরামর্শদানে নিপুণ। **মন্ত্রগুপ্তি** *বি* মন্ত্রণার অপ্রকাশ; মন্ত্রণার বা যুক্তি-পরামর্শের গোপনতা রক্ষা। **মন্ত্রগূঢ়** *বি* গুপ্তচর; spy। **মন্ত্রগৃহ** *বি* মন্ত্রণাগৃহ; মন্ত্রণাভবন; পরামর্শগৃহ। **মন্ত্রগ্রহণ** *বি*১ দীক্ষাগ্রহণ। ২ পরামর্শ গ্রহণ। ৩ কোনো কার্যাদি সাধনের ব্রত গ্রহণ। **মন্ত্রজিহ্ব** *বি* অগ্নি। **মন্ত্রতন্ত্র** *বি* মন্ত্রাদি; নানাবিধ মন্ত্র। **মন্ত্রদাতা** *বি, বিণ* হিন্দুদের দীক্ষাগুরু; পরামর্শদাতা। **মন্ত্রদাত্রী** *বি, বিণ স্ত্রী*। **মন্ত্রপূত** *বিণ* মন্ত্রের দ্বারা শোধিত বা পবিত্রীকৃত। **মন্ত্রবল, মন্ত্রশক্তি** *বি* মন্ত্রের ক্ষমতা। **মন্ত্রবিদ** *বি* মন্ত্রজ্ঞ; মন্ত্রজ্ঞাতা ☐*বি* মন্ত্রী। **মন্ত্রমুগ্ধ** *বিণ* মন্ত্রের প্রভাবে বশীভূত। **মন্ত্রমুগ্ধা** *বিণ স্ত্রী*। **মন্ত্রশিষ্য** *বি*১ কোনো ব্যক্তি কর্তৃক দীক্ষিত শিষ্য। ২ একান্ত অনুগামী ব্যক্তি। **মন্ত্রসাধন** *বি* মন্ত্রের দ্বারা সিদ্ধিলাভের চেষ্টা; মন্ত্রসিদ্ধি লাভের উপায়। **মন্ত্রসাধক** *বিণ* মন্ত্র দ্বারা সাধনা করেন এমন; মন্ত্রে সিদ্ধিকামী। **মন্ত্রসিদ্ধ** *বিণ* মন্ত্রের সাধনায় সফলকাম; মন্ত্র জপ করে সিদ্ধিপ্রাপ্ত; মন্ত্রোপাসনায় সিদ্ধিপ্রাপ্ত।

মন্ত্রণ, মন্ত্রণা *বি*১ গুপ্ত পরামর্শ; পরামর্শ; বুদ্ধি (জোগানো); উপদেশ; অপরের সাথে কোনো বিষয়ে আলোচনা। ২ যুক্তি; কর্তব্য সম্পর্কে উপদেশ বা পরামর্শ। [স. √মন্ত্র+অন+আ]। **মন্ত্রণাগৃহ** *বি* পরামর্শের জন্য স্থান। **মন্ত্রণাদাতা** *বিণ* পরামর্শ দান করে এমন; পরামর্শদানকারী। **মন্ত্রণীয়** *বিণ* মন্ত্রণা করার উপযুক্ত। **মন্ত্রিত** *বিণ*১ মন্ত্রণা দ্বারা স্থির করা হয়েছে এমন। ২ পরামর্শ দ্বারা নির্ধারিত।

মন্ত্রী *বি*১ রাজা বা রাষ্ট্রপতির পরামর্শদাতা; উজির; সচিব; অমাত্য; মন্ত্রণাদাতা। ২ রাষ্ট্রশাসনের কোনো বিশেষ দপ্তরের ভারপ্রাপ্ত কর্মকর্তা। ৩ দাবার ঘুঁটিবিশেষ। ☐*বিণ* মন্ত্রণাদাতা। **মন্ত্রিণী** *বিণ স্ত্রী*। **মন্ত্রিত্ব** *বি* মন্ত্রীর পদ বা কাজ।

মন্থন *বি*১ আলোড়ন; মথিতকরণ। ২ বিনাশ; দলন। [স. √মন্থ্+অন]। **মন্থনী** *বি*১ মন্থনদণ্ড; যার দ্বারা মন্থনকার্য সম্পাদিত হয়; মউনি। ২ মন্থনপাত্র। **মন্থিত** *বিণ* আলোড়িত; মথিত। **মন্থী** *বিণ* মন্থনকারী।

মন্থর *বিণ*১ অলস; দীর্ঘসূত্রী; অদ্রুত; ধীর। ২ ধীরগামী; মন্দগামী। ৩ নত; নম্র। **মন্থরতা** *বি*। **মন্থরা** *বিণ স্ত্রী*. মন্থর শব্দের স্ত্রীলিঙ্গরূপ। ☐*বি স্ত্রী*. রামায়ণোক্ত রাজা দশরথের পত্নী কৈকেয়ীর কুব্জা দাসী।

মন্দ *বিণ*১ ধীর; মৃদু; অলস; মন্থর। ২ অসৎ; দুষ্ট; খারাপ; অশুভ; অননুকূল; প্রতিকূল। ৩ অসুস্থ; পীড়িত; ক্ষীণ; দুর্বল। ৪ কটু; কর্কশ। **মন্দতা, মন্দত্ব, মান্দ্য** *বি*। **মন্দা** *বিণ স্ত্রী*। **মন্দগতি** *বি* ধীর বা মন্থরগতি। ☐*বিণ* ধীরগতিযুক্ত। **মন্দগামী** *বিণ* ধীরে চলে এমন; মন্থরগতি সম্পন্ন। **মন্দগামিনী** *বিণ স্ত্রী*। **মন্দচারী** *বিণ* মন্দ বাক্য; খারাপ কথা। **মন্দ নয়** *বিণ* খারাপ নয় এমন; মোটামুটি ভালো। **মন্দবুদ্ধি** *বিণ*১ দুষ্টবুদ্ধিসম্পন্ন; কুবুদ্ধিযুক্ত। ২ অল্পবুদ্ধিযুক্ত; স্থূলবুদ্ধি। **মন্দভাগ, মন্দভাগ্য** *বিণ* দুরদৃষ্ট। ☐*বি* মন্দ বা খারাপ অদৃষ্ট। **মন্দভাগিনী** *বিণ স্ত্রী*। **মন্দ মন্দ** *ক্রিবিণ* ধীরে ধীরে। **মন্দের ভালো**—অনেক মন্দের মধ্যে অপেক্ষাকৃত কম মন্দ; তেমন ভালো না হলেও কিছু ভালো।

মন্দা *বি*১ মন্দ। ২ অবনতি; হ্রাস। ৩ পণ্যদ্রব্যের মূল্য বা ক্রয়-বিক্রয়ের হ্রাস; depression। ☐*বিণ* পণ্যদ্রব্যের চাহিদা কম এমন; মূল্যের অবনতি ঘটেছে এমন। [স. মন্দ+বা. আ]

মন্দাকিনী *বি* হিন্দুপুরাণ অনুসারে স্বর্গের গঙ্গা নদী। [স.]

মন্দাক্রান্তা *বি*১ সংস্কৃত ছন্দের নাম। ২ শ্রুতিমধুর পদ্য ছন্দের ন্যায়। [স. মন্দ(ধীর)+আক্রান্ত (গতি)+আ]

মন্দাগ্নি *বি* অগ্নিমান্দ্য; ক্ষুধার অপ্রাচুর্য। [স. মন্দ+অগ্নি]

মন্দার *বি*১ স্বর্গের উদ্যানস্থ বৃক্ষ; স্বর্গের পুষ্পবিশেষ। ২ মাদার গাছ; মন্থনদণ্ড। [স.]

মন্দির *বি*১ দেবালয়; পূজা বা উপাসনার গৃহ। ২ গৃহ; ভবন; বাড়ি। [স. মন্দ(স্তুতি)+ইর]

মন্দিরা *বি* করতাল জাতীয় কাঁসা বা পিতল-নির্মিত বাদ্যযন্ত্রবিশেষ। [স. মঞ্জীর]

মন্দীভূত *বিণ* মৃদু হয়েছে এমন; ক্ষীণতা প্রাপ্ত; হ্রাসপ্রাপ্ত; বেগ বা তেজ কমে আসছে এমন। [স.]

মন্দুরা *বি* অশ্বশালা; ঘোড়াদের থাকার স্থান। [স.]

মন্দোদরী *বি* রামায়ণোক্ত রাবণের মহিষী। [স.]

মন্দ্র *বি* গম্ভীর শব্দ; বাদ্যযন্ত্র; মৃদঙ্গ। ☐*বিণ* গম্ভীর; গাম্ভীর্যপূর্ণ। [স.]। **মন্দ্রভাষে** *ক্রিবিণ* গম্ভীর ভাষায়। **মন্দ্রিত** *বিণ* গম্ভীর শব্দে ধ্বনিত বা নিনাদিত।

মন্মথ, মনমথ *বি* হিন্দু দেবতা কামদেব; কন্দর্প; প্রেমের দেবতা। [স. মন্মথ>মনমথ (স্বরাগমে)]। **মন্মথপ্রিয়া, মন্মথমোহিনী** *বি* কামপত্নী; রতিদেবী। **মন্মথবন্ধু** *বি* চন্দ্র। **মন্মথসুহৃদ** *বি* বসন্ত।

মন্যু *বি*১ ক্রোধ; রোষ; রাগ। ২ শোক। ৩ দৈন্য। ৪ যজ্ঞ। ৫ দর্প; অহঙ্কার। [স.]

মন্বন্তর *বি*১ হিন্দুপুরাণ মতে চতুর্দশ মনুর মধ্যে এক এক মনুর অধিকার কাল। ২ ব্যাপক দুর্ভিক্ষ বা আকাল। [স. মনু+অন্তর; অন্য মনুর অধিকার কাল]

মফস্বল, মফঃস্বল *বি*১ শহর-বহির্ভূত স্থান; গ্রাম। ২ কাপড়ের পাড় বা জমির নকশার বিপরীত দিক। [আ. মফস্‌সল]

মফেল, মহফেল, মাহফিল *বি* আসর। [আ. মহ্‌ফিল]

মবলগ *বি*১ নগদ। ২ মোট। [আ. মবলগ]

ম-ম *অব্য, ক্রিবিণ* ভুর ভুর; মৌ মৌ।

মম *বিণ* (পদ্যে) আমার।

মমতা, মমত্ব *বি*১ নিজের বলে জ্ঞান বা বোধ। ২ মায়া। ৩ আসক্তি। [স. মম+তা]

মমলেট, ওমলেট *বি* দুধে ফেটা ডিম দ্বারা প্রস্তুত এক প্রকার ভাজা খাদ্য; অমলেট। [ফ.]
মমি, মমী *বি* ওষুধে রক্ষিত প্রাচীন মিশরের রাজাদের শব। [ই. mummy ; ফা. মূমিয়া]
ময়দা *বি* গম ভেঙে প্রস্তুত গুঁড়া; গমের চূর্ণ বা গুঁড়ি। [ফা. ময়দাহ্]
ময়দান *বি* মাঠ; প্রান্তর। [আ.]
ময়না[১] *বি* শালিকজাতীয় সুকণ্ঠ পাখি। [হি. ময়না]। **ময়নার বুলি** *বি* ময়নার কথা (ময়নাকে যা শেখানো হয় তা-ই বলে, তার বেশি নয়, তাই ময়নার বুলি অর্থ শেখানো কথা)। [সং. মদনিকা>]
ময়না[২] *বি* ১ রাজা মানিকচন্দ্রের যাদুকরী শ্ত্রী ময়নামতীর নাম। ২ ডাকিনী বা খলস্বভাবা নারী (ময়নাবুড়ি)।
ময়না[৩], **মায়না** *বিণ* অনুসন্ধানাদি দ্বারা করা হয় এমন। [আ. মু'আয়না]। **ময়নাতদন্ত** *বি* আকস্মিক দুর্ঘটনাজনিত মৃত্যু বা খুনের পর শব-ব্যবচ্ছেদ দ্বারা যে পরীক্ষা; postmortem।
ময়মুরুব্বি *বি* মুরব্বি ও সেই শ্রেণীর অভিভাবক; গুরুজন; সহায়ক; রক্ষক। [আ. মুরব্বী]
ময়রা *বি* মোদক; মিঠাই প্রভৃতি প্রস্তুতকারক ও বিক্রেতা। [সং. মোদক>]। **ময়রানী** *বি স্ত্রী.*।
ময়লা *বিণ* ১ অপরিচ্ছন্ন; মলযুক্ত। ২ অনুজ্জ্বল; ফর্সা নয় এমন; অগৌর। ৩ কুটিল; খারাপ; মন্দ। ❑*বি* ১ বিষ্ঠা; মল; আবর্জনা। ২ মালিন্য; মলিনতা; বিষণ্ণতা। [সং. মল্]। **ময়লাটে** *বিণ* সামান্য ময়লা।
ময়ান *বি* লুচি ইত্যাদি তৈরি করার জন্য ময়দা মাখতে যে ঘি দেওয়া হয়।
ময়াল *বি* এক প্রকার বৃহদাকার সাপ; অজগর; python। [সং. মহাকাল>ময়াল]।
ময়ূখ *বি* কিরণ; আলো; জ্যোতি; রশ্মি। [সং.]। **ময়ূখমালী** *বি* সূর্য।
ময়ূর *বি* একজাতীয় বিচিত্র রঙের নৃত্যপরায়ণ পাখি; শিখী; কলাপী; বহী; শিখণ্ডী। **ময়ূরী** *বিণ স্ত্রী.*। **ময়ূরকণ্ঠী** *বি,বিণ* ময়ূরের কণ্ঠের ন্যায় নীল রং; বিচিত্র রং। **ময়ূরপঙ্খি, ময়ূরপঙ্খী** *বি* ময়ূরের আকৃতিবিশিষ্ট নৌকা। **ময়ূরপুচ্ছধারী** *বিণ* ১ ময়ূরের ন্যায় পুচ্ছবিশিষ্ট। ২ যা নয় তা হওয়ার ভান করে এমন। **ময়ূরাক্ষী** *বিণ* ময়ূরের মতো চোখবিশিষ্ট।
মর[১] *বিণ* মরণশীল; বিনাশশীল; নশ্বর; অচিরস্থায়ী। [সং. √মৃ+অ]। **মরজগৎ** *বি* অনিত্য সংসার।
মর[২] *অব্য* ক্রোধ বিরক্তি অধীরতা ইত্যাদিসূচক অব্যয়; গোল্লায় যা; অধঃপাতে যা (মরগে, মরুকগে)।
মরকত *বি* মূল্যবান সবুজ বর্ণ মণি; পান্না; emerald। [সং. মরক (মারীভয়)+√তৃ+অ]
মরকুটে, মুরকুট্টে *বিণ* মরা; মরা মরা; শুকনা।
মরক্কো *বি* ১ আফ্রিকা মহাদেশের অন্তর্গত একটি দেশ। ২ মরক্কোর এক প্রকার চামড়া। [আ.]
মরণ *বি* মৃত্যু; বিনাশ; জীবনের সমাপ্তি। [সং.]। **মরণ আর কি** *অব্য* লজ্জা সংশয় ভর্ৎসনা প্রভৃতি ব্যঞ্জক উক্তিবিশেষ। **মরণকাঠি** *বি* রূপকথায় বর্ণিত কাঠি যার স্পর্শে রাজকন্যা মৃতের মতো অচেতন হয়ে পড়ে।
মরণ কামড়, মরণ আঘাত *বি* ১ মুমূর্ষুর প্রতিহিংসা চরিতার্থ করার জন্য সর্বশেষ ও কঠিনতম আঘাত। ২ চরম শত্রুতা। **মরণ পাখা ওঠা**—১ যে অহঙ্কারমূলক বৃদ্ধি মৃত্যুর কারণ হয়ে দাঁড়ায়। ২ এমন বাড়াবাড়ি করা যার ফলে সর্বনাশ হতে পারে। **মরণ বাঁচন** *বি* জীবন-মৃত্যু। **মরণবাড়** *বি* নিদারুণ যে অহঙ্কার পতন আনে। **মরণলোভী** *বিণ* মরণের প্রতি লোভ এমন; মরণাকাঙ্ক্ষী। **মরণশীল** *বিণ* নশ্বর; অচিরস্থায়ী। **মরণাকাঙ্ক্ষী** *বিণ* মৃত্যুর জন্য আকাঙ্ক্ষী। **মরণাপন্ন, মরণোন্মুখ** *বি* মুমূর্ষু; মৃত্যু দশাগ্রস্ত; যে শীঘ্রই মরবে। [সং. মরণ+আপন্ন; মরণ+উন্মুখ]। **মরণাশৌচ** *বি* হিন্দুসমাজে প্রচলিত মৃতাশৌচ; আত্মীয়ের মৃত্যুজনিত অশৌচ।
মরত(মর্ত্যের পদ্যরূপ) *বি* মর্ত্য; পৃথিবী। **মরত-ভবন** *বি* ধরণী; মরজগৎ; নশ্বর পৃথিবী। [সং. মর্ত্য]
মরতবা, মর্তবা *বি* ১ গুণ; সম্মান; মর্যাদা; পদমর্যাদা; মাহাত্ম্য; ধাপ; গুণগত গুরুত্ব; মূল্য। ২ শ্রেষ্ঠত্ব। [আ. মরতবা]
মরদ *বি* ১ পুরুষ; ব্যাটা ছেলে; যে ব্যক্তির পুরুষোচিত গুণ আছে; শক্তিশালী ব্যক্তি; বীর পুরুষ। ২ যুবক। ৩ পতি; স্বামী। [ফা. মরদ]। **মরদ কা/কি বাত**—বীর পুরুষের কথা বা প্রতিজ্ঞা যার ব্যতিক্রম বা যা নিষ্ফল হয় না। [ফা.]। **মরদ-বাচ্চা, মরদের বাচ্চা** *বি* বীরের যোগ্য পুত্র; সাহসী ও বীর্যবানের সাহসী পুত্র। **মরদামি** *বি* পুরুষের গুণ; পুরুষোচিত সাহস; পৌরুষ। [ফা. মর্দামী]। **মরদান** *বি* বীর পুরুষগণ। **মরদানা** *বি* পুরুষমহল। তুল. জানানা--নারীমহল; অন্দরমহল।
মরন্ত *বিণ* মরণাপন্ন; মৃত্যুশয্যায়।
মরম(পদ্যে) *বি* মর্মস্থান; অন্তর; মর্ম; তাৎপর্য। [সং. মর্ম>]
মরমর *বিণ* মৃতপ্রায়; মৃতবৎ; মরণাপন্ন।
মরমি *বিণ* ১ আধ্যাত্মিক। ২ সহানুভূতি সম্পন্ন; দরদযুক্ত; দরদি (মরমি বন্ধু)। ❑*বি* অধ্যাত্ম বিষয়ক উপলব্ধির (তত্ত্ব) মানুষ; মর্ম উপলব্ধিকারী; মরমিয়া বা অজ্ঞেয় অতীন্দ্রিয় তত্ত্বের আলোচক; mystic।
মরমিয়া *বি,বিণ* ১ ধর্মাদির বাইরের আড়ম্বর বর্জনপূর্বক তার মর্মোদ্‌ঘাটনে প্রচেষ্টাকারী; mystic। ২ সাধারণ বুদ্ধির অতীত গূঢ় ঐশ্বরিক তত্ত্ববিষয়ক (মরমিয়া তত্ত্ব), যিনি অতীন্দ্রিয় বিষয় সম্পর্কে জ্ঞান রাখেন; অতীন্দ্রিয় বিষয়বোধ সমর্থ ব্যক্তি (মরমিয়া সাধক)।
মরহাবা, মারহাবা *অব্য* জোকার; জয়ধ্বনি; অভিনন্দনজ্ঞাপক ধ্বনি; প্রশংসোসূচক উক্তি; সাবাস; খোস আমদেদ ইত্যাদি। [আ. মরহবান]
মরহুম *বিণ* আল্লাহর রহমত (দয়া) প্রাপ্ত; মৃত; স্বর্গীয়; লোকান্তরিত। [আ. মরহূম]। **মরহুমা** *বিণ স্ত্রী.*।
মরা *ক্রি* ১ প্রাণত্যাগ করা; দেহত্যাগ করা। ২ বিপদগ্রস্ত বা বিনষ্ট হওয়া। ৩ মানসিক কষ্ট পাওয়া। ৪ শুকিয়ে যাওয়া; মজে যাওয়া। ৫ হ্রাস পাওয়া; কমে যাওয়া। ৬ নির্জীব হওয়া; কোনোক্রমে বেঁচে থাকা (লোকটা অভাবে মরে আছে)। ৭ লুপ্ত হওয়া; শেষ হয়ে যাওয়া। ৮ প্রেমে আত্মবিস্মৃত হওয়া; কলঙ্কিনী হওয়া। ৯ নষ্ট হওয়া। ❑*বি,বিণ* উক্ত সকল অর্থে। **মরাকান্না** *বি* বাড়িতে কেউ মারা গেলে আত্মীয়-স্বজন যেরূপ উচ্চরোলে কাঁদে সেরূপ ক্রন্দন। **মরা গাঙ, মরা নদী** *বি* মজা নদী, শুষ্ক নদী। **মরা মরা ধার** *বি* যে ধার বা তীক্ষ্নতা নষ্ট হয়ে গেছে। **মরাপেট,**

মরানাড়ি *বি* বহুদিন ধরে অর্ধাহার বা অনাহারে হজমশক্তি নষ্ট হওয়ার ফলে অধিক আহার গ্রহণ করতে ও তা পরিপাক করতে অসমর্থ পাকস্থলী। ❑*বিণ* অল্প আহারেই পেট ভরে যায় এমন। **মরামাস** *বি* খুস্কি; মরা চামড়া। **মরা মুখ দেখা** *ক্রি* কঠিন শপথ করা। **মরাস্রোত** *বি* যে স্রোত পানির অপ্রতুলতাবশত অতি ধীরে বহে বা যে নদী শুষ্কপ্রায় হয়ে যাওয়ায় স্রোতহীন। **মরাহাজা** *বিণ* শীর্ণ; ক্ষীণ; ক্ষয়প্রাপ্ত; শুষ্ক; মৃত। **মরার বাড়া গাল নেই**— ১ যার উপরে আর মন্দ বাক্য নেই; যত রকম অমঙ্গল হতে পারে তার মধ্যে মৃত্যুর তুল্য আর কিছু নয়। ২ চরম তিরস্কার।

মরাই, মরায় *বি* ধানের গোলা। [স. মরার>]

মরাল *বি* রাজহাঁস; এক শ্রেণীর বড় হাঁস; flamingo; swan। **মরালী** *বিণ স্ত্রী.*। [স.]। **মরালগামিনী** *বি,বিণ স্ত্রী.* রাজহংসীর মতো মন্থর ও মনোহর গতিযুক্তা।

মরিচ *বি* ১ লঙ্কা; প্রধানত সবজি তরকারি ভর্তা ইত্যাদিতে ব্যবহৃত ক্ষুদ্র ঝাল। ২ ঝাল মসলা। [স. মরিচ/মরীচ]। **গোল মরিচ** *বি* বৃন্তযুক্ত ক্ষুদ্র ঝাল ফল যা ভেষজরূপেও ব্যবহৃত হয়। **কামরাঙ্গা মরিচ** *বি* কামরাঙ্গার মতো সবুজ ও লাল রঙের প্রচুর ঝালবিশিষ্ট মাঝারি আকারের শুকনা লঙ্কা।

মরিচা, মরচে *বি* জং; লৌহমল। [ফা. মুরচহ্]

মরিমরি, মরি *অব্য* এক প্রকার বিস্ময় বিদ্রূপ বা আনন্দসূচক ধ্বনি; মরতে রাজি; মরণেও সুখ।

মরিযাদ(পদ্যে) *বি* মর্যাদা; সম্ভ্রম; সম্মান। [স. মর্যাদা>]

মরিয়া *বিণ* মৃত্যুবরণে প্রস্তুত; হতাশ হবার ফলে বিপদ সম্বন্ধে বেপরোয়া।

মরীচি *বি* ১ হিন্দু পুরাণোক্ত ব্রহ্মার মানসপুত্র। ২ রশ্মি; কিরণ; প্রভা। **মরীচিমায়া** *বি* মরীচির মায়া; মরীচিকার ভ্রান্তি; মিথ্যা আশা। **মরীচিমালী** *বি* সূর্য; রবি; ভাস্কর।

মরীচিকা *বি* ১ মৃগতৃষ্ণিকা; মরুভূমিতে সূর্যের কিরণে জল ভ্রান্তি। ২ (আল.) বৃথা আশার ছলনা; ধোঁকা। [স. মরীচি+ক+আ]

মরু *বি* ১ জল উদ্ভিদ জীবশূন্য বালুকাময় স্থান। ২ পানি ও বৃক্ষলতাহীন সুবিশাল প্রান্তর। [স. √মৃ+উ]। **মরুজাহাজ** *বি* উট। **মরুঝড়** *বি* মরুভূমিতে বালুকা ঝড়; সাইমুম। **মরূদ্যান, মরুদ্বীপ** *বি* মরুভূমিতে অবস্থিত জল ও বৃক্ষাদি পূর্ণ স্থান; oasis। **মরুবক, মরূবক** *বি* ১ মরু বা বালুকাময় স্থানে জাত ফলগাছ। ২ ব্যাঘ্র। **মরুভূ, মরুভূমি, মরুস্থল, মরুস্থলী** *বি* মরুময় বা বিস্তীর্ণ বালুকাময় স্থান। **মরুসম্ভব** *বিণ* মরুভূমিতে জাত বা উৎপন্ন। **মরুসাইমুম** *বি* মরুভূমির লু হাওয়া; প্রচণ্ড উত্তপ্ত বায়ুবিশেষ। **মরুসাগর** *বি* বালুর সাগর।

মরুত, মরুৎ *বি* বায়ু; বাতাস। [স.]

মরুয়ত (মুরুত) *বি* মনুষ্যত্ব; মানবোচিত ব্যবহার। **মুরুত** *বি* যোগ্যতা; সামর্থ্য; শক্তি। [আ. মরুবৎ]

মর্কট *বি* ১ ক্ষুদ্রাকৃতি বানর। ২ মাকড়সা। **মর্কটী** *বি স্ত্রী.*। [স.]। **মর্কটজাল, মর্কটবাস** *বি* মাকড়সার জাল। **মর্কটবৈরাগী** *বি* ভণ্ড বৈরাগী। **মর্কট বৈরাগ্য** *বি* লোক দেখানো ভানকৃত বৈরাগ্য; সংসারে অনাসক্তির ভান করে যে; ভণ্ডামি।

মর্গ *বি* যে ঘরে সনাক্ত করার জন্য শব রাখা হয়; লাশঘর। [ই. morgue]

মর্জি *বি* ইচ্ছা; খেয়াল; খুশি। [আ. মরযী]। **মর্জিমাফিক** *ক্রিবিণ* ইচ্ছানুযায়ী। [আ. মরজি+মুয়াফিক]।

মর্জিয়া *বি* ডুবুরি; যে নিমজ্জিত হয়েছে।

মর্টগেজ, মরগেজ *বি* বন্ধক; রেহান; ঋণ গ্রহণের জামিনস্বরূপ সম্পত্তি বন্ধক রাখা। [ই. mortgage]। **মর্টগেজি** *বিণ* ঋণ গ্রহণের জামিনস্বরূপ দায়বদ্ধ। [ই মর্টগেজ+বা. ই]

মর্টার *বি* ১ এক রকম কামান; গোলা ইত্যাদি ছোড়ার যন্ত্র। ২ দালান তৈরির জন্য সিমেন্ট সুরকি বালি ইত্যাদির মসলা।

মর্ত, মর্ত্য *বি* ১ মনুষ্যলোক; পৃথিবী; মরলোক; সংসার; ইহলোক। ২ মানুষ। ❑*বিণ* মরণশীল; অচিরস্থায়ী; নশ্বর। [স.]। **মর্তধাম, মর্তভূমি, মর্তলোক** *বি* মনুষ্যলোক; পৃথিবী। **মর্তলীলা** *বি* মানবজীবন; মনুষ্যজীবনের কার্যকলাপ; জন্মমৃত্যুর ব্যাপার।

মর্তমান *বি* এক জাতীয় কলা; বর্মাদেশের মার্তাবান দ্বীপ থেকে যে কলার প্রজাতি আনা হয়েছে। [ই. martaban]

মর্ত্যকাম *বিণ* মরতে ইচ্ছুক; মরণাভিলাষী। [স.]

মর্দ, মদ্দ *বি* ১ মরদ; ব্যাটাছেলে; পুরুষ (ঘোড়ায় চড়িয়া মর্দ রণভূমে গেল)। ২ যুবক; জোয়ানলোক। ৩ স্বামী; পতি। ❑*বিণ* বীর; সাহসী। [ফা. মরদ্]। **মর্দা, মদ্দা** *বিণ* পুরুষ জাতীয়। **মাদি** *স্ত্রী.*। **মর্দানা** *বি* পুরুষ। ❑*বিণ* পুরুষের; পুরুষোচিত; পুরুষের যোগ্য। **মর্দানি, মদ্দানি** *বি স্ত্রী.* পুরুষ প্রকৃতির নারী। **মর্দামি, মর্দানি** *বি* ১ পুরুষোচিত ভাব। ২ পুরুষত্ব; পৌরুষ; শৌর্য; বীরত্ব; বাহাদুরি।

মর্দন *বি* ১ দলন; পিষ্টকরণ; পীড়ন; নির্যাতন; অত্যাচার; পেষণ। ২ দলনকারী; দমনকারী; পীড়নকারী। [স.]। **মর্দিত** *বিণ* দলিত; মর্দিত; পিষ্ট। **মর্দিতা** *বিণ স্ত্রী.*।

মর্দল *বি* মাদল; ঢোল; খোলের মতো বাদ্যযন্ত্র। [স.]

মর্দী *বি,বিণ* মর্দনকারী; দানকারী। [স.]। **মর্দিনী** *বি,বিণ স্ত্রী.* মর্দনকারিণী; দানকারিণী (মহিষমর্দিনী)।

মর্ম(কোমল ধ্বনি পদ্যে) *বি* ১ প্রাণ–স্থান; শরীরের বিশেষ বিশেষ সন্ধিস্থান যেখানে আঘাত করলে প্রাণনাশ হতে পারে। ২ হৃদয়। ৩ উদ্দেশ্য; ইচ্ছা (এই মর্মে)। ৪ তাৎপর্য; মূলভাব; সার। ৫ নিগূঢ় অর্থ; রহস্য; গুপ্ততত্ত্ব (মর্মোদ্ধার)। [স.]। **মর্মকথা** *বি* মনের কথা; হৃদয়ের কথা; নিগূঢ় অর্থ; গুপ্ত রহস্য। **মর্মগ্রহণ, মর্মগ্রহ, মর্মধারণ, মর্মাবধারণ** *বি* তাৎপর্যবোধ; মূলভাব উপলব্ধি; অনুধাবন। **মর্মগ্রাহী** *বিণ* মর্মগ্রহণকারী; তত্ত্বগ্রহণকারী। **মর্মঘাতী, মর্মভুদ, মর্মভেদী, মর্মান্তিক** *বিণ* ১ হৃদয়বিদারক; মারাত্মক; নিদারুণ। ২ অত্যন্ত করুণ। **মর্মজ্ঞ** *বি* রহস্যজ্ঞ; যিনি মর্ম বা তাৎপর্য জানেন। **মর্মপীড়া, মর্মবেদনা, মর্মব্যথা** *বি* হৃদয়বেদনা; মানসিক কষ্ট বা যন্ত্রণা। **মর্মমুকুর** *বি* মনের দর্পণ; মনের আয়না। **মর্মস্থল, মর্মস্থান** *বি* দেহমধ্যস্থ প্রাণকোষ; হৃদয়; হৃদয়ের কোমলতম ও নিগূঢ়তম স্থান। **মর্মস্পর্শী, মর্মস্পৃক** *বি* হৃদয় স্পর্শকারী; যা মন গলায়; হৃদয়দ্রাবক; touching। ❑*বিণ* হৃদয়বিদারক। **মর্মাঘাত** *বি* হৃদয়ে আঘাত; হৃদয়ে বেদনা; মানসিক আঘাত। **মর্মাবগত** *বিণ* অবগত মর্ম; তাৎপর্য বা মর্ম জেনেছে এমন। [স. মর্ম+অবগত]। **মর্মার্থ** *বি* গূঢ় অর্থ; তাৎপর্য;

প্রকৃত তত্ত্ব। [স. মর্ম+অর্থ]। **মর্মাহত** *বিণ* মনে দারুণ আঘাতপ্রাপ্ত; মর্মপীড়িত।[স. মর্ম+আহত]।**মর্মী**(-র্মিন্) *বিণ* মর্মজ্ঞ; গূঢ় রহস্য উপলব্ধি করেছে এমন; মরমি। **মর্মোক্তি** *বি* মর্মের উক্তি; মনের কথা। **মর্মোদ্‌ঘাটন, মর্মোদ্ভেদ** *বি* রহস্যভেদ; স্বরূপার্থ প্রকাশ। [স. মর্ম+উদ্‌ঘাটন/উদ্ভেদ]

মর্মর[১]**, মরমর** *বি* ধ্বন্যাত্মক শব্দ; শুষ্ক পত্রাদির ঘসঘস ধ্বনি।

মর্মর[২] *বি* মার্বেল পাথর; marble। [ফা. মরমর]

মর্যাদা, মরিযাদ (কোমল পদ্যে) *বি*১ সম্মান।২ সম্ভ্রম; গৌরব।৩ সীমা।৪ ন্যায়সঙ্গত নীতি; সদাচারসম্মত নিয়ম। ৫ নজর; সেলামি; দক্ষিণা। [স. মর্যা+√দা+অ+আ]

মর্ষ, মর্ষণ *বি*১ ক্ষমা; সহ্যকরণ।২ নাশকরণ; ধ্বংসে সাধন। [স.]। **মর্ষিত** *বিণ* ক্ষমা বা সহ্য করা হয়েছে এমন; ক্ষমিত; ক্ষান্ত; নাশিত; ধ্বংসিত। [স.]

মর্সিয়া, মরসিয়া *বি*১ মৃত্যু উপলক্ষে রচিত শোকসূচক গান বা গাথা; আহাজারি (শোক বিলাপ); জারিগান। ২ মহরমের শোকগান। [আ. মর্সিয়া]।

মল[১] *বি* পদবলয়; চরণালঙ্কার; নূপুর।

মল[২] *বি*১ ময়লা। ২ বিষ্ঠা। ৩ মরিচা; গাদ; ক্লেদ; কাইট; ক্বাথ। ৪ কলঙ্ক; পাপ। [স. √মল্+অ]। **মলত্যাগ** *বি* বিষ্ঠাত্যাগ। **মলদূষিত** *বিণ* মল দ্বারা অপবিত্র; ময়লা বা আবর্জনা মিশ্রিত।**মলদ্বার** *বি* গুহ্যদেশ; পায়ু।**মলনালী** *বি* মলদ্বারের উপরের নালী।**মলভাণ্ড** *বি* বৃহদন্ত্র; উদরের অন্ত্রের যে নির্দিষ্ট অংশে মল থাকে।

মলন *বি* মর্দন; পেষণ; গরু দিয়ে ধান মাড়ানো। [স. মল্+অন]

মলম *বি* প্রলেপ; লেপে প্রয়োগ করার ওষুধ। [আ. মর্‌হম্]

মলমল *বি* মসলিন কাপড়; মিহি সুতার কাপড়বিশেষ। [ফা. মল্‌মল্]। **মলমলি** *বিণ* মলমল দিয়ে তৈরি।

মলমাস *বি* অধিমাস; অতিরিক্ত চান্দ্রমাস। এটি দুই অমাবস্যা দিয়ে যুক্ত ও রবি সংক্রান্তি বর্জিত। মল-মাসে হিন্দুদের পূজাপার্বণ এবং সর্বপ্রকার শুভকার্য নিষিদ্ধ। সৌর বছরের সঙ্গে চান্দ্র বছরের সামঞ্জস্য বিধানের জন্য কয়েক বছর পরপর এই মলমাস গণনা হতে বাদ দেওয়া হয়। [স. মল (যুক্ত)+মাস]

মলম্মা *বিণ* সোনার পাত দিয়ে মোড়া গিলটি। [আ. মুলমমা]

মলয় *বি*১ ভারতের পশ্চিমঘাট নামক পর্বত শ্রেণী।২ দক্ষিণ দিক থেকে প্রবাহিত স্নিগ্ধ বায়ু। ৩ মালাবার দেশ; মালয়; যবদ্বীপ। **মলয়জ** *বিণ* মলয় পর্বতে উৎপন্ন। ❑ *বি* ১ চন্দন। ২ দখিনা বাতাস; মলয়ানিল। **মলয়-পবন, মলয় বায়ু, মলয় মারুত, মলয়ানিল** *বি* মলয় পর্বত থেকে আগত বায়ু; দক্ষিণ সমীর। **মলয়াচল** *বি* মলয় পর্বত। [স. মলয়+অনিল, অচল]

মলা[১] *ক্রি* মর্দন করা; দলন করা; ডলা। ❑ *বি* উক্ত অর্থে। **মলাই** *বি* ডলন; মর্দন। **মলানো** *ক্রি* মর্দন করানো; ডলানো। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। [স. √মৃদ]

মলা[২] *বি* মল; ময়লা; মলিনতা; মালিন্য। [স. মল>]

মলাট *বি* পুস্তকাদির বহিরাবরণ; মলিনতা থেকে রক্ষা করার জন্য গ্রন্থাদির উপরের আবরণ। [স. মলপট্ট>]

মলিদা *বি* পালিশ করা পাতলা ও নরম পশমি শীতবস্ত্র। [ফা. মলীদহ্]

মলিন *বিণ*১ ফর্সা নয় এমন; ময়লা; অগৌর।২ অপরিচ্ছন্ন, ময়লাযুক্ত। ৩ ম্লান; অনুজ্জ্বল। ৪ কলঙ্কিত। ৫ বিষণ্ণ; দুঃখিত; ম্লান। [স.]। **মলিনা** *বিণ স্ত্রী.*। **মলিনতা, মলিনত্ব, মালিন্য** *বি* বিষণ্ণতা; ম্লান ভাব।

মল্ল *বি* কুস্তিগির; বলী; খালি হাতে কুস্তি করে যুদ্ধ করে যে; পালোয়ান; wrestler। [স.]। **মল্লভূমি** *বি* মল্লগণের রণভূমি; যেখানে কুস্তিযুদ্ধ করা হয়। **মল্লযুদ্ধ** *বি* ১ বাহুযুদ্ধ; কুস্তি; wrestling। ২ হিন্দুর পদবিবিশেষ। ৩ পায়ের গহনা।

মল্লার *বি* সঙ্গীতের একটি রাগ। **মল্লারী** *বি স্ত্রী.* সঙ্গীতের একটি রাগিণী। [স. মল্লারী>]

মল্লিক, মহল্লিক *বি* ১ মালিক; রাজা; রাজপুত্র; উচ্চ পদস্থ রাজকর্মচারী। ২ উপাধিবিশেষ। ৩ বাঙালির পদবিবিশেষ। ৪ কিছুটা ধূসর রঙের হাঁস—এর পা ও ঠোঁট সামান্য লাল। [আ. মালিক]

মল্লিকা, মল্লি, মল্লী *বি* বেলিফুল; বেলফুল;। [স.]। **কাঠমল্লিকা** *বি* গন্ধহীন মল্লিকাবিশেষ। **মল্লিনাথ** *বি* সুপ্রসিদ্ধ সংস্কৃত টীকাকার।

মশক[১] *বি* মশা; দংশনকারী এবং রক্তশোষক এক জাতীয় ক্ষুদ্র পতঙ্গ। [স.]

মশক[২]**, মস্ক** *বি* ভিস্তি; জল বহনের এক প্রকার চামড়ার থলি। [ফা. মশ্‌ক্]

মশকারা, মস্করা *বি* পরিহাস; ঠাট্টা; তামাশা। ❑ *বিণ* হালকা; শিথিল; অদৃঢ়; ফসকা (গিরা)। [আ. মস্‌খর]

মশগুল, মসগুল *বিণ* মগ্ন; আবিষ্ট; বিভোর; বিহ্বল। [আ. মশ্‌গুল]

মশমশ, মসমস *অব্য* ধ্বন্যাত্মক শব্দবিশেষ (জুতার মশমশ ধ্বনি)।

মশহুর *বিণ* বিখ্যাত। [আ. মশহুর]

মশা *বি* মশক; দংশনকারী রক্তশোষক পতঙ্গবিশেষ। [স. মশক]। **মশা মারতে কামান দাগা**—(আল.) সামান্য বা ক্ষুদ্র কাজে বিপুল আয়োজন করা।

মশান, মসান *বি*১ শ্মশান; যেখানে হিন্দুদের মৃতদেহ দাহ করা হয়। ২ বধ্যভূমি; যেখানে শূলে চড়িয়ে বা অন্য উপায়ে হত্যা করা হয়। [স. শ্মশান>]

মশায়, মশাই (সম্বো.) *বি* মহাশয়; জনাব; হুজুর ইত্যাদি। [স. মহা+আশয়>]। **মশায় মশায় করা** *ক্রি* হুজুর হুজুর করা; চাটুকারিতা বা তোশামোদ করা।

মশারি *বি* মশার কামড় থেকে পরিত্রাণ লাভের জন্য ছাদ ও চতুষ্পার্শ্ববিশিষ্ট সূক্ষ্ম ছিদ্রযুক্ত বস্ত্র নির্মিত যে আচ্ছাদন শয্যার উপর খাটানো হয়। [স. মশহরী>]

মশাল *বি* দীর্ঘ স্থূল বর্তিকা; ছোট লাঠির মাথায় জড়ানো তেল মাখানো নেকড়া প্রভৃতি দিয়ে প্রস্তুত বড় আলো। [আ. মশ'অল]। **মশালচি** *বি* মশাল বহনকারী; আলোবাহক; মশালধারী ব্যক্তি। [আ. মশ্'অল+তু. চি]

মসজিদ, মসজেদ *বি* মুসলমানদের উপাসনালয়; সিজদার ঘর। [আ. মসজিদ]

মসনদ, মছনদ *বি* সিংহাসন; রাজাসন। [আ. মসনদ]। **মসনদি** *বিণ*১ মসনদ সম্পর্কীয়। ২ সরকারি; রাজকীয়। [আ. মসনদ+বা. ই]

মসনবি *বি* ১ প্রতি দুই লাইনে মিলযুক্ত ছন্দবিশেষ; ঐ ছন্দে রচিত পুস্তক। ২ মৌলানা জালালুদ্দিন রুমি রচিত

দার্শনিক মরমি কাব্যগ্রন্থ। [আ. মসনবী]
মসলন্দ, মছলন্দ *বি* ১ উৎকৃষ্ট শ্রেণীর এক প্রকার মাদুর। ২ কারুকার্যমণ্ডিত মোটা অথচ নরম কম্বলবিশেষ; শাসকের আসন। [আ. মস্‌নদ্] । **মছলন্দি** *বিণ* ১ মছলন্দপাতা। ২ রাজকীয় জাঁকজমকপূর্ণ। [সিদ্ধা মৎস্যেন্দ্রনাথ>মছলন্দ]
মসলা, মসল্লা[১] *বি* ১ ব্যঞ্জনাদি মুখরোচক করার জন্য ব্যবহৃত উপকরণ। ২ বি কোনো দ্রব্য প্রস্তুতের উপকরণ। [আ. মসালিহ্]
মসল্লা[২] *বি* জায়নামাজ; নামাজপড়ার জন্য চাটাই বা বস্ত্রখণ্ড।
মসলিন *বি* অতি কোমল ও সূক্ষ্ম কার্পাস বস্ত্রবিশেষ; মলমল। সম্ভবত প্রাচীন ব্যাবিলনের মসৌলে নির্মিত সূক্ষ্ম মসৃণ বস্ত্রসদৃশ বস্ত্ররূপে ঢাকায় তৈরি বস্ত্রের নাম হয় মসলিন। [আ. মওসিলী; ফা.]
মসায়েল *বি* ১ সমস্যা; প্রশ্ন। ২ প্রশ্নের উত্তর; বিধান। ৩ ধর্মীয় বিধান। [আ. মসাইল]
মসি, মসী *বি* ১ লেখার জন্য ব্যবহৃত কালি। ২ ঝুল। ৩ কলঙ্ক; কালো দাগ। [স.]। **মসিজীবী**(–বিন্) *বি,বিণ* লেখক; করণিক; কেরানি। **মসিনিন্দিত, মসিলাঞ্ছিত** *বিণ* কালিও হার মানে এমন কালো; অতিশয় কালো। **মসিময়** *বি* কালিমাখা। ▢ *বিণ* ঘোর কৃষ্ণবর্ণ।
মসিবত, মুসিবত *বি* বিপদ; দুঃখ; কষ্ট। [আ. মুসীবৎ]
মসীহ্ *বি* ১ হজরত ঈসা (আ.)। ২ আল্লাহর বাণীবাহক; বাণী প্রচারক; নবি। [আ. মসীহ্]
মসুর, মসূর, মসুরি *বি* একপ্রকার কলাই বা ডাল। [স. মস্+উর, উর]
মসূরী, মসূরিকা *বি* বসন্ত নামক এক প্রাণঘাতী রোগ; গুটিবসন্ত। [স √মস্+উর+ঈ; +ক+আ]
মসৃণ *বিণ* ১ চিক্কণ; তেলতেলে। ২ স্নিগ্ধ; কোমল। [স.]। **মসৃণতা** *বি*।
মস্ক, মশ্‌ক(মেশ্‌ক) *বি* মৃগনাভি; কস্তুরী। [ফা. মুশক্; মিশ্‌ক]
মস্করা, মসকারা=মশকারা।
মস্ত *বিণ* ১ উচ্চ; প্রকাণ্ড; মহৎ; বিরাট। ২ বিস্তৃত; বিশাল। ৩ মূল্যবান। ৪ অত্যন্ত; অতিশয়। ▢ *বি* মস্তক। [স. √মস্+ত]
মস্তক *বিণ* ১ মাথা; মুণ্ড; শির; মুড়া। ২ অগ্রভাগ; চূড়া; আগা; ডগা। [স. মস্ত+ক]। **মস্তা** *বিণ* মাতাল; মোহান্ধ; মত্ত। [ফা. মস্‌ত]
মস্তান, মাস্তান *বি,বিণ* ১ ঐশীপ্রেমে মত্ত; ভাবে উন্মত্ত; দেওয়ানা; বিবাগী; প্রেমপাগল। ২ উপদ্রবকারী; মদ্যপ; গুণ্ডা; বদমায়েশ। **মস্তানি, মাস্তানি** *বি* ১ মস্তানের কাজ। ২ গুণ্ডাগিরি; দাদাগিরি (পরিবর্তিত অর্থ)।
মস্তাহাব, মোস্তাহাব *বিণ* পছন্দনীয়; উত্তম। [আ. মস্তহবব্]
মস্তিষ্ক *বি* ১ মগজ; ঘিলু। ২ বুদ্ধি; ধীশক্তি। **মস্তিষ্কহীন** *বিণ* বুদ্ধিহীন; নির্বোধ; মূর্খ। [স.]
মস্যাধার *বি* দোয়াত; মসি বা কালি রাখবার পাত্র। [স. মসি+আধার]
মহকুমা *বি* ১ জেলার একটি প্রশাসনিক অংশ। ২ বিচারালয়। [আ. মহ্‌কমঃ]। **মহকুমা হাকিম** *বি* মহকুমার শাসনকর্তা; S.D.O।
মহড়া *বি* ১ অগ্রভাগ। ২ বিপক্ষের বা শত্রুপক্ষের বা অগ্রবর্তী সেনাদল। ৩ অভিনয়াদির প্রস্তুতি; মহলা; rehearsal। ৪ কড়ি দিয়ে দিয়ে কাগজ ইত্যাদি মসৃণ ও চকচকে করা। ৫ সামানা–সামনি কথোপকথন; মুখোমুখি হওয়া। ৬ আড়ম্বরের সঙ্গে প্রদর্শন। [আ. মুহাওর:]। **মহড়া নেওয়া** *ক্রি* দলের সম্মুখে থেকে লড়াই করা।
মহৎ, মহান *বিণ* ১ উদার; শ্রেষ্ঠ; মহামতি; উন্নত। ২ বড়; বৃহৎ; বিশাল। ৩ অতিশয়; অত্যধিক; অত্যন্ত; প্রবল; প্রচণ্ড। ৪ গুরু; প্রচুর ওজঃগুণসম্পন্ন। ▢ *বি* উদার চরিত্র বা উন্নত হৃদয়সম্পন্ন ব্যক্তি। **মহতী** *বি স্ত্রী.* বিরাট; বৃহৎ। **মহত্তম** *বিণ* সবচেয়ে মহৎ। **মহত্তর** *বিণ* অধিকতর মহৎ। **মহত্ত্ব** *বি* মহৎ ভাব; মহৎ গুণ। **মহাদাশয়** *বিণ* উন্নত মনযুক্ত; সদাশয়। [স. মহৎ+আশয়]
মহন্ত, মোহান্ত *বি* ১ কৃষ্ণভক্ত; সংসারবিরাগী; সন্ন্যাসী; মোহমুক্ত। ২ হিন্দুদের মঠাধ্যক্ষ; মঠস্বামী; যে সন্ন্যাসী মন্দিরাদি পরিচালনা করেন। [স. √মোহ্+অন্ত=মোহান্ত; মহ+অন্ত=মহন্ত]
মহব্বত *বি* প্রেম; প্রীতি স্নেহ; ভালোবাসা; বন্ধুত্ব। [আ. মহব্বৎ]
মহরত, মোহরত *বি* ১ নতুন সূচনা শুরু বা আরম্ভ; পত্তন; সূত্রপাত; প্রস্তুতি। ২ উদ্বোধন; কর্মসূচনা; কার্যারম্ভ। ৩ নৈপুণ্য; দক্ষতা। [আ. মহারৎ]
মহরম, মোহররম *বি* ১ আরবি চান্দ্রমাসের প্রথম মাস। ২ এ মাসের দশ তারিখে হজরত মুহম্মাদ (সা.)–এর দৌহিত্র ইমাম হোসেন কারবালা প্রান্তরে শহীদ হওয়ার স্মৃতি উদ্‌যাপনমূলক পর্ব। [আ. মুহররম্]
মহর্ষি *বি* ঋষিশ্রেষ্ঠ; বড় ঋষি। [স. মহা+ঋষি]
মহল[১] *বি* ১ গৃহ; বাড়ি; বাড়ির অংশ (অন্দরমহল)। ২ ভূসম্পত্তির বা জমিদারির অংশ; তালুক। [আ. মহল্লা]
মহল[২] *বি* সমাজ; সঙ্ঘ; শ্রেণী (সাংবাদিক মহল)।
মহলা *বিণ* মহলবিশিষ্ট। ▢ *বি* শিক্ষার পরিচয়; অভ্যাস; চর্চা; মহড়া। [আ. মহল+বা. আ]
মহলানবিশ *বি* মহলের হিসাব রক্ষক; মহল্লার লিপিকার; হিন্দু উপাধিবিশেষ।
মহল্লা *বি* শহর বা নগরের অংশ; গ্রাম; অঞ্চল; পাড়া। [আ. মহল্ল]
মহা[১] *বিণ* ১ প্রচণ্ড; প্রবল; ভীষণ। ২ বিশাল; বিরাট; প্রকাণ্ড। ৩ অতিশয়; খুব। [স. মহৎ>]
মহা[২] কর্মধারয় ও বহুব্রীহি সমাসে পূর্বপদ হিসেবে ব্যবহৃত হলে 'মহৎ' ও 'মহতী' স্থানে 'মহা' হয়। [স.]
মহাকবি *বি* ১ মহাকাব্য–রচয়িতা। ২ অসাধারণ প্রতিভাবান কবি; শ্রেষ্ঠ কবি। [স.]
মহাকরণ *বি* প্রধান সরকারি দফতর; সচিবালয়; secretariat। [স.]
মহাকাব্য *বি* পুরাণ বা ইতিহাস থেকে বৃত্তান্ত নিয়ে রচিত দেবতা রাজা বা বীরকে নায়ক করে বিশেষ নিয়মে ও রীতিতে রচিত কাব্য; যে কাব্যে জীবন ও জগৎ ব্যাপকভাবে চিত্রিত হয়; epic। [স.]
মহাকায় *বিণ* অতি বৃহদাকার; বৃহৎ শরীরবিশিষ্ট। ▢ *বি* অতিশয় বৃহৎ হস্তী। [স.]
মহাকাল *বি* ১ শিব; রুদ্র; ভৈরব। ২ অনন্তকাল; ভাবীকাল;

উত্তরকাল। [স.]। **মহাকালী** *বি স্ত্রী.* হিন্দু পুরাণোক্ত মহাকালের পত্নী; আদ্যাশক্তি।
মহাকাশ, মহাশূন্য *বি* মহাশূন্য; বায়ুমণ্ডলের উর্ধ্বে অনন্ত আকাশ; space। [স.]। **মহাকাশ পোশাক, মহাশূন্য পোশাক** *বি* মহাশূন্যে ও গ্রহাদিতে পরিভ্রমণের উপযোগী করে প্রস্তুত পোশাকবিশেষ; space-suit। **মহাকাশ বিমান, মহাশূন্য যান** *বি* মহাশূন্য ভ্রমণ ও গ্রহাদিতে যাবার উপযোগী যানবিশেষ; space-ship। **মহাকাশযাত্রী, মহাশূন্যযাত্রী** *বি* নভচারী; মহাশূন্য পরিভ্রমণের জন্য যাত্রাকারী; spaceman।
মহাকুষ্ঠ *বি* প্রাণঘাতী কুষ্ঠ রোগবিশেষ। [স.]
মহাগুরু *বি* ১ শ্রেষ্ঠ গুরুজন। ২ হিন্দু বিশ্বাসে পিতা-মাতা, দীক্ষাদাতা বা স্বামী। [স.]
মহাচ্ছায় *বি* বটবৃক্ষ। ❑ *বিণ* বিপুল ছায়াযুক্ত। [স. মহা+ছায়]
মহাজন *বি* ১ অত্যন্ত ধার্মিক ব্যক্তি; সাধু ব্যক্তি; মহৎ ব্যক্তি। ২ বড় ব্যবসায়ী বা ব্যাপারী; আড়তদার; বণিক; উত্তমর্ণ; সুদ নিয়ে ঋণ দেয় যে; উত্তমর্ণ কুসীদজীবী। ৩ বৈষ্ণব পদকর্তা। [স.]। **মহাজনি** *বিণ* ১ মহাজনগিরি; ব্যবসায় কর্ম; তেজারতি। ২ তেজারতি বা কুসীদজীবী সংক্রান্ত।
মহাজ্ঞান *বি* ১ শ্রেষ্ঠ বা পরম জ্ঞান। ২ মৃতকে পুনর্জ্জীবিত করবার বিদ্যা। [স.]। **মহাজ্ঞানী** (-নিন্) *বিণ* পরম জ্ঞানবান।
মহাঢ্য *বি* বিরাট ঐশ্বর্যশালী; মহাধনী। [স. মহা+আঢ্য]
মহাতপা *বি,বিণ* অতি কঠোর তপস্বী; উগ্রতাপস। [স.]
মহাতেজা, মহাতেজস্বী *বিণ* ১ অতিশয় তেজস্বী; অতীব শৌর্যসম্পন্ন। ২ অতিশয় দীপ্তিশালী। ৩ অগ্নি। [স.]
মহাতৈল, মহাতেল *বি* মানব দেহের তেল বা চর্বি। [স.]
মহাত্মা *বিণ* ১ অতি মহৎ; উদারহৃদয়; মহানুভব; মহাপ্রাণ। ২ বদান্য। [স.]
মহাদেব *বি* শিব; মহেশ্বর। [স.]
মহাদেবী *বি* ১ হিন্দুদেবী ভগবতী; মহেশ্বরী; দুর্গাদেবী। ২ রাজার প্রধানা মহিষী; পাটরানী। [স.]
মহাদেশ *বি* অনেকগুলো দেশযুক্ত বৃহত্তম ভৌগোলিক বিভাগ। [স.]
মহানগরী *বি* অতি বৃহৎ নগর; রাজধানী। [স.]
মহানন্দ *বি* অত্যন্ত বা গভীর আনন্দ; পরমানন্দ। ❑ *বিণ* অতিশয় আনন্দিত। [স.]
মহানবমী *বি* শারদীয় দুর্গা পূজার নবমী তিথি।
মহানরক *বি* অতিশয় ক্লেশদায়ক নরক বা স্থান।
মহানাদ *বি* ভয়ঙ্কর শব্দ; অতি উচ্চধ্বনি; বিপুল শব্দ। ❑ *বিণ* ১ অতি উচ্চ ধ্বনিযুক্ত। ২ গম্ভীর নাদকারী সিংহাদি পশু। ৩ বর্ষণোন্মুখ বা বর্ষণকারী মেঘ। [স.]
মহানিদ্রা *বি* মৃত্যু; মরণ; চিরনিদ্রা। [স.]
মহানিশা *বি* রাতের মধ্যভাগ; গভীর রাত। [স.]
মহানুভব, মহানুভাব *বিণ* উদার চিত্ত; উদার স্বভাব। **মহানুভবতা** *বি* উদারহৃদয়; উদারতা; সংকীর্ণতামুক্ত মনোভাব। [স.]
মহাপক্ষী *বি* পেঁচা; পেচক।
মহাপদ্ম *বি,বিণ* শতকোটি লক্ষ সংখ্যা বা সংখ্যক; নাগ-বিশেষ। [স.]
মহাপাতক *বি* জঘন্যতম পাপ; মহাপাপ। [স.]। **মহাপাতকী** *বি,বিণ* মহাপাপী।
মহাপাত্র *বি* ১ প্রধানমন্ত্রী বা অমাত্য; Prime Minister। ২ উপাধি। [স.]
মহাপুরাণ *বি* বেদব্যাস রচিত অষ্টাদশ পুরাণ। মহাপুরাণগুলোর নাম ব্রহ্ম, ব্রহ্মাণ্ড, গরুড়, পদ্ম, শিব, ভারত, বামন, কূর্ম, নারদ, মার্কণ্ডেয়, মৎস্য, স্কন্দ, অগ্নি, ব্রহ্মবৈবর্ত, বরাহ, লিঙ্গ, বিষ্ণু, ভবিষ্যৎ। [স.]
মহাপুরুষ *বি* ১ শ্রেষ্ঠ পুরুষ; সাধু ব্যক্তি; মহাত্মা। ২ অলৌকিক শক্তিসম্পন্ন পুরুষ। [স.]
মহাপ্রভু *বি* ১ হিন্দুমতে পরমেশ্বর। ২ শ্রীচৈতন্য। ৩ উড়িষ্যার পুরীতে প্রতিষ্ঠিত হিন্দুদেবতা জগন্নাথ। [স.]
মহাপ্রয়াণ, মহাপ্রস্থান *বি* ১ মৃত্যু। ২ মৃত্যুর উদ্দেশ্যে প্রস্থান; শেষ যাত্রা। [স.]
মহাপ্রলয় *বি* ১ সৃষ্টি বিনাশ। ২ মহাবিপদ। ৩ বিরাট ওলট-পালট। [স.]
মহাপ্রাণ *বিণ* ১ উদারহৃদয়; মহানুভব। ২ দীর্ঘজীবী। ৩ (ব্যা.) অধিক প্রাণ বা বায়ুর সাহায্যে উচ্চারিত। ❑ *বি* (ব্যা.) মহাপ্রাণ বর্ণ; প্রতি বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ এবং শ ষ স হ বর্ণগুলো; aspirated। [স.]। **মহাপ্রাণা** *স্ত্রী.*।
মহাফল *বি* ১ বিল্বফল; বিল্ববৃক্ষ। ২ সুবৃহৎ পরিমাণ। ❑ *বিণ* মহৎফলবিশিষ্ট। **মহাফলা** *বি,বিণ স্ত্রী.*। [স.]
মহাফেজ *বি* সরকারি কাগজপত্র রক্ষক; record-keeper। [আ. মুহাফিয]। **মহাফেজখানা** *বি* দলিলপত্র সংরক্ষিত করে রাখার কক্ষ; archive। [আ. মুহাফিয+ফা. খানহ্]
মহাবন *বি* বিশাল ঘন অরণ্য।
মহাবল *বিণ* অতিশয় বলশালী বা শক্তিশালী। ❑ *বি* পবন; বায়ু। [স.]
মহাবাক্য *বি* ১ মহাজন বা মহাপুরুষের জ্ঞানগর্ভ বাণী বা বাক্য। ২ মহাসঙ্কল্প জ্ঞাপক বাক্য। [স.]
মহাবাহু *বিণ* ১ অতিশয় বাহুবলসম্পন্ন; মহাবলশালী। ২ দীর্ঘবাহুবিশিষ্ট। [স.]
মহাবিক্রম *বি* প্রবল পরাক্রম। [স.]
মহাবিদ্যা *বি* ১ পরাবিদ্যা; ঈশ্বরবিষয়ক জ্ঞান। ২ কালী তারা ষোড়শী বগলা ভুবনেশ্বরী মাতঙ্গী ভৈরবী ছিন্নমস্তা কমলা ধূমাবতী—দুর্গার হিন্দু পুরাণোক্ত এই দশটি মূর্তি; দশমহাবিদ্যা। ৩ শ্রেষ্ঠবিদ্যা। ৪ (ব্য.) চুরিবিদ্যা; চৌর্যবিদ্যা। [স.]
মহাবিভ্রাট *বি* ১ মহাদায়। ২ বিষম গোলযোগ বা বিশৃঙ্খলা।
মহাবীর *বিণ* অতিশয় বীর্যবান বা বিক্রমশালী। ❑ *বি* ১ রামায়ণোক্ত হনুমান। ২ সুবিখ্যাত জৈন ধর্মপ্রচারক বর্ধমান মহাবীর। [স.]। **মহাবীর্য** *বি* অতিশয় বীরত্ব।
মহাবেগ *বি* অতি দ্রুত বেগ বা গতি। **মহাবেগবান** *বিণ* অত্যন্ত বেগযুক্ত। [স.]। **মহাবেগবতী** *বিণ স্ত্রী.*।
মহাবৈদ্য *বি* ১ শ্রেষ্ঠ চিকিৎসক। ২ (ব্য.) হাতুড়ে চিকিৎসক; যম। [স.]
মহাবোধ *বি* ১ মহাবোধসম্পন্ন। ২ বৌদ্ধধর্ম প্রচারক। **মহাবোধি** *বি* বুদ্ধদেব। [স.]
মহাব্যাধি *বি* ১ দুরারোগ্য রোগ। ২ কুষ্ঠরোগ; ক্যানসার; এইডস্। [স.]
মহাব্যোম *বি* নভোমণ্ডল; মহাশূন্য; মহাকাশ। [স.]

মহাব্রাহ্মণ *বি*১ হিন্দুসমাজে নিন্দিত ব্রাহ্মণ; নিকৃষ্ট ব্রাহ্মণ। ২ অগ্রদানী ব্রাহ্মণ; অন্ত্যেষ্টিক্রিয়া সম্পাদনকারী ব্রাহ্মণ। [স.]

মহাভয়ঙ্কর *বি* অত্যন্ত ভীতিপ্রদ; ভয়ানক। ❑ *বিণ* ঘোর। [স.]। **মহাভয়ঙ্করা, মহাভয়ঙ্করী** *বিণ স্ত্রী.*।

মহাভাগ *বি,বিণ*১ অত্যন্ত সৌভাগ্যবান। ২ মহান; মহাশয়; সদগুণসম্পন্ন ব্যক্তি। [স.]। **মহাভাগা** *বিণ স্ত্রী.*।

মহাভাব *বি* প্রেম ভক্তি প্রভৃতির সর্বোচ্চ অবস্থা। বৈষ্ণবতত্ত্বের রাধাভাব; কৃষ্ণপ্রেম। [স.]

মহাভারত *বি* ১ বেদব্যাস রচিত কুরুপাণ্ডবের কাহিনী বিষয়ক সংস্কৃত মহাকাব্য ও তার অনুবাদ গ্রন্থ। ২ (আল.) অত্যন্ত বিরাট কাহিনী। [স.]। **মহাভারত অশুদ্ধ হওয়া**—বিশেষ বা বৃহৎ কোনো দোষ হওয়া। **মহাভারত আরম্ভ করা**—(ব্য.) অতি বিস্তৃত ভূমিকাসহ কোনো বিরাট কাহিনী শুরু করা।

মহাভিক্ষু *বি* বৌদ্ধ ধর্মপ্রচারক; বুদ্ধদেব। [স.]

মহাভুজ *বিণ* ১ দীর্ঘ ও শক্তিশালী বাহুযুক্ত। ২ মহাবল; মহাবীর। [স.]

মহাভৈরব *বি* মহাদেব; শিব।

মহামণ্ডল *বি* ১ বিরাট সঙ্ঘ বা সমবায়। ২ বৌদ্ধ ভিক্ষু পরিষদ। [স.]

মহামতি, মহামনা *বিণ* ১ উদার হৃদয়; অতি উন্নত চরিত্র; মহানুভব। ২ অতিশয় বুদ্ধিমান। [স.]

মহামনস্বী (-স্বিন্) *বিণ* অত্যন্ত প্রতিভাসম্পন্ন; মহামনা; অতি প্রশস্ত চিত্ত। [স.]। **মহামনস্বিনী** *বিণ স্ত্রী.*।

মহামহিম *বিণ* ১ অতিশয় মহান; মহাসম্মানিত; প্রচুর মহিমাসম্পন্ন। ২ প্রতাপবান। [স.]

মহামহিমান্বিত *বিণ* অতিশয় গৌরবান্বিত। [স. মহামহিমা+অন্বিত]। **মহামহিমান্বিতা** *বিণ স্ত্রী.*। [স.]

মহামহোপাধ্যায় *বি* ১ ইংরেজ আমলে সংস্কৃতজ্ঞ পণ্ডিতকে সরকার প্রদত্ত উপাধিবিশেষ। ২ অত্যন্ত শ্রদ্ধেয় আচার্য; পণ্ডিতাগ্রগণ্য (মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী)। ৩ (ব্য.) জ্ঞানশূন্য। [স. মহামহ+উপাধ্যায়; মহান+মহৎ+উপাধ্যায়]। (তুল. শামসুলউলেমা)।

মহামাত্য *বি* প্রধানমন্ত্রী; Prime Minister। [স. মহা+অমাত্য]

মহামানী(-নিন্) *বিণ* ১ সম্মানিত; অতি গৌরবযুক্ত। ২ অতিশয় মান্য। ৩ গর্বিত; অতিশয় অভিমানী। [স.]। **মহামানিনী** *বিণ স্ত্রী.*। [স.]

মহামায়া *বি* ১ অবিদ্যা; হিন্দু পুরাণোক্ত অবিদ্যারূপিণী দেবী; মায়াদেবী। ২ প্রকৃতি। ৩ দুর্গাদেবী ভগবতী। ৪ লক্ষ্মী। [স.]

মহামারী *বি* বহু প্রাণীর মৃত্যু হয় এমন সংক্রামক ব্যাধি। [স.]

মহামুনি *বি* ঋষিশ্রেষ্ঠ; শ্রেষ্ঠ মুনি; গৌতম বুদ্ধ। [স.]

মহামূল্য *বিণ*১ খুব দামি। ২ দুর্মূল্য। ৩ অতি উচ্চ শ্রেণীর। [স.]

মহামৃগ *বি* হাতি। [স.]

মহামোহ *বি* ১ অজ্ঞানতা; বিষয়-বাসনা থেকে উৎপন্ন মোহ। ২ সংসারের মায়া। [স.]

মহাযজ্ঞ *বি* হিন্দুশাস্ত্রোক্ত বেদাধ্যয়ন, হোম, অতিথি-সেবা, তর্পণ ও জীবগণকে খাদ্যদান— এই পাঁচ প্রকার যজ্ঞ। [স.]

মহাযশ, মহাযশা *বিণ* অতিশয় যশস্বী; অতি কীর্তিমান। [স. মহাযশাঃ]

মহাযাত্রা *বি* মহাপ্রয়াণ; মৃত্যু। [স.]

মহাযান *বি* দার্শনিক নাগার্জুন প্রতিষ্ঠিত বৌদ্ধ সম্প্রদায়বিশেষ। [স.]

মহাযুদ্ধ *বি* ব্যাপক ও ভীষণ সময়। [স.]

মহাযোগী(-গিন্) *বি* ১ শ্রেষ্ঠ যোগী। ২ যার চিত্ত বাহ্য জগতের প্রভাব থেকে মুক্ত। [স.]

মহারণ্য *বি* অতি বৃহৎ ও নিবিড় অরণ্য; গহনকানন। [স. মহা+অরণ্য]

মহারত্ন *বি* ১ শ্রেষ্ঠ রত্ন; অতি মূল্যবান মণি। ২ হীরক, পদ্মরাগ, নীলকান্ত, মরকত ও মুক্তা— এই পাঁচটি রত্ন মহারত্ন নামে খ্যাত। [স.]

মহারথ, মহারথী(-থিন্) *বি* অত্যন্ত যুদ্ধনিপুণ বীর; শ্রেষ্ঠ বীরযোদ্ধা। [স.]

মহারহস্য *বি*১ অতি গোপন কথা; গুপ্ত বিষয়। ২ অতি নিগূঢ় তত্ত্ব বা তথ্য। [স.]

মহারাজ *বি*১ শক্তিশালী রাজা; সম্রাট। ২ হিন্দুসমাজের সন্ন্যাসীর উপাধি, সাধারণভাবে সন্ন্যাসীকে সম্বোধন করতে ব্যবহৃত শব্দ। [স.]। **মহারাজ্ঞী** *বি স্ত্রী.* রাজমহিষী; সম্রাটপত্নী।। [স.]

মহারাজা *বি* হিন্দু সামন্তরাজা; বড় জমিদারের উপাধি খেতাব ইত্যাদি অর্থে ব্যবহৃত। **মহারানী, মহারাণী** *বি স্ত্রী.*। **মহারাজাধিরাজ** *বি* সম্রাট; অনেক দেশ ও বহু রাজার উপর যাঁর প্রভুত্ব; রাজচক্রবর্তী।

মহারাত্রি *বি*১ অর্ধরাত্রির পরের দুই মুহূর্ত। ২ মহাপ্রলয়ের রাত্রি; কালরাত্রি। [স.]

মহারানা *বি* সাবেক উদয়পুরের রাজার উপাধি। **মহারানী** *স্ত্রী.*।

মহারাষ্ট্র *বি* মারাঠাদের বাসভূমি; ভারতের অন্যতম রাজ্য। [স.]

মহারাষ্ট্রি *বি*১ একটি প্রাকৃত ভাষা। ২ মহারাষ্ট্রের অধিবাসী; মারাঠি। [স.]

মহারাষ্ট্রীয় *বিণ*১ মহারাষ্ট্র সম্বন্ধীয়। ২ মহারাষ্ট্রে জাত বা উৎপন্ন; মারাঠি।

মহারুদ্র *বি* পুরাণোক্ত মহাদেব বা শিবের প্রলয়মূর্তি বা সংহার মূর্তি। [স.]

মহারোগ *বি* দুরারোগ্য ব্যাধি। [স.]। *বিণ* **মহারোগী** (-গিন্)। **মহারোগিণী** *বিণ স্ত্রী.*। [স.]

মহারৌরব *বি* হিন্দুমতে মৃত্যুর পর মহাপাপীদের সর্বাধিক যন্ত্রণাভোগের স্থান; নিকৃষ্টতম নরকবিশেষ। [স.]

মহার্ঘ, মহার্ঘ্য, মহার্হ *বিণ*১ অত্যন্ত দামি; মহামূল্য। ২ দুর্মূল্য। **মহার্ঘতা, মহার্ঘ্যতা** *বি*। [স.]

মহার্ণব *বি* মহাসমুদ্র; মহাসাগর। [স. মহা+অর্ণব]

মহাল *বি* জমিদারির অংশ; তালুক। [আ.]

মহালজ্জা *বি* অতিশয় লজ্জা। [স.]

মহালয়া *বি* শারদীয় দুর্গাপূজার পূর্ববর্তী অমাবস্যা তিথি। [স.]

মহাশক্তি *বি*১ বিপুল পরাক্রম। ২ দেবী দুর্গা; আদ্যাশক্তি। ❑ *বিণ* অতি পরাক্রান্ত। [স.]

মহাশঙ্খ *বি*১ মৃতের মাথার খুলি। ২ মনুষ্য অস্থি। ৩ খুব

বড় শঙ্খ।❑বি, বিণ দশ লক্ষ কোটি সংখ্যা বা সংখ্যক। [স.]।

মহাশয় *বিণ*১ উদারহৃদয়; মহাত্মা; মহামনা। ২ শ্রদ্ধেয়। ❑*বি* হিন্দু ব্যক্তির প্রতি ভদ্রতাসূচক বা শ্রদ্ধাজ্ঞাপক সম্বোধনবিশেষ। **মহাশয়া** *বি, বিণ স্ত্রী.*।[স. মহা+আশয়, আশয়া]

মহাশ্মশান *বি* লোকালয় থেকে দূরে অবস্থিত হিন্দুদের মৃতদেহ সৎকারের বৃহৎ শ্মশান। [স.]

মহাশ্বেতা *বি*১ সরস্বতী দেবী। ২ সংস্কৃত কাদম্বরী গ্রন্থের উপনায়িকার নাম। [স.]

মহাষ্টমী *বি* শারদীয় দুর্গোৎসবের অষ্টমী তিথি। [স. মহা+অষ্টমী]

মহাসত্ত্ব *বিণ*১ অত্যন্ত শক্তিশালী; মহাবলশালী।২ মহাশয়; সদাশয়। ৩ উন্নতমনা। ❑*বি* বৃহৎকায় জীব। [স.]

মহাসভা *বি*১ বিরাট বা বহুলোকের সভা; সঙ্ঘ। ২ রাষ্ট্রের প্রতিনিধিমূলক ব্যবস্থাপক সভা। [স.]

মহাসমারোহ *বি* ১ বিরাট আয়োজন; প্রচুর আড়ম্বর। ২ অতিশয় ধুমধাম বা জাঁকজমক। [স.]

মহাসমুদ্র, মহাসাগর, মহাসিন্ধু *বি* পৃথিবীকে বেষ্টনকারী জলভাগের প্রধান বিভাগ; বৃহৎ সমুদ্র। [স.]

মহাসাধক *বি, বিণ* শ্রেষ্ঠ সাধক; কৃচ্ছ্রতাসাধনকারী। [স.]

মহাস্থবির *বি* প্রধান বৌদ্ধ সন্ন্যাসীর উপাধিবিশেষ। [স. মহাস্থবির>মহাথেরো]

মহিম *বি* যুদ্ধ; সংগ্রাম। (মহিম হৈল ফতে—ভারতচন্দ্র)। [আ. মুহিম]

মহিমময় *বিণ* মহিমাপূর্ণ; মহিমান্বিত; গৌরববিশিষ্ট। **মহিমময়ী** *স্ত্রী.*। **মহিমা** *বি* ১ শক্তি। ২ মাহাত্ম্য; মহত্ত্ব; গৌরব; মর্যাদা; সম্মান; উৎকর্ষ। **মহিমা কীর্তন** *বি* গৌরব বর্ণন; মাহাত্ম্যকথন; যশঃকীর্তন। **মহিমান্বিত** *বিণ* মহিমাযুক্ত; গৌরববিশিষ্ট। **মহিমান্বিতা** *স্ত্রী.*। [স. মহিমা+অন্বিত, অন্বিতা]। **মহিমাব্যঞ্জক** *বিণ* মহিমা প্রকাশক; গৌরবসূচক। **মহিমার্ণব** *বি* সমুদ্রের মতো অপরিমেয় মহিমাপূর্ণ বা অসীম গৌরবযুক্ত ব্যক্তি। [স. মহিমা+অর্ণব]

মহিলা *বি* ১ ভদ্রঘরের বউ-ঝি; নারী; রমণী; স্ত্রীলোক। ২ ভদ্র বা সম্ভ্রান্ত নারী। [স. √মহ্+ইল+আ (প) অথবা অন্দরমহল বাসিনী বলেই মহিলা]

মহিষ, মোষ *বি* ১ রং কালো লম্বা শিংযুক্ত গো-জাতীয় পশু। ২ মহিষাসুর। [স. মহ+ইষ]। **মহিষী** *স্ত্রী.*। **মহিষমর্দিনী** *বি স্ত্রী.* হিন্দুপুরাণোক্ত মহিষাসুর বধকারিণী দেবী দুর্গা। [স.]। **মহিষাসুর** *বি* পৌরাণিক মহিষরূপধারী অসুরবিশেষ।

মহিষী *বি স্ত্রী.* ১ রাজার বিবাহিতা পত্নীদের মধ্যে প্রধানা; রাজ্ঞী। ২ স্ত্রী-জাতীয় মহিষ। [স. মহ্+ইষ+ঈ]

মহী, মহি *বি* পৃথিবী; ভূ; মেদিনী; ধরণী; ধরা; অবনী; উর্বী; ক্ষিতি; ধরিত্রী; ক্ষৌণী; বসুধা; বসুন্ধরা। [স.]। **মহীতল** *বি* ভূতল; ভূমিতল। **মহীধর** *বি* পর্বত; ভূধর। **মহীনাথ, মহীন্দ্র, মহীপ, মহীপতি, মহীপাল** *বি* রাজা; নৃপতি; ভূপতি। **মহীরুহ** *বি* বৃহৎ বৃক্ষ; গাছ। **মহীলতা** *বি* কেঁচো। **মহীসুত** *বি*১ মঙ্গল গ্রহ। ২ নরকাসুর। **মহীসুতা** *বি স্ত্রী.* সীতা।

মহীয়ান *বি* অতি মহান; সুমহান। **মহীয়সী** *স্ত্রী.*। [স. মহৎ+ঈয়ান/ঈয়স=মহীয়ান/মহীয়স+স্ত্রী. ঈ=মহীয়সী]

মহুয়া *বি* ১ একজাতীয় বৃক্ষ; মউল গাছ। ২ মউল ফল। [স. মধুক>মহুঅ>মহুয়া]

মহুরী[১] *বি* ১ মুখ বায়ু দিয়ে ফুলিয়ে যে বাদ্যযন্ত্র বাজানো হয়। ২ বাঁশরী; মুরলী।

মহুরী[২] *বি* মশলাবিশেষ; মৌরি।

মহুরী[৩] *বি* লেখক; কেরানি (উকিলের মুহুরি)। [আ.]

মহেন্দ্র *বি* ১ দেবরাজ ইন্দ্র। ২ একটি পর্বত; পূর্বঘাট পর্বতশ্রেণী। [স. মহা+ইন্দ্র]। **মহেন্দ্রাণী** *বি স্ত্রী.* ইন্দ্রাণী; ইন্দ্রপত্নী; শচীদেবী। **মহেন্দ্রনগরী, মহেন্দ্রপুরী, মহেন্দ্রভবন** *বি* ইন্দ্রপুরী; অমরাবতী; দেবরাজ ইন্দ্রের নগরী।

মহেশ, মহেশ্বর *বি* মহাদেব; শিব।[স. মহা+ঈশ, ঈশ্বর]। **মহেশী, মহেশ্বরী** *স্ত্রী.*। **মহেশপুরী** *বি* কৈলাসপুরী।

মহোৎসব *বি* ১ বিরাট উৎসব; নৃত্য বাদ্য গীত ভোজ ইত্যাদির বড় অনুষ্ঠান। ২ বৈষ্ণবদের কীর্তন ও ভোজের উৎসব; মচ্ছব।

মহোৎসাহ *বি*১ অতিশয় উদ্যম বা উৎসাহ। ২ মহৎ চেষ্টা। ❑*বিণ* অতিশয় উদ্যমশীল। [স. মহা+উৎসাহ]

মহোদধি *বি* মহাসমুদ্র; মহাসাগর। [স. মহা+উদধি]

মহোদয় *বিণ*১ মহাশয়; মহাত্মা; মহানুভব। ২ অত্যন্ত ঐশ্বর্যশালী বা সমৃদ্ধ। ৩ অত্যুচ্চ; অত্যুন্নত। **মহোদয়া** *স্ত্রী.*। [স. মহা+উদয়, উদয়া]

মহোদ্যম *বি* অতিশয় উদ্যোগ বা চেষ্টা। ❑*বিণ* অতিশয় উদ্যমশীল; মহোৎসাহী। [স. মহা+উদ্যম]

মহোন্নতি *বি* অতিশয় শ্রীবৃদ্ধি; অত্যুন্নতি। [স. মহা+উন্নতি]। **মহোন্নত** *বিণ*। **মহোন্নতা** *স্ত্রী.*।

মহোপকার *বি* পরম উপকার; অত্যন্ত বড় উপকার। [স. মহৎ+উপকার=মহোপকার, মহদুপকার]। **মহোপকারী** *বিণ* পরম হিতসাধক। **মহোপকারিণী** *স্ত্রী.*।

মহৌষধ *বি* যে ওষুধ উৎকৃষ্ট বা অব্যর্থ। [স. মহা+ওষুধ]

মহৌষধি *বি* ১ রোগনিবারক উৎকৃষ্ট উদ্ভিদ। ২ রাতে দীপ্তিময় তৃণলতা। ৩ দূর্বা। [স. মহা+ঔষুধি]

মা[১] *বি* ১ মাতা; গর্ভধারিণী; জননী। ২ মাতৃস্থানীয়া নারীর প্রতি সম্বোধন। ৩ কনে বা কনেস্থানীয়া নারীকে সম্বোধন। ❑*অব্য* বিস্ময় ভয় ইত্যাদি সূচক (মাগো ! ভয়ানক)। [স. মাতৃ>]। **মা-মরা** *বিণ* মাতৃহীন বা মাতৃহীনা। **মায়ের জাত** *বি* নারীজাতি।

মা[২] *বি* (সং) স্বরগ্রামের মধ্যম বা চতুর্থ সুর। [স. মধ্যম>]

মাই *বি*১ স্তন; পয়োধর। ২ স্তন্য; মায়ের দুধ। **মাই খাওয়া** *ক্রি* স্তন্যপান করা। **মাই ছাড়া** *ক্রি* স্তন্য-ত্যাগ করা। **মাই ছাড়ানো** *ক্রি* বিশেষ কোনো কারণে স্তন্যপায়ী শিশুকে তার মাতৃস্তন্য পান থেকে নিবৃত্ত করা। **মাই দেওয়া** *ক্রি* স্তন্য পান করানো। **মাই ধরা** *ক্রি*১ স্তন্য বৃন্ত মুখে করা। ২ স্তন্য পান আরম্ভ করা। **মাইপোষ** *বি* শিশুদের দুধ খাওয়ানোর চুষিযুক্ত বোতল।

মাইক *বি* ধ্বনিবর্ধক যন্ত্রবিশেষ; মাইক্রোফোনের সংক্ষিপ্ত রূপ। [ই. microphone]।

মাইন *বি* স্থলে বা জলের তলায় বা সমুদ্রের উপরে ভাসমান বিস্ফোরক। [ই. mine]

মাইনদার, মাইন্দার *বি* ১ মাসিক বেতনভুক ভৃত্য। ২ যে ভৃত্য মাসে মাসে বেতন বা মাহিনা পায়; মাহিনাধারী।

[ফা.]। **মানদারি** *ক্রি* ভৃত্যগিরি করা; চাকরি করা।
মাইনর, মাইনার *বিণ*১ নিম্ন মাধ্যমিক। ২ নাবালক; নাবালিকা; নাবালেগ; নাবালেগা। ৩ তুচ্ছ; ক্ষুদ্র। [ই minor]
মাইনা, মাইনে *বি* মাসিক বেতন। [ফা. মাহ্আনহ। মাহ=মাস; মাহিনা=মাসান্তে দেয় মজুরি]। **মাইনে পত্তোর** *বি* মাসিক বেতনাদি।
মাইফেল *বি* নাচগানের আসর বা জলসা; নৃত্যগীতের মজলিশ; মহফিল। [আ.]
মাইয়া *বি*১ মেয়ে। ২ মায়ের জাতি; নারীজাতি; স্ত্রীলোক। [স. মাতৃকা>]। **মাইয়ামুখা, মাইয়ামুখো** *বিণ*১ (আল.) স্ত্রীর মুখ চেয়ে কাজ করে এমন। ২ (আল.) নির্বোধ; স্ত্রীলোকের কথামতো চালিত। **মাইয়ালোক** *বি* স্ত্রীলোক।
মাইয়াত, মাইয়ত *বি* মৃত ব্যক্তি। [আ.]
মাইরি *অব্য*১ শপথ করতে ব্যবহৃত শব্দ। ২ বিরক্তি বা ক্রোধসূচক; যিশু খ্রিস্টের মা মেরির নামে দিব্যি বা তাঁর দোহাই। [পো. maria (তুল. ই mary)]
মাইল[১] *বি* ১৭৬০ গজ; প্রায় আধক্রোশ। [ই]। **মাইল-পোস্ট** *বি* মাইল নির্দেশক স্তম্ভ। **মাইলেজ, মাইলিজ** *বি* মাইল অনুসারে ভাড়ার বা ভাতার হার।
মাইল[২] (প্রা-বা) *ক্রি* ১ মারলো। ২ আঘাত করলো। [আঞ্চলিক]
মাইলানি *বি* মালিনী।
মাউই, মাউই মা *বি* ভাই বা বোনের শাশুড়ি। [বা. মাতৃকল্প>মাতৃবৎ>মাওই]
মাউগ, মাগ *বি স্ত্রী.* ১ পত্নী। ২ বেশ্যা; উপপত্নী; ভ্রষ্টা নারী; ছিনাল নারী। **মাউগপোলা** *বি* স্ত্রী-পুত্র (উনিশ-বিশ শতকের গোড়ার দিকে পত্নী অর্থে মাগ হতো)। তুল. মাগ-মিনসে।
মাউসা, মেসো *বি*১ মাসির স্বামী/খালার স্বামী। ২ খালু।
মাওরা, মাওড়া *বিণ* মা মরা; মা-হারা; মাতৃহীন।
মাওলা *বি* আল্লাহতায়ালা; জগদীশ্বর।
মাওলানা *বি* মহামান্য আলিম; আমাদের প্রভু; শাস্ত্রে বিশেষজ্ঞ।
মাওলি *বি* মাঙ্গলিক; সৌজন্যমূলক দান বা বখশিশ।
মাংস *বি* গোশত; প্রাণীর দেহের হাড় ও চামড়ার মধ্যবর্তী শরীরের অংশবিশেষ। [স.]। **মাংস কষা** *ক্রি* অল্প আঁচে মসলা সহযোগে মুখরোচক করে ভাজা। **মাংসপেশি** *বি* দেহের যে মাংসপিণ্ড সঞ্চালন-ক্রিয়া সাধন করে। **মাংসভোজী(-জিন), মাংসাদ, মাংসাশী(-শিন)** *বিণ* মাংশভোজনকারী; গোশ্তখোর; মাংসখাদক। **মাংসল** *বিণ* ১ মাংসবহুল। ২ মোটা। **মাংসিক** *বিণ* মাংস ব্যবসায়ী; কসাই।
মাকড়সা, মাকড় *বি* এক প্রকার অষ্টপদী কীট; উর্ণনাভ; লূতা; spider। [স. মর্কট>]। **মাকড়সার জাল** *বি* কীট পতঙ্গাদি ধরবার জন্য মাকড়সা নিজ দেহনিঃসৃত লালা দিয়ে যে সূক্ষ্ম জাল রচনা করে; লূতাতন্তু।
মাকড়ি, মাকড়ী *বি* কানে পরবার এক প্রকার গহনা।
মাকনা *বি* যে হাতির দাঁত ওঠেনি অথবা যার দাঁত খুব ছোট।
মাকাল, মাকাল ফল *বি* ১ বাহ্যত দেখতে সুন্দর কিন্তু অন্তঃসারশূন্য ফলবিশেষ। ২ (আল.) সুদর্শন অথচ নির্গুণ ব্যক্তি। [স. মহাকাল>]
মাকু *বি* তাঁত বোনার কাজে ব্যবহৃত এক প্রকার যন্ত্র; shuttle। [ফা. মাকু]। **মাকু ইঁদুর** *বি* (ব্য.) দুষ্টবুদ্ধি প্রণোদিত ব্যক্তি।
মাকুন্দ, মাকুন্দা *বি, বিণ* যে বয়স্ক পুরুষের গোঁফ-দাঁড়ি ওঠেনি। [স. মৎকুণ>]
মাক্ষিক, মাক্ষীক *বিণ* মাছ বিষয়ক। ☐ *বি* ১ মধু। ২ একপ্রকার খনিজ দ্রব্য। [স.]
মাখন *বি* দুধ থেকে উৎপন্ন স্নেহ পদার্থ; ননী; নবনী; নবনীত। [স. ম্রক্ষণ>মখন>মাখন]
মাখনা *বি*১ জলজ উদ্ভিদবিশেষের ফল; কাঁটাপদ্ম। [স. মাখান্ন>]। ২ 'মাখন' নাম আদরে বা তুচ্ছার্থে উচ্চারিত 'মাখনা'। [মাখন+আ]
মাখা[১] *ক্রি*১ লেপন করা; লেপা। ২ মর্দন করা। **মাখানো** *ক্রি*১ লেপন করা। ২ মর্দন করানো। ৩ লেপন করানো। **মাখামাখি**[১] *বি* দহরম মহরম; মেশামেশি; অন্তরঙ্গতা; ঘনিষ্ঠতা। **মাখামাখি**[২] *বি* ভালোবাসার বাড়াবাড়ি। [স. ম্রক্ষ>+বা. আ]
মাখা[২] *বিণ* লিপ্ত; জড়িত।
মাগধ *বিণ* মগধদেশীয়; মগধদেশের। ☐ *বি* স্তুতিপাঠক। [স.]। **অর্ধ-মাগধি** *বি* ১ শিলালিপিতে ব্যবহৃত মাগধি ভাষা। ২ প্রাকৃতবিশেষ।
মাগন[১], **মাঙন** *বি* যাচ্ঞা বা ভিক্ষা কার্য। [বা. মাগ+অন]
মাগনা, মাঙনা *বিণ* বিনামূল্যে পাওয়া; ভিক্ষা দ্বারা প্রাপ্ত বা লব্ধ। ☐ *ক্রিবিণ* বিনা পয়সায়; বিনামূল্যে। [বা. মাগন+আ]। **মাগনা পাওয়া** *বিণ* বিনামূল্যে প্রাপ্ত।
মাগফেরাত, মাগফিরাত *বি* ১ ক্ষমা; নিষ্কৃতি। ২ আল্লাহ্র ক্ষমা ভিক্ষা করা। [আ. মগ্ফিরৎ]
মাগা, মাগন[২] *ক্রি*১ যাচ্ঞা করা; চাওয়া। ২ ভিক্ষা করা। ☐ *বি* প্রার্থনা; মোনাজাত।
মাগানো *ক্রি* ভিক্ষা; যাচ্ঞা বা প্রার্থনা করানো।
মাগি *বি* ১ (অশি.) প্রাপ্তবয়স্কা স্ত্রীলোক; সাবালিকা নারী। ২ বেশ্যা; গণিকা। [স. মার্গ>; পা. মাতুগাম>]। **মাগিবাড়ি** *বি* বেশ্যালয়; গণিকাগৃহ।
মাগুর *বি* জিওল জাতীয় মাছ। [স. মদ্গুর>]
মা-গোঁসাই *বি স্ত্রী.* ১ গোস্বামী-পত্নী। ২ গোঁসাই মা; মা-ঠাকুরানী। [স. মাতৃগোস্বামী>]
মাগ্গি, মাগ্যি *বি* দুর্মূল্য; মহার্ঘ; পূর্বাপেক্ষা অনেক অধিক মূল্য হওয়া। [স. মহার্ঘ>]। **মাগ্গি গণ্ডার বাজার** *বি* দুর্মূল্যতার দিন বা কাল; যে বাজারে সব দ্রব্যই মহার্ঘ। **মাগ্গি ভাতা** *বি* জিনিস-পত্রাদির দাম বাড়ার জন্য কর্মচারীদিগকে বেতন ছাড়াও প্রদত্ত বাড়তি অর্থ।
মাঘ *বি* মাসবিশেষ; বাংলা বর্ষপঞ্জিতে দশম মাস। [স.]। **মাঘী** *বিণ* মাঘ মাসে জাত; মাঘ মাস সম্পর্কিত; মাঘ মাসের। **মাঘী পূর্ণিমা** *বি*১ মাঘ মাসের পূর্ণিমা। ২ মঘা পক্ষে যুক্ত পূর্ণিমা তিথি।
মাঙ্গন *বি* চাওয়া; প্রার্থনা; জমিদার কর্তৃক প্রজাগণের নিকট থেকে খাজনার অতিরিক্ত বা অন্যায়পূর্বক গৃহীত অর্থ।
মাঙ্গলিক, মাঙ্গল্য *বি* মাঙ্গল্য দ্রব্য; মঙ্গলাচার। ☐ *বিণ*১ শুভপ্রদ; শুভদায়ক। ২ মঙ্গলজনক। [স. মঙ্গল+ইক]

মাঙ্গা *বিণ* দুর্মূল্য; মহার্ঘ। [স. মহার্ঘ>]। **মাঙ্গি, মাগ্‌গি গণ্ডা** *বি* দুর্মূল্য। (আঞ্চলিক)।

মাচা, মাচান *বি* ১ বাঁশ কাঠ ইত্যাদির দ্বারা নির্মিত উঁচু স্থান। ২ মঞ্চ। [স. মঞ্চ>]। **মাচিয়া, মাইচা** *বি* উঁচু আসন; বাঁশ বা বেতের তৈরি চেয়ার।

মাছ *বি* মৎস্য। [স. মৎস্য>মচ্ছ>মাছ]। **মাছরাঙা, মাছরাঙ্গা** *বি* মৎস্যভুক এক জাতীয় সুদর্শন পাখি; মৎস্যরঙ্গ। **মাছরাঙার কলঙ্ক**— দোষ অনেকেই করে কিন্তু দোষী বলে পরিচিত হয় শুধু মাছরাঙা; সকলের অপরাধ উপেক্ষা করে একজনকে দোষী বা অপরাধী সাব্যস্ত করা। **মাছুয়া, মেছো** *বি* মৎস্যজীবী; জেলে; ধীবর। ❑ *বিণ* ১ মৎস্য-সংক্রান্ত। ২ মাছখেকো; মৎস্যভুক। **মাছের টোপ গেলা**—কাজে সিদ্ধিলাভ। **মাছের তেলে মাছ ভাজা**—কোনো কাজের লাভ থেকে সে কাজ চালানো।

মাছি *বি* ১ মক্ষিকা; সুপরিচিত বিরক্তিকর ও বিপত্তিকর ক্ষুদ্র পতঙ্গবিশেষ। ২ লক্ষ্য স্থির করবার জন্য বন্দুকের নলের উপরিস্থ চিহ্ন। [স. মক্ষিকা>]। **মাছি মারা** *ক্রি* যে নির্বোধের মতো নকল করে। **মাছি মারা কেরানি**—বুদ্ধি-বিচারহীন নকলনবিস।

মাজ, মাইজ *বিণ* ১ অভ্যন্তর; মধ্য; মাঝ। ২ সার; মজ্জা। ৩ মধ্যস্থিত অংশ। ৪ ভাতের ভিতরের অল্প অসিদ্ধ অংশ। [স. মধ্য>মজ্‌ঝ>মাঝ>মাইজ]। **মাইজলা** *বি, বিণ* ১ মধ্যস্থ। ২ মধ্যের; মাঝারি। **মেজো** *বিণ* মধ্যম।

মাজন[১] *বি* পুনঃপুন ঘর্ষণ ক্রিয়া; ঘষে পরিষ্কার করা (দাঁতমাজা)। [স. মার্জন]

মাজন[২] *বি* দাঁত মাজবার গুঁড়া। [বা. মঞ্জন>]

মাজা[১] *বি* কোমর; কটি; দেহের মধ্যাংশ। [প্রা. মধ্য>মজ্‌ঝ> মাজ+আ]।

মাজা[২] *ক্রি* ঘর্ষণ দ্বারা পরিষ্কার করা; ঘষে উজ্জ্বল করা; পরিষ্কার করা (বাসন মাজা)। [বা. মনজ; মার্জ]। **মাজাঘষা** *ক্রি* খুব ভালো করে মাজা; পরিমার্জন করা। ২ (ব্য.) প্রসাধনের সাহায্যে সৌন্দর্য বৃদ্ধি করা।

মাজানো *ক্রি* ১ পরিমার্জিত করানো। ২ উত্তমরূপে পরিমার্জিত করানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।

মাজার, মাযার *বি* সম্মানিত ব্যক্তির কবর। **মাজার শরিফ** *বি* পবিত্র সমাধি ক্ষেত্র। [আ. মযার]

মাজুর *বিণ* অক্ষম; অসহায়। [আ. মাযুর]

মাঝ *বি* ১ মধ্য; মধ্যস্থ। ২ ভিতর। [স. মধ্য>]। **মাঝখান** *বি* মধ্যভাগ; মধ্যস্থল। **মাঝামাঝি** *বিণ* ১ মাঝখানে এমন; মধ্যবর্তী। ২ মাঝারি; মধ্যম রকম। ❑ *ক্রিবিণ* মধ্যভাগে বা প্রায় মধ্যভাগে। [স. মধ্য>]। **মাঝে** *বি* ভিতরে। ❑ *ক্রিবিণ* কিছুকাল পূর্বে। **মাঝে মাঝে** *ক্রিবিণ* কখনো কখনো; কিছুদিন অন্তর অন্তর; মধ্যে মধ্যে; কিছুকাল পর পর।

মাঝার(পদ্যে) *বি* মধ্য; ভিতর; অভ্যন্তর; মধ্যস্থল।

মাঝারি, মাঝারী *বিণ* ১ মধ্য রকমের; মাঝামাঝি ধরনের। ২ খুব বেশিও নয় খুব কমও নয়। ❑ *বি* (প্রা-বা) কটিদেশ।

মাঝি[১] *বি* নৌ-চালক; কর্ণধার; নৌকা চালনাকারী। [স. মধ্য>]। **মাঝিগিরি** *বি* মাঝির কাজ; কর্ণধারের বৃত্তি। **মাঝিমাল্লা** *বি* মাঝি ও তার সহকর্মী মাল্লারা। **ঘাটমাঝি** পাটনি; যে মাঝি খেয়া নৌকা পারাপার করে; গুদারা নৌকার মাঝি। **দাঁড়িমাঝি** *বি* যে সমস্ত লোক দাঁড় টানে ও হাল ধরে।

মাঝি[২] *বি* সাঁওতাল পল্লীর প্রধান ব্যক্তি বা মোড়ল; কুলির সর্দার; মধ্যস্থকারী। [স. মধ্য>]

মাঝি[৩] *বি* মৎস্যজীবী; মৎস্য-ব্যবসায়ী; জেলে (পদ্মানদীর মাঝি—মানিক বন্দ্যোপাধ্যায়)।

মাঞ্জা *বি* সুতা মজবুত ও ধারালো করবার জন্য কাচচূর্ণ ইত্যাদি দিয়ে তৈরি আঠা; ঘুড়ির সুতার মাঞ্জা। [স. মঞ্জু>]

মাঞ্জিষ্ঠ *বিণ* রক্তবর্ণ; মঞ্জিষ্ঠার বর্ণযুক্ত।

মাট, মাঠ[১] *বিণ* ১ মাটির ভিতরে উৎপন্ন বা জাত। ২ মাটি দিয়ে তৈরি। **মাট কলাই** *বি* চীনাবাদাম। **মাট কোঠা** *বি* মাটি দিয়ে তৈরি একাধিক তলযুক্ত ঘর।

মাটাম *বি* সমকোণ কিনা তা স্থির করবার যন্ত্রবিশেষ। ❑ *বিণ* সমকোণে বিন্যস্ত। [ও. মটাম]। **মাটামসই** *বিণ* সমকোণে সজ্জিত বা বিন্যস্ত।

মাটি, মাটী *বি* ১ মৃত্তিকা। ২ ভূতল; পৃথিবীর উপরিভাগ। ৩ ভূসম্পত্তি; জমি। ৪ নির্ভরস্থল; আশ্রয়; ভর দেবার উপায়। ❑ *বিণ* পণ্ড; নিষ্ফল; নষ্ট; বিনষ্ট; বিধ্বস্ত। [স. মৃত্তিকা>]। **মাটি করা** *ক্রি* ব্যর্থ করা; নষ্ট করা। **মাটি কাটা, মাটি কোপানো** *ক্রি* কোদাল দিয়ে মাটি খোঁড়া বা কোপানো। **মাটি কামড় দিয়ে থাকা** *ক্রি* প্রবল বিরুদ্ধতার মধ্যেও অবিচলিত থাকা। **মাটি কামড়ানো** *ক্রি* সহ্য করে থাকা। **মাটি কামড়ে পড়ে থাকা** *ক্রি* নাছোড়বান্দা হয়ে লেগে থাকা। **মাটি খাওয়া** *ক্রি* (আল.) অনুচিত কাজ করা; যার জন্য পরে অনুশোচনা করতে হয় এমন কাজ করা। **মাটিতে পা না পড়া** *ক্রি* (আল.) অত্যন্ত গর্বিত হওয়া। **মাটি তোলা** *ক্রি* ১ মাটি উপরে তুলে স্তূপ করা। ২ (আল.) পঙ্কোদ্ধার করা। **মাটি দেওয়া** *ক্রি* (আল.) কবর দেওয়া; গোর দেওয়া; দাফন করা। **মাটি নেওয়া** *ক্রি* কুস্তি ইত্যাদিতে উপুড় হয়ে পড়ে মাটি আঁকড়ে থাকা। **মাটি ফেলা** *ক্রি* মাটি ফেলে নিচু জমি উঁচু করা। **মাটি মাখা** *ক্রি* ১ মাটিতে পানি দিয়ে কাদা করা। ২ গায়ে কাদা মাখা। **মাটি মাটি** *অব্য* ১ (আল.) আলস্য বোধ। ২ মাটির মতো। **মাটি মাড়ানো** *ক্রি* (আল.) নিকটবর্তী স্থান দিয়ে গমনাগমন করা। ❑ *বি* আগমন বা পদার্পণ করা। **মাটির দর** *বি* (আল.) অতি সস্তা; অকিঞ্চিৎকর মূল্য। **মাটির দরে কেনা** *ক্রি* অত্যন্ত সস্তায় কেনা। **মাটির মানুষ** *বি* (আল.) অতি সহিষ্ণু ভালো মানুষ; শান্ত প্রকৃতির নিরীহ লোক। **গা মাটি মাটি করা** *ক্রি* (আল.) আলস্য বা জড়তা বোধ করা; শরীর ম্যাজম্যাজ করা। **সাজিমাটি** *বি* ক্ষার মিশ্রিত মৃত্তিকা। **হাড় বা দেহ মাটি করা** *ক্রি* (আল.) অত্যধিক শ্রমে জীবনপাত করা; কঠোর পরিশ্রম করা।

মাঠ[২] *বি* ১ প্রান্তর; ময়দান; খেলার নির্দিষ্ট স্থান। ২ বৃহৎ ক্ষেত্র বা ভূভাগ। ৩ ক্ষেত; কৃষিক্ষেত্র। ৪ গবাদি পশুর চরবার ভূমি; পশুচারণ ক্ষেত্র। **মাঠঘাট** *বি* সমস্ত স্থান; সকল জায়গা। **মাঠে মারা যাওয়া** *ক্রি* অস্থানে পড়ে নষ্ট হওয়া; একেবারে নিষ্ফল হওয়া।

মাঠা *বি* মাখনশূন্য ঘোল। [স. মৃষ্টন>]

মাঠান[১] *বি* চাষের উপযোগী জমি; কর্ষণযোগ্য মাঠ।

মাঠান[২] *ক্রি* ১ মেজে-ঘষে মসৃণ করা। ২ কাটা।

মাঠান[৩] *বি* মা ঠাকরুণ; মাতৃঠাকুরানী; শ্রদ্ধেয়া বয়স্কা নারীর প্রতি সম্বোধনবিশেষ।

মাড়[১] *বি* ১ ভাতের ফেন। ২ কাপড়ে লাগানোর জন্যে চাল এরারুট প্রভৃতির মণ্ড। [স. মণ্ড>]

মাড়[২] *বি* ১ লোকজনের বিশ্রাম ঘর। ২ কুঁড়েঘর। ৩ অতি ছোট গ্রাম। [স. মণ্ডপ>]

মাড়ওয়ারি, মাড়োয়ারি *বিণ* ১ মাড়ওয়ার অঞ্চলের। ২ (আল.) অর্থব্যয়ে কৃপণ। ❑ *বি* ১ মাড়ওয়ারের অধিবাসী। ২ মাড়ওয়ার অঞ্চলে কথিত ভাষা। [হি./বা.]

মাড়া *ক্রি* মর্দন করা; পিষ্ট করা বা পেষণ করা। [স. √মৃদ্>মাড়+আ]। **মাড়াই, মাড়ানি** *বি* পেষাই। **মাড়ানো** *ক্রি* ১ পদদলিত করা; পিষ্ট বা মর্দিত করা। ২ পদার্পণ করা; আসা বা যাওয়া। **ছায়া মাড়ানো** *ক্রি* সম্পর্ক রাখা।

মাড়ি[১] *বি* ১ মাড়; ফেন; মণ্ড। ২ তাল কাঁঠাল ইত্যাদির ঘন রস।

মাঢ়ি, মাড়ি[২] *বি* দন্তমূল আবরণকারী কোমল মাংস। [স. মাঢ়ি/মাঢ়ী]

মাড়ুয়া[১] *বি* এক প্রকার শস্য; জৈ-জাতীয় শস্যবিশেষ। [তুল. হি. মুড়ুয়া]

মাড়ুয়া[২], **মেড়ো**[১] *বি,বিণ* (আল. অবজ্ঞার্থে) মাড়ওয়ারের অধিবাসী; উত্তর-ভারতীয় লোক; অবাঙালি; রুচিহীন স্বার্থবাজ।

মাড়ুয়াবাদী, মেড়ো[২] *বি,বিণ* ১ যারা মাড়ুয়া খায়। ২ মাড়ওয়ারের ভাষায় কথা বলে এমন। ৩ সাধারণভাবে হিন্দুস্তানি। ৪ মাড়ুয়া বা মাড়ওয়ারের অধিবাসী।

মাণ(ম-বা) *বি* মাপ; ওজন।

মাণিক্য *বি* পদ্মরাগ মণি; রক্তবর্ণ মণিবিশেষ; চুনি; মানিক। [স.]

মাত[১], **মাৎ** *বিণ* ১ মত্ত; মাতোয়ারা; মুগ্ধ; বিভোর। ২ দাবা খেলায় রাজার বন্দী অবস্থা। [স. মত্ত>]

মাত[২], **মাৎ** *বি* বিপক্ষদলের পরাজয়; জিত। [আ. মাত]

মাত[৩] *বি* ১ অসার ভাগ। ২ তরল বা ঝোলাগুড়। [স. মস্ত>]

মাতঃ, মাত[৪] *বি* মাতৃশব্দের সম্বোধনের রূপ; হে মা; মাগো; ওগো মা। [স. মাতঃ]

মাতঙ্গ[১] *বি* হস্তী; হাতি। [স. মতঙ্গ+অ]

মাতঙ্গ[২] *বি* ১ চণ্ডাল। ২ মুনিবিশেষ।

মাতন *বি* আনন্দে মত্ত হওয়া; উৎসাহের সঙ্গে প্রবৃত্ত হওয়া; মত্ততা; মাতলামি। [স. মত্ত>]

মাতব্বর, মাতবর *বি,বিণ* পল্লীর মোড়ল; সর্দার; প্রধান ব্যক্তি; গণ্যমান্য ব্যক্তি। ২ বয়োবৃদ্ধ; মুরব্বি। ৩ বিশ্বস্ত। [আ. মুত'বর]। **মাতব্বরি, মাতবরি** *বি* ১ মাতব্বরের বৃত্তি; মাতব্বরের কাজ বা পদ। ২ (ব্য.) মাতব্বরের মতো ব্যবহার; মোড়লিপনা।

মাতম *বি* ১ শোক। ২ মহররমের সময়ে বুক চাপড়িয়ে যে শোক করা হয়। [আ. মাতম]। **মাতমি লেবাস** *বি* শোকবস্ত্র।

মাতলামো,. মাতলামি *বি* মাতালের ব্যবহার। [স মত্ত>মাত+লামো, লামি]।

মাতলি, মাতুলি *বি* ইন্দ্রের সারথি। [স. মাতলি]

মাতা[১], **মাতৃ** *বি* ১ মা; আম্মা; জননী। ২ গর্ভধারিণী। ৩ মাতৃ বা কন্যা স্থানীয়া নারী। **মাতাপিতা, মাতাপিতৃ, পিতামাতা** *বি* জনক-জননী; মা-বাপ। **মাতামহ** *বি* মাতার জনক; মায়ের বাবা; নানা। [স.]

মাতা[২] *ক্রি* ১ মেতে ওঠা; মত্ত হওয়া; ক্ষেপে যাওয়া। ২ অতি উৎসাহ ও আগ্রহের সঙ্গে মনোনিবেশ করা; বিভোর হওয়া। ৩ গেঁজে ওঠা। [স. মত্ত>মাত+বা. আ]। **মাতানো** *ক্রি* ১ বিভোর করা; মত্ত করা। ২ মোহিত করা। ৩ উত্তেজিত করা। ৪ ক্ষেপিয়ে তোলা। গাঁজিয়ে তোলা। ❑ *বিণ* মত্ত বিভোর বা উল্লসিত করা হয়েছে এমন। **মাতামাতি** *বি* ১ পুনঃপুন মাতালের মতো ব্যবহার। ২ দুরন্তপনা; দুর্দান্তপনা; দাপাদাপি। ৩ বাড়াবাড়ি। **মেতে ওঠা** *ক্রি* লতা গাছের অতিরিক্ত মেতে ওঠা বা বিস্তৃত হওয়া।

মাতাল, মাতলা *বিণ* ১ মদ খাওয়ার ফলে মত্ততাযুক্ত; মদ্যাসক্ত। ২ মুগ্ধ; বিভোর; আত্মহারা। ❑ *বি* মদের নেশায় বিভোর ব্যক্তি। [স. মত্ত>]

মাতুঃষ্বসা, মাতৃষ্বসা *বি* খালা; মায়ের বোন; মাতার ভগিনী স্থানীয় স্ত্রীলোক; মাসি। [স. মাতৃ+স্বসৃ]

মাতুল *বি* মামা; মামু; মায়ের ভাই; মাতার ভ্রাতৃস্থানীয় ব্যক্তি। [স. মাতৃ>+(কূল>)উল]। **মাতুলকুল** *বি* মামার বংশ। **মাতুলত্ব** *বি* মামার সম্পর্ক। **মাতুলকন্যা, মাতুলপুত্রী** *বি স্ত্রী.* মামাতো বোন। **মাতুলপুত্র** *বি* মামাতো ভাই। **মাতুলালয়** *বি* মামার বাড়ি।

মাতৃক *বিণ* মাতা হতে আগত; মাতৃসম্বন্ধীয় (নদীমাতৃক বাংলাদেশ)। **মাতৃকা** *বি* ১ মাতা; ধাত্রী; মাতার মাতা। ২ অ, আ, ক, খ প্রভৃতি বর্ণ। ৩ পদ্মা, গৌরী, শচী, বিজয়া, সাবিত্রী, জয়া ইত্যাদি ষোড়শ দেবী।

মাতোয়ারা, মাতোয়ালা *বিণ* ১ মত্ত; মাতাল। ২ বিহ্বল; বিভোর; আত্মহারা। [তুল. হি. মাতোয়ারা]

মাতোয়ালি, মুতওল্লি *বি* মুসলমানদের ধর্মার্থ বা লোকসেবার্থ প্রদত্ত সম্পত্তির অথবা নাবালেগ ও তার সম্পত্তির তত্ত্বাবধায়ক; অছি; অভিভাবক। [আ. মুতওল্লী]

মাত্তা *বি* দ্রব্যসম্ভার; সম্পদ। [আ. মতা]। **মাল-মাত্তা** *বি* ১ জিনিসপত্র। ২ (আল.) নিষিদ্ধ দ্রব্য।

মাত্র *বি* পরিমাণ; মোট; সাকল্য। ❑ *অব্য* ১ কেবল; শুধু। ২ তৎক্ষণাৎ; সঙ্গে সঙ্গে। ৩ পর্যন্ত। [স. √মা+ত্র]

মাত্রা *বি* ১ পরিমাণ। ২ অল্প পরিমাণ; একেবারে গ্রহণীয় পরিমাণ। ৩ সীমা। ৪ অক্ষরের মাথার উপরের রেখা। ৫ উচ্চারণ কালের পরিমাণ। ৬ সঙ্গীতাদিতে তালের ভাগ বা পরিমাণ। ৭ (গ.) আয়তন; দৈর্ঘ্য প্রস্থ বেধ। **মাত্রাচ্ছন্দ** *বি* পদ্যে স্বরের উচ্চারণ কাল পরিমিত ছন্দ। **মাত্রাবৃত্ত** *বি* বাংলা কবিতার ছন্দবিশেষ। **মাত্রাবোধ** *বি* ঔচিত্যজ্ঞান; পরিমাণের যথার্থতা সম্বন্ধে সচেতনতা। **মাত্রাবোধ বা মাত্রাজ্ঞান না থাকা** *ক্রি* কোনো বিষয়ের পরিমাণজ্ঞান না থাকা। **মাত্রিক** *বিণ* মাত্রাযুক্ত; ষাণ্মাত্রিক ছন্দ।

মাৎসর্য *বি* ঈর্ষা; হিংসা; পরশ্রীকাতরতা। [স. মৎসর+য]

মাৎস্য *বিণ* মৎস্য সংক্রান্ত। ❑ *বি* একটি হিন্দু পুরাণের নাম। [স.]

মাথট *বি* মাথা পিছু চাঁদা।

মাথা *বি* ১ মস্তক; শির। ২ আগা। ৩ সূচনা; আরম্ভ; কিনারা। ৪ শীর্ষ; শীর্ষস্থানীয়; চূড়া। ৫ অগ্রভাগ। ৬ মস্তিষ্ক। ৭ প্রধান ব্যক্তি; সর্দার বা মোড়ল। ৮ ঝোঁক; প্রবণতা; উত্তেজনার মুহূর্ত। ৯ বুদ্ধি; ধীশক্তি; বোধশক্তি। ❑ *অব্য* নিষ্ফলতা। [স. মস্তক>]। **মাথা আঁচড়ানো** *ক্রি* চুল আঁচড়ানো; কেশবিন্যাস করা। **মাথা উড়ানো** *ক্রি* ১ মস্তক চূর্ণ করা; হত্যা করা। ২ অস্তিত্ব ধূলিসাৎ করা। **মাথাওয়ালা** *বিণ*

বুদ্ধিমান; চতুর। **মাথা করা** *ক্রি* ক্ষতি করার সামর্থ্য না থাকা। **মাথা কাটা** *ক্রি* সম্ভ্রমহানি করা। **মাথা কাটা যাওয়া** *ক্রি* খুব লজ্জা পাওয়া; মাথা হেঁট হওয়া। **মাথা কোটা, মাথা খোঁড়া** *ক্রি* ১ অসহ্য দুঃখে মাটি প্রভৃতিতে বার বার মাথা ঠোকা। ২ বিশেষভাবে অনুরোধ করা। **মাথা কোটাকুটি করা** *ক্রি* সাধ্য-সাধনা করা। **মাথা খাও** *বি* নারীসুলভ দিব্যি; শপথবিশেষ। **মাথা খাওয়া** *ক্রি* ১ সর্বনাশ করা। ২ নষ্ট করা; বিগড়ে দেওয়া। **মাথা খারাপ** *বি* ১ উন্মাদ; পাগল। ২ বাতুলতা বা পাগলামি অর্থে। ❑ *বিণ* খ্যাপাটে। **মাথা খারাপ করা বা হওয়া** *ক্রি* দুশ্চিন্তা হেতু অস্থির হওয়া। **মাথা খেলানো বা খাটানো** *বি* মস্তিষ্ক বা বুদ্ধি চালনা করা। **মাথা গরম** *বিণ* ১ বদমেজাজি। ২ কোপন স্বভাব। **মাথা গরম করা** *ক্রি* ১ ক্রুদ্ধ হওয়া; রাগ করা। ২ অস্থিরচিত্ত হওয়া। **মাথা গরম হওয়া** *ক্রি* ১ ক্রোধ সৃষ্টি হওয়া। ২ বায়ুবৃদ্ধি রোগে আক্রান্ত হওয়া। **মাথা গলানো** *ক্রি* ১ চিন্তা করা। ২ অনধিকার চর্চা করা। **মাথা গুঁড়া করা** *ক্রি* খুব মারা; অত্যন্ত প্রহার করা। **মাথা গুনতি করা** *ক্রি* লোকসংখ্যা গণনা করা। **মাথা গুলিয়ে দেওয়া** *ক্রি* হতবুদ্ধি করা। **মাথা গোঁজা** *ক্রি* কোনো রকমে আশ্রয় বা বাসের স্থান পাওয়া। **মাথা ঘামানো** *ক্রি* বৃথা মস্তিষ্ক বা বুদ্ধি চালনা করা। **মাথা চাড়া দেওয়া** *ক্রি* প্রবল হয়ে ওঠা। **মাথা চুলকানো** *ক্রি* উত্তর দিতে না পারায় বা মন স্থির করতে না পারায় মাথায় অঙ্গুলি সঞ্চালন করা। **মাথা ঠাণ্ডা করা** *ক্রি* উত্তেজনা দূর করে শান্ত হওয়া। **মাথা ঠোকাঠুকি হওয়া** *ক্রি* অপ্রত্যাশিতভাবে দেখা হওয়া। **মাথা তোলা, মাথা উঁচু করা** *ক্রি* ১ সতেজ হয়ে ওঠা; প্রফুল্ল রূপ ধারণ করা। ২ উন্নতি করা। ৩ গৌরব সহকারে আত্মমর্যাদা জাহির করা। ৪ বিদ্রোহী হওয়া। ৫ বিপদাদি অতিক্রম করা। ৬ হীন অবস্থা থাকা সত্ত্বেও আত্মগৌরব জাহির করতে চেষ্টা করা। ❑ *বি* অভ্যুত্থান লাভ করা। **মাথা দেওয়া** *ক্রি* ১ প্রাণ উৎসর্গ করা। ২ কর্মসম্পাদনের দায়িত্ব গ্রহণ করা। ৩ মনোযোগ দেওয়া। **মাথা ধরা** *ক্রি* মাথায় যন্ত্রণা বোধ করা। ❑ *বি* মাথা ব্যথা; শিরঃপীড়া। **মাথা নিচু করা** *ক্রি* হার স্বীকার করা। **মাথা নেই তার মাথা ব্যথা**—অকারণ উদ্বেগ; বিনা কারণে দুশ্চিন্তা ভোগ। **মাথা নোয়ানো** *ক্রি* নতি স্বীকার করা। **মাথা পাগলা** *বিণ* উন্মাদ প্রকৃতির; পাগলাটে। **মাথা পেতে নেওয়া** *ক্রি* গ্রহণ করা; সম্পূর্ণ স্বীকার করা; শিরোধার্য করা। **মাথা পিছু** *ক্রিবিণ* জনপ্রতি; প্রত্যেক; জন হিসেবে। **মাথা বিকানো, মাথা বাঁধা দেওয়া** *ক্রি* সম্পূর্ণ অধীনতা স্বীকার করা। **মাথা ব্যথা** *বি* ১ শিরঃপীড়া; মাথার যন্ত্রণা। ২ গরজ; দায়-দায়িত্ব। **মাথা ভাঙ্গা/ভাঙা** *ক্রি* বার বার অনুরোধ করে নিষেধ করা। **মাথা মোটা** *বিণ* স্থূলবুদ্ধি; বোকা; নির্বোধ। **মাথায় আসমান ভেঙে পড়া, মাথায় আকাশ ভেঙে পড়া** *ক্রি* অতিমাত্রায় বিচলিত হওয়া; চরম বিপদে পড়া। **মাথায় আসা** *ক্রি* বোধগম্য হওয়া; বুঝতে পারা। **মাথায় ওঠা** *ক্রি* প্রশ্রয় পেয়ে স্পর্ধিত হওয়া। **মাথায় করা** *ক্রি* ১ মাত্রাতিরিক্ত আদর করা; অতিশয় প্রশ্রয় দেওয়া। ২ অতিশয় সম্মান বা শ্রদ্ধা বা ভক্তি করা। **মাথায় কাঁঠাল ভাঙা** *ক্রি* প্রবঞ্চনাপূর্বক আদায় করা। **মাথায় গোবর** *বিণ* নির্বোধ। **মাথায় ঘোল ঢালা** *ক্রি* অপদস্থ বা জব্দ করা। **মাথায় চড়া** *ক্রি* অত্যন্ত প্রশ্রয় পেয়ে অবাধ্যের চূড়ান্ত হওয়া। **মাথায় ঢোকা** *ক্রি* বুঝতে পারা; বোধগম্য হওয়া। **মাথায় বজ্রাঘাত হওয়া** *ক্রি* আকস্মিকভাবে বিপদগ্রস্ত হওয়া। **মাথায় মাথায়** *ক্রিবিণ* কানায় কানায় সম্পূর্ণ ভরা। **মাথায় রাখা** *ক্রি* ভক্তি/যত্ন করা। **মাথায় হাত দেওয়া** *ক্রি* বিস্ময় সর্বনাশ ইত্যাদির জন্য অবাক হওয়া বা নিদারুণ দুঃখ বোধ করা (ফসলের করুণ অবস্থা দেখে কৃষকেরা মাথায় হাত দিয়ে বসেছে)। **মাথায় হাত বুলানো** *ক্রি* ঠকিয়ে বা ভুলিয়ে স্বার্থ সিদ্ধি করা; কৌশলে বা ফাঁকি দিয়ে অধিকার করা। **মাথার উপর কেউ না থাকা** *ক্রি* অভিভাবক পরিচালক বা বুদ্ধিদাতা না থাকা। **মাথার উপরে শকুন ওড়া** *ক্রি* আসন্ন মৃত্যুর লক্ষণ দেখা দেওয়া। **মাথার খুলি** *বি* করোটি। **মাথার ঘাম পায়ে ফেলা** *ক্রি* কঠোর দৈহিক পরিশ্রম করা। **মাথার ঘায়ে কুকুর পাগল** *ক্রি* বিষম বিপদে পড়ে প্রায় পাগলের মতো অবস্থা হওয়া। **মাথার ঘি বা ঘিলু** *বি* ১ মাথার ভিতরের নরম পদার্থ। ২ মস্তিষ্ক; মগজ; বুদ্ধি। **মাথার চুল বিকিয়ে যাওয়া** *ক্রি* ভীষণ দেনায় পড়া; নিদারুণ ঋণগ্রস্ত হওয়া। **মাথার ঠাকুর** *বি* শ্রদ্ধেয় ব্যক্তি। **মাথা ঠিক না থাকা** *ক্রি* বুদ্ধি স্থির না থাকা। **মাথার দিব্যি** *বি* শপথ; হলফ। **মাথাল, মাথাইল** *বি* রৌদ্র ও বৃষ্টি থেকে রক্ষাহেতু বাঁশের চটা ও পত্রাদি নির্মিত মস্তকাবরণ বিশেষ; রৌদ্র ও বৃষ্টি থেকে রক্ষাহেতু বাঁশের কাঠামোয় তৈরি পাতার ছাউনি দেওয়া ছাতা; টোকা। ❑ *বিণ* ১ বুদ্ধিমান। ২ প্রধান। **মাথা হেঁট করা** *ক্রি* লজ্জায় মাথা নত করা; নতি স্বীকার করা। **কাঁচা মাথা** *বি* ১ জীবিত ব্যক্তির মাথা। ২ তরুণ বয়সের মস্তিষ্ক বা বুদ্ধি। ৩ (আল.) কাঁচা বুদ্ধি; অপরিপক্ব বুদ্ধি; অপরিণত বুদ্ধি। **ঘাড়ে দুটো মাথা থাকা** *ক্রি* দুঃসাহসী হওয়া। **পাকা মাথা** *বি* ১ প্রবীণ ব্যক্তির মাথা। ২ (আল.) পরিপক্ব বা পরিণত বুদ্ধি; অভিজ্ঞ ব্যক্তি।

মাথি, মেথি *বি* তাল খেজুর প্রভৃতির বৃক্ষশীর্ষের ভিতরের কোমল অংশ যা খাওয়া যায়।

মাথুর *বিণ* মথুরা-বিষয়ক। ❑ *বি* কৃষ্ণের মথুরাসংক্রান্ত লীলা; কীর্তন গানে শ্রীকৃষ্ণের মথুরা-গমনে রাধার বিরহাবস্থা। [স.]

মাদক *বিণ* মত্ততা জন্মায় এমন। ❑ *বি* মত্ততা সৃষ্টিকারী দ্রব্যবিশেষ; নেশার দ্রব্য। [স. √মদ্+ণিচ্+অক]। **মাদকতা** *বি* মত্ততা বা নেশা উৎপাদন শক্তি। **মাদক সেবন** *বি* মাদকদ্রব্য পান; মত্ততা সৃষ্টিকারী দ্রব্য ভক্ষণ। **মাদক-সেবী(-বিণ)** *বিণ* মাদকদ্রব্য পানকারী বা ভক্ষণকারী।

মাদল *বি* মৃদঙ্গবিশেষ; ঢোলের মতো বাদ্যযন্ত্র। [স. মর্দল>]

মাদা *বিণ* ১ পুরুষ জাতীয়। ২ তেজবীর্যহীন; দুর্বল। [ফা. মাদহ্]। **মাদি** *বিণ স্ত্রী.* স্ত্রী জাতীয় (মাদি ঘোড়া)।

মাদানি *বি* ১ মদিনাবাসী। ২ যার পূর্বপুরুষ মদিনাবাসী ছিলেন। ❑ *বিণ* মদিনার সাথে সম্বন্ধযুক্ত। [আ. মদনী]

মাদার *বি* কাঁটাবিশিষ্ট এক ধরনের গাছ। [স. মন্দার>]

মাদুর *বি* তৃণনির্মিত এক প্রকার পাটি। [স. মন্দুরা>]

মাদুলি, মাদলি *বি* ১ ধাতুনির্মিত ক্ষুদ্র মাদলাকৃতি কবচ। ২ স্বর্ণনির্মিত কণ্ঠভূষণবিশেষ।

মাদৃশ *বিণ* আমার মতো। [স.]

মাদ্রাজ, মন্দ্রাজ *বি* সাবেক ভারতের একটি প্রদেশ; বর্তমান তামিলনাড়ু। **মাদ্রাজি** *বিণ* ১ মাদ্রাজ সংক্রান্ত। ২

মাদ্রাজে জাত। ❑*বি* মাদ্রাজের অধিবাসী।

মাদ্রাসা, মাদরাসা *বি* ইসলাম ধর্ম ও সংস্কৃতি সংক্রান্ত শিক্ষাকেন্দ্র। [আ. মদ্‌রসঃ]

মাধব *বি* ১ কৃষ্ণ; হিন্দুদেবতা বিষ্ণু। ২ বসন্তকাল। ৩ বৈশাখ মাস। [স.]। **মাধবীকুঞ্জ** *বি* মাধবী লতায় আচ্ছাদিত স্থান।

মাধুকরী *বি* মধুকরের নানা পুষ্প থেকে মধু আহরণের মতো নানা স্থান থেকে সংগ্রহবৃত্তি। [স. মধুকর+অ+ঈ]। **মাধুকর-বৃত্তি** *বি* ১ মধুকরের মতো বিভিন্ন গৃহে ভিক্ষাগ্রহণ রূপ বৃত্তি। ২ পরের ভাব, তথ্য প্রভৃতি আত্মসাৎ করে নিজের নামে চালিয়ে দেওয়া।

মাধুরী *বি* ১ মধুরতা; মাধুর্য। ২ শোভা; সৌন্দর্য। [স. মধুর+অ+ঈ]। **মাধুরীময়** *বিণ* মাধুর্যপূর্ণ।

মাধুর্য *বি* ১ মাধুরী। ২ মনোহারিতা; রমণীয়তা। ৩ লাবণ্য; সৌন্দর্য। ৪ কাজের একটি গুণ। [স. মধুর+য]

মাধ্যম *বি* যার মধ্যস্থতা বা সহায়তায় কোনো কাজ সাধিত হয়। **মাধ্যমিক** *বিণ* মধ্যবর্তী; মধ্যস্থ। ❑*বি* বৌদ্ধ মতবাদবিশেষ। **মাধ্যমিক শিক্ষা** *বি* ষষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত শিক্ষার যে স্তর। **মাধ্যমে** *ক্রিবিণ* মারফতে; মধ্যস্থতায়। [স. মধ্যম+অ]

মাধ্যাকর্ষণ *বি* জড় পদার্থের পরস্পর আকর্ষণ শক্তি; ভূ-কেন্দ্রের দিকে জড়পদার্থের আকর্ষণ; অভিকর্ষণ; মহাকর্ষ। [স. মাধ্য+আকর্ষণ]

মাধ্যাহ্নিক *বিণ* মধ্যাহ্ন কালের; মধ্যাহ্ন সম্পর্কিত। [স.]

মাধ্ব *বিণ* দার্শনিক মাধবাচার্য প্রবর্তিত বা সম্পর্কিত। [স.]

মাধ্বী[১] *বি* ১ মধু হতে উৎপন্ন মদবিশেষ। ২ মহুয়া। ৩ দ্রাক্ষা; আঙুর। **মাধ্বীক** *বি* ১ আঙুর, মহুয়া বা মধু থেকে উৎপন্ন মদ। ২ মধু। [স. মধু+ঈ]

মাধ্বী[২] *বি* মধ্বাচার্য কর্তৃক প্রবর্তিত বৈষ্ণব সম্প্রদায়। ২ ❑*বিণ* বৈষ্ণবাচার্য মধ্বাচার্য সম্পর্কিত। [স.]

মান[১] *বি* ১ মাত্রা; মাপার উপকরণ। ২ ওজনকরণ; মাপকরণ। ৩ (সং) তালের বিরাম বা মাত্রা। ৪ (গ.) প্রকৃত মূল্য। ৫ উৎকর্ষের বা অপকর্ষের পরিমাণ। **মানচিত্র, মানচিত্রাবলী** *বি* অঞ্চল দেশ প্রভৃতির অবস্থান; আয়তনাদি জ্ঞাপক নকশা; ম্যাপ। **মানদণ্ড** *বি* ১ দাঁড়িপাল্লা। ২ বিচারের মাপকাঠি। **মানমন্দির** *বি* গ্রহ-নক্ষত্র পর্যবেক্ষণ করবার গৃহ। **ঘনমান** *বি* (গ.) আয়তন। [স.]

মান[২] *বি* ১ সম্মান; তাজিম; মর্যাদা; সম্ভ্রম। ২ গৌরব। ৩ সমাদর। ৪ পূজা। [স.]। **মান-ইজ্জৎ** *বি* মানসম্ভ্রম। **মান খোয়ানো, মান খুয়ানো** *ক্রি* মান হারানো। **মান দেওয়া** *ক্রি* সম্মান দান করা। **মানন, মাননা** *বি* সম্মান বা আদরকরণ। **মাননীয়** *বিণ* সম্মানীয়; সম্মানার্হ। **মাননীয়েষু** *বি,বিণ* শ্রদ্ধেয় ব্যক্তির নিকট পত্র লেখার পাঠবিধি। **মাননীয়াসু** *স্ত্রী*। **মানপত্র** *বি* ১ সম্বর্ধনার জন্য প্রদত্ত প্রশংসাসূচক ও শ্রদ্ধাজ্ঞাপক অভিনন্দনপত্র; সম্মাননাপত্র। ২ উপাধি-বিষয়ক পত্র। **মান রাখা** *ক্রি* সম্মান রক্ষা করা। **মানহানি** *বি* সম্মানের লঘুতা বিধান; মর্যাদার ক্ষতি। **মানহীন** *বিণ* সম্মানশূন্য; মর্যাদাহীন। **মানের গুড়ে বালি**—মান-ইজ্জত নষ্ট। [স. √মা+অন]।

মান[৩] *বি* ১ বিমর্ষতা; বিষণ্ণতা; অসন্তোষ। ২ গর্ব; দম্ভ; অভিমান। **মান করা** *ক্রি* ১ অভিমান করা। ২ প্রণয়কোপ প্রদর্শন করা। **মানকলি** *বি* ভালোবাসার ঝগড়া; স্ত্রী-পুরুষের অভিমানজনিত কলহ। **মানভঞ্জন** *বি* অভিমান নিরসন। **মানভঞ্জন পালা** *বি* কৃষ্ণ কর্তৃক রাধিকার মানভঞ্জনবিষয়ক গীতি-কাব্য। **মান ভাঙা** *ক্রি* প্রণয়ী-প্রণয়িনীর অভিমান দূর হওয়া।

মান[৪], **মানকচু** *বি* এক প্রকার কন্দ যা রেঁধে খাওয়া হয়।

মানত, মানৎ *বি* মানসিক; মনোবাসনা সিদ্ধির জন্য সদকা ভোগ বা বলিদান কিংবা বিশেষ ইবাদত পূজা ইত্যাদি করার সঙ্কল্প। [আ. মন্নত/স. মনস্থ]

মানব *বি* মানুষ; মনুষ্য; আদমি; নৃ; নর। ❑*বিণ* ১ মনুসম্পর্কীয়। ২ মনু কর্তৃক প্রণীত। **মানবক** *বি* ক্ষুদ্রাকৃতি মানব; বেঁটে লোক; বালক; মূঢ়। **মানবতা, মানবত্ব** *বি* মানুষের গুণ; মনুষ্য ধর্ম; মনুষ্যত্ব; মানবের ভাব। **মানবলীলা** *বি* মানব-জীবন যাপনকালে কার্যকলাপ। [স.]। **মানবলীলা সংবরণ করা** *ক্রি* মারা যাওয়া; মৃত্যু হওয়া। **মানবসমাজ** *বি* ১ মনুষ্যসমূহ। ২ সকল মানুষকে নিয়ে তৈরি সমাজ। **মানব হৃদয়** *বি* ১ মানুষের হৃদয়। ২ মনুষ্যত্বপূর্ণ মন। ৩ মানবোচিত অনুভূতি বা বোধ। **মানবীয়** *বিণ* মনুষ্যোচিত; মানুষের পক্ষে স্বাভাবিক। **মানবোচিত** *বিণ* মানুষের যোগ্য বা উপযুক্ত। [স. মানব+উচিত]

মানস *বি* ১ মন; হৃদয়; চিত্ত। ২ ইচ্ছা; অভিলাষ; মকসুদ। ৩ চিত্তবোধ। ৪ হিমালয় প্রদেশস্থ সরোবরবিশেষ। ❑*বিণ* ১ মানসিক। ২ কল্পনায় গঠিত; কাল্পনিক; কল্পজাত। **মানসতা** *বি* মনের প্রকৃতি ও বৈশিষ্ট্য; হৃদয়ের প্রবণতা। **মানসনেত্র, মানসলোচন** *বি* ১ মনরূপ চক্ষু; মানসিক দৃষ্টি; অন্তর্দৃষ্টি। ২ কল্পনা; অনুমান। **মানসপুত্র** *বি* মন বা কল্পনা হতে জাত পুত্র; ঔরসজাত পুত্র নয় তবে মানসজগতের সঙ্গে সাজুয্য আছে এমন পুত্রপ্রতিম কেউ। **মানস প্রতিমা** *বি* মনে যে মূর্তি কল্পনা করা হয়েছে। **মানস সরোবর** *বি* কৈলাস পর্বতের নিকটবর্তী হ্রদের নাম। **মানসসিদ্ধি** *বি* আশার সফলতা; আকাঙ্ক্ষাপূরণ; প্রার্থিত বস্তু লাভ; ইষ্টলাভ। **মানসাঙ্ক** *বি* না লিখে মনে মনে কষতে হয় এমন অঙ্ক। **মানসিক** *বিণ* ১ মন সংক্রান্ত। ২ কল্পনাপ্রসূত বা জাত। ৩ মানত। [স. মনস্+অ]

মানসী *বিণ* মনঃকল্পিতা। ❑*বি* মানসিক আনন্দদায়িনী।

মানা[১] *বি* বারণ; নিষেধ। [আ. মন্‌হ্]

মানা[২] *ক্রি* ১ সম্মান করা; মান্য করা। ২ বিশ্বাস করা। ৩ বোধ করা। ৪ স্বীকার করা; বোঝা। ৫ গ্রাহ্য করা। ৬ পালন করা। ৭ স্থির বা নির্দেশ করা। ৮ উক্ত সব অর্থে। ❑*বি* মানান। [স. √মান্]। **মানানো**[১] *ক্রি* ১ মান্য বা সম্মান করানো। ২ সম্মত করানো। ৩ স্বীকার করানো। ৪ গ্রাহ্য করানো। ৫ পালন করানো। ৬ বিশ্বাস করানো। ৭ নির্দিষ্ট করানো। ৮ রাজি করানো। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে।

মানান *বি* ১ উপযুক্ততা; যোগ্যতা; ঔচিত্য। ২ শোভা। ৩ সৌন্দর্য। ❑ *বিণ* ১ শোভন; সুন্দর; মানানসই। ২ উপযুক্ত; যোগ্য। **মানানসই** *বিণ* ১ ঠিকমতো। ২ ভালো বা সুন্দর বা শোভন দেখায় এমন। ৩ উপযুক্ত; যোগ্য।

মানানো[২] *ক্রি* শোভন হওয়া; যথোপযুক্ত হওয়া; খাপ খাওয়া; সুসঙ্গত বা সামঞ্জস্যপূর্ণ হওয়া; মাপমতো হওয়া। ❑*বি, বিণ* উক্ত অর্থসমূহ।

মানিক, মাণিক *বি* ১ মাণিক্য; এক প্রকার মূল্যবান পাথর; চুনি। ২ স্নেহ ও আদরের সম্বোধন। [স. মাণিক্য>]। **মানিকজোড়** *বি* ১ বকজাতীয় পাখি। ২ (ব্য.) দুই জন

ঘনিষ্ঠ বন্ধু বা দুষ্ট লোক যারা প্রায়ই একত্রে থাকে।

মানী(-নিন্) *বিণ* ১ সম্মানিত; সম্ভ্রান্ত। ২ অভিমানী; অহঙ্কারী। [স. মান+ইন্]

মানুষ *বি*১ মানব; মনুষ্য; লোক; জন; নৃ; নর; আদমসন্তান। ২ ব্যক্তি। ❑*বিণ*১ মনুষ্য সম্পর্কীয়; মানবীয়। ২ মানবীয় গুণসম্পন্ন।৩ লালন পালন দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত (মানুষ করা)। ৪ লায়েক; বয়ঃপ্রাপ্ত; সাবালক। [স.]। **মানুষিক** *বিণ* ১ মনুষ্যকৃত; মানুষ দ্বারা রচিত বা সম্পন্ন। ২ মনুষ্য সম্পর্কিত; মনুষ্যসম্বন্ধীয়। **মানুষ করা** *ক্রি* প্রতিপালন করা। **মানুষ হওয়া** *ক্রি*১ প্রতিপালিত হওয়া। ২ মানুষের উপযুক্ত গুণসম্পন্ন হওয়া। **মানুষের মতো মানুষ**—আদর্শ ব্যক্তি। [স. মনু (ষ)+য=মনুষ্য]

মানে *বি* ১ তাৎপর্য; মূল ভাব; বক্তব্য; অর্থ। ২ উদ্দেশ্য; লক্ষ্য; অভিপ্রায়; কারণ। [আ. মানি]

মানোয়ার *বি* যুদ্ধ-জাহাজ; রণতরী। **মানোয়ারি** *বিণ*১ যুদ্ধজাহাজে নিযুক্ত। ২ যুদ্ধে ব্যবহৃত হয়ে থাকে এমন। [ই. Man of war>মানোয়ার]।

মান্দার *বি* মাদার গাছ; শিমুল বৃক্ষ। [স. মন্দার>]

মান্দাস *বি* ভেলা; কলাগাছ দিয়ে প্রস্তুত ভেলা।

মান্ধাতা *বি* হিন্দু পুরাণোক্ত সূর্যবংশীয় প্রসিদ্ধ রাজা। [স.]। **মান্ধাতার আমল** *বি* মান্ধাতার শাসনকাল; অতি প্রাচীনকাল।

মান্না[১] *বি* ১ আহার্যবিশেষ। ২ মিষ্ট রসবিশেষ; মধু। [আ. মান্না সালওয়া]।

মান্না[২] *বি* মান। মান্না; হিন্দু কুলোপাধিবিশেষ; পদবি।

মান্য *বিণ*১ শ্রদ্ধেয়; সম্মানযোগ্য; মাননীয়; শ্রদ্ধা ও সম্মান লাভের উপযুক্ত। ২ স্বীকার করবার যোগ্য। ❑*বি*১ সম্মান; সমাদর। ২ সম্মানসূচক অর্ঘ্য। ৩ পালন। **মান্যগণ্য** *বিণ* সম্মানার্হ; গণ্যমান্য; সম্ভ্রান্ত। **মান্যবর** *বিণ* অতিশয় মাননীয়; অত্যন্ত মান্য; excellency। **মান্যবরেষু** *বি* শ্রদ্ধেয় গণ্যমান্য সম্মানিত ব্যক্তির সম্বোধনে ব্যবহৃত পাঠবিশেষ। [স.]। **মান্যমান** *বিণ* পূজ্যমান।

মাপ *বি* পরিমাপ; আয়তন; ওজন। **মাপক** *বিণ* পরিমাপকারী; মাপকারী। [স.]। **মাপকাঠি** *বি* পরিমাণ করবার দণ্ড; মানদণ্ড; standard। **মাপজোখ, মাপজোপ** *বি* পরিমাণ ওজন ইত্যাদির নির্ণয়। **মাপসই, মাপসহি** *বিণ* ঠিক ঠিক; ছোটও নয় বড়ও নয়; পরিমাপমতো; পরিমাণ অনুসারে। [স. মাপি]

মাপন *বি*১ পরিমাপ। ২ ওজন। **মাপনী** *বি* পরিমাপক।

মাপা *ক্রি*১ পরিমাপ করা; ওজন করা। ২ জরিপ করা। ❑*বি* মাপন। ❑*বি,বিণ* উক্ত সকল অর্থে। [স.√মা]। **মাপাজোখা** *বিণ* ১ নির্দিষ্টভাবে মাপা হয়েছে এমন। ২ একান্ত পরিমিত। ❑*বি* মাপন। **মাপানো** *ক্রি* ১ অন্যের দ্বারা পরিমাণ করানো। ২ অদৃষ্ট বলে স্থির করা। ❑*বি,বিণ* উক্ত সব অর্থে।

মাফ *বি* ১ দোষ-মার্জনা; অপরাধ ক্ষমা। ২ রেহাই; অব্যাহতি। [আ. মআফ']

মাফিক *বিণ* ১ অনুসারী; অনুসারে। ২ অনুযায়ী; মতন; ঠিক। [আ. মওয়াফিক]

মা-বাপ *বি* ১ মাতা-পিতা। ২ প্রতিপালক (হুজুর মা-বাপ); স্নেহশীল ও ক্ষমাশীল ব্যক্তি।

মাবুদ, মা'বূদ *বি* উপাস্য; পূজনীয়; ইবাদতের যোগ্য। [আ. মা'বূদ]

মাভৈঃ, মাভৈ *ক্রি* ভয় করো না; ভীত হবার কারণ নেই। ❑*বিণ* অভয়ব্যঞ্জক। [স.]

মামদো *বি* লোক-কথায় প্রেতযোনিপ্রাপ্ত মুসলমান; ইসলাম ধর্মাবলম্বী ভূত। ❑*বিণ* মাহমুদ নামধারী বা মুসলমান সমাজভুক্ত। [আ. মুহম্মদ>বা.]

মামলত *বি*১ ব্যাপারসমূহ; উদ্দেশ্য; মতলব। ২ অর্থকড়ি; টাকা-পয়সা (মামলত নেই)। [আ. মামলার বহুবচন মু'আমলাত]

মামলা *বি* ১ মকদ্দমা; কেস। ২ ব্যাপার; বিষয়। [আ. মু'আমল]। **মামলাবাজ** *বিণ* মকদ্দমা করতে পটু; বিবাদপটু। [আ. মুআমল+ফা. বায]। **মামলা-মকদ্দমা** *বি* নালিশ; মকদ্দমা। **মামলা রুজু করা** *ক্রি* বিচারার্থ কাছারিতে নালিশ করা। [আ. রুজু]

মামা[১], **মামু** *বি* মায়ের ভাই বা তৎস্থানীয় ব্যক্তি; মাতুল। [হি.]। **মামী, মামানি** *স্ত্রী*। **মামাত, মামাতো** *বিণ* নিজের অথবা পতি বা পত্নীর মামার সন্তানরূপে সম্পর্কযুক্ত। **মামা শ্বশুর** *বি* স্বামী বা স্ত্রীর মামা।

মামা[২] *বি* ঝি; চাকরানি। [ফা.]

মামুলি, মামুলী *বিণ* ১ প্রথানুযায়ী; গতানুগতিক। ২ চিরাচরিত; চিরকালীন। ৩ অতি সাধারণ; অকিঞ্চিৎকর; অতিসামান্য। [আ মঅ'মূলী]

মায় *অব্য* ১ পর্যন্ত; অবধি। ২ সহিত; সঙ্গে; সমেত। [আ. ম'এ]

মায়া *বি* ১ ইন্দ্রজাল; কুহক; জাদু। ২ কাপট্য; ছলনা; ছদ্মবেশ। ৩ অবিদ্যা; অজ্ঞান; । ৪ মমতা; স্নেহ; স্নেহের আকর্ষণ। ৫ ভ্রান্তি; মোহ। [স. মা+য+আ]। **মায়া কাটানো** *ক্রি* মোহ বা স্নেহের বন্ধন ত্যাগ করা। **মায়াকানন** *বি* জাদু বলে রচিত উপবন। **মায়াকান্না** *বি* কান্নার ভান; কান্নার ছল; কপট কান্না। **মায়াঘোর** *বি* মোহের প্রভাব। **মায়াডোর, মায়াপাশ, মায়ারজ্জু** *বি* স্নেহের বন্ধন। **মায়াদণ্ড** *বি* জাদুদণ্ড। **মায়া পড়া** *বি* মমতা। **মায়াবদ্ধ** *বিণ* মোহঘোরে সংসারে বাঁধা; স্নেহমমতার ডোরে সংসারে আসক্ত। **মায়াবাদ** *বি* (দ.) জগৎ মিথ্যা ব্রহ্ম সত্য—এ মতবাদবিশেষ।

মায়াবাদী(-দিন্) *বিণ* মায়াবাদ মানে বা বিশ্বাস করে এমন। **মায়াবিদ্যা** *বি* জাদুবিদ্যা। **মায়াবী**(-বিন্) *বি,বিণ* ঐন্দ্রজালিক; জাদুকর। *বিণ* ১ প্রতারক; ঠক; শঠ; ভানকারী; কপটচারী। ২ মায়াযুক্ত। **মায়াময়** *বিণ* ১ ছলনাপূর্ণ; কপটতাপূর্ণ। ২ মায়া দ্বারা আচ্ছন্ন। **মায়ামরীচিকা** *বি* অলীক মোহ। **মায়ামুক্ত** *বিণ* মোহ দূর হয়েছে এমন; মোহ হতে মুক্ত। **মায়ারথ** *বিণ* অলীক রথ; জাদুর শক্তিতে সৃষ্ট যান। **মায়ারাজ্য** *বি* মায়াসৃষ্ট রাজ্য; অলীক বা স্বপ্নরাজ্য। **মায়িক** *বিণ*১ ঐন্দ্রজালিক; জাদুকর। ২ মায়াময়; মায়ার দ্বারা আচ্ছন্ন। [স.] তুল. **অমায়িক**-অকপট, অকৃত্রিম বিনয়ী।

মায়েনমার *বি* বর্মা বা বার্মার বর্তমান নাম; ব্রহ্মদেশ।

মার[১] *বি* মরণ; মৃত্যু; বিনাশ; ধ্বংস। [স. √মৃ+অ]

মার[২] *বি* ১ কন্দর্প; অনঙ্গ; মদন; কামদেব; হিন্দুমতে প্রেমের দেবতা। ২ মারণ; বধ; হত্যা। ৩ বৌদ্ধমতে বুদ্ধদেবের তপস্যায় বিঘ্ন সৃষ্টিকারী দেবতা। **মারক** *বি* মারী; মড়ক; ধ্বংস। ❑*বিণ* বধকারী; ধ্বংসকারী; নাশক।

[স. √মৃ+ণিচ্+অ]

মার[৩] *বি* প্রহার বা আঘাত করা। **মারকাট, মারমার কাটকাট** *বি*১ মারামারি; কাটাকাটি। ২ অত্যন্ত কঠোরতা; শাসানি ধমকানি ইত্যাদি। ৩ অত্যধিক ব্যস্ততা; হৈ চৈ। ❑*বিণ* বড় জোড়; বেশির পক্ষে (মেরে কেটে এর দাম শ' টাকা হতে পারে)। **মারকুটে, মারকুটো** *বিণ* মারমুখী; মারার স্বভাব এমন। **মার খাওয়া** *ক্রি* প্রহৃত হওয়া। **মারখেকো** *বিণ* প্রায়ই মার খায় এমন। **মার দেওয়া** *ক্রি* প্রহার করা। **মারধর** *বি*১ মার। ২ প্রহার করণ; প্রহার। **মারপিট** *বি* ১ খুব বেশি প্রহার। ২ মারামারি। ৩ দাঙ্গা। **মারমুখ, মারমুখো** *বিণ* মারে আর কি এমন ভাব; মার দিতে উদ্যত; প্রহারোদ্যত। **মারমূর্তি** *বিণ* সংহারের মূর্তি। [স. √মৃ+অ=মার]

মারণ *বি*১ হত্যা; বধ; হনন। ২ কারও মৃত্যুর জন্য তন্ত্রোক্ত অভিচার। ৩ (বৈ.) ধাতু ও ধাতব পদার্থাদি ভস্মীকরণ। **মারণাস্ত্র** *বি* সম্পূর্ণভাবে বিনাশ করে যে অস্ত্র। **মারিত** *বিণ* ১ হত; বিনাশিত। ২ ভস্ম করা হয়েছে এমন। [স. √মৃ+ণিচ্+অন]

মারপেঁচ, ম্যারপ্যাঁচ *বি* কূটকৌশল; ফাঁদ; জাল; কুটিলতা। **কথার মারপ্যাঁচ** *বি* শব্দের কূটকৌশল; কথার জটিল কায়দা।

মারফত[১]**, মারফৎ** *অব্য* মাধ্যম; দ্বারা। [আ. মা'রিফৎ]। অধ্যাত্ম সাধনার শেষ স্তর। **মারফতদার** *বি* মাধ্যম; যার মারফত আদান-প্রদান করা হয়।

মারবেল, মার্বেল *বি*১ পাথরবিশেষ; মর্মর পাথর। ২ পাথর কাঁচ প্রভৃতি দিয়ে তৈরি খেলার ছোট গুটিকা। [ই.]

মারহাট্টা *বি* ১ মহারাষ্ট্র দেশ। ২ মহারাষ্ট্রের অধিবাসী; মারাঠা। ৩ মহারাষ্ট্র দেশীয়; মহারাষ্ট্র দেশের; মহারাষ্ট্র দেশ সম্পর্কিত। [স. মহারাষ্ট্র>]

মারা *ক্রি*১ হত্যা বা বধ করা। ২ প্রহার করা। ৩ শিকার করা (পাখি মারা); খাবার জন্যে বধ করা (খাসি মারা)। ৪ আঘাত বা হত্যার উদ্দেশ্যে প্রয়োগ করা। ৫ নষ্ট বা নাশ করা। ৬ শুকানো (রস মারা)। ৭ প্রবেশ করানো; ঢুকানো (পেরেক মারা)। ৮ জোড়া দেওয়া; লাগানো। ৯ বন্ধ করা। ১০ লুঠ বা অপহরণ করা। ১১ আত্মসাৎ করা। ১২ বঞ্চিত করা। ১৩ ছাড়া; জোরে ডাকা। ১৪ রুদ্ধ করা। ১৫ ধারণ করা; আঁটসাঁট হওয়া। ১৬ হঠাৎ পাওয়া। ১৭ দেওয়া। ১৮ প্রচুর খাওয়া। ১৯ তৃপ্তির সঙ্গে ভোগ করা; উপভোগ করা। ❑*বি* উক্ত সকল অর্থে। ❑*বিণ* ১ নিহত; হত। ২ আঁটা হয়েছে এমন। ৩ বধকারী; হত্যাকারী। ৪ অসৎ উপায়ে প্রাপ্ত। ৫ মৃত; নষ্ট; অপহৃত। [স.√মৃ+ণিচ্+অ=মার]। **মারা পড়া, মারা যাওয়া** *ক্রি*১ প্রাণত্যাগ করা। ২ নষ্ট বা ধ্বংস হওয়া। **মারামারি** *বি* ১ পরস্পর প্রহার। ২ লড়াই; যুদ্ধ; দাঙ্গা। **পেটে মারা, ভাতে মারা** *ক্রি*১ অনাহারে দুর্বল রেখে বিনষ্ট করা। ২ খাদ্য সংগ্রহের উপায় নষ্ট করে দেওয়া। **প্রাণে মারা** *ক্রি* হত্যা করা। **মটকা মারা** *ক্রি* ঘুমের ভান করা। **মাঠে মারা যাওয়া** *ক্রি* নিষ্ফল হওয়া; বৃথা নষ্ট হয়ে যাওয়া। **মার্কা মারা** *বিণ* দাগি; চিহ্নিত। **মুখ মারা** *ক্রি* মিষ্ট দ্রব্যাদি অত্যধিক খাওয়ার ফলে অরুচি হওয়া। **লাফ মারা** *ক্রি* লম্ফ দেওয়া; লাফানো।

মারাঠা, মরাঠা *বি* মহারাষ্ট্র রাজ্যের অধিবাসী; মহারাষ্ট্রনিবাসী। ❑*বিণ* মহারাষ্ট্রীয়। [স. মহারাষ্ট্র>]।

মারাঠি *বি* মহারাষ্ট্র রাজ্যের অধিবাসী বা ভাষা। ❑*বিণ* মহারাষ্ট্র-সংক্রান্ত; মহারাষ্ট্রীয়। [স. মহা+রাষ্ট্র]

মারাত্মক *বিণ*১ অত্যন্ত ভয়াবহ; সাংঘাতিক। ২ জীবন নাশকারী। [স. মার+আত্মন্+অক]

মারি[১]**, মারী** *বি* সংক্রামক রোগে ব্যাপক মৃত্যু; মড়ক। [স. √মৃ+ণিচ্+ই]

মারি[২] *বি* পাকিস্তানে রাউয়ালপিণ্ডির নিকটবর্তী শৈল-নিবাস।

মারীচ *বি* ১ হিন্দু পুরাণোক্ত রাম কর্তৃক নিহত রাক্ষস; তাড়কা রাক্ষসীর পুত্র। ২ কশ্যপ ঋষি। [স.]

মারুত[১] *বি* বাতাস; বায়ু; অনিল; হাওয়া; ঊনপঞ্চাশ বায়ু। **মারুতি** *বি* হিন্দু পুরাণ মতে পবনপুত্র হনুমান; পবননন্দন বানর। [স. মৃ+উৎ+অ= মরুৎ+অ=মারুত]

মারুত[২] *বি* জনৈক ফেরেশতা বা রাজার নাম। [আ.]

মারেফাত, মারফত[২] *বি* মরমি সাধনা; আল্লাহকে সম্যকভাবে জানার জন্য সাধনা; তত্ত্বজ্ঞান [আ. মা'রিফৎ]। **মারফতি** *বিণ* তত্ত্বজ্ঞান সম্পর্কীয়; মারফত বিষয়ক। **মারফতি গান** *বি* পরমতত্ত্ব-বিষয়ক গান; মরমি গান; বাউল ইত্যাদি গান।

মার্কণ্ড, মার্কণ্ডেয় *বি* ১ একজন মুনির নাম। ২ ঐ মুনি প্রণীত পুরাণ। **মার্কণ্ডেয় চণ্ডী** *বি* মার্কণ্ডেয় পুরাণের অন্তর্গত দেবীর মাহাত্ম্যজ্ঞাপক কাব্য। [স.]

মার্কা *বি* চিহ্ন; নিশানা; ছাপ। [ই. mark, পো. marca]। **মার্কামারা** *বি* চিহ্নিত। ❑*বিণ* দাগি।

মার্কিন, মারকিন *বি*১ এক প্রকার মোটা সুতি কাপড়। ২ আমেরিকা যুক্তরাষ্ট্র। ৩ উক্ত রাজ্যবাসী। ❑*বিণ*১ উক্ত রাজ্যে প্রস্তুত। ২ উক্ত রাজ্য সংক্রান্ত। [ই. American> Markin]

মার্কেট *বি* বাজার। [ই. Market]

মার্গ *বি*১ পথ; রাস্তা। ২ উপায়; কৌশল। ৩ সাধনপদ্ধতি। ৪ গুহ্যদ্বার; মলদ্বার; । ৫ সঙ্গীতের বিশুদ্ধ শাস্ত্রীয় প্রণালী। **মার্গসঙ্গীত** *বি* ধ্রুপদী গান; শাস্ত্রীয় সঙ্গীত; classical music। [স. √মৃজ্+অ]

মার্গণ *বি* ১ প্রার্থনা; যাচ্ঞা। ২ অন্বেষণ; অনুসন্ধান। ৩ প্রণয়; প্রেম। [স. মার্গ+অন]

মার্গশির, মার্গশীর্ষ *বি* যে মাসের পূর্ণিমা মৃগশিরা নক্ষত্রযুক্ত; অগ্রহায়ণ মাস। [স.]

মার্চ[১] *বি* খ্রিস্টীয় সালের তৃতীয় মাস। [ই.]

মার্চ[২] *বি* তালে তালে পা ফেলে চলা; সৈন্যদের কুচকাওয়াচ। [ই.]

মার্জন *বি* ১ প্রক্ষালন; মাজা; পরিষ্কারকরণ। ২ শোধন; বিশুদ্ধিকরণ। ৩ দোষ ক্ষালন; অপরাধ মুক্তি। [স. √মর্জি+অন বা √মার্জি+অন]। **মার্জক** *বিণ* মার্জিত বা পরিষ্কার করে এমন। **মার্জনা** *বি* ১ ক্ষমা; মাফ। ২ প্রক্ষালন; পরিষ্করণ; শোধন; ক্ষালন। **মার্জনী** *বি*১ যা দিয়ে পরিষ্কার করা যায়। ২ সম্মার্জনী; ঝাড়ু; বুরুশ। **মার্জনীয়** *বিণ* ক্ষমার উপযুক্ত; ক্ষমার্হ।

মার্জার *বি* বিড়াল। **মার্জারী** *স্ত্রী*। [স. √মৃজ্+আর]

মার্জিত *বিণ* ১ মার্জন করা হয়েছে এমন; প্রক্ষালিত; পরিষ্কৃত। ২ ত্রুটিশূন্য; দোষমুক্ত। ৩ চর্চা দিয়ে উৎকর্ষ প্রাপ্ত; সংস্কৃত। ৪ সভ্য; সুরুচিসম্পন্ন। **মার্জিতা** *স্ত্রী*।

মার্জিতবুদ্ধি *বিণ* চর্চার দ্বারা উৎকর্ষ প্রাপ্ত; পরিশীলিত ধীশক্তিসম্পন্ন। **মার্জিতরুচি** *বিণ* সুরুচিসম্পন্ন। [স.]

মার্তণ্ড *বি* সূর্য; রবি। [স.]

মাল[১] *বি* ১ জাতিবিশেষ। ২ সাপুড়িয়া; সাপের ওঝা; সাপুড়ে। ৩ হিন্দু সম্প্রদায়বিশেষের পদবি। [স. √মল্+অ= মাল্]। **মালবৈদ্য** *বি* সর্পবিষের চিকিৎসা করে যে; সাপের ওঝা।

মাল[২] *বি* উন্নত ক্ষেত্র; উঁচু জমি। [স. √মা+ল]। **মালভূমি** *বি* যে উন্নত বিশাল ক্ষেত্রের চারদিকের ভূমি যথেষ্ট নিচু।

মাল[৩] *বি* কুস্তিগির; মল্লযোদ্ধা; বলী; বাহুযোদ্ধা। [স. মল্ল]। **মালকোঁচা, মালকাছা** *বি* দুই পায়ের মধ্য দিয়ে পেছনে গোঁজা ধুতি লুঙ্গি প্রভৃতির কোঁচা। **মালসাট** *বি* ১ মালকোঁচা। ২ আস্ফালন; তাল ঠোকা।

মাল[৪] *বি* মালা। [স. মাল্য>]

মাল[৫] *বি* ১ ক্রয়বিক্রয়ের দ্রব্য; ব্যবসায়ের জিনিস; পণ্যদ্রব্য। ২ জিনিসপত্র; দ্রব্য; পদার্থ। ৩ ধনসম্পদ। ৪ রাজস্ব; খাজনা; কর। ৫ সরকারের খাজনা দেওয়া জমি। [আ. মাল]। **মাল কাটা** *ক্রি* পণ্যদ্রব্য বিক্রি হওয়া। **মালক্রোক** *বি* অস্থাবর সম্পত্তি আটক। **মালখানা** *বি* ১ বহু মূল্যবান ধনসম্পদ রাখবার কক্ষ; ধনাগার; ধনকোষ। ২ খাজনাখানা। [আ. মাল+ফা. খানহ্]। **মালগাড়ি, মালগাড়ী** *বি* বিবিধদ্রব্য বহনকারী যান; মালবহনকারী রেলগাড়ি। **মালগুজার** *বি* যে রাজস্ব বা খাজনা দেয়; জমির মালিক। [আ. মাল+ফা. গুযার]। **মালগুজারদার** *বি* যে মালগুজারি বা খাজনা দেয়। **মালগুজারি** *বি* ভূমিকর; খাজনা; রাজস্ব। **মালগুদাম** *বি* যে ঘরে নানাবিধ মালপত্র রাখা হয়। **মালজমি** *বি* যে জমির খাজনা স্থির করা হয়েছে। **মালজামিন** *বি* ১ সম্পত্তির জামিন বা প্রতিভূ। ২ জমিন হিসেবে গচ্ছিত সম্পত্তি। **মালদার** *বিণ* সম্পদশালী; ধনবান; ধনী। **মালপত্র** *বি* জিনিসপত্র; নানা দ্রব্য। **মালমসলা** *বি* উপাদান; উপকরণ; কোনো দ্রব্য প্রস্তুত করতে যে সমস্ত দ্রব্যের প্রয়োজন হয়। **মালমাত্তা** *বি* ১ ধনসম্পদ; জিনিসপত্র। ২ অস্থাবর সম্পত্তি। [আ.]

মাল[৬] *বি* মদ। **মাল টানা** *ক্রি* (ব্য.) মদ খাওয়া; সুরাপান করা।

মালউন, মালাউন *বিণ* ১ লা'নৎ প্রাপ্ত; অভিশপ্ত; বিতাড়িত; কাফের। ২ শয়তান। ৩ গালিবিশেষ। [আ. মল্‌উন']

মালকোষ *বি* সঙ্গীতের একটি রাগ। [স. মালকৌশ>]

মালঝাঁপ *বি* বাংলা ছন্দের নাম; ত্রিপদী ছন্দবিশেষ।

মালঞ্চ *বি* পুষ্পোদ্যান; ফুলবাগান। [স. মালা+মঞ্চ>]

মালতী *বি* ১ এক প্রকার ফুল বা লতা। ২ চামেলি ফুল। ৩ একটি সংস্কৃত ছন্দের নাম। [স.]

মালপোয়া, মালপো *বি* ময়দা বা চালের গুঁড়ায় তৈরি ঘিয়ে বা তেলেভাজা লুচিজাতীয় মিষ্ট খাবারবিশেষ।

মালব *বি* ১ মধ্য ভারতের প্রাচীন জনপদ বা দেশ। ২ সঙ্গীতের একটি রাগের নাম।

মালভূমি *বি* উচ্চ সমতলভূমি (গোলান মালভূমি)।

মালসা *বি* ১ হাঁড়িজাতীয় মাটির পাত্রবিশেষ। ২ গোল ও ভিতরে গভীর আগুন রাখার পাত্রবিশেষ।

মালসি *বি* ১ মাটির তৈরি ক্ষুদ্র সরা। ১ এক ধরনের শ্যামাসঙ্গীতের নাম।

মালা[১] *বি* ১ হার; মাল্য; পুষ্পনির্মিত মাল্য। ২ বহুবচন প্রকাশক শব্দ। (অনুষ্ঠানমালা) শ্রেণীসমূহ। [স.]। **মালাকর, মালাকার** *বি,বিণ* ১ পুষ্পমাল্য রচনাকারী; মালী। ২ বাঙালি হিন্দুর উপাধিবিশেষ। **মাল্যচন্দন, মালাচন্দন** *বি* পূজনীয় বা সম্মানিত ব্যক্তিকে হিন্দু পদ্ধতিতে বরণ করার উপকরণ; ফুলের মালা ও চন্দন। **মালাবদল** *বি* হিন্দু বিয়েতে বর ও কনের পরস্পর মালা বিনিময়। **মালা জপা** *ক্রি* রুদ্রাক্ষ প্রভৃতি গুটিকা দ্বারা রচিত মালার দানা গণনা করে ঈশ্বরের নাম জপ করা; তসবিহ্ পড়া।

মালা[২], **মালো** *বি* ধীবর; জেলে; হিন্দু সম্প্রদায়বিশেষ। [স.]

মালা[৩] *বি* নারকেলের বাটির আকারের অর্ধেক খোল। [স. মালক>]

মালাই *বি* দুধের সর। [ফা. বালাই]। **মালাই বরফ** *বি* বরফে জমানো দুধে তৈরি মিষ্টি খাবারবিশেষ।

মালাইকারি *বি* মিষ্টিবিশেষ; ময়মনসিংহের এক রকম মিষ্টি।

মালাইচাকি *বি* মানুষের জানুর বা হাঁটুর চক্রাকার অস্থি। [স. মালাচক্রক>]

মালাবারি *বিণ* ১ মালাবার দেশীয়; মালাবার দেশের। ২ উক্ত দেশীয়।

মালামাল *বি* মাল; জিনিসপত্র। ◻ *বিণ* পরিপূর্ণ; ভরা। [আ. মালামাল]

মালিক[১], **মালেক** *বি* ১ অধিকারী। ২ প্রভু; স্বামী; অধীশ্বর; কর্তা; সৃষ্টিকর্তা। [আ. মালিক]। **মালিকানা** *বি* ১ অধিকার; স্বামিত্ব; প্রভুত্ব। ২ প্রভুর প্রাপ্য ধনসম্পত্তি। [আ. মালিক+ফা. আনহ্]। **মালিকি** *বি* মালিকত্ব; মালিকানা। ◻ *বিণ* ১ মালিক সংক্রান্ত। ২ মালিকানা সংক্রান্ত।

মালিক[২] *বি* মাল্য–নির্মাতা। [স. মালা+ষ্ণিক]

মালিকা *বি* ক্ষুদ্রমালা; ছোট হার।

মালিকুল মউত, মালেকুল মউত *বি* যে ফেরেশতা জীবের প্রাণ সংহার করেন; মৃত্যুর ফেরেশতা; আযরাইল। [আ. মল্‌ক আল মউত]

মালিনী[১] *বি* দুর্গা; মন্দাকিনী; নদীবিশেষ; ছন্দবিশেষ। ◻ *বিণ* মাল্যশোভিতা।

মালিন্য *বি* কালিমা; মলিনতা।

মালিশ, মালিস *বি* ১ মর্দন; পেষণ। ২ যে ঔষধ মর্দন করে লাগাতে হয়। [ফা.]। **মালিশ দেওয়া** *ক্রি* (আল.) শাস্তি দেওয়া।

মালী(-লিন্) *বি* ১ মাল্য রচনাকারী; মালাকর। ২ বেতনের বিনিময়ে বাগানের কাজে নিযুক্ত ব্যক্তি; উদ্যানরক্ষক; উদ্যানপালক। ৩ হিন্দু সম্প্রদায়বিশেষ। ◻ *বিণ* মালাধারী; মাল্যবিশিষ্ট। [স.]। **মালিনী**[২] *স্ত্রী*।

মালুম *বি* ১ অনুভব; বোধ; উপলব্ধি। ২ জ্ঞাত; অনুভূত। [আ.]। **মালুম করা** *ক্রি* কোনো কিছু বুঝতে বা অনুভব করতে পারা। **মালুম কাঠ, মালুম কাষ্ঠ** *বি* জাহাজের মাস্তুল—যা বহুদূর থেকে দেখা যায়। **মালুম হওয়া** *ক্রি* বোধগম্য হওয়া; অনুভূত হওয়া।

মালো *বি* ১ হিন্দু জেলে সম্প্রদায়ের পদবিবিশেষ। ২ মৎস্যজীবী; ধীবর।

মালোপমা *বি* (আল.) এক প্রকার কাব্যালঙ্কার।

[স. মালা+উপমা]
মাল্য *বি* ১ হার; মালা। ২ পুষ্পমালা। **মাল্যবান, মাল্যবৎ** *বিণ* মাল্যধারী। ❑ *বি* রামায়ণে উক্ত একটি পর্বত। [স.]। **মাল্যবতী** *স্ত্রী*।
মাল্লা *বি* ১ নৌকাদির চালক; নাবিক। ২ নৌকার দাঁড়ি; মাঝির অন্যান্য সহকর্মী। [আ. মল্লাহ্]
মাশুক *বি* প্রেমাস্পদ; প্রেমিক; প্রণয়াস্পদ। [আ.]
মাশুল, মাসুল[১] *বি* ভাড়া; শুল্ক; খরচ (ডাক মাশুল); মূল্য; দণ্ড (যে অন্যায় করেছ তার মাশুল তোমাকে দিতে হবে)। [আ. মহ্সূল]
মাষ, মাস[১] *বি* ১ ডালবিশেষ; মাষকলাই নামের রবিশস্য। ২ পরিমাণ নির্ণয় করা হয় যা দিয়ে; মাষা। [স. মাষক>]। **মাষকলাই** *বি* কলাইবিশেষ।
মাষা *বি* স্বর্ণাদির ওজন নির্ধারক বস্তু; ৮ বা ১০ তোলা। [স. মাষক>]
মাস[২] *বি* ১ বছরের বারো ভাগের এক ভাগ। ২ (স্থূল হিসেবে) ৩০ দিন। [স.]। **মাসকাবার** *বি* মাসের শেষ; মাসের পূর্তিদিবস। **মাসকাবারি** *বি* ১ মাসান্তে করার যোগ্য। ২ এক মাসের জন্য বরাদ্দ। **মাসমাহিনা** *বি* মাসের বেতন; এক মাস কাজ করার জন্য পারিশ্রমিক। **মাসোয়ারা, মাসহারা** *বি* প্রতিমাসে যে ভাতা বা বৃত্তি দেওয়া হয়। [আ. মশাহরহ্]
মাস[৩] *বি* মাংস; গোশ্ত। [স. মাংস>]। **হাড় মাস আলাদা করা** *ক্রি* (আল.) নিদারুণ প্রহারে হত্যা করা; সাংঘাতিক প্রহার করা। **হাড় মাসে জড়িত** *বিণ* (আল.) অবিচ্ছেদ্য; বিচ্ছেদশূন্য।
মাসতুতো *বিণ* নিজের অথবা স্বামী বা পত্নীর মেসোর বা খালুর সন্তানরূপে সম্পর্কিত (মাসতুতো বোন)।
মাসশ্বশুর *বি* খালু শ্বশুর; স্বামীর বা পত্নীর মেসো বা খালু। **মাসশাশুড়ি** *স্ত্রী*। **মাসাশ** *বি* পতি বা পত্নীর মাসী; খালা।
মাসান্ত *বি* মাসের শেষ বা শেষ দিন; মাসকাবার। [স. মাস+অন্ত]
মাসি, মাসিমা *বি* খালা; মায়ের বোন। [স. মাতৃষ্বসৃ>]
মাসিক *বিণ* ১ মাস-সংক্রান্ত। ২ প্রতি মাসে ঘটে এমন; প্রতি মাসে দেয় এমন। ❑ *বি* ১ হিন্দুদের প্রতিমাসে করণীয় শ্রাদ্ধ। ২ প্রতিমাসে প্রকাশিত পত্রিকা। ৩ স্ত্রীরজ; স্ত্রীলোকের রক্তস্রাব; হায়জ। [স. মাস+ইক]
মাসুম *বিণ* নিষ্পাপ; পাপহীন; পবিত্র। [আ. মা'সুম]
মাসুল[২] ⟹ মাশুল।
মাস্টার *বি* ১ বিদ্যালয়-শিক্ষক। ২ প্রধান (পোস্ট মাস্টার, স্টেশন-মাস্টার)। ৩ সর্বোচ্চ ক্ষমতাসম্পন্ন ব্যক্তি। [ই.]। **মাস্টারি** *বি* শিক্ষকতা। **মাস্টারগিরি** *বি* ১ শিক্ষকতা। ২ নির্দেশকের কাজ। **মাস্টার-প্লান** *বি* মহাপরিকল্পনা; প্রতিষ্ঠান ইত্যাদিতে দীর্ঘ মেয়াদে বাস্তবায়নযোগ্য পরিকল্পনা।
মাস্তুল *বি* নৌকা জাহাজ প্রভৃতিতে স্থাপিত পাল খাটাবার কাষ্ঠদণ্ড। [পো.]
মাস্যা *বিণ* মাস-সম্পর্কিত (বারমাস্যা)।
মাহ, মাহা *বি* মাস; বছরের বারো ভাগের এক ভাগ। [ফা. মাহ্]
মাহতাব, মাহাতাব *বি* চাঁদ। [ফা. মহ্তাব]
মাহাত্ম্য *বি* ১ মহত্ত্ব; মহানুভবতা। ২ মহিমা; গৌরব। ৩ মহীয়সী কীর্তি। [স. মহাত্মন্+য]
মাহিনা, মাইনে *বি* মাসে দেয় বেতন; পারিশ্রমিক। [ফা. মাহ্আনহ্]
মাহিষ্য *বি* হিন্দুদের একটি শ্রেণী। ❑ *বিণ* মহিষ বা মহিষী সম্পর্কীয়। [স. মহিষ+য]
মাহুত *বি* হাতি চালায় যে; হস্তিচালক। [স. মহামাত্র>]। **মাহুতি, মাহুতী** *বি* গজারোহী সৈন্য।
মাহেন্দ্র *বিণ* মহেন্দ্র সম্বন্ধীয়; দেবরাজ ইন্দ্র সম্পর্কিত। [স. মহেন্দ্র+অ]। **মাহেন্দ্রক্ষণ** *বি* (জ্যো-বি) শুভযোগ।
মাহে রমজান *বি* রোজার মাস। [ফা. মাহে+আ. রমযান]
মি. *বি* ১ জনাব, সাহেব, মহাশয় অর্থবোধক। ইংরেজি মিস্টার-এর সংক্ষিপ্ত রূপ। ২ শ্রীযুক্ত; নামের আগের ব্যবহৃত ভদ্রতাসূচক শব্দ বিশেষ। [ই.]। **মিসেস, মিস্ট্রেস**[১] *বি স্ত্রী.* সাহেবা; মহোদয়া; মহাশয়া। **মিস্ট্রেস**[২] *বি স্ত্রী.* শিক্ষয়িত্রী।
মিইয়ে যাওয়া *ক্রি* অবসাদগ্রস্ত হওয়া; অবসন্ন হওয়া; ম্রিয়মাণ হওয়া। [স. মৃয়মাণ>]
মিউ, মিউমিউ *অব্য* বিড়ালের ডাক।
মিউজিয়াম *বি* জাদুঘর। [ই.]
মিউনিসিপাল, ম্যুনিসিপ্যাল *বি* পৌরনগরের বিধিবদ্ধ কার্যসভা সম্বন্ধীয়। [ই.]। **মিউনিসিপ্যালিটি, ম্যুনিসিপ্যালিটি** *বি* ১ স্বায়ত্তশাসন সম্পন্ন নগর বা গ্রাম সমষ্টি। ২ পৌরসভা; নগর বা শহর তত্ত্বাবধানের জন্য বা রক্ষণাবেক্ষণের জন্য নাগরিকগণের প্রতিনিধিবর্গ নিয়ে সংগঠিত সঙ্ঘ।
মিচকে, মিসকি *বিণ* বাইরে ভালো মানুষ কিন্তু ভিতরে দুষ্ট; শঠ; ধূর্ত। **মিচকে শয়তান** *বি* ধূর্ততায় শয়তানিতে কিংবা দুষ্টামিতে পাকা।
মিছরি, মিসরি *বি* স্ফটিকের মতো দানা বাঁধা চিনি। ❑ *বিণ* মিসর দেশজাত বা মিসরদেশ সম্বন্ধীয়। [আ. মিসরী]। **মিছরির ছুরি** *বি* (আল.) মিষ্টি করে বলা নির্মম কথা; মুখে মধু অন্তরে বিষ এমন ব্যক্তি।
মিছা, মিছে *বি* মিথ্যা কথা। ❑ *বিণ* ১ অমূলক। ২ নিষ্ফল; বৃথা। ❑ *ক্রিবিণ* ১ অনর্থক; বিনা কারণে; অকারণে। [স. মিথ্যা>মিছা]। **মিছামিছি** *ক্রিবিণ* ১ বিনা কারণে; মিথ্যা করে। ২ অনর্থক; অকারণে। ৩ বৃথা; বিনা লাভে। [আ. মিস্ল্]। **মিছে কান্না** *বি* অকারণে ক্রন্দন; নিষ্ফল ক্রন্দন।
মিছিল, মিসিল *বি* ১ শোভাযাত্রা (একুশের মিছিল, মহরমের মিছিল); পঙ্‌ক্তি; সারি। ২ মকদ্দমা ও তৎসম্বন্ধীয় নথিপত্র। ৩ সিজিল (সিজিল-মিসিল হয়ে থেকো); বিন্যাস; সাজানো। ৪ সমান; সমকক্ষ ব্যক্তি।
মিজরাব, মেজরাপ *বি* সেতার বাদন কালে দক্ষিণ তর্জনীর মাথায় যে তারের বেষ্টনী লাগানো হয়। [আ. মিযরাব]
মিট *বি* ১ বিবাদের নিষ্পত্তি। ২ মীমাংসা। ৩ মিল; সামঞ্জস্য। **মিটমাট** *বি* আপোস-নিষ্পত্তি; মীমাংসা; রফা।
মিটমিট *অব্য* স্তিমিত বা ক্ষীণ আলোক বিচ্ছুরণের ভাবসূচক। ❑ *বি, অব্য* আধবোজা চাহনির ভাবব্যঞ্জক। **মিটমিটে** *বিণ* ১ মিটমিট করে এমন; মৃদু; ক্ষীণ; স্তিমিত। ২ প্রচ্ছন্ন; অপ্রকাশিত। **মিটমিটে ডাইনি বা শয়তান** *বি* নিরীহ ভালো মানুষের ভানকারী ডাইনি বা শয়তান। **মিটিমিটি** *ক্রিবিণ* মিটমিট করে (আকাশের ঐ

মিটিমিটি তারার সাথে—আবু হেনা মোস্তফা কামাল)। ☐*বিণ* মৃদু; মৃদুমৃদু।
মিটার *বি*১ দৈর্ঘ্য পরিমাণবিশেষ; ৩৯.৩৭ইঞ্চি।২ বিদ্যুৎ, গ্যাস ইত্যাদি ব্যয়ের পরিমাণ মাপক যন্ত্র; ভাড়াটে গাড়ির ভাড়ানির্ণায়ক যন্ত্র। [ই.]
মিটিং *বি* ১ সভা। ২ জনসভা। [ই.]
মিঠা, মিঠে *বিণ*১ মিষ্টস্বাদযুক্ত; মিষ্ট। ২ আরামদায়ক। ৩ স্বাদ। ৪ মধুর। [স. মিষ্ট>]। **মিঠাকড়া, মিঠেকড়া** *বিণ* মধুর অথচ ঝাঁজালো। **মিঠেল** *বিণ* মিষ্ট; মধুর।
মিঠাই, মেঠাই *বি*১ চিনি গুড় ইত্যাদি দিয়ে তৈরি মণ্ড বা মিষ্টি খাবার; মিষ্টান্ন। ২ নারকেল-কোরা দিয়ে তৈরি এক প্রকার নাড়ু। **মিঠাইওয়ালা, মেঠাইয়ালা** *বি* মিঠাই বিক্রেতা। **মিঠানি** *বি* ১ মিষ্টান্ন। ২ মিষ্ট রস।
মিড়, মীড় *বি* (সং)ক্রমোচ্চ স্বরে আরোহণ অথবা ক্রমনিম্ন স্বরে অবরোহণ। [স. মিল>মিড়]। **মিড়টানা** *বিণ* স্বর বা সুরের আরোহ বা অবরোহপ্রাপ্ত।
মিত[১] *বিণ* পরিমিত; সামান্য পরিমাণ সংযত। [স. √মা+ত]। **মিতবাক, মিতভাষী**(-ষিন্) *বিণ* স্বল্পভাষী; সংযতবাক। **মিতব্যয়** *বি* পরিমিত ব্যয়; আয় বুঝে ব্যয়। **মিতব্যয়ী** (-য়িন্) *বিণ* আয় অনুসারে ব্যয় করে এমন; পরিমিতভাবে ব্যয়কারী; হিসেবি। **মিতভোজন, মিতাশন, মিতাহার** *বি* পরিমিত আহার বা ভোজন; সংযত ভোজন। **মিতভোজী**(-জিন্), **মিতাশী**(-শিন্), **মিতাহারী** *বিণ* পরিমিত বা সংযতভাবে ভোজনকারী। **মিতাচার** *বি* সংযত আচরণ। **মিতাচারী** *বি* সংযমী। **মিতাচারিণী** *স্ত্রী.*।
মিত[২] (প্রা-বা) *বি* মিত্র; সুহৃদ; বন্ধু। [স. মিত্র>]
মিতবর *বি* বিয়ের সময়ে বরের সহযাত্রী হয় এবং পাশে থাকে এমন বালক। [স. মিত্রবর]। **মিতকনে** *বি* বিয়ের সময় কনের পার্শ্ববর্তিনী সখী।
মিতা, মিতে *বি* ১ বন্ধু; সখা; সুহৃদ। ২ অভিন্ন নামধারী অর্থে সম্বোধনে ব্যবহৃত। **মিতিন** *স্ত্রী.* মিতার স্ত্রী। [স. মিত্র>]। **মিতালি, মিতালী** *বি* সখ্য; মিত্রতা; বন্ধুত্ব। [বা. মিতা+আলি]
মিতাক্ষরা *বি* বিজ্ঞানেশ্বর রচিত হিন্দু উত্তরাধিকার আইন বিষয়ক একটি গ্রন্থ। [স. মিত+অক্ষরা]। তুল. দায়ভাগ।
মিতি *বি* পরিমাণ; জ্ঞান (জ্যামিতি)।
মিত্র *বি* ১ বন্ধু; সখা; সুহৃদ। ২ সূর্য; রবি; ভাস্কর। ৩ বাঙালি হিন্দুর পদবিবিশেষ। **মিত্রা** *স্ত্রী.*। **মিত্রতা, মিত্রত্ব** *বি* বন্ধুত্ব; সৌহার্দ্য।
মিত্রাক্ষর, মিতাক্ষর *বি* যে ছন্দে অন্ত্যমিল থাকে। [স.]
মিথিলা *বি* প্রাচীন বিদেহ; আধুনিক বিহারদেশ; ত্রিহুতা। [স.]
মিথুন *বি*১ স্ত্রী ও পুরুষ একত্রে; যুগল। ২ স্ত্রী-পুরুষের মিলন বা সংযোগ; স্ত্রীসংসর্গ। ৩ (জ্যো-বি) রাশিচক্রের একটি রাশি। [স. √মিথ্ (সঙ্গম)+উন]
মিথ্যা, মিথ্যে *বিণ*১ অসত্য; সত্য নয় এমন। ২ অযথার্থ; বেঠিক; অমূলক; কল্পিত; কাল্পনিক। ৩ অনর্থক; নিষ্ফল; বৃথা। ☐*বি* অসত্য কথা। ☐*ক্রিবিণ* অকারণে; বিনা কারণে; অযথা; বৃথা। [স. √মিথ্+য+আ]। **মিথ্যাচরণ, মিথ্যাচার**(-রিন্) *বিণ*১ মিথ্যাবাদী। ২ কপট; ছলযুক্ত। **মিথ্যাচারিণী** *স্ত্রী.*। **মিথ্যাপবাদ** *বি* অহেতুক নিন্দা; অন্যায়ভাবে বা মিথ্যা দোষারোপ।
মিথ্যাবাদ, মিথ্যাভাষণ *বি*১ মিথ্যা কথা; অসত্য বাক্য। ২ মিথ্যা উক্তি। **মিথ্যাবাদী**(-দিন্), **মিথ্যাভাষী**(-ষিন্) *বিণ* মিথ্যা কথা বলে এমন; অসত্যভাষী। **মিথ্যাবাদিনী, মিথ্যাভাষিণী** *স্ত্রী.*। **মিথ্যার জাহাজ বা ঝুড়ি** *বি* ভীষণ মিথ্যাবাদী বা অসত্যভাষী লোক। **মিথ্যাসাক্ষী**(-ক্ষিন্) *বি* যে সাক্ষী সাক্ষ্যদান কালে আদালতের জেরায় মিথ্যা কথা বলে; সাজানো সাক্ষী। **মিথ্যুক** *বিণ* মিথ্যাবাদী; মিথ্যা কথা বলে এমন।
মিনতি *বি* ১ বিনীত প্রার্থনা; আবেদন। ২ অনুরোধ; উপরোধ। ☐*বিণ* বিনয়; বিনতি; অনুনয়। [স. বিজ্ঞপ্তি>প্রা. বিন্নত্ত>বিনতি> মিনতি, আ. মিন্নৎ]
মিনমিন *অব্য* দুর্বলতার লক্ষণ প্রকাশ; ক্ষীণ শব্দসমূহ। [স. মিন্মিন (খোলা)>]। **মিনমিনে** *বিণ*১ মিন মিন করে এমন। ২ নাকিসুরে অস্পষ্ট কথা; সানুনাসিক শব্দ; অস্পষ্ট ভাব। ৩ দেখতে সরল কিন্তু ভিতরে ভিতরে বেশ দুষ্ট। ☐*বি* ক্ষীণতা বা দুর্বলতার ভাবব্যঞ্জক; নিরীহতাপ্রকাশক।
মিনসা, মিনসে *বি*১ (তুচ্ছার্থে) লোকটা; মানুষটা; সাবালক মানুষ; বয়ঃপ্রাপ্ত পুরুষ। ২ স্বামী; পতি; বর। [স. মনুষ্য>]
মিনা, মিনে *বি* ধাতুর উপর মসৃণ পদার্থের কলাই; এনামেল। [ফা. মীনা]। **মিনাকার** *বি* যে এনামেলের কলাই করে। **মিনাকারী** *বি* ১ মিনাকারের কাজ বা ব্যবসায়। ২ মিনা করে যে।
মিনার *বি*১ অট্টালিকাদির স্তম্ভাকৃতি উঁচু চূড়া। ২ মসজিদ সংলগ্ন উচ্চ স্তম্ভ যার উপর উঠে আজান দেওয়া হয়। [আ. মনার; ফা. মিনার]। **শহীদ মিনার** *বি* শহীদদের স্মৃতিতে নির্মিত উঁচু স্তম্ভ (কেন্দ্রীয় শহীদ মিনার)। **মিনারা** *বিণ* উঁচু স্তম্ভ; আজান দেওয়ার জন্য মসজিদ সংলগ্ন উঁচু স্তম্ভ। [আ. মনারাঃ]
মিনি *বিণ* ছোট; ক্ষুদ্র। [ই.]। **মিনিবাস** *বি* ছোট বাস।
মিনিট *বি*১ সময়ের পরিমাপ; ৬০ সেকেন্ড সময়। ২ অতি অল্প সময়। [ই.]। **মিনিটে মিনিটে** *অব্য* ক্ষণে ক্ষণে; প্রতি মুহূর্তে।
মিনিস্টার *বি* মন্ত্রী; উজির। [ই.]
মিম্বার *বি* খুৎবা পড়বার সময় ইমামের তিন তাকবিশিষ্ট দাঁড়াবার স্থান। [আ.]
মিয়া, মিঞা, মিয়াঁ *বি* ১ জনাব সাহেব মহাশয় বাবু প্রভৃতির প্রতিশব্দ। ২ প্রভু; প্রধান; সর্দার; মণ্ডল। ৩ মুসলমান ভদ্রলোকের নামের পূর্বে বা পরে ব্যবহৃত হয়। [ফা. মিয়াঁ]। **মিয়াজি** *বি* উস্তাদ; শিক্ষক।
মিয়াদ, মেয়াদ *বি*১ নির্দিষ্ট সময়; ধার্য কাল। ২ কারাদণ্ড; কয়েদ; জেল। [আ. মী'আদ]। **মেয়াদি, মিয়াদি** *বিণ* নির্দিষ্ট সময়; নির্দিষ্ট কাল; পরিমাণযুক্ত। [আ. মী'আদী]
মিয়ানো *ক্রি* ১ নরম হওয়া; কড়কড়ে বা শক্ত না থাকা। ২ অবসাদগ্রস্ত বা নির্জীব হওয়া; নিরুদ্যম বা নিরুৎসাহ হয়ে পড়া। ৩ মন্দীভূত হওয়া; ম্রিয়মাণ হওয়া। ☐*বি* উক্ত সকল অর্থে। ☐*বিণ*১ নরম হয়ে গিয়েছে এমন। ২ নির্জীব; নিরুৎসাহ; উৎসাহশূন্য; নিশ্চেষ্ট; নিরুদ্যম। ৩ মন্দীভূত। [স. ম্রিয়মাণ বা মৃদু>]
মির, মীর *বি* আমির-এর সংক্ষিপ্তরূপ; রাজা; দলপতি নেতা; সম্ভ্রান্ত ব্যক্তি; সৈয়দ বংশীয়; মুসলিম উপাধি (মীর মশাররফ হোসেন)। [আ. আমীর]। **মিরজা, মির্জা** *বি* আমিরজাদা-এর সংক্ষিপ্তরূপ; রাজপুত্র; সম্ভ্রান্ত ব্যক্তির

পুত্র। [ফা. যাদাহ্]
মিরগেল, মৃগেল *বি* রুই জাতীয় এক রকম মাছ; মিরকামাছ।
মিরদা, মৃধা *বি* মীরদহ্‌-এর সংক্ষিপ্ত রূপ; দশজন গদাধারী পদাতিক সৈন্যের নেতা।
মিরবহর, মীরবহর *বি* প্রধান নৌ-সেনাপতির উপাধি। আমীর-উল-বহর। [ফা.]
মিরাস, মিরাশ *বি* ১ ওয়ারিসি সম্পত্তি; পুরুষানুক্রমিক ভাগে ভোগ করা হয় এমন বিষয় সম্পত্তি। ২ পূর্ব পুরুষের সম্পত্তি। [আ. মিরাস]। **মিরাসি, মিরাশি** *বিণ* উত্তরাধিকারসূত্রে পাওয়া গেছে এমন। □ *বি* গায়ক। [আ. মিরাসী; তুল. মৌরসি সম্পত্তি]
মিল *বি* ১ মিলন। ২ সামঞ্জস্য। ৩ সাদৃশ্য। ৪ সম্ভাব। ৫ সঙ্গতি; ঐক্য; খাপ খাওয়ার ভাব। ৬ কবিতার এক চরণের অন্ত্যধ্বনির সঙ্গে আর চরণের অন্ত্যধ্বনির সমতা। [স.]। **মিলজুক** *বি* যোগ; ঐক্য; সঙ্গতি। **মিলমিলাও, মিলমিশ** *বি* সদ্ভাব; বনিবনা।
মিল[২] *বি* ১ কল-কারখানা। ২ দ্রব্য উৎপাদনের যন্ত্রাগার। [ই.]
মিলন *বি* ১ যোগ; সংযোগ; সন্ধি; সদ্ভাব স্থাপন। ২ ঐক্য; অন্তরের মিল; প্রীতি। ৩ সঙ্গতি; খাপ খাওয়ার ভাব। ৪ ঝগড়ার পর সন্ধি বা পুনরায় সদ্ভাব। [√মিল্+অন]। **মিলনান্ত** *বিণ* উপসংহারে নায়ক-নায়িকার মিলন সাধন হয়েছে এমন। [স. মিলন+অন্ত]
মিলমিলে, মিলমিলা *বি* হাম; লুন্তি; জলবসন্ত। দ্রুত মিলিয়ে যায় বলেই সম্ভবত কুসংস্কারপ্রসূত এ নাম দেওয়া হয়েছে।
মিলাদ, মৌলুদ *বি* ১ হজরত মুহম্মদের (সা.) জন্মবৃত্তান্ত বিষয়ক বক্তৃতা বা আলোচনা-মহফিল। ২ জন্মকাল। [আ. মীলাদ, মওলিদ]
মিলিত *বিণ* ১ সমবেত; একত্র; উপস্থিত। ২ সংযুক্ত; মিশ্রিত। ৩ প্রাপ্ত। ৪ সাক্ষাৎকৃত। [স. √মিল্+ত]। **মিলিতা** *স্ত্রী.*।
মিলিশিয়া *বি* স্থায়ী সৈন্যবাহিনীর অন্তর্ভুক্ত নয় অথচ নিয়মিত যুদ্ধবিদ্যা শিক্ষাপ্রাপ্ত রণনিপুণ নাগরিক দল। [ই.]
মিল্লত, মিল্লাত *বি* ১ ধর্ম। ২ সম্প্রদায়। ৩ জাতি। [আ.]
মিশ[১] *বি* ১ মিশ্রণ। ২ সংযোগ; মিল। [স. মিশ্র>মিশ্শ>মিশ]। **মিশ খাওয়া** *ক্রি* ১ খাপ খাওয়া বা মেলা। ২ বনিবনা হওয়া।
মিশ[২] *বিণ* ঘোর; গভীর; গাঢ়; ঘন (মিশকালো)। [স. মশী/মসী>]
মিশন *বি* ১ ধর্মপ্রচার। ২ ধর্ম প্রচারের উদ্দেশ্যে যে ব্যক্তিগণকে প্রেরণ করা হয়। ৩ ধর্মপ্রচার সঙ্ঘ বা সমিতি। ৪ বিশেষ উদ্দেশ্যে নিয়োজিত ব্যক্তি বা দল। [ই.]
মিশনারি *বি* ধর্মপ্রচারক। □ *বিণ* ১ ধর্মপ্রচার সংক্রান্ত। ২ ধর্মপ্রচারসঙ্ঘ কর্তৃক পরিচালিত। [ই.]
মিশুক *বিণ* ১ মিশতে পটু এমন; অপরের সঙ্গে আলাপ করতে নিপুণ; সামাজিক। ২ হালকা ও অপেক্ষকৃত ছোট অটো-রিকশার নাম। [স. √মিশ্র+অক>মিশ্রক>]
মিশ্র *বিণ* ১ মিশ্রিত; সংযুক্ত; অপরের সঙ্গে মিশ্রিত করা হয়েছে এমন। ২ অবিশুদ্ধ; খাঁটি নয় এমন। ৩ (গ.) জটিল; যৌগিক; টাকা পয়সা পাউন্ড শিলিং প্রভৃতি অর্থ পরিমাণ সংক্রান্ত। □ *বি* ১ মিশ্রিতকরণ। ২ মিলন। ৩ সংযোগ সাধন। ৪ ভেজাল; ভালো জিনিসের সঙ্গে খারাপ জিনিসের মিশ্রণ। ৫ মিশ্রিত পদার্থ। ৬ ব্রাহ্মণের উপাধি। [স. √মিশ্র্+অ]। **মিশ্রণ** *বি* ১ মিশ্রিতকরণ। ২ মিলন। ৩ সংযোগ সাধন। ৪ ভেজাল। **মিশ্রিত** *বিণ* ১ মিশানো হয়েছে এমন। ২ ভেজাল দেওয়া হয়েছে এমন।
মিষ্ট *বিণ* ১ মধুর মতো স্বাদযুক্ত। ২ সুমধুর। ৩ প্রীতিদায়ক; প্রীতিপ্রদ। [স.]। **মিষ্টতা** *বি*। **মিষ্ট, মিষ্টান্ন, মিষ্টি** *বি* ১ মিঠাই; মিষ্টিযুক্ত খাবার; পায়স; ক্ষীর। ২ রসগোল্লা; ক্ষীরমোহন। **মিষ্টিমুখ** *বি* ১ যৎসামান্য মিষ্টান্ন ভোজন। ২ মধুর কথা; কোমল ভাষা।
মিস[১], **মিশ** *বিণ* ঘোর মসী অথবা মিশির মতো। [স. মসী]। **মিসকালো, মিশকালো** *বিণ* ঘোর কালো; মিশির মতো কালো। **মিসমিস, মিশমিশ** *অব্য* ঘোর কৃষ্ণবর্ণের ভাবসূচক। **মিসমিসে, মিসমিশে** *বিণ* গাঢ় কৃষ্ণবর্ণ; ঘোর কালো রং। □ *বিণ, ক্রিবিণ* ঘোর।
মিস[২] *বিণ* অবিবাহিতা বালিকা বা স্ত্রীলোকের আখ্যা; কুমারী। [ই.]
মিসওয়াক *বি* দাঁতন। [আ.]
মিসকাল *বি* ১ সোনার ওজনবিশেষ। ২ চারি মাসা ও সাড়ে তিন রতি পরিমাণ। [আ.]
মিসকিন *বিণ* নিঃস্ব; অতি দরিদ্র; নিরুপায়। □ *বি* অতি দরিদ্র ব্যক্তি। [আ. মিস্‌কীন]
মিসমার *বি* সর্বনাশ; চূর্ণবিচূর্ণ; সম্পূর্ণ ধ্বংস। [আ.]
মিসি, মিশি *বি* হীরাকস; তামাকচূর্ণ প্রভৃতি দিয়ে তৈরি দাঁতের মাজন (ও তোর দাঁতে মিসি নাকে নথ)। [ফা. মিসী/হি. মিসসী/স. মসী(মস্+ই/ঈ)]
মিসিবাবা *বি* অবিবাহিতা প্রভুকন্যা। [ই. মিস+ফা. বাবা]
মিসেস *বি* বিবাহিত স্ত্রীলোকের উপাধিবিশেষ; বেগম; শ্রীযুক্তা। [ই. mistress =মিসেস]
মিস্টার, মিষ্টার *বি* ভদ্রলোকের উপাধিবিশেষ; জনাব; সাহেব; মহাশয়; শ্রীযুক্ত; বাবু। [ই.]
মিস্টিসিজম, মিষ্টিসিজম *বি* অতীন্দ্রিয়বাদ; অধ্যাত্মবাদ; সুফিবাদ; মরমিবাদ। [ই.]
মিস্তিরি, মিস্ত্রি *বি* ১ কারিগর; যন্ত্রশিল্পী। ২ সর্দার কারিগর। [পো.]
মিহনত, মেহনত *বি* শ্রম; পরিশ্রম। [আ.]। **মেহনতি** *বিণ* পরিশ্রমী। **মিস্তি** *বি* শ্রমিক; কুলি।
মিহরাব, মেহ্‌রাব *বি* মসজিদের কাবামুখী কুলুঙ্গি। [আ.]
মিহি *বি* সূক্ষ্ম; অতি সরু। □ *বিণ* ১ পাতলা। ২ সরু। ৩ অতি ক্ষুদ্র। ৪ মৃদু মৃদু স্বরযুক্ত; কোমল। [ফা. মহীন]। **মিহিদানা** *বি* এক প্রকার মিষ্টান্ন; মতিচুর।
মিহির *বি* সূর্য; ভাস্কর; রবি; তপন। [ফা. মেহির]।
মীন *বি* ১ মাছ; মৎস্য। ২ হিন্দুমতে বিষ্ণুর অবতার। ৩ (জ্যো-বি) রাশিচক্রের দ্বাদশ রাশি। [স.]। **মীনকেতন, মীনধ্বজ** *বি* কামদেব; কন্দর্প। **মীনাক্ষী** *বিণ* ১ মাছের মতো সুন্দর নয়নযুক্তা। ২ দাক্ষিণাত্যে প্রসিদ্ধ মীনাক্ষী দেবী।
মীমাংসা *বি* ১ বিবাদ সমস্যা প্রভৃতির সমাধান। ২ জটিলতা সন্দেহ অমিল প্রভৃতি দূর করা। ৩ নিষ্পত্তি; সিদ্ধান্ত। ৪ জৈমিনি মুনিপ্রণীত দর্শন শাস্ত্র। [স. √মান্+সন্+অ+আ]।

মীমাংসক *বিণ* ১ মীমাংসা দর্শনে পণ্ডিত। ২ মীমাংসাকারী; নিষ্পত্তিকারী। **মীমাংসিকা** *স্ত্রী*। **মীমাংসিত** *বিণ* নিষ্পত্তি করা হয়েছে এমন; বিচার বা সমাধান করা হয়েছে এমন।
মীরজাফরি *বি* বিশ্বাসঘাতকতা; মীরজাফরের মতো কাজ।
মীর মুনশি *বি* সেরেস্তার প্রধান সচিব; প্রধান কেরানি। [ফা., আ.]
মুই, মুঞি *সর্ব* আমি।
মুকুট *বি* কিরীট; মস্তকভূষণ; রাজার শিরোভূষণ; বরের ও কনের টোপর। [সং. √মুন্‌ক্‌+উট (উচ্চারণ বিপর্যয়ে)] মুকুট/মুটুক]
মুকুর *বি* দর্পণ; আরশি; আয়না। [সং.]
মুকুল *বি* ১ কুঁড়ি; কোরক; কলিকা। ২ আমের মউল/বউল। ৩ স্ফুটনোন্মুখ অবস্থা। [সং. √মুচ্‌+উল]। **মুকুলিকা** *বি* ছোট কুঁড়ি। **মুকুলিত** *বিণ* ১ অর্ধমুদ্রিত। ২ আধফুটন্ত বা পূর্ণ বিকাশপ্রাপ্ত হয়নি এমন। **মুকুলোদ্গম** *বি* কুঁড়ির উৎপত্তি।
মুক্ত *বিণ* ১ বাধাবন্ধহীন; স্বাধীন। ২ মোহহীন; উদার। ৩ অব্যাহতিপ্রাপ্ত। ৪ আরোগ্যপ্রাপ্ত। ৫ উন্মোচিত; খোলা। ৬ অবাধ; অবারিত। ৭ বদ্ধ নয় এমন। ৮ পরিষ্কৃত; সাফ। ৯ অসংকোচ; স্পষ্ট। [সং. √মুচ্‌+ত]। **মুক্তা**[১] *স্ত্রী*। **মুক্তকচ্ছ** *বিণ* কাছাখোলা। **মুক্তকণ্ঠে** *ক্রিবিণ* ১ উচ্চ কণ্ঠে। ২ অসংকোচে। ৩ স্পষ্ট কথায়। **মুক্তকেশ** *বি* খোলা চুল। ☐ *বিণ* চুল খোলা এমন। **মুক্তকেশা, মুক্তকেশী** *বিণ স্ত্রী*. আলুলায়িত কেশবিশিষ্টা। **মুক্তছন্দ** *বিণ* ছন্দের বাঁধাধরা নিয়ম বর্জিত কবিতা। **মুক্তবেণী** *বিণ* চুল দিয়ে বিনুনি বাঁধেনি এমন। **মুক্তহস্ত** *বিণ* ১ বদান্য; দানশীল। ২ খরচে; ব্যয়শীল। **মুক্তহস্ততা** *বি*। **মুক্তহৃদয়** *বিণ* উদারহৃদয়; খোলা মন।
মুক্তা[২], **মুকুতা** *বি* মোতি; ঝিনুকের মধ্যকার রত্নবিশেষ। [সং. √মুচ্‌+ত+আ]। **মুক্তাফল** *বি* মুক্তা। **মুক্তাসার** *বি* উৎকৃষ্ট মুক্তা।
মুক্তি *বি* ১ মোক্ষ। ২ পরিত্রাণ। ৩ অবসান। ৪ হিন্দুমতে জীবজন্ম পরিগ্রহ থেকে অব্যাহতি। ৫ নিষ্কৃতি; রেহাই। ৬ অবরোধ বা বন্ধন থেকে উদ্ধার। ৭ আরোগ্যলাভ। ৮ মোহ বাসনাদির সমাপ্তি। ☐ *বিণ* স্বাধীনতা। [সং.]। **মুক্তিনামা** *বি* ছাড়পত্র। **মুক্তিপত্র** *বি* মুক্তির নির্দেশসূচক লিপি। **মুক্তিবাহিনী, মুক্তিফৌজ, মুক্তিযোদ্ধা** *বি* দেশের মুক্তির জন্য যাঁরা যুদ্ধ করেন; দেশকে হানাদার মুক্ত করার জন্য যাঁরা যুদ্ধে রত হন (বাংলাদেশকে পাকিস্তানি হানাদার হায়েনাদের হাত থেকে মুক্ত করার জন্য যাঁরা ১৯৭১-এ লড়াই করেছিলেন)। **মুক্তিযুদ্ধ** *বি* রাজনীতিক আর্থনীতিক সামাজিক তথা সার্বিক মুক্তি বা স্বাধীনতার জন্য যে যুদ্ধ। **মুক্তিস্নান** *বি* চন্দ্রসূর্যের গ্রহণ-মুক্তি উপলক্ষে হিন্দুদের স্নান।
মুক্তি সংগ্রাম *বি* স্বাধীনতা ও আর্থ-সামাজিক মুক্তির জন্যে যে আন্দোলন।
মুখ *বি* ১ মুখগহ্বর। ২ মুখমণ্ডল। ৩ বাচনশক্তি। ৪ বাক্যনিঃসরণ; ভোজ্য গ্রহণের দ্বার। ৫ গৃহাদির প্রবেশপথ। ৬ মোহনা। ৭ সম্মুখ অংশ। ৮ অভিমুখ। ৯ প্রগল্‌ভতা; বেয়াদবি; ধৃষ্টতা। ১০ মানমর্যাদা। ১১ আশা। ১২ আরম্ভ; সূত্রপাত। ১৩ বাক্য; ভাষা; বাক-প্রণালী। ১৪ কবল; আক্রমণ। **মুখ আলগা** *বি* অসংযতভাবে ভালো মন্দ যা মুখে আসে তাই বলা। ☐ *বিণ* মুখাগ্রে কিছুই আটকায় না এমন। **মুখ উজ্জ্বল করা** *ক্রি* গৌরবমণ্ডিত করা। **মুখকমল** *বি* পদ্ম ফুলের মতো সুন্দর মুখ। **মুখ খারাপ করা** *ক্রি* অশ্লীল বাক্য বলা। **মুখ খিচানো** *ক্রি* ১ ভেংচানো। ২ মুখভঙ্গি সহকারে তিরস্কার করা। **মুখখিস্তি করা** *ক্রি* অশ্লীল গালাগালি করা। **মুখ খোলা** *ক্রি* ১ নীরবতার পর কথা বলা। ২ অনিচ্ছুকভাবে প্রকৃত বা গোপন কথা প্রকাশ করতে বাধ্য হওয়া। **মুখচন্দ্র** *বি* চাঁদের ন্যায় সুন্দর মুখ। **মুখচন্দ্রিকা** *বি* শুভদৃষ্টি; রুসুমাত। **মুখ চলা** *ক্রি* অনর্গল কথা বলা; ভোজন করা বা তিরস্কার করা। **মুখ চাওয়া** *ক্রি* সহায়তা লাভের প্রত্যাশী হওয়া। **মুখ চুন করা** *ক্রি* ভয় বা লজ্জায় মুখ ম্লান হওয়া। **মুখচোরা** *বিণ* লাজুক; অল্প কথা বলে এমন। **মুখচ্ছটা** *বি* মুখের সৌন্দর্য; মুখচ্ছবি; চেহারা; মুখের অবয়ব। **মুখ ছোট করা** *ক্রি* অপ্রতিভ করা; সঙ্কুচিত করা। **মুখ ছোটা** *ক্রি* মুখ থেকে প্রচুর গালি ও বক্তৃতা বের করা। **মুখ ছোটানো** *ক্রি* ১ প্রচুর গালিগালাজ করা। ২ অবাধে কথা বলা। **মুখ ঝামটা** *বি* মুখবিকৃতি সহ গঞ্জনা। **মুখ টিপে হাসা** *ক্রি* রহস্যজনকভাবে হাসা। **মুখ তুলতে না পারা** *ক্রি* লজ্জাজনিত কারণে সঙ্কুচিত হওয়া। **মুখ থুবড়ে পড়া** *ক্রি* হুমড়ি খেয়ে পড়া; স্থবির হয়ে পড়া। **মুখ তুলে চাওয়া, মুখ তোলা** *ক্রি* প্রসন্ন দৃষ্টিপাত করা। **মুখ থাকা** *ক্রি* সম্মান বজায় থাকা। **মুখ দেখা** *ক্রি* ১ আয়না প্রভৃতিতে মুখের ছায়া দেখা। ২ বিয়েতে পাত্রীর মুখ দেখে টাকা বা অলঙ্কার প্রদান করা। **মুখনিঃসৃত** *বিণ* মুখ থেকে বহির্গত। **মুখপত্র, মুখপাত** *বি* ১ ভূমিকা; প্রস্তাবনা। ২ দলের কর্ম বা আদর্শজ্ঞাপক প্রচারপত্র বা পত্রিকা। **মুখপাত্র** *বি* কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রতিনিধিরূপে যিনি কথা বলেন। **মুখপোড়া** *বি* ১ এক প্রকার গালি। ২ হনুমান। **মুখ ফসকানো** *ক্রি* হঠাৎ করে কিছু বলে ফেলা। **মুখ ফোটা** *ক্রি* মুখ থেকে কথা বের হওয়া। **মুখফোড়** *বিণ* ১ স্পষ্ট বক্তা। ২ দুর্মুখ। **মুখ ফোলানো** *ক্রি* মুখ গোমড়া করা। **মুখ বদলানো** *ক্রি* স্বাদ বদলানো। **মুখ বন্ধ করা, মুখ বোজা** *ক্রি* কথা না বলা; নীরব বা মৌন থাকা। **মুখ ব্যাদান** *বি* ১ হা করণ; বড় করে হা করা। ২ বিকৃত মুখভঙ্গি। **মুখভঙ্গি** *বি* মনোভাবব্যঞ্জক মুখের নানা বিন্যাস। **মুখ ভার করা** *ক্রি* মুখ গম্ভীর করা। **মুখমণ্ডল** *বি* কপাল থেকে চিবুক সমেত সমস্ত মুখ। **মুখ মারা** *ক্রি* ১ সম্ভ্রম নষ্ট করা। ২ নীরব বা মৌন করে দেওয়া। ৩ অতিরিক্ত মিষ্ট দ্রব্যাদি বা ঘৃতাদিযুক্ত খাদ্যসামগ্রী ভোজনের ফলে অরুচি সৃষ্টি। ৪ বস্ত্রের প্রান্ত বা থলের মুখ সেলাই করে বন্ধ করা। **মুখ মিষ্টি** *বিণ* মধুর ভাষা; মিষ্টভাষী। **মুখ রক্ষা** *বি* সম্মান রক্ষা; মর্যাদা রাখা। **মুখ রাখা** *ক্রি* সম্মান বা মর্যাদা বাঁচানো। **মুখাঙ্গরাগ** *বি* মুখের প্রসাধন। **মুখরুচি** *বি* ১ মুখের সৌন্দর্য বা শোভা। ২ মুখের স্বাদ বাড়ানোর উপাদান। **মুখরোচক** *বিণ* সুস্বাদু। **মুখ লাগা** *ক্রি* ১ মুখ কুটকুট করা। ২ নজর লাগা; তুকতাক কার্যকর হওয়া। **মুখশশী** *বি* চন্দ্রের ন্যায় সুন্দর মুখ। **মুখ শুকিয়ে আমসি হওয়া** *ক্রি* ভয় ব্যাধি উদ্বেগ ইত্যাদি হেতু মুখের রুগ্ন অবস্থা। **মুখ শুকানো** *ক্রি* ভয় বা রোগহেতু মুখের চেহারা ম্লান হওয়া। **মুখশুদ্ধি** *বি* ১ মুখের দুর্গন্ধনাশক দ্রব্য। ২ ভোজনের পর চিবানোর জন্য স্বাদযুক্ত মসলা। **মুখশ্রী** *বি* মুখের সৌন্দর্য বা শোভা। **মুখসর্বস্ব** *বিণ* কর্মক্ষমতাহীন বাকপটু। **মুখ সামলানো**

ক্রি ১ সাবধান হয়ে কথা বলা। ২ গালাগালি বা অশোভন কথা পুনর্বার বলা থেকে সাবধান করে দেওয়া (মুখ সামলে কথা বলো)। **মুখ সিটকানো** *ক্রি* ঘৃণা বিতৃষ্ণা প্রভৃতি কারণে মুখ বিকৃত করা। **মুখ সেলাই করে দেওয়া** *ক্রি* মৌন বা নির্বাক থাকতে বাধ্য করা। **মুখস্থ** *বিণ* কণ্ঠস্থ; যথাযথ আবৃত্তি করার জন্য স্মৃতিতে ধারণ করা। **মুখ হওয়া** *ক্রি* ফোড়া থেকে রক্ত পুঁজ প্রভৃতি বের হওয়ার ছিদ্রবিশেষ। **মুখে আগুন** *বিণ* হিন্দু সম্প্রদায়ে প্রচলিত মরণ কামনাসূচক তিরস্কার। **মুখে আনা** *ক্রি* উচ্চারণ করা। **মুখে আসা** *ক্রি* বলার ইচ্ছা হওয়া। **মুখে খই ফোটা** *ক্রি* প্রগল্‌ভভাবে কথা বলা। **মুখে জল আসা** *ক্রি* আহারে প্রবল লোভ হওয়া। **মুখে জল দেওয়া** *ক্রি* ১ উপবাসের পর সামান্য আহার করা। ২ মৃত্যুকালে পানি পান করানো। **মুখে দড়** *বি* বাকপটু; কলহদক্ষ। **মুখে দেওয়া, মুখে ফেলা** *ক্রি* ১ খাওয়া। ২ খাওয়ানো; ভোজন করানো। **মুখে ফুল চন্দন পড়া** *ক্রি* ধন্য হওয়া; শুভ কামনার জন্য প্রশংসা করা। **মুখে মুখে** *ক্রিবিণ* ১ শুধু কথা বলে। ২ মৌখিকভাবে। **মুখের উপর** *অব্য* ১ সামনা-সামনি। ২ সঙ্গে সঙ্গে। **মুখের ভয়ে** তিরস্কারের বা গঞ্জনার ভয়ে। **মুখের মতো** *বিণ* যথোপযুক্ত।

মুখটি[১] *বি* মুখের ঢাকনা বা ছিপি। [স. মুখ+বা. টি]

মুখটি[২], **মুখুটি** *বি* প্রধান, মুখ্য, মুখোপাধ্যায়।

মুখতসর *বিণ* বাহুল্যবর্জিত; সংক্ষিপ্ত। [আ.]

মুখর *বিণ* ১ বাচাল; বেশি কথা বলে এমন। ২ কটুভাষী। ৩ ধ্বনিবহুল; শব্দায়মান (ঊর্মিমুখর)। [স. মুখ+র]। **মুখরা** *স্ত্রী.*। **মুখরতা** *বি* ১ বাচালতা; অতিভাষণ। ২ ধ্বনিবহুলতা। **মুখরিত** *বিণ* ধ্বনিত; গুঞ্জিত; শব্দায়মান। **মুখরিতা** *স্ত্রী.*।

মুখস্থ *বিণ* কণ্ঠস্থ; স্মৃতি থেকে বলা যায় এমন।

মুখাগ্নি *বি* হিন্দুদের শবদাহকালে শবের মুখে অগ্নি দান বা স্পর্শ। [স. মুখ+অগ্নি]

মুখানো, মুকানো *ক্রি* উন্মুখ বা উৎসুক বা ব্যগ্র বা উৎসাহী হওয়া। ❑ *বি* উক্ত অর্থে। [স. মুখ+বা. আনো]

মুখাপেক্ষা *বি* পরের অনুগ্রহের বা সাহায্যের আশা; পরের উপর ভরসা। [মুখ+অপেক্ষা]। **মুখাপেক্ষী**(-ক্ষিন্) *বিণ* অন্যের সাহায্যের উপর নির্ভরশীল। **মুখাপেক্ষিণী** *স্ত্রী.*। **মুখাপেক্ষিতা** *বি* অপরের সাহায্যের প্রত্যাশা।

মুখাবয়ব *বি* মুখের আকার; মুখের চেহারা।

মুখামুখি, মুখোমুখি *ক্রিবিণ* পরস্পরের দিকে মুখ করে; সামনাসামনি; সম্মুখে। ❑ *বিণ* ১ পরস্পর সম্মুখীন। ২ অভিমুখে। ৩ পরস্পরের মুখের দিকে নিবদ্ধ দৃষ্টি; বিয়েতে শুভদৃষ্টি। ৪ ঝগড়া; কলহ; বাকযুদ্ধ।

মুখামৃত *বি* ১ থুতু। ২ মহামানবের বাণী। ৩ অধরসুধা। ৪ অমিয় বাক্য। ৫ মুখের মিষ্টি। [স. মুখ+অমৃত]

মুখি[১], **মুখী**[১] *বি* কচু ওল প্রভৃতির অঙ্কুর যা তরকারি হিসেবে খাওয়া যায়। [স. মুখ+বা. ই]

মুখী[২], **মুখি**[২] *বিণ* বহুব্রীহি সমাস নিষ্পন্ন উত্তরপদে মুখ শব্দ স্ত্রীলিঙ্গে মুখী হয়। [স.]

মুখী[৩](-খিন্) *বিণ* ১ অভিমুখী (ঘরমুখী)। ২ মুখবিশিষ্ট (বিরসমুখী)। **মুখিনী** *স্ত্রী.*। [স.]

-মুখো, -মুখা *বিণ* বাংলা বহুব্রীহি সমাসে উত্তরপদে মুখ শব্দের রূপ (ঘরমুখো, পোড়ারমুখো)। **-মুখী** *স্ত্রী.* (কালামুখী)।

মুখোপাধ্যায়, মুখুজ্জে *বি* বাঙালি ব্রাহ্মণের একটি পদবি। [স. মুখ+উপাধ্যায়]

মুখোশ, মুখোস *বি* ১ মুখাবরণ; নকল মুখ; কৃত্রিম মুখ। ২(আল.) কপটতা। [স. মুখ+কোষ>]। **মুখোশ খোলা** *ক্রি* (আল.) স্বরূপ প্রকাশ করা; প্রকৃত রূপ প্রকাশিত হওয়া।

মুখ্য *বিণ* প্রধান (মুখ্যমন্ত্রী); শ্রেষ্ঠ; অগ্রগণ্য; আদি। [স. মুখ+য]

মুগ *বি* এক প্রকার ডাল। [স. মুদ্‌গ>]

মুগা *বি* ১ এক প্রকার রেশম কীট। ২ মুগাকীটের লালা দিয়ে সৃষ্ট মুগ বর্ণ মোটা রেশম; মুগা রেশমের তৈরি কাপড়।

মুগুর *বি* ১ কাঠ লোহা প্রভৃতি দিয়ে তৈরি হাতুড়ি। ২ গদা (মুগুর ভাঁজা)। [স. মুদ্‌গর>]। **ইটামুগুর** *বি* ক্ষেতে চাষ করার সময়ে বড় মাটির খণ্ড বা টুকরা ভাঙার হাতুড়ি।

মুগ্ধ *বিণ* ১ মোহগ্রস্ত; বিহ্বল; আত্মহারা; বিভোর। ২ বশীভূত। ৩ মূঢ়; নির্বোধ; মূর্খ। ৪ সরল। [স. √মুহ্+ত]। **মুগ্ধস্বভাবা** *বিণ স্ত্রী.* ১ মুগ্ধপ্রকৃতিসম্পন্না। ২ রমণীয় স্বভাব; সরলা। **মুগ্ধা** *বি* ১ বিহ্বলা। ২ সরলা বালিকা। ৩ নায়কের প্রতি একান্ত বিশ্বাসপরায়ণা নায়িকা। **মুগ্ধতা** *বি* মুগ্ধ বা মোহগ্রস্তের ভাব।

মুঘল, মোগল *বি* ১ মঙ্গোলিয়া নামক দেশের অধিবাসী। ২ উপমহাদেশীয় মুসলমানদের শ্রেণীবিশেষ (শেখ, সৈয়দ, মোগল, পাঠান)। [ফা. মোগোল]। **মোগলাই** *বিণ* ১ মোগলদিগের মধ্যে প্রচলিত। ২ মোগলসুলভ। ৩ মোগল সম্পর্কিত। **মোগলাই খানা** *বি* মোগলদের খাদ্য।

মুচকানো, মচকানো *ক্রি* বাঁকানো; বিকৃত করা; মোচড় লাগা; দুমড়ে যাওয়া; দুর্ঘটনাজাত অঙ্গবৈকল্য।

মুচকি *বিণ* ঈষৎ; সামান্য; বদ্ধ ঠোঁটে ঈষৎ প্রকাশিত। মুচকি, **মুচকে হাসা** *ক্রি* মুখ টিপে হাসা; নীরবে মৃদু হাস্য করা।

মুচকুন্দ[১] *বি* চাঁপা ফুলবিশেষ।

মুচমুচ *অব্য* সামান্য মচমচ শব্দ।

মুচলেকা, মুসলেকা *বি* ১ শর্ত মানবার এবং না মানলে আইনগতভাবে দণ্ডভোগ করবার লিখিত অঙ্গীকারপত্র; bond। ২ আইন বা হুকুম মোতাবেক চলবার নির্দেশনামা। [তু. মুচলকা]।

মুচি[১], **মুচী** *বি* চর্মকার; যারা মৃত পশুর চামড়া ছাড়িয়ে নেয়। **মুচিনী** *স্ত্রী.*। [পহ্‌লবি মোচক]

মুচুকুন্দ, মুচকুন্দ[২] *বি* ১ স্বর্ণ চাঁপা বা তার গাছ। ২ মান্ধাতা রাজার পুত্র। ৩ মুনিবিশেষ। ৪ দৈত্যবিশেষ।

মুছি[২], **মুচি**[২] *বি* কাঁঠাল কলা ইত্যাদির নবজাত ফল; ছোট সরা; সোনা গলানোর ছোট মৃৎপাত্র-বিশেষ; পিঠা তৈরি করার ঢাকনি। [স. মুষা; প্রা. মোচিঅ]

মুজরা, মুজরো *বি* ১ পারিশ্রমিকের বদলে নাচ-গান করা। ২ প্রাপ্য টাকার ছাড়; রাজস্ব মওকুব। ৩ সম্মান প্রদর্শন। [আ. মুজুরা]

মুজাদ্দিদ *বিণ* ধর্মসংস্কারক; মুসলমানি বিশ্বাস মতে হাজার বছরে একজন ধর্মসংস্কারকের আবির্ভাব হয়। [আ. মজদদ]

মুঞ্জ *বি* এক প্রকার তৃণ; মুজ নামক এক প্রকার ঘাস। [স.]

মুটে, মুটিয়া *বি* যে মোট বহন করে জীবিকা অর্জন করে;

মোট বহনকারী; কুলি; ভারিক। **মুটে-মজুর** *বি* ১ গরিব শ্রমিক। ২ অতি সাধারণ শ্রমজীবী।
মুঠ, মুট *বি* ১ হাতের মুষ্টি; কবল। ২ দা তরবারি প্রভৃতির বাঁট; হাতল। ৩ এক মুষ্টি পরিমাণ। [স. মুষ্টি>]
মুঠা, মুঠি, মুঠো *বি* ১ মুষ্টি সঙ্কুচিত করতল। ২ কবল। ৩ হাতল। ❑ *বিণ* মুষ্টি পরিমিত চাউল। [স. মুষ্টি>]
মুড়কি, মুড়কী *বি* গুড় বা চিনির রসে জারিত বা মাখানো খই।
মুড়মুড় *অব্য* মৃদু মড়মড় ধ্বনি। **মড়মড়ে** *বিণ* মুড়মুড় শব্দ করে এমন।
মুড়া[১], মুড়ো[১] *বি* ১ মাছের মাথা; মুণ্ড। ২ আগা; অগ্রভাব। ৩ সীমা; প্রান্ত। [স. মুণ্ড>]
মুড়া[২], মুড়ো[২] *বিণ* ১ মুণ্ডিত; নেড়া; ন্যাড়া; ক্ষৌরীকৃত মস্তক। ২ ক্ষয়প্রাপ্ত; শাখাশূন্য। ৩ নির্জলা। [স. মুণ্ডন>]
মুড়া[৩], মোড়া *ক্রি* আবৃত করা; বেষ্টন করা; জড়ানো; ভাঁজ বা সঙ্কুচিত করা। [স. মণ্ড>প্রা. মংড>বা. মোড়া/মুড়া]
মুড়ানো, মোড়ানো *ক্রি* ১ মুণ্ডিত বা ন্যাড়া করা বা করানো। ২ অগ্রভাগ বা বাড়তি ডালপালা ছেঁটে ফেলা বা ফেলানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [স.√মুন্ড>]
মুড়ি[১] *বি* ১ মুণ্ড; মাথা। ২ প্রথম প্রান্তের অংশ। [স. মণ্ড>]। **মুড়িঘণ্ট** *বি* মাছের মাথা, মুগডাল ইত্যাদি দিয়ে রাঁধা ব্যঞ্জনবিশেষ।
মুড়ি[২] *বি* ১ চেকবই, বস্ত্রাদির ভাঁজ করা প্রান্তদেশ। ২ আবরণ; আচ্ছাদন; ঢাকনা।
মুড়ি[৩] *বি* গরম বালিতে চাল ভেজে প্রস্তুত খাদ্যবিশেষ; ফাঁপা হালকা ভাজা চাল।
মুণ্ড, মুণ্ডু *বি* মাথা; মস্তক। [স. মুণ্ড]। **মুণ্ডু ঘুরে যাওয়া** *ক্রি* ১ হতবুদ্ধি হয়ে যাওয়া। ২ সম্মোহিত হওয়া। **মুণ্ডচ্ছেদ, মুণ্ডছেদন** *বি* মস্তক কর্তন। **মুণ্ডপাত** *বি* ১ শিরেশ্ছদ। ২ (আল.) সর্বনাশ। ৩ অভিশাপ। **মুণ্ডমালা** *বি* নরমুণ্ডসমূহ দিয়ে গাঁথা মালা। **মুণ্ডমালিনী** *স্ত্রী*।
মুণ্ডন *বি* ১ কেশ কামিয়ে ফেলা; ন্যাড়া করা। ২ অগ্রভাগ বা বাড়তি ডালপালা ছেঁটে ফেলা। [স.]। **মুণ্ডিত** *বিণ* কামানো; মুণ্ডন করা হয়েছে এমন। **মুণ্ডিতকেশ** *বিণ* মাথা নেড়া করা হয়েছে এমন।
মুত *বি* প্রস্রাব; মূত্র। [স. মূত্র>]
মুতওলি, মোতোয়ালি *বি* ধর্মীয় অথবা দাতব্য প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক। [আ. মুতলওল্লী]
মুৎসুদ্দি, মুচ্ছুদ্দি *বি* ১ ভারপ্রাপ্ত কর্মচারীবিশেষ; agent। ২ প্রধান কেরানি। ৩ প্রতিনিধি। ৪ বংশীয় পদবি। [আ. মুতসদ্দী]
মুথা, মুথো *বি* গন্ধশিকড়বিশিষ্ট তৃণ। [স. মুস্ত>]
মুদা *ক্রি* ১ চক্ষু মুদ্রিত করা; বোজা; নিমীলিত করা। ২ চোখ ঢাকা। [স. মুদ্রিত>প্রা. মুদ্দ>]
মুদারা *বি* সঙ্গীতের তিনটি স্বরগ্রামের দ্বিতীয়টি। [স.]
মুদি, মুদী *বি* দোকানে চাল ডাল তেল লবণ প্রভৃতি বিক্রয়কারী। [স. মোদক>(মিষ্টান্ন বিক্রেতা ও নির্মাতা) তুল. হি. মোদী]। **মুদিখানা** *বি* মুদির দোকান।
মুদিত[১] *বিণ* হৃষ্ট; আনন্দিত; আহ্লাদিত; আমোদিত। [স. √মুদ্+ত]
মুদিত[২] *বিণ* চক্ষু মুদ্রিত; বোজা অবস্থা প্রাপ্ত; নিমীলিত। [স. মুদ্রিত>]
মুদ্গার *বি* মুগুর; গদা। [স.]
মুদ্দই *বি* ফরিয়াদি; অভিযোগকারী; শত্রু; বিপক্ষ। [আ.]
মুদ্রণ *বি* ১ মুদ্রিতকরণ; নিমীলন। ২ ছাপানোর কাজ; ছাপাই; printing। ৩ ছাপ দিয়ে গঠন। [স.]
মুদ্রা *বি* ১ টাকা পয়সা প্রভৃতি; coin। ২ অর্থ। ৩ সিলমোহর। ৪ ছাপ। ৫ হিন্দুদের দেবপূজা কালে বিবিধ ভঙ্গিতে করবিন্যাস। ৬ নাচের সময়ে অঙ্গভঙ্গি। ৭ মদের চাট। ৮ করতলে বা পদতলে বিশেষ চিহ্ন। [স.]। **মুদ্রাকর, মুদ্রাপক** *বি* ছাপাখানার যে ব্যক্তি পুস্তকাদি ছাপার দায়-দায়িত্ব বহন করে। **মুদ্রাকর প্রমাদ** *বি* ছাপার ভুল; মুদ্রণে ভুলত্রুটি। **মুদ্রাক্ষর** *বি* ছাপবার টাইপ; মুদ্রণের সীসা ইত্যাদি নির্মিত অক্ষর। **মুদ্রাঙ্কন** *বি* সিল প্রভৃতির ছাপ। **মুদ্রাঙ্কিত** *বিণ* ছাপযুক্ত; মোহরাঙ্কিত। **মুদ্রাদোষ** *বি* একই বাচনভঙ্গি বা স্বভাবগত বাগভঙ্গি; অঙ্গভঙ্গি করার কুঅভ্যাস। মুদ্রাবিজ্ঞান; মুদ্রাতত্ত্ব; মুদ্রা (coin) সম্বন্ধীয় তত্ত্ব ও তথ্য; numismatics। **মুদ্রাযন্ত্র** *বি* ছাপাকল বা যন্ত্র; printing machine।
মুদ্রিত *বিণ* ১ ছাপানো হয়েছে এমন; ছাপা; মুদ্রাঙ্কিত। ২ নিমীলিত। [স.]
মুনকির-নকির *বি* যে দুই ফেরেশতা মৃত্যুর পর কবরে ধর্মবিশ্বাসের পরীক্ষা নেয় বলে মুসলমানরা বিশ্বাস করে।
মুনশি, মুন্সি *বি* ১ কেরানি; যিনি লেখার কাজ করেন; লেখক। ২ বিদ্বান ব্যক্তি। [আ. মনুশী]। **মুনশিগিরি** *বি* মুনশির পেশা বা কর্ম। **মুনশিয়ানা** *বি* ১ পাণ্ডিত্য; নৈপুণ্য; দক্ষতা; পটুতা। ২ রচনায় নিপুণতা; রচনা কৌশল। **খাসমুনশি** *বি* ব্যক্তিগত কেরানি; প্রাইভেট সেক্রেটারি। [আ. খাস]। **মিরমুনশি** *বি* ১ প্রধান কেরানি। ২ চিফ সেক্রেটারি।
মুনসেফ, মুন্সেফ *বি* ইনসাফ করেন যিনি; নিম্ন দেওয়ানি আদালতের বিচারক। [আ. মুন্সিফ]। **মুনসেফি, মুনসেফী** *বি* মুনসেফের পেশা বা পদ বা চাকুরি। ❑ *বিণ* মুনসেফের এলাকাভুক্ত।
মুনাজাত, মোনাজাত *বি* প্রার্থনা; আরাধনা; আবেদন। [আ. মুনাজাত]।
মুনাফা, মুনফা *বি* ক্রয়-বিক্রয়ের লাভ; লভ্যাংশ। [আ. মুনাফি]
মুনাফাখোর *বি* লাভ করার নেশায় মত্ত; profiteer। [আ.+ফা.]
মুনাফেক, মোনাফেক *বিণ* কপট; প্রবঞ্চক; ভণ্ড। [আ. মুনাফিক]। **মুনাফেকি, মোনাফেকি** *বি* প্রতারণা; শঠতা; কপটাচার।
মুনাসিব, মোনাসিব *বিণ* ১ পছন্দসই। ২ যোগ্য; উপযুক্ত। [আ.]
মুনি *বি* ঋষি; তপস্বী; যোগী। [স.]
মুফত, মুফৎ *অব্য* মাগনা; বিনামূল্যে; বিনা পয়সায়; অমনি। [আ. মুফত]
মুফতি *বি* মুসলমান আইন ব্যাখ্যাকারী, ইসলাম শাস্ত্রীয় ব্যবস্থা নির্দেশক। [অ. মুফতী]
মুবারক *বি* শুভ; শুভলক্ষণযুক্ত; কল্যাণময়। [আ.]
মুমুক্ষা *বি* মোক্ষলাভেচ্ছা; মুক্তি বা পরিত্রাণ লাভের ইচ্ছা। [স. √মুচ্+সন্+অ+আ]। **মুমুক্ষু** *বিণ* মোক্ষকামী;

মুক্তিলাভেচ্ছু।
মুমূর্ষু *বিণ* মরণাপন্ন; মরণোন্মুখ; যার মৃত্যুকাল আসন্ন। [স. √মৃ+সন্‌+উ]। **মুমূর্ষা** মৃত্যুর ইচ্ছা; মরণেচ্ছা; মরণ কামনা।
মুয়াজ্জল *বিণ* দাবি করা মাত্র দেয়। **মহর মুয়াজ্জল** চাওয়ামাত্র দেয় মহর বা স্ত্রীধন। [আ. মুহর মু'আজ্জল]
মুয়াজ্জিন *বি* ১ যিনি আজান দেন। ২ নামাজের সময়ে মসজিদের মিনার থেকে উচ্চৈঃস্বরে নামাজের সময় ঘোষণাকারী। [আ. মু'আজ্জিন]
মুয়াল্লিম *বি* শিক্ষক; নির্দেশক; যিনি হজের সময় হজ যাত্রীদের করণীয় নির্দেশ করেন।
মুরগি, মুরগী *বি* পাখি; কুক্কুট; কুক্কুটী। [ফা. মুর্গ]। **মুরগি পোষা ভালোবাসা** *বি* (ব্য.) স্বার্থপূর্ণ ভালোবাসা; যে ভালোবাসা প্রকৃত নয়।
মুরজ *বি* এক প্রকার বাদ্যযন্ত্র; মৃদঙ্গ; খোল। [স.]
মুরজা *বি* কুবেরের স্ত্রীর নাম। [স.]
মুরত, মুরতি *বি* ১ মূর্তি; প্রতিমা। ২ আকৃতি; চেহারা। [স. মূর্তি>]
মুরতাদ *বিণ* স্বধর্ম স্বমত বা স্বদল ত্যাগ করেছে এমন। ❑*বি* যে ব্যক্তি নিজ ধর্ম ত্যাগ করে ভিন্ন ধর্ম গ্রহণ করেছে। [আ. মুরতিদ]
মুরদ, মুরোদ *বি*১ ক্ষমতা; শক্তিসামর্থ্য। ২ পৌরুষ। [আ. মুরাদ]
মুরব্বি, মুরুব্বি *বি* ১ অভিভাবক। ২ পৃষ্ঠপোষক। ৩ রক্ষক। ৪ উপদেশক; উপদেষ্টা; সহায়ক। [আ. মুরব্বী]। **মুরব্বিয়ানা** *বি* (ব্য.) মুরব্বির ব্যবহার বা আচরণ; মাতব্বরি; খবরদারি; অভিভাবকত্ব।
মুরলা *বি*১ নর্মদা নদী। ২ ভারতের কেরল রাজ্যের একটি নদী।
মুরলী *বি* বাঁশি। **মুরলীধর** *বি* কৃষ্ণ। [স.]
মুরারি *বি* 'মুর' নামের দৈত্যের অরি বা শত্রু; কৃষ্ণ—মুর নামক দৈত্যকে নিহত করেন যিনি। [স.]
মুরি *বি* নালা; জলনালী; নর্দমা। [ব.]
মুরিদ *বি*১ মুসলমান ভক্ত বা শিষ্য; সাধক। ২ পীরের শিষ্য। [আ.]
মুর্দা *বি* শব; মৃতদেহ; মড়া। [ফা. মুর্দহ্‌]। **মুর্দাফরাশ, মুর্দাফরাস** *বি* যে মৃতদেহ বহন করে বা পোড়ায়; শব দাহনকারী ডোম। [ফা. ফরাশ]
মুর্শিদ, মুরশিদ, মোরশেদ *বিণ* আধ্যাত্মিক গুরু; পীর; পথ প্রদর্শক। [আ. মুরশিদ]। **মুর্শিদি, মোর্শেদা** *বি* ১ আধ্যাত্মিক; অধ্যাত্মসম্পর্কীয়। ২ মরমি লোকগীতি। [আ.]
মুলতবি, মুলতুবি *বি* একটি নির্দিষ্ট সময় পর্যন্ত স্থগিত; অন্য সময়ের জন্য রেখে দেওয়া। [আ.]
মুলতান[১] *বি* সঙ্গীতের একটি রাগিণীর নাম।
মুলতান[২] *বি* পশ্চিম পাঞ্জাবের একটি জেলা ও শহর। [স.]। **মুলতানি** *বিণ* মুলতানে জাত বা উৎপন্ন।
মুলা, মুলো *বি* এক প্রকার কন্দ; তরকারিবিশেষ। [স. মূলক>]
মুলাকাত, মোলাকাত *বি* সাক্ষাৎ; ভেট। [আ.]
মুলানো, মুলামুলি *ক্রি* দরদস্তুর করা; দরদাম করা।
মুলিবাঁশ *বি* ফাঁপা সরু বাঁশ।
মুলুক, মুল্লুক *বি* দেশ; বৃহৎ এলাকা। [আ. মূলক]
মুশকিল, মুস্কিল *বি* ১ বিপদ; সঙ্কট; বিপত্তি; বাধা; বিঘ্ন। ২ অসুবিধা। [আ.]। **মুশকিল-আসান** (আহ্‌সান) *বি* বিপদ বা অসুবিধা কেটে যাওয়া; বিপদ নিবারণ বা মোচন।
মুষড়ানো, মোষড়ানো *ক্রি*১ হতাশ, নিরুৎসাহ, নিরুদ্যম বা বিষণ্ন হয়ে পড়া। ২ প্রায় শুষ্ক বা বিবর্ণ বা ম্লান হওয়া। ৩ মনমরা হওয়া; মিইয়ে বা দমে যাওয়া। ❑*বি* উক্ত সকল অর্থে।
মুষল, মুশল *বি*১ মুগুর; মুদ্গর। ২ ঢেঁকির মোনা; হামান-দিস্তার ডাঁটি। ৩ উদূখলের মর্দক বা পেষণদণ্ড। [স.]। **মুষলধার, মুষলধারা, মুশলধার** *বি* অত্যন্ত মোটা ধারা; অজস্র ধারা; প্রচুর (মুষলধারে বৃষ্টি)।
মুষ্ক *বি* অণ্ডকোষ; পুং যৌনাঙ্গের অণ্ডথলি। [স.]। **মুষ্কশূন্য** *বিণ* খোজা; নপুংসক।
মুষ্টামুষ্টি *বি* কিলাকিলি; পরস্পর ঘুষাঘুষি; মুষ্টি প্রহার; মুষ্টিযুদ্ধ। [স. মুষ্টি>]
মুষ্টি *বি*১ মুঠা; মুঠি। ২ কিল; ঘুষি। ৩ মুঠ; ডাঁট; হাতল। ৪ মুঠা পরিমাণ; মুঠা পূর্ণ; এক মুঠায় যে পরিমাণ ধরে। [স.]। **মুষ্টিবদ্ধ** *বিণ* আঙুল মুড়ে রাখা হয়েছে এমন; মুঠাবাঁধা। **মুষ্টিভিক্ষা** *বি* প্রতি গৃহ বা জনের নিকট থেকে এক মুঠা পরিমিত দ্রব্য; ভিক্ষা। **মুষ্টিমেয়** *বিণ* ১ মুষ্টি পরিমাণ। ২ সামান্য; অল্প পরিমাণ; অল্পমাত্র। ৩ অল্পসংখ্যক। **মুষ্টিযুদ্ধ** *বি* ঘুষাঘুষি; ঘুষির সাহায্যে লড়াই। **মুষ্টিযোগ** *বি* টোটকা; দ্রুত ফলদানকারী ঔষধ।
মুসম্মাৎ, মোসাম্মাৎ *বি* ১ মুসলমান মহিলাদের নামের পূর্বে ব্যবহৃত। ২ শ্রীযুক্তা; শ্রীমতী। [আ.]
মুসলমান, মুসলিম *বি* হজরত মুহম্মদ (সা.) কর্তৃক প্রবর্তিত ইসলাম ধর্মাবলম্বী সম্প্রদায় বা ব্যক্তি। ❑*বিণ*১ ইসলাম ধর্মে বিশ্বাসী। ২ ইসলাম ধর্ম বা মুসলমান সম্পর্কিত। [আ. মুসলিম/ফা. মুসলমান]। **মুসলমানি** *বি* ১ মুসলমানদের রীতি। ২ খৎনা; সুন্নৎ; ত্বকচ্ছেদ। ৩ মুসলমান ধর্মাবলম্বিনী নারী। ❑*বিণ* মুসলমানের ধর্ম সংক্রান্ত।
মুসল্লি, মুসুল্লি *বিণ* নামাজি; যে 'সালাত' বা নামাজ পড়ে। [আ. সালাত = নামাজ; মুসল্লি = নামাজি; মুসাল্লা= সালাতের জন্য বিছানো বস্ত্র]
মুসা *বি*১ ইহুদিদের ধর্মবিধানদাতা। ২ তৌরাত কিতাবপ্রাপ্ত প্রসিদ্ধ নবি। [আ.]
মুসাফা *বি* মুসলমানি প্রথায় করমর্দন। [আ. মুসা'ফহা']
মুসাফির, মোসাফির *বি* সফরকারী; পথিক; আগন্তুক; পর্যটক। [আ.]। **মুসাফিরখানা** *বি* সরাই; পান্থশালা; ধর্মশালা।
মুসাবিদা, মুসাবেদা *বি* খসড়া; draft। [আ.]
মুসিবত, মুসীবত *বি* বিপদ; দুর্যোগ; দুঃসময়। [আ.]
মুস্তফি, মোস্তাফি *বি* উপাধিবিশেষ; হিসাব-পরীক্ষক।
মুহম্মদ, মোহাম্মদ *বি*১ ইসলাম ধর্মের প্রবর্তক হজরত মুহম্মদ (সা.)। ২ মুসলমানদের নামের পূর্বে বা পরে ব্যবহৃত শব্দ। [আ.]। ❑*বিণ* প্রশংসিত।
মুহরি[১], **মুহুরি**[১] *বি* ১ নর্দমা; নালা; মুরি; জলনালী। ২ নর্দমার উপরিস্থ ধাতু নির্মিত ঝাঁঝরি। ৩ প্যাঁচের মুখে আটবার ধাতু দ্রব্য; nut। ৪ জামার হাতার প্রান্তদেশের ঘের। [হি.]
মুহরি[২], **মুহুরি**[২] *বি* ১ এক প্রকার কেরানি। ২ উকিল

প্রভৃতির কাজের সহায়ক লেখক। [আ. মুহররির]। **মুহরিগিরি, মুহুরিগিরি** *বি* কেরানির বৃত্তি বা পেশা।

মুহাজির, মোহাজের *বিণ* দেশ ত্যাগ করেছে এমন; উদ্বাস্তু; আশ্রয়-সন্ধানী। [আ.]

মুহুঃ *অব্য*১ ঘন ঘন; বার বার; বারংবার; পুনরায়; পুনঃপুন। ২ সদ্য। **মুহুর্মুহু** *অব্য* বারে বারে; পুনঃপুন; ঘনঘন। [স.]।

মুহূর্ত *বি* ১ দিনরাতের ৩০ ভাগের এক ভাগ; আটচল্লিশ মিনিট। ২ অতি অল্প সময়। [স.]। **মুহূর্তেক** *বিণ, ক্রিবিণ* ১ এক মুহূর্ত কাল। ২ অত্যল্প কাল। **এই মুহূর্তে** *ক্রিবিণ* এখনই; এক্ষুনি; অবিলম্বে; একটুও বিলম্ব না করে।

মুহ্যমান *বিণ* দুঃখ বা শোকে কাতর। ☐*বি* ১ যে মুষড়ে পড়েছে। ২ মোহগ্রস্ত; আচ্ছন্ন। **মুহ্যমানা** *স্ত্রী.*।

মূক *বিণ* বাকশক্তি রহিত; বোবা; কথা বলতে পারে না এমন। [স. মূ+ক]। **মূকী** *স্ত্রী.*। **মূকতা** *বি* বাকশক্তিহীনতা।

মূঢ় *বিণ* ১ বিবেচনাশূন্য; অবিবেচক; জড়; নিষ্ক্রিয়। ২ আহম্মক; মূর্খ; নির্বোধ। ৩ মোহগ্রস্ত; মুগ্ধ; মোহপ্রাপ্ত; মোহাবিষ্ট। [স. √মুহ্+ত]। **মূঢ়া** *স্ত্রী.*। **মূঢ়তা** *বি* বোকামি; আহম্মকি।

মূত্র *বি* প্রস্রাব; পেচ্ছাব। **মূত্রকৃচ্ছ্রতা** *বি* মূত্রত্যাগে কষ্ট হয় এমন রোগ। [স.]। **মূত্রনালী** *বি* মূত্রাশয় থেকে প্রস্রাব নির্গত হবার পথ। **মূত্রাশয়** *বি* উদর মধ্যস্থ মূত্রথলি; বস্তি।

মূর্খ *বিণ*১ বোকা; নির্বোধ; আহম্মক। ২ অশিক্ষিত; অজ্ঞ; অভিজ্ঞতাশূন্য। [স. √মুহ্+খ]। **মূর্খা** *স্ত্রী.*। **মূর্খতা** *বি* মূঢ়তা; নির্বুদ্ধিতা; আহম্মকি।

মূর্ছনা *বি* ১ সঙ্গীতের স্বরগ্রামের ওঠানামার পর্যায় বা ক্রম; সুরের সুমধুর কম্পন; সুরের এক ধরনের অলঙ্কার। ২ প্রতিফলন। ৩ ঔষধের এক প্রকার সংস্কার। [স. √মূর্ছ্+অন+আ]

মূর্ছা, মুরছা *বি*১ অচৈতন্য; অজ্ঞান অবস্থা; মোহপ্রাপ্তি। ২ মোহ; জ্ঞানাভাব। [স. √মূর্ছ্+অ+আ]। **মূর্ছাগত** *বিণ* মূর্ছিতের মতো নীরব নিঝুম। **মূর্ছাতুর** *বিণ* মূর্ছিতের ন্যায়। **মূর্ছান্বিত** *বিণ* মূর্ছিতের মতো নিঃসাড়। **মূর্ছাভঙ্গ** *বি* মোহ বা অচৈতন্য অবস্থা থেকে পুনরায় চেতনাপ্রাপ্তি। **মূর্ছিত** *বিণ*১ মূর্ছাগত; মোহগ্রস্ত; মোহপ্রাপ্ত; লুপ্তচৈতন্য; অচেতন; জ্ঞানহারা। ২ প্রতিফলিত। **মূর্ছিতা** *স্ত্রী.*।

মূর্ত *বিণ*১ সাকার; মূর্তি বা শরীর ধারণ করেছে এমন; মূর্তিমান। ২ স্পষ্ট; প্রত্যক্ষ। [স. √মূর্ছ্+ত]

মূর্তি, মুরতি *বি*১ দেহ। ২ আকৃতি, রূপ। ৩ প্রতিমা। [স. মূর্তি>মুরতি (স্বরাগমে) √মূর্ছ্+তি]

মূর্তিপরিগ্রহ *বি* মূর্তিধারণ। [স.]। **মূর্তিপূজা** *বি* সাকার উপাসনা; প্রতিমা পূজা। **মূর্তিমন্ত, মূর্তিমান** *বিণ* ১ মূর্তিযুক্ত; দেহধারী; আকৃতিবিশিষ্ট; সাকার। ২ স্পষ্ট; প্রত্যক্ষ। **মূর্তিমতী** *স্ত্রী.*।

মূর্ধন্য *বিণ*১ মস্তকজাত। ২ মূর্ধা উচ্চার্য বর্ণসমূহ ঋ ট ঠ ড ঢ ণ র ষ। ৩ শ্রেষ্ঠ; মোড়ল। [স.]

মূর্ধা *বি* মস্তক; মাথা। [স.]

মূল *বি* ১ শিকড়; গাছের গোড়ার অংশ (বৃক্ষমূল)। ২ কন্দজাতীয় উদ্ভিদ। ৩ আদি। ৪ আদি হেতু। ৫ উৎপত্তিস্থান; উৎস। ৬ পুঁজি। ৭ ভিত্তি। ৮ যে রাশি নিজে গণিত হয়ে অন্য রাশি উৎপন্ন করে তা ঐ উৎপন্ন রাশির মূল। ☐*বিণ*১ প্রথম। ২ আসল। [স.]। **মূলক** *বি* এক প্রকার কন্দ; মুলা। **মূলকারণ** *বি* ১ আদিকারণ; আসল কারণ। ২ প্রকৃত হেতু। **মূলগত** *বিণ*১ শিকড়-স্বরূপ; আদি কারণ স্বরূপ; ভিত্তি স্বরূপ; ভিত্তিমূল। ২ মৌলিক; মূল সম্বন্ধীয়। ৩ বিচ্ছেদশূন্য; অবিচ্ছেদ্য। **মূল গায়েন** *বি* ১ যাত্রাদলের প্রধান বা প্রথম গায়ক। ২ গায়ক দলের নেতা। **মূলচ্ছেদ, মূলচ্ছেদন** *বি*১ গোড়া কেটে ফেলা। ২ সম্পূর্ণ ধ্বংসসাধন। **মূলত** *অব্য, ক্রিবিণ*১ মূলে। ২ বাস্তবিক বা প্রকৃতপক্ষে; বস্তুত। **মূলতত্ত্ব** *বি* মৌলিক বিষয় বা তত্ত্ব যার উপর অন্যান্য তত্ত্ব বা জ্ঞান-বিজ্ঞান গড়ে ওঠে। **মূলধন** *বি*১ ব্যবসাতে নিয়োজিত টাকা বা সম্পদ। ২ পুঁজি। **মূলনীতি** *বি* ১ মৌলিক নীতি। ২ প্রধান বা প্রকৃত নীতি। **মূলভিত্তি** *বি* গোড়াপত্তন; প্রধান ভিত। **মূল প্রকৃতি** *বি* ১ বিশ্বের আদিকারণ। ২ আদ্যাশক্তি। **মূলমন্ত্র** *বি* ১ প্রধান সংকল্প বা অভিলাষ। ২ প্রধান মন্ত্র। ৩ বীজমন্ত্র। **মূলসূত্র** *বি*১ প্রধান হেতু বা উৎস। ২ আদি কারণ। **মূলাকর্ষণ** *বি* গোড়া বা শিকড় ধরে টানা। **মূলাধার** *বি* ১ প্রধান আধার বা আশ্রয় স্থান। ২ গুহ্যদ্বার ও লিঙ্গের মধ্যবর্তী স্থান। **মূলী** *বিণ* শিকড়যুক্ত; মূলবিশিষ্ট। ☐*বি* গাছ। **মূলীভূত** *বিণ* ১ মূলগত। ২ ভিত্তিস্বরূপ। ৩ প্রধান বা আদি কারণ স্বরূপ। **মূলে** *ক্রিবিণ* ১ গোড়ায়; প্রথমে। ২ আদৌ; একেবারেই; মোটে। **মূলোচ্ছেদ** *বি* ১ সমূলে বিনাশ। ২ মূলোৎপাটন। ৩ মূলসহ উচ্ছেদ। **মূলোৎপাটন** *বি*১ সমূলে বিনাশ। ২ নির্মূলীকরণ; মূলচ্ছেদ।

মূলক *বিণ* বহুব্রীহি সমাসে পরপদ রূপে 'মূল' থাকলে তা 'মূলক' হয় (শাস্তিমূলক)।

মূলা *বি* একটি নক্ষত্রের নাম। [স.]

মূল্য *বি* ১ যা দ্বারা ক্রেতার নিকট পণ্য দ্রব্যের চাহিদা ও মান নিরূপিত হয়; দাম। ২ পারিশ্রমিক; বেতন। ৩ ভাড়া; মাশুল। ৪ মান। [স. √মূল্+য]। **মূল্যবান** *বিণ* ১ দামি; বহুমূল্য। ২ মহৎকর্মক্ষম; উন্নত কর্মের যোগ্য। **মূল্যহীন** *বিণ*১ অকিঞ্চিৎকর; হেয়। ২ দাম দিয়ে নেবার অযোগ্য। **মূল্যাবধারণ, মূল্যায়ন** *বি* দাম স্থির করা; মূল্য নির্ধারণ করা।

মূষ, মূষা *বি*১ স্বর্ণ ইত্যাদি ধাতু দ্রবীভূত করার পাত্র। ২ মুচি। ৩ মূষিক; ইঁদুর। [স. √মূষ্+অ/আ]।

মূষিক *বি* ইঁদুর। **মূষিকা** *স্ত্রী.*। [স.]

মৃগ *বি* ১ হরিণ। ২ পশু। [স.]। **মৃগী** *স্ত্রী.*। **মৃগচর্ম** *বি* হরিণের চামড়া। **মৃগতৃষা, মৃগতৃষ্ণা, মৃগতৃষ্ণিকা** *বি* মরীচিকা। **মৃগনয়না, মৃগনেত্রা, মৃগলোচনা, মৃগাক্ষী** *বিণ* হরিণের চোখের মতো সুন্দর চোখযুক্ত। **মৃগনাভি, মৃগমদ** *বি* কস্তুরী। **মৃগয়া** *বি* হরিণ শিকার; বন্য পশুপাখি শিকার (রাজা মৃগয়ায় বেরিয়েছেন)। **মৃগরাজ, মৃগেন্দ্র** *বি* পশুরাজ সিংহ। **মৃগশিরা, মৃগশীর্ষ** *বি* একটি নক্ষত্রের নাম। **মৃগী** *বি স্ত্রী.* ১ হরিণী। ২ রোগবিশেষ।

মৃগাঙ্ক *বি* চন্দ্র; চাঁদ; শশধর; শশাঙ্ক। [স.]। **মৃগাঙ্কশেখর** *বি* হিন্দুদেবতা শিব; চন্দ্রচূড়।

মৃগেল, মিরগেল, *বি* রুইজাতীয় মাছের নাম; মিরগা মাছ; মৃগাল।

মৃণাল *বি*১ পদ্মের নাল বা ডাঁটা। ২ পদ্মের সাদা রঙের ভোজনযোগ্য কন্দ। [স.]

মৃণালিনী *বি স্ত্রী.* পদ্মিনী; পদ্মের ঝাড়; পদ্ম। [স.]।

মৃৎ *বি* মাটি; মৃত্তিকা। [স.]। **মৃৎপাত্র** *বি* মাটির বাসন। **মৃৎভাণ্ড, মৃদ্‌ভাণ্ড** *বি* মাটির ভাঁড়।

মৃত *বিণ* প্রাণহীন; নিষ্প্রাণ; মারা গিয়েছে এমন। [স. √মৃ+ত]। **মৃতক** *বি*১ হিন্দুসমাজে আত্মীয় স্বজনের মৃত্যুর পর যে অশৌচ পালন করা হয়। ২ শব; মৃতদেহ। **মৃতকল্প, মৃতপ্রায়** *বি, বিণ* মরমর অবস্থা; যেকোনো সময়ে মৃত্যু হতে পারে এমন; মুমূর্ষু; মরণাপন্ন। **মৃতদার** *বি, বিণ* যার স্ত্রী মারা গিয়েছে; বিপত্নীক। **মৃতপুত্রা** *বি, বিণ* যার সন্তান বাঁচে না; মৃতবৎসা। **মৃতবৎসা** *বি, বিণ* যে নারীর সন্তান জীবিত থাকে না। **মৃতাশৌচ** *বি* মৃত্যুর পর যে অশৌচ পালন করা হয়। **মৃতসঞ্জীবনী** *বি* যা মৃতকে পুনরায় জীবন দান করে।

মৃত্তিকা *বি*১ মাটি। ২ ভূমি; ভূতল। [স. মৃদ্+তিক+আ]।

মৃত্যু *বি* ১ মরণ; প্রাণত্যাগ। ২ হিন্দু পুরাণ মতে মরণের আদি দেবতা যম। ৩ ধ্বংস। [স. √মৃ+ত্যু]। **মৃত্যুঞ্জয়** *বিণ* মরণকে জয় করেছে এমন; মৃত্যুঞ্জয়ী। ❑*বি* হিন্দু দেবতা শিব।

মৃদঙ্গ *বি* দুই দিকে চামড়ায় ছাওয়া সাধারণত মৃত্তিকা নির্মিত এক প্রকার বাদ্যযন্ত্র; মুরজ; খোল; পাখোয়াজ। [স. মৃদ্+অঙ্গ]। **মৃদঙ্গী** *বিণ* মৃদঙ্গ–বাদক।

মৃদু *বিণ*১ নরম; সুকুমার; কোমল। ২ আলতো। ৩ হালকা। ৪ মন্থর; অদ্রুত। ৫ ক্ষীণ; অনুজ্জ্বল; নিষ্প্রভ। ৬ অনুচ্চ; চুপিচুপি; চাপা। ৭ শান্ত; ঠাণ্ডা; উত্তেজনাশূন্য। ৮ তীক্ষ্ণতাশূন্য; ভোঁতা। ৯ অপ্রখর। ১০ সিক্ত; আর্দ্র। [স. √মৃদ্+উ]। **মৃদুতা** *বি*। **মৃদুগণ** *বি*(জ্যো–বি) চিত্রা অনুরাধা মৃগশিরা ও রেবতী নক্ষত্র চতুষ্টয়। **মৃদুগমনা** *বিণ স্ত্রী.* ধীরে চলে এমন; মন্থর গতিবিশিষ্টা। ❑*বি* ১ মৃদুগামিনী স্ত্রীলোক। ২ হংসী। **মৃদু পানি** *বিণ* প্রায় লবণ ক্ষার বর্জিত পানি। **মৃদুতা** *বি*১ ধীরতা। ২ কোমলতা। **মৃদুমধুর, মৃদুমন্দ** *বিণ* ১ লঘু ও ধীর। ২ কোমল; মন্থর। ❑*ক্রিবিণ* ধীরে ধীরে; মন্থর গমনে। **মৃদুল** *বিণ*১ কোমল; সুকুমার। ২ ধীর। ৩ স্নিগ্ধ।

মৃন্ময় *বিণ* মাটির তৈরি; মৃত্তিকা নির্মিত; মেটে। [স. মৃৎ=মৃদ্+ময়]। **মৃন্ময়ী** *স্ত্রী.*।

মে *বি* খ্রিস্টীয় মাসের নাম; খ্রিস্টীয় বৎসরের পঞ্চম মাস। [ই.]

মেও, ম্যাও *অব্য* বিড়ালের ডাক। ❑*বি* তানুপরার বাদ্যধ্বনি। **মেও ধরা** *ক্রি*১ দায়িত্ব গ্রহণ করা। ২ বিপদের ঝুঁকি নেওয়া।

মেওয়া *বি* বেদানা ডালিম আঙ্গুর বাদাম প্রভৃতি ফল। [ফা.]। **সবুরে মেওয়া ফলে**—ধৈর্য ধরে অপেক্ষা করলে পরিণামে শুভ ফল পাওয়া যায়।

মেকি, মেকী *বিণ* নকল; জাল; কৃত্রিম; খাঁটি নয় এমন (মেকি টাকা)। [আ. মকর; ফা. মেখ্]

মেখলা *বি* ১ কোমরে পরার গয়না; কটিভূষণ; চন্দ্রহার; গোট ইত্যাদি গয়না। ২ কটিবন্ধ; তরবারির খাপের জন্য বেল্ট। [স.]

মেঘ *বি* ১ আকাশে ভাসমান বাষ্পীভূত পানি; জলধর; জীমূত; বারিদ; নীরদ; পয়োদ; ঘন। ২ সঙ্গীতের রাগবিশেষ; মেঘমল্লার। [স.]। **মেঘ করা, মেঘ ঘনানো, মেঘ জমা** *ক্রি* আকাশে মেঘ জমা বা পুঞ্জীভূত হওয়া। **মেঘগর্জন** *বি* মেঘের ডাক; বজ্রনাদ। **মেঘজাল** *বি* মেঘসমূহ; জমানো মেঘ। **মেঘডম্বর** *বি*১ মেঘের সমারোহ; ঘনঘটা। ২ শাড়ির প্রকারভেদ। **মেঘডম্বর শাড়ি, মেঘডুম্বুর শাড়ি** *বি* মেঘবর্ণ বা নীলাম্বরী শাড়ি। **মেঘনাদ** *বি*১ মেঘগর্জন বা উচ্চ ডাক। ২ রামায়ণোক্ত রাবণপুত্র ইন্দ্রজিৎ। **মেঘনির্ঘোষ** *বি* মেঘের ডাক; বজ্রনাদ। **মেঘবাহন** *বি* হিন্দুদেবতা ইন্দ্র। **মেঘমন্দ্র** *বি* মেঘের গম্ভীর নিনাদ। **মেঘমল্লার** *বি* সঙ্গীতের একটি রাগ। **মেঘমেদুর** *বিণ* মেঘে আবৃত হওয়ার ফলে স্নিগ্ধ। **মেঘলা** *বিণ* মেঘাচ্ছন্ন; মেঘাবৃত। **মেঘাড়ম্বর** *বি*১ মেঘের ঘনঘটা; প্রচুর মেঘের উপস্থিতি। ২ মেঘগর্জন। **মেঘাত্যয়** *বি*১ মেঘের অভাব বা সমাপ্তি। ২ শরৎকাল। **মেঘাবৃত, মেঘাচ্ছন্ন** *বিণ* মেঘে ঢাকা। **জলো মেঘ** *বিণ* বৃষ্টিকারী মেঘ। **ঝড়ো মেঘ** *বি* যে মেঘ থেকে ঝড় বৃষ্টি হয়। **রাঙা মেঘ, সিঁদুর মেঘ** *বিণ* রক্তবর্ণ মেঘ; লাল রঙের মেঘ।

মেচেতা, মেছতা *বি* মুখমণ্ডলে উৎপন্ন কালো দাগবিশেষ।

মেছুয়া, মেছো *বি* ১ মৎস্যবিক্রেতা। ২ ধীবর; জেলে। ❑*বিণ* ১ মৎস্য বিষয়ক। ২ মৎস্য খাদক; মাছখেকো। [স.]। **মেছুনী** *স্ত্রী.*। **মেছোহাটা** *বি* মাছ বিক্রয়ের স্থান; মাছের বাজার বা হাট। [স. মৎস্য>]

মেজ[১] *বিণ* মধ্যম; দ্বিতীয়; মেঝো; মধ্যের। [স. মধ্যম>]

মেজ[২] *বি* টেবিল। [ফা.]

মেজবান, মেজমান *বি* আপ্যায়ক; অতিথি সৎকারক; host। [ফা.]। **মেজবানি** *বি* আতিথেয়তা; মেহমানদারি; ভোজের ব্যবস্থা।

মেজমেজ, ম্যাজম্যাজ *অব্য* আলস্য বা অসুস্থতার ভাব; জড়তার ভাব। **মেজমেজে, ম্যাজম্যাজে** *বিণ* জড়তাযুক্ত।

মেজাজ *বি*১ মানসিক অবস্থা বা পরিস্থিতি; মনের হাল। ২ প্রকৃতি; স্বভাব। ৩ ক্রোধ; রোষ; কোপ; উগ্রতা। [আ. মিযায]। **মেজাজি** *বিণ*১ মেজাজবিশিষ্ট; রুক্ষপ্রকৃতিযুক্ত। ২ দাম্ভিক; গর্বিত।

মেজে, মেঝে *বি* গৃহতল; floor।

মেঝো, মেজো *বিণ* ১ মধ্যমস্থানীয়। ২ মধ্যে অবস্থিত। ৩ দ্বিতীয় বা দ্বিতীয়টি। [স. মধ্যম>]

মেট *বি*১ সর্দার; পাণ্ডা; দলপতি। ২ খালাসিদের সর্দার বা দলপতি। ৩ কয়েদিদের সর্দার। [ই.]

মেটা, মিটা *ক্রি*১ সম্পন্ন বা সমাপ্ত হওয়া; চুকে যাওয়া। ২ দূর হওয়া; বিদূরিত হওয়া। ৩ মিটমাট হওয়া। ৪ পরিতৃপ্ত হওয়া। ৫ সফল হওয়া। ❑*বি* উক্ত সকল অর্থে। **মিটানো, মেটানো** *ক্রি*১ নিষ্পন্ন হওয়া; চুকানো। ২ মীমাংসা করা। ৩ দূর করা। ৪ তৃপ্ত করা।

মেটে *বিণ*১ মাটি দিয়ে তৈরি। ২ মাটির লেপযুক্ত। ৩ মাটির মতো। [স. মৃত্তিকা>]। **মেটে সাপ** *বি* মেটে রঙের বিষহীন সাপ।

মেঠো *বিণ* ১ মাঠের; মাঠ সম্পর্কিত। ২ মাঠের উপযুক্ত; মাঠের যোগ্য।

মেডেল, মেডাল *বি* প্রশংসা সম্মান উৎকর্ষ বা বিজয়ের চিহ্নস্বরূপ ধাতব পদকবিশেষ। [ই.]। **মেডেলধারী** *বিণ* মেডেল বা পদকপ্রাপ্ত।

মেথর *বি*১ ঝাড়ুদার; সুইপার। ২ বেতন বা অর্থের বিনিময়ে প্রধানত শহরের রাস্তাঘাট ড্রেন নর্দমা পায়খানা ইত্যাদির ময়লা সাফ করে যে। **মেথরানী** *স্ত্রী.*। [ফা. মিহ্‌তর]। **মেথরগিরি** *বি* মেথরের বৃত্তি বা কাজ।

মেথি *বি* ১ মসলা হিসেবে ব্যবহৃত এক প্রকার বীজ। ২ গন্ধবীজ। [স. মেথিকা>]

মেদ *বি* চর্বি। [স. মেদস>]
মেদা, ম্যাদা *বিণ* মাদির তুল্য; তেজোহীন; বলবীর্যশূন্য; নির্জীব; অকর্মা। [ফা. মাদ্‌হ্] । **মেদামরা, ম্যাদামারা** *বিণ* পৌরুষশূন্য; নির্জীব।
মেদিনী *বি* পৃথিবী। [স. মেদ+ইন্‌+ঈ]
মেদুর *বিণ*১ কোমল; সুস্নিগ্ধ। ২ মসৃণ; চিক্কণ। ৩ শ্যামল; শ্যামবর্ণ। ৪ ঘোর; ঘন। [স. √মিদ্‌+উর]
মেধ *বি* যাগ; যজ্ঞ। [স. √মেধ্‌+অ]
মেধা *বি*১ ধীশক্তি; বোধশক্তি। ২ স্মরণশক্তি; স্মৃতিশক্তি। [√মেধ্‌+অ+আ] । **মেধাবী**(–বিন্) *বিণ*১ ধীমান; বুদ্ধিমান; প্রতিভাবান। ২ স্থিরবুদ্ধি; অবিচলিত বোধসম্পন্ন। **মেধাবিনী** *স্ত্রী.*।
মেনকা *বি*১ হিমালয়পত্নী ও গৌরীজননী। ২ স্বর্গের একজন অপ্সরা। [স.]
মেনি, মেনী *বি* মাদি বিড়াল; বিড়ালী।
মেন্দি, মেন্ধি *বি* মেহেদি গাছ; মেহেদি। [হি. মেঁহ্‌দী]
মেম *বি*১ ইউরোপীয় বা মার্কিন নারী। ২ ইউরোপীয় সজ্জায় ভূষিত নারী। [ই. madam] । **মেম সাহেব** *বি*১ ইউরোপীয় মহিলা; মেম। ২ ইউরোপীয় পোশাকে সজ্জিতা মহিলা। ৩ ইউরোপীয় কেতাদুরস্ত প্রভুপত্নীর প্রতি দাস–দাসীর সম্বোধনবিশেষ।
মেম্বর, মেম্বার *বি* সভ্য; সদস্য। [ই.]
–মেয় *বিণ* পরিমাণযোগ্য; অনুমানের উপযুক্ত; জ্ঞানের যোগ্য (পরিমেয়)। [স. √মা+য]
মেয়র *বি* ১ পৌরপিতা; ন্যায়পাল; সিটি–কর্পোরেশনের সভাপতি। [ই.]
মেয়ে *বি*১ কন্যা। ২ বালিকা। ৩ নারী; স্ত্রীলোক। ❑ *বিণ* প্রেমিকা। [স.] । **মেয়েলি, মেয়েলী** *বিণ* নারীসুলভ; নারী জাতির পক্ষে স্বাভাবিক এমন। **মেয়েলিপনা** *বি* নারীসুলভ আচরণ। [স. মাতৃকা>বা. মাইয়া>মেয়ে]
মেরজাই *বি* ফতুয়া জাতীয় জামা। [ফা. মের্যাই]
মেরাপ *বি* দরমা হোগলা প্রভৃতি দিয়ে তৈরি অস্থায়ী মণ্ডপবিশেষ। [আ. মেহ্‌রাব]
মেরামত *বি* জীর্ণ বস্তুর সংস্কারসাধন। [আ. মরম্মৎ]। **মেরামতি** *বিণ* সংস্কার সাধিত।
মেরু *বি*১ পৃথিবীর সর্বোত্তর ও সর্বদক্ষিণ প্রান্ত। ২ সুমেরু পর্বত। ৩ জপমালায় গ্রথিত বীজবিশেষ। ৪ পিঠের দাঁড়া। [স.] । **মেরুদণ্ড** *বি* শিরদাঁড়া; পিঠের দাঁড়া। **মেরুদণ্ডহীন** *বিণ*১ মেরুদণ্ডশূন্য। ২ (ব্য.) ব্যক্তিত্বহীন। **মেরুদণ্ডী** *বিণ* মেরুদণ্ডযুক্ত। **মেরুজ্যোতি** *বি* পৃথিবীর মেরু অঞ্চলের আকাশে যে আলোকচ্ছটা দৃষ্ট হয়। **মেরুরেখা** *বি* কোনো ঘূর্ণ্যমান পদার্থের কেন্দ্ররেখা।
মেল[১] *বি*১ ডাক। ২ যাত্রী ও ডাকবাহী গাড়ি। [ই.]
মেল[২] *বি* ১ মিলন; সামঞ্জস্য (মেলবন্ধন)। ২ জনতা; উৎসবাদিতে জনসমাগম। ৩ বিবাহাদিতে কুলগত মিল। [স. √মিল্‌+অ] । **মেলক** *বি*১ সঙ্গ; সহবাস। ২ সমূহ। ❑ *বিণ* মিলনকামী।
মেলা[১] *বি*১ ধর্মীয় বা কোনো সাধক পুরুষের স্মৃতিতর্পণের উদ্দেশ্যে বার্ষিক সমাবেশ ও আচার–অনুষ্ঠান পালন। ২ বিশেষ কোনো উপলক্ষে পণ্য ক্রয়–বিক্রয় তৎসহ আমোদ–প্রমোদের অস্থায়ী ব্যবস্থা (বৈশাখী মেলা)। ২ অস্থায়ী প্রদর্শনী ও তদুপলক্ষে পণ্যদ্রব্যাদি বিক্রয় (বইমেলা, বাণিজ্যমেলা)। ৩ জনসমাগম; সমাবেশ। ৪ সমাজ; সভা। [স. মিল্‌+আ]।
মেলা[২] *বিণ* বহু; অনেক; প্রচুর (মেলা লোক, মেলা খরচ, মেলা ঝামেলা)।
মেলা[৩], **মিলা** *ক্রি*১ মিলিত হওয়া; একত্রে অবস্থান করা। ২ খাপ খাওয়া। ৩ সংযুক্ত করা। ৪ মিলন ঘটানো। ৫ মিশ্রিত হওয়া। ৬ সংগৃহীত হওয়া; জোটা। ৭ মিলযুক্ত হওয়া। ৮ (গ.) সঠিক হওয়া; শুদ্ধ হওয়া। ৯ অবশিষ্ট বা ভাগশেষ না থাকা। [স. মিল]। **মেলানো, মিলানো** *ক্রি* ১ একত্র মিলিত বা সংযুক্ত হওয়া। ২ সামঞ্জস্য রক্ষা করানো; খাপ খাওয়ানো। ৩ মিল করানো। ৪ জোটানো। ৫ তুলনা করানো। ৬ গলে যাওয়া। ❑ *ক্রিবিণ* উক্ত সকল অর্থে। **মেলামেশা** *বি* পরস্পর দেখাসাক্ষাৎ বা সাহচর্য; সঙ্গ; সংসর্গ।
মেলা[৪] (মধ্য বাংলা) *বি* গমনারম্ভ; যাত্রা (মেলা করলাম)।
মেলা[৫] *ক্রি*১ খোলা; উন্মীলন করা। ২ প্রসারিত করা; বিস্তৃত করানো; বিছানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [স. √মিল+বা. আ]। **মেলানো** *ক্রি* ১ খোলা বা খোলানো; উন্মীলিত করানো। ২ প্রসারিত করা বা করানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।
মেশা, মিশা *ক্রি*১ মিশ্রিত হওয়া। ২ সংস্রবে যাওয়া। ৩ খাপ খাওয়া; মানিয়ে চলা। ❑ *বি* উক্ত সকল অর্থে। [স. মিশ্র>]
মেশিন *বি* যন্ত্র; কল। [ই.]। **মেশিনগান** *বি* যন্ত্রচালিত কামান বা বন্দুক।
মেষ *বি*১ ভেড়া; মেড়া। ২ (জ্যো–বি) রাশিচক্রের প্রথম রাশি। [স.]। **মেষী** *স্ত্রী.*।
মেস *বি* আহার ও বাসের বারোয়ারি স্থান। ভাড়া, খাই খরচ দিয়ে যেখানে একাধিক লোক থাকে। [ই.]
মেসো *বি* মাসির স্বামী; খালু।
মেস্ক, মেশক *বি*১ কস্তুরি; মৃগনাভি। ২ কস্তুরি থেকে প্রস্তুত সুগন্ধি দ্রব্য। [আ.]
মেহ *বি*১ প্রস্রাবের পীড়া; বহুমূত্র; মধুমেহ; প্রমেহ। ২ প্রস্রাব; মূত্র। (মেঘের পদ্যরূপ মেহ)। [স.]
মেহগনি *বি*১ এক প্রকার গাছ। ২ এক প্রকার দামি কাঠ। [ই. mahogany]
মেহনত, মেহন্নত *বি*১ খাটুনি; পরিশ্রম। ২ দৈহিক শ্রম। [আ. মিহনৎ]। **মেহনতি, মেহনতানা** *বি* মজুরি; পারিশ্রমিক; পরিশ্রমের বিনিময়ে অর্থ। ❑ *বিণ* ১ মেহনতকারী; শ্রমকারী। ২ পরিশ্রমযোগ্য; শ্রমসাধ্য।
মেহমান *বি* অতিথি; নিমন্ত্রিত; অভ্যাগত। [ফা.]। **মেহমানদারি** *বি* অতিথিসেবা; আতিথ্য। [ফা.]। **মেজবানি** *বি* জেয়াফত; ভোজ; অতিথি আপ্যায়ন (মেজবান–স্বাগতিক); অতিথিসেবা; মেহমানদারি।
মেহেদি, মেন্দি *বি*১ এক প্রকার চিরসবুজ ছোট গাছ। মেহেদি পাতা পিষে হাতে–নখে লিপ্ত করলে দীর্ঘস্থায়ী লাল পাকা রঙের ছাপ পড়ে। ২ হেনা ফুল; ঐ ফুলের গাছ; ঐ গাছের পাতা। ৩ রঙের নামবিশেষ। [হি.]
মেহেরবান *বিণ* দয়াবান; দয়ালু। **মেহেরবানি, মেহেরবানী** *বি* অনুগ্রহ; দয়া। [ফা. মেহের=দয়া]।
মৈত্র *বি*১ বন্ধু সম্পর্কিত। ২ মিত্রতা; বন্ধুত্ব; সখ্য; সৌহার্দ্য। ৩ হিন্দু ব্রাহ্মণের পদবি। **মৈত্রী, মৈত্র্য** *বি*১ বন্ধুতা; মিত্রতা;

সৌহার্দ্য; সখ্য। ২ সন্ধি। **মৈত্রেয়** *বিণ* ১ মিত্র সম্পর্কিত। ২ বুদ্ধদেব। ৩ একজন প্রাচীন ঋষির নাম। ৪ ব্রাহ্মণের পদবিবিশেষ। [স. মিত্র+অ]।

মৈথিল *বিণ* মিথিলা দেশীয়; মিথিলার অধিবাসী। [স.]। **মৈথিলী** *বি স্ত্রী.* ১ মিথিলার রাজকন্যা সীতা। ২ ভাষাবিশেষ।

মৈথুন *বি* রতিক্রিয়া; রমণ; স্ত্রী-পুরুষের যৌন মিলন। **হস্তমৈথুন** *বি* স্বমেহন; আত্মরতি; যৌনসঙ্গী ব্যতীত হস্তদ্বারা নিষ্পন্ন রতিক্রিয়া; পাণিমেহন। [স.]

মোকাবেলা, মুকাবিলা *বি* ১ সামনাসামনি বোঝাপড়া। ২ বিরুদ্ধাচরণ। ৩ হঠকারিতা। [আ.]

মোকাম, মোকান *বি* ১ আবাস; বাসস্থান। ২ আস্তানা; আড্ডা। ৩ বাণিজ্যস্থান; বিপণিকেন্দ্র। [আ. মুকাম]

মোক্তা *বিণ* সাধারণভাবে; মোটামুটি। [আ. মুক্তা]

মোক্তার *বি* ১ নিম্ন পর্যায়ের আইনজীবী। ২ নিম্ন আদালতে মকদ্দমাদি চালানোর জন্য নিযুক্ত প্রতিনিধি। [আ. মুখতার]। **মোক্তারনামা** *বি* মকদ্দমা পরিচালনার জন্য ক্ষমতাদানের দলিল; মোক্তার নিয়োগপত্র। **মোক্তারি** *বি* মোক্তারের কাজ বা বৃত্তি। [আ. মুখ্‌তার+বা.ই]

মোক্ষ *বি* ১ সংসারবন্ধন থেকে মুক্তি। ২ কৈবল্য; নির্বাণ। ৩ নিষ্কৃতি; মুক্তি। ৪ মৃত্যু। **মোক্ষণ** *বি* ১ মুক্তি; মোচন; উদ্ধারলাভ। ২ নিঃসরণ; ক্ষরণ। **মোক্ষদা, মোক্ষদায়িনী** *বি স্ত্রী.* ১ দুর্গাদেবী। ২ মুক্তিদানকারিণী। **মোক্ষধাম** *বি* মুক্তির স্থান; দুঃখ মোচনের স্থান। **মোক্ষপদ** *বি* মুক্তির অবস্থা। **মোক্ষলাভ** *বি* মুক্তিলাভ। [স.]।

মোগল, মুঘল *বি* ১ মঙ্গোলিয়া নামক দেশের অধিবাসী। ২ পাকভারতীয় মুসলমানদের শ্রেণীবিশেষ। [ফা. মোগোল]। **মোগলাই** *বিণ* ১ মোগলদের মধ্যে প্রচলিত। ২ মোগলসুলভ। ৩ মোগল সম্পর্কিত। **মোগলাই খানা** *বি* মোগলদের খাদ্য। **মোগলাই পরোটা** *বি* ময়দা-ডিম-মাংসাদি সংযোগে তৈরি ঘিয়ে ভাজা বৃহদাকার পরোটা।

মোঘ *বিণ* নিষ্ফল; ব্যর্থ। **অমোঘ** *বিপ*। [স.]

মোচ, মোছ *বি* ১ কলম ইত্যাদির অগ্রভাগ; নিব। ২ গোঁফ। [স. শ্মশ্রু>]

মোচড় *বি* ১ পাক; আবর্তন। ২ সুযোগ বা বাগে পেয়ে চাপ দেওয়া। **মোচড়ানো** *ক্রি* মোচড় দেওয়া; বারংবার আবর্তিত করা; বার-বার পাকানো। ❑ *বিণ* উক্ত অর্থে।

মোচন *বি* ১ মুক্তিপ্রদান; পরিত্রাণ। ২ উন্মুক্তকরণ; উন্মোচন; উদ্‌ঘাটন; খোলা। ৩ অপনোদন। ৪ ত্যাগ; ছেড়ে দেওয়া। [স. √মুচ্‌+ণিচ্‌+অন]। **মোচক** *বিণ* মোচনকারী। **মোচনীয়, মোচ্য** *বি* মোচনযোগ্য; ছাড়া পাওয়ার বা ছাড়ানোর উপযুক্ত। **মোচিত** *বিণ* মোচন বা দূর করা হয়েছে এমন।

মোচরস *বি* শিমূলগাছের রস বা সে গাছের রসের আঠা।

মোচা *বি* ১ কলার মঞ্জরি। ২ কলাগাছ। [স. √মোচ+আ]

মোছা, মুছা *ক্রি* ১ ঘষে পরিষ্কার করা; শুষ্ক করা; পোঁছা। ২ তুলে ফেলা; অপনোদন করা। ❑ *বিণ* উক্ত সকল অর্থে।

মোজা *বি* সুতা রেশম পশম চামড়া প্রভৃতি দিয়ে প্রস্তুত পদাবরণ; stockings। [ফা. মূযহ্‌]। **গরম মোজা** *বি* পশমি সুতা দিয়ে প্রস্তুত মোজা।

মোজেজা, মু'জিযা *বি* ১ অলৌকিক ঘটনা; লোকাতীত ঘটনা; রহস্য; কেরামতি; জাদুশক্তি। ২ নবি রসুলদের দ্বারা সংঘটিত অলৌকিক ঘটনা। [আ. মু'জিযঃ]

মোট[১] *বিণ* আসল; সার; মূল; মোদ্দা। [স. মূল>]

মোট[২] *বি* সমষ্টি। ❑ *বিণ* সর্বসমেত; সাকল্যে; সাকুল্যে; সমুদয়ে; সমস্ত; একত্রে। [স.]। **মোট কথা** *বিণ* আসল কথা; সার কথা; সংক্ষিপ্ত কথা। **মোটামুটি** *ক্রিবিণ* ১ স্থূলভাবে। ২ স্থূল হিসেবে। **মোটে** *ক্রিবিণ* ১ সাকল্যে; সাকুল্যে; একুনে। ২ আদৌ। ৩ সবে। **মোটেই** *ক্রিবিণ* একেবারেই; আদৌ। **মোটের উপর** *ক্রিবিণ* স্থূলত; সব মিলে; সবদিক বিচার করলে। [স. সমষ্টি]

মোট[৩] *বি* ১ বোঝা; ভার; যথেষ্ট ওজনযুক্ত মাল। ২ বস্তা; পোঁটলা; গাঁটরি। **মোটঘাট** *বি* পোঁটলাপুটলি; গাঁটরি। **মোট বাহক** *বিণ* মুটে; বোঝা বহনকারী। [তা. মোটটই]

মোটর, মটর *বি* ১ হাওয়া গাড়ি; ট্যাক্সি। ২ বিদ্যুৎচালিত গতিসঞ্চালক যে যন্ত্র দিয়ে অন্য যন্ত্র চালানো হয়। ❑ *বিণ* গতিচালক। [ই. motor]

মোটা *বিণ* ১ বেশি মাংসযুক্ত; মাংসল; মেদ-বহুল। ২ পুরু; স্থূল; মিহি নয় এমন। ৩ ভারী; কর্কশ। ৪ মস্ত বড়। ৫ সাধারণ। ৬ নিপুণতাশূন্য; অসূক্ষ্ম; ভোঁতা; স্থূল; মোটা বুদ্ধি। **মোটানো** *ক্রি* মোটা বা স্থূলাঙ্গ হওয়া; শরীরে মেদ-মাংসে বেড়ে যাওয়া।

মোড় *বি* বাঁক; প্রান্ত। [স. মুণ্ড>মূঢ়>মোড়]

মোড়ক *বি* আবরক; পুরিয়া; পুলিন্দা; প্যাকেট। [স.√মুর্‌>(বেষ্টন করা)/হি. মরোড়না; ণিজন্ত মোড়ান]

মোড়ল *বি* ১ গ্রামের প্রধান ব্যক্তি; মাতব্বর। ২ দলের প্রধান বা শ্রেষ্ঠ ব্যক্তি; সর্দার; পাণ্ডা। ৩ মণ্ডল। [স.]। **মোড়লি** *বি* ১ মোড়লের পদ বা কাজ; মাতব্বরি। ২ অনাবশ্যক বা অবাঞ্ছিত কর্তৃত্ব।

মোড়া[১] *বি* ১ বাঁশ বেত ও দড়ি দিয়ে তৈরি টুলজাতীয় আসনবিশেষ। ২ বেত্রাদি নির্মিত ধান চাল রাখার আধারবিশেষ। [হি.]

মোড়া[২], **মুড়া** *ক্রি* ১ আবৃত করা; বেষ্টিত করা; জড়ানো। ২ ভাঁজ করা; সংকুচিত করা। ৩ মোচড়ানো; বাঁকানো; ফিরানো। ৪ পাকানো। ❑ *বিণ* উক্ত সকল অর্থে। [স. √মুর্‌>]। **মোড়ামুড়ি, মুড়ামুড়ি** *বি* ১ বারবার শরীরকে পাক দেওয়া; মোচড়ামুচড়ি। ২ দর কষাকষি।

মোড়া[৩], **মুড়া** *ক্রি* ন্যাড়া করা; সম্পূর্ণ কেটে বা কামিয়ে ফেলা। ❑ *বিণ* উক্ত অর্থে। [স. মুণ্ডন>মুড়ন>মুড়া>মোড়া]

মোতা[১], **মুতা**[১] *ক্রি* প্রস্রাব করা। ❑ *বি* উক্ত অর্থে। [আঞ্চলিক]

মোতা[২], **মুতা**[২] *বি* শিয়াদের মধ্যে প্রচলিত সাময়িক বিয়ে। [আ.]

মোতাবেক, মুতাবেক *ক্রিবিণ* অনুসারে; অনুযায়ী [আ.]

মোতায়েন *বিণ* ১ সমাবেশ; নিযুক্ত; বহাল; রত। ২ পাহারারত (পুলিশ মোতায়েন)। [আ.]

মোতি *বি* মুক্তা; ঝিনুকে উৎপন্ন মূল্যবান উজ্জ্বল বস্তু। [স. মৌক্তিক>]। **মোতিম** *বিণ* মুক্তানির্মিত।

মোতিয়া *বি* বেলফুল জাতীয় ফুল। [হি.]

মোথা *বি* মূল; গোড়া। [স. মণ্ড>]

মোদক *বি* ১ মোয়া; লাড়ু। ২ শর্করা-পক্ব ওষুধবিশেষ। ৩ ময়রা; একটি হিন্দুজাতি। ৪ আনন্দদায়ক। ৫ নেশাকর দ্রব্যবিশেষ। [স. √মুদ্‌+ণিচ্‌+অক]

মোদিত *বিণ* ১ আমোদিত; সুরভিত। ২ আনন্দিত, হর্ষযুক্ত,

প্রফুল্ল; বিকশিত। **মোদিতা** *স্ত্রী*। [স. √মুদ্+ণিচ্+ত]
মোদী *বিণ* আনন্দ দান করে এমন; হর্ষযুক্ত। **মোদিনী** *স্ত্রী*। [স. √মুদ্+ণিচ্+ইন]
মোদের (পদ্যে) *সর্ব* ১ আমাদের। ২ আমাদেরকে।
মোদ্দা *অব্য* ১ কিন্তু; স্থূলত; মোট। ২ আসল; সার; প্রকৃত উদ্দেশ্য। [আ. মুদ্দা]
মোনা *বি* ১ ঢেঁকির মুষল। ২ অগ্রভাগস্থিত লৌহ দণ্ড।
মোম *বি* ১ মৌচাক তৈরির উপাদান; যা দ্বারা মৌচাক তৈরি হয়; মধুখ। ২ প্যারাফিন চর্বি প্রভৃতিতে প্রস্তুত পদার্থ। ৩ প্যারাফিন চর্বি প্রভৃতিতে প্রস্তুত বাতি। [ফা. মোম]। **মোমজামা, মোমঢালা** *বি* মোমের প্রলেপ দেওয়া জল নিবারক বস্ত্র। **মোমবাতি** *বি* মোম চর্বি প্যারাফিন প্রভৃতির দ্বারা প্রস্তুত দীপ। **মোমের পুতুল** *বিণ* ১ মোমনির্মিত পুতুল। ২ (আল.) অল্প পরিশ্রমে কাতর হয়ে পড়ে এমন।
মোমেন, মুমিন *বি* ১ আল্লাহ রসুল কুরআন ফিরিস্তা ও হাসরে বিশ্বাস রাখে যে সেই মোমিন; প্রকৃত ইমানদার; ধর্মনিষ্ঠ মুসলমান। ২ ইমান যার আছে সেই মোমিন। [আ. মু'মিন]
মোয় (পদ্যে) *সর্ব* ১ আমায়। ২ আমাকে। [প্রা—বা]
মোয়া *বি* ১ নাড়ু। ২ মিঠাই। [স. মোদক>]। **ছেলের হাতের মোয়া** *বি* (আল.) অতি সহজলভ্য বা সহজপ্রাপ্য বস্তু। [স. মোদক> মোঅঅ> মোয়া]
মোর (পদ্যে) *সর্ব* আমার।
মোরগ *বি* পুরুষ কুক্কুট। **মোরগ ফুল** *বি* মোরগের ঝুঁটির মতো ঘোর লাল রঙের ফুল। **বনমোরগ** *বি* বনে বাস করে এমন মোরগ। [ফা. মুর্গ]
মোরচা, মোর্চা *বি* আন্দোলনের বা সংগ্রামের জন্যে গঠিত বিভিন্নদলের জোট বা ফ্রন্ট। [হি.]
মোরব্বা *বি* চিনির রসে জারিত ফল। [আ. মুরব্বা]
মোরা[১] (পদ্যে) *সর্ব* আমরা।
মোরা[২], **মোড়া** *বি* বাঁশ বেতে তৈরি বসবার অনুচ্চ গোলাকার আসনবিশেষ।
মোরাকাবা *বি* স্বর্গীয় ধ্যানে মগ্ন; আল্লাহর আরাধনায় তন্ময়। [আ. মুরাকাবা]।
মোরে (পদ্যে) *সর্ব* আমাকে।
মোলায়েম *বিণ* ১ নরম; কোমল; মৃদু; হালকা। ২ সুললিত। ☐ *বি* নম্র; বিনীত। [আ. মুলায়িম]।
মোল্লা, মুল্লা *বি* ১ মুসলিম সম্প্রদায়ের ধর্মীয় বিষয়াদির পরিচালক; পরামর্শক ও ব্যাখ্যাতা। ২ আরবি ফারসি ভাষা ও ইসলামি শাস্ত্রে পণ্ডিত ব্যক্তি। ৩ বংশীয় উপাধিবিশেষ। [তু., আ. মুল্লা]। **মোল্লাগিরি** *বি* মোল্লার কাজ বা কর্ম। **মোল্লার দৌড় মসজিদ পর্যন্ত** *বি* ১ (আল.) মসজিদের বাইরের জগৎ সম্পর্কে মোল্লার জ্ঞান নেই, তাঁর জ্ঞান ও শক্তি মসজিদের ভিতরই সীমাবদ্ধ। ২ (আল.) প্রত্যেকের জ্ঞান ও শক্তি তার কর্তৃত্বাধীন এলাকার মধ্যেই সীমাবদ্ধ। ৩ সীমাবদ্ধ জ্ঞানসম্পন্ন।
মোসাহেব *বি* ১ তোষামুদে; খোসামুদে; চাটুকার; চামচা। ২ সঙ্গী। [আ. মুসাহিব]। **মোসাহেবি** *বি* মোসাহেবের বৃত্তি বা কাজ; চাটুকারিতা।
মোহ *বি* ১ ষড় রিপুর একটি। ২ আসক্তি; মুগ্ধতা; অজ্ঞতা; অজ্ঞান; অবিদ্যা; মূর্খতা; মূঢ়তা; নির্বুদ্ধিতা; ভ্রান্তি। ৩ আকর্ষণ; মায়া (জীবনের মোহের কাছে পরাজিত হয়েছি—মুনীর চৌধুরী)। ৪ বিবেকশূন্যতা। ৫ মূর্ছা; সংজ্ঞাহীনতা। [স. √মুহ্+অ]। **মোহঘোর, মোহতিমির** *বি* ১ অজ্ঞানতারূপ অন্ধকার। ২ মোহজনিত ভ্রান্তি। **মোহনিদ্রা** *বি* অজ্ঞানতারূপ নিদ্রা; অচৈতন্য বা সংজ্ঞাহীন অবস্থা। **মোহনিরসন** *বি* অজ্ঞানতা নাশ; মোহ থেকে অব্যাহতি। **মোহবন্ধন** *বি* মায়ার ডোর বা বাঁধন বা প্রভাব। **মোহমদ** *বি* অজ্ঞানতা থেকে জাত অহঙ্কার। **মোহমুগ্ধ** *বি* মায়া দ্বারা প্রভাবিত; মোহ দ্বারা আচ্ছন্ন। **মোহমুদ্গর** *বি* ১ মায়া বা অজ্ঞানতা দূরীকরণের উপযুক্ত মুদ্গর বা মুগুর। ২ শঙ্করাচার্য রচিত একটি গ্রন্থ।
মোহন *বি* ১ সম্মোহন; যে বা যা মুগ্ধ করে। ২ কামদেবের সম্মোহক নামক বাণ। ☐ *বিণ* ১ মুগ্ধকর। ২ মনোহর; মনোহারী; সুন্দর; চিত্তাকর্ষক। [স.]। **মোহনভোগ** *বি* সুজি চিনি ঘি প্রভৃতি দ্বারা প্রস্তুত এক প্রকার মিষ্টান্ন; সুজির পায়েস; হালুয়া। **মোহনমালা** *বি* স্বর্ণনির্মিত হারবিশেষ। **মোহনিয়া** (পদ্যে) *বিণ* মুগ্ধকর।
মোহনা, মোহানা *বি* ১ জলাশয়াদির পানি যাতায়াতের পথ বা মুখ। ২ দু'দিকের দুটো ধারার মিলন বা সঙ্গমস্থল; নদী যেখানে সমুদ্রে পড়েছে। [হি. মুহানা]
মোহর *বি* ১ সোনায় তৈরি মুদ্রাবিশেষ; স্বর্ণমুদ্রা। ২ সিল বা নামের ছাপ। [ফা. মোহর]
মোহা *ক্রি* মোহিত করা।
মোহাদ্দেস, মুহাদ্দিস *বিণ* ১ হাদিস শাস্ত্রবিদ। ২ হাদিস সংকলক ও সংগ্রাহক। [আ. মুহদ্দিস]।
মোহিত[১] *বিণ* মোহপ্রাপ্ত; অচেতন; আত্মহারা; বিমুগ্ধ; বিভোর। **মোহিতা** *স্ত্রী*। [স.]
মোহিত[২] *বিণ* ১ মুগ্ধ করা হয়েছে এমন। ২ মোহগ্রস্ত। **মোহিতা** *স্ত্রী*। [স.]
মোহিনী *বিণ* ১ মুগ্ধকারিণী। ২ পরমা সুন্দরী; অত্যন্ত সৌন্দর্যময়ী রমণী। ☐ *বি* ১ মুগ্ধকরণ বা সম্মোহন বিদ্যা। ২ হিন্দুপুরাণ অনুযায়ী সমুদ্রমন্থনের পর নারায়ণ যে পরমাসুন্দরী নারী রূপ ধারণ করে অসুরদের অমৃত থেকে বঞ্চিত করেছিলেন। [স.]। **মোহিনী বিদ্যা** *বি* সম্মোহন বিদ্যা।
মৌ = মউ।
মৌক্তিক *বি* মুক্তা বা মুক্তা সম্পর্কিত। [স.]
মৌখিক *বিণ* ১ মুখের কথায় প্রকাশিত বা বাচনিক। ২ কথায় প্রকাশিত হলেও আন্তরিক নয় এমন কথা। ৩ মুখের কথা। ৪ মুখ সংক্রান্ত। [স.]। **মৌখিক পরীক্ষা** *বি* মুখে মুখে প্রশ্ন-উত্তরে যে পরীক্ষা; সামনাসামনি পরীক্ষক ও পরীক্ষার্থীর মধ্যে পরস্পর প্রশ্ন ও উত্তরের মধ্যে সীমাবদ্ধ যে পরীক্ষা; viva voce। **মৌখিক সাহিত্য** *বি* লোক-সাহিত্য; oral literature।
মৌজা *বি* ১ গ্রাম। ২ কয়েকটি গ্রামের সমষ্টি। ৩ পরগনার বিভাগ বা ভাগ। [আ. মওযি]।
মৌতাত, মউতাত *বি* ১ নির্দিষ্ট সময়ে মাদকদ্রব্য সেবনের বা নেশা করার দুর্নিবার আগ্রহ। ২ নির্দিষ্ট সময়ে মাদকদ্রব্য গ্রহণ। ☐ *বিণ* অভ্যস্ত। [আ. মু'তাদ]
মৌন *বি* নীরবতা। ☐ *বিণ* নীরব; শব্দহীন। **মৌনব্রত** *বি* কথা না বলার নিয়ম বা সংকল্প। **মৌনভঙ্গ** *বি* নীরবতা ত্যাগ। **মৌনাবলম্বন** *বি* কথা বলা বন্ধকরণ; নীরবতা পালন; নীরব হয়ে থাকা।

মৌনী(-নিন্) *বিণ* কথা বলা বন্ধ করেছে এমন; নির্বাক।
মৌয়াল *বি* মধু সংগ্রাহক।
মৌরলা, মউরলা *বি* একজাতীয় ছোট মাছ। [সং. মুরলা>]
মৌরী, মউরি *বি* মসলা রূপে ব্যবহৃত একপ্রকার শস্য। [সং. মধুরিকা>]
মৌরুসি, মৌরসি *বিণ* ১ ওয়ারিসসূত্রে প্রাপ্ত; উত্তরাধিকারসূত্রে ভোগদখলকৃত। ২ প্রজন্মক্রমে ভোগ করা হয় এমন। [আ. মওরুসী]। **মৌরুসি-পাট্টা** *বিণ* খাজনার বিনিময়ে পুরুষানুক্রমে জমি ভোগ করার বন্দোবস্ত বা ঐ বন্দোবস্তের দলিল।
মৌর্য *বি* ১ মুরার সন্তান চন্দ্রগুপ্ত। ২ চন্দ্রগুপ্ত প্রতিষ্ঠিত রাজবংশ কিংবা ময়ূর টোটেমনিষ্ঠ বংশজ। [সং.]
মৌল[১] *বিণ* ১ মূল সংক্রান্ত। ২ মূলোৎপন্ন। ৩ আদিম। ❑ *বি* কেবল একজাতীয় পরমাণুর দ্বারা সৃষ্ট পদার্থ; মৌলিক পদার্থ; element। [সং.]
মৌল[২], **মউল** *বি* মুকুল; বউল; বোল। [সং. মুকুল]
মৌল[৩], **মউল** *বি* মহুয়া ফুল; যা থেকে মদ প্রস্তুত হয়।
মৌলবাদ *বি* ধর্ম বা অন্য কোনো মতবাদের অবিকৃত মূলতত্ত্ব; অন্ধ বা গোঁড়ামিপূর্ণ ধর্মবিশ্বাস। **মৌলবাদী** *বিণ।*
মৌলবি, মওলবি *বি* ১ মুসলিম পণ্ডিত। ২ ইসলাম ধর্ম সম্বন্ধে অভিজ্ঞ; ক্বারি। ৩ আরবি ও ফারসিতে পণ্ডিত। ৪ মওলা বা প্রভুর প্রতি ভক্ত ব্যক্তি। [আ.]
মৌলানা, মওলানা *বি* ১ ইসলাম ধর্মে বিশেষজ্ঞ; মহাজ্ঞানী; আলেম। ২ আমাদের প্রভু (সম্মানে)। [আ.]
মৌলি, মৌলী *বি* ১ মুকুট; কিরীট। ২ চূড়া আকারে বাঁধা চুল। [সং.]
মৌলিক *বি* মৌল। ❑ *বিণ* ১ মূল সম্পর্কিত। ২ মূল থেকে জাত। ৩ আদিম; মূল। ৪ মূলগত। ৫ অনন্যপূর্ব; প্রথম উদ্ভাবিত বা সৃষ্ট; নিজস্ব। ৬ স্বাধীন। ৭ বংশজ; কৌলীন্যহীন; অকুলীন। ৮ উপাধি। ৯ কেবল একজাতীয় পরমাণুতে সৃষ্ট। [সং.]। **মৌলিকতা, মৌলিকত্ব** *বি* স্বকীয়তা।
মৌসুম, মরসুম *বি* ১ ঋতু; কাল। ২ দক্ষিণ-পশ্চিম থেকে প্রবাহিত বায়ু-স্রোতবিশেষ, যাতে বৃষ্টি হয়। ৩ বর্ষাকাল। ৪ সময়; কাল। [আ. মৌসিম; ই. monsoon]। **মৌসুমি** *বিণ* ১ বর্ষাকালীন; বৃষ্টি আনে এমন। ২ বিশেষ ঋতুর অন্তর্গত। ৩ বিশেষ ঋতুতে উৎপন্ন (মৌসুমি ফল)।
ম্যাকসি *বি* মেয়েদের সারাদেহ ঢাকা একরকম জামা। [ই.]
ম্যাগাজিন *বি* ১ সাময়িক পত্রিকা; পাঁচ মিশেলি বিষয় (ম্যাগাজিন অনুষ্ঠান)। ২ যেখানে বারুদ জমা রাখা হয়। ৩ অস্ত্রশালা; অস্ত্রভাণ্ডার। [ই. magazine ; আ. মাখাযিন্ ; একবচন মখ্যন]
ম্যাচ[১] *বি* দুই দলের ক্রীড়া প্রতিযোগিতা। [ই.]
ম্যাচ[২], **ম্যাচিস** *বি* দিয়াশলাই। [ই.]
ম্যাজিক *বি* ১ যাদুবিদ্যা। ২ ভোজবাজি। [ই.]
ম্যাজিস্ট্রেট, মাজিস্ট্রেট *বি* ফৌজদারি মকদ্দমার বিচারক। [ই.]
ম্যাজেন্টা *বি* ঈষৎ বেগুনি-মিশ্রিত লাল রংবিশেষ। [ই.]
ম্যাড়ম্যাড় *অব্য* মালিন্য ভাবব্যঞ্জক; অনুজ্জ্বল ভাব প্রকাশক। **ম্যাড়মেড়ে** *বিণ* ১ মলিন। ২ অনুজ্জ্বল।
ম্যানেজার *বি* ব্যবস্থাপক; প্রতিষ্ঠানের নির্বাহী কর্তা। [ই.]
ম্যাপ *বি* মানচিত্র; দেশ জমি প্রভৃতির নকশা। [ই.]
ম্যালেরিয়া *বি* শীত উত্তাপ ও ঘামযুক্ত জ্বরবিশেষ। [ই. malaria]
ম্রিয়মাণ *বিণ* ১ মরণাপন্ন। ২ বিষণ্ণ; দুঃখিত; খিন্ন। [সং.]। **ম্রিয়মাণা** *বিণ স্ত্রী.*।
ম্লান *বিণ* ১ মলিন। ২ বিশীর্ণ; অতিশয় শীর্ণ বা রোগা। ৩ ক্ষীণ; নিষ্প্রভ। ৪ বিষণ্ণ; দুঃখিত। ৫ ক্লান্ত; শ্রান্ত; পরিশ্রান্ত; দুর্বল; রুগ্ণ; রোগগ্রস্ত। [সং.]। **ম্লানতা, ম্লানত্ব, ম্লানি** *বি* ম্লান ভাব। **ম্লানাভ** *বি* ম্লান আভাযুক্ত। **ম্লানায়মান** *বিণ* ম্লান বা নিষ্প্রভ হচ্ছে এমন। **ম্লানিমা** *বি* ম্লান ভাব; মলিনতা।
ম্লেচ্ছ *বি* ১ তুচ্ছার্থে অনার্য জাতি। ২ অহিন্দু। ❑ *বিণ* ১ অনার্যসুলভ। ২ যাবনিক। ৩ কদাচারী; পাপিষ্ঠ। [সং.]।
ম্লেচ্ছাচার *বি* ১ ম্লেচ্ছের মতো আচারব্যবহার। ২ কদাচার। [সং. ম্লেচ্ছ+আচার]

য

য[১] বাংলা বর্ণমালার ছাব্বিশতম ব্যঞ্জনবর্ণ।
য[২] *সর্ব* যত-র সংক্ষিপ্ত ও সহজ কথ্যরূপ (যতদিন = যদ্দিন)।
যক, যখ *বি* ১ হিন্দুমতে মাটির নিচে পোঁতা ধন যে রক্ষা করে। ২ যক্ষ। ৩ (আল.) খুব কৃপণ লোক। [সং. যক্ষ>]। **যক দেওয়া** *ক্রি* প্রাচীন হিন্দুসমাজের প্রথানুসারে একটি জীবিত বালককে মাটির নিচে সঞ্চিত ধনরাশির সঙ্গে পুঁতে রাখা হতো যাতে সে ধনরাশির রক্ষক হতে পারে। **যকের ধন** *বি* ১ যক দেওয়া ধন। ২ (আল.) খুব কৃপণ লোকের ধন।
য-কার *বি* 'য'—এই বর্ণ। [সং.]
যকৃৎ *বি* ১ উদরের দক্ষিণ অংশে অবস্থিত যে যন্ত্র পিত্ত নিঃসরণ করে; কলিজা; liver। ২ যে রোগে পিত্তাশয় বৃদ্ধি করে। [সং.]
যক্ষ *বি* ১ হিন্দু মতে এক প্রকার দেবযোনি। ২ কুবের; ধনরক্ষক। ৩ (আল.) অতিশয় কৃপণ ব্যক্তি। [সং.]। **যক্ষপতি, যক্ষরাজ** *বি* হিন্দু পুরাণোক্ত ধনদেবতা; কুবের। **যক্ষপুরী** *বি* কৈলাস পর্বতের উপরে অবস্থিত কুবেরের রাজধানী; অলকা।
যক্ষ্মা *বি* ক্ষয়রোগ; ক্ষয়কাশ; phthisis। [সং.]
যখন *ক্রিবিণ* ১ যে সময়ে; যে কালে। ২ যেহেতু। [সং. যৎক্ষণ>]। **যখনই, যখনি** *ক্রিবিণ* ১ যেই মাত্র; যে মুহূর্তে। ২ যে কোনো সময়ে। **যখনকার** *বিণ* যে সময়ের। **যখনকার যা তখনকার তা**—যে সময়ের কাজ সে সময়ে করা উচিত। **যখন তখন** *ক্রিবিণ* ১ যে কোনো সময়ে; প্রায়ই। ২ ঘন ঘন। ৩ সর্বদা। ❑ *বিণ* মৃতপ্রায়; যে কোনো সময়ে মৃত্যু ঘটতে পারে এমন। **যখন যেমন তখন তেমন** *ক্রিবিণ* অবস্থা বুঝে চলা; অবস্থানুযায়ী ব্যবস্থা অবলম্বন করা।
যজন *বি* হিন্দুদের যজ্ঞ পূজাদি কাজ। **যজনীয়, যজ্য** *বি* পূজার যোগ্য; পূজনীয়। [সং.]।
যজমান *বি* হিন্দু সমাজে যে পূজা-যজ্ঞ করে থাকে; যে ব্যক্তি দক্ষিণাদি দিয়ে পূজাদি কর্ম করায়। **যজমানি** *বি*

পৌরোহিত্য; যজমানের বাড়িতে পূজাদি করে জীবকা নির্বাহ করা। ☐ *বিণ* পৌরোহিত্যের পেশা; পৌরোহিত্য যার জীবিকা। [স. যজমান+বা. ই]

যজানো *ক্রি* (অশি.) পূজা করা বা পৌরোহিত্য করা। **যজ্জানে** *বিণ* পৌরোহিত্য ব্যবসায়ী (বামুন)। ☐ *বি* উক্ত অর্থে।

যজুঃ, যজুর্বেদ *বি* হিন্দুদের যজ্ঞ প্রভৃতির নিয়ম সংবলিত গদ্যে লেখা বেদবিশেষ। [স.]। **যজুর্বেদী** *বিণ* ১ যজুর্বেদজ্ঞ। ২ যজুর্বেদ অনুসারে কাজ করে এমন। **যজুর্বেদীয়** *বিণ* যজুর্বেদ সম্বন্ধীয়।

যজ্ঞ *বি* ১ দেবতার অনুগ্রহ লাভের জন্য হিন্দুদের বেদবিহিত অনুষ্ঠান; ক্রতু; যাগ; হোম। ২ (আল.) বিরাট অনুষ্ঠান; বড় আয়োজন। **যজ্ঞকর্তা** *বি* যাজক; যজমান। **যজ্ঞকুণ্ড** *বি* হোমাগ্নি জ্বালাবার জন্য খোঁড়া গর্ত; যজ্ঞীয় অনলকুণ্ড। **যজ্ঞডুমুর, যগডুমুর** *বি* এক জাতীয় ডুমুর। **যজ্ঞধূম** *বি* যজ্ঞের বা হোমাগ্নির ধোঁয়া। **যজ্ঞপতি** *বি* ১ হিন্দু দেবতা বিষ্ণু। ২ যজমান। **যজ্ঞপশু** *বি* হিন্দুদের যজ্ঞে বলি দেওয়ার উপযোগী প্রাণী। **যজ্ঞপুরুষ, যজ্ঞেশ্বর** *বি* হিন্দুদেবতা বিষ্ণু; নারায়ণ। **যজ্ঞবেদি** *বি* যজ্ঞস্থানে যে উঁচু মঞ্চ তৈরি করা হয়। **যজ্ঞরস** *বি* সোমরস। **যজ্ঞসূত্র, যজ্ঞোপবীত** *বি* হিন্দুদের পৈতা। **যজ্ঞাগ্নি, যজ্ঞানল** *বি* হোমানল। **যজ্ঞের ঘোড়া** *বি* ১ বলির ঘোড়া। ২ (আল.) অসহায় ব্যক্তি; বিপন্ন ব্যক্তি। (তুল. বলির পাঁঠা)।

যৎ[১] *বি* গানের একটি তাল।

যৎ[২] *বিণ* ১ যে (যৎকালে)। ২ যা। ৩ যার। **যৎকালে** *ক্রিবিণ* যে সময়ে। **যৎকিঞ্চিৎ, যৎসামান্য** *বিণ* ১ কিছু। ২ খুব অল্প; সামান্য। [স.]। **যৎপরিমাণ** *বিণ* যে পরিমাণ; যতটা; যতখানি। **যৎপরোনাস্তি** *বিণ* যারপর নেই; অত্যন্ত; অতীব।

যত *সর্ব* যে পরিমাণ। ☐ *বিণ* ১ যে-সংখ্যক। ২ যে-পরিমাণ। ৩ যা কিছু। ৪ সকল; সমস্ত; যাবতীয়। ☐ *ক্রিবিণ* যে পরিমাণে। [স. যতি>]। **যতই** *সর্ব, বিণ, ক্রিবিণ* যত কিছুই; যতখানিই; যে পরিমাণে। **যতকাল, যতক্ষণ, যতদিন** *ক্রিবিণ* যে কাল পর্যন্ত; যে অবধি; যে পর্যন্ত; যাবৎ। **যতকিছু** *সর্ব, বিণ* ১ যা কিছু; সমস্ত। ২ যে পরিমাণ; যতটা। ☐ *বি* যে কোন পদার্থ। **যতখানি** *সর্ব, বিণ* যে পরিমাণ; যতটা। **যতগুলি** *সর্ব, বিণ* যে-কয়টি। **যত নষ্টের গোড়া** *বিণ* ১ সমস্ত অনাসৃষ্টি বা অনিষ্টের কারণস্বরূপ। ২ অত্যন্ত অনিষ্টকারী। **যত বড় মুখ নয় তত বড় কথা**—ছোটমুখে বড় বড় কথা; অশোভন বা স্পর্ধাযুক্ত উক্তি। **যতবার** *ক্রিবিণ* ১ যে কয়েক দফা; যে কয়গুণ; যত সংখ্যা। ২ বহুবার।

যতন *বি* ১ যত্ন; চেষ্টা; আদর। ২ সেবা; শুশ্রূষা; সুখ বা আয়াস দেওয়া। [স. যত্ন>]। **যতনে রতন মেলে**—চেষ্টা করলে ভালো ফল লাভ করা যায়।

যতি[১] *বি* ১ তপস্বী; সন্ন্যাসী; মুনি। ২ পরিব্রাজক। [স.]

যতি[২] *বি* ১ পাঠকালে শ্বাস গ্রহণ করবার জন্য ও অর্থের পারম্পর্য রক্ষার জন্য বিরাম স্থান; দাঁড়ি কমা সেমিকোলন ইত্যাদি। ২ সংযম; নিবৃত্তি; বিরাম। **যতিচিহ্ন** *বি* পাঠমধ্যে বিরামবোধক চিহ্ন; অর্থাৎ দাঁড়ি কমা সেমিকোলন ইত্যাদি। **যতিপাত, যতিভঙ্গ** *বি* উপযুক্ত স্থানে যতির অভাবে ছন্দের দোষ-ত্রুটি। [স.]

যতী(-তিন) *বি* ইন্দ্রিয়জয়ী; সন্ন্যাসী। **যতিনী** *বি স্ত্রী.* ১ নিষ্ঠার সঙ্গে যিনি বৈধব্য পালন করেন। ২ সন্ন্যাসিনী। [স.]।

যতীন্দ্র *বি* মুনিশ্রেষ্ঠ; তাপসপ্রবর। [স. যতী+ইন্দ্র]।

যতেক *বিণ* (পদ্যে) যে পরিমাণ; যে সংখ্যক; যতসব।

যত্ন *বি* ১ কোনো কিছু পাবার জন্য চেষ্টা। ২ উদ্যম; অধ্যবসায়। ৩ শুশ্রূষা; সেবা। ৪ আপ্যায়ন। ৫ সাবধানতা; মনোযোগ। [স.]। **যত্নপূর্বক** *ক্রিবিণ* সযত্নে; যত্নের সহিত; সাবধানতার সঙ্গে। **যত্নবান, যত্নশীল** *বিণ* যত্নের সঙ্গে কোনো কিছু করে থাকে এমন; উদ্যমশীল; চেষ্টান্বিত; সচেষ্ট। **যত্নবতী, যত্নশীলা** *বিণ স্ত্রী.*।

যত্র *অব্য* ১ যেথায়; যেখানে। ২ যে পরিমাণ; যত। ৩ যে বিষয়ে। [স.]। **যত্র আয় তত্র ব্যয়**—যা আয় তাই ব্যয়; যেখানে আয় সেখানেই ব্যয়; অমিতব্যয়িতা দারিদ্র্যের লক্ষণ। **যত্রতত্র** *ক্রিবিণ* ইতস্তত; যেখানে-সেখানে; সর্বত্র।

যথা *অব্য* ১ যেমন; যে রকম; যে প্রকার; যেরূপ। ২ উচিত; উপযুক্ত; নির্দিষ্ট। ৩ উদাহরণ বা দৃষ্টান্ত স্বরূপ। ৪ যৎ পরিমাণ। [স.]। **যথা আজ্ঞা** *ক্রিবিণ* কর্তব্যানুসারে বা নির্দেশ অনুসারে। **যথাকালে, যথাসময়ে** *ক্রিবিণ* ঠিক সময়ে; উপযুক্ত সময়ে। **যথাক্রম, যথাক্রমে** *ক্রিবিণ* ক্রমানুসারে; নিয়মিতভাবে; শৃঙ্খলা রক্ষা করে। **যথাজ্ঞান** *ক্রিবিণ* জ্ঞানানুযায়ী; জ্ঞানানুসারে। **যথাযথ** *অব্য* যথার্থ; সত্য; ঠিক; accurate। **যথাতথা** *ক্রিবিণ* যত্রতত্র; যেখানে-সেখানে। **যথাদিষ্ট** *বিণ* যেভাবে আদেশ করা হয়েছে সেভাবে; আদেশানুযায়ী বা অনুসারে। **যথানিয়ম, যথাবিধি** *ক্রিবিণ* গৃহীত বিধান অনুযায়ী; নিয়মমাফিক; নিয়মমতো। **যথানুপূর্ব** *বিণ, ক্রিবিণ* ন্যায়ের সহিত; ন্যায়ানুযায়ী; নিয়মানুসারে। **যথাপূর্ব** *বিণ, ক্রিবিণ* যথাক্রম, ধারানুযায়ী। **যথান্যায়** *বিণ, ক্রিবিণ* অতীতে বা পূর্বের মতো। **যথাপূর্বং তথাপরং**—আগেও যেমন ছিল পরেও তেমনি আছে; অপরিবর্তিত। **যথাবৎ** *বিণ, ক্রিবিণ* বিধি বা বিধান বা নিয়মানুযায়ী; পূর্বের মতো; অপরিবর্তিত; ঠিক-ঠিক। **যথাবিহিত** *বিণ, ক্রিবিণ* উপযুক্ত বিধান অনুযায়ী। **যথাভিমত** *বিণ, ক্রিবিণ* ইচ্ছামাফিক; ইচ্ছানুরূপে। **যথাযথ** *বিণ, ক্রিবিণ* উপযুক্তমতো; ঠিকমতো; যথার্থ; যথাযোগ্য; পরম্পরা অনুসারে। **যথাযোগ্য** *বিণ* যোগ্যতানুযায়ী; উচিতমতো; উপযুক্তমতো। **যথায়** *ক্রিবিণ* যেখানে। **যথারীতি** *বিণ, ক্রিবিণ* প্রচলিত নিয়মমাফিক; দস্তুরমাফিক; গৃহীত আচার অনুযায়ী; প্রথানুযায়ী; রীতিমতো। **যথারুচি** *বিণ, ক্রিবিণ* পছন্দমাফিক; রুচি অনুযায়ী। **যথার্থ** *বিণ* ১ খাঁটি; সত্য; প্রকৃত। ২ যোগ্য; উপযুক্ত। ☐ *বি* যথার্থতা; যাথার্থ্য। **যথার্থত** *অব্য* প্রকৃত প্রস্তাবে; প্রকৃতপক্ষে; ন্যায়ত; বস্তুত। **যথার্হ** *বিণ, ক্রিবিণ* যথাযোগ্য; যথোচিত। **যথাশক্তি, যথাসাধ্য** *বিণ, ক্রিবিণ* ক্ষমতানুযায়ী; যতদূর সাধ্য। **যথাশাস্ত্র** *বিণ, ক্রিবিণ* গৃহীত শাস্ত্রীয় নিয়ম মাফিক; শাস্ত্রের বিধান অনুসারে। **যথাসময়** *ক্রিবিণ* সময়মতো; উপযুক্ত সময়ে বা কালে।

যথাসম্ভব *বিণ,ক্রিবিণ* যতখানি সম্ভব তা। **যথাসর্বস্ব** *বি* সমস্ত সম্পত্তি; সব কিছু। **যথাস্থান** *বি* নির্দিষ্ট জায়গা; উপযুক্ত স্থান। **যথাস্থিত** *বিণ* প্রকৃত, সত্য। ❑*ক্রিবিণ* ঠিকভাবে।

যথেচ্ছ, যথেচ্ছা (বিরল) *বিণ,ক্রিবিণ* যা ইচ্ছে; ইচ্ছানুযায়ী; ইচ্ছানুসারে; ইচ্ছামতো। [স. যথা+ইচ্ছা]। **যথেচ্ছাচার** *বি* খুশিমতো ব্যবহার; স্বেচ্ছাচার; অসংযত আচরণ; স্বৈরাচার; উচ্ছৃঙ্খলতা। **যথেচ্ছাচারী**(-রিন্) *বিণ* ইচ্ছামতো ব্যবহার করেন এমন; স্বেচ্ছাচারী; স্বৈরাচারী; উচ্ছৃঙ্খল; অবাধ্য। **যথেচ্ছাচারিণী** *স্ত্রী.*। **যথেচ্ছাচারিতা** *বি*।

যথেষ্ট *বিণ,ক্রিবিণ* ১ প্রচুর; অনেক; খুব; পর্যাপ্ত। ২ দরকারমতো; প্রয়োজনানুরূপ; বাঞ্ছানুযায়ী। [স. যথা+ইষ্ট]

যথোচিত, যথোপযুক্ত *বিণ* উচিত-রকম; যথাযোগ্য; উপযুক্তরূপ। ❑*ক্রিবিণ* উপযুক্তরূপে; যথাযোগ্যভাবে। [স. যথা+উচিত]

যদবধি *ক্রিবিণ*১ যে সময় পর্যন্ত; যে পর্যন্ত। ২ যখন থেকে; যে সময় থেকে। [স. যদ্+অবধি]

যদর্থে *অব্য* যে জন্য; যে কারণে; যে উদ্দেশ্যে। [স. যদ্+অর্থে]

যদি *অব্য*১ সন্দেহ বা সংশয়জ্ঞাপক। ২ কার্যকারণ সম্পর্ক বা হেতু জ্ঞাপক। ৩ অবধারণ বা বিকল্প জ্ঞাপক। ৪ সম্ভাবনাজ্ঞাপক। ৫ যখন; যেহেতু। [স.]। **যদিই** *অব্য* সংশয়াদির দৃঢ়তাবোধক। **যদিও, যদি** *অব্য* সত্ত্বেও; যদ্যপি। **যদি না** *অব্য* না যদি হতো; না হলেও। **যদি বা** *অব্য* সম্ভাবনা নেই তবুও যদি হয়; যদি দৈবাৎ ঘটে।

যদু *বি*১ হিন্দু পুরাণের রাজা যযাতির জ্যেষ্ঠ পুত্র; পৌরাণিক রাজা। ২ যদুবংশ। ৩ উত্তর ভারতে যমুনা নদীর পশ্চিমে অবস্থিত দেশবিশেষ; দশার্হ দেশ। [স.]। **যদুকুলপতি, যদুনাথ, যদুপতি** *বি* কৃষ্ণ। **যদু-বংশ** *বি* কৃষ্ণ যে বংশে জন্মগ্রহণ করেছিলেন। **যদুমধু** *বি* (আল.) যে কোনো লোক; ইতরজন।

যদৃচ্ছা *বি*১ নিজের খেয়াল-খুশি। ২ অনায়াস; অক্লেশ। ৩ আকস্মিক; দৈবাৎ; স্বতঃসংঘটন। [স. যদ্+ঋচ্ছা]। **যদৃচ্ছাক্রমে** *ক্রিবিণ* অনায়াসলব্ধ।

যদ্দিন *অব্য* যতদিন পর্যন্ত; যতকাল পর্যন্ত।

যদ্যপি *অব্য*১ যদিও। ২ একান্তই; যদি। [স. যদি+অপি]

যন্ত্র, যন্তর *বি* ১ কল; মেশিন; machine; যার সাহায্যে কৌশলে এবং নিয়মিত পন্থায় কার্য সাধিত হয়। ২ প্রয়োজনীয় দ্রব্যাদি নির্মাণের হাতিয়ার। ৩ বৈজ্ঞানিক সরঞ্জাম বা উপকরণ। ৪ সঙ্গীত ইত্যাদি চারুকলা সাধনার উপকরণ। ৫ দেহের ভিতরের ক্রিয়া সাধক অঙ্গ। ৬ গ্রহ-নক্ষত্রের অবস্থান-চিত্র। ৭ (আল.) কার্যোদ্ধারের হাতিয়াররূপে ব্যবহৃত ব্যক্তি। ৮ জাঁতা; পেষণ-যন্ত্র। [স. যন্ত্র]। **যন্ত্রকৌশল** *বি* যন্ত্রী ব্যবহার করবার নিয়ম; কলকৌশল। ❑*বিণ* যন্ত্রকৌশলী। **যন্ত্রতন্ত্র, যন্ত্রপাতি** *বি* ১ যন্ত্রসমূহ। ২ শিল্পকার্যের বিবিধ সরঞ্জাম। **যন্ত্রদানব** যন্ত্ররূপী দৈত্য (যন্ত্রদানব ট্রাকটি লোকটির প্রাণ কেড়ে নিয়েছে)। **যন্ত্রবিদ, যন্ত্রবিৎ** *বি,বিণ* যন্ত্রের গঠন ওপ্রয়োগ সম্বন্ধে অভিজ্ঞ ব্যক্তি; যন্ত্রবিদ্যা-বিশারদ; যন্ত্রকৌশলী; mechanics। **যন্ত্রবিদ্যা, যন্ত্রবিজ্ঞান** *বি* ১ যন্ত্র পরিচালনের বিদ্যা। ২ যন্ত্র নির্মাণের বিদ্যা; mechanics।

যন্ত্রশালা, যন্ত্রগৃহ *বি* যে ঘরে যন্ত্রের সাহায্যে কাজ করা হয়ে থাকে; মেশিনঘর; কলঘর। **যন্ত্রশিল্পী** (-ল্পিন্) *বি* যন্ত্র পরিচালনায় যার দক্ষতা আছে; যন্ত্রনির্মাণ কৌশলী; যন্ত্র দ্বারা বস্তু নির্মাণকারী শিল্পী; মেকানিক; ইঞ্জিনিয়ার। **যোগাড়-যন্ত্র** *বি* বিবিধ বস্তু সযত্নে আহরণ করবার আয়োজন।

যন্ত্রক *বি*১ নিয়ামক। ২ যিনি যন্ত্র প্রস্তুত করেন। ৩ জাঁতা; পেষণ যন্ত্র; কুঁদ। [স.]

যন্ত্রণা *বি* পীড়া; যাতনা; ক্লেশ; দুঃখ; বেদনা। [স.]। **যন্ত্রণাকর, যন্ত্রণাদায়ক** *বিণ* দুঃখদায়ক; ক্লেশজনক। **যন্ত্রণাদায়িকা, যন্ত্রণাদাতা** *বিণ* দুঃখদানকারী। **যন্ত্রণাদাত্রী** *স্ত্রী.*।

যন্ত্রালয় *বি* যন্ত্রশালা; কলবাড়ি। [স.]

যন্ত্রী(-ন্ত্রিন্) *বি*১ যন্ত্র চালনা করেন যিনি; যন্ত্রবিশারদ। ২ শিল্পকার। ৩ বাদ্যযন্ত্রবাদক। ৪ (আল.) ষড়যন্ত্রকারী। ৫ যন্ত্রযুক্ত। ❑*বিণ* যন্ত্রধারী; mechanic, machineman। [স.]

যব[১] *বি* ১ গম জাতীয় শস্য; barley। ২ (জ্যো-শা) বৃদ্ধাঙ্গুষ্ঠের রেখায় যবাকৃতি চিহ্নবিশেষ। ৩ পরিমাণবোধক শব্দ; প্রায় $\frac{1}{8}$ ইঞ্চি পরিমাণ।

যবক্ষার *বি* ১ এক প্রকার তীব্র ক্ষার; carbonate of potash। ২ সোরা; potassium nitrate। [পরিভাষা; স.]। **যবক্ষারজান** *বি* নাইট্রোজন।

যবদ্বীপ *বি* ইন্দোনেশিয়ার একটি দ্বীপ; জাভা। [স.]

যবন *বি*১ প্রাচীন গ্রিক জাতি; আইওনিয়া (Ionia)-বাসী গ্রিক। ২ ম্লেচ্ছ। ৩ বিধর্মী। ৪ অহিন্দু; বিদেশী; মুসলিম। [হিব্রু. Ionian; আ. য়ুনান]। **যবনী** *স্ত্রী.*। **যবনানী** *বি* যবন-জাতির লিপিসমূহ। **যাবনিক** *বিণ* যবন সম্বন্ধীয়।

যবনিকা *বি*১ কানাত; পর্দা; আড়াল। ২ রঙ্গমঞ্চের পট; drop scene। **যবনিকা পতন, যবনিকাপাত** *বি* ১ নাটকের অভিনয়ের শেষে বিরামসূচক পর্দা পড়া। ২ (আল.) সমাপ্ত; শেষ। [স.]

যবস্থব, জবুথবু *বিণ* ১ দিশাহারা; কিংকর্তব্যবিমূঢ়। ২ অমীমাংসিত; নিষ্পন্ন হয়নি এমন। ৩ জড় ভাবাপন্ন। ❑*বি* অনগ্রসর অবস্থা; স্থগিত অবস্থা।

যবাগূ *বি* যবের মণ্ড; জাউ। [স.]

যবান্ন *বি* যবের ভাত।

যবে *অব্য, ক্রিবিণ* (পদ্যে) যেকালে; যে সময়ে; যখন। [হি জব]

যম *বি* ১ সকল জীবের প্রাণহরণকারী; মৃত্যুর দেবতা; কৃতান্ত; মহিষ-বাহন; ধর্মরাজ; মৃত্যু; অন্তক; দণ্ডধর; আজরাইল; মরণ; শমন। ২ ধ্বংসকারী; বিনাশক (ভাতের যম)। **যমজয়ী** *বিণ* মৃত্যুকে যিনি জয় করতে পারেন; মৃত্যুঞ্জয়; অমর; মৃত্যুশূন্য। **যমজাঙ্গাল, যমজাঙাল** *বি* আকাশগঙ্গা; ছায়াপথ; the Milky Way। **যমদণ্ড** *বি*১ যমের আয়ুধ বা অস্ত্র; যম কর্তৃক প্রদত্ত শাস্তি; মৃত্যু; মৃত্যুদণ্ড; মরণ; মৃত্যু। ২ মৃত্যুর পরে যমালয়ে পাপের দণ্ড। **যমদূত** *বি* ১ মৃত্যুর অনুচর; যমের বার্তাবহ। ২ (আল.) মৃত্যুর ন্যায় ভীষণ সংবাদবাহক। ৩ বিকটাকার এবং ভীতি উৎপাদক ভয়ঙ্কর মূর্তি। **যমদ্বার** *বি*১ হিন্দু-বিশ্বাস মতে যমরাজ্যের দ্বার; যে দ্বারের ভিতর দিয়ে

পরপারে যাওয়া যায়। ২ মৃত্যু। ৩ নরকের দরজা। **যমদ্বিতীয়া** *বি* ভ্রাতৃ-দ্বিতীয়া; যে তিথিতে ভাইফোঁটা দেওয়া হয়; কার্তিকের শুক্লা দ্বিতীয়া। **যমপুরী, যমালয়, যমের বাড়ি** *বি* ১ মৃত্যুপুরী; যমালয়। ২ শমন-সদন। ৩ (আল.) ভয়ঙ্কর স্থান; যন্ত্রণাগার। **যমমাস** *বি* কার্তিক মাস; রোগের প্রাদুর্ভাবহেতু এ মাসে প্রচুর লোকের মৃত্যু হয় এজন্য এ মাসকে 'মরা কার্তিক' হিসেবেও কোনো কোনো অঞ্চলে অভিহিত করা হয়। **যমযন্ত্রণা, যমযাতনা** *বি* ১ কষ্ট; মৃত্যুর যাতনা; মৃত্যু যন্ত্রণা। ২ (আল.) ভীষণ কষ্ট। **যমরাজ** *বি* যম; কৃতান্ত; শমন; দক্ষিণ দিকপাল। **যমান্তক** *বি* মৃত্যুঞ্জয়; শমনজয়ী; শিব। [স. যব+অন্তক]। **যমে ধরা** *ক্রি* ১ মৃত্যুগ্রাসে পতিত হওয়া। ২ (আল.) যমের ন্যায় নির্মম শত্রুর কবলিত হওয়া। **যমের অরুচি**—(ব্য.) গালিবিশেষ; প্রত্যেকেই মরণশীল কিন্তু এমন ঘৃণিত যাকে যমেও গ্রহণ করে না; যার মৃত্যু নেই। **যমের দোসর**—(আল.) যমেরই মতো ভয়ঙ্কর ব্যক্তি। **যমের বাড়ি যাওয়া**—তিরস্কারবিশেষ; মরে যাওয়া।

যমক *বি* ১ (আল.) শব্দালঙ্কারবিশেষ; একই শব্দের ভিন্ন অর্থে পুনরাবৃত্তি। ২ যুগ্ম; জোড়া।

যমজ *বিণ* একই গর্ভজাত এবং একই সময়ে ভূমিষ্ঠ।

যমল *বি* জোড়া; যুগ্ম।

যমলী গান *বি* দুজনের এক সঙ্গে গান; duet।

যমানী, যমনিকা *বি* এক প্রকার মসলা; জোয়ান; জুন। [স.]

যমিত *বিণ* সংযমিত।

যমুনা *বি* ১ বাংলাদেশের নদীবিশেষ। ২ উত্তর ভারতের নদীবিশেষ; কালিন্দী। ৩ যমের বোন। [স.]

যযাতি *বি* ১ হিন্দুদের পৌরাণিক রাজা; ইনি শুক্রাচার্যের অভিশাপে জরাগ্রস্ত হয়েছিলেন; তার কনিষ্ঠ পুত্র পিতার জরা গ্রহণ করে নিজ যৌবন পিতাকে দিয়েছিলেন; চন্দ্রবংশীয় রাজাবিশেষ। ২ (প্রা-বা) জন্মপত্রিকা; কোষ্ঠী।

যশ, যশঃ *বি* সুখ্যাতি; কীর্তি। [স. যশঃ, যশস্]। **যশঃকীর্তন, যশঃখ্যাপন, যশোগান** *বি* প্রশংসা করা; লোকমুখে খ্যাতিপ্রচার। **যশস্কর, যশস্য** *বিণ* কীর্তিজনক; সুখ্যাতিজনক। **যশস্কাম** *বিণ* খ্যাতি কামনা করে এমন যশোলিপ্সু। **যশোধন, যশোম্বান, যশস্বী**(-স্বিন্) *বিণ* বিখ্যাত; কীর্তিমান; মশহুর। **যশস্বতী, যশস্বিনী** *স্ত্রী.*। **যশোগাথা, যশোগীতি** *বি* গৌরবগাথা; কীর্তির বর্ণনাপূর্ণ সঙ্গীত; খ্যাতিগান। **যশোদ** *বি* ১ খ্যাতি দান করে যা। ২ পারদ। **যশোদা** *বিণ স্ত্রী.* খ্যাতিদায়িনী। ❑ *বি* কৃষ্ণের পালিকা মাতা; নন্দের স্ত্রী। **যশোভাগ, যশোভাক** *বি* যশের ভাগ বা অংশ। ❑ *বিণ* কীর্তির অংশীদার। **যশোভাগ্য** *বি* যার অদৃষ্টে যশোলাভ আছে। **যশোমতী** *বি* যশোদা। **যশোরাশি** *বি* বহুখ্যাতি; কীর্তিসমূহ। **যশোহানি** *বি* গৌরবহানি; অখ্যাতি।

যশুরে *বিণ* যশোরের লোক; যশোরে জাত।

যশোরে কৈ, যশুরে কৈ/ কই *বি* যশোর জেলার মাথামোটা শীর্ণদেহ কৈ মাছ। ❑ *বিণ* (আল.) মাথামোটা ও শীর্ণদেহ ব্যক্তি।

যষ্টি *বি* ১ ছড়ি; দণ্ড; লাঠি। ২ গাছের শাখা। ৩ নৌকার হাল। ৪ হার। **যষ্টিকা** *বি* লাঠি; একনরী হার। **যষ্টিপ্রাণ** *বিণ* বৃদ্ধ, লাঠিপ্রাণের মতো এমন। **যষ্টিমধু** *বি* মিষ্টিস্বাদযুক্ত বৃক্ষের শিকড়বিশেষ।

যহুর *বি* প্রকাশ; খ্যাত। [আ. যহূর]

যা *ক্রি* যাও; গমন করো। **ঐযা, গেল যা** *অব্য* হঠাৎ কিছু ঘটে যাওয়া; অপ্রত্যাশিত বা ভুলজনিত কোনো ঘটনায় বিস্ময় ও ক্ষোভসূচক।

যাই[১] *অব্য* ১ যেহেতু। ২ যখনি; যেই মাত্র। ৩ যা কিছু। [স. যদা>]

যাই[২] *ক্রি* ১ গমন করি। ২ ক্রিয়ার সমাপ্তসূচক গৌণ ক্রিয়া। **যাই-যাই** *ক্রিবিণ* যাবার উপক্রম।

যাও *ক্রি* ১ (অনুজ্ঞা) গমন করো। ২ প্রতিবাদ তিরস্কার অস্বীকার ঘৃণা প্রভৃতি দ্যোতক অনুজ্ঞা। [স.√যা>]

যাওন *বি* প্রস্থান; গমন; যাওয়া।

যাওয়া *ক্রি* ১ গমন করা। ২ অবসান হওয়া। ৩ কেটে যাওয়া। ৪ ক্ষতি হওয়া; নষ্ট হওয়া। ৫ ব্যয়িত হওয়া। ৬ কোনো কিছু ঘটা। ৭ টেকা। ৮ কোনো ক্রিয়া করতে থাকা; শুনে যাওয়া। ❑ *বি* উক্ত সকল অর্থে। [স. √যা>]। **যাওয়া-আসা, আসা যাওয়া** *বি* ১ যাতায়াত; গমনাগমন। ২ (আল.) জন্মমৃত্যু। **যাচ্ছি-যাব করা** *ক্রি* গয়ংগচ্ছ করা; শৈথিল্য বা অলসতা দেখানো। **যায়-যায়** *বিণ* মুমূর্ষু। **যেতে বসা** *ক্রি* নষ্ট হবার মতো হওয়া। **জলে যাওয়া** *ক্রি* (আল.) নিষ্ফল হওয়া; ক্ষতিগ্রস্ত হওয়া; কাজে না আসা; বৃথা নষ্ট হওয়া।

যাঁতা = জাঁতা।

যাঁহা(এ) *অব্য* ১ যেখানে। ২ যেমন; যেইমাত্র। **যাঁহা বাহান্ন তাঁহা তিপ্পান্ন**—খুব অল্প একটু ক্ষতির ভয়ে কর্তব্যকর্মে পশ্চাৎপদ না হওয়া; সামান্য কম-বেশিতে পিছিয়ে না পড়া। [তুল. হি. যাঁহা]।

যাগ *বি* যজ্ঞ; হোম। [স.]

যাচন[১] *বি* বিচার করে নেওয়া; পরীক্ষাকরণ; যাচাই। **যাচনদার** *বি* যে যাচাই করে দেখে।

যাচন[২], **যাচনা, যাচ্ঞা** *বি* প্রার্থনা; ভিক্ষা। [স.]। **যাচক** *বি,বিণ* যাচ্ঞাকারী; প্রার্থী; আবেদনকারী। **যাচনীয়, যাচ্য** *বিণ* প্রার্থনীয়; যাচনার যোগ্য। **যাচমান** *বিণ* প্রার্থনা করছে এমন। **যাচিত** *বিণ* প্রার্থিত। **যাচিতা, যাচ্যমানা** *বিণ স্ত্রী.* প্রার্থনা করা হচ্ছে এমন।

যাচা[১] *ক্রি* ১ চাওয়া; প্রার্থনা করা। ২ উপাযাচক হওয়া। ৩ সাধাসাধি করা; অনুনয় বিনয় করা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে।

যাচা[২] *ক্রি* যাচাই করা; পরীক্ষা করা; অনুসন্ধান করা; পরীক্ষা করে দ্রব্যের মূল্য স্থির করা। **যাচাই** *বি* পরীক্ষা বা অনুসন্ধানের সাহায্যে দ্রব্যাদির গুণাগুণ ও মূল্য ঠিক করা। **যাচানো** *ক্রি* পরীক্ষা করানো; যাচাই করানো। ❑ *বিণ* উক্ত সকল অর্থে।

যাচ্ঞা *বি* প্রার্থনা।

যাজন *বি* পৌরোহিত্য; যজ্ঞ সম্পাদন। **যাজক** *বি* ১ পুরোহিত; যজ্ঞকর্তা; যজ্ঞ সম্পাদক; যাজ্ঞিক; ঋত্বিক; ধর্মপ্রচারক। ২ মত্ত হস্তী। [স.]। **যাজিকা** *স্ত্রী.*। **যাজনিক** *বিণ* পৌরোহিত্য সম্বন্ধীয়; যজ্ঞ সংক্রান্ত। ❑ *বি* পূজারী; পুরোহিত; priest। **যাজি, যাজী**(-জিন্) *বিণ* যজ্ঞকর্তা; পূজারী; যাজক; পুরোহিত। **যাজ্য** *বিণ* ১ পৌরোহিত্যের যোগ্য। ২ যজ্ঞ ক্রিয়ার উপযোগী। ৩ যজ্ঞ করা যায় এমন।

যাজ্ঞবল্ক্য *বি* হিন্দু ধর্মশাস্ত্র প্রণেতা ঋষি; বিখ্যাত বৈদিক ঋষি। [স.]

যাজ্ঞসেনী *বি স্ত্রী.* দ্রৌপদী। [স.]
যাজ্ঞিক *বি* পুরোহিত। ▢ *বিণ* ১ যজ্ঞের প্রয়োজনীয় দ্রব্যাদি; যজ্ঞীয়। ২ যজ্ঞের হিতকর। [স.]
যাজ্ঞিকান্ন *বি* যজ্ঞের চরু বা পায়েস।
যাতনা *বি* ১ যন্ত্রণা; তীব্র বেদনা। ২ নিপীড়ন।
যাতব্য *বিণ* ১ যাওয়ার যোগ্য। ২ অভিযানের বা আক্রমণের উপযুক্ত।
যাতা(-তৃ) *বি* ১ গমনকারী; গমনকর্তা। ২ স্বামীর ভ্রাতৃপত্নী; জা। ৩ সারথি; রথচালক। ৪ পথিক। [স.]। **যাতায়াত খরচা** *বি* গমনাগমনের জন্য খরচা বা ভাতা; রাহা খরচ।
যাতি = জাঁতি।
যাত্রা *বি* ১ গমন। ২ প্রস্থান; নির্গমন; বের হওয়া। ৩ যাপন; অতিবাহন। ৪ উৎসব-বিশেষ। ৫ বহুলোকের শ্রেণীবদ্ধভাবে গমন; মিছিল। ৬ দৃশ্যপটহীন মঞ্চে নাট্যাভিনয় বা গীতাভিনয়বিশেষ। ৭ দফা; বার। [স.]
যাত্রিক *বিণ* ১ যাত্রাকারী; যাত্রী; গমনকারী; পান্থ; পথিক; মুসাফির। ২ যাত্রা সংক্রান্ত; যাত্রার উপযুক্ত; যাত্রার যোগ্য। ▢ *বি* ১ তীর্থযাত্রী; তীর্থ ভ্রমণকারী। ২ পথ খরচা; পাথেয়। ৩ যাত্রার সুলক্ষণ। [স.]। **যাত্রাভঙ্গ** *বি* শুভযাত্রা না হওয়া। **যাত্রার অধিকারী** *বি* যাত্রাদলের পরিচালক বা মালিক।
যাত্রী(-ত্রিন) *বি, বিণ* যাতায়াত করে এমন; যাত্রাকারী; গমনকারী; মুসাফির; তীর্থযাত্রী। **যাত্রিণী** *বিণ স্ত্রী.*। [স.]
যাথাযথ্য *বি* ঠিক অবস্থা; যাথার্থ্য। [স. যথাতথ+য]
যাথার্থ্য *বি* সত্যতা; হকিকত; স্বরূপ; প্রকৃত তথ্য; যথার্থতা। [স.]
যাদব *বি* কৃষ্ণ; যদুনন্দন। ▢ *বিণ* ১ যদুবংশীয়। ২ যদুবংশ সম্বন্ধীয়। [স.]
যাদু[১], **জাদু** *বি* তন্ত্রমন্ত্র; কুহক; মায়া; আকর্ষণ। [ফা. জাদু]। **যাদুকর, জাদুকর** *বি* যে যাদু দেখায়; ম্যাজিশিয়ান। **যাদুবিদ্যা, জাদুবিদ্যা** *বি* ভোজবাজি; যাদু বিষয়ক কলা।
যাদু[২] *বি* বৎস; আদরের খোকা (আমার যাদুরে; বিদ্রূপে—বাছাধন; এবার টের পাবে যাদু)।
যাদৃশ, যাদৃক (শ) *বিণ* যেমন; যে প্রকার; যে রকম। **যাদৃশী** *স্ত্রী.*। [স.]
যান *বি* যার সাহায্যে স্থানান্তরে যাওয়া যায়; বাহন; অশ্ব হস্তী নৌকা শকট গাড়ি ইত্যাদি। [স.]। **যানজট** *বি* যানবাহনের অতিরিক্ত ভিড়ের জন্য সাময়িকভাবে যানচলাচল বন্ধ থাকা। **যানবাহ, যানবাহক** *বিণ* গাড়ি টানে এমন। **যানবাহন** *বি* গাড়ি বাস ট্রাম ইত্যাদি যা বহন করে বা যাতায়াতের জন্যে ব্যবহৃত হয়। **অর্ণবযান** *বি* সমুদ্রগামী জাহাজ স্টিমার ইত্যাদি। **অশ্বযান** *বি* ঘোড়ার গাড়ি; ঘোড়গাড়ি। **আকাশযান, ব্যোমযান, বায়ুযান** *বি* আকাশে উড্ডয়নক্ষম বেলুন বিমান উড়োজাহাজ ইত্যাদি। **বাষ্পযান** *বি* বাষ্পচালিত গাড়ি।
যান্ত্রিক *বিণ* যন্ত্র চালনে দক্ষ এমন; যন্ত্রবিশারদ; যন্ত্রসংক্রান্ত; যন্ত্র নির্মাণ করে এমন। [স.]
যাপন *বি* কালক্ষেপণ; সময় কাটানো; অতিবাহন। [স.]। **যাপক** *বিণ* অতিবাহিত করে এমন; যাপনকারী। **যাপনীয়** *বিণ* অতিবাহন করার যোগ্য; যাপ্য। **যাপিত** *বিণ* যাপন করা বা কাটানো হয়েছে এমন; অতিবাহিত।
যাপা *ক্রি* অতিবাহন করা; যাপন করা; অতিক্রমণ করা; কাটানো।
যাপ্য *বিণ* ১ যাপনীয়; যাপনযোগ্য। ২ গোপনীয়; যোগ্য। ৩ নিন্দনীয়; নিন্দাযোগ্য। ৪ আবরণীয়। ৫ সম্পূর্ণরূপে আরোগ্য করা যায় না এমন। [স.]
যাব, জাব *বি* ১ যাউ। ২ গবাদির খাদ্যবিশেষ; খৈল মিশ্রিত ঘাস; বিচালি। ৩ অলক্তক; আলতা। [স. যাবক>]
যাবক *বি* ১ অলক্তক; আলতা। ২ বোরো ধান। ৩ অর্ধপক্ব যব। [স.]
যাবজ্জীবন *ক্রিবিণ* চিরজীবন; আমরণ; যতদিন জীবন আছে ততদিন; জীবৎকাল। [স. যাবৎ+জীবন]
যাবৎ *ক্রিবিণ* ১ যতক্ষণ পর্যন্ত; যতদিন অবধি। ২ পর্যন্ত; ধরে। ▢ *বিণ* যে পরিমাণ; যত; যা কিছু; সমস্ত। **যাবতীয়** *বিণ* সমস্ত; সমুদয়; যত কিছু। [স.]
যাবনী *বিণ* যবন সম্পৃক্ত; মিশাল (যাবনী ভাষা)।
যাম[১] *বি* এক প্রহর; সমস্ত দিন রাতের ⅛ ভাগ সময়; তিন ঘণ্টা। ▢ *বিণ* যম সম্বন্ধীয়।
যাম[২] *বি* আটকে যাওয়া; জং ধরা।
যামল *বি* ১ জোড়া; যুগ্ম; যুগল। ২ তন্ত্রশাস্ত্রবিশেষ। [স.]
যামি, যামী *বি* ১ রাত্রি; নিশি। ২ ধর্মপত্নী; সহধর্মিণী; কুলবধূ। ৩ কন্যা; তনয়া। ৪ দক্ষিণ দিক। [স.]। **যামিনী** *বি* রাত্রি; রজনী। **যামিনীনাথ, যামিনীপতি, যামিনীভূষণ** *বি* শশী; চন্দ্র।
যাযাবর *বি* বিণ যাদের বা যার কোনো নির্দিষ্ট বাসস্থান নেই; যারা নিয়ত ভ্রমণ করে বেড়ায়; যারা এক স্থানে বেশি দিন থাকে না; ভবঘুরে। [স.]
যায়[১], **জায়** *বি* ১ ফর্দ; তালিকা। ২ বাবদ; দরুন; জন্য; নিমিত্ত।
যায়[২] *ক্রি* ১ যাওয়া; গমন করা। ২ গত হয়; শেষ হয়; ফুরায়। ৩ বের হয়। [স. √যা]
যার *সর্ব* যে বস্তুর; যে বিষয়ের। **যারতার** *সর্ব* যে-কোনো লোকের; নগণ্য লোকের; অখ্যাত বা অজ্ঞাত লোকের; ভালো মন্দ বিচার না করে। **যার ধন তার নয় নেপোয় মারে দই**—(আল.) অত্যন্ত চালাক লোক; ধূর্ত; বাটপাড়; অন্যলোকের পরিশ্রমের সুফল ফাঁকি দিয়ে যে ভোগ করে। **যারপরনাই**—যৎপরোনাস্তি; অত্যধিক; সাতিশয়।
যাহা, যা *সর্ব* যে কোনো; যে বস্তু; যে বিষয়। **যা ইচ্ছা তাই, যাচ্ছে তাই** *বিণ* ১ যা ইচ্ছা; খেয়াল অনুযায়ী। ২ খুব কুৎসিত; অতি জঘন্য; বিশ্রী। **যা-তা** *বিণ* ১ বাজে; খারাপ; খেলো। ২ ইচ্ছামাফিক। ▢ *সর্ব, বি* অনির্দিষ্ট মন্দ কিছু। **যা রয় সয়**—সঙ্গত বা যুক্তিযুক্ত। **যা হয় হোক**—নির্লিপ্ততার ভাব।
যিনি *সর্ব* যে ব্যক্তি (সম্মানসূচক); যে সম্মানী লোক। [স. যঃ>]
যিশু *বি* খ্রিস্টধর্মের প্রবর্তক ঈসা নবি। [ই., পো.]
যুক্ত *বিণ* ১ সংযোজিত; সংলগ্ন; একত্র; মিলিত। ২ নিয়োজিত; ব্যাপৃত; রত; নিযুক্ত। ৩ উপযুক্ত; ন্যায্য; অনুমত। ৪ পরিমিত; পরিমাণমতো। ৫ যোগরত। ৬ বিশিষ্ট (শ্রীযুক্ত)। ৭ (গ.) যোগ করা হয়েছে এমন; সংকলিত। [স.]। **যুক্তকর** *বিণ* দুই হাত একসঙ্গে; জোড়হাত; কৃতাঞ্জলি। ▢ *বি* জোড় করা হাত। **যুক্তপ্রদেশ** *বি* বর্তমান ভারতের উত্তর প্রদেশ; আগ্রা ও অযোধ্যা প্রদেশ। **যুক্তবেণী** *বি* ১ নদীর সম্মিলন; প্রয়োগে গঙ্গা

যমুনা ও সরস্বতী নদীর মিলিত ধারা। ২ বেণীবদ্ধ কেশ; খোঁপা। **যুক্তরাজ্য** *বি* গ্রেট ব্রিটেন ও উত্তর আয়ারল্যান্ড (the United Kingdom—U.K.)। **যুক্তরাষ্ট্র** *বি* আমেরিকার সংযুক্ত রাষ্ট্রসমূহ। (the United States of America—U.S.A.)। **যুক্তাক্ষর** *বিণ* মিলিত অক্ষর; সংযুক্ত বর্ণ; একাধিক বর্ণ এক সঙ্গে যুক্ত করে লিখিত ও উচ্চারিত। [স. যুক্ত+অক্ষর]

যুক্তি *বি* ১ কারণ; হেতু। ২ বিচার; ন্যায়। ৩ পরামর্শ; মন্ত্রণা (তারা যুক্তি করে এই কাজ করেছে)। ৪ সিদ্ধান্ত। ৫ ন্যাটালঙ্কার বিশেষ। ৬ সংযোগ; মিলন। [স.]। **যুক্তিতর্ক** *বি* কার্যকারণসম্মত বিতর্ক। **যুক্তিদাতা** *বিণ* পরামর্শ দিয়ে থাকেন এমন; মন্ত্রণাদাতা। **যুক্তিনিষ্ঠ** *বিণ* যুক্তির প্রতি নিষ্ঠাসম্পন্ন। **যুক্তিনিষ্ঠা** *বি* যুক্তির প্রতি নিষ্ঠা বা আসক্তি। **যুক্তিপূর্বক** *ক্রিবিণ* পরামর্শ বা মন্ত্রণা বা আলোচনা করে। **যুক্তিবাদ** *বি* যুক্তিভিত্তিক মতবাদ। **যুক্তিবাদী** *বিণ* যুক্তিবাদ অনুসারী। **যুক্তিযুক্ত, যুক্তিসঙ্গত, যুক্তিসম্মত, যুক্তিসহ** *বিণ* উচিত; ন্যায়সঙ্গত; উপযুক্ত; যুক্তিসিদ্ধ। **যুক্তিহীন** *বিণ* অযৌক্তিক; বিচারহীন; হেতুহীন; অন্যায়।

যুগ *বি* ১ বারো বছর সময়; সত্য ত্রেতা দ্বাপর ও কলি নামক চার যুগ; পৌরাণিক কাল বিভাগ। ২ সময়; কাল; আমল। ৩ জোড়া; যুগ্ম; যুগল। ৪ চার হাত পরিমাণবিশেষ। ৫ জোয়াল। [স.]। **যুগক্ষয়, যুগান্ত** *বি* প্রলয়কাল; যুগের শেষ। **যুগধর্ম** *বি* কাল উপযোগী আচার-ব্যবহার; যুগোচিত ধর্ম; কোনো যুগের ঝোঁক বা বৈশিষ্ট্য। **যুগন্ধর** *বি* ১ যুগকে ধারণ করেন যিনি; অনন্যসাধারণপ্রতিভাধর; যুগপ্রবর্তক। ২ জোয়ালের সঙ্গে যুক্ত কাঠ; লাঙ্গলের ঈষ; গাড়ির বোম। ৩ পর্বতবিশেষ; মেরুর সর্বাপেক্ষা নিকটবর্তী পর্বত। **যুগসন্ধি** *বি* এক যুগের সমাপ্তি ও অন্য যুগের আরম্ভকাল। **যুগান্তর** *বি* ১ অন্য বা অপর যুগ। ২ বিশিষ্ট যুগ বা কাল প্রবর্তন। **যুগযুগান্তর** *বি* যুগের পর যুগ; বহু যুগ। **যুগোপযোগী** *বিণ* নির্দিষ্ট যুগের পক্ষে উপযুক্ত। [স. যুগ+উপযোগী]

যুগপৎ *অব্য, ক্রিবিণ* একই সঙ্গে; একই কালে। [স.]

যুগল *বি* জোড়া; যুগ্ম; দুটি। [স.]

যুগি, যুগী *বি* ১ তাঁতি শ্রেণীর হিন্দু সম্প্রদায়বিশেষ; নাথপন্থী হিন্দুসম্প্রদায়। ২ ভিক্ষাজীবী (গেঁয়ো যুগি ভিখ পায় না)। [স. যোগী>]

যুগ্ম *বি* যুগল; জোড়া; দুই। □ *বিণ* ১ সহযোগী। ২ (গ.) যে সংখ্যাকে দুই দিয়ে ভাগ করলে মিলে যায়; জোড়। [স.]

যুগ্যি *বি* যোগ্য; উপযুক্ত। [স. যোগ্য>]

যুজ⟹জুজ।

যুঝা *ক্রি* ১ যুদ্ধ করা; লড়াই করা। ২ বাধাবিঘ্নাদি অতিক্রম-পূর্বক কৃতকার্যতা লাভের জন্য প্রাণপণে চেষ্টা করা। [স. √যুধ্]। **যুঝানো, যুঝান** *ক্রি* যুদ্ধ করানো; লড়াই করানো। □ *বি, বিণ* উক্ত অর্থে। **যুঝাযুঝি** *বি* দ্বন্দ্বে পরস্পরকে পরাজিত করবার চেষ্টা; ধস্তাধস্তি; লড়ালড়ি।

যুত[১] *বিণ* ১ মিলিত; সংযুক্ত; যুক্ত। ২ চার হাত পরিমাণ। [স.]

যুত[২]**, যুৎ** *বি* সুবিধা; সুযোগ; কায়দামাফিক; সুবন্দোবস্ত; সুসঙ্গতি; সুসার; আরাম। [স. যোত্র>]। **যুত করা** *ক্রি* ১ সুবিধা করা; সুব্যবস্থা করা। ২ বিলি করা। **যুতসই, যুৎসই** *বি* সুবিধামতো; কায়দামতো; আরামদায়ক।

যুতি *বি* ১ যোগ; মিলন; মিশ্রণ। ২ গাড়িতে ঘোড়া জুড়বার দড়ি বা চর্মরজ্জু। ৩ লাঙ্গল বা জোয়াল যোগ করতে যা ব্যবহৃত হয়। ৪ লম্বা শলাবিশিষ্ট নিক্ষেপযোগ্য মাছ শিকারের যন্ত্র যার সঙ্গে লম্বা দড়ি বাঁধা থাকে। [স.]

যুদ্ধ *বি* ১ লড়াই; সংগ্রাম; সমর; রণ; বিগ্রহ; আহব। ২ দ্বন্দ্ব; বলের প্রতিযোগিতা বা লড়াই। **যুদ্ধোত্তর** *বিণ* যুদ্ধ পরবর্তী। **যুদ্ধনীতি, যুদ্ধরীতি** *বি* রণ-বিষয়ক নিয়মাদি; যুদ্ধের আইন-কানুন; সমরনীতি। **যুদ্ধবিগ্রহ** *বি* আহব; যুদ্ধ। **যুদ্ধবিদ্যা** *বি* সমর-বিজ্ঞান; সংগ্রাম-কৌশল; সংগ্রাম সম্পর্কিত জ্ঞান বা শাস্ত্র।

যুদ্ধোপকরণ *বি* আয়ুধ, অস্ত্রশস্ত্র, রশদ ইত্যাদি।

যুদ্ধোন্মাদ *বি* যুদ্ধজনিত উন্মাদনা; যুদ্ধ করার প্রবল বাসনা; রণোন্মত্ততা। □ *বিণ* রণোন্মত্ত।

যুধিষ্ঠির *বি* মহাভারতোক্ত ধর্মপুত্র; পঞ্চপাণ্ডবের জ্যেষ্ঠ পাণ্ডব। □ *বিণ* যুদ্ধের সময় যিনি বুদ্ধি স্থির রাখতে পারেন। [স.]

যুধ্যমান *বিণ* যুদ্ধ করছে এমন; যুদ্ধরত। [স.]।

যুনান, য়ুনান *বি* গ্রিস দেশের পশ্চিমে অবস্থিত আইওনিয়া দ্বীপসমূহ। [আ. য়ুনান]। **য়ুনানি** *বিণ* ১ গ্রিস সম্বন্ধীয়; যাবনিক। ২ গ্রিক তিব্বি। □ *বি* আয়োনিয়ার অধিবাসী; গ্রিক; যবন। [আ.]। **য়ুনানি চিকিৎসা** *বি* গ্রিক চিকিৎসা-শাস্ত্র অনুযায়ী চিকিৎসা; হেকিমি চিকিৎসা; তিব্বি চিকিৎসা।

যুব *বি* যৌবনপ্রাপ্ত; তরুণ; সমাসে পূর্ব পদরূপে 'যুবা' শব্দের রূপ। [স.]

যুবজানি *বি* যুবতী স্ত্রীর স্বামী। [স.]

যুবনাশ্ব *বি* সূর্যবংশীয় রাজা; মান্ধাতার পিতা।

যুবরাজ *বি* রাজা বর্তমান থাকতে যিনি রাজ্যের ভাবী রাজা বলে স্বীকৃত; রাজ্যের উত্তরাধিকারী ও রাজকার্যের সাহায্যকারী রাজপুত্র; রাজকুমার। [স.]

যুবা, যুবক *বি, বিণ* ১ প্রাপ্ত যৌবন; বিশেষত ১৮ বছর থেকে ৪০ বছর পর্যন্ত বয়সের ব্যক্তি। ২ তরুণ; জোয়ান। [স.]। **যুবাকাল, যুবা বয়স** *বি* যৌবনকাল।

যুযুৎসা *বি* যুদ্ধ করবার ইচ্ছা; যুদ্ধাভিলাষ; সংগ্রামের অভিলাষ। [স.]

যুযুৎসু[১] *বিণ* যুদ্ধে ইচ্ছুক; রণেচ্ছু; যুদ্ধেচ্ছু। □ *বি* হিন্দু পুরাণ মতে বৈশ্যকন্যার গর্ভজাত ধৃতরাষ্ট্র তনয়।

যুযুৎসু[২]**, জুজুৎসু** *বি* জাপানি কুস্তি; জাপানি ব্যায়াম-বিশেষ। [জা.]

যুযুধান *বিণ* যুদ্ধকারী; যুদ্ধে লিপ্ত; যুদ্ধরত। [স.]

যুলমাৎ *বি, বিণ* অন্ধকার। [আ.]

যূক, যূকা *বি* উকুন; কেশকীট। [স.]

যূথ *বি* পশু ও পাখির স্বজাতীয়ের পাল; দল। [স.]। **যূথচর, যূথচারী** *বিণ* যে জন্তু বা পাখি দলবদ্ধভাবে বিচরণ করে। **যূথপতি, যূথনাথ** *বি* বন্য একজাতীয় পশুদলের প্রধান; বন্য গজসমূহের দলপতি। **যূথভ্রষ্ট** *বিণ* দলছুট; দলছাড়া।

যূথী, যূথিকা *বি* যুঁই ফুল। [স.]

যূপ *বি* ১ যজ্ঞস্তম্ভ; বলির পশুকে যে কাষ্ঠখণ্ডে বন্ধন করা হয়; হাড়িকাঠ। ২ বিজয়স্তম্ভ; জয়স্তম্ভ। [স.]

যূষ *বি* মাংস ডাল প্রভৃতির ক্বাথ, ঝোল, সুরুয়া, soup।

[স.]

যে *সর্ব* নির্দিষ্ট বস্তু বা ব্যক্তি। ☐ *বিণ* কারো সম্পর্কে কথা বলা হয়েছে বা হচ্ছে এমন; উদ্দিষ্ট; উক্ত; উল্লিখিত। ☐ *অব্য* ১ মিশ্র বাক্যে অপ্রধান বাক্যের আরম্ভে। ২ শঙ্কা বা সংশয় প্রকাশে (কী যে হবে। কী যে বলো!)। ৩ হেতুনির্দেশে (যে কারণে বিষয়টি জটিল)। ৪ অবাধ্যতাসূচক কাজের শাসন বা প্রশ্নে। ৫ বিরক্তিপ্রকাশে; বিস্ময় বুঝাতে। ৬ সম্মতি বা স্বীকৃতি প্রদর্শনে (যে কথা সেই কাজ); আধিক্য বা প্রাচুর্য-সূচক (কত যে লোক মরলো)। [স. যৎ>]। **যে আজ্ঞা** *ক্রি* আদেশ অনুসারে কাজ করা হবে। তুল. যো হুকুম। **যে কথা সে কাজ** *ক্রি* কথার খেলাপ না করা; ঠিক কথানুযায়ী কাজ। **যে কে, যে কেহ, যে সে** *সর্ব* নির্বিশেষে; প্রত্যেকেই; সাধারণ জনও। **যে কে সেই** *অব্য* কোনো পরিবর্তন হয় নি এমন; যা ছিল তাই; পূর্ববৎ। **যে বা** *সর্ব* যে কেউ; যে কোনোটি বা সে কোনো জন। **যে বিয়ের যে মন্ত্র** *ক্রি* যে জিনিসের যা নিয়ম। **যে যে** *সর্ব* যারা।

যেই, যাই *ক্রিবিণ* যৎকালে; যে মুহূর্তে; যেমনি। ☐ *বিণ* যে; যাই। [স. যদা>]

যেখান *বি* যত্র; যথায়; যেস্থানে। [স. যৎস্থান>]। **যেখানকার** *বিণ* যে স্থানের। **যেখান সেখান** *বি* যতত্র; সর্বস্থান; যেথায় সেথায়। **যেখানে** *ক্রিবিণ* যে অবস্থায়; যে স্থানে। **যেখানে সেখানে** *ক্রিবিণ* স্থান বিচার না করে; যত্রতত্র; সর্বত্র; ইতস্তত।

যেথা *বি* যে স্থান বা জায়গা। ☐ *ক্রিবিণ* যথায়; যেখানে। [স. যথা>]। **যেথাকার** *বিণ* যে জায়গার। **যেথায়** *ক্রিবিণ* যেখানে; যেথা। **যেথাসেথা** *ক্রিবিণ* যেখানে সেখানে; যত্রতত্র; সর্বত্র; ইতস্তত।

যেন *ক্রিবিণ* যেরূপ; যেমন। ☐ *অব্য* ১ প্রার্থনায়; কামনায়; অভিলাষ প্রকাশে। ২ অনুমানে। ৩ তুলনায়; উপমায়। ৪ কল্পনায়। ৫ সতর্কীকরণে। ৬ স্বীকৃতি জ্ঞাপনে। **যেন তেন প্রকারে/ প্রকারেন**—যেকোনো উপায়ে; যে উপায়ে হোক; যেমন তেমন করে; অসাধুভাবে; যেকোনো ব্যবস্থা অবলম্বন করে।

যেমতি, যেমত *ক্রিবিণ* যেমন; যেরূপ; যে প্রকার; যদ্রূপ।

যেমন *বিণ* ১ যে রকম; যে প্রকার। ২ যথা; দৃষ্টান্ত স্বরূপ। ☐ *ক্রিবিণ* যেইমাত্র; যে মুহূর্তে; সমকালে। ☐ *অব্য* বিস্ময় ইত্যাদি ব্যঞ্জক। **যেমনই** *বিণ* যে প্রকারেই; যেরূপেই। **যেমন তেমন** *বিণ* যে কোনো প্রকার; অতি সামান্য। **যেমন নেড়া তেমনি নেড়ি**—একই স্বভাবের। **যেমনি** *ক্রিবিণ* যেমন; ঠিক; যে রকম; যখনই; যে মাত্র; যে মুহূর্তে।

যেহেতু *অব্য* যে কারণে; কারণ নির্দেশে।

যোগ *বি* ১ ঐক্য; মিলন। ২ সম্পর্ক; সম্বন্ধ। ৩ সংস্রব; সংসর্গ। ৪ অবলম্বন; মাধ্যম। ৫ হিন্দুদর্শন মতে জীবাত্মা ও পরমাত্মার মিলন; তপস্যা; ধ্যান; সাধনা। ৬ সাধনার পথ; কর্মকৌশল। ৭ প্রয়োগ; নিবেশ। ৮ শুভকাল। ৯ সুবিধা। ১০ ঔষধ। ১১ সময়। ১২ সঙ্কলন; সমষ্টি। ১৩ যোগের চিহ্ন। ১৪ পর্ব; উৎসব। ১৫ পতঞ্জলি রচিত দর্শনশাস্ত্র। [স.]। **যোগক্ষেম** *বি* অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তি ও তার রক্ষা; রক্ষণাবেক্ষণ। **যোগদান** *বি* উপস্থিত হওয়া; নিযুক্ত হওয়া (নতুন চাকরিতে যোগদান); সহযোগিতা; সংস্রব রাখা। **যোগনিদ্রা** *বি* ১ যোগাবস্থায় সুপ্তি; চিত্তের বিষয়ান্তর নিবৃত্তিরূপে নিদ্রা। ২ (ব্য.) ঝিমানো। **যোগপট্ট** *বি* যোগ পাটা; উত্তরীয়বিশেষ। **যোগফল** *বি* (গ.) যোগক্রিয়ার ফল; প্রাপ্ত রাশি। **যোগবল** *বি* যোগ প্রভাব বা শক্তি। **যোগবাহী**(-হিন্) *বিণ* ১ (যার সাহায্যে) সংযোগ ঘটে এমন; মাধ্যম; সহায়ক। ২ ঔষধাদির যোগসাধক। **যোগভঙ্গ** *বি* যোগ থেকে বিরতি; যোগাবসান; ধ্যানাবসান। **যোগভ্রষ্ট** *বিণ* যোগমার্গ থেকে বিচ্যুত। **যোগমায়া** *বি* হিন্দু শাস্ত্রোক্ত দুর্গা দেবী; মহামায়া; ভগবানের লীলা বিস্তারিণী শক্তি; আদ্যাশক্তি। **যোগমার্গ** *বি* যোগের পদ্ধতি বা নিয়ম; যোগ সাধনের পন্থা। **যোগশাস্ত্র** *বি* যে শাস্ত্র বা গ্রন্থ যোগসাধনার নিয়ম পদ্ধতি ইত্যাদি বিষয়ে লিখিত; পতঞ্জলি প্রমুখ মুনি প্রণীত যোগ বিষয়ক গ্রন্থ। **যোগসাজশ** *বি* অন্যায় কাজে গোপনে সহযোগ ও ষড়যন্ত্র। [স. যোগ+ফা. সাজিশ]। **যোগসাধন, যোগসাধনা** *বি* হিন্দু শাস্ত্রোক্ত যোগাভ্যাস; যম নিয়ম প্রাণায়ামাদি অভ্যাস। **যোগসিদ্ধি** *বি* যোগসাধনায় অভীষ্ট প্রাপ্তি; যোগসাধনায় সাফল্য। **যোগাযোগ** *বি* মিলন; ঐক্য; সংঘটন; সামঞ্জস্য; সংস্রব; সংযোগ; সংবাদ; লেনদেন; তত্ত্বাবধান; সহযোগিতা। **যোগারূঢ়** *বি* যোগসাধনায় নিবিষ্টচিত্ত। ☐ *বিণ* যুগোপবিষ্ট। **যোগাসন** *বি* যোগ সাধনায় উপবেশন বা উপবেশনের পদ্ধতি। [স. যোগ+আরূঢ়, আসন]। **যোগাযোগে** *ক্রিবিণ* ১ কোনো সুযোগে; দাঁও মতো। ২ কোনো প্রকারে; কষ্টেসৃষ্টে; কায়ক্লেশে।

যোগিনী *বি স্ত্রী.* ১ যে মহিলা যোগসাধন করেন; মায়াবিদ্যায় নিপুণা নারী। ২ হিন্দু পুরাণ অনুসারে দুর্গার ৬৪জন সখী বা সহচরী; উক্ত সহচরীদের একজন। ৩ তপস্বিনী। ৪ (জ্যো–বি) একটি তিথি। [স.]

যোগী *বি* ১ যিনি যোগ সাধন করেন; হিন্দু তপস্বী; সন্ন্যাসী বা ধ্যানী। ২ জাতিবিশেষ; যুগী। **যোগিনী** *স্ত্রী.*। **যোগীন্দ্র, যোগীশ, যোগীশ্বর, যোগেশ, যোগেশ্বর, যোগেন্দ্র** *বি* হিন্দু যোগীদের মধ্যে শ্রেষ্ঠ; হিন্দু দেবতা মহেশ্বর শিব মহাদেব বা বিষ্ণু। [স. যোগী+ইন্দ্র, ঈশ, ঈশ্বর; যোগ+ঈশ, ঈশ্বর, ইন্দ্র]

যোগ্য *বিণ* ১ উপযুক্ত। ২ কার্যদক্ষ; সমর্থ। ৩ উচিত। [স.]। **যোগ্যা** *স্ত্রী.*। **যোগ্যতা** *বি* ১ উপযুক্ততা; সুসঙ্গতি। ২ সামর্থ্য; ক্ষমতা।

যোজক *বিণ* সংযোগ স্থাপনকারী। ☐ *বি* (ভূ.) যে সংকীর্ণ ভূখণ্ড দুটি বৃহৎ ভূখণ্ডকে যুক্ত করে। [স.]

যোজন *বি* ১ সংযোজন; একত্রকরণ। ২ সংঘটন। ৩ চার ক্রোশ। [স.]। **যোজনা** *বি* যুক্ত করা; সংযোজন; নিয়োজন; সংঘটন পরিকল্পনা; plan। **যোজনীয়** *বিণ* যোজনার যোগ্য। **যোজিত** *বিণ* সংযুক্ত বা একত্র করা হয়েছে এমন।

যোটক *বিণ* মিলিত করে এমন; ঘটক। ☐ *বি* মিলন; যোগ। **রাজযোটক** *বি* রাশিগ্রহ সবদিক থেকে বরকন্যার শুভ বিধায়ক মিল; শ্রেষ্ঠ যোটকবিশেষ। [স.]

যোদ্ধা, যোদ্ধৃ *বি* যে যুদ্ধ বা সংগ্রাম করে; সিপাহি; যুদ্ধকারী; রণকুশলী; সৈনিক। [স.]। **যোদ্ধবেশ** *বি* যুদ্ধকারীর পোশাক; সৈনিকের সাজ।

যোধ *বি* ১ যুদ্ধ; লড়াই; রণ। ২ যোদ্ধা; বীর।

যোনি *বি* ১ উৎপত্তিস্থান। ২ স্ত্রী–চিহ্ন; স্ত্রী–জননেন্দ্রিয়।

৩ জাতি; জন্ম। [স.]
যোয়ান *বি* এক প্রকার মসলা জাতীয় ক্ষুদ্র শস্য। [স. যমানী>]
যো সো করে *ক্রিবিণ* যেমন তেমন করে; যেমনভাবেই হোক না কেন; যে কোনো উপায়ে; কোনো রকমে।
যো-হুকুমের দল *বি* স্তাবকের দল; চাটুকারের দল।
যৌক্তিক *বিণ* ১ যুক্তিযুক্ত; যুক্তিসঙ্গত; যুক্তিসিদ্ধ। ২ প্রামাণিক। ৩ যুক্তিকারী। [স.]
যৌগ, যৌগিক *বি, বিণ* ১ রাসায়নিক প্রক্রিয়ায় একাধিক মৌলিক পদার্থ নির্দিষ্ট অনুপাতে সংযুক্ত হয়ে যে তৃতীয় নতুন পদার্থ সৃষ্টি করে তাকে যৌগ বা যৌগিক বলে; compound। ২ প্রকৃতি প্রত্যয় দিয়ে গঠিত শব্দ। ৩ মিশ্র; জটিল। ৪ যোগ সম্পর্কিত। [স.]। **যৌগিক ক্রিয়া** *বি* (ব্যা.) অসমাপিকা ক্রিয়ার সঙ্গে অন্য ক্রিয়াপদ যুক্ত হয়ে যে ক্রিয়াপদ গঠিত হয়।
যৌতুক *বি* বিবাহে বর-কনেকে যে সব মূল্যবান দ্রব্য দেওয়া হয়।
যৌথ *বিণ* ১ যুক্ত; একত্রীকৃত; মিলিত। ২ বহুজন মিলে একত্রভাবে কৃত; joint। [স.]। **যৌথকারবার** *বিণ* কয়েকজন মিলিতভাবে যে ব্যবসা করে।
যৌন *বিণ* ১ যোনি সম্পর্কিত; যোনিগত। ২ যোনিজাত; যোনি থেকে উদ্ভূত; sexual। ৩ স্ত্রী-পুরুষের বিবাহ-ঘটিত সম্বন্ধ। [স.]
যৌবন *বি* তরুণ বয়স; তরুণ অবস্থা; তারুণ্য; যুবা অবস্থা। [স.]। **যৌবন কন্টক** *বি* বয়স ফোঁড়া। **যৌবনবতী** *বি* যুবতী; তরুণী। **যৌবনভার** *বি* যৌবন-উদ্ভূত দেহের পুষ্টি; পূর্ণ বিকশিত। **যৌবন লক্ষণ** *বি* যৌবনসুলভ শারীরিক পরিবর্তন। **যৌবনসুলভ** *বিণ* যৌবনে বা তরুণ বয়সে যা স্বাভাবিক। **যৌবনাবস্থা** *বি* যৌবন প্রাপ্ত হয়েছে যে সময়ে; যৌবনকাল।
যৌবরাজ্য *বি* যুবরাজের পদ বা কার্য। [স.]

য়

য় য বর্ণের নিচে বিন্দু দিয়ে বাংলায় যে য়-বর্ণ করা হয়েছে তা ধ্বনিগত দিক দিয়ে সংস্কৃত য ধ্বনির অনুরূপ। য়-কে সাধারণত আলাদা বর্ণ হিসাবে গণ্য করা হয়। সাধারণ বর্ণানুক্রমে 'য়' পঁয়ত্রিশতম বর্ণ, তবে অভিধানের বর্ণানুক্রমে এটি 'য' বর্ণের পরে আসে। য়ুনানী, য়ুরোপ, য়ুসফ প্রভৃতি কতগুলো শব্দের আদিতে 'য়' বর্ণের প্রয়োগ হয়, তবে এসব স্থলে 'য়ু'-র পরিবর্তে 'ইউ'-র প্রয়োগও দেখা যায়।

র

র—বাংলা বর্ণমালার সাতাশতম ব্যঞ্জনবর্ণ।
রই *ক্রি* ১ রহি; থাকি। ২ বাস করি। [বা. √রহ>]
রইকাঠ *বি* পুকুর ইত্যাদির পানি পরিমাপক কাঠ।
রই-খাত *বি* পুকুরের মধ্যস্থ গভীর খাত। [স. রহ (থাকা)+বা.]
রইঘর *বি* ১ নৌকার ছই। ২ পুকুরের মধ্যস্থ গভীরতম গর্ত।
রইরই, রৈরৈ *বি* উচ্চ রব বা ধ্বনি; গোলমাল; চেঁচামেচি; চিৎকার; হল্লা; হৈচৈ; হৈহৈ।
রইস, রঈস *বি* ১ নেতা; অভিজাত; সম্ভ্রান্ত ব্যক্তি। ২ ধনী লোক। [আ. রইস]
রও *ক্রি* অপেক্ষা করো। [বা. √রহ>]
রওগন *বি* তেল। [ফা.]
রওনক *বি* গৌরব; সৌন্দর্য। [আ.]
রওজা, রওযা *বি* ১ উদ্যান। ২ সমাধি; কবর (মৃতের প্রতি সম্মান প্রদর্শনের জন্য রওজা শব্দটি ব্যবহার করা হয় (হজরত মুহম্মদ (সা.)-এর রওজা মুবারক)। [আ. রওযঃ--উদ্যান]
রওয়া *ক্রি* থাকা; রহা।
রওয়ানা, রওনা *বি* ১ যাত্রা; গমন। ২ প্রেরণ; পাঠানো। ☐ *বিণ* যাত্রার জন্য বহির্গত; প্রেরিত। [ফা.]
রওশন, রোশনাই, রৌশনি *বিণ* উজ্জ্বল; আলোকিত; পরিষ্কার। **রওশনি** *বি* ঔজ্জ্বল্য; আলোক; আলোকসজ্জা। [ফা. রওশন]
রওশন চৌকি, রোশন চৌকি *বি* শানাই ঢোল ও কাঁসি এই তিনের ঐকতান বাদ্য বা ওই ঐকতান; বাদকদল। [ফা.+হি]
রং রঙ *বিণ* বর্ণ। ☐ *বি* ১ রঞ্জন দ্রব্য; তেল-মিশ্রিত রঞ্জন দ্রব্য। ২ যে পদার্থ রঞ্জন কাজে ব্যবহৃত হয়; দেহবর্ণ; দেহের চামড়ার বর্ণ। ৩ যে পদার্থ রঞ্জন কাজে ব্যবহৃত হয়; দেহবর্ণ; দেহের চামড়ার বর্ণ। ৪ যে প্রকার বা চিহ্নের তাসকে যে বারের খেলায় প্রাধান্য দেওয়া হয়; trump; তুরুপ। ৫ ধরন। ৬ দীপ্তি; প্রভা; অতিরঞ্জন। ৭ মজা; কৌতুক হাস্যপরিহাস; ঠাট্টা। [স. রঙ্গ>]। **রংকানা** *বিণ* রং (বিশেষ করে লাল রং) বুঝতে পারে না এমন। **রংচং, রঙচঙে** *বি* নানাবিধ বা চিত্রিত বর্ণযুক্ত; বর্ণবিশিষ্ট। **রং তামাসা** *বি* কৌতুক; ফূর্তি; হাসি মশকরা। [ফা.]। **রংদার, রঙদার** *বিণ* রঙিন; রংযুক্ত। **রং বেরং, রঙ বেরঙ** *বি* ১ বিচিত্র বর্ণ। ২ নানা রং। ৩ বিবিধ ক্রীড়াকৌতুক ও আমোদপ্রমোদ। **রং ফলানো** *ক্রি* উজ্জ্বল রঙে রঞ্জিত করা; অতিরঞ্জিত করা। [স. রঙ্গ>; ফা. রঙ]
রংঢং, রংমহল *বি* ১ রঙ্গ-তামাশা। ২ আনন্দ-নিকেতন; প্রমোদগৃহ। **রংমহল** *বি* প্রমোদ গৃহ।
রংমশাল *বি* রঙিন আলোর মশাল।
রংরুট *বি* সামরিক পুলিশ ইত্যাদি বিভাগ বা বাহিনীতে নতুন শিক্ষানবিশ বা শিক্ষাদানের জন্য ভর্তি; রিক্রুট। [ই recruit]
রংরেজ, রংরেজি *বি* রংকারক; রঞ্জক। [ফা. রংরেজ]। রংরেজিনী *স্ত্রী*।
রক[১] *বি* রূপকথার বৃহৎ পক্ষীবিশেষ। [ফা.]
রক[২], **রোয়াক** *বি* গৃহসংলগ্ন পাকা বাঁধানো স্থান। [আ. রিওয়াক]
রকদস্তি *বি* জমির চতুঃসীমার বিবরণ। [ফা.]
রকম *বি* ১ মতো; প্রকার। ২ ধরন; নীতি; ভঙ্গি। ☐ *বিণ*

প্রায় অনেকটা। [আ. রকম]। **রকম রকম** *বিণ* নানা রকমের; হরেক রকম। **রকমারি, রকমওয়ারি** *বিণ* নানা প্রকার; বিভিন্ন ধরনের; বিচিত্র। ☐ *ক্রিবিণ* দফায় দফায়। **রকমফের** *বিণ* একই বস্তু বা বিষয়ের ভিন্নরূপ। **রকম সকম** *বি* ভাবভঙ্গি; চালচলন; হাবভাব।

রকেট *বি* ক্ষেপণাস্ত্র; হাউই; বিজ্ঞানের আধুনিক অবদান যুদ্ধাস্ত্রবিশেষ। [ই. rocket]

রক্ত *বি* শোণিত; রুধির দেহে শিরা ধমনী প্রভৃতিতে প্রবাহিত শ্বেত ও লালকণিকায় প্রস্তুত তরল পদার্থ। ☐ *বিণ* ১ রক্তবৎ লাল বর্ণবিশিষ্ট; রক্তিম; রাঙা; লাল। ২ রঞ্জিত; রংযুক্ত। ৩ আসক্ত; অনুরক্ত; সংসক্ত। [স. √রঞ্জ্+ত]। **রক্ত আঁখি** *বি* ক্রোধে লাল চাখ; কোপদৃষ্টি। ☐ *বিণ* লাল বর্ণের চক্ষুযুক্ত। **রক্তক** *বিণ* রক্তিম; লালচে; রক্তবর্ণ। **রক্তকমল** *বি* ১ রক্তবর্ণ পদ্ম; কোকনদ। **রক্তকরবী** *বি* ১ লাল বর্ণ করবী ফুল। ২ রবীন্দ্রনাথের নাটকের নাম। **রক্তক্ষয়ী** *বিণ* বহু ব্যক্তি হতাহত হয় এমন (রক্তক্ষয়ী যুদ্ধ)। **রক্তগঙ্গা** *বি* ১ রক্তের নদী (১৯৭১-এ পাকিস্তানি হানাদার বাহিনী বাংলাদেশে রক্তগঙ্গা বইয়ে দেয়); রক্তের স্রোত। ২ সুপ্রচুর রক্তপাত; প্রচুর হত্যা; খুনাখুনি। **রক্তগরম** *বিণ* উত্তেজিত; ক্রুদ্ধ; রাগান্বিত। **রক্তচন্দন** *ক্রি* উত্তেজিত হওয়া বা করা; ক্রুদ্ধ হওয়া। **রক্তচন্দন** *বি* লাল রঙের চন্দন কাঠ। **রক্তচূর্ণ** *বি* লালবর্ণ গুঁড়া; সিন্দুর। **রক্তচোষা** *বিণ* রক্ত চুষে খায় এমন। **রক্তজিহ্বা** *বিণ* রক্তজিহ্বাবিশিষ্ট। ☐ *বি* সিংহ। **রক্তদুষ্টি, রক্তদোষ** *বি* দেহের রক্তের বিকার; রক্ত বিকৃত বা খারাপ হয়ে যায় যে ব্যাধিতে। **রক্তনদী** *বি* রক্তের নদী। **রক্তনিশান** *বি* লালবর্ণ ধ্বজা বা পতাকা। **রক্তনেত্র** *বিণ* লাল চোখ; রক্তবর্ণ চক্ষু যার। **রক্তপ, রক্তপায়ী**(-য়িন) *বিণ* রক্তপান করে এমন; রক্তপানকারী। ☐ *বি* রাক্ষস। **রক্তপা** *বি, বিণ স্ত্রী.* রাক্ষসী। ☐ *বি, বিণ* জোঁক। **রক্তপড়া** *বি* শরীরের কোনো ক্ষত থেকে রক্ত বের হওয়া। **রক্তপল্লব** *বি* অশোক গাছ। **রক্তপাত** *বি* আঘাত করে রক্ত ঝরানো; রক্তপড়া; অস্ত্রাঘাতে হত্যা। **রক্তপিণ্ড** *বি* জমাট রক্ত; রক্তের ঢেলা। **রক্তপিত্ত** *বি* পিত্তবিকারজনিত দূষিত রক্তের প্রাচুর্য; রক্তবমন। **রক্তপিপাসা** *বি* খুন বা হত্যা করবার উন্মাদ বাসনা। **রক্তপ্রদর** *বি* রক্তস্রাবযুক্ত স্ত্রীরোগবিশেষ। **রক্তফল** *বি* বটবৃক্ষ। **রক্তফলা** *বি* তেলাকুচার গাছ। **রক্তবমন** *বি* রক্তবমি। **রক্তবাহী**(-হিন্) *বিণ* রক্তস্রোত প্রবাহিত হয় এমন; রক্তবাহক। **রক্তবীজ** *বি* দাড়িম্ব; ডালিম; রক্তবীজ নামের অসুর; যার দেহনিঃসৃত প্রতিবিন্দু বা ফোটা রক্ত থেকে নতুন এক অসুর জন্মে। **রক্তবীজের ঝাড় বা বংশ**—(আল.) যার বা যে বংশের বা দলের ধ্বংস নেই বৃদ্ধি আছে। **রক্তভাঙা** *বি* জরায়ু থেকে অতিরিক্ত রক্তস্রাব হওয়া। **রক্তমাংসের শরীর** (আল.) জীবদেহ; মানুষের শরীর—যার পক্ষে উত্তেজনাদি স্বাভাবিক। **রক্তমোক্ষণ** *বি* চিকিৎসার জন্য অস্ত্রোপচারে শোণিত নিষ্কাশন। **রক্তলোচন** *বিণ* চক্ষু লাল এমন। **রক্তশোষণ** *বি* চুষে রক্তপান। **রক্ত শুষে নেওয়া** *ক্রি* (আল.) সর্বস্ব আত্মসাৎকরণ। (মহাজন কর্তৃক খাতকের রক্তশোষণ)। **রক্তস্রাব** *বি* শরীর থেকে অধিক রক্তপাত। **রক্তস্রোত** *বি* রক্তের প্রবাহ। **রক্তস্বল্পতা, রক্তাল্পতা** *বি* রক্তের লাল কণিকার ভাগ কমে যাওয়া; anaemia। [স. রক্ত+অল্পতা]। **রক্তহীন** *বিণ* রক্তশূন্য; পাণ্ডুর। ☐ *বি* পাণ্ডুরোগগ্রস্ত। **রক্তাক্ত** *বিণ* রক্তে মাখা; রক্তরঞ্জিত। **রক্তাতিসার** *বি* যে পেটের অসুখে রক্তস্রাব হয়; আমাশয় রোগ; dysentry। [স. রক্ত+অতিসার]। **রক্তাধিক্য** *বি* শরীরে রক্তের আধিক্য। [স. রক্ত+আধিক্য]। **রক্তাভ** *বি* লাল আভাযুক্ত (রক্তাভ আকাশ)। **রক্তাম্বর** *বি* লাল বর্ণের কাপড়। [স. রক্ত+অম্বর]। **রক্তারক্তি** *বি* রক্তের ছড়াছড়ি; খুনাখুনি। **রক্তি** *বি* আসক্তি; অনুরাগ। **রক্তিম** *বিণ* লাল আভাযুক্ত; লালচে। **রক্তিমা** *বি* রক্ত বর্ণতা। **রক্তের অক্ষরে/ আখরে (রক্তাক্ষরে) লেখা** *বি* ১ কালির পরিবর্তে রক্ত দিয়ে লেখা। ২ (আল.) বহুজীবন নাশ ও ভয়াবহ রক্তপাতের কাহিনীপূর্ণ ইতিহাস। ☐ *ক্রি* ঐরূপ ইতিহাস রচনা করা। **রক্তোৎপল** *বি* লাল পদ্ম; কোকনদ। [স. রক্ত+উৎপল]

-রক্তি *বি* ১ অনুরাগ; আসক্তি (অনুরক্তি)। ২ কুঁচ। ৩ রতি।

রক্ষ[১] *বি* রক্ষা। ☐ *বিণ* রক্ষক; রক্ষাকর্তা। [স. √রক্ষ্+আ]

রক্ষ[২] *ক্রি* রক্ষা করো; বাঁচাও। [স.]

রক্ষ[৩] *বি* রাক্ষস (তুমি রক্ষঃকুল-হন্তা জানকী জীবন—বৃন্দাবন)। [স. √রাক্ষ্+অস]। **রক্ষঃকুল** *বি* রাক্ষস বংশ। **রক্ষঃপুরী** *বি* রাক্ষস-আবাস; লঙ্কানগরী।

রক্ষক *বিণ* রক্ষাকর্তা; ত্রাণকর্তা; বিপদ থেকে রক্ষাকারী; তত্ত্বাবধায়ক; রক্ষী; প্রহরী; বজায় রাখে বা রক্ষা করে এমন (বংশ রক্ষক)। [স.]। **রক্ষিকা** *স্ত্রী.*।

রক্ষণ *বি* রক্ষাকরণ; রক্ষা; রাখা; বজায় রাখা; পালন; তত্ত্বাবধান। ☐ *বিণ* রক্ষক। [স.]। **রক্ষণশীল** *বিণ* গোঁড়া; প্রাচীনপন্থি; পরিবর্তনবিরোধী; conservative। **রক্ষণাবেক্ষণ** *বি* রক্ষা ও পালন; দেখাশুনা। **রক্ষণীয়** *বিণ* রক্ষণযোগ্য; রক্ষা করবার উপযুক্ত বা যোগ্য; পালনীয়। **রক্ষয়িতা** *বিণ* রক্ষাকারী; পরিত্রাতা। [স.]। **রক্ষয়িত্রী** *স্ত্রী.*।

রক্ষা[১] *বি* ১ উদ্ধার; পরিত্রাণ; হেফাজত। ২ নিস্তার; অব্যাহতি; মুক্তি। ৩ সংরক্ষণ; পালন; বিপন্ন হতে না দেওয়া। ৪ পাহারা; guard। [স.]। **রক্ষাকবচ** *বি* বিপদ থেকে রক্ষা পাবার জন্য ধারণীয় মন্ত্রপূত কবচ; তাবিজ। **রক্ষাকালী** *বি* রোগ মহামারী প্রভৃতি থেকে পরিত্রাণকারিণী; হিন্দুদের কালীমূর্তি। **রক্ষাগৃহ** *বি* সূতিকাগৃহ। **রক্ষামন্ত্র** *বি* বিপদ ত্রাণকারী মন্ত্র; রক্ষার উপায়। **রক্ষিত** *বিণ* রাখা হয়েছে এমন; ত্রাত; পরিত্রাত; লালিত; গচ্ছিত; আমানতকৃত। ☐ *বি* (হিন্দুসমাজে) উপাধিবিশেষ।

রক্ষা[২] *ক্রি* (পদ্যে) রক্ষা করা। [স. √রক্ষ্>]

রক্ষিক *বি, বিণ* রক্ষী; নগরপাল। [স.]

রক্ষিতা *বিণ* ১ পালিতা। ২ উপপত্নী। [স.]

রক্ষী(-ক্ষিন্) *বি, বিণ* ১ রক্ষক। ২ প্রহরী; guard। [স.]। **রক্ষিণী** *স্ত্রী.*। **রক্ষিসৈন্য** *বি* যে সৈন্যদল আক্রমণাদি থেকে রক্ষা করে। **দেহরক্ষী**(-ক্ষিন্) *বি* যে ব্যক্তি বেতনের বিনিময়ে রাজা মন্ত্রী প্রভৃতিকে আক্রমণাদি থেকে রক্ষা করে; bodyguard।

রক্ষ্য *বিণ* রক্ষণীয়; রক্ষণযোগ্য; রক্ষ্যা। [স. √রক্ষ্+য]। **রক্ষ্যা** *স্ত্রী.*।

রগ *বি* শিরা; ললাটের পার্শ্বদেশ; কপালের উভয় দিকের শিরা। [ফা. রগ]

রগড়[১] *বি* মজা; কৌতুক; রঙ্গ; তামাশা। [স. রঙ্গ>]। **রগুড়ে** *বিণ* রঙ্গপ্রিয়; কৌতুককারী; রঙ-তামাশা করতে দক্ষ।
রগড়[২] *বি* ১ ঢক্কাদিতে কাঠির ঘর্ষণ বা আঘাত। ২ মর্দন; ডলন; পেষণ। [হি.]
রগড়া *বি* পেষণ; মর্দন; ঘর্ষণ। [হি.]। **রগড়ানো** *ক্রি* ঘষা; ঘর্ষণ করা; পেষণ বা মর্দন করা। **রগড়ারগড়ি** *বি* ১ পরস্পর রগড়ানি; ক্রমাগত ঘষাঘষি। ২ (আল.) দর কষাকষি; নানা বিষয়ে বোঝাপড়া; কোনো কিছু সম্পর্কে অত্যধিক আলোচনা।
রগরগ *অব্য* উজ্জ্বলতা প্রকাশক; বর্ণে উগ্রভাব-ব্যঞ্জক। **রগরগে** *বিণ* তৈলাক্ত; তেল চকচকে; উগ্রবর্ণ; গাঢ় চকচকে লাল রং। [ফা.]
রঘু *বি* হিন্দু পুরাণোক্ত রামচন্দ্রের প্রপিতামহ সূর্য-বংশের রাজা। **রঘুকুল** *বি* রঘুর বংশ। **রঘুকুলতিলক** *বি* রঘুবংশের শ্রেষ্ঠ ব্যক্তি অর্থাৎ রামচন্দ্র। **রঘুকুলপতি, রঘুনন্দন, রঘুনাথ, রঘুপতি, রঘুবর, রঘুমণি, রঘুশ্রেষ্ঠ** *বি* রামচন্দ্র। **রঘুবংশ** *বি* ১ রঘুকুল। ২ কালিদাসের প্রসিদ্ধ কাব্যগ্রন্থ। [স.]
রঙ *বি* ১ বর্ণ (লাল রং)। ২ রঞ্জন দ্রব্য। [স. রঙ্গ>রঙ; ফা. রঙ]
রঙচঙ, রঙমহল *বি* ১ রঙ্গ-তামাশা; হাবভাব। ২ আনন্দ-নিকেতন; প্রমোদগৃহ। **রঙ-চঙ্গ** *বি* কৌতুক ও আমোদ; আমুদে/কৌতুকপ্রিয় লোক।
রঙানো *ক্রি* রঞ্জিত করা; ছোপানো। ❑ *বি, বিণ* উক্ত অর্থে।
রঙিয়া, রঙ্গিয়া *বি, বিণ* রসিক; আমুদে।
রঙিলা, রঙ্গিলা *বিণ* ১ রঙিলা। ২ রঙ্গপ্রিয়; কৌতুককারী; আমোদপ্রিয়। [হি.]
রঙ্কু *বি* এক প্রকারের হরিণ; এক শ্রেণীর বিচিত্র বর্ণের মৃগ। [স. √রম্+উ (নিপাতনে)]
রঙ্গ[১] *বি, বিণ* রং। ❑ *বি* ১ রঞ্জক দ্রব্য; dye। ২ সোহাগা। ৩ রাং; ধাতু। ৪ খদিরসার। ৫ টিন।
রঙ্গ[২] *বি* ১ নাট্য; নৃত্যগীত; অভিনয়াদি। ২ ক্রীড়া প্রতিযোগিতা; দ্বন্দ্বযুদ্ধ। ৩ অস্বাভাবিক হাবভাব বা ভঙ্গি। ৪ নাট্যশালা। ৫ রণক্ষেত্র; মল্লভূমি; যে স্থানে ব্যায়াম প্রদর্শন করা হয়। ৬ পরিহাস; কৌতুক; তামাশা (রঙ্গ করা)। ৭ রগড়; মজা (রঙ্গ দেখা)। ৮ আনন্দ; লীলা; আমোদ (রঙ্গে মাতা)। [ফা. রংগ]। **রঙ্গচিঙ্গা** *বি* ১ যে সব ছেলেছোকরা রঙ্গ দেখতে ভালবাসে। ২ চেঙড়া ছেলে। **রঙ্গজ** *বি* সিন্দুর। **রঙ্গঢঙ্গ, রঙঢঙ, রংঢং** *বি* ১ রঙ্গতামাশা। ২ হাবভাব। **রঙ্গদার** *বিণ* রঙিন; মজাদার। **রঙ্গপ্রিয়** *বিণ* কৌতুকপ্রিয়। **রঙ্গপ্রিয়তা** *বি* কৌতুকানুরাগ; তামাশার প্রতি আসক্তি। **রঙ্গভঙ্গ** *বি* রং-তামাশা; রগড়; কৌতুকজনক অঙ্গভঙ্গি। **রঙ্গমহল, রঙমহল** *বি* ১ আনন্দ-নিকেতন; প্রমোদগৃহ। ২ মুসলমান বাদশাহদের বিলাসগৃহ বা অন্তঃপুর। [ফা. রঙ+আ. মহল]। **রঙ্গরস** *বি* হাস্যকৌতুক; আমোদপ্রমোদ।
রঙ্গক *বি* রঞ্জক পদার্থ; অদ্রবণীয় রং; অদ্রাব্য রং; pigment। [স.]। **রঙ্গকার, রঙ্গকারক** *বি* ১ রঞ্জক; রংরেজ। ২ চিত্রকর। [স.]
রঙ্গন *বি* ১ চিত্রকরণ; অঙ্কন। ২ এক প্রকার ফুল।
রঙ্গভূমি *বি* ১ নাট্যশালা; প্রেক্ষাগৃহ। ২ যুদ্ধক্ষেত্র; ক্রীড়া প্রতিযোগিতার স্থান; কুস্তির আখড়া; খেলার মাঠ।
রঙ্গমঞ্চ *বি* অভিনয়যোগ্য মঞ্চ; stage। **রঙ্গশালা** *বি* অভিনয় গৃহ; পেক্ষাগৃহ; থিয়েটার। **রঙ্গস্থল, রঙ্গভূমি, রঙ্গালয়** *বি* নাট্যশালা; প্রেক্ষাগৃহ; থিয়েটার।
রঙ্গা, রঙা *বিণ* বর্ণযুক্ত (পাঁচরঙ্গা)। **রঙ্গানো, রঙানো** *ক্রি* রঞ্জিত করা; ছোপানো। ❑ *বি, বিণ* উক্ত অর্থে।
রঙ্গিণী *বিণ স্ত্রী.* রঙ্গরসিক; রঙ্গপ্রিয় নারী; লীলাময়ী বেশধারিণী (রণরঙ্গিণী)।
রঙ্গিয়া, রঙিয়া *বিণ* (পদ্যে) রসিক; তামাশাপ্রিয়।
রঙ্গিলা[১], **রঙিলা**[১] *বিণ* রঙিন।
রঙ্গিলা[২], **রঙিলা**[২] *বিণ স্ত্রী.* রঞ্জিতা; রাঙা (রঙ্গিলা গাই, রঙ্গিলা শাড়ি)।
রঙ্গিলা[৩] *বিণ* রঙ্গপ্রিয়; কৌতুককারী; আমোদপ্রিয়। [হি.]
রঙ্গীন, রঙিন *বিণ* ১ রঞ্জিত; রঙবিশিষ্ট। ২ বিচিত্র বর্ণে রঞ্জিত বা শোভিত। [ফা. রংগীন]।
রচক *বি* রচনাকারী; রচয়িতা; প্রণেতা। [স. √রচ্+ণিচ্+অক]
রচন *বি* রচনাকরণ; প্রণয়ন। [স. √রচ্+ণিচ্+অন]
রচনা *বি* ১ নির্মাণ; প্রস্তুতকরণ; রচন। ২ গঠন; বিন্যাস; সাজানো; গ্রন্থন। ৩ সৃষ্টি; সৃজন (বিশ্ব-রচনা)। ৪ রচিত পদার্থ; নির্মিত বস্তু। ৫ প্রবন্ধাদি। [স. √রচ্+ণিচ্+অন+আ]। **রচনাকৌশল, রচনা-প্রণালী, রচনা-পদ্ধতি** *বি* নির্মাণ-কৌশল; রচনার বিশেষ প্রণালী বা ধারা। **রচনাশৈলী** *বি* রচনার বিশিষ্ট ভঙ্গি; style।
রচনীয় *বিণ* রচনা করতে হবে এমন; রচনাযোগ্য। [স. √রচ্+ণিচ+অনীয়]
রচয়িতা *বি, বিণ* ১ রচনাকরী; প্রণেতা (বইটির রচয়িতা)। ২ নির্মাণকর্তা; নির্মাতা; স্রষ্টা (বিশ্বরচয়িতা)। **রচয়িত্রী** *স্ত্রী.*। [স. √রচ্+ণিচ্+তৃ]।
রচা *ক্রি* ১ রচনা করা। ২ নির্মাণ করা; তৈরি করা। ৩ সৃষ্টি করা। ❑ *বিণ* নির্মিত; কল্পনা-সৃষ্ট; তৈরি। ❑ *বি* রচনা। [স. √রচ্+বা. আ]
রচিত *বিণ* ১ রচনা করা হয়েছে এমন। ২ নির্মিত; গঠিত। ৩ গ্রথি। ৪ কৃত। [স. √রচ্+ণিচ্+তা]
রজঃ, রজ *বি* ১ ধূলি; রেণু (পদরজ)। ২ পরাগ; পুষ্পরেণু। ৩ নারীর মাসিক ঋতুস্রাব বা রক্তস্রাব। ৪ প্রকৃতির তিনটি গুণের দ্বিতীয়টি (রজোগুণ)। ৫ পাপ। [স. √রন্‌জ্+অ/অস]। **রজঃকণা** *বি* ধূলি। **রজঃপটল** *বি* ধূলিজাল।
রজঃস্বলা *বিণ স্ত্রী.* ঋতুমতী; পুষ্পবতী। [স. রজস্+বল+আ]
রজোগুণ *বি* প্রকৃতির ত্রিবিধ গুণের মধ্যমটি যার প্রভাবে দ্বেষ অহঙ্কারাদি জন্মে।
রজোদর্শন *বি* স্ত্রীলোকের প্রথম ঋতুস্রাব বা রক্তস্রাব।
রজক *বি* ১ ধোপা। ২ রংকারক; রঞ্জক। [স. √রন্‌জ্+অক]। **রজকী** *স্ত্রী.*।
রজত *বি* রৌপ্য; চান্দি। ❑ *বিণ* সাদা। [স. √রঞ্জ্+অত]। **রজতকান্তি** *বিণ* রুপার মতো সুন্দর ও সাদা; শ্বেতশুভ্র; সৌন্দর্যমণ্ডিত। **রজতগিরি** *বি* (শুভ্র তুষারাচ্ছন্ন বলে) কৈলাস পর্বত। **রজতজয়ন্তী** *বি* পঁচিশ বছর পূর্তি উৎসব। **রজতবর্ণ** *বিণ* রুপার মতো শুভ্র; উজ্জ্বল রংযুক্ত। **রজতবর্ণা** *স্ত্রী.*। **রজতশুভ্র** *বিণ* রুপার ন্যায় সাদা (পাহাড়ের গায়ে দৃশ্যমান মনোমুগ্ধকর রজতশুভ্র জলপ্রপাত—মুর্তজা)।

রজনী, রয়নী(আঞ্চলিক) *বি* রাত্রি; রাত; নিশা; যামিনী। [স. √রজ্+অনি+ঈ]। **রজনীকান্ত, রজনীনাথ** *বি* চন্দ্র। **রজনীগন্ধা** *বি* অতি সুগন্ধ এক প্রকার সাদা ফুল। **রজনীহাস** *বি* শেফালিকা।

রজ্জু *বি* ১ দড়ি; রাশি। ২ বন্ধনী। **রজ্জুবদ্ধ** *বি* যে বা যা দড়ি দিয়ে বাঁধা আছে। **রজ্জুবদ্ধা** *বিণ স্ত্রী*। **সর্পে রজ্জুভ্রম**—নিশ্চল সাপকে রজ্জু বলে ভুল করা।

রঞ্জক[১] *বিণ* ১ রঞ্জনকারী; বস্ত্রাদির রংকারক। ২ অনুরাগজনক। ৩ প্রীতিকর; আনন্দদায়ক। ◻*বি* রঞ্জন দ্রব্য; রং করার সামগ্রী। [স. √রঞ্জ্+ণিচ্+অক]। **রঞ্জিকা** *বিণ স্ত্রী*। **রঞ্জনী** *বি* আনন্দদায়িনী। **রঞ্জিত** *বিণ* ১ রং করা হয়েছে এমন। ২ সন্তোষিত। ৩ রংবিশিষ্ট। **রঞ্জিতা** *বিণ স্ত্রী*।

রঞ্জক[২] *বি* বারুদ। **রঞ্জকঘর** *বি* ১ বারুদ ঘর। ২ কামান–বন্দুকাদির আগুন দেবার মুখ বা ছিদ্র।

রঞ্জন *বি* ১ রংকরণ; ছোপানো। ২ তুষ্টি সম্পাদন; আনন্দপ্রদান (মনোরঞ্জন)। ◻*বিণ* প্রীতিদায়ক; আনন্দজনক। [স. √রঞ্জ্+ণিচ্+অন]

রঞ্জনরশ্মি *বি* (বৈ.) যে আলোকরশ্মি অভেদ্য বস্তু ভেদ করতে পারে। C. W. Röntgen ১৮৯৫ খ্রিস্টাব্দে রঞ্জনরশ্মি বা X-Ray আবিষ্কার করেন। [ই. Röntgen Rays]

রঞ্জন *ক্রি* (পদ্যে) রঞ্জিত করা।

রঞ্জী(–ঞ্জিন্) *বিণ* রঞ্জন করে এমন রঞ্জক। [স. √রঞ্জ্+ইন]। **রঞ্জিনী** *বিণ স্ত্রী*।

রটন, রটনা *বি* ১ প্রচার (কুৎসা রটানো); ঘোষণা। ২ জ্ঞাপন; কথন। ৩ খ্যাতি; প্রসিদ্ধি। **রটিত** *বিণ* ১ প্রচারিত। ২ খ্যাত। ৩ কথিত। [স. √রট্+অন+আ]

রটা *ক্রি* প্রচারিত; ঘোষিত বা রাষ্ট্র হওয়া; বলা; প্রচার বা ঘোষণা বা জ্ঞাপন করা। [স. √রট্+বা. আ]।

রটানো *ক্রি* ১ প্রচার বা জ্ঞাপন বা রটনা করা। ২ (মন্দ অর্থে) রাষ্ট্র করা। ৩ প্রার্থনা করা।

রটিত *বিণ* ১ প্রচারিত। ২ খ্যাত। ৩ কথিত। [স. √রট্+ত]

রড *বি* ১ লৌহদণ্ড। ২ ডাণ্ডা। [ই. rod]

রড় *বি* দৌড়; ছুট; পলায়ন [প্রা–বা ও আঞ্চলিক শব্দ; রড়>লড়>লড়+আই=লড়াই। তাড়িয়ে নেওয়া = বিপক্ষ তাড়ানো=যুদ্ধ। রড়>লড়>নড়>নড়া=সরে যাওয়া; সরিয়ে দেওয়া]

রণ *বি* ১ যুদ্ধ; সংগ্রাম; সমর; জঙ্গ; লড়াই। ২ শব্দ; রব; ধ্বনি। [স. √রণ্+অ]। **রণকুশল** *বিণ* সংগ্রামপটু; যুদ্ধে পারদর্শী; যুদ্ধবিদ্যায় নিপুণ। **রণ–কৌশল** *বি* সমরকৌশল; যুদ্ধবিদ্যা; রাজনীতি ইত্যাদি ক্ষেত্রে লক্ষ্য অর্জনের জন্য অবলম্বিত কৌশল। **রণক্ষেত্র, রণস্থল** *বি* যুদ্ধক্ষেত্র। **রণতরঙ্গ** *বি* যুদ্ধরূপ তরঙ্গ; যুদ্ধের ঢেউ। **রণদুর্মদ** *বিণ* যুদ্ধোন্মত্ত; যুদ্ধের আনন্দে অধীর। **রণনীতি** *বি* যুদ্ধ সংক্রান্ত নীতি। **রণপতি** *বিণ* যুদ্ধকুশল। **রণবেশ** *বি* সৈনিকের বেশ। **রণভঙ্গ** *বি* লড়াইয়ের ময়দান বা যুদ্ধক্ষেত্র থেকে পলায়ন। **রণমত্ত** *বিণ* যুদ্ধোন্মত্ত। **রণযাত্রা** *বি* যুদ্ধযাত্রা; যুদ্ধ করার জন্য গমন; অভিযান। **রণরঙ্গিণী** *বিণ স্ত্রী* রণমত্তা; রণোন্মত্তা; যুদ্ধপ্রিয় নারী। **রণসজ্জা, রণসাজ** *বি* রণবেশ।

রণন *বি* ১ শব্দকরণ। ২ ঝংকার; ঝনৎকার। **রণিত** *বিণ* ১ শব্দিত; ধ্বনিত। ২ ঝংকৃত। ◻*বি* শব্দ; ধ্বনি। [স. √রণ্+অন]

রণরণ, রণরণি⟹রনরন, রনরনি।

রণাঙ্গন *বি* রণক্ষেত্র; যুদ্ধক্ষেত্র; রণস্থল। [স. রণ+অঙ্গন]

রণিত *বিণ* শব্দিত; ধ্বনিত। [স. √রণ্+ত]

রণ্ড *বিণ* বন্ধ্যা; সন্তান হয় না এমন। ◻*বি* যে বৃক্ষের বা লতার ফল বা পুষ্প হয় না; ফলহীন বৃক্ষ। ◻*বিণ* ১ আশ্রয়হীন। ২ ধর্মবিহীন। ৩ বিপত্নীক। [স. √রম্+ড]

রণ্ডা *বিণ স্ত্রী* ১ বিধবা; পতিহীনা; রাঁড়। ২ বন্ধ্যা। ৩ বেশ্যা; গণিকা। [স. √রণ্+ড+আ]

রত *বিণ* ১ আসক্ত (ভোগরত)। ২ নিযুক্ত; লিপ্ত (পাঠরত, কর্মরত)। ◻*বি* রতি; রমণ। [স. √রম্+ত]। **রতা** *স্ত্রী*।

রতন *বি* রত্ন। **রতনচুর, রতনচূর** *বি* হাতের অলঙ্কারবিশেষ। **রতনে রতন চেনে**—অসৎ লোক অসৎ লোককে সহজে চিনতে বা বুঝতে পারে। **যতনে রতন মেলে**—পরিশ্রম শুভফল দান করে। [স. রত্ন>রতন (স্বরাগমে)]

রতি[১] *বি* ১ হিন্দুপুরাণোক্ত মদনের পত্নী। ২ মৈথুন; রমণ। ৩ আসক্তি; প্রেম; অনুরাগ। ৪ আকুলতা; ব্যগ্রতা; গভীর আসক্তি। [স. √রম্+তি]। **রতিপতি, রতিকান্ত** *বি* কন্দর্প; মদন। **রতিশক্তি** *বি* মৈথুনের বা রমণের ক্ষমতা।

রতি[২], **রত্তি** *বি* $\frac{১}{৯৬}$ তোলা বা এক কুঁচ ওজন। ◻*বিণ* এক কুঁচের সমান ওজনের। [স. রক্তিকা (কুঁচ), রক্তি>]। **একরতি, একরত্তি** *বিণ* ১ একটি কুঁচের সমান ওজনবিশিষ্ট। ২ অতি সামান্য; বিন্দুমাত্র। ৩ খুব ছোট (একরত্তি মেয়ে)।

রত্ন *বি* ১ মণি–মুক্তাদি; জওহর; জহরত। ২ বহুমূল্য দ্রব্যাদি। ৩ (আল.) শ্রেষ্ঠ বা উৎকৃষ্ট ব্যক্তি বা বস্তু। **রত্নখচিত** *বিণ* মণি–মুক্তাদি বসানো। **রত্নগর্ভ** *বি, বিণ* যার মধ্যে রত্ন আছে। ◻*বি* সমুদ্র। **রত্নগর্ভা** *বিণ স্ত্রী* ১ (আল.) সুসন্তানের জননী; গুণবান সন্তানের জননী। ২ (বিদ্রূপে) কুসন্তানের জননী। ৩ পৃথিবী। [স.]। **রত্নগিরি** *বি* সুমেরু পর্বত। **রত্নদ্বীপ** *বি* প্রবাল দ্বীপ; যে দ্বীপে রত্ন আছে; treasure island। **রত্নপ্রভা** *বি* মণিমানিক্যাদির দীপ্তি। ◻*বিণ স্ত্রী* রত্নের মতো দীপ্তিময়ী। **রত্নপ্রসবিনী, রত্নপ্রসবিত্রী, রত্নপ্রসূ** *বিণ* ১ রত্নপ্রসবকারিণী; রত্নগর্ভা। ২ (আল.) সুসন্তানবতী গুণবান সন্তানের জননী। **রত্নবণিক** *বি* মণিমুক্তার ব্যবসায়ী; মণিকার; জহুরি। **রত্নময়** *বিণ* রত্ন দিয়ে নির্মিত; রত্নপূর্ণ; জড়োয়া। **রত্নময়ী** *বিণ স্ত্রী*। **রত্নাকর** *বিণ* রত্নের খনি। ◻*বি* ১ সমুদ্র। ২ মহর্ষি বাল্মীকির পূর্বনাম (দস্যু রত্নাকর)। **রত্নাবলী** *বি* ১ রত্নসমূহ। ২ রত্নহার। ৩ একটি সংস্কৃত নাটকের নাম। **রত্নাভরণ, রত্নালঙ্কার, রত্নালংকার** *বি* রত্ন দিয়ে প্রস্তুত অলঙ্কার; জড়োয়া গহনা।

রথ *বি* ১ চক্রযুক্ত যান; গাড়ি; শকট। ২ প্রাচীন অশ্বাদি–বাহিত যান। ৩ প্রাচীন যুদ্ধ–শকট বা যান। ৪ হিন্দুদেবতা জগন্নাথের যান (ধামরাইয়ের রথ–যাত্রা)। ৫ যেকোনো ধরনের গাড়ি (বাষ্পীয় রথ)। ৬ বিমান; আকাশযান (পুষ্পরথ)। [স. √রম্+থ]। **রথচক্র, রথাঙ্গ** *বি* রথের চাকা। **রথ টানা** *ক্রি* হিন্দু উৎসব রথযাত্রার ভক্তদের রজ্জুবদ্ধ রথটানা। **রথদেখা ও কলাবেচা** (আল.) একই সঙ্গে উপভোগ ও অর্থোপার্জন। **রথযাত্রা** *বি* আষাঢ় মাসের

শুক্লা দ্বিতীয়া তিথিতে হিন্দু উৎসববিশেষ; হিন্দুদেবতা জগন্নাথের রথ-ভ্রমণ উৎসব।
রথী(-থিন্) *বি* ১ রথারোহী। ২ যে ব্যক্তি রথে আরোহণ করে যুদ্ধ করে। ৩ যোদ্ধা। ৪ (আল.) বীরপুরুষ; সাহসী বা যুদ্ধপটু ব্যক্তি; বিশিষ্ট জন (রথী মহারথী)। [স. রথ+ইন]
রদ[১] *বিণ* খারিজ মকুফ; মওকুফ; রহিত; বন্ধ; বর্জিত; প্রত্যাহৃত; পরিবর্তিত; বদল (হুকুম রদ করা বা হওয়া)। ❑*বি* খণ্ডন; রহিতকরণ; বন্ধ; বর্জন। [আ. রদ্দ]। **রদবদল** *বি* পরিবর্জন ও পরিবর্তন; অদলবদল; উল্টাপাল্টা। [আ. রদ+বদল]
রদ[২], **রদন** *বি* দাঁত। [স. √রদ্+অ/অন]। **রদী**[১](-দিন্); **রদনী** *বি* দন্তী; হাতি; দ্বিরদ।
রদি, রদ্দি *বিণ* ১ নিকৃষ্ট; খারাপ। ২ অব্যবহার্য; খারিজ; অচল। [আ. রদ্দী]। **রদ্দিমাল** *বি* নিকৃষ্ট জিনিস; বাজে জিনিস। **রদ্দি-জবাব, রদ্দি জবাব** *বি* (আদালতের ভাষা) জবাবের খণ্ডন; উত্তরের প্রত্যুত্তর; rejoinder।
রদ্দা *বি* ১ (বাহু দিয়ে ঘাড়ে) ঘুষি মারা বা চপেটাঘাত। ২ গলাধাক্কা প্রদান (রদ্দা দেওয়া)। ৩ ফালা কাঠের তকক্তা; খণ্ড। ৪ ঘর্ষণ; রগড়ানো। ৫ সারি (পাঁচ রদ্দা গাঁথনি)। [আ. রদ্দী; হি. রদ্দ; ফা. রন্দা]
রনপা *বি* দীর্ঘ লাঠিবিশেষ যার উপর চড়ে দ্রুত চলা যায়।
রনরন, রনরনি *অব্য* ১ যুদ্ধাস্ত্রের ঘাত-প্রতিঘাতের শব্দ। ২ অলঙ্কারের শিঞ্জন।
রন্ধন *বি* রান্না; পাকক্রিয়া। **রন্ধনগৃহ, রন্ধনশালা** *বি* রান্নাঘর; রসুই ঘর। [স. √রধ্+অন]। **রন্ধনী রান্ধনী** *বি* রন্ধনের মসলাদি। ❑*বিণ* রন্ধনকারী; রাঁধুনী; পাচিকা। **রন্ধিত** *বিণ* রাঁধা হয়েছে এমন।
রন্ধ্র *বি* ১ ছিদ্র; গর্ত (রন্ধ্রে রন্ধ্রে উঠে শব্দের ঝঙ্কার)। ২ ত্রুটি; দোষ। ৩ (জ্যো-শা) রাশিচক্রে লগ্ন থেকে অষ্টম স্থান; বিনাশ স্থান; মারাত্মক স্থল। [স.]
রপ্ত, রফ্‌ত *বি* আয়ত্ত; কণ্ঠস্থ। ❑*বিণ* অভ্যস্ত। [আ.]
রপ্তানি, রফতানি *বি* ১ বিক্রির জন্য পণ্যদ্রব্য বিদেশে প্রেরণ; export। ২ দ্রব্য প্রেরণ। ❑*বিণ* বিক্রির জন্য বিদেশে প্রেরিত হচ্ছে বা হয়েছে এমন। [ফা. রফ্‌তানী]।
র-ফলা *বি* বর্ণের নিচে ্র চিহ্ন। কোনো হস্-যুক্ত বর্ণের শেষে 'র' যুক্ত হলে 'র' র-ফলা হয়ে যায়। [স.]
রফা *বি* ১ আপোস; মীমাংসা; সিদ্ধান্ত; মিটমাট; নিষ্পত্তি। ২ বিনাশ; নাশ; ধ্বংস; শেষ (দফা রফা)। [আ. রফ্+আ]। **রফাদফা** *বিণ* মীমাংসিত; স্থিরীকৃত। [রফ+আ+দফ+আ]। **রফানামা** *বি* নিষ্পত্তি পত্র। [আ. রফ+ফা. নামহ্]। **দফারফা** *বি* বিনাশ; ধ্বংস।
রব[১] *বি* ১ শব্দ; ধ্বনি; আওয়াজ। [স.]। ২ গোলমাল। ৩ সারা। ৪ জনরব; কথা; গুজব (একটা রব উঠেছে)। **রবদব** *বি* জাঁকজমক; প্রভাব-প্রতিপত্তি (কোনো এক সময় তাদের বাড়িতে খুব রবদব ছিল)। **রবরবা** *বি* শোভা; খ্যাতি; প্রতাপ। ❑*বিণ* সম্পদশালী; ধনৈশ্বর্য পরিপূর্ণ।
রব[২] *বি* ঈশ্বর; আল্লাহ; প্রভু; পালয়িতা প্রভু। [আ. রব্ব]
রবাব *বি* বীণা জাতীয় বাদ্যযন্ত্র। [ফা. রুবাব]
রবার, রাবার *বি* রবার নামক বৃক্ষের নির্যাস থেকে প্রস্তুত স্থিতিস্থাপক পদার্থ। [ই. rubber]
রবাহূত *বিণ* ১ ভোজের সংবাদ শুনে উপস্থিত হয় এমন; অনিমন্ত্রিত আগন্তুক। ২ কাঙালি; শব্দ বা গোলমাল শুনে আগত।
রবি[১] *বি* সূর্য; ভাস্কর; আফতাব; দিবাকর; শাম্‌স। **রবিকর, রবিরশ্মি** *বি* সূর্যের কিরণ। **রবিবর্ষ** *বি* (জ্যো-বি) সূর্যের রাশিচক্র পরিক্রমণ কাল; ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৯ মিনিট কাল। **রবিমণ্ডল** *বি* সূর্যের পরিধি। **রবিমার্গ** *বি* সূর্যের রাশিচক্র পরিক্রমণ পথ।
রবি[২] *বিণ* চৈতালি; বসন্তকালের। [আ. রবী]। **রবিখন্দ** *বি* বসন্তকালের শস্য; রবিশস্য। [আ. রবী+ফা. খন্‌দক]। **রবিশস্য** *বি* বসন্তকালীন ফসল; চৈতালি ফসল; রবিখন্দ; হেমন্তকালে বীজ বুনে যে ফসল বসন্তকালে ঘরে তোলা হয়। [আ. রবী+স. শস্য]। (রবী—বসন্তকাল; খন্দ— শস্য, মৌসুম)।
রবিউল আউয়াল *বি* হিজরি সালের তৃতীয় মাস। [আ. রবীউল আউয়ল]
রবিবার, রবিবাসর *বি* একটি দিনের নাম; বাইবেল অনুসারে সৃষ্টির সমাপ্তি দিবস। [স.]
রভস *বি* ১ প্রবল ভাবাবেগ; আবেশ; প্রবণতা; প্রাবল্য। ২ ঔৎসুক্য। ৩ গভীর দুঃখ বা শোক। ৪ উল্লাস; বেগ। ৫ মিলন; সম্ভোগ; কেলি; বিলাস। ৬ আকস্মিকতা। [স. রভ+অস]
রম *বিণ* রমণীয়; আনন্দদায়ক; মনোরম। ❑*বি* ১ স্বামী। ২ কন্দর্প। [স. √রম্+ণিচ্+অ]। তুল. মনঃ+রম=মনোরম।
রমক *বি* ১ রমণকারী। ২ উপপতি। [স.]
রমজান *বি* হিজরি বছরের নবম মাস; রোজার মাস— এ মাসে সকল শারীরিকভাবে সমর্থ মুসলমান নারী পুরুষের জন্য ফজরের আজানের কিছু পূর্ব থেকে সূর্যাস্ত পর্যন্ত সম্পূর্ণ উপবাস থাকা ফরজ বা অবশ্যকরণীয়। [আ. রমদান; ফা. রমজান]
রমণ[১] *বি* ১ ক্রীড়া; খেলা; কেলি। ২ প্রমোদ-বিহার। ৩ মৈথুন; রতিক্রিয়া। [স. √রম্+অন]
রমণ[২] *বি* ১ পতি; বল্লভ। ২ কন্দর্প। ❑*বিণ* ১ প্রিয়। ২ সন্তোষ বিধানকারী। [স. রম+ণিচ্+অন]। **রমণী**[১] *বি, বিণ* স্ত্রী.।
রমণী *বি* ১ নারী। ২ সুন্দরী নারী। ৩ স্ত্রী। [স. রমণ+ঈ]। **রমণীরত্ন** *বি* শ্রেষ্ঠ নারী বা অতি উৎকৃষ্ট নারী।
রমণীয় *বিণ* মনোরম; সুন্দর; মনোহর। ❑*বি* প্রতি মুহূর্তে নতুন মনোহর রূপ ধারণ করে যে। [স. √রম্+ণিচ্+অনীয়]
রমনা *বি* ১ ঢাকা নগরীর বিখ্যাত অঞ্চল। ২ রম্য স্থান। **রমনা পার্ক** *বি* ঢাকাস্থ রমনা এলাকায় বিখ্যাত পার্ক বা বাগান।
রমরমা *বিণ* ১ সমৃদ্ধ; ধনৈশ্বর্যপূর্ণ; আড়ম্বরপূর্ণ (রমরমা অবস্থা)। ২ জাঁক; জাঁকালো; আড়ম্বর; বর্ধিষ্ণু। তুল. রবরবা; দবদবা।
রমা[১] *বি* ১ লক্ষ্মী। ২ প্রিয়া; প্রেয়সী; রম্য। ৩ উপপত্নী। ৪ সুন্দরী বা মনোহরা রমণী। [স. √রম্+ণিচ্+অ+আ]। **রমাকান্ত, রমানাথ, রমাপতি, রমেশ** *বি* দেবতা; নারায়ণ; বিষ্ণু।
রমা[২] *ক্রি* ১ (পদ্যে) খেলা করা; বিহার করা। ২ সম্ভোগ করা। [স. √রম্+অ+আ]
রমারম *অব্য* অনায়াসে প্রচুর পরিমাণে কিছু হওয়ার

ভাবসূচক; অবাধ আশাতিরিক্ত সাফল্য (বিক্রয় বাড়ছে রমারম)।

রমিত *বিণ* ১ মৈথুন করা হয়েছে এমন; উপভুক্ত; কৃতরমণ। ২ আনন্দিত; আনন্দময়; শোভান্বিত; ক্রীড়িত। ৩ প্রফুল্ল। [স. √রম্+ণিচ্+ত]। **রমিতা** *বিণ স্ত্রী.*।

রমেশ *বি* হিন্দু দেবতা নারায়ণ; বিষ্ণু। [স. রমা+ঈশ]

রম্ভা[১] *বি* ১ কদলী; কলা। ২ কদলীবৃক্ষ। [স.]। ৩ (আল.) শূন্য; কিছুই নয়; ঘোড়ার ডিম।

রম্ভা[২] *বি* ১ গৌরী। ২ অপ্সরী। ৩ বেশ্যা। ৪ গরুর ডাক। [স.]

রম্য *বিণ* ১ রমণীয়; মনোরম; সুন্দর। ২ বলকর; চম্পকবৃক্ষ। [স. √রম্+য]। **রম্যা** *বিণ স্ত্রী.*। **রম্যতা** *বি* ১ রমণীয়তা; মাধুর্য। ২ সৌন্দর্য। **রম্যরচনা** *বিণ* লঘু বিষয় অবলম্বনে হাস্যরসাশ্রিত রচনা বা গ্রন্থাদি; belles lettres।

রয়[১] *বি* ১ স্রোত প্রবাহ। ২ গতিবেগ। [স.]

রয়[২] *ক্রি* রহে; থাকে। **রয়ে রয়ে** *ক্রি, বি* রয়ে রয়ে; থেকে থেকে। [বা. রহ>রহে>রয়]। **রয়ে সয়ে, রয়ে বসে** *ক্রিবিণ* ধীরে সুস্থে; ব্যস্ত না হয়ে।

রয়না[১] *বি* ভেদা বা মেনি মাছ।

রয়না[২], **রয়ানি** *বি* ১ রাত্রি; রজনী। ২ রাত্রি জেগে মঙ্গল পাঁচালি গীত হতো বলে পাঁচালিগানের অপর নাম 'রয়না' বা 'রয়ানি'। বিজয়গুপ্তের পদ্মাপুরাণ তথা মনসার ভাসানও 'রয়ানি' বলে অভিহিত হয়েছে।

র-র *বি* থাম থাম; থামবার জন্য ব্যগ্রতাপূর্ণ নির্দেশ বা অনুরোধ। [বা. রহ রহ>রও রও=থাক থাক>থাম থাম। (আঞ্চলিক)]

রশনা *বি* কোমরের অলঙ্কার; কটিভূষণ। [স.]

রশা *বি* মোটা দড়ি; দড়া। [আ.]

রশি *বি* ১ রজ্জু; দড়ি। ২ জমি জরিপে ব্যবহৃত শিকল বা চেন। [স. রশ্মি>; আ. রিশা]। **রশারশি** *বি* ছোট-বড় দড়ি।

রশ্মি *বি* ১ কিরণ। ২ লাগাম; রাশ। ৩ নেত্রলোম; পক্ষ্ম। **রশ্মিরাগ** *বি* কিরণমালা; সূর্যের আলো।

রস *বি* ১ দ্রববস্তু; নির্যাস (নেবুর রস)। ২ স্বাদ, কটু তিক্ত কষায় অম্ল মধুর এসব রসনেন্দ্রিয়গ্রাহ্য গুণ। ৩ নিঃস্রাব ক্ষরণ (খেজুর রস)। ৪ জল। ৫ আর্দ্রতা। ৬ শ্লেষ্মা; সর্দি। ৭ অশ্রু। ৮ অতিশয় অনুরাগ (রস ভরে দুঁহু তনু—চণ্ডী)। ৯ রোগবিশেষ; শোথ বা ফোলা রোগ। ১০ (আল.) শৃঙ্গার হাস্য করুণ বীর অদ্ভুত ভয়ানক বীভৎস শান্ত বাৎসল্য —পাঠক বা শ্রোতার মনের উপর অনুরূপ প্রভাব বিস্তারকারী সাহিত্যের এই নয় প্রকার রস। ১১ বৈষ্ণব সাহিত্য ও সাধনার পাঁচ পন্থা—শান্ত দাস্য সখ্য বাৎসল্য মধুর বা উজ্জ্বল রস। ১২ তাৎপর্য; মর্ম (রস গ্রহণ করা)। ১৩ অহঙ্কার (রস বেড়েছে)। ১৪ রসিকতা; কৌতুক (রস করে কথা বলে)। ১৫ উল্লাস। ১৬ ভোগ; সুখ। ১৭ পুঁজি; অর্থবল (রস ফুরানো)। ১৮ আকর্ষণ; লাভ (কাজে আর রস নেই)। ১৯ (আয়ু.) পারদ (রসসিন্দুর)। [স.]। **রসকরা** *বি* রসে পাকা নারকেলের লাড়ু। **রসকর্পূর** *বি* পারদঘটিত ওষুধ। **রসকলি** *বি* কপালে আঁকা ফুলের আকৃতিবিশিষ্ট তিলক। **রসকষ** *বি* ১ মধুরতা; মাধুর্য; কোমলতা। ২ অতি সামান্য পরিমাণ রস। **রসগর্ভ** *বিণ* সরস; রসযুক্ত। **রসগোল্লা** *বি* চিনির রসে পক্ব ছানার তৈরি গোল সাদা মিঠাই। **রসঘন** *বি* ১ গাঢ় রসপূর্ণ। ২ সোহাগ। **রসঘ্ন** *বিণ* রসের আধিক্য নষ্টকারী। **রসজ্ঞ** *বিণ* রসগ্রাহী; রসিক; মর্মগ্রাহী; সমজদার। **রসজ্ঞা** *বিণ স্ত্রী.*। **রসজ্ঞতা** *বি*। **রসজ্ঞান, রসবোধ** *বি* রস উপলব্ধি; রস উপভোগ করবার ক্ষমতা। **রসপূর্ণ, রসাত্মক** *বিণ* ১ রসযুক্ত; রসগর্ভ। ২ তরল ও স্বাদু পদার্থে পূর্ণ। **রসবড়া** *বি* চিনির রসে পক্ব ডালের বড়া। **রসবড়ি** *বি* পারদ-যোগে প্রস্তুত কবিরাজি ওষুধ; বিষবড়ি। **রসবতী** *বিণ স্ত্রী.* ১ রসযুক্তা; সুরসিকা। ২ মনোহরা ও রসিকা। **রসবাত** *বি* অতিরিক্ত রসহেতু বাতরোগ। **রসবৃদ্ধি, রসাধিক্য** *বি* শ্লেষ্মার আধিক্য বা বৃদ্ধি। **রসভঙ্গ** *বি* রস উপভোগে বাধা বা অন্তরায় সৃষ্টি। **রসভোক্তা** *বিণ* রস উপলব্ধিতে পারদর্শী। **রসময়** *বিণ* রসযুক্ত; রসিক; রসভরা (রসভরা রসময় রসের ছাগল—ঈশ্বরচন্দ্র গুপ্ত)। **রসময়ী** *বিণ স্ত্রী.*। **রসমালাই** *বি* ঘন সিরাযুক্ত রসগোল্লার মতো এক প্রকার মিঠাই। **রসরঙ্গ** *বি* আমোদপ্রমোদ; হাস্যকৌতুক; হাসিঠাট্টা। **রসরচনা** *বি* রসাত্মক রচনা। **রসরাজ** *বি* ১ রসিকশ্রেষ্ঠ; সর্বশ্রেষ্ঠ রসিক (রসরাজ অমৃতলাল)। ২ কৃষ্ণ। ৩ পারদ। **রসসিন্দূর** *বি* গন্ধক ও পারদ একত্রে ভস্মীভূত করে প্রাপ্ত লাল রঙের পদার্থ; হিঙ্গুল। **রসহীন** *বিণ* নীরস; শুষ্ক। **রসালাপ** *বি* রসিকতাপূর্ণ কথাবার্তা। **রসাস্বাদ, রসাস্বাদন** *বি* ১ রসের স্বাদগ্রহণ। ২ মর্ম উপলব্ধি।

রসদ, রশদ *বি* ১ সৈনিকগণের আহার্য সামগ্রী; ration। ২ খোরাক। ৩ (আল.) উপকরণ; সামগ্রী। ৪ প্রয়োজনীয় অর্থ। [ফা. রসদ]। **রসদদার** *বি* যে খাদ্য বা প্রয়োজনীয় দ্রব্যাদি যোগায়।

রসন *বি* আস্বাদন। [স.]।

রসনা *বি* জিহ্বা, যে ইন্দ্রিয় রস আস্বাদন করে। [স.]

রসনেন্দ্রিয় *বি* যে ইন্দ্রিয় দিয়ে আস্বাদ গ্রহণ করা যায়; জিহ্বা; জিভ। [স. রসনা+ইন্দ্রিয়]

রসম, রছম *বি* ১ প্রচলিত রীতি; নিয়ম। ২ আচার-ব্যবহার; রেওয়াজ। ৩ ট্যাক্স; তোলা। ৪ উৎসব। [আ. রসম]

রসা[১] *বি* পৃথিবী; ধরা; ধরণী (রসাতল)। [স. √রস্+আ]

রসা[২] *বিণ* ১ রসযুক্ত; যাতে যথেষ্ট রস আছে। ২ সামান্য পচা। ▢ *বি* ১ অল্প ঝোলযুক্ত মাছ বা মাংসের ব্যঞ্জন। ২ সুরুয়া; ঝোল।

রসা[৩] *ক্রি* ১ রসযুক্ত বা ভিজে হাওয়া; স্যাঁতসেতে। ২ অল্প পচা। ৩ শ্লেষ্মাযুক্ত হওয়া। ▢ *বি, বিণ* উক্ত সকল অর্থে।

রসাতল *বি* ১ পাতাল। ২ ভূতল। ৩ অধঃপাত; অধোগতি; ধ্বংস; বিনাশ। [স.]

রসানো[১] *ক্রি* ১ রসযুক্ত করা। ২ আর্দ্র বা রসযুক্ত হওয়া। [স. রসায়ন>]

রসানো[২] *বি* ১ রসসিক্ত-করণ। ২ স্বর্ণাদি ধাতু উজ্জ্বল করা। ৩ তীব্র কৌতুক। ৪ রসযুক্ত বাক্য কথন; ফোড়ন।

রসাবেশ *বি* রসের সঞ্চার; প্রবল আসক্তি। [স. √রস+আবেশ]

রসাভাষ *বি* ১ রসপূর্ণ বাক্য বিনিময়। ২ বিশ্রম্ভালাপ। [স. √রস+আভাষ]

রসাভাস *বি* ১ প্রকৃত রস নয় কিন্তু রসের অস্পষ্ট প্রকাশ মাত্র; রসের অপকর্ষ। ২ নীচ বা অনুচিত বিষয় বর্ণন। ৩

নিকৃষ্ট বা নিম্নমানের রস। ৪ রস সৃষ্টির অসার্থক প্রয়াস। [স. রস+আভাস]
রসায়ন *বি* ১ পদার্থের বিভিন্ন উপাদান এবং তাদের ধর্ম ও সম্বন্ধ বিষয়ক বিদ্যা; কিমিয়া বিদ্যা; chemistry। ২ যে ওষুধ জীবনকাল দীর্ঘ করে এবং রোগ-জরা দূর করে। [স.]। **রসায়নী** *বিণ স্ত্রী.* রসায়ন সম্পর্কীয়। **রসায়ন** (-নিন) *বি, বিণ* রসায়নজ্ঞ; রসায়ন শাস্ত্রবিদ; chemist।
রসাল *বিণ* ১ রসযুক্ত; সরস। ২ আম্রবৃক্ষ। [স.]
রসিক *বি, বিণ* মর্মগ্রাহী; রসজ্ঞ (কাব্যরসিক)। ❑*বিণ* ১ শৃঙ্গার রসে জ্ঞানযুক্ত। ২ বিদগ্ধ। ৩ রসিকতা-পটু। [স. রস+ইক]। **রসিকা** *বিণ স্ত্রী.*।
রসিকতা *বি* হাস্যপরিহাস।
রসিত *বিণ* ১ আস্বাদিত; গৃহীত স্বাদ। ২ মেঘমন্দ্র; শব্দিত। [স. √রস্+ত]
রসিদ, রসীদ *বি* প্রাপ্তিস্বীকারপত্র; acknowledgement; receipt। [ফা. রসীদ]
রসিয়া (ব্র.) *বি* রসিক নাগর। [আঞ্চলিক]
রসিয়ে *ক্রিবিণ* রসযুক্ত করে।
রসুই *বি* রান্না; রন্ধন; পাক। [স. রসায়ন (পাক)>]। রন্ধনশালা অর্থে রসবতী। [তুল. হি. রসোই]। **রসুই-ঘর** *বি* পাকশালা; পাকগৃহ; রান্নাঘর; বাবুর্চিখানা। **রসুইয়ে, রসুয়ে** *বিণ* রন্ধনকারী; পাচক।
রসুন[১], **লসুন** *বি* পিঁয়াজের মতো আকারযুক্ত উগ্রগন্ধি শ্বেতকন্দ। [স.]
রসুন[২] *ক্রি* থামুন; অপেক্ষা করুন।
রসুমাত, রুসুমাত *বি* অনুষ্ঠান; বর-বধূর প্রথম সাক্ষাৎ উৎসব (বিয়ের রসুমাত)। [আ. রুসুমাত]
রসুল, রসূল *বি* নবি; পয়গম্বর; আল্লাহর প্রেরিত পুরুষ বা দূত। [আ. রসুল]
রসুলুল্লাহ *বি* ১ আল্লার প্রেরিত পুরুষ বা দূত। ২ মহানবি হজরত মুহম্মদ (সা.)। [আ.]
রসো *ক্রি* ১ থামো; অপেক্ষা করো। ২ বুঝে দেখতে দাও। [বা. সম্মানার্থে রসুন]
রসোত্তীর্ণ *বিণ* রসের সার্থক পরিবেশন; মনোহর; সার্থক (রসোত্তীর্ণ কাব্য)। [স. রস+উত্তীর্ণ]
রসোদ্গার *বি* (বৈষ্ণব সাহিত্যে) অতৃপ্ত মিলনাকাঙ্ক্ষা নিয়ে পূর্ব মিলনের কথা স্মরণ ও বর্ণন। [পারিভাষিক/আলঙ্কারিক শব্দ, স. রস+উদ্গার]
রহম, রহমত *বি* করুণা; দয়া; কৃপা; অনুগ্রহ। [আ.]
রহমান, রাহমান *বিণ* করুণাময়; করুণাময় আল্লাহ। [আ.]
রহস্য *বি* ১ গূঢ় অর্থ বা তাৎপর্য; মর্ম। ২ গুপ্ত তথ্য যা সহজে বুঝতে পারা যায় না। ৩ রসিকতা; হাস্যপরিহাস। ৪ গোপনীয় (রহস্যকথা)। [স. রহস+অ]। **রহস্যঘন** *বিণ* গূঢ় তাৎপর্যপূর্ণ; দুর্বোধ্যতায় আচ্ছন্ন। **রহস্যচ্ছলে** *ক্রিবিণ* রসিকতা করে; ঠাট্টার আশ্রয় নিয়ে। **রহস্যপূর্ণ, রহস্যময়** *বিণ* ১ গূঢ় তাৎপর্যপূর্ণ। ২ দুর্বোধ্য; দুরধিগম্য; দুর্জ্ঞেয়। **রহস্যভেদ** *বি* ১ গোপন তথ্য উদ্ঘাটন; গুপ্ততত্ত্ব আবিষ্কার। ২ মর্ম বা তাৎপর্য নিরূপণ। **রহস্যালাপ** *বি* ১ গোপনীয় বিষয়ে কথাবার্তা। ২ হাস্যপরিহাসযুক্ত আলাপ। ৩ রসালাপ; সরস কথাবার্তা। **রহস্যোপন্যাস** *বি* ১ গোপন তথ্য উদ্ঘাটিত করে এমন উপন্যাস। [স. রহস্য+আলাপ, উপন্যাস]
রহা, রওয়া *ক্রি* ১ থাকা; অবস্থিতি করা। ২ সবুর করা; অপেক্ষা বা প্রতীক্ষা করা (রহ আগে খেয়ে নিই)। [রহ্ থাক্ আছ্— এ তিনটি অসম্পূর্ণ বাংলা ধাতু]
রহিত *বিণ* ১ বাতিল; রদ; প্রত্যাহৃত। ২ বন্ধ; নিবৃত্ত। ৩ প্রতিহত; বাধাপ্রাপ্ত; ব্যাহত। [স. √রহ+ত]
রহিম, রহীম *বিণ* ১ দয়ালু; করুণাময়। ২ আল্লাহর এক গুণনাম (আল্লাহ বড় দয়ালু রহিম) [আ. রহীম]
রা, রাও (ম-বা) *বি* রব; সাড়া; শব্দ; ধ্বনি; বাক্যস্ফূর্তি; মুখের কথা। [স. রব>]। **রা করা, রা কাড়া** *ক্রি* কথা বলা। **রা সরা** *ক্রি* বাক্যস্ফূর্তি হওয়া।
রাই[১] *বি* রাধিকা। [স. রাধিকা>রাহিয়া>রাহি>রাই]। **রাইকিশোরী** *বি* কিশোরী রাধিকা।
রাই[২] *বি* সরিষাবিশেষ; mustard। [স. রাজিকা>]। **রাই কুড়িয়ে বেল** *বি* কণা কণা সংগ্রহ করে বৃহৎ কিছু সৃষ্টি। **রাই খাড়া** *বি* রাই সরিষা গাছের ডাঁটা।
রাইঙ, রাইন, রাঙ *বি* বড় হাঁড়ি। [আঞ্চলিক বা.]।
রাইট *ক্রি বিণ* যথার্থ; ঠিক; শুদ্ধ। ❑*বি* অধিকার; স্বত্ব (কপিরাইট)। [ই. ritght]
রাইফেল *বি* দূর পাল্লার বন্দুকবিশেষ। [ই. rifle]
রাইয়ত, রায়ত *বি* ১ প্রজা। ২ যে প্রজা নিজে চাষ করবার বা নিজ স্বার্থে অন্যের দ্বারা চাষ করবার জন্য ভূমিস্বত্ব লাভ করে। [আ. রাঈয়ৎ]। **রাইয়তি, রায়তি** *বিণ* ১ রাইয়ত সংক্রান্ত। ২ রাইয়তের প্রাপ্য। ৩ রায়তের দাবিবিশিষ্ট।
রাউত *বি* ১ অশ্বারোহী সৈন্য; রাজপুত্র। ২ উপাধি; কুলোপাধি। ৩ ক্ষত্রিয়।
রাও, রাওল *বি* ১ রাজা। ২ সামন্ত ব্যক্তিগণকে প্রদত্ত সরকারি খেতাব। [স. রাজ; রাজকুল। রাজ>রাও/রাজকুল>রাওল]
রাং[১], **রাঙ** *বি* একপ্রকার ধাতু; টিন। [স. রঙ্গ>]। **রাংঝাল** *বি* রাং ও সীসামিশ্রিত পাইন যা দিয়ে ধাতু দ্রব্যাদি বা তাদের ছিদ্রাদি বন্ধ করা হয়। **রাংতা** *বি* রাঙের পাত বা তবক। [স. রঙ্গপত্র>]
রাং[২], **রান** *বি* নিহত পশু বা পক্ষীর জঙ্ঘা (মুরগির রান)। [ফা. রান]
রাংচিতা, রাঙচিতা *বি* এক প্রকার ক্ষুদ্র গাছ। [স. রক্তচিত্রক>]
রাঁড় *বি* ১ বিধবা। ২ বেশ্যা; গণিকা। ৩ উপপত্নী; অবৈধ স্ত্রী। [স. রণ্ডা>]। **রাঁড়ের বাড়ি** *বি* বেশ্যালয়; গণিকা গৃহ।
রাঁড়ি, রাঁড়ী *বি* পতিহীনা; বিধবা [স. রণ্ডা>]।
রাঁদা *বি* ১ রেঁদা শব্দের রূপভেদ। [ফা. রান্দাহ্]। ২ কাঠ মসৃণ করার যন্ত্রবিশেষ।
রাঁধন *বি* রন্ধন; রান্না; পাককরণ। [স. রন্ধন>]
রাঁধনি[১], **রান্ধনি, রাঁধুনি**[১] *বি* মসলাবিশেষ। [স. রান্ধনিকা>]
রাঁধনি[২], **রাঁধুনি, রান্ধুনী** *বি স্ত্রী.* পাচিকা। ❑ *বিণ* রান্না বা পাক করে এমন; পাচক; রন্ধনকারী; রন্ধনকারিণী; পাকানি। [রাঁধ+উনি বা অনী]
রাঁধা, রান্না *ক্রি* রন্ধন করা; রান্না করা; পাক করা। ❑*বি* রন্ধন। ❑*বিণ* রান্না করা হয়েছে এমন; রন্ধিত। [বা.

√রাঁধ+আ]। **রাঁধানো** *ক্রি* রান্না বা পাক করানো। ❑*বি, বিণ* উক্ত অর্থে। **রাঁধাবাড়া, রান্নাবাড়া** *বি* পাকক্রিয়া ও পরিবেশন।

রাকা *বি* পূর্ণিমাতিথি; পূর্ণিমা (রাকা শশী); নবঋতুমতী স্ত্রীলোক। [স. রা+ক+আ]। **রাকাপতি, রাকেশ** *বি* চন্দ্র [স. রাকা+ঈশ]

রাকাত⟹রেকাত।

রাক্ষস *বি*১ নরখাদক জাতি। ২ নিশাচর; কর্বুর। ৩ প্রাচীন অনার্যজাতি। ❑*বি, বিণ* (ব্য.) পেটুক; ঔদরিক। ❑*বিণ* রাক্ষস-সম্পর্কীয়। [স. রক্ষস্+অ]। **রাক্ষসী** *বিণ স্ত্রী.*। **রাক্ষসগণ**(জ্যো-শা) জাতকের তিন প্রকার প্রকৃতির একটি। **রাক্ষসবিবাহ** *বি* কন্যাকে বলপূর্বক ধরে এনে বিবাহ। **রাক্ষসী** *বিণ স্ত্রী.* রাক্ষস সম্পর্কিত। **রাক্ষসী বেলা** *বি* (জ্যো-শা) দিনমানের শেষ এক পঞ্চমাংশ সময়; দিনের শেষ আড়াই ঘণ্টা সময়। **রাক্ষসী মায়া** *বি*১ রাক্ষসের ইন্দ্রজাল বা ছলনা। ২ মারাত্মক ছলনা। **রাক্ষুসে** *বিণ* ১ রাক্ষসসুলভ; রাক্ষসের উপযুক্ত। ২ প্রবল; প্রচণ্ড; অত্যন্ত; অধিক; বিকট। ৩ বিরাট; প্রকাণ্ড।

রাখন *বি*১ রক্ষাকরণ। ২ রাখার কাজ। [বা. সংরক্ষণ>]

রাখা *ক্রি*১ স্থাপন বা নিবেশন করা; থোয়া। ২ আশ্রয় দান করা। ৩ রক্ষা বা ত্রাণ বা উদ্ধার করা (রাখে আল্লা মারে কে)। ৪ পালন করা। ৫ ধারণ করা (বাবরি চুল রাখা)। ৬ গচ্ছিত করা। ৭ মর্যাদা দান করা। ৮ ক্ষতি হতে না দেওয়া। ৯ বন্ধক দেওয়া বা গ্রহণ করা। ১০ নিয়োগ করা। ১১ ফেলে আসা। ১২ ভোগ করা। ১৩ সঞ্চয় বা মজুদ করা। ১৪ বাধা দেওয়া। ১৫ প্রার্থনা রাখা; গ্রাহ্য করা। ১৬ পোষণ করা। ১৭ ছেড়ে যাওয়া। ১৮ বিরত করা। ১৯ কেনা (কিছু মাছ রাখলাম)। ২০ বন্দোবস্ত নেওয়া। ২১ দেওয়া। ২২ খুশি করা। ২৩ কোনো কাজ আগেই করে রাখা। ❑*বিণ* ১ উক্ত সকল অর্থে। ২ রক্ষা করা হয়েছে এমন; রক্ষিত। ৩ আশ্রিত; আশ্রয়প্রাপ্ত। ৪ রক্ষণোপযোগী; রাখবার জন্যই। ৫ ক্রয় করা হয়েছে এমন; ক্রীত। ৬ প্রদত্ত। **কথা রাখা** *ক্রি* অনুরোধ রক্ষা বা পালন করা। **চোখ বা নজর রাখা** *ক্রি* সতর্ক দৃষ্টি রাখা; পাহারা দেওয়া। **নাম রাখা**—*ক্রি*১ নাম দেওয়া। ২ মর্যাদা বজায় রাখা। **ফেলে রাখা** *ক্রি* ১ ব্যবহার না করা বা কাজে না লাগানো। ২ অবহেলা করা। **পায়ে রাখা** *ক্রি*১ আশ্রয় দান করা। ২ দয়া করা। **মনে রাখা** *ক্রি* ভুলে না যাওয়া; স্মরণ রাখা। **মাথায় রাখা** *ক্রি* ভক্তি করা; শ্রদ্ধা বা সম্মান করা; আদর করা। *রেখে ঢেকে বলা* *ক্রি* গোপনীয়তা বজায় রেখে কথা বলা। **শ্যাম রাখি কি কুল রাখি** *ক্রি* (আল.) উভয় সঙ্কটে পড়া।

রাখাল *বি* গোরক্ষক; যে গরু চরায়। [স. রক্ষাপাল> রাখাল]। **রাখালরাজ** *বি* ১ রাখালের রাজা। ২ কৃষ্ণ। **রাখালি** *বি* রাখালের কাজ; রাখালের পারিশ্রমিক বা মজুরি। **রাখালিয়া** *বিণ*১ রাখালের। ২ রাখাল সম্পর্কিত। **রাখোয়াল** *বি* রাখাল।

রাখি, রাখী *বি* ১ হিন্দুসমাজে শ্রাবণী পূর্ণিমাতে বিপদ থেকে রক্ষা কামনায় প্রিয়জনের দক্ষিণ হস্তের মণিবন্ধে বাঁধা রঙিন মঙ্গলসূত্র; রক্ষাসূত্র। ২ প্রীতিবন্ধনের স্মারকসূত্র। **রাখিপূর্ণিমা** *বি* শ্রাবণ পূর্ণিমা। **রাখিবন্ধন** *বি* শ্রাবণ পূর্ণিমায় প্রিয়জনদের হাতে রাখি বন্ধনের অনুষ্ঠান। [স. রক্ষী>]

রাগ *বি*১ ক্রোধ; রোষ; কোপ; গোসা। ২ রং; রঞ্জন দ্রব্য। ৩ রক্তবর্ণ; রক্তিম। ৪ অনুরাগ; প্রেম; প্রণয়; আসক্তি; মমতা। ৫ (সং) সুরের বিন্যাসের পদ্ধতি-বিভাগ; ভৈরব কৌশিক হিন্দোলন দীপক শ্রী ও মেঘ এই ছয়টি মূল রাগ। [স. √রঞ্জ্+অ]। **রাগত** *বিণ* ক্রোধান্বিত; রুষ্ট। **রাগ পড়া** *ক্রি* ক্রোধ প্রশমিত হওয়া বা না থাকা। **রাগমালা** *বি* সঙ্গীতের বিভিন্ন রাগের তালিকা। **রাগ রাগ মুখ** *বিণ* ক্রুদ্ধ ভাব। **রাগ সামলানো** *ক্রি* ক্রোধ দমন করা। **রাগসূত্র** *বি* তুলাদণ্ডের সূত্র। **রাগা** *ক্রি* ক্রুদ্ধ হওয়া; রাগ করা; চটা। ❑*বি, বিণ* উক্ত অর্থে। **রাগে গর্ গর্ করা** *ক্রি* ক্রোধ সঞ্চারের ফলে মনে মনে অতিশয় ক্ষুব্ধ হওয়া। **রেগেমেগে** *অক্রি* ক্রুদ্ধ হয়ে। **রাগানো** *ক্রি* ক্রুদ্ধ বা রুষ্ট করা; চটানো।

রাগবি *বি* আমেরিকান ফুটবল খেলা যাতে বল হাত দিয়েও ধরা যায়।

রাগান্ধ *বিণ* ক্রোধে অজ্ঞান বা জ্ঞানহীন। [স. রাগ+অন্ধ]

রাগান্বিত *বিণ*১ রুষ্ট; ক্রুদ্ধ; ক্রোধযুক্ত। ২ আসক্তিযুক্ত; অনুরাগযুক্ত। [স. রাগ+অন্বিত]

রাগারাগি *বি* রোষ প্রকাশ; ঝগড়াঝাটি।

রাগারুণ *বিণ* রক্তবর্ণে রঞ্জিত; রক্তিম। [স. রাগ+অরুণ]

রাগিণী[১] *বি* ১ এক এক রাগের অন্তর্গত স্বর-বিন্যাসের প্রকারভেদ (ছত্রিশ রাগিণী)। ২ সঙ্গীত; সুর। [স.]

রাগী(-গিন্) *বিণ*১ যে অল্পেই ক্রুদ্ধ হয়; ক্রোধী; রোষযুক্ত; কোপন স্বভাববিশিষ্ট। ২ ক্রুদ্ধ; রুষ্ট। ৩ অনুরাগযুক্ত। **রাগিণী**[২] *স্ত্রী.*।

রাঘব *বি* রঘুবংশীয় রামচন্দ্র। **রাঘব-প্রিয়া, রাঘব-বাঞ্ছা** *বি* রামচন্দ্রের পত্নী; সীতা। [স.]। **রাঘব-বোয়াল** *বি* ১ বিশাল বোয়াল মাছবিশেষ। ২ (আল.) পরের বা সরকারি সম্পদাদি অন্যায়ভাবে ভোগকারী প্রভাবশালী লোক। ৩ মস্ত বড়। ৪ মস্ত বড় ধনী ব্যক্তি। **রাঘবারি** *বি* রামের শত্রু; লঙ্কারাজ রাবণ। [স. রাঘব+অরি]

রাঙা, রাঙ্গা *বিণ*১ রক্তবর্ণ লাল। ২ গৌরবর্ণ; ফর্সা; সুন্দর। [স. রঙ্গ>+বা. আ]। **রাঙাআলু** *বি* এক প্রকার মিষ্টি কন্দ। **রাঙানো** *ক্রি*১ রক্তিম বা লাল রং করা। ২ লাল বর্ণে রঞ্জিত করা। ৩ বিচিত্র বর্ণে চিত্রিত করা। ৪ উজ্জ্বল বা দীপ্তিমান করা। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে। **রাঙাবাস, রাঙ্গা বাস** *বি* গেরুয়া কাপড়। **রাঙামাটি, রাঙ্গামাটি** *বি*১ গিরিমাটি। ২ পাবর্ত্য চট্টগ্রামের বিখ্যাত স্থান। **রাঙা মুলা, রাঙ্গা মুলা** *বি* ১ লাল রঙের মুলা। ২ (আল.) সুন্দর অথচ গুণশূন্য।

রাঙিয়া *বি* লাল বর্ণে রঞ্জিত হওয়া। ❑*ক্রিবিণ* রঙিন হয়ে ওঠা।

রাজ[১] *বি* 'রাজমিস্ত্রি' শব্দের সংক্ষেপ। [আ., ফা. রাজ]। **রাজমজুর** *বি* যে মজুর রাজমিস্ত্রিকে সাহায্য করে; জোগালি।

রাজ[২] *বি* ১ রাজা। ২ সরকার। ৩ শ্রেষ্ঠ [স.]

রাজকন্যা *বি* রাজকুমারী; রাজার মেয়ে; শাহজাদি। [স.]

রাজকবি *বি* রাজদরবারে নিযুক্ত সম্মানিত কবি; সভা কবি; poet laureate। [স.]

রাজকর *বি* রাজস্ব; সরকারকে দেয় খাজনা। [স.]

রাজকর্ম, রাজকার্য *বি*১ সরকারি কাজ। ২ রাজ্যশাসন। [স.]

রাজকর্মচারী *বি* ১ রাজা কর্তৃক নিযুক্ত কর্মচারী। ২

সরকারি কর্মচারী; government servant । [স.]
রাজকীয় *বিণ* রাজা সম্বন্ধীয়; সরকারি। [স.]
রাজকুমার *বি* রাজপুত্র; রাজার ছেলে; শাহাজাদা [স.]
রাজকুমারী *বি স্ত্রী.* রাজার মেয়ে; রাজকুমারী; শাহজাদি [স.]
রাজকুল *বি* ১ রাজবংশ। ২ নৃপতিগণ। [স.]
রাজকোষ *বি* রাজার বা রাষ্ট্রের ধন-ভাণ্ডার; ট্রেজারি। [স.]
রাজগদি *বি* রাজসিংহাসন; শাহিতখ্ত; রাজপদ। [হি.]
রাজগি *বি* রাজপদ; রাজত্ব। [হি.]
রাজচক্রবর্তী(-র্তিন্) *বি* সম্রাট; রাজা। [স.]
রাজচ্ছত্র, রাজছত্র *বি* পূর্বকালের রাজার মাথার উপর যে ছাতা ধরা হতো। [স. রাজচ্ছত্র>]
রাজটিকা, রাজতিলক *বি* ১ পূর্বকালে রাজ্যাভিষেকের সময় নৃপতির ললাটে যে তিলক পরানো হতো। ২ রাজচিহ্ন। [স. রাজ+তিলক]
রাজড়া *বি* ১ ছোট রাজা; সামন্ত রাজা। ২ রাজার মতো পদমর্যাদাসম্পন্ন (রাজ-রাজড়া)। [স. রাজ-প্রায়>রাজপারা>রাজড়া]
রাজতন্ত্র *বি* রাজার অধীন শাসন-পদ্ধতি বা রাষ্ট্র monarchy। [স.]
রাজতিলক⟹রাজটিকা।
রাজত্ব *বি* ১ রাজ্যের অধিকার। ২ সর্বময় কর্তৃত্ব। [স.]
রাজদণ্ড *বি* ১ রাজার হাতে পদমর্যাদার নিদর্শনস্বরূপ যে দণ্ড থাকে; sceptre। ২ আইন অনুসারে শাস্তি। ৩ (জ্যো-শা) ললাটস্থ উর্ধ্বরেখা। [স.]
রাজদত্ত *বিণ* রাজা কর্তৃক প্রদত্ত। [স.]
রাজদম্পতি *বি* রাজা ও রানী। [স.]
রাজদরবার *বি* রাজসভা। [স. রাজ+ফা. দরবার]
রাজদুলাল *বি* রাজপুত্র; রাজকুমার। **রাজদুলালী** *বি স্ত্রী.*।
রাজদূত *বি* ১ রাজা বা সরকার কর্তৃক প্রেরিত দূত; রাষ্ট্রদূত। ২ ভিন্ন রাষ্ট্রের সহিত বিভিন্ন প্রকার যোগাযোগ রক্ষার জন্য নিযুক্ত প্রতিনিধি; ambassador। [স.]
রাজদ্রোহ, রাজদ্রোহিতা *বি* প্রকাশ্যভাবে দেশের রাজা বা সরকারের ক্ষতি করার চেষ্টা বা ষড়যন্ত্র; সরকার উৎখাতের চেষ্টা; রাষ্ট্রদ্রোহিতা। [স.] **রাজদ্রোহী**(-হিন্) *বিণ* রাজদ্রোহকার; রাষ্ট্রের বিরুদ্ধাচরণকারী।
রাজদ্বার *বি* ১ রাজার দরবার। ২ আদালত। [স.]
রাজধর্ম *বি* ১ রাজার কর্তব্যকর্ম। ২ দেশশাসন ও প্রজাপালন কার্য। [স.]
রাজধানী *বি* ১ রাষ্ট্রের প্রধান নগর যেখানে রাজা বা রাষ্ট্রপতি বা তাঁর প্রতিনিধি বাস করেন; রাজ্যের সর্বপ্রধান নগর যে স্থানে উচ্চতম সরকারি কার্যালয় বা সচিবালয় থাকে। ২ রাজ্যশাসনের কেন্দ্র তথা রাষ্ট্রের সর্বপ্রধান নগর। [স.]
রাজনন্দন *বি* রাজার ছেলে; রাজকুমার। [স.]
রাজনন্দিনী *বি স্ত্রী.* রাজকুমারী। [স.]
রাজনিয়ম, রাজবিধান, রাজবিধি *বি* সরকারি আইন। [স.]
রাজনীতি *বি* রাষ্ট্রশাসন বা পরিচালনার নীতি; politics। [স.]
রাজনীতিক, রাজনৈতিক *বিণ* ১ রাজনীতি বিষয়ক। ২ রাজ্যশাসন ঘটিত। ৩ রাজনীতি করে এমন; রাজনীতিক দলের কর্মী। [স.]
রাজনীতিজ্ঞ *বিণ* রাজনীতি শাস্ত্রে পণ্ডিত; politician। [স.]
রাজন্য *বি* ১ সামন্ত রাজা; করদ রাজা। ২ রাজবংশীয় লোক। [স রাজন্+য]। তুল. রাজড়া।
রাজপথ *বি* ১ নগরীর প্রধান সড়ক। ২ সর্বসাধারণের প্রধান রাস্তা। [পথের রাজা=রাজপথ, অথবা রাজা নির্মিত পথ=রাজপথ]
রাজপাট *বি* রাজসিংহাসন; রাজাসন।
রাজপুত *বি* রাজপুতনার অধিবাসী। [স. রাজপুত্র>]। **রাজপুতানি** *বি স্ত্রী.*।
রাজপুত্র *বি* রাজার ছেলে; রাজকুমার; শাহজাদা। [স.]। **রাজপুত্রী** *বি স্ত্রী.*।
রাজপুরী *বি* যে অট্টালিকায় নৃপতি বা দেশের শাসক বাস করেন; শাহিমহল; রাজবাড়ি। [স.]
রাজপুরুষ *বি* ১ সরকারি কর্মচারী। ২ উচ্চপদস্থ সরকারি কর্মচারী। [স.]
রাজপুষ্প *বি* নাগকেশর ফুল বা ফুলের গাছ। [স.]
রাজপ্রসাদ *বি* রাজার অনুগ্রহ বা দান। [স.]
রাজপ্রাসাদ, রাজপুরী, রাজভবন⟹রাজপুরী।
রাজবংশ *বি* রাজাদের বংশ; রাজা যে বংশে জন্মগ্রহণ করেছেন; শাহি খান্দান। [স.]। **রাজবংশী** *বি* একটি হিন্দু সম্প্রদায়; হিন্দু জেলে সম্প্রদায়বিশেষ।
রাজবংশীয় *বিণ* ১ রাজবংশ জাত। ২ রাজবংশ সম্বন্ধীয়। **রাজবংশীয়া** *বিণ স্ত্রী.*। [স.]
রাজবন্দী *বি* রাজনৈতিক কারণে কারাগারে আটক ব্যক্তি; ভিন্ন মতাবলম্বী হিসেবে কারারুদ্ধ ব্যক্তি; সরকার বিরোধিতা বা রাষ্ট্র দ্রোহিতার কারণে আটক রাজনৈতিক নেতা বা কর্মী।
রাজবর্ত্ম *বি* রাজপথ। [স.]
রাজবল্লভ *বি, বিণ* রাজার প্রিয়পাত্র।
রাজবল্লী *বি* উচ্ছে; করলা। ❑ *বিণ* উচ্ছে লতা।
রাজবাটী, রাজবাড়ি *বি* ১ রাজপ্রাসাদ বা রাজার বাসভবন; রাজমহল; শাহিমহল। ২ যে ভবনে দেশের শাসক বাস করেন।
রাজবিদ্রোহ *বি* রাজদ্রোহ; রাজার বা সরকারের বিরুদ্ধাচরণ। [স.]
রাজবেশ *বি* রাজপোশাক; নৃপতির পদমর্যাদাসূচক পোশাক; শাহি লেবাস। [স.]
রাজভক্ত *বিণ* রাজার প্রতি অনুরক্ত। [স.]
রাজভক্তি *বিণ* সরকারের অনুগত; রাজার প্রতি অনুরক্তি; সরকারের আনুগত্য। [স.]
রাজভবন⟹রাজবাড়ি।
রাজভয় *বি* নৃপতি বা সরকারের নিকট থেকে শাস্তি পাওয়ার আশঙ্কা। [স.]
রাজভাষা *বি* ১ রাজার বা শাসক জাতির মাতৃভাষা। ২ সরকারি কাজে ব্যবহৃত ভাষা। [স.]
রাজভিষক *বি* রাজার চিকিৎসক; রাজবৈদ্য। [স.]
রাজভৃত্য *বি* ১ রাজকর্মচারী। ২ রাজার চাকর বা পরিচালক। [স.]

রাজভোগ *বি* ১ রাজার উপযুক্ত খাদ্য বা ভোগ্য সামগ্রী; শাহিখানা। ২ বৃহৎ আকারের রসগোল্লার ন্যায় মিঠাই। [স.]
রাজভোগ্য *বিণ* রাজা কর্তৃক উপভোগের উপযুক্ত। [স.]। **রাজভোগ্যা** *বিণ স্ত্রী.*।
রাজমহিষী *বি* পট্টমহিষী; পাটরানী; রাজ্ঞী; মহারানী; রাজার প্রধানা পত্নী। [স.]
রাজমান্য *বি* প্রজাদের নিকট থেকে রাজা বা জমিদারের প্রাপ্য উপহারাদি। [স.]
রাজমার্গ *বি* রাজপথ। [স.]
রাজমিস্ত্রি *বি* রাজ; যে কারিগর ইঁট-সুরকি-সিমেন্ট যোগে অট্টালিকাদি নির্মাণ করে।
রাজমুকুট *বি* ১ রাজচিহ্নযুক্ত বা রাজার পদমর্যাদাসূচক শিরোভূষণ; তাজ। ২ (আল.) রাজপদ। [স.]।
রাজযক্ষ্মা *বি* অত্যন্ত কঠিন ধরনের যক্ষ্মারোগ; galloping; phthisis। এক সময়ে যে যক্ষ্মারোগের চিকিৎসা বা প্রতিষেধক ছিল না। [স.]
রাজযোগ *বি* হিন্দু যোগসাধন পদ্ধতিবিশেষ। [স.]
রাজযোটক *বি* (জ্যো-শা) বর-কনের রাশিপ্রভৃতি বিষয়ে শ্রেষ্ঠ সুসঙ্গতি। [স.]
রাজরাজড়া *বি* ১ নৃপতি ও সামন্ত নৃপতিগণ। ২ (আল.) ধনী বা অভিজাত সম্প্রদায়; বড়লোকের দল।
রাজরাজেশ্বর *বি* সম্রাট; শাহানশাহ। [স.]। **রাজরাজেশ্বরী** *বি স্ত্রী.* সম্রাজ্ঞী।
রাজরানী *বি* ১ রাজার রানী; রাজ্ঞী; শাহবানু। ২ (আল.) অতুল ঐশ্বর্যশালিনী।
রাজর্ষি *বি* ঋষির মতো আচরণ করেন যে রাজা; যিনি রাজা অথচ ঋষি। [স. রাজ+ঋষি]
রাজলক্ষণ *বি* ১ রাজশক্তির চিহ্নাদি। ২ ভবিষ্যতে রাজা হবে শরীরের সেরূপ চিহ্নাদি। [স.]
রাজলক্ষ্মী *বি* হিন্দুমতে রাজ্যের অধিষ্ঠাত্রী দেবী; রাজ্যশ্রী। [স.]
রাজলেখ্য, রাজলেখ *বি* রাজার স্বাক্ষরিত আদেশপত্র বা সরকারি নির্দেশপত্র; শাহি ফরমান; বাদশার দস্তখতযুক্ত ফরমান। [স. রাজলেখ্য]
রাজশক্তি *বি* রাষ্ট্রের শক্তি; রাজ্য পরিচালনা ক্ষমতা; রাজ্যের সৈন্যদল; রাজ্য বা সরকারের শাসন-ক্ষমতা। [স.]
রাজশফর *বি* ইলিশ মাছ; বড় পুঁটিমাছ।
রাজশেখর *বি* রাজচক্রবর্তী; বিখ্যাত সংস্কৃত কবি ও নাট্যকার।
রাজসংস্করণ *বি* পুস্তকাদির অতীব সুন্দর সংস্করণ বা শ্রেষ্ঠ সংস্করণ; শোভিন সংস্করণ। [স.]
রাজসদন *বি* রাজপ্রাসাদ; রাজার বাড়ি; শাহিমহল। [স.]
রাজসভা *বি* রাজদরবার। [স.]
রাজসভাসদ *বি* রাজার দ্বারা নিযুক্ত হয়ে যে ব্যক্তি মন্ত্রণাদি দানের জন্য নিয়মিতভাবে রাজসভায় বসেন; রাজদরবারের বিশেষ সদস্য। [স.]
রাজসরকার *বি* রাজার শাসন বা সভা; শাহি হুকুমত। [স.+ফা.]
রাজসর্প *বি* বিষধর সর্প; শঙ্খচূড় সাপ। [স.]
রাজসর্ষপ *বি* রাইসরিষা। [স.]
রাজসিংহাসন *বি* রাজার আসন; শাহি তখত। [স.]
রাজসিক *বি* গর্ব; খ্যাতি; প্রভুত্বমূলক কর্ম। ☐ *বিণ* ১ রাজরাজড়াদের মতো। ২ আড়ম্বরপূর্ণ। **রাজসিকী** *স্ত্রী.*। [স.]
রাজসূয় *বি* প্রাচীন ভারতে রাজচক্রবর্তী বা সম্রাট হতে হলে যে যজ্ঞ করা হতো। [স.]
রাজস্ব *বি* রাজার প্রাপ্য ধন; খাজনা; রাজকর। [স.]
রাজহংস, রাজহাঁস *বি* এক জাতীয় উন্নতগ্রীব ও দীর্ঘদেহবিশিষ্ট হংস; মরাল। [স. রাজহংস]। **রাজহংসী** *বি স্ত্রী.*।
রাজহস্তী(-স্তিন্) *বি* ১ রাজা যে হস্তীতে আরোহণ করেন। ২ রাজাকে বহন করার যোগ্য হাতি। ৩ শ্রেষ্ঠ বা বিশাল হাতি। [স.]
রাজা[১] *বি* ১ দেশের অধিপতি; দেশশাসক; বাদশাহ; নৃপতি; নরপতি; ভূপতি। ২ এক প্রকার খেতাব। ৩ (আল.) অত্যন্ত ধনী ব্যক্তি। [স.]। **রাজা-উজির** *বি* ধনী ও প্রতিপত্তিশালী ব্যক্তিগণ। **রাজা উজির মারা** *ক্রি* (আল.) বড় বড় কথা বলে গর্ব প্রকাশ করা; নিজের বাহাদুরি প্রকাশ করা। **রাজা করা** *ক্রি* অত্যন্ত ধনবান করা। **রাজার হাল** *বি* অতিশয় সুখস্বাচ্ছন্দ্য।
রাজা[২] *ক্রি* (পদ্যে) বিরাজ করা; শোভমান হয়ে অবস্থান করা; শোভা পাওয়া।
রাজাই, রজাই, রেজাই *বি* লেপ; তুলাগর্ভ কন্থা। [ফা. রজাই]।
রাজাকার *বি* ১ স্বেচ্ছাসেবক। ২ ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে যারা স্বেচ্ছাসেবক নামে পাকিস্তান দখলদার বাহিনীকে সহায়তা করে এবং স্বাধীনতা সংগ্রামের বিরোধিতা ও ক্ষতি সাধন করে। ৩ (আল.) স্বাধীনতা-বিরোধী; পাকিস্তান-সমর্থক বা পাকিস্তানের পক্ষে যে অবস্থান নেয়।
রাজাজ্ঞা, রাজাদেশ *বি* রাজার হুকুম; সরকারি হুকুম বা আদেশ; শাহি ফরমান। [স. রাজ+আজ্ঞা, আদেশ]
রাজাধিরাজ *বি* সম্রাট; সার্বভৌম রাজা; শাহানশাহ; রাজাদের রাজা। [স. রাজ+অধিরাজ]
রাজানুকম্পা, রাজানুগ্রহ *বি* রাজার অথবা সরকারের দয়া বা দান বা উপহার। [স. রাজ+অনুকম্পা, অনুগ্রহ]
রাজান্তঃপুর *বি* রাজপ্রাসাদের অন্দরমহল। [স. রাজ+অন্তঃপুর]
রাজাবলি, রাজাবলী *বি* কোনো দেশের বা অঞ্চলের রাজাদের ধারাবাহিক বংশ-পরিচয়। [স. রাজ+আবলি, আবলী]
রাজাসন *বি* সিংহাসন; রাজার আসন বা পদ; শাহি তখত। [স. রাজ+আসন]
রাজি[১], **রাজী**[১] *বি* ১ শ্রেণী; সারি; দল। ২ সমূহ (বৃক্ষরাজি); গণ; রাশি। ৩ রেখা। [স.]
রাজি[২], **রাজী**[২] *বিণ* সম্মত; স্বীকৃত; গৃহীত; মেনে নেওয়া হয়েছে এমন। [আ. রাজি]। **রাজিনামা** *বি* সম্মতিসূচক দরখাস্ত; সম্মতি বা স্বীকৃতিপত্র। **নিমরাজি** *বিণ* কিছুটা সম্মত; প্রায় সম্মত; অনিচ্ছা সত্ত্বেও সম্মত। [ফা. নিম+আ. রাযী]
রাজি আল্লাহু আনহু, রাদিআল্লাহু আনহু—আল্লাহ তাঁর প্রতি-প্রসন্ন হউন; রসুলের অনুচর সহচর ও

দরবেশদের নামের সঙ্গে উচ্চারিত তাঁদের সদ্‌গতি প্রার্থনাবিশেষ (হজরত ইমাম হোসেন (রা.))। [আ.]
রাজীব *বি* পদ্ম; কমল। **রাজীবলোচন** *বিণ* পদ্মের মতো মনোহর নয়ন; কমল নয়ন। [স. রাজী+ব]
রাজেন্দ্র *বি* রাজার রাজা; সম্রাট; শাহানশাহ। **রাজেন্দ্রানী** *বি স্ত্রী.*। [স. রাজ+ইন্দ্র, ইন্দ্রানী]
রাজ্ঞী *বি* রাজমহিষী; রানী। [স. রাজন্+ঈ]
রাজ্য *বি* ১ যে দেশে বা প্রদেশে পৃথক শাসন ব্যবস্থা প্রতিষ্ঠিত আছে; রাষ্ট্র; kingdom; state। ২ যে দেশ বা রাষ্ট্র রাজার অধিকারে আছে। ৩ রাজত্ব। ৪ (আল.) অনেক; বহু। [স. রাজ+য]। **রাজ্যচ্যুত, রাজ্যভ্রষ্ট, রাজ্যহারা** *বিণ* নিজরাজ্য থেকে বঞ্চিত। **রাজ্যপাল** *বি* পৃথক শাসন-ব্যবস্থা সমন্বিত প্রদেশের শাসনকর্তা; লাটসাহেব; governor। **রাজ্যভার** *বি* রাজ্যশাসনের দায়িত্ব। **রাজ্যশাসন** *বি* রাষ্ট্র পরিচালনা বা চালানো।
রাজ্যেশ্বর *বি* রাজ্যের বা দেশের অধিপতি; রাজা। **রাজ্যেশ্বরী** *বি স্ত্রী.*। [স.রাজ্য+ঈশ্বর, ঈশ্বরী]
রাডার *বি* অগ্রসরমান কোনো বস্তু, যেমন বিমান ইত্যাদির গতি দিক ও অবস্থান নির্ধারণের ইলেকট্রনিক যন্ত্র।
রাঢ় *বি* ভাগীরথীর পশ্চিম তীরস্থ পশ্চিমবঙ্গের অংশবিশেষ। **রাঢ়ী, রাঢ়ীয়** *বিণ* রাঢ়দেশীয়; রাঢ়ের।
রাণী=রানী।
রাত *বি* রাত্রি; রজনী; নিশা; যামিনী; শর্বরী; বিভাবরী; ক্ষণদা। [স. রাত্র>]। **রাত করা** *ক্রি* অধিক রাত্রি করা। **রাত কাটানো** *ক্রি* রাত্রি যাপন করা। **রাতকানা** *বি* রাতে যে ভালো দেখতে পায় না। **রাত চরা** *বি* নিশাচর পাখি; বাদুড় পেচক প্রভৃতি। **রাত জাগা** *বি* অনেক রাত পর্যন্ত না ঘুমানো; বিনিদ্র। **রাতদিন** *বি* সব সময়; সারাদিন ও সারা রাত; অহর্নিশ। **রাত বেরাত, রাত বিরেত** *বি* রাতের অসুবিধাজনক সময়; গভীর; নিশিথে। **রাতভর, রাতভোর** *ক্রিবিণ* সারা রাত ধরে; সমস্ত রাত্রি ব্যাপে। **রাতারাতি** *ক্রিবিণ* ১ রাত্রি মধ্যে; রাত্রি থাকতেই। ২ (আল.) অল্প দিন বা সামান্য সময়ের মধ্যে (রাতারাতি এ সমস্যার সমাধান হবে না)।
রাতা *বিণ* লাল বর্ণ; মাথায় লাল ফুলবিশিষ্ট মোরগ। [স. রক্ত>]
রাতি *বি* রাত্রি শব্দের কোমল রূপ। [স. রাত্রি>]
রাতুল *বিণ* রক্তবর্ণ; লাল। [স. রক্তুতুল>]
রাত্র *বি* সমাসে উত্তরপদে 'রাত্রি' শব্দের রূপ। দিবা+রাত্র [স.]
রাত্রি *বি* রজনী; যামিনী; রাত; নিশা; নিশীথিনী; ক্ষণদা; শর্বরী; বিভাবরী। [স. √রা+-ত্রিপ্]। **রাত্রিচর** *বিণ* রাত্রিতে বিচরণকারী; রাতে চলাফেরা করে এমন; নিশাচর। ❑ *বি* রাক্ষস; চোর। **রাত্রিচারী** *বি, বিণ স্ত্রী.*। **রাত্রি জাগরণ** *বি* রাতে ঘুম না যাওয়া; রাত জাগা। **রাত্রিপুষ্প** *বি* এক প্রকার লাল ফুল। **রাত্রিবাস** *বি* ১ রাত্রি যাপন বা অতিবাহন; রাত্রিতে থাকা। ২ নিদ্রার জন্য পোশাকবিশেষ; night dress।
রাত্রিবেলা *ক্রিবিণ* রাতে; রাত্রিতে; রজনীতে; নিশাসময়ে ('বেলা' অপপ্রয়োগ)। [স.+বা.]
রাত্রিমণি *বি* চন্দ্র; শশধর; নিশানাথ; নিশাকর।
রাধা *বি* ১ বৃষভানুকন্যা; রাধিকা; আয়ানপত্নী; কৃষ্ণপ্রিয়া। ২ বিশাখা নক্ষত্র। [স.]
রাধাকৃষ্ণ *বি* রাধা ও কৃষ্ণ।
রাধাকান্ত, রাধানাথ, রাধাবল্লভ, রাধামাধব, রাধারমণ *বি* কৃষ্ণ। [স.]
রাধাপদ্ম *বি* সূর্যমুখী ফুল। [স.]
রাধাবল্লভী *বি* ১ বৈষ্ণব সম্প্রদায়বিশেষ। ২ খাদ্যবিশেষ; পুর দেওয়া বড় লুচি।
রাধাষ্টমী *বি* ভাদ্র মাসের শুক্লাষ্টমী; রাধার জন্মতিথি বলে হিন্দু সমাজে পালিত। [স.]
রাধিকা *বি* ১ রাধা; শ্রীরাধা। ২ বিশাখা নক্ষত্র। [স.]
রাধিকারঞ্জন, রাধিকারমণ *বি* শ্রীকৃষ্ণ। [স.]
রাধেকৃষ্ণ *অব্য* ১ পুণ্যনাম হিসেবে বৈষ্ণবগণ কর্তৃক উচ্চারিত রাধা ও কৃষ্ণ নামের একটি রূপ। ২ ঘৃণাদি ভাবব্যঞ্জক উক্তি।
রাধেয় *বি* (হিন্দু পুরাণ বর্ণিত) অধিরথের পত্নী; রাধার পালিত পুত্র; কর্ণ। [স.]
রানা[১] *বি* ১ উদয়পুরের সাবেক রাজাদের খেতাব। ২ রাজা।
রানা[২], **রাণা** *বি* ১ পুষ্করিণীর বাঁধানো ঘাটের চাতাল। ২ গৃহ-সংলগ্ন বাঁধানো খোলা জায়গা বা বাইরের বারান্দা। [ফা. রান]
রানী, রাণী *বি* রাজবধূ; রাজমহিষী। [স. রাজ্ঞী>]
রান্না *বি* ১ রন্ধন। ২ রাঁধা খাদ্য। [স. রন্ধন> রাঁধন> রানন+আ]
রান্নাঘর *বি* পাকশালা; রসুইঘর; হেঁশেল।
রান্নাবাড়া *বি* রাঁধাবাড়া; রন্ধন ও পরিবেশন।
রান্নাবান্না *বি* রন্ধন পরিবেশনাদি।
রাব *বি* মাতগুড়; চিটাগুড়। [হি.]
রাবড়ি *বি* দুগ্ধের ঘন সরে চিনি মিশিয়ে প্রস্তুত এক প্রকার মিষ্টান্ন। [হি.]
রাবণ *বি* রামায়ণোক্ত রাক্ষসরাজ লঙ্কাধিপতি রাবণ। **রাবণের চিতা** *বি* ১ রাবণের মৃতদেহ দাহকারী অনির্বাণ চুল্লি। ২ (আল.) অন্তহীন যন্ত্রণা বা মর্মদাহ। **রাবণের পুরী** *বি* রাবণের এক লক্ষ পুত্র ও সওয়া লক্ষ নাতির অনুসরণে বৃহৎ পরিবার এ নামে অভিহিত।
রাবণমুখো *বি* উগ্র বা ভয়ঙ্কর মূর্তি; উগ্রচণ্ডী। **রাবণমুখী** *বিণ স্ত্রী.*।
রাবণারি *বি* রাম। [স. রাবণ+অরি]
রাবণি *বি* রাবণের পুত্র ইন্দ্রজিৎ; মেঘনাদ। [স.]। তুল. দাশরথি।
রাবিশ *বি* ১ অট্টালিকাদি ভাঙা ইট বালি প্রভৃতি। ২ আবর্জনা; জঞ্জাল। ৩ (আল.) অপদার্থ; নিকৃষ্ট; অকর্মণ্য বা বাজে বিষয় বা ব্যক্তি; নিকৃষ্ট ব্যক্তি বা বস্তু। [ই. rubbish]
রাবি *বি* বর্ণনাকারী; হজরত মুহম্মদ (স.)-এর উক্তি, কর্মের অথবা অনুমোদনের সাক্ষীস্বরূপ; প্রবক্তা। [আ. রাবি; হিব্রু রাব্বী]
রাম *বি* রামায়ণে বর্ণিত দশরথ-পুত্র রামচন্দ্র; বিষ্ণুর অবতারবিশেষ। ❑ *বিণ* ১ সুন্দর; রমণীয়; মনোহর। ২ বৃহৎ (রাম ছাগল)। ৩ অপদার্থ (বোকারাম); শ্রেষ্ঠ; সেরা। [স.]। **রামকান্ত** *বি* (ব্য.) উত্তমমধ্যম দেবার লাঠি বা জুতা

(রামকান্ত পেটা করা)। তুল. **শ্যামচাঁদ**। **রামকেলি, রামকেলী** *বি* গানের সুর বা রাগিণীবিশেষ। **রামখড়ি** *বি* লিখন কার্যে ব্যবহৃত খড়িমাটি; চক। **রামচন্দ্র** *বি* রামায়ণোক্ত রাম। **রামছাগল** *বি* ১ বৃহদাকার ছাগলবিশেষ। ২ (আল.) বড় ধরনের বোকা; প্রচণ্ড গবেট। **রামঠেলা** *বি* সজোর ধাক্কা। **রামদা** *বি* বড় দা; বৃহৎ কাটারি। **রামদৌড়** *বি* খুব জোরে দৌড়। **রামধনু, রামধনুক** *বি* রংধনু; ইন্দ্রধনু; বিরাট ধনুকাকৃতি বিচিত্র বর্ণের প্রতিবিম্ব যা মেঘ থেকে পতিত জলকণা সমূহের উপর সূর্যরশ্মি দ্বারা আকাশে সৃষ্ট হয়। **রামনবমী** *বি* চৈত্র মাসের শুক্লা নবমী তিথি; রামের জন্মতিথি বলে হিন্দু সমাজে প্রতিপালিত পর্বদিন। **রাম না হতে রামায়ণ**— হেতুর পূর্বেই যথাপ্রাপ্তি; কারণের পূর্বেই কার্যসম্পাদন; অসম্ভব ঘটনা; অবাস্তব ব্যাপার। **রামপাখি, রামপাখী** *বি* (ব্য.) মোরগ বা মুরগি। **রামভক্ত** *বি* হনুমান। **রামরাজত্ব** *বি* ১ রাম রাজ্য। ২ যা খুশি করবার একচেটিয়া অধিকার। **রামরাজ্য** *বি* ১ রামের রাজ্য। ২ ন্যায়-সুখ-শান্তি পূর্ণ রাজ্য; অতি সুশাসিত দেশ। ৩ যা ইচ্ছা তাই করা। **রাম রাম** *বি* ঘৃণা নিন্দা বা অবজ্ঞাবোধক উক্তি। **রামলীলা** *বি* ১ রামচন্দ্রের জীবনে সংঘটিত কীর্তিকর কার্যসমূহ। ২ রামচন্দ্রের জীবনী ও ক্রিয়াকলাপ বিষয়ক যাত্রাভিনয়। **রামশালিক** *বি* বক জাতীয় পক্ষী। **রামশিঙ্গা, রামশিঙা** *বি* বড় শিঙ্গা; ফুঁ দিয়ে বাজাতে হয় এমন এক প্রকার বাদ্যযন্ত্র। **রামশ্যাম, রামাশ্যামা** *বি* যে কোনো লোক; বাজে লোক। **রামো** *অব্য* ঘৃণা নিন্দা ইত্যাদি বাচক শব্দ। **রামা** *বি* ১ সুন্দরী বা রমণীয়া নারী। ২ সঙ্গীত ও অন্যান্য কলায় নিপুণা নারী। ৩ প্রিয়া; প্রেয়সী। **রামানুজ** *বি* ১ হিন্দু পুরাণোক্ত দশরথ-পুত্র রামের ছোট ভাই ভরত লক্ষ্মণ বা শত্রুঘ্ন। ২ বিশিষ্ট অদ্বৈতবাদ প্রবর্তক। দাক্ষিণাত্যবাসী বৈষ্ণব ধর্মপ্রচারক রামানুজ ত্রিপাঠী (জন্ম ১০১৭ খ্রি.)। **রামায়ণ** *বি* বাল্মীকি কর্তৃক দশরথ পুত্র রামচন্দ্রের জীবন-কাহিনী অবলম্বনে রচিত মহাকাব্য। **রামায়ণকার** *বি* রামায়ণ-রচয়িতা বাল্মীকি। **সে রামও নাই সে অযোধ্যাও নাই**—অতীতের সুখশান্তি চিরদিনের জন্য বিলুপ্ত এমন উক্তি। **না রাম না গঙ্গা** *বি* ধর্মহীন ব্যক্তি; নীরবতা অবলম্বন; কোনো শব্দ উচ্চারণ না করা।

রামায়েত, রামাইত *বি* একটি বৈষ্ণব সম্প্রদায়।

রায়[১] *বি* বিচারকের সিদ্ধান্ত; আদালতের বা বিচারকের বিচার ফল। [আ. রায়]

রায়[২] *বি* ১ হিন্দু সম্প্রদায়ের পদবিবিশেষ। ২ রাজা। ৩ রাজার মতো সম্ভ্রান্ত ও প্রভাবশালী ব্যক্তি। ৪ ইংরেজ আমলে সরকার প্রদত্ত সম্ভ্রান্ত ব্যক্তির খেতাব। ❑ *বিণ* বৃহৎ; দীর্ঘ। [স. রাজন্>রাআ>রায়]। **রায়জাদা** *বি* ১ রায়ের পুত্র। ২ রাজপুত্র। [ফা. রায়যাদহ্]

রায়ট *বি* দাঙ্গা; দুই দলের মধ্যে হানাহানি; খুনখারাবি। [ই. riot]

রায়বাঁশ *বি* দীর্ঘ বংশযষ্টি; বাঁশের বৃহৎ লাঠি।

রায়বাঘিনী *বি* ১ বৃহৎ ব্যাঘ্রী। ২ (আল.) অতিশয় উগ্র ও ব্যক্তিত্বসম্পন্ন নারী। [স. রাজব্যাঘ্রী>]

রায়বার *বি* ১ রাজার কীর্তিসমূহ দূত কর্তৃক কথন। ২ রাজার নিকট দূতের বার্তা নিবেদন। ৩ দূত।

রায়বাহাদুর, রায়রায়ান, রায়সাহেব *বি* ব্রিটিশ আমলের সরকারি খেতাব।

রায়বেঁশে *বি, বিণ* ১ রায়বাঁশধারী লাঠিয়াল। ২ রায়বাঁশধারী (লোকনৃত্যে প্রযোজ্য)।

রায়-রায়াঁ *বি* তুর্কি-মোগল আমলে হিন্দু কর্মচারীকে প্রদত্ত সর্বোচ্চ উপাধি; রাজাধিরাজ। [ফা. রাজার রাজা> রায়-রায়ান (রায়াঁ)]। তুল. খান-ই-খানান।

রাশ *বি* ১ রাশি; স্তূপ; গাদা। ২ প্রকৃতি; আচরণ (রাশভারী)। ৩ জন্মরাশি (রাশনামা)। [স. রাশি>]

রাশভারী *বিণ* গম্ভীর প্রকৃতির লোক। **রাশহালকা** *বিণ* লঘু প্রকৃতি।

রাশি *বি* ১ স্তূপ; পুঞ্জ; সমূহ। ২ (গ) সংখ্যা; number। ৩ (আল.) অদৃষ্ট; নসিব ভাগ্য। **রাশিচক্র** *বি* (জ্যো-বি) দ্বাদশ রাশি চিহ্নিত বৃত্ত; ভচক্র; zodiac। **রাশি রাশি** *বিণ* প্রভূত; সুপ্রচুর; অসংখ্য। **রাশীকৃত** *বিণ* স্তূপীকৃত; গাদা দেওয়া।

রাষ্ট্র *বি* ১ রাজ্য; এক শাসনতন্ত্রাধীন দেশ বা দেশের অংশ; স্টেট; state। ২ দেশ; প্রদেশ। ❑ *বিণ* প্রচারিত; ঘোষিত; বিজ্ঞাপিত; রচিত; বিদিত [স.]। **রাষ্ট্র করা** *ক্রি* ১ প্রচার করা; ঘোষণা করা। ২ রটনা করা। **রাষ্ট্রদূত** *বি* রাজদূত; অন্যদেশে নিজ দেশের প্রতিনিধিত্বকারী দূত; ambassador। **রাষ্ট্রনায়ক** *বি* ১ রাষ্ট্রের শাসক বা পরিচালক। ২ রাষ্ট্র নায়কোচিত প্রজ্ঞা দৃষ্টি ও উদারতা আছে এমন রাজনৈতিক বা সরকারি নেতা; statesman; রাষ্ট্রপতি; রাষ্ট্রপ্রধান; president। **রাষ্ট্রনীতি** *বি* রাজনীতি; রাষ্ট্র পরিচালনের নীতি। **রাষ্ট্রনীতিক, রাষ্ট্রনৈতিক** *বিণ* রাজনীতিমূলক বা বিষয়ক। **রাষ্ট্রপতি** *বি* ১ রাষ্ট্রের অধিপতি বা প্রধান; রাজা। ২ সাধারণতন্ত্র রাষ্ট্রের নির্বাচিত অধিনায়ক; প্রেসিডেন্ট; president। **রাষ্ট্রবিপ্লব** *বি* ১ রাষ্ট্রের শাসন ব্যবস্থার আকস্মিক পরিবর্তন বা বিপর্যয়; রাষ্ট্রশাসন ব্যবস্থায় মৌলিক পরিবর্তন। ২ রাষ্ট্রের অভ্যন্তরের অরাজকতা গৃহযুদ্ধ প্রভৃতি। **রাষ্ট্রিক, রাষ্ট্রীয়** *বিণ* রাষ্ট্র সংক্রান্ত।

রাস[১] *বি* অশ্ববল্গা; লাগাম; রশ্মি। [আ., স. রশ্মি>]। **রাস আলগা করা, রাস ঢিলা করা** *ক্রি* (আল.) শাসন শিথিল করা; যথেচ্ছভাবে চলতে দেওয়া। **রাস টানা** *ক্রি* ১ লাগাম বা বল্গা ধরে টানা। ২ (আল.) সংযত বা নিয়মিত করা।

রাস[২], **রাসযাত্রা, রাসলীলা** *বি* গোপীগণের সঙ্গে কৃষ্ণের নৃত্যলীলা; কার্তিকী পূর্ণিমায় গোপনারীদের সঙ্গে রাধাকৃষ্ণের নৃত্যোৎসব। [স.]। **রাসপূর্ণিমা** *বি* কার্তিকী পূর্ণিমা। **রাসবিহারী** *বি* যিনি রাসমণ্ডলে বিহার করেন; কৃষ্ণ। **রাসমণ্ডপ, রাসমণ্ডল** *বি* রাধাকৃষ্ণের রাসনৃত্যের জায়গা বা মণ্ডপ।

রাসকেল, রাস্কেল *বি* দুর্বৃত্ত; পাজি; বদমাশ। [ই. rascal]

রাসভ *বি* গর্দভ; গাধা। [স. রস+অভ]। **রাসভী** *বি* স্ত্রী.। **রাসভনিন্দিত** *বিণ* ১ গাধাকেও হার মানায় বা লজ্জা দেয় এমন। ২ অত্যন্ত শ্রুতিকটু।

রাসায়নিক *বি* রসায়ন শাস্ত্রবিশারদ। ❑ *বিণ* রয়াসন সংক্রান্ত; রসায়নঘটিত। **রাসায়নিক আকর্ষণ** *বিণ* পরমাণুদের পরস্পরের প্রতি আকর্ষণ।

রাস্তা *বি* ১ পথ; মার্গ; বর্ত্ম। ২ উপায়; ব্যবস্থা। [ফা. রাসতহ্]। **রাস্তাখরচ** *বি* রাস্তায় গাড়ি প্রভৃতির ভাড়া ও খাবার খরচ; পাথেয়। **রাস্তাঘাট** *বি* ১ পথঘাট; ছোট বড়

রাস্তা। ২ সদর ও গলিপথ। **রাস্তা দেখ** *ক্রি* চলে যাও। **রাস্তা দেখানো** *ক্রি*১ পথ দেখানো। ২ উপায় বাতলানো। **রাস্তা ধরা** *ক্রি*১ পথ ধরা; চলতে আরম্ভ করা। ২ (আল.) পদাঙ্ক অনুসরণ করা; একই পথ অবলম্বন করা। **রাস্তাবন্ধ** *বি*১ পথ বন্ধ। ২ কোনো উপায় না থাকা। **রাস্তার লোক** *বি*১ অচেনা লোক; অপরিচিত ব্যক্তি। ২ পথ চলতি লোক।

রাস্না *বি* পরগাছাজাতীয় লতা; এক ধরনের অর্কিড।

রাহমাতুল্লিল আলামিন *বিণ*১ সারা বিশ্বের জন্য রহমত বা অনুগ্রহবিশেষ। ২ মুসলমানগণ হজরত মুহম্মদ (সা.)-কে এ নামে অভিহিত করেন। [আ.]

রাহা *বি* ১ রাস্তা; পথ। ২ উপায়; ব্যবস্থা। ৩ হিন্দুদের উপাধিবিশেষ। [ফা. রাহ্]। **রাহাখরচ** *বি* পথখরচ।

রাহাগির *বি* পথিক। [ফা. রাহ্গীর]

রাহাজান *বি* প্রকাশ্য রাজপথে ছিনতাই বা ডাকাতি করে যে। [ফা. রাহ্জান]। **রাহাজানি** *বি* ১ ডাকাতের বৃত্তি; দস্যুতা; প্রকাশ্য রাস্তায় ছিনতাই। ২ বি অন্যায়; অত্যাচার; অবিচার।

রাহাবর, রাহবর *বি* পথপ্রদর্শক; যে পথ দেখিয়ে নিয়ে যায় [ফা. রাহবর]

রাহিত্য *বি* অভাব; বিহীনতা। [স.]

রাহী[১] *বি* পথিক; মুসাফির। [ফা. রাহি]

রাহী[২](প্রা-বা) *বি* রাধা। [স. রাধিকা>রাহিআ>রাহী]

রাহু *বি* (জ্যো-শা) ১ অষ্টম গ্রহ। ২ পুরাণোক্ত যে অসুর গ্রহণকালে সূর্য বা চন্দ্রকে গ্রাস করে। ৩ পৌরাণিক অসুরবিশেষের ছিন্নমুণ্ড। ৪ (আল.) ধ্বংসকারী শত্রু; সর্বনাশসাধনকারী ব্যক্তি। [স.]। **রাহুগ্রস্ত** *বিণ*১ রাহু গ্রাস করেছে এমন। ২ (আল.) বিপদগ্রস্ত; অত্যন্ত বিপন্ন; অসৎ লোকের কবলে পতিত। [স.]। **রাহুর দশা** *বি* ১ (জ্যো-শা) অত্যন্ত অশুভ সময়। ২ অত্যন্ত ক্ষতিকর ও জীবন সংশয়সূচক অবস্থা বা কাল।

রি, রে *অব্য* সঙ্গীতে ঋষভ স্বর বুঝাতে সঙ্কেত ঋ।

রিং, রিঙ *বি*১ আংটা; আংটি; অঙ্গুরী; অঙ্গুরীয়। ২ চাবি রাখার কড়া। ৩ টেলিফোন বেজে ওঠার ধ্বনি। ৪ মুষ্টিযুদ্ধ, কুস্তি ইত্যাদির জন্য দড়ি ঘেরা স্থান। [ই. ring]

রিকসা, রিকশা *বি* মানুষটানা যাত্রীবাহী দ্বিচক্রযান। [জা. জিন্ রিক্শা]। **অটোরিকশা** *বি* যন্ত্রচালিত রিকশা। **সাইকেল রিকশা** *বি* সাইকেলের মতো ত্রিচক্রযান। **রিকশাওয়ালা** *বি* রিকশাচালক।

রিক্ত *বিণ*১ শূন্য; খালি; সম্বলহীন। ২ নিঃস্ব; সম্বলশূন্য; অত্যন্ত দরিদ্র। **রিক্তা** *স্ত্রী*।

রিকথ *বি*১ অর্থ; ধন; সম্পত্তি। ২ উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পদ। [স. রিচ্+থ]

রিক্রুটিং *বি* শিক্ষানবিস নতুন সেনা পুলিশ ইত্যাদি নিয়োগ। [ই. recruiting]

রিজক, রেজেক *বি* জীবনোপকরণ; অন্ন-বস্ত্র প্রভৃতি। [আ.]

রিজাইন *ক্রি* পদত্যাগ করা; কাজে ইস্তফা দেওয়া। [ই.]

রিজার্ভ *বিণ* সংরক্ষিত; প্রয়োজনে ব্যবহারের জন্য প্রস্তুতকৃত বা মজুতকৃত।

রিজার্ভেশন *বি* পূর্ব সংরক্ষণ; পূর্ব থেকে টিকিট ক্রয় করে গাড়িতে নিজের জন্যে জায়গা স্থিরকরণ। [ই. reservation]

রিটার্ন *বি*১ ফেরতা। ২ নির্দিষ্ট সাময়িক সরকারি বিবরণী, আয়কর হিসাব ইত্যাদি। [ই. return]। **রিটার্ন টিকিট** *বি* একই সঙ্গে যাওয়া-আসার টিকিট।

রিঠা[১], **রিঠে**[১] *বি* কাপড় কাচার জন্যে ব্যবহৃত এক রকম ছোট ফল। [স. অরিষ্ট>]

রিঠা[২], **রিঠে**[২] *বি* রিঠামাছ; ইটামাছ।

রিড, রীড *বি* শব্দ উৎপাদনের জন্য হারমোনিয়মে ব্যবহৃত যন্ত্রাংশ; নলখাগড়া। [ই. reed]

রিডার, রীডার *বি* ১পাঠক। ২ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক যিনি মানগত দিক থেকে পূর্ণ প্রফেসরের নিচে; বর্তমানে সহযোগী অধ্যাপক। ৩ ছাপাখানার প্রুফ সংশোধক। [ই.]

রিনঝিন, রিনিঝিনি, রিমঝিম *অব্য* তারযন্ত্র বা নূপুর বাজার শব্দ বা ঝংকার।

রিপু *বি*১ শত্রু; দুশমন; বিপক্ষ। ২ প্রবৃত্তি; ষড়রিপু—কাম ক্রোধ লোভ মোহ মদ মাৎসর্য। [স. √রপ্+উ]। **রিপুদমন** *বি* কাম ক্রোধাদি দমন; প্রবৃত্তিদমন। **রিপুদমী**(-মিন্) *বি* শত্রু দমন করে যে।

রিপেয়ার *বি* সংস্কারসাধন; মেরামত। [ই.]

রিপোর্ট *বি*১ বিবরণী; প্রতিবেদক। ২ অনুসন্ধান; পরীক্ষা বা গবেষণা সম্পর্কে লিখিত বিবরণ। ৩ অভিযোগ; নালিশ। [ই. report]

রিপোর্টার *বি* প্রতিবেদক; সংবাদদাতা; খবরের কাগজের সংবাদ-প্রেরক; সাংবাদিক। [ই. reporter]

রিপ্লাই *ক্রি* জবাব দেওয়া; reply [ই.]। **রিপ্লাই কার্ড** *বি* দ্রুত উত্তর লাভের জন্য প্রেরিত জোড়া পোস্ট কার্ড।

রিপ্লে *বি* পুনরায় খেলা; replay। [ই.]। **অ্যাকশন রিপ্লে** কোনো একটি অংশ বা ভঙ্গি টিভিতে আবার দেখানো।

রিফাইনারি *বি* শোধনাগার; যেখানে তেল ইত্যাদি শোধন করা হয়। [ই. refinery]

রিফিউজি, রেফুজি *বি* উদ্বাস্তু; শরণার্থী। [ই.]

রিফু, রিপু *বি* সুচ সুতা দিয়ে বস্ত্রের ছিন্ন অংশ বুনে মেরামত। [ফা. রফু]

রিবিট *বি* ধাতুপাত প্রভৃতি জোড়া দেওয়া কাজে প্রযুক্ত দুই দিকে মোটা পেরেকবিশেষ। [ই. rivet]

রিভলবার, রিভলভার *বি* একবার গুলি ভরে একাধিকবার গুলি ছোড়া যায় এমন পিস্তল; ছোটখাটো আগ্নেয়াস্ত্র। [ই. revolver]

রিম, রীম *বি* কাগজের পরিমাণবিশেষ (১ রিম=২০ দিস্তা ৪৮০ বা ৫০০ তা)। [ই. ream]

রিমঝিম *অব্য* মৃদু বৃষ্টিপাতের শব্দ। **রিমিঝিমি** *ক্রিবিণ* রিমঝিম ধ্বনি করে।

রিয়াইত, রেয়াৎ *বি*১ ক্ষমা; অব্যাহতি। ২ বিবেচনা; শ্রদ্ধা; সুবিধা। [আ. রিয়াইয়াৎ]

রিরংসা *বি* রমণ বা সঙ্গম বা রতিক্রিয়ার ইচ্ছা; কাম। [স. √রম্+সন্+অ+আ]। **রিরংসু** *বিণ* রমণে বা রতিক্রিয়ায় ইচ্ছুক।

রি রি *অব্য* তীব্র ক্রোধ বা অন্য প্রকার অনুভূতি বোঝানোর জন্য ব্যবহৃত শব্দ।

রিল, রীল *বি*১ কাটিম। ২ ববিন। ৩ স্পুল। ৪ সিনেমার ফিল্মের ১০০০ ফিট-এর মতো। ৫ কাঠের নলি যাতে সেলাই করার সুতা জড়ানো থাকে; সুতা গুটানোর চাকতি। [ই. reel]

রিলিফ *বি* ১ সাহায্য; সহায়তা। ২ উপশম; লাঘব। ৩ দায়মুক্তি। [ই. relief]
রিলে *বি* ১ সম্প্রচার; দলগত দৌড় প্রতিযোগিতা; প্রতি দলের চারজন দৌড়বিদের মধ্যে পর্যায়ক্রমিকভাবে ব্যাট বদল করে দৌড়ের প্রতিযোগিতা; relay race। ২ ধারাভাষ্য। [ই. relay]
রিশতা *বি* সম্বন্ধ; কুটুম্বিতা। **রিশতাদার** *বি* কুটুম্ব; আত্মীয়। [ফা.]
রিশবৎ *বি* ঘুষ। [আ.]
রিসিভার *বি* টেলিফোনের শব্দগ্রহণ ও শব্দপ্রেরণ যন্ত্র।
রিস্টওয়াচ *বি* হাতঘড়ি; যে ঘড়ি মণিবন্ধে বেঁধে রাখা হয়। [ই. wristwatch]
রিহার্সাল *বি* অভিনয়ের পূর্বে তালিম; মহড়া। [ই. rehearsal]
রীত *বি*১ আচার–ব্যবহার; চালচলন।২ প্রথা। [স. রীতি>]
রীতি *বি* ১ প্রণালী; পদ্ধতি। ২ প্রথা; ধারা; দস্তুর। ৩ প্রকৃতি; স্বভাব; আচরণ।৪ রচনাশৈলী; স্টাইল; বৈশিষ্ট্য। ৫ গতিক; ধরন। [স.]। **রীতিনীতি** *বি* আচার–ব্যবহার; রসম ও রেওয়াজ; দস্তুর। **রীতিবিরুদ্ধ** *বিণ* প্রথা বা নিয়মবিরুদ্ধ; প্রথার পরিপন্থী। **রীতিমতো** *ক্রিবিণ*১ রীতি অনুসারে। ২ ভীষণ রকম; ভালোরকম।
রুই *বি*১ রোহিত মৎস্য; একপ্রকার বড় মাছ।২ উই পোকা। [স. রোহিত>]। **রুইকাতলা** *বি* ১ বড় মাছ। ২ (আল.) সমাজের পদস্থ ও বিত্তশালী লোক; যারা দেশ ও সমাজের রীতিকে উপেক্ষা করে চলতে পারে।
রুইতন, রুহিতন *বি* খেলার তাসের একটি রং। [ওল. ruiten]
রুইদাস, রুহিদাস *বি*১ চর্মকার; চামার; মুচি।২ চর্মকার জাতির মধ্যে আবির্ভূত আদি পুরুষ ও মহাপুরুষ; চামারদের আদিপুরুষ; রাজা হরিশ্চন্দ্রের পুত্র রুইদাস। [হি. রয়দাস]
রুকু *বি* নামাজের সময়ে দুই হাঁটুতে ভর করে নত মস্তকে দাঁড়ানো। [আ.]
রুক্মিণী *বি* বিদর্ভরাজ ভীষ্মকের কন্যা ও কৃষ্ণের প্রধানা পত্নী। [স.]
রুক্ষ *বিণ* ১ কর্কশ; নিষ্ঠুর; উগ্র। ২ খসখসে; তৈলহীন; অচিক্কণ।৩ কঠোর।৪ স্নেহবর্জিত; নিষ্ঠুর।৫ ক্রুদ্ধ; উগ্র। ৬ এবড়োথেবড়ো; অসমতল। [স. √রুক+অ]। **রুক্ষতা** *বি* কর্কশতা; উগ্রতা; তেলহীনতা। **রুক্ষভাষী** *বিণ* কর্কশ ভাষা বলে এমন।
রুখা[১]**, রুখো** *বিণ*১ শুকনো; শুষ্ক; ব্যঞ্জনাদি বর্জিত।২ উশকো–খুশকো; তেলহীন।৩ খোরাক দিতে হয় না এমন। [স. রুক্ষ>]
রুখা[২] *ক্রিবিণ* রোধ করা; রোখা; প্রহারে উদ্যত হওয়া (একরোখা)।
রুগ্ণ *বিণ* ১ পীড়িত; অসুস্থ। ২ রোগের জন্য দুর্বল বা কাহিল। [স. রুজ্+ত]। **রুগ্ণা** *বিণ স্ত্রী*.। **রুগ্ণতা** *বি*।
রুচি *বি* ১ পছন্দ; মার্জিত আচার ও আচরণ। ২ দীপ্তি; উজ্জ্বলতা; শোভা; সৌন্দর্য; লাবণ্য। ৩ স্পৃহা; ইচ্ছা; অভিলাষ; ভোজনের আগ্রহ বা প্রবৃত্তি। ৪ অনুরাগ; আকর্ষণ; আগ্রহ; আসক্তি। [স. √রুচ্+ই]। **রুচিকর** *বিণ* ১ স্পৃহাজনক; আগ্রহজনক। ২ সুস্বাদু; প্রীতিকর; প্রীতিদায়ক।৩ প্রবৃত্তিদায়ক বা অনুরাগজনক। **রুচিবাগীশ** *বিণ* (ব্য.) সুরুচি বা সৌন্দর্য সম্পর্কে শুচিবাইগ্রস্ত। **রুচিভেদ** *বি* পছন্দ বা রুচিজ্ঞানের পার্থক্য; কোনটি ভালো কোনটি গ্রহণীয় কোনটি বর্জনীয় ইত্যাদি সম্বন্ধে লোকের মতের বা পছন্দের ভিন্নতা।
রুচির *বি* মনোজ্ঞ; সুন্দর; শোভন; মনোরম; মধুর। ❑ *বিণ* দীপ্ত; উজ্জ্বল। [স. √রুচ্+ইর]। **রুচিরা**[১] *বিণ স্ত্রী*.।
রুচিরা[২] *বি* একটি সংস্কৃত ছন্দের নাম। [স.]
রুচ্য *বিণ* রুচিকারক; প্রীতিপ্রদ। [স. √রুচ্+য]
রুজ, রূজ *বি* গণ্ডদেশ রঞ্জিত করার জন্য ব্যবহৃত প্রসাধন সামগ্রী। [ই. rouge]
রুজি, রুযি *বি* জীবিকা; উপার্জন; দৈনন্দিন খাদ্য সংস্থান। [ফা.]
রুজু[১] *বিণ* ১ দাখিল; দায়ের; উপস্থাপিত। ২ ফেরা; প্রত্যাবর্তন। [আ. রুজু]
রুজু[২] *বিণ*১ সোজা; খাড়া। ২ সমান; অনুযায়ী; অনুসারী। ৩ সামনাসামনি; সম্মুখবর্তী। [স. ঋজু>]। **রুজু দেওয়া** *ক্রি* মূলের সঙ্গে মিলানো; হিসাবের কোনো দফাকে মূলের অনুসারী করা।
রুজু[৩] *বিণ* পরস্পরের সামনাসামনি হয়ে বিতর্কিত বিষয় প্রমাণ করা বা মীমাংসা করা। [আ.]
রুটি *বি* ১ আটা ময়দা প্রভৃতি দিয়ে তৈরি খাদ্যদ্রব্য। ২ পাউরুটি; চাপাটি।৩ জীবিকা; বৃত্তি; জীবনধারণের উপায়। [স. রোটিকা]। **রুটি–রুজি** *বি* খাদ্য ও জীবিকা। **রুটি বেলা** *ক্রি* চাকি বেলুন দিয়ে রুটি তৈরি করা। **রুটি মারা** *ক্রি* (আল.) জীবিকা অর্জনের উপায় রোধ করা। [তামিল রোটি]
রুটিন *বি* দৈনন্দিন করণীয় কাজের নির্ধারিত পরম্পরা। [ই. routine]। **রুটিন বাঁধা** *বিণ* ছক বাঁধা; মেনে চলা হয় এমন।
রুঠা, রুঠো *বিণ*১ রুক্ষ; কঠোর; কর্কশ; নীরস।২ নিষ্ঠুর; নির্দয়; দয়ামায়াহীন। [স. রূঢ়>]
রুদ্ধ *বিণ* ১ প্রতিহত; বাধাপ্রাপ্ত; নিবারিত। ২ বন্ধ। ৩ আটক; বেষ্টিত। ৪ চাপা; গতিহীন। [স. √রুধ্+ত]। **রুদ্ধকক্ষ** *বি* যে ঘরের দরজা–জানালা বন্ধ। **রুদ্ধদ্বার বৈঠক** *বি* গোপন সভা। **রুদ্ধশ্বাস** *বিণ* ১ শ্বাসবায়ু বন্ধ হয়েছে এমন; প্রাণবায়ুর চলাচল বন্ধ এমন। ২ শ্বাসগ্রহণ বা ত্যাগ না করার অবস্থায় উপনীত; বিস্ময়াদির আতিশয্যের ফলে শ্বাস বন্ধ অবস্থা। **রুদ্ধশ্বাসে** *ক্রিবিণ* উদ্বেগ উৎকণ্ঠা বা আনন্দের আতিশয্যে দম বন্ধ করে।
রুদ্র *বি* হিন্দুদেবতা শিব; শিবের সংহার মূর্তি। ❑ *বিণ* উগ্র; ভয়ঙ্কর; প্রচণ্ড। [স. √রুদ্+ণিচ্+র]। **রুদ্রজ** *বি*১ রুদ্র (শিব) হতে জাত কার্তিকাদি। ২ পারদ। **রুদ্রজটা** *বি* ১ শিবের জটা। ২ লতাবিশেষ। **রুদ্রতাল** *বিণ* সঙ্গীতের ছন্দ বা তাল; তাণ্ডব নৃত্যের তাল। **রুদ্রবীণা** *বি* প্রচণ্ড সুরযুক্ত বীণা। ❑ *বিণ* যে বীণার ধ্বনি উদাত্ত। **রুদ্রমূর্তি** *বি* ভয়ঙ্কর মূর্তি; সংহারমূর্তি। **রুদ্রাক্ষ** *বি* যে শুষ্ক ফল দিয়ে হিন্দুদের জপের মালা প্রস্তুত হয়। **রুদ্রাক্ষমালা** *বি* রুদ্রাক্ষ দিয়ে তৈরি জপমালা। **রুদ্রাণী** *বি স্ত্রী*. শিবের পত্নী; ভবানী।
রুধির *বি* ১ রক্ত; শোণিত; খুন; লহু। ২ রক্তবর্ণ। [স. √রুধ্+ইর]। **রুধিররঞ্জিত, রুধিরাক্ত** *বিণ* রক্তে মাখা।
রুনুঝুনু, রুনুরুনু *অব্য* নূপুর ঘুঙুর প্রভৃতির শব্দ; নূপুরের ঝঙ্কার।

রুপা, রুপো *বি* রৌপ্য; চান্দি। [স. রৌপ্য>]। **রুপার চাকতি** *বি* টাকা।
রুপালি, রূপালী *বিণ* ১ রূপার পাতে মোড়া; রূপার প্রলেপবিশিষ্ট; রৌপ্যমণ্ডিত। ২ রুপার মতো সাদা।
রুপি *বি* খাদমিশ্রিত রুপার তৈরি মুদ্রা; ভারত ও পাকিস্তানের টাকার নাম।
রুপিয়া, রুপেয়া *বি* রৌপ্য মুদ্রা; টাকা।
রুবাই, রুবাঈ *বি* চতুষ্পদী কবিতা। [স. রুবাঈ]। **রুবাইয়াত-ই-ওমর খৈয়াম** *বি* ওমর খৈয়ামের চতুষ্পদীসমূহ।
রুবাইয়াৎ, রোবাইয়াৎ *বি* রুবাইসমূহ। [ফা. এক বচন রুবাই]
রুম *বি* কক্ষ; কামরা। [ই. room]
রুমঝুম *অব্য* বাদ্যযন্ত্র মল বা নূপুরের ধ্বনি।
রুমাল *বি* ১ মুখের ঘাম ও হাতমুখ মুছবার ক্ষুদ্র বস্ত্রখণ্ড। ২ ছোট শালবিশেষ। [ফা. রূমাল]
রুয়া, রুয়ো *বি* ঘরের চালে যে লম্বা লম্বা মসৃণ করা বাঁশের টুকরা বাঁধা হয়। [স. √রুহ্+ণিচ্+বা.আ]
রুরু *বি* একপ্রকার মৃগ; মহাকৃষ্ণসার। [স.]
রুল[১] *বি* ১ লাইন; রেখা। ২ ছাপাখানার এক লাইনের অক্ষরসমূহ অন্য লাইনের অক্ষরসমূহ থেকে পৃথক রাখার জন্যে সীসাদির পাতলা পাত। ৩ আইন; নির্দেশ। [ই. rule]। **রুল জারি করা** *ক্রি* প্রধানত আদালত কর্তৃক নির্দেশ বা আদেশ দেওয়া।
রুল[২] *বি* সরলরেখা টানা বা প্রহারের জন্যে যে দণ্ড ব্যবহার করা হয়। [ই. ruler]
রুলি *বি* সরু বালাবিশেষ। [তুল. হি. রোলি]
রুষ্ট, রুষিত *বিণ* ক্রুদ্ধ; রাগান্বিত; রোষযুক্ত। [স.]। **রুষিতা, রুষ্টা** *বিণ স্ত্রী.*।
রুসুম *বি* ১ শুল্ক; ট্যাক্স। ২ প্রথা; দেশাচার; দস্তুর। [আ. রুসুম, একব. রসম]।
রুহ *বিণ* জাত (মহীরুহ)। [স. √রুহ্+আ]
রুহানি, রূহানী *বিণ* অন্তর থেকে উৎপন্ন; আত্মজাত; আত্মিক; আধ্যাত্মিক। [আ.]
রূঢ় *বিণ* ১ কর্কশ; রুক্ষ; কঠোর; অপ্রিয়। ২ উৎপন্ন; জাত। ৩ বিখ্যাত; প্রসিদ্ধ। ৪ ব্যুৎপত্তি বহির্ভূত অর্থ প্রকাশ করে এমন। [স. √রুহ্+ত]
রূঢ়মূল *বিণ* বদ্ধমূল; প্রবৃদ্ধ।।
রূঢ়ি *বি* ১ উৎপত্তি; জন্ম। ২ প্রসিদ্ধি; খ্যাতি। ৩ ব্যুৎপত্তিলব্ধ অর্থ ভিন্ন অন্য অর্থ প্রকাশের শক্তি; বাচ্যার্থ ভিন্ন অর্থবোধ। [স. √রুহ্+তি]
রূপ *বি* ১ আকৃতি; মূর্তি; শরীর। ২ সৌন্দর্য; শোভা; খুবসুরতি। ৩ স্বাভাবিক সৌন্দর্য। ৪ বেশভূষা; চেহারা। ৫ ধরন; প্রকার; রকম। ৬ বর্ণ; রং। ৭ স্বরূপ; স্বভাব। ৮ (ব্যা.) বিভক্তিযুক্ত শব্দ বা ধাতু। ৯ (দ.) নেত্রগ্রাহ্য বা প্রত্যক্ষ বিষয়। [স. √রূপ্+অ]। **রূপওয়ালি** *বি* সুন্দরী; রূপসী; খুবসুরত। **রূপ করা** *ক্রি* শব্দমূলের বা ধাতুমূলের সঙ্গে বিভক্তি যোগ করা। **রূপকার** *বি* ১ রূপদাতা। ২ শিল্পী। ৩ অভিনয়ে যে ব্যক্তি অভিনেতাদের পোশাক পরায়; সজ্জাকর। **রূপকারী** *বি* শিল্পী; রূপদাতা; অভিনেতা। **রূপচাঁদ** *বি* রুপার টাকা। ❑ *বিণ* ১ রূপজনিত; রূপজাত। ২ সৌন্দর্যের আকর্ষণ থেকে জাত। **রূপজীবী, রূপোপজীবী** *বি* বেশ্যা; গণিকা। **রূপদক্ষ** *বিণ* ১ বেশ ধারণে দক্ষ বা নিপুণ। ২ রূপ সৃষ্টিতে বা রূপদানে পারদর্শী এমন; artist। **রূপধারী**(-রিন্) *বিণ* রূপ ধারণ করেছে এমন। **রূপবান** *বিণ* সুন্দর; মনোহর। **রূপবতী** *বিণ স্ত্রী.*। **রূপমঞ্জরি** *বি* রূপ আছে এমন। ❑ *বিণ* সৌন্দর্যের নবীনতা। **রূপমাধুরী** *বি* সৌন্দর্যের মাধুর্য বা কোমলতা বা কমনীয়তা। **রূপরেখা** *বি* রেখাচিত্র; কোনো বিষয়ের সংক্ষিপ্ত পরিচয়। **রূপশালি** *বি* এক প্রকার ধান। **রূপের ডালি** *বি* প্রচুর সৌন্দর্য বা রূপের আধার। **রূপের ধুচুনি** (ব্য.) অত্যন্ত সুন্দর বা মনোহর অর্থাৎ কুরূপ। **রূপের মোহ, রূপমোহ** *বি* ১ সৌন্দর্যের প্রতি মুগ্ধতা বা অন্ধ আকর্ষণ। ২ রূপ-বিহ্বলতা; রূপ-বিবশতা।
রূপক *বি* ১ যে অর্থালঙ্কারে উপমান ও উপমেয়ের অভেদ কল্পনা করা হয়, যথা—মুখচন্দ্র। ২ যেসব কাব্য বা নাটকে কোনো তত্ত্বকে রূপ দেওয়া হয়। [স.]
রূপকথা *বি* ১ উপকথা; fairy tale। ২ অসম্ভব কাল্পনিক কাহিনী। [স. উপকথা>]
রূপণ *বি* ১ বর্ণন; বর্ণনা। ২ নিরূপণ; নির্ণয়; অবধারণ। ৩ অভিনয়। [স.]
রূপদস্তা *বি* সীসা ও রাঙের মিশ্রণে প্রস্তুত ধাতু; জার্মান সিলভার; pewter।
রূপসী *বিণ স্ত্রী.* রূপবতী নারী; সুন্দরী। [স. রূপীয়সী>]
রূপান্তর *বি* ১ পরিবর্তন। ২ ভিন্নমূর্তি ধারণ; অবস্থান্তর প্রাপ্তি। [স.]। **রূপান্তরিত** *বিণ* রূপের পরিবর্তন ঘটা।
রূপায়ণ *বি* ১ রূপদান। ২ রচনাপ্রকাশ। ৩ অভিনয়ে ভূমিকা গ্রহণ; রূপধারণ। [স.]
রূপায়িত *বিণ* ১ রূপদান করা হয়েছে এমন; প্রকাশিত; মূর্ত। ২ বর্ণনা করা হয়েছে এমন। [স.]
রূপিত *বিণ* ১ রূপযুক্ত; রূপে পরিপূর্ণ। ২ বর্ণনা করা হয়েছে এমন; বর্ণিত। [স.]
রূপী[১](-পিন্) *বিণ* ১ মূর্তিধারী; রূপযুক্ত; আকৃতিবিশিষ্ট। ২ বেশধারী। [স. রূপ+ঈ]। **রূপিণী** *বিণ স্ত্রী.*।
রূপী[২] *বি* এক জাতীয় লালমুখ বানর।
রূপোপজীবিনী *বি স্ত্রী.* বেশ্যা; গণিকা। [স. রূপ+উপজীবিনী]
রূহ, রুহ *বিণ* আত্মা; অন্তরাত্মা; অন্তর। [আ.]
রে *অব্য* ১ স্নেহ বা তুচ্ছতাসূচক ডাক। ২ বিস্ময় বা খেদ প্রকাশক।
রেউচিনি, রেউচীনী *বি* বৃক্ষবিশেষের মূল যা রেচক ওষুধরূপে ব্যবহৃত হয়। [ফা. রেবন্দ-ই-চীনী]
রেওয়াজ, রেয়াজ *বি* ১ রীতি; পদ্ধতি; ধরন; চর্চা। ২ প্রচলিত আচার; চলন; চর্চা; অনুশীলন। [আ. রিওয়াজ]
রেওয়াত *বি* ১ বর্ণনা; বিবরণ। ২ কোনো ব্যক্তির বাণী বা জীবন সম্বন্ধীয় ঘটনা। [আ. রিওয়াত]
রেক[১], **র‍্যাক** *বি* তাক; আলমারি যা দেয়ালের গায়ে জিনিসপত্র রাখার স্থান। [ই. rack]
রেক[২] *বি* শস্যাদি মাপার পাত্র (১ রেক = ৪ কুনিকা)।
রেকাত, রাকআত *বি* নামাজের অংশবিশেষ; নামাজে সুরা ফাতিহা ও কুরআন পাঠসহ রুকু এবং সিজদা সম্পন্ন করা। [আ. রক্আৎ]
রেকাব[১] *বি* ঘোড়ার দুই পাশে ঝুলানো পা-দান। [আ. রিকাব]। **রেকাবদার** *বি* সহিস।

রেকাবি, রেকাব[২] *বি* ছোট থালা; ডিস। [ফা. রকাবি]
রেকি *বি* যুদ্ধাদিতে আক্রমণের পূর্বে শত্রুপক্ষের অবস্থান সম্পর্কে অনুসন্ধান। [ই. recce]
রেখ *বি* (কথ্য) রেখা; চিহ্ন। [স. √লিখ্+অ(ল>র)]
রেখা *বি*১ চিহ্ন বা দাগ। ২ ডোরা। ৩ সামান্য চিহ্ন; আভাস। ৪ সারি; শ্রেণী। ৫ (জ্যা.) প্রস্থ ও বেধশূন্য দীর্ঘটান; line। ৬ খুব সামান্য অংশ। [স.]। **রেখাগণিত** *বি* জ্যামিতি। **রেখাঙ্কন** *বি* চিত্রাঙ্কন। **রেখাঙ্কিত** *বি* রেখাবিশিষ্ট ডোরাকাটা লাইন টানা। **রেখাচিত্র** *বি* ছবির মুসাবিদা; রেখাসহযোগে চিত্রের মোটামুটি অঙ্কন; rough sketch। **রেখাপাত** *বি* দাগ কাটা। **বক্ররেখা** *বি* আকাঁবাঁকা রেখা। **সরলরেখা** *বি* যে রেখা একদিকে চলতে থাকে, দিক পরিবর্তন করে না।
রেচন *বি* ১ দাস্ত; ভেদ। ২ নিঃসারণ। **রেচক** *বিণ* ১ দাস্ত সৃষ্টিকারক; বিরেচক। ২ জোলাপ। ৩ প্রাণায়ামকালে নিঃশ্বাস ত্যাগ। [স. √রিচ্+আন]। **রেচিত** *বিণ*১ বিরেচিত। ২ ত্যক্ত; বর্জিত।
রেজগি, রেজকি *বি* ১ টাকার ভাঙতি; খুচরা আধুলি সিকি পয়সা ইত্যাদি। ২ এক টাকার চেয়ে অল্প মূল্যের মুদ্রা। [ফা. রিযগী]
রেজালা *বি* জায়ফল যইত্রি ও শাহি জিরাসহ অন্যান্য মশলা দিয়ে রাঁধা মাংসের তরকারি।
রেজাল্ট *বি* ফলাফল। [ই. result]
রেজিমেন্ট *বি* সৈন্যদল বা বাহিনীর একটি অংশ। [ই. regiment]
রেজিস্ট্রার *বি*১ রেজিস্ট্রারির ভারপ্রাপ্ত কর্মকর্তা; নিবন্ধক। ২ ছাত্রদের বা অফিসের হাজিরা খাতা। ৩ অফিসের রেকর্ডপত্র সংরক্ষক। [ই. registrar]
রেজিস্ট্রি, রেজিস্টারি *বি* সরকারি বইতে বা খাতায় নামাদি লিখন অথবা দলিলাদির নকল রক্ষণ ও তৎসমুদয় সরকারি মোহরাঙ্কিতকরণ; নিবন্ধন। [ই. registration]
রেজিস্ট্রি, রেজিস্টারি *বিণ* রেজিস্ট্রি করা হয়েছে এমন। [ই. registered]
রেজেক, রিযক *বি* জীবনোপকরণ; খাদ্য; আহার। [আ. রিয্ক]
রেট *বি*১ হার। ২ দর; দাম; মূল্য। ৩ দস্তুর; প্রথা; রেওয়াজ। [ই rate]
রেডিও, রেডিয়ো *বি* বেতার-যন্ত্রবিশেষ। [ই. radio]
রেডিওগ্রাম *বি* ১ বিদ্যুতের সাহায্যে বিনা তারে রেডিও-টেলিগ্রাফে সংবাদ প্রেরণ ব্যবস্থা। ২ একই যন্ত্রে সংযুক্ত রেডিও ও রেকর্ড প্লেয়ার। [ই. radiogram]
রেডিয়েটার *বি* মোটরগাড়ির যে যন্ত্রে ইঞ্জিন ঠাণ্ডা রাখার জন্যে পানি রাখা হয়; রশ্মি বিকিরণকারী। [ই. radiator]
রেড়ি, রেড়ী *বি* এরণ্ড বা ভেরেণ্ডার গাছ বা তার ফল। [স. এরণ্ড]
রেড়ির তেল *বি* ভেরেণ্ডা বীজ থেকে প্রস্তুত তেল; castor oil।
রেণু *বি* ১ কণা; কণিকা; গুঁড়া; চূর্ণ। ২ পরাগ। ৩ ধূলি। [স. √রী+নু]
রেণুকা *বি* পরশুরামের মাতা।
রেতঃ *বি* ১ পুরুষ দেহের সার পদার্থ; সন্তান উৎপাদনে সমর্থ শুক্র; বীর্য। ২ পারদ। [স. √রী+অতস্]। **রেতঃপাত** *বি* বীর্যস্খলন; শুক্রপতন।
রেতি, রেত *বি* উখা; লোহাদি ঘষে ক্ষয় করার ক্ষমতাসম্পন্ন যন্ত্র। [হি. রেতী]
রেদা, র‍্যাদা *বি* কাঠ মসৃণ করার জন্য ব্যবহৃত ছুতারের যন্ত্রবিশেষ। [ফা. রন্দ]
রেনকোট *বি* বর্ষাতি; বৃষ্টির মধ্যে বাইরে যাওয়ার পরিধেয়। [ই. rain-coat]
রেনেসাঁ, রেনেসাঁস *বি* মধ্যযুগ থেকে আধুনিক যুগে উন্নীত হয়েছে এমন অবস্থা; নব জাগরণ। [ফা. renaissance]
রেপার, র‍্যাপার *বি* পশমের তৈরি ছোট চাদরবিশেষ; গাত্রাবরণ। [ই. wrapper]
রেপ্লিকা *বি* হুবহু নকল।
রেফ *বি*১ বর্ণের সঙ্গে র্ যুক্ত হয়ে ঐ বর্ণের মাথায় যে চিহ্ন (´) রূপে অবস্থান করে (যথা মহার্ঘ)। ২ ভ্রমরাদির মাথার রেফাকার শুঁড় বা লোম (দ্বিরেফ)। [স. র+ইফ]
রেফারি, রেফারী *বি* খেলা পরিচালক; প্রতিদ্বন্দ্বিতামূলক খেলায় যিনি দুইপক্ষের খেলোয়াড়দের ভুল-ত্রুটি নির্দেশ করেন; মধ্যস্থ। [ই. referee]
রেবতী *বি*১ (জ্যো-শা) সাতাশটি নক্ষত্রের একটির নাম। ২ বলরামের পত্নীর নাম। [স. রেবত+অ+ঈ]
রেবতী-রমণ *বি* ১ চন্দ্র। ২ বলরাম। [স.]
রেবা *বি* নর্মদা নদী। [স.]
রেয়াত, রেয়াৎ *বি* ১ অব্যাহতি দান; রেহাই; ছাড়। ২ খাতির; সম্মান; দয়া; অনুগ্রহ। [আ. রি'আয়ৎ]
রেয়ো, রেঁউয়া *বিণ* রবাহূত; বিনা নিমন্ত্রণে উপস্থিত হয় এমন।
রেল *বি* ১ রেলপথ; লৌহবর্ত্ম। ২ রেলগাড়ি। [ই. rail]। **রেলগাড়ি** *বি* রেল-লাইনের উপর দিয়ে যে শকট চলে। **রেললাইন** *বি* যে লৌহপথের উপর দিয়ে রেলগাড়ি চলে। **রেলস্টেশন** *বি* যাত্রীদের সুবিধার জন্য যেসব স্থানে রেলগাড়ি থামে। [ই. railway station]
রেলকাটা *বি* রেলস্টেশনে ব্যবহৃত রেল কেটে তৈরি করা ঘণ্টা।
রেলিং, রেলিঙ *বি* লৌহবেষ্টনী; লোহার গরাদ; লোহা বা কাঠের শিকের বেড়াবিশেষ। [ই. railing]
রেশ *বি* ১ বাদ্যযন্ত্রাদিতে আঘাতের পর যে শব্দ কিছুক্ষণ হতে থাকে; অনুরণন। ২ যে অনুভূতি উৎপত্তির পর অনুরণিত হতে থাকে।
রেশন *বি*১ সরকার থেকে পরিবারের সকল সদস্যের জন্য নির্দিষ্ট পরিমাণে ও নিয়ন্ত্রিত দামে খাদ্যাদি সরবরাহ। ২ বরাদ্দ পরিমাণ।
রেশম *বি*১ গুটি পোকার লালাজাত তন্তু। ২ গুটি পোকার লালাজাত তন্তু থেকে যে সুতা প্রস্তুত হয়। [ফা. রেশম]। **রেশম কীট** *বি* তুঁত পোকা। **রেশমশিল্প** *বি* রেশম চাষ সম্পর্কিত শিল্প। **রেশমি** *বিণ* রেশমের সুতায় প্রস্তুত।
রেশালা, রেসালা, রিসালা *বি*১ অশ্বারোহী সৈন্যদল। ২ শোভাযাত্রাদিবিশেষ। [আ. রিসালা]। **রেশালাদার, রিসালাদার, রিসালদার** *বি* অশ্বারোহী সেনাবাহিনীর অধিনায়ক।
রেষ, রিষ *বি* দ্বেষ; আক্রোশ; ঈর্ষা। [স. ঈর্ষা>রিষ]। **রেষারেষি** *বি* পরস্পর হিংসা বা বিদ্বেষ প্রতিযোগিতা।

রেস *বি*১ দৌড় প্রতিযোগিতা। ২ ঘোড়দৌড়ের বাজি। [ই.]
রেসুড়ে *বি* রেস খেলে যে; ঘোড়দৌড়ে বাজি রাখে যে। [ই. race]
রেস্ত *বি* পুঁজি; টাকাকড়ি; সম্বল; খরচের পর যা বেঁচে থাকে। [ই. resto]
রেস্তোরাঁ, রেস্তরাঁ *বি* চা-কফি, খানা বা খাবারের দোকান। [ফ.]
রেহাই *বি*১ অব্যাহতি; নিষ্কৃতি; মুক্তি। ২ (আল.) চিরতরে মুক্তিলাভ। [ফা. রিহাঈ]
রেহাননামা *বি* বন্ধকী দলিল। [আ. রিহ্ন]
রেহেল *বি* বইধারক; কাঠনির্মিত কাঠামোবিশেষ; যার উপর কুরআন শরিফ বা যে কোনো বই রেখে তক্তপোষে বা মেঝে বসে পড়া হয়। [আ. রহ্‌ল]
রৈখিক *বিণ* রেখাসংক্রান্ত; রেখা দিয়ে প্রস্তুত। [স.]
রৈবতক *বি* গুজরাটস্থ পর্বতবিশেষ; কবি নবীন সেনের একটি কাব্যের নাম।
রোঁদ[১] *বি* সৈন্যদের দৌড় রূপ ব্যায়াম।
রোঁদ[২] *বি* পরিমাণ; প্রস্থ; চক্র।
রোঁয়া, রোঁ, রোঁআ *বি* ১ লোম। ২ আঁশ; পক্ষ্ম। [স. রোমন্/রোম]। **রোঁয়া ওঠা/উঠা** *বিণ* লোমহীন।
রোক[১] *বি*১ ক্রয়; নগদ ক্রয়। ২ নগদ টাকা। ☐ *বিণ* নগদ। [স.]। **রোকশোধ** *বি* নগদ টাকায় দেনা পরিশোধ।
রোকন, রুকন *বি* স্তম্ভ; মৌলিক বিষয়; ভিত্তি। [আ. রুকন]
রোকা[১] *বি* ক্ষুদ্রপত্র; চিরকুট; হ্যান্ডনোট; হাতচিঠা। [আ. রুক্ক]
রোখ[১] *বি* ১ জিদ; ঝোঁক। [স. রোষ>]
রোখ[২] *বি* মুখ; সম্মুখ। [ফা.]। **বেরোখ** *বিপ.* পশ্চাৎ; পিঠের দিক।
রোখসত, রুকসত *বি* কর্মাবসানে দেনাপাওনা/লেনদেন মিটিয়ে বিদায়। [আ. রুখসৎ]
রোখা[১] *বিণ* রোষযুক্ত; তেজস্বী; জেদি (একরোখা)।
রোখা[২]**, রুখা** *ক্রি* ১ ক্রুদ্ধ হওয়া; আক্রমণ বা হামলা করতে প্রস্তুত হওয়া। ২ গতি রুদ্ধ বা বিরত করা; থামানো। ৩ আটকানো। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [স. রোষ>]
রোখাল *বি, বিণ* জেদি; একরোখা ব্যক্তি। ☐ *বিণ* বাড়ন্ত; যে চারাগাছ তাড়াতাড়ি বেড়ে উঠে। [স. রোষ> রোখ+আল]
রোগ *বি*১ পীড়া; ব্যাধি; অসুখ; ব্যারাম। ২ কুঅভ্যাস। ৩ রোগের মতো যা ক্ষতিকর বা বিরক্তিকর। [স.]। **রোগাক্লিষ্ট** *বিণ* রোগে কষ্ট পায় এমন; রুগ্‌ণ; রোগার্ত। **রোগগ্রস্ত** *বিণ* রোগাক্রান্ত। **রোগজীবাণু, রোগজীর্ণ** *বিণ* রোগের জন্য জীর্ণ। **রোগপ্রতিষেধক** *বি* রোগনিবারক; পূর্ব থেকে যা ব্যবহার করলে রোগ না হওয়ার সম্ভাবনা। **রোগভোগ** *বি* অসুখ-বিসুখে কষ্ট পাওয়া। **রোগমুক্ত** *বিণ* আরোগ্যলাভ করেছে এমন; সুস্থ। **রোগমুক্তি** *বি* ভালো হওয়া; রোগের হাত থেকে মুক্তি পাওয়া। **রোগযন্ত্রণা** *বি* অসুখ বা রোগাক্রান্ত হয়ে কষ্ট পাওয়া। **রোগশয্যা** *বি* রোগীর বিছানা। **রোগশান্তি** *বি* আরোগ্য লাভ; সুস্থ হওয়া। **রোগশোক** *বি* দৈহিক ও মানসিক যন্ত্রণা; রোগ ও প্রিয়জনের মৃত্যুহেতু কষ্ট। **রোগ হওয়া, রোগে ধরা, রোগে পড়া** *ক্রি* অসুস্থ বা পীড়িত হওয়া। **রোগা** *বিণ*১ রোগগ্রস্ত। ২ কৃশ; জীর্ণ। ৩ দুর্বল। **রোগাটে** *বিণ* দুর্বল; কৃশ; প্রায় রোগগ্রস্ত।
রোগী(-গিন্), রুগি *বিণ*১ ব্যাধিগ্রস্ত; পীড়িত; রুগ্‌ণ। ২ পীড়িত বা অসুস্থ ব্যক্তি। [স. রোগী]। **রোগিণী** *বি, বিণ*।
রোচক *বিণ* রুচিকর; ভোজনে আগ্রহবর্ধক। [স.]
রোচনী *বি* ১ পুদিনা শাক। ২ গোরোচনা। ৩ আমলকী।
রোচা, রুচা *ক্রি* রুচিকর হওয়া; ভালো লাগা।
রোচ্য *বিণ*১ রুচিকর। ২ রুচির যোগ্য বা উপযুক্ত। [স.]
রোজ *বি*১ দিন; তারিখ। ২ দৈনিক পারিশ্রমিক বা মজুরি। ৩ দৈনিক সরবরাহ বা জোগান। ৪ প্রত্যেকদিন; প্রতিদিন; প্রত্যহ। [ফা. রোয]। **রোজ রোজ** *অব্য* প্রত্যহ; প্রতিদিন; নিত্য।
রোজ কিয়ামত, কেয়ামত *বি*১ মৃত্যুর পর পুনরুত্থানের দিন। ২ শেষ বিচারের দিন। ৩ (আল.) অতি কষ্টকর অবস্থা; বিপদ-আপদ; (রোজ কেয়ামতের যন্ত্রণা)। [ফা.+আ.]
রোজগারি, রোজগেরে *বিণ* আয় করে এমন; উপার্জনকারী।
রোজনামচা, রোজনামা *বি* যে বইতে প্রতিদিনের বিবরণ লেখা হয়; দিনলিপি; diary। [ফা.]
রোজ-হাসর *বি* মহাপ্রলয়ের দিন।
রোজা[১]**, রোযা** *বি* ইসলাম ধর্মীয় বিধি অনুসারে উপবাস; উষাকালের সামান্য পূর্ব থেকে সূর্যাস্ত পর্যন্ত পান ভোজন সঙ্গম ইত্যাদি থেকে সম্পূর্ণ বিরতি। [ফা. রোযা]। **রোজা খোলা** *ক্রি* সমস্ত দিন রোজা রেখে সূর্যাস্তের পর ইফতার করা অর্থাৎ আহার্য গ্রহণ করা। **রোজাদার, রোজদার** *বি* যে রোজা পালন করে। **রোজা রাখা** *ক্রি* ইসলামি নিয়মানুযায়ী রোজা পালন করা।
রোজা[২]**, রোঝা** *বি* ওঝা; যারা সাপের বিষ নামাবার বা ভূত-প্রেত ছাড়াবার মন্ত্র জানে। [স. উপাধ্যায়>]
রোজানা, রোজিনা *বি*১ দৈনিক পারিশ্রমিক; মজুরি বা বৃত্তি। ২ দৈনিক বরাদ্দ। [ফা.]
রোড *বি* রাস্তা; রাজপথ। [ই. road]
রোদ, রোদ্দুর *বি* সূর্যকিরণ। [স. রৌদ্র>]। **রোদ ওঠা** *ক্রি* বেলা হওয়া; সূর্যালোক প্রকাশ পাওয়া। **রোদ পোহানো, রোদ পোয়ানো** *ক্রি* রোদ উপভোগ করা। **রোদ দেওয়া** *ক্রি* শুকানোর জন্য রোদে মেলে দেওয়া।
রোদন *বি* ক্রন্দন; কান্না (রোদন ভরা এ বসন্ত—রবীন্দ্রনাথ)। [স.]
রোদসী *বি* পৃথিবী ও স্বর্গ; ক্রন্দসী।
রোধ *বি* বাধা; অবরোধ; বাধা সৃষ্টি। [স.]
রোধক *বিণ* প্রতিরোধ করে এমন; বাধা দানকারী; রোধকারী। [স.]
রোধন *বি* বাধাসৃষ্টি; রুদ্ধ বা রোধ করা। ☐ *বিণ* রোধকারী। [স.]
রোধা, রুধা *ক্রি* বাধা দেওয়া; গতি রুদ্ধ করা; প্রতিহত করা; আটকানো। ☐ *বি* উক্ত সকল অর্থে।
রোধী(-ধিন্) *বিণ* গতি প্রতিহতকারী; রোধকারী; বাধাদানকারী। [স.]। **রোধিনী** *বিণ স্ত্রী.*।
রোপণ, রোপ *বি* ১ বৃক্ষাদির চারা মাটিতে পোতা বা স্থাপন। ২ আরোপ; স্থাপন। [স.]
রোপা *ক্রি* রোপন করা; বোনা; রোয়া। ☐ *বিণ* চারা রোপন করে আবাদ করা হয় এমন।
রোপিত *বিণ*১ রোপণ করা হয়েছে এমন। ২ প্রোথিত। ৩

আরোপিত। [স.]
রোমন্থ, রোমন্থন *বি*১ চর্বিতচর্বণ; জাবর কাটা; ভুক্ত বস্তু উদ্‌গিরণ করে পুনরায় চর্বণ। ২ পুনঃপুন স্মরণ বা চর্চা। [স.]
রোমন্থক, রোমন্থিক *বি* রোমন্থনকারী পশু অর্থাৎ গবাদি পশু। [স.]
রোমাঞ্চ *বি* অনুভূতির আধিক্যে গাত্রলোম খাড়া হওয়া; শিহরণ; লোমহর্ষ। [স.]
রোমাঞ্চকর *বিণ* রোমাঞ্চ সৃষ্টি করে এমন; লোমহর্ষক; শিহরণ জাগায় এমন।
রোমাঞ্চিত *বিণ*১ রোমাঞ্চযুক্ত; রোমহর্ষক। ২ পুলকিত; পুলকযুক্ত। **রোমাঞ্চিতা** *বিণ স্ত্রী.*।
রোমান্টিক *বিণ* হৃদয়বৃত্তি বা প্রেমমূলক; আবেগপ্রধান। [ই.]
রোয়া[১], **রুয়া** *বি* রোপন করা; বীজ বপন করা; পোতা। ❑*বি,বিণ* উক্ত অর্থে। **রোয়ানো** *ক্রি* রোপন করানো। ❑*বিণ* রোপায়িত।
রোয়া[২] *বি* কোষ; কাঁঠালের রোয়া; কোয়া। ❑*ক্রি* রোদন করা; কান্না। [তুল. হি. রোনা]
রোয়াক, রক *বি* ১ ঘরের সামনের খোলা জায়গা বা বারান্দা। ২ সামনের খোলা জায়গা/অঙ্গন (রোয়াকে আড্ডা দেওয়া)। [আ. রুওয়াক, রিওয়াক]। **রকবাজ** *বি* রোয়াকে আড্ডাবাজ; যে রোয়াকে বাজে ধরনের আড্ডা দেয়।
রোয়েদাদ *বি* ভাগ-বাঁটোয়ারার বণ্টনের বিবরণ; কার্যবিবরণী। [ফা.]
রোরুদ্যমান *বিণ* উচ্চস্বরে কাঁদছে এমন; ক্রন্দনশীল। **রোরুদ্যমানা** *বিণ স্ত্রী.*।
রোল[১] *বি* অব্যক্ত শব্দ; রব; উচ্চ শব্দ; চিৎকার।
রোল[২] *বি* নামের ক্রমিক তালিকা। [ই.roll]
রোল[৩] *বি* অবদান; ভূমিকা; নাটকে চরিত্রাভিনয়। [ই. role]
রোলার *বি* যন্ত্রের গোলাকার অংশবিশেষ; পেষণযন্ত্র। [ই. roller]
রোশন-চৌকি, রওশন চৌকি *বি* বিভিন্ন বাদ্যযন্ত্র সহযোগে ঐকতানবাদ্য।
রোশনি *বি* চোখের আলো; নয়নমণি। [ফা. রওশনী]
রোষ *বি* ক্রোধ; কোপ; রাগ; গোসা। [স.]। **রোষ-কষায়িত** *বিণ* ক্রোধে আরক্ত; রাগে লাল।
রোষাগ্নি, রোষানল *বি* ক্রোধরূপ অগ্নি; নিদারুণ ক্রোধ। [স. রোষ+অগ্নি, অনল]
রোষাবিষ্ট *বিণ* ক্রুদ্ধ হয়েছে এমন। [স. রোষ+আবিষ্ট]। **রোষাবিষ্টা** *বিণ স্ত্রী.*।
রোষিত *বিণ* ক্রোধিত। [স.]
রোসমৎ *বি* শাহ নজর; মুসলমান বিয়েতে বরকনের শুভদৃষ্টি।
রোসো *ক্রি*১ (সম্বোধনার্থে) অপেক্ষা করো; থামো; দাঁড়াও। ২ ধৈর্য ধরো। [আঞ্চলিক]
রোস্ট *বি*১ ভাজা মাংসবিশেষ; আস্ত মুরগি বিশেষপ্রক্রিয়ায় ভেজে তৈরি খাদ্যবিশেষ। ২ শুকনা; শুষ্ক। [ই. roast]
রোহিণী *বি* ১ চন্দ্রপত্নী। ২ হিন্দু পুরাণে বলরামের মা। ৩ হিন্দুমতে নববর্ষীয়া কন্যা। ৪ নক্ষত্রবিশেষ। ৫ লাল রঙের গাভীবিশেষ। [স.]
রোহিত, রোহিতক *বি* ১ রুই মাছ। ২ লোহিতবর্ণ। ৩ রক্ত; শোণিত। ৪ পদ্মরাগ মণি। ৫ হরিণবিশেষ। [স.]
রোহিতাশ্ব *বি* ১ প্রাচীন হিন্দু পুরাণের রাজা হরিশ্চন্দ্রের পুত্র। ২ অগ্নি। [স.]
রৌদ্র *বি*১ রোদ; সূর্যকিরণ; সূর্যতাপ। ২ (আল.) কাব্যের রসবিশেষ। ৩ হেমন্ত ঋতু। ৪ প্রচণ্ড; ভয়াবহ। [স.]। **রৌদ্রদগ্ধ** *বিণ* সূর্যতাপে দগ্ধ বা ঝলসিত। **রৌদ্রপক্ব** *বিণ* সূর্যতাপে সিদ্ধ। **রৌদ্র সেবন করা** *ক্রি* রোদ পোহানো; শরীরে রোদ লাগানো। **রৌদ্রস্নান** *বি* নগ্ন শরীরে রোদ লাগানো। **রৌদ্রোজ্জ্বল** *বিণ* সূর্যকিরণে দীপ্তিমান; সূর্যের আলোকে সমুজ্জ্বল।
রৌপ্য *বি* ১ একটি ধাতু। ২ রজত; রুপা। [স.]
রৌপ্যচূর্ণ *বি* রুপার ক্ষুদ্র টুকরাবিশেষ। [স.]
রৌপ্যময় *বিণ* রুপা দ্বারা তৈরি। [স.]
রৌপ্যমুদ্রা *বি* রুপা ধাতু দিয়ে নির্মিত মুদ্রা টাকা আধুলি সিকি ইত্যাদি। [স]
রৌপ্যমূল্যে *ক্রিবিণ* রুপা বা টাকার বিনিময়ে; রুপা বা টাকা দিয়ে মূল্য প্রদানে।
রৌপ্যালঙ্কার, রৌপ্যালংকার *বি* রুপা দিয়ে নির্মিত অলঙ্কার বা গহনা; রুপার গহনা। [স.]
রৌরব *বি*১ হিন্দুমতে অতি পাপীদের জন্য নির্দিষ্ট নরক। ২ নরক-যন্ত্রণা; অসহনীয় যাতনা। [স.]
রৌশন *বি* আলো; রোশনাই। [ফা.]

ল

ল[১] বাংলা বর্ণমালার আটাশতম ব্যঞ্জনবর্ণ।
ল[২] *বি*১ আইন; নিয়ম-কানুন। ২ আইন পরীক্ষা; উকিল হওয়ার পরীক্ষা। [ই. law]
লউসনিয়া *বি* ঈষৎ নীলবর্ণের স্ফটিকতুল্য রত্ন।
লওয়া *ক্রি*১ গ্রহণ করা। ২ বলপূর্বক গ্রহণ করা; হরণ করা; কাড়া। ৩ বহা; বহন করা। ৪ ধারণ করা। ৫ অনুসরণ করা। ৬ মূল্য দিয়ে গ্রহণ করা; ক্রয় করা। ৭ আদায় করা; উসুল করা। ৮ খাবার জন্য গ্রহণ করা। ৯ সম্মত হওয়া; স্বীকার করা। ১০ ঔষধ হিসেবে গ্রহণ করা; প্রতিষেধকরূপে ব্যবহার করা। ১১ রন্ধনের জন্য গ্রহণ করা। ১২ সঙ্গে রাখা। ১৩ স্থাপন করা। ১৪ অবলম্বন করা। ১৫ পরখ বা পরীক্ষা করা। ১৬ উচ্চারণ বা স্মরণ করা। ১৭ ঋণ করা; ধার করা। ১৮ ধারণা হওয়া। ১৯ সম্বল করা (ছেলেটাকে নিয়েই বেঁচে আছি)। ২০ সংগ্রহ করা (সংবাদ লওয়া)। ❑*বি,বিণ* উক্ত সকল অর্থে। **মনে লওয়া** *ক্রি* পছন্দ হওয়া; গ্রাহ্য হওয়া। **মাথায় করে লওয়া** *ক্রি* মান্য করা; শিরোধার্য করা। **হাতে লওয়া** *ক্রি* কাজের ভার গ্রহণ করা। **লওয়ানো** *ক্রি* ১ অপরকে দিয়ে গ্রহণ করানো। ২ ধারণ বা স্থাপন করানো। ৩ স্বীকার করানো। ৪ পরামর্শ বা উৎসাহ দিয়ে প্রবৃত্ত করানো। ❑*বি,বিণ* উক্ত সকল অর্থে।
লওয়াজিম, লওয়াজিমা *বি* ১ প্রয়োজনীয় জিনিসপত্র (বিয়ের লওয়াজিমা); সঙ্গের জিনিসপত্র। ২ জমিদারির

কাগজপত্র। [আ. লওয়াযমা, লওয়াযিমা]
লওহ *বি* ফলক; তখতা। [আ.]
লংক্লথ *বি* এক প্রকার খাপি সাদা সুতি বস্ত্র। [ই.]
লকআউট *বি* কর্তৃপক্ষ কর্তৃক কারখানা বন্ধ করা। [ই. lockout]
লকআপ *বি* কয়েদিদের রাখার জায়গা।
লকব *বি* সম্মানসূচক উপাধি বা খেতাব; উপনাম। [আ. লকব]। **লকবধারী** *বিণ* সম্মানসূচক উপাধিধারী।
লকলক *অব্য* নমনীয় পদার্থের প্রসারিত ও আন্দোলিত হওয়ার ভাবসূচক অবস্থা; লোল। [আ. লকলকাও; ফা. লকলকা]। **লকলকে** *বিণ* লকলক করছে এমন; লকলককারী। **লকলকানি** *বি* লোভে লকলক করা (খাওয়ার জন্য জিহ্বা লকলক করছে)।
ল-কার *বি* ব্যঞ্জনবর্ণের সাথে যুক্ত ল-বর্ণ। [স.]
লকার *বি* ব্যাংকে সম্পদ গচ্ছিত রাখার বাক্স। [ই. locker]
লকেট *বি* কণ্ঠহারের সঙ্গে সংলগ্ন দোলায়মান পদক; ধুকধুকি। [ই. locket]
লক্কড় *বি* ১ কাঠের কুঁদা; লৌহখণ্ডের তুল্য বস্তু (লোহালক্কড়)। ২ নিকৃষ্ট বা বাজে জিনিস (লক্কড় মার্কা গাড়ি)। [তুল. হি. লক্কড়]
লক্কা, লকা *বি* ১ একজাতীয় ঘন ও বিস্তৃত পুচ্ছযুক্ত পায়রা; চওড়া লেজবিশিষ্ট কবুতর। ২ (ব্য.) পোশাকবিলাসী ব্যক্তি; ফুলবাবু; গর্বিত যুবক। [আ. লকা; লককা]
লক্ষ[১] *বি* ১,০০,০০০ সংখ্যা; লাখ; একশত হাজার। ❑ *বিণ* ১ ১,০০,০০০ সংখ্যক; শতসহস্র সংখ্যক। ২ বহু; অসংখ্য; সংখ্যাতীত; অগুনতি। [স.]। **লক্ষক** *বি,বিণ* লক্ষেক। **লক্ষপতি** *বি* লক্ষ বা তদূর্ধ্ব টাকার মালিক; ধনী। **লক্ষ লক্ষ** *বিণ* অসংখ্য।
লক্ষ[২], **লক্ষ্য** *বি* নজর; দৃষ্টি; খেয়াল (লক্ষ করা, লক্ষ রাখা)। [স.√লক্ষ্‌+অল]
লক্ষণ *বি* ১ চিহ্ন। ২ পরিচয়। ৩ নিদর্শন; অভিজ্ঞান। ৪ আভাস; ইঙ্গিত; সূচনা। [স.]
লক্ষণীয় *বিণ* লক্ষ্য করবার যোগ্য; দর্শনীয়; দ্রষ্টব্য। ❑ *বি* অনুভবযোগ্য; অনুভবনীয়। [স.]
লক্ষিত *বিণ* ১ দৃষ্ট; লক্ষ্য করা হয়েছে এমন। ২ উদ্দিষ্ট; লক্ষ্যীকৃত; অভীষ্ট। ৩ অনুভূত; উপলব্ধ; জ্ঞাত। ৪ লক্ষণাবৃত্তি দ্বারা অবগত। ৫ নিশানা করা হয়েছে এমন। [স.]। **লক্ষিতা** *বিণ স্ত্রী.* পরকীয়া নায়িকা।
লক্ষ্মণ *বি* রামানুজ; রামায়ণোক্ত রামচন্দ্রের বৈমাত্রেয় ভ্রাতা; সুমিত্রাপুত্র। [স.]
লক্ষ্মী *বি স্ত্রী.* ১ হিন্দু পুরাণোক্ত বিষ্ণুপত্নী এবং ধন ঐশ্বর্য ও সৌভাগ্যের অধিষ্ঠাত্রী দেবী। ২ কমলা; রমা; ইন্দিরা; পদ্মা; পদ্মালয়া। ❑ *বিণ* ১ সৌভাগ্য; শোভা; শ্রী; সৌন্দর্য। ২ শান্তস্বভাব; সুবোধ। [স.]। **লক্ষ্মীকান্ত, লক্ষ্মীপতি** *বি* হিন্দুদেবতা নারায়ণ। **লক্ষ্মীছাড়া** *বিণ* ১ শ্রীভ্রষ্ট। ২ দুর্ভাগ্যযুক্ত; হতভাগ্য। ৩ দুষ্ট; খারাপ। **লক্ষ্মীজনার্দন, লক্ষ্মীনারায়ণ** *বি* ১ হিন্দু দেবদেবী লক্ষ্মী ও নারায়ণ। ২ নবমেঘকান্তি শালগ্রামবিশেষ। **লক্ষ্মীপুষ্প** *বি* পদ্মরাগ মণি। **লক্ষ্মীপূর্ণিমা** *বি* হিন্দুদের দুর্গাপূজার অব্যবহিত পরের পূর্ণিমা। **লক্ষ্মীপেঁচা** *বিণ* দেখতে কুরূপ কিন্তু সুলক্ষণযুক্ত। **লক্ষ্মীবান, লক্ষ্মীবন্ত, লক্ষ্মীমন্ত** *বিণ* সৌভাগ্যবান; সম্পদশালী। **লক্ষ্মীবিলাস** *বি* ১ কবিরাজি তেল। ২ জ্বরঘ্ন বটিকাবিশেষ। **লক্ষ্মীভাণ্ডার** *বি* যে ভাণ্ডার কখনো শূন্য হয় না; অফুরন্ত ভাণ্ডার। **লক্ষ্মীর বাহন** *বি* ১ পেঁচা; পেচক। ২ (আল.) অত্যন্ত সম্পদশালী ব্যক্তি।
লক্ষ্য[২] *বি* ১ কামনার বিষয়; কাম্যবস্তু। ২ নজর; দৃষ্টি; মনোযোগ। ৩ উদ্দেশ্য। ৪ বেধ্য; তাক; নিশানা; টিপ; target। ❑ *বিণ* ১ দর্শনযোগ্য; দ্রষ্টব্য; লক্ষণীয়। ২ অনুমেয়; অনুমানযোগ্য। ৩ লক্ষণাশক্তির দ্বারা জ্ঞাত। ৪ অভিপ্রেত; উদ্দিষ্ট। ❑ *বি,বিণ* জ্ঞেয়; জ্ঞাতব্য। [স.]। **লক্ষ্যচ্যুত, লক্ষ্যভ্রষ্ট** *বিণ* ১ উদ্দেশ্য অনুসরণ করে চলতে পারেনি এমন; লক্ষ্যভ্রষ্ট; উদ্দেশ্যচ্যুত। ২ নিশানা ভেদ করতে পারেনি এমন। **লক্ষ্যস্থল** *বি* ১ উদ্দিষ্ট স্থান। ২ নিশানা। **লক্ষ্যহীন** *বিণ* উদ্দেশ্যশূন্য। **লক্ষ্যীকৃত** *বিণ* ১ লক্ষ্য করা হয়েছে এমন। ২ নিশানা ভেদ করেছে এমন।
লখ, লখলাইন *বি* মাঞ্জা দেওয়া রেশমের সুতা। [ফা. নখ+ই. line]
লখাই, লখিন্দর *বি* ১ চাঁদ সদাগরের পুত্র; লক্ষ্মীন্দর; লক্ষ্মীন্দ্র। ২ মনসামঙ্গলে বেহুলার স্বামী। [স. লক্ষ্মীন্দ্র>]
লগ *বি* সঙ্গ; সংস্পর্শ। **লগে** *ক্রিবিণ* সঙ্গে। **লগে লগে** *ক্রিবিণ* সঙ্গে সঙ্গে। [স. লগ্ন>]
লগবই *বি* গাড়ি ইত্যাদির দৈনিক চলাচল ও অন্যান্য তথ্য সম্বলিত দলিলপত্র।
লগবগ *অব্য* ১ ঋজু না থাকার ভাব প্রকাশক। ২ বেত বা কঞ্চির মতো লকলকে বা ছিপছিপে ভাব। **লগবগে** *বিণ* লগবগ করে এমন; দৃঢ় নয় এমন।
লগা *বি* ১ বাঁশের দণ্ডবিশেষ। ২ আঁকশি। [স. লগ্ন>]
লগি, লগী *বি* ১ বাঁশ ইত্যাদির সরু লম্বা দণ্ড যা দ্বারা নৌকা চালানো হয়। ২ সরু ছোট বংশদণ্ড বা লগা। **লগিঠেলা করা** *ক্রি* (আল.) কষ্ট করে কোনো প্রকারে আগলে নিয়ে যাওয়া।
লগুড়, লগুর *বি* ১ মোটা লাঠি; কোঁৎকা। ২ লৌহনির্মিত দণ্ডবৎ প্রাচীন যুদ্ধাস্ত্র। [স.]
লগ্ন[১], **লগন** *বি* ১ (জ্যো-শা) রাশির উদয়কাল। ২ (জ্যো-শা) সূর্যের এক রাশি থেকে অন্য রাশিতে সংক্রমণের মুহূর্ত। ৩ (হিন্দু বিশ্বাসে) উপযুক্ত বা শুভ সময়। [স. লগ্ন>]। **লগ্নপত্র** *বি* জ্যোতিষশাস্ত্র অনুসারে স্থিরীকৃত বিবাহলগ্নকাল যে লিপিতে লেখা হয়। **লগ্নভ্রষ্ট** *বিণ* অতিক্রান্ত; শুভ সময় অতিবাহিত; উপযুক্ত সময়ে কার্যারম্ভে অক্ষম হওয়া। **লগ্নাচার্য** *বি* জ্যোতিষী। [স. লগ্ন+আচার্য]
লগ্ন[২] *বিণ* ১ সংযুক্ত; মিলিত; একত্রিত। ২ আসক্ত; একান্ত অনুরক্ত। [স.]। **লগ্না** *বিণ স্ত্রী.*।
লগ্নি, লগ্নী *বি* সুদে টাকা খাটানো বা লাগানো। ❑ *বিণ* ১ তেজারতি; মহাজনী। ২ সুদে খাটানো হয়েছে এমন।
লঘিমা *বি* ১ লাঘব; লঘুতা; লঘুর ভাব। ২ হিন্দুমতে যোগলব্ধ যে শক্তি দ্বারা দেহকে ইচ্ছামতো লঘু করা যায়। ৩ অগৌরব। [স.]
লঘিষ্ঠ *বিণ* ১ সবচেয়ে হালকা; অতিশয় লঘু। ২ সর্বাপেক্ষা ক্ষুদ্র। ৩ অতিক্ষুদ্র। ৪ সর্বনিম্ন। [স.]। **লঘিষ্ঠা** *বিণ স্ত্রী.*। **লঘিষ্ঠ সাধারণ গুণনীয়ক বা গুণিতক** (সংক্ষেপে ল. সা. গু.) *বিণ* (গ.) দুই বা ততোধিক রাশি দ্বারা যে সর্বনিম্ন রাশি নিঃশেষে বিভাজ্য; L.C.M.।

লঘীয়ান *বিণ* ১ দুইয়ের মধ্যে যা বেশি লঘু বা ক্ষুদ্র। ২ অতিশয় হালকা; লঘুতর। ৩ অত্যন্ত ছোট, ক্ষুদ্রতর। [সং]

লঘু *বিণ* ১ ভারশূন্য; হালকা; অল্পভার ওজনযুক্ত। ২ অল্প পরিমিত; সহজে পরিপাক করা যায় এমন। সহজপাচ্য। ৩ সামান্য; অত্যল্প; অল্প পরিমাণ। ৪ ক্ষুদ্র; হ্রস্ব; খর্ব; বামন। ৫ গাম্ভীর্যশূন্য; চিন্তাহীন। ৬ চিন্তাশক্তিশূন্য। ৭ মৃদু অথচ দ্রুত ও স্বচ্ছন্দ। ৮ সহজে বোঝা যায় এমন, সহজবোধ্য। ৯ নীচ; হেয়; অবজ্ঞাত। ১০ অসার। ১১ অপমানিত। ১২ সূক্ষ্ম; পুঙ্খানুপুঙ্খ; সংকীর্ণ। ১৩ তরল; দ্রব; গলিত; বিগলিত। ১৪ (ব্যা.) হ্রস্ব মাত্রাবিশিষ্ট। ❑ *বি* লঘুতা; লঘুত্ব; লাঘব। [সং]। **লঘু, লঘ্বী** *বিণ স্ত্রী*। **লঘুগামী** *বিণ* দ্রুত ও স্বচ্ছন্দে গমনশীল। **লঘুগুরু** *বিণ* ছোট ও বড়। **লঘুগুরু জ্ঞান, লঘুগুরুবোধ** *বি* বয়সে বা সম্মানে ছোট বড়র মধ্যে পার্থক্য সম্বন্ধে ধারণা; ওইরূপ পার্থক্য অনুসারে আচরণ। **লঘুচিত্ত, লঘুচেতা** *বিণ* ১ সংকীর্ণ হৃদয়; নীচমনা। ২ ছ্যাবলা; গাম্ভীর্যশূন্য। **লঘুপাক** *বিণ* সহজে জীর্ণ হয় এমন, সহজপাচ্য। **লঘুহস্ত** *বিণ* শীঘ্রকারী; ক্ষিপ্রহস্ত।

লঘূকরণ *বি* ১ এক ধরনের অঙ্ক; ভারী জিনিসকে হালকাকরণ। ২ জটিল বিষয়কে সরলীকরণ। ৩ (গ.) মিশ্র রাশিকে অমিশ্র এবং অমিশ্র রাশিকে মিশ্র রাশিতে পরিণতকরণ, reduction। [সং]। **লঘূকৃত** *বিণ* ১ লঘু করা হয়েছে এমন। ২ (গ.) লঘূকরণ করা হয়েছে এমন।

লঙ্কা[১], **লংকা**[১] *বি* মসলারূপে ব্যবহৃত ঝাল ফলবিশেষ; মরিচ; গাছ মরিচ। **লঙ্কাফোড়ন, লংকা-ফোঁড়ন** *বি* গরম পাত্রে তেলে লঙ্কা ভাজা। **লঙ্কাবাটা, লংকাবাটা** *বি* পানির সঙ্গে পিষ্ট লঙ্কা; পানিসহযোগে যে লঙ্কা পেষণ করা হয়েছে। **ধানীলঙ্কা** খুব ছোট কিন্তু ভীষণ ঝাল গাছ-মরিচ।

লঙ্কা[২], **লংকা**[২] *বি* ১ বর্তমান শ্রীলঙ্কা। ২ সংস্কৃত মহাকাব্য রামায়ণে উক্ত দ্বীপ; রাক্ষসরাজ রাবণের রাজ্য। **লঙ্কাকাণ্ড** *বি* ১ রামায়ণোক্ত লঙ্কারাজ রাবণ ও তাঁর আত্মীয়দের যুদ্ধে নিধনপর্ব। ২ (আল.) হুলুস্থুল; সাংঘাতিক ঝগড়া-ঝাটি। **লঙ্কাদাহন** *বি* হনুমান কর্তৃক লঙ্কাপুরীকে অগ্নিসংযোগে দগ্ধকরণ। **লঙ্কাদাহী(-হিন)** *বি* লঙ্কা দগ্ধকারী; হনুমান। **লঙ্কাধিপতি, লঙ্কেশ** *বি* লঙ্কারাজ রাবণ। [সং লঙ্কা+অধিপতি, ঈশ]। **লঙ্কাফেরত** *বি* ১ হনুমান। ২ (ব্য.) বাঁদর। **শ্রীলঙ্কা** *বি* দ্বীপ-রাষ্ট্র বিশেষ

লঙ্গ, লঙ *বি* ১ খঞ্জতা। ২ উপপতি; লাঙ; নাং। [ফা. লঙ্গ]।

লঙ্গড় *বিণ* খঞ্জ; খোঁড়া।

লঙ্গর, নঙ্গর *বি* ১ নোঙর; লৌহ অঙ্কুশযুক্ত কাছি বা শিকল যা পানির নিচে ফেলে নৌকা বা জাহাজের গতি রোধ করা হয়। ২ বিনামূল্যে খাদ্য বিতরণ স্থান। [ফা. লঙ্গর]

লঙ্গরখানা *বি* ১ অন্নসত্র; গরিব-মিসকিনকে যেখানে বিনামূল্যে খাদ্য পরিবেশন করা হয়। ২ সাধারণের রান্নাঘর; gruel kitchen। [ফা. লঙ্গরখানহ্]

লঙ্ঘন *বি* ১ উপবাস। ২ লম্ফ; ডিঙানো। ৩ অতিক্রমণ। ৪ পালন না করা; অবাধ্য হওয়া। ৫ অবহেলা; অগ্রাহ্য বা অবজ্ঞাকরণ।

লঙ্ঘনীয় *বিণ* লঙ্ঘনযোগ্য; অতিক্রমণীয়। **লঙ্ঘিত** *বিণ* লঙ্ঘন করা হয়েছে এমন।

লঙ্ঘা *ক্রি* লঙ্ঘন বা অতিক্রম করা; পার হওয়া। [সং √লনঘ্+আ. বা]

লজেঞ্চুস, লজেন্স *বি* শর্করাদি দ্বারা প্রস্তুত চুষে খাবার যোগ্য শিশুদের প্রিয় মিঠাই। [ই. lozenges]

লজিক *বি* তর্কবিজ্ঞান; যুক্তিবিদ্যা। [ই. logic]

লজিং *বি* ১ হোটেল ইত্যাদিতে থাকার জায়গা। ২ জায়গির থাকার ব্যবস্থা (তুমি কি লজিং থাকো?)। [ই.]

লজ্জা *বি* ১ শরম; ব্রীড়া; হ্রী। ২ লাজুকতা। ৩ গোপনীয় বিষয়; জানাজানির ভয়ে সংকোচ; কৃত অন্যায় প্রকাশিত হওয়ার ভয়ে কুণ্ঠা। [সং]। **লজ্জাকর, লজ্জাজনক** *বিণ* লজ্জার হেতুস্বরূপ; যাতে লজ্জা পেতে হয়; ব্রীড়াজনক। **লজ্জাবতী লতা** *বি* ১ স্পর্শকাতর লতাবিশেষ; একজাতীয় লতা যার পাতা স্পর্শ করলেই সঙ্কুচিত হয়। ২ লজ্জাবতী লতার মতো লাজুক যে (একেবারে লজ্জাবতী লতা)। **লজ্জাবনত** *বিণ* কুণ্ঠা বা সংকোচের জন্য যে মুখ তুলতে পারে না। [সং লজ্জা+অবনত]। **লজ্জাবান, লজ্জাশীল** *বিণ* লাজুক। **লজ্জাবতী, লজ্জাশীলা** *বিণ স্ত্রী*। **লজ্জাবত্তা, লজ্জাশীলতা** *বি*। **লজ্জারুণ** *বি* লজ্জায় রক্তিম। **লজ্জাহীন, লজ্জাশূন্য** *বিণ* লজ্জা নেই এমন; বেহায়া; নির্লজ্জ। **লজ্জাহীনা, লজ্জাশূন্যা** *বিণ স্ত্রী*। **লজ্জাহীনতা, লজ্জাশূন্যতা** *বি*। **লজ্জিত** *বিণ* লজ্জাযুক্ত; লজ্জাপ্রাপ্ত। **লজ্জিতা** *বিণ স্ত্রী*।

লজঝর, লঝঝর *বিণ* ১ কর্মকুণ্ঠ; অলস; অপদার্থ; অকেজো। ২ গোলমেলে; বাজে; খেলো; অসার। ৩ নড়বড়ে; জীর্ণ; লক্কড়। [বা. হি. লক্কড় অথবা হি. লীচড় (কৃপণ)]

লঞ্চ *বি* মোটর বা যন্ত্রচালিত ছোট জলযান; motor launch। [ই.]

লট *বি* ভালোমন্দ মেশানো জিনিস (লটের মাল)।

লটক *বি* চপল; অস্থির; চঞ্চল (লটক-ঝটক চাল)। ❑ *বিণ* অসাধু ব্যক্তি। [হি.]

লটকা *ক্রি* ঝুলা; ঝুলে থাকা; ঝুলানো; ঝুলিয়ে রাখা। [হি লট্কা]

লটকা, নটকান *বি* ১ লালাভসবুজ ফলযুক্ত গাছবিশেষ। ২ উক্ত গাছের ছোট গোল টকমতো ফল।

লটকানো *ক্রি* ঝুলানো; টাঙানো; ঝুলিয়ে রাখা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। [হি.]

লটখট, নটখট *বি* ঝঞ্ঝাট; বিঘ্ন; উৎপাত। **নটখট** *বিণ* ক্ষুদ্র বা তুচ্ছ বিষয় নিয়ে উপদ্রব; গোলমাল।

লটপট, লটরপটর *অব্য* ভূলুণ্ঠিত হবার ও দুলবার ভাবসূচক। ❑ *বিণ* শ্লথভাবে দুলছে এমন। [হি. লৌটপৌট] **লটপটে** *বিণ* লটপট করছে এমন। দোদুল্যমান। **লটপটি** *বি* মুরগির গলা ইত্যাদির তরকারি। **লটাপট** *বিণ* (পদ্যে) লটপট করছে এমন।

লটবহর, নটবহর *বি* সঙ্গের বহু জিনিসপত্র। [সং লাট=বস্ত্র; আ. বহর=বিস্তার; luggage]

লটরচটর *বি* আপাত ব্যস্ততার ভাব। [হি.]

লটারি *বি* ১ ভাগ্যপরীক্ষা করার খেলা। ২ সুরতি খেলা। [ই. lottery]

লটুয়া *বিণ* লম্পট; কামুক। [সং লম্পট>]

লড়, লোড় *বি* দৌড়; রড়। **লড়ে** *ক্রি* দৌড়ে। [সং লড়>]

লড়চড় *বি* নড়চড়।

লড়ন[১] *বি* নড়ন; স্পন্দন; আন্দোলন।
লড়ন[২] *বি* লড়াই করা; যুদ্ধ করা; কুস্তি। [স. রণ>লড়=অন]
লড়া[১] *ক্রি* নড়া; নড়ে যাওয়া। ◻ *বি, বিণ* নড়ে গেছে এমন। [স. নড>লড়+আ]
লড়া[২] *ক্রি* ১ যুদ্ধ করা; প্রবলভাবে বিরুদ্ধাচরণ করা। ২ কারো সাথে শক্তি পরীক্ষা করা। ◻ *বি* উক্ত অর্থে। **লড়াই, লড়ুই** *বি* ১ যুদ্ধ; সংগ্রাম; সমর। ২ পরস্পর শক্তিপরীক্ষা। ৩ বিবাদ; শত্রুতা; ঝগড়া। ৪ প্রতিদ্বন্দ্বিতা। [স. রণ>লড়+আ]। **লড়াইবাজ** *বি* লড়াই করতে অভ্যস্ত। **লড়াকু, লড়াক্কু** *বিণ* রণদক্ষ; যোদ্ধা; বীর। **লড়ানো** *ক্রি* যুদ্ধ করানো। ◻ *বি, বিণ* উক্ত অর্থে। **লড়ায়ে, লড়াইয়ে** *বিণ* ১ লড়াইকারী; জঙ্গি। ২ যুদ্ধপ্রিয়; যুদ্ধপটু। ৩ সামরিক। **লড়ালড়ি** *বি* পরস্পর লড়াই; যুঝাযুঝি। **লড়িয়ে, লড়ুয়ে** *বি* ১ লড়াইপ্রিয়; যুদ্ধপ্রিয়। ২ লড়াইতে পটু; যুদ্ধপটু; রণনিপুণ।
লড়ি *বি* লাঠি; নড়ি। [স. যষ্টি>]। **অন্ধের লড়ি বা নড়ি** *বি* একমাত্র অবলম্বন।
লণ্ঠন *বি* কাচের আবরণযুক্ত হাতে বহনযোগ্য প্রদীপবিশেষ; এক প্রকার নিরাপদ আলো। [ই. lantern]
লণ্ডভণ্ড *অব্য* বিপর্যস্ত; তছনছ; উলটপালট; ছারখার; ধ্বংস। [স. √লণ্ড্ (উৎক্ষেপণ)+ভণ্ড (আগুন, যুদ্ধ)]
লতা, লতিকা *বি* ১ যা অন্য কিছুকে জড়িয়ে ধরে বা লতিয়ে বাড়তে থাকে; বল্লবী; ব্রততী; বল্লী; বীরুধ্। ২ যা লতার মতো দেখতে। ৩ ক্রমিক বর্ণনা (বংশলতিকা)। ৪ নারী; তন্বঙ্গী; কৃশাঙ্গী। ৫ সর্প। [স.]। **লতানো** *ক্রি* লতার মতো বিস্তৃত হওয়া। ◻ *বি, বিণ* উক্ত অর্থে। **লতিয়ে পড়া, নেতিয়ে পড়া** *ক্রি* অবসন্ন হয়ে বসে বা শুয়ে পড়া। **লতিয়ে/ নেতিয়ে যাওয়া** *ক্রি* লতার মতো মাটির উপর দিয়ে বিস্তৃত হওয়া। **লতানে** *বিণ* ১ লতার মতো। ২ লতার মতো বিস্তৃত বা বিস্তারশীল। **লতায়িত** *বিণ* লতার মতো বিস্তৃত।
লতি[১] *বি* কানের নিচের নরম মাংস। [স. লতা+বা. ই=লতি]
লতি[২] *বি* কচুর লতা যা সবজি হিসেবে খাওয়া যায়; কচুর বই।
লতিকা *বি* ১ ক্ষুদ্র লতা বা বল্লরী। ২ লতা। [স. লতা+বা. ইকা]
লদপদ *অব্য* লুটানো; শুয়ে পড়া। [বা. আঞ্চলিক]
লন্ড্রি *বি* ধোপাখানা; যেখানে কাপড় ধোয়া ও ইস্তিরি করা হয়। [ই. laundry]
লপটানো *ক্রি* ১ জড়িত হওয়া। ২ জড়ানো; প্রসারিত করা। ৩ ভাঁজ করা। ◻ *বি* উক্ত অর্থে। [স. লিপ্ত+বা. আনো>]
লপটালপটি *বি* লটরপটর; জড়াজড়ি।
লপরচপর *বি* ১ লেহনচর্বণের শব্দ। ২ ভূরিভোজন। তুল. চর্ব্য-চোষ্য-লেহ্য-পেয়। [বা. আঞ্চলিক]
লপ্ত *বি* একত্র বা একসঙ্গে অবস্থান; অবিচ্ছেদ্যভাবে স্থিতি। [স. লিপ্ত>]
লফজ, লব্জ *বি* শব্দ; কথা। [আ. লফ্য]
লব *বি* ১ (গ.) ভগ্নাংশের উপরের সংখ্যা; বিভাজ্য অঙ্ক। ২ অতি সূক্ষ্ম কালাংশ। ৩ অত্যল্প; অতি সামান্য; লেশ; কণা। ৪ রামের দ্বিতীয় পুত্র। ৫ লবঙ্গ। ৬ জায়ফল।
লবঙ্গ, লঙ্গ *বি* মসলারূপে ব্যবহৃত এক প্রকার শুষ্ক ফুল। **লবঙ্গলতা, লবঙ্গলতিকা** *বি* ১ এক প্রকার ফুল ও তার গাছ। ২ (আল.) গুণান্বিতা কোমল স্বভাবা রমণী। ৩ লবঙ্গবিদ্ধ ঘিয়ে ভাজা ময়দার মিষ্টান্নবিশেষ। **ললিতলবঙ্গলতা** *বিণ* সুন্দরী কোমলাঙ্গী রমণী।
লবডঙ্ক, লবডঙ্গ *বি* ১ অনভিজ্ঞ; উপযুক্ত জ্ঞানের অভাব আছে এমন। ২ সাপের ফণার মতো বৃদ্ধাঙ্গুষ্ঠ দোলানো। [স. নব (নতুন) ডঙ্ক (হুল, ফণা)]
লবডঙ্কা, লবডংকা *অব্য* ১ বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদর্শন। ২ ফাঁকি; শূন্য; কাঁচকলা দেখানো।
লবণ *বি* ১ ক্ষারযুক্ত দ্রব্য। ২ লুন; নুন; salt। ৩ ক্ষারযুক্ত রাসায়নিক বস্তু। ৪ ক্ষার। ৫ হিন্দু পুরাণোক্ত দৈত্যবিশেষ। ৬ ক্ষারযুক্ত; লবণাক্ত; লোনা। [স.]। **লবণপোড়া** *বিণ* অত্যধিক লবণ দেওয়া হয়েছে এমন। **লবণাক্ত** *বিণ* ১ লবণমিশ্রিত; লবণযুক্ত; ক্ষারযুক্ত। ২ লোনা। **লবণাত্মক** *বিণ* লোনা; অত্যধিক লবণ মিশানো। **লবণাম্বুধি** *বি* লবণমিশ্রিত সমুদ্র; লোনা জলযুক্ত সাগর। [স. লবণ+অম্বুধি]। **লবণাম্বুরাশি** *বি* লবণমিশ্রিত জলরাশি; সমুদ্র। [স. লবণ+অম্বুরাশি]। **লবণিমা** *বি* লবণের পরিমাণবোধ। **লবণিয়া** *বি* ১ লবণ ব্যবসায়ী। ২ লবণ প্রস্তুতকারক; লুনিয়া; নুনিয়া।
লবি *বি* ১ প্রবেশ পথ সংলগ্ন হল (হোটেলের লবি); করিডর। ২ পার্লামেন্ট ভবনের মূল অংশের বাইরের হল যেখানে বিভিন্ন জন সদস্যদের সঙ্গে দেখা করেন। ৩ কোনো বিল পাশ করা বা বিরোধিতা জন্য সদস্যদের কাছে তদবিরকারী দল। [ই. lobby]। **লবিং** *ক্রি* সদস্য বা গুরুত্বপূর্ণ ব্যক্তিকে প্রভাবান্বিত করা।
লবেজান *বিণ* ১ ওষ্ঠাগতপ্রাণ; পর্যুদস্ত; হয়রান; পেরেশান। ২ অতিশয় অস্থির বা উৎকণ্ঠিত। [ফা. লব-ই জান]
লব্ধ *বিণ* লাভ করা গেছে এমন; লাভ করার যোগ্য। ◻ *বি* প্রাপ্ত; উপার্জিত; অর্জিত। **লব্ধকাম** *বিণ* সফলমনোরথ; বাসনা পূর্ণ হয়েছে এমন। **লব্ধকীর্তি** *বিণ* কীর্তিমান; যশস্বী। **লব্ধপ্রতিষ্ঠ** *বিণ* প্রতিষ্ঠা লাভ করেছেন এমন; খ্যাতিমান; প্রথিতযশা। **লব্ধা** *বিণ স্ত্রী*।
লভ্য, লভনীয় *বিণ* ১ লাভের যোগ্য বা উপযুক্ত। ২ লাভ হিসেবে পাওয়ার সম্ভাবনা আছে এমন। ৩ প্রাপ্য। ৪ প্রাপ্তি। [স.]। **লভ্যা** *বিণ স্ত্রী*। **লভ্যের অঙ্ক** *বি* লাভের বা আয়ের পরিমাণ।
লম্পট *বি, বিণ* ১ কামুক; কামপরবশ। ২ পরস্ত্রীগামী; বহুস্ত্রীগামী; লুচ্চা। ৩ দুশ্চরিত্র। [স. √রম্+(প)+অট]। **লাম্পট্য** *বি* লম্পটের কাজ।
লম্পটি-ঝম্পটি *বি* হাবুডুবু খাওয়া। [আঞ্চলিক]
লম্ফ[১], **ল্যাম্প** *বি* একজাতীয় ক্ষুদ্র বাতি; কেরোসিন তেলের আচ্ছাদনহীন দীপ; কেরোসিন তেলে প্রজ্বলিত ডিবা। [ই. lamp]
লম্ফ[২] *বি* লাফ। [স.]। **লম্ফঝম্ফ** *বি* ১ লাফ ও ঝাঁপ; লাফালাফি। ২ অতিশয় ত্বরা বা চাঞ্চল্য ব্যক্ত করা। ৩ দম্ভ প্রকটন; অহঙ্কার প্রকাশ। ৪ (ব্য.) নিরর্থক উত্তেজনা প্রকাশ। ৫ অনাবশ্যক বা অসার আস্ফালন। ৬ অহেতুক তর্জনগর্জন। ৭ হাঁকডাক; চিৎকার; চেঁচামেচি। **লম্ফন** *বি* লাফ দেওয়া; ডিঙানো; লাফ।
লম্ব *বিণ* ১ দীর্ঘ। ২ দোলায়মান; লম্বভাবে ঝুলছে এমন; লম্বিত। ৩ খাড়া। ৪ সমকোণ সৃষ্টি করে অবস্থিত রেখা। ◻ *বি* ঋজু। [স.]। **লম্বকর্ণ** *বিণ* দীর্ঘকর্ণযুক্ত। ◻ *বি* লম্বা

কানযুক্ত জীব অর্থাৎ গাধা খরগোশ প্রভৃতি পশু। **লম্বন** *বি*১ ঝুলন; দোলন।২ অবলম্বন। **লম্বমান** *বিণ* দোলায়মান; লম্বা হয়ে ঝুলছে এমন।

লম্বা *বিণ*১ দীর্ঘ; ঢ্যাঙ্গা; প্রসারিত; বিস্তৃত। ২ দীর্ঘ সময় স্থায়ী। ৩ (আল.) ধরাশায়ী; মাটিতে শুয়ে পড়া। ৪ অহঙ্কারপূর্ণ; দম্ভভরা।☐*বি*১ দৈর্ঘ্য।২ ঝুল।[স. √লম্ব্+ বা. আ]। **লম্বাই** *বি*১ দৈর্ঘ্য। ২ ঝুলের মাপ; লম্বা দিকের মাপ। **লম্বাই-চওড়াই** *বি* ১ দৈর্ঘ্য ও প্রস্থের মাপ। ২ দম্ভোক্তি; অহঙ্কারপূর্ণ উক্তি; আস্ফালন। **লম্বা করা** *ক্রি* ১ প্রসারিত; করা; দীর্ঘ করা; বাড়ানো। ২ (আল.) খুব প্রহার করা। **লম্বাচাল** *বি* অবস্থার অতিরিক্ত সমারোহ বা আড়ম্বর প্রদর্শন। **লম্বাটে** *বিণ*১ লম্বা ধরনের বা ছাঁদের। ২ কিছু পরিমাণে লম্বা। **লম্বা দেওয়া** *ক্রি* দ্রুত ছুটে পালানো; চম্পট দেওয়া। **লম্বা দৌড়** *বি* দীর্ঘপথে একটানা দৌড়। **লম্বালম্বি** *ক্রি* হাত-পা ছড়িয়ে শয়ন করা।

লম্বিত *বিণ*১ ঝুলছে এমন; প্রসারিত।২ দোলিত; দোলানো হয়েছে এমন। ৩ পতনোন্মুখ। ৪ ঝুলানো হয়েছে এমন। [স.]

লম্বোদর *বিণ* লম্বা বা বিস্তৃত উদর এমন; স্থূলোদর।☐*বি* হিন্দুদেবতা গণেশ। [স. লম্ব+উদর]

লয় *বি*১ নৃত্য-গীত বাদ্যের তালসাম্য বা তালের নির্দিষ্ট কাল পরিমাণ।২ বিলীন হওয়া; স্বাতন্ত্র্য লোপ।৩ বিনাশ; মৃত্যু; ধ্বংস; প্রলয়। [স. √লী+অ]। **লয় করা** *ক্রি*১ নাশ করা।২ নিশ্চিহ্ন করা। **লয় দেওয়া** *ক্রি*১ সঙ্গীত বা নৃত্যের সাথে যথাযথভাবে তাল রাখা। ২ সায় দেওয়া; মতে মত দেওয়া। **লয়নৃত্য** *বি*১ প্রলয়-নৃত্য; তাণ্ডব। ২ ভাঙচুর; তছনছ। **লয়হীন** *বিণ*১ তালহীন; খাপছাড়া।২ অবিনশ্বর।

লরি *বি* চাকাযুক্ত মালবাহী মোটর গাড়ি। [ই. lorry]

ললনা *বি* ১ নারী; কান্তা। ২ পত্নী। ৩ জিহ্বা। [স. √লল+অন+আ]। **ললনাপ্রিয়** *বিণ* ১ নারীপ্রিয়। ২ পত্নীপ্রিয়। ৩ কদম্ব।

ললাট *বি* ১ কপাল। ২ ভাগ্য; অদৃষ্ট; নিয়তি; দৈব। ৩ অদৃষ্টলিপি।[স.]। **ললাটপট, ললাটপট্ট** *বি* বিস্তৃত ললাট; ললাটের বিস্তার। **ললাটলিখন** *বি* অদৃষ্টের লেখা; ভাগ্যলিপি। **ললাটটিকা** *বি* ১ ললাট-ভূষণ; ললাটের অলঙ্কার। ২তিলক।

ললাম *বি*১ ললাট-ভূষণ। ২ তিলক।৩ ভূষণ।৪ শ্রেষ্ঠ বস্তু। ☐*বিণ* ১ রমণীয়। ২ শ্রেষ্ঠ। [স. √লল+আ+ম]। **ললামভূতা** *বিণ* নারীজাতির তিলকস্বরূপ; শ্রেষ্ঠা।

ললিত *বিণ* সুন্দর; মনোহর; চারু; মনোরম; কমনীয়; কোমল; সুকুমার; মধুর; কান্ত।☐*বি*১ নারী-নৃত্য; লাস্য। ২ বিলাস। ৩ ঈপ্সিত; বাঞ্ছিত। ৪ সঙ্গীতের রাগবিশেষ। [স. √লল+ইত]। **ললিতকলা** *বি* নৃত্য চিত্রাঙ্কন সাহিত্য রচনা প্রভৃতি চারুশিল্প। **ললিতা** *বিণ স্ত্রী.* হিন্দু দেবীবিশেষ। ☐*বি* ১ দুর্গা। ২ রাধিকার জনৈক সখী। **ললিতা সপ্তমী** *বি* ভাদ্রমাসের শুক্লা সপ্তমী তিথি।

লশকর *বি*১ সৈন্য। ২ ফৌজ; সৈন্যদল। ৩ নৌসেনা। ৪ জাহাজের খালাসি। ৫ জাতীয় বা বংশগত উপাধি। [ফা. লশকর]। **গদাই লশকরি চাল** *বিণ* অতিমন্থর গতি।

লহ *ক্রি* (পদ্যে) লও; গ্রহণ কর।

লহমা *বি* মুহূর্ত; ক্ষণ; অত্যল্পকাল। [আ. লম্‌হ্‌>বা. লহমা (বর্ণবিপর্যয়ে)]

লহর *বি* ১ ঢেউ; তরঙ্গ; ধারা। ২ শ্রেণী; সারি। [স. লহর<লর>নর (সাতনরী হার) লহরী]

লহরি, লহরী *বি* তরঙ্গ; ঢেউ; ঊর্মি; বীচি। [স.]

লহা *ক্রি* (পদ্যে) লওয়া; গ্রহণ করা।

লহু১, লহূ১ *বি* রক্ত; শোণিত; খুন। [স. লোহিত>]

লহু২, লহূ২ (ব্র.) *বিণ* লঘু; মৃদু; অত্যল্প। [স. লঘু>]

লা১ *অব্য* স্ত্রীলোকদের পরস্পরের প্রতি ব্যবহৃত সম্বোধনবাচক শব্দ। [স. হলা>]

লা২ *বি* নৌকা। [স. নৌ>; ফা. নাও]

লা৩ *অব্য* নঞর্থক উপসর্গবিশেষ। [আ. লাওয়ারিস; লাচার]

লা৪ *বি* গালা; লাক্ষা। [স. লাক্ষা>]

লাই১ *বি* প্রশ্রয়; অতিরিক্ত আদর। [স. স্নেহ>নেহ> লেহ>লাই>নাই]

লাই২ *বি* ময়দা খই ইত্যাদি থেকে প্রস্তুত মণ্ড; আঠা; গাম। [স. লাজা>, তুল. হি. লাই]

লাই৩ *বি* নেশা; মাদকতা। [অ. নেশা>লেসা> লেআ>লাই]

লাইগেশন *বি* মহিলাদের এক ধরনের বন্ধ্যাকরণ ব্যবস্থা, মহিলাদের গর্ভরোধক ব্যবস্থা। [ই.]

লাইট *বি*১ আলো; বৈদ্যুতিক বাতি।২ বাতি।[ই. light]। **লাইটহাউস** *বি* বাতিঘর; জাহাজ ইত্যাদির নিশানার জন্য নির্মিত আলোকস্তম্ভ।

লাইন *বি*১ রেখা।২ সারি; শ্রেণী।৩ লৌহপথ।৪ পঙ্‌ক্তি; ছত্র। ৫ পথ; প্রণালী; ধারা। [ই. line]

লাইফ *বি* ১ প্রাণ; জীবন। ২ শক্তি। ৩ জীবনচরিত। ৪ উৎসাহ-উদ্দীপনা। [ই.]। **লাইফ ইন্সিওরেন্স** *বি* জীবনবিমা; life insurance। **লাইফবেল্ট** *বি* জাহাজ প্রভৃতির দুর্ঘটনায় ডুবন্ত ব্যক্তিদের ভেসে থাকার জন্যে নির্মিত এক প্রকার চক্র; life-belt। **লাইফবোট** *বি* জাহাজ স্টিমার প্রভৃতিতে রক্ষিত দুর্ঘটনায় পতিত ব্যক্তিদের জীবন রক্ষার্থে ব্যবহৃত এক প্রকার ক্ষুদ্র ও দ্রুতগামী নৌকা; life-boat।

লাইব্রেরি, লাইব্রেরী *বি*১ গ্রন্থাগার; পুস্তকাগার; পুস্তক-ভাণ্ডার।২ গ্রন্থাগার ও পাঠাগার।৩ বইয়ের দোকান। [ই. library]

লাইলাতুল কদর *বি* ১ সম্মানিত রাত্রি; মর্যাদাযুক্ত গুরুত্বপূর্ণ রাত। ২ ইসলামি শাস্ত্রমতে রমজান মাসের শেষ দশদিনের কোনো একটি বেজোড় রাত; অনেকের মতে সাতাশে রমজানের রাত; যে রাতের ইবাদতের পুণ্য হাজার মাসের ইবাদতের তুল্য। [আ.]

লাইসেন্স *বি*১ ব্যবসা বা বৃত্তি গ্রহণে সরকারি অনুমতি। ২ বিশেষ বিশেষ অস্ত্র এবং নিষিদ্ধ কোনো দ্রব্য রাখার ও ব্যবহার করার সরকারি অনুমতি। [ই. licence]

লাউ *বি*১ কুমড়াজাতীয় ফল; অলাবু; কদু।২ বাদ্যযন্ত্ররূপে ব্যবহৃত লাউয়ের খোল। [স. অলাবু>]। **লাউডগা** *বি* লাউগাছ বা লাউশাকের অগ্রভাগ। **লাউডগা সাপ** *বি* লাউয়ের লতার মতো সরু ও সবুজ রঙের এক প্রকার সাপ।

লাউঞ্জ, লাউন্‌জ *বি* বিশ্রামস্থান; আরামে সময় কাটানোর স্থান। ☐*ক্রি* ১ আরামে অর্ধশায়িত হয়ে থাকা। ২ অলসভাবে ঘুরে বেড়ানো বা সময় কাটানো। [ই. lounge]

লাউড স্পিকার *বি* বিদ্যুৎ বা ব্যাটারি চালিত শব্দবর্ধক

যন্ত্রবিশেষ। [ই. loudspeaker]
লাওয়ারিশ, লাওয়ারেশ *বি* ১ বংশধর হীন; দাবিদার বা মালিকশূন্য। ২ দাবিদারশূন্য; উত্তরাধিকারশূন্য। [আ. লাওয়ারিস (লা=নাই, ওয়ারিস=উত্তরাধিকার)]
লাকড়ি *বি* জ্বালানি কাঠ। [হি. লাকড়ী]
লাক্ষণিক, লাক্ষণ্য *বি* লক্ষণ-সম্পর্কিত। ❑*বিণ* ১ লক্ষণযুক্ত; লক্ষণবিশিষ্ট। ২ লক্ষণস্বরূপ। ৩ লক্ষণ বা লক্ষণ দ্বারা বুঝা যায় এমন। ৪ লক্ষণ সাহায্যে ভবিষ্যৎ বক্তা; দৈবজ্ঞ; গণক। [স.]
লাক্ষিক, লাক্ষ্যিক *বিণ* লক্ষ্যবিষয়ক।
লাক্ষা *বি* ১ এক প্রকার লাল রঙের বৃক্ষনির্যাস। ২ গালা; চাঁচ। [স.]। **লাক্ষাতরু** *বি* পলাশ বৃক্ষ। **লাক্ষারস** *বি* লাক্ষা থেকে উৎপন্ন তরল রঙের আলতা।
লাখ *বি* ১,০০,০০০ সংখ্যা। ❑*বিণ* ১ ১,০০,০০০ সংখ্যক। ২ বহু; অসংখ্য; অগণিত। [স. লক্ষ>]। **লাখ কথার এক কথা** *বিণ* বহু তর্কবিতর্কের মধ্যে প্রকৃত মূল্যবান কথা; সার কথা। **লাখে লাখে, লাখো লাখো** *বিণ* অসংখ্য; সংখ্যাতীত; অগণ্য।
লাখেরাজ, লা-খরাজ *বি* নিষ্কর জমি; যে জমির জন্যে খাজনা দিতে হয় না। ❑*বিণ* নিষ্কর। [আ. লাখরাজ (লা=না, নাই, খরাজ=খাজনা)]
লাগ *বি* ১ নাগাল। ২ স্পর্শ। ৩ নৈকট্য; সমীপবর্তিতা। ৪ সঙ্গ। **লাগসই** *বিণ* উপযুক্ত; জুতসই; যোগ্য; যথাযোগ্য; যথোচিত। [স. লগ্ন>লগ্‌গ>লাগ]
লাগা *ক্রি* ১ সংলগ্ন হওয়া। ২ স্পর্শ করা; ছোঁওয়া। ৩ ভিড়া; কিনারে আসা। ৪ থামা; বিরত হওয়া। ৫ নিযুক্ত হওয়া। ৬ আরম্ভ হওয়া। ৭ করতে থাকা। ৮ বোধ হওয়া। ৯ কষ্টবোধ হওয়া। ১০ সঙ্গত হওয়া; খাপ খাওয়া; জুতসই হওয়া। ১১ উপযুক্ত বা সমান হওয়া। ১২ দরকার হওয়া। ১৩ খরচ হওয়া। ১৪ ফলপ্রদ হওয়া। ১৫ ঝগড়া হওয়া। ১৬ সমাবেশ হওয়া; বসা। ১৭ কষ্ট দেওয়া। ১৮ বিদ্ধ হওয়া। ১৯ আঘাত পাওয়া। ২০ বোধ হওয়া। ২১ আটকানো। ২২ মন্দ প্রভাবে পড়া। ২৩ পছন্দ হওয়া। **লেগে থাকা** *ক্রি* ১ অসংলগ্ন না হওয়া; পৃথক না হওয়া; আটকে থাকা; জড়িত হওয়া। ২ নাছোড়বান্দার মতো লেগে থাকা। **লাগাও, লাগোয়া** *বিণ* সংযুক্ত; সংলগ্ন; সন্নিহিত; মিলিত।
লাগাতার *বি* একটানা; বিরতিহীন (লাগাতার হরতাল)। [হি.]
লাগানো *ক্রি* ১ নিয়োগ করা। ২ সংযুক্ত করা। ৩ লেপন করা। ৪ স্পর্শ করানো। ৫ সেবন করা। ৬ ভিড়ানো; উত্তরণস্থান স্পর্শ করা। ৭ রোপণ করা; পোঁতা। ৮ প্রহার করা; মারা (লাগিয়ে দিলাম দুই ঘা)। ৯ আরম্ভ করানো; বাধানো (মারপিট লেগে গেছে)। ১০ প্রদান বা ব্যয় করা (চিকিৎসা করাতে কত লাগলো)। ১১ মনে সঞ্চার করা। ১২ কারো বিরুদ্ধে গোপনে কিছু বলা। **লাগানি** *বি* গোপন নালিশ; গোপনে বিরুদ্ধে বলা; কারো অসাক্ষাতে তার বিরুদ্ধে অভিযোগ করা। **লাগানি ভাঙানি** *বি* গোপনে অন্যের নিন্দা করে মন বিষিয়ে দেওয়া। **ঘুম লাগানো** *ক্রি* ঘুমানো; নিদ্রা যাওয়া। **দম লাগানো** *ক্রি* গাঁজা প্রভৃতির ধোঁয়া এক নিশ্বাসে পান করার চেষ্টা।
লাগাম *বি* ১ ঘোড়ার বলগা; রাস। ২ (আল.) সংযম; check [ফা.]। **লাগামছাড়া** *বিণ* ১ যথেচ্ছাচারী; স্বেচ্ছাচারী। ২ অবাধ; অবারিত। ৩ অসংযম।
লাগি[১] *অব্য* (পদ্যে) জন্যে; তরে; নিমিত্ত; হেতু; উদ্দেশ্য। ❑*অক্রি* যুক্ত হয়ে; মিলিয়ে। **লাগি**[২] (পদ্যে) *অক্রি* লেগে।
লাগেজ, লগেজ *বি* যাত্রীদের সঙ্গের বোঝা বা মালপত্র। [ই. luggage]। **লাগেজ বুক করা** *ক্রি* সঙ্গের মালপত্র বহনের দায়িত্ব মাসুলের বিনিময়ে বিমান রেল বা স্টিমার কোম্পানিকে প্রদান।
লাঘব *বি* ১ লঘুতা; হ্রাস; অল্পতা; অগৌরব; মর্যাদাহানি; গৌরবহানি; মর্যাদানাশ। ২ অবজ্ঞা; তাচ্ছিল্য; উপেক্ষা; লাঞ্ছনা; অপমান। ৩ ক্ষিপ্রতা; নিপুণতা। [স.]। **লাঘব করা** *ক্রি* হালকা করা; লঘু করা; হ্রাস করা; কমানো বা কমিয়ে দেওয়া।
লাঙল, লাঙ্গল *বি* জমি চাষ করার সুপরিচিত যন্ত্র; হল। [স. লাঙ্গল]। **লাঙল চষা** *ক্রি* লাঙল দিয়ে জমি চাষ করা। **লাঙল টানা** *বিণ* হল বহন করে যে; হল দ্বারা জমি চাষ করে যে। **লাঙল দড়ি** *বি* যে দড়ি দিয়ে লাঙলের সঙ্গে জোয়াল বাঁধা হয়। **লাঙল দণ্ড** *বি* লাঙলের মধ্যস্থ কাষ্ঠ; লাঙলের ঈষ। **লাঙল দেওয়া** *ক্রি* লাঙল দিয়ে জমি চাষ করা। **লাঙলা** *বি* (ব্য.) চাষা; গালিবিশেষ।
লাঙ্গলী *বি* ১ কৃষক। ২ হিন্দু পুরাণের বলরাম। [স.]
লাঙ্গুল *বি* লেজ; পুচ্ছ। [স. √লন্‌গ্‌+উলচ্‌]। **লাঙ্গুলী** (–লিন্‌) *বিণ* ১ লেজওয়ালা। ২ বানর।
লাচাড়ি, নাচাড়ি *বি* ত্রিপদী ছন্দ; ত্রিপদী ছন্দে রচিত গান। [স. নৃত্য>নাচ>লাচ+বা. আড়ি]
লাচার, নাচার *বিণ* উপায়হীন; নিরুপায়; সহায়হীন; নিঃসহায়। [আ. লা+ফা. চারহ (লা=না; নাই; চারহ= উপায়)। **লাচারি, নাচারি** *বি* অসহায়তা; সহায়হীনতা।
লাচি, লাছি *বি* গোছা; গুচ্ছ। [বা. আঞ্চলিক]
লাচ্চি, লাচ্ছি *বি* চিনি মিশ্রিত ঘন দইয়ের পানীয়; ডাল-ময়দা মিশ্রিত সিদ্ধ মণ্ডবিশেষ। [স. লপ্‌সিকা>লপসি>লচ্চি]
লাজ[১] *বি* খই। [স.]। **লাজবর্ষণ** *বি* (হিন্দুসমাজে প্রচলিত) কোনোও শুভ অনুষ্ঠানে খই ছড়ানো।
লাজ[২] *বি* লজ্জা; শরম; হ্রী। [স. লজ্জা>]। **লাজুক** *বিণ* লজ্জাশীল; বলতে ও মিশতে লজ্জাবোধ করে এমন। **লাজশোণিমা** *বি* লজ্জায় রক্তিম মুখমণ্ডল, লজ্জায় লাল হয়ে ওঠা।
লা-জওয়াব *বিণ* নিরুত্তর (লা-না; নাই+জওয়াব-জবাব; উত্তর); হতভম্ব; বিমূঢ়, জব্দ। [আ. লা-জওয়াব]
লাঞ্চ *বি* দুপুরের খাবার; মধ্যাহ্নভোজ। [ই. luncheon]
লাঞ্চপ্যাকেট *বি* দুপুরের খাবারের বাক্স। [ই.]
লাঞ্ছন *বি* ১ কলঙ্ক; চিহ্ন; মার্কা; trade mark; দাগ। ২ পতাকা; নিশান। ৩ উপাধি; নাম। ৪ অঙ্কন; চিত্রণ। [স. √লাঞ্ছ্‌+অন]। **লাঞ্ছন-মুদ্রা** *বি* সিল মোহর।
লাঞ্ছনা *বি* ১ বেইজ্জতি; অপমান। ২ উৎপীড়ন; নির্যাতন। [স. √লাঞ্ছ্‌+অন+আ]
লাঞ্ছিত *বিণ* ১ অপমানিত; অপদস্থ। ২ উৎপীড়িত; নির্যাতিত। ৩ কলঙ্কিত। ৪ চিহ্নিত মার্কাযুক্ত; চিত্রিত। ৫ ধ্বজযুক্ত; পতাকাবিশিষ্ট। ৬ নামযুক্ত; উপাধিবিশিষ্ট। [স.]। **লাঞ্ছিতা** *বিণ স্ত্রী.*।
লাট[১] *বি* ব্রিটিশ আমলে প্রদেশের সর্বপ্রধান শাসনকর্তা;

রাজ্যপাল; গভর্নর; ইংলন্ডের অভিজাত জমিদারের ও কৃতী ব্যক্তির উপাধি। [ই. lord]। **লাট বাহাদুর** *বি* ১ লাট সাহেব; অতি উচ্চ ইংরেজ কর্মকর্তা; গভর্নর। ২ (ব্য.) অত্যন্ত ক্ষমতাসম্পন্ন ব্যক্তি। **লাট-বেলাট** *বি* গভর্নর ও তৎতুল্য সম্ভ্রান্ত ব্যক্তিবর্গ। **লাটসাহেব** *বি* ১ গভর্নর; প্রদেশের সর্বপ্রধান শাসনকর্তা; রাজ্যপাল; দেশের সর্বপ্রধান শাসক। ২ (ব্য.) হর্তাকর্তা; বিধাতাস্বরূপ; অত্যন্ত ক্ষমতাসম্পন্ন ব্যক্তি। **ছোটলাট** *বি* প্রদেশের শাসনকর্তা; lieutenant governor। **জঙ্গিলাট** *বি* প্রধান সেনাপতি; সামরিক বিভাগের সর্বময় কর্তা। **বড়লাট** *বি* দেশের সর্বপ্রধান শাসনকর্তা; governor general।

লাট[২] *বি* ১ জমিদারির অংশ। ২ নিলামে একসঙ্গে বিক্রয়যোগ্য দ্রব্যসমূহ। ৩ নির্ধারিত দিনে দেয় রাজস্ব। ৪ গুচ্ছ; তাড়া। [ই. lot]। **লাটবন্দী** *বিণ* ১ বাকি খাজনার দায়ে নিলামে বিক্রয়ের জন্য তালিকাভুক্ত (জমিদারি লাটে উঠেছে)। ২ একসঙ্গে স্তূপীকৃত যে সমস্ত দ্রব্য একটি গোছায় রাখা হয়েছে।

লাট[৩] *বিণ* ১ পাট-ভাঙ্গা; নষ্ট; বিপর্যস্ত; চটকানো; বিশৃঙ্খলা বা এলোমেলো করা হয়েছে এমন। ২ ভূমিশায়ী; নির্জীব; শোচনীয় অবস্থাপ্রাপ্ত। [স. নষ্ট>]। **লাট খাওয়া** *ক্রি* উড্ডীয়মান বস্তুর পাক খাওয়া (ঘুড়ি লাট খাচ্ছে); ঘুরতে থাকা।

লাট[৪] *বি* দেশবিশেষ; বর্তমান গুজরাট। **লাটানুপ্রাস** *বি* লাটবাসীদের প্রিয় শব্দালঙ্কারবিশেষ।

লাট[৫] *বিণ* ১ জীর্ণ বা পুরাতন। ২ পুরনো; জীর্ণ (কাপড়গুলো বড় লাট হয়েছে)। [স. লট্/লাট্+অ]

লাট[৬] *বি* স্তম্ভ। [তুল. হি. লাঠ]

লাটাই, লাটা *বি* নাটাই; যাতে ঘুড়ির সুতা জড়ানো থাকে।

লাটিম, লাট্টু *বি* লৌহ শলাকাযুক্ত কাঠের ঈষৎ গোলাকার খেলনাবিশেষ, যা ছোট দড়ির সাহায্যে মাটিতে ঘুরানো হয়। **লাটুদার** *বিণ* লাটিমের ন্যায় কুণ্ডলী পাকানো। [স. লুট্>]

লাঠালাঠি *বি* ১ লাঠি দ্বারা একে অন্যকে আঘাত বা প্রহার। ২ লাঠির দ্বারা মারামারি। ৩ ঘোরতর বিবাদ।

লাঠি *বি* যষ্টি; অপেক্ষাকৃত কম মোটা বা ছোট দণ্ডবিশেষ; লগুড়। [স. যষ্টি>প্রা. লাট্‌ঠি>বা. লাঠি]। **লাঠিয়াল, লেঠেল** *বি,বিণ* লাঠি চালনায় দক্ষ; লাঠি দ্বারা মারামারি করতে পটু। ❑ *বি* লাঠি চালনা দ্বারা যারা জীবিকা অর্জন করে। **লাঠিয়ালি, লেঠেলি** *বি* লাঠিয়াল বৃত্তি। **লাঠ্যৌষধি** *বি* লাঠি দ্বারা প্রহারই সংশোধনের উপায়; প্রহারই ঈপ্সিত ফল লাভের উপায়। [স. লাঠি>ঔষধি]

লাড়কা *বি* সন্তান। [স. লট (লালন)>]

লাড়ু, লাড্ডু *বি* ১ গোলাকার মিষ্ট খাদ্যদ্রব্যবিশেষ; নাড়ু (নারকেলের নাড়ু)। ২ মতিচুর লাড্ডু। [স. লড্ডু>]। **লাড়ু পাকানো** *ক্রি* ১ গোল করে লাড়ু তৈরি করা। ২ (আল.) কোনো বিষয়ে জটিলতা সৃষ্টি করা।

লাত-মানাত *বি* আরবের বনি সকিফের পূজ্য দুই দেবীবিশেষ। [আ.]। **লাত মানাত উজ্জা** *বি* পৌত্তলিক আরবের কল্পিত আল্লাহর তিন কন্যার নাম।

লাথি, লাথ *বি* পদাঘাত; পা দিয়ে প্রহার করা। [হি. লাত্]। **লাথি-খেকো** *বিণ* ১ যে কুকর্মরত ব্যক্তি সর্বদা পদাঘাত খেতে অভ্যস্ত। ২ (আল.) অত্যন্ত হেয়; অতি নীচ।

লাদ, নাদ *বি* গরু অশ্ব প্রভৃতির বিষ্ঠা; নাদি। **লাদা, নাদা** *বি* গবাদিপশুর বিষ্ঠা। ❑ *ক্রি* লাদ ত্যাগ করা; বিষ্ঠা ত্যাগ করা। **লাদি, নাদি** *বি* প্রাণীর বিষ্ঠা।

লাদা *ক্রি* ভার বা বোঝা চাপানো; মাল বোঝাই করা। [হি. লাদ্না]। **লাদাই** *বি,বিণ* বোঝাই। [আঞ্চলিক]

লা-দাবি *বিণ* কোনো দাবি নেই এমন; unclaimed। [আ. লা+দাবি]

লানত, লাহানতি *বি* ১ অভিশাপ। ২ অপমান; লাঞ্ছনা; ভর্ৎসনা। ৩ শাস্তি। [আ. লানত]। **মালাউন** *বি,বিণ* লানতপ্রাপ্ত; অভিশপ্ত; কাফের।

লান্স-নায়েক, ল্যান্স নায়েক *বি* সৈন্যবিভাগে সিপাহিদের নেতা; হাবিলদারের নিম্নপদ। [ই. ল্যান্স+আ. নাএক]

লাফ *বি* লম্ফ। [স. লম্ফ>]। **লাফ-ঝাঁপ** *বি* ১ লম্ফ-ঝম্প। ২ (আল.) অতিশয় ব্যস্ততা বা অস্থিরতা। ৩ (আল.) দম্ভপ্রকাশ; আস্ফালন। **লাফ দেওয়া, লাফ মারা** *ক্রি* ১ কিছু ডিঙানোর উদ্দেশ্যে লাফানো। ২ লাফানো। **লাফালাফি** *বি* ১ ক্রমাগত লাফাতে থাকা। ২ (আল.) অত্যন্ত ব্যস্ততা; অত্যন্ত উৎসাহ প্রদর্শন। ৩ দম্ভপ্রকাশক আস্ফালন।

লাফাঙ্গা *বি,বিণ* লম্পট; বদমাস। [হি.]

লাফানো *ক্রি* লাফ দেওয়া। ❑ *বি* উক্ত অর্থে। **লাফানি** *বি* ১ লাফ দেওয়া; লাফ। ২ ছটফটানি; ব্যস্ততা। ৩ আস্ফালন; দম্ভপ্রকাশ। **লাফানে** *বিণ* লাফায় এমন; লম্ফনশীল।

লাবড়া, লাফড়া *বি* বিবিধ তরকারি মিশিয়ে প্রস্তুত ব্যঞ্জনবিশেষ। [আ. লাবু+স. ড়া+বা. লাবুড়া>লাবড়া]

লাবণ *বিণ* ১ লবণসংক্রান্ত। ২ লবণাক্ত; নোনা। [স.]

লাবণিক *বিণ* ১ লবণসম্বন্ধীয়। ২ লবণবিক্রেতা; লবণব্যবসায়ী। ৩ লবণাক্ত। [স.]

লাবণ্য *বি* চাকচিক্য, সৌন্দর্য; কান্তি; শ্রী; শোভা। [স.]। **লাবণ্যময়** *বিণ* কান্তিযুক্ত; সৌন্দর্যশালী; মাধুর্যমণ্ডিত। **লাবণ্যময়ী** *বিণ স্ত্রী*।

লাবনি, লাবণি *বি* ১ লাবণ্য। ২ লালিত্য; মাধুর্য; কান্তি। ৩ লাবণ্যময়। [স. লাবণ্য]

লাভ *বিণ* ১ খরচ বাদে আয়; মুনাফা। ২ উপস্বত্ব; আয়। ৩ উপকার; সুযোগ-সুবিধা। ৪ প্রাপ্তি। [স.]। **লাভ করা** *ক্রি* মুনাফা পাওয়া; প্রাপ্ত হওয়া; অর্জন করা। **লাভজনক** *বিণ* আয়প্রদ; লাভ আছে এমন। **লাভবান** *বিণ* মুনাফা; আয় করেছে এমন। **লাভ-লোকসান** *বি* লাভক্ষতি; লাভক্ষতি উভয় ব্যাপার। **লাভালাভ** *বি* লাভ ও ক্ষতি; profit and loss। [স. লাভ+অলাভ]। **লাভেমূলে** *ক্রিবিণ* মূলধন ও তার উপস্বত্ব—এই উভয় সম্বন্ধে।

লাভা *বি* আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতে যে গলিত প্রস্তরাদি নির্গত হয়। [ই. lava]

লামা[১] *ক্রি* তিব্বত দেশের বৌদ্ধ পুরোহিত বা ধর্মযাজক। [তিব্বতি]

লামা[২] *ক্রি* নামা; অবতীর্ণ হওয়া; নিচে আসা। [আঞ্চলিক]

লাম্পট্য *বি* ব্যভিচার; লম্পটতা; লম্পটের আচরণ; কামুকতা; বহু নারীতে গমন করে যে। [স.]

লায়েক *বিণ* ১ সাবালেগ; উপযুক্ত। ২ সমর্থ; দক্ষ; পটু।

৩ কাজ করার যোগ্য। [আ. নায়ক]

লাল১, লালা *বি* থুথু; মুখজাত রস। [স. লালা]। **লালাস্রাব** *বি* নাল ঝরা, লালা নিঃসরণ।

লাল২ *বি* ১ রক্তবর্ণ; লোহিতবর্ণ। ২ ঘোড়ার খুরের লোহার পাত; নাল। [ফা. লাল]। **লালচে** *বিণ* রক্তিম; ঈষৎ রক্তবর্ণ; লাল লাল ভাব। **লাল দালান** *বি* কয়েদখানা। **লাল পাগড়ি** *বি* লাল পাগড়ি–বাঁধা (পূর্বেকার) পুলিশ। **লালপানি** *বি* মদ্য; এক প্রকার নেশাযুক্ত পানীয়। (লালপানির সরবত)। **লাল বাতি জ্বালানো** *ক্রি* ব্যবসায়ে অকৃতকার্য হয়ে পিছু হটা। **লালমুখ** *বিণ* রঙিন মুখবিশিষ্ট। ❑ *বি* ১ রক্তবর্ণ বা লালচে মুখ। ২ (আল.) মর্কট; বাঁদর। ৩ (আল.) ইংরেজ; ইউরোপীয়। **লালিম** *বিণ* লাল আভাযুক্ত। **লালিমা** *বি* লাল আভা; রক্তিমা। **চোখ লাল করা** *ক্রি* ক্রোধ প্রদর্শন করা; ক্রুদ্ধভাবে তাকানো। [তু. লাল। ফা. লালী। স. লোহিত]

লাল৩ *বি* প্রিয়; প্রিয়পুত্র; শিশু সন্তান (মেরে লাল)। [স. লালক/হি. লাল]

লালচ *বি* লালসা; লোভ। [স. লালসা>]

লালন *বি* ১ অত্যন্ত যত্ন সহকারে পালন। ২ নামবিশেষ; প্রসিদ্ধ মরমি কবি লালন সাঁই (১৭৭৪[?]–১৮৯০)। **লালন-পালন** *বি* প্রতিপালন; ভরণপোষণ। [স. √লল্+ণিচ্+অনট্; √লড়্+ণিচ্+অনট্; √লাড়ি+অনট]

লালমোহন *বি* পান্তুয়ার মতো মিঠাই।

লালশাক *বি* প্রচুর খাদ্যপ্রাণযুক্ত লাল রঙের শাকবিশেষ।

লালস *বিণ* লোলুপ; লোভী। [স. লালসা>লালস]

লালসা *বি* ১ লোলুপতা; লিপ্সা; লোভ; স্পৃহা। ২ লালস; লোভ। ৩ ঔৎসুক্য। [স. √লস্+যঙ (লুগন্ত)+অ+আ]

লালা১ *বি* ১ পশ্চিমা বা হিন্দুস্থানী (ব্যবসায়ী) কায়স্থের পদবি। ২ মুহুরি; নকলনবিশ। [হি.]

লালা২ *বি* এক প্রকার পুষ্প (নার্গিস লালা—নজরুল); tulip।

লালায়িত *বিণ* ১ লুব্ধ; লোলুপ; স্পৃহাযুক্ত; লোভযুক্ত। ২ অত্যন্ত আগ্রহযুক্ত। [স. √লন্>লালা+ইত]। **লালায়িতা** *বিণ স্ত্রী.*।

লালি, লালী *বিণ* লালিমা; অরুণিমা; লালচে রং। [তু.–লাল; ফা. লালী—রক্তবর্ণ; লাল+বা. ইমা (ইমন)]

লালিকা *বি* ছন্দ ও রচনারীতির বিদ্রূপাত্মক অনুকরণ; parody, সোপহাস উত্তর। [স.]

লালিত *বিণ* প্রতিপালিত; পালন বা লালন করা হয়েছে এমন; পোষিত। [স. √লভ+ণিচ্+ত অথবা √লাড়+ ণিচ্+ত]। **লালিত-পালিত** *বিণ* সযত্নে পালন করা হয়েছে এমন; প্রতিপালিত।

লালিত্য *বি* ১ ললিত ভাব; কমনীয়তা; কান্তি; শ্রী; শোভা। ২ সৌন্দর্য; মধুরতা। ৩ মনোহারিত্ব। [স. ললিত+য= লালিত্য]

লাশ, লাস *বি* শব; মৃতদেহ; মড়া। [ফা. লাশ]

লা-শরিক *বিণ* শরিকহীন (লা–না, নাই+শরিক–অংশীদার; লা-শরিক আল্লাহ); অদ্বিতীয়; কোনো অংশীদার নেই এমন। [আ. লা-শরিক]

লাস্য, লাস *বি* প্রধানত নারীর নৃত্য বা লীলায়িত ভঙ্গিমা। **লাস্যগতি** *বিণ* লীলায়িত ভাব-ভঙ্গিমাপূর্ণ। **লাস্যময়ী** *বিণ* ১ নৃত্যময়ী; নৃত্যরতা। ২ লীলায়িত ভাব–ভঙ্গিমাপূর্ণা; মনোহর ভঙ্গিযুক্তা। [স.]

লাহা *বি* ১ লাক্ষা; গালা। ২ স্বর্ণবণিকের পদবি।

লাহিড়ী *বি* বারেন্দ্র ব্রাহ্মণের পদবিবিশেষ।

লি, লী এক মাইলের ⅓ ভাগ; ক্রোশের ১/১২-ভাগ; চীনা দূরত্ব পরিমাপক একক।

লিকলিক *অব্য.* ১ (অনুকার শব্দ) নমনীয় পদার্থের আন্দোলনের ভাবপ্রকাশক। ২ অত্যন্ত সরু ও লম্বা বস্তুর আন্দোলন–ভঙ্গি প্রকাশক। **লিকলিকে** *বিণ* ১ লিকলিক করছে এমন। ২ কৃশ; সরু।

লিকার *বি* চা পাতা সিদ্ধ পানি; মদ। [ই. liquor]

লিকি, নিকি *বি* নিক; উকুনের ডিম বা বাচ্চা। [স. লিক্ষা>]

লিখন, লেখন *বি* ১ লেখা; অক্ষর বিন্যাস বা সাজান। ২ লিপিবদ্ধকরণ; লিপিকরণ। ৩ চিত্রণ। ৪ অঙ্কন। ৫ যা লেখা হয়েছে; লিখিত বিষয়। ৬ পত্র; চিঠি; লিপি। [স. √লিখ্+অন]। **লিখন-পঠন** *বি* লেখা ও পড়া। **লিখনপদ্ধতি** *বি* লেখার ধারা; রচনার প্রণালী। **লিখনি, লেখনী** *বি* কলম। **লিখে দেওয়া** *ক্রি* লেখায় প্রকাশ করা। ❑ *বি* আইনসিদ্ধভাবে দলিল মারফত দান করা (সম্পত্তি লিখে দেওয়া)।

লিখিত *বিণ* ১ লেখা হয়েছে এমন। ২ রচিত। ৩ অঙ্কিত; চিত্রিত। ৪ নির্ধারিত; অবশ্যম্ভাবী। [স. √লিখ্+ক্ত]

লিখিতব্য *বিণ* ১ লিখতে হবে এমন; লেখা প্রয়োজনীয় এমন। ২ লেখার উপযুক্ত। [স. √লিখ্+তব্য]

লিখিয়ে *বি,বিণ* ১ যে লিখতে পারে। ২ লেখক। ৩ রচনাকারী। ৪ লেখায় পটু; লিপিকুশল।

লিঙ্গ *বি* ১ নারী বা পুরুষের জননেন্দ্রিয়। ২ শিশ্ন। ৩ চিহ্ন; ভেখ। ৪ হিন্দুদের শিবলিঙ্গ মূর্তি। ৫ পুরুষত্ব বা স্ত্রীত্ব; gender। ৬ (ব্যা.) শব্দের পুরুষ স্ত্রী বা ক্লীব ভেদ। [স.]। **লিঙ্গদেহ, লিঙ্গশরীর** *বি* সূক্ষ্ম দেহ। **লিঙ্গধর** *বিণ* ভেকধারী। **লিঙ্গপুরাণ** *বি* ব্যাস লিখিত শিবলিঙ্গ-মাহাত্ম্য বিষয়ক পুরাণ। **লিঙ্গ প্রতিষ্ঠা** *বি* শিবলিঙ্গ প্রতিষ্ঠা। **লিঙ্গবৃত্তি** *বিণ* ধর্মধ্বজী; জীবিকার জন্য সন্ন্যাসী ইত্যাদির বেশধারী। **লিঙ্গভিত্তিক** *বিণ* স্ত্রী বা পুরুষ নির্ভর; gender-based।

লিঙ্গায়েত *বি* হিন্দু সমাজভুক্ত শিবোপাসক সম্প্রদায়। [স. লিঙ্গ>]

লিচু, নিচু *বি* সুবিখ্যাত সুস্বাদু ক্ষুদ্র ফলবিশেষ। [চীনা—লিচি>]

লিজ, লীজ *বি* নির্দিষ্ট সময়ের জন্য জমি বাড়ি ইত্যাদি ভাড়া দেওয়া। [ই.]

লিটার *বি* এক কিলোগ্রাম (কেজি) ওজনের পানির আয়তন; মেট্রিক পদ্ধতিতে তরল পদার্থের আয়তনের একক। [ই. litre]

লিডার *বি* ১ দলের নেতা; নায়ক। ২ প্রধানতম; সুদীর্ঘ ও অত্যন্ত প্রয়োজনীয় সম্পাদকীয় মন্তব্য। [ই. leader]

লিপস্টিক *বি* ওষ্ঠরঞ্জিকা। [ই. lipstick]

লিপি *বি* ১ চিঠি। ২ লিখন; লেখা। ৩ অক্ষর; বর্ণমালা; alphabet। [স.]। **লিপিকর, লিপিকার** *বি* ১ লেখক। ২ নকলনবিস। **লিপিকলা, লিপিকৌশল** *বি* ১ লিপিবিদ্যা; কুশলী ও দৃষ্টিনন্দন অক্ষরবিন্যাস শিল্প; বর্ণবিন্যাস দক্ষতা। ২ লিখবার কায়দা। [স.]। **লিপিচাতুর্য**

বি ১ চিঠি-পত্র লেখার নৈপুণ্য। ২ রূপময় লিখনশৈলী; calligraphy। **লিপিপ্রমাদ** *বি* নকল করতে ভুল। **লিপিবদ্ধ, লিপিভুক্ত** *বিণ* ১ লিখিত; লিখে রাখা হয়েছে এমন। ২ পত্রগত।

লিপ্ত *বিণ* ১ জড়িত; সংশ্লিষ্ট। ২ লেপা হয়েছে এমন; প্রলেপ; কৃতলেপন। ৩ ব্যাপৃত; নিযুক্ত; রত। ৪ সম্মিলিত; সংযুক্ত। [স.]। **লিপ্তপদ, লিপ্তপাদ** *বিণ* পাতলা চামড়া দিয়ে পায়ের আঙুলগুলো পরস্পর যুক্ত।

লিপ্যন্তর *বি* এক ভাষার বর্ণ অন্য ভাষার বর্ণে লিখন; প্রতিবর্ণীকরণ; transliteration। [স. লিপি+অন্তর]

লিপ্সা *বি* ১ প্রাপ্তির প্রবল আকাঙ্ক্ষা; নিরতিশয় লোভ; প্রচণ্ড স্পৃহা। ২ কামনা। [স. √লভ্+স+আ; √লৎ+সন্+আ]। **লিপ্সু** *বিণ* ১ প্রবল বাসনাযুক্ত; লিপ্সাযুক্ত। ২ লোলুপ; লোভী; গৃধ্নু।

লিফ্‌ট *বি* বহুতল ভবনে উঠানামার জন্য বিদ্যুৎচালিত যন্ত্র। [ই.]

লিভার *বি* যকৃৎ। [ই. liver]। **লিভার সিরোসিস** *বি* হেপাটাইটিস বা প্রবল জণ্ডিসে ক্ষয়প্রাপ্ত যকৃতের মারাত্মক ব্যাধি বিশেষ। **লিভারের দোষ** *বি* যকৃতের ক্রিয়া বিকার।

লিমনেড, লেমনেড *বি* খনিজ পদার্থযুক্ত অম্লমধুর পানীয়; লেবুর গন্ধযুক্ত অম্লমধুর সোডাওয়াটার। [ই. lemonade]

লিরিক *বিণ* গীতিধর্মী। [ই. lyric]

লিলিপুট *বি* বামন; খর্বাকার। [ই. lilliput]

লিল্লা, লিল্লাহ *বি* আল্লাহর রাস্তায় দান; আল্লাহকে সন্তুষ্ট করার জন্য কোনো কিছু উৎসর্গ করা। [আ. লিল্লাহ]

লিস্ট, লিস্টি *বি* তালিকা; ফর্দ। [ই. list]

লীগ, লিগ *বি* দল; সঙ্ঘ। [ই. league]। **লীগের খেলা** *বি* কোনো সমিতির পরিচালনায় প্রতিদ্বন্দ্বিতামূলক খেলা।

লীন *বি* মিশে যাওয়া, বিলয়প্রাপ্ত; চিহ্ন না থাকা। ☐ *বিণ* লুপ্ত; বিলুপ্ত; অদৃশ্য; সংলগ্ন; সংযুক্ত; শায়িত। **লীনা** *বিণ স্ত্রী.*। **লীনাঙ্গনী** *বিণ* লীন হয়েছে বা মিলে গেছে এমন। [স. √লী+ত]

লীলা *বি* ১ খেলা; ক্রীড়া; কেলি। ২ শৃঙ্গার রসজনিত অভিব্যক্তি; ভাবভঙ্গি; হাবভাব। ৩ প্রমোদ; বিলাস। ৪ মহাপুরুষ বা কারো কার্যকলাপ (ভবলীলা)। ৫ গূঢ় তাৎপর্যপূর্ণ ক্রিয়াকলাপ। [স. √লী+লা]। **লীলাকমল, লীলাপদ্ম** *বি* খেলায় ব্যবহৃত পদ্ম; যে কমল যুবতী হাতে নিয়ে খেলা করে। **লীলাক্ষেত্র, লীলাভূমি** *বি* ক্রীড়ার স্থান; কেলির জায়গা; জীবনের কর্মভূমি; কার্যকলাপের স্থান। **লীলাখেলা** *বি* ১ ক্রীড়া-কৌতুক; আমোদ-আহ্লাদ। ২ তাৎপর্যপূর্ণ ক্রীড়া বা ক্রিয়াকলাপ। ৩ সারাজীবনের কার্যকলাপ। **লীলাখেলা সাঙ্গ হওয়া** *ক্রি* মৃত্যু হওয়া; জীবনের কার্যকলাপের সমাপ্তি ঘটে। **লীলাচঞ্চল** *বিণ* লীলাভরে চপল বা অস্থির; মধুর চঞ্চলতাপূর্ণ; বিলাসে আন্দোলিত; ক্রীড়ারত। **লীলাবতী** *বিণ স্ত্রী.* ১ লীলাচপলা; বিলাসচঞ্চলা; ভাবভঙ্গিযুক্তা। ২ বিলাসবতী। ☐ *বি,বিণ* প্রাচীন বিদুষী ও গণিতজ্ঞ। ☐ *বি* ভাস্করাচার্য-রচিত সংস্কৃত গণিতগ্রন্থ। **লীলাময়** *বিণ* ১ লীলাপূর্ণ; ক্রীড়াপরায়ণ। ২ আনন্দময়; পূর্ণানন্দ। ৩ যার কার্যকলাপ মানুষ বুঝতে পারে না; লীলাপূর্ণ বিধাতা। **লীলাময়ী** *বিণ স্ত্রী.*। **লীলায়িত** *বিণ* মনোহর হাবভাবযুক্ত। **লীলায়িতা** *বিণ স্ত্রী.*। **লীলাস্থলী** *বি* লীলাক্ষেত্র।

লু, লূ *বি* গ্রীষ্মকালের একপ্রকার প্রচণ্ডভাবে উত্তপ্ত বায়ুপ্রবাহ; লু হাওয়া। [হি.]

লুই *বি* পশুলোমে প্রস্তুত শীতবস্ত্র। [স. লোমস>; তুল. হি. লোহি]

লুইপা, লুইপাদ *বি* বৌদ্ধ সিদ্ধাচার্যগণের মধ্যে আদি আচার্য। [স. লোহিত/রোহিতপাদ>]

লুকমা, লোকমা *বি* গ্রাস; নির্দিষ্ট পরিমাণ খাদ্য; একবারে মুখে দিয়ে গিলতে পারে এমন খাদ্য। [আ. লুকমঃ]

লুকানো *ক্রি* লুকিয়ে থাকা; আত্মগোপন করা; আড়াল হওয়া; লুকিয়ে পড়া; গুপ্ত থাকা। [স. লুঞ্চ/লুক>]

লুকোচুরি, লুকাচুরি *বি* শিশুসুলভ খেলাবিশেষ; ছাপাছাপি; গোপন রাখা। [বা. লুক+চুরি, তুল. হি. লুকলুকনী]

লুক্কায়িত *বি* ১ লুকিয়েছে এমন। ২ প্রচ্ছন্ন; গুপ্ত; অপ্রত্যক্ষ; অগোচর; গোপনে রক্ষিত; অদৃশ্য; অন্তর্হিত। [স. √লুক্+কায়+ইত]

লুঙ্গি, লুঙি *বি* থামি; তহবন। বাংলাদেশ মায়ানমার শ্রীলঙ্কা মালদ্বীপ প্রভৃতি দেশের পুরুষদের নিত্যব্যবহার্য পরিচিত পোশাক। [বর্মী. লুনগ্যি>লুঙ্গ>লুঙ্গি, ফা. লুঙ্গী]

লুচি *বি* ঘিয়ে-ভাজা ময়দার পাতলা ও ছোট রুটিবিশেষ; পুরি। [স. লোচিকা; হি. লুচই; মারাঠি লুচী]

লুচ্চা, লোচ্চা *বি* লম্পট; চরিত্রহীন। [আ. লুক্কস>]। **লুচ্চামি** *বি* লম্পটের স্বভাব।

লুট, লুঠ *বি* ১ লুণ্ঠন; শক্তিপ্রয়োগে বা বলপূর্বক অপহরণ; ডাকাতি; দস্যুতা। ২ অন্যায়ভাবে গ্রহণ বা আত্মসাৎ। ৩ বিতরণের জন্য দেবতার উদ্দেশে নিবেদিত বাতাসা ভূমিতে ইতস্তত ছড়িয়ে দেওয়া (হরিলুট)। [স. লুঠ, লুণ্ঠ>]। **লুটতরাজ, লুটপাট** *বি* ব্যাপক লুণ্ঠন; ডাকাতি। [তুল. লুট+তারাজ; ফা. 'তারাজ' অর্থ লুট]

লুটাপুটি, লুটোপুটি *বি* ১ ভূমিতলে গড়াগড়ি; লুণ্ঠিত হওয়া। ২ অতিরিক্ত উচ্ছ্বলিত হওয়া। [হি. লোটপোট]

লুটেরা, লুঠেরা *বিণ,বি* যে লুট করে; লুণ্ঠনকারী; অপহারক; ডাকাত; লুণ্ঠক। [স. লুঠ+বা. এরা]

লুঠন *বি* গড়াগড়ি; লুণ্ঠিত হওয়া। [স.]। **লুঠিত** *বিণ* গড়াগড়ি দিচ্ছে এমন।

লুডো, লুডু *বি* ছক্কা ঘুঁটি দিয়ে ঘর আঁকা কোটে খেলার ব্যবস্থা।

লুড়ি, নুড়ি *বি* উপলখণ্ড; টুকরো পাথর। [স. লোষ্ট্র>]

লুণ্ঠন *বি* লুঠ; লুটপাট; বলপূর্বক অপহরণ। [স.]। **লুণ্ঠক** *বি,বিণ* লুণ্ঠন করে যে। **লুণ্ঠিকা** *বিণ স্ত্রী.*। **লুণ্ঠিত** *বিণ* বলপূর্বক অপহৃত; ছিনতাইকৃত। **লুণ্ঠিতা** *বিণ স্ত্রী.*।

লুন, লোন *বি* লবণ; ক্ষার; নুন। [স. লবণ>]

লুপ্ত *বিণ* লোপপ্রাপ্ত; বিলীন; বিলয়প্রাপ্ত; ধ্বংসপ্রাপ্ত; বিনষ্ট; অন্তর্হিত; অদৃশ্য। [স. √লুপ্+ত]। **লুপ্তপ্রায়** *বিণ* প্রায় বিলীন বা অদৃশ্য।

লুপ্তি *বি* লোপপ্রাপ্তি; লোপ; বিলয়; ধ্বংস; বিনাশ; দৃষ্টির অগোচরে অবস্থান। [স. √লুপ্+ত+ই]। **লুপ্তোদ্ধার** *বি* হারানো বিষয় প্রাপ্তি; নিখোঁজ বস্তুর উদ্ধার; বিনাশপ্রাপ্ত বস্তুর ধ্বংসাবশেষ বের করা।

লুব্ধ *বিণ* লোলুপ; লোভী; মুগ্ধ। [স.]। **লুব্ধা** *বিণ স্ত্রী.*। **লুব্ধতা** *বিণ* লোলুপতা; লোভনীয়তা।

লুব্ধক *বি* ব্যাধ; লম্পট; একটি নক্ষত্রমণ্ডল; sirius, ঐ নক্ষত্রমণ্ডলের সর্বপ্রধান নক্ষত্র। [স. লুব্ধ+ক (স্বার্থে)]
লুলিত, লূলিত *বিণ*১ দোলিত; আন্দোলিত; কম্পিত; সুন্দর; মনোহর; রম্য। ২ অবলুণ্ঠিত। [স. √লুল্+ত]
লূতা, লূতিকা *বি* মাকড়সা। [স.]। **লূতাতন্তু** *বি* মাকড়সার জাল। **লূতাজাল, লুতাজাল** *বি* মাকড়সার জাল; জালজাতীয় বস্তু।
লেই, লাই *বি* কাই; আঠাল মণ্ড; paste। [স. লেপ>]
লেং, ল্যাং *বি* পা; পদ; চরণ; ঠ্যাং। [ফা. লেং]। **লেং মারা, ল্যাং মারা** *ক্রি* অন্যকে ভূপাতিত করবার জন্য কৌশলে পা দিয়ে আঘাত করা; অন্যের পিছনে লাগা। বেমক্কা ফেলে দেওয়া। [বা. আঞ্চলিক ঠ্যাঙ]
লেংচা *বি*১ খঞ্জ; খোঁড়া। ২ লম্বা পানতুয়া। **লেংচানো** *ক্রি* খুঁড়িয়ে চলা।
লেংটা, ল্যাংটা *বিণ* উলঙ্গ; নগ্ন; দিগম্বর; অনাবৃত। [স. নগ্নাট>ল্যাংটা]
লেংড়া[১]**, ল্যাংড়া** *বিণ* খোঁড়া; খঞ্জ। [ফা. লঙ্গ+বা. ড়া]
লেংড়া[২] *বিণ* উৎকৃষ্ট শ্রেণীর আম।
লেক *বি* হ্রদ; বৃহত্তর দীঘি; সরোবর। [ই. lake]
লেকচার *বি*১ বক্তৃতা; ভাষণ। ২ (ব্য.) বাগাড়ম্বর; কথার ঘটা (লেকচার মেরো না); বড় বড় কথা; উপদেশ। [ই. lecture]। **লেকচারার** *বি* বক্তা; প্রভাষক। [ই. lecturer]
লেকিন *অব্য* কিন্তু। [আ. লাকিন্না]
লেখ *বি* লিখন; যা লেখা হয়; লিখিত বিষয়; লিপি।
লেখক *বি*১ যে লেখে। ২ গ্রন্থাদির রচয়িতা; গ্রন্থকার। [স.]। **লেখিকা** *বি স্ত্রী.*।
লেখনী *বি*১ যা দিয়ে লেখা হয়; কলম। ২ চিত্রাঙ্কনের তুলি।
লেখা[১] *বি*১ লিখন। ২ বর্ণবিন্যাস; বিন্যস্ত বর্ণ। ৩ লেখা। ৪ চিহ্ন। ৫ সংখ্যা। [স.]
লেখা, লিখা *ক্রি*১ বর্ণ সাজানো বা বিন্যাস করা; লিপিবদ্ধ করা। ২ পুস্তকাদি রচনা করা। ৩ পত্রাদি রচনাপূর্বক প্রেরণ করা। ৪ আঁকা। ৫ উক্ত সকল অর্থে। [স. লেখা]। **লিখিত** *বিণ*। **লেখাজোখা** *বি* ১ হিসাব; গণনা। ২ সংখ্যা ও পরিমাণ। **লেখানো** *ক্রি* অন্যের দ্বারা লেখার কাজ সম্পাদনা করা। ❑ *বি বিণ* উক্ত অর্থে। **লেখাপড়া** *বি* ১ বিদ্যাশিক্ষা; বিদ্যাচর্চা; বিদ্যানুশীলন। ২ লিখনের ও পঠনের কাজ; লিখন ও পঠন। ৩ বিদ্যা। ৪ আইনানুসারে লিখে সম্পাদন (সম্পত্তির ভাগবাটওয়ারার ব্যাপারটা লেখাপড়া করে নিয়ো)। **লেখালেখি** *বি*১ ক্রমাগত প্রার্থনা বা চিঠিপত্র পাঠানো। ২ কাগজ-কলমে বাদপ্রতিবাদ। ৩ রচনাদির কাজ (তিনি লেখালেখি নিয়েই আছেন)।
লেখ্য *বি*১ লেখনীয়; লেখার যোগ্য বা উপযুক্ত। ২ লিখিত চিঠিপত্র; চিত্র; আলেখ্য। ৩ দলিল-দস্তাবেজ। ❑ *বিণ*১ লিখতে হবে এমন। ২ লিখবার নিমিত্ত বা প্রযুক্ত হয় এমন; কথ্য নয় এমন (লেখ্য ভাষা)। [স. লেখ্য+উপকরণ, √লিখ্+য]। **লেখ্যোপকরণ** *বি* কালি কলম কাগজ প্রভৃতি লিখবার উপকরণ ও সরঞ্জাম।
লেঙ্গট, লেঙট *বি* বস্ত্রখণ্ড বা কৌপিন যা শুধু পুরুষের লজ্জাস্থান আবৃত করে; পুরুষের ক্ষুদ্র অন্তর্বাস; নেংটি। [স. লেঙ্গটি>, তুল. হি. লঙ্গোট]। **লেংটি, নেংটি** *বি* ক্ষুদ্র লেঙ্গট।
লেঙ্গুড়, লেঙ্গুড় *বি* লাঙ্গুল; লেজ; পুচ্ছ; লেজুড়। [স. লাঙ্গুল>]
লেজ, ল্যাজ, ন্যাজ *বি* লাঙ্গুল; পুচ্ছ। [স. লঞ্জ>]। **লেজকাটা** *বি* (আল.) যার মর্যাদা বা সম্মান নষ্ট বা ক্ষুণ্ন হয়েছে। **লেজ গুটানো** *ক্রি* পরাজয় বরণ করা। **লেজ তুলে দেখা** *ক্রি*১ স্ত্রী-পুরুষ নির্ণয় করা। ২ (আল.) প্রকৃত ব্যাপার বুঝতে চেষ্টা করা। **লেজ ধরে যাওয়া, লেজ ধরে চলা** *ক্রি* প্রভাব-প্রতিপত্তিশালীদের নির্বিচারে অনুসরণ করা। **লেজ মোটা হওয়া** *ক্রি* অহঙ্কার বৃদ্ধি পাওয়া। **লেজে খেলানো** *ক্রি* কারও সঙ্গে ক্রমাগত চালাকি করা। **লেজে গোবরে, ল্যাজে গোবরে** *বিণ* অক্ষমতার জন্য বিপর্যস্ত অবস্থায় উপনীত; বিতিকিচ্ছিরি অবস্থা।
লেজা[১]**, ল্যাজা, ন্যাজা** *বি*১ মাছের লেজ। ২ শেষ ভাগ; শেষ অংশ। **লেজামুড়া, লেজামুড়ো, ন্যাজামুড়ো** *বি* (আল.) প্রথম থেকে শেষ পর্যন্ত; সমস্ত।
লেজা[২] *বি* বল্লম জাতীয় অস্ত্রবিশেষ। [ফা. নেযা]
লেজার *বি* বড় বড় কোম্পানির বিরাট হিসাবের খাতা যাতে প্রতি বস্তু বা ব্যক্তির নামে হিসাব লেখা থাকে। [ই. ledger]
লেজুড়, নেজুড় *বি*১ লেজ। ২ যা পেছনে যুক্ত হয়। ৩ (ব্য.) খেতাব; উপাধি। ৪ মূল বিষয়ের আনুষঙ্গিক সামান্য অথচ গুরুত্বপূর্ণ কোনো বিষয়। ৫ অন্যদলের পোষ্য সমর্থকদল হওয়া। [স. লঞ্জ>বা. লেজ+উর; তুল. লেজুড়বৃত্তি]
লেট *বি* বিলম্ব; দেরি। ❑ *বিণ* বিলম্ব বা দেরি করেছে বা হয়েছে এমন। [ই. late]। **লেট লতিফ** (আল.) *বি* সব সময়ে সবস্থানে যে বিলম্বে উপস্থিত হয়।
লেটার-বক্স *বি* ১ ডাকবাক্স। ২ চিঠির বাক্স। [ই.]
লেঠা, লেটা, ল্যাঠা *বি*১ ঝঞ্ঝাট; উৎপাত; ঝামেলা; বিপদ। ২ বিঘ্ন; সংকট। ৩ এক প্রকার মাছ; ন্যাটা মাছ।
লেডি, লেডী *বি*১ ভদ্রমহিলা। ২ গৃহকর্ত্রী। ৩ নাইট ইত্যাদি পদবিধারী ব্যক্তির স্ত্রীর পদবি। ৪ সম্ভ্রান্ত রমণী। [ই. lady]। **লেডিকিনি** *বি* এক রকম গোল পান্তুয়া। **ফার্স্ট লেডি** (First lady) *বি* রাষ্ট্রপতির পত্নী; মহিলা-প্রধান; মুখ্যমহিলা; বেগম-ই-আজম।
লেড়কা, লড়কা *বি* বালক; শিশু; ছেলে; অল্পবয়স্ক পুত্র সন্তান। [হি. লড়কা]। **লেড়কি** *বি স্ত্রী.*।
লেদ মেশিন *বি* ধাতুর দ্রব্যাদি নির্মাণের যন্ত্র। [ই.]
লেদা *বি* ১ গোময়; গোবর।
লেদাপোকা *বি* কীটবিশেষ। **লেদাবাছা** *বি* স্বল্প বয়সী শিশু। [আঞ্চলিক]
লেদাড়ু, লেদাড়ে, ল্যাদাড়ে *বিণ*১ অলস; চটপটে নয় এমন; unsmart। ২ দীর্ঘসূত্রী।
লেন *বি* গলি; শহরের সরু রাস্তা। [ই. lane]
লেনদেন, লেনাদেনা *বি*১ আদান-প্রদান; দেওয়া-নেওয়া; প্রদান ও গ্রহণ। ২ দান ও প্রতিদান; আদান-প্রদান। ৩ কারবার; ব্যবসা-বাণিজ্য। [হি.]
লেন্স *বি* স্পষ্ট করে দেখতে সাহায্যকারী কাচখণ্ড। [ই.]
লেপ[১] *বি*১ প্রলেপ; লেপন; পোঁচ। ২ লেপে জুড়বার জিনিস; লেই; আঁটবার উপকরণ। [স.]। **লেপক** *বিণ* লেপনকারী; লেপনকর্তা। **লেপন** *বি* ১ লেপ; প্রলেপন; পোঁচ দেওয়া;

বিলোপন। ২ যা লেপা যায়। **লেপনীয়, লেপ্য** *বিণ* লেপনের যোগ্য বা উপযুক্ত।
লেপ[২], নেপ *বি* এক প্রকার তুলাপূর্ণ শীত নিবারক কাঁথা বা গাত্রাবরণ; বালাপোশ; রেজাই। [আ. লিহাফ]
লেপচা *বি* হিমালয় পর্বত অঞ্চলের আদিবাসী সম্প্রদায়।
লেপটা, লেপটানো *ক্রি* ১ জড়িয়ে যাওয়া। ২ লিপ্ত বা জড়িত হওয়া। ৩ লেপা; লেপন করা। ❑ *বিণ, বি* উক্ত সকল অর্থে।
লেপা *ক্রি* নিকানো; লেপন করা; তরল পদার্থের পোঁচ দেওয়া; আবৃত করা; ঢাকা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। **লেপানো** *ক্রি* ১ তরল পোঁচ দেওয়ানো। ২ অপরকে দিয়ে নিকানো বা আবৃত করানো। ❑ *বি, বিণ* উক্ত অর্থে।
লেফট-রাইট *বি* বাম-ডান; সৈন্য বাহিনীর পা মিলিয়ে চলার সংকেত-ধ্বনিবিশেষ; মার্চ করা। [ই. left-right]
লেফটেন্যান্ট *বি* ১ স্থলবাহিনীতে ক্যাপটেনের নিচের কর্মচারী। ২ সহকারী। [ই. lieutenant]
লেফাফা *বি* খাম; চিঠিপত্রের উপরের আবরণবিশেষ; envelope। [আ. লিফাফঃ]। **লেফাফাদোরস্ত, লেফাফাদুরস্ত** *বিণ* বাইরের আদব-কায়দায় ত্রুটিহীন কিন্তু আসলে ফাঁকিবাজ; কপট। [আ.+ফা. দুরস্ত]
লেবরেটরি *বিণ* বিজ্ঞান গবেষণাগার। [ই. laboratory]
লেবাছ, লেবাস *বি* পোশাক। [আ. লিবাস]। **লেবাস পরস্তি/পোরস্তি** *বি* পোশাক-পরিচ্ছদে অনুরক্তি। [আ. লিবাস+ফা. পরস্তী]
লেবু, নেবু *বি* একপ্রকার অম্লরসাত্মক ফল। [ই. lemon,ফা. লিমূন; আ. লাইমূন]
লেবেল *বি* শিশিবোতল বা জিনিসপত্রের উপর লাগানো বস্তুর পরিচয়পত্র। [ই. label]
লেভি *বি* উৎপন্ন ফসলের যে নির্দিষ্ট পরিমাণ সরকারকে নির্দিষ্ট মূল্যে প্রদান বাধ্যতামূলক। [ই. levy]
লেলানো *ক্রি* আক্রমণের জন্য উত্তেজিত করা বা উসকানো। ❑ *বি, বিণ* উক্ত অর্থে।
লেলিহ *বিণ* লোল জিহ্বার মতো প্রসারিত। [স.]
লেলিহান *বিণ* ১ লকলকে জিহ্বাযুক্ত। ২ পুনঃপুন লেহনকারী। [স.]
লেশ *বি* অত্যন্ত অল্প পরিমাণ; সামান্য অংশবিশেষ; কণা; রেণু; বিন্দু। [স.]। **লেশমাত্র** *বি, বিণ* একটুও; নামমাত্র; অল্প একটু মাত্র। ❑ *বি* শ্লেষ্মা কফ জাতীয় মুখ-নাক নিঃসৃত তরল পদার্থ; সর্দি। [আঞ্চলিক]
লেস *বি* ১ ফিতা; জামা-কাপড়ে লাগাবার নক্সা করা পাড়। ২ জুতা বাঁধাবার ফিতা। [ই. lace]
লেহ[১], লেহন *বি* চেটে খাওয়া; চাটা; জিহ্বা দিয়ে আস্বাদন। [স.]। **লেহনীয়, লেহ্য** *বিণ* ১ চেটে খেতে হয় এমন। ২ লেহনযোগ্য; লেহনের উপযুক্ত। **লেহী(-হিন্)** *বিণ* লেহনকারী।
লেহ[২], লেহা, নেহ, নেহা (পদ্যে) *বি* ১ প্রেম; প্রীতি; ভালোবাসা; প্রণয়। ২ স্নেহ; মায়া। [স. স্নেহ>]
লেহাজ *বি* ১ লজ্জা-শরম। ২ শিষ্টাচার; আদব-কায়দা। [আ. লিহায]
লৈখিক *বিণ* লেখা-সম্পর্কীয়; লেখনীয়; লেখ্য। [স.]
লো *অব্য* সমবয়স্কা স্ত্রীলোকদের পরস্পর সম্বোধনবাচক শব্দ; ওলো। [স. হলা>]
লোক *বি* ১ মনুষ্য; জন; ব্যক্তি। ২ জনসাধারণ। ৩ একই ঐতিহ্যের ধারক ক্ষুদ্র গোষ্ঠী বা সম্প্রদায়; folk। ৪ হিন্দু শাস্ত্রমতে ত্রিলোক; স্বর্গ-মর্ত্য-পাতাল এই তিন লোক। ৫ হিন্দু শাস্ত্রোক্ত ভূঃ ভুবঃ স্বঃ মহঃ জনঃ তপঃ ও সত্যঃ এই সপ্তলোক। ৬ ভুবন; জগৎ; বিশ্ব। ৭ ভৃত্য; মজুর। **লোককথা, লোক-কাহিনী** *বি* ১ লোকগল্প; folktale; উপকথা। ২ লোকপুরাণ; কিংবদন্তী। **লোকগণনা** *বি* সরকারিভাবে জনসংখ্যা গণনা; আদমশুমারি; জনগণনা, census। **লোকগল্প** *বি* লোক-কাহিনী। **লোকগাথা** *বি* বহুকালাগত গ্রামীণ জনগণের মধ্যে মুখে মুখে প্রচারিত পালাগান; গীতিকা (ময়মনসিংহ গীতিকা); folk ballad। **লোকচক্ষু** *বি* ১ জনসাধারণের বা সর্বসাধারণের নজর বা দৃষ্টি। ২ অনুচরবর্গ; ভৃত্যগণ; দলবল; সহচরগণ। **লোকত** *অব্য* লোকের দৃষ্টিতে; সমাজের চক্ষুতে বা বিচারে। **লোক দেখানো** *বিণ* ১ বাহ্যিক। ২ আন্তরিকতা-বর্জিত। **লোকনাথ** *বি* ১ জগদীশ্বর। ২ ব্রহ্মা। ৩ বিষ্ণু। ৪ শিব। ৫ নৃপতি; রাজা। **লোকনিন্দা** *বি* ১ জনসাধারণ বা জনগণ কর্তৃক নিন্দা। ২ লোক সমাজ প্রচারিত কারো কুৎসা। **লোকপরম্পরা** *বি* একের পর অন্য লোক; পর্যায়ক্রমে; এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তিতে; পুরুষানুক্রমে। **লোকপাল** *বি* ১ রাজা। ২ হিন্দু পুরাণোক্ত ইন্দ্রাদি অষ্ট দিকপাল। **লোকপিতামহ** *বি* হিন্দুমতে ব্রহ্মা। **লোকপ্রবাদ** *বি* লোকসমাজে যা প্রচলিত; জনশ্রুতি। **লোকপ্রশাসন** *বি* প্রজাতন্ত্রের শাসন-ব্যবস্থা; public administration। **লোকপ্রসিদ্ধ** *বি, বিণ* ১ বিখ্যাত; জনগণের ভিতর খ্যাত। ২ জগদ্বিখ্যাত। **লোকপ্রসিদ্ধি** *বি*। **লোকবল** *বি* ১ জনবল; জনশক্তি। ২ সাহায্যকারী ব্যক্তিবর্গ। **লোকবহির্ভূত, লোকবাহ্য** *বিণ* ১ মানব সমাজের বহির্ভূত; সাধারণের দৃষ্টি হয় না এমন। ২ সৃষ্টিছাড়া। **লোক-ব্যবহার** *বি* লোকাচার; জনসমাজে প্রচলিত সংস্কার। **লোকযাত্রা** *বি* সংসার-যাত্রা। **লোকরঞ্জন** *বি* লোকের প্রীতিসম্পাদন; জনসাধারণের সন্তোষ সাধন। **লোকলজ্জা** *বি* লোক-নিন্দার জন্য লজ্জা; জনসাধারণের কাছে লজ্জা। **লোকলস্কর** *বি* লোকজন; সৈন্যসামন্ত। **লোকলীলা** *বি* ১ ভবলীলা; মানবলীলা; জীবনকাল। ২ নর-নারীর কার্যকলাপ। **লোকশিক্ষা** *বি* জনসাধারণের শিক্ষা। **লোকসঙ্গীত** *বি* ঐতিহ্যগত সমাজের (traditional society) বিশেষ সম্প্রদায় বা গোষ্ঠীর গান, যেমন— বাউল গান; folksong; গ্রামীণ অনক্ষর সর্বসাধারণের মধ্যে প্রচলিত আঞ্চলিক গান। **লোক-সংস্কৃতি** *বি* ফোকলোর; লোক-সাহিত্য, লোকশিল্প, লোক-বিশ্বাস-সংস্কার, লোকাচার প্রভৃতির সমন্বয়ে গঠিত ঐতিহ্যবাহী সমাজের সংস্কৃতি। **লোকসভা** *বি* কোনো দেশের জনগণ কর্তৃক নির্বাচিত প্রতিনিধিমণ্ডলী যে সভায় আইন প্রণয়ন করেন; দেশের সর্বোচ্চ আইনসভা; ব্যবস্থাপরিষদ; parliament। **লোকসমাজ** *বি* মানবসমাজ; মনুষ্য জাতি। **লোক-হাসানো** *ক্রি* জনসাধারণের নিকট বিদ্রূপের পাত্র হওয়া। **লোকহিত** *বি* জনগণের কল্যাণ; জগতের মঙ্গল। **লোকহিতৈষী** *বিণ* জনগণের কল্যাণকামী; জগতের মঙ্গলকারী।
লোকমা *বি* গ্রাস। [আ. লুকমঃ]
লোকসান, নোকসান *বি* ১ ক্ষতি। ২ মূল দর অপেক্ষা

কম মূল্য পাওয়া। [আ. নুকসান]
লোকসাহিত্য *বি* ফোকলোরের একটি শাখা; লোকগল্প রূপকথা লোকগাথা ইত্যাদি; মৌখিক সাহিত্য (oral literature)।
লোকাচার *বি* সামাজিক রীতি-নীতি বা প্রথা; লৌকিক আচার-অনুষ্ঠান। [স. লোক+আচার]
লোকান্তর *বি* ১ ভিন্ন জগৎ বা বিশ্ব; অন্যলোক। ২ পরলোক। ৩ মৃত্যু। **লোকান্তরিত** *বিণ* মৃত; পরলোকগত। [স. লোক+অন্তর, অন্তরিত]। **লোকান্তরিতা** *স্ত্রী.*।
লোকাপবাদ *বি* ১ লোকনিন্দা; জনসাধারণ থেকে নিন্দা। ২ অখ্যাতি। [স. লোক+অপবাদ]
লোকাভাব *বি* ১ লোকের অভাব; লোকের ঘাটতি অবস্থা। ২ সহায়তা করার লোকের অভাব। ৩ জনবিরলতা। [স. লোক+অভাব]
লোকায়ত *বিণ* ১ প্রাকৃতজনগণের মধ্যে প্রচলিত বিশ্বাস-সংস্কার-ধারণা ও আচার। ২ প্রাচীন হিন্দু দার্শনিক চার্বাকের মতানুসারী; নাস্তিক; পরলোকে ও ঈশ্বরে অবিশ্বাসী। ৩ ধর্মনিরপেক্ষ। ৪ চার্বাকের মত; নাস্তিক্যবাদ। [স. লোক+আয়ত]। **লোকায়তিক** *বিণ* ১ চার্বাকের মতাবলম্বী; নাস্তিক; জড়বাদী। ২ চার্বাক।
লোকারণ্য *বি* অসংখ্য লোকসমাগম; বহু লোকের ভিড়; লোকে লোকারণ্য। [স. লোক+অরণ্য]
লোকালবোর্ড *বি* পাশাপাশি কয়েকটি গ্রামের উন্নতিকল্পে জনগণের প্রতিনিধিগণকে নিয়ে গঠিত সভা। [ই. local board]
লোকালয় *বি* জনগণের আবাসস্থান; জনপদ; বসতি। [স. লোক+আলয়]
লোকো *বি* কয়লাচালিত রেলইঞ্জিন। [ই. loco]। **লোকোশেড** *বি* রেলইঞ্জিন রাখার জায়গা।
লোকোত্তর *বিণ* ১ লোকদুর্লভ। ২ অপার্থিব; অলৌকিক। ৩ অসাধারণ। ৪ লোকাতীত। [স. লোক+উত্তর]
লোচন *বি* চোখ; চক্ষু; নয়ন; নেত্র। [স.]
লোটন *বি* ১ মাটিতে গড়াগড়ি দেওয়া। ২ একজাতীয় ঝুঁটিদার পায়রা; নোটন পায়রা। ৩ ঢিলা খোঁপা; শিথিল কবরী-বন্ধন। ৪ পিঠে লম্বা শিথিল খোঁপা।
লোটা[১] *বি* ঘটিবিশেষ। [হি.]
লোটা[২], **লুটা** *ক্রি* ১ লুট বা লুণ্ঠন করা। ২ অন্যায়পূর্বক আত্মসাৎ বা গ্রাস করা। ৩ অধিক পরিমাণ আনন্দ লাভ বা উপভোগ করা; ভোগ করা। ৪ ভূলুণ্ঠিত হওয়া; ভূমিতলে গড়াগড়ি দেওয়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **লোটানো, লুটানো** *ক্রি* ১ লুঠ বা লুণ্ঠন বা ডাকাতি করানো। ২ মাটিতে গড়াগড়ি দেওয়া বা দেওয়ানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।
লোড-শেডিং *বি* বিদ্যুৎ সরবরাহে সাময়িক বিরতি। [ই.]
লোনা *বিণ* লবণাক্ত। ❑ *বি* মাটির লবণ জাতীয় উপাদান হেতু ইট দিয়ে নির্মিত দেয়াল জীর্ণ হওয়া বা লোনা ধরা।
লোপ *বি* ১ নাশ; ধ্বংস। ২ অন্তর্ধান; তিরোধান। [স.]
লোপাট *বিণ* ১ লুট; লুণ্ঠিত। ২ আত্মসাৎ করা হয়েছে এমন; আত্মসাৎকৃত; গায়েব। ❑ *বি* সম্পূর্ণরূপে ব্যয়িত; নিশ্চিহ্ন; লোপপ্রাপ্ত; লুপ্ত; অদৃশ্য; অন্তর্হিত। [স. লোপ+বা. অট]। **লোপাট হয়ে যাওয়া** *ক্রি* নিশ্চিহ্ন হয়ে যাওয়া; লুপ্ত হয়ে যাওয়া।

লোফা, লুফা *ক্রি* ১ শূন্য থেকে পতনশীল বস্তুকে মাটিতে পড়বার পূর্বেই ধরে ফেলা। ২ আগ্রহের সঙ্গে গ্রহণ করা। ❑ *বি* উক্ত সকল অর্থে। **লোফালুফি** *ক্রি* কোনো বস্তু একবার শূন্যে নিক্ষিপ্ত করা এবং মাটিতে পড়বার পূর্বেই আবার ধরে ফেলা; পুনঃপুন এরূপ করা। তুল. বাস্কেট বল খেলা।
লোবান *বি* ধুনার ন্যায় গন্ধযুক্ত বৃক্ষনির্যাসবিশেষ। [আ. লুবান]। **লোবানদানি, লুবানদানি** *বি* লোবান পোড়াবার পাত্র।
লোভ *বি* ১ লিপ্সা; কামনা; কাম্য বস্তু পাওয়ার প্রবল বাসনা। ২ পরের দ্রব্য আত্মসাৎ করবার প্রবৃত্তি। ৩ বিষয়-তৃষ্ণা। [স.]। **লোভনীয়** *বিণ* ১ লোভজনক; লোভ উৎপাদক। ২ চিত্তাকর্ষক। ৩ স্পৃহণীয়; কাম্য। **লোভনীয়** *বিণ স্ত্রী.*। **লোভাতুর** *বিণ* অতিশয় লোলুপ; লোভ-পীড়িত। **লোভাতুরা** *বিণ স্ত্রী.*। **লোভাতি, লোভিষ্ট** *বি* লোভের আতিশয্য; অতিশয় লোভী। **লোভানো** *ক্রি* লোভ দেখানো; প্রলুব্ধ করা। **লোভিত্ব** *বি* লোলুপ বাসনা; লোলুপতা। **লোভী(-ভিন্)** *বিণ* লোভযুক্ত; লোলুপ; লুব্ধ। **লোভ্য** *বিণ* লোভনীয়; লোভের যোগ্য।
লোম, রোম *বি* ১ কেশ। ২ শরীরে জাত সূক্ষ্ম কেশ; মস্তক ও মুখমণ্ডল ভিন্ন অন্যান্য অবয়বের চুল। ৩ পশম। **লোমকূপ, রোমকূপ** *বি* লোমের গোড়ার অতি ক্ষুদ্র ছিদ্র; লোমবিবর। **লোমজ, রোমজ** *বিণ* লোমজাত; লোম বা পশম থেকে উৎপন্ন, পশমি। **লোমশ, রোমশ** *বিণ* লোমযুক্ত; লোমবহুল; লোমে আচ্ছন্ন।
লোমহর্ষ, রোমহর্ষ *বি* শিহরণ; ভয়বিস্ময়াদি হেতু লোমসমূহের খাড়া হওয়া; গায়ে কাঁটা দেওয়া। [স.]। **লোমহর্ষণ, রোমহর্ষণ** *বি* ১ লোমহর্ষ; রোমাঞ্চ। ২ শিহরণ; রোমাঞ্চকর।
লোমোদ্‌গম, লোমোদ্ভেদ *বি* লোম ওঠা। [স. লোম+উদ্‌গম, উদ্ভেদ]
লোর (প্রা-বা) *বি* (পদ্যে) অশ্রু; চোখের পানি। [স. লোত্র>]
লোল *বিণ* ১ চটুল; চঞ্চল; চপলা; বিলোল। ২ ঢিলা; (লোলচর্ম) শিথিল; শ্লথ। ৩ লকলকে দীর্ঘ প্রসারিত ও চঞ্চল। ৪ লোলুপ; লোভাতুর; সতৃষ্ণ; লালসাময়। **লোলা** *বিণ স্ত্রী.*। **লোলাজিহ্ব** *বিণ* লালসাময় বা লোভাতুর বা লকলকে রসনাযুক্ত। **লোলজিহ্বা** *বি* যে রসনা লালসাময় চঞ্চল বা লকলকে।
লোলা *বি* ১ জিহ্বা। ২ নোলা; শিশুদের দন্তোদ্‌গমের সময়ে কামড়ানোর জন্য কাষ্ঠনির্মিত দণ্ডবিশেষ।
লোলিত *বিণ* ১ কম্পিত; আন্দোলিত। ২ চঞ্চল। ৩ দুলছে এমন; দোলায়মান। ৪ ঝুলে পড়েছে এমন; শ্লথ; শিথিল। [স.]। **লোলিতা** *বিণ স্ত্রী.*।
লোলুপ *বিণ* লোভাতুর; অতিশয় লোভী; লালসান্বিত। [স.]। **লোলুপতা** *বি*।
লোষ্ট্র *বি* ঢিল; ইট বা পাথরের টুকরা। [স.]
লোহ[১] *বি* ১ লোহা; অয়। ২ ধাতুবিশেষ। ৩ রক্ত; লহু; শোণিত। ৪ লাগাম। [স. লৌহ>]
লোহ[২] (প্রা-বা) *বি* (পদ্যে) চোখের জল; অশ্রু। [স. লোত্র>]
লোহ[৩] (প্রা-বা) *বি* লাভ। [স. লোভ>]
লোহা *বি* ১ লৌহ। ২ হিন্দু নারীর সধবা চিহ্নস্বরূপ চুড়ির

মতো লৌহময় হাতের চুড়ি; আভরণ; নোয়া। [স. লৌহ>, বা. লোহ+আ]। **লোহালক্কড়** *বি* ১ লোহা কাঠ প্রভৃতি জিনিসপত্র। ২ লোহার বড় ও ভারী জিনিসপত্র।

লোহার *বি* ১ কর্মকার; কামার। ২ হিন্দু জাতি। [স. লৌহ+কার]

লোহিত *বিণ* রক্তিম; লাল; রক্তবর্ণ। ☐ *বি* লাল রং। [স.]। **লোহিতক** *বি* ১ পদ্মরাগ মণি। ২ পিতল।

লোহু *বি* রক্ত। ☐ *বিণ* লাল; রক্তবর্ণ। [হি. লহু, আঞ্চলিক--লো]

লৌকিক *বিণ* ১ লোক-সম্বন্ধীয়; সাংসারিক; পার্থিব। ২ জনসাধারণ বা পৃথিবী সম্বন্ধীয়। ৩ মানসিক। ৪ সাধারণ। ৫ সামাজিক। **লৌকিকতা, লৌকতা** *বি* ১ সামাজিকতা। ২ আপ্যায়ন; অভ্যর্থনা। ☐ *বিণ* বিবাহ বা অন্যান্য অনুষ্ঠানে উপহার প্রদান; ব্যাভার।

লৌহ *বি* লোহা। ☐ *বিণ* লোহার তৈরি দ্রব্যসামগ্রী। **লৌহকন্টক** *বি* নোঙর। **লৌহকার** *বি* কামার; কর্মকার। **লৌহবর্ত্ম** *বি* রেললাইন। **লৌহভাণ্ড** *বি* ১ লোহার পাত্র। ২ হামানদিস্তা। **লৌহমল** *বি* মরিচা। [স.]

লৌহিত্য *বি* ১ রক্তিমা; লাল রং। ২ ব্রহ্মপুত্র নদ। [স.]

ল্যাংবোট, ল্যাঙবোট *বি* ১ জাহাজের পিছনে যে সরু ও লম্বা নৌকা বাঁধা থাকে। ২ (ব্য.) অনাশ্রিত ব্যক্তি; অনুসরণকারী; নিত্যসঙ্গী; অনুচর; পার্শ্বচর; চামচা। [ই. longboat]

ল্যাট্রিন *বি* অস্থায়ীভাবে নির্মিত পায়খানা; কাঁচা পায়খানা। [ই. latrine.]

ল্যান্ডস্কেপ *বি* ১ স্থলভাগের দৃশ্য। ২ স্থলভাগের দৃশ্যের ছবি। [ই. landscape]

ল্যামিনেশন *বি* বই ইত্যাদির প্রচ্ছদ বা কাগজের উপর মসৃণ ও সুদৃশ্য ধাতব আস্তরণ বা পালিশ।

ব (অন্তঃস্থ)

ব— বাংলায় বর্গীয় ব ও অন্তঃস্থ ব-এর চিত্ররূপ অভিন্ন হয়ে যাওয়াতে বর্ণক্রমে শুধু বর্গীয় ব-কে স্থান দেওয়া হয়েছে। তবে অন্তঃস্থ ব-এর উচ্চারণগত অস্তিত্ব থাকার ফলে (অর্থাৎ ব-ফলার ক্ষেত্রে) এই ব-টি সংরক্ষিত হলো।

শ

শ[১] *বি* বাংলা বর্ণমালার উনত্রিশতম ব্যঞ্জনবর্ণ।

শওকত *বি* ক্ষমতা; শক্তি; জাঁকজমক। [আ.]। তুল. শানশওকত।

শওয়াল *বি* হিজরি বছরের দশম মাস। [আ. শাওয়াল]

শওহর, শৌহর *বি* স্বামী। [আ. শওহর]

শংসন, শংসা *বি* ১ প্রশংসা; স্তুতি। ২ উক্তি; কথন; উল্লেখ। ৩ অভিলাষ; ইচ্ছা। [স. √শন্‌স্+অন, অ+আ]। **শংসাপত্র** *বি* ১ প্রশংসাপত্র; testimonial। ২ প্রমাণপত্র; certificate। **শংসিত** *বিণ* ১ প্রশংসিত। ২ উক্ত। ৩ ঈপ্সিত। **শংস্য** *বিণ* ১ প্রশংসনীয়। ২ কথনযোগ্য। ৩ কাম্য।

শক *বিণ* মধ্য এশিয়ার একটি প্রাচীন জাতি; শকদেশীয় লোক; Scythian। ☐ *বি* ১ রাজা শকাদিত্য বা শালিবাহন যিনি শকাব্দ প্রবর্তন করেন। ২ শকরাজ কর্তৃক প্রবর্তিত বছর; শকাব্দ। ৩ কৃষ্ণসাগরের উত্তরস্থ একটি দেশের নাম। ৪ শক দেশের অধিবাসী। [স.]। **শকাব্দ** *বি* শক নামক রাজা কর্তৃক প্রবর্তিত সাল (বঙ্গাব্দের ৫১৫ বছর আগে থেকে শকাব্দ চালু রয়েছে। খ্রিস্টাব্দ থেকে ৭৮/৭৯ বিয়োগ করলে শকাব্দ পাওয়া যায়)। **শকারি** *বি* শকদের শত্রু; শকবিজয়ী রাজা বিক্রমাদিত্য।

শকট *বি* ১ গাড়ি। ২ কৃষ্ণ কর্তৃক নিহত দৈত্যবিশেষ। [স. √শক্+অট]। শকটচালক *বি* গাড়োয়ান। **শকটাক্ষ** *বি* গাড়ির ধুরা; গাড়ির অক্ষদণ্ড; axle। [স. শকট+অক্ষ]। **শকটারি** *বি* হিন্দুপুরাণোক্ত শকট নামক দৈত্য-হন্তা শ্রীকৃষ্ণ। **শকটিকা** *বি* শিশুর খেলবার গাড়ি; ছোটগাড়ি।

শকর, শক্কর *বি* চিনি। [ফা. শকর্‌-শক্কর; স. শর্করা]। **শকরকন্দ** *বি* মিষ্টি আলু।

শকার-বকার— শ ও ব-কারাদ্য শব্দযোগে অশ্লীল গালি। (শালা, বানচোত প্রভৃতি অশ্লীল গালি)।

শকুন *বি* ১ উড়ে বহু দূর যেতে পারে এমন বড় ধরনের পাখি যা প্রধানত মৃতদেহ খেয়ে বেঁচে থাকে; গৃধ্র। ২ শুভাশুভসূচক চিহ্ন বা লক্ষণ। [স. √শক্+উন]। **শকুনজ্ঞ** *বিণ* লাক্ষণিক; হিন্দুবিশ্বাসে লক্ষণদৃষ্টে শুভাশুভ নির্ণয়ে দক্ষ। **শকুনতত্ত্ব** *বি* পক্ষীর গতিবিধি ও ধ্বনি দ্বারা শুভাশুভ নির্ণয়বিদ্যা।

শকুনি *বি* ১ শকুন নামক বৃহদাকার পাখি; গৃধ্র। ২ মহাভারতোক্ত দুর্যোধনের কূটবুদ্ধি মাতুলের নাম। **শকুনিমামা** *বি* (আল.) দুর্যোধনের মাতুলের ন্যায় যে ব্যক্তি কূটবুদ্ধি দিয়ে গৃহবিবাদ বাধায়। [স. √শক্+উনি]

শকুন্ত *বি* ১ ভাস পক্ষী। ২ শকুনি। [স.]

শকুন্তলা *বি* ১ মেনকা ও বিশ্বামিত্রের কন্যা এবং দুষ্মন্ত রাজার পত্নী। ২ কালিদাসের সুপ্রসিদ্ধ 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকের নায়িকা। ৩ উক্ত নাটক।

শকুল, সকুল *বি* শোল মাছ; শাল মাছ। [স.]

শক্ত[১] *বিণ* ১ সমর্থ; কর্মক্ষম। ২ পটু; দক্ষ; বিচক্ষণ। ৩ বলবান; শক্তিশালী। [ফা.]

শক্ত[২] *বিণ* ১ ভাঙা কঠিন এমন; সহজে ভাঙে না এমন; অনমনীয়। ২ টেকসই। ৩ কঠোর; নির্মম। ৪ দৃঢ়; অনড়; অবিচলিত; স্থির। ৫ সহজে নড়ে না এমন। ৬ কৃপণ; ব্যয়কুণ্ঠ। ৭ রূঢ়; কর্কশ; অপ্রিয়। ৮ অসহ্য; অসহনীয়। ৯ জটিল; কঠিন; দুর্বোধ্য। ১০ দুরুত্তর; দুরূহ (শক্ত প্রশ্ন)। ১১ কষ্টসাধ্য। ১২ সমাধান সহজ নয় এমন। ১৩ মজবুত; দৃঢ়। [ফা.]। ☐ *বি* দুরারোগ্য (শক্ত রোগ)। **শক্ত ঘানি** *বি* (আল.) কঠোর; জবরদস্ত ব্যক্তি; যে নির্মমভাবে কাজ আদায় করে। **শক্তের ভক্ত নরমের যম**—প্রবলের নিকট বিনীত এবং দুর্বলের নিকট বিক্রম প্রকাশ করে এমন ব্যক্তি।

শক্তি, শকতি (অ-বা) *বি* ১ ক্ষমতা; সামর্থ্য; বল। ২ স্ত্রী-দেবতা দুর্গা; কালিকা; কমলা। ৩ কর্মদক্ষতাদির মাত্রা; energy, হোমিওপ্যাথি ঔষধের ক্রম (সালফার

৩০ শক্তি)। **শক্তি-উপাসক** *বিণ* দুর্গা কালিকা প্রভৃতি স্ত্রীদেবতার উপাসক। **শক্তি উপাসনা, শক্তিপূজা** *বি* দুর্গা কালিকা প্রভৃতি স্ত্রীদেবতার উপাসনা। **শক্তিধর** *বিণ* বিপুল ক্ষমতার অধিকারী। □*বি* 'শক্তি' অস্ত্রধারী কার্তিকের এক নাম। **শক্তিমান** (-মৎ), **শক্তিশালী** (-লিন্) *বিণ* শক্তি আছে এমন; বলবান। □*বি* শক্তিমত্তা; শক্তিশালিতা। **শক্তিমতী, শক্তিশালিনী** *বিণ স্ত্রী.*। **শক্তিশেল** *বি* রামায়ণোক্ত রাবণের যে মারাত্মক অস্ত্রে লক্ষ্মণ মৃতপ্রায় হন। **শক্তিহীন** *বিণ* নিঃশক্তি; দুর্বল। **শক্তিহীনা** *বিণ স্ত্রী.*। **শক্তিহীনতা** *বি*।

শক্য *বিণ* সাধনযোগ্য; সাধ্য; করতে পারা যায় বা করা সম্ভব এমন। [স. √শক্+য । **অশক্য** *বিণ* অসাধ্য।

শক্র *বি*১ হিন্দু পুরাণোক্ত দেবরাজ ইন্দ্র। ২ কূটজবৃক্ষ; কুড়চি গাছ। ৩ অর্জুন গাছ। ৪ জ্যেষ্ঠা নক্ষত্র। [স. √শক্+র]। **শক্রাণী** *বি স্ত্রী.*। **শক্রজিৎ** *বি,বিণ* ইন্দ্রজিৎ। **শক্রবাহ** *বি* মেঘ।

শখ *বি* ১ আগ্রহ; মনের ঝোঁক। ২ পছন্দ; সাধ। ৩ চিত্তবিনোদনের বাসনা। [আ. শওক]

শঙ্কর *বি* ১ হিন্দুদেবতা শিব। ২ বেদান্তাদির ভাষ্যকার শঙ্করাচার্য। ৩ সামুদ্রিক মৎস্যবিশেষ। □*বিণ* কল্যাণকারী; মঙ্গলময়। [স. শম্= (মঙ্গল)+√কৃ +অ]। **শঙ্করী** *বি স্ত্রী.* ১ মঙ্গলকারিণী। ২ হিন্দুদেবতা শিবের পত্নী; দুর্গাদেবী। [স.]

শঙ্কা *বি*১ ভয়; আশঙ্কা; ভীতি; ত্রাস। ২ সংশয়; সন্দেহ। [স. √শঙ্ক+অ+আ]। **শঙ্কিতা** *বিণ*। **শঙ্কাকুল** *বিণ* ভয়যুক্ত; ভয়ার্ত। **শঙ্কাহর, শঙ্কাহরণ** *বিণ* শঙ্কা দূরকারী; ভয়হারী। **শঙ্কাহরা, শঙ্কাহরণা** *বিণ স্ত্রী.*। **শঙ্কিত** *বিণ* শঙ্কাযুক্ত; ভীত। **শঙ্কিতা** *বিণ স্ত্রী.*। **শঙ্কিল** *বিণ* শঙ্কাযুক্ত; আশঙ্কিত; বিপজ্জনক।

শঙ্কু *বি*১ পৌরাণিক অস্ত্রবিশেষ। ২ শেল; শলাকা; শলা। ৩ কীলক; গোঁজ। ৪ (জ্যো-শা) পরিমাণ-কাঠি যা দিয়ে ছায়া মাপা হতো। ৫ প্রাচীন ভারতের সম্রাট বিক্রমাদিত্যের নবরত্ন সভার এক রত্ন। [স. √শঙ্ক্+উ]

শঙ্খ *বি* শামুকজাতীয় সামুদ্রিক প্রাণী। **শঙ্খকার** *বি* শাঁখারি। **শঙ্খচিল** *বি* সাদা বুকের একরূপ চিল। **শঙ্খচূড়** *বি* একজাতীয় বিষাক্ত সাপ। **শঙ্খচূর্ণী** *বি* হিন্দুবিশ্বাসে সধবা নারীর প্রেত; শাঁখচুন্নি (শঙ্খচূর্ণীর কথ্যরূপ)। **শঙ্খধ্বনি, শঙ্খনাদ** *বি* শাঁখ বাজানোর শব্দ। **শঙ্খবণিক** *বি* শাঁখারি। **শঙ্খবলয়** *বি* শঙ্খ দ্বারা প্রস্তুত বালা; শাঁখা। **শঙ্খবিষ** *বি* শেঁকো বিষ। **শঙ্খমুখ** *বি* কুমির। **শঙ্খলতা** *বি* হিন্দু মন্দিরের নকশাবিশেষ।

শঙ্খিনী *বি*১ নায়িকার একটি বিশিষ্ট শ্রেণী। ২ শাঁখচুন্নি। □*বিণ*১ হিন্দু বিশ্বাসে সধবা নারীর বিশেষ গুণলক্ষণ। ২ তারিফ। [স. শঙ্খ+ইন্+ঈ (*স্ত্রী.*)]

শচী, শচি *বি* ১ হিন্দুপুরাণোক্ত দেবরাজ ইন্দ্রের পত্নী। ২ বৈষ্ণব ধর্ম প্রচারক শ্রীচৈতন্যের জননী। **শচীনন্দন** *বি* শ্রীচৈতন্য। **শচীন্দ্র, শচীপতি, শচীবিলাস, শচীশ** *বি* হিন্দুপুরাণোক্ত দেবরাজ ইন্দ্র। [শচী+ইন্দ্র, ঈশ]। **শচীমাতা** *বি* শ্রীচৈতন্যের মাতা।

শজারু, সজারু *বি* একজাতীয় জন্তু যার সর্বাঙ্গ বড় বড় কাঁটায় আবৃত থাকে; শল্লকী। [স. শল্লকরূপ>]

শজিনা, শজনে *বি* গাছবিশেষ; যার ফুল ও ডাঁটা তরকারিরূপে খাওয়া হয়। [স. শোভাঞ্জন>]। **শজিনাখাড়া** *বি* তরকারিরূপে ব্যবহৃত শজিনা গাছের ফল; শজিনা ডাঁটা।

শটকা, সটকা *বি*১ গড়গড়া হুঁকার দীর্ঘ নল। ২ মাছ ধরবার জাল বা ফাঁদযুক্ত বড় কঞ্চি যা জমির ধারে পুঁতে রাখা হয়। □*ক্রি* সরে পড়া; কেটে পড়া।

শটন *বি* পচে যাওয়া; পচনক্রিয়া। [স. √শট্+অন]। **শটিত** *বিণ* পচা; সড়া। [স.]

শটি, শটী *বি* যে গাছের কন্দ থেকে পালো প্রস্তুত হয়। [স. √শট্+ই]। **শটি ফুড** *বি* শটি থেকে প্রস্তুত পালো বা চূর্ণ শ্বেতসার যা সাধারণ শিশুখাদ্য হিসেবে ব্যবহৃত হয়। [স. শটি+ই. ফুড]

শঠ *বিণ* খল; প্রতারক; ধূর্ত। [স. √শঠ+অ]। **শঠতা** *বি*। **শঠামি** *বি* প্রতারণা; ধূর্তামি; চাতুরী। **শঠে শাঠ্যং সমাচরেৎ**—শঠ লোকের সঙ্গে শঠতা করাই বিধেয়; যে যেমন তার সঙ্গে সেরূপই ব্যবহার বিধেয়।

শড়কা *বি* ঝুড়ির আকৃতি মাছধরা যন্ত্র। [আ. শরকঃ]

শড়কি *বি* বল্লম; বর্শা [স. শল্যক>]

শণ *বি* একজাতীয় ক্ষুদ্র গাছ; উক্ত গাছের আঁশ; ছন; san, hemp। [স.]। **শণের দড়ি** *বি* শণের আঁশ দ্বারা তৈরি দড়ি। **শণের নুড়ি, শণের লুড়ি** *বি*১ সাদা রঙের শণের আঁশের গোছা। ২ (আল.) পাকা চুল। **শণসূত্র** *বি* শণ গাছের আঁশ দ্বারা প্রস্তুত সুতা।

শত, শ *বিণ*১ ১০০ সংখ্যা বা সংখ্যক। ২ নানা; বিভিন্ন; বহু; বিবিধ। □*বি* অসংখ্য; সংখ্যাশূন্য; বহু। [স., তুল. ফা. সদ্]। **শতক** *বিণ* শত সংখ্যাবিশিষ্ট। □*বি*১ একশত; শতসংখ্যা। ২ শতাব্দী। ৩ একশতটি বস্তুর যোগফল বা একত্র সমাবেশ। ৪ একশত শ্লোক বা কবিতাবিশিষ্ট কাব্য। **শতকরা** *অব্য* প্রতি একশতে; একশতের হারে। **শতকিয়া** *বি* এক থেকে একশত পর্যন্ত সংখ্যা গণনা। **শতকুটি** *বিণ* শতচ্ছিন্ন। **শতকোটি** *বিণ* (আল.) অসংখ্য। **শতগ্রন্থি** *বিণ* একশত গিঁট আছে যাতে; অসংখ্য গ্রন্থিবিশিষ্ট। **শতচ্ছিন্ন** *বি* বহু স্থানে ছেঁড়া; ছিন্ন; বিচ্ছিন্ন; একেবারে ছেঁড়া। **শতজীবী** *বিণ* শতায়ু। **শততম** *বিণ* নিরানব্বইয়ের পরের সংখ্যা; শত সংখ্যার পূরক। **শতদল** *বি* পদ্মফুল; কমল। **শতদলবাসিনী** *বি* হিন্দুদেবতা লক্ষ্মী। **শতদ্রু** *বি* পাঞ্জাবের একটি নদী। **শতধা** *অব্য, ক্রিবিণ*১ শতরকমে; বহু সংখ্যায়। ২ শতবার; বহুবার। **শতধার** *বিণ* শতধার বা প্রান্তবিশিষ্ট; বহুস্রোতে বা ধারায় যুক্ত। □*বি* বজ্র। **শতধারে** *ক্রিবিণ* অজস্র ধারায়; বহুধারায়। **শতপথ ব্রাহ্মণ** *বি* যজুর্বেদের অন্তর্গত একটি গ্রন্থ। **শতপদী** *বি* ১ অনেকগুলি পা আছে এমন জীব; বৃশ্চিক; বিছা; centipede। ২ কেন্নো। **শতভিষা** *বি* নক্ষত্রবিশেষ। **শতমারী**(-রিন্) *বি*১ শতবার পারদজারণকারী। ২ উত্তম চিকিৎসক। ৩ (ব্য.) শত রোগীকে ভুল ওষুধ প্রয়োগে মেরে যে ডাক্তার হয়েছে; হাতুড়ে চিকিৎসক; খারাপ চিকিৎসক। **শতমুখে বলা** *ক্রি* পুনঃপুন বলা; বাচালের মতো বলা। **শতমূলী** *বি* ওষুধরূপে ব্যবহৃত এক প্রকার লতা বা তার শিকড়। **শতরূপা** *বি* সরস্বতী দেবী; ব্রাহ্মণ কন্যা সাবিত্রী। □*বি* শত বা বহু বর্ণে অথবা রূপে পরিশোভিতা। **শতশ** *অব্য, ক্রিবিণ* শতশত করে; বহুবার করে। **শতসহস্র** *বিণ* বহু; প্রচুর সংখ্যা।

শতরঞ্জ, শতরঞ্চ *বি* দাবা খেলা। [আ. শৎরঞ্জ; স. চতুরঙ্গ]

শতরঞ্জি, শতরঞ্চি *বি* মোটা সুতায় একাধিক রঙে প্রস্তুত পেতে বসবার বৃহৎ চাদর। [আ. শতরঞ্জী]

শতাংশ *বি* ১ একশত খণ্ড বা ভাগ। ২ একশত ভাগের ১ ভাগ। [স. শত+অংশ]

শতাবধি *বিণ* প্রায় একশত।

শতাব্দ, শতাব্দী *বি* একশত বর্ষব্যাপী সময়; শতক; century। [স. শত+অব্দ+ঈ]।

শতায়ু, শতায়ুঃ *বিণ* ১ শতজীবী; একশত বর্ষ বাঁচে এমন। ২ দীর্ঘজীবী; সুদীর্ঘকালজীবী। [স. শত+আয়ুস্, আয়ুঃ]

শতেক *বিণ* ১ একশত। ২ বহু; অসংখ্য; নানা ধরনের (শতেক রকম কাজ)। [স.]। **শতেকখাকি, শতেকখোয়ারি** *বিণ স্ত্রী.* গালিবিশেষ; সর্বনাশী; নিতান্ত দুর্দশাগ্রস্ত ও অপমানিতা; যে নারীর অদৃষ্টে বহু দুর্গতি আছে; বহু স্বজন খোয়া গেছে অর্থাৎ মরেছে যে নারীর।

শত্রু, শত্তুর *বি* ১ অরি; অরাতি; বৈরী; দুশমন; রিপু। ২ বিপক্ষ; প্রতিপক্ষ; বিরুদ্ধ পক্ষ। [স. √শদ্+রু]

শনশন্ *অব্য* বান বাতাস প্রভৃতির অতি শীঘ্রগতিসূচক ধ্বন্যাত্মক শব্দ।

শনাক্ত, সনাক্ত *বি* নিশানাদিহি; পরিচিত বলে নির্দেশ বা উল্লেখ; চিহ্নিতকরণ। [আ. শিনাখ্‌ৎ]

শনি *বি* ১ সপ্তাহের একটি বারবিশেষ। ২ হিন্দু বিশ্বাসে সূর্যপুত্র; একটি অশুভ গ্রহ; Saturn। ৩ (আল.) শত্রু; বৈরী; সর্বনাশকারী; ক্ষতিকর। [স.]। **শনিবার** *বি* সপ্তাহের একটি দিন। **শনির দশা, শনির দৃষ্টি** *বি* অতিশয় দুঃসময় বা অশুভ কাল বা দুর্দশা।

শনৈ *অব্য, ক্রিবিণ* ক্রমে ক্রমে; অল্পে অল্পে। [স.]। **শনৈঃশনৈ** *ক্রিবিণ* আস্তে আস্তে।

শপ, সপ *বি* ১ তৃণাদি দিয়ে নির্মিত বড় মাদুর। ২ কাতার; সারি। [স. শপ্প (উলুখড়)>শপ]

শপথ, শপতি (পদ্যে) *বি* দিব্য; কসম। [স. শপথ]

শপ্ত *বিণ* শাপগ্রস্ত; অভিশপ্ত। [স.]

শফরী *বি* পুঁটিমাছ।

শফেদ, সফেদ *বিণ* সাদা; শ্বেত। [ফা.]

শব *বি* মৃতদেহ; মড়া; লাশ; মুর্দা। [স. √শব্+অ(ত্)]। **শবদহন, শবদাহ** *বি* মড়া পোড়ানো। **শবদাহস্থান** *বি* শ্মশান; যেখানে মৃতদেহ পোড়ানো হয়। **শবদেহ** *বি* মৃতদেহ; মড়া; লাশ। **শবব্যবচ্ছেদ** *বি* অস্ত্র দ্বারা মড়া কেটে পরীক্ষা; disection; post-mortem। **শবযাত্রা** *বি* দাহ বা কবরস্থ করবার জন্য শ্মশানে বা কবরস্থানের উদ্দেশ্যে মৃতদেহ নিয়ে যাওয়া। **শবযান** *বি* যে গাড়িতে মৃতদেহ বা মৃতদেহপূর্ণ শবাধারবহন করে নিয়ে যাওয়া হয়। **শবসংস্কার** *বি* ১ হিন্দুদের মৃতদেহের অগ্নিসংস্কার; শবদাহ। ২ অন্ত্যেষ্টিক্রিয়া। **শবসাধনা** *বি* মৃতদেহের উপর বসে সে তান্ত্রিক সাধনা করা হয়। **শবাধার** *বি* যে আধার বা বাক্সে মৃতদেহ রেখে কবরস্থ করা হয়। **শবানুগমন** *বি* মৃত্যের প্রতি সম্মান প্রদর্শন বা শোক প্রকাশের উদ্দেশ্যে মৃতদেহের সঙ্গে শ্মশান বা কবরস্থানে গমন। **শবানুযাত্রী** (-ত্রিন্) *বি* মৃতদেহের পশ্চাৎ গমনকারী। **শবাসন** *বি* ১ তান্ত্রিক সাধনায় আসনরূপে ব্যবহৃত শবদেহ। ২ যোগ ব্যায়ামের একটি আসন। **শবাসনা** *বি* হিন্দু দেবতা কালী। **শবাহারী** *বি* মৃতদেহভোজী; পিশাচ।

শবনম, শবনাম *বি* ১ শিশির; কুজ্‌ঝটিকা। ২ সূক্ষ্ম মসলিন কাপড়। [ফা.]

শবর *বি* ১ ব্যাধ; কিরাত; নিষাদ। ২ ভারতবর্ষের একটি প্রাচীন জাতি। [স. শব+√রা+অ]। **শবরী** *বি স্ত্রী.*।

শবিনা *বি* রাত্রিকালীন; রাত্রিজাগরণ। [ফা.]। **শবিনা খতম** *বি* এক রাতের মধ্যে এক ব্যক্তি বা একাধিক ব্যক্তির মিলিতভাবে পবিত্র কুরআন শুরু থেকে শেষ পর্যন্ত পাঠ করার প্রথা। [ফা. শবীনহ্+আ. খতম]

শবল *বিণ* নানা বর্ণযুক্ত; কর্বুরবর্ণ। **শবলী** *বিণ স্ত্রী.* কর্বুরবর্ণা গাভী; বশিষ্টের কামধেনু।

শবেকদর *বি* ১ মর্যাদাপূর্ণ রাত্রি; সম্মানিত রজনী। ২ রমজান মাসের ২১ ২৩ ২৫ ২৭ অথবা ২৯ তারিখের রাত্রি; যে রাত্রিতে পবিত্র কুরআন প্রথম অবতীর্ণ হয়েছিল। [ফা. শব+আ. কদর; আ. লায়লাতিল কদর]

শবেবরাত *বি* পাপমুক্তি রজনী; সৌভাগ্য রজনী; চান্দ্র শাবান মাসের চতুর্দশ দিন—এই দিন পিতৃকুলের মুক্তি কামনায় মুসলমানেরা রুটি হালুয়া বিতরণ করেন। [ফা. শব+আ. বার'আ]। তুল. হিন্দুর মহালয়ায় পিতৃকুলতর্পণ।

শব্দ *বি* ১ ধ্বনি; আওয়াজ; রব; নাদ। ২ অর্থবাচক ধ্বনি; অক্ষর বা অক্ষরসমষ্টি। [স.]। **শব্দকোষ** *বি* অভিধান; dictionary। **শব্দতরঙ্গ** *বি* শব্দের দ্বারা উৎপন্ন বায়ু হিল্লোল; sound wave। **শব্দবহ** *বি* ১ বাতাস। ২ আকাশ। ☐ *বিণ* শব্দবহনকারী। **শব্দবিদ্যা** *বি* ব্যাকরণ। **শব্দবিন্যাস** *বি* যথাযথ স্থানে শব্দ স্থাপন করে বাক্য রচনা। **শব্দভেদী**(-দিন্) *বিণ* শব্দ অনুসরণে লক্ষ্যভেদে সমর্থ। **শব্দব্রহ্ম** *বি* ১ হিন্দু বিশ্বাসের শব্দরূপ বা শব্দময় ব্রহ্ম। ২ হিন্দু ধর্মগ্রন্থ বেদ। **শব্দশাস্ত্র** *বি* ব্যাকরণাদি শাস্ত্র। **শব্দহীন** *বিণ* শব্দশূন্য; নীরব; ধ্বনিশূন্য। **শব্দাতীত** *বিণ* শব্দ দ্বারা প্রকাশ করা যায় না এমন; অনির্বচনীয়। [স. শব্দ+অতীত]। **শব্দায়মান** *বিণ* শব্দ করছে এমন। **শব্দার্থ** *বি* শব্দের মানে। **শব্দালঙ্কার, শব্দালংকার** *বি* রচনা শ্রুতিমধুর করবার জন্য বিশেষভাবে শব্দ বিন্যাস অর্থাৎ অনুপ্রাস যমক শ্লেষ প্রভৃতি। [স. শব্দ+অর্থ, অলঙ্কার]। **শব্দিত** *বিণ* ধ্বনিত; আওয়াজযুক্ত; রববিশিষ্ট; উচ্চারিত। **শব্দেন্দ্রিয়** *বি* কান; কর্ণ। **টু শব্দ** *বি* সামান্যমাত্র আওয়াজ বা ধ্বনি (চারদিকে টু শব্দটি নেই)।

শম *বি* ১ শান্তি; নিবৃত্তি; উপশম। ২ সংযম। ৩ বাসনার নিবৃত্তি। **শমী**(-মিন্) *বিণ* ১ শমগুণবিশিষ্ট। ২ সংযমী। ৩ শান্ত। [স. √শম্+অ]

শমন *বি* ১ হিন্দুমতে মৃত্যুর দেবতা; যম; কৃতান্ত। ২ প্রশমন; শান্তি স্থাপন। ৩ দমন। ৪ হিন্দুদের যজ্ঞার্থ পশুবধ। **শমনীয়** *বিণ* ১ শান্ত করবার উপযুক্ত এমন; প্রশমনযোগ্য। ২ দমনযোগ্য; দমনীয়।

শমন-সদন, শমন-ভবন *বি* হিন্দুমতে যমালয়; যমের বাড়ি; যমগৃহ। [স. শমন=√শম্+ণিচ্+অন]

শমস্-উল-উলামা, শামসুল উলামা *বিণ* ১ জ্ঞানীদের সূর্য। ২ আরবি ও ইসলামি বিষয়ে উচ্চশিক্ষিত পণ্ডিতগণকে ব্রিটিশ সরকার প্রদত্ত উপাধি। [আ.]। তুল. মহামহোপাধ্যায়।

শমসের *বি* তরবারি; তলোয়ার। [ফা. শম্‌শীর]

শমি, শমী *বি* বাবলাজাতীয় গাছ; শাঁই গাছ। [স.]। **শমী** (-মিন্) *বিণ* ১ শমগুণবিশিষ্ট। ২ সংযমী। ৩ শান্ত। [স. √শম্+ই, ঈ]

শমিত *বিণ* ১ প্রশমিত; দমিত। ২ বিনাশিত। ৩ নিবারণ করা হয়েছে এমন; নিবারিত। [স. √শম্+ণিচ্+ত]। **শমিতা** *বিণ স্ত্রী.*।

শম্পা *বি* বিদ্যুৎ; বিজলি। [স.]

শম্ব *বি* ১ যে মুদ্গরের মুখ লৌহ দ্বারা আবৃত। ২ শ্যামা; মুষলাদির মুখের আবরক লৌহবলয়। ৩ বজ্র। [স.]

শম্বর, সম্বর *বি* ১ প্রশাখাবিশিষ্ট শিং আছে এমন হরিণ। ২ এক প্রকার মাছ। ৩ হিন্দু পুরাণোক্ত অসুর। ৪ জল; পানি। **শম্বরারি, সম্বরারি** *বি* শম্বর নামক অসুরহন্তা কন্দর্প। [স. শম্বর/সম্বর+অরি]

শম্বুক, শম্বূক *বি* ১ শামুক। ২ রামায়ণোক্ত শূদ্র তাপসবিশেষ। [স.]। **শম্বুকগতি** *বি* ১ অতিশয় ধীর বা মৃদুগতি; ধীরগতি; শামুকের মতো অত্যন্ত ধীরগমন। ২ (আল.) দীর্ঘসূত্রতা; বিলম্বে কার্যসম্পাদনে অভ্যস্ত। □ *বিণ* শামুকের ন্যায় ধীরগতিযুক্ত।

শম্ভু *বি* হিন্দুদেবতা শিব; শিবলিঙ্গ; মহাদেব। [স. শম্+√ভূ+উ]। **শম্ভু খোঁপা** *বি* মাথার চূড়ায় বাঁধা খোঁপা।

শয্যা *বি* ১ বিছানা। ২ যার উপরে শোয়া হয়। ৩ শয়ন; শোয়ার স্থান (শয্যাগৃহ)। [স. √শী+য+আ]। **শয্যা করা** *ক্রি* বিছানা পাতা। **শয্যাগত, শয্যাশায়ী** (-য়িন্) *বিণ* ১ অত্যন্ত অসুস্থতাহেতু বিছানা থেকে উঠতে পারে না এমন। ২ শয্যাগতা; শয্যাশায়িনী। **শয্যাতুলুনি** *বি* বরবধূর বাসর শয্যা তোলার জন্য বরের নিকট যে অর্থ আদায় করা হয়। **শয্যা তোলা** *বি* বরবধূর বাসরশয্যা তোলা নামক অনুষ্ঠান। **শয্যা রচনা** *বি* বিছানা পাতা। **শয্যা নেওয়া** *ক্রি* শয্যাশায়ী হওয়া। **শয্যাসঙ্গিনী** *বি* পত্নী; স্ত্রী; ভার্যা; বিছানায় সাথী হয় যে নারী।

শয়খ = শেখ।

শয়তান *বি* ১ ইহুদি; খ্রিস্টীয় ও ইসলামি শাস্ত্রোক্ত পাপ; অধর্ম প্রভৃতির প্রেরণাদাতা; ইব্লিস; Satan। ২ পাপাত্মা; অতিশয় দুর্বৃত্ত বা দুরাত্মা ব্যক্তি (মানুষের বেশে পাকা শয়তান)। [আ.]। **শয়তানপনা** *বি* শয়তানের কাজ। **শয়তানি** *বি* দুর্বৃত্ততা; বদমায়েশি। □ *বি স্ত্রী.* অত্যন্ত দুষ্টস্বভাবা স্ত্রীলোক। □ *বিণ* শয়তানবিষয়ক; শয়তানের যোগ্য বা উপযুক্ত।

শয়ন *বি* ১ শোয়া (শয্যায় শয়ন করা)। ২ নিদ্রা; ঘুম। ৩ শয্যা; বিছানা। [স. √শী+অন]। **শয়নকক্ষ, শয়নাগার, শয়নগৃহ** *বি* ঘুমানোর জন্য নির্দিষ্ট ঘর।

শয়ান, শায়িত *বিণ* শুয়ে আছে এমন; নিদ্রিত। [স. √শী+আন, ত]। **শায়িতা** বিণ *স্ত্রী.*।

শর *বি* তীর; বাণ; শায়ক। □ *বিণ* এক জাতীয় তৃণ; নল-খাগড়া গাছ। **শরক্ষেপ, শরক্ষেপণ, শরত্যাগ, শরনিক্ষেপ** *বি* লক্ষ্য বিদ্ধ করবার জন্য ধনুকে যোজনাপূর্বক বাণ ছোড়া; তীর ছোড়া। **শরজাল** *বি* ১ বাণসমূহ। ২ একসঙ্গে নিক্ষিপ্ত বহু বাণ। **শরবন** *বি* শর নামক তৃণপূর্ণ ভূমি। **শরবর্ষণ** *বি* ঘন ঘন বা একই সময়ে বহু বাণ নিক্ষেপ। **শরবিদ্ধ** *বি* তীর দ্বারা বিদ্ধ। **শরশয্যা** *বি* ১ দেহে বিদ্ধ বাণসমূহই যেন শয্যা এমন অবস্থা (ভীষ্মের শরশয্যা)। ২ যুদ্ধক্ষেত্র। **শরসন্ধান** *বি* ১ নিক্ষেপের উদ্দেশ্যে ধনুকে তীর স্থাপনা। ২ তীর ছোড়া। **শরাহত** *বিণ* তীর বিদ্ধ হয়ে আহত। [স. শর+আহত]

শরচ্চন্দ্র *বি* শরৎকালের চাঁদ। [স. শরৎ+চন্দ্র]

শরণ *বি* ১ আশ্রয়দাতা; রক্ষাকর্তা; রক্ষক। ২ আশ্রয়; আশ্রয় স্থান রক্ষণ। ৩ গৃহ। [স. √শৃ+অন]। **শরণাগত, শরণাপন্ন, শরণার্থী** (-র্থিন্) *বিণ* আশ্রয়ের জন্য আবেদন করে এমন; আশ্রয়প্রার্থী; refugee। **শরণাগতা, শরণাপন্না, শরণার্থিনী** *বিণ স্ত্রী.*। **শরণ্য** *বি* রক্ষাকর্তা; রক্ষক। □ *বিণ* রক্ষণসমর্থ; রক্ষণীয়; আশ্রয়প্রাপ্তির স্থান। **শরণ্যা** *বিণ স্ত্রী.* রক্ষাকর্ত্রী, রক্ষণসমর্থা, রক্ষণীয়া। □ *বি* হিন্দু দেবী দুর্গা।

শরৎ *বি* ভাদ্র-আশ্বিন মাসব্যাপী ঋতু। [স. √শৃ+অদ্]

শরদ, সরদ *বি* বীণাযন্ত্রবিশেষ; সরোদ। [ফা. সরোদ]

শরদিন্দু *বি* শরৎকালের চাঁদ যা অতিশয় সুন্দর ও উজ্জ্বল; শরৎশশী। [স. শরদ+ইন্দু]

শরবত, সরবত *বি* ১ মিষ্ট শীতল পানীয়। ২ চিনি মিছরি ফলের রস ইত্যাদি সমন্বয়ে তৈরি ঠাণ্ডা পানীয় [আ.]। **শরবতি, সরবতি** *বি* এক প্রকার বড় লেবু।

শরভ *বি* ১ এক জাতীয় মৃগ। ২ সিংহ অপেক্ষা বলবান প্রাচীনকালের আটপাঅলা জন্তুবিশেষ। ৩ উষ্ট্র। ৪ হস্তিশাবক। ৫ পতঙ্গবিশেষ। ৬ বানরবিশেষ। ৭ শলভ। [স.]

শরম *বি* লজ্জা। [ফা.]। **শরমতি** *বিণ* লজ্জিত। **শরমান** *বি* লজ্জা পাওয়া। **শরমিন্দা, শরমেন্দা** *বিণ* লজ্জিত। **শরমের ফাঁসি** *বি* লজ্জার ডোর। **লজ্জাশরম** *বি* লাজুকতা ও সঙ্কোচ।

শরা[১]**, সরা** *বি* মাটির তৈরি (হাঁড়ি/কলসির) ঢাকনি। [স. শরাব, সরাব>]

শরা[২] *বি* ইসলামি বিধান বলী। [আ. শরা']। **শরার কাজি** *বি* ইসলামের বিধান অনুযায়ী যিনি বিচার করেন। [আ.]। **শরা-শরিয়ত** *বি* ইসলামি কানুন; ইসলাম প্রদত্ত জীবনবিধান।

শরাফত *বি* ১ ভদ্রতা; ভদ্র আচরণ; শরিফের ভাব ও আচরণ। ২ আভিজাত্য। [আ. শরাফত]। **শরাফতি** *বি* ভদ্রতা; সৌজন্য।

শরাব[১] *বি* মাটির সরা; ঢাকনি। [স.]

শরাব[২]**, সরাব** *বি* ১ মদ; সুরা। ২ সুস্বাদু পানীয়; শরবত। [আ.]। **শরাবখানা** *বি* শুঁড়িখানা; মদের দোকান। **শরাবন-তহুরা** *বি* পবিত্র পানীয়; বেহেস্তে যে পানীয় পান করতে দেওয়া হবে। **শরাবি, শারাবি** *বি* ১ যে মদ্য পান করে; মদ্যপায়ী। ২ মদ্যপ। [আ. শরাব+ফা. খোর]। **শারাব-সুরাহি** *বি* সুরা ও সুরাপাত্র।

শরাসন *বি* ধনু; ধনুক; কার্মুক; কোদণ্ড। [স. শর+আসন]

শরিক, শরীক *বি* ভাগীদার; অংশী; অংশ আছে যার। [ফা.]। **শরিক হওয়া** *ক্রি* অংশগ্রহণ করা। **শরিকান, শরীকান** *বি* একাধিক ভাগীদার। [ফা. শরিক+আন (বহুব)]। **শরিকানা, শরীকানা** *বি* শরিকের প্রাপ্য অংশ। **শরিকানি, শরিকানী, শরিকি** *বিণ* এজমালি; অনেকের অংশ আছে এমন; বহু ভাগীদার।

শরিফ, শরীফ *বিণ* ১ ভদ্র; মহানুভব; প্রফুল্ল; আনন্দিত; উদার; উচ্চমনা; অভিজাত; পবিত্র; শ্রেষ্ঠ। ২ মক্কার শাসনকর্তার উপাধি। [আ.]। **মক্কাশরিফ** *বি* পবিত্র মক্কা। **শরিফা** *বি* আতাফল। [আ.; বহুবচন— আশরাফ]

শরিয়ত, সরিয়ত *বি* ১ ইসলামের বিধি-বিধান। ২ ধর্মাচার ও ধর্মীয় আইন-কানুন। [আ.]। **শরিয়তি** *বিণ* ১ ধর্মীয় শরিয়ত সম্পর্কীয়। ২ শরিয়ত মানে এমন; শরিয়ত অনুসারে চলে এমন।

শরীর *বি* দেহ; বিগ্রহ; কলেবর; কায়। **শরীরগত** *বিণ* ১ শারীরিক; দেহসম্পর্কীয়; দেহস্থ। ২ দেহের অভ্যন্তরস্থ। [স. √শৃ+ঈর]। **শরীর গতিক** *বি* দেহের অবস্থা (শরীর গতিক বেশি ভালো না)। **শরীরজ** *বিণ* দেহ থেকে উৎপন্ন; দেহজাত। ❑ *বি* ১ আত্মজ; পুত্র। ২ রোগ। **শরীরপাত** *বিণ* দেহক্ষয়। **শরীরী**(-রিন্) *বিণ* দেহ আছে এমন; দেহধারী; দেহবিশিষ্ট; দেহী। ❑ *বি* ১ প্রাণী; জীব। ২ মানুষ। ৩ জীবাত্মা। **শরীরিণী** *বিণ বি স্ত্রী.*। **শারীর** *বিণ*।

শর্করা *বি* ১ চিনি। ২ কঙ্কর; কাঁকর। ৩ দানা। ৪ রোগবিশেষ; পাথরি। [স.]। **শর্করাবৎ** *বিণ* দানাওয়ালা; দানাযুক্ত; দানাদার। [ফা+আ. শকর, শক্কর]

শর্ত, সর্ত *বি* চুক্তির নিয়ম বা ধারা; condition; কড়ার; নিয়ম। [আ.]

শর্ব *বি* মহাদেব। **শর্বানী** *স্ত্রী.* দুর্গা।

শর্বর *বি* কামদেব; অন্ধকার। **শর্বরী** *বি স্ত্রী.* ১ রাত্রি; রজনী; নিশা; বিভাবরী; যামিনী। ২ বধূ। ৩ নারী। [স.]

শর্মা *বি* ১ ব্রাহ্মণের পদবি। ২ স্বয়ং ব্যক্তি; লোক। ৩ গৃহস্থ। [স. √শৃ+মন]

শর্মিষ্ঠা *বি* যযাতির দ্বিতীয়া মহিষী।

শর্ষে *বি* সরিষা।

শলভ *বি* এক জাতীয় পতঙ্গ যা সম্পূর্ণ শস্য বিনষ্ট করে; পঙ্গপাল। [স.]

শলা[১], **সলা** *বি* ১ শলাকা; শিক; কাঠি। ২ চিকিৎসার এক প্রকার অস্ত্র। [স. শলাকা>]

শলা[২], **সলা** *বি* পরামর্শ; সৎ পরামর্শ। [আ. সলাহ্]

শলাকা *বি* ১ শলা; কাঠি; দিয়াশলাই। ২ দাঁতনকাঠি। [স. √শল্+আক +আ]

শলি, শলী *বি* ধানের মাপবিশেষ। [স. শুল]

শলিতা *বি* প্রদীপের পলিতা। ❑ *বিণ* পলিতা সদৃশ সরু। [আ.]

শল্ক, শল্কল *বি*(প্রধানত) মাছের আঁশ; বাকল; বল্কল। [স√শল্+ক]। **শল্কী**(-ল্কিন্) *বিণ* শল্কযুক্ত। ❑ *বি* মাছ।

শল্য *বি* ১ শলাকা; শলা। ২ কাঁটা। ৩ বাণ; শর; তীর। ৪ এক ধরনের পৌরাণিক অস্ত্র; শেল। ৫ শজারু। [স. √শল্+য (র্যা)। **শল্য চিকিৎসা** *বি* অস্ত্র চিকিৎসা; দেহে অস্ত্রোপচার।

শশ, শশক *বি* খরগোশ। **শশধর, শশভৃৎ, শশলক্ষণ, শশলাঞ্ছন** *বি* চন্দ্র। **শশবিন্দু** *বি* ১ হিন্দুদেবতা বিষ্ণু। ২ একজাতীয় মৃগ। ৩ চন্দ্র। **শশবিষাণ, শশশৃঙ্গ** *বি* ১ খরগোশের শিং। ২ (আল.) অসম্ভব বস্তু; আকাশকুসুম কল্পনা। **শশবৃত্তি, শশকবৃত্তি** *বি* খরগোশের ন্যায় পলায়ন করবার বা আত্মগোপন করবার মনোবৃত্তি। **শশব্যস্ত** *বিণ* খরগোশের মতো অত্যন্ত ত্বরাযুক্ত বা ব্যস্তসমস্ত। **শশাঙ্ক** *বি* চন্দ্র; চাঁদ; শশধর। [স. শশ+অঙ্ক]

শশিকলা *বি* ১ চন্দ্রের কলা বা অংশ। ২ একটি সংস্কৃত ছন্দের নাম। [স. শশিন্+কলা]

শশিকান্ত *বি* ১ কুমুদ ফুল। ২ চন্দ্রকান্তমণি। [স. শশিন+কান্ত]

শশিপ্রিয়া *বি* রাত্রি। [স.]

শশিভূষণ, শশিশেখর *বি* ১ চন্দ্র যাঁর অলঙ্কার বা কিরীট। ২ হিন্দুদেবতা শিব। [স. শশিন+ভূষণ, শেখর]

শশিমুখী *বি* চন্দ্রবদনা; চন্দ্রমুখী; চাঁদের মতো মনোহর মুখ যে রমণীর; অত্যন্ত সুন্দরী নারী। [স.]

শশী(-শিন্) *বি* চন্দ্র; শশধর; শশাঙ্ক; মৃগাঙ্ক; ইন্দু; চন্দ্রমা; নিশাকর; বিধু; সুধাংশু; হিমাংশু; সুধাকর; সোম। [স. শশ+ইন্]

শষ্প, শস্প *বি* কচি ঘাস। [স. √শষ্=নাশ করা— যা দ্বারা পশুরা ক্ষুধা নাশ করে]

শসা *বি* ১ কাঁকুর জাতীয় ফল। ২ ক্ষীরা, ক্ষীরিকা; cucumber।

শস্ত্র *বি* ১ আয়ুধ; অস্ত্র। ২ লৌহনির্মিত যন্ত্রপাতি। ৩ শল্য চিকিৎসার যন্ত্রপাতি; কারিগরি যন্ত্রপাতি। [স.]। **শস্ত্রজীবী**(-বিন্), **শস্ত্রাজীব** *বিণ,বি* যুদ্ধ ব্যবসায়ী; অস্ত্র ধরে যুদ্ধ করাই জীবিকা যার; সৈনিক। [স. শস্ত্র+আজীব]। **শস্ত্রধর, শস্ত্রধারী**(-রিন্), **শস্ত্রপাণি, শস্ত্রভৃৎ, শস্ত্রী**(-স্ত্রিন্) *বিণ,বি* ১ যার হাতে অস্ত্র আছে। ২ যোদ্ধা; সৈনিক; শস্ত্রধারী। **শস্ত্রবিদ্যা** *বি* অস্ত্র চালনা সম্পর্কিত বিদ্যা।

শস্য *বি* ১ ফসল; কৃষিজাত ফল বা জীব। ২ ফলের সার অংশ; শাঁস। [স.]। **শস্যক্ষেত্র** *বি* যে ভূমিখণ্ডে শস্য উৎপাদিত হয়। **শস্যশ্যামল** *বি* সবুজ রঙের শস্যে ভরা। **শস্যশ্যামলা** *বিণ স্ত্রী.*। **শস্যাগার** *বি* গোলা; শস্যভাণ্ডার। [স. শস্য+আগার]

শহর *বি* নগর। [ফা.]। **শহরতলি, শহরতলী** *বি* শহরের উপকণ্ঠ; suburb। **শহরস্থ** *বিণ* নগরস্থিত; শহরের। **শহুরে** *বিণ* ১ শহরসুলভ; শহর সম্বন্ধীয়। ২ শহরে জাত। ৩ শহরবাসী।

শহরৎ, শোহরৎ *বি* খ্যাতি; জনশ্রুতি। **ঢোল-শহরত** *বি* ঢোল সহযোগে রাষ্ট্র বা ঘোষণা।

শহাদত, শাহাদৎ *বি* ১ ধর্ম ও সত্যের জন্য জীবন দান। ২ সাক্ষ্য। ৩ আল্লাহর একত্ব ও হজরত মুহম্মদ (সা.) -এর নবি হওয়ার সত্যতাসূচক বাক্য (কলেমা শাহাদত)। [আ.]। **শাহাদত অঙ্গুলি** *বি* তর্জনী।

শহিদ, শহীদ *বি* ধর্মযুদ্ধে নিহত; সত্য বা ন্যায়ের জন্য আত্মোৎসর্গকারী ব্যক্তি। [আ.]। **শহিদান, শহীদান** *বি* শহিদগণ। [আ. শহীদ+ফা. আন (বহুব.)]। **শহীদ মিনার** *বি* শহীদদের স্মৃতি রক্ষার জন্য তৈরি স্তম্ভ (কেন্দ্রীয় শহীদ মিনার)।

শা, শাহ *বি* প্রধান; বড়। [ফা.]। **শা-খরচে** *বিণ* যথেষ্ট অর্থ খরচ করে এমন। **শাহজিরা, শাজিরা** *বি* লম্বা কালো জিরা। **শা-দরজা, শাহী-দরজা** *বি* সদর দরজা; সিংহদ্বার। **শাহ্-নজর, শা'নজর** *বি* বিয়ের পর বর ও কনের শুভ দৃষ্টি এবং এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান।

শাইল *বি* শালিধান।

শাওন *বি* শ্রাবণ মাস।

শাঁ *অব্য* দ্রুত বেগসূচক ধ্বনি বা শব্দ (অন্ধকারে একটা লোক শাঁ করে চলে গেল)।

শাঁই *অব্য* ক্ষিপ্রতা; দ্রুতবেগসূচক শব্দ বা ধ্বনি। **শাঁই শাঁই** *অব্য* ১ প্রবল বেগবোধক। ২ শ্লেষ্মাজনিত কণ্ঠের

শব্দ।
শাঁওল *বি* শ্যামল।
শাঁখ, শাঁক *বি* ১ শম্বুক জাতীয় সামুদ্রিক জীববিশেষ। ২ শঙ্খ; হিন্দুদের মাঙ্গলিক অনুষ্ঠানাদিতে শঙ্খের যে খোলা ফুঁ দিয়ে বাজানো হয়। [স. শঙ্খ>]। **শাঁখের করাত** *বি* ১ শঙ্খ কাটবার করাত; যার দাঁতগুলো এমনভাবে তৈরি যে সামনে টানলেও কাটে পিছনে টানলেও কাটে। ২ (আল.) যা থেকে সহজে নিস্তার পাওয়া যায় না; উভয় সঙ্কট। **শাঁখচুন্নি, শাঁখিনী** *বি* হিন্দু সংস্কার মতে প্রেতযোনিপ্রাপ্ত সধবা নারীর আত্মা। **শাঁক আলু, শাঁখ আলু** *বি* শাঁখ আকৃতির এক প্রকার আলু।
শাঁখচিল *বি* শঙ্খচিল; শ্বেতচিল।
শাঁখা *বি* শঙ্খনির্মিত বালা। [বা. শাঁখ+আ]
শাঁখারি, শাঁখারী *বি* শঙ্খের গহনা বা দ্রব্যাদি নির্মাতা; শঙ্খ ব্যবসায়ী। [বা. শাঁখ+আরি, আরী]
শাঁস *বি* ১ ফলের ভিতরের সার ভাগ। ২ ফলের আঁটির বা বীজের ভিতরের কোমল অংশ। ৩ সার অংশ বা বস্তু। [স.]। **শাঁসালো** *বি* ১ শাঁসবিশিষ্ট। ২ সারবান। ৩ (আল.) সম্পদশালী।
শাক *বি* ১ রেঁধে খাওয়ার যোগ্য লতাপাতা যেমন পালংশাক নটে শাক কলমিশাক পুঁইশাক ইত্যাদি। ২ পুরাণোক্ত একটি দ্বীপ। ৩ সেগুন গাছ। ৪ শকাব্দ। **শাক দিয়ে মাছ ঢাকা** *বি* (আল.) গুরুতর অপরাধ সামান্য উপায়ে বা সহজে ঢাকবার ব্যর্থ চেষ্টা। **শাকপাতা** *বি* আহার্য লতাপাতা। **শাকভাত, শাকান্ন** *বি* ১ খুব সাধারণ খাদ্য। ২ খুব গরিবের খাদ্য। ৩ (বিনয়ে) ভাল খাদ্য-খাবার (আমার বাড়িতে দয়া করে একটু শাকভাত খাবেন)। [স. শাক+অন্ন]। **শাক শুঁটকি** *বি* শাক ও শুষ্ক মৎস্যের তরিতরকারি। **শাক-সবজি** *বি* তরিতরকারি।
শাকুন *বি* হিন্দু সমাজে প্রচলিত পশুপক্ষীর ডাক দ্বারা মঙ্গলামঙ্গল নির্ণয়-শাস্ত্র; কাকচরিত্র গ্রন্থ। □ *বিণ* শকুনজ্ঞ; শকুন-শাস্ত্রে পণ্ডিত; পাখির বর শুনে শুভাশুভ বিচারে পারদর্শী; পাখি সংক্রান্ত। [স. শকুন+অ]। **শাকুনিক** *বি, বিণ* ১ যে পাখি বধ করে; ব্যাধ; পাখিঘাতক; পাখি বধকারী। ২ শকুনবিশারদ; শকুনজ্ঞ ব্যক্তি। **শাকুনিকী** *বিণ, বি স্ত্রী*।
শাক্ত *বিণ, বি* ১ হিন্দু শাস্ত্রানুযায়ী শক্তির (কালীর) উপাসক। ২ হিন্দু তন্ত্রসাধক। [স. শক্তি+অ]
শাক্য *বি* ১ একটি ক্ষত্রিয় বংশ। ২ বৌদ্ধধর্মপ্রবর্তক বুদ্ধদেব। [স. শাক+য]। **শাক্যমুনি, শাক্যসিংহ** *বি* বুদ্ধদেব।
শাখা *বি* ১ গাছের ডাল। ২ বাহু। ৩ অংশ; বেদের অংশবিশেষ। ৪ প্রধান বস্তু বা বিষয় থেকে উৎপন্ন ক্ষুদ্রতর বস্তু বা বিষয়। [স.] **শাখাচ্যুত** *বিণ* ১ গাছের ডাল থেকে পতিত বা স্খলিত। ২ একটি অংশের আলাদা রূপ। **শাখানদী** *বি* কোনো বড় নদী থেকে উৎপন্ন ছোট নদী। **শাখামৃগ** *বি* বানর।
শাখী(-খিন্) *বিণ* বৃক্ষ।
শাগরেদ, সাগরেদ *বি* শিষ্য; সহকারী; চেলা; ছাত্র। [ফা.]। **শাগরেদি** *বি* শিষ্যত্ব; ছাত্রত্ব; চেলাগিরি; শিক্ষানবিসি।
শাওন *বি* শ্রাবণ মাস। [স. শ্রাবণ>]। **শাওনি** *বিণ* শ্রাবণী।
শাঙল *বিণ* শ্যামল। **শাঙলি** *বিণ স্ত্রী.* শ্যামলা গাভী। [স. শ্যামল>]

শাঙা *বিণ* বিধবা বা স্বামী পরিত্যক্তার পুনরায় বিবাহ।
শাঙ্কর *বিণ* ১ হিন্দু দার্শনিক ধর্মনেতা শঙ্কর সম্বন্ধীয়। ২ শঙ্করাচার্য প্রণীত (শাঙ্কর ভাষ্য)।
শাটার *বি* জানালার খড়খড়ি; ঝিলিমিলি। [ই. shutter]
শাঠ্য *বি* শঠতা; ধূর্ততা; প্রতারণা। [স. শঠ+য]
শাড়ি, শাড়ী *বি* স্ত্রীলোকের বস্ত্রবিশেষ। [স. শাটী>]
শাণ[১] = শান[১]।
শাণিত *বিণ* ধারালো; যা তীক্ষ্ণ করা হয়েছে। [স. শাণ+ইত বা √শাণ্+ণিচ+ত]
শাণ্ডিল্য *বি* ১ হিন্দুদের গোত্রপ্রবর্তক একজন প্রাচীন মুনি। ২ বিল্বতরু; বেলগাছ। [স. শাণ্ডিল+য]
শাদি, সাদি *বি* ১ বিবাহ; পরিণয়; উদ্বাহ। ২ আনন্দ; উৎসব। [ফা.]
শাদ্বল *বি* কচি ঘাসে বা তৃণে আবৃত ভূমি। [স. শাদ+বল]
শান[১], **শাণ**[২] *বি* ১ কষ্টিপাথর। ২ অস্ত্রাদি তীক্ষ্ণ করবার জন্য পাথর বা যন্ত্র। ৩ তীক্ষ্ণকরণ। ৪ ধাতু প্রভৃতি পালিশ করা হয় যে যন্ত্র দ্বারা। [স.]। **শানওয়ালা** *বি* যে শানপাথরে বা যন্ত্রে অস্ত্রাদি তীক্ষ্ণ করবার ব্যবসা করে। **শান দেওয়া** *ক্রি* ১ শানযন্ত্রে বা শানপাথরে অস্ত্রাদি ধার দেওয়া। ২ তীক্ষ্ণ করা। **শান পাথর** *বি* ১ অস্ত্র তীক্ষ্ণ করবার প্রস্তরখণ্ড। ২ যে পাথর-টুকরা ধাতু ইত্যাদি পালিশ করবার কাজে ব্যবহৃত হয়।
শান[২] *বি* ১ সিমেন্টে পাকা মেঝে। ২ পাথরে; পাষাণ। **শান বাঁধানো** *বিণ* ইট-পাথরে তৈরি; পাকা (শান বাঁধানো ঘাট)। [আ.]
শান[৩] *বি* মাহাত্ম্য (আল্লাহর শান); মর্যাদা। [আ.]। তুল. শান শওকত।
শানকি *বি* মাটির থালা। [ফা.+বা.ই]
শানশওকত *বি* ১ গৌরব; জাঁকজমক। ২ প্রতাপ। [আ.]
শানা[১] *বি* বর্ম; সাঁজোয়া। [স. শানা>]
শানা[২] *বি* ১ তাঁতযন্ত্রের চিরুনির ন্যায় অংশ। ২ চিরুনি। [ফা.]
শানা[৩] *বি* নদীর বাঁধের তত্ত্বাবধায়ক।
শানা[৪] *ক্রি* ক্ষুধা আকাঙ্ক্ষা প্রভৃতি শান্ত বা পরিতৃপ্ত হওয়া; মেটা; অবসান হওয়া। □ *বি* উক্ত অর্থে। [স. √শম্+বা. আ.]
শানা[৫] *ক্রি* শান দেওয়া; ধারালো বা তীক্ষ্ণ করা। □ *বি* উক্ত উভয় অর্থে।
শানানো *ক্রি* ১ শান দেওয়া। ২ তীক্ষ্ণ করা। □ *বি বিণ* শাণিত; তীক্ষ্ণীকৃত (যুক্তি শানিয়ে নিচ্ছি)।
শানে-নজুল *বি* কুরআনের সুরা বা আয়াত বা ওহি অবতীর্ণ হওয়ার কারণ। [আ.]
শান্ত *বি* ১ শান্তিযুক্ত; শমপ্রাপ্ত। ২ (আল.) চিত্তাবেগবর্জিত রসবিশেষ। □ *বিণ* ১ শমগুণযুক্ত। ২ নিবৃত্ত। ৩ জিতেন্দ্রিয়। ৪ ধীর; অনুদ্ধত; শিষ্ট। ৬ বিনাশিত। [স. √শম্+ত]। **শান্তভাব** *বি* হিংসা ক্রোধ দুঃখ শোক প্রভৃতি পরিত্যক্ত মনের অবস্থা; উত্তেজনাবর্জিত মানসিক অবস্থা; মানসিক সৌম্যতা; প্রশান্তি। **শান্তমূর্তি** *বি* ১ শান্তভাবে পূর্ণ আকৃতি। ২ সৌম্যরূপ। □ *বিণ* সৌম্যরূপবিশিষ্ট। **শান্তশিষ্ট** *বিণ* নম্র ও ভদ্র; অনুদ্ধত। **শান্ত-স্বভাব** *বিণ* ধীর; স্থির; নম্র; বিনয়ী; ঔদ্ধত্যশূন্য।
শান্তনু *বি* মহাভারতোক্ত ভীষ্মের পিতা। [স.]
শান্তি *বি* শমগুণ; প্রশান্তি; উৎকণ্ঠাশূন্যতা; চিত্তস্থৈর্য

(মানসিক শান্তি); লালসা দমন; নিস্পৃহতা; ইন্দ্রিয়জনিত বাসনা-কামনার দমন; প্রবৃত্তি দমন (লোভের বা ক্রোধের শান্তি); নিবৃত্তি; বিরাগ; বিরাম; উপশম (রোগের শান্তি); উপদ্রবহীনতা; উৎপাতশূন্যতা (শান্তিরক্ষা); অবসান; সমাপ্তি (যুদ্ধশান্তি); সন্ধি; যুদ্ধাবসান; বিবাদের মীমাংসা (শান্তিস্থাপন); কল্যাণ (শান্তিস্বস্ত্যয়ন); বিশ্রাম (শান্তি লাভের জন্য শয়ন)। [স. √শম্+তি]। **শান্তিজল** *বি* হিন্দুদের পূজার মন্ত্রপূত জল যা ভক্তদের কল্যাণের জন্য তাদের শরীরে ছিটিয়ে দেওয়া হয়। **শান্তিপাঠ** *বি* শান্তিকামনায় মন্ত্রাদি পাঠ। **শান্তিপ্রিয়** *বিণ* (স্বভাবত) শান্তি ভালোবাসে বা চায় এমন। **শান্তিরক্ষক** *বি* শান্তি রক্ষাকারী; উপদ্রব হতে রক্ষাকর্তা (বিশেষ অর্থে); পুলিশ। **শান্তিস্থাপন** *বি* অশান্তি দূরীকরণ; গোলযোগ নিবারণ (বিশেষ অর্থে); যুদ্ধাদির অবসান করে সন্ধি স্থাপন। **শান্তিস্বস্ত্যয়ন** *বি* রোগ-উপদ্রবাদির অবসান কামনায় হিন্দুদের পূজার্চনা।

শান্তিপুরি *বিণ* শান্তিপুরে প্রস্তুত; শান্তিপুরে তৈরি উৎকৃষ্ট তাঁতের কাপড়। **শান্তিপুরে** *বিণ* শান্তিপুরে প্রচলিত বা উৎপন্ন; শান্তিপুরবাসী।

শান্ত্রিসেপাই *বি* প্রহরারত সৈনিক; সশস্ত্র প্রহরী। [ই. sentry+ফা.]

শাপ *বি* অভিসম্পাত; অভিশাপ। [স.]। **শাপগ্রস্ত** *বিণ* ১ অভিসম্পাতের ফলে দুর্গতিপ্রাপ্ত। ২ অভিশপ্ত। **শাপগ্রস্তা** *বিণ স্ত্রী.*। **শাপভ্রষ্ট** *বিণ* হিন্দু বিশ্বাসে অভিশাপের ফলে অপেক্ষাকৃত নীচ জন্মপ্রাপ্ত (শাপভ্রষ্ট দেবতা)। **শাপভ্রষ্টা** *বিণ স্ত্রী.*। **শাপমন্যি** *বি* অভিশাপ। **শাপমুক্তি** *বি* অভিশাপ থেকে মুক্তিলাভ। **শাপমোচন** *বি* অভিশাপ খণ্ডন। **শাপা** *ক্রি* অভিশাপ দেওয়া। **শাপান্ত** *বি* শাপমোচন; শাপভঙ্গ; (দেশজ) সর্বরকম অভিশাপ। **শাপিত** *বিণ* অভিশাপ দেওয়া হয়েছে এমন।

শাপলা *বি* কুমুদ পুষ্প; বাংলাদেশের জাতীয় ফুল (সাদা শাপলা); লাল শাপলা (আফ্রিকার শাপলা)।

শাফা *বি* আরোগ্য; রোগমুক্তি। [আ.] **শাফি** *বি* রোগ মুক্তিদাতা; আরোগ্যদাতা।

শাফায়াত, শাফায়ৎ *বি* সুপারিশ; কেয়ামতে আল্লাহর নিকট নবি-রসুলের সুপারিশ। [আ]

শাবক, শাব *বি* বাচ্চা; ছানা। [স.]

শাবর *বিণ* ব্যাধ/শবরজাতি সম্বন্ধীয়। [স. শবর+অ]

শাবল *বি* মাটি খোঁড়ার জন্য অথবা কপাটাদি ভাঙার জন্য লৌহনির্মিত এক প্রকার অস্ত্র। [স. শর্বলা>]

শাবান *বি* হিজরি বছরের অষ্টম মাস। [আ.]

শাবাশ, সাবাস *অব্য* প্রশংসাসূচক ধ্বনি; ধন্য; বলিহারি। **শাবাশ দেওয়া** *ক্রি* প্রশংসা করা।

শাবুদ *বি* প্রমাণ; সাক্ষ্য। [আ.]

শাম[১], সাম *বি* সন্ধ্যা; সান্ধ্য। [আ.]

শাম[২] *বি* সিরিয়ার পুরনো নাম। [আ.]

শামলা[১] *বিণ* শ্যামবর্ণা; প্রায় কালো। [স. শ্যামলা>]

শামলা[২] *বি* (উনিশ শতক অবধি বাংলাদেশেও চালু) শালের এক প্রকার পাগড়ি; উষ্ণীষ। [আ.]

শামা *বি* ১ দীপ; বাতি। ২ শামাপোকা বা দীপে আকৃষ্ট কীট। ৩ লৌহবলয়। **শামাদান** *বি* বাতিদান; প্রদীপের গাছা; শেজ। [আ.+ফা.]

শামি[১], সামি *বি* ১ হিব্রু আরবি মিশ্র ভাষা; semitic। ২ লাঠির সরু মুখ। ❑ *বিণ* শাম বা সিরিয়া দেশে উৎপন্ন বা তদ্দেশ সম্পর্কিত। [আ.]

শামিয়ানা, সামিয়ানা *বি* বস্ত্র নির্মিত অস্থায়ী ছাদবিশেষ; চাঁদোয়া; চন্দ্রাতপ। [ফা.]

শামিল, সামিল (পূর্ব বানান) *বিণ* ১ অন্তর্ভুক্ত (শামিল করা বা হওয়া)। ২ সমান; তুল্য; ন্যায়; সদৃশ (মরার শামিল)। [আ.]

শামি কাবাব *বি* মাংস ও ডাল দিয়ে প্রস্তুত বড়াবিশেষ; শামদেশীয় কবাব। [আ.]

শামুক *বি* ঝিনুকের মতো শক্ত আবরণযুক্ত জলচর প্রাণীবিশেষ। [স. শম্বুক>]। **শামুক-চুন** *বি* শামুক চুড়িয়ে তৈরি ক্ষারবিশেষ; পানের সঙ্গে সেব্য চুন।

শায়ক *বি* শর; বাণ; তীর। [স. √শো+অক]

শায়িত *বিণ* ১ শয়ন করানো হয়েছে এমন। ২ 'শুয়ে আছেন' অর্থে 'শায়িত' শব্দের প্রয়োগ প্রচলিত কিন্তু অশুদ্ধ। [স. √শী+ণিচ্]। শায়িতা *বিণ স্ত্রী.*।

-শায়ী(-য়িন) *বিণ* শয়নকারী; শায়িত; শয়ান (শয্যাশায়ী, ভূমিশায়ী)। [স. √শী+ইন্]। **-শায়িনী** *বিণ স্ত্রী.*।

শায়েস্তা, সায়েস্তা *বিণ* ১ শাস্তিপ্রাপ্ত; জব্দ; সমুচিত শিক্ষা প্রাপ্ত; দমিত; শাসিত। ২ যোগ্য; উপযুক্ত; সঙ্গত (শায়েস্তা জবাব)। [ফা. শায়িস্‌তা অর্থাৎ ভব্য, কিন্তু বাংলায় শায়েস্তা সাধারণত কদর্থেই ব্যবহৃত]

শারঙ্গ[১], সারঙ্গ *বি* বাদ্যযন্ত্রবিশেষ। [স. শা(সা)+রঙ্গি]। **শারঙ্গী, সারঙ্গী** *বি* সারঙ্গী বাদক।

শারঙ্গ[২] *বি* ১ চাতক। ২ ময়ূর। ৩ ভৃঙ্গ। ৪ হরিণ। ৫ গজ। **শারঙ্গী** *বি স্ত্রী.*। [স. শার (রঙ্গিন) অঙ্গ যার—বহুব্রী]

শারঙ্গ[৩], শার্ঙ্গ *বি* বিষ্ণুর বা কৃষ্ণের শৃঙ্গনির্মিত ধনুক। **শার্ঙ্গধর, শার্ঙ্গপাণি** *বি* শ্রীকৃষ্ণ। [স.]

শারদ, শারদীয় *বিণ* শরৎকালীন। [স. শরদ্+অ, ঈয়]। **শারদী, শারদীয়া** *বিণ স্ত্রী.*। **শারদ-যামিনী** *বি* শরৎকালীন রাত্রি। **শারদা** *বি* দুর্গাদেবী; সরস্বতী; বীণাবিশেষ।

শারি[১], শারিকা *বি স্ত্রী.* ১ শালিক; শালিকের পত্নী। ২ শুক। [স.]

শারি[২] *বি* ১ পাশার গুটিকা। ২ সারিগান।

শারীর, শারীরিক *বিণ* ১ শরীরসম্পর্কীয়। ২ দেহজ; দেহজাত; দেহ থেকে উৎপন্ন। [স. শরীর+অ, ইক]। **শারীরবিদ্যা** *বি* শারীরস্থান ও শারীরবৃত্ত; anatomy and physiology। **শারীরবৃত্ত, শারীরবৃত্তি** *বি* যে বিজ্ঞানশাস্ত্রে দেহের অঙ্গসমূহের ক্রিয়া সম্পর্কে আলোচিত হয়; physiology। **শারীরস্থান** *বি* দেহের বিভিন্ন অংশের গঠন ও সংস্থান সম্পর্কিত শাস্ত্র; anatomy।

শার্ট *বি* পুরুষের সুপরিচিত ফুল বা হাফ-হাতা জামা। [ই. shirt]। **ফুলশার্ট** *বি* মণিবন্ধ পর্যন্ত হাতাওয়ালা শার্ট। **হাওয়াই শার্ট** *বি* (হাওয়াই দ্বীপে চালু) কোটের মতো শার্টবিশেষ। **হাফশার্ট** *বি* কনুই পর্যন্ত হাতাওয়ালা শার্টবিশেষ।

শার্দূল *বি* বাঘ; (সমাসে উত্তরপদে) শ্রেষ্ঠ (নরশার্দূল)। [স.]। **শার্দূলী** *বি স্ত্রী.*। **শার্দূলবিক্রীড়িত** *বি* সংস্কৃত ছন্দবিশেষ।

শাল[১] *বি* ১ বিখ্যাত শাল গাছ; ওই গাছের মূল্যবান কাঠ। ২ শোল মাছ। [স.]। **শালের কোঁড়া** *বি* শালগাছের তেজি চারা। **শালতি** *বি* শালগাছের গুঁড়িতে তৈরি ক্ষুদ্র অথচ ক্ষিপ্রগামী নৌকাবিশেষ। **শালনির্যাস** *বি* ধুনা। **শালপ্রাংশু** *বিণ* (দেহ বা অঙ্গ সম্বন্ধে) শালগাছের মতো সুগঠিত ও দীর্ঘকায়।

শাল[২] *বি* ১ দীর্ঘ শূল (শালে দেওয়া বা চড়ানো)। ২ শেল। ৩ (আল.) মর্মান্তিক দুঃখ।

শাল[৩] *বি* দামি পশমি শীত-গাত্রবস্ত্রবিশেষ। [ফা.]। **শালওয়ালা** *বি* শাল বিক্রেতা। **শালকর** *বি* যে ব্যক্তি শাল কাচে ও রিফু কর্মাদি করে।

-শাল *বি* ১ গৃহ; আলয় (হাতিশাল)। ২ কারখানা (কামারশাল)। [স. শালা>]

শালওয়ার *বি* ঢিলা পাজামাবিশেষ। [ফা.]

শালগম *বি* মুলাজাতীয় আনাজ। [ফা.]

শালগ্রাম *বি* বিষ্ণুর প্রতীকরূপে পূজিত গণ্ডকীনদী জাত শিলা। [স. শালগ্রাম (দেশবিশেষ)+অ]। **শালগ্রামের শোওয়া বসা সমান**—(অলস ও স্থূল ব্যক্তি সম্বন্ধে) অলস ও স্থূল ব্যক্তি সর্বদা একইভাবে অবস্থান করে।

শালা *বি* ১ স্ত্রীর ছোট ভাই। ২ গালিবিশেষ। [স. শ্যালক]। **শালাজ, শালাবৌ** *বি* শালার স্ত্রী। **শালী** *বি* ১ স্ত্রীর ছোট বোন। ২ গালিবিশেষ।

-শালা *বি* ১ আলয়; আগার; বাড়ি; স্থান (অতিথিশালা, ধর্মশালা, পাঠশালা)। ২ ঘর; কক্ষ (ভোজনশালা)। ৩ কারখানা (কামারশালা)। ৪ ভাণ্ডার; সঞ্চয়স্থান (শস্যশালা)। [স. √শল্+অ +আ]

শালি *বি* ১ সরু হৈমন্তিক আমন ধান। ২ শালবৃক্ষ। ৩ শেফালি। [স.]

শালিক, সালিক *বি* সুপরিচিত পাখি। [স. শারিকা>]

শালিস, সালিস *বি* মধ্যস্থ; তৃতীয় ব্যক্তি (দেশের যত সব ঝগড়া-ফসাদের তাঁরা শালিস করতেন)। [আ.]। **শালিসি, সালিসি** *বি* মধ্যস্থ দ্বারা বিচার; দুই জনের বিবাদ নিষ্পত্তির জন্য যে তৃতীয় ব্যক্তি বা ব্যক্তিগণ নিযুক্ত হন তাঁরা বা তাঁদের বিচার।

-শালী(-লিন্) *বিণ* যুক্ত; বিশিষ্ট; সম্পন্ন (তিনি একজন অর্থশালী লোক)। [স. √শাল্+ইন্]। **-শালিনী** *বিণ স্ত্রী.*।

শালীন *বিণ* সলজ্জ; লজ্জাশীল; নম্র; ভদ্র; রুচিকর; বিনয়ী; সুন্দর; শোভন। [স. শালা+ইন্]। **শালীনতা** *বি*।

শালু, সালু *বি* লাল কাপড়বিশেষ।

শালুক, শালূক *বি* ১ কুমুদ ফুল; নাল। ২ পদ্মফুলের মূল। [স. শাল্+উক, উক]

শাল্মলি, শাল্মলী, শাল্মল *বি* ১ শিমুলগাছ। ২ পুরাণোক্ত সপ্তদ্বীপের একটি। [স.]

শাশবিবি *বি* শাশুড়ি। [আঞ্চলিক বিবি—সম্ভ্রান্ত মহিলা, গৃহকর্ত্রী, স্ত্রী]

শাশুড়ি *বি স্ত্রী.* স্বামী বা স্ত্রীর মা বা তৎস্থানীয়া। [স. শ্বশ্রূ]

শাশ্বত, শাশ্বতিক *বিণ* নিত্য; অবিনশ্বর; চিরস্থায়ী। [স. শশ্বৎ+অ, ইক]। **শাশ্বতী, শাশ্বতিকী** *বিণ স্ত্রী.*।

শাসন *বি* দমন (দুষ্টের শাসন); নিগ্রহ; অত্যাচার (দুষ্ট রাজার প্রজাপীড়ন); সুব্যবস্থার সঙ্গে প্রতিপালন (প্রজা-শাসন); পরিচালনা (রাজশাসন); রাজ্য-পরিচালনা (ইংরেজ-শাসন); উপদেশ; নির্দেশ; আজ্ঞা; বিধি (শাস্ত্রের শাসন); আজ্ঞাপত্র; সনদ (তাম্রশাসন); তিরস্কার; শাস্তিদান (পুত্রকে শাসন)। [স. √শাস্+অন]। **শাসক, শাসনকর্তা**(-র্তৃ) *বি* যে শাসন করে; প্রশাসক; (জেলা প্রশাসক বা জেলার শাসনকর্তা) রাজা; রাজ-প্রতিনিধি; গভর্নর; প্রদেশপাল। **শাসনতন্ত্র** *বি* রাজ্যশাসন-প্রণালী। **শাসনাধীন** *বি* শাসকের এলাকাভুক্ত। [স. শাসন+অধীন]। **শাসনীয়, শাস্য** *বিণ* শাসনযোগ্য; দণ্ডনীয়; নিয়ন্ত্রণযোগ্য। **শাসিত** *বিণ* শাসন করা হয়েছে এমন; দমিত। **শাসিতা** *বিণ স্ত্রী.*।

শাসা *ক্রি* ১ (কাব্যে) শাসন করা। [স. √শাস্+বা. আ]

শাসানো *ক্রি* প্রতিশোধ নেওয়া বা শাস্তি দেওয়ার ভয় দেখানো; হুমকি দেওয়া। ২ উক্ত অর্থে। **শাসানি** *বি* ১ তিরস্কার; প্রতিশোধ গ্রহণের বা শাস্তিদানের ভয়প্রদর্শন। ২ তাড়না; হুমকি।

শাসি, শার্সি, শার্শি *বি* জানালার কাচের কপাট বা পাল্লা। [ফা.]

শাস্তর *বি* ১ বিধান; শাস্ত্র। ২ গল্প-কাহিনী [স. শাস্ত্র>]

শাস্তি *বি* সাজা; দণ্ড; নিগ্রহ; অত্যাচার। [স. √শাস্+তি]। **শাস্তিবিধান** *বি* শাস্তি দেওয়া; দণ্ডদান।

শাস্ত্র *বি* ১ যা দ্বারা শাসন বা শিক্ষা দান করা হয়। ২ অনুশাসন গ্রন্থ। ৩ ধর্মগ্রন্থ। ৪ কোনো বিশেষ বিদ্যা বা বিজ্ঞান সংক্রান্ত গ্রন্থ (গণিতশাস্ত্র, চিকিৎসাশাস্ত্র)। ৫ কোনো বিশেষ বিদ্যা বা বিজ্ঞান। [স. √শাস্+ত্র]। **শাস্ত্রকার** *বিণ* শাস্ত্ররচনাকারী; ধর্মগ্রন্থ-রচয়িতা। **শাস্ত্রচর্চা, শাস্ত্রানুশীল, শাস্ত্রালোচনা** *বি* শাস্ত্রপাঠ ও আলোচনা। [স. শাস্ত্র+অনুশীলন, আলোচনা]। **শাস্ত্রজীবী** *বি* শাস্ত্রালোচনা যাদের জীবিকার উপায়। **শাস্ত্রজ্ঞ, শাস্ত্রজ্ঞানী**(-নিন্), **শাস্ত্রদর্শী**(-র্শিন্) *বিণ* শাস্ত্র জানেন এমন। **শাস্ত্রসঙ্গত, শাস্ত্রসম্মত, শাস্ত্রানুমত, শাস্ত্রানুমোদিত** *বিণ* শাস্ত্রনির্দিষ্ট; শাস্ত্র অনুযায়ী। **শাস্ত্রার্থ** *বি* শাস্ত্রের তাৎপর্য। **শাস্ত্রী**(-স্ত্রিন্) *বি* ১ শাস্ত্রজ্ঞ; শাস্ত্রে পণ্ডিত। ২ শাস্ত্রজ্ঞ পণ্ডিতের উপাধিবিশেষ (হরপ্রসাদ শাস্ত্রী)। **শাস্ত্রীয়** *বিণ* শাস্ত্র সম্বন্ধীয়; শাস্ত্রোক্ত; শাস্ত্রানুমত। **শাস্ত্রোক্ত** *বিণ* শাস্ত্রে উল্লেখিত।

শাহ *বি* ১ বাদশা; নৃপতি। ২ সাবেক পারস্যরাজের উপাধি। [ফা.]। **শাহজাদা, সাহজাদা** *বি* রাজকুমার; রাজপুত্র; বাদশাহর পুত্র। [ফা.]। **শাহজাদী** *স্ত্রী.*। **শাহজাহান, সাহজাহান** *বি* ১ বিশ্বের সম্রাট। ২ সম্রাট জাহাঙ্গীরের পুত্রের নাম। **শাহানশাহ, শাহানশা** *বি* রাজাধিরাজ; বাদশাহ। **শাহি** *বি* রাজকীয়; শাহ সম্বন্ধীয়। ☐ *বিণ* সরকারি।

শাহাদত[১] *বি* শহিদ হওয়া; ধর্ম, ন্যায় ও সত্য রক্ষার বা প্রতিষ্ঠার কাজে নিহত হওয়া। [আ.]

শাহাদত[২] ⟹ শহাদত।

শাহানা[১], **সাহানা**[১] *বিণ* ১ রাজকীয় (শাহানা খাবার)। ২ জাঁকজমকপূর্ণ (শাহানা পোশাক)। [ফা.]

শাহানা[২], **সাহানা**[২] *বি* রাগিণীবিশেষ। [ফা.]

শাহি তখ্ত, শাহীতক্ত *বি* রাজসিংহাসন। [ফা.]

শাহি খেয়াল *বি* বাদশাহের উপযোগী খেয়াল বা ইচ্ছা। [ফা.+আ.]

শাহিন *বি* সাদা বাজপাখি। [ফা.]

শাহি নহবত *বি* বাদশাহর প্রধান ফটকে প্রহর বা

সময়জ্ঞাপক যে বাদ্য বাজে। [ফা.+আ.]
শাহিনামা, শাহীনামা *বি* রাজকীয় আদেশপত্র; ফরমান। [ফা.]
শাহিপ্রাসাদ *বি* রাজপ্রাসাদ। [ফা.+স.]
শাহিমুকুট, শাহীমুকুট *বি* রাজমুকুট।
শাহিরগ *বি* গ্রীবাদেশের প্রধান রগ। [ফা.]
শিউলি *বি* শেফালি গাছ; ঐ গাছের ফুল। [স. শেফালিকা>]
শিং, শিঙ *বি* পশুর মাথার দীর্ঘ শক্ত ও তীক্ষ্ণ হাড়বিশেষ; শৃঙ্গ। [স. শৃঙ্গ>]
শিককাবাব *বি* মশলা মাখানো মাংস শিকে গেঁথে গনগনে কয়লার আগুনের উপরে রেখে প্রস্তুত খাদ্য। [ফা.]
শিকড় *বি* মূল, বৃক্ষের মূল। **শিকড় গাড়া** (আল.) *ক্রি* মজবুত হয়ে বসা; নিজেকে দৃঢ়ভাবে স্থাপন করা।
শিকদার *বি* ১ 'শিক' পরগনার মতো ভূমিরাজস্ব আদায় এলাকা; zone। ২ ঐ এলাকার রাজস্ব আদায়ের ও প্রশাসনের দায়িত্বে নিযুক্ত কর্মচারীই শিকদার। ৩ যারা পূর্বে শিক–বন্দুক বা ছড়ি–বন্দুক ব্যবহার করতো। ৪ শান্তিরক্ষক কর্মচারী। ৫ বংশীয় পদবিবিশেষ। [আ. শিক+ফা. দার]
শিকনি *বি* নাসারন্ধ্র থেকে বহির্গত শ্লেষ্মা; পোঁটা। [স. শিঙ্ঘাণ>]
শিকরা, শিকরে *বি* শিকারি পাখিবিশেষ; তুর্কি বাজ। [আ.]
শিকল, শিকলি(কথ্য) *বি* ১ (লৌহনির্মিত) শৃঙ্খল; জিঞ্জির। ২ দরজার লৌহনির্মিত শিকল; নিগড়। [স. শৃঙ্খল>]। **শিকলকাটা টিয়ে** *ক্রি* আদর লাভ করা সত্ত্বেও যে সব মায়া ত্যাগ করে চলে যায়।
শিকস্ত *বি* পাকা হাতের টানা লেখা; জড়ানো ফারসি ও উর্দু লেখা। [ফা.]।
শিকস্তি *বি* ভগ্ন; ভাঙা। **শিকস্তি জমি** *বি* নদীর তরঙ্গাঘাতে তীরের যে জমি নষ্ট হয়েছে (নদী শিকস্তি)।
শিকা, শিকে *বি* দ্রব্যাদি সংরক্ষণের জন্য দড়ি বা তারে তৈরি এক রকম ঝুলানো আধার। **শিকেয় তুলে রাখা** *ক্রি* (আল.) অনির্দিষ্ট সময়ের জন্য স্থগিত বা মুলতুবি রাখা (এসব শিকেয় তুলে রাখো)। ভাগ্যে **শিকা ছেঁড়া** *ক্রি* সৌভাগ্যের উদয় হওয়া।
শিকায়েত, শিকায়ৎ *বি* ১ বদনাম; দোষারোপ; নিন্দা; অপবাদ। ২ অভিযোগ; নালিশ। [আ.]
শিকার *বি* ১ অস্ত্রাদির সাহায্যে বনের পশুপাখির প্রাণবধ; মৃগয়া। ২ মৃগয়ালব্ধ প্রাণী। ৩ (আল.) হত্যা; লুণ্ঠনপ্রভৃতি দুষ্কর্মের লক্ষ্য কোনো নিরীহ ব্যক্তি; বধ্যপ্রাণী। [ফা.]। **শিকারি** *বি বিণ* যে শিকার করে।
শিক্ষক *বিণ, বি* শিক্ষাদাতা; অধ্যাপক; উপদেষ্টা; গুরু; মাস্টার। [স. √শিক্ষ্+ণিচ্+অক]। **শিক্ষয়িত্রী, শিক্ষিকা** *বি, বিণ স্ত্রী.*। **শিক্ষকতা** *বি* শিক্ষকের বৃত্তি বা পদ।
শিক্ষণ *বি* ১ শিক্ষাগ্রহণ; অধ্যয়ন। [স. √শিক্ষ্+ ণিচ্+অন]। ২ তালিম। **শিক্ষণীয়** *বিণ* শিখবার বা শিখাবার যোগ্য।
শিক্ষা *বি* ১ অভ্যাস চর্চাপ্রভৃতির দ্বারা আয়ত্তকরণ (মোটর চালনা শিক্ষা)। ২ বিদ্যাচর্চা; অধ্যয়ন। ৩ জ্ঞানার্জন; বিদ্যার্জন। ৪ উপদেশ; নির্দেশ। ৫ অভিজ্ঞতা; জ্ঞান। ৬ আক্কেল; তিক্ত অভিজ্ঞতা। ৭ দণ্ড; শাস্তি। ৮ বেদমন্ত্রের উচ্চারণ বিষয়ক গ্রন্থ। [স. √শিক্ষ্+অ+আ]। **শিক্ষাকর** *বি* রাজ্যমধ্যে শিক্ষাদানের ব্যবস্থা করার জন্য সরকারকে দেয় কর বা খাজনা। **শিক্ষাগুরু, শিক্ষাদাতা**(–তৃ) *বি* শিক্ষক। **শিক্ষাদীক্ষা** *বি* শাস্ত্রপাঠ ও মন্ত্রগ্রহণ; শিক্ষণ ও আচরণ; তালিম; তরবিয়ত। **শিক্ষাধীন** *বিণ* শিক্ষানবিশ; শিক্ষাগ্রহণরত ব্যক্তি; apprentice। [স. শিক্ষা+অধীন]। **শিক্ষানবিস, শিক্ষানবিশ** *বি, বিণ* শিক্ষার্থী। **শিক্ষামূলক** *বিণ* শিক্ষাসংক্রান্ত; শিক্ষাবিষয়ক। **শিক্ষিত** *বি* শিক্ষাপ্রাপ্ত; বিদ্বান। **শিক্ষিতা** *বিণ স্ত্রী.*।
শিখ *বি* গুরু নানক প্রবর্তিত ধর্ম; উক্ত ধর্মাবলম্বী সম্প্রদায়। [স.]
শিখণ্ড, শিখণ্ডক *বি* ময়ূরপুচ্ছ; শিখা; চূড়া; জুলপি। [স.]। **শিখণ্ডিক** *বি* কুক্কুট। **শিখণ্ডী**(–ণ্ডিন্) ১ ময়ূর; শিখণ্ডযুক্ত। ২ দ্রুপদ রাজপুত্র মহাভারতোক্ত পাত্র।
শিখর *বি* ১ চূড়া; শীর্ষদেশ; উপরিভাগ। ২ পর্বত শৃঙ্গ। [স.]
শিখা[১] *বি* চূড়া; শিখর; শীর্ষদেশ; টিকি; মৌলি; আগুনের শিষ; ময়ূর। [স.]
শিখা[২], **শেখা** *ক্রি* শিক্ষা করা; চর্চা করা; জ্ঞানলাভ করা; অভ্যাস করা। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। [স. √শিক্ষ্+বা. আ]। **শিখানো** *ক্রি* ১ শিক্ষা দেওয়া; অভ্যাস করানো; চর্চা করানো; জ্ঞানদান করা। ২ বানিয়ে বলতে শিক্ষা দেওয়া (সাক্ষীকে শিখানো)। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।
শিখী(–খিন্) *বি* ময়ূর; শিখণ্ডযুক্ত প্রাণী। [স. শিখা+ইন্]। **শিখিনী** *বি স্ত্রী.*। **শিখিধ্বজ, শিখিবাহন** *বি* দেবসেনাপতি কার্তিকেয়।
শিঙ্গা, শিঙা, শিঙে (কথ্য) *বি* ফুঁ দিয়ে বাজানোর জন্য শিং বা ধাতু দ্বারা তৈরি এক প্রকার বাদ্যযন্ত্র; বিষাণ; horn, trumpet। [স. সৃঙ্গ>]। **শিঙ্গা ফোঁকা** *বি* মরা। **শিঙ্গাবাদন দিন** কিয়ামতের দিন (শেষ বিচারের দিন)।
শিঙ্গাড়া, শিঙাড়া *বি* ১ মশলা মিশানো আলু, কপি প্রভৃতির পুর দেওয়া ময়দার তৈরি তেকোনা তেলে ভাজা খাবারবিশেষ। ২ পানিফল। [স. শৃঙ্গাটক>]
শিঙ্গার *বি* নায়ক–নায়িকার মিলনসজ্জা বা বেশবিন্যাস। [স. শৃঙ্গার>]
শিঙ্গি, শিঙি *বি* মাথায় দুই দিকে বিষাক্ত কাঁটাযুক্ত মাগুরজাতীয় মৎস্যবিশেষ। [স. শৃঙ্গী>]
শিঞ্জন, শিঞ্জিত[১] *বি* নূপুর ইত্যাদির ধ্বনি; অলঙ্কারের শব্দ। [স. √শিঞ্জ্+অন, ত]
শিঞ্জিত[২] *বিণ* মুখর; শব্দকারী। [স. √শিঞ্জ্+ইত]। **শিঞ্জিনিকা** *বি* নূপুরের ধ্বনি বা শব্দ। **শিঞ্জিনী** *বি* ১ নূপুর। ২ ধনুর্গুণ বা ধনুকের ছিলা। [স. √শিঞ্জ্+ইন্+ঈ]
শিট *বি* চওড়া ও পাতলা পাতখণ্ডবিশেষ (কাগজের শিট, টিনের শিট)। [ই. sheet]
শিটা, শিঠা *বি* গাদ; ক্বাথ; কাইট। [স. শিষ্ট>]
শিতি *বি* ১ শুক্লবর্ণ (বিরল)। ২ কৃষ্ণ বা নীলবর্ণ। ❑ *বিণ* শুক্ল; কৃষ্ণ বা নীল। [স. √শি+ত]। **শিতিকণ্ঠ** *বি* শিব; ময়ূর।
শিথান, সিথান *বি* ১ শিয়রদেশ; শোয়া অবস্থায় মাথার দিক। ২ উপাধান; মাথার বালিশ। ৩ মাথা (শিথানে সিঁদুর)। [স. শিরঃস্থান>]। ❑ *বিণ* পৈথান।
শিথিল *বিণ* ১ শ্লথ; লোল (শিথিল চর্ম)। ২ আলুলায়িত (শিথিল কবরী)। ৩ বিস্রস্ত; আলুথালু (শিথিল কেশবাস)। ৪ আলগা; ঢিলা। ৫ মন্থর; অলস। ❑ *বি* অবসন্ন; ক্লান্ত

[স. √শ্লথ্ অথবা বৈদিক স. শ্রথির (ল)—শব্দজ]। **শিথিলতা, শৈথিল্য** *বি* আলস্য; অবসন্নতা; ঢিলেমি।

শিপ্রা *বি* উজ্জয়িনীতে প্রবাহিত চম্বল নদীর শাখাবিশেষ।

শিব[১] *বি* ১ হিন্দুদেবতা মহাদেব; মহেশ; ত্র্যম্বক; মহেশ্বর; ধূর্জটি; ঈশান; শঙ্কর; পশুপতি; শম্ভু; ত্রিলোচন; ভোলানাথ; ত্রিনাথ; চন্দ্রশেখর; কৃত্তিবাস; ব্যোমকেশ; নীলকণ্ঠ; আশুতোষ; রুদ্র; পিনাকী; উমাপতি; কাশীশ্বর; গঙ্গাধর। ২ শুভ; মঙ্গল; কল্যাণ। □*বিণ* ১ শুভদ; মঙ্গলপ্রদ; কল্যাণকর। ২ সুখদ; সুখপ্রদ। ৩ রমণীয়; শোভাযুক্ত। [স. √শী+ব]। **শিব গড়তে বাঁদর গড়া** *ক্রি* খুব ভালো কিছু করতে গিয়ে খারাপ কিছু করা। **শিবরাত্রির সলতে** *বি* (আল.) একমাত্র বংশধর। **শিবহীন যজ্ঞ** *বি* প্রধান ব্যক্তিকে বাদ দিয়ে কৃত অনুষ্ঠান। **শিবের অসাধ্য** *বিণ* সর্বতোভাবে ও সর্বজনের পক্ষে অসাধ্য। **শিবা** *বি স্ত্রী.* ১ শিবজায়া; দুর্গাদেবী। ২ শৃগালী। **শিবানী** *বি স্ত্রী.* দুর্গাদেবী। **শিবচতুর্দশী** *বি* ফাল্গুন মাসের কৃষ্ণাচতুর্দশী। **শিবজ্ঞান** *বি* শুভজ্ঞান; সমস্তই মঙ্গল—এই ধারণা। **শিবত্ব** *বি* শিবের পদ। **শিবত্বপ্রাপ্তি** *বি* মৃত্যু। **শিবনেত্র** *বি* ধ্যানী শিবের ন্যায় ঊর্ধ্বদৃষ্টি (মৃত্যুর অব্যবহিত পূর্বে চোখের চাহনি এরূপ হয়)। **শিবপুরী, শিবলোক** *বি* ১ শিবের বাসস্থান। ২ কৈলাশ। ৩ বারাণসী। **শিবপ্রিয়া** *বি* দুর্গাদেবী। **শিববাহন** *বি* বৃষ; ষাঁড়। **শিবরাত্রি** *বি* শিবচতুর্দশীর রাত্রি। **শিবলিঙ্গ** *বি* প্রস্তর মৃত্তিকাদি দিয়ে গঠিত শিবের লিঙ্গ মূর্তি। **শিবালয়** *বি* শিবমন্দির।

শিবিকা *বি* পালকি। [স.]

শিবির *বি* ১ ছাউনি; তাঁবু। ২ সেনানিবাস। [স. শব (গত্যর্থক)+ইর]

শিম, ছিম *বি* রান্না করে খাওয়ার যোগ্য ফল ও তরকারিবিশেষ। [স. শিম্ব>]

শিমুল *বি* তুলাপ্রসূ বৃক্ষবিশেষ; এক প্রকার তুলার গাছ; শাল্মলী। [স. শাল্মলী>]। **শিমুল গাছে গা ঘষা**—এমন কাজ করা যাতে নিজের ক্ষতি হয়; অধিকতর শক্তিমান লোকের সঙ্গে বিবাদ বা প্রতিদ্বন্দ্বিতা করতে গিয়ে নিজেই ক্ষতিগ্রস্ত হওয়া। **শিমুল শিমী** *বি* শিমুলের ফল।

শিম্ব, শিম্বিকা, শিম্বী *বি* ১ শিম। ২ শুঁটি। ৩ শিমগাছ। [স.]

শিয়র *বি* ১ শয়নকারীর মাথার দিক। ২ (আল.) নিকটবর্তী। [স. শীর্ষ>শিষর (বর্ণ-বিপর্যয়ে)>শিয়র। স. শয্যা> শিয>শিয়র]। **শিয়রে শমন**—মরণ ঘনিয়ে এসেছে এমন; মৃত্যু নিকটে।

শিয়া, শী'আ *বি* মুসলমান সম্প্রদায়বিশেষ। শিয়াদের মতে হজরত আলি (রা.) হলেন হজরত মুহম্মদের (সা.) অব্যবহিত খলিফা। ২ হযরত আলি (রা.)-এর দলভুক্তগণ। [আ.]

শিয়াকুল *বি* বন্য কাঁটাবিশেষ; ক্ষুদ্রাকার বন্যফুলের গাছ বা তার ফল। [স. শৃগালকোলি>]

শিয়াল, শৃগাল *বি* ১ কুকুর জাতীয় বন্য জন্তু; ফেরু। ২ শিবা। [স. শৃগাল>]। **শৃগালী** *বি স্ত্রী.*। **শিয়ালকাঁটা** *বি* কাঁটাগাছবিশেষ। [স. শৃগালকন্টক>]। **শিয়ালের যুক্তি** *বি* যে যুক্তি পালন করা অসম্ভব জেনেও গৃহীত বা প্রদত্ত হয়। **সব শিয়ালের এক রা**—সমদলভুক্ত সকল ব্যক্তিরই একই রকম মত বা আচরণ। **শিয়ালপণ্ডিত** *বি* (রূপকথা থেকে) যে ব্যক্তি মূর্খ কিন্তু অতি চতুর। **শিয়াল ফাঁকি** *বি* ১ রজ্জুতে সর্পভ্রম সৃষ্টি করে প্রতারণা। ২ মৃত্যুর বা চলশক্তিহীনতার ভান করে এড়ানো।

শির[১] *বি* ১ রস; নাড়ি; অস্থিবন্ধনী। ২ উচ্চরেখা (পাতার শির)। [স. শিরা>]

শির[২], **শিরঃ(-রস্)** *বি* ১ মস্তক বা মাথা। ২ শীর্ষ; চূড়া; উপরিভাগ; অগ্রদেশ। [স. √শ্রি+অ, অস]। **শিরঃপীড়া, শিরঃশূল** *বি* মাথার যন্ত্রণা; মাথাধরা। **শিরজ, শিরোজ, শিরসিজ** *বি* মাথার চুল। **শিরস্ক, শিরস্ত্র, শিরস্ত্রাণ** *বি* পাগড়ি; উষ্ণীষ; টুপি; মাথায় পরার বর্মবিশেষ। **শিরশ্ছেদ, শিরশ্ছেদন** *বি* মস্তকচ্ছেদ। **শিরে সংক্রান্তি** *বি* আসন্ন বিপদ; উপস্থিত মহাবিপদ।

শিরদাঁড়া *বি* মেরুদণ্ড। [স. শিরস্+দণ্ড]

শিরনি, শিন্নি *বি* ১ মুসলমান বা হিন্দু কর্তৃক সত্য পীর বা অন্য পীরের উদ্দেশ্যে নিবেদনের জন্য আটা, ময়দা, চিনি, কলা, পায়েস ইত্যাদি দিয়ে তৈরি ভোগবিশেষ। ২ ফিরনি। ৩ মিষ্টান্ন; মিঠাই। [ফা.]

শিরশির *অব্য* শিহরণ অনুভব করা; শিহরিত হয়ে ওঠা।

শিরা[১] *বি* ১ রক্তবাহিকা নাড়ি; vein। ২ উচ্চরেখা। [স. √শৃ+অ +আ)]। **শিরাল** *বিণ* শিরাবহুল; শিরাযুক্ত।

শিরা[২] *বি* চিনি বা গুড়জাতীয় কোনো দ্রব্যে পানি দিয়ে জ্বাল দিলে যে তরল মিষ্টদ্রব্য প্রস্তুত হয় (রসগোল্লার শিরা)।

শিরাজ, সিরাজ *বি* ১ প্রদীপ; বাতি। ২ শ্রেষ্ঠ ব্যক্তি; যার ব্যক্তিত্ব আলোকস্বরূপ। [আ.]। **শিরাজুম্-মুনিরা** *বিণ* ১ উজ্জ্বল আলোক দানকারী প্রদীপ। ২ হজরত মুহম্মদ (সা.)-কে আল্লাহ্ প্রদত্ত উপাধি।

শিরাজি, সিরাজি *বি* ১ ইরানের শিরাজ নগরে প্রস্তুত দ্রব্য। ২ শিরাজে প্রস্তুত মদ। ৩ মদ্য। [ফা.]

শিরান, শিরানা *বি* মস্তকের দিক; শিথান।

শিরিন, শিঁরি *বিণ* মিষ্ট; মধুর। [ফা.]

শিরিনজবান, শিরীনযবান *বি* ১ সুভাষণ; মিষ্টি ভাষণ। ২ মিষ্টভাষী। [ফা.]

শিরিশ, সিরিশ *বি* সিদ্ধ গলিত শৃঙ্গাদির আঠা। [ফা.]। **সিরিশ-কাগজ** *বি* যে কাগজে সিরিশের সাহায্যে কাঁচচূর্ণ বা বালি লিপ্ত থাকে। এই কাগজ দিয়ে কাঠ মসৃণ করা হয়।

শিরীষ *বি* এক প্রকার বৃক্ষ যার ফুল কোমল বলে প্রসিদ্ধ। [স.]। **শিরীষকুসুম** *বি* শিরীষ ফুল।

শিরোদেশ *বি* মস্তক; শীর্ষ; শিখর; অগ্রভাগ। [স. শিরস্+দেশ]। **শিরোধার্য** *বিণ* ১ মস্তকে ধারণীয়। ২ অবশ্য পালনীয়। ৩ অতিশয় মান্য। [স. শিরস্+ধার্য]

শিরোনাম, শিরোনামা *বি* ১ পত্রাদির উপরে লিখিত নামঠিকানা। ২ প্রবন্ধাদির নাম; পত্রিকা বা গণমাধ্যমের প্রধান সংবাদ (সংবাদ শিরোনাম); headline। [ফা.]

শিরোপা, শিরপা *বি* ১ রাজদরবারে (সম্মানার্থে) প্রদত্ত মাথা থেকে পা পর্যন্ত পরিধেয় পোশাক। ২ উষ্ণীষ; পাগড়ি। ৩ (পরিবর্তিত অর্থে) পারিতোষিক; খেতাব; পুরস্কার; চ্যাম্পিয়নশীপ (ঢাকা ফুটবল লীগে আবাহনী/ মোহামেডানের-এর শিরোপা লাভ)। [ফা.]। **শিরোপা লড়াই** *ক্রি* খেতাবি লড়াই; চ্যাম্পিয়নশিপের যুদ্ধ।

শিরোমণি, শিরোরত্ন *বি* ১ মস্তকে ধারণযোগ্য রত্ন; শিরোভূষণ। ২ সংস্কৃত পণ্ডিতের একটি উপাধি। ৩

সর্বপ্রধান বা শ্রেষ্ঠ ব্যক্তি। [স. শিরস্+মণি, রত্ন]
শিরোরুহ *বি* মাথার চুল। [স. শিরস্+√রুহ্+অ]
শিল *বি* ১ মসলাদি বাটার প্রস্তরখণ্ড (শিলনোড়া)। ২ হিমশিলা; করকা (শিল পড়া)। ৩ অস্ত্রাদি তীক্ষ্ণ করার শানপাথর। [স. শিলা]
শিলা *বি* পাথর; করকা। [স.]। **শিলাবৃষ্টি** *বি* বৃষ্টির সঙ্গে করকাপাত। **শিলাময়** *বিণ* পাষাণনির্মিত। **শিলারস** *বি* বৃক্ষবিশেষের সুগন্ধি নির্যাস। **শিলারি** *বি* মন্ত্র পড়ে যারা শিলাবৃষ্টি প্রতিরোধ করে। [আঞ্চলিক]। **শিলালিপি** *বি* পাষাণে খোদিত লেখন।
শিলীন্ধ্র *বি* ব্যাঙের ছাতা; মাছবিশেষ; কলার মোচা। [ফা.]। **শিলীন্ধ্রী** *বি* ১ *স্ত্রী.* কেঁচো। ২ মৃত্তিকা; মাটি। ৩ ভেকী। ৪ এক প্রকার পক্ষিণী। [স.]
শিলীভূত *বিণ* প্রস্তরীভূত; শিলায় পরিণত; ফসিল। [স. শিলা+ঈ(চ্বি)+√ভূ+ত]
শিলীমুখ *বি* ১ বাণ। ২ ভ্রমর। ৩ মৌমাছি। [স. শিলী (শল্য)+মুখ]
শিল্ড *বি* খেলা ইত্যাদির ট্রফি। [ই. shield]
শিল্প *বি* ১ কারুকর্ম। ২ কল-কারখানা; industry। ৩ চারুকলা; art। ৪ নির্মাণকলা; রচনা-কৌশল (রবীন্দ্র-কাব্য নির্মাণ-কলা শিল্পোৎকর্ষের চমৎকার নির্দশন)। [স. √শিল্ (পূর্ণ হওয়া, বিশেষভাবে রত হওয়া)+পক]। **শিল্পকলা** *বি* কলাবিদ্যাসমূহ (চিত্রকলা, নৃত্যকলা, সঙ্গীত ইত্যাদি)। **শিল্পকার** *বি,বিণ.শিল্প* কর্মচারী; শিল্পী; কারিগর। **শিল্পকৌশল** *বি* শিল্পদ্রব্যাদি নির্মাণে দক্ষতা বা নির্মাণের কৌশল। **শিল্পোদ্যোগ** *বি* কলকারখানা বা বাণিজ্যিক প্রতিষ্ঠান প্রতিষ্ঠার উদ্যোগ বা চেষ্টা। **শিল্পোদ্যোক্তা** *বি* কলকারখানা বা বাণিজ্যিক প্রতিষ্ঠান প্রতিষ্ঠার চেষ্টা বা উদ্যোগ গ্রহণ করেন যিনি; entrepreneur। **শিল্পবিদ্যালয়** *বি* ১ শিল্পকর্ম শিক্ষার বিদ্যালয়। ২ আর্টস্কুল। ৩ ইন্ডাস্ট্রিয়াল স্কুল। **শিল্পরূপ** *বি* ভাব-ভাষা-ভঙ্গি ও সুষমার সমন্বিতরূপ। **শিল্প-রূপায়ণ** *বি* অঙ্গে এবং অন্তরে সৌন্দর্য সৃষ্টি। **শিল্পশালা** *বি* ১ কারখানা। ২ স্টুডিয়ো। **শিল্পিক** *বিণ* শিল্পসম্বন্ধীয়; শিল্পগত। **শিল্পী** (-ল্পিন্) *বি,বিণ* রসস্রষ্টা; যিনি কলাসম্মতভাবে কিছু সৃষ্টি করেন (লেখক চিত্রকর ভাস্কর অভিনেতা গায়ক সুরস্রষ্টা বাদক ইত্যাদি); কারিগর; artist।
শিশ, শীস *বি* জনৈক নবির নাম। [আ.]
শিশমহল *বি* কাচনির্মিত বাড়ি। [ফা.]
শিশা, শীশা *বি* ১ কাচ। ২ আরশি; আয়না; মুকুর; দর্পণ। [ফা.]
শিশি *বি* কাচের ছোট বোতল। [ফা.]
শিশির *বি* ১ নীহার; শবনম; হিম। ২ শীতকাল। ৩ তুষার। [স. √শশ্+ইর]
শিশিরসিক্ত, শিশিরস্নাত *বিণ* শিশিরে ভেজা। [স.]
শিশু[১] *বি* ১ অল্পবয়স্ক বালক বা বালিকা। ২ শাবক; বাচ্চা। ❑ *বিণ* অতি অল্পবয়স্ক বা অল্পবয়স্কা (শিশুপুত্র, শিশুকন্যা)। [স.]। **শিশুকাল** *বি* বাল্য; শৈশব। **শিশুত্ব** *বি* শিশুর ভাব; শৈশব। **শিশুপাঠ** *বি* শিশুপাঠ্য গ্রন্থ। **শিশুপাঠ্য** *বিণ* শিশুদের পাঠোপযোগী। **শিশুপ্রকৃতি, শিশুস্বভাব** *বিণ* শিশুসুলভ সরল স্বভাববিশিষ্ট। ❑ *বি* শিশুর স্বভাব। **শিশুসাহিত্য** *বি* শিশুদের জন্য রচিত সাহিত্য। **শিশুসুলভ** *বি* শিশুতুল্য; শিশুর মতো। **শিশুহৃদয়** *বি* শিশুর ন্যায় সরল হৃদয়। ❑ *বিণ* শিশুর ন্যায় সরল অন্তঃকরণবিশেষ।
শিশু[২] শিংশপা বৃক্ষ; ঐ বৃক্ষের কাঠ; শিশুগাছ। [স. শিংশপ>]
শিশুক, শিশুমার *বি* জলজন্তুবিশেষ; শুশুক। [স.]
শিশুপাল *বি* কৃষ্ণ কর্তৃক নিহত চেদিবংশীয় রাজাবিশেষ। [স.]
শিশ্ন *বি* পুংজননেন্দ্রিয়; পুরুষাঙ্গ; লিঙ্গ; পুংলিঙ্গ; উপস্থ। [স. √শশ্ (গমন)+ন, (শ>)শি]। **শিশ্নোদরপরায়ণ** *বিণ* কামপ্রবৃত্তি ও উদরের তৃপ্তিই একমাত্র লক্ষ্য এমন; গালিবিশেষ।
শিষ, শীষ *বি* ১ শস্যমঞ্জরি; ধান্যাদির শীর্ষ। ২ দীপশিখা। [স. শীর্ষ>]
শিষ্ট *বিণ* ১ শান্ত; ভদ্র। ২ সুশীল; সুবোধ। ৩ নীতিমান। ৪ শিক্ষিত। ৫ মার্জিত। [স. √শিস্+ত]। **শিষ্টা** *বিণ স্ত্রী.*। **শিষ্টতা** *বি* ভদ্রতা; নম্রতা; বিনয়। **শিষ্টাচার** *বি* ভদ্র ব্যবহার; নম্র আচরণ।
শিষ্য *বি* ১ ছাত্র। ২ চেলা; সাগরেদ। ৩ কারও মত অনুসারে চলে যে; ভক্ত। [স. √শাস্+য]। শিষ্যা *বি স্ত্রী.*। **শিষ্যত্ব** *বি* শিষ্যের ভাব বা পদ। **গুরুশিষ্য-পরম্পরা** *বি* গুরু থেকে শিষ্যে সংক্রমিত হওয়ার ধারা। **মন্ত্রশিষ্য** *বি* দীক্ষা গ্রহণ করে যে গুরুর শিষ্যত্ব গ্রহণ করেছে।
শিস, শিস্ *বি* ১ মিষ্ট ও চিক্কণ ধ্বনি (দোয়েলের শিস); ঠোঁট ও জিহ্বার সাহায্যে উৎপন্ন বাঁশির ন্যায় শব্দ। ২ সিটি দেওয়া।
শিহরণ, শিহরন *বি* ১ রোমাঞ্চ। ২ কম্পন।
শিহরা *ক্রি* ১ শিউরে ওঠা; গায়ে কাঁটা দেওয়া; রোমাঞ্চিত হওয়া। ২ কাঁপা; কম্পিত হওয়া।
শিহরানো *ক্রি* ১ রোমাঞ্চিত হওয়া বা করা; শিউরে ওঠা; গায়ে কাঁটা দেওয়া। ২ কাঁপা বা কাঁপানো।
শিহালা *বি* শেওলা; জলজ উদ্ভিদ।
শীকর *বি* বাতাসে বাহিত জলকণা; পানির বিন্দু। [স. √শীক্+অর]
শীঘ্র, শিগগির *ক্রিবিণ* সত্বর; ত্বরায়; আশু; ক্ষিপ্র; অবিলম্বে; দ্রুত; তাড়াতাড়ি। ❑ *বিণ* ত্বরিত; দ্রুত। **শীঘ্রগতি, শীঘ্রগামী** *বিণ* দ্রুতগামী। [স.]। **শীঘ্রতা** *বি*।
শীত *বি* ১ হিমঋতু; (সাধারণ মতে) পৌষ ও মাঘ মাস; হিম; ঠাণ্ডাভাব (শীত পড়া)। ২ পানি। ৩ কর্পূর। ❑ *বিণ* শীতল; ঠাণ্ডা; হিমেল। [স.]। **শীত করা, শীত ধরা, শীতে ধরা, শীত পাওয়া, শীত লাগা** *ক্রি* ঠাণ্ডা অনুভব করা; শীতে কাতর হওয়া। **শীত কাটানো** *ক্রি* শীত ঋতু অতিবাহিত করা; ঠাণ্ডাবোধ দূর করা। **শীতকাঁটা** *বি* শীতার্ত হওয়ার ফলে রোমাঞ্চবিশেষ। **শীতকাতুরে** *বিণ* ঠাণ্ডা সহ্য করতে পারে না এমন। **শীতপ্রধান** *বিণ* শীতের প্রাবল্যবিশিষ্ট; বেশি শীত পড়ে এমন; যে স্থানে শীত অনেকদিন থাকে। **শীতবস্ত্র** *বি* শীত নিবারক বা শীতকালের উপযোগী পোশাক-পরিচ্ছেদ। **শীততাপ, শীতাতপ** *বি* শীত-গ্রীষ্ম; ঠাণ্ডা ও গরম। **শীততাপ-নিয়ন্ত্রিত** *বিণ* তাপনিয়ন্ত্রিত ও শোধিত বাতাসে পূর্ণ (কক্ষ, রেলগাড়ি ইত্যাদি); airconditioned। **শীতাধিক্য**

বি শীতের তীব্রতা। **শীতার্ত, শীতালু** *বিণ* ঠাণ্ডায় কাতর। **শীতোষ্ণ** *বি* ঠাণ্ডা ও গরম।

শীতল *বিণ* ১ শান্ত; ঠাণ্ডা; হিমযুক্ত। ২ উত্তেজনাশূন্য। উদ্বেগহীন; তৃপ্ত (মনপ্রাণ শীতল হওয়া)। ❑ *বি* হিন্দুমতে গৃহস্থের মঙ্গল কামনায় প্রদত্ত দেবতার সান্ধ্য ভোগ (দেবীর শীতল)। [স. শীত+ল]। **শীতলতা** *বি*। **শীতলপাটি** *বি* বেতের তৈরি ঠাণ্ডা ও মসৃণ মাদুরবিশেষ।

শীতলা *বি* ১ হিন্দুমতে বসন্তরোগের অধিষ্ঠাত্রী দেবী। ২ বসন্তরোগ। ❑ *বিণ* শীতযুক্তা। [স. শীতল+আ]। **শীতলা খোলা, শীতলা তলা** *বি* হিন্দুদের বারোয়ারি শীতলা পূজার স্থান।

শীতাংশু *বি* ১ চন্দ্র; সাদা কিরণ (জ্যোৎস্না) যার। ২ কর্পূর। [স. শীত+অংশু]

শীৎকার, শীৎকৃত *বি* ১ রমণকালে কাম-উত্তেজিত নারী যা পুরুষের মুখনিঃসৃত আনন্দসূচক ধ্বনি (ইস, উঃ, আঃ ইত্যাদি)। ২ শিহরণ। [স. √শীৎ+√কৃ+অ, ত]

শীধু, সীধু *বি* মৃগ; ইক্ষুরস থেকে প্রস্তুত মদবিশেষ। [স.]

শীর্ণ *বিণ* রোগা; কৃশা; ক্ষীণ; পাতলা; দুর্বল। [স. √শৃ+ত]। **শীর্ণা** *বিণ স্ত্রী.*। **শীর্ণতা** *বি* কৃশতা।

শীর্ষ *বি* ১ চূড়া; মাথা; উপরিভাগ; অগ্রভাগ। ২ টোপর; মুকুট। ৩ সর্বোচ্চ বা প্রধান স্থান। ৪ ত্রিভুজাদির কোণের প্রান্তবর্তী বিন্দু। [স.]। **শীর্ষক** *বিণ* শিরোনামযুক্ত। **শীর্ষ-সম্মেলন** *বি* বিভিন্ন দেশের রাষ্ট্র বা সরকার প্রধানদের সম্মেলন। **শীর্ষস্থান** *বি* প্রধান স্থান; উপরিভাগ; সর্বোচ্চ স্থান। **শীর্ষস্থানীয়** *বিণ* শীর্ষে অবস্থিত; সর্বশ্রেষ্ঠ। **শীর্ষস্থানীয়া** *বিণ স্ত্রী.*।

শীল *বি* ১ স্বভাব; চরিত্র; আদবকায়দা। ২ বংশ-মর্যাদা; সম্ভ্রম। ৩ সৎস্বভাব। ৪ অজগর। ৫ পদবিবিশেষ। ❑ *বিণ* যুক্ত; বিশিষ্ট। **শীলতা** *বি* সদাচার। [স. √শীল্+অ]

শীলন *বি* অনুশীলন; চর্চা; আলোচনা; অভ্যাস। [স. √শীল্+অন]

শীলভদ্র *বি* নালন্দা বিশ্ববিদ্যালয়ের সুবিখ্যাত অধ্যক্ষ শীলাদিত্য; হর্ষবর্ধনের রাজকীয় উপাধি।

শীলিত *বিণ* অনুশীলন বা চর্চা করা হয়েছে এমন। [স. √শীল√+ক্ত (র্ম)]

শুঁটক, শুটকো (কথ্য) *বিণ* শুষ্ক ও শীর্ণ; কৃশ। [স. শুষ্ক>]। **শুঁটকি, শুটকি** *বিণ* ১ শুটকো। ২ (মৎস্যাদি সম্বন্ধে) শুষ্কীকৃত। ❑ *বি* শুষ্ক করে রাখা মাছ; শুকনা মাছ (শুটকি মাছ)।

শুঁটি, শুঁটী *বি* কলাই মটর প্রভৃতির লম্বাকৃতি বীজকোষ (মটরশুটি)।

শুঁঠ *বি* শুষ্ক আদা। [স. শুণ্ঠি>]

শুঁড় *বি* ১ পশুবিশেষের লম্বা ও গোলাকার মুখ বা নাক (হাতির শুঁড়)। ২ লতার আঁকড়ি। [স. শুণ্ড>]। **শুঁড়ি** *বিণ* শুঁড়ের মতো লম্বা ও সরু।

শুঁড়ি, শুঁড়ী *বি* ১ মদবিক্রেতা; শৌণ্ডিক। ২ হিন্দু সম্প্রদায়বিশেষ। [স. শৌণ্ডিক>]। **শুঁড়ির সাক্ষী মাতাল** (আল.)—অসৎ ব্যক্তি অসৎ ব্যক্তিকেই সমর্থন করে।

শুঁয়া, শুঁয়ো (কথ্য) *বি* অতি সূক্ষ্ম লোমের তুল্য কেশবিশেষ বা অঙ্গবিশেষ; শুক (যবের শুঁয়া)। [স. শুঙ্গ]। **শুঁয়াপোকা** *বি* শুঁয়াযুক্ত কীটবিশেষ; শুককীট; প্রজাপতির প্রাথমিক রূপ।

শুক *বি* ১ টিয়া পাখি। ২ হিন্দুপুরাণ মতে ব্যাসের পুত্র শুকদেব। [স.]। **শুকী** *স্ত্রী.*। **শুকনাস** *বিণ* টিয়াপাখির মতো নাকবিশিষ্ট। [স. শুক+নাসা]

শুকতারা *বি* সূর্যোদয়ের পূর্বে পূর্বাকাশে এবং সূর্যাস্তের পরে পশ্চিমাকাশে যে নক্ষত্র দীপ্তি পায়; শুক্রগ্রহ; Venus। [স. শুক্রগ্রহ>]

শুকনা, শুকনো (কথ্য) *বিণ* ১ শুষ্ক। ২ রসহীন; মাধুর্যহীন (শুকনা কবিতা)। ৩ মলিন; বিষণ্ণ। ৪ অসার; ফাঁকা (শুকনা কথা)। [স. শুষ্ক>]। **শুকনা কথায় চিড়ে ভেজে না**—শুধু মুখের কথায় কাজ হয় না। **শুকনা বরফ** *বি* কঠিন কার্বন-ডাইঅক্সাইড; dry ice।

শুকা[১] *ক্রি* শুকানো। [স. শুষ্ক>+বা. আ]। **শুকানো** *ক্রি* ১ শুষ্ক করা বা হওয়া। ২ শীর্ণ বা রোগা হওয়া। ৩ (ক্ষতাদি সম্বন্ধে) আরোগ্য হওয়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।

শুকুর, শুকর *বি* কৃতজ্ঞতা; উপকারীর উপকার স্বীকার; ধন্যবাদ জ্ঞাপন। [আ. শুকর]

শুক্ত, শুক্তি *বি* ১ বাসি ব্যঞ্জনবিশেষের ঝোল। ২ আমানি। ৩ সিরকা। ❑ *বিণ* পর্যুষিত বা বিকৃত হয়ে অম্লযুক্ত। [স. √শুচ+ত]

শুক্তা, শুক্তো *বি* ১ তিক্ত স্বাদযুক্ত ব্যঞ্জন। ২ পাটপাতার তৈরি ব্যঞ্জন। [স. শুক্ত+বা. আ]

শুক্তি, শুক্তিকা *বি* ১ ঝিনুক। ২ শঙ্খ। [স. √শুচ্+তি, ক+আ]

শুক্র *বি* ১ শুক্রগ্রহ; শুকতারা। ২ দৈত্যগুরু ভার্গব। ৩ তেজ; বীর্য; রেতঃ। ৪ চক্ষুপীড়াবিশেষ। [স.]। **শুক্রবার** *বি* জুমাবার। **শুক্রাচার্য** *বি* দৈত্যগুরু শুক্র। [স. শুক্র+আচার্য]

শুক্ল *বি* ১ শ্বেত বর্ণ; শুভ্র বর্ণ। ২ রৌপ্য। ৩ চক্ষুপীড়া। ৪ নবনীত; ননি। ❑ *বিণ* ১ শুদ্ধ; পবিত্র; অকলঙ্ক। ২ শ্বেতবর্ণযুক্ত; ধবল; সিত। **শুক্লা** *বিণ* শ্বেতবর্ণা *স্ত্রী.*। ❑ *বি* হিন্দুমতে বাগ্‌দেবী সরস্বতী। **শুক্লকর্মা** *বিণ* ১ শুভ্রকীর্তি। ২ নির্মল চরিত্র। **শুক্লতা, শুক্লত্ব** *বি*। **শুক্লপক্ষ** *বি* পূর্ণিমা তিথিতে যে পক্ষের অবসান হয়। **শুক্লবস্ত্র** *বি* ১ সাদা কাপড়। ২ পাড়হীন কাপড়। **শুক্লমণ্ডল** *বি* চোখের সাদা অংশ। **শুক্লাম্বর** *বি* সাদা কাপড়। ❑ *বিণ* শ্বেতবস্ত্র পরিহিত। **শুক্লাম্বরা, শুক্লাম্বরী** *বিণ স্ত্রী.* শ্বেতবস্ত্র পরিহিতা। **শুক্লিমা** *বি* শুক্লত্ব; শ্বেতত্ব।

শুখা, শুখো (কথ্য) *বিণ* ১ শুষ্ক। ২ নীরস। ৩ খোরপোষবর্জিত। ❑ *বি* ১ অনাবৃষ্টি। ২ যে রোগে শিশু ক্রমেই শুকাতে থাকে। ৩ চুন মাখানো শুষ্ক তামাক পাতা; খইনি। [স. শুষ্ক>]। **শুখারুখা** *বিণ* শুষ্ক ও নীরস। **শুখারুখার সময়** *বি* গরমের সময়; গ্রীষ্মকাল।

শুঙ্গ[১], **শুঙ্গা** *বি* সরু শুঁড়; শুঁয়া। [স.]

শুঙ্গ[২] *ক্রি* ঘ্রাণ নেওয়া; শোঁকা। [আঞ্চলিক]

শুচি *বিণ* ১ পবিত্র; শুদ্ধ। ২ নির্মল; পরিষ্কার। ৩ নির্দোষ। ৪ শুভ্র। ❑ *বি* অগ্নি। [স. √শুচ্+ই]। **শুচিতা** *বি*। **শুচিবাই, শুচিবায়ু** *বি* শুচিতা সম্বন্ধে অতিরিক্ত মনোযোগরূপ বাতিক বা রোগ। **শুচিস্মিত** *বিণ* উজ্জ্বল বা বিশুদ্ধ হাস্যময়। **শুচিস্মিতা** *বিণ স্ত্রী.*।

শুচিরুচি *বি, বিণ* পবিত্র শোভাযুক্ত।

শুজনি, শুজনী *বি* বিছানা ঢাকার নকশাযুক্ত মোটা চাদর। [স. শয্যা>+বা. নি]

শুণ্ঠি, শুণ্ঠী *বি* শুকনা আদা; শুঁঠ। [স. √শুন্ঠ্+ই]
শুণ্ড *বি* শুঁড়। [স. √শুন্] । **শুণ্ডক** *বি* রণশিঙ্গা। **শুণ্ডধর** *বি* হস্তী। **শুণ্ডা** *বি স্ত্রী.* ১ জলহস্তিনী। ২ বেশ্যা। ৩ হাতির শুঁড়। ৪ মদ। ৫ শৌণ্ডিকালয়। **শুণ্ডিকা** *বি* আলজিভ। **শুণ্ডি**(-ণ্ডিন্) *বি* ১ হস্তী। ২ শুঁড়ি।
শুদ্ধ *বিণ* নির্দোষ; নির্মল; পবিত্র; শোধিত; শুচি; খাঁটি; ভেজালহীন; নির্ভুল; শুদ্ধ; আঞ্চলিকতা বর্জিত। [স. √শুধ্+ত=শুদ্ধ]। **শুদ্ধা** *স্ত্রী.*। **শুদ্ধতা, শুদ্ধত্ব** *বি*। **শুদ্ধচিত্ত, শুদ্ধমতি** *বি* পবিত্র হৃদয়। ❑ *বিণ* ১ পবিত্র হৃদয়বিশিষ্ট। ২ আচার-আচরণ পবিত্র এমন। **শুদ্ধাচার** *বি* পবিত্র আচরণ। ❑ *বিণ* আচার-আচরণ পবিত্র এমন। **শুদ্ধাচারী**(-রিন্) *বি,বিণ* পবিত্র আচরণ পালনকারী। **শুদ্ধাচারিণী** *স্ত্রী.*। **শুদ্ধান্ত** *বি* ১ অন্তঃপুর। ২ অন্তঃপুরস্ত্রী। **শুদ্ধি** *বি* শোধন; ভ্রম দূরীকরণ; পবিত্রতা; শুদ্ধতা; নির্মলতা; ভ্রমশুন্যতা; ভেজালবিহীনতা; শাস্ত্রীয় সংস্কার দ্বারা ধর্মচ্যুত অস্পৃশ্য বা ভিন্ন ধর্মাবলম্বী ব্যক্তির উদ্ধার। **শুদ্ধিপত্র** *বি* গ্রন্থাদির ভ্রমসংশোধন তালিকা। **শুদ্ধোধন** *বি* বুদ্ধদেবের পিতা। **শুদ্ধাশুদ্ধি** *বি* পবিত্রতা ও অপবিত্রতা; ভ্রমহীনতা ও ভ্রমযুক্ততা।
শুধরানো, শোধরানো *ক্রি* সংশোধন করা বা সংশোধিত হওয়া। ❑ *বি,বিণ* উক্ত অর্থে। [স. √শুধ্+বা. রা=শুধরা]
শুধা[১]**, শোধা** *ক্রি* (ঋণাদি) পরিশোধ করা। ❑ *বি,বিণ* উক্ত অর্থে। [স. √শুধ্+বা. আ]। **শুধানো** *ক্রি* পরিশোধ করানো। ❑ *বি* উক্ত অর্থে।
শুধা[২]**, শুধা** *ক্রি* জিজ্ঞাসা করা; খোঁজ-খবর নেওয়া। **শুধানো** *ক্রি* জিজ্ঞাসা করা। ❑ *বি* উক্ত অর্থে। [স. √শুধ্+বা. আ]
শুধা[৩]**, শুধু** *বিণ* শুন্য; খালি। ❑ *ক্রিবিণ* কেবল। [স. শুদ্ধ>]। **শুধু শুধু, শুধাশুধি** *ক্রিবিণ* অকারণে; বৃথা।
শুন, শুনক, শুনি, শ্বন্, শ্বা *বি* কুকুর। [স.]। **শুনী** *স্ত্রী.*।
শুনা, শোনা (কথ্য) *ক্রি* শ্রবণ করা; কর্ণগোচর করা; পালন করা বা মান্য করা। ❑ *বি* উক্ত উভয় অর্থে। ❑ *বিণ* শ্রুত (শোনাকাহিনী)। [স. শ্রু>]। **শোনা কথা** *বি* শ্রুত কথা; যে ঘটনা কেবল লোকমুখে শ্রুত হয়েছে কিন্তু তা সত্য কিনা জানা নেই। **কথা শোনা** *ক্রি* আদেশাদি পালন করা বা মান্য করা; ভর্ৎসনা-বাক্য শ্রবণ করা; তিরস্কৃত হওয়া। **শুনানো, শোনানো** *ক্রি* শ্রবণ করানো; পালন করানো বা মান্য করানো; অপ্রিয় কথা বলা। ❑ *বি* উক্ত সকল অর্থে। ❑ *বিণ* শ্রবণ করানো হয়েছে এমন। **শুনে থ হওয়া** *ক্রি* কিছু শুনে অবাক হওয়া। **কথা শুনানো** *ক্রি* আদেশাদি পালন করানো বা মান্য করানো; ভর্ৎসনা করা।
শুনানি *বি* বিচারক কর্তৃক বাদী ও প্রতিবাদীর বক্তব্য শ্রবণ।
শুভ *বি* মঙ্গল; কল্যাণ। ❑ *বিণ* মঙ্গলজনক; কল্যাণজনক। [স. √শুভ্+অ(র্তৃ)]। **শুভা** *বিণ স্ত্রী.*। **শুভকর্মা** *বিণ* ভাগ্যবান। **শুভক্ষণ** *বিণ* কল্যাণকর সময়; সুযোগ। **শুভগ্রহ** *বি* যে গ্রহের প্রভাবে জগতের মঙ্গল হয়। **শুভঙ্কর** *বিণ* মঙ্গলজনক; কল্যাণকর। ❑ *বি* "শুভঙ্কর" নামক গণিত শাস্ত্রের রচয়িতা। **শুভঙ্করী** *বিণ স্ত্রী.* মঙ্গলকারিণী; কল্যাণদায়িনী। ❑ *বি* দুর্গাদেবী; শুভঙ্কর-রচিত গণিতশাস্ত্র। **শুভদ** *বিণ* কল্যাণকারী। **শুভদা** *বিণ স্ত্রী.*। **শুভদৃষ্টি** *বি* কল্যাণকর দৃষ্টি; সুনজর; বিবাহকালে বর-কন্যার পরস্পরকে দর্শনরূপ অনুষ্ঠানবিশেষ; শাহ নজর। **শুভাকাঙ্ক্ষা, শুভানুধ্যান** *বি* কল্যাণকামনা; হিতকামনা। **শুভাকাঙ্ক্ষী**(-ক্ষিন্), **শুভানুধ্যায়ী**(-য়িন্), **শুভার্থী** (-র্থিন্) *বিণ* কল্যাণকামী; হিতকামী। [স. শুভ+ আকাঙ্ক্ষী/ অনুধ্যায়ী/ অর্থী]। **শুভাকাঙ্ক্ষিণী, শুভানুধ্যায়িনী, শুভার্থিনী** *বিণ স্ত্রী.*। **শুভাগমন** *বি* মঙ্গলজনক আগমন। [স. শুভ+আগমন]। **শুভানন** *বিণ* সুন্দর ও মঙ্গলপ্রদ মুখবিশিষ্ট। **শুভাননা** *বিণ স্ত্রী.*। **শুভানুষ্ঠান** *বি* মাঙ্গলিক কর্ম। [স. শুভ+অনুষ্ঠান]। **শুভাশীর্বাদ, শুভাশিস** *বি* মঙ্গলকামনাপূর্ণ আশীর্বাদ। [স. শুভ+আশীর্বাদ/আশিস]। **শুভাশুভ** *বি* মঙ্গল ও অমঙ্গল; হিতাহিত; ভালো ও মন্দ। [স. শুভ+অশুভ]
শুভ্র *বিণ* সাদা; শ্বেত; শুক্ল; ধবল; নির্মল। [স. √শুভ্+র]। **শুভ্রা** *বিণ স্ত্রী.*। **শুভ্রতা, শুভ্রত্ব** *বি*। **শুভ্রকেশ** *বিণ* পাকাচুলওয়ালা। ❑ *বি* পাকাচুল। **শুভ্রমৌলি** *বিণ* সাদামুকুটযুক্ত। **শুভ্রাংশু** *বি* যার কিরণ শুভ্র; চন্দ্র। [স. শুভ্র+অংশু]।
শুমার, সুমার *বি* গণনা; ইয়ত্তা; সংখ্যা; সমষ্টিবদ্ধ; মোট। [ফা.]।
শুম্ভনিশুম্ভ *বি* শুম্ভ ও নিশুম্ভ নামের দুই অসুর ভাই। দুর্গার সঙ্গে যুদ্ধে নিহত অসুর ভ্রাতৃদ্বয়।
শুয়া, শোয়া (কথ্য) *ক্রি* শয়ন করা। ❑ *বি,বিণ* উক্ত অর্থে। [স. √শী+আ]। **শুয়ানো, শোয়ানো** *ক্রি* শয়ন করানো। ❑ *বি,বিণ* উক্ত অর্থ। **শোয়াবসা** *বি* (আল.) বসবাস।
শুয়ার, শুয়োর *বি* শূকর; বরাহ; গালিবিশেষ। [স. শূকর>]। **শুয়োরে গোঁ** *বি* অতিশয় জেদ; গোয়ার্তুমি (নিন্দায়)। **শুয়োরের পাল বিয়ানো** *ক্রি* অনভীপ্সিত ও গুণহীন প্রচুর সন্তান প্রসব করা।
শুরু *বি* আরম্ভ; সূচনা; মূল; গোড়া। [আ.]।
শুরুয়া *বি* ঝোল; রসা; মাংস ইত্যাদির ক্বাথ। [ফা. শোরবা]
শুলফা, শুলফো *বি* মৌরিজাতীয় একপ্রকার সুগন্ধি শাক; এর ফল। [স. শতপুষ্প>]
শুলুক-সন্ধান *বি* ১ কায়দা-কৌশল। ২ খোঁজ-খবর; অন্ধি-সন্ধি। [আ. সুলূক+স. সন্ধান]
শুল্ক *বি* পণ্যদ্রব্যের আমদানি-রপ্তানির উপর স্থাপিত কর বা মাশুল; duty, tax। [স.]
শুশুক *বি* মৎসাকার স্তন্যপায়ী জলজন্তুবিশেষ; শিশুক; শিশুমার। [স. শিশুক>]
শুশুনি, সুষণি *বি* পানির ধারে জাত শাকবিশেষ; জলজ শাকবিশেষ। [স. সুনিষণ্ণক]
শুশ্রূষা *বি* পরিচর্যা বা সেবা (সংস্কৃতে); শোনার ইচ্ছা। [স. √শ্রু+সন্+অ+আ]। **শুশ্রূষাকারিণী** *বি,বিণ স্ত্রী.* সেবিকা; নার্স। **শুশ্রূষাকারী**(-রিন্) *বি,বিণ*। **শুশ্রূষু** *বিণ* শুনতে ইচ্ছুক; সেবা করতে ইচ্ছুক; সেবক।
শুষা, শোষা (কথ্য) *ক্রি* রস জল ইত্যাদি তরল পদার্থ টেনে নেওয়া বা টেনে নিয়ে আত্মসাৎ করা বা পান করা; শুষ্ক করা; আদায় করে আত্মসাৎ করা। ❑ *বি,বিণ* উক্ত সকল অর্থে। [স. শুষ্+বা. আ]। **শুষী, শোষী**(-ষিন্) *বিণ* শুষ্ককারক।
শুষ্ক *বিণ* শুকনা; নীরস; আকর্ষণহীন; রোগাদিহেতু

বিরস বা মলিন; পিপাসায় রুক্ষ, কর্কশ। [স. √শুষ্+ত]। **শুষ্কতা** *বি*। **শুষ্কজলা** *বি* যে পুকুর বা দীঘির পানি শুকিয়ে গেছে।

শূক *বি* ১ শস্যাদির সূক্ষ্ম তীক্ষ্ণ আগা; শুঁয়া। ২ অপরিণত অবস্থায় প্রজাপতি। [স.]। **শূককীট** *বি* শুঁয়াপোকা। **শূকধান্য** *বি* গম প্রভৃতি যে সব শস্য শুঁয়াবিশিষ্ট।

শূকর *বি* শুয়র; বরাহ। [স.]। **শূকরী** *বি স্ত্রী.*।

শূদ্র(কথ্য) *বি* হিন্দু সম্প্রদায়বিশেষ; হিন্দু চতুর্বর্ণের চতুর্থটি। [স. √শুচ্+র]। **শূদ্রা** *বি স্ত্রী.* শূদ্রজাতীয় রমণী। **শূদ্রী** *বি স্ত্রী.* শূদ্রের পত্নী। **শূদ্রাণী** *বি স্ত্রী.* শূদ্রজাতীয় রমণী বা শূদ্রের পত্নী।

শূন, শূনো *বিণ* (প্রা–বা) খালি; শূন্য। [স. শূন্য>]

শূন্য *বি* '০' এই চিহ্ন; zero; রিক্ততাসূচক চিহ্ন; আকাশ (অসীম শূন্যে); অনস্তিত্ব; অভাব। ❑ *বিণ* রিক্ত; বিহীন; রহিত (জনশূন্য); খালি; ফাঁকা; উদাস (শূন্য হৃদয়)। [স.]। **শূন্যকুম্ভ** *বি* জলহীন কলসি; (আল.) বস্তুহীন; অসার। **শূন্যগর্ভ** *বিণ* অভ্যন্তরে কিছু নেই এমন। ❑ *বি* শূন্যতা। **শূন্যতাপূরণ** *বি* ফাঁকা জায়গা পূর্ণ করা। **শূন্যদৃষ্টি** *বি* উদাস চাউনি। **শূন্যপথ** *বি* আকাশরূপ পথ। **শূন্যবাদ** *বি* শূন্যই একমাত্র সত্য এবং তা থেকেই উৎপত্তি ও বিনাশ—এইমত; নাস্তিকতা; বৌদ্ধমত। **শূন্যময়** *বিণ* ফাঁকা; খালি; লোকজন বা অন্য কিছু নেই এমন।

শূপকার *বি* পাচক; শূদ্রের পাচক।

শূর *বি,বিণ* বীর; শক্তিমান; শৌর্যবান; বীর্যশালী; সাহসী। [স. √শূর্+অ]। **শূরা** *বি,বিণ স্ত্রী.*। **শূরসেন** *বি* যদুবংশীয় রাজা; মথুরা ও তার নিকটবর্তী অঞ্চলের নাম।

শূর্প *বি* কুলা; কুলো; শস্যাদি ঝাড়ার বেতের বা বাঁশের তৈরি পাত্রবিশেষ। [স.]। **শূর্পনখা** *বি* রাবণের ভগ্নী। **শূর্পী** *বি* ছোট কুলা।

শূল *বি* ১ তীক্ষ্ণাগ্র অস্ত্রবিশেষ; ত্রিশূল; শলাকা; সিক। ২ পেটের ব্যথাবিশেষ; বেদনা। [স.]। **শূলঘ্ন** *বিণ* শূলবেদনা–নাশক। **শূলপক্ব** *বিণ* শলাকাবিদ্ধ করে বাঁধা বা পোড়ানো। **শূলপাণি, শূলী**(–লিন্) *বি* শিব। **শূল্যমাংস** *বি* শলাকা বিদ্ধ করে যে মাংস দগ্ধ করা হয়; শিক কাবাব। **শূলিনী** *বি স্ত্রী.* দুর্গা। **শূলাগ্র** *বি* শূলের ডগা। **শূলে চড়ানো, শূলে দেওয়া** *ক্রি* বধ করার জন্য শূলবিদ্ধ করা।

শূলা *ক্রি* শুলানো। [স. শূল+বা. আ—নামধাতু]। **শুলানো, শুলনো** *ক্রি* ব্যথা করা। ❑ *বি* উক্ত সকল অর্থে। **শুলানি** *বি* বেদনা; কটকটানি।

শৃগাল⟹ **শিয়াল**

শৃঙ্খল *বি* শিকল; জিঞ্জির; নিগড়; রীতি; নিয়ম; বিন্যাস; সুব্যবস্থা। [স.]। **শৃঙ্খলা** *বি* রীতি; নিয়ম; ধারা; সুব্যবস্থা; সুবিন্যাস। **শৃঙ্খলাবদ্ধ, শৃঙ্খলিত** *বিণ* শিকল দিয়ে বাঁধা; সুশৃঙ্খলাযুক্ত; সুবিন্যস্ত।

শৃঙ্গ *বি* পশুর শিং; পর্বতের চূড়া; পশুর শিং দিয়ে নির্মিত বাদ্যযন্ত্রবিশেষ; শিঙ্গা; বিষাণ; পিচকারি। [স.]। **শৃঙ্গধর** *বি* পর্বত। **শৃঙ্গধ্বনি** *বি* শিঙ্গায় ফুৎকারজনিত শব্দ।

শৃঙ্গবের *বি* আদা; রামায়ণোক্ত গুহক–চণ্ডালের নগর (আধুনিক মৃজাপুরের নিকটবর্তী দেশ)। [স.]।

শৃঙ্গার *বি* আদিরস; নায়ক–নায়িকার সম্ভোগমূলক রস; রতিক্রিয়া; (হস্তীর) সিন্দূরাদি মণ্ডল; চন্দনাদি দিয়ে অঙ্গরাগ। [স. শৃঙ্গ+√ঋ+অ]

শৃঙ্গী(–ঙ্গিন্) *বিণ* শৃঙ্গযুক্ত; পর্বত; বৃক্ষ। [স.]

শেওড়া *বি* শাখোট বৃক্ষ। [স. শাখোটক>]

শেওলা, শ্যাওলা, সেঁওলা *বি* শৈবাল; moss; তৃণবিশেষ। [স. শৈবাল>]।

শেঁকো *বি* এক প্রকার তীব্র বিষ।

শেখ, শইখ *বি* সম্মানিত বৃদ্ধ; গোত্রপ্রধান; নেতা; হজরত মুহম্মদ (সা.) নিজে যাঁকে ইসলাম ধর্মে দীক্ষিত করেছিলেন তিনি বা তাঁর বংশধর; মুসলমানদের বংশীয় পদবিবিশেষ। [আ.]। **শেখজাদা** *বি* শেখের পুত্র।

শেখর *বি* ললাট; কপাল; কিরীট; শিরোভূষণ; মস্তক–স্থিত মাল্য; চূড়া। [স.]

শেখা, শিখা (কথ্য) *ক্রি* ১ শিক্ষা করা। ২ অভ্যাস করা; চর্চা করা; জ্ঞানলাভ করা; অনুকরণ করা। [স. √শিক্ষ্+বা. আ.]। **শেখানো, শিখানো** *ক্রি* শিক্ষা দেওয়া; অভ্যাস করানো; চর্চা করানো; জ্ঞানলাভ করানো; বানিয়ে বলতে শিক্ষা দেওয়া। ❑ *বি,বিণ* উক্ত সকল অর্থে।

শেজ[১]**, সেজ**[১] *বি* শয্যা; বিছানা। [স. শয্যা>]

শেজ[২]**, সেজ**[২] *বি* বাতি; বাতি রাখার জন্য কাচের আবরণীবিশেষ; শামাদান।

শেঠ *বি* বণিক; সওদাগর; ধনী; হিন্দু সম্প্রদায়বিশেষের পদবি। [স. শ্রেষ্ঠী>]

শেফালি, শেফালী, শেফালিকা *বি* সুগন্ধি ক্ষুদ্র পুষ্পবিশেষ বা তার গাছ; শিউলি ফুল বা গাছ। [স.]

শেভ করা *ক্রি* দাড়ি কামানো। [ই. shave]

শেমিজ *বি* স্ত্রীলোকের লম্বা ও ঢিলা জামাবিশেষ। [ফরাসি chemise]

শেয *বি* শয্যা; ফুলের সাজি।

শেয়াকুল, শেকুল *বি* কুলজাতীয় বন্য কাঁটাগাছ।

শেয়ার *বি* ব্যবসায়ের মূলধনের অংশ। [ই. share]। **শেয়ারমার্কেট** *বি* ব্যবসায় প্রতিষ্ঠানের অংশ যে বাজারে ক্রয়–বিক্রয় করা হয়; ফটকা বাজার। [ই.]

শের, শির *বি* ব্যাঘ্র; সিংহ। [ফা.]। **শেরকা বাচ্চা** *বি* ব্যাঘ্রশাবক; (আল.) দুঃসাহসী যুবক।

শেরওয়ানি *বি* আচকান। [হি.]

শেরি, শেরী *বি* এক ধরনের মদ। [ই. sherry]

শেরেক, শির্ক *বি* ১ অংশীকরণ। ২ আল্লাহর সঙ্গে অন্য কাউকে শরিককরণ। ৩ পৌত্তলিকতা। [আ. শির্ক]। **শেরেকি** *বি* ১ শেরেক করার কাজ। ২ কুফরি।

শেরে–খোদা, শের–এ–খোদা *বি* আল্লাহর সিংহ; হজরত আলি (রা.)–র উপাধি। [ফা.]

শেরে বাংলা/শের–এ–বাংলা *বি* জনপ্রিয় নেতা ও বাংলার সাবেক প্রধানমন্ত্রী এ. কে. ফজলুল হককে প্রদত্ত উপাধি।

শেল[১] *বি* এক প্রকার প্রাচীন যুদ্ধাস্ত্র; শূল। [স. শল্য]।

শেল[২] *বি* কামানের গোলা। [ই. shell]।

শেষ *বি* ১ সমাপ্তি; অবসান; খতম; অন্ত। ২ সীমা; প্রান্ত। ৩ ধ্বংস। ৪ সর্পরাজ; অনন্তনাগ; বাসুকি। ৫ সর্বাপেক্ষা নিম্নস্থান; সবার পশ্চাতে। ৬ অবশেষে। ৭ নিষ্পত্তি। ৮ অন্তিম। ❑ *বিণ* ১ সমাপ্ত। ২ বিনষ্ট; বিধ্বস্ত। ৩ অবশিষ্ট। ৪ চরম। [স. √শিষ্+অ]। **শেষকথা** *বি* আলোচনার ইতিকথা; যার পর আর বলার কিছু নেই। **শেষ করা** *ক্রি*

১ সমাপ্ত বা অবসান করা। ২ ধ্বংসে বা বিনাশ করা। **শেষতক** *ক্রিবিণ* শেষ পর্যন্ত। **শেষমেশ** *ক্রিবিণ* অবশেষে; পরবর্তীকালে। **শেষরক্ষা** *বি* কাজের বাকি অংশ যথাযথভাবে সম্পন্ন করতে সক্ষম হওয়া; সর্বশেষ ঝক্কি সামলাতে পারা। **শেষাশেষি** *ক্রিবিণ* প্রায় শেষ হওয়ার সময়ে; শেষদিকে। **শেষোক্ত** *বিণ* সকলের পরে বা অন্তে কথিত বা উল্লিখিত।

শৈত্য *বি* শীতলতা; ঠাণ্ডা ভাব; উষ্ণতার অভাব। [স. শীত+য]

শৈথিল্য *বি* ১ শিথিলতা; আলগা ভাব। ২ অবসন্নতা; অমনোযোগ। ৩ ঢিলেমি; অলসতা; কুঁড়েমি। [স.]

শৈব *বিণ* ১ শিবসম্বন্ধীয়। ২ শিবের ভক্ত বা উপাসক। [স.]

শৈবলিনী *বি* নদী। [স.]

শৈবাল, শৈবল (বিরল) *বি* শেওলা; জলজ তৃণবিশেষ। [স.]। **শৈবালিত** *বিণ* শৈবালপূর্ণ।

শৈল *বি* পর্বত; গিরি। ❑ *বিণ* ১ শিলাজাত; পাষাণময়। ২ শিলা বা পর্বত সম্বন্ধীয়। [স.]। **শৈলজ** *বিণ* পর্বতজাত; পর্বতীয়। **শৈলরাজ, শৈলেন্দ্র** *বি* পর্বতশ্রেষ্ঠ হিমালয়।

শৈলী *বি* ১ কৌশল; প্রণালী। ২ আচরণ। ৩ ধারা। ৪ রচনারীতি; style। [স. শীল+অ+ঈ]

শৈশব *বি* বাল্যাবস্থা; ছেলেবেলা। [স. শিশু+অ]

শোঁকা, শুঁকা, শোঁখা *ক্রি* গন্ধ নেওয়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **শোঁকানো** *ক্রি* ঘ্রাণ নেওয়ানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।

শোঁ শোঁ *অব্য* বাতাসের প্রবল বেগসূচক শব্দ।

শো *বি* ১ দৃশ্য। ২ সিনেমা; নাটক; প্রদর্শনী (এক শো সিনেমা দেখে এলাম)। [ই. show]।

শোক *বি* প্রিয়জনের মৃত্যু ইত্যাদির ফলে দুঃখ। [স. √শুচ্+অ]। **শোকগাথা, শোকসঙ্গীত** *বি* শোক বা দুঃখপ্রকাশক গান; মরসিয়া। **শোকগ্রস্ত** *বিণ* শোক ভোগ করছে এমন; শোকান্বিত। **শোকাকুল, শোকাতুর, শোকার্ত** *বিণ* শোকে পীড়িত বা কাতর। **শোকানল, শোকাগ্নি** *বি* শোকরূপ অগ্নি; শোক থেকে উৎপন্ন যন্ত্রণা। **শোকাবেগ, শোকোচ্ছ্বাস** *বি* শোকের প্রবল বেগ। **শোকী**(-কিন্) *বিণ* শোকার্ত।

শোকর, শুকুর *বি* কৃতজ্ঞতা; প্রশংসা; তৃপ্তি বা তুষ্টি প্রকাশ ও তার জন্যে আল্লাহর কাছে কৃতজ্ঞতা জ্ঞাপন। [আ. শুক্‌র্]। **শোকরানা** *বি* ১ কৃতজ্ঞতা (শোকরানা নামাজ)। ২ আনন্দের বা সুখের কারণ ঘটলে আল্লাহর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ। [আ. শুক্‌র+ফা. আনহ্]।

শোচন, শোচনা *বি* শোক; অনুতাপ বা বিলাপ; অনুশোচনা। **শোচনীয়, শোচ্য** *বিণ* শোকের। [স.]

শোচিত *বিণ* শোক করা হয়েছে এমন। [স. √শুচ্+ণিচ্+ত]

শোণ *বি* ১ রক্তবর্ণ; লাল রঙ। ২ রক্ত। ৩ একটি নদীর নাম—শোণনদ। ৪ অগ্নি। ৫ লোহিত বর্ণযুক্ত। [স.]। **শোণিমা**(-মন্) *বি* রক্তিমা; লাল আভা; লালিমা; লালচে।

শোণিত *বি* রক্ত; লোহিত; লহু; রুধির। [স. শোণ+ইত]। **শোণিতধারা, শোণিতপ্রবাহ** *বি* রক্তের স্রোত। **শোণিতপুঞ্জ** *বি* পুঞ্জীভূত বা স্তূপীকৃত রক্ত। **শোণিতমোক্ষণ** *বি* ১ রক্ত বের করে দিয়ে চিকিৎসা। ২ রক্তস্রাব। **শোণিতরঞ্জিত, শোণিতাক্ত** *বিণ* রক্তমাখা। **শোণিতশোষণ** *বিণ* রক্ত শুষে নেওয়া। ❑ *বি* (আল.) অন্যায় দাবি আদায়; অন্যায়ভাবে উৎপীড়নের দ্বারা অর্থ আদায়।

শোথ *বি* ১ স্ফীতিরোগ। ২ দেহে পানির সঞ্চার হেতু ফোলা রোগ। [স. √শ্বি(বৃদ্ধি)+থ]

শোধ *বি* ১ ঋণাদিপ্রত্যর্পণ; পরিশোধকরণ। ২ অপরাধহেতু প্রতিফল; প্রতিশোধ। ৩ পবিত্রকরণ; শোধন; শুদ্ধি। [স. √শুধ্+অ]। **শোধ করা, শোধ দেওয়া** *ক্রি* ঋণ পরিশোধ করা; দেনা মেটানো। **শোধবোধ** *বি* ১ উপযুক্ত বা সমান প্রতিহিংসাগ্রহণ; সমপরিমাণপ্রতিফলপ্রদান। ২ পরিশোধ; নিষ্পত্তি। **শোধ যাওয়া** *ক্রি* পরিশোধ হওয়া। **শোধ লওয়া** *ক্রি* প্রতিশোধ বা প্রতিহিংসা গ্রহণ করা; দাদ তোলা।

শোধক *বিণ* ১ শোধন করে এমন; সংস্কারক। ২ পাবক। [স. √শুধ্+ণিচ্+অক]

শোধন *বি* ১ নির্দোষকরণ; শুদ্ধিসম্পাদন। ২ ভুল দূরীকরণ; সংশোধন। ৩ ঋণ পরিশোধ। [স. √শুধ্+অন]

শোধনী *বি স্ত্রী.* সম্মার্জনী; ঝাঁটা। ❑ *বিণ* শুদ্ধিকারিকা; পরিমার্জন করে এমন। [স.]। **শোধনীয়, শোধ্য** *বিণ* ১ শোধনের যোগ্য বা উপযুক্ত। ২ শোধ করতে হবে এমন। **শোধিত** *বিণ* শোধন করা বা শোধ করা হয়েছে এমন।

শোধরানো, শুধরানো *ক্রি* সংশোধন করা; সংশোধিত হওয়া; আরোগ্য লাভ করা; সুস্থ হওয়া। ❑ *বি, বিণ* উক্ত অর্থে।

শোধা, শুধা[১] *ক্রি* পরিশোধ করা; ঋণাদি প্রত্যর্পণ করা। ❑ *বি* উক্ত অর্থে।

শোনা *ক্রি* ১ শ্রবণ করা; কানে শোনা। ২ পালন বা মান্য করা। ৩ উক্ত সকল অর্থে। ❑ *বিণ* শ্রুত হয়েছে এমন; শোনা গেছে/হয়েছে এমন; শ্রুত। **শোনানো, শুনানো** *ক্রি* ১ শ্রবণ করানো। ২ আদেশাদি পালন করানো; গ্রাহ্য বা মান্য করানো। ৩ উক্ত সকল অর্থে। ❑ *বিণ* শ্রবণ করানো হয়েছে এমন। **কথা শোনানো** *ক্রি* তিরস্কার করা।

শোভন *বিণ* ১ সুন্দর; মনোজ্ঞ; দীপ্ত। ২ শোভাযুক্ত; মানানসই। [স. √শুভ্+অন]। **শোভনীয়** *বিণ* শোভা পাবার যোগ্য; শোভন। **শোভমান** *বিণ* শোভা পাচ্ছে এমন; সুন্দররূপে বিরাজমান। [স. √শুভ্+আন (মান)]।

শোভা *বি* কান্তি; দীপ্তি; ঔজ্জ্বল্য; মাধুরী; সৌন্দর্য; সৌষ্ঠব; বাহার। [স. √শুভ্+অ+আ]। **শোভাকর** *বিণ* শোভা দানকারী। **শোভা পাওয়া** *ক্রি* ১ সৌন্দর্য বিস্তার করা; শোভিত হওয়া। ২ মানানো; ভালো দেখানো। **শোভাময়** *বিণ* শোভাপূর্ণ। **শোভাযাত্রা** *বি* বহু লোকের সমারোহের সঙ্গে একত্রে যাত্রা বা গমন; মিছিল। **শোভাযাত্রী**(-ত্রিন্) *বি, বিণ* মিছিলের সঙ্গে গমনকারী; শোভাযাত্রায় যোগদানকারী। **শোভাশূন্য, শোভাহীন** *বিণ* ১ সৌন্দর্যশূন্য। ২ সৌন্দর্যের বা উজ্জ্বলতার বিকাশশূন্য। **শোভিত** *বিণ* শোভাপূর্ণ; ভূষিত। **শোভী**(-ভিন্) *বিণ* ১ শোভা দান করে এমন। ২ শোভাপূর্ণ; মনোহর; মনোজ্ঞ; সুন্দর।

শোয়া *ক্রি* শয়ন করা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। **শোয়া-বসা** *বি* (আল.) বসবাস; নিয়ত বাস।

শোর, সোর *বি* উচ্চরব; কোলাহল; চিৎকার; চেঁচামেচি। [ফা.]। **শোরগোল, সোরগোল** *বি* হৈচৈ; তীব্র গোলমাল; গণ্ডগোল; চিৎকার। [ফা. শোর+তা. গোল]

শোল *বি* একপ্রকার মাছ। [স. শকুল>]

শোষক *বি,বিণ* শোষণকারী; শোষণ করে এমন; যে বা যারা অন্যায়ভাবে অপরের ধনসম্পত্তি হস্তগত করে; যে নিজের লাভের জন্য অন্যকে তার প্রাপ্য থেকে বঞ্চিত করে।

শোষণ *বি*১ রসাকর্ষণ। ২ শুষ্কীকরণ; পানি বা অন্য কোনো তরল পদার্থ শুষে নেওয়া। ৩ অপরের ধন-সম্পদ অন্যায়ভাবে হস্তগত করা। [স. √শুষ্+ণিচ্+অন]। **শোষিত** *বিণ* শোষণ করা হয়েছে এমন; রস আকর্ষণ করে নীরস করা হয়েছে এমন; বঞ্চিত।

শোষা *ক্রি* রসাদি টেনে নেওয়া; শুষ্ক করা; চোষা। ❑ *বিণ* উক্ত অর্থে। **শোষী**(-ষিন্) *বিণ* শুষ্ককারক। **শোষানো** *ক্রি* শোষণ করানো। ❑ *বিণ* উক্ত অর্থে।

শোষিত⟶ শোষণ

শোহরত, সুহরত *বি* ঘোষণা; সাধারণ্যে বিজ্ঞপ্তি (ঢোল শোহরত); প্রচার; প্রসিদ্ধি লাভ। [আ. সুহরৎ]।

শোহিনী *বি* একটি রাগিণীর নাম; সোহনী রাগিণী। [স. শোভনী>]

শৌখিন *বিণ* ১ শখপূর্ণ; বিলাসী; বিলাসযুক্ত। ২ রুচিসম্পন্ন। ৩ মনোহর; মনোজ্ঞ। ৪ শখ আছে এমন। [ফা. শওকীন]

শৌচ *বি*১ শুদ্ধি; শুচিতা; পবিত্রতা; শাস্ত্রানুসারে অন্তর ও দেহের শোধন। ২ নির্মলতা। ৩ মল ত্যাগের পর পানি দ্বারা শুদ্ধি সম্পাদন। [স. শুচি+অ]। **শৌচাগার** *বি* মলত্যাগের জন্য ঘর।

শৌণ্ড *বিণ* ১ মাতাল; মত্ত। ২ অত্যাসক্ত বা অভ্যস্ত। ৩ প্রসিদ্ধ; বিখ্যাত (রণশৌণ্ড)। [স. শুণ্ডা+ষ্ণ]। **শৌণ্ডিক, শৌণ্ডী**(-ণ্ডিন্) *বি* মদ-ব্যবসায়ী; শুঁড়ি। **শৌণ্ডিকালয়** *বি* মদের দোকান।

শৌনক *বি* মুনিবিশেষ; পুরাণের ব্যাখ্যাকার।

শৌনিক[২] *বি* কসাই; ব্যাধ। [স.]

শৌভিক *বি* ঐন্দ্রজালিক [স.]

শৌরসেন *বি* শূরসেন; যদু বংশীয় রাজা; মথুরা অঞ্চল। **শৌরসেনী** *বি,বিণ* শূরসেন দেশের ভাষা (শৌরসেনী প্রাকৃত)।

শৌরি *বি* শূর বংশের সন্তান; কৃষ্ণ; শনিগ্রহ।

শৌর্য *বি* ১ বীরত্ব। ২ সাহস; শক্তি। [স. শূর+য]। **শৌর্যশালী**(-লিন্) *বিণ* ১ বীর; সাহসী; শক্তিশালী। ২ বীরত্বযুক্ত।

শ্মশান *বি* শবদাহস্থান; যেখানে মৃতদেহ পোড়ানো হয়। [স.]। **শ্মশান করে দেওয়া** *ক্রি* বিরান করে দেওয়া; ধ্বংস করা; ছারখার করা। **শ্মশানকালী** *বি* হিন্দুমতে শ্মশানচারিণীরূপে কল্পিত কালিকামূর্তি। **শ্মশান-চারী** (-রিন্), **শ্মশানবাসী** (-সিন্) *বিণ* শ্মশানে বিচরণ বা বাস করে এমন। ❑ *বি* ১ হিন্দুদেবতা শিব; ভূতনাথ। ২ প্রেত। **শ্মশানপুরী, শ্মশানভূমি** *বি*১ শ্মশান। ২ (আল.) জনমানবশূন্য শ্মশানতুল্য স্থান। **শ্মশানবন্ধু** *বি* যে ব্যক্তি শবানুগমন করে শ্মশানে গিয়ে দাহকার্যে সাহায্য করে। **শ্মশানবৈরাগ্য** *বি* শ্মশানে পৃথিবীর নশ্বরতা উপলব্ধির ফলে ক্ষণকালীন বৈরাগ্যের উদয়।

শ্মশ্রু *বি* মুখের দীর্ঘলোম; গোঁফদাড়ি। [স.]। **শ্মশ্রুমণ্ডিত, শ্মশ্রুল, শ্মশ্রুশোভিত** *বিণ* গোঁফ-দাড়িযুক্ত; শ্মশ্রুতে আবৃত।

শ্যাম *বিণ* ১ মেঘবর্ণ; কালো রং; কৃষ্ণবর্ণ; ঘন নীল বর্ণ। ২ ফর্সা বা গৌরাঙ্গ এমন। ৩ সবুজ বর্ণ। ৪ কৃষ্ণ। [স. √শ্যৈ+ম(র্তৃ)]। **শ্যাম রাখি না কুল রাখি** *বি* (আল.) উভয় সংকটে পড়া। **শ্যামচাঁদ** *বি* শ্রীকৃষ্ণ; (কৌতু.) নীলকর সাহেবদের প্রজাপীড়নের চাবুক। **শ্যামসুন্দর** *বি* শ্রীকৃষ্ণ। **শ্যাম-সুষমা** *বি* সুন্দর ঘন নীল বা সবুজ বর্ণ। **শ্যামাঙ্গ** *বিণ* দেহের বর্ণ কালো এমন। [স. শ্যাম+অঙ্গ]। **শ্যামায়মান** *বিণ* শ্যামবর্ণ ধারণ করছে এমন।

শ্যামক, শ্যামাক *বি* একপ্রকার ধান; শ্যামাধান। [স.]

শ্যামল *বিণ* শ্যামবর্ণবিশিষ্ট। [স. শ্যাম+ল]। **শ্যামলতা, শ্যামলত্ব, শ্যামলিমা**(-মন্) *বি* শ্যাম বা হরিৎ বর্ণত্ব। **শ্যামলী** *বি* শ্যামবর্ণ গাভী।

শ্যামা[১] *বি* ১ পরম রূপবতী যুবতী—শীতকালে যার স্পর্শ আরামপ্রদ উষ্ণ এবং গ্রীষ্মকালে সুখদায়ক শীতল। ২ হিন্দুদেবী কালী। ৩ কৃষ্ণবর্ণা নারী। ৪ শ্যামা নামক পাখি। ৫ যমুনা নদী। ৬ একজাতীয় লতা। [স. শ্যাম+আ]। **শ্যামাপোকা** *বি* সবুজ রঙের এক প্রকার পোকা; দীপান্বিতা উৎসবে দীপশিখার প্রতি আকৃষ্ট পোকা (শ্যামাপোকায় না পোড়ে পাখ—সত্যেন্দ্রনাথ দত্ত)। [ফা. শামাপোকা]।

শ্যামা[২] *বি* এক প্রকার ছোট আকারের বুনো ধান। [স. শ্যামাক>]

শ্যাম্পেন *বি* মদবিশেষ। [ফ.]

শ্যাম্পু *বি* মাথার চুল পরিষ্কার করার তরল সাবান।

শ্যালক *বি* স্ত্রীর চেয়ে বয়সে ছোট তার যে কোনো আপন বা -তুতো ভাই; শালা। [স. শ্যালক]

শ্যেন *বি* ১ বাজপাখি; শিকারি পাখি। ২ হিন্দুদের যজ্ঞবিশেষ। ❑ *বিণ* শ্বেতবর্ণ; পাণ্ডুবর্ণ। [স.]। **শ্যেনচক্ষু, শ্যেনদৃষ্টি** *বি* ক্রূর দৃষ্টি; বাজপাখির মতো তীক্ষ্ণ দৃষ্টি। ❑ *বিণ* বাজপাখির মতো তীক্ষ্ণ দৃষ্টিসম্পন্ন।

শ্রদ্ধা *বি*১ বিশেষ সম্মান; ভক্তি। ২ আস্থা; বিশ্বাস; নির্ভরতা। ৩ নিষ্ঠা; সশ্রদ্ধ ভক্তি। ৪ স্পৃহা; রুচি; আগ্রহ। [স. শ্রৎ+√ধা+আ]। **শ্রদ্ধান্বিত, শ্রদ্ধাবান, শ্রদ্ধালু** *বিণ* শ্রদ্ধাযুক্ত; সশ্রদ্ধ; ভক্তিমান। **শ্রদ্ধাভাজন, শ্রদ্ধাস্পদ** *বিণ* শ্রদ্ধার পাত্র। **শ্রদ্ধাভাজনেষু, শ্রদ্ধাস্পদেষু** *বিণ* শ্রদ্ধেয় ব্যক্তিকে লিখিত পত্রের আরম্ভে পাঠ। **শ্রদ্ধাভাজনীয়াসু, শ্রদ্ধাস্পদাসু** *স্ত্রী.*। **শ্রদ্ধেয়** *বিণ* শ্রদ্ধার যোগ্য বা উপযুক্ত; সম্মানীয়। **শ্রদ্ধেয়া** *স্ত্রী.*।

শ্রব, শ্রবঃ *বি* কর্ণ; কান। [স.]

শ্রবণ *বি* ১ শোনা। ২ কান। [স. √শ্রু+অন]। **শ্রবণগোচর** *বিণ* কানে আসা; কর্ণকুহরে প্রবেশ করা। **শ্রবণপথ** *বিণ* কর্ণ; কান। **শ্রবণবহির্ভূত, শ্রবণাতীত** *বিণ* শোনা যায় না এমন। [স. শ্রবণ+অতীত]। **শ্রবণবিবর** *বি* কর্ণগহ্বর; কানের ছিদ্র। **শ্রবণমধুর** *বিণ* শুনতে মধুর; মাধুর্যময় ধ্বনিযুক্ত। **শ্রবণীয়, শ্রব্য, শ্রাব্য** *বিণ* শুনতে পারা যায় এমন; শ্রবণযোগ্য; শোনার উপযুক্ত। **শ্রব্যকাব্য** *বি* পড়া বা শোনার যোগ্য সাহিত্য গ্রন্থ; পাঠ্য বা শ্রোতব্য সাহিত্যপুস্তক।

শ্রবণা *বি স্ত্রী.* (জ্যো-শা) নক্ষত্রবিশেষ। [স. √শ্রু+অন+আ]

শ্রম *বি* পরিশ্রম; মেহনত; দৈহিক খাটুনি। [স.]। **শ্রমকাতর** *বিণ* পরিশ্রম বা মেহনত করতে কষ্ট বোধ করে এমন। **শ্রমজল, শ্রমবারি** *বি* ঘর্ম; ঘাম। **শ্রমজীবী**(-বিন্) *বি,বিণ* পরিশ্রম দ্বারা জীবিকা নির্বাহকারী; শ্রমিক; মজুর; মেহনতি

মানুষ। **শ্রমবন্টন, শ্রমবিভাগ** *বি* পরিশ্রমের কাজগুলোকে ভাগ করে বিভিন্ন ব্যক্তিকে করতে দেওয়া; বৃহদাকার উৎপাদনের সুবিধার জন্য একটি দ্রব্যের বিভিন্ন অংশ বিভিন্ন শ্রমিক দ্বারা প্রস্তুতকরণ। **শ্রমবিমুখ** *বিণ* মেহনত করতে অনিচ্ছুক। **শ্রমলব্ধ** *বিণ* মেহনতের দ্বারা প্রাপ্ত বা অর্জিত। **শ্রমশীল** *বিণ* পরিশ্রমী; মেহনত করে এমন। **শ্রমসাধ্য** *বিণ* পরিশ্রম দাবি করে এমন।

শ্রমণ *বি* জৈন বৌদ্ধ ধর্মাবলম্বী মুণ্ডিতমস্তক কাষায় বস্ত্র পরিহিত সন্ন্যাসী; বৌদ্ধ সন্ন্যাসী; ভিক্ষু। [স. √শ্রম্+অন]

শ্রমিক *বি* মজুর; যে শরীর খাটিয়ে খায়; শ্রমজীবী; মেহনতি মানুষ। [স.]

শ্রমী(-মিন) *বিণ* পরিশ্রম করে জীবিকার্জন করে এমন; পরিশ্রমী; মেহনতি; শ্রমশীল। [স. শ্রম+ইন]

শ্রমোপজীবী(-বিন) *বিণ* পরিশ্রম দ্বারা জীবিকা নির্বাহকারী; শ্রমী; মেহনতি। [স. শ্রম+উপ+√জীব্+ইন]

শ্রাদ্ধ *বি* ১ হিন্দু ধর্ম মতে মৃতের আত্মার কল্যাণ-কামনায় পিণ্ডদানাদি অনুষ্ঠান। ২ মৃতের উদ্দেশে শ্রদ্ধাপূর্বক অন্নাদি দান। [স. শ্রদ্ধা+অ]। ৩ (ব্য.) অপব্যয়; অপচয়; অপরিমিত ব্যয় (টাকাপয়সার শ্রাদ্ধ)। ৪ অব্যবস্থাজনিত শৃঙ্খলাশূন্য; বিসদৃশ বা অবাঞ্ছিত ব্যাপার সৃষ্টি। **শ্রাদ্ধ খাওয়া** *ক্রি* মৃত ব্যক্তির শ্রাদ্ধ উপলক্ষে নিমন্ত্রিত হয়ে আহার করা। তুল.-- (মুসলমানদের) ফয়তা খাওয়া; চল্লিশা বা চেহলাম খাওয়া। **শ্রাদ্ধ গড়ানো** *ক্রি* বিসদৃশ বিশৃঙ্খল ও অবাঞ্ছিত ব্যাপার ঘটা। **শ্রাদ্ধশান্তি** *বি* মৃতের আত্মার উপকারার্থ হিন্দুদের শ্রাদ্ধ অনুষ্ঠান। **শ্রাদ্ধিক** *বিণ* শ্রাদ্ধ সম্পর্কিত। ❑*বি* শ্রাদ্ধে দেয় বস্তু। **শ্রাদ্ধীয়** *বিণ* শ্রাদ্ধসম্বন্ধীয়। **ভূতের বাপের শ্রাদ্ধ**—বিশৃঙ্খল ব্যাপার; বৃথা কার্যে অর্থ অপচয়।

শ্রান্ত *বি* শ্রমযুক্ত; কর্মক্লান্ত; অবসন্ন। ❑*বিণ* বিরত; নিবৃত্ত; শান্ত। [স. √শ্রম্+ত]। **শ্রান্তি** *বি* ১ পরিশ্রম করার ফলে শারীরিক ক্লান্তি ও অবসাদ। ২ পরিশ্রমজাত ক্লান্তি; অতিরিক্ত পরিশ্রমের ফলে কর্মে মন্থরতা বা কর্মনিবৃত্তি। ৩ বিশ্রাম; বিরাম। **শ্রান্তিহীন** *বিণ* ১ পরিশ্রমে ক্লান্তিশূন্য এমন। ২ বিরামহীন; অবিশ্রাম।

শ্রাবক *বিণ* শ্রোতা; শ্রবণকারী। ❑*বি* জৈন/বৌদ্ধ সাধক। তুল. হিন্দু সন্ন্যাসী; স্বামী। [স. √শ্রু+অক]

শ্রাবণ[১] *বি* বাংলা সনের চতুর্থ মাস। ❑*বিণ* শ্রবণা নক্ষত্র সম্পর্কিত। [স. শ্রাবণী+অ]

শ্রী *বি* ১ ঐশ্বর্য; সম্পদ; সৌন্দর্য; লাবণ্য; শোভা। ২ চেহারা; আকৃতি; রূপ। ৩ ঢং; ভঙ্গি; রূপ। ৪ হিন্দুদেবী লক্ষ্মী। ৫ হিন্দুদেবী সরস্বতী। ৬ বেশবিন্যাস। ৭ শ্রদ্ধাসূচক শব্দবিশেষ। ৮ জীবিত হিন্দু পুরুষের নামের পূর্বে ব্যবহৃত শব্দবিশেষ। ৯ (সং) রাগিণীবিশেষ। [স. √শ্রী+ক্বিপ্]। **শ্রীকণ্ঠ** *বি* হিন্দুদেবতা শিব। **শ্রীকরণ** *বি* লেখনী; কলম। **শ্রীকান্ত, শ্রীনাথ, শ্রীপতি** *বি* ১ হিন্দুদেবতা বিষ্ণু। ২ সুন্দর কান্তিযুক্ত। **শ্রীকৃষ্ণ** *বি* মহাভারত-বর্ণিত স্বনামধন্য পুরুষ। **শ্রীক্ষেত্র** *বি* পুরীধাম। **শ্রীখণ্ড** *বি* চন্দনকাঠ। **শ্রীখণ্ডী** *বি* ১ হিন্দুদের শুভকর্মে পরিহিত বস্ত্র। ২ হিন্দুদের বিয়ের পিঁড়ি। ৩ বৈষ্ণব সম্প্রদায়বিশেষ। **শ্রীঘর** (ব্য.) *বি* জেলখানা বা কারাগার। **শ্রীঘরে যাওয়া** *ক্রি* জেলে যাওয়া। **শ্রীচরণ, শ্রীচরণকমল** *বি* পূজা বা শ্রদ্ধেয় ব্যক্তিদের চরণ। **শ্রীচরণকমলেষু, শ্রীচরণেষু**—গুরুজনের নিকট লেখা পত্রের আরম্ভে হিন্দুদের প্রদত্ত পাঠ। **শ্রীপতি**, **শ্রীনিবাস** *বি* হিন্দুদেবতা বিষ্ণু। **শ্রীপঞ্চমী** *বি* হিন্দুদের সরস্বতী পূজার তিথি; মাঘ মাসের শুক্লাপঞ্চমী। **শ্রীফল** *বি* বেল। **শ্রীবৎস** *বি* ১ হিন্দুদেবতা বিষ্ণু। ২ বিষ্ণুর বক্ষঃস্থলস্থ দক্ষিণাবর্ত লোমাবলী। ৩ পুরাণোক্ত একজন রাজা। **শ্রীবৎসলাঞ্ছনা** *বি* হিন্দুদেবতা বিষ্ণু। **শ্রীবৃদ্ধি** *বি* ১ উন্নতি। ২ সমৃদ্ধি। **শ্রীভ্রষ্ট** *বিণ* ১ বিনষ্টসম্পদ; সৌন্দর্যহীন। ২ লক্ষ্মীছাড়া; হতভাগ্য। **শ্রীমৎ** *বি* ১ সম্পদশালী; মহিমময়। ২ হিন্দু সাধু সন্ন্যাসী ও পবিত্র গ্রন্থাদির নামের পূর্বে ব্যবহৃত ভক্তি বা সম্মানসূচক শব্দ (শ্রীমৎ-ভগবৎ-গীতা=শ্রীমদ্ভগবদ্গীতা)। **শ্রীমতী** *বিণ* ১ ভাগ্যবতী। ২ সুন্দরী; সৌন্দর্যময়ী যুবতী। ৩ রাধিকা। **শ্রীমান** *বিণ* সুন্দর কান্তিযুক্ত। ❑*বি* ভাগ্যবান পুত্র বা পুত্রস্থানীয়কে এ রকম সম্বোধন (শ্রীমান পরীক্ষায় ভালোই করেছে)। **শ্রীমন্ত** *বিণ* ভাগ্যবান; ঐশ্বর্যবান। **শ্রীমুখ** *বি* সুন্দর বা সৌন্দর্যময় মুখ; পবিত্র মুখ। **শ্রীযুক্ত, শ্রীযুত, শ্রীল** *বি* ১ মহাশয়; মহোদয়। ২ গণ্যমান্য বা শ্রদ্ধেয় ব্যক্তির নামের পূর্বে হিন্দুসমাজে ব্যবহৃত শব্দ। ❑*বি* সম্পদশালী; ঐশ্বর্যবান; ভাগ্যবান। **শ্রীসম্পাদক** *বিণ* সৌন্দর্য সাধন করে এমন; সৌন্দর্যসাধক; শোভাবর্ধক। **শ্রীহীন** *বিণ* শোভাসৌন্দর্যশূন্য।

শ্রুত *বিণ* ১ শ্রবণ করা হয়েছে এমন। ২ আকর্ণিত। ৩ খ্যাত; প্রসিদ্ধ। [স. √শ্রুত+ত]। **শ্রুতকীর্তি** *বিণ* সুবিখ্যাত। ❑*বি* রামের ভাই শত্রুঘ্নের স্ত্রী। **শ্রুতলিপি** *বি* অন্যের মুখে শুনে যা লেখা হয়; শ্রুতলিখন।

শ্রুতি *বি* ১ শ্রবণ; শোনা। ২ কর্ণ; কান। ৩ শোনা কথা; গুজব। ৪ বেদ। ৫ (সং) দুই স্বরের মধ্যবর্তী সূক্ষ্ম স্বরাংশসমূহ। [স. √শ্রু+তি]। **শ্রুতিকটু, শ্রুতিকঠোর** *বিণ* ১ শুনতে খারাপ লাগে এমন; কর্কশ। ২ লালিত্যহীন। **শ্রুতিগম্য, শ্রুতিগোচর** *বিণ* ১ শোনা যায় এমন; শোনা যেতে পারে এমন; কর্ণগোচর। ২ শ্রুত। **শ্রুতিধর, শ্রুতধর** *বিণ* শোনামাত্র স্মরণ রাখা; একবার শুনেই স্মৃতিতে ধরে রাখতে পারে এমন। **শ্রুতিপথ** *বি* শ্রবণ করবার পথ; কর্ণকুহর; কর্ণবিবর; কানের ছিদ্র। **শ্রুতিফল** *বি* ১ শোনার ফল বা গুণ; ফলশ্রুতি। ২ শোনার প্রতিক্রিয়া। **শ্রুতিবেধ** *বি* কান বিঁধানো সংস্কার। **শ্রুতিমধুর** *বিণ* শুনতে মধুর এমন; শ্রুতিসুখকর। **শ্রুতিমূল** *বি* ১ কর্ণমূল; কানের গোড়া। ২ যজ্ঞ।

শ্রেণী, শ্রেণি *বি* ১ সারি; পঙ্ক্তি। ২ সম্প্রদায়; সমাজ; একই ধর্ম গুণ বা বৃত্তি অবলম্বনকারী লোক (শ্রমিক শ্রেণী)। ৩ দল; পাল; যূথ; সর্বদা একত্র অবস্থান করে যারা। ৪ বিভাগ; ক্লাস; গুণানুযায়ী স্থান। [স. √শ্রি+নি+ঈ]। **শ্রেণীবদ্ধ** *বিণ* সারি বাঁধা। **শ্রেণীবিন্যাস** *বি* বিভিন্ন শ্রেণীতে সাজানো। **শ্রেণীভুক্ত** *বিণ* নির্দিষ্ট দলের বা সঙ্ঘের অন্তর্ভুক্ত; দলভুক্ত।

শ্রেণীসংগ্রাম *বি* অধিকার বা প্রাধান্য প্রতিষ্ঠার জন্য সমাজের বিভিন্ন শ্রেণীর মধ্যে বিরোধ।

শ্রেয়, শ্রেয়ঃ (শ্রেয়স্) *বি* ১ মঙ্গল; কল্যাণ; হিত; শুভ। ২ ধর্ম; মুক্তি। ❑*বিণ* ১ হিতকর; মঙ্গলজনক; কল্যাণকর। ২ প্রশস্ত; প্রশংসনীয়; শ্রেষ্ঠ। [স. প্রশস্য>শ্র+ঈয়স্]। **শ্রেয়কল্প** *বিণ* শুভস্বরূপ; শ্রেষ্ঠতুল্য। **শ্রেয়োবোধ** *বি* কল্যাণ-বোধ; মঙ্গল-চেতনা; হিতাকাঙ্ক্ষা। **শ্রেয়স্কর** *বিণ* হিতকর; কল্যাণজনক। **শ্রেয়ান** *বিণ* ১ হিতকর; মঙ্গলজনক। ২ শ্রেষ্ঠ; সর্বোৎকৃষ্ট; প্রশস্ত। **শ্রেয়োলাভ** *বি*

কল্যাণ প্রাপ্তি।
শ্রেষ্ঠ *বিণ* অতি উৎকৃষ্ট; উত্তম; প্রধানতম; সর্বপ্রধান। [সং. প্রশস্য>শ্র+ইষ্ঠ]। **শ্রেষ্ঠতর** (অশু.) *বিণ* উত্তমতর; উৎকৃষ্টতর। **শ্রেষ্ঠতম** (অশু.) *বিণ* উৎকৃষ্টতম; সর্বোত্তম। **শ্রেষ্ঠতা, শ্রেষ্ঠত্ব** *বি* প্রাধান্য; উৎকর্ষ।
শ্রেষ্ঠী(-ষ্ঠিন্) *বি* ১ ব্যবসায়ী; বণিক; শেঠ। ২ মহাধনী ব্যক্তি; ধনী সওদাগর। [সং. শ্রেষ্ঠ+ইন্]।
শ্রোণি, শ্রোণী *বি* নিতম্ব; পাছা; কটিদেশ। [সং.]। **শ্রোণিদেশ** *বি* নিতম্বদেশ।
শ্রোতব্য *বিণ* শোনা যায় এমন; শ্রবণযোগ্য; শ্রবণীয়। [সং. √শ্রু+তব্য]
শ্রোতা *বি, বিণ* যে শ্রবণ করে; শ্রবণকারী। [সং. √শ্রু+তৃ]। **শ্রোতৃবর্গ, শ্রোতৃমণ্ডলী** *বি* যারা বক্তৃতাদি শ্রবণ করে।
শ্রোত্র *বি* ১ শ্রবণেন্দ্রিয়; কর্ণ; কান। ২ বেদ; শ্রুতি। [সং. √শ্রু+ত্র]
শ্রোত্রিয় *বি* ১ বেদজ্ঞ ব্রাহ্মণ। ২ অকুলীন বা কৌলীন্যহীন ব্রাহ্মণ। [সং.]
শ্রৌত *বিণ* শ্রুতি অর্থাৎ বেদ দিয়ে নির্দিষ্ট; বেদানুসারী; বেদ-স্বীকৃত। [সং. শ্রুতি+অ]
শ্লথ *বিণ* ১ শিথিল; অদৃঢ়; ঢিলা। ২ দীর্ঘসূত্রী; বিলম্বে কাজ করে এমন। ৩ মন্থর; ধীর; বিলম্বে কাজ করতে অভ্যস্ত। ৪ আলুথালু; এলোমেলো; বিশৃঙ্খল; বিস্রস্ত। [সং. √শ্লথ্+অ]
শ্লাঘা *বি* আত্মপ্রশংসা; গৌরব। [সং. √শ্লাঘ্+অ+আ]। **শ্লাঘ্য, শ্লাঘনীয়** *বিণ* ১ প্রশংসার্হ; প্রশংসাজনক। ২ বাঞ্ছিত; ঈপ্সিত; স্পৃহণীয়।
শ্লিপ, স্লিপ *বি* চিরকুট; চিট; রোকা। [ই. slip]
শ্লিষ্ট *বিণ* ১ সংযুক্ত; যুক্ত; জড়িত; একত্রে মিলিত। ২ আলিঙ্গিত; আলিঙ্গনে আবদ্ধ; শ্লেষালঙ্কারযুক্ত; দুইপ্রকার অর্থবাচক; একাধিক অর্থবোধক। [সং. √শ্লিষ্+ত]
শ্লীপদ *বি* গোদ; পায়ের শোথ নামক রোগ। [সং. শ্রী+পদ]
শ্লীল *বিণ* ১ ভদ্র; শিষ্ট। ২ রুচিসম্মত; সুরুচিসম্পন্ন। [সং. শ্রী+ল]। **অশ্লীল** *বিপ.*। **শ্লীলতা** *বি* সম্ভ্রম। **শ্লীলতাহানি** *বি* নারীর সম্ভ্রমহানি।
শ্লেষ *বি* ১ যোগ; সংযোগ; সংস্রব; জড়ানো। ২ আলিঙ্গন। ৩ একটি শব্দালঙ্কার। ৪ বক্রোক্তি; ব্যঙ্গোক্তি; প্রচ্ছন্ন; বিদ্রূপ। [সং.]
শ্লেষ্মা(-ষ্মন্) *বি* ১ কফ; সর্দি। ২ শিকনি।
শ্লৈষ্মিক *বিণ* ১ শ্লেষ্মাসংক্রান্ত। ২ শ্লেষ্মাবাহী।
শ্লৈষ্মিক ঝিল্লি *বি* শ্লেষ্মা উৎপন্নকারী ও নিঃসারণকারী সূক্ষ্ম জালের মতো পর্দা। [সং.]
শ্লোক *বি* ১ কয়েক ধরনের বা পদের ক্ষুদ্র পদ্য; কবিতা। ২ খ্যাতি। [সং.]। **শ্লোকাত্মক** *বিণ* ১ শ্লোকময়। ২ শ্লোকে বা কবিতায় রচিত।
শ্লোগান *বি* মিছিলের ধ্বনি; দাবি আদায়ের জন্য একসঙ্গে বহু মানুষের ধ্বনি; জিগির। [ই.]
শ্বদন্ত *বি* কুকুরের মতো তীক্ষ্ণ দাঁত। [সং. শ্বন্+দন্ত]
শ্বন্, শ্বা *বি* কুকুর। [সং.]
শ্ববৃত্তি *বি* ১ কুকুরের মতো ব্যবহার বা আচরণ। ২ সেবা; পরিচর্যা; চাকরি; পরনির্ভরতা; পরাশ্রয়। ৩ খোশামোদ; চাটুকারিতা। ৪ চাটুকারিতা দিয়ে জীবিকা নির্বাহ। [সং. শ্বন্+বৃত্তি]
শ্বশুর *বি* স্বামী বা স্ত্রীর পিতা। **শ্বশ্রূ** *বি স্ত্রী.*। [সং.]। **শ্বশুরঘর** *বি* স্বামীর বাড়ি। **শ্বশুরঘর করা** *ক্রি* স্বামীর বাড়ি গিয়ে সংসার করা। **শ্বশুরবাড়ি, শ্বশুরালয়** *বি* শ্বশুরের বাসস্থান বা গৃহ।
শ্বসন *বি* নিঃশ্বাস প্রশ্বাস গ্রহণ ও ত্যাগ। [সং. √শ্বস্+অন]। **শ্বসিত** *বিণ* ১ শ্বাসরূপে গ্রহণ ও ত্যাগ করা হয়েছে বা হচ্ছে এমন। ২ নিঃশ্বাস-প্রশ্বাস গ্রহণ ও ত্যাগে যুক্ত।
শ্বাপদ *বি* ১ যার পা কুকুরের পায়ের মতো। ২ হিংস্র বা শিকারি জন্তু; যে সব পশু মাংস আহার করে দেহ ধারণ করে। ৩ হিংস্র জন্তু সম্বন্ধীয়। **শ্বাপদসঙ্কুল, শ্বাপদসমাকীর্ণ** *বিণ* হিংস্র জন্তুতে পূর্ণ বা আচ্ছন্ন। [সং. শ্বাপদ; শ্বন্+পদ]
শ্বাস *বি* ১ নিঃশ্বাস। ২ প্রশ্বাস। ৩ হাঁপানি। ৪ মৃত্যুর পূর্বের কষ্ট। [সং. √শ্বস্+অ]। **শ্বাস ওঠা** *ক্রি* মৃত্যুকালে যে কষ্টদায়ক নাভিশ্বাস ওঠে। **শ্বাসকর্ম, শ্বাসকার্য, শ্বাসক্রিয়া** *বি* শ্বাস গ্রহণ ও ত্যাগ কার্য। **শ্বাসকষ্ট** *বি* ১ শ্বাস গ্রহণ ও ত্যাগে বাধাপ্রাপ্তির কষ্ট। ২ মুমূর্ষু অবস্থায় শ্বাস ত্যাগ ও গ্রহণে যে কষ্ট হয়। **শ্বাসরোগ** *বি* হাঁপানি প্রভৃতি রোগ। **শ্বাসরোধ** *বি* ১ শ্বাসগ্রহণে ও ত্যাগে যে বাধা সৃষ্টি হয়। ২ শ্বাসবন্ধ। **নাভিশ্বাস** *বি* মুমূর্ষু অবস্থায় নাভি থেকে কণ্ঠ পর্যন্ত আন্দোলিত করে শ্বাস গ্রহণের কষ্টদায়ক চেষ্টা; মৃত্যুলক্ষণ। **প্রশ্বাস** *বি* গৃহীত ও পরিত্যক্ত শ্বাস। ২ শ্বাস গ্রহণ ও ত্যাগ।
শ্বেত *বি* সাদা রং। ❑ *বিণ* সাদা; শুভ্র; ধবল; সিত; শুক্ল। [সং. √শ্বিৎ+অ]। **শ্বেতকুষ্ঠ** *বি* ধবল রোগ। **শ্বেতচর্ম** *বি* ১ সাদা চামড়া। ২ ইউরোপীয়—যাদের গায়ের রং সাদা। ❑ *বিণ* সাদা চামড়াযুক্ত। **শ্বেতদ্বীপ** *বি* হিন্দুপুরাণ মতে চন্দ্রদ্বীপ; গ্রেট ব্রিটেন। **শ্বেতপত্র** *বি* কোনো বিশেষ বিষয়ে জনগণ বা পার্লামেন্টকে অবহিত করার জন্য সরকারি বিবরণী; white paper। **শ্বেতপ্রদর** *বি* স্ত্রীরোগবিশেষ; স্ত্রীজননেন্দ্রিয়ের ব্যাধি। **শ্বেতপ্রস্তর, শ্বেতপাথর** *বি* সাদা রঙের মর্মর পাথর। **শ্বেতশুভ্র** *বিণ* অত্যন্ত সাদা। **শ্বেতসার** *বি* খাদ্য শস্য বা ফল-মূলাদির শ্বেতাংশ। **শ্বেতহস্তী**(-স্তিন) *বি* সাদা হাতি; (ব্য.) যার পিছনে বিপুল ব্যয় হয়; যা পোষণ করতে সর্বস্বান্ত হতে হয়। **শ্বেতাভ** *বিণ* সাদা আভাযুক্ত; অল্প সাদা। **শ্বেতি, শ্বেতী** *বি* ধবল রোগ। **শ্বৈত্য** *বি* ১ শুক্লতা; শুভ্রতা। ২ নির্মলতা।

ষ

ষ বাংলা বর্ণমালার ত্রিশতম ব্যঞ্জনবর্ণ।
ষট্ (ষড়্) *বি, বিণ* ছয় সংখ্যা বা সংখ্যক। [সং.]
ষট্‌কর্ণ *বি* ছয় কর্ণ যাতে; (বহুব্রীহি) যা তৃতীয় ব্যক্তির কর্ণগোচর হয়েছে (তা গোপন থাকে না)।
ষট্‌ক *বি* ১ সনেটের শেষ ছয় চরণ। ২ ছয় সংখ্যা। ৩ কবিরাজি ছয়টি দ্রব্য। [সং.]
ষট্‌কর্ম *বি* ১ যজন যাজন অধ্যয়ন অধ্যাপন দান ও প্রতিগ্রহ—ব্রাহ্মণের করণীয় এই ছয় প্রকার কাজ। ২ দৃঢ়তা ধৈর্য স্থৈর্য ধৌতি ইত্যাদি যোগশাস্ত্র নির্দেশিত ছয় সাধন। [সং.]

ষট্‌কর্মা *বি* যে ব্রাহ্মণ ছয় কর্মের (সন্ধ্যা স্নান জপ হোম প্রভৃতি) অনুষ্ঠান করেন। ❑ *বিণ* ষট্‌কর্মকারী। [স.]
ষট্‌কোণ *বি* ১ ছয় কোণযুক্ত, ছকোনা। ২ (জ্যো-শা) লগ্ন থেকে ষষ্ঠ স্থান। ৩ হীরক। [স.]
ষট্‌চক্র *বি* যোগশাস্ত্রে দেহের বিভিন্ন ছয়টি চক্র বা স্থান—মূলাধার স্বাধিষ্ঠান মণিপুর অনাহত বিশুদ্ধ ও আজ্ঞা—এই ছয়টি চক্র। [স.]
ষট্‌চক্রভেদ *বি* মূলাধারস্থ কুণ্ডলিনী শক্তির দেহের বিভিন্ন চক্র ভেদ করে মস্তকস্থ সহস্রদল পদ্মে উপস্থিতি। [স.]
ষট্‌পদ *বিণ* ছয় পা আছে এমন। ❑ *বি* ১ ভ্রমর। ২ ছারপোকা। ৩ উকুন। [স.]। **ষট্‌পদা** *বি* গঙ্গাফড়িং। **ষট্‌পদী** *বি* ১ ছয় পাবিশিষ্ট ছন্দ বা পদ বা কবিতা। ২ ভ্রমরী। ৩ উকুন।
ষট্‌প্রাজ্ঞ *বিণ* ধর্ম অর্থ কাম মোক্ষ লোকাচার ও তত্ত্বজ্ঞান—এই ছয় বিষয়ে অভিজ্ঞ। ❑ *বি* ১ বৌদ্ধ। ২ কামুক বা লম্পট। [স.]
ষট্‌শাস্ত্র *বি* ষড় দর্শন। [স.]
ষড়্‌ *বি* গুপ্ত পরামর্শ; চক্রান্ত। [স.]
ষড় ঋতু, ষড়ঋতু *বি* গ্রীষ্ম বর্ষা শরৎ হেমন্ত শীত ও বসন্ত— এ ছয়টি ঋতুর একত্র নাম। [স. ষট্‌+ঋতু]
ষড়ঙ্গ *বি* ১ দেহের ছয়টি অংশ বা অবয়ব—মস্তক হস্তদ্বয় কটি ও পদদ্বয়। ২ ছয় বেদাঙ্গ : শিক্ষা কল্প ব্যাকরণ নিরুক্ত ছন্দঃ জ্যোতিষ—বেদের এই ছয়টি অঙ্গ। ৩ ছয়গব্য—গোমূত্র গোময় দুগ্ধ দধি ঘৃত ও গোরোচনা। ❑ *বিণ* ছয় অঙ্গবিশিষ্ট। **ষড়ঙ্গ-ধূপ** *বি* ছয় উপাদানে প্রস্তুত ধূপ। [স. ষট্‌+অঙ্গ]।
ষড়ঙ্গক *বি* চিত্রাঙ্কনের ছয়টি অঙ্গ—রূপভেদ প্রমাণ ভাব লাবণ্যযোজন সাদৃশ্য বর্ণিকাভঙ্গ। [স. ষট্‌+অঙ্গক]
ষড়ানন *বি* ছয় মুখ যার; কার্তিকেয়। ❑ *বিণ* ছয় মুখ। [স. ষট্‌+আনন]
ষড়ৈশ্বর্য *বি* প্রভুত্ব পরাক্রম যশ সম্পদ জ্ঞান বৈরাগ্য—এ ছয়টি গুণ একত্রে। [স. ষট্‌+ঐশ্বর্য]
ষড়্‌গুণ, ষড়গুণ *বি* সন্ধি বিগ্রহ যান আসন দ্বৈধ আশ্রয়—রাজাদের এই ছয়গুণ বা রাজনীতির এই ছয়টি নীতি। ❑ *বিণ* ছয় সংখ্যা দিয়ে গুণিত; ছয়গুণ। [স. ষট্‌+গুণ]
ষড়্‌জ, ষড়জ *বি* সঙ্গীতে স্বরগ্রামের প্রথম স্বর 'সা'; নাসা কণ্ঠ বক্ষঃস্থল তালু জিহ্বা দন্ত—এই ছয় স্থান থেকে উৎপন্ন স্বরবিশেষ। [স. ষট্‌+জ]
ষড়্‌দর্শন *বি* সাংখ্য পাতঞ্জল (যোগ) পূর্বমীমাংসা উত্তর মীমাংসা (বেদান্ত) বৈশেষিক ও ন্যায়—ভারতের এই ছয়টি দর্শনশাস্ত্র। [স. ষট্‌+দর্শন]
ষড়্‌বিধ, ষড়বিধ *বিণ* ছয়প্রকার বা রকম। [স. ষট্‌+বিধ]।
ষড়্‌যন্ত্র, ষড়যন্ত্র *বি* ১ সমূহ ক্ষতি করবার ছয় রকমের আভিচারিক উপায়, (তা থেকে) চক্রান্ত; কূটকৌশল; অন্যায়ভাবে ফাঁদে ফেলার জন্য প্রতিকূল ব্যক্তিদের কুমন্ত্রণা বা কৌশলজাল। ২ একাধিক ব্যক্তির কূটপরামর্শ। [স. ষট্‌+যন্ত্র]
ষড়্‌রস, ষড়রস *বি* লবণ অম্ল কষায় কটু তিক্ত মধুর—খাদ্যের এই ছয় প্রকার রস বা স্বাদ। [স. ষট্‌+রস]
ষড়্‌রিপু, ষড়রিপু, ষড়্‌বর্গ, ষড়বর্গ *বি* কাম ক্রোধ লোভ মোহ মদ মাৎসর্য — এই ছয়টি রিপু বা শত্রু। [স. ষট্‌+রিপু, বর্গ]
ষড়্‌লবণ, ষড়লবণ *বি* সৈন্ধব সামুদ্র বিট সৌবর্চল উদ্ভিজ্জ মৃত্তিকাজাত—এই ছয় প্রকারের লবণ। [স. ষট্‌+লবণ]
ষণ্ড *বি* ১ ষাঁড়; বৃষ; ঋষভ। ২ নপুংসক।
ষণ্ডা *বিণ* ১ বলবান; পালোয়ান; বলিষ্ঠ। ২ গোঁয়ার। ৩ গুণ্ডা। **ষণ্ডামি** *বি* ১ গুণ্ডামি। ২ গোঁয়ার্তুমি।
ষণ্ডামর্ক, ষণ্ডামার্ক *বি* ১ ষণ্ড ও অমর্ক শুক্রাচার্যের দুই পুত্র। ২ (আল.) বলিষ্ঠ ও গোঁয়ার প্রকৃতির; অতি দুর্বৃত্ত ব্যক্তি। [স. ষণ্ড+অমর্ক]। **ষণ্ডামার্কা** *বিণ* (আল.) ষাঁড়ের মতো গোঁয়ার ব্যক্তি।
ষণ্মাস *বি* ছয় মাস; অর্ধ বছর। **ষাণ্মাস্য, ষাণ্মাসিক** *বিণ* ছয় মাসে নিষ্পন্ন হয় এমন। [স.]
ষত্ব *বি* (ব্যা.) 'স'-এর স্থানে 'ষ' হওয়া। [স.]। **ষত্ববিধান, ষত্ববিধি** *বি* 'স'-এর স্থলে 'ষ' হওয়ার ব্যাকরণ নির্দিষ্ট নিয়ম।
ষষ্টি *বি* ৬০ এই সংখ্যা। ❑ *বিণ* ৬০ সংখ্যক। [স.]। **ষষ্টিতম** *বিণ* ষাটের পূরক।
ষষ্ঠ *বিণ* ছয় সংখ্যার পূরক। [স. ষষ্‌+থ]
ষষ্ঠাংশ *বি* ১ ছয় ভাগের এক ভাগ। ২ রাজকর; রাজস্ব। [স. ষষ্ঠ+অংশ]
ষষ্ঠী *বি* ১ সন্তানের রক্ষয়িত্রী হিন্দুদেবী। ২ (ব্যা.) সম্বন্ধপদের বিভক্তি। ৩ তিথিবিশেষ। ❑ *বিণ* ছয়ের স্থানীয়া। [স.]। **ষষ্ঠী তৎপুরুষ** *বি* (ব্যা.) ষষ্ঠী বিভক্তিযুক্ত (র, এর) পদের সঙ্গে অন্য পদের তৎপুরুষ সমাস। **ষষ্ঠীতলা** *বি* ১ হিন্দুদেবী ষষ্ঠীর পূজার স্থান। ২ বট গাছের তলদেশ যেখানে বারোয়ারি ষষ্ঠীপূজা হয়। **ষষ্ঠীপূজা** *বি* ১ হিন্দুদেবী ষষ্ঠীর পূজা। ২ সন্তান জন্মের ষষ্ঠ দিবসে অনুষ্ঠেয় হিন্দুদের মঙ্গলকর্মবিশেষ; (আঞ্চ.) শটি উঠানোর অনুষ্ঠান। **ষষ্ঠীবুড়ি** *বি* ১ দেবী ষষ্ঠী। ২ বহু সন্তানের মা। ৩ জরা রাক্ষসী। **ষষ্ঠীবাটা** *বি* জামাই ষষ্ঠীর তত্ত্ব। **ষষ্ঠীভাগ্য, ষষ্ঠীর কৃপা** *বি* সন্তানভাগ্য; অনেক ছেলেমেয়ে হওয়া।
ষাঁড় *বি* ১ ষণ্ড; বৃষ; ঋষভ। ২ লম্পট পুরুষ। ৩ গোঁয়ার ও অসংযত পুরুষ। ❑ *বিণ* অসংযত; যথেচ্ছ বিচরণকারী। [স. ষণ্ড>]। **ষাঁড়ে ষাঁড়ে লড়াই** (আল.) *বি* দুই প্রবল প্রভাবশালী ব্যক্তি বা দলের লড়াই। **ষাঁড়ের গোবর, ষাঁড়ের নাদ** *বি* (আল.) অকর্মণ্য লোক; ষাঁড়ের গোবর যেরূপ হিন্দুদের ধর্মকার্যে ব্যবহৃত হয় না সেইরূপ; অকর্মণ্য বা বাজে লোক। **গোকুলের ষাঁড়** *বি* (আল.) বৃন্দাবনের মুক্ত ষাঁড়ের মতো স্বেচ্ছাবিহারী দায়িত্বহীন ব্যক্তি। **ধর্মের ষাঁড়** *বি* ১ (আল.) ধর্মের নামে উৎসর্গ করে ছেড়ে দেওয়া ষাঁড়। ২ (আল.) স্বেচ্ছাবিহারী দায়িত্বহীন ব্যক্তি।
ষাঁড়া *বিণ* ১ বন্ধ্যা; ফল ধরে না এমন; বাঁঝা। ২ নপুংসক। [স. ষণ্ড>]
ষাট[১]**, ষাইট, ষাটি** *বি, বিণ* ৬০ বা এই সংখ্যা বা সংখ্যক। [স. ষষ্টি>]
ষাট[২] *অব্য* উচ্চারিত কোনো অশুভ কাজের প্রতিবিধান বা প্রতিকারের উদ্দেশ্যে ষষ্ঠীদেবীর নাম উচ্চারণ। তুল: বালাই ষাট। [স. ষষ্ঠী>]। **ষাটগম্বুজ মসজিদ** *বি* বাগেরহাটে মহান মুসলিম সাধক খান জাহান আলী ১৪৫০ খ্রিস্টাব্দে এই মসজিদটি নির্মাণ করেন। চৌচালার আকারে নির্মিত এই মসজিদ মুসলিম ও আঞ্চলিক ঐতিহ্যের এক

অপরূপ নিদর্শন।
ষাণ, শান *বি* ১ পাষাণ। ২ চুন সুরকি ইট বালু সিমেন্ট দিয়ে নির্মিত পাকা করা স্থান। [স. পাষাণ>]
ষাণ্মাসিক *বিণ* ১ ছয় মাস পর পর যা ঘটে বা প্রকাশিত হয়। ২ প্রতি ছয় মাসে করণীয় এমন। (ষাণ্মাসিক শ্রাদ্ধ বা পত্রিকা)
ষেট, ষেটে *বি* হিন্দুদের ষষ্ঠীদেবী। [স. ষষ্ঠী>আঞ্চলিক]। **ষেটের বাছা, ষেটের কোলের বাছা** *বি* ষষ্ঠীদেবীর অনুগ্রহপ্রাপ্ত সন্তান। **ষেটেরা** *বি* হিন্দু সমাজে শিশুর জন্মের পর ষষ্ঠ রাতে ষষ্ঠীপূজার মাঙ্গলিক কর্ম।
ষোড়শ[১] *বি* ষোল সংখ্যার পূরক; পনেরো জন বা পনেরোটির ঠিক পরের ব্যক্তি বা বস্তু। **ষোড়শী** *বিণ* ১ ষোলো বছর বয়স্কা যুবতী। ২ দশ মহাবিদ্যার একজন দেবী বা মহাবিদ্যা। ৩ যজ্ঞ পাত্রবিশেষ।
ষোড়শ[২](-শন্) *বি* ১ ষোলো সংখ্যা; ১৬। ২ হিন্দু শাস্ত্রবিহিত শ্রাদ্ধে ষোলো প্রকার বস্তু দান। ❑ *বিণ* ষোলো সংখ্যক। [স.]। **ষোড়শ মাতৃকা** *বি* ষোলোজন মাতৃকার নাম গৌরী পদ্মা শচী সাবিত্রী মেধা জয়া বিজয়া দেবসেনা স্বধা স্বাহা শান্তি পুষ্টি ধৃতি তুষ্টি কুলদেবতা ও আত্মদেবতা। **ষোড়শোপচার** *বি* হিন্দুদের পূজায় বিহিত ষোলোটি উপকরণ। [স. ষোড়শ+উপাচার]
ষোড়শক *বি* শ্রাদ্ধে যে ষোলো রকমের দান করা হয়— ভূমি আসন জল বস্ত্র ছাতা পাদুকা ধেনু কাঞ্চন ইত্যাদি। [স.]
ষোলো, ষোল *বি, বিণ* ১৬ সংখ্যা বা সংখ্যক। **ষোলো আনা** *বি* এক টাকা; একশত পয়সা। ❑ *বিণ* সম্পূর্ণ; পুরোপুরি; সমস্ত। **ষোলোই** *বি* মাসের ১৬ তারিখ। **ষোলো আনা বাজিয়ে নেওয়া** *ক্রি* সম্পূর্ণভাবে বা সর্বদিক থেকে বিচার করে নেওয়া। **ষোলো আনা মালিক** *বিণ* সম্পূর্ণ অংশের মালিক।
ষোলকলা *বি* চাঁদের ১৬টি অংশ। ❑ *বিণ* পূর্ণাবয়ব। ❑ *ক্রিবিণ* (আল.) সম্পূর্ণ; পুরোপুরি।
ষ্টক, ষ্টীম, ষ্টীল, ষ্টেট, ষ্টান্ডার্ড, ষ্ট্যাম্প, ষ্টেজ, ষ্টোভ, ষ্ট্রীট=স্টক; স্টিম; স্টিল; স্টেট; স্টান্ডার্ড; স্ট্যাম্প; স্টেজ; স্টোভ; স্ট্রিট।
ষ্ঠীবন *বি* থুতু ফেলা; থুৎকার; নিষ্ঠীবন। [স.]

স

স[১] বাংলা বর্ণমালার একত্রিশতম ব্যঞ্জনবর্ণ।
স[২] *বিণ* সহ (সমাসে বিশেষ্যসূচক শব্দের পূর্বে সহ ও সমান শব্দের রূপ); সহিত (সপুত্র); সমান; অভিন্ন (সতীর্থ, সজাতি); সত্তা; সম্ভাবনা; বিদ্যমানতা (সজীব)।
স[৩] *অব্য* ১ অত্যন্ত; বারবার (সঘন)। ২ স্বার্থে। ৩ 'ঃ' জাত 'স' শ্রেয়ঃ = শ্রেয়স।
স[৪] *ক্রি* সহ্য; সহ্য করা। [আঞ্চলিক/কথ্য]
সই[১] *বি* সখী। [স. সখী>]
সই[২] *বি* দস্তখত; স্বাক্ষর। [আ. সহীহ=ঠিক, নির্ভুল]
সই[৩] *বিণ* শায়িত; মধ্যে নিক্ষিপ্ত। [স.]
সই[৪] *বিণ* ১ পর্যন্ত; সমান। ২ যোগ্য; অনুরূপ। [আ.]
সই[৫] *ক্রি* সহ্য করি।
সইব, সইবো, সবো *ক্রি* সহ্য করবো।
সইস= সহিস। **সইস নওকর** *বি* অশ্বপালক ও চাকর-বাকর। [ফা.]
সওগাত *বি* উপঢৌকন; উপহার; ভেট। [তু. সওগাত]
সওদা, সওদাপত্র, সওদাপাট *বি* ক্রয়; কেনা; খরিদ; পণ্য বেচাকেনা; বেসাতি। [ফা. সওদা]
সওদাগর, সদাগর *বি* বড় ব্যবসায়ী; বণিক। [ফা.] **সওদাগরি** *বি* ব্যবসা-বাণিজ্য। ❑ *বিণ* ব্যবসায় সংক্রান্ত।
সওয়া[১] *ক্রি* ১ সহ্য করা। ২ ক্ষমা করা। ৩ সংগ্রহ করা। **সওয়ানো** *ক্রি* সহ্য করানো।
সওয়া[২], **সোয়া** *বিণ* এক ও এক-চতুর্থাংশ; ১¼ (সওয়া সের)। **সওয়াইয়া** *বি* 'সওয়া' বিষয়ক নামতা।
সওয়ার, সোয়ার *বি* অশ্বারোহী; আরোহী; চড়নদার। ❑ *বিণ* চড়া। [ফা.]। **সওয়ারি, সোয়ারি** *বি, বিণ* আরোহী; যানবাহনের যাত্রী; পালকি নৌকা ইত্যাদি।
সওয়াল, সোয়াল *বিণ* প্রশ্ন। ❑ *বি* ১ জেরা। ২ প্রার্থনা। ৩ ভিক্ষা-বৃত্তি। [আ.]। **সওয়াল-জবাব** *বি* প্রশ্ন ও উত্তর; মকদ্দমায় উকিলের বাদ-প্রতিবাদ।
সং, সঙ *বি* ১ নটের মতো অন্যের কর্ম-আচরণে অসঙ্গতি প্রদর্শনের জন্যে ব্যঙ্গ-বিদ্রূপকারী অভিনেতাকে সং বলা হয়। ২ কৌতুককর বেশধারী; কৌতুককারী; বিদূষক; ভাঁড়; অদ্ভুত পোশাকধারী; হাস্য কৌতুককারী অভিনেতা (যাত্রার সং)। [বা. স+অঙ্গ (নিপাতনে) সঙ্গ>সঙ]
সংকট, সঙ্কট *বি* ১ কঠিন বিপদ; সমস্যা। ২ অত্যন্ত সংকীর্ণ পথ; দুই পর্বতের মধ্যবর্তী সরু পথ। ❑ *বিণ* ১ বিপজ্জনক; দুরারোগ্য; অভেদ্য। ২ আসন্ন; উপস্থিত। [স.]। **সংকটসংকুল, সঙ্কটসঙ্কুল** *বিণ* বিপজ্জনক; দুর্গম। **সংকটস্থল** *বি* ১ বিপজ্জনক পরিস্থিতি। ২ যোজক। **সংকটাপন্ন, সঙ্কটাপন্ন** *বিণ* ১ ভীষণ বিপদগ্রস্ত; বিপন্ন। ২ মুমূর্ষু অবস্থা। **উভয়সংকট, সঙ্কট** *বি* উভয়দিকে বিপদ।
সংকর, সঙ্কর *বি* ১ মিশ্রণ; পরস্পর বিরুদ্ধ পদার্থের একত্র অবস্থান। ২ বিভিন্ন জাতির মিশ্রণজাত প্রাণী বা উদ্ভিদ; hybrid (বাঙালি একটি সংকর জাতি)। ৩ একাধিক অলঙ্কারের একত্র সমাবেশ। **সংকর ধাতু** *বি* যৌগিক ধাতু।
সংকলন, সঙ্কলন *বি* ১ সংগ্রহণ; একত্রকরণ। ২ সংযোগ; মিলন। ৩ অঙ্ক যোগ দেওয়া। **সংকলক, সংকলয়িতা** *বি* ১ সংগ্রহকারী; সংকলনকারী। ২ সংযোগকারী। **সংকলয়িত্রী** *স্ত্রী*। **সংকলিত, সঙ্কলিত** *বিণ* সংযোগকৃত; সংকলন করা হয়েছে এমন।
সংকল্প, সঙ্কল্প *বি* ১ প্রতিজ্ঞা; স্থিরীকৃত কাজ; মানসকর্ম। ২ উদ্দেশ্য; অভিলাষ; নিয়ত। [স. সম+√কৃপ+অ]। **সংকল্পিত** *বিণ* স্থিরীকৃত।
সংকীর্ণ, সঙ্কীর্ণ *বিণ* ১ অপ্রশস্ত; সংকুচিত। ২ অনুদার। ৩ জনসংকীর্ণ জায়গা। ৪ মদমত্ত। ❑ *বি* ১ সঙ্কট। ২ মিশ্ররাগ। **সংকীর্ণচিত্ত, সংকীর্ণচেতা, সংকীর্ণমনা** *বিণ* অনুদার; নীচমনা। **সংকীর্ণতা** *বি* ১ অপ্রশস্ততা। ২ অনুদারতা। **সংকীর্ণাত্মা** *বি* অনুদার হৃদয়। [স. সংকীর্ণ+আত্মা]। **সংকীর্ণাবস্থা** *বিণ* ১ কার্পণ্য। ২

অসচ্ছলতা; দরিদ্রতা। [স. সংকীর্ণ+অবস্থা]
সংকীর্তন, সঙ্কীর্তন *বি* ১ মহিমা বর্ণন; মাহাত্ম্য কথন; গুণকীর্তন। ২ ঈশ্বরের মহিমা বর্ণনাত্মক গান। ৩ উচ্চারণ। [স. সম্+কীর্তন]
সংকুচিত, সঙ্কুচিত *বিণ* ১ কোঁকড়ানো; হ্রস্বীকৃত। ২ জড়সড়; কুণ্ঠিত। ৩ অপ্রসারিত। ৪ মুদিত; নিমীলিত। [স. সম্+√কুচ্+ত]
সংকুল, সঙ্কুল *বিণ* ১ সমাকীর্ণ; পূর্ণ। ২ মিশ্রিত; একত্র। [স. সম্+√কুল্+অ]
সংকুলান, সঙ্কুলান *বি* পর্যাপ্ত হওয়ার অবস্থা; যাতে কার্যসিদ্ধি হয় এমন অবস্থা; পর্যাপ্তি; প্রয়োজনানুরূপ; চাহিদানুগ অর্থের বা সামগ্রীর ব্যবস্থা থাকা। [স. সম্+বা. √কুলা+আন]
সংকেত, সঙ্কেত *বি* ১ ইঙ্গিত; ইশারা; অভিপ্রায়। ২ সূত্র; সন্ধান; খোঁজ। ৩ নায়ক-নায়িকার গোপনে মিলনের স্থান বা মিলনের নির্দিষ্ট স্থান। ৪ শব্দার্থ জ্ঞাপক শক্তি। ৫ চিহ্ন; লক্ষণ। [স. সম্+√কিৎ+অ]
সংকোচ, সঙ্কোচ *বি* ১ কুণ্ঠা; জড়সড় ভাব। ২ সংক্ষেপ। ৩ বন্ধন। [স. সম্+√কুচ্+অ]। **সংকোচন, সঙ্কোচন** *বি* হ্রস্বীকরণ; সংক্ষেপকরণ। **সংকোচশূন্য, সংকোচহীন** *বিণ* লজ্জাহীন; অকুণ্ঠ।
সংক্রম, সংক্রমণ, সংক্রাম *বি* ১ সঞ্চার; সঞ্চরণ; গমন; সংক্রান্তি। ২ রোগাদির বিস্তার। ৩ গ্রহগণের এক রাশি থেকে অন্য রাশিতে গমন বা সঞ্চার। ৪ সেতু; সোপান। ৫ গিরিপথ। [স.]
সংক্রমিত, সংক্রামিত *বিণ* ১ এক দেহ থেকে অন্য দেহে সঞ্চারিত; নিবেশিত; অন্যত্র প্রবেশিত। ২ প্রতিফলিত। [স.]
সংক্রান্ত *বিণ* ১ সম্পর্কিত; সঞ্চারিত। ২ প্রাপ্ত। ৩ প্রবিষ্ট। ৪ সম্পৃক্ত। [স. সম্+√ক্রম্+ত]
সংক্রান্তি *বি* ১ সূর্য ও গ্রহাদির এক রাশি থেকে অন্য রাশিতে গমন; সঞ্চার; ব্যাপ্তি। ২ মাসের শেষ দিন। ৩ অসময়। [স.]
সংক্রামক, সংক্রামী *বিণ* ১ সঞ্চারিত হয় এমন; ছোঁয়াচে। ২ সংস্পর্শে উৎপন্ন। [স.]। **সংক্রামক বিষ** *বি* ১ রোগ সৃষ্টিকারী জীবাণু। ২ ধ্বংসাত্মক বিষ।
সংক্ষিপ্ত *বিণ* ১ হ্রস্ব; ছোট। ২ একত্র করা হয়েছে এমন; রাশীকৃত। [স. সম+√ক্ষিপ্+ত]
সংক্ষুব্ধ *বিণ* ১ অতিশয় ক্ষুব্ধ হয়েছে এমন। ২ আকুল। ৩ আলোড়িত; আন্দোলিত। [স.]
সংক্ষেপ, সংক্ষিপ্তি *বি* ছোট করা; কমানো; চুম্বক। **সংক্ষেপিত** *বিণ* কমানো হয়েছে এমন। [স. সম্+√ক্ষিপ্+অ]
সংক্ষোভ *বি* ১ উত্তেজনা; ব্যাকুলতা। ২ আলোড়ন। ❑ *বিণ* অত্যন্ত ক্ষোভ। [স. সম্+ক্ষোভ]
সংখ্যক *বিণ* ১ ক্রম বা সংখ্যার পরিমাণ নির্দেশক। ২ বহুব্রীহি সমাসের উত্তর পদরূপে ব্যবহৃত সংখ্যার পূরক। [স.]
সংখ্যা *বি* ১ গণনা। ২ রাশি; number। ৩ অঙ্ক; figure; হিসাব-নিকাশের ক্রম যথা — ১, ২, ৩ প্রভৃতি। [স.]। **সংখ্যাগরিষ্ঠ** *বি* তুলনামূলকভাবে সংখ্যায় যা অপেক্ষাকৃত বড়; majority। **সংখ্যাতীত** *বিণ* গণনা করা যায় না এমন; অসংখ্য; অগণিত। **সংখ্যান** *বি* সংখ্যাকরণ; সংখ্যা নির্ধারণ। **সংখ্যালঘিষ্ঠ** *বিণ* সংখ্যায় যা সর্বাপেক্ষা ক্ষুদ্র বা ছোট। **সংখ্যালঘু, সংখ্যাল্প** *বি* যা সংখ্যায় ছোট বা অল্প; minority। [স. সংখ্যা+অল্প]
সংগ (চঙ্গ) *বি* পাথর; প্রস্তর। [ফা.]
সংগঠক *বি* গঠনকার; যে গঠনের কাজ করে; যে গঠন করে; organizer।
সংগঠন *ক্রি* সুসংবদ্ধকরণ; গঠনকরণ; নির্মাণ। ❑ *বি* ১ একত্রকরণ (সমিতি সংগঠন)। ২ কিছু লোক মিলে গড়ে তোলা দল বা প্রতিষ্ঠান। ৩ পরিপুষ্টিসাধন। **সংগঠিত** *বিণ* সুসংবদ্ধ হয়েছে এমন; সুষ্ঠুভাবে গঠন করা হয়েছে এমন।
সংগত, সঙ্গত *বিণ* ১ উপযুক্ত; উচিত। ২ মিলিত; অনুযায়ী। ❑ *বি* গানের সঙ্গে বাজনার মিল (তবলা সঙ্গত)।
সংগতি, সঙ্গতি *বি* ১ সংস্থান; সঞ্চয়; অর্থ সম্পদ। ২ নৈকট্য; সাহচর্য। ৩ মিলন। ৪ মিল; সামঞ্জস্য। ৫ ব্যবস্থা; উপায়। ৬ যোগ্যতা; ক্ষমতা। [স.]। **সংগতিপন্ন, সংগতিশালী, সংগতিসম্পন্ন** *বিণ* ধনবান; অর্থবান। **সংগতিশূন্য, সংগতিহীন** *বিণ* দরিদ্র; সম্বলহীন; অভাবগ্রস্ত।
সংগম, সঙ্গম *বি* ১ সম্ভোগ; দৈহিক মিলন; সহবাস। ২ একাধিক নদীর অথবা নদী ও সাগরের মিলন স্থান। [স. সম্√গম্+অ]
সংগীত, সঙ্গীত *বি* গান; গান-বাজনা; গীতবাদ্য; বাদ্যযন্ত্রের সুর লয় ধ্বনি (সংগীত চর্চা)। [স.]
সংগৃহীত *বিণ* সংকলিত; সংগ্রহ করা হয়েছে এমন। [স. সম্+গৃহীত]
সংগোপন, সঙ্গোপন *বি* ১ সম্পূর্ণ গোপন; লুকানো। ২ আত্মগোপন। [স.]। **সংগোপনে** *ক্রিবিণ* গুপ্তভাবে; লোকচক্ষুর অগোচরে।
সংগ্রহ, সংগ্রহণ *বি* ১ আহরণ; বিক্ষিপ্ত বস্তু সকল একত্রকরণ। ২ সঞ্চয়। ৩ চয়ন। **সংগ্রহশালা** *বি* ছোট জাদুঘর; শিল্পকর্ম ইত্যাদি রাখার জন্য গৃহ বা ভবন। **সংগ্রাহক** *বিণ* সংগ্রহকারী। **সংগ্রহিত্রী, সংগ্রাহিকা** *স্ত্রী*।
সংগ্রাম *বি* ১ যুদ্ধ। ২ প্রচেষ্টা। [স.]। **সংগ্রাম-শক্তি** *বি* যে শক্তির বলে বিরোধী শক্তির প্রবল বিরোধিতার মুখে টিকে থাকা যায়।
সংঘটক *বি* সংঘটনকারী। [স.]
সংঘটন *বি* ১ মিলন; যোজন; একত্রকরণ। ২ ঘটনা। ৩ গঠন। ৪ সংঘর্ষ। [স. সম্+ঘটন]। **সংঘটিত** *বিণ* ১ সম্যক ঘটিত; অনুষ্ঠিত। ২ সাধিত।
সংঘর্ষ, সংঘর্ষণ *বি* পরস্পর ঠোকাঠুকি; মর্দন; ধাক্কা। [স.]
সংঘাত *বি* ১ পরস্পর আঘাত; সংঘর্ষ। ২ সমষ্টি। ৩ নিবিড়তা। ৪ কোনো গতিশীল বস্তুর অন্য বস্তুর সঙ্গে সংঘর্ষ। [স.]
সংদিল, সঙ্গদিল *বিণ* কঠিন হৃদয়; নিষ্ঠুর। [ফা.]
সংচিত্রিত *বিণ* সম্যকরূপে চিত্রিত। [স.]
সংজ্ঞা *বি* ১ চৈতন্য; অনুভূতি। ২ আখ্যা; নাম; definition; লাক্ষণিক বা গুণগত পরিচিতি। ৩ জ্ঞান; বুদ্ধি। ৪ বিশ্বকর্মার কন্যা; সূর্যপত্নী। **সংজ্ঞান** *বি* চেতনা; সম্যক জ্ঞান; সঙ্কেত।
সংনমন *বি* (বিজ্ঞানে) চাপ প্রয়োগে সংকোচন; compression। [স.]। **সংনমিত** *বিণ* চাপ প্রয়োগে

সংকুচিত করা হয়েছে এমন।
সংবৎ *বি*১ রাজা বিক্রমাদিত্য প্রবর্তিত অব্দ (খ্রিস্টাব্দ+৫৬ বা ৫৭ বৎসর)। ২ বছর। [স.]।
সংবৎসর *বি* পূর্ণ এক বৎসরকাল। [স. সম্+বৎসর]
সংবরণ, সম্বরণ *বি*১ নিবারণ; দমন। ২ সংগোপন। [স. সম্+√বৃ+অন]
সংবর্ত *বি* মহাপ্রলয়; প্রলয় বর্ষণ। [স. সম্+√বৃৎ+অ]। **সংবর্তক, সংবর্তন** *বি* প্রলয়কালীন মেঘ।
সংবর্ধক *বিণ*১ অতিশয় বৃদ্ধিকারী (শক্তি সংবর্ধক)। ২ সম্মানকারী; সম্মান প্রদর্শনসহ অভ্যর্থনাকারী; সংবর্ধনাকারী। [স. সম্+√বৃধ্+ণিচ্+অন]। **সংবর্ধন, সংবর্ধনা** *বি* ১ অতিবৃদ্ধি; বাড়ানো। ২ সম্মানের সঙ্গে অভ্যর্থনা; সম্মাননা। **সংবর্ধিত** *বিণ* সসম্মানে অভ্যর্থিত।
সংবলিত, সম্বলিত *বিণ* মিশ্রিত; সংযোজিত; সমন্বিত। [স. সম্+√বল্+ত]
সংবহন *বি* সঞ্চালন। [পরিভাষা, স. সম্+√বহ্+অন]
সংবাদ *বি* খবর; সমাচার; বার্তা; শারীরিক ও বৈষয়িক অবস্থা (তোমার সংবাদ কী?); পরস্পর কথোপকথন (সখীসংবাদ)। [স. সম্+√বদ্+অ]। **সংবাদপত্র** *বি* খবরের কাগজ। **সংবাদবহ, সংবাদবাহক, সংবাদবাহী** *বি* ১ এক জায়গা থেকে অন্য জায়গায় যে সংবাদ বহন করে; messenger। ২ ডাকহরকরা। **সংবাদী** *বিণ*১ সম্ভাষী। ২ তুল্য; সদৃশ। ❑ *বি* সঙ্গীতে মূল সুরের সহায়ক সুর। **সংবাদিনী** *স্ত্রী.*।
সংবাহন, সংবাহ *বি*১ কোনো কিছু বহন। ২ অঙ্গমর্দন; massage। [স. সম্+√বহ্+ণিচ্+অন, অ]
সংবিৎ(-বিদ্) *বি* ১ প্রতিজ্ঞা। ২ চেতনা; জ্ঞান। [স.]
সংবিত্তি *বি*১ অনুভব; অনুভূতি। ২ জ্ঞান; চেতনা। [স. সম্+√বিদ্+তি]
সংবিদা *বি* কোনো কাজ ইত্যাদি করার জন্য চুক্তি। [স.]
সংবিদিত *বিণ* জ্ঞাত; অবগত। [স.]
সংবিধান *বি* রাষ্ট্রের গঠন ও পরিচালনা পদ্ধতি সংক্রান্ত নিয়মাবলী; রাষ্ট্র গঠনতন্ত্র; শাসনতন্ত্র; constitution। [স. সম্+বিধান]। **সংবিধাতা** *বি* ১ বিহিত ব্যবস্থাকারী। ২ আল্লাহ। **সাংবিধানিক** *বিণ* সংবিধানসংক্রান্ত; রাষ্ট্রের শাসনতন্ত্র অনুযায়ী।
সংবিষ্ট *বিণ*১ সুপ্ত; নিবিষ্ট; শায়িত। ২ মন্ত্র দিয়ে সম্মোহিত করা হয়েছে এমন; hypnotized। [স. সম্+√বিশ্+ত]
সংবীক্ষণ *বি* পর্যবেক্ষণ; সম্যকদর্শন। [স. সম্+বি+√ঈক্ষ্+অন]
সংবৃত *বিণ*১ আচ্ছাদিত; লুক্কায়িত। ২ সঙ্কুচিত। [স. সম্+√বৃ+ত]। **সংবৃতি** *বি* ১ আচ্ছাদন; আবরণ। ২ গোপন।
সংবেদ, সংবেদন, সংবেদনা *বি* জ্ঞান; অভিজ্ঞতা; অনুভব; sensation। [স. সম্+√বিদ্+অ, অন+ণিচ্+আ]। **সংবেদনশীল** *বিণ* অনুভূতিপ্রবণ। **সংবেদনশীলতা** *বি* সহানুভূতি; অনুভূতি। **সংবেদিত** *বিণ* অনুভব করা হয়েছে এমন; আবদ্ধ।
সংবেদ্য *বি* অনুভবযোগ্য। ❑ *বিণ*১ বিজ্ঞাপনীয়; বিজ্ঞাপিত হওয়ার যোগ্য। ২ জানতে হবে এমন; জ্ঞেয়। [স.]
সংযত *বিণ*১ পরিমিত; নিবৃত্ত। ২ বিনীত। ৩ প্রশমিত। [স. সম্+√যম্+ত]। **সংযতচিত্ত** *বিণ*১ শান্ত বা নিবৃত্ত। ২ শান্তমনা। **সংযতবাক** *বিণ* অল্পভাষী; মিতভাষী। **সংযতাত্মা** *বিণ* জিতেন্দ্রিয়। ❑ *বি* দমিত বা বশীভূত বা আত্মদমনে সফল যে আত্মা। **সংযতেন্দ্রিয়** *বিণ* ইন্দ্রিয়বিজয়ী; সংযমী। [সংযত+আত্মা/ইন্দ্রিয়]
সংযম *বি* ১ সংযতকরণ; নিয়ন্ত্রণ। ২ দমন; আয়ত্তে আনয়ন। ৩ রোধ; প্রতিহতকরণ। ৪ ব্রত; নিয়ম। [স. সম্+√যম্+অ]। **সংযমন** *বি* ১ নিয়ন্ত্রণ; বন্ধন। ২ নিয়ম পালন। **সংযমিত** *বিণ* সংযত বা নিয়ন্ত্রিত করা হয়েছে এমন। **সংযমী**(মিন্) *বিণ* ১ নিয়মনিষ্ঠ। ২ মিতব্যয়ী; অর্থব্যয়ে সংযম অবলম্বন করেছেন এমন।
সংযুক্ত *বিণ*১ মিলিত; সংলগ্ন; যোগকৃত। ২ সংক্রান্ত। ৩ বিশিষ্ট। [স. সম্+যুক্ত]
সংযুক্তা *বি* ১ সংযোগকৃতা। ২ নামবিশেষ। [স.]
সংযোগ *বি*১ সম্যক যোগ; মিলন; যোগাযোগ। ২ সম্পর্ক। ৩ বিবাহ। **সংযোগধর্মী**(মিন্) সংশ্লেষণী; নির্মাণকারী। [স. সম্+যোগ]। **বিয়োগধর্ম** *বিপ.*। **সংযোগযোগ্য** *বিণ* বিবাহযোগ্য। **সংযোগসাধক** *বিণ* ১ একত্রকারী। ২ সংঘটক। **সংযোগিত** *বিণ* সংযোগযুক্ত। **সংযোগী**(-গিন্) *বিণ*১ সংযোগকারী। ২ উদ্যোগী।
সংযোজন, সংযোজনা *বি*১ সংঘটন; মিলন; যোগসাধন। ২ আয়োজন; সংগ্রহ। **সংযোজক, সংযোজিকা** *বিণ* সংযোগ ঘটায় এমন। **সংযোজিত** *বিণ* একত্রকৃত; সম্মিলিত। [স. সম্+যোজন, যোজনা]
সংরক্ষণ, সংরক্ষা *বি* ১ রক্ষণাবেক্ষণ; কারও জন্য বিশেষভাবে রক্ষণ; বিশেষ উদ্দেশ্যে রক্ষণ; reservation; বিশেষভাবে রক্ষণ ও তত্ত্বাবধান। ২ পালন। [স. সম্+রক্ষণ]। **সংরক্ষক** *বি,বিণ* পালক; তত্ত্বাবধায়ক। **সংরক্ষণনীতি** *বি* দেশের শিল্পকে বৈদেশিক প্রতিযোগিতা থেকে বাঁচাবার জন্য নির্ধারিত নীতি বা ব্যবস্থা। **সংরক্ষণীয়** *বিণ* সংরক্ষণের যোগ্য। **সংরক্ষিত** *বিণ* রক্ষণাবেক্ষণকৃত; রক্ষা করা হয়েছে এমন। **সংরক্ষী**(-ক্ষিন্) *বি,বিণ* প্রহরী; রক্ষক।
সংরুদ্ধ *বিণ* অবরুদ্ধ; নিরুদ্ধ; সম্যকভাবে রুদ্ধ; প্রতিবদ্ধ। [স. সম্+রুদ্ধ]
সংরোধ *বি* অবরোধ; নিরোধ; প্রতিরোধ। [স. সম্+রোধ]
সংলগ্ন *বিণ* ১ সংযুক্ত; লাগাও (সংলগ্ন বাথরুম)। ২ প্রাসঙ্গিক। ৩ তীরস্থ হওয়া; কূলে লাগা। [স. সম্+লগ্ন]
সংলাপ *বি* ১ আলাপ; কথোপকথন। ২ নাটকের চরিত্রসমূহের পরস্পরের সঙ্গে কথাবার্তা; dialogue। [স. সম্+√লপ+অ]
সংলিপ্ত *বিণ*১ নিযুক্ত; লিপ্ত। ২ অন্তর্ভুক্ত; জড়িত। [স. সম্+লিপ্ত]। **সংলিপ্ততা, সংলেপ** *বি* তন্ময়তা; জড়িত অবস্থা।
সংশপ্তক *বি* মহাভারতে বর্ণিত সেনাদল যারা মরণপণ লড়াই করে; কৃষ্ণের বাহিনী; নারায়ণী সেনা। [স.]
সংশয় *বি*১ সন্দেহ; দ্বিধা; দ্বৈধবোধ। ২ ভবিষ্যতের ব্যাপারে ভয়। ৩ অনিশ্চয়তাবোধ। **সংশয়াকুল** *বিণ* ভয়াকুল; সন্দেহবিশিষ্ট। **সংশয়িত** *বিণ* সন্দেহযুক্ত; সন্দিগ্ধ; সংশয়ের বিষয়। **সংশয়াত্মক** *বিণ* সন্দেহপূর্ণ। **সংশয়ান্বিত** *বিণ* সন্দিগ্ধ; দ্বিধাযুক্ত। [স. সম্+√শী+অ]। **সংশয়ী**(-য়িন্) *বিণ* দ্বিধাযুক্ত চিত্ত; সংশয়কারী।
সংশুদ্ধি *বি* ১ পরিশোধন; উত্তমরূপে পরিষ্করণ। ২ পাপমুক্ত বা সুপবিত্রীকরণ। [স. সম্+শুদ্ধি]। **সংশোধক**

*বিণ*১ পরিষ্কারক; বিশোধক। ২ সংস্কারক; নির্ভুলকারক। **সংশোধ** *বি*১ বিশুদ্ধিকরণ। ২ পবিত্রকরণ; সংস্কার। ৩ ভুলভ্রান্তি দূরীকরণ। **সংশোধিত** *বিণ* ১ বিশুদ্ধিকৃত। ২ নির্ভুলীকৃত; সংশোধন করা হয়েছে এমন।

সংশ্লিষ্ট *বিণ*১ সম্পর্কিত; সংক্রান্ত। ২ জড়িত; মিলিত। ৩ অন্তর্ভুক্ত; শাখারূপে গৃহীত। [স. সম্+√শ্লিষ্+ত]। **সংশ্লেষ** *বি* সংযোগ; মিলন; বিভিন্ন বস্তুর সংযোগে নতুন বস্তু তৈরি। **সংশ্লেষণ** *বি* সংযোগ; এক পর্যায়ভুক্তকরণ; যৌগিক পদার্থ তৈরির জন্য বিভিন্ন বস্তুর সংমিশ্রণ।

সংসদ *বি*১ দল; সমিতি; সঙ্ঘ। ২ পরিষদ; রাষ্ট্রের কেন্দ্রীয় বিধান সভা বা পার্লামেন্ট (বাংলাদেশ জাতীয় সংসদ)। [স. সম্+√সদ্+ক্বিপ্]। **সংসদ-সদস্য, সাংসদ** *বি* পার্লামেন্ট বা আইন পরিষদের সদস্য।

সংসর্গ *বি* ১ সংস্রব; মেলামেশা; সঙ্গ। ২ সম্পর্ক। ৩ সহবাস; সঙ্গম। [স. সম্+√সৃজ্+অ]। **সংসর্গদোষ** *বি* সঙ্গদোষ। **সংসর্গী**(-গিন্) *বিণ* সংসর্গ রক্ষাকারী; সহবাসকারী।

সংসার *বি*১ পরিবার; ঘরকন্না; গার্হস্থ্য জীবন। ২ জগতের মায়াবন্ধন; মরজগৎ। ৩ ইহলোক; পৃথিবী; দুনিয়া; জগৎ; মর্ত্যলোক। ৪ বিবাহ। ৫ পত্নী। ৬ পারিবারিক অবস্থা। **সংসারত্যাগ** *বি* সংসারের মায়া কাটানো। **সংসারত্যাগী** (-গিন্) *বিণ* সন্ন্যাসী; বৈরাগী। **সংসারধর্ম, সংসারাশ্রম** *বি* গার্হস্থ্য জীবন; স্ত্রী পুত্র নিয়ে লোকালয়ে বসবাসকরণ। [স. সম্+√সৃ+অ]। **সংসার পাতা** *ক্রি* বিয়ে করে ঘরকন্না শুরু করা। **সংসারবন্ধন** *বি* স্ত্রীপুত্র সম্বলিত পার্থিব জগতের আকর্ষণ; মায়াময় জীবনের বন্ধন। **সংসার-বাসনা, সংসার-কামনা** *বি* সংসার পাতার ইচ্ছা; পার্থিব কামনা। **সংসারযাত্রা** *বি* গার্হস্থ্য জীবন; স্ত্রীপুত্র নিয়ে জীবনযাত্রা নির্বাহ। **সংসারলীলা** *বি* বৈচিত্র্যময় জাগতিক জীবনযাত্রার অভিনয়; মানবজন্ম। **সংসারস্রোত** *বি* সংসারের গতি; জীবনপ্রবাহ। **সংসারাসক্ত** *বিণ* জাগতিক বিষয় বাসনায় লিপ্ত। [স. সংসার+আসক্ত]। **সংসারী** *বিণ* সংসারধর্ম পালনকারী; গৃহস্থ। **সংসারিয়ানা** *বিণ* গৃহিণীপনা। **ঘোর সংসারী** *বিণ* ভোগ-সুখে অতিশয় আসক্ত।

সংসৃষ্ট *বিণ*১ সম্পর্কযুক্ত। ২ সংযোজিত; আসক্ত। [স. সম্+√সৃজ্+ত]। **সংসৃষ্টি** *বি*১ সংস্রব; মিলন। ২ (আল.) পরস্পর নিরপেক্ষ একাধিক অলঙ্কারের মিলন।

সংস্করণ *বি* ১ সংশোধন; মার্জন; উৎকর্ষসাধন; ত্রুটি-বিচ্যুতি দূরীকরণ। ২ পুস্তকের এককালে যত সংখ্যক কপি মুদ্রিত ও প্রকাশিত হয়; edition। ৩ সংশোধিত বা বিশেষ প্রয়োজনবশত মুদ্রণ ও প্রকাশন। **সংস্কর্তা** *বিণ* সংস্কারক; সংশোধক। ❑ *বি* পাচক। [স. সম্+√কৃ+ত+আ]।

সংস্কার *বি* ১ ত্রুটি বা অপূর্ণতার সংশোধন (সমাজসংস্কার); শুদ্ধি। ২ হিন্দুধর্মের দশবিধ শাস্ত্রীয় অনুষ্ঠান (বিবাহ, নামকরণ, অন্নপ্রাশন ইত্যাদি)। ৩ বিশ্বাস; আজন্ম ধারণা; ঝোঁক। ৪ ব্যাকরণাদির শুদ্ধি। ৫ অস্ত্রাদি শাণিতকরণ। ৬ প্রসাধন। ৭ মেরামত। [স. সম্+√কৃ+অ]

সংস্কারক *বিণ* ১ বিশোধক; উৎকর্ষ সাধনকারী। ২ মেরামতকারী।

সংস্কৃত *বিণ*১ মার্জিত; সংশোধিত বা পরিমার্জিত করা হয়েছে এমন। ২ সজ্জিত; অলঙ্কৃত। ❑ *বি* প্রাচীন ভারতের আর্যজাতির ভাষাবিশেষ। [স. সম্+√কৃ+ত]। **সংস্কৃতজ্ঞ** *বিণ* সংস্কৃত ভাষা ও শাস্ত্রে পণ্ডিত।

সংস্কৃতি *বি* ১ কৃষ্টি; culture; চিৎপ্রকর্ষ। ২ সংস্কার; শুদ্ধিকরণ। ৩ অনুশীলন দিয়ে অর্জিত জ্ঞান বুদ্ধির উৎকর্ষ। **সংস্কৃতিমান, সংস্কৃতিবান** (অশু.) *বিণ* কৃষ্টিসম্পন্ন; পরিশীলিত। **সংস্ক্রিয়া** *বি* সংস্কারকাজ; পরিমার্জনক্রিয়া।

সংস্থা *বি*১ প্রতিষ্ঠান; ব্যবস্থা। ২ সমিতি; সঙ্ঘ। ৩ স্থিতি। ৪ জমা; আয়। ৫ সংস্থালয়; সংস্থাগার; সমিতি বা সঙ্ঘের অফিস; দফতর। [স. সম্+√স্থা+অ+আ]।

সংস্থান *বি* ১ ব্যবস্থা; সংগ্রহ। ২ স্থিতি; সঞ্চয়। ৩ আশ্রয়স্থান। ৪ সন্নিবেশ; গঠন-কৌশল; বিন্যাস। [স. সম্+√স্থা+অন]

সংস্থাপক *বি* সংস্থানকারী; প্রতিষ্ঠাতা। [স.]। **সংস্থাপন** *বি* প্রতিষ্ঠা; সন্নিবেশ। **সংস্থাপয়িতা** *বিণ* প্রতিষ্ঠাতা। **সংস্থাপিত** *বিণ* প্রতিষ্ঠিত; স্থাপিত।

সংস্থিত *বিণ*১ সন্নিবিষ্ট; ব্যবস্থাপিত। ২ আয়োজিত। ৩ সঞ্চিত। ৪ আশ্রিত। **সংস্থিতি** *বি* ১ সংস্থান; একত্র অবস্থান। ২ আশ্রয়। [স. সম্+স্থিত]

সংস্পর্শ *বি*১ সম্পর্ক; সংযোগ। ২ প্রভাব। [স. সম্+স্পর্শ]

সংস্রব *বি*১ সম্পর্ক; সম্বন্ধ; ছোঁয়াচ। ২ প্রভাব। **সংস্রবচ্যুত** *বিণ* সম্পর্কমুক্ত। [স. সম্+√স্রু+অ]

সংহত *বিণ*১ সঙ্ঘবদ্ধ; সমবেত। ২ জমাট; ঘনীভূত; সুদৃঢ়।

সংহতি *বি* ১ সম্যক মিলন; ঐক্য। ২ সঙ্গী; সাথি। ৩ সঙ্ঘ। ৪ সমূহ। ৫ ঘনীভূত হওয়া। ❑ *ক্রিবিণ* সঙ্গে। [স. সম্+√হন্+ত]। **সংহতিবাদ** *বি* সঙ্ঘবদ্ধ কর্মসাধন মতবাদ।

সংহার *বি* ১ বিনাশ; ধ্বংস; প্রলয়। ২ অবসান। ৩ প্রত্যাকর্ষণ; সংযতকরণ। ৪ সংগৃহীত বস্তু। ৫ সঙ্কোচন। **সংহারক** *বিণ*১ সংহারকারী; বিনাশকারী। ২ প্রতিষেধক। [স. সম্+√হৃ+অ]। **সংহারমূর্তি** *বি* ধ্বংসেকর মূর্তি; অতিশয় ভয়াবহ আকার। **সংহর্তা, সংহারকারী** *বিণ* বিনাশক।

সংহিত *বিণ* মিলিত; সংগৃহীত। [স.]

সংহিতা *বি* ১ হিন্দুদের পবিত্র ও অবশ্যপালনীয় নির্দেশসমূহ। ২ বেদের মন্ত্রসমূহ। [স.]

সংহৃত *বিণ*১ সংগৃহীত। ২ বিনষ্ট; অপহৃত। ৩ সংক্ষিপ্ত; সঙ্কুচিত। **সংহৃতি** *বি* ১ সংগ্রহ। ২ সংহার; ধ্বংস। ৩ প্রত্যাকর্ষণ; সংকোচন। [স. সম্+√হৃ+ত]

সঁপা, সপা *ক্রি* ১ সমর্পণ করা। ২ বিসর্জন করা। ৩ আত্মদান করা। [স. সমর্পণ>]

সকণ্টক *বিণ*১ কাঁটাযুক্ত। ২ বাধাবিপত্তি পরিপূর্ণ। ❑ *বি* রোমাঞ্চিত; শিহরিত। [স.]

সকরুণ *বিণ* সদয়; করুণাপূর্ণ; দয়ার্দ্র। ❑ *বি* অতিশয় দুঃখপূর্ণ বা বেদনাযুক্ত। [স.]

সকর্দম *বিণ* কাদামাখা। (পায়ে বা গায়ে)। [স.]

সকর্মক *বিণ* কর্মের সঙ্গে বিদ্যমান; (ব্যা.) যে ক্রিয়ার কর্ম আছে। [স.]

সকল *বিণ*১ সমস্ত; সব; সমুদয়। ২ (বহুব্রীহি) কলার সঙ্গে বর্তমান। [স.]। ❑ *বি* সমস্ত লোক।

সকাণ্ড *বিণ* কাণ্ড বা শাখাযুক্ত; শর বা বাণসহ। [স.]

সকাতর *বিণ* বিনীত; ব্যগ্র; অতি ব্যাকুল; অতিশয় দুঃখ বা কাতরতার সঙ্গে। [স.]
সকাম *বি* কামনাযুক্ত; ফলাকাঙ্ক্ষাযুক্ত। ❑ *বিণ* কামনা চরিতার্থ হয়েছে এমন। [স.]
সকাল, সক্কাল *বি* ভোরবেলা। ❑ *বিণ* ত্বরা; শীঘ্র। [স. সকাল]
সকাশ *বি* নিকট; সন্নিধান; সমীপ। [স.]
সকুণ্ডল *বিণ* কানের কুণ্ডল বা কর্ণাভরণসহ। [স.]
সকৌতুক *বিণ* কৌতুকযুক্ত। [স.]
সক্কর *বি* মিষ্টি; চিনি; শর্করা। [আ. শক্কর]
সক্ত *বিণ* আসক্ত; অনুরক্ত; সংলগ্ন। [স.]। **সক্তি** *বি* আসক্তি; কামনা।
সক্তু *বি* ছাতু।
সক্রিয় *বিণ* ১ ক্রিয়াশীল। ২ কার্যকর; কাজের সঙ্গে বিদ্যমান। [স.]। **সক্রিয়তা** *বি*।
সক্ষত *বিণ* ক্ষতযুক্ত; দোষ আছে এমন। [স.]
সক্ষম *বিণ* সবল; সমর্থ; শক্তিময়। **সক্ষমতা** *বি* সবল অবস্থা; শক্তিযুক্ত অবস্থা; নিপুণতা; ক্ষমতা সামর্থ্য। [স.]
সখা *বি* বন্ধু; সঙ্গী; সহচর; বয়স্য; সুহৃদ; মিত্র। **সখাবর** *বি* শ্রেষ্ঠ সখা। **সখিতা** *বি* সখীভাব; বন্ধুত্ব। **সখী, সখি** *বি স্ত্রী.* বান্ধবী; বন্ধুত্ব। **সখী, সখি** *বি* বান্ধবী; সহচরী। [স. সহ্ বা সমান+√খ্যা+ই]। **সখীভাবে** *বি* ১ সখীর ন্যায় আচরণ। ২ বৈষ্ণব সাধন প্রণালীবিশেষ। **সখীসংবাদ** *বি* মথুরায় শ্রীকৃষ্ণের নিকট বৃন্দা দূতীর বিরহিণী রাধিকার মানসিক অবস্থার বর্ণনা বা ওই বিষয়ক গান; কবিগানের অংশবিশেষ। **সখ্য, সখিত্ব** *বি* বন্ধুত্ব। **সখ্যতা** (অশু.)।
সখিল(অ-বা) (আরবি সখী শব্দের বিকৃত রূপ) *বিণ* উদার; দয়ালু; সহৃদয়। [আ. সখী]। **সখিলি** *বি* উদারতা; দয়া। তুল. বখিল।
সখেদ *বিণ* খেদযুক্ত। [স. সহ+খেদ]। **সখেদে** *ক্রিবিণ* দুঃখের সঙ্গে।
সগড়ি *বি* সকড়ি; এঁটো; স্পৃষ্ট। [আঞ্চলিক]।
সগর *বিণ* বিষযুক্ত। ❑ *বি* হিন্দুপুরাণ মতে সূর্যবংশীয় রাজাবিশেষ।
সগর্ভ *বিণ* গর্ভযুক্ত। ❑ *বি* সহোদর। **সগর্ভা** *বিণ স্ত্রী.* অন্তঃসত্ত্বা; সমান গর্ভসম্ভূতা। ❑ *বি* গর্ভিণী; সহোদরা। [স. সহ+গর্ভ]
সগুণ *বিণ* ১ গুণযুক্ত; সুফল; গুণবান। ২ ছিলাযুক্ত (সগুণ ধনুক)। ৩ সত্ত্ব রজঃ তমঃ এই তিন গুণযুক্ত। [স. সহ+গুণ]
সগোত্র *বি, বিণ* একবংশজাত; জ্ঞাতি; আত্মীয়। ❑ *বি* এক মনোধর্মবিশিষ্ট। **সগোত্রা** *স্ত্রী.*। [স. সমান+গোত্র]
সঘন[১] *বিণ, ক্রিবিণ* ঘন ঘন; খুব নিকট; বারবার; নিরন্তর। [বা. স+স. ঘন]। **সঘনে** *ক্রিবিণ* (কাব্যে) বারেবারে; মুহুর্মুহু।
সঘন[২] *বিণ* মেঘযুক্ত; মেঘাবৃত। [স. সহ+ঘন]
সঘর *বি* সমতুল্য ঘর; কুলীন; বৈবাহিক সম্বন্ধ স্থাপনের পক্ষে উপযুক্ত বংশ। [বা. স+ঘর]। **অঘর** *বিপ.*।
সঙ্গ *বি* ১ মিলন; সংসর্গ। ২ বন্ধুত্ব। ৩ সম্বন্ধ; সংস্রব। ৪ সঙ্গম। [স.]। **সঙ্গচ্যুত** *বি* সঙ্গ থেকে বিচ্ছিন্ন। **সঙ্গদাতা** *বিণ* বান্ধব; সঙ্গ দেয় এমন। **সঙ্গদোষ** *বি* মন্দ সংসর্গের দোষ। **সঙ্গপ্রিয়** *বিণ* সাহচর্যপ্রিয়। **সঙ্গী** *বিণ* সহচর; বন্ধু; সাথি। **সঙ্গিনী** *স্ত্রী.*। **সঙ্গীলেজুর** *বিণ* সহচর; বন্ধু। **সঙ্গে** *অব্য* নিকট; সাথে। **সঙ্গে সঙ্গে** *অব্য, ক্রিবিণ* ১ সর্বদা; একসাথে। ২ তৎক্ষণাৎ; সেই মুহূর্তে।
সঙ্গিন, সঙিন *বিণ* গুরুতর; সঙ্কটপূর্ণ (রুগির অবস্থা সঙ্গিন); সাংঘাতিক। ❑ *বি* বেয়নেট। [ফা.]
সঙ্ঘ *বি* ১ দল; সমূহ (সঙ্ঘবদ্ধ)। ২ সমিতি; প্রতিষ্ঠান। ৩ বৌদ্ধ ভিক্ষু সমাজ। [স.]। **সঙ্ঘচারী** *বি, বিণ* দলবদ্ধভাবে বিচরণকারী। **সঙ্ঘজীবী** *বিণ* শ্রমিক; মজদুর।
সচকিত *বিণ* ভয়চঞ্চল; ত্রস্ত। [স. সহ+চকিত (ভয়)]। **সচকিতা** *স্ত্রী.*। **সচকিতে** *ক্রিবিণ* ত্রস্তভাবে; আচমকা।
সচঞ্চল *বিণ* অস্থির। [স.]
সচন্দন *বিণ* চন্দনযুক্ত; চন্দনমাখা। [স. সহ+চন্দন]
সচরাচর[১] *বিণ* চরাচরের সঙ্গে বিদ্যমান; জগৎ।
সচরাচর[২] *ক্রিবিণ* সাধারণ; প্রায়শ; প্রায়ই। [স. সহ+ চরাচর]
সচল *বিণ* ১ চলতে সক্ষম; গতিশীল। ২ প্রচলিত; চালু। [বা. সহ+স. চল]। **অচল** *বিপ.*।
সচিত্র *বিণ* ছবি আছে এমন; চিত্রযুক্ত; চিত্রময়। [স. সহ+চিত্র]
সচিব *বি* ১ সরকারের সর্বোচ্চ পদের অফিসার। মন্ত্রণালয়ের প্রধান আমলা; মন্ত্রী (যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র সচিব); সহায়; পরামর্শদাতা। ২ কর্মসম্পাদক; secretary। [স.]
সচেতক *বি* হুইপ (whip); আইন সভায় দলের শৃঙ্খলা বজায় রাখার ভারপ্রাপ্ত চেতনাদানকারী ব্যক্তি। [স.]
সচেতন *বিণ* ১ চেতনাবিশিষ্ট; জীবন্ত; প্রাণবান। ২ সতর্ক; সজাগ; সজ্ঞান। [স. সহ+চেতনা]।
সচেষ্ট *বিণ* উদ্যোগী; যত্নবান; চেষ্টিত; চেষ্টান্বিত। [স. সহ+চেষ্টা]
সচ্চরিত্র *বিণ* কলুষতামুক্ত যে চরিত্র; সৎস্বভাব; সদাচারী। [স. সৎ+চরিত্র]। **সচ্চরিত্রা** *স্ত্রী.*। **সচ্চরিত্রতা** *বি*।
সচ্চিদানন্দ *বি* হিন্দুমতে নিত্য জ্ঞানময় ও সুখস্বরূপ ব্রহ্ম; নিত্যজ্ঞানসুখময়। ❑ *বিণ* সর্বদা আনন্দ এমন; সর্বসুখী ও জ্ঞানী। [স. সৎ+চিৎ+আনন্দ]।
সচ্ছল *বিণ* ১ সঙ্গতিপন্ন; অভাবশূন্য; অর্থ-সম্পদশালী। ২ অপ্রতিহত গতি। [স. সৎ+শীল]। **সচ্ছলতা** *বি* সঙ্গতিসম্পন্ন অবস্থা; প্রাচুর্য।
সচ্ছিদ্র, সছিদ্র *বিণ* রন্ধ্রবিশিষ্ট; ছিদ্রযুক্ত; দোষযুক্ত। [স. সহ+ছিদ্র]। **সচ্ছিদ্রা** *স্ত্রী.*।
সজন *বিণ* জ্ঞাতি; আপনজন। [স.]
সজল *বিণ* ১ জলপূর্ণ। ২ ভিজা; আর্দ্র; অশ্রুপূর্ণ। [স. সহ+ জল]। **সজলনেত্রে** *ক্রিবিণ* জলপূর্ণ চোখে; অশ্রুপূর্ণ চোখে।
সজাগ *বিণ* ১ জাগ্রত; নিদ্রাহীন। ২ সতর্ক; অবধানযুক্ত; সচেতন। [স. সজাগর>]। **সজাগ ঘুম** *বিণ* ঘুমন্ত অবস্থায়ও সতর্ক ও জাগ্রত; লঘু ঘুম। **চোরকে বলে চুরি করতে, গেরস্তকে বলে সজাগ থাকতে**—যে দুই পক্ষকেই হাতে রাখতে চায়; মুনাফিক; কপটতা যার স্বভাব।
সজাতি *বিণ* একজাতীয়; সমশ্রেণীভুক্ত। ❑ *বি* একই জাতির অন্তর্ভুক্ত লোক; এক গোষ্ঠী বা সম্প্রদায়ের লোক। [স. সমান+জাতি]। **সজাতীয়** *বিণ* একই জাতির অন্তর্ভুক্ত; সমশ্রেণীর; একই ধরনের। **সজাতীয়া** *স্ত্রী.*। **সাজাত্য** *বি* জাতীয়তাবোধ।
সজিনা, শজিনা *বি* গাছবিশেষ যার ফুল ও ফল তরকারি রূপে খাওয়া হয়। [স. শোভাঞ্জন>]
সজীব *বিণ* সতেজ; জীবন্ত; জীবিত; সচেতন। [স.

সহ+জীব]। **নির্জীব** *বিপ.*। **সজীবতা** *বি* উদ্যমশীলতা; জীবন্ত অবস্থা; উৎফুল্লতা; প্রাণশক্তি।
সজোর *বিণ* জোরযুক্ত; শক্তিমান; বেগবান। [স. সহ+ফা. জোর]। **সজোরে** *ক্রিবিণ* জোরের সঙ্গে; বেগের সঙ্গে।
সজ্জ[১] *বিণ* সজ্জিত; প্রস্তুত।
সজ্জ[২] *বি* ফলমূল শাকসবজি ইত্যাদি। [ফা.]।
সজ্জন[১], **সজ্জনা** *বি* সজ্জিতকরণ; আয়োজন; সেনা-সংস্থাপন। [স. √সজ্জ্+অন +আ]।
সজ্জা *বি* ১ বেশভূষা; পোশাক-পরিচ্ছদ। ২ আয়োজন; উপকরণ। [স. √সজ্জ্+অন+আ]। **সজ্জাগজ্জা** *বি* সাজগোজ। **সজ্জাগৃহ** *বি* সাজঘর। **সজ্জিত** *বিণ* সাজ-পোশাক পরিহিত। **সজ্জিতা** *স্ত্রী.*।
সজ্ঞান *বিণ* সচেতন; জ্ঞানযুক্ত। [স. সহ+জ্ঞান]। **সজ্ঞানে** *ক্রিবিণ* জ্ঞান বা চৈতন্য থাকতে; জ্ঞানত।
সঞে (প্রা-বা) *ক্রিবিণ* সঙ্গে; সাথে; হতে; থেকে (তুল. সঙ্গে; মৈ. সনে)।
সঞ্চয় *বি* ১ সংগ্রহ; চয়ন; আহরণ। ২ জমানো; পুঁজিকরণ। ৩ অবস্থান। [স. সম্+√চি+অ]। **সঞ্চয়ন** *বি* সংগ্রহ করার কাজ; নির্বাচিত সংগ্রহ। **সঞ্চয়নী** *বি* বিবিধ প্রবন্ধ সম্বলিত সাময়িক পত্র-পত্রিকা। **সঞ্চিতা, সঞ্চয়িতা** *বি* কবিতা বা গল্প ইত্যাদির সংগ্রহ। **সঞ্চয়ী**(-য়িন্) *বিণ* আহরণকারী; সঞ্চয়কারী; জমাকারী। **সঞ্চিত** *বিণ* রাশীকৃত; আহৃত; জমা করা হয়েছে এমন। **সঞ্চীয়মান** *বিণ* উপচীয়মান; সঞ্চয় হচ্ছে এমন। **সঞ্চেয়** *বিণ* সঞ্চয় করার উপযুক্ত; আহরণযোগ্য।
সঞ্চরণ *বি* ১ বিচরণ; কম্পন। ২ গমন। ৩ পথ; সেতু। [স. সম+√চর্+অন]। **সঞ্চরমাণ** *বিণ* সঞ্চরণ করছে এমন; বিচরণশীল। **সঞ্চরিত** *বিণ* সঞ্চরণকৃত; সঞ্চরণ করছে এমন।
সঞ্চলন *বি* ১ বিচরণ; নড়নচড়ন; আন্দোলন; দোলন। ২ প্রচলন। [স. সম্+চলন]
সঞ্চার, সঞ্চারণ *বি* ১ সংক্রমণ; গতি; গমনাগমন। ২ এক স্থান থেকে অন্য স্থানে গমন; গ্রহাদির ভিন্ন রাশিতে গমন। ৩ প্রসার; ব্যাপ্তি। ৪ আবির্ভাব; উদ্রেক; বিস্তার; স্থাপন। ৫ প্রচার। ৬ সঞ্চালন। [স. সম্+√চর্+অ, অন]। **সঞ্চারক** *বি,বিণ* সঞ্চার করে যে; পরিচালক। ❑*বিণ* প্রসারক; প্রচারক। **সঞ্চারিকা** *বি,বিণ স্ত্রী.* দূতী; যে নারীর ইতস্তত গতিবিধি আছে। **সঞ্চারিত** *বিণ* সঞ্চার হয়েছে বা করেছে এমন। **সঞ্চারী**(-রিন্) *বিণ* ১ সঞ্চরণশীল; বিচরণকারী। ২ ছোঁয়াচে। ৩ উদ্রেক করে বা সঞ্চার করে এমন। ৪ গানের অন্তরা; কলির পরবর্তী কলি। ৫ ব্যভিচারী ভাব; আবেগ। **সঞ্চারিণী** *স্ত্রী.*।
সঞ্চালক *বি,বিণ* পরিচালক; প্রবর্তক। **সঞ্চালিকা** *স্ত্রী.*।
সঞ্চালন *বি* ১ পরিচালন। ২ আন্দোলন; নড়াচড়া; চলাচল। ৩ সংক্রামণ। [স. সম্+চালন]। **সঞ্চালিত** *বিণ* ১ আন্দোলিত; পরিচালিত। ২ সংক্রামিত।
সঞ্জনন, সঞ্জননা *বি* উৎপাদন; উৎপাদনশক্তি। [স.]।
সঞ্জাত *বিণ* উদ্ভূত; উৎপন্ন। [স. সম্+জাত]
সঞ্জাব *বি* কাপড়ে লাগনো পাড়। [ফা.]
সঞ্জীবন[১] *বি* প্রাণধারণ। [স. সম্+√জীব্+অন]
সঞ্জীবন[২] *বি* জীবন সঞ্চার; জীবন্ত করা। ❑*বিণ* জীবনদায়ী; প্রাণসঞ্চারক। [স. সম্+ √জীব্+ণিচ্+অন]।
সঞ্জীবনী *বি স্ত্রী.* প্রাণরক্ষাকারী বা জীবনদানকারী ঔষধিবিশেষ। ❑*বিণ স্ত্রী.* জীবন সঞ্চারকারিণী। **সঞ্জীবিত** *বিণ* পুনর্জীবিত; পুনরুজ্জীবিত।
সট[১] *অব্য* ক্ষিপ্রতাবাচক; অতি দ্রুততাসূচক। **সটসট** *অব্য* ঝটপট বা দ্রুত পলায়নপর অনেক লোকের অপসৃয়মান অবস্থাজ্ঞাপক।
সট[২] *বি* নিক্ষেপ; ফুটবল খেলার সময়ে পা দিয়ে বল মারা। [ই. shot]
সটকা[১] *বি* ১ নলবিশিষ্ট আলবোলা। ২ মাছি ধরার কাঠিকল।
সটকা[২] *ক্রি* পলায়ন করা। [হি.]
সটকান *বি* পলায়ন; চম্পট। **সটকানো** *ক্রি* পলায়ন করা। **সটকান দেওয়া** *ক্রি* পলায়ন করা।
সটান *ক্রিবিণ* ১ একটানা; সোজাসুজি। ২ লম্বভাবে; টান টান অবস্থায়। [স. সহ+বা. টান]
সটীক *বিণ* টীকা সম্বলিত; টীকাসহ; ব্যাখ্যাযুক্ত। [স. সহ+টীকা]
সঠিক [অশু কিন্তু ব্যবহৃত] *বিণ* যথার্থ; সত্য সত্য; নির্ভুল; ঠিক। ❑*ক্রিবিণ* ঠিকমতো। **বেঠিক** *বিপ.*।
সডাক *বিণ* ডাকমাশুলসমেত। [স. সহ+বা. ডাক]
সড় *বি* ষড়যন্ত্র; গুপ্তমন্ত্রণা; গোপন পরামর্শ। [আ.]। **সড় করা** *ক্রি* গোপনে পরামর্শ করা; ষড়যন্ত্র করা। **সড় থাকা** *ক্রি* গুপ্ত ষড়যন্ত্রে যোগ থাকা।
সড়ক *বি* রাজপথ; বড় রাস্তা; মাটি দ্বারা বাঁধা পথ। [স. সড়ক; আ. শরক]
সড়কি *বি* বর্শা; বল্লম।
সড়গড় *বিণ* মুখস্থ; রপ্ত; আয়ত্ত। [আঞ্চলিক]
সড়সড় *অব্য* সর্পাদির গমনকালে যে অনুকার ধ্বনি সৃষ্টি হয়; দ্রুত গমন বা পিচ্ছিলতাসূচক শব্দ।
সড়া *বিণ* পচা; গলিত; নষ্ট।
সড়াক, সড়াৎ *অব্য* দ্রুত গতিতে কোনো কিছুর সরে যাওয়া বা পিছলে পড়ার কালে যে শব্দ হয়।
সৎ[১] *বি* অস্তিত্ব; বিদ্যমানতা; নিত্যতা। ❑*বিণ* ১ সত্তাযুক্ত; অস্তিত্ববিশিষ্ট। ২ সত্য। ৩ সু; শুভ। ৪ সাধু। ৫ বিদ্বান; জ্ঞানী। [স. √অস্+অৎ]। **সতী** *স্ত্রী.*। **অসৎ** *বিপ.*। **সৎকর্ম**(-র্মন্), **সৎকার্য** *বি* ভালো কাজ; পুণ্য কার্য; সাধারণের হিতকর যে কার্য। **সৎক্রিয়া** *বি* ১ শুভ কাজ। ২ হিন্দু শাস্ত্রবিহিত ক্রিয়াকর্ম; সৎকার। **সৎপ্রসঙ্গ** *বি* উত্তম প্রসঙ্গ; ধর্মীয় বিষয়াদি। **সৎবিজ্ঞাতা** *বিণ* জ্ঞানের যে রূপ দ্বারা প্রশান্তভাব বিজ্ঞাত হয়; প্রশান্ত।
সৎ[২] *বিণ* সতিন সম্পর্কিত। [স. সপত্নী>]। **সৎ ছেলে, সৎ পো, সৎ বেটা** *বি* সতিনের ছেলে। **সৎ বাপ** *বি* বিপিতা; জননীর অন্য পতি। **সৎ ভাই** *বি* বিমাতার ছেলে। **সৎ বোন** *বি* সৎ মা বা বিমাতার কন্যা। **সৎ মা** *বি* বিমাতা। **সৎ মেয়ে** *বি* সতিনের মেয়ে। **সৎ শাশুড়ি** *বি* স্ত্রীর সৎ মা; শাশুড়ির সতিন।
সতত *ক্রিবিণ* সদা; সর্বদা; নিরন্তর; অনবরত। [স. সম্+√তন্+ত]
সততা *বি* ন্যায়পরায়ণতা; সাধুতা। [স. সত্তা>]
সতবর্গ *বি* ফুল গাছবিশেষ।
সতর *বি* ১ লজ্জাস্থান আচ্ছাদন। ২ ইসলামি শাস্ত্র মতে পুরুষ ও নারীর দেহের নির্দিষ্ট স্থান পর্যন্ত ঢেকে রাখার নাম। [আ.]

সতর্ক *বিণ* হুঁশিয়ার; সাবধান। [স. সহ+তর্ক]। **সতর্কতা** *বি* সাবধানতা; হুঁশিয়ার। **সতর্কীকরণ** *বি* সাবধান করে দেওয়া।

সতা (প্রা–বা) *বি* সতিন। [স. সপত্নী>]। **সতাই** *বি* বিমাতা। **সতাতো, সতালো** *বিণ* বৈমাত্রেয়। **সতা–সতিন** *বিণ* সতীন সম্পর্ক।

সতিন, সতীন *বি* সপত্নী। [স. সপত্নী>]। **সতিন–কাঁটা** *বি* কণ্টকরূপ সতিন। **সতিন–ঝি** *বি* সপত্নী কন্যা। **সতিন পো** *বি* সতিনের ছেলে। [স. সপত্নীপুত্র>]

সতী *বিণ* সাধ্বী; পতিব্রতা; (যে নারী) স্বামী ভিন্ন অন্য পুরুষে আসক্ত নয় এমন। ❑ *বি* ১ হিন্দু পুরাণের দক্ষ কন্যা; শিবানী। ২ স্বামীর মৃত্যুতে সহগামিনী স্ত্রী। [স. সৎ+ঈ]। **সতীচ্ছদ** *বি* কুমারী–ঝিল্লি বা যোনিমুখের পাতলা পর্দা। **সতীত্ব** *বি* যৌন পবিত্রতা; পাতিব্রত্য; সতী স্ত্রীর ধর্ম। **সতীদাহ** *বি* হিন্দু মতে মৃত স্বামীর চিতায় স্ত্রীর পুড়ে মৃত্যুবরণ। **সতীধর্ম** *বি* স্বামীর প্রতি নারীর একনিষ্ঠতা বা যৌন পবিত্রতা। **সতীপনা, সতীগিরি** *বি* (ব্য.) সতীত্বের ভুয়া গর্ব বা মিথ্যা ভড়ং। **সতীলক্ষ্মী** *বি* সতী সাধ্বী ও ঘরের লক্ষ্মীস্বরূপ। **সতীসাধ্বী** *বি* পতিব্রতা ও অত্যন্ত পতিগতপ্রাণা। **সতীসাবিত্রী** *বি* হিন্দু মতে সাবিত্রীর মতো সতী।

সতীর্থ, সতীর্থ্য *বি* সহপাঠী; একই সময়ে এক গুরুর কাছে শিক্ষাপ্রাপ্ত। [স. সমান+তীর্থ (গুরুঘাট); সতীর্থ+য]

সতুষ *বিণ* তুষের সঙ্গে বিদ্যমান; খোসাযুক্ত। [স. সহ+তুষ]

সতৃণ *বিণ* তৃণসহ; যেখানে তৃণ আছে। [স.]

সতৃষ্ণ *বিণ* ১ তৃষ্ণা বা পিপাসাযুক্ত। ২ আবেদনযুক্ত; লালায়িত; লুব্ধ; অতিশয় আগ্রহযুক্ত। [স. সহ+তৃষ্ণা]

সতেজ *বিণ* তেজি; বলবান; প্রাণপূর্ণ। [স. সহ+বা. তেজ]

সতেরো, সতের *বি,বিণ* সপ্তদশ; ১৭ সংখ্যা বা সংখ্যক। [স. সপ্তদশ>]

সৎকার, সৎকৃতি, সৎক্রিয়া *বি* ১ সম্মান; সমাদর; খাতির; সেবা। ২ অন্ত্যেষ্টিক্রিয়া; মৃতদেহের শেষকৃত্য। [স. সৎ+√কৃ+অ, তি, অ+আ]। **সৎকৃত** *বিণ* সৎক্রিয়া–যুক্ত; সৎকার করা হয়েছে এমন।

সত্তর *বি* ১ ৭০ সংখ্যা বা সংখ্যক। [স. সপ্ততি>]। ২ আরবি ভাষায় 'সত্তর' সংখ্যাটি অজস্র অপরিমেয় অসংখ্য বহু অনেক অর্থে ব্যবহৃত। বাংলায় মুসলিম সমাজে শাস্ত্রীয় প্রসঙ্গে এ অর্থে 'সত্তর' বহুল ব্যবহৃত (যেমন এক পয়সা দান করলে সত্তর পয়সা আয় হয়। এক ঘণ্টা জ্ঞানের চর্চা সত্তর ঘণ্টা এবাদতের সমান)।

সত্তা *বি* ১ অস্তিত্ব; স্থিতি; বিদ্যমানতা; বর্তমানতা। ২ সাধুতা; শ্রেষ্ঠত্ব। ৩ আমিত্ব বা স্বামিত্ব। [স. সৎ+তা]

সত্ত্ব[১] *বি* ১ সত্তা; নিত্যতা; অস্তিত্ব (বিদ্বান সত্ত্বেও মূর্খ)। ২ প্রাণ; আত্মা; চৈতন্য। ৩ বল; শক্তি; তেজ; পরাক্রম। ৪ স্বভাব; প্রকৃতি। ৫ উৎসাহ। ৬ ভ্রূণ। ৭ সত্ত্ব, রজঃ, তমঃ—প্রকৃতির এই গুণত্রয়ের মধ্যে শ্রেষ্ঠ গুণ। ৮ ধন; ঐশ্বর্য। [স. সৎ+ত্ব]। **সত্ত্বগুণ** *বি* মহৎ–প্রবণতা; প্রাকৃতিক গুণত্রয়ের একটি গুণ। **সত্ত্বেও** *অব্য* কোনো কিছু হলেও বা ঘটলেও।

সত্ত্ব[২] *বি* ফলের রস দ্বারা প্রস্তুত কোনো খাদ্যবস্তু (আমসত্ত্ব)।

সত্য, সত্যি *বিণ* অমিথ্যা; যথার্থ; বাস্তব; নির্ভুল; সাচ্চা। ❑ *বি* ১ অনশ্বরত্ব; নিত্যতা। ২ সত্তা; বিদ্যমানতা। ৩ প্রতিজ্ঞা; শপথ; দিব্য (তিন সত্য করা)। ৪ হিন্দু মতে চার যুগের প্রথম যুগ। ৫ যথার্থ জ্ঞান। ৬ সপ্তলোক বা ভুবনের উপরিস্থিত লোক। ❑ *অব্য* নিশ্চয়। [স. সৎ+য]। **সত্য নারায়ণ** *বি* হিন্দু দেবতাবিশেষ; সত্যপীর নামক লৌকিক দেবতা। **সত্যনিষ্ঠ, সত্যপরায়ণ** *বিণ* সত্যবাদী; সত্যানুসারী। **সত্যপথ** *বি* প্রকৃত পথ; ধর্মের পথ। **সত্যপীর** *বি* খাঁটি পীর; যে পীর সত্য পথের সন্ধান দিতে সক্ষম; হিন্দু মুসলমানের লৌকিক দেবতা বা পীর। **সত্যপ্রতিজ্ঞ** *বিণ* দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ; স্থিরপ্রতিজ্ঞ। **সত্যপ্রিয়** *বিণ* সত্যনিষ্ঠ; সত্য বলা বা শোনা কামনা এমন। **সত্য ফল** *বি* বিল্ব বৃক্ষ; বেল গাছ। **সত্যবাদিতা** *বি* সত্য বলার অভ্যাস। **সত্যবাদী**(–দিন্) *বিণ* যিনি সত্য কথা বলেন এমন। **সত্যবাদিনী** *স্ত্রী*। **সত্যবান** *বিণ* সত্যনিষ্ঠ। ❑ *বি* হিন্দু পুরাণোক্ত রাজা দ্যুমৎসেনের পুত্র ও সাবিত্রীর স্বামী। **সত্যভঙ্গ** *বি* শপথ রক্ষা না করা। **সত্যভাষী** *বিণ* সত্যবাদী। **সত্যমূলক** *বিণ* মূলে সত্য আছে এমন। **সত্যয়** *বি* অস্তিত্ব; সত্তা। **সত্যরক্ষা** *বি* প্রতিশ্রুতি রক্ষা করা। **সত্যসন্ধ** *বিণ* সত্যপ্রতিজ্ঞ; স্থিরপ্রতিজ্ঞ। **সত্যাগ্রহ** *বি* ১ সত্য প্রতিষ্ঠার জন্য প্রতিজ্ঞা। ২ ধর্মঘট। **সত্যাগ্রহী**(–হিন্) যিনি সত্য ও ন্যায্য অধিকার রক্ষার জন্য প্রতিজ্ঞা করেন; যিনি কোনো ন্যায্য দাবি পূরণের জন্য ধর্মঘট করেন বা দুঃখকষ্ট বরণ করেন।

সত্যানুসন্ধান *বি* প্রকৃত তথ্য জানবার জন্যে যে অনুসন্ধান; সত্য উদ্‌ঘাটনের প্রচেষ্টা। **সত্যানুসন্ধিৎসা** *বি* সত্য অনুসন্ধানের ইচ্ছা। [স. সত্য+অনুসন্ধান, অনুসন্ধিৎসা]

সত্যাসত্য *বি* সত্য ও মিথ্যা; যথার্থতা বা অযথার্থতা। [স. সত্য+অসত্য]

সত্যিকার, সত্যিকারের *বিণ* প্রকৃত; যথার্থ।

সত্র, ছত্র *বি* ১ অন্নাদি দানের বা বিতরণের জায়গা; আশ্রম। ২ যজ্ঞ; ব্রত; সদাচার ব্রত। ৩ বিদ্যালয়াদির পরিষদ বা অধিবেশন। ৪ অরণ্য। [স. √সদ্+ত্র]

সত্রাস *বিণ* ভীত; ভীতিযুক্ত। [স. সহ+ত্রাস]। **সত্রাসে** *ক্রিবিণ* ভীতভাবে; সভয়ে।

সত্বর *ক্রিবিণ* ১ শীঘ্র; ত্বরায়; জলদি। ২ সতর্ক। [স. সহ+ত্বরা]

সদকা, ছদকা *বি* ১ খয়রাত; সাহায্যদান; আল্লাহর নামে দান। ২ বিপন্নমুক্তির/পাপমুক্তির জন্য দান। [আ. সদাকা]

সদন *বি* ১ আলয়; আবাস। ২ সামীপ্য; নৈকট্য; সকাশ; প্রতি। ৩ আশ্রম; সমীপ। [স. √সদ্+অন]।

সদনুষ্ঠান *বি* সৎকর্ম; শুভ অনুষ্ঠান; ধর্মকর্ম। [স. সৎ+অনুষ্ঠান]

সদভিপ্রায় *বি* ভালো উদ্দেশ্য; সাধু সংকল্প। [স. সৎ+অভিপ্রায়]

সদয় *বিণ* দয়াপরবশ; দয়ালু; কৃপাযুক্ত; সুপ্রসন্ন; অনুকূল। [স. সহ+দয়া]

সদর, ছদর *বি* ১ বহির্বাটি; অন্তঃপুরের বাইরে যে ঘর বা বাড়ি। ২ বাইরের অংশ। ৩ জেলার প্রধান শহর; রাজধানী; head quarter। ৪ দেশের সর্বোচ্চ শাসনকর্তার পদবিবিশেষ; president। ৫ শহর সম্পর্কিত। ❑ *বিণ* ১ খোলা; ফাঁকা। ২ প্রকাশ্য; প্রধান। [আ.]। **সদর অন্দর** *বি* ১ বাহির ও ভিতর। ২ (আল.) প্রকাশ্য ও অপ্রকাশ্য। [আ.+ফা.]। **সদর আমিন** *বি* রাজস্ব বিভাগীয় নিম্নশ্রেণীর

বিচারক; মুনসেফ। **সদরে আলা, সদরআলা** *বি* ১ সাবজজ। ২ সর্বোচ্চ ক্ষমতার অধিকারী। **সদর কাছাড়ি** *বি* প্রধান কার্যালয় বা অফিস বা দপ্তর। **সদর খাজনা, সদর জমা** *বি* সরকারি রাজস্ব। **সদর দরজা** *বি* সিংহদ্বার; সিংহ-দরজা; প্রধান দরজা; ফটক। **সদর মফস্বল** *বি* শহর ও গ্রাম। **সদর মালগুজার** *বি* যিনি সাক্ষাৎ সম্বন্ধে সরকারি খাজাঞ্চিখানায় খাজনা বা রাজস্ব দাখিল করেন। **সদর মেট** *বি* প্রধান সর্দার। **সদর মোকাম** *বি* ব্যবসা-বাণিজ্যের বা আইন আদালতের প্রধান কেন্দ্র। **সদরে, সদুরে** *বিণ* প্রকাশ্য; সদর সম্বন্ধীয়।

সদরি, সদরিয়া, সদুরি *বি* কারুকার্য করা বহিরাবরণ; ছোট জামাবিশেষ (সাধারণত যার আস্তিন হয় না—জহরকোট/মুজিবকোট)। [ফা., আ.]

সদর্থক *বিণ* ১ উত্তম বা সৎ অর্থসূচক। ২ অস্তিত্ববাচক; হাঁ-বাচক। [স. সৎ+আ+ক]। **কদর্থক** *বিপ.*।

সদর্প *বিণ* অহঙ্কৃত; গর্বিত। [স. সহ+দর্প]। **সদর্পে** *ক্রিবিণ* দর্পের সঙ্গে।

সদসৎ *বিণ* ১ ভালো ও মন্দ; সৎ ও অসৎ। ২ অস্তিত্বযুক্ত ও অস্তিত্বহীন। [স. সৎ+অসৎ]।

সদস্য *বি* সঙ্ঘ সমিতি প্রতিষ্ঠান প্রভৃতির সভ্য। [স. সদস্+য]

সদা *অব্য, ক্রিবিণ* সর্বদা; হামেশা; সবসময়ে; চিরদিন। [স. সর্ব+দা]। **সদাগতি** *বিণ* সব সময়ে গতিশীল। ❑ *বি* সূর্য। **সদানন্দ, সদানন্দময়** *বিণ* সর্বদা আনন্দময়। ❑ *বি* পরমাত্মা। **সদাপুষ্প** *বিণ* সর্বদা ফুলে ফুলে ভরা। ❑ *বি* নারিকেল গাছ। **সদাফল** (বিরল) *বি* ফলবিশেষ। **সদাব্রত** *বি* সর্বদা ব্রত; অন্নসত্র। **সদাশিব** *বিণ* শান্ত; প্রসন্ন; উদার। ❑ *বি* হিন্দু দেবতা শিব। **সদাসর্বদা** *অব্য* সব সময়; হরহামেশা।

সদাই, সদায় *বি* বেসাতি; সওদা। [ফা.]

সদাচার *বিণ* ধর্মসম্মত আচার। ❑ *বি* সদ্ব্যবহার; সাধু আচরণ। [স. সৎ+আচার]। **সদাচারী**(-রিন্) *বিণ* সদাচারসম্পন্ন ব্যক্তি; শাস্ত্রবিহিত আচরণকারী। [স. সৎ+আচারী]। **সদাচারিণী** *স্ত্রী.*।

সদাত্মা *বিণ* সদাশয়; সাধু। [স. সৎ+আত্মা]

সদালাপ *বি* কলুষমুক্ত কথাবার্তা; সৎ কথাবার্তা। [স. সৎ+আলাপ]। **সদালাপী** *বিণ* সর্বদা সৎ কথা বলে এমন; অমায়িক।

সদাশয় *বিণ* দয়ালু; উদারচেতা; মহানুভব ব্যক্তি। [স. সৎ+আশয়]। **সদাশয়া** *স্ত্রী.*। **সদাশয়তা** *বি* মহানুভবতা; সহৃদয়তা।

সদিচ্ছা *বি* সাধু অভিলাষ; মঙ্গল বাসনা; শুভ কামনা। [স. সৎ+ইচ্ছা]

সদিয়াল *বিণ* একশত সৈন্যের নেতা। [হি. শতী+ওয়ালা]

সদুত্তর *বি* যথাযথ জবাব; সন্তোষজনক উত্তর। [স. সৎ+উত্তর]

সদুদ্দেশ্য *বি* সৎ সংকল্প; সাধু উদ্দেশ্য; নেক নিয়ত। [স. সৎ+উদ্দেশ্য]

সদুপায় *বি* ১ সাধু পন্থা; সৎ পথ; ন্যায় পথ; সমাধান। ২ সংস্থান; আয়। [স. সৎ+উপায়]

সদৃশ *বিণ* সমজাতীয়; সমান; তুল্য। [স. সমান+√দৃশ্+অ]। **সদৃশতা** *বি* তুল্যতা; অনুরূপতা; সাদৃশ। **সদৃশবিধান** *বি* যা দ্বারা রোগ উৎপন্ন হয় তা দ্বারা চিকিৎসা—এরূপ পদ্ধতিতে চিকিৎসা; হোমিওপ্যাথি।

সদ্গতি *বি* ১ উত্তম গতি বা পরিণাম; সুব্যবস্থা। ২ মৃত্যু; মুক্তি। ৩ (ব্য.) অপব্যয়; নষ্ট। ৪ (ব্য.) ভোজন। [স. সৎ+গতি]

সদ্গোপ *বি* হিন্দু জাতিবিশেষ। [স. সৎ+গোপ]

সদ্বিচার *বি* ন্যায়সঙ্গত বিচার; ইনসাফ; সুমীমাংসা। [স. সৎ+বিচার]

সদ্বিবেচনা *বি* উত্তম বিবেচনা; উৎকৃষ্ট মীমাংসা বা নির্ধারণ। [স. সৎ+বিবেচনা]। **সদ্বিবেচক** *বিণ* উত্তম বিবেচনাকারী; সুবিচারক।

সদ্বুদ্ধি *বি* শুভবুদ্ধি। [স. সৎ+বুদ্ধি]

সদ্ব্যবহার *বি* ১ শিষ্টাচার; সদাচার। ২ সদুদ্দেশ্যে সুসঙ্গত ব্যবহার। [স. সৎ+ব্যবহার]

সদ্ভাব *বি* ১ সম্প্রীতি; বন্ধুভাব। ২ সত্তা; স্থিতি; অস্তিত্ব। ৩ কল্যাণপ্রসূ চিন্তাধারা। [স. সৎ+ভাব]

সদ্য, সদ্যঃ(-দ্যস্) *অব্য* সেই ক্ষণে; মাত্র; এইমাত্র; টাটকা। [স.]। **সদ্যপক্ব** *বিণ* সবেমাত্র পেকেছে এমন; সদ্য রান্না করা হয়েছে এরূপ। **সদ্যঃপাতী**(-তিন্) *বিণ* ওঠার সঙ্গে সঙ্গে পড়ে এমন; অতিশয় ক্ষণস্থায়ী; অত্যন্ত নশ্বর। **সদ্যপ্রসূত** *বিণ* এইমাত্র জন্মেছে এমন। **সদ্যবিগত** *বিণ* সম্প্রতি অতীত হয়েছে এমন। [স.]। **সদ্য-সদ্য** *অব্য* তন্মুহূর্তে; তৎক্ষণাৎ; সঙ্গে সঙ্গে। **সদ্যস্নাত** *বিণ* এইমাত্র স্নান করেছে এমন। **সদ্যস্নাতা** *স্ত্রী.*। **সদ্যুক্তি** *বি* উত্তম পরামর্শ। [স. সৎ+যুক্তি]। **সদ্যোজাগ্রৎ** *বিণ* এইমাত্র নিদ্রা থেকে জাগরিত। **সদ্যোজাত** *বিণ* সদ্য-প্রসূত; নবোৎপন্ন। **সদ্যোজীবী**(-বিন্) *বিণ* ক্ষণস্থায়ী। **সদ্যোমুক্ত, সদ্যমুক্ত** *বিণ* ১ বন্ধন থেকে এইমাত্র মুক্ত। ২ মৃত্যুমাত্র মোক্ষপ্রাপ্ত। **সদ্যোমৃত, সদ্যমৃত** *বিণ* এইমাত্র মৃত্যু হয়েছে এমন। **সদ্যোমৃতা, সদ্যমৃতা** *স্ত্রী.*। [স. সদ্যঃ+জাত, জীবী, মুক্ত, মৃত, মৃতা]

সধবা *বি* যার স্বামী বর্তমান; এয়োস্ত্রী। **বিধবা/অধবা** *বিপ.*। [স. সহ+ধব+আ]

সধর্মা, সধর্মী(-র্মিন্) *বিণ* ১ একই ধর্মাবলম্বী। ২ একরূপ গুণবিশিষ্ট। **সধর্মিণী** *স্ত্রী.*। **সধর্মিণী, সধর্মচারিণী** *বিণ* সহধর্মিণী; পত্নী; স্ত্রী। [স. সমান+ধর্মণ; সধর্ম+ইন]

সন *বি* বৎসর; সাল; অব্দ। [আ. সনঃ]। **সন-তারিখ** *বি* ঘটনার বৎসর ও তারিখ। [আ. সনঃ+তারীখ]। **সন সন** *ক্রিবিণ* প্রতি সন; প্রতি বৎসর; ফিসন। **সনা, সনী** *বিণ* বৎসর সম্বন্ধীয়; বৎসরে বৎসরে; বার্ষিক (তিন সনি বন্দোবস্ত)। **ফিসন** *বি* প্রতিবছর। **বাংলা সন** *বি* সম্রাট আকবর প্রবর্তিত বাংলা সৌর বৎসর; বঙ্গাব্দ। **হিজরি সন** *বি* হজরত মুহম্মদের (সা.) মক্কা থেকে মদিনায় গমনের সময় থেকে নির্ধারিত চান্দ্র বৎসর।

সনদ, সনন্দ (বিরল) *বি* ১ বাদশাহি হুকুম; দলিল; প্রমাণপত্র। ২ উপাধিপত্র। ৩ বিশেষ পাঠ সমাপনান্তে প্রাপ্ত উপাধি বা শংসাপত্র; সার্টিফিকেট। [আ. সনদ]

সনাতন *বিণ* ১ নিত্য; চিরস্থায়ী; চিরন্তন। ২ চির; বর্তমান; শাশ্বত। ❑ *বি* ১ প্রভু। ২ হিন্দুদেবতা ব্রহ্মা, বিষ্ণু, শিব। [স.]। **সনাতন ধর্ম** *বি* প্রাচীন, অপরিবর্তনীয় ও চিরস্থায়ী ধর্ম; হিন্দুধর্ম। **সনাতনী** *বি স্ত্রী.* হিন্দুদেবী দুর্গা; লক্ষ্মী; সরস্বতী। ❑ *বি, বিণ* প্রাচীনপন্থি; হিন্দু; হিন্দু ধর্মাচারে

আস্থাবান।
সনাথ *বিণ* ১ পতির সাথে। ২ প্রভুযুক্ত; অভিভাবক/রক্ষণা-বেক্ষণকারী আছে এমন। [স.]। **সনাথা** *বিণ স্ত্রী.* স্বামী বা প্রভু আছে এমন; সধবা। **অনাথ** *বিপ.*।
সনির্বন্ধ *বিণ* আগ্রহাতিশয়যুক্ত; সবিনয়; মিনতিযুক্ত। [স. সহ্+ নির্বন্ধ]
সনে *ক্রিবিণ* (পদ্যে) সাথে; সহিত; সঙ্গে; লগে। [আঞ্চলিক]
সনেট *বি* চৌদ্দ অক্ষরবিশিষ্ট চৌদ্দ ছত্রের এক প্রকার কবিতা। এর বিশেষ আঙ্গিক, ভাব ও বিভাজনগত রূপ আছে, যেমন অষ্টক/ষটক। [ই. sonet]
সন্ত *বি* সাধু; সন্ন্যাসী। [হি. সন্ত >স. সৎ; তু., ই. saint]
সন্তত *ক্রিবিণ* নিরন্তর; সতত; সর্বদা; অবিবিস্তৃত।
সন্ততি *বি* ১ সন্তান; পুত্রাদি। ২ বংশ; গোত্র। ৩ পঙ্ক্তি; শ্রেণী। ৪ ধারা; পর্যায়ক্রমে। ৫ পারম্পর্য; বিচ্ছেদহীন। ৬ বিস্তার। [স. সম্+√তন্+তি]
সন্তপ্ত *বিণ* ১ উত্তপ্ত; তপ্তকৃত। ২ শোকার্ত; মনস্তাপযুক্ত। ৩ জ্বরাদি হেতু উত্তাপযুক্ত। ৪ পথশ্রান্ত। [স. সম্+তপ্ত]
সন্তরণ *বি* সাঁতার। [স. সম্+তরণ]। **সন্তরণদক্ষ** *বিণ* সাঁতারে অভিজ্ঞ। [স.]
সন্তর্পণ *বি* সম্যক তৃপ্তিদান; সন্তুষ্টকরণ। ❑ *বিণ* তুষ্টিপ্রদ; তৃপ্তিদায়ক। [স. সম্+তর্পণ]। **সন্তর্পণে** *ক্রিবিণ* অতি সাবধানে; অতি যত্নে। **সন্তর্পিয়া** *বিণ* (পদ্যে) অতিশয় তুষ্ট করে; শাস্ত্রসম্মতভাবে মৃতের তর্পণ করে।
সন্তাগার *বি* ১ আশ্রয়; সাধু সন্ন্যাসীদের আবাস। ২ আশ্রম; আখড়া; খানকা; হুজুরা। [হি. সন্ত+স. আগার]
সন্তান *বি* ১ অপত্য; পুত্র; কন্যা। ২ বংশধর। ৩ ধারা; প্রবাহ। ৪ বিস্তার; ব্যাপ্তি। [স. সম্+√তন্+অ]। **সন্তানবতী** *বিণ স্ত্রী.* সন্তানযুক্তা। **সন্তানবাৎসল্য** *বি* সন্তানের প্রতি স্নেহ বা মায়ামমতা। **সন্তানবান** *বিণ* পুত্রকন্যার জন্মদাতা; সন্তান আছে এমন। **সন্তানবতী** *স্ত্রী.*। **সন্তানসন্ততি** *বি* বংশপরম্পরা; পুত্রকন্যা ও পরবর্তী বংশধরগণ। **সন্তানসম্ভাবনা** *বি* অচিরেই সন্তানের জন্ম হবে এমন; অন্তঃসত্ত্বা অবস্থা। **সন্তানহীন** *বিণ* আঁটকুড়ে; সন্তান হয়নি এমন; সন্তান ছিল অথচ এখন নেই এমন; নিঃসন্তান। **সন্তানহীনা** *স্ত্রী.*। **সন্তানোচিত** *বিণ* সন্তানের উপযুক্ত। **সন্তানোৎপাদন** *বি* বংশধরের জন্মদান। [স. সন্তান+ উচিত, উৎপাদন]
সন্তাপ *বি* ১ অন্তর্দাহ; মনস্তাপ; শোক-জ্বালা। ২ উত্তাপ; জ্বরের উত্তাপ। ৩ অগ্নি ইত্যাদির তাপ। [স. সম্+তাপ]। **সন্তাপক্লিষ্ট** *বিণ* রোগ শোক তাপ দ্বারা ক্লিষ্ট। **সন্তাপন** *বি* ১ উত্তাপন; তাপদান। ২ দাপদায়ক। **সন্তাপিত** *বিণ* উত্তপ্তকৃত; সন্তপ্ত; পরিতাপযুক্ত। **সন্তাপী** (-পিন্) *বিণ* সন্তাপযুক্ত; শোকার্ত; সন্তপ্ত। [স.]
সন্তালন, সন্তলন *বি* অল্প ভাজা; সাঁতলানো।
সন্তুষ্ট *বিণ* পরিতৃপ্ত; খুশি; আনন্দিত; সুপ্রসন্নচিত্ত। [স. সম্+তুষ্ট]। **সন্তুষ্টা** *বিণ স্ত্রী.* সন্তোষযুক্তা। **সন্তুষ্টি** *বি* অত্যন্ত তৃপ্তি; অতিশয় আহ্লাদ।
সন্তোষ *বি* তৃপ্তি; আনন্দ; হর্ষ; তুষ্টি; খুশি। [স. সম্+তোষ]
সন্ত্রস্ত *বিণ* অতিশয় ভীত; ভয়-ব্যাকুল। [স. সম্+ত্রস্ত]। **সন্ত্রস্তা** *স্ত্রী.*। [স.]
সন্ত্রাস *বি* মহাশঙ্কা; অতিশয় ভয়। [স. সম্+ত্রাস]। **সন্ত্রাসবাদ** *বি* রাজনৈতিক ক্ষমতা লাভের জন্য হত্যা অত্যাচার ইত্যাদি কার্য অনুষ্ঠান-নীতি; terrorism। **সন্ত্রাসবাদী, সন্ত্রাসিক** *বিণ* রাজনৈতিক ক্ষমতা লাভের জন্য হত্যাকাণ্ড সংঘটনের পক্ষপাতী; terrorist। **সন্ত্রাসিত** *বিণ* শঙ্কিত; ভীত; সন্ত্রস্ত। **সন্ত্রাসিতা** *স্ত্রী.*।
সন্দ *বি* সন্দেহ; সংশয়।
সন্দর্ভ *বি* ১ প্রবন্ধ; গবেষণাপত্র। ২ সংকলন। ৩ গূঢ়ার্থ; অন্তর্নিহিত ভাব। [স. সম্+√দৃভ্+অ]
সন্দর্শন *বি* ১ সম্যক দর্শন; অবলোকন; সাক্ষাৎকার। ২ পরীক্ষা; নিরীক্ষা। [স. সম্+দর্শন]
সন্দল *বি* চন্দনবৃক্ষ; চন্দন। [আ.]
সন্দিগ্ধ *বিণ* ১ সন্দেহযুক্ত; ভীত। ২ অনিশ্চিত। [স. সম্+ √দিহ্+ত]। **সন্দিগ্ধতা** *বিণ* সন্দেহের ভাব; সংশয়; ভয়।
সন্দিহান *বিণ* সন্দেহযুক্ত; সংশয়িত। [স. সম্+√দিহ্+ আন]
সন্দীপক *বিণ* উৎসাহক; প্রজ্বালক। [স.]
সন্দীপন *বি* ১ প্রজ্বলন; দগ্ধকরণ; উদ্দীপন। ২ উৎসাহিতকরণ; সাহসদান। ৩ প্রজ্বালক। ❑ *বিণ* প্রেরণাদানকারী; উৎসাহক। [স. সম্+দীপন]। **সন্দীপনী** *বিণ* সঞ্জীবনী; উৎসাহদানকারী। **সন্দীপিত, সন্দীপ্ত** *বিণ* ১ প্রজ্বলিত। ২ উৎসাহিত।
সন্দেশ *বি* ১ সংবাদ; খবর; আদেশ। ২ ছানাজাত মিষ্টিবিশেষ। [স. সম্+√দিশ্+অ]। **সন্দেশবহ, সন্দেশহর** *বিণ* সংবাদ বহন করে এমন; দূত।
সন্দেহ *বি* ১ সংশয়; ভয়; আশঙ্কা। ২ কাব্যের অর্থালঙ্কারবিশেষ। [স. সম্+√দিহ্+অ]। **সন্দেহজনক** *বিণ* সংশয় উদ্রেককারী। **সন্দেহভঞ্জন** *বি* সংশয়ের নিরসন। **সন্দেহাকুল** *বিণ* সংশয়ব্যাকুল।
সন্ধান *বি* ১ খোঁজখবর; তল্লাশ; অনুসন্ধান; অন্বেষণ। ২ ঠিকানা; পাত্তা। ৩ গোপন পথ; প্রবেশদ্বার। ৪ রহস্য; তত্ত্ব। ৫ যোজনা। ৬ সাজসজ্জা। ৭ মদ তৈরিকরণ; গাঁজানো; fermentation। ৮ মিলন; মিশ্রণ; সংযোজন। [স. সম্+√ধা+অন]। **সন্ধানপুস্তক** *বি* অভিধান বা কোষাদি শ্রেণীর গ্রন্থ; reference book। **সন্ধানসুলুক, সুলুকসন্ধান** *বি* ১ খোঁজখবর। ২ কলাকৌশল। **সন্ধানী** (-নিন্), **সন্ধায়ী** (-য়িন্) *বিণ* অনুসন্ধানকারী। **ঘরসন্ধানী বিভীষণ** *বি* যে লোক আপন ঘরের সন্ধান শত্রুর কাছে বলে অনিষ্ট ঘটায়।
সন্ধি *বি* ১ দেহের অঙ্গপ্রত্যঙ্গের গ্রন্থি বা মিলনস্থল; দেহগ্রন্থি। ২ বিবদমান পক্ষদ্বয়ের রাজনৈতিক চুক্তি সম্পাদন। ৩ মিলনকাল। ৪ সন্ধান; রহস্য। ৫ কৌশল; তত্ত্ব। ৬ (ব্যা.) দুই বর্ণের মিলন। ৭ সুড়ঙ্গপথ। ৮ সমাবেশ। [স. সম্+ √ধা+ই]। **সন্ধিক্ষণ** *বি* এক সময়ের অবসান অন্য সময়ের আরম্ভ। **সন্ধিচোর** *বি* সিঁধেল চোর। **সন্ধিপূজা** *বি* মহাষ্টমী ও মহানবমীর সন্ধিকালে দুর্গাপূজা। **সন্ধিবদ্ধ** *বিণ* ১ রাজনৈতিক বা পারস্পরিক চুক্তিতে আবদ্ধ। ২ মিলন। **সন্ধিবন্ধ** *বি* অঙ্গ-প্রত্যঙ্গের সংযোগ; শিরা। **সন্ধিবাত** *বি* শরীর সংযোগস্থানে বাত সঞ্চারকৃত রোগ। **সন্ধিবিগ্রহ** *বি* চুক্তিবদ্ধ হওয়া এবং পরে চুক্তিভঙ্গ করা; বন্ধুত্ব ও বিবাদ। **সন্ধিভঙ্গ** *বি* ১ চুক্তিভঙ্গ করা। ২ গ্রন্থিচ্যুতি; dislocation। **সন্ধিমুক্ত** *বিণ* সংযোগ ছিন্ন হওয়া; গ্রন্থি বা অস্থিচ্যুত।
সন্ধিৎসা *বি* সন্ধান করার ইচ্ছা; জানার ইচ্ছা। [স. সম্+√ধা+সন্+অ+আ]। **সন্ধিৎসু** *বি* অন্বেষণ করতে

ইচ্ছুক।
সন্ধিস্থল *বি* সংযোগস্থল; জোড়ার স্থান। [স.]
সন্ধ্যা, সন্ধ্যে, সাঁঝ (কথ্য) *বি*১ দিন ও রাতের মিলনকাল; রাত্রির আরম্ভ। ২ যুগসন্ধি; যুগের অবসান। ৩ জীবনের শেষ মুহূর্ত। ৪ উপাসনা। ৫ পুরা এক দিন-রাত্রি। [স. সম+√ধৈ+অ+আ]। **সন্ধ্যা-আহ্নিক, সন্ধ্যাহ্নিক** *বি* হিন্দু ধর্মমতে সায়ংকালীন ঈশ্বর-বন্দনা; ত্রিসন্ধ্যা উপাসনা। **সন্ধ্যা করা** *ক্রি* হিন্দুদের সায়ংকালীন উপাসনা করা। **সন্ধ্যাতারা** *বি* সাঁঝের বেলা সর্বাগ্রে উদিত তারা। **সন্ধ্যাত্রয়, ত্রিসন্ধ্যা, তিনসন্ধ্যা** *বি* প্রাতঃকাল; মধ্যাহ্ন এবং সায়ংকাল। **সন্ধ্যাদীপ** *বি* সাঁঝের বাতি; সেঁজুতি। **সন্ধ্যারাগ** *বি* সূর্য অস্তমিত হওয়ার পর রক্তিম আলোকচ্ছটা। **সন্ধ্যালোক** *বি* অস্তগামী সূর্যের শেষ ম্লান আলোকচ্ছটা; twilight। [স. সন্ধ্যা+আলোক]
সন্ধ্যাভাষা, সন্ধাভাষা *বি* ১ দুর্বোধ্য ভাষা; যে ভাষার কিছু বোঝা যায় না আর কিছু বোঝা যায়। ২ প্রাচীন আর্যাবর্ত ও প্রাচীন বঙ্গদেশের মধ্যবর্তী সন্ধ্যাদেশের ভাষা। ৩ দুই অঞ্চলের সংযোগস্থলে প্রচলিত ভাষা। ৪ ইঙ্গিতময় বা সংকেতময় ভাষা (চর্যাপদ সন্ধ্যাভাষায় রচিত)। ৫ আলো-আঁধারি ভাষা। [স. সন্ধ্যাভাষা]
সন্নত *বিণ*১ অবনত; নত। ২ প্রণত। [স. সম্+√নম্+ত]। **সন্নতি** *বি* ১ বিনয়; নম্র ও ভদ্রভাব। ২ প্রণাম; মিনতি।
সন্নদ্ধ *বিণ*১ সংবদ্ধ। ২ অস্ত্রাদি যুদ্ধসাজে সজ্জিত। ৩ শ্রেণীবদ্ধ। ৪ সাঁজোয়া পরা। [স. সম্+√নহ্+ত]
সন্না *বি* কাঁটাদি তোলার ছোট চিমটা; লোম তোলার জন্যে ব্যবহৃত নাপিতের চিমটাবিশেষ। [স. সন্দংশ>]
সন্নাহ *বি*১ সাঁজোয়া। ২ কবজ। **সন্নাহ্য** *বি* ১ সাঁজোয়ায় সজ্জিত; পোশাক; পরিচ্ছদ। ২ রণহস্তী। [স.]
সন্নিকট *বি* সন্নিধি; খুব নিকট। ❑ *ক্রিবিণ* অত্যন্ত কাছাকাছি। [স. সম্+নিকট]। **সন্নিকটে** *ক্রিবিণ* খুব নিকটে।
সন্নিকর্ষ *বি* নৈকট্য; আকর্ষণ; নিকট অবস্থান। **সন্নিকর্ষণ** *বি* সন্নিকটে বা নিকটে অবস্থান; সান্নিধ্য। **সন্নিকৃষ্ট** *বিণ* অতিশয় নিকটবর্তী; সমীপস্থ। [স.]
সন্নিধান, সন্নিধি *বি* ১ নৈকট্য; নিকটে অবস্থান। ২ আবির্ভাব; আগমন। ৩ আশ্রয়। [স. সম্+নি+√ধা+অন, ই]। **সন্নিধাতা** *বিণ* গচ্ছিত রাখে এমন; চোরাই মাল জমা করা হয় এমন। ❑ *বি* (প্রা-বা) খাজনার হিসাব রেখে যিনি তা সরকারি তহবিলে জমা দিতেন।
সন্নিপাত *বি*১ সম্যক নাশ; পতন। ২ বাত কফ পিত্তের দোষযুক্ত বিকার রোগ; টাইফয়েড। ৩ একত্র মিলন; সমষ্টি। [স. সম্+নিপাত]
সন্নিবদ্ধ *বিণ* ১ দৃঢ়ভাবে গ্রথিত; উত্তমরূপে আবদ্ধ। ২ নিবিষ্ট; সম্যকভাবে অভিভূত। [স. সম্+নিবদ্ধ]। **সন্নিবিষ্ট** *বিণ*১ সন্নিকটস্থ। ২ সংস্থিত; অন্তঃপ্রবিষ্ট। ৩ উপবিষ্ট। ৪ বিন্যস্ত। ৫ সংস্থাপিত।
সন্নিবন্ধ, সন্নিবন্ধন *বি* একত্র; সংকলন; গ্রন্থন; শক্ত বন্ধন। [স.]
সন্নিবৃত্ত *বিণ* ১ সম্যক নিবৃত্ত; বিরত। ২ প্রত্যাবর্তিত; প্রত্যাগত। [স. সম্+নিবৃত্ত]। **সন্নিবৃত্তি** *বি*১ সম্যক বিরতি। ২ প্রত্যাবর্তন।
সন্নিবেশ *বি*১ সংস্থাপন। ২ স্থিতি। ৩ সংযোগ। ৪ বিন্যাস। ৫ আশ্রম। [স. সম্+নিবেশ]। **সন্নিবেশিত** *বিণ* সন্নিবিষ্ট করা হয়েছে এমন। [স.]
সন্নিভ *বিণ* অনুরূপ; সদৃশ। [স. সম্+নি+√ভা+অ]
সন্নিয়োগ স্থায়ীভাবে নিয়োগ; বহালকরণ; confirmation।
সন্নিহিত *বিণ*১ নিকটবর্তী। ২ সংস্থাপিত। [স. সম্+নিহিত]
সন্ন্যাস *বি*১ সর্বত্যাগ। ২ সংসারত্যাগপূর্বক ঈশ্বরের চিন্তায় নিমগ্ন থাকার অবস্থা। ৩ হিন্দুধর্মের চতুর্থ আশ্রম যাতে সংসারত্যাগ করা হয়; ভিক্ষুধর্ম। ৪ সংজ্ঞালোপকারী রোগবিশেষ; apoplexy। ৫ সমর্পণ; সংস্থাপন। [স. সম্+নি+√অস্+ত]
সন্ন্যাসী(-সিন্), **সন্ন্যাস** *বি,বিণ* গৃহত্যাগী; ভিক্ষুধর্ম অবলম্বনকারী; বিরাগী। [স. সন্ন্যাসী]। **অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট** (আল.) বহু কর্তায় অত্যন্ত বিশৃঙ্খলার সৃষ্টি করে।
সপ *বি* বড় মাদুর; পাতলা পাটি। [আ. সফ্]
সপক্ষ *বিণ* ১ নিজের পক্ষ সমর্থনকারী; পক্ষাবলম্বী। ২ ডানাওয়ালা। [স. সমান+পক্ষ]। **বিপক্ষ** *বিপ.*। **সপক্ষতা** *বি* ১ পক্ষপাতিত্ব; পক্ষাবলম্বন। ২ পাখার সঙ্গে বিদ্যমানতা।
সপত্ন *বি* শত্রু; অরাতি; বিপক্ষ। [স. সপত্নী+অ (=সপত্নীতুল্য)]
সপত্নী *বি* সতিন; এক স্বামীর দুই ভার্যা পরস্পর সপত্নী। [স. সমান+পতি+ঈ]
সপত্নীক *বিণ,ক্রিবিণ* স্ত্রীর সঙ্গে; সস্ত্রীক। [স. সহ+পত্নী+ক]
সপরিবার *বিণ* স্ত্রী-পুত্রকন্যাদির সঙ্গে। [স. সহ+পরিবার]। **সপরিবারে** *ক্রিবিণ* স্ত্রী-পুত্রকন্যা সমভিব্যহারে।
সপসপ *অব্য*১ বাতাস বা সর্পাদি চলার শব্দ। ২ তরল খাদ্য খাওয়ার শব্দ। ৩ আর্দ্রতার ভাবপ্রকাশক। **সপসপে** *বিণ* আর্দ্রকৃত।
সপাং[১], **সপাং**[১] *অব্য* জোরে বেত বা চাবুক মারার শব্দ।
সপাং[২], **সপাৎ**[২] *অব্য* বারবার বেত্রাদি মারার ফলে বহু সপাং বা সপাৎ শব্দ; ক্রমাগত সপাং বা সপাৎ ধ্বনি।
সপাদ *বিণ* ১ পা সংযুক্ত। ২ সিকি ভাগের সঙ্গে। ৩ সওয়া। [স. সহ+পাদ (=পা; চতুর্থাংশ)]
সপাসপ *ক্রিবিণ* বারবার সপসপ শব্দসূচক; রসযুক্ত পদার্থ দ্রুত ভোজনের শব্দ।
সপিণ্ড *বি* একই বংশজাত; জ্ঞাতি; সপ্ত পুরুষান্তর্গত জ্ঞাতি; পিণ্ডদানে অধিকারী। [স. সমান+পিণ্ড]। **সপিণ্ডতা** *বি* পিণ্ডদানের অধিকার।
সপিণ্ডন *বি* হিন্দু শাস্ত্রমতে প্রেতত্ব মোচনার্থে করণীয় শ্রাদ্ধ বা বিশেষ ধর্মীয় অনুষ্ঠান। [স.]। **সপিণ্ডীকরণ** *বি*১ হিন্দুমতে এক বৎসর অন্তে মৃত আত্মার মুক্তির জন্য যে শ্রাদ্ধ করা হয়। ২ হিন্দুমতে পিতৃপিণ্ডের সঙ্গে প্রেতপিণ্ডের মিশ্রণ।
সপিনা, সফিনা *বি* সমন; তলবনামা; আদালতের পরওয়ানা। **সপিনা দেওয়া বা ধরানো** *বি* আদালতের হুকুমনামা জারি করা। [ই. sub-poena আ. সফিনা]
সপ্ত(-প্তন্) *বিণ* সাত সংখ্যক; সাত। **সপ্তক** *বিণ* সাতটির সমষ্টি; সপ্ত সংখ্যক। ❑ *বি* সঙ্গীতে সুরের সংখ্যা; সা রে গা মা পা ধা নি—এই সাতটি সুর। **সপ্তচ্ছদ, সপ্তপর্ণ** *বি*

ছাতিম গাছ। **সপ্ততন্ত্রী** *বিণ* সাত তারবিশিষ্ট বাদ্যযন্ত্র। **সপ্ততল** *বিণ* সাততলা। **সপ্ততাল** *বি* সাতটি তাল গাছ। ❑*বিণ* উচ্চতায় বা গভীরতায় সাত তাল পরিমিত। **সপ্ততি, সপ্ততিতম** *বিণ* ৭০ সংখ্যা বা সংখ্যক। **সপ্তদশ** (-দশন) *বিণ* সতেরো সংখ্যা বা ১৭ সংখ্যক। **সপ্তদশী** *বি* সতেরো বৎসর বয়স্কা স্ত্রী। **সপ্তদ্বীপ** *বি* হিন্দু পুরাণ মতে জম্বু কুশ প্লক্ষ শাল্মলী ক্রৌঞ্চ শাক ও পুষ্কর—পৃথিবীর এই সাতটি প্রাচীন বিভাগ। **সপ্তদ্বীপা** *বিণ স্ত্রী.* সপ্তদ্বীপযুক্তা। ❑*বি* পৃথিবী; ধরা; ধরণী। **সপ্তধা** *অব্য, ক্রিবিণ* সাতভাগে। ❑*বি অব্য* সাত প্রকারে। ❑*অব্য* সাতবার। **সপ্তধাতু** *বি* রস রক্ত মাংস মেদ অস্থি মজ্জা শুক্র—শরীরের এই সাত ধাতু। **সপ্তনবতি** *বি* সাতানব্বই। **সপ্তনবতিতম** *বিণ* সাতানব্বই সংখ্যক। **সপ্তপদী** *বিণ* সাতটি পা আছে যার। ❑*বি* হিন্দু বিবাহে বরবধূর একত্রে সাত পা চলা। **সপ্তপর্ণ** *বি* ছাতিম গাছ। **সপ্তপাতাল** *বি* হিন্দু পুরাণের সাতটি পাতাল বা অধোভুবন যথা—তল অতল বিতল সুতল তলাতল মহাতল রসাতল। **সপ্তম** *বিণ* সাতের পূরক। **সপ্তমী** *স্ত্রী.*। **সপ্তমধুকর** *বি* বাণিজ্যের সাতটি জাহাজ। **সপ্তম সুর, সপ্তম স্বর** *বি*১ (সং) সর্বোচ্চ গ্রামের সুর 'নি'। ২ উচ্চ স্বর। **সপ্তমে চড়া** *ক্রি* অতিশয় উগ্র হওয়া। **সপ্তরক্ত** *বি* মহাভারতোক্ত বালক অভিমন্যুকে বধকারী সপ্তবীর যথা—দ্রোণ, কর্ণ, কৃপ, অশ্বত্থামা, শকুনি, দুর্যোধন, দুঃশাসন। **সপ্তর্ষি** *বি* হিন্দু পুরাণের মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ—এই সাতজন ঋষির নামে খ্যাত নক্ষত্রসমূহ; সাতটি নক্ষত্রের সমষ্টি; the great bear। **সপ্তর্ষিমণ্ডল** *বি* আকাশে সপ্তর্ষির অবস্থান স্থান; সপ্তর্ষি নামক নক্ষত্রপুঞ্জের সমবায়। **সপ্তলোক, সপ্তস্বর্গ** *বি* পুরাণোক্ত ভূঃ, ভুবঃ, স্বঃ, জন, মহঃ, তপঃ, সত্য— এই সপ্ত ভুবন। **সপ্তশতী** *বি* হিন্দু ধর্মগ্রন্থ চণ্ডী যাতে সাতশত শ্লোক আছে। **সপ্তসাগর চুম্বিত চরণা** *বিণ* সাতটি সমুদ্র চরণ চুম্বন করে এমন। **সপ্তসিন্ধু, সপ্তসমুদ্র** *বি* পুরাণোক্ত লবণ, ঈক্ষুরস, সুরা, ঘৃত, দধি, দুগ্ধ, জল—এই সাত সাগর। **সপ্তসুর, সপ্তস্বর** *বি* (সং) ষড়জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ—এই সাত সুর (সা রে গা মা পা ধা নি)। **সপ্তস্বরা** *বি* জলতরঙ্গ নামক বাদ্য।

সপ্তাংশু *বি* অগ্নি। [স. সপ্ত+অংশু]

সপ্তাঙ্গ *বি* সাতটি অঙ্গ বা অংশ; রাজ্যের সাতটি অঙ্গ যথা— স্বামী অমাত্য সুহৃদ কোষ রাষ্ট্র দুর্গ ও বল। [স. সপ্ত+অঙ্গ]

সপ্তাশীতি *বি, বিণ* সাতাশি সংখ্যা বা সংখ্যক। [স. সপ্ত+অশীতি]। **সপ্তাশীতিতম** *বিণ* সাতাশি সংখ্যক। **সপ্তাশীতিতমী** *স্ত্রী.*।

সপ্তাশ্ব *বি*১ সাতটি ঘোড়া। ২ সপ্ত অশ্বরূপে সাতদিনের উপর আরূঢ় সূর্য। ৩ সাতটি ঘোড়া দ্বারা বাহিত রথে আরূঢ় সূর্য। [স. সপ্ত+অশ্ব]

সপ্তাহ, হপ্তা *বি* সাতদিন। [স. সপ্ত+অহ, তুল. ফা. হফ্‌তহ্‌]

সপ্রতিভ *বিণ*১ প্রতিভান্বিত। ২ অসংকুচিত; ঘাবড়ায় না এমন। ৩ চটপটে; খুব বুদ্ধিমান; smart। [স. সহ+প্রতিভা]

সপ্রমাণ *বিণ* প্রমাণ সহিত; প্রমাণিত। [স. সহ+প্রমাণ]

সফর[১] *বি*১ ভ্রমণ; দেশ পর্যটন। ২ যাত্রা। [আ. সফর]। (সফর করে যে—মোসাফের, মুসাফির)। ৩ শহর; নগর। [আ.]। **সফরিয়া, সফরি** *বিণ*১ বিদেশে ভ্রমণকারী অর্থাৎ বণিক; সফর সম্পর্কিত। ২ বিদেশ থেকে আনীত দ্রব্য। ৩ সমুদ্র গমন; সমুদ্র যাত্রা; বাণিজ্য সম্পর্কিত। **সফরনামা** *বি* ভ্রমণবৃত্তান্ত।

সফর[২] *বি* আরবি মাসবিশেষ; চান্দ্র বৎসরের দ্বিতীয় মাস। [আ. সফর]

সফরী, সফর[৩] *বি* পুঁটিমাছ। [স. সফরী]। **সফরীনৃত্য** *বি* ১ চপল পায়ে নৃত্য। ২ চাঞ্চল্য। **গণ্ডূষ জলে সফরীর ফরফরানি** *বি*১ অতি অল্প পানিতে পুঁটিমাছের ফর ফর করে ঘোরা। ২ (আল.) অল্প বিদ্যা অর্জনকারীর বিদ্যা জাহির করার প্রবণতা। [স. 'গণ্ডূষ জলমাত্রেন সফরী ফরফরায়তে']

সফল *বিণ*১ ফলযুক্ত; ফলবান। ২ সার্থক; সুপরিণতিযুক্ত; সিদ্ধ। **সফলা** *স্ত্রী.*। **সফলকাম** *বিণ* কৃতকার্য। **সফলতা** *বি* সার্থকতা। [স. সহ+ফল=সফল]

সফিনা, সপিনা⇒সপিনা।

সফেদ *বি* সাদা; শ্বেতবর্ণ। [ফা. সফেদ]। **সফেদি** *বি* শুভ্রতা; ডিমের সাদা অংশ।

সফেদা *বি*১ চাউলের গুঁড়া। ২ সাদা রং। ৩ ফলবিশেষ। ৪ সীসাবিশেষ; white lead; সীসা থেকে তৈরি সাদা রং। [ফা.]

সফেদি *বি* শ্বেতত্ব; ডিমের সাদা অংশ; অণ্ডলালা। [ফা.]

সফেন *বিণ* ১ ফেনাযুক্ত; ফেনিল। ২ মাড়যুক্ত। [স. সহ+ফেন]

সব[১] *বিণ*১ সকল; সমস্ত; তামাম। ২ সর্ব; সবলোক; সমস্ত বিষয়। ৩ সর্বস্ব; সমস্ত সম্পদ। [স.]। **সবজান্তা** *বিণ*১ সর্বজ্ঞ। ২ (ব্য.) কিছু জানে না তবু জানার ভান করে এমন। **সবটা, সবটুকু** *বিণ* সবকিছু; পুরাপুরি; কিছুই বাদ না দিয়ে। **সবসুদ্ধ, সবশুদ্ধ** *বিণ, ক্রিবিণ* সর্বসমেত; সবকিছু মিলিয়ে; মোট। **সবাই, সব্বাই** *সর্ব* সকলেই; প্রত্যেকেই। **সবার, সবাকার** *বিণ* প্রত্যেকের; সকলের। **সবারই, সবারি** *বিণ* সকলের। **সব শেয়ালের এক রা**—এক পথের অনুসারী; সকলের একই কথা। **সব হাটের হেটো**—সবজান্তা ধরনের লোক, যে সব হাটের খবর রাখে।

সব[২], **সাব** *বিণ* অধস্তন; নিম্নস্থ। [ই. sub]

সবংশ *বিণ* বংশের সঙ্গে; গোষ্ঠীসুদ্ধ; খান্দানের সকলের সঙ্গে। [স. সহ+বংশ]। **সবংশে** *ক্রিবিণ*১ নিজের খান্দানের। ২ বংশের সমস্ত ব্যক্তির সঙ্গে।

সবক, ছবক *বি* পাঠ; দৈনিক পড়া; শিক্ষা। [আ.]

সবজজ *বি* জজ-এর নিম্নস্থ বিচারক। [ই. subjudge]

সবজা *বি* সবুজ তৃণ বা গাছপালার রং। [ফা. সব্‌যহ্‌]

সবজি, সব্‌জী *বি*১ কাঁচা বা সবুজ তরকারি; আনাজ। ২ নিরামিষ। [ফা. সব্‌যী]। **সবজিবাগ** *বি* আনাজ বা তরকারির বাগান। **সবজে** *বিণ* সবুজ রঙের।

সবরি কলা *বি* সফরী কলা; মর্তমান কলা। [আ. সফরী]

সবর্ণ *বিণ* একজাতি বা গোত্রের অন্তর্ভুক্ত। ❑*বি*১ সদৃশ বর্ণ বা রং। ২ সমবর্ণ; স্বজাতি। ৩ সমোচ্চার্য বর্ণ। [স. সমান+বর্ণ]

সবল *বিণ* শক্তিশালী। **সবলা** *স্ত্রী.*। [স. সহ+বল]। **সবলে**

ক্রিবিণ ১ সজোরে; শক্তি প্রয়োগ করে। ২ দলবলসহ; সসৈন্যে।
সবলুট, সবলোট *বি* যে সুবিধা মতো যা পায় তাই আত্মসাৎ করে।
সবাক *বিণ* কথা বলে এমন। **সবাকচিত্র** *বি* যে সিনেমার অভিনেতা বা অভিনেত্রীর কথা শোনা যায়; টকি, বায়োস্কোপ (talkie)।
সবান্ধব *বি* বান্ধবদের সঙ্গে। [স.]
সবিকল্প *বি, বিণ* ১ বিকল্পসহ। ২ যোগের এক প্রকার সমাধি; যাতে জ্ঞাতা জ্ঞান ও জ্ঞেয়—এ তিনের বোধ বিলুপ্ত হয় না।
সবিতা(-তৃ) *বি* ১ জনয়িতা; প্রসবকারী। ২ সূর্য। ৩ হিন্দুমতে ঈশ্বর। ৪ আকন্দ গাছ। **সবিত্রী** *বি স্ত্রী.* জননী; প্রসূতি। [স.]। **সবিতৃতনয়** *বি* সূর্যপুত্র। **সবিতৃমণ্ডল** *বি* সূর্যমণ্ডল।
সবিনয়, সবিনয়ে *বিণ* বিনয়পূর্বক; নম্রভাবে। ❑ *ক্রিবিণ* অনুনয়-বিনয়ের সঙ্গে।
সবিরাম *বিণ* বিরতি আছে এমন; সবিচ্ছেদ; থেকে থেকে। [স. সহ+বিরাম]। **সবিরাম জ্বর** *বিণ* যে জ্বর প্রশমিত হওয়ার পর পুনরায় আসে; intermittent fever। **অবিরাম** *বিপ.*।
সবিশেষ *বিণ* অসাধারণ। ❑ *ক্রিবিণ* বিশেষরূপে; বিস্তৃতভাবে। [স. সহ+বিশেষ]
সবিস্তর, সবিস্তার *বিণ* সমধিক; প্রভূত; প্রচুর; অনেক। **সবিস্তার** *বিণ* ব্যাপ্তিযুক্ত; প্রসারযুক্ত; বাহুল্যযুক্ত। [স. সহ+বিস্তর, বিস্তার]। **সবিস্তারে** *ক্রিবিণ* বিশদভাবে।
সবিস্ময় *বিণ* অবাক; আশ্চর্যান্বিত; বিস্মিত। [স. সহ+বিস্ময়]। **সবিস্ময়ে** *ক্রিবিণ* বিস্ময়সহকারে; বিস্মিতভাবে।
সবীজ *বিণ* বীজ আছে এমন। [স.]
সবুজ *বিণ* ১ বর্ণবিশেষ; রংবিশেষ; হরিৎ। [ফা. সব্জ]। ২ তরুণ; অল্পবয়স্ক। [ফা. সব্‌য্]। **সবুজাভ** *বিণ* সবুজের ঈষৎ আভাযুক্ত।
সবুর, ছবর *বি* ১ ধৈর্য; সহ্য। ২ অপেক্ষা; দেরি বা বিলম্বকরণ। ❑ *বিণ* ধীরে। [আ. সবর]। **সবুরে মেওয়া ফলে** (আল.) ধৈর্যে সুফল লাভ হয়।
সবে *অব্য* ১ কেবল; মাত্র। ২ এইমাত্র। ৩ মোটে; সর্বসাকুল্যে। ৪ সব জিনিস; সকল বস্তু। ❑ *বিণ* (পদ্যে) সকলে। [স. সর্ব]। **সবেমাত্র** *অব্য* কেবল; এইমাত্র। **সবে ধন নীলমণি** *বিণ* সর্বস্ব ধন; একমাত্র ভরসা সম্বল বা আশ্রয়।
সব্য *বি* ১ বাম; বাঁ। ২ ডান; দক্ষিণ। ৩ উভয় হস্ত। [স. √সূ+য]। **সব্যসাচী**(-চিন্) *বিণ* উভয় হস্তে সমভাবে পারদর্শী। ❑ *বি* উভয় হস্তে শর চালনায় সমভাবে নিপুণ মহাভারতোক্ত অর্জুন।
সভক্তি *বিণ* ভক্তিযুক্ত; ভক্তির সঙ্গে বর্তমান। [স. সহ+ভক্তি]
সভয় *বিণ* ভয়ার্ত; সন্ত্রাসিত; ভয়যুক্ত; ভীত। [স. সহ+ভয়]। **সভয়ে** *ক্রিবিণ* ভীত অবস্থায়; ত্রাসের সঙ্গে।
সভা *বি* ১ আলোচনার জন্য জনসমাবেশ; সম্মেলন; বৈঠক। ২ সঙ্ঘ; সমিতি; দল; সমাজ। ৩ পরিষদ; মজলিস। ৪ দরবার। [স.]। **সভা আহ্বান করা, সভা ডাকা** *বি* সভায় আলোচনার উদ্দেশ্যে সম্মিলিত হওয়ার জন্য আহ্বান করা; সভা সংঘটন করা। **সভাকক্ষ, সভামণ্ডপ, সভাস্থল** *বি* সভা করার নির্দিষ্ট ঘর বা স্থান। **সভাকবি** *বি* রাজদরবারে নিযুক্ত কবি। **সভা করা** *ক্রি* সভার অনুষ্ঠান বা উদ্যোগ আয়োজন করা। **সভাকার** (ম-বা, বিরল) *বিণ* সকলের। **সভাখণ্ড** *বি* সভ্য বা সদস্যগণ। **সভাজন** *বি* ১ সভার সভ্য বা সদস্য; সভায় উপস্থিত ব্যক্তিবর্গ। ২ সর্বজন; সকলে। **সভাপতি** *বি* সভার কার্য পরিচালক। **সভানেত্রী** *স্ত্রী.*। **সভাভঙ্গ** *বি* সভার কার্যসমাপ্তি। **সভারম্ভ** *বি* সভার শুরু। [স. সভা+আরম্ভ]। **সভাসদ, সভাসৎ** *বি* সভ্য; দরবারের লোক; সভায় যোগদানকারী ব্যক্তি। **সভাসমিতি** *বি* বড়-ছোট সভা। **সভাসীন** *বিণ* সভায় উপবিষ্ট বা আগত। [স. সভা+আসীন]। **সভাস্থ** *বিণ* ১ সভায় আগত। ২ সভায় উপস্থিত। ৩ সভায় পেশ করা।
সভে *অব্য* ১ সকলে; সকলকে। ২ মোটে; সবশুদ্ধ। [ম-বা এবং কথ্য]
সভ্য *বি* সভা-সমিতির সদস্য। ❑ *বিণ* ভদ্র; শিষ্ট; সাধুজন; মার্জিত রুচি। **সভ্যা** *স্ত্রী.*। **সভ্যতা** *বি* ১ আদব; লেহাজ; চালচলনের উৎকর্ষ; তমদ্দুন। ২ সভ্য জাতির জীবনযাত্রা নির্বাহের পদ্ধতি; সাহিত্য শিল্প বিজ্ঞান দর্শন ধর্ম ও বিবিধ বিদ্যার অনুশীলনহেতু মন মগজের উৎকর্ষ এবং তদনুযায়ী জীবনযাত্রা; তহজিব; civilization। [স. সভা+য=সভ্য]। **সভ্যতাভিমানী**(-নিন্) *বিণ* ভদ্রতা; সভ্যতা; শিষ্টতার অধিকারী বলে অহঙ্কারী। **সভ্যতাভিমানিনী** *স্ত্রী.*। **সভ্যনামিক** *বি* ১ (ব্য.) নামে মাত্র সভ্য বা ভদ্র। ২ ডাকাত। **সভ্যভব্য** *বিণ* চালচলনে সুসংযত; শান্তশিষ্ট। **সভ্যসমাজ** *বিণ* শিক্ষাদীক্ষায় ও আচার ব্যবহারে অপেক্ষাকৃত উন্নত সমাজ।
সম[১], **সং** *অব্য* সমান সম্যক সংযোগ সম্পর্ক সংগত অভিমুখ ইত্যাদি জ্ঞাপক উপসর্গ, (সমাদর, সমুচিত, সংবাদ)।
সম[২] *বিণ* ১ যোগ্য; তুল্য; সমান। ২ অবন্ধুর। ৩ সমস্ত; সমগ্র। ৪ (সং) তালের মাত্রাবিশেষ। ৫ যুগ্ম; একত্র। ৬ অভিন্ন। **সমা** *স্ত্রী.*। **সমতা** *বি* সাম্য; তুল্যতা। [স. √সম্+অ.=সম]
সমকক্ষ *বিণ* সমানপ্রতিযোগী; তুল্য বলশালী। **সমকক্ষা** *স্ত্রী.*। **সমকক্ষতা** *বি* তুল্য প্রতিযোগিতা; সমান শক্তিশালী।
সমকাল *বি* একই সময়। **সমকালিক, সমকালীন** *বিণ* ১ একই কালের। ২ সমসাময়িক; সামসময়িক।
সমকেন্দ্রিক *বিণ* একই কেন্দ্রবিশিষ্ট; concentric। [স.]
সমকোণ *বি* (জ্যা.) একটি সরলরেখার উপর লম্ব অঙ্কন করলে যে ৯০° পরিমাণে কোণ উৎপন্ন হয়; right angle। [স.]। **সমকৌণিক** *বিণ* ১ সমকোণ সংক্রান্ত। ২ সমকোণযুক্ত।
সমক্ষ *বিণ* চোখের সম্মুখে; সামনে। [স. সম্+অক্ষি+অ]
সমগ্র *বিণ* সমস্ত; সম্পূর্ণ; আগাগোড়া। [স. সমদ+√গ্রস্+অ]। **সমগ্রতা** *বি* সম্পূর্ণতা; অখণ্ডতা।

সমঘন *বি* (জ্যা.) সমান গুণযুক্ত বা আকৃতিবিশিষ্ট ঘন। [স.]

সমচতুর্ভুজ *বি* (জ্যা.) বর্গক্ষেত্র; যে চতুষ্কোণ ক্ষেত্রের বাহু চারটি সমান এবং কোণ চারটির প্রত্যেকটি সমকোণ।

সমজাতি *বি* সমধর্মী; একশ্রেণীর।❑*বিণ* এক জাতিভুক্ত। **সমজাতিতা, সমজাতিত্ব** *বি* একই জাতির পর্যায়ভুক্ত অনুভূতি। **সমজাতীয়** *বিণ* একই জাতি বা শ্রেণীর। [স.]। **সমঝদারি, সমজাতীয়া** *স্ত্রী.*। **সমাজাতীয়তা, সমাজাতীয়ত্ব** *বি* সমান জাতীয়তা বোধ।

সমঝ, সমজ *বি* বুদ্ধি; বোধ; উপলব্ধি; বিবেচনা। [হি.]। **সমঝদার** *বিণ* রসজ্ঞ; উপলব্ধিকারী; বিবেচক। [হি. সমঝ+ফা. দার]। **সমজদারি** *বি* রসজ্ঞতা; উপলব্ধি; বিবেচনা। **সমঝানো** *ক্রি* বুঝানো; সতর্ক করা।

সমঞ্জস *বিণ*১ সমুচিত; যোগ্য। ২ সমীচীন; যুক্তিযুক্ত। ৩ সদৃশ; তুল্য। ৪ মিটমাট; মীমাংসা। ৫ সামান্য; ঠিক; একরূপে। ৬ মিলন। [স. সম্+অঞ্জস্+অ]

সমতট *বি* পূর্ববঙ্গের ফরিদপুর যশোর কুমিল্লা বা নোয়াখালী প্রভৃতি প্রাচীন বাংলার ভৌগোলিক অঞ্চলবিশেষ। [স.]

সমতল *বিণ* বন্ধুর বা উঁচুনিচু নয় এমন ভূমি; যার পিঠ সমান। [স.]

সমতীত *বিণ* সম্পূর্ণ অতীত; যে কাল গত হয়েছে; বিগত। [স. সম্+অতীত]

সমতুল *বিণ* ১ একই রকম ওজনবিশিষ্ট। ২ সমকক্ষ; সমান। [স.]

সমতুল্য *বিণ*১ সমান; একই; তুল্যরূপ; সমকক্ষ। ২ ওজনে সমান। [স.]। **সমতুল্যা** *স্ত্রী.*।

সমদর্শন *বি* ১ ভেদজ্ঞানশূন্য; নিরপেক্ষ বিচার বা দর্শন। ২ অপক্ষপাতিত্ব। ৩ তত্ত্বজ্ঞান। [স.]। **সমদর্শী**(-র্শিন্) *বিণ* ভেদজ্ঞানহীন; তত্ত্বজ্ঞানবিশিষ্ট।

সমদূরবর্তী(-র্তিন্) *বিণ* সমান দূরে অবস্থিত। [স.]। **সমদূরবর্তিনী** *স্ত্রী.*। **সমদূরবর্তিতা** *বি* সমান দূরত্ব।

সমদৃষ্টি *বি* ১ সমদর্শন; অপক্ষপাত আচরণ। ২ সমান দর্শনের ক্ষমতা। [স.]

সমধিক *বিণ* অতিশয়; অধিক; অনেক বেশি। [স. সম্+অধিক]

সমন *বি* আদালতে হাজির হওয়ার আদেশনামা। [ই. summons]

সমনস্ক *বিণ* মানসসম্ভূত; মনের সঙ্গে মিল আছে এমন; মনোযোগ আনয়ন করে এমন। [স.]

সমন্ত্রক *বিণ* মন্ত্রযুক্ত; মন্ত্রপূত। [স.]

সমন্বয় *বি*১ সংগতি। ২ সামঞ্জস্য। ৩ বিরোধরহিত; মিলন। [স.]। **সমন্বিত** *বিণ* যুক্ত; সম্বলিত। **সমন্বিতা** *স্ত্রী.*।

সমপদস্থ *বিণ* সমান পদমর্যাদাশালী। [স.]। **সমপদস্থা** *স্ত্রী.*।

সমপদস্থ *বিণ* সদৃশ; একই বা অভিন্ন অবস্থাযুক্ত। [স. সম্+অবস্থা]

সমপৃষ্ঠ *বিণ* সমতল; উঁচুনিচু নয় এমন।

সমপ্রাণ *বি* সমান প্রাণবিশিষ্ট; অন্তরঙ্গ। **সমপ্রাণা** *স্ত্রী.*। [স.]। **সমপ্রাণতা** *বি* প্রাণের সমতা। [স.]

সমবয়সী, সমবয়স্ক *বিণ* একই বা সমান বয়সের। [স.]। **সমবয়স্কা** *স্ত্রী.*।

সমবর্তী(-র্তিন্) *বিণ* সমানভাবে বা একইভাবে অবস্থিত। [স. সম্+√বৃৎ+ইন্]। **সমবর্তিনী** *স্ত্রী.*। **সমবর্তিতা** *বি* সমানভাবে বা সমান দূরে অবস্থিত। **সমবস্থা** *বিণ* একইভাবে অবস্থিত; সদৃশ অবস্থাযুক্ত।

সমবস্থ *বিণ* সদৃশ; একই বা অভিন্ন অবস্থাযুক্ত। **সমবস্থা** *বিণ* একইভাবে অবস্থিত; সদৃশ অবস্থাযুক্ত। [স. সম+অবস্থা]

সমবাএ (প্রা—বা) *বি* কর্মপ্রচেষ্টা; যৌথ প্রচেষ্টা।

সমবায় *বি*১ সম্মিলিত উদ্যোগে কোনো কিছু গড়ে তোলার প্রয়াস। ২ দলবদ্ধ। ৩ সমৃদ্ধ। ৪ সম্মিলিত বা যৌথ কর্মপ্রচেষ্টা; co-operation। [স. সম্+অব+√ই+অ]। **সমবায় সমিতি** *বি* পরস্পরের সঙ্গে মিলিত প্রচেষ্টায় গঠিত ও পরিচালিত ব্যবসায় সংক্রান্ত বা সমাজ উন্নয়নমূলক প্রতিষ্ঠানাদি। **সমবায়ী**(-য়িন্) *বিণ* নিত্য সম্বন্ধ; সমবায়সম্বন্ধীয়। [স.]

সমবেত *বিণ*১ সম্মিলিত; যৌথ। ২ একত্রীকৃত; সঞ্চিত। [স. সম্+অব+√ই+ত]

সমবেদনা, সমব্যথা *বি* সহানুভূতি; দরদ; দুঃখবোধ। **সমব্যথী**(-থিন্) *বিণ* সমবেদনা বোধকারী; পরদুঃখকাতর। [স.]

সমভাব *বি* ১ একরূপ ভাব; সাম্য। ২ পক্ষপাতহীনতা। [স.]

সমভিব্যাহার *বি* ১ সঙ্গ; সাহচর্য। ২ একত্রে অবস্থান বা গমন বা যাত্রা। [স. সম্+অভি+বি+আ+√হৃ+অ]। **সমভিব্যাহারী**(-রিন্) *বি* একত্রে অবস্থানকারী। ❑*বিণ* সাহচর্য দানকারী; সঙ্গী। **সমভিব্যাহারে** *ক্রিবিণ* সঙ্গে নিয়ে; সঙ্গে।

সমভূমি *বিণ*১ সমতলভূমি; উঁচুনিচু নয় এমন ভূমি। ২ ভূমি সমান উঁচু। [স.]

সমমণ্ডল *বি* নাতিশীতোষ্ণমণ্ডল। [স.]

সমমনা *বিণ*১ একইরূপ মন এমন। ২ একই মত পোষণ করে এমন।

সমমূল্য *বিণ*১ এক দাম। ২ সমান মূল্য বা একই দামবিশিষ্ট। [স.]

সময় *বি* ১ কাল; আমল; জমানা। ২ অবকাশ; ফুরসত; অবসর। ৩ বয়স পুরো হওয়া; উপযুক্ত হওয়া। ৪ নির্দিষ্ট কাল। ৫ সুযোগ; অনুকূল মুহূর্ত; সুবিধা। ৬ ঋতু; মৌসুম। ৭ বয়স; জীবনকাল। ৮ দিনকাল; বর্তমান কাল। ৯ সুদিন; ভালো অবস্থা। ১০ নিয়ম; রীতি; নির্দেশ। ১১ বেলা। [স. সম্+√ই+অ]। **সময়নিষ্ঠ** *বিণ* সময়ানুবর্তী। **সময়নিষ্ঠা** *বি* সময়ানুবর্তিতা। **সময় সময়, সময়ে সময়ে** *ক্রিবিণ* কখনও; মাঝে-মধ্যে। **সময়সেবী**(-বিন্), **সময়সেবক** *বিণ* সুবিধাবাদী; সময় ও সুযোগ অনুসারে কর্মপন্থা স্থিরকারী। **সময়ান্তর** *বি* অন্য সময়; ভিন্ন সময়। **সময়োচিত, সময়োপযোগী** *বিণ* কালানুযায়ী; বিশেষ কোনো সময়ের পক্ষে উপযুক্ত। **একতিল সময়, তিলমাত্র সময়** *বি* সামান্য সময়; অল্পক্ষণ। **মরবার সময় না থাকা**—একটুও ফুরসত বা অবসর না থাকা।

সমর *বি* যুদ্ধ; লড়াই; সংগ্রাম। **সমরপোত** *বি* যুদ্ধে ব্যবহৃত জাহাজ; রণতরী। **সমরভূমি** *বি* রণক্ষেত্র। **সমরশায়ী**(-য়িন্), **সমরশায়িত** *বিণ* যুদ্ধে নিহত। **সমরসচিব** *বি* যুদ্ধমন্ত্রী/ যুদ্ধমন্ত্রকের সচিব। **সমরসজ্জা** *বি* ১ যুদ্ধের

প্রস্তুতি বা আয়োজন। ২ যুদ্ধবাজ। **সমরাঙ্গন** *বি* রণভূমি; যুদ্ধক্ষেত্র। **সমরানল** *বি* যুদ্ধরূপ অনল; যুদ্ধ সংঘটনরূপ অগ্নি। [স. সমর+অঙ্গন, অনল]
সমরস *বি* সমান সুখ; তুল্য আনন্দানুভূতি। [স.]
সমরাশি *বি* (গ.) দুই দ্বারা বিভাজ্য সংখ্যা; যুগ্মরাশি (২, ৪, ৬, ৮ ইত্যাদি)। [স.]
সমরুচি *বিণ* সমান রুচিসম্পন্ন। [স.]
সমর্থ *বিণ* ১ বলবান; শক্তিশালী। ২ উপযুক্ত; যোগ্য। ৩ যুক্তিযুক্ত; সঙ্গত। ❑ *বি* সক্ষম। [স. সম্+√অর্থ+অক]। **সমর্থা** *বিণ স্ত্রী.*। **সমর্থতা, সামর্থ্য** *বি*।
সমর্থক[১] *বি* চন্দন কাঠ। [স.]
সমর্থক[২] *বিণ* সমর্থনকারী। [স. সম্+√অর্থ+অক]। **সমর্থন** *বি* পোষকতা; পক্ষাবলম্বন। **সমর্থনীয়** *বিণ* সমর্থন পাওয়ার উপযুক্ত। **সমর্থিত** *বিণ* সমর্থন করা হয়েছে এমন; স্বীকৃতিপ্রাপ্ত।
সমর্পণ *বি* ১ স্বত্ব ত্যাগ করে দান। ২ অর্পণ; স্থাপন। ৩ বিসর্জন; উৎসর্গ। [স. সম্+অর্পণ]। **সমর্পা** (পদ্যে) *ক্রি* সমর্পণ করা; দান বা অর্পণ করা। **সমর্পিত** *বিণ* ১ অর্পিত। ২ দান করা হয়েছে এমন। **সমর্পিতা** *বিণ স্ত্রী.* সমর্পিত করা হয়েছে এমন।
সমল *বিণ* মলযুক্ত; ময়লাযুক্ত; মলিন। **সমলা** *বিণ* ময়লাযুক্ত। [স. সহ+মল]
সমশ্রেণী *বি* একদল; একসার; একজাতি। ❑ *বিণ* একই জাতি বা পর্যায়ভুক্ত। [স.]
সমষ্টি *বি* ১ সাকুল্য; মোট। ২ যোগফল। ৩ দলের সকলে। [স. সম্+√অশ্+ত]
সমসর *বি* তুল্য; সদৃশ। (তুল.) **সোসর** *বি* সমবয়স্ক সহচর; দোসর; সাথি; সঙ্গী। **একসর** *বি* একাকী; নিঃসঙ্গ।
সমসাময়িক, সামসময়িক *বিণ* একই সময়ের; কালের বা যুগের; contemporary। [স. সম-সাময়িক]। **সমসাময়িকতা, সামসময়িকতা** *বি* একই সময়ে বিদ্যমানতা।
সমসূত্র *বি* ১ একই উপায় বা পদ্ধতি। ২ একই সুতা বা গ্রন্থিতে বাঁধন। ৩ একই সরলরেখায় অবস্থিত। ৪ (জ্যা.) দিকচক্রবালের পূর্ব ও পশ্চিম বিন্দুদ্বয় ভেদকারী কাল্পনিক বৃত্ত। [স.]
সমস্ত *বিণ* ১ যাবতীয়; সকল। ২ সম্পূর্ণ। ৩ একত্রীকৃত; সমাহৃত। ৪ (ব্যা.) সমাসবদ্ধ। [স. সম্+√অস্+ত]
সমস্থলী *বি* গঙ্গা ও যমুনার মধ্যবর্তী ভূভাগ; দোয়াব। [স.]
সমস্যমান *বিণ* (ব্যা.) সমাসবদ্ধ করা হয়েছে এমন। [স.]
সমস্যা *বি* ১ জটিল ও সংকটময় বিষয়, যার সমাধান করা কষ্টকর। ২ কঠিন প্রশ্ন। ৩ সমাধানার্থ অসমাপ্ত শ্লোক। ৪ সংকট অবস্থা; অসুবিধা। [স. সম্+√অস্+য+আ]। **সমস্যাপূরণ** *বি* অসুবিধা বা জটিলতার নিরসনকরণ বা সমাধান। **সমস্যাসংকুল** *বিণ* সমস্যাবহুল।
সমস্বামিত্ব *বি* সমান প্রভুত্ব; সমান স্বত্বাধিকারিত্ব। [স.]
সমা *বিণ* তুল্য; অনুরূপ; সমান। [স.]
সমাংশ *বি* সমান অংশ; সমানভাগ। [স.]। **সমাংশিত** *বিণ* সমানভাগে বিভক্ত। [স. সম+অংশ, অংশিত]
সমাকর্ষণ *বি* ১ সম্যক সংগৃহীত। ২ সমানভাবে বা সম্যক আকর্ষণ বা প্রকর্ষণ। [স. সম+আকর্ষণ]
সমাকর্ষী(-র্ষিন্) *বিণ* সম্যক আকর্ষণকারী। ❑ *বি* সুদূরগামী গন্ধ। [স. সম্+আকর্ষী]
সমাকীর্ণ *বিণ* ১ পরিব্যাপ্ত; সুদূরপ্রসারিত। ২ আচ্ছাদিত। ৩ সংকুল; পরিপূর্ণ। ৪ উৎকণ্ঠাযুক্ত। [স. সম্+আকীর্ণ]
সমাকুল *বিণ* ১ পরিপূর্ণ; পরিপ্লুত। ২ অতিশয় আকুল; ব্যাকুল। ৩ সন্দেহযুক্ত। ৪ হতবুদ্ধি। **সমাকুলতা** *বি* ১ আকুলতা; ব্যাকুলতা। ২ পরিপূর্ণতা। ৩ ভীতি। ৪ প্রসার। [স. সম্+আকুল, আকুলতা]
সমাক্রান্ত *বিণ* ১ আক্রান্ত। ২ প্রসারিত; ব্যাপ্ত। ৩ খপ্পরে পড়া। ৪ গৃহীত। [স. সম্+আক্রান্ত]। **সমাক্রান্তা** *স্ত্রী.*।
সমাক্ষ *বিণ* অক্ষ সমান এমন; একাক্ষিক; co-axial। [স. সম+অক্ষ]। **সমাক্ষরেখা** *বি* (ভূ.) সমান অক্ষবিশিষ্ট; নিরক্ষরেখার সমান্তরাল কাল্পনিক রেখা; parallel of latitude।
সমাক্ষর *বিণ* সমান বা সমসংখ্যক অক্ষরবিশিষ্ট। [স. সম্+অক্ষর]
সমাগত *বি* ১ সম্যক উপস্থিত; এসেছে এমন। ২ মিলিত; সংযোজিত। [স. সম্+আগত, আগতা]। **সমাগতা** *বিণ স্ত্রী.* সম্যক এসেছে বা উপস্থিত; সমুপস্থিতা।
সমাগম *বি* ১ সম্মেলন; একত্রীভূতকরণ। ২ উপস্থিত। ৩ সঞ্চার। [স. সম্+আগম]
সমাঘ্রাত *বিণ* উত্তমরূপে ঘ্রাণ নেওয়া হয়েছে এমন। [স. সম্+আঘ্রাত]
সমাচার *বি* ১ খবর; বার্তা; সংবাদ। ২ উত্তম আচার-ব্যবহার; শিষ্টাচার। [স. সম্+আচার]
সমাচ্ছন্ন *বিণ* ১ সম্পূর্ণ অভিভূত! ২ ঢাকা; আবৃত। [স. সম্+আচ্ছন্ন]। **সমাচ্ছন্না** *স্ত্রী.*। **সমাচ্ছন্নতা** *বি* ১ অভিভূতাবস্থা। ২ আচ্ছন্নতা; আবৃত অবস্থা।
সমাজ *বি* ১ পরস্পর সহযোগিতা ও সহানুভূতির সঙ্গে বসবাসকারী মনুষ্যগোষ্ঠী। ২ সম্প্রদায়। ৩ একজাতীয় প্রাণীর দল বা সমাবেশ। ৪ সভাসমিতি; পরিষদ। ৫ বৈষ্ণবদের সমাধিস্থল। [স.]। **সমাজচ্যুত** *বিণ* গোত্র বা সঙ্ঘ থেকে বহিষ্কৃত; একঘরে। **সমাজজ্ঞতা** *বি* সমাজ সম্বন্ধে চেতনা; সামাজিকতা। **সমাজতত্ত্ব, সমাজবিজ্ঞান** *বি* মানবসমাজের উৎপত্তি, গঠন, উৎকর্ষ বিধানসম্পর্কীয় নিয়ম কানুন বা প্রণালী যে শাস্ত্রের বিষয়বস্তু; sociology। **সমাজতন্ত্র** *বি* ব্যক্তি ও শ্রেণীর মালিকানা বিলোপ করে সকলের হিতার্থে উৎপাদনের সহায়ক সকল বস্তু রাষ্ট্রের হাতে ন্যস্ত হওয়া প্রয়োজন--এই মতবাদমূলক শাসনব্যবস্থা বা দর্শন; socialism। **সমাজতন্ত্রী**(-ন্ত্রিন্) *বিণ* সমাজতন্ত্রমূলক শাসনব্যবস্থায় বিশ্বাসী; socialist। **সমাজতাত্ত্বিক** *বিণ* সমাজ সম্বন্ধে জ্ঞানী ব্যক্তি; সমাজবিজ্ঞানী। **সমাজপতি** *বি* সমাজের নেতা বা সংরক্ষক; ব্রাহ্মণের পদবিবিশেষ। **সমাজবদ্ধ** *বিণ* সমাজে বসবাসকারী। **সমাজবিধি** *বি* সমাজসংরক্ষণের নিয়মাবলী। **সমাজবিরুদ্ধ, সমাজবিরোধী**(-ধিন্) *বিণ* সমাজের পক্ষে অনিষ্টকর; সমাজের রীতিনীতির বিরুদ্ধাচরণকারী। **সমাজ-সংস্কার** *বি* সমাজের অসঙ্গতি দূর করে সমাজকে ত্রুটিমুক্তকরণ। **সমাজ-সংস্কারক** *বিণ* সমাজকে সুশোভন ও সুশৃঙ্খলভাবে সংগঠনকারী। **সমাজ-হিতৈষী**(-ষিন্) *বিণ* সমাজবদ্ধ মানুষের মঙ্গল কামনা করেন এমন।
সমাদর *বিণ* অত্যন্ত যত্ন; অত্যধিক আদর। ❑ *বি* ১ সম্মান

করা; আদৃত করা। ২ সম্মানার্থে সংবর্ধনা জ্ঞাপন। [স.]। **সমাদৃত** *বিণ* ১ যত্ন–আদর–স্নেহকৃত। ২ সম্মানিত। ৩ সেবাপ্রাপ্ত; আদৃত।[সম্+আদর, আদৃত]। **সমাদৃতা** *স্ত্রী.*।

সমাধা, সমাধান *বি*১ সম্পন্নকরণ।২ মীমাংসা; নিষ্পত্তি। ৩ প্রতিকার।৪ সমাপ্তি; শেষ।[স. সম্+আ+√ধা+অ+আ, অন]

সমাধি *বি* ১ কবর; গোর; মাজার। ২ ধ্যান; গভীর মনোনিবেশ; প্রগাঢ় তন্ময়তা। ৩ সমাধান; সমাপন। ৪ পরমাত্মার সঙ্গে জীবাত্মার মিলন বা ঐক্যভাব। ৫ বিবাদ ভঙ্গকরণ। ৬ নীরবতা অবলম্বন; বাকসংযম। ৭ কাব্যের অলঙ্কারবিশেষ। [স. সম্+আ+√ধা+ই]। **সমাধিক্ষেত্র, সমাধিস্থল, সমাধিস্থান** *বি* কবরস্থান; গোরস্থান; পূর্ণভাবে সমাহিত হওয়ার স্থান। **সমাধিপ্রস্তর, সমাধিফলক** *বি* কবরের উপর সংস্থাপিত স্মারকচিহ্ন বা প্রস্তর। **সমাধিভঙ্গ** *বি* ধ্যানভঙ্গ; সংযমভঙ্গ। **সমাধিমগ্ন, সমাধিস্থ** *বিণ*১ ধ্যানে বা তপস্যায় নিমগ্ন; ধ্যানস্থ। ২ কবরস্থ; সমাহিত। **সমাধিমন্দির** *বি* কবরের উপর নির্মিত স্মৃতিমন্দির বা ভবন; সমাহিত করার স্থানে নির্মিত স্মৃতিসৌধ। **সমাধিস্তম্ভ** *বি* কবরের উপরে স্মৃতিস্তম্ভ।

সমাধ্যায়ী(–য়িন্) *বি* একসঙ্গে অধ্যয়নকারী; সহপাঠী; সতীর্থ। [স. সম্+অধি+√ই+ইন্]

সমান *বিণ*সমকক্ষ; সদৃশ; মতো; তুল্য; সমমূল্যের; ভার–সাম্যযুক্ত; একঘেয়েমি; বরাবর; সোজা; সমগুণ–সম্পন্ন; নাভিস্থিত বায়ুবিশেষ। [স. সম্+আ+√নী+অ]। **সমান সমান** *বিণ* সমকক্ষ; তুল্য; অধিকারী; সমান শক্তিবিশিষ্ট। **সমানাধিকরণ** *বি* যে গুণ দিয়ে পদার্থের তুল্য অধিকার বুঝায়; একজাতীয় সাধারণ গুণ; এক সময়ে বা একই স্থানে অবস্থান; সহবর্তী; (ব্যা.) একই বিভক্তিবিশিষ্ট; বিশেষ্য বিশেষণ সম্বন্ধবিশিষ্ট। **সমানাধিকারী** *বি* জাতিধর্ম নির্বিশেষে সমান ক্ষমতার অধিকারী। **সমানাধিকারবাদ** *বি* সাম্যবাদ। **সমানুপাত** *বি* সদৃশ; অনুপাতের সমতা (যেমন ২:৪:৮:১৬); proportion।[স. সম+অনুপাত]

সমান্তর *বিণ* (গ.) সমান ব্যবধানযুক্ত; সমান রাশির পার্থক্যযুক্ত (২, ৪, ৬ ইত্যাদি)। [স. সম+অন্তর]। **সমান্তরাল** *বিণ* সর্বত্র এবং সর্বদা সমান দূরত্ববিশিষ্ট; parallel। [স. সম+অন্তর, অন্তরাল]

সমাপক *বিণ* সমাধাকারী। [স. সম্+√আপ্+অক]। **সমাপিকা** *বিণ স্ত্রী.* ১ সম্পন্নকারিণী। ২ (ব্যা.) বাক্য বা বাক্যের অর্থবোধ সম্পন্নকারিণী ক্রিয়া (সমাপিকা ক্রিয়া)।

সমাপন *বি* সম্পন্নকরণ; সমাপ্তি; শেষ; উদ্‌যাপন। [স. সম্+√আপ্+অন]। **সমাপিত** *বিণ* নিষ্পাদিত; সম্পাদিত।

সমাপ্ত *বিণ* সম্যক শেষ; সম্পূর্ণ; বিগত; অতীত। [স. সম্+√আপ্+ত]। **সমাপ্তি** *বি* সমাধা; সমাপন; অবসান; শেষ।

সমাবর্তন *বি*১ পুনরায় আগমন; ফিরে আসা; প্রত্যাবর্তন; হিন্দুদের শাস্ত্রোক্ত চতুরাশ্রম ব্যবস্থায় শিক্ষা সমাপন ও ব্রহ্মচর্যের পর গুরুগৃহ থেকে প্রত্যাবর্তন করে গৃহধর্মে প্রবেশ। ২ বিশ্ববিদ্যালয়ের উপাধি গ্রহণ ও বিতরণের সভা; convocation। [স. সম্+আবর্তন]। **সমাবর্তন উৎসব** *বি* বিশ্ববিদ্যালয়ে উপাধি গ্রহণ ও বিতরণের উৎসব; convocation। **সমাবৃত্ত** *বিণ* প্রত্যাগত; পুনরায় আবর্তিত; ব্রহ্মচর্য পালনের পর গুরুগৃহ থেকে প্রত্যাবর্তন করে গৃহধর্মে প্রবিষ্ট।

সমাবিষ্ট *বিণ* আক্রান্ত; প্রভাবান্বিত; সন্নিবিষ্ট; একাগ্রচিত্ত; সমবেত। [স. সম্+আবিষ্ট]। **সমাবিষ্টা** *স্ত্রী.*।

সমাবৃত *বিণ* সম্পূর্ণ আবৃত; আচ্ছাদিত; আচ্ছন্ন; বেষ্টিত; ঘেরাও। [স. সম্+আবৃত]

সমাবেশ *বি* জমায়েত; সমাগম; অবস্থান; সংকুলান; মনঃসংযোগ; অভিনিবেশ; সংগ্রহ বিন্যাস; সুশৃঙ্খল প্রতিষ্ঠা; প্রবেশ। [স. সম্+আ+√বিশ+অ]। **সমাবেশিত** *বিণ* সমাবেশকৃত; সংস্থাপিত; অভিনিবিষ্ট; বিন্যস্ত।

সমারম্ভ *বি* সাড়ম্বরে শুরু; জাঁকজমক; সমারোহে আরম্ভ; ঘটা করে পর্ব বা অনুষ্ঠান করা। [স. সম্+আরম্ভ]

সমারূঢ় *বিণ* সম্যক উপরে উপবিষ্ট; বিশেষভাবে অধিষ্ঠিত। [স. সম্+আরূঢ়]। **সমারূঢ়া** *স্ত্রী.*।

সমারোহ *বি* আড়ম্বর; জাঁকজমক; শানশওকত; ঘটা; সম্যক আরোহণ; অত্যন্ত উন্নতি। [স. সম্+আরোহ]

সমার্থ, সমার্থক *বিণ* সমান বা সদৃশ অর্থযুক্ত; একই মানে বা অর্থবিশিষ্ট। [স. সম্+অর্থ+ক]

সমালুম *বিণ* সম্যক জ্ঞাত হয়েছে এমন; ভালোভাবে জানা। [বা. স+আ. মালুম]

সমালোচক *বি,বিণ* দোষগুণ সম্যক আলোচনাকারী; যিনি ত্রুটি প্রদর্শন করেন। [স. সম্+আলোচক]। **সমালোচিকা** *স্ত্রী.*।

সমালোচন, সমালোচনা *বি* ত্রুটি–বিচ্যুতি দেখিয়ে বিচার; সাহিত্য বা শিল্পের দোষগুণের রসজ্ঞ আলোচনা; criticism। [স. সম্+আলোচন, আলোচনা]। **সমালোচনীয়** *বিণ* সমালোচনার যোগ্য। **সমালোচিত** *বিণ* দোষগুণ সম্বন্ধে সম্যক আলোচনা করা হয়েছে এমন; ত্রুটি নির্দেশকৃত। **সমালোচ্য** *বিণ* সমালোচনার উপযুক্ত; আলোচনার অন্তর্ভুক্ত।

সমাস *বি* (ব্যা.) একাধিক পদের একপদে সংকোচন; সংক্ষেপ; মিলন; সংগ্রহ (যথা—বিদ্যা দান ও গ্রহণের জন্য যে আলয়—বিদ্যালয়)। [স. সম্+√অস্+অ]

সমাসন্ন *বিণ* অতি আসন্ন; অত্যন্ত নিকটবর্তী; সমাপ্ত। [স. সম্+আসন্ন]

সমাসীন *বিণ* উপবিষ্ট; আরূঢ়। [স. সম্+আসীন]

সমাসোক্তি *বি* (আল.) কাব্যের অর্থালঙ্কারবিশেষ; কাব্যের যে অলঙ্কারে প্রাসঙ্গিক বিষয়ে অপ্রাসঙ্গিক বিষয়ের গুণ বা ধর্ম আরোপ করা হয়। [স. সমাস+উক্তি]

সমাহরণ *বি* জমানো; সঞ্চয়ন; একত্রীকরণ। [স. সম্+আহরণ]। [স.]। **সমাহর্তা** *বি,বিণ* সংগ্রহকারী; সরকারি রাজস্ব আদায়কারী কর্মচারী। **সমাহর্ত্রী** *বিণ স্ত্রী.*।

সমাহার *বি*১ একত্রীকরণ; মিলন; সংগ্রহ; সমূহ; সকল। ২ (ব্যা.) দ্বিগু ও দ্বন্দ্ব সমাস বিশেষ। [স. সম্+আ+√হৃ+অ]। **সমাহারী**(–রিন্) *বিণ* সংগ্রহকারী; আহরণকারী।

সমাহিত *বিণ* চিন্তায় নিমগ্ন; নিবিষ্টচিত্ত; ধ্যানমগ্ন; মীমাংসিত; নিষ্পাদিত; কবরে স্থাপিত; সমাধিস্থ; অবিচলিত; দৃঢ় সংযত। [স. সম্+আ+√ধা+ত]। **সমাহিতা** *বিণ স্ত্রী.*।

সমাহৃত *বিণ* একত্রীকৃত; সংগৃহীত; মিলিত; হ্রস্বীকৃত; আনয়ন করা হয়েছে এমন; আয়োজনকৃত; সম্যকপ্রাপ্ত। [স. সম্+আহৃত]। **সমাহৃতি** *বি* আহরণ; হ্রস্বীকরণ; আনয়ন; সম্মেলন; প্রাপ্তি; আয়োজন।

সমিতি *বি* সঙ্ঘ; সভা; পরিষদ। [সং.]
সমীকরণ *বি* ১ তুল্য বা একজাতীয়করণ। ২ (গ.) রাশি থেকে অজ্ঞাত রাশি নিরূপণ; এক রাশি বা রাশিসমূহের সঙ্গে অন্য রাশি বা রাশিসমূহের সমতা বিধান। ৩ (ব্যা.) বাংলা ভাষায় দুটি শব্দ একত্র সংযুক্ত হলে দ্রুত উচ্চারণে পূর্ব পদের শেষ বর্ণ পর পদের প্রথম বর্ণের অনুরূপ হয়; একে সমীকরণ বলে। [সং. সম্+ঈ(চ্বি)+√কৃ+অন]
সমীক্ষ *বি* সম্যক জ্ঞান; সম্যক দৃষ্টি; অনুসন্ধান; বিবেচনা; সাংখ্যদর্শন। [সং. সম্+√ঈক্ষ্+অ]। **সমীক্ষণ** *বি* বিশেষভাবে দর্শন; পর্যবেক্ষণ; অন্বেষণ; খোঁজখবর করা; আলোচনা। **সমীক্ষা** *বি* জ্ঞান; অন্বেষণ; অনুসন্ধান; মীমাংসা–দর্শন (পূর্ব এবং উত্তর মীমাংসা); বিবেচনা; বিচার; মীমাংসা; আপোস; সাংখ্যের বুদ্ধি আদি চতুর্বিংশতি তত্ত্ব। **সমীক্ষিত** *বিণ* সম্যক দৃষ্টি; পর্যালোচিত; অন্বেষিত; পর্যবেক্ষিত। **সমীক্ষ্য** *বি* সাংখ্যদর্শন। ❑*বিণ* বিচার্য। **সমীক্ষ্যকারী** (–রিন্) *বিণ* পূর্বাপর পর্যালোচনাপূর্বক কাজ করে এমন। **সমীক্ষ্যকারিতা** *বি* পরিণামদর্শিতা। **সমীক্ষ্যবাদী**(–দিন্) *বিণ* পূর্বাপর বিবেচনার পক্ষপাতী; যে পূর্বাপর পর্যালোচনাপূর্বক কথা বলে।
সমীচীন *বিণ* সঙ্গত; যোগ্য; উপযুক্ত; উত্তম; যথার্থ; সত্য; উচিত। [সং. সম্যচ্+ঈন]
সমীপ *বিণ* সন্নিধান; নিকট। ❑*বি* (ব্যা.) সন্নিধি। [সং.]। **সমীপপাতিত** *বিণ* নিকটে স্থাপিত (সমীপপাতিত আসন)। **সমীপবর্তী**(–তিন্), **সমীপস্থ** *বিণ* নিকটবর্তী। **সমীপবর্তিনী, সমীপস্থা** *স্ত্রী.*।
সমীর, সমীরণ *বি* বায়ু; বাতাস। [সং.]। **সমীরিত** *বিণ* বায়ু প্রবাহিত।
সমীহ *বি* সম্মান প্রদর্শন; সমাদর; খাতির; শ্রদ্ধাযুক্ত সংকোচভাব; সমীহা; শ্রদ্ধা। [সং.]
সমীহা *বি* চেষ্টা; আকাঙ্ক্ষা; ইচ্ছা; সম্মান। [সং. সম্+√ঈহ্+অ+আ)]
সমুখ(সম্মুখ–এর কোমলরূপ), **সুমুখ** (কথ্য) *বি* অভিমুখ; সমক্ষ; সম্মুখ। ❑*বিণ* মুখোমুখি; সামনে। [সং. সম্+মুখ=সম্মুখ]
সমুচয় *বিণ* সমুদয়; সমস্ত; আস্ত; গোটা। [সং.]
সমুচা, সমুসা *বি* মাংসের বা গোশ্‌তের পুর দেওয়া পিঠাবিশেষ। [ফা.]
সমুচিত *বি* যথাবিহিত; যোগ্য; ন্যায়সঙ্গত। [সং. সম্+উচিত]
সমুচ্চ *বিণ* সমান উচ্চ; উচ্চতায় সমতাযুক্ত; আড়ম্বরপূর্ণ। [সং. সম্+উচ্চ]
সমুচ্চয়, সমুচয় *বি* মিলন; সমাহার; সমূহ; সকল; চিহ্ন; দাগ; পরিমাণ; কাব্যের অলঙ্কারবিশেষ। [সং. সম্+উদ্+√চি+অ]
সমুচ্চারণ *বি* মিলিত উচ্চারণ। [সং.]
সমুচ্ছল *বিণ* উচ্ছ্বসিত; অতিশয় উচ্ছলিত; উথলিত। [সং. সম্+উচ্ছল]
সমুচ্ছেদ *বি* মূলোৎপাটন। [সং. সম্+উচ্ছেদ]। **সমুচ্ছেদন** *বি* সমূলে বিনাশ; উন্মূলন।
সমুচ্ছ্রয়, সমুচ্ছ্রায় *বি* অতিবৃদ্ধি; অত্যুন্নতি; অতিস্ফীতি। [সং.]
সমুচ্ছ্বাস *বি* প্রবল শ্বাস–প্রশ্বাস; প্রবল উচ্ছ্বাস; স্ফীতি। [সং. সম্+উচ্ছ্বাস/ সম্+উৎ+শ্বাস]
সমুজ্জ্বল *বিণ* বিশেষভাবে উজ্জ্বল; প্রভা ও দীপ্তিযুক্ত। [সং. সম্+উজ্জ্বল]
সমুৎকর্ণ *বিণ* সম্যক উৎকর্ণ; শোনার জন্য অতিশয় ব্যগ্র। [সং.]
সমুত্থান *বি* অভ্যুদয়; সম্যক উত্থান; উদয়। [সং. সম্+উত্থান]
সমুত্থিত *বিণ* উত্তেজিত হয়েছে এমন; উদ্‌গত। [সং.]। **সমুত্থিতা** *বিণ স্ত্রী.*।
সমুৎপাটন, সমুৎসাদন *বি* মূলোৎপাটন; সম্পূর্ণ ধ্বংস। [সং. সম্+উৎপাটন, উৎসাদন]। **সমুৎপাটিত, সমুৎপাদিত** *বিণ* মূলোৎপাটন করে সম্পূর্ণ ধ্বংস করা হয়েছে এমন।
সমুৎসুক *বিণ* অতিশয় আগ্রহ বা জানার ঔৎসুক্য প্রকাশক; চিন্তাযুক্ত; উৎকণ্ঠিত। [সং. সম্+উৎসুক]
সমুদ, সমুদ *বি* আরবদের প্রাচীন সম্প্রদায়বিশেষ। [আ.]
সমুদয়, সমুদায় *বি* সম্যক উদয়; উত্থান; সমষ্টি। ❑*বিণ* সমস্ত; সকল। [সং. সম্+উদ্+√ই+অ]
সমুদার *বিণ* সম্যক উদার; শান্ত। [সং.]
সমুদিত *বিণ* সম্যকরূপে উদিত; উৎপন্ন; আবির্ভূত; সম্যক কথিত। [সং. সম্+উদিত]
সমুদ্ভব *বি* আর্বিভাব; প্রকাশ; জন্ম; উৎপত্তি; সম্ভাবনা। [সং. সম্+উদ্ভব]। **সমুদ্ভূত** *বিণ* উৎপন্ন; জাত।
সমুদ্ভাসিত *বিণ* সুশোভিত; আলোকিত; উজ্জ্বলীকৃত; সুপ্রকাশিত। [সং. সম্+উদ্ভাসিত]। **সমুদ্ভাসন** *বি* দীপ্তি।
সমুদ্‌ভ্রান্ত *বিণ* ব্যস্তসমস্ত; সম্যক উদ্‌ভ্রান্ত। [সং.]
সমুদ্যত *বিণ* সম্যক উদ্যত; উত্তোলিত; উত্থিত। [সং. সম্+উদ্যত]। **সমুদ্যতা** *বিণ স্ত্রী.*।
সমুদ্র, সমুদ্দুর *বি* সাগর; বারীশ; সিন্ধু; বারিধি; উদধি; অর্ণব; জলধি; রত্নাকর। [সং.]। **সমুদ্রকান্তা** *বি* নদী। **সমুদ্রগর্ভ** *বি* সাগরের তলদেশ বা অভ্যন্তরভাগ। **সমুদ্রনেমি, সমুদ্রবসনা, সমুদ্রমেখলা, সমুদ্ররসনা** *বি* পৃথিবী। **সমুদ্রবহ্নি** *বি* সাগরের জলে যে অগ্নি জ্বলে। **সমুদ্রমন্থন** *বি* হিন্দুপুরাণে কথিত দেবাসুরের অমৃত লাভের জন্য সমুদ্রমন্থন; জটিল পরিণতিযুক্ত ব্যাপার। **সমুদ্রযাত্রা** *বি* সমুদ্রপথে বিদেশগমন। **সমুদ্রযান** *বি* পানির জাহাজ; অর্ণবপোত। **সমুদ্রসঙ্গম** *বি* নদী ও সমুদ্রের মিলনস্থল। **সমুদ্রসৈকত** *বি* সমুদ্রের বালুকা–বিস্তৃত তীরভূমি। **সমুদ্রে ঝাঁপ দেওয়া** *ক্রি* (আল.) ভয়ানক বিপদে পতিত হওয়া। **সমুদ্রে বিন্দুপাত, সমুদ্রে বারিবিন্দু** —১ বিশাল সমুদ্রে এক ফোঁটা পানি পড়লে তা গণনার মধ্যেই আসে না। ২ (আল.) প্রয়োজন যেখানে বিপুল পরিমাণে সেখানে অতি অল্প সরবরাহ মূল্যহীন।
সমুন্দ *বি* অতি উৎকৃষ্ট ঘোড়া; যে ঘোড়ার রং হরিদ্রা বর্ণ ও লেজ কালো। [ফা.]
সমুন্নত *বিণ* অতিশয় উচ্চ; সমৃদ্ধশালী; উচ্চপদস্থ; মহৎ বা বিশাল; মর্যাদাবিশিষ্ট। [সং. সম্+উন্নত]। **সমুন্নতি** *বি* মহত্ত্ব; গৌরব; বৃদ্ধি; প্রসার; উন্নতি।
সমুন্নয়, সমুন্নয়ন *বি* উন্নতি সাধন; উত্তোলন; উচ্চকরণ; ঊর্ধ্বে নয়ন উৎক্ষেপণ; উদ্ভাবন। [সং. সম্+উদ্+√নী+অ, অন]
সমুপস্থিত *বিণ* নিকটবর্তী; সমীপে উপস্থিত যা। [সং.]
সমূল *বিণ* মূলসহ; উৎস বা কারণসহ; সম্পূর্ণ। [সং. সহ+মূল]
সমূলক *বিণ* সহেতুক; সত্য। [সং.]। **সমূলে** *ক্রিবিণ*

মূলসমেত।

সমূহ *বি* রাশি; গণ; সমস্ত। ❑*বিণ* (ব্যা.) প্রচুর; অনেক; অতিশয়; বেজায়; ভয়ানক; চরম। [স.]

সমৃদ্ধ *বিণ* ঐশ্বর্যশালী; উন্নত; যথেষ্ট বৃদ্ধিপ্রাপ্ত। [স. সম্+√ঋধ্+ত]। **সমৃদ্ধা** *বিণ স্ত্রী*। **সমৃদ্ধি** *বি* সমুন্নতি; যথেষ্ট; ঐশ্বর্য। **সমৃদ্ধিশালী** *বিণ* ঐশ্বর্যশালী; সম্পন্ন; সম্পদশালী।

সমেত *বিণ* সহ; সঙ্গে যুক্ত; প্রাপ্ত; উপস্থিত। [স. সম্+√আ+√ই+ত]

সম্পত্তি *বি* ঐশ্বর্য; বিভব; ধন; বিষয়-আশয়; জায়গা-জমি; সম্বল; গৌরব। [স. সম্+√পদ্+তি]। **সম্পত্তিশালী** (-লিন্) *বিণ* সম্পন্ন; বিত্তশালী; ধনী।

সম্পদ, সম্পৎ(-স্পদ্) *বি* ধন; ঐশ্বর্য; উৎকর্ষ (ভাবসম্পদ); বিত্ত; মর্যাদা; সম্বল; পুঁজি; সংস্থান। **সম্পদশালী** *বিণ* বিত্তশালী; ঐশ্বর্যশালী; ধনী।

সম্পন্ন *বিণ* বিত্তশালী; সম্পত্তিশালী; যুক্ত; সম্বলিত; সম্পাদিত; সমাধা; শেষ। [স. সম্+√পদ্+ত]। **সম্পন্না** *বিণ স্ত্রী*. সংগতি আছে এমন।

সম্পর্ক *বি* সম্বন্ধ; সংযোগ; বন্ধুত্ব; সংসর্গ; যোগাযোগ; সংস্রব; আদান-প্রদান। [স.]। **সম্পর্কিত, সম্পর্কী** (-র্কিন্); **সম্পর্কীয়** *বিণ* সম্পর্কযুক্ত; সংক্রান্ত। **সম্পর্কিতা, সম্পর্কীয়া** *বিণ স্ত্রী*।

সম্পাত *বি* পতন (অশনি সম্পাত); অভিশাপ; প্রতিফলন; প্রবেশ। [স. সম্+√পৎ+অ]

সম্পাদক *বিণ* সম্পাদনকারী; নির্বাহক; কর্ম-সচিব। ❑*বি* সংবাদপত্রাদির প্রধান নীতিনির্ধারক ও পরিচালক; পুস্তকাদির সংকলক; editor। [স.]। **সম্পাদকীয়** *বি* পত্রিকায় সম্পাদকের লিখিত প্রবন্ধ, সম্পাদকীয় স্তম্ভে যে অভিমতসূচক নিবন্ধ প্রকাশিত হয়; editorial।

সম্পাদন, সম্পাদনা, সম্পাদকতা *বি* সম্পাদন; সম্পূর্ণকরণ; নিষ্পাদন; সংকলন; সম্পাদকের কাজ। [স. সম্+√পদ্+ণিচ্+অন +আ]। **সম্পাদিত** *বিণ* সম্পাদনকৃত। **সম্পাদ্য** *বিণ* সম্পন্ন বা নিষ্পন্ন করতে হবে এমন; সম্পাদনীয়। ❑*বি* (জ্যা.) সমাধান বা পূরণ করতে হবে এমন প্রতিজ্ঞা; problem।

সম্পুট, সম্পুটক, সংপুট *বি* কৌটা; পুটলি; ছোট পেটিকা; ঠোঙ্গা; যুক্তকর। [স.]। **সম্পুটে** *ক্রিবিণ* জোড়হস্তে; যুক্ত করে (সম্পুটে প্রণাম করি—চণ্ডী)।

সম্পূরক *বিণ* সম্পূরণকারী। ❑*বি* (জ্যা.) যে দুই কোণের যোগফল দুই সমকোণের সমান তারা পরস্পর সম্পূরক; supplementary। [স. সম্+পূরক]। **সম্পূরক** *বি* সম্পূর্ণকরণ; পরিপূরণ। [স. সম্+পূরণ] **সম্পূরিত** *বিণ* সম্পূর্ণ করা হয়েছে এমন; পরিপূরক।

সম্পূর্ণ *বিণ* সমস্ত; সমগ্র; গোটা; পরিপূর্ণ; খতম; সমাপ্ত। [স. সম্+পূর্ণ]। **সম্পূর্ণতা** *বি* পরিপূর্ণতা। **সম্পূর্ণীভূত** *বিণ* পরিপূর্ণতা প্রাপ্ত।

সম্পৃক্ত *বিণ* ১ সম্বন্ধযুক্ত। ২ সংযুক্ত। ৩ মিলিত। ৪ সম্পর্কিত; গ্রথিত; জড়িত। ৫ সংমিশ্রিত। [স. সম্+√পৃচ্+ত]। **সম্পৃক্তা** *বিণ স্ত্রী*।

সম্প্রচার *বি* চারদিকে ঘোষণা বা প্রচার। [স. সম্+প্রচার]। **সম্প্রচারিত** *বিণ* ব্যাপকভাবে প্রচারিত; broadcast।

সম্প্রতি *অব্য, ক্রিবিণ* আজকাল; অধুনা; সবে; এইমাত্র; কেবল; মাত্র। [স. সম্+প্রতি]। **সাম্প্রতিক** *বিণ*।

সম্প্রদান *বি* ১ স্বত্বদানপূর্বক দান; সম্পূর্ণরূপে অর্পণ; হিন্দুদের বিবাহানুষ্ঠানে বরের হস্তে কন্যাকে অর্পণ। ২ (ব্যা.) কারক-বিশেষ; যাকে স্বত্ব ত্যাগ করে দান করা হয় তাকে সম্প্রদান কারক বলা হয়। [স. সম্+প্রদান]। **সম্প্রদাতা**(-তৃ) *বি, বিণ* যিনি সম্প্রদান করেন; সম্প্রদানকারী। **সম্প্রদাত্রী** *বি, বিণ স্ত্রী*।

সম্প্রদায় *বি* দল; সমাজ; জাতি; গোষ্ঠী; সঙ্ঘ। [স. সম্+প্র+√দা+অ]

সম্প্রসারণ *বি* প্রসারিতকরণ; বিস্তার। [স. সম্+প্রসারণ]। **সম্প্রসারক** *বিণ* যে বিস্তার করে; সম্প্রসারকারী। **সম্প্রসারিত** *বিণ* সম্প্রসারণ করা হয়েছে এমন; বিস্তারিত।

সম্প্রীতি *বি* সদ্ভাব; সৌহার্দ্য; প্রেম; প্রণয়; সন্তোষ। [স. সম্+প্রীতি]। **সম্প্রীত** *বিণ* প্রীতিযুক্ত; সদ্ভাবযুক্ত; আনন্দিত; সন্তুষ্ট।

সম্বৎসর, সংবৎসর *বি* পুরা এক বছরকাল। [স. সম্+বৎসর]। **সম্বৎসরকাল** *বিণ*।

সম্বদ্ধ *বিণ* মজবুতভাবে বদ্ধ; দৃঢ়রূপে যুক্ত; সম্পর্কবিশিষ্ট। [স. সম্+বদ্ধ]

সম্বন্ধ *বি* ১ সংযোগ; সম্পর্ক; সংস্রব; মিল; যোগাযোগ; কুটুম্বিতা; আত্মীয়তা। ২ বিবাহ বা শাদির প্রস্তাব (সম্বন্ধ করা)। ৩ (ব্যা.) কার্যকারণ, জন্য জনকতা, স্বত্ব-স্বামিত্ব ইত্যাদি ভাব; possessive case। [স. সম্+বন্ধ]। **সম্বন্ধী**(-ন্ধিন্), **সম্মুন্দি** (চলিত) *বিণ* সম্বন্ধযুক্ত; কুটুম্ব; আত্মীয়। ❑*বি* ১ শ্যালক। ২ (ব্য.) স্ত্রীর বড় ভাই; গালিবিশেষ। **সম্বন্ধীয়** *বিণ* সম্পর্কিত; বিষয়ক; সংক্রান্ত। **সম্বন্ধীয়া** *বিণ স্ত্রী*।

সম্বর, শম্বর *বি* একজাতীয় হরিণ; পানি; জল; পৌরাণিক অসুরবিশেষ। [স.]

সম্বরা *বি* তেল ও মশলা দ্বারা ব্যঞ্জনাদি সুস্বাদু করার একপ্রকার প্রক্রিয়া; ফোড়ন। [স. সম্ভার>]

সম্বর্ধিত *বিণ* পরিবর্ধিত; সম্যক বৃদ্ধিপ্রাপ্ত। [স.]

সম্বল *বি* পাথেয়; জীবিকা অর্জনের উপায়; পুঁজি; সংস্থান; অবলম্বন; ভরসাস্থল। [স. √সম্+অল(ন)]। **সম্বলহীন** *বিণ* সর্বহারা; নিঃস্ব। **সম্বলহীনা** *বিণ স্ত্রী*।

সম্বিত, সম্বিৎ, সংবিৎ(-বিদ্) *বি* জ্ঞান; হুঁশ; বুদ্ধি; সম্ভাষণ; সংকেত। [স. সম্+√বিদ্+ক্বিপ্]

সম্বুদ্ধ *বিণ* জাগরিত; চেতনাপ্রাপ্ত; লব্ধচৈতন্য; উদ্বুদ্ধ; বোধিপ্রাপ্ত; বুদ্ধদেব। [স. সম্+বুদ্ধ]

সম্বোধন *বি* আহ্বান; সম্ভাষণ; ডাক; অভিভাষণ; ব্যাকরণের পদবিশেষ। [স. সম্+√বুধ্+অন]। **সম্বোধিত** *বিণ*। **সম্বোধনী** *বি* আহ্বান; অভিবাদন।

সম্বোধি[১] *বি* সম্যক জ্ঞান; বোধ। [স. সম্+√বুধ+ই]। **সম্বোধিতা** *বিণ স্ত্রী*. জ্ঞানী; সচেতন।

সম্বোধি[২] *ক্রি* (কাব্যে) সম্বোধন করে; ডেকে; প্রবোধ দেওয়া বা প্রতারণা করা। [স. সম্+√বুধ্+ঈ]

সম্ভব *বি* জন্ম; উৎপত্তি; সম্ভাবনা। ❑*বিণ* অনুমানযোগ্য; বিশ্বাসযোগ্য; ঘটতে পারে এমন; বিশ্বাস্য (এও কি সম্ভব)। ❑*ক্রিবিণ* সম্ভবত (সম্ভব কাল আসবেন)। [স. সম্+√ভূ+অ]। **সম্ভবত** *অব্য* হয়তো; অনুমানসাপেক্ষ। **সম্ভবপর** *বিণ* সম্ভাবনাযুক্ত। **সম্ভবাতীত** *বিণ* অসম্ভব; সম্ভাবনাহীন। **সম্ভাব্য-সম্ভব্য** *বিণ* সম্ভবপর (সম্ভাব্য

সকল ব্যবস্থা নেওয়া হবে); হয়তো হবে বা ঘটবে এমন (পরীক্ষার সম্ভাব্য তারিখ)।

সম্ভাবনা *বিণ* ভবিষ্যতে ঘটতে পারে এমন অবস্থা (তার কাল আসার সম্ভাবনা আছে, ছেলেটির ভবিষ্যৎ সম্ভাবনা আছে); probability; possibility; potentiality।

সম্ভার *বি* দ্রব্যসামগ্রী; স্তূপ; রাশি; উপকরণ; সম্বল; আয়োজন; সম্বরা; ফোঁড়ন। [স. সম্+√ভৃ+অ]

সম্ভাষণ, সম্ভাষ *বি* আহ্বান; সম্বোধন; আলাপ–আলোচনা; কথাবার্তা; অভ্যর্থনা; সমাদর; অভিভাষণ। [স. সম্+ভাষণ, ভাষ]। **সম্ভাষণানুগ্রহ** *বি* সহৃদয় আলাপ আপ্যায়ন।

সম্ভাষা *ক্রি* (কাব্যে) সম্বোধনপূর্বক আলাপ করা। [স. সম্+√ভাষ্+বা.আ]

সম্ভূত *বিণ* উৎপন্ন; জাত; স্থাপিত; প্রতিষ্ঠিত। [স. সম্+√ভূ+ত]। **সম্ভূতা** *বিণ স্ত্রী.*। **সম্ভূতি** *বি*।

সম্ভোগ *বি* উপভোগ (সমুদ্র সম্ভোগ); রতিক্রিয়া; যৌন সঙ্গম; সুরত। [স. সম্+ভোগ]

সম্ভ্রম *বি* সম্মান; মান-মর্যাদা; মান্যতা; সমাদর; শ্রদ্ধা; ভদ্রতা। [স. সম্+√ভ্রম্+অ]। **সম্ভ্রমশীল** *বিণ* যার সম্ভ্রম বা সম্মানবোধ আছে। **সম্ভ্রমশীলা** *স্ত্রী.*।

সম্ভ্রান্ত *বিণ* অভিজাত; কুলীন; আশরাফ; মান্য ও মর্যাদাশীল; সমাদর যোগ্য। [স. সম্+√ভ্রম্+ত]। **সম্ভ্রান্ততন্ত্র** *বি* আশরাফ বা অভিজাত সম্প্রদায় কর্তৃক রাষ্ট্র শাসন পদ্ধতি; aristocracy।

সম্মত *বিণ* ইচ্ছুক; রাজি; স্বীকৃত; অনুমোদিত। [স. সম্+√মন্+ত]। **সম্মতা** *বিণ স্ত্রী.*। **সম্মতি** *বি* অনুকূল মত; সমর্থন; অনুমতি; অভিমত।

সম্মান *বি* সশ্রদ্ধ খাতির; সমাদর; মান; ইজ্জত; গৌরব। [স. সম্+মান]। **সম্মানন, সম্মাননা** *বি* সমাদর; প্রদর্শন; সম্মানকরণ। **সম্মানিত** *বিণ* গৌরবান্বিত; মান্য; মর্যাদাপ্রাপ্ত; সমাদৃত। **সম্মানিতা** *স্ত্রী.*। **সম্মানী** *বিণ* মর্যাদা বা সম্মানের অধিকারী। ❑ *বি* কাজের জন্য প্রদেয় প্রশংসা বা মর্যাদাসূচক অর্থাদি।

সম্মার্জন *বিণ* পরিষ্কারকরণ; সাফকরণ। [স. সম্+মার্জন]। **সম্মার্জক** *বিণ* পরিষ্কার; সম্মার্জনী। **সম্মার্জনী** *বি* ঝাড়ু; ঝাঁটা; যা দিয়ে পরিষ্কার করা হয়; পরিষ্করণ। **সম্মার্জিত** *বিণ* পরিষ্কৃত; ঝাঁড়ু দেওয়া হয়েছে এমন।

সম্মিলন *বি* সম্যক মিলন; সংযোগ; বহু লোকের একত্র সমাবেশ; সাক্ষাৎকার। (সম্মেলন–এর বিকল্প রূপ)। [স.]। **সম্মিলনী** *বি* সঙ্ঘ; সভাসমিতি; পরিষদ। **সম্মিলিত** *বিণ* একত্র মিলিত; সংযুক্ত; একত্রিত। **সম্মিলিতা** *বিণ স্ত্রী.*।

সম্মুখ, সুমুখ (কথ্য) *বি* সমক্ষ; সমুখ; অভিমুখ; সদয়; দয়াবান; সামনে অবস্থিত; অভিমুখী; সামনের। ❑ *বিণ* সামনাসামনি; মুখোমুখি। [স. সম্+মুখ]। **সম্মুখবর্তী** (-র্তিন্), **সম্মুখীন** *বিণ* সম্মুখে উপস্থিত এমন; সামনে বর্তমান। **সম্মুখবর্তিনী** *বিণ স্ত্রী.*। **সম্মুখযুদ্ধ** *বি* মুখোমুখি লড়াই। **সম্মুখস্থ** *বিণ* সামনে অবস্থিত। [স.]

সম্মেলন *বি* সভা; একত্র সমাবেশ; সভাদিতে জনসমাবেশ; বিশেষ লক্ষ্য ও উদ্দেশ্যে সমগোষ্ঠীভুক্ত ব্যক্তিদের সমাবেশ (সাহিত্য সম্মেলন)। [স. সম্+মিলন]

সম্মোহ *বি* মুগ্ধকরণ; আবিষ্টকরণ; অত্যন্ত মোহ বা অজ্ঞানতা। [স. সম্+মোহ]। **সম্মোহন** *বি* সম্যক মুগ্ধকরণ; হিন্দুশাস্ত্রের কন্দর্পের বাণবিশেষ; মুগ্ধকারী; মোহজনক। **সম্মোহনী** *বিণ স্ত্রী.*। **সম্মোহবদ্ধ** *বি* পরিপূর্ণভাবে বিমুগ্ধ।

সম্যক(–ম্যচ্) *অব্য, ক্রিবিণ* সম্পূর্ণরূপে; উত্তমরূপে; যোগ্যভাবে। ❑ *অব্য, বিণ* সম্পূর্ণ; যোগ্য; সঙ্গত। [স. সম্+√অন্চ্+ক্বিপ্]

সম্রাজ্ঞী *বি স্ত্রী.* বহু রাষ্ট্রের অধিকারিণী; মহারানী; সম্রাট-পত্নী। [স. সম্+রাজ্ঞী]। **সম্রাট** *পু.*।

সম্রাট *বি* বহু রাষ্ট্র ও জনপদের অধিকারী; রাজাধিরাজ; সার্বভৌম রাজা। [স. সম্+√রাজ্+ক্বিপ্]। **সম্রাজ্ঞী** *স্ত্রী.*।

সযত্ন *বিণ* যত্নযুক্ত; সাদর; সচেষ্ট। [স. সহ+যত্ন]। **সযত্নে** *ক্রিবিণ* যত্নসহকারে; চেষ্টাপূর্বক।

সয়ফুল্লাহ্ *বি* আল্লাহর তরবারি; মহাবীর খালিদ ইবনে ওলিদের উপাধি। [আ.]

সয়লাব *বি* বন্যা; প্লাবন। [ফা.]

সয়া (কথ্য) *বি* ১ সখীর স্বামী; সই–এর স্বামী। ২ মিত্র; সখা; বন্ধু। [স. সখা>]। **সই, সখী** *স্ত্রী.*।

সয়াল (প্রা–বা. এবং আঞ্চলিক) *বি* সকল।

সর[১] *বি* দুগ্ধ বা ক্ষীর প্রভৃতির উপরের পাতলা আবরণবিশেষ। [স.]। **সরপুরিয়া** *বি* দুধের সর দিয়ে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। **সরভাজা** *বি* সর ভেজে প্রস্তুত এক প্রকার মিঠাই।

সর[২] *ক্রি* অনুজ্ঞায় নড়ে বা সরে বসার আদেশ।

সর[৩] *অব্য, ক্রিবিণ* বায়ু বা দ্রুতগামী সরীসৃপাদি চলার শব্দ।

সরঃ(–রস্) *বি* বড় পুকুর; দিঘি; সরোবর; হ্রদ। [স.]। **সরঃকাক** *বি* হংস। **সরসী** *বি স্ত্রী.* দিঘি; সরোবর; বৃহৎ পুষ্করিণী। **সরসীরুহ** *বি* পদ্ম; কমল।

সরকার *বি* ১ রাষ্ট্রশাসন ব্যবস্থা; ক্ষমতায় অধিষ্ঠিত শাসকদল; শাসকবর্গ; যারা রাষ্ট্রযন্ত্র চালায়; গভর্নমেন্ট। ২ আদায় ও ব্যয়ের হিসাবরক্ষক কর্মচারী (বাজার সরকার)। ৩ বাদশাহি আমলে রাজকর্মচারীকে প্রদত্ত খেতাববিশেষ। ৪ কুলি–মজুরদের সরদার। ৫ কবিগানের দলনেতা। [ফা.]। **সরকারি, সরকারী** *বিণ* সরকার সম্বন্ধীয়; রাষ্ট্রের; গভর্নমেন্টের।

সরগম *বি* সা রে গা মা–র একটি রূপ।

সরগরম *বিণ* গুলজার; পরিপূর্ণ; উদ্দীপনাযুক্ত জমজমাট। [ফা.]

সরজমিন, সরেজমিন *বি* ঘটনাস্থল; অকুস্থল। [ফা.]

সরঞ্জাম *বি* উপকরণ; উপচার; আসবাব; আয়োজন। [ফা.]

সরণ, সরণি, সরণী *বি* ১ পথ; রাস্তা। ২ মরিচা; লৌহমল। ❑ *বিণ* গমনশীল। [স. সৃ+অন]। **সরণি, সরণী** *বি* পথ; রাস্তা; সড়ক; শ্রেণী; সারি; পঙ্ক্তি; প্রণালী; রীতি; পন্থা; table, chart।

সরতা, সর্তা *বি* জাঁতি; সুপারি কাটার যন্ত্রবিশেষ। [হি. সরোতা]

সরদ *বিণ* শীতল; ঠাণ্ডা। [ফা.]

সরদার, সর্দার *বি* ১ প্রধান ব্যক্তি; দলপতি। ২ উপাধিবিশেষ। [ফা.]। **সরদারি দেওয়া** *ক্রি* কাউকে দলপতি করা; দলপতির প্রাপ্য দস্তুরি দেওয়া।

সরদেয়াল, ছারদেয়াল *বি* ১ বাড়ির চারিদিকে ঘুরিয়ে যে দেয়াল দেওয়া হয়। ২ প্রাচীর; প্রাকার।

সরন্দীপ *বি* রূপকথার দ্বীপবিশেষ; লঙ্কা। [স. স্বর্ণদ্বীপ>]
সরপুঁটি *বি* বড় আকারের পুঁটিমাছবিশেষ; সরলপুঁটি।
সরপেচ *বি* ১ পাগড়ির চারিদিকে জড়াবার রেশমি বা জরির ফিতাবিশেষ। ২ নারীদের মস্তক বা কবরী বেষ্টনের পুষ্পমালা। [ফা.]
সরপোশ, সরপোষ *বি* ঘটি বা বাটির আচ্ছাদনী; পাত্রের ঢাকনি। [ফা.]
সরফরাজ[১] *বিণ, ক্রিবিণ* কৃতার্থ; সম্মানিত হওয়া। [ফা.]। **সরফরাজি** *বি* বড়াই; মোড়লি; ফোপরদালালি; স্বঘোষিত কর্তাগিরি।
সরফরাজ[২]**, ছরফরাজ**[২] *বি* ১ বাংলার একজন নবাবের নাম। ২ মোড়ল; নেতা; পরিচালক; কর্তা। [ফা.]
সরফর্দা *বি* সঙ্গীদের সুরবিশেষের নাম। [ফা.]। **সরফর্দায়** *ক্রিবিণ* সঙ্গীতের সুর লহরীতে।
সরবন্ধ, সরবন্দ *বি* পাগড়ি; শিরস্ত্রাণ। [ফা.]
সরবরাহ, সরবরা *বি* যোগান। [ফা.]। **সরবরাহী, সরবরাহকারী** *বিণ* যোগানদার।
সরম, শরম *বি* লজ্জা। [ফা.]। **সরম বিভাস** *বিণ* লজ্জায় উজ্জ্বল। **সরমরাঙা, সরমরাঙ্গা** *বিণ* লজ্জায় আরক্তিম; শরমে লাল বর্ণযুক্ত। **সরমেন্দা, সরমিন্দা** *বিণ* লজ্জিত।
সরযু, সরযূ *বি* অযোধ্যার নদীবিশেষ। [স.]
সরল *বি* সোজা; ঋজু; অবক্র; সহজ; কুটিলতাশূন্য; অকপট; শান্তশিষ্ট; সাধুপ্রকৃতির; উদার; জাঁকজমকহীন; সাদাসিধা। [স. √সৃ+অল]। **সরলা** *বিণ স্ত্রী.*। **সরলপুঁটি** *বি* বড় আকারের পুঁটিমাছ। **সরলতা** *বি* সারল্য। **সরলীকরণ** *বি* (গ.) বিভিন্ন জটিল রাশিকে সহজ করে এক রাশিতে পরিণতকরণ; কোনো বিষয়কে অতি সাধারণভাবে বিবেচনা করা; over simplification।
সরস *বিণ* মনোজ্ঞ; চিত্তাকর্ষক; রসিকতায় পরিপূর্ণ; রসপূর্ণ; প্রীতিদায়ক; সৌন্দর্যপূর্ণ। □ *বি* সরোবর; হ্রদ। [স. সহ+রস]। **সরসতা** *বি* মাধুর্য; রসযুক্ততা। **সরসা** *বিণ স্ত্রী.* রসযুক্তা।
সরসিজ *বি* পদ্ম; সরোবরে উৎপন্ন। [স. সরসি+√জন্‌+অ]
সরস্বতী *বি* ১ বিদ্যা ও কলার দেবী; বীণাপাণি; সারদা; ভারতী; বাগ্‌দেবী। ২ মহাশ্বেতা। ৩ প্রাচীন নদীবিশেষ। [স. সরস্‌+বৎ+ঈ]
সরহ *বি* চর্যাপদের ও দোঁহার কবি সরোজ বজ্র।
সরহদ্দ, সরহদ *বি* চতুঃসীমা; চৌহদ্দি; চারদিকের সীমানা। [ফা.+আ.]। **সরহদ্দ** (বিরল) *বি* চতুঃসীমা; চৌহদ্দি। [আ.]
সরা[১]**, শরা** *বি* ১ মৃৎপাত্রের ঢাকনি; ক্ষুদ্র মৃৎপাত্র; ছোট বাসন; ভিক্ষাপাত্র। ২ (ব্য.) মৃৎপাত্রের ঢাকনির মতো তুচ্ছ বস্তু। [স. সরাব, শরাব]। **ধরাকে সরা জ্ঞান করা** *ক্রি* (আল.) মৃৎপাত্র বা সরার ন্যায় ক্ষুদ্র ও তুচ্ছ মনে করা।
সরা[২] *ক্রি* চলা; নড়া; স্থান বদলানো; পথ ছাড়া; নির্গত বা অপসারিত হওয়া; বের হওয়া; ইচ্ছা করা; পলায়ন করা; অগ্রসর হওয়া (পা সরে না)। □ *বি* উক্ত সকল অর্থে। [স. √সৃ+বা. আ]। **সরানো** *ক্রি* ১ সরিয়ে ফেলা; স্থানান্তরিত করা। ২ (ব্য.) চুরি বা অপহরণ করা। □ *বি, বিণ* সরল অর্থে। [হি. সরক্‌না]
সরা[৩] *বি* গন্ধভাদালি।
সরাই, সরাইখানা *বি* পান্থশালা; পথিক নিবাস; চটি; হোটেল। [ফা.]
সরাব, শরাব *বি* মদ।
সরাল *বি* একজাতীয় হাঁস।
সরাসর, সরাসরি *ক্রিবিণ* সিধা; মধ্যস্থবিহীন যোগসাধন; মুখোমুখি হওয়া; সোজাসুজি। [ফা.]
সরিৎ *বি স্ত্রী.* নদী।
সরিষা, সরষে *বি* সর্ষপ; রাই; এক প্রকার তৈলপ্রদ শস্য। [স. সর্ষপ>]
সরীসৃপ *বি* বুকে ভর করে চলে এমন জীব।
সরু *বিণ* ১ সূক্ষ্ম; ক্ষীণ; কৃশ; শীর্ণ। ২ চিকন; মিহি। ৩ সংকীর্ণ; অপ্রশস্ত; বিস্তৃত বা চওড়া নয় এমন। ৪ মোলায়েম; সুরেলা। [স.]
সরেস *বিণ* ১ (সরসের চলতিরূপ) উত্তম; শ্রেষ্ঠ; প্রকৃষ্ট; উৎকৃষ্ট। ২ রসাত্মক; রসপূর্ণ। ৩ প্রসাদগুণসম্পন্ন; রসালো। [স.]
সরোজ *বি* পদ্ম; কমল; পঙ্কজ; শতদল; উৎপল; রাজীব; অরবিন্দ; কোকনদ; কুবলয়; তামরস; পুষ্কর; নলিন; পুণ্ডরীক। [স.]। **সরোজিনী** *বি স্ত্রী.* পদ্মের ঝাড়; পদ্মবন; কমলিনী; পদ্মিনী।
সরোদ *বি* বীণার মতো বাদ্যযন্ত্র। [ফা.]
সরোবর *বি* বড় পুষ্করিণী; দিঘি; হ্রদ। [স.]
সরোরুহ *বি* পদ্মফুল। [স.]
সরোষ *বিণ* রাগান্বিত; ক্রোধযুক্ত; ক্রুদ্ধ। [স.]। **সরোষে** *ক্রিবিণ* সক্রোধে; ক্রোধের সঙ্গে।
সর্গ *বি* ১ সৃষ্টি; জন্ম; উৎপত্তি। ২ গ্রন্থাদির অধ্যায় বা পরিচ্ছেদ। ৩ ত্যাগ; বিসর্জন। ৪ প্রকৃতি; নিসর্গ। ৫ নিয়ম। [স.]
সর্জ, শর্জ, শর্জু *বি* শাল গাছ। **সর্জরস** *বি* শাল গাছের নির্যাস; ধুনা। [স.]
সর্জি, সর্জী, সর্জিকা *বি* সাজিমাটি; এক প্রকার ক্ষার; সোডা। [স.]
সর্দার, সরদার *বি* দলপতি; নেতা। [ফা.]। **সর্দারনী** *বি স্ত্রী.*। **সর্দারি** *বি* ১ সর্দারের পদ বা কাজ। ২ সরদারের প্রাপ্য দস্তুরি। ৩ মোড়লি; ফোঁপরদালালি।
সর্দি, সর্দী *বি* ১ শৈত্য; আর্দ্রতা; শীত। ২ কফরোগ; শ্লেষ্মা। [ফা.]। **সর্দিগরমি, সর্দিগর্মি** *বি* তাপ-শৈত্যের আকস্মিক অমিত প্রভাবহেতু শ্লেষ্মা থেকে উৎপন্ন পীড়াবিশেষ; sun stroke। [সর্দি— ঠাণ্ডা, গর্মি— গরম]
সর্প *বি* সাপ; অহি; আশীবিষ; উরগ; নাগ; ভুজঙ্গ; ভুজগ; ভুজঙ্গম; সরীসৃপ; ফণী। [স.]। **সর্পী, সর্পিণী** *বি স্ত্রী.*। **সর্পদষ্ট** *বিণ* সর্পদংশিত। **সর্পভুক** *বিণ* সর্পভক্ষণকারী। □ *বি* ১ ময়ূর; শকুন। ২ হিন্দু পুরাণোক্ত গরুড়। **সর্পরাজ** *বি* পুরাণোক্ত নাগরাজ; বাসুকি। **সর্পহা** *বিণ* সর্পহন্তা; সর্পঘাতক। □ *বি* নেউল; নকুল; বেজি। **সর্পঘাত** *বি* সাপের কামড়; সর্পদংশন।
সর্পিল *বিণ* ১ চলন্ত সাপের মতো আঁকাবাঁকা; বক্র। ২ সর্পসম্বন্ধীয়।
সর্ব *বিণ* সমগ্র; সকল; সমুদয়। □ *বি* হিন্দুদেবতা শিব; বিষ্ণু। [স.]। **সর্বংসহ** *বিণ* সমস্ত সহ্য করে এমন। **সর্বংসহা** *বিণ স্ত্রী.* সমস্ত সহ্যকারিণী। □ *বি* পৃথিবী। **সর্বকনিষ্ঠ** *বিণ* বয়সে সবচেয়ে ছোট। **সর্বকাল** *বি* চিরকাল; সকল সময়। **সর্বগ, সর্বগামী** *বিণ* সব স্থানে

গমনকারী। **সর্বগুণনিধি, সর্বগুণাধার** *বিণ* সর্বগুণে গুণান্বিত; সর্বপ্রকার গুণের অধিকারী। **সর্বগ্রাসী** *বিণ* সবকিছু গ্রাস করে বা খেয়ে ফেলে এমন। **সর্বগ্রাসিণী** *বিণ স্ত্রী.*। **সর্বজন** *বি* সকল লোক বা নরনারী। **সর্বজন মনোহরী** *বিণ* সকলকে সন্তুষ্টকারী। **সর্বজনীন** *বিণ* ১ সকলের মঙ্গলজনক বা কল্যাণকর। ২ সর্বসাধারণের জন্য অনুষ্ঠিত; বারোয়ারি। **সর্বজ্ঞ** *বিণ* সর্ববিষয়ে জ্ঞাত; সবজান্তা। **সর্বত, সর্বতঃ** *অব্য, ক্রিবিণ* সকল রকমে; সবদিকে; সমস্ত বিষয়ে; সম্পূর্ণরূপে। **সর্বতোভাবে** *ক্রিবিণ* সর্বপ্রকারে। [স. সর্বতঃ+ভাবে]। **সর্বতোমুখ** *বিণ* সর্বদিকে মুখ আছে এমন। ❑ *বি* ১ শিব; ব্রহ্মা। ২ আকাশ। ৩ জল। ৪ আত্মা। [স. সর্বতঃ+মুখ]। **সর্বতোমুখা, সর্বতোমুখী** *বিণ স্ত্রী.*। **সর্বত্যাগী** *বিণ* সন্ন্যাসী; সমস্ত ত্যাগ করেছে এমন। **সর্বত্র** *অব্য, ক্রিবিণ* সমস্ত স্থানে; সব দিকে; সকল বিষয়ে। **সর্বথা** *ক্রিবিণ* সর্বপ্রকারে। **সর্বদর্শী** *বিণ* সব কিছু দেখেন এমন। **সর্বদা** *অব্য, ক্রিবিণ* সব সময়ে। **সর্বদেশীয়** *বিণ* ১ সকল দেশ সংক্রান্ত। ২ সকল দেশের প্রতি প্রযোজ্য। **সর্বনাম** *বি* নামের অর্থাৎ বিশেষ্যের পরিবর্তে যে সংজ্ঞা ব্যবহৃত হয়। **সর্বনাশ** *বি* ১ সম্পূর্ণ ধ্বংস; সমস্ত বিনাশ। ২ ভীষণ অনিষ্ট বা ক্ষতি। ৩ মহাবিপদ। **সর্বনাশা, সর্বনেশে** *বিণ* সর্বনাশ করে এমন। **সর্বনাশী** *বিণ স্ত্রী.*। **সর্বনিয়ন্তা** *বি* সর্ব বিষয় নিয়ন্ত্রণকারী আল্লাহ; জগদীশ্বর। **সর্বনিয়ন্ত্রী** *স্ত্রী.*। **সর্বপ্রকার** *বিণ* সব রকম বা ধরন। **সর্বপ্রকারে** *ক্রিবিণ* সকল রকমে বা উপায়ে। **সর্বপ্রধান** *বিণ* শ্রেষ্ঠ; সর্বোচ্চস্থানীয়। **সর্বপ্রিয়** *বিণ* সকলের প্রিয়। **সর্ববাদিসম্মত** *বিণ* ১ সকল প্রকার মতাবলম্বী সম্মতি দিয়েছে এমন। ২ সকল লোক কর্তৃক স্বীকৃত। **সর্ববাদিসম্মতিক্রমে** *ক্রিবিণ* সকলের সমর্থন অনুসারে; সর্বদলীয় ব্যক্তিগণের অনুমতিক্রমে। **সর্ববাদী** *বিণ* সকল প্রকার মতানুলম্বী। **সর্ববাদিনী, সর্বব্যাপী** *বিণ স্ত্রী.* সর্বত্র প্রসারিত; ব্যাপ্ত। **সর্বব্যাপিনী** *বিণ স্ত্রী.*। **সর্বভুক** *বিণ* ১ কিছুমাত্র অবশিষ্ট না রেখে খায় এমন। ২ সর্বগ্রাসী; সব কিছু খায় এমন। **সর্বভূত** *বিণ* সকল প্রাণী; সব কিছু। **সর্বমঙ্গলা** *বিণ* সকলের মঙ্গলকারিণী। ❑ *বি* দেবী দুর্গা যিনি সর্ব শুভকারিণী। **সর্বময়** *বিণ* ১ সর্বশ্রেষ্ঠ; সর্বব্যাপী। ২ সর্বাত্মক। ❑ *বি* ১ সর্বেসর্বা। ২ খোদা; জগদীশ্বর। **সর্বময়ী** *বিণ স্ত্রী.*। **সর্বলোক** *বি* ১ সারা জাহান; সমস্ত সৃষ্টি। ২ সকল মানুষ। **সর্বশক্তিমান** *বিণ* সকল শক্তির অধিকারী। ❑ *বি* আল্লাহ; পরমেশ্বর। **সর্বশ্রেষ্ঠ** *বিণ* ১ সকলের প্রধান। ২ সবচেয়ে উৎকৃষ্ট। ৩ সর্বোত্তম। **সর্বশ্রেষ্ঠা** *বিণ স্ত্রী.*। **সর্বসমক্ষে** *বিণ* সকল লোকের সম্মুখে। **সর্বসম্মত** *বিণ* সকলের অনুমোদিত। **সর্বসম্মতি** *বি* সাধারণের অনুমোদন। **সর্বসম্মতিক্রমে** *ক্রিবিণ* সকলের অনুমোদন লাভের ফলে। **সর্বসহ, সর্বংসহ** *বিণ* সর্ববিষয়ে সহ্যকারী। **সর্বসহা, সর্বংসহা** *বিণ স্ত্রী.* সব কিছু সহ্য বা বরদাস্ত করে এমন। ❑ *বি* সর্বশুদ্ধ; একত্রে মোট। **সর্বসাধারণ** *বি* জনসাধারণ; সর্বলোক। **সর্বস্ব** *বি* সকল সম্বল; সকল ঐশ্বর্য; যা কিছু আছে তা সবই; নিজের সবকিছু। **সর্বস্বান্ত** *বিণ* রিক্ত; সর্বনাশ হয়েছে এমন। **সর্বহারা** *বি, বিণ* সবকিছু হারিয়েছে যে; সর্বস্বান্ত; নিঃস্ব। **সর্বাঙ্গ** *বিণ* সমস্ত অঙ্গ; দেহের সমস্ত অংশ। **সর্বাঙ্গসুন্দর** *বিণ* ১ দেহের সমস্ত অংশই নিখুঁত এমন। ২ ত্রুটিশূন্য। **সর্বাঙ্গীণ** *বিণ* ১ দেহের সর্বাংশব্যাপী; সর্বদেহ। ২ সমগ্র; সম্পূর্ণ। **সর্বাত্মক** *বিণ* ১ সর্বত্র পরিব্যাপ্ত; সবকিছুতে ব্যাপ্ত এমন। ২ নির্বাধী; বাধাশূন্য; অবাধ। **সর্বাদৃত** *বিণ* সর্বত্র সমাদর প্রাপ্ত; সবার নিকট আদর পায় এমন; সর্বপ্রিয়। **সর্বাধার** *বি* সবার আশ্রয়; পরমেশ্বর; আল্লাহ। **সর্বাধিকারী** *বিণ* সব বিষয়ে অধিকার এমন; সবকিছুর মালিক। **সর্বেশ্বর** *বিণ* ১ সকলের প্রভু; স্রষ্টা। ২ সার্বভৌম। ❑ *বি* হিন্দুদেবতা শিব। **সর্বেসর্বা** *বিণ* সর্বোপরি কর্তা; সর্বপ্রধান। **সর্বোত্তম** *বি* সকলের চেয়ে উৎকৃষ্ট। **সর্বোত্তর** *বি* ১ সবচেয়ে উত্তরে অবস্থিত। ২ সবার মধ্যে শ্রেষ্ঠ বা প্রধান। **সর্বোপরি** *অব্য* সবার উপরে; অধিকন্তু।

সর্ষপ *বি* সরিষা; রাই; তৈলপ্রদ শস্য। [স.]

সলজ্জ *বিণ* লজ্জিত; লজ্জাযুক্ত; লজ্জাশীল। [স.]। **সলজ্জিত** *বিণ* লাজুক; লজ্জাসংযুক্ত।

সলা *বি* ১ সু-পরামর্শ; ২ কুমন্ত্রণা (পরিবর্তিত অর্থে)। [আ.]। **সলা-পরামর্শ** *বি* একাধিক ব্যক্তির মধ্যে গোপন পরামর্শ।

সলাজ *বিণ* ১ লজ্জাযুক্ত; লজ্জার সঙ্গে বর্তমান; লাজুক। ২ সলজ্জ।

সলি *বি* কাঠি; ক্ষুদ্র শলা; শলাকা।

সলিতা, সলতে *বি* পলিতা; ক্ষুদ্রবস্ত্রখণ্ডকে পাকিয়ে প্রদীপের জন্য যে পলিতা প্রস্তুত হয়। [আ.]

সলিল *বি* পানি; বারি; জল। [স.]। **সলিল-সমাধি** *বি* পানিতে ডুবে মৃত্যু।

সলীল *বিণ* ১ লীলাযুক্ত; সুন্দর ভঙ্গিযুক্ত। ২ কৌতূহলী। [স.]

সলুক *বি* সদ্ভাব; ঐক্য; সংহতি। [আ.]

সশঙ্ক *বিণ* ভয়ার্ত; ভীত; শঙ্কাযুক্ত। [স.]। **সশঙ্ক, সশঙ্কিত** *বিণ* ভীত; শঙ্কাযুক্ত; ভারাক্রান্ত।

সশব্দ *বিণ* আওয়াজযুক্ত; শব্দের সঙ্গে বিদ্যমান। [স.]। **সশব্দে** *ক্রিবিণ* আওয়াজ করে।

সশরীর *বিণ* শরীরসহ। [স.]। **সশরীরে** *ক্রিবিণ* ১ শরীর নিয়ে; মৃত্যুবরণ না করেই। ২ স্বয়ং নিজে (কাল আমি সশরীরে হাজির হব ইনশাল্লাহ)।

সশস্ত্র *বিণ* অস্ত্রধারী। [স.]

সশিষ্য *বিণ* শিষ্য সমেত।

সশ্রদ্ধ *বিণ* শ্রদ্ধাপূর্ণ।

সসংকোচ *বিণ* কুণ্ঠিত; জড়সড়ভাবসম্পন্ন।

সসজ্জ, সসজ্জিত (অশু.) *বিণ* সজ্জিত; সজ্জাযুক্ত; বিশেষভাবে সাজ-সজ্জাযুক্ত। [স. সসজ্জ]

সসত্ত্ব *বিণ* প্রাণীযুক্ত। [স.]। **সসত্ত্বা** *বিণ স্ত্রী.* প্রাণীযুক্তা; গর্ভবতী।

সসপেন্ড, সাসপেন্ড *বিণ* সাময়িকভাবে বরখাস্ত। [ই suspend]

সসম্ভ্রম *বিণ* মান-ইজ্জতের সঙ্গে বিদ্যমান; সম্ভ্রমযুক্ত। **সসম্ভ্রমে** *ক্রিবিণ* সসম্মানে। [স. সহ+সম্ভ্রম]

সসম্মান *বিণ* সম্মানযুক্ত। [স.]। **সসম্মানে** *ক্রিবিণ* সম্মানের সঙ্গে।

সসাগরা *বিণ স্ত্রী.* সাগর সঙ্গে; সাগর ও স্থলভাগ একত্রে; আসমুদ্র। [স. সহ+সাগর+আ]

সসীম *বিণ* সীমাবদ্ধ; সীমাবিশিষ্ট; finite। [স. সহ+সীমা]।

অসীম *বিপ.*।
সসৈন্য *বিণ* ১ সৈন্যযুক্ত। ২ সৈন্যসহ। [স. সহ+সৈন্য]। **সসৈন্যে** *ক্রিবিণ* সৈন্যের সঙ্গে; সৈন্য নিয়ে।
সস্তা *বিণ* ১ কমদাম; স্বল্পমূল্য। ২ সুলভ। [ফা.]। **সস্তায় কিস্তি মাত** *বি* অল্প ব্যয়ে বা পরিশ্রমে কোনো বিষয়ে সাফল্য লাভ। **সস্তার তিন অবস্থা** *বি* কম দামি জিনিস ত্রুটিপূর্ণ; দ্রুত ভঙ্গুর ও শীঘ্র ধ্বংসশীল।
সস্ত্রীক *বিণ* স্ত্রীসহ। [স. সহ+স্ত্রী+ক]
সস্নেহ *বিণ* স্নেহের সঙ্গে; স্নেহযুক্ত; স্নেহপূর্ণ। [স. সহ+স্নেহ]। **সস্নেহে** *ক্রিবিণ* স্নেহের সঙ্গে।
সস্মিত *বিণ* ঈষৎ হাস্যোদ্ভাসিত; হাসি; সহাস্য; মৃদু হাসিযুক্ত।
সহ *অব্য* সঙ্গে; সাথে; সহিত। ❑ *বিণ* ১ সহকারী। ২ সঙ্গে গমনকারী; সঙ্গী। ৩ সহনশীল। **সহকর্মী** *বিণ* সহযোগী; একসঙ্গে একই কর্মসম্পাদনকারী; colleague। **সহকারী** *বিণ* কাজে সাহায্য করে এমন; assistant। **সহকারিণী** *বিণ স্ত্রী.*। **সহগমন** *বি* একত্রে বা সঙ্গে গমন। **সহগামিনী, সহগমনকারিণী** *বিণ স্ত্রী.*। **সহচর, সহচারী** *বি, বিণ* সঙ্গে বিচরণ করে যে; সঙ্গী; সাথি; সখা; বন্ধু। **সহচরী, সহচারিণী** *বি, বিণ স্ত্রী.*। **সহজাত** *বিণ* ১ একসঙ্গে উৎপন্ন; এক সময়ে জাত; একই মায়ের গর্ভ থেকে একসঙ্গে প্রসূত। ২ জন্মের সঙ্গে সঙ্গে উৎপন্ন। **সহধর্মী** *বিণ* সমান ধর্মযুক্ত। **সহধর্মিণী** *বি স্ত্রী.* পত্নী। **সহপাঠী** *বিণ* এক শ্রেণীতে অধ্যয়নকারী; একই ওস্তাদের ছাত্র। **সহপাঠিনী** *বিণ স্ত্রী.*। **সহবাস** *বি* একত্রেবাস; রতি; রমণ; সঙ্গম। **সহমরণ** *বি* মৃত স্বামীর সঙ্গে এক চিতায় মৃত্যুবরণ। **সহমর্মী** *বিণ* সহানুভূতিশীল; একই দুঃখে দুঃখিত। **সহমর্মিতা** *বি* সহানুভূতি; একই দুঃখে দুঃখ বোধ। **সহযাত্রী** *বিণ* একসঙ্গে গমনকারী; সঙ্গী; সহগামী।
সহজ *বি* ১ এক জননীর গর্ভজাত; সহোদর; সোদর; যমজ। ২ স্বভাব। ৩ প্রেম। ❑ *বিণ* ১ সোজা; অকঠিন। ২ অল্পে বোধগম্য হয় এমন। ৩ সরল। ৪ শান্ত; কপটতাহীন। ৫ সহজাত। ৬ স্বাভাবিক। [স. সহ+√জন্+অ]। **সহজজ্ঞান** *বি* সহজাত বুদ্ধি। **সহজপ্রবৃত্তি** *বি* স্বভাবজাত বা জন্মগত প্রবৃত্তি; instinct। **সহজে** *ক্রিবিণ* ১ বিনাকষ্টে; অনায়াসে। ২ বেগ না পেয়ে। ৩ সরলভাবে। ৪ সামান্য কারণে। ৫ অল্পে। **সহজসাধন** *বি* বৌদ্ধ সহজযান তান্ত্রিক সাধনা বা চর্যা।
সহজিয়া, সহজি *বি* বৌদ্ধ সহজযানী-তান্ত্রিক বা তন্ত্রসম্মত সাধনপন্থা বা পন্থি।
সহন *বি* ১ সহ্যকরণ। ২ ধৈর্যধারণ; সহিষ্ণুতা অবলম্বন। ৩ প্রতীক্ষা; অপেক্ষা। ❑ *বিণ* সহিষ্ণু; সহনশীল। [স. √সহ্+অন]। **সহনযোগ্য** *বিণ* সহ্য করার উপযুক্ত। **সহনাতীত** *বিণ* সহ্য করা যায় না এমন। **সহনীয়** *বিণ* সহ্য করার যোগ্য বা উপযুক্ত; বরদাস্ত যোগ্য। **সহনীয়তা** *বি* সহনশীলতা; সহ্য; সহিষ্ণুতা।
সহবত, সোহবত *বি* ১ সংসর্গ; সঙ্গ; সাহচর্য; সংসর্গ থেকে প্রাপ্ত জ্ঞান। ২ সান্নিধ্য। ৩ সভ্যতা; ভব্যতা। ৪ নিয়ম-কানুন; পদ্ধতি। [আ.]। **সহবতদুরস্ত** *বিণ* শালীনতা ও রুচিসম্পন্ন; পরিষ্কার-পরিচ্ছন্ন।
সহবাস *বি* ১ একত্রে অবস্থান; একসঙ্গে বাস করা। ২ সংস্পর্শ; সান্নিধ্য। ৩ সঙ্গম; রমণ। [স.]
সহযোগ *বি* মিলন; সংযোগ; যোগাযোগ; সম্পর্ক; সহায়তা; সাহায্য; রাজনৈতিক যোগাযোগ। [স. সহ+√যুজ্+অ]। **সহযোগ** *বিণ*। **সহযোগী**(-গিন্) *বিণ* সাহায্যকারী; সহকর্মী। **সহযোগিতা** *বিণ* সহায়তা; সাহায্য।
সহর্ষ *বিণ* আনন্দিত; হর্ষযুক্ত। [স. সহ+হর্ষ]। **সহর্ষে** *ক্রিবিণ* সানন্দে; খুশি মনে।
সহসা *অব্য, ক্রিবিণ* হঠাৎ; অকস্মাৎ; অতর্কিত। ❑ *ক্রিবিণ* শীঘ্র; অবিলম্বে। [স.]
সহস্র *বি* হাজার সংখ্যা। ❑ *বিণ* হাজার সংখ্যক; অসংখ্য; অগুনতি; অগণন; নানাবিধ। **সহস্রকর, সহস্রাংশু** *বিণ* সূর্য। **সহস্রদল** *বিণ* পদ্ম। **সহস্রনয়ন, সহস্রলোচন, সহস্রাক্ষ** *বি* দেবরাজ ইন্দ্র। **সহস্ররকম** *বিণ* নানাবিধ; নানা প্রকার। **সহস্রাধিক** *বিণ* হাজারের উপর। **সহস্রার** *বি* যোগশাস্ত্রোক্ত শিরঃস্থ সহস্রদল পদ্ম। **সহস্রৈক** *বিণ* সহস্রাধিক; এক সহস্র।
সহা, সওয়া *ক্রি* বরদাস্ত করা; ক্ষমা বা মাপ করা; সহ্য করা। ❑ *বি* উক্ত সকল অর্থে। ❑ *বিণ* সহ্য হয় বা হয়ে গেছে এমন। [স. √সহ্+বা. আ]
সহানো, সওয়ানো *ক্রি* সহ্য বা সহন করানো।
সহাধ্যায়ী(-য়িন্) *বি* সমপাঠী; সহপাঠী। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। [স. সহ+অধি+√ই+ইন]। **সহাধ্যায়িনী** *বি স্ত্রী.* সহপাঠিনী।
সহানুভূতি *বিণ* অন্যের দুঃখ-বেদনায় তার সঙ্গে সমান অনুভূতি; সমবেদনা; দরদ। [স. সহ+অনুভূতি]। **সহানুভূতিশীল** *বিণ* সহব্যথী; দরদি।
সহাবস্থান *বি* বিরুদ্ধ মতাবলম্বীদের শান্তিপূর্ণভাবে একত্র অবস্থান। [স. সহ+অবস্থান; ই. coexistence-এর পরিভাষা]
সহায় *বি* সাহায্যকারী; অবলম্বন; সহকারী; সমর্থক। [স. সহ+√ই+অ]। **সহায়ক** *বি* সাহায্যকারী; পরিপোষক। **সহায়তা** *বি* সাহায্য; সাহায্যকরণ; সমর্থন। **সহায়-সম্পত্তি, সহায়-সম্পদ** *বি* লোকবল ও অর্থবল।
সহাস্য *বিণ* হাসিযুক্ত; হাস্যরত। [স. সহ+হাস্য]। **সহাস্যে** *ক্রিবিণ* হাসতে হাসতে।
সহি[১]**, সই**[১] *বি* দস্তখত; স্বাক্ষর; হাতের আঙুলের ছাপ। ❑ *বিণ* প্রামাণিক; অকৃত্রিম; স্বীকার্য (তাই সই)। [আ.]
সহি[২]**, সই**[২] অনুযায়ী; সমান; পর্যন্ত; উপযুক্ত (মাপসই, বুকসই, জলসই, মানানসই)।
সহিংস *বিণ* হিংসার সঙ্গে; হিংসাযুক্ত। [স.]। **সহিংসতা** *বি*।
সহিত *বিণ* সংযুক্ত; সমন্বিত; (বিরল) সম্যক হিতকর। ❑ *অব্য* সঙ্গে; সাথে। [স. সহ+ইত]
সহিলি, সহেলি *বি* চিত্তবিনোদিনী; সখী; বান্ধবী। [হি.]
সহিষ্ণু *বি* বরদাস্তকারী; সহনশীল; ধৈর্যধারণকারী; ধৈর্যশীল; ক্ষমাশীল; প্রতীক্ষাশীল (সহিষ্ণুচিত্তে অপেক্ষা করা)। [স. √সহ্+ইষ্ণু]। **সহিষ্ণুতা** *বি*।
সহিস, সইস *বি* অশ্বের তত্ত্বাবধায়ক বা পালক। [আ.]
সহিসালামত *বি* নিরাপদ ও সুস্থ; সুখশান্তি। [আ.]
শহীদ, শহিদ *বি* ধর্মযুদ্ধে নিহত বা ন্যায়সঙ্গত অধিকার লাভের জন্য আত্মোৎসর্গকারী ব্যক্তি। [আ.]
সহৃদয় *বিণ* সদাশয়; হৃদয়বান; সহানুভূতিশীল; প্রশস্তচিত্ত; আন্তরিকতাপূর্ণ; রসবেত্তা; রসজ্ঞ; গুণ গ্রহণ

করেন এমন; বিদ্বান; পণ্ডিত; বিদগ্ধ; গুণগ্রাহী। [স. সহ+হৃদয়]। **সহৃদয়া** *বিণ স্ত্রী.*। **সহৃদয়তা** *বি*।
সহোদর, সোদর *বি* আপন ভাই; এক মায়ের গর্ভজাত ভাই। [স. সহ (সমান)+উদর]। **সোদর, সহোদর প্রতিম** *বিণ* সহোদর ভাই-এর তুল্য। **সহোদরা** *বি স্ত্রী.* এক মায়ের গর্ভ থেকে যে বোনের জন্ম হয়েছে।
সহ্য[১] *বিণ* সহনীয়; বরদাস্তযোগ্য। ❑*বি* ধৈর্য; সওয়া; বরদাস্ত; ধৈর্যধারণ। [স.√+সহ্+য]
সহ্য[২] *বি* পশ্চিম ঘাট পর্বতমালার উত্তর ভাগ। [স. √সহ্+য]। **সহ্যাদ্রি** *বি* সহ্য নামক পর্বত।
সা[১] *বি* সঙ্গীতে প্রথম স্বর; ষড়জ শব্দের সংক্ষেপ। [স. ষড়জ>]
সা[২] *বি* হিন্দুদের সাহা উপাধির কথ্য রূপ (হরেকৃষ্ণ সা)।
সাইকেল, বাইসাইকেল *বি* দুই চাকাবিশিষ্ট এক রকম গাড়ি যা পা দিয়ে চালাতে হয়; দ্বি-চক্রযান। [ই. bicycle]
সাইকোলজি *বি* মনোবিদ্যা; মনস্তত্ত্ব। [ই. psychology]
সাইক্লোন *বি* ঘূর্ণিঝড়; সামুদ্রিক ঝড়।
সাইঙ, সাঙ *বি* সাঙা; ভারবহনের দণ্ড। ❑*বিণ* সাঙার মতো কাঁধে বহনযোগ্য (গুরুতর আহত একজনকে সাইঙ করে আনা হয়েছে)।
সাইজ *বি* আকার; মাপ; পরিমাপবিশেষ। [ই. size]। **সাইজ করা** *ক্রি* ১ পরিমাণ মতো করা। ২ কেউ বাড়াবাড়ি করলে রাশ টেনে ধরা।
সাইত, সাইট, সাআৎ *বি* শুভসূচনা; শুভারম্ভ; প্রথম বেচাকেনা; বউনি; সৌভাগ্য। [আ.; আঞ্চলিক]
সাইদ *বি* সাক্ষী। [আ.]
সাইনবোর্ড *বি* প্রতিষ্ঠানাদির সামনে ঝোলানো নামফলক। [ই. signboard]
সাইমুম, সিমুম *বি* মরুভূমির ভয়াবহ ঝড়; মরুঝড়। [আ.]
সাইরেন *বি* বিপদ-সংকেত (বিমান আক্রমণের সাইরেন); যন্ত্রের সাহায্যে তৈরি তীব্র শব্দ (অফিসের সাইরেন, ইফতারের সাইরেন)। [ই. siren]
সাইলো *বি* শস্য গুদাম; সরকারের শস্য রাখার গুদাম। [ই.]
সাউ *বি* বণিক; সওদাগর; মহাজন; সাধু; সাহু। [স. সাধু>]। **সাউকার** *বি* ১ (বিরল) বড় বণিক। ২ (ব্য.) মাতব্বর। **সাউকারি** *বি* ১ (বিরল) মহাজন বৃত্তি। ২ (ব্য.) মাতব্বরি; মুরুব্বিয়ানা; সাধুগিরি। **সাউখুরি** (ব্য.) সদাগরি; সাধুগিরি।
সাউদ *বি* সাধু; সওদাগর; সৎ। [স. সাধু>]
সাউলি *বি* সামলী মুগের ভাজা পুলি; বড়াবিশেষ।
সাএল, সায়েল *বি* আবেদনকারী; ভিক্ষুক; প্রশ্নকর্তা। (তুল. সওয়াল, সায়ের, সয়াল)। [আ.]
সাওকুরি, সাউখুরি *বি* মাতব্বরি; মুরুব্বিয়ানা। [স. সাধুকার>]
সাওয়াব, সওয়াব *বি* পুণ্য; সৎকর্ম-ফল। [আ.]
সাং *বি* সাকিনের সংক্ষিপ্ত রূপ; ঠিকানা; বাসস্থান।
সাংকেতিক, সাঙ্কেতিক *বিণ* সঙ্কেতকারক; সঙ্কেতজ্ঞাপক। ❑*বি* (গ.) অঙ্ক কষার বিশেষ সংক্ষিপ্ত পদ্ধতি; চলতি নিয়ম। [স. সঙ্কেত+ইক]
সাংখ্য *বি* কপিল মুনি রচিত দর্শনশাস্ত্র। [স. সংখ্যা (=বিচার)+অ]
সাংখ্যিক *বিণ* সংখ্যা-বিষয়ক। [স. সংখ্যা+ইক]
সাংগ্রামিক *বিণ* যুদ্ধসংক্রান্ত; যুদ্ধে দরকারি; যুদ্ধে দক্ষ; নিপুণ যোদ্ধা। [স. সংগ্রাম+ইক]
সাংঘাতিক, সাঙ্ঘাতিক (বিরল) *বিণ* ভয়ানক; ভীষণ; মারাত্মক সংঘাতজনক। [স. সঙ্ঘাত+ইক]
সাংবৎসর, সাংবৎসরিক *বিণ* সম্পূর্ণ বছর; বছরব্যাপী; বার্ষিক; বছরশেষে করণীয়। [স. সংবৎসর+অ, ইক]
সাংবাদিক *বি* সাংবাদপত্রের সম্পাদকীয় বিভাগে কাজ করেন যিনি; সংবাদপত্রে প্রকাশের জন্য সংবাদ সংগ্রাহক; সংবাদপত্রে নিয়োজিত কর্মীবৃন্দ। ❑*বিণ* সংবাদ-সম্পর্কীয়। [স. সংবাদ+ইক]। **সাংবাদিকতা** *বি* সাংবাদিকের কাজ বা বৃত্তি।
সাংশয়িক *বিণ* সংশয়-সংক্রান্ত; সংশয়বিশিষ্ট; সন্দেহযুক্ত; সন্দিহান। [স. সংশয়+ইক]
সাংসর্গিক *বিণ* সংসর্গজাত; মেলামেশা বা একত্র বাস থেকে উৎপন্ন; সংসর্গ-সম্পর্কিত। [স. সংসর্গ+ইক]
সাংসারিক *বিণ* সংসার বা জীবন সম্বন্ধীয়; সংসারের প্রতি আসক্ত; বৈষয়িক; পারিবারিক। [স. সংসার+ইক]
সাঁই[১] *বি* স্বামী; প্রভু; বাউল মতাবলম্বী সাধক (সিরাজ সাঁই); গুরু; মহাজন; পরমেশ্বর। [স. স্বামী>]
সাঁই[২], **সাঁই সাঁই** *অব্য* বাতাস চলাচলের অনুকার ধ্বনি।
সাঁইত্রিশ *বি, বিণ* ৩৭ সংখ্যা বা সংখ্যক। [স. সপ্তত্রিংশৎ>]
সাঁওতাল *বি* ভারতীয় উপমহাদেশের আদিম জাতিবিশেষ। [স. সামন্তপাল>]। **সাঁওতালনী** *বি স্ত্রী.*। **সাঁওতালি** *বিণ* সাঁওতাল সম্পর্কীয়; সাঁওতালদের মধ্যে প্রচলিত এমন।
সাঁকতি (প্রা-বা) *বি* শাখা।
সাঁকো, সাকো *বি* পুল; সেতু। [স. সংক্রম>]
সাঁচ=সাচ্চা। [স. সত্য>সচ্চ>]
সাঁচি *বিণ* আসল; অকৃত্রিম; প্রকৃত; সত্য; খাঁটি; উৎকৃষ্ট (সাঁচি পান)। [স. সত্য>, তুল. হি. সাঁচ্চী]
সাঁজ[১], **সাঁঝ** *বি* সন্ধ্যাকাল; সেঁজুতি; সাঁজবাতি। [স. সন্ধ্যা>]
সাঁজ[২] *বি* সন্ধ্যাপ্রদীপ। [স. সন্ধ্যা]
সাঁজা *বি* দধির টক বীজ; দম্বল। [স. সন্ধান>]
সাঁজাল *বি* মৃৎপাত্রে খড় ইত্যাদি দিয়ে প্রস্তুত ধোঁয়া; ইন্ধন; ধোঁয়া তৈরির জন্য স্তূপীকৃত খড় ইত্যাদি।
সাঁজোয়া *বি* বর্ম; আবরণ; armour। [স. সংযোজক>]। **সাঁজোয়া গাড়ি** *বি* অস্ত্র সজ্জিত দুর্ভেদ্য গাড়ি; ট্যাঙ্ক ইত্যাদি। **সাঁজোয়া-বহর** *বি* সারিবদ্ধ ট্যাঙ্ক ইত্যাদি অস্ত্রসজ্জিত দুর্ভেদ্য যান; armoured column।
সাঁঝ, সাঁজ, সাঁজক (প্রা-বা) *বিণ* সন্ধ্যাবেলার। **সাঁঝ নামা** *ক্রি* সন্ধ্যা হওয়া। **সাঁজবাতি, সাঁঝের বাতি** *বি* সন্ধ্যাপ্রদীপ; সন্ধ্যায় যে বাতি জ্বালানো হয়। **সাঁঝা** (প্রা-বা) *বি* সন্ধ্যাদীপ।
সাঁট *বি* সংক্ষেপ; সংক্ষিপ্ত বর্ণনা; চুম্বক; ইঙ্গিত; ইশারা; সংকেত। [স. শাণী>]। **সাঁট বুঝা** *ক্রি* সংকেত উপলব্ধি করা। **সাঁটলিপি** *বি* সংক্ষেপে লেখার পদ্ধতি। **সাঁটলিপিকার** *বি, বিণ* সাঁট মুদ্রাক্ষরিক; স্টেনোগ্রাফার। **সাঁটে সারা** *ক্রিবিণ* সংক্ষেপে কাজ শেষ করা।
সাঁটা *ক্রি* সংবদ্ধ করা; আঁটা; লাগানো; সংলগ্ন করা। ❑*বি* উক্ত সকল অর্থে। ❑*বিণ* দৃঢ়বদ্ধ; শক্ত করে লাগানো।

[তুল. আঁটা]

সাঁড়াশি, সাঁড়াশী *বি* চিমটার মতো যন্ত্র যা শক্ত করে এঁটে ধরে। [স. সন্দংশিকা>সন্দংশী>]। **সাঁড়াশি আক্রমণ** *বি* চেপে-ধরা; হামলা।

সাঁতরানো *ক্রি* সাঁতার কাটা; সাঁতার দেওয়া। ❑*বি* সন্তরণ। [স. সম্‌+তরণ=সন্তরণ>]

সাঁতলানো *ক্রি* সন্তোলন করা; গরম তেলে মাছ মাংসে বা তরকারি সামান্য ভাজা; ফোড়ন দেওয়া। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে। [স. সম্‌+হি √তল>]

সাঁতার *বি* সন্তরণ; পানিতে ভাসমান অবস্থায় বিচরণ। ❑*বিণ* যেখানে সাঁতার দিয়ে পার হতে হয় (সাঁতার পানি)। [স. সন্তরণ>]। **সাঁতারু** *বিণ* সন্তরণকারী; সন্তরণে দক্ষ বা নিপুণ।

সাঁপি *বি* হাড়িকাঠের উপরের গোলাকার কাঠের টুকরা; ছিপি। [স. সর্প>]

সাকল্য, সাকুল্য *বি* সমগ্রতা; সমষ্টি; সমুদয়। [স. সকল+য]

সাকার *বিণ* আকারবিশিষ্ট; মূর্তিমান। [স. সহ+আকার]। **সাকারা** *বিণ স্ত্রী.*। **সাকারবাদ** *বি* সাকার পূজা বিষয়ক মতবাদ। **সাকারবাদী** *বি, বিণ* সাকার পূজায় বিশ্বাসী। **সাকারোপাসনা, সাকার পূজা** *বি* প্রতিমা পূজা।

সাকিন, সাং *বি* গ্রাম; নিবাস; বাসস্থান; ঠিকানা। [আ. সাকিন]

সাকি *বি* (পু.) ১ সুরা পরিবেশনকারী; মদের পেয়ালা বহনকারী; a page; a cupbearer। ২ তরুণ প্রেমিক সুফি সাধকদের দীক্ষাগুরু। [আ.]। **সাকান** *বি* মদের দোকানের মহিলা পরিবেশনকারিণী; a barmaid। [তুল. হি. সাকান]

সাক্ষর *বিণ* অক্ষরজ্ঞানসম্পন্ন; অল্পশিক্ষিত; শিক্ষাপ্রাপ্ত। [স. সহ+অক্ষর]। **নিরক্ষর** *বিপ.*। **সাক্ষরতা** *বি* অক্ষর পরিচয়।

সাক্ষাৎ *বি* মোলাকাত; দর্শন; সামনে; সমক্ষে। ❑*অব্য, বিণ* আপন; ঘনিষ্ঠ; প্রত্যক্ষীভূত; জ্ঞাত; স্বয়ং; প্রত্যক্ষ; মূর্তিমান। [স. সাক্ষ (>সহ+অক্ষি বা অক্ষ)+অৎ+ ক্বিপ্]। **সাক্ষাৎকার** *বি* দেখা; দর্শন; মিলন। **সাক্ষাৎকর্তা**(র্তৃ), **সাক্ষাৎকারী**(-রিন্) *বিণ* সাক্ষাৎ করে এমন; দর্শনকারী। **সাক্ষাৎসম্বন্ধ** *বি* সরাসরি সম্বন্ধ; প্রত্যক্ষ সম্পর্ক।

সাক্ষি *বি* সাক্ষ্য (সাক্ষি দেওয়া); 'সাক্ষ্য' শব্দের উচ্চারণবিকৃতি।

সাক্ষী(-ক্ষিন্) *বিণ* কোনো বিষয় বা ঘটনা প্রত্যক্ষকারী; প্রত্যক্ষদর্শী; স্বয়ংদ্রষ্টা। ❑*বি* প্রমাণ। **সাক্ষীগোপাল** *বি* ১ পুরীর নিকটবর্তী স্থানবিশেষ; ঐ স্থানে প্রতিষ্ঠিত শ্রীকৃষ্ণের বিগ্রহবিশেষ। ২ (আল.) নিষ্ক্রিয় দর্শক; পদস্থ অথচ পুত্তলিকাবৎ নিষ্ক্রিয় বা ক্ষমতাহীন ব্যক্তি। **সাক্ষী-সাবুদ** *বি* ঘটনাদির প্রত্যক্ষকারী এবং প্রমাণাদি; সাক্ষী-প্রমাণাদি। [স. সাক্ষী+আ. সবুত]

সাক্ষ্য *বি* সাক্ষী কর্তৃক আদালতে ঘটনাদির বর্ণনা; সাক্ষীর কাজ। [স. সাক্ষিন্‌+য]

সাগর *বি* সমুদ্র। [স. সগর+অ (অপত্যার্থে)]। **সাগর-ছেঁচা মানিক**—(আল.) অতি কষ্টার্জিত বস্তু; দুর্লভ বস্তু; অতি আদরের। **সাগরনেমি** *বি* পৃথিবী। **সাগরমেখলা** *বিণ* সমুদ্রবেষ্টিত। ❑*বি* পৃথিবী। **সাগরসঙ্গম** *বি* সাগরের সঙ্গে নদীর মিলনস্থান। **সাগরাম্বরা** *বিণ* সাগররূপ বস্ত্র পরিহিতা। **সাগরিকা** *বি* সাগর তরঙ্গ; সাগর-দুলালী।

সাগু, সাবু *বি* তালজাতীয় বৃক্ষবিশেষের মজ্জা থেকে প্রস্তুত দানাদার পালোবিশেষ। [পো. sagu, ই. sago]

সাগ্নিক *বি, বিণ* যজ্ঞাগ্নি সর্বদা প্রজ্বলিত রাখে এমন ব্রাহ্মণ; অগ্নিহোত্রী ব্রাহ্মণ; সর্বদা যজ্ঞকারী। [স. সহ+অগ্নি+ক]

সাগ্রহ *বিণ* ইচ্ছাপ্রণোদিত; আগ্রহশীল। [স. সহ+আগ্রহ]। **সাগ্রহে** *ক্রিবিণ* আগ্রহের সঙ্গে।

সাঙল *বিণ* শ্যামল। [স.]। **সাঙলা** *বিণ স্ত্রী.* শ্যামলা; কৃষ্ণবর্ণা।

সাঙ্কর্য, সাংকর্য *বি* মিশ্রণ; মিলন; সঙ্করত্ব; দো-আঁশলা ভাব। [স. সঙ্কর+য]

সাঙ্গ *বিণ* খতম; সমাপ্ত; অঙ্গযুক্ত; পূর্ণাঙ্গ। [স. সহ+অঙ্গ]। **সাঙ্গা, সাঙ্গী** *বিণ স্ত্রী.*। **সাঙ্গতা** *বিণ*। **সাঙ্গা** *বি* দলবল; অনুচরবৃন্দ; সঙ্গীরা; অনুবর্তীগণ। **সাঙ্গরূপক** *বি* যে উপমান ও উপমেয়ের প্রতি অঙ্গের সঙ্গে প্রতি অঙ্গের সাদৃশ্য দেখানো হয়। **সাঙ্গপাঙ্গ, সাঙ্গোপাঙ্গ** *বিণ* দলবল; অনুবর্তীগণ সহচর; অনুচর; চেলা; অনুগতজন; পারিষদ।

সাঙ্গা[১]**, সাঙা**[১] *বি* পুনর্বিবাহ; নিকা। [স. সঙ্গ>]

সাঙ্গা[২]**, সাঙা**[২] *বি* বাঁশ ইত্যাদির তৈরি আলনা।

সাঙ্গা[৩] *বিণ* অঙ্গযুক্তা। [স. সাঙ্গ+আ]

সাঙ্গাত, সাঙাত *বি* (নিন্দার্থে) বন্ধু; সহচর; মিতা; অসৎ কাজে সহচর বা সহকর্মী। [স. সঙ্গত>]। **সাঙ্গাতনী, সাঙাতনী** *বি স্ত্রী.*। **সাঙ্গাতি, সাঙাতি** *বি* বন্ধু-বান্ধব; মিত্র; মিত্রতা; বন্ধুত্ব।

সাচন, সাচান *বিণ* শ্যেন বা বাজপাখি।

সাচা *বিণ* সাচ্চা; খাঁটি; অভেজাল; অকৃত্রিম।

সাচি *অব্য.* বাঁকা; বক্র; তির্যক। [স. √সচ্‌+ই]। **সাচীকৃত** *বিণ* বাঁকা হয়েছে এমন; বক্রীকৃত।

সাচ্চা, সাচা, সাঁচ *বিণ* সত্য; খাঁটি; অভ্রান্ত। [স. সত্য>]। **সাচ্চাই** *বি* সত্যতা; বিশুদ্ধি; সত্যাসত্য।

সাজ *বি* ১ সজ্জা; পোশাক; পরিচ্ছদ; গহনা; আচ্ছাদন; আবরণ। ২ যুদ্ধ বা দাঙ্গা। ৩ দধ্যম্ল; দম্বল। ৪ সরঞ্জাম। [স. সজ্জা>]। **সাজগোছ, সাজগোজ** *বি* সাজ-সজ্জা; বেশভূষা; পরিধান; পোশাক-পরিচ্ছদের ঘটা বা পারিপাট্য। **সাজঘর** *বি* অভিনেতাদের সাজসজ্জা ও পোশাক-পরিচ্ছদ পরার ঘর; green room। **সাজন্ত** *বিণ* সাজে এমন; শোভন; উপযুক্ত; মানানসই। **সাজসরঞ্জাম** *বি* সজ্জা ও উপকরণ।

সাজনি *বি* সজ্জা।

সাজনী *বি* সজ্জা গ্রহণকারিণী; সজ্জাগ্রহণ।

সাজা[১] *বি* শাস্তি; অপরাধের দণ্ড। [ফা.]

সাজা[২] *ক্রি* সজ্জিত হওয়া; পোশাক-পরিচ্ছদ পরে প্রস্তুত হওয়া; ভান করা; তৈরি করা। ❑*বি* উক্ত সকল অর্থে। ❑*বিণ* সেবনের জন্য প্রস্তুত করা হয়েছে এমন। [স. √সজ্জ্‌>বা. আ]। **সাজানো** *ক্রি* সজ্জিত করা; মিথ্যা রচনা বা তৈরি করা; শৃঙ্খলাবদ্ধ করা; গোছানো। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে।

সাজাত্য *বি* সজাতীয়তা; সমজাতিত্ব; একরূপতা। [স. সজাতি+য]

সাজি *বি* টুকরি; চুবড়ি; ফুল রাখার ডালাবিশেষ। **সাজিমাটি** *বি* ক্ষারজাতীয় মাটি; চুনাপাথরবিশেষ। [স. সাজি>

সর্জিকা]
সাজো *বিণ* টাটকা; তাজা; আজকের (সাজো দই)।
সাট[১] (সাঁট-এর রূপভেদ) *বিণ* সমস্ত; সব।❑*বি* সংক্ষেপ; সংকেত; ইশারা।
সাট[২] *বি* ষড়যন্ত্র; গোপন পরামর্শ।❑*ক্রি* সাটানো; সঞ্চালন।
সাট[৩] *বি* ছাট; ছিটা; অক্ষরের ছাঁচ। [ই. sort]
সাটাসাটি *বি* শাসন; তিরস্কার।
সাটি, শাটি *বি* পাড়যুক্ত শাড়ি কাপড়। [স.]
সাটিন *বি* পুরু চিক্কণ ও মসৃণ রেশমি বস্ত্র। [ই.]
সাড়, সান *বি* চেতনা; অনুভূতি; বাহ্যজ্ঞান; স্পর্শবোধ; ঈষৎ দোলা; স্পন্দন। [স. সংজ্ঞা>]
সাড়া *বি* ধ্বনি; শব্দ; আহ্বানের উত্তর; শোরগোল; আলোড়ন; রা; রব; হুঁশ। [স. স্বর>]
সাড়াশব্দ *বি* কথার বা নড়াচড়ার শব্দ; উচ্চবাক্য; কোনো প্রকার শব্দ; সচেতনতার চিহ্নসূচক ধ্বনি।
সাড়ে *বিণ* অর্ধসহ; অর্ধেকের সঙ্গে বর্তমান (সাড়ে তিন)। [স. সার্ধ>]। **সাড়ে চুয়াত্তর** *বি* প্রাপক ভিন্ন অন্যের পত্র খোলার বিষয়ে নিষেধার্থক চিহ্ন বা সঙ্কেত। যুদ্ধে নিহত অসংখ্য ব্রাহ্মণের পৈতার ওজন সাড়ে চুয়াত্তর মণ হওয়ায়, "৭৪।।" চিহ্নিত পত্র প্রাপক ভিন্ন অন্যে খুললে তাকে ঐ ব্যক্তিদের হত্যার পাপ গ্রহণ করতে হয়—লোকসমাজে প্রচলিত এই সংস্কার বা বিশ্বাস। [স. সার্ধ>সাড়+এ]
সাত *বি,বিণ* ৭ সংখ্যা বা সংখ্যক; বহু; অনেক। [স. সপ্ত>]। **সাতই** *বি* সপ্তম দিন; সাত তারিখ। **সাত কথার এক কথা**—বহু কথার মধ্যের সার কথা। **সাত কথা শুনানো**—বহু কটু কথা বা অপ্রিয় কথা শুনানো। **সাতকাণ্ড রামায়ণ** *বি* ১ সাতটি কাণ্ড অর্থাৎ অধ্যায়ে রচিত রামায়ণ গ্রন্থ। ২ (আল.) বিরাট গল্প; বৃহৎ ব্যাপার। **সাত খুন মাপ**—(আল.) গুরুতর অপরাধের শাস্তি না হওয়া; সমস্ত অপরাধ সহ্য করা। **সাতঘাটের জল/পানি খাওয়া বা খাওয়ানো**—বহু বিপদে পড়া বা ফেলা; অত্যন্ত নাকাল হওয়া বা করানো; বিভিন্ন স্থানে চাকরি করা বা করানো। **সাত চড়ে রা করে না/বেরোয় না**—সমস্ত অত্যাচার মুখ বুজে সহ্য করে অর্থাৎ অত্যন্ত নিরীহ প্রকৃতির লোক। **সাততবক** *বিণ* সপ্ততলবিশিষ্ট; সপ্ত স্তর। [সাত+আ. তবক]। **সাত তাড়াতাড়ি** *বিণ* অতি শীঘ্র; চটজলদি। **সাত নকলে আসল খাস্তা**—বার বার নকল করতে করতে সূচনায় যার নকল করা হয়েছিল তা বিকৃত হয়ে যায়। **সাতনরী, সাতনরী হার** *বি* সপ্তপেঁচি কণ্ঠহার; যে কণ্ঠহারে সাতটি প্যাঁচ আছে। **সাত নলা** *বিণ* (আল.) যে বন্দুক দিয়ে সাতটি গুলি একসঙ্গে ছোড়া যায়। **সাতপাঁচ, সাত-সতের** *বিণ* বিবিধ; বহু; নানা।❑*বি* নানা কথা; বহুদিক। **সাত পুরুষে না শোনা**—কখনো না শোনা; বংশানুক্রমে অশ্রুত। **সাতবাসি, চৌদ্দবাসি** *বিণ* পচা; খাওয়ার অযোগ্য। **সাত মা** *বি* সৎ মা; বিমাতা। **সাত রাজার ধন মানিক**—দুষ্প্রাপ্য; কষ্টার্জিত; বহুমূল্য সম্পদ। **সাতষট্টি** *বি,বিণ* ৬৭ সংখ্যা বা সংখ্যক। **সাত সতিনের ঘর**—(আল.) কলহপূর্ণ সংসার। **সাত সমুদ্র তের নদীর পার** *বি* রূপকথার সাতসাগর তের নদী অতিক্রম করে প্রাপ্ত স্থান; বহু দূরবর্তী স্থান। **সাতেও নেই পাঁচেও নেই**—সংস্রবশূন্য; কোনো ঝামেলায় না থাকা।
সাতত্য *বি* প্রবহমানতা; নিরন্তরতা; অবিচ্ছেদ। [স. সতত+য]
সাতা *বি* সাত ফোঁটাযুক্ত তাস। [স. সপ্ত>বা. সাত+আ]
সাতাত্তর *বি,বিণ* ৭৭ সংখ্যা বা সংখ্যক। [স. সপ্তসপ্ততি>]
সাতান, সাতোয়ান *বিণ* সঙ্গতিপূর্ণ।❑*বি* বিত্তশালী।" [স. সার্থ+বান]। তুল. পালি. সার্থবাহন বণিক।
সাতান্ন *বি,বিণ* ৫৭ সংখ্যা বা সংখ্যক। [স. সপ্তপঞ্চাশৎ>]
সাতালি *বিণ* সপ্ত আকাশ স্পর্শকারী; সুউচ্চ। [সাতালি পাহাড়]
সাতাশ *বি,বিণ* ২৭ সংখ্যা বা সংখ্যক। [স. সপ্তবিংশতি>]। **সাতাশে** *বিণ* মাসের ২৭ তারিখ বা তারিখের।
সাতাশি, সাতাশী *বি,বিণ* ৮৭ সংখ্যা বা সংখ্যক। [স. সপ্তাশীতি>]
সাতিশয় *বিণ* অত্যন্ত; অধিক; খুব বেশি। [স. সহ+ অতিশয়]
সাতোয়াঁ *বিণ* সপ্তম (সাতোয়াঁ আকাশ)।
সাত্তা *বিণ* সাত সংখ্যা। [আঞ্চলিক]
সাত্ত্বিক *বিণ* সত্ত্বগুণ সম্পর্কিত; সত্ত্বগুণসম্পন্ন; ফলাকাঙ্ক্ষাশূন্য; সাধু; সৎ; ব্রহ্মা। [স. সত্ত্ব+ইক]। **সাত্ত্বিক ভাব** *বি* স্তম্ভ স্বেদ রোমাঞ্চ স্বরভঙ্গ কম্প বিবর্ণতা অশ্রু ও মূর্ছা—এই আট প্রকার ভাব।
সাথ *বি* সঙ্গ। [স. সার্ধম>]
সাথি *বি* সঙ্গী; সহচর; সহগামী। [বা. সাথ+ই]
সাথুয়া, সেথুয়া, সেথো *বি,বিণ* সঙ্গী; সহযাত্রী; সঙ্গের সহচর। [বা. সাথ+উয়া>ও] [আঞ্চলিক]
সাথে *অব্য* (অনুসর্গ) সঙ্গে; সহিত।
সাদর *বিণ* আদরের সঙ্গে; প্রীতিপূর্ণভাবে; সমাদরে। [স. সহ>আদর]। **সাদরে** *ক্রিবিণ* আদর করে।
সাদা *বিণ* সফেদ; শুভ্র; শ্বেতবর্ণ; শ্বেতকায়; জড়তাশূন্য; অকুটিল; সরল; সহজ; আড়ম্বরহীন; রঙিন নয় এমন; শান্ত; নম্র; উদার; মহৎ; অলঙ্কারহীন; অনলঙ্কৃত; অলিখিত; দাগশূন্য। [ফা.]। **সাদাকে কালো এবং কালোকে সাদা করা**—(আল.) সত্য মিথ্যা বানানো কথা; যা নয় তাই বলা বা করা; নির্জলা মিথ্যা ভাষণ। **সাদাটে** *বিণ* বিবর্ণ; সাদার ভাব; অল্প সাদা; সাদা সাদা। **সাদা দিল** *বি* সরল প্রাণ। **সাদামাটা, সাদামাঠা** *বিণ* আড়ম্বরহীন; কারুকার্যশূন্য; নিরাভরণ। **সাদাপাতা** *বি* তামাকের পাতা যা পান ইত্যাদির সঙ্গে বা নেশার জন্য এমনিতেই চিবিয়ে খাওয়া হয়। **সাদাসিধা, সাদাসিধে** *বিণ* প্রসাধন-বিবর্জিত; সরল; শান্ত; নিরীহ; আড়ম্বর-বর্জিত; সাধারণ।
সাদিক *বিণ* সত্যবাদী; বিশ্বস্ত। [আ.]
সাদৃশ্য *বি* ১ অনুরূপতা; একরূপতা; তুলতা। ২ আলেখ্য; ছবি; চিত্র। [স. সদৃশ+য]
সাধ *বি* ১ আকাঙ্ক্ষা; ইচ্ছা; স্পৃহা; কামনা ; অভিলাষ; শখ। ২ গর্ভিণীর স্পৃহানুযায়ী খাদ্যাদি ভোজনোৎসব; দোহদ। [স. শ্রদ্ধা>]। **সাধ-আরমান** *বি* ইচ্ছা ও আহ্লাদ। [ফা. সাধ+আরমান]। **সাধে** *ক্রিবিণ* সাধ করে; ইচ্ছাকৃতভাবে।
সাধক *বি,বিণ* সাধনাকারী; উপাসক। ❑*বিণ* ১ কর্মসম্পাদনকারী; সাধনকর্তা; সম্পাদক। ২ সহায়ক। [স.]। **সাধিকা** *বি,বিণ স্ত্রী.*।
সাধন *বিণ* সাধনা; আরাধনা; অর্চনা।❑*বি* ১ সম্পাদন;

সিদ্ধি; সাফল্য। ২ পারদাদি শোধন। [স. √সাধ (নিষ্পন্ন)+অন]। **সাধনস্মৃতি** *বি* যা দিয়ে কারো সাধনাকে মনে করা যায়।
সাধনা *বি* ১ প্রচেষ্টা; আরাধনা। ২ চেষ্টা; প্রয়াস; অভ্যাস। ৩ সাধনার বস্তু। [স.]। **সাধনীয়** *বিণ* ১ সাধনার উপযুক্ত। ২ আরাধ্য। ৩ নিষ্পন্ন করার যোগ্য।
সাধর্ম্য *বি* ১ এক ধর্ম বা রূপবৈশিষ্ট্য; সমধর্মিতা। ২ সমপর্যায়ভুক্ত; সাদৃশ্য। [স. সধর্ম+য]
সাধা *বি* ১ সাধনা করা (সুর সাধা)। ২ সম্পাদন। ৩ আদায়। [স. √সাধ+বা. আ]। ❑ *বিণ* ১ সাধনাকৃত। ২ চর্চা বা অনুশীলন দিয়ে পরিমার্জিত। ৩ যাচিত; অনুরোধকৃত। ❑ *ক্রি* ১ সাগ্রহে চাওয়া। ২ অনুরোধ করা। ৩ ঘটানো। ৪ সফল বা পূর্ণ করা। ৫ (ব্যা.) ব্যুৎপত্তি প্রদর্শন করা। ৬ ক্রোধ বা অভিমান নিবৃত্তির জন্য অনুরোধ করা। **সাধানো** *ক্রি* ১ অন্যকে দিয়ে করানো। ২ অপরের দ্বারা অনুরোধ করানো বা করতে বাধ্য করা। ❑ *বি* উক্ত উভয় অর্থে। **সাধাসাধি** *বি* অনুনয়-বিনয়; উপরোধ; পুনঃপুন অনুরোধ।
সাধারণ *বিণ* ১ গতানুগতিক; বৈচিত্র্যহীন। ২ সর্বজনীন; যাতে সবার সমান অধিকার। ৩ প্রতিষ্ঠান প্রভৃতির সব সদস্যের। ৪ আটপৌরে। ৫ তুচ্ছ; নগণ্য। ৬ গুরুত্বহীন। ❑ *বি* উক্ত সব নরনারী। [স.]। **সাধারণী** *বিণ স্ত্রী.*। **সাধারণতত্ত্ব** *বি*। **সাধারণত** *অব্য* প্রায়শ; সচরাচর। **সাধারণতন্ত্র** *বি* জনসাধারণের ইচ্ছা অনুসারে তাদের নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা পরিচালিত রাষ্ট্র শাসন ব্যবস্থা বা ঐ ব্যবস্থাযুক্ত রাষ্ট্র; republic। **সাধারণ্য** *বি* ১ বৈচিত্র্যহীনতা। ২ সাধারণের ধর্ম। ৩ জনসাধারণের নিকট বা সম্মুখে।
সাধিত *বিণ* ১ কৃত; সম্পাদিত। ২ প্রমাণসিদ্ধ। **সাধিত ধাতু** (ব্যা.) অন্য ধাতুর বা নাম শব্দের উত্তর প্রত্যয়যোগে যে ধাতু উৎপন্ন হয়। [স. √সাধ+ণিচ্+ত]
সাধিত্র *বি* সাধনযন্ত্র; যন্ত্রপাতি। [স.]
সাধু *বিণ* ১ ধার্মিক; ধর্মপরায়ণ। ২ ভদ্ররীতিসংগত; শিষ্ট। ৩ উত্তম। ৪ সুষ্ঠু; উচিত। ৫ উপযুক্ত; যথাযোগ্য। ৬ (ব্য.) সুদখোর। ❑ *বি* ১ ফকির; সন্ন্যাসী। ২ বণিক; ব্যবসায়ী। **সাধুগিরি** *বি* সাধুতার ভান; ধার্মিকতা। **সাধুতা** *বি* ১ সততা। ২ ধার্মিকতা। **সাধুভাষা** *বি* চলিত গদ্য ব্যাপকভাবে চালু হওয়ার পূর্বেকার স্বীকৃত গদ্যরীতি। **চলিত ভাষা** *বিপ.*। **সাধু সাধু** *বি* বাহবা; প্রশংসা। **সাধু সাবধান** (আল.) ভবিষ্যৎ বিপদ সম্পর্কে সতর্কীকরণ।
সাধ্য, সাধ্যি *বি* ১ ক্ষমতা; শক্তি। ২ সামর্থ্য; আয়ত্ত। ৩ অনুমান করে নির্ণেতব্য বিষয়। ❑ *বিণ* ১ বিষয়; করণীয়; সম্পাদনযোগ্য; সাধনযোগ্য। ২ প্রতিবিধেয়। [স. √সাধ্+য]। **সাধ্যতা** *বি* সম্পাদনযোগ্যতা; সাধনযোগ্যতা। **সাধ্যবহির্ভূত, সাধ্যাতিরিক্ত, সাধ্যাতীত** *বিণ* অসাধ্য; সাধনের অযোগ্য। **সাধ্যমত, সাধ্যানুযায়ী, সাধ্যানুরূপ** *ক্রিবিণ* যথাশক্তি; ক্ষমতানুযায়ী; যথাসাধ্য। [স. সাধ্য+অতিরিক্ত, অতীত, অনুযায়ী, অনুরূপ]। **সাধ্য-সাধনা** *বি* চেষ্টা-চরিত্র; সাধাসাধি।
সাধ্বী *বিণ স্ত্রী.* ১ সতী; পতিব্রতা। ২ সচ্চরিত্রা; সাধুস্বভাবযুক্তা। [স. সাধু+ঈ]
সান[১] *বি* অবগুণ্ঠন; ঘোমটা। **সানকাড়া** *ক্রি* ঘোমটা দেওয়া।
সান[২], **শান** *বি* পাকা মেঝে (সান-বাঁধানো ঘাট)। [আ. সহন]
সানক *বি* চীনা মাটি ইত্যাদির থালাবিশেষ। [ফা. সাহনক = ছোট থালা]। **সানকি** *বি* ছোট মাটির থালা বা বাসন। [ফা. সাহনক+ই (ক্ষুদ্রার্থে)]
সানন্দ *বিণ* প্রফুল্ল; আহ্লাদিত। **সানন্দা** *স্ত্রী.*। [স.]। **সানন্দে** *ক্রিবিণ* পরম আনন্দে; আনন্দের সঙ্গে।
সানপেটা *বিণ* শান-বাঁধানো; ইষ্টকাদি দিয়ে নির্মিত। [আ. সহন+পেটা]
সানাই *বি* বাঁশি. বড় বংশীবিশেষ। [ফা. শাহ্নাই]
সানি, সানী *বিণ* পুনর্বার; দ্বিতীয়বার; দ্বিতীয়। [আ. সানী]। **লা-সানি** *বিণ* অদ্বিতীয়; অতুল্য।
সানু *বি* ১ অধিত্যকা; পর্বতের উপরিস্থ সমতলভূমি। ২ চূড়া; শিখর। [স. √সন্+উ]। **সানুমান** *বি* পর্বত। **সানুবিশিষ্ট**।
সানুনয় *বিণ* ১ আন্তরিক; হৃদ্যতাপূর্ণ। ২ মিনতিপূর্ণ। [স. সহ+অনুনয়]। **সানুনয়ে** *ক্রিবিণ* অনুনয় করে; বিনয়সহকারে।
সানুনাসিক *বি* ১ নাসিকা থেকে উচ্চারিত। ২ নাকি। [স. সহ+অনুনাসিক]
সানুবন্ধ *বি, বিণ* সনির্বন্ধ। ❑ *বিণ* অনুবন্ধযুক্ত। [স. সহ+অনুবন্ধ]
সানুরাগ *বিণ* আগ্রহান্বিত; অনুরাগযুক্ত। [স. সহ+অনুরাগ]
সান্টিং *ক্রি* ১ ইঞ্জিন বা বগির স্থান পরিবর্তন বা সারিবদ্ধকরণ। ২ (ব্য./আল.) মার লাগানো। [ই.]
সান্ত *বিণ* অন্তবিশিষ্ট; সীমাবদ্ধ; সসীম। [স. সহ+অন্ত]
সান্তর *বিণ* ফাঁক ফাঁক; ছিদ্রযুক্ত। **সান্তরতা** *বি* গায়ে গায়ে লেগে না যাওয়া।
সান্তারা, সন্তরা *বি* কমলালেবুজাতীয় এক প্রকার ফল। [পো. cintra]
সান্ত্রী *বি* প্রহরী; রক্ষী; যে সৈনিক পাহারার কাজ করে। [ই. sentry]
সান্ত্বন, সান্ত্বনা *বি* ১ প্রবোধ। ২ আশ্বাস বাক্য দিয়ে শান্তকরণ। [স. √সান্ত্ব্+অন+আ]। **সান্ত্বনিত** *বিণ*।
সান্দ্র *বি* বন। ❑ *বিণ* ১ ঘন; নিবিড়। ২ প্রগাঢ়। [স. সহ+√অন্দ্+র]
সান্ধা, সান্ধানো *ক্রি* প্রবেশ করা; ঢোকা; পরানো। [স. সম্+√ধা+বা. আ/অন]
সান্ধিক *বি* শৌণ্ডিক; শুঁড়ি। [স. সন্ধা (চোয়ানো)+ইক]
সান্ধিবিগ্রহিক *বি* সন্ধি ও যুদ্ধ বিষয়ে জ্ঞানসম্পন্ন ও সেজন্য নিয়োজিত মন্ত্রী; defence minister। [স.]
সান্ধ্য *বিণ* ১ সন্ধ্যাকালীন; সন্ধ্যাবেলার। ২ সন্ধ্যাসম্পর্কিত। [স. সন্ধ্যা+আ]। **সান্ধ্য আইন** *বি* যে আইনবলে সন্ধ্যা থেকে ভোর পর্যন্ত বা সারা দিন-রাতের নির্দিষ্ট অংশে জনসাধারণের বাড়ির বাইরে আসা নিষিদ্ধ; কারফিউ।
সান্নিধ্য *বি* সামীপ্য; নৈকট্য। [স. সন্নিধি+য]
সান্নিপাতিক *বিণ* বাত পিত্ত ও কফের মিলনজাত; সাংঘাতিক। **সান্নিপাতিক জ্বর** *বি* টাইফয়েড।
সান্বয় *বিণ* ১ অন্বয়ের সঙ্গে; অন্বয়যুক্ত। ২ সম্পর্কিত; সম্পর্কযুক্ত। [স.]
সাপ *বি* বিষধর অথবা বিষহীন এক প্রকার লম্বা পা-হীন সরীসৃপ; সর্প; নাগ; অহি; উরগ। [স. সর্প>]। **সাপিনী** *বি* ১ স্ত্রী-সাপ (সাপিনী তাপিনী তাপে বিবরে লুকায়—

ভারতচন্দ্র)। ২ (আল.) খলস্বভাবা নারী। **সাপও মরে লাঠিও না ভাঙে**—বিপদ এড়িয়ে কাজ হাসিল করা। **সাপে-নেউলে** *বি* ১ অহি-নকুল সম্পর্ক। ২ (আল.) চিরশত্রুতা। **সাপের ছুঁচো গেলা**—(আল.) নিজের নির্বুদ্ধিতার ফলে বাধ্য হয়ে অনভিপ্রেত কাজে জড়িয়ে পড়া; উভয়সঙ্কটে পড়া। **সাপের পাঁচ পা দেখা**—অত্যন্ত স্পর্ধার ফলে অহেতুক বাড়াবাড়ি করা। **সাপের লেজে পা দেওয়া**—(আল.) দুর্দান্ত লোককে ক্ষেপিয়ে দিয়ে বিপদ সৃষ্টি করা। **সাপের হাঁচি বেদেয় চেনে**—অভিজ্ঞ ব্যক্তি লক্ষণ দেখে বস্তু চিনতে ভুল করে না; অভিজ্ঞ ব্যক্তিকে ফাঁকি দেওয়া যায় না; দুষ্ট লোকের গতিবিধি বুদ্ধিমান ব্যক্তির বুঝতে অসুবিধা হয় না। **সাপের হাঁড়ি**—অতিশয় কোপনস্বভাবা নারী।

সাপট, সাপোট *বি* ১ সাপ প্রভৃতি সরীসৃপের লেজের ঝাপটার শব্দ; আস্ফালন; লম্ফ ঝম্ফ। ২ তাড়ন; ঝাপট; তেজ। [স. সর্পণ>সরপট/সপটা>]

সাপটা, সাপ্টা *বিণ* যাতে ইতরবিশেষ নেই; ভালোমন্দ সব একত্রে। **সাপটা দরে কেনা** *বিণ* এক দামে একসঙ্গে সমস্ত কেনা। **সাপটা রান্না** *বিণ* সবার জন্য এক ধরনের রান্না। **পাটি সাপটা** *বি* যা পাটির মতো সাপটানো হয়; ভিতরে পুর দেওয়া এক রকম পিঠা।

সাপটানো *ক্রি* ১ জড়িয়ে ধরা; জাপটে ধরা; জাপটানো। ২ জড়িয়ে বা মুড়িয়ে রাখা। ❑ *বি* উক্ত উভয় অর্থে। [স. সর্পণ>]

সাপত্ন, সাপত্ন্য *বি* ১ সপত্নী-পুত্র; সতীনের ছেলে। ২ শত্রু। ৩ শত্রুতা; বৈরিতা। ৪ সপত্নী সম্বন্ধীয়। [স. সপত্নী+অ]

সাপমাসি *বি* সবুজ রঙের পাখাওয়ালা সাপের মতো ফড়িংবিশেষ।

সাপুড়া(প্রা-বা) *বি* কৌটা।

সাপুড়ে, সাপুড়িয়া *বি* সাপ ধরা বা সাপের খেলা দেখানো যার পেশা। [বা. সাপ+উড়িয়া>উড়ে]

সাপেক্ষ *বিণ* অপেক্ষাকারী; অপেক্ষাযুক্ত; আপেক্ষিক সম্পর্কযুক্ত; অন্যের উপর নির্ভরতাসম্পন্ন। [স. সহ+অপেক্ষা]। **সাপেক্ষানুমান** *বি* একাধিক সত্যের পারস্পরিক সম্পর্ক বিচারপূর্বক নতুন তত্ত্ব বা সত্য আবিষ্কার।

সাফ *বিণ* ১ পরিষ্কার। ২ পরিষ্কৃত। ৩ স্পষ্ট; খোলাখুলি। ৪ নির্মল। ৫ কণ্টকশূন্য; নির্বাধ। ৬ নিঃসন্দেহ। ৭ শর্তশূন্য। ৮ ধ্বংসপ্রাপ্ত; নিঃশেষ। ❑ *বি* নির্মল। [আ.]। **সাফ করা** *ক্রি* ১ আবর্জনাহীন করা। ২ নিঃশেষ করা। **সাফসুতরা** *বিণ* পরিষ্কৃত; আবর্জনাহীন। **সাফ সাফাই** *বিণ* দায়মুক্ত; পরিষ্কার। **সাফা**[১] *বিণ* পরিষ্কৃত। ❑ *বি* পরিষ্কারকরণ। [আ. সফা]। **সাফাই** *বি* ১ পরিষ্কারকরণ; দোষমুক্তকরণ। ২ দোষস্খালন। ❑ *বিণ* সুদক্ষ। **সাফাই গাওয়া** *ক্রি* ১ নিরপরাধ প্রমাণ বা প্রচার করা। ২ নির্দোষ প্রমাণের জন্য যুক্তিপ্রদর্শন করা। **সাফাই সাক্ষী** *বিণ* নির্দোষপ্রমাণকাজে নিয়োজিত সাক্ষী। **হাত সাফাই** *বিণ* হাতের কৌশল; চুরি।

সাফলা (বিরল) = শাপলা।

সাফল্য *বি* কৃতকার্যতা; সফলতা। [স.]

সাফা[২] *বি* মক্কায় কাবা ঘরের কাছের পাহাড়বিশেষ। [আ.]

সাফায়াত, শাফায়াত *বি* ১ সুপারিশ। ২ শেষ বিচারের দিনে উম্মতদের জন্য আল্লাহর নিকট হজরত মুহম্মদ (সা.)-এর সুপারিশ। [আ. শফাআৎ]

সাব *বিণ* সাহেবের সংক্ষিপ্ত বিকৃত রূপ।

সাবকাশ *বিণ* সুযোগবিশিষ্ট; অবকাশ আছে এমন; অবসরবিশিষ্ট। ❑ *বি* ১ শুভ অবসর; সুযোগ। ২ (বিরল) অবকাশ। [স. সহ+অবকাশ]

সাবকুড় *বি* মাটির ঢিবি যার মাঝখানের গর্তে কাঁকড়া থাকে।

সাবড়া, সাবড়ানো *ক্রি* ধ্বংস করা; খতম করা; সাবাড় করা। [স. সর্বান্ত>]

সাবধান *বিণ* হুঁশিয়ার; সতর্ক; মনোযোগসম্পন্ন; অবহিত। ❑ *অব্য* সতর্ক বা অবহিত হওয়া। [স. সহ+অবধান]। **সাবধানতা** *বি* সতর্কতা। **সাবধানে** *ক্রিবিণ* হুঁশিয়ারির সঙ্গে। **সাবধানী** *বিণ* অতিশয় সতর্ক।

সাবমেরিন *বি* যুদ্ধে ব্যবহৃত ডুবোজাহাজ। [ই. submarine]

সাবয়ব *বিণ* অবয়বযুক্ত; অঙ্গবিশিষ্ট। [স.]

সাবর্ণ *বি* দ্বিতীয় মনু। **সাবর্ণি** *বি* অষ্টম মনু। [স.]

সাবল, শাবল *বি* মাটি খোঁড়ার লোহার যন্ত্র।

সাবলীল *বিণ* ১ লীলাযুক্ত। ২ স্বচ্ছন্দ; সহজ ও অনায়াস। **সাবলীলতা** *বি*। [স. সহ+অবলীলা]

সাবহিত *বি* জ্ঞাত; বিশেষভাবে অবহিত। ❑ *বিণ* (বিরল) সাবধান; হুঁশিয়ার। [স. সহ+অবহিত]

সাবাড় *বিণ* ১ বিনষ্ট; নিঃশেষ। ২ সমাপ্ত। ৩ শেষ। [স. সর্বান্ত>]

সাবান *বি* সোডা ক্ষার চর্বি সহকারে প্রস্তুত ময়লা পরিষ্কারক দ্রব্য। [আ. সাবুন; পো. sabao, ফ্রে. savon]

সাবালক, সাবালেগ *বিণ* প্রাপ্তবয়স্ক; আঠারো বছরের অধিক বয়সসম্পন্ন। [আ. সা+বালিগ]। **সাবালিক** *বিণ* সক্ষমতা; উপযুক্ততা। **নাবালিগ** *বিপ.*।

সাবাস = শাবাশ।

সাবিত্রী *বি* হিন্দু পুরাণোক্ত সূর্যের অধিষ্ঠাত্রী দেবী; ব্রহ্মার পত্নী; সতীর শিরোমণি; সত্যবানের স্ত্রী ও রাজা অশ্বপতির কন্যা। [স.]। **সতী-সাবিত্রী** *বিণ* হিন্দু পুরাণোক্ত সাবিত্রীর মতো সতীত্বসম্পন্না।

সাবু *বি* সাগু; সাবুদানা। [পো. sagu]

সাবুদ, সাবুত *বিণ* ১ দৃঢ়। ২ প্রমাণীকৃত; প্রমাণ করা হয়েছে এমন। ❑ *বি* প্রমাণ। [আ. সবুত]

সাবেক *বিণ* পূর্ববর্তী; আগেকার; পূর্বতন। [আ. সাবিক]। **সাবেককেলে** *বিণ* আদিকালের; পুরনো। **সাবেকি** *বিণ* পূর্বকালীন; সেকেলে; সনাতন।

সাবেত, সাবিত *বি* প্রকাশ; প্রমাণ। ❑ *বিণ* ১ প্রমাণীকৃত; সত্য। ২ মজবুত; একত্রে দৃঢ়ীভূত। [আ. সাবেত]

সাব্যস্ত *বিণ* স্থিরীকৃত; নির্ধারিত। [আ. সাবেত]

সাম *বি* ১ সামবেদ; চতুর্বেদের তৃতীয়টি। ২ সন্ধি। ৩ তোষণ। [স.]

সামগ্রিক(অশু.) *বিণ* সমগ্র; সম্পূর্ণ। [স. সমগ্র+ইক]

সামগ্রী *বি* জিনিসপত্র; দ্রব্য। [স. সমগ্র+অ+ই]

সামঞ্জস্য *বি* ১ উপযুক্ততা; সমীচীনতা। ২ মিল; সঙ্গতি। [স. সমঞ্জস+য]

সামনা *বি* সম্মুখ। [স. সম্মুখ>]। **সামনা-সামনি** *ক্রিবিণ* মুখোমুখি; সম্মুখবর্তী; সামনে। **সামনে** *ক্রিবিণ* সম্মুখ দিকে; সম্মুখে। **সামনেকার** *বিণ* সম্মুখের।

সামন্ত *বি*১ রাজ্যের প্রান্তে তথা প্রত্যন্ত অঞ্চলে স্থিত রাজ প্রতিনিধি বা করদ রাজা; অধীনস্থ নৃপতি। ২ মুখ্য প্রজা; মোড়ল; গ্রামের প্রধান। ৩ প্রতিবেশী। ৪ হিন্দু পদবিবিশেষ। ❑ *বিণ* অধিনায়ক। [স. সম্ (সংলগ্ন)+অন্ত+অ]। **সামন্ততন্ত্র, সামন্তচক্র** *বি* সামন্তগণের শাসন; feudal system। [স. সমন্ত+অ]

সামবায়িক *বিণ* ১ সমবায় সংক্রান্ত। ২ সমবায়বিশিষ্ট। [স. সম্+অব+√ই+অ=সমবায়+ইক]

সাময়িক *বিণ* ১ কালীন। ২ কখনো কখনো ঘটে এমন; অল্পসময় স্থায়ী; ক্ষণস্থায়ী। ৩ সময়োচিত; সময়ের উপযুক্ত। ৪ বর্তমান বা সাম্প্রতিক ঘটনাবলী সম্বলিত; নির্দিষ্ট সময় ব্যবধানে প্রকাশিত হয় এমন। [স.]। **সাময়িকী** *বি স্ত্রী.* বর্তমান সময়ের ঘটনাবলী; কালোপযোগী বিষয়।

সামরিক *বিণ* ১ লড়াই সংক্রান্ত; যুদ্ধবিষয়ক। ২ যুদ্ধের উপযুক্ত; যুদ্ধে প্রয়োজনীয়। ৩ যুদ্ধকালীন। ৪ যুদ্ধপ্রিয়; রণনিপুণ। [স.]। **সামরিক অভ্যুত্থান** *বি* সামরিক বাহিনী কর্তৃক রাষ্ট্রীয় ক্ষমতা দখল; ক্যু (coup)। **সামরিক শাসন** *বি* সামরিক বাহিনীর শাসন।

সামর্থ্য *বিণ* উপযুক্ততা; যোগ্যতা; ক্ষমতা। ❑ *বি* হিম্মত; শক্তি। [স. সম+অর্থ+অ=সমর্থ+য]

সামলা, সামলানো *ক্রি*১ সংযত করা। ২ সংবরণ করা। ৩ স্খলিত বেশ দৃঢ়বদ্ধ করা। ৪ তত্ত্বাবধান করা। ৫ উত্তীর্ণ হওয়া; কাটিয়ে ওঠা। ৬ সতর্কতা অবলম্বন করা। ❑ *বি* উক্ত সকল অর্থে। [তুল. হি. সভাঁলনা]

সামাই *বি* ধারণ-ক্ষমতা; সংবরণ; সীমা পাওয়া।

সামাজিক *বিণ*১ সমাজে বসবাসকারী। ২ সমাজসংক্রান্ত। ৩ মিশুক; রসজ্ঞ। ৪ সমাজে প্রচলিত আছে এমন। ❑ *বি* সভাসদ; সদস্য; সভ্য। [স. সমাজ+ইক]। **সামাজিকতা** *বি* ১ লৌকিকতা। ২ হৃদ্যতাপূর্ণ ব্যবহার।

সামান *বি* ১ উপকরণ; সামগ্রী; দ্রব্য; সাজ-সরঞ্জাম; আসবাবপত্র। ২ জোগাড়; ব্যবস্থা। [ফা. সামান]

সামান্তরিক *বি* (জ্যা.) চতুর্ভুজ যার বিপরীত বাহুগুলি পরস্পর সমান ও সমান্তরাল; parallelogram। [স.]

সামান্য *বিণ*১ অতিশয় অল্প। ২ সাধারণ (সামান্য লোক)। ৩ গুরুত্বহীন; তুচ্ছ। ❑ *বি* সাধর্ম্য; সাধারণ লক্ষণসমূহ। [স. সমান+য]। **সামান্যা** *স্ত্রী.*।

সামান্যা *বিণ স্ত্রী.* গুরুত্বহীনা; তুচ্ছ; সাধারণী। ❑ *বি* বারবিলাসিনী।

সামান্যীকরণ *ক্রি* নিরসনকরণ; সাধারণ লক্ষণাক্রান্তকরণ; সাধারণীকরণ; generalization।

সামাল[১] *বি* ১ রক্ষা; যত্ন। ২ সামলানো; ঠেক; কাটিয়ে ওঠা; রোধ; সংবরণ। [তুল. হি. সভাঁল]

সামাল[২] *অব্য* সাবধান হওয়ার বা করার সংকেত। [তুল. হি. সম্ভাল]

সামীপ্য *বি* সান্নিধ্য; নৈকট্য। [স.]

সামুদ্র, সামুদ্রক, সামুদ্রিক *বি* দেহের চিহ্নাদি দিয়ে ভবিষ্যতের শুভাশুভ নির্ণয়ের শাস্ত্র; সামুদ্রশাস্ত্র। ❑ *বিণ* ১ সামুদ্রশাস্ত্রব্যবসায়ী। ২ সমুদ্র সম্পর্কিত। ৩ সমুদ্রজাত। [স.]। **সামুদ্রিকবেত্তা** *বিণ* সামুদ্রশাস্ত্রে অভিজ্ঞ; জ্যোতিষী।

সামোভার *বি* জ্বাল দেবার বৃহৎ ধাতু-নির্মিত পাত্রবিশেষ; এর নিচে কয়লার আগুন থাকে ও নল দিয়ে উত্তপ্ত চায়ের পানি বের করে নেওয়া হয়। [রু. samovar]

সাম্পান *বি* চট্টগ্রাম অঞ্চলের জলপথে যাতায়াতের উপযোগী এক প্রকার ছোট নৌকা। [চী. সাঙপাঙ]

সাম্প্রতিক *বিণ* আজকালকার; আধুনিক। [স.]

সাম্প্রদায়িক *বিণ*১ দল গোষ্ঠী বা সম্প্রদায়সম্পর্কিত। ২ সম্প্রদায়গত ভেদবুদ্ধিবিশিষ্ট; communal। [স.]। **সাম্প্রদায়িকতা** *বি*।

সাম্য *বি*১ সমদর্শিতা। ২ সমতা। ৩ সাদৃশ্য। ৪ ক্রোধাদিশূন্য নির্বিকার ভাব। [স. সম+য]। **সাম্যবাদ** *বি*১ রাষ্ট্রের সব লোকের জাতি-ধর্ম-নির্বিশেষে সমান অধিকার থাকা উচিত— এ মতবাদ। ২ কমিউনিজম। **সাম্যবাদী**(-দিন্) *বিণ* ১ রাষ্ট্রের সব লোকের সমান অধিকার থাকা উচিত— এ মতবাদে বিশ্বাসী। ২ সমান অধিকারবাদে বিশ্বাসী বা সমর্থনকারী; কমিউনিস্ট; communist।

সাম্রাজ্য *বি*১ ক্ষুদ্র রাজ্যাদিসম্বলিত বহু বিস্তৃত রাজ্য। ২ সম্রাটের শাসনে যে রাজ্যসমূহ থাকে। [স. সম্রাজ্+য]। **সাম্রাজ্যবাদ** *বি* পররাজ্যের উপর অধিকার বিস্তারের নীতি; imperialism। [স.]। **সাম্রাজ্যবাদী**(-দিন্) *বিণ* সাম্রাজ্যবাদ সমর্থনকারী; imperialist।

সাযুজ্য *বি* ১ মিল; সংযোগ। ২ অভেদ; পরমাত্মা ও জীবাত্মার একাত্মতা। [স. সহ+√যুজ্+য]

সায়[১] *বি*১ অবসান; বিরতি। ২ সন্ধ্যাবেলা। ❑ *বিণ* সমাপ্ত; সাঙ্গ। [স.√সো+অ]

সায়[২] *বি* সমর্থন; সম্মতি।

সায়ংকাল *বি* সন্ধ্যার সময়; গোধূলিলগ্ন; দিনাবসানের সময়। [স. সায়ম্+কাল]

সায়ংকৃত্য *বি* সন্ধ্যাকালীন কর্ম বা উপাসনাদি। [স. সায়ম্+কৃত্য]

সায়ংসন্ধ্যা *বি* সন্ধ্যাবেলার উপাসনা। [স.]

সায়ংসময় *বি* সন্ধ্যাকাল। [স.]

সায়ক *বি* ১ বাণ; তীর; শর। ২ খড়গ। ৩ বজ্র। [স. √সো+অক]

সায়ন্ত (বিরল), **সায়ন্তন** *বিণ* সন্ধ্যাকালীন; সন্ধ্যাবেলার; বেলাশেষের। [স. সায়ম্+তন]

সায়বানা *বি* সামিয়ানা। [ফা.]

সায়র *বি*১ সাগর; সমুদ্র। ২ সরোবর। [স. সাগর>]

সায়া *বি* মেয়েদের শাড়ির নিচে পরিধেয় ঘাগরা; petticoat, অন্তর্বাস। [পো. saia]

সায়াহ্ন *বি* সন্ধ্যা; সাঁঝ। [স. সায়ম্+অহন্+অ]। **সায়াহ্নকৃত্য** *বি* সায়ংকৃত্য; সন্ধ্যাকালীন উপাসনাদি; কর্তব্যকর্ম।

সায়ের *বি* ১ ভ্রমণ। ২ সফর। ৩ ভিক্ষা করণার্থ গমন। [আ.]

সায়েরে-নাজাবি *বি* (তাসাউফ) সুফি সাধনমার্গের শ্রেষ্ঠ স্থানে গমন বা ভ্রমণ ও তা করতে সমর্থ হওয়া। [আ.]

সায়েল, সায়ের *বি, বিণ* সওয়াল (প্রার্থনা); যাচ্ঞা করে যে; প্রার্থী; ভিক্ষুক; ফকির; মিসকিন। [আ.]

সার[১], **স্যার** *বি*১ বৃটিশ সরকার প্রদত্ত খেতাববিশেষ। ২ নাইট (Knight) বা ব্যারোনেট (Baronet)। [ই. sir]

সার[২] *বি*১ শ্রেণী; সারি; বীথি। ২ পঙ্‌ক্তি। [স. √সৃ+ণিচ্+ই=সারি>সারি]

সার[৩] *ক্রি* শেষ কর; সমাপ্ত কর।

সার[৪] *বি* সংস্কৃতকাব্যের অলঙ্কারবিশেষ; climax।

সার[৫] *বি* সংসার; গার্হস্থ্য জীবনাচার।

সার[৬] *বি* ১ একমাত্র সম্বল। ২ বৃক্ষাদির শক্ত মজ্জা। ৩ তেজ; বীর্য। ৪ উর্বরা বৃদ্ধিকর পদার্থ। ৫ অবলম্বন। ৬ গূঢ় অর্থ; তাৎপর্য। ৭ দুগ্ধাদির সর বা ননি। ❑*বিণ* ১ শ্রেষ্ঠ; উৎকৃষ্ট। ২ প্রকৃত; গূঢ়। [স. √সৃ+অ]। **সারকুঁড়** *বি* আঁস্তাকুড়; যেখানে গোবর পচিয়ে সার তৈরি করা হয়। **সারগর্ভ** *বিণ* মূল্যবান; সারযুক্ত। **সারগাদা** *বি* সারের স্তূপ; সার তৈরির জন্য স্তূপীকৃত গোময় ইত্যাদি। **সারগ্রাহী(-হিন্)** *বিণ* ১ মর্মগ্রাহী। ২ শ্রেষ্ঠাংশ গ্রহণ করে এমন। **সারতরু** *বি* ১ যে বৃক্ষ জমির উর্বরতা বৃদ্ধি করে। ২ কলাগাছ। **সারবত্তা** *বি* সার পদার্থ; উৎকর্ষ (যুক্তির সারবত্তা)। **সারবান** *বিণ* সারগর্ভ; প্রসাদগুণসম্পন্ন; উৎকৃষ্ট। **সারভূত** *বিণ* উৎকৃষ্ট; শ্রেষ্ঠ; সার পদার্থে পরিণত। **সারমাটি** *বি* ১ সারযুক্ত মাটি। ২ যে মাটি জমির উর্বরতা বৃদ্ধি করে। **সারলৌহ** *বি* ইস্পাত। **সারসংগ্রহ** *বি* উৎকৃষ্ট বা শ্রেষ্ঠ অংশ আহরণ; তাৎপর্য বা মূলভাব গ্রহণ। **সারহীন, সারশূন্য** *বিণ* নিকৃষ্ট; অসার; মজ্জাহীন; তাৎপর্যহীন।

সারং, সারঙ্গ[১]**, সারঙ্গী** *বি* বেহালাজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ; সারিন্দা। [স. √সৃ+অঙ্গ+অ/ঈ]

সারক *বিণ* বিরেচক; জোলাপ/জোলাব। [স. √সৃ+ণিচ+অক]

সারঙ *বি* রাগবিশেষ; সারিন্দার রাগ।

সারঙ্গ[২] *বিণ* ১ বিচিত্র চক্রচিহ্নযুক্ত। ২ হরিণবিশেষ। [স.]। **সারঙ্গা, সারঙ্গী** *স্ত্রী*।

সারঙ্গ[৩]**, সারঙ্গী** *বিণ* সারিন্দা; এক প্রকার বাদ্যযন্ত্র। [স.]

সারণ *বি* অপসারণ; দূরীকরণ; চালন। [স. √সৃ+ণিচ+অন]

সারণি, সারণী *বি* ১ ছোট নদী। ২ তালিকা; chart; নির্ঘণ্ট। [স. √সৃ+ণিচ+অন/অনী]

সারথি *বি* ১ রথ চালায় যে; রথচালক। ২ নেতা। [স. √সৃ+ণিচ+অথি]। **সারথ্য** *বি* চালকের বৃত্তি; সারথির পেশা।

সারমেয় *বি* কুকুর। **সারমেয়ী** *বি স্ত্রী*। [স. সরমা+এয়]

সারল্য *বি* অকপটতা; সরলতা। [স. সরল+য]

সারস *বি* বকজাতীয় এক প্রকার পাখি। [স.]। **সারসী** *বি স্ত্রী*।

সারসন *বি* ১ কটিবন্ধ। ২ কোমরের অলঙ্কারবিশেষ। [স. সার+√সন+অ]

সারস্বত *বিণ* ১ সরস্বতী দেবী সম্বন্ধীয়; বিদ্যা সম্পর্কিত। ২ বিদ্বান; পণ্ডিত। ❑*বি* ১ ভারতের প্রাচীন দেশ বা অঞ্চল। ২ একটি ব্রাহ্মণ সম্প্রদায়। [স. সরঃ+বতী=সরস্বতী+অ]। **সারস্বত সমাজ** *বিণ* বিদ্বান-সমাজ; শিক্ষিত সমাজ। ❑*বি* সাহিত্য-সমাজ; সাহিত্যিকবৃন্দ।

সারা[১] *বিণ* সমগ্র; সম্পূর্ণ; সব; সমস্ত।

সারা[২] *বিণ* ১ ক্লান্ত; হয়রান; অবসন্ন। ২ আকুল; ব্যাকুল। ৩ বিপন্ন; বিপদগ্রস্ত; শেষ।

সারা[৩] *ক্রি* ১ লুকিয়ে রাখা। ২ মেরামত করা। ৩ খতম করা; সমাপ্ত করা। ৪ আরোগ্যলাভ করা। ৫ সরিয়ে ফেলা। ৬ বিপদে বা দুর্দশায় ফেলা। ৭ দুর্বল করা বা ক্লান্ত করা। ৮ নষ্ট করা; পণ্ড করা। ৯ জীবন নাশ করা; মেরে ফেলা। ১০ সংশোধন করা। ❑*বি* উক্ত সকল অর্থে। ❑*বিণ* ১ লুকায়িত। ২ মেরামত করা হয়েছে এমন। ৩ সাঙ্গ; সমাপ্ত। ৪ পণ্ড; নষ্ট। **সারানো** *ক্রি* ১ মেরামত বা সংস্কার করানো। ২ সংশোধন করানো। ৩ শেষ করানো। ৪ শান্ত করানো। ৫ রোগ মুক্তি করানো। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে।

সারাৎসার *বি* শ্রেষ্ঠ বা মূল অংশ; নির্যাস।

সারানি *বি* সমাপ্তি।

সারালো *বিণ* সারবান; মূল্যবান।

সারি[১] *বি* শ্রেণী; পঙ্‌ক্তি।

সারি[২] *বি* মাঝিদের গান। **সারিবন্দি** *বিণ* শ্রেণীবদ্ধ; শ্রেণীবদ্ধভাবে; বহুসারিতে।

সারিগামা, সারেগামা *বি* 'স্বরগ্রাম' শব্দের সংক্ষিপ্ত রূপ; সা-রে-গা-মা-পা-ধা-নি—এ সাতটি সুরের সংক্ষিপ্ত সংজ্ঞা।

সারিন্দা *বি* তারযুক্ত বাদ্যযন্ত্র।

সারূপ্য *বি* সমরূপতা; একরূপতা; সাদৃশ্য। [স. সরূপ+য]

সারেং[১]**, সারেঙ**[১]**, সারঙ** *বি* জাহাজ বা নৌযান পরিচালনা করে যে; জাহাজের চালক। [ফা.]

সারেং[২]**, সারেঙ**[২] *বি* বেহালার মতো এক প্রকার তারের বাদ্যযন্ত্র; সারঙ্গী। [স. সারঙ্গ>]

সারেং-সুকানি *বি* (কথ্য) জাহাজের চালক ও তার সহকারী। [ফা.]

সারেঙ্গী *বি* সারিন্দা; সারেং (সারেঙ্গীর সংগীত—রবীন্দ্রনাথ)। [স.]

সারেজাহান *বি* সমস্ত দুনিয়া; তামাম পৃথিবী। [ফা.]

সারোদ্ধার *বি* আসল কথা বা বস্তু সংগ্রহ; তাৎপর্য বা গূঢ় মর্ম বের করা। [স. সার+উদ্ধার]

সার্ক *বি* বাংলাদেশ, ভারত, ভুটান, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান ও শ্রীলঙ্কা—দক্ষিণ এশীয় এই সাতটি দেশের আঞ্চলিক সহযোগিতামূলক সংগঠন; South Asian Association for Regional Cooperation; SAARC।

সার্কাস *বি* ১ মানুষ ও অন্যান্য জীবজন্তুর বিচিত্র ক্রীড়াকৌতুক ও ব্যায়ামকৌশল প্রদর্শন। ২ সেই উদ্দেশ্যে নির্মিত চক্রাকার আবেষ্টনী। [ই.]। **সার্কাস পার্টি** *বি* সার্কাস প্রদর্শনকারী দল। [ই.]

সার্কুলার *বি* পরিপত্র; বিজ্ঞপ্তি; ঘোষণা। [ই. circular]

সার্গম *বি* স্বরগ্রামের সংক্ষিপ্ত রূপ।

সার্চ *বি* অনুসন্ধান; তল্লাসি। [ই. search]

সার্চলাইট *বি* সন্ধানী তীব্র আলো। [ই. search light]

সার্জন *বি* অস্ত্রচিকিৎসক; শল্যচিকিৎসক; অস্ত্রোপচারকারী। [ই. surgeon]

সার্জেন্ট *বি* পুলিশ কর্মচারী যিনি পদমর্যাদায় কনেস্টবলের ঊর্ধ্বে অবস্থিত; সেনানীবিশেষ; পেয়াদা। [ই.]

সার্ট *বি* জামা; পিরান; কামিজ। [ই. shirt]

সার্টিফিকেট *বি* ১ প্রশংসাপত্র; শংসাপত্র। ২ প্রমাণপত্র। ৩ উপাধিপত্র। ৪ সুপারিশপত্র। [ই. certificate]। **সার্টিফিকেট হওয়া** *বি* জমি নিলামে ওঠা।

সার্থক *বি* ১ অর্থযুক্ত; অর্থবিশিষ্ট। ২ সফল; সাফল্যমণ্ডিত। ❑*বিণ* ১ চরিতার্থ। ২ সুসম্পাদিত। ৩ সুসিদ্ধ। [স.]। **সার্থকতা** *বি* ১ যুক্তিযুক্ততা। ২ সফলতা; চরিতার্থতা। **সার্থকনামা** *বিণ* ১ প্রথিতনামা; যশস্বী। ২ সম্পাদিত কাজের সঙ্গে নামের সামঞ্জস্য।

সার্ধ *বিণ* দেড়; সাড়ে। [স. সহ+অর্ধ]
সার্বজনিক *বিণ* সর্বজনীন; সকলের জন্য হিতকর; সর্বসাধারণের জন্য। [স.]
সার্বজাতিক, সার্বরাষ্ট্রিক *বিণ* সকল জাতি বিষয়ক; আন্তর্জাতিক; international।
সার্বত্রিক *বিণ* সর্বত্র বিস্তৃত; সর্বত্র প্রসারিত। [স.]
সার্বভৌম *বি* ১ সম্পূর্ণ স্বাধীন। ২ যার উপর অন্য কারো কর্তৃত্ব বা আধিপত্য নেই (সার্বভৌম রাষ্ট্র)। ৩ অধীশ্বর; সম্রাট। ৪ সংস্কৃতশাস্ত্রে ব্যুৎপত্তির জন্য প্রদত্ত উপাধি।
সার্ভে *বি* জরিপ; মাপ। [ই. survey]
সার্সি, সার্শী *বি* কাচের দরজা বা জানালা। [ই.]
সাল[১] *বি* বছর; সন; অব্দ। [ফা. সাল]। **সালতামামি** *বি* বৎসরান্ত; বছরের শেষে তৈরি বিবরণ বা হিসাব-নিকাশ।
সাল[২], **শাল** *বি* পশমি চাদর। [ফা. শাল]
সালওয়ার, সালোয়ার *বি* বিশেষ ধরনের পায়জামা। [ফা. শলবার]
সালঙ্কার, সালংকার *বিণ*১ অলঙ্কারযুক্ত। ২ বাক্যালঙ্কার বা অর্থালঙ্কারসম্বলিত। [স.]। **সালঙ্কারা** *স্ত্রী.*।
সালপাত, শালপাত *বি* শালবৃক্ষের বৃহদাকার পাতা।
সালবোট *বি* ধাতুনির্মিত বারকোশ। [স্পে./পো. salva/salven]
সালমমিছরি *বি* ওষুধে ব্যবহৃত ঈষৎ মিষ্ট মূলবিশেষ। [আ. স'লব্-ই-মিসরী]
সালসা *বি* রক্ত পরিষ্কারক এক রকম কবিরাজি ওষুধ। [পো. salsa]
সালাত[১] *বি* নামাজ। [আ.]
সালাদ, সালাত[২] *বি* সির্কা লবণ শশা টমেটো ইত্যাদির তৈরি কাঁচা খাদ্য যা মুখের স্বাদ বদল করে। [ই. salad]
সালাম *বি*১ শান্তি; নিরাপত্তা। ২ শান্তি কামনা; শুভেচ্ছা প্রকাশ। ৩ মুসলমানি কায়দায় অভিবাদনবিশেষ। ❑ *বিণ* শান্তিদাতা। [আ. সালাম]। **(আস) সালাম আলায়কুম** ইসলামি শান্তিকামনা প্রকাশক অভিবাদনবিশেষ; তোমাদের উপর শান্তি বর্ষিত হোক। [আ. সালাম আলায়কুম]
সালামত *বি* নিরাপত্তা; শান্তি; সুখ। [আ. সলামৎ]।
সালামি, সেলামি *বি*১ নজরানা; প্রদত্ত সম্মানী। ২ ঘুষ; সংগত প্রাপ্তির অতিরিক্ত অর্থ। [আ. সালামী]
সালার *বি* অধিনায়ক। [ফা.]। **সিপাহসালার** *বি* সৈন্যাধ্যক্ষ। [ফা.]
সালিয়ানা *বি* বার্ষিক বৃত্তি; বাৎসরিক খাজনা। ❑ *বিণ* বাৎসরিক। [ফা. সালিয়ানহ্]
সালিস, সালিশ *বি* মীমাংসার্থ মধ্যস্থ ব্যক্তি, মধ্যম। [আ.]। **সালিসি, সালিশি** *বি*১ মধ্যস্থতা; মীমাংসাকারীর কাজ। ২ মধ্যস্থ ব্যক্তি দিয়ে বিচার।
সালুন, সালন *বি* ব্যঞ্জন; রান্না করা তরকারি। [হি.]
সাশ্রয় *বি* ১ আশ্রয়ের সঙ্গে বর্তমান। ২ ব্যয় লাঘব। [স. স/সহ+আশ্রয়]
সাশ্রু *বিণ* ১ সজল চক্ষু; অশ্রুযুক্ত। ২ বেদনার্ত। ৩ মিনতিপূর্ণ। [স. সহ+অশ্রু]
সাষ্টাঙ্গ *বি* হিন্দুমতে জানু চরণ হস্ত বক্ষ মস্তক চক্ষু দৃষ্টি ও বাক্য—এই আটটি অঙ্গ দিয়ে যা করা হয় (সাষ্টাঙ্গ প্রণাম)। [স.]। **সাষ্টাঙ্গে** *ক্রিবিণ* আটটি অঙ্গের সাহায্যে। মুসলিমদের সিজদাও সাষ্টাঙ্গিক (কপাল নাসিকা হস্তদ্বয় জানুদ্বয় ও পদদ্বয়)।
সাহঙ্কার, সাহংকার *বিণ* গর্বিত; অহঙ্কারযুক্ত। [স.]। **সাহঙ্কারে, সাহংকারে** *ক্রিবিণ* অহঙ্কারের সঙ্গে; গর্বিতভাবে।
সাহচর্য *বি*১ সংস্রব। ২ সহায়তা। ৩ সঙ্গ। [স. সহ+√চর্+য]
সাহস *বি* ১ হিম্মত। ২ নির্ভীকতা; ভয়হীনতা। [স. সহস্+অ]। **সাহসালী** *বি* সাহসিনী; সাহসসম্পন্না। **সাহসিক** *বিণ* সাহসযুক্ত। **সাহসিকা** *স্ত্রী.*। **সাহসিকতা** *বি* সাহসের কার্য। **সাহসী**(-সিন্) *বিণ* নির্ভীক; সাহস-সম্পন্ন। **সাহসিনী** *স্ত্রী.*।
সাহা *বি*১ বণিক; সাহুকার। ২ বণিকশ্রেণীর হিন্দুদের উপাধি বা পদবিবিশেষ। [সাধু>সাহু>সাহউ>সাও>সাহা]
সাহানা *বি* সঙ্গীতের রাগিণীবিশেষ। ❑ *বিণ* রাজকীয়। [ফা. শাহানহ্]
সাহাবি *বি* ১ সহচর; অনুচর; অনুগত সঙ্গী; বহুবচনে আসহাব। ২ হযরত মুহম্মদ (সা.)-এর সহচর ও অনুচর। [আ.]
সাহায্য *বি*১ আনুকূল্য। ২ সহায়তা; মদদ। [স. সহায়+য]
সাহারা *বি* ১ আফ্রিকা মহাদেশের সমগ্র উত্তরাংশ জুড়ে পৃথিবীর বৃহত্তম মরুভূমির নাম। ২ মরুভূমি। [আ. সহ্‌রা']
সাহিত্য *বি* রসোত্তীর্ণ রচনা। যে রচনায় মনোগ্রাহীভাবে জীবনের ছবি আঁকা হয়; কবিতা গল্প নাটক উপন্যাস ইত্যাদি। **সাহিত্যকলা, সাহিত্যশিল্প** *বি* রচনাদির কৌশল। **সাহিত্যচর্চা, সাহিত্যানুশীলন** *বি* রচনা বা নিবন্ধাদি অধ্যয়ন ও প্রণয়নপ্রচেষ্টা। [স. সাহিত্য+অনুশীলন]। **সাহিত্যজগৎ, সাহিত্যাকাশ** *বি* সাহিত্যের বহুবিধ ক্ষেত্র অর্থে আলঙ্কারিক প্রয়োগ। **সাহিত্যবৃত্তি** *বি* সাহিত্য রচনা দিয়ে জীবিকা নির্বাহ। **সাহিত্যরথী** *বি* খ্যাতনামা সাহিত্যিক। **সাহিত্যসাধক** *বি* সাহিত্যচর্চা ও রচনা করাই যাঁর সাধনা। **সাহিত্যসেবা** *বি* সাহিত্যের চর্চা রচনা ও উন্নতিবিধানের চেষ্টা। **সাহিত্যসেবক, সেবী**(-বিন্) *বি* সাহিত্যিক। ❑ *বিণ* সাহিত্য চর্চা ও রচনা করেন এমন। **সাহিত্যিক** *বি,বিণ* যিনি সাহিত্য রচনা করেন; লেখক কবি নাট্যকার প্রাবন্ধিক প্রমুখ।
সাহেব *বি* ১ সম্ভ্রান্ত ব্যক্তি; মহাশয়। ২ কর্তা; প্রভু। ৩ উচ্চ কর্মচারী। ৪ ইউরোপীয়; ইংরেজ। ৫ নকল ইউরোপীয় (কালা সাহেব)। [আ. সাহিব]। **সাহেবসুবো** *বি* পদস্থ ইংরেজ কর্মকর্তা; কেতাদুরস্থ ও বিলাসী পুরুষ। **সাহেবান** *বি* সুধীবৃন্দ; সম্ভ্রান্ত ব্যক্তিগণ।
সাহেবি, সাহেবিয়ানা *বি* ইউরোপীয়দের মতো আচরণ বা চালচলন।
সিউলি, শিয়লি *বি* হিন্দু সম্প্রদায়ের যারা খেজুর গাছ থেকে রস বের করে এবং ঐ রস দিয়ে গুড় তৈরি করে (সিউলি নমঃশূদ্র)। [আঞ্চলিক]
সিং, শিং *বি* শৃঙ্গ। [স. শৃঙ্গ>]
সিংহ *বি*১ পশুরাজ; কেশরী; হিংস্র ও বলশালী পশুবিশেষ। ২ উপাধিবিশেষ। ৩ রাশিবিশেষ। ❑ *বিণ* শ্রেষ্ঠ ব্যক্তি। **সিংহী, সিংহিনী** *স্ত্রী.*। **সিংহকারক**(বিরল) *বি* সিংহ মূর্তি তৈরি করে যে। **সিংহদ্বার, সিংহদরজা** *বি* সিংহের মূর্তিযুক্ত প্রধান দরজা; প্রধান ফটক; সদর দরজা। **সিংহনাদ** *বি* ১ সিংহের গর্জন। ২ বীরত্বসূচক হুংকার।

সিংহবাহিনী *বি স্ত্রী.* হিন্দুদেবী দুর্গা যার বাহন সিংহ। **সিংহবিক্রম** *বিণ* সিংহের মতো বীরত্ব বা পরাক্রম। **সিংহভাগ** *বিণ* শ্রেষ্ঠ ভাগ; সর্বাপেক্ষা বৃহত্তম ভাগ; lion's share। **সিংহশাবক, সিংহশিশু** *বি* বাচ্চা সিংহ; সিংহের বাচ্চা। **সিংহাসন** *বি* সিংহচিহ্নিত আসন; রাজাসন। **সিংহী, সিংহিনী** *বি* স্ত্রী-সিংহ।
সিংহল *বি* ভারতের দক্ষিণে অবস্থিত দ্বীপ; লঙ্কাদ্বীপ; শ্রীলঙ্কা; Ceylon। [স.]। **সিংহলী** *বিণ* ১ সিংহল দেশের অধিবাসী। ২ সিংহল সম্বন্ধীয়। ❑*বি* সিংহল দেশের ভাষা।
সিঁচা, সেঁচা *বিণ* সেঁচা হয়েছে এমন। [স. সিঞ্চন>]
সিঁড়ি, সিঁড়ী *বি* মই; সোপান। [স. শ্রেণী বা শ্রেঢ়ী>]। **সিঁড়ি ভাঙা** *ক্রি* কষ্টের সঙ্গে সিঁড়ি দিয়ে ওঠা।
সিঁথি, সিঁথা *বি* সীমান্ত; টেড়ি; মাথার চুল দুই ভাগে বিন্যস্ত করলে যে সরু রেখা সৃষ্টি হয়। [স. সীমন্ত>]। **সিঁথিপাটি** *বি* সিঁথিতে পরার উপযুক্ত অলঙ্কার।
সিঁধ, সিঁদ *বি* চুরি করার জন্য চোর ঘরের দেয়ালে বা দাওয়ায় যে সুড়ঙ্গ করে। [স. সন্ধি>]। **সিঁধ কাটা, সিঁদ দেওয়া** *ক্রি* চুরি করার জন্য সুড়ঙ্গ খোঁড়া। **সিঁধকাটি, সিঁদকাঠি** *বি* সিঁধ খননে ব্যবহৃত শাবলবিশেষ। **সিঁদেল, সিঁধেল** *বিণ* সিঁধ খননকারী চোর।
সিক *বি* শলাকা; সরুদণ্ড। [ফা. সীখ]। **সিককাবাব** *বি* শলাকায় গেঁথে ঝলসানো মাংস। [ফা. কবাব]
সিকতা *বি* ১ বালুকা। ২ সমুদ্র-সৈকতের বালু। [স.]
সিকলি *বি* শিকল।
সিকি, সিকা, সিকে *বিণ* চতুর্থাংশ। ❑*বি* ১ চার আনা (২৫ পয়সা) মূল্যের সিকি নামক মুদ্রা। ২ টাকার চতুর্থাংশ বা ২৫ পয়সা মূল্যের মুদ্রা। [আ. সিক্ক]
সিক্কা *বি* মুদ্রা; বাদশাহি আমল ও পরবর্তী কোম্পানি আমলের মুদ্রা। [আ. সিক্ক]
সিক্ত *বিণ* ভেজা; আর্দ্র। [স.]। **সিক্ততা** *বি* আর্দ্রতা। **সিক্তা** *বিণ স্ত্রী.* আর্দ্রীকৃতা। [স.]
সিগন্যাল *বি* ১ সংকেত। ২ সংকেত প্রদর্শক; রেলওয়ের পাখা। [ই. signal]। **সিগন্যাল দেওয়া** *বি* ইঙ্গিত করা; সংকেত প্রদর্শন করা।
সিগারেট, সিগার *বি* পাতলা কাগজে মোড়া একপ্রকার ছোট চুরুট। [ই. cigarette, cigar]। **সিগারেট ফোঁকা** *ক্রি* চুরুট খাওয়া।
সিঙ্গি, সিংগি *বি* মাছবিশেষ।
সিজ, সীজ *বি* কণ্টকবিশিষ্ট চৌশিরা গাছ।
সিজা, সিঝা *ক্রি* পানি ও তাপে সিদ্ধ হওয়া। [স. সিদ্ধ>]। **সিজানো** *ক্রি* পানি ও তাপে সিদ্ধ করা।।
সিঞ্চন *বি* সেচন; ছিটানো; জলসেক। **সিঞ্চিত** *বিণ* সেচনকৃত।
সিট[১]**, সীট** *বি* বসবার স্থান। [ই. seat]
সিট[২] *বি* বিভিন্ন নকশার ছাপযুক্ত কাপড়।
সিটকানো *ক্রি* ঘৃণা বা অবজ্ঞার সঙ্গে কুঞ্চিত করা। **সিটকানি** *বি* ১ ক্ষেপণ। ২ সঙ্কোচন; কুঞ্চন।
সিটি *বি* সংকেত; বাঁশির শব্দ; ভোঁ বাজা।
সিত *বিণ* ১ শুভ্র; সাদা। ২ শুক্ল। **সিতকণ্ঠ** *বিণ* ১ সাদা গলা এমন। ২ ডাহুক; ডাক পাখি। [স.]। **সিতকর** *বি* চন্দ্র। **সিতপক্ষ** *বি* ১ শুক্লপক্ষ। ২ রাজহাঁস। **সিতপুষ্প** *বি* ১ কাশফুল। ২ টগর। **সিতাংশু** *বি* সাদা আলোয় ভরা চাঁদ। **সিতাভ** *বিণ* ঈষৎ শুভ্র; ঈষৎ প্রফুল্ল। [স. সিত+ অংশু/আভ]
সিতার, সেতার *বি* তিন তারযুক্ত বাদ্যযন্ত্রবিশেষ। [ফা.]
সিতারা *বি* তারকা; নক্ষত্র। [ফা. সিতারহ্]
সিতিকণ্ঠ *বিণ* নীলকণ্ঠযুক্ত। ❑*বি* ১ শিব। ২ ময়ূর। ৩ ডাক বা ডাহুক পাখি। ৪ সাদা কালো বা নীল রং। [স.]
সিদরাতুল-মুনতাহা *বি* ১ বেহেশতের বৃক্ষ। ২ শেষ কূলবৃক্ষ। (তুল. কল্পতরু/অসিপত্র)। ৩ মে'রাজের রাতে হযরত মুহম্মদ (সা.)-এর জিবরাইলের সঙ্গে যাত্রার শেষ সীমা; চরম লক্ষ্য। [আ.]
সিদা, সিধা[১] *বি* অপক্ব আহারের সামগ্রী। **চালসিদে** *বি* আহার্য দ্রব্যাদি।
সিদ্ধ *বিণ* ১ আগুনের উত্তাপে পাকানো; boiled। ২ সফল। ৩ দক্ষ; নিপুণ। ৪ অলৌকিক বিদ্যায় ব্যুৎপন্ন; সাধনায় বা তপস্যায় সফলকাম। ৫ জারিত; পরিশোধিত। ৬ প্রমাণীকৃত। ৭ মন্ত্রাদি পূত অলৌকিক বা অপার্থিব শক্তিসম্পন্ন। [স.]। **সিদ্ধকাম, সিদ্ধমনোরথ** *বিণ* আশাপূর্ণ হয়েছে এমন; অভীষ্ট লাভে সফল। **সিদ্ধপুরুষ** *বিণ* সাধনায় সফলতা অর্জনকারী ব্যক্তি। ❑*বি* (ব্য.) অতিরিক্ত জ্ঞানবান বা বেশি চতুর ব্যক্তি। **সিদ্ধরস** *বি* পারদ। **সিদ্ধহস্ত** *বিণ* অতি কৌশলী; অত্যন্ত দক্ষ।
সিদ্ধা, সিদ্ধাই *বিণ* ১ হিন্দু শাস্ত্রমতে যৌগিক সাধনায় সিদ্ধপুরুষ। ২ যোগে সিদ্ধ হওয়ার অবস্থা। ❑*বি* যোগে সিদ্ধিবিশেষ। স্ব স্ব আঙুলের মূলের বা ভিত্তির মাপে ৮৪ পরিমিত কায়াসাধনায় সিদ্ধপুরুষকে চৌরাশিসিদ্ধা নামে অভিহিত করা হতো। চৌরাশি শব্দের উৎপত্তিগত তত্ত্বে অজ্ঞতাবশে ৮৪ জন ব্যক্তি সিদ্ধপুরুষের নাম সন্ধানে বিদ্বানেরা গত চারশ' বছর ধরে বিভ্রান্তির ও বিড়ম্বনার শিকার হয়েছেন (জ্ঞানপ্রদীপ—সৈয়দ সুলতান দ্রষ্টব্য)। [স. সিদ্ধ+বা. আ/আই]
সিদ্ধাঙ্গনা *বিণ স্ত্রী.* সিদ্ধ রমণী; সফলমনোরথ নারী। ❑*বি* দেবতা গন্ধর্ব প্রভৃতির মতো সিদ্ধ নামক জাতির স্ত্রীলোক। [স.]
সিদ্ধান্ত *বি* ১ সভাদিতে গৃহীত প্রস্তাব; কোনো কর্তৃপক্ষের অনুমোদিত কোনো বিষয়। ২ নির্ধারণ; মীমাংসা; স্থির। **সিদ্ধান্তবাগীশ** *বি, বিণ* মীমাংসাকারী। ❑*বিণ* সংস্কৃত পণ্ডিতের উপাধিবিশেষ। [স. সিদ্ধ+অন্ত]
সিদ্ধার্থ *বি* ১ কামনা পূর্তি। ২ বুদ্ধদেব। ❑*বিণ* সফলকাম। [স. সিদ্ধ+অর্থ]
সিদ্ধি *বি* ১ মোক্ষলাভ; সাফল্য। ২ পুং জাতীয় গাঁজা গাছের বা সিদ্ধি গাছের নেশাকারী পাতা; ভাং। ৩ পারদর্শিতা। ৪ কৃতকার্যতা। [স.]। **সিদ্ধি খাওয়া** *ক্রি* নেশা করা; ভাং দিয়ে প্রস্তুত শরবতাদি তরলপদার্থ পান করা। **সিদ্ধিখোর** *বিণ* ভাঙের শরবত পান করে এমন; গণেশ। **সিদ্ধিঘোঁটা** *ক্রি* ভাং দিয়ে শরবত তৈরি করা। **সিদ্ধিদাতা** *বিণ* ১ সফলতাদায়ক। ২ হিন্দুদেবতা। **সিদ্ধিযোগ** *বি* তিথি ও বারের কল্যাণদানকারী মিলন। **সিদ্ধিলাভ** *বি* কৃতকার্যতা অর্জন; সফলতা।
সিদ্ধেশ্বরী *বি* হিন্দু দেবীবিশেষ। [স.]
সিধা[২] *বিণ* ১ অকপট; শান্ত; সহজ। ২ অবক্র; সরল; সোজা। ❑*ক্রিবিণ* ১ বরাবর; সোজা। ২ অবিলম্বে;

বলামাত্র। ◻ *বি* শায়েস্তা; দুরন্ত।
সিধা[৩], **সিধে** *বি* সিদ্ধ করে খাবার যোগ্য চাল ডাল ইত্যাদি আহার্য সামগ্রী। [স. সিদ্ধ>]
সিন *বি* ১ দৃশ্যাবলী। ২ রঙ্গমঞ্চের পর্দা। ৩ নাটকাদির দৃশ্য; যবনিকা। [ই. scene]
সিনা *বি* বক্ষঃস্থল; ছাতি; বুকের প্রস্থ। [ফা. সীনহ্]। **সিনা কলিজা** *বি* হৃৎপিণ্ড ও যকৃৎ; গরু খাসি ইত্যাদির হৃৎপিণ্ড ও যকৃত দ্বারা তৈরি ব্যঞ্জন।
সিনান *বি* গোসল; অবগাহন। [স. স্নান>]
সিনেট *বি* বিশ্ববিদ্যালয়ের নীতি নির্ধারণী পরিষদ; কোনো কোনো দেশের রাষ্ট্রীয় পরিষদ।
সিনেমা *বি* ছায়াছবি; চলচ্চিত্র; সবাক ছবি। [ই. cinema]। **সিনেমা-স্টার** *বি* চলচ্চিত্র বা ছায়াছবির জনপ্রিয় অভিনেতা বা অভিনেত্রী। [ই. cinema star]
সিন্দুক, সিন্ধুক *বি* বৃহদাকার মজবুত বাক্সবিশেষ। [আ. সন্দুক]
সিন্দূর, সিঁদুর *বি* এক প্রকার রক্তবর্ণ চূর্ণ; mercuric sulphide। [স. সিন্দূর]। **চীনা সিন্দূর/সিঁদুর** *বি* উজ্জ্বল সিন্দূর; vermillion। **মেটে সিন্দূর/সিঁদুর** *বি* অনুজ্জ্বল সিদুর; red lead। **সিন্দূরে, সিন্দূরিয়া** *বিণ* রক্তবর্ণযুক্ত; গোলাপি আভাযুক্ত রঙিন (সিন্দূরে আম)।
সিন্ধি *বি* ১ সিন্ধু প্রদেশের অধিবাসী। ২ সিন্ধু প্রদেশের আঞ্চলিক ভাষা। ◻ *বিণ* সিন্ধু প্রদেশে উৎপন্ন (সিন্ধি গরু)। [ফা./স. সিন্ধু+ই]
সিন্ধিয়া *বি* গোয়ালিয়রের রাজার উপাধি।
সিন্ধু *বি* ১ সাগর; সমুদ্র; দরিয়া। ২ পাকিস্তানের বৃহত্তম নদী; সিন্ধুনদ। ৩ পাকিস্তানের সিন্ধুনদের অববাহিকায় অবস্থিত প্রদেশ। ৪ রাগবিশেষ। [স.]। **সিন্ধুঘোটক** *বি* অশ্বমুখাকৃতি সামুদ্রিক জন্তু; walrus।
সিপাই, সিপাহি *বি* ১ সৈনিক। ২ পুলিশ বিভাগের নিম্নপদস্থ কর্মচারী; কনস্টেবল। ◻ *বিণ* প্রহরী। [ফা.]
সিপারা, ছেপারা *বি* ১ ত্রিশেতম অংশ। ২ কুরআন শরিফের ত্রিশ অংশের এক অংশ। [ফা. সিপারহ্]
সিপাহসালার, সেপাহসালার *বি* সেনাপতি; প্রধান সৈন্যাধ্যক্ষ। [ফা.]
সিপি *বি* ঝিনুক।
সিফত, সিফাৎ *বি,বিণ* গুণ; মাহাত্ম্য। [আ. সিফৎ]
সিভিল কোর্ট *বি* দেওয়ানি আদালত বা বিচারালয়। [ই. civil court]
সিভিল সার্জন, সিবিল সার্জন *বি* জেলার সর্বপ্রধান সরকারি চিকিৎসক। [ই. civil surgeon]
সিমুম, সাইমুম *বি* মরুভূমির ভয়াবহ বালুর ঝড়। [আ. সমূম]
সিমেন্ট *বি* দালান তৈরির চূর্ণবিশেষ; বিলাতি মাটি। [ই. cement]
সি-মোরগ, সিমুর্গ *বি* কাল্পনিক অতি বৃহৎ পক্ষীবিশেষ। [ফা.]। **সিয়ামোরগ** *বি* ১ কৃষ্ণবর্ণ পাখি সিমুর্গের অপপ্রয়োগ। ২ অশুভদায়ক কাল্পনিক পাখি।
সিম্ফনি *বি* ধ্বনি-সাম্য; ঐকতান। [ই. symphony]
সিয়া[১], **শিয়া** *বি* ১ বিশেষ মতবাদী; মুসলিম সম্প্রদায়-বিশেষ যারা কেবল হজরত আলিকেই হজরত মুহম্মদ (সা.)-এর উত্তরাধিকারী বলে বিশ্বাস করে। ২ দল। [আ.]
সিয়া[২] *বিণ* কালো; কৃষ্ণবর্ণ। [ফা.]
সিয়ান, সেয়ান, সিয়ানা, সেয়ানা *বিণ* ১ বয়স্ক। ২ সজ্ঞান। ৩ সুচতুর; চালাক। **সিয়ানা** *বিণ* ১ সজ্ঞান। ২ বয়স্ক। ৩ চতুর। [স. সজ্ঞান]
সিয়াম *বি* রোজা; উপবাস ব্রত। [আ.]
সিরা *বি* ১ রস; ঝোল। ২ ধমনি; নাড়ি। [ফা.]
সিরিঞ্জ *বি* ইনজেকশন দেওয়ার উপযোগী সুচ। [ই. syringe]
সিরিশ, সিরিস *বি* ১ একজাতীয় বৃক্ষ। ২ পশুর হাড় চর্ম শৃঙ্গ ইত্যাদি থেকে তৈরি আঠা। [ফা. সরীশ]। **সিরিশ কাগজ** *বি* কাচের গুঁড়া ও সিরিশ আঠাসংযুক্ত কাগজ; কাষ্ঠাদি মসৃণ করতে ব্যবহৃত হয় এমন ধারালো কাগজ।
সির্কা *বি* ইক্ষুরস প্রভৃতি গাঁজিয়ে প্রস্তুত অম্লরসবিশেষ। [ফা. সির্কহ্]
সিল, সীল *বি* ১ মুদ্রাঙ্কন। ২ ঋণের দায়ে সম্পত্তি আটক। ৩ সামুদ্রিক মাছবিশেষ। [ই. seal]। **সিল-মোহর** *বি* ছাপ দেবার বস্তুবিশেষ। [ই.+আ.]
সিলিং, সিলিঙ *বি* ১ ভিতর দিকের পাটাতন-করা ছাদ। ২ ঘরের মধ্যে ছাদের ভিতরের দিকের অংশ। [ই. ceiling]
সিল্ক *বি* ১ রেশম; ক্ষৌম। ২ রেশমি বস্ত্র। [ই. silk]
সিসা, সীসা *বি* একপ্রকার ভারী ধাতু; lead। [স. সীস+ বা. আ]
সিসৃক্ষা *বি* সৃজন করার ইচ্ছা। **সিসৃক্ষু** *বিণ* সৃষ্টি করতে ইচ্ছুক; সৃষ্টিকারী। [স. √সৃজ্+সন্+অ +আ]
সিসেম *বি* ১ পশ্চিমএশীয় লোকগাথায় পাহাড়ের অধিষ্ঠাত্রী দেবী। ২ আরব্য উপন্যাসে বর্ণিত এমন মন্ত্র বা শব্দ যা উচ্চারণ করলে দরজা আপনি খোলে বা বন্ধ হয়; দ্বার খোলা বা বন্ধ করার মন্ত্র (সিসেম ফাঁক)।
সীতা *বি* ১ রামায়ণোক্ত রামের স্ত্রী; জানকী। ২ জমিতে লাঙল চালানোর রেখা। [স. √সি+ত+আ]। **সীতাকুণ্ড** *বি* চট্টগ্রামস্থ হিন্দুদের তীর্থস্থান। **সীতাপতি** *বি* রামচন্দ্র। **সীতাভোগ** *বি* এক প্রকার মিষ্টান্ন। **সীতাদুঃখ** *বি* অতিশয় দুঃখ। **সীতাশাল, সীতাশালী** *বি* উৎকৃষ্ট জাতীয় ধানের নাম।
সীৎকার = শীৎকার।
সীধু *বি* মদ্য। ◻ *বিণ* বকুল ফুল। [স.]
সীবন *বি* সেলাই; সূচিকর্ম। **সীবনী** *বি* সুচ। [স. √সিব্+অন]
সীম *বি* সীমা; অন্ত।
সীমন্ত *বি* ১ মাথা; শির। ২ সিঁথি। ৩ টেরি। [সীমন+অন্ত]। **সীমন্তক** *বি* সিন্দূর। **সীমন্তিনী** *বি* স্ত্রী, ভার্যা; নারী। ◻ *বি* সধবা নারী। **সীমন্তোন্নয়ন** *বি* গর্ভিণীর চতুর্থ বা ষষ্ঠমাসে কর্তব্য হিন্দু সংস্কারবিশেষ। [স. সীমন্ত+উন্নয়ন]
সীমা(-মন্) *বি* ১ প্রান্ত; ধার। ২ অন্ত; অবধি; শেষ। ৩ সমুদ্র উপকূল। ৪ সীমানা; চৌহদ্দি; গণ্ডি। **সীমান্ত** *বি* শেষপ্রান্ত; শেষপ্রান্তে যে প্রদেশ অবস্থিত। [সীমা+অন্ত]। **সীমাবদ্ধ** *বিণ* ১ সংকীর্ণ; অল্প। ২ সসীম। ◻ *বি* পরিমিত। [স. √সি+ইমন্; সীমন্+আ]। **সীমাসরহদ্দ** *বি* চতুঃসীমা।
সীমানা *বি* ১ প্রান্ত; চৌহদ্দি। ২ জমির বা গ্রামাদির নির্দিষ্ট প্রান্তভাগ; গণ্ডি; অবধি।
সীমিত *বিণ* সীমাবদ্ধ, পরিমিত; অল্প (আসন সংখ্যা সীমিত)। [স. সীমন্]
সীসা, সীসক *বি* ১ ধাতুবিশেষ; lead। ২ পেন্সিলের

মধ্যকার কালো ও সরু দণ্ড যা দিয়ে রেখা অঙ্কন করা যায়। সীসা বলে অনুমিত কিন্তু প্রকৃতপক্ষে গ্রাফাইটিস। ৩ পেন্সিলের সীসের ন্যায় কালো বস্তু। [স. সীসক]
সু[১] *বিণ* ভালো; উত্তম। [স.]
সু[২] *অব্য* সুন্দর মধুর শুভ অধিক অত্যন্ত সহজ উৎকৃষ্ট প্রভৃতি বাচক উপসর্গ। [স.]
সুই, সুঁই *বি* সুচ; সূচি। [স. সূচি>]। **সুঁইচোর** *বি* লেজের আগায় সুচের মতো পালকবিশিষ্ট এক প্রকার সবুজ পাখি।
সুইচ *বি* বৈদ্যুতিক প্রবাহ নিয়ন্ত্রণ করার চাবি। [ই. switch]
সুইপার *বি* মেথর; ঝাড়ুদার। [ই. sweeper]
সুঁড়ি *বিণ* ১ সংকীর্ণ ও বক্র। ২ হস্তী; শুণ্ডের ন্যায় আকারবিশিষ্ট।
সুঁদরি, সুন্দরী *বি* সুন্দরবনের বিখ্যাত বৃক্ষবিশেষ বা তার কাঠ।
সুঁদি, সুঁদী *বি* উৎপল; কুমুদ; শালুক ফুল।
সুকঠিন *বি* খুব কঠিন। ☐ *বিণ* অতিশয় দুরূহ। [স.]
সুকণ্ঠ *বি* যার কণ্ঠস্বর মধুর; সুস্বর। [স.]
সুকতলা, সুখতলা *বি* পায়ের আরামের জন্য জুতার ভিতরে যে নরম আরামদায়ক চামড়া থাকে।
সুকনি, সুকানি *বি* কর্ণধার; নৌকা বা জাহাজের হাল ধরে যে। [আ.]
সুকবি *বি* মৌলিক কবি; প্রকৃত কবি; যিনি ভালো কবিতা লেখেন। [স.]
সুকর *বিণ* ১ সহজে করণীয়; সহজসাধ্য। ২ সুখপ্রদ। ☐ *বি* শুভ বা কৌশলী হস্তযুক্ত। [স.]। **সুকরতা** *বি* সহজসাধ্যতা।
সুকর্ম *বিণ* শুভকর্ম; সৎকাজ। [স.]
সুকল্পিত *বিণ* উত্তমরূপে পরিকল্পিত বা রচিত। [স.]
সুকান *বি* হাল; helm। [আ.]
সুকান্ত *বিণ* ১ সুশ্রী। ২ সুন্দর কান্তি বা অঙ্গসৌষ্ঠবযুক্ত। [স.]
সুকীর্তি *বি* যশ অবিস্মরণীয় সুন্দর বা কল্যাণকর কাজ।। [স.]
সুকুমার *বিণ* ১ সুন্দর। ২ অল্পবয়স্ক ও কোমল অঙ্গযুক্ত; মৃদু। [স.]। **সুকুমার শিল্প** *বি* সঙ্গীতাদি; চারুশিল্প; ললিতকলা। **সুকুমারী** *বিণ স্ত্রী.* অতিশয় কোমলা বা কোমলাঙ্গী। ☐ *বি* নব-মল্লিকা।
সুকুশল *বি* নিপুণ কৌশলী। [স.]
সুকৃতি *বি* ১ সৎকর্ম; মঙ্গলকর্ম। ২ ধর্মবিষয়ক; শুভকর্ম। ৩ সৌভাগ্য। [স.]। **সুকৃৎ** *বিণ* ১ পুণ্যবান। ২ সৎকর্মচারী। **সুকৃত** *বিণ* ১ সুন্দররূপে সম্পন্ন। ২ সুনির্মিত; সুগঠিত।
সুকেশা, সুকেশী, সুকেশিনী *বিণ স্ত্রী.* যে মেয়ের চুল সুন্দর। **সুকেশ** *পু.*।
সুকোমল *বিণ* অত্যন্ত কোমল; অতিশয় নরম। [স.]
সুকৌশল *বি* উত্তম বা চমৎকার কৌশল। [স.]
সুক্তা, সুক্তো *বি* এক প্রকার তিক্ত আস্বাদযুক্ত ব্যঞ্জন। [স. শুষ্কপত্র>]। **শুক্তানি** *বি* সুক্তার ঝোল।
সুক্তি, শুক্তি *বি* ঝিনুক; যাতে মুক্তা জন্মে। [স. শুক্তি]
সুখ *বি* ১ আনন্দ; তৃপ্তি। ২ আরাম; আয়াস। ☐ *বিণ* আরামদায়ক; আনন্দজনক; প্রীতিজনক। **সুখকর, সুখজনক** *বিণ* সুখদায়ক; তৃপ্তিকর; আনন্দবর্ধক। **সুখদ** *বিণ* তৃপ্তিদায়ক; সুখদানকারী। [স.]। **সুখশয়ন, সুখশয্যা** *বি* আরাম দানকারী বিছানা। **সুখস্পর্শ** *বিণ* স্পর্শ করলে আরাম বোধ হয় এমন; আনন্দপূর্ণ ও মধুর ছোঁয়া। **সুখস্বপ্ন** *বি* মধুময় স্বপ্ন। **সুখস্মৃতি** *বি* বিগত দিনের যে-সব ঘটনার কথা মনে করলে হৃদয় পুলকিত হয়। **সুখানুভব, সুখানুভূতি** *বি* হৃদয় পুলকিত করে যে বোধ। [স. সুখ+অনুভব, অনুভূতি]। **সুখে থাকতে ভূতে কিলায়**—সুখের মর্যাদা না বুঝে স্বেচ্ছায় দুঃখ বরণ করা।
সুখবর *বি* ভালো খবর; শুভ সংবাদ।
সুখা *বি* ১ বিড়ি সিগারেট তৈরির জন্য কলে-কাটা তামাক; সুরতি। ২ চুন খয়ের ও তামাকের সংমিশ্রণে মুখে খাওয়ার মতো তামাকবিশেষ। [হি.]
সুখাদ্য *বি* উত্তম আহার্য; স্বাদু ও পুষ্টিকর খাবার। [স.]
সুখান্বেষণ *বি* সুখ খোঁজা; সুখলাভের চেষ্টা। [স. সুখ+অন্বেষণ]
সুখাবহ *বিণ* সুখ বহন করে আনে এমন; আরামদায়ক। [স. সুখ+আবহ]
সুখাসীন *বিণ* আরামে উপবিষ্ট। [স. সুখ+আসীন]। **সুখাসিনা** *স্ত্রী.*।
সুখিত *বিণ* তৃপ্ত; সুখী। [স.]
সুখী *বিণ* ১ সন্তুষ্ট; সুখভোগে অভ্যস্ত। ২ বিলাসী। **সুখিনী** *বিণ স্ত্রী.*। [স.]
সুখের কাঁটা *বি* ১ যাকে বিদায় দিতে পারলে সুখ বোধ হয়। ২ সুখের সংসারে কষ্টের সঞ্চারকারী।
সুখৈশ্বর্য *বি* বিত্ত বৈভব ও সুখ; সুখ ও সম্পদ। [স. সুখ+ঐশ্বর্য]
সুখোদয় *বি* সুখের উপলব্ধি; সুখসঞ্চার। [স. সুখ+উদয়]
সুখোষ্ণ *বিণ* সুখদায়ক উষ্ণতাযুক্ত; যে উষ্ণতা তৃপ্তিদায়ক। [স. সুখ+উষ্ণ]
সুখ্যাতি *বি* সুনাম; যশ; তারিফ; প্রশংসা। [স.]
সুগঠ *বিণ* (মধ্য-বা) সুন্দর গঠনযুক্ত। **সুগঠন** *বি* উত্তম গঠন; সুন্দর গঠন। [স.]। **সুগঠনা** *স্ত্রী.*। **সুগঠিত** *বিণ* উত্তম আকারযুক্ত সুন্দরভাবে নির্মিত।
সুগত *বিণ* ১ সুন্দর গতিযুক্ত। ২ বুদ্ধদেব। [স.]
সুগন্ধ *বি* সুবাস; খোশবু; সুঘ্রাণ। ☐ *বিণ* মধুর গন্ধযুক্ত; সুবাসিত। **সুগন্ধি** *বিণ* ১ মধুর গন্ধযুক্ত; সুরভি। ২ খোশবুদার বস্তু; প্রসাধন। [স.]
সুগভীর *বিণ* অতিশয় গভীর। [স.]
সুগম, সুগম্য *বিণ* ১ সহজভেদ্য। ২ সহজে চলাফেরার উপযুক্ত। ৩ অনায়াসলভ্য। [স.]
সুগুপ্ত *বিণ* সম্পূর্ণভাবে গুপ্ত। [স.]
সুগৃহীতনামা *বিণ* উচ্চারণে সওয়াব হাসিল হয় এমন নামবিশিষ্ট; পবিত্র নাম; পুণ্যশ্লোক। [স.]
সুগোল *বি* সম্পূর্ণ গোল। ☐ *বিণ* টোলহীন; নিটোল। [স.]
সুচ *বি* সুই; ছুঁচ; সেলাই করার শলাকা। [স. সূচি>]
সুচরিত, সুচরিত্র *বি* উত্তম চরিত্র। ☐ *বিণ* সচ্চরিত্র।
সুচরিতা, সুচরিত্রা *বি স্ত্রী.* সৎস্বভাবা। [স.]
সুচারু *বিণ* অতিশয় সুন্দর; অতি রমণীয়। [স.]। **সুচারুতা** *বি* রমণীয়তা।
সুচালো, ছুঁচালো *বিণ* সুচের মতো তীক্ষ্ণ।
সুচিক্কণ *বিণ* ১ অত্যন্ত সরু। ২ পাতলা; ফিনফিনে। ৩ খুব

চকচকে; অতি উজ্জ্বল। [স.]
সুচিত্রক *বি* মাছরাঙা পাখি। **সুচিত্রা** *বি* ফুটি; কাঁকুড়।
সুচিত্রিত *বিণ* ১ সুন্দররূপে অঙ্কিত। ২ নিপুণতার সঙ্গে বর্ণিত। [স.]
সুচিন্তা *বিণ* মঙ্গল চিন্তা; মহৎ ভাবনা। ❑*বি* বিচার বিবেচনা। [স.]। **সুচিন্তিত** *বিণ* সুবিবেচিত; খুব ভালোভাবে ভেবে করা হয়েছে এমন (সুচিন্তিত সিদ্ধান্ত)।
সুচির *বিণ* ১ অত্যন্ত দীর্ঘস্থায়ী। ২ চিরতরে। ❑*বি* সুদীর্ঘ (সুচিরকাল)। [স.]। **অচির** *বিপ.*।
সুচেতা, সুচেতাঃ *বিণ* ১ উদারচিত্ত; মহৎহৃদয়; সন্তুষ্টচিত্ত। ২ সহৃদয়; চেতনাযুক্ত; সতর্ক। [স. সুচেতাঃ]
সুছন্দ, সুছাঁদ *বি* ১ সুন্দর গঠনযুক্ত। ২ সৌন্দর্যপূর্ণ ভাবভঙ্গি। [স. সুছন্দ]
সুজন *বি* সৎলোক; সজ্জন। ❑*বি, বিণ* ভদ্র। **সুজনতা** *বি* ভদ্রতা; সৌজন্য। [স.]
সুজনি, সুজনী *বি* শয্যার জন্য নকশা করা মোটা চাদরবিশেষ। [ফা. সোযনী]
সুজলা *বিণ* ১ নির্মলসলিলা। ২ পরিপূর্ণ মিষ্ট জলবিশিষ্ট। ৩ নদীবহুল। [স.]
সুজাত *বিণ* ১ সদ্বংশজাত; কুলীন। ২ বৈধভাবে উৎপন্ন। [স.]। **সুজাতা** *বিণ স্ত্রী.* সদ্বংশজাতা। ❑*বি স্ত্রী.* নামবিশেষ; যে বৌদ্ধ রমণী বুদ্ধদেবকে পায়েস খাইয়েছিলেন।
সুজি *বি* গম যব বা চালের অমিহি চূর্ণ; মোটা দানাদার আটা। [হি.]
সুজেয় *বিণ* অনায়াসে জয়সাধ্য; সহজে জয়ের যোগ্য বা উপযুক্ত। [স.]
সুট *বি* কোট-প্যান্ট-টাইয়ের সমন্বয়ে পরিপূর্ণ পাশ্চাত্য পোশাক। [ই. suit]। **সুট করা** *ক্রি* ১ মানানো; উপযুক্ত হওয়া। ২ গুলি করা। [ই. shoot]
সুটকেস *বি* কাপড় রাখবার ছোট হালকা বাক্স বা পেটিকাবিশেষ। [ই. suitcase]
সুঠাম *বিণ* ১ সুন্দর গঠনযুক্ত। ২ পরিপূর্ণ বা মনোহর অঙ্গযুক্ত। [হি. স্থান>ঠাম]
সুডৌল, সুডোল *বিণ* ১ টোলহীন। ২ পরিপূর্ণ ও সুন্দর আকারযুক্ত। [হি. ডৌল]
সুড়ত *অব্য* হঠাৎ পতনের ভাব।
সুড় সুড় *বি* ঈষৎ স্পর্শে শিহরণ বা রোমাঞ্চিত ভাব। **সুড়সুড়ি** *বি* ১ কাতুকুতু। ২ ভয়ে কিংবা হুকুমে-হুমকিতে আদেশ মান্য করে নত মস্তকে অধোমুখে স্থান ত্যাগ করে যাওয়া।
সুত *বি* পুত্র। [স. √সু+ত]। **সুতা** *স্ত্রী.*।
সুতনু *বিণ* ১ সুঠাম দেহযুক্ত; ছিমছাম। ২ অতিশয় কৃশাঙ্গ। ❑*বি* সুন্দর দেহ। [স.]
সুতনুকা *বিণ স্ত্রী.* ছিমছাম সরু সুদীর্ঘ দেহী; সুন্দর অবয়বের দেহসম্পন্না।
সুতপা, সুতপাঃ *বিণ* ১ মহাতপস্বী। ২ সূর্য। [স. সুতপাঃ]
সুতরাং *অব্য* ১ অতএব; কাজেই। ২ অগত্যা। ❑*বিণ* অতিশয়। [স. সু+তরাম্]
সুতল *বিণ* সুন্দর তলাবিশিষ্ট। ❑*বি* ষষ্ঠ পাতাল। [স.]
সুতলি *বি* ১ সরু দড়ি। ২ সুতা।
সুতা[১] *বি স্ত্রী.* কন্যা। [স.]
সুতা[২], **সুতো** *বি* কার্পাস সুতাবিশেষ। [স. সূত্র]
সুতার *বি* কাঠমিস্ত্রি; সূত্রধর। [স.]
সুতিক্ত *বিণ* অতিশয় তিতা। [স.]
সুতীক্ষ্ণ *বিণ* অত্যন্ত ধারালো। ❑*বি* তীব্র। [স.]
সুতীব্র *বিণ* অত্যধিক কড়া বা প্রখর। [স.]
সুদ *বি* কুসীদ; ঋণ গ্রহণ বাবদ ঋণের পরিমাণের হিসাবে যে অতিরিক্ত লাভ দেওয়া হয়; interest। [ফা.]। **সুদকষা** *ক্রি* সুদের হিসাব নির্ণয় করা। **সুদখোর** *বি* টাকা ধার দেবার জন্য অতিরিক্ত অর্থ আদায়কারী; কুসীদজীবী। [ফা.]। **সুদী** *বিণ* সুদবিষয়ক।
সুদক্ষ *বিণ* অতিশয় পটু। [স.]
সুদক্ষিণ *বিণ* ১ উদার স্বভাব। ২ বদান্য। **সুদক্ষিণা** *স্ত্রী.*। [স.]
সুদন্ত *বিণ* মনোহর দন্তযুক্ত। ❑*বি* ভালো বা সুন্দর দাঁত। [স.]
সুদন্তী, সুদতী *বি স্ত্রী.* সুন্দর দাঁতবিশিষ্টা। [স.]
সুদর্শ, সুদর্শন *বি* ১ দেখতে সুন্দর; মনোহর; দর্শনীয়। ২ বিষ্ণুর চক্র। [স.]। **সুদর্শনা, সুদর্শনী** *বি স্ত্রী.* অমরাবতী।
সুদাম, সুদামা *বি* ১ শ্রীকৃষ্ণের সখা গোপ বালকবিশেষ। ২ কৃষ্ণের ভক্ত ব্রাহ্মণবিশেষ। ৩ মেঘ। ৪ দানশীল; দাতা। ৫ পর্বতবিশেষ। ❑*বিণ* নদীবিশেষ। [স.]
সুদি *বি* ১ শুক্লপক্ষ। ২ জ্যোৎস্নাপক্ষ।
সুদিন *বি* ১ সুখের সময়; শুভদিন। ২ সৌভাগ্যের উদয়। ৩ (জ্যো-শা) শুভদিন; ভালো সময়। [স.]
সুদীর্ঘ *বিণ* খুব লম্বা। [স.]
সুদূর, সুদূরবর্তী *বিণ* অত্যন্ত দূরবর্তী; বহুদূরে অবস্থিত। [স.]। **সুদূরতা** *বি* অতিশয় দূরত্ব। **সুদূরপরাহত** *বি* যা ঘটা প্রায় অসম্ভব। **সুদূরিকা** *বি স্ত্রী.* বহুদূরে অবস্থিতা রমণী।
সুদৃঢ় *বি* অত্যন্ত কঠিন। [স.]
সুদৃশ্য *বিণ* ১ সুন্দর। ২ সুদর্শন। [স.]
সুদৃষ্ট *বিণ* ভালোভাবে দেখা গেছে এমন। [স.]
সুদৃষ্টি *বিণ* সুনজর; প্রসন্ন দৃষ্টি; ভালোভাবে দেখা হয় এমন। [স.]
সুদ্দুর *বি* শূদ্র। [স. (আঞ্চলিক)]
সুদ্ধ *অব্য* ১ সমেত। ২ সবটা মিলিয়ে। ৩ পর্যন্ত (জমিটুকু সুদ্ধ বেচে দিয়েছে)। [স.]
সুধন্বা *বিণ* ১ শ্রেষ্ঠ বা উত্তম ধনুক যার। ২ উৎকৃষ্ট ধনুর্ধর। ❑*বি* ১ একজন পৌরাণিক হিন্দু রাজা। ২ বিশ্বকর্মা। **সুধন্বী(-ন্বিন্)** *বি* শ্রেষ্ঠ ধনুর্ধর; মহাযোদ্ধা। [স.]
সুধা *বি* ১ অমৃত। ২ জ্যোৎস্না। ৩ চুন। ৪ জল; পানি। **সুধাংশু** *বি* চাঁদ। **সুধাকণ্ঠ** *বি* সুমধুর কণ্ঠ। ❑*বিণ* যার কণ্ঠ অতি মধুর। **সুধাকর** *বি* চাঁদ। **সুধাকার** *বি* চুনকামকারী। **সুধাজীবী** *বি* রাজমিস্ত্রি। **সুধাদ্রব** *বি* চুনে মিশ্রিত জল। **সুধাধবলিত** *বি* চুনকামের ফলে সাদা। **সুধাপাত্র** *বি* সুধা রাখার পাত্র; অমৃত ভাণ্ড। **সুধাপান** *বি* ১ অমৃত পান। ২ (ব্য.) মদ খাওয়া; মদ্যপান। **সুধাপূর্ণ** *বিণ* ১ অমৃতে পরিপূর্ণ। ২ অতিশয় মধুর। **সুধাবর্ষী** *বি* চাঁদ। ❑*বিণ* অতিশয় স্নিগ্ধ। **সুধাবাস** *বি* চাঁদ। [স. সুধা+আবাস]। **সুধাময়** *বিণ* অমৃতপূর্ণ। ❑*বি* সৌধ; অট্টালিকা। **সুধাময়ী** *স্ত্রী.*। **সুধামাখা** *বিণ* অমৃতমাখা; অত্যন্ত মধুর বা মিষ্ট। **সুধামুখ** *বিণ* মিষ্টিমুখ। **সুধামুখী** *বি স্ত্রী.* মধুরভাষী। **সুধারস** *বি* অমৃত। **সুধাসমুদ্র** *বি* সাত

সমুদ্রের মধ্যে অন্যতম। **সুধাসিক্ত** *বিণ* অমৃতে ভরপুর। **সুধাসিন্ধু** *বি* সুধাসাগর।
সুধার *বিণ* অতিশয় ধারালো বা তীক্ষ্ণ। [স.]
সুধী *বি* ১ পণ্ডিত; জ্ঞানী ব্যক্তি। ২ সদ্বুদ্ধিসম্পন্ন ব্যক্তি। ☐ *বিণ* অতিশয় বুদ্ধিমান। [স.]
সুধীর *বিণ* ১ অতি শান্তপ্রকৃতির; শান্ত; ধীর; নম্র; বিবেচক। ২ অতি ধীরগতিসম্পন্ন।
সুন (প্রা–বা) ⟹ শুন।
সুনজর *বি* প্রসন্ন দৃষ্টি; অনুকূল ধারণা। [বা.+আ. নযর]
সুনন্দ *বিণ* বিশেষ প্রীতিদায়ক। ☐ *বি* শ্রীকৃষ্ণের পার্শ্বচর বলরামের মুষল।
সুনন্দা *বি* ১ পার্বতী। ২ পার্বতীর একজন সখীর নাম। ৩ নারী। ৪ গোরোচনা। [স.]
সুনয়ন *বিণ* ১ সুন্দর চোখযুক্ত। ২ হরিণ। **সুনয়না** *বিণ স্ত্রী.* চোখ দেখতে সুন্দর। [স., বা.]। **সুনয়নী** *স্ত্রী.*।
সুনাম *বি* সুখ্যাতি; প্রশংসা; যশ। [স.]
সুনাসা *বিণ* সুন্দর নাসিকা এমন। [স.]
সুনিদ্রা *বি* গাঢ় নিদ্রা। [স.]
সুনিপুণ *বিণ* অতিশয় দক্ষ বা পারদর্শী। [স.]। **সুনিপুণা** *স্ত্রী.*।
সুনিয়ন্ত্রণ *বিণ* সুন্দররূপে পরিচালন। ☐ *বি* সুষ্ঠু ব্যবস্থা। [স.]। **সুনিয়ন্ত্রিত** *বিণ* সুন্দরভাবে পরিচালিত বা শাসিত হয়েছে এমন।
সুনিয়ম *বি* সুন্দর ব্যবস্থা। [স.]
সুনির্দিষ্ট, সুনির্ণীত, সুনির্ধারিত *বিণ* সুস্পষ্ট বা সুন্দররূপে নিরূপিত। [স.]
সুনিশ্চয় *বি* সন্দেহহীনতা; উৎকৃষ্টভাবে নির্ধারণ। [স.]। **সুনিশ্চিত** *বিণ* স্পষ্টভাবে অবধারিত; সম্পূর্ণ সন্দেহহীন।
সুনীতি *বি* উৎকৃষ্ট নীতি; সৎনীতি। [স.]
সুনীল *বিণ* অতিশয় নীল; গাঢ় নীলবর্ণ। [স.]
সুন্দ *বি* দানববিশেষ। **সুন্দ-উপসুন্দের লড়াই** *বি* ১ প্রেমঘটিত মারাত্মক যুদ্ধ; প্রচণ্ড শক্তিধর অসুর ভ্রাতৃদ্বয় সুন্দ ও উপসুন্দকে জব্দ করার জন্য দেবকূলের পক্ষে ব্রহ্মা তিলোত্তমা সৃষ্টি করে দুই ভাইয়ের কাছে পাঠান। তাকে পাওয়ার জন্য দুই ভাইয়ের যুদ্ধ হয় এবং দুই জনই নিহত হয়। ২ (আল.) যে যুদ্ধে দুই পক্ষই ধ্বংসে হয়; ভয়াবহ গৃহযুদ্ধ। **উপসুন্দ** *বি* দৈত্য সুন্দের ছোট ভাই।
সুন্দর *বিণ* ১ লাবণ্যময়; মনোহর; উত্তম। ২ সুষ্ঠু; কলামণ্ডিত। ৩ গৌরবর্ণ; রূপবান। [স.]
সুন্দরবন *বি* দক্ষিণ বাংলার গভীর বনবিশেষ; সুন্দরী বা সুঁদরি বৃক্ষবহুল বন। [স.]
সুন্দরী *বি* ১ রূপবতী। ২ রূপবতী রমণী। ৩ সুন্দরবনে জাত একজাতীয় গাছ। [স.]
সুন্নত, সুন্নৎ *বি* ১ হাদিসোক্ত কর্ম ও আচরণ বিধি; হজরত মুহম্মদের (সা.) নির্দেশিত কাজ। ২ মুসলিমদের লিঙ্গত্বকচ্ছেদ বা মুসলমানি। [আ.]
সুন্নি *বি,বিণ* মুসলমানের সংখ্যাগুরু সম্প্রদায়বিশেষ, যাঁরা চার খালিফাকেই হযরত মুহম্মদ (সা.)–এর বৈধ উত্তরাধিকারী মনে করেন।
সুপ *বি* সুরুয়া; ঝোল; ক্বাথ। [ই. soup]
সুপথ, সুপন্থা *বি* সৎপথ; সদুপায়। [স.]
সুপথ্য *বিণ* রোগীর জন্য উপযুক্ত উত্তম খাদ্য। [স.]
সুপাচ্য *বিণ* যে খাদ্য সহজে হজম হয়; লঘুপাক। [স.]
সুপাত্র *বি* ১ উপযুক্ত ব্যক্তি। ২ বিবাহের জন্য যোগ্য বর। **সুপাত্রী** *স্ত্রী.*। [স.]
সুপারি, সুপুরি *বি* সুপারি ফল বা গাছ; গুবাক; গুয়া; পান খাওয়ার সুপরিচিত উপকরণ।
সুপারিন্টেন্ডেন্ট *বি* তত্ত্বাবধায়ক; পরিচালক; অধ্যক্ষ। [ই. superintendent]
সুপারিশ, সুপারিস *বি* কারো অনুকূলে কিছু অনুরোধ; recommendation। [ফা. সিফারিশ]
সুপুত্র *বি* ১ ভালো বা উত্তম ছেলে। ২ গুণবান ছেলে। [স.]
সুপুরুষ *বি* সুদর্শন পুরুষ। ☐ *বিণ* সুন্দর। [স.]
সুপ্ত *বিণ* ১ নিদ্রিত। ২ অচেতন। **সুপ্তি** *বি* ১ তন্দ্রা। ২ ঘুম। ৩ স্বপ্ন। [স. √স্বপ্‌+ত]। **সুপ্তোত্থিত** *বিণ* নিদ্রা অবস্থা থেকে জাগ্রত।
সুপ্রকাশ *বিণ* ১ সুন্দর বিকাশ। ২ স্পষ্টরূপে প্রকাশিত। [স.]
সুপ্রণালী *বি* উত্তম বিধি; উৎকৃষ্ট নিয়ম। [স.]
সুপ্রতিষ্ঠ, সুপ্রতিষ্ঠিত *বিণ* ১ সুপ্রতিষ্ঠাযুক্ত; দৃঢ় বা শোভনভাবে স্থাপিত। ২ অর্থে-বিত্তে-মানে-যশে-প্রভাবে বা প্রতিপত্তিতে সমাজে স্বীকৃত ও সম্মানিত। ৩ সম্মানিত। [স.]। **সুপ্রতিষ্ঠা** *বি* ১ অতিশয় প্রসিদ্ধি। ২ অত্যধিক সুখ্যাতি।
সুপ্রভ *বিণ* উজ্জ্বল; দীপ্তিময়। **সুপ্রভা** *স্ত্রী.*। [স.]
সুপ্রভাত *বি* ১ শুভ প্রাতঃকাল। ২ (আল.) সৌভাগ্যের উদয়। ৩ অভিবাদনবিশেষ; good morning। ☐ *বিণ* অতিশয় দীপ্তিশালী। [স.]
সুপ্রযুক্ত *বিণ* যথাযথভাবে বা সঠিকভাবে ব্যবহার বা প্রয়োগ করা হয়েছে এমন। [স.]
সুপ্রয়োগ *বি* ঠিক নিয়োগ; উপযুক্ত ব্যবহার। ☐ *বিণ* ১ উত্তম দৃষ্টান্ত। ২ সুনিযুক্ত; ঠিকভাবে বা উত্তমরূপে প্রযুক্ত বা ব্যবহৃত। [স.]
সুপ্রশস্ত, সুপ্রসারিত *বি* অত্যধিক লম্বাচওড়া। ☐ *বিণ* ১ অতিশয় প্রসারিত। ২ অতি উত্তম। [স.]
সুপ্রসন্ন *বিণ* ১ অনুকূল; অতিশয় সদয়। ২ শান্ত; নির্মল। [স.]
সুপ্রসিদ্ধ *বিণ* ১ নামজাদা; মশহুর। ২ খ্যাতিসম্পন্ন। [স.]। **সুপ্রসিদ্ধা** *স্ত্রী.*। **সুপ্রসিদ্ধি** *বি* সুখ্যাতি; নামডাক।
সুপ্রাপ্য *বিণ* সহজে পাওয়া যায় এমন; সহজপ্রাপ্য; সুলভ। [স.]
সুপ্রিম কোর্ট *বি* রাষ্ট্র বা দেশের সর্বোচ্চ আদালত বা বিচারালয়। [ই. supreme court]
সুপ্রিয় (অশু. প্রচল) *বিণ* অত্যধিক আদরণীয়; অতিশয় প্রিয়। [স.]
সুপ্রীত *বিণ* অতিশয় সন্তুষ্ট। [স.]
সুফল *বি* ১ সুপরিণাম। ২ ভালো ফল। ৩ কার্যসিদ্ধি। ☐ *বিণ* অধিক ফলোৎপাদক। [স.]। **সুফলপ্রদ, সুফলপ্রসূ** *বিণ* কল্যাণকর বা শুভ ফল দান করে এমন। **সুফলা** *বিণ স্ত্রী.* উত্তমরূপে ফলবতী; উৎকৃষ্ট ফলযুক্তা। ☐ *বি* ১ এক ধরনের দ্রাক্ষা। ২ কলা।
সুফি, সুফী *বিণ* ১ মুসলিম মরমি সাধক। ২ ধার্মিক। [আ.]
সুবঙ্কিম *বিণ* বাঁকা ও মনোহর। [স.]

সুবচন *বি* ১ হিত বাক্য। ২ শোভন উক্তি। [স.]
সুবচনী *বি* হিন্দুদের দেবীবিশেষ। ❑*বিণ* মিষ্টভাষিণী।
সুবদন *বি* ১ সুন্দর মুখমণ্ডল। ২ সুন্দর মুখমণ্ডলবিশিষ্ট। [স.]। **সুবদনা, সুবদনী** *বিণ স্ত্রী.* সুন্দরী।
সুবর্ণ *বিণ* সোনা। [স.]। **সুবর্ণ কমল** *বি* লাল পদ্ম। **সুবর্ণকার** *বি* স্বর্ণকার; সেকরা; সোনারু; যে গহনা তৈরি করে। **সুবর্ণখচিত** *বিণ* স্বর্ণ সুশোভিত। **সুবর্ণগঠিত, সুবর্ণনির্মিত** *বিণ* সোনা দিয়ে তৈরি। **সুবর্ণগর্ভা** *বিণ স্ত্রী.* ১ সুসন্তানের গর্ভধারিণী। ২ স্বর্ণপ্রসবা। **সুবর্ণ জয়ন্তী** *বি* পঞ্চাশ বছর পূর্তি উপলক্ষে উৎসব। **সুবর্ণদ্বীপ** *বি* সুমাত্রা দ্বীপ। **সুবর্ণ প্রতিমা** *বি* সোনার মূর্তির মতো অবয়ব; সোনার মূর্তি। **সুবর্ণবণিক** *বি* সোনার বেনে; হিন্দু সম্প্রদায়বিশেষ। **সুবর্ণময়** *বিণ* সোনায় পূর্ণ; স্বর্ণমণ্ডিত; স্বর্ণে প্রস্তুত। **সুবর্ণ সুযোগ** *বি* উত্তম সুযোগ বা সুবিধে; golden opportunity। **সুবর্ণলতা** *বি* ১ স্বর্ণলতা। ২ স্বর্ণকান্তি নারী। ৩ আলোকলতা।
সুবলিত *বিণ* ১ সুগঠিত। ২ শক্তিমান; বলশালী। [স.]
সুবহ[১] *বিণ* অনায়াসে বহনযোগ্য। [স.]
সুবহ[২]**, সুবে** *বি* প্রাতঃকাল; প্রত্যুষ। [আ.]। **সুবহে উম্মিদ, সুবে উম্মীদ** *বি* আশার প্রভাত; আশার আলো। **সুবেসাদেক, সুবেহ্ সাদেক** *বি* ১ বাঞ্ছিত শুভ ভোর; উষাকাল; প্রাতঃকাল; যখন প্রথম সূর্যকিরণ আভা পূর্ব গগনে দৃষ্টিগোচর হয়। ২ হিন্দুদের ব্রাহ্মমুহূর্ত।
সুবহান আল্লাহ, সুভানাল্লাহ (বিরল) *অব্য* আল্লাহর মহিমা ঘোষণা করি। [আ.]
সুবা, সুবে, সুবাহ্ *বি* প্রদেশ; province, বাদশাহি আমলে দেশের রাজনৈতিক বিভাগ (সুবে বাংলা)। **সুবাদার, সুবেদার** *বি* ১ প্রাদেশিক শাসনকর্তা। ২ নবাব। ৩ সৈন্যদলে একটি পদের নাম। **সুবাদারি, সুবেদারি** *বি* সুবেদারের কাজ।
সুবাক্য *বি* ভালো বা সুমিষ্ট কথা। [স.]
সুবাতাস *বি* ১ অনুকূল বায়ু। ২ (আল.) অনুকূল পরিবেশ।
সুবাদ *বি* ১ দূর সম্পর্ক। ২ গ্রাম-সম্পর্ক (গ্রাম সুবাদে চাচা)।
সুবাস *বি* ১ সুরভি; সুগন্ধ; খুশবু। ২ উত্তম নিবাস। ❑*বিণ* সৌরভযুক্ত। [স.]। **সুবাসিত** *বিণ* সুরভিত; সুরভিযুক্ত। **সুবাসিনী** *বিণ স্ত্রী.* ১ সুগন্ধযুক্তা। ২ পিত্রালয়ে অবস্থানরতা।
সুবিচার *বি* ন্যায্য মীমাংসা; ইনসাফ; উত্তম ব্যবস্থা। [স.]। **সুবিচারক** *বিণ* ন্যায় বিচারকারী।
সুবিদিত *বিণ* ১ ভালোরূপে জানা গেছে এমন; সুবিজ্ঞাত; উত্তমরূপে জ্ঞাত। ২ প্রসিদ্ধ। [স.]
সুবিধা *বি* ১ সুযোগ। ২ আনুকূল্য। ৩ মঙ্গল; কল্যাণ। **সুবিধাবাদী** *বিণ* নিজের স্বার্থ ও সুযোগ বুঝে কাজ করে এমন।
সুবিধান *বি* ১ উত্তম নিয়ম। ২ প্রতিকার; সুব্যবস্থা। [স.]। **সুবিধি** *বি* সুন্দর বিধান; সুনিয়ম।
সুবিনয় *বিণ* অতি নম্র বা বিনীত। [স.]। **সুবিনীত** *বিণ* ১ সুশিক্ষিত। ২ বিনীত; বিনম্র; সংযত।
সুবিন্যস্ত *বিণ* ১ সুশৃঙ্খলভাবে সজ্জিত। ২ উত্তমরূপে স্থাপিত। [স.]
সুবিন্যাস *বি* ১ উত্তমরূপে স্থাপন বা রক্ষণ। ২ সুন্দরভাবে সজ্জা। [স.]
সুবিপুল *বিণ* ১ বিশাল; অতিবৃহৎ। ২ প্রশস্ত। ৩ সুগভীর; অগাধ। ❑*বি* মহৎ; উদার। [স.]। **সুবিপুলা** *স্ত্রী.*।
সুবিমল *বিণ* খুব নির্মল। [স.]
সুবিশাল *বিণ* অত্যধিক বড় বা ব্যাপক। [স.]
সুবিস্তীর্ণ, সুবিস্তৃত *বিণ* সুপ্রশস্ত; ব্যাপকভাবে প্রসারিত। [স.]
সুবিহিত *বিণ* ১ যথোচিত সুশৃঙ্খলভাবে কৃত। ২ সুনিষ্পন্ন। ❑*বি* উত্তম বিধান বা ব্যবস্থা। [স.]
সুবুদ্ধি *বিণ* সৎবুদ্ধিসম্পন্ন। ❑*বি* শুভবুদ্ধি; সৎবুদ্ধি; ভালো বুদ্ধি। [স.]
সুবৃহৎ *বিণ* খুব বড়; সুবিশাল। [স.]
সুবেশ *বি* ১ ভালো সাজ। ২ উত্তম সাজযুক্ত। [স.]। **সুবেশা** *বিণ স্ত্রী.*। **সুবেশী** *বিণ* উত্তম পরিচ্ছদবিশিষ্ট।
সুবোধ *বিণ* ১ সৎবুদ্ধি যুক্ত। ২ (ব্য.) শান্তশিষ্ট ও আজ্ঞাবহ। ৩ অতিশয় বুদ্ধিমান। [স.]
সুবোধ্য *বিণ* সহজে বোঝা যায় এমন। [স.]
সুব্যক্ত *বিণ* ১ সুপ্রকাশিত। ২ স্পষ্টভাবে উদ্‌ঘাটিত। ৩ স্পষ্টরূপে পরিস্ফুট। [স.]
সুব্যবস্থা *বি* ১ ভালো বন্দোবস্ত; উত্তম ব্যবস্থা। ২ সুন্দর নিয়ম। ৩ সুরাহা। **সুব্যবস্থিত** *বিণ* উত্তম ব্যবস্থাযুক্ত। [স.]
সুব্রাহ্মণ *বিণ* সর্বগুণসমন্বিত ব্রাহ্মণ। [স.]
সুভগ *বিণ* ১ ভাগ্যবান। ২ প্রিয়। ৩ নয়নমুগ্ধকর। [স.]। **সুভগা** *বি স্ত্রী.* পতিব্রতা রমণী। ❑*বিণ* সৌভাগ্যবতী।
সুভদ্র *বিণ* ১ অত্যন্ত ভদ্র; শরিফ। ২ সৌভাগ্যবান। ৩ উত্তম। [স.]
সুভদ্রা *বি স্ত্রী.* হিন্দু পুরাণোক্ত অর্জুনপত্নী। [স.]
সুভব্য *বিণ* শান্তশিষ্ট; শরিফ; অত্যন্ত ভদ্র; পরিশীলিত। [স.]
সুভাষ *বিণ* মধুরভাষী। **সুভাষিত** *বিণ* সুন্দরভাবে ব্যক্ত; বাকপটু; মধুরভাষী। ❑*বি* সুবচন; হিতোপদেশ। **সুভাষিতা** *বি স্ত্রী.* সুকথন। **সুভাষী** (-ষিন) *বিণ* মধুরভাষী। **সুভাষিণী** *স্ত্রী.*।
সুভাস *বিণ* উজ্জ্বল; দীপ্তিসম্পন্ন। [স.]
সুমঙ্গল *বি* পরম শুভ; অত্যন্ত কল্যাণ। [স.]
সুমত *বি* ১ সৎবুদ্ধি। ২ সৎপরামর্শ। [স.]
সুমতি *বি* ১ সদিচ্ছা। ২ দয়া। ৩ সৎপ্রবৃত্তি। ৪ উত্তম বা সৎবুদ্ধি। [স.]
সুমধুর *বিণ* ১ অত্যন্ত মিষ্ট; অতিশয় মধুর; সুমিষ্ট। ২ চিত্তাকর্ষক। [স.]
সুমধ্যম *বি* সুন্দর কটিবিশিষ্ট। [স.]। **সুমধ্যমা** *বিণ স্ত্রী.* কোমর সরু ও সুগঠিত এমন।
সুমন *বি* ফুলবিশেষ; উত্তম মন যার; সুবুদ্ধিসম্পন্ন ব্যক্তি।
সুমন্ত্র *বি* হিন্দু পুরাণোক্ত দশরথের মন্ত্রী ও তার সারথি। [স.]
সুমন্ত্রণা *বি* সৎপরামর্শ; নসিহত। [স.]
সুমন্দ *বি* মৃদুমন্দ; মন্দ মন্দ; ধীরগতি। [স.]
সুমসাম *বিণ* নিঝঝুম; নীরব; নিস্পন্দ। [হি.]
সুমহৎ, সুমহান *বি* ১ অত্যধিক উন্নত। ২ অতিশয় উদার। ৩ অতিশয় গৌরবপূর্ণ। [স.]। **মহতী** *বিণ স্ত্রী.*।
সুমার, শুমার, শুমারি *বি* ১ গণনা। ২ সাঙ্গ; সমাধা।

[ফা.]। **সুমারনবিস, শুমারনবিশ** *বিণ* গণনাকারী; হিসাব রক্ষক। [ফা.]

সুমালী *বি* রাক্ষসদের আদি পুরুষ।

সুমিত *বিণ* অতিশয় অল্প; সংযত। [স.]। **সুমিতি** *বি* পরিমাণমতো হওয়া।

সুমিত্রা *বি স্ত্রী.* রামায়ণোক্ত লক্ষ্মণের জননী; দশরথের কনিষ্ঠা মহিষী। [স.]

সুমিষ্ট *বিণ* ১ মিষ্টি স্বাদযুক্ত। ২ সুমধুর। ৩ শ্রুতিমধুর। ৪ অতিশয় মধুর। [স.]

সুমুখ *বিণ* সুন্দর মুখমণ্ডলযুক্ত; সুবদন; সুন্দর চেহারাযুক্ত। ❑*বি* সম্মুখ; সামনে। [স. সম্মুখ>]

সুমুন্দি *বি* সম্বন্ধী; স্ত্রীর বড় ভাই; শ্যালক; গালিবিশেষ। [আঞ্চলিক]

সুমেধাঃ(মেধস) *বিণ* অত্যন্ত বুদ্ধিসম্পন্ন; উত্তম বোধশক্তি স্মৃতিশক্তি বা ধারণাশক্তিসম্পন্ন। [স.]

সুমেরু *বি* ১ একটি পৌরাণিক পর্বতের নাম। ২ পৃথিবীর উত্তর সীমা; উত্তর মেরু; north pole। [স.]। **সুমেরুবৃত্ত** *বি* যে কাল্পনিক রেখা পৃথিবীকে উত্তর মেরু হতে ২৩.৫° অক্ষাংশ দূরে বেষ্টন করে আছে।

সুযাত্রা *বি* মঙ্গলযাত্রা বা শুভযাত্রার আরম্ভ। [স.]

সুযুক্তি *বি* ১ ভালো পরামর্শ। ২ উত্তম যোজনা। ৩ ন্যায়মতো। [স.]

সুযোগ *বি* ১ সুবিধা; উত্তম সময়। ২ উপযোগী অবসর। ৩ সংযোগ। [স.]। **সুযোগসন্ধানী** *বিণ* সুবিধা খুঁজে বেড়ায় এমন।

সুযোগ্য *বিণ* সব দিক দিয়ে উপযুক্ত; অত্যন্ত যোগ্যতাসম্পন্ন। [স.]। **সুযোগ্যা** *বিণ স্ত্রী.*।

সুযোজনা *বি* সুন্দররূপে যোগসাধন। [স.]

সুযোধন *বি* যুধিষ্ঠিরের দেওয়া দুর্যোধনের আদরের নাম। ❑*বিণ* যুদ্ধে পারদর্শী এমন। [স.]

সুয়া, সুয়ো *বিণ* সোহাগিনী; আদরের। ❑*বি* ১ শুক পাখিবিশেষ। ২ টিয়া পাখি।

সুর[১] *বি* ১ স্বর বা ধ্বনি। ২ কণ্ঠস্বর। ৩ সঙ্গীতের তাল। ৪ মিল। ৫ মত (সুর বদলানো)। [স.]। **সুর বদলানো** *ক্রি* কথার মোড় ঘুরিয়ে দেওয়া। **সুরবাহার** *বি* বীণা জাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। [স. সুর+ফা. বাহার]। **সুরবোধ** *বি* সঙ্গীতের তাল ইত্যাদি সম্বন্ধে জ্ঞান। **সুরালাপ** *বি* গানের সুর ও রাগ-রাগিণী ভাঁজা। [স. সুর+আলাপ]

সুর[২] *বি* ১ দেবতা; অমর। ২ সূত্র। **সুরকন্যা** *বি* দেবকন্যা। **সুরগুরু** *বি* বৃহস্পতি। **সুরতরু** *বি* কল্পবৃক্ষ। **সুরধুনী** *বি* স্বর্গের নদী; গঙ্গা। **সুরধুনী ধারা** *বি* গঙ্গার স্রোত। **সুরনদী** *বি* গঙ্গা; প্রস্রবণ; স্রোতোধারা। **সুরপতি** *বি* ইন্দ্র। **সুরপুর** *বি* স্বর্গ; অমরাবতী। **সুরবালা** *বি স্ত্রী.* দেবকন্যা। **সুরযোষা** *বি* স্বর্গীয় নারী। **সুরলোক** *বি* অমর লোক বা স্বর্গ। **সুরসুন্দরী, সুরাঙ্গনা** *বি* ১ স্বর্গের অপ্সরা। ২ দেবাঙ্গনা। ৩ উষা। ৪ দুর্গা; ভগবতী; দেবকন্যা। **সুরাসুর** *বি* দেবতা ও দানব। [সুর+অসুর]

সুরকি, সুরখি *বি* ইটের গুঁড়া। [ফা.]

সুরক্ষিত *বিণ* ১ সংরক্ষিত; যত্নে রাখা হয়েছে এরূপ। ২ সবরকম বিপদ-আপদ থেকে মুক্ত। ৩ উত্তমরূপে রক্ষিত। [স.]

সুরঞ্জিত *বিণ* ১ ভালোরূপে রং করা। ২ কোনো কিছুকে খুব বাড়িয়ে বলা। [স.]

সুরট, সুরাট, সুরাটী *বি* ১ সুরাটে প্রচলিত রাগিণীবিশেষ। ২ ভারতের নগরবিশেষ [স. সৌরাষ্ট্র>]

সুরত[১], **সুরৎ** *বি* ১ চেহারা; আকৃতি। ২ রূপ। ৩ প্রকার; রকম; উপায়। ৪ প্রতিকৃতি; আলেখ্য। ৫ ধরন; ঢং; প্রকৃতি। ৬ অবস্থা। ৭ মূর্তি। [আ.]। **সুরতওয়ালি** *বিণ* রূপসী; রূপ আছে এমন। **সুরত বদলানো** *ক্রি* চেহারা পরিবর্তন করা। **সুরতহাল** *বি* পরিস্থিতি; অবস্থা; আদালতে এজাহার। **সুরতজামাল** *বি* সুন্দর চেহারা।

সুরত[২] *বি* ১ রতিক্রীড়া; রমণ। ২ মুখ। ❑*বিণ* অতিশয় অনুরক্ত। **সুরতা** *বিণ স্ত্রী.* অত্যধিক অনুরক্ত।

সুরতি[১] *বি* কামকেলি; আলিঙ্গন। [স.]

সুরতি[২] *বি* পানের সঙ্গে খাবার সুগন্ধি তামাক-গুঁড়া; সুখা। [হি.]

সুরতি[৩], **সুর্তি** *বি* চাঁদা তুলে জুয়াখেলা বা ভাগ্য-পরীক্ষা। [পো. sorte]

সুরব *বি* ১ সুন্দর স্বর; মধুর ধ্বনি। ২ সুখ্যাতি।

সুরবল্লী *বি* আয়ুর্বেদীয় ওষুধে ব্যবহৃত কষায় রসবিশিষ্ট এক প্রকার ছোট গাছ। [স.]

সুরভি[১] *বি* ১ সুবাস; খুশবু; সৌরভ। ২ সুগন্ধিদ্রব্যবিশেষ। ৩ চৈত্রমাস বা বসন্তকাল। ৪ চম্পক বকুল কদম জায়ফল ইত্যাদি বৃক্ষ। ❑*বিণ* সুগন্ধ; সুবাসযুক্ত; সৌরভময়; সুবাসিত। [স.]

সুরভি[২], **সুরভী** *বি* ১ স্বর্গের কামধেনুর নাম। ২ পৃথিবী। ৩ সুরা। [স.]

সুরভিত *বিণ* সৌরভযুক্ত; সুগন্ধবিশিষ্ট। [স.]

সুরমা[১], **সুর্মা** *বি* চোখে লাগানোর পরিচিত হালকা নীল গুঁড়াবিশেষ। [ফা.]। **সুরমাদান, সুরমাদানি** *বি* সুরমা রাখার ছোট পাত্রবিশেষ।

সুরমা[২] *বিণ স্ত্রী.* অত্যন্ত রমণীয় বা মনোহরা। ❑*বি* সিলেটের নদীবিশেষ। [স.]

সুরম্য *বিণ* ১ অতিশয় মনোহর। ২ অত্যন্ত সুন্দর। [স.]

সুররিয়ালিজম *বি* পরাবাস্তববাদ; অধিবাস্তববাদ; বিংশ শতাব্দীর একটি মতবাদ যাতে শিল্প-সাহিত্যে অবচেতন মনের অবস্থা প্রতিফলিত হয়।

সুরস *বি* মিষ্ট রসবিশেষ। ❑*বিণ* ১ স্বাদু। ২ সুস্বাদবিশিষ্ট। [স.]

সুরসাল *বিণ* ১ অতিশয় রসযুক্ত। ২ অত্যন্ত উপভোগ্য। [স.]

সুরসিক *বিণ* ১ মার্জিত রসবোধসম্পন্ন। ২ উত্তম রসজ্ঞ; ভালোভাবে রস গ্রহণ করতে পারে এমন। [স.]। **সুরসিকা** *স্ত্রী.*।

সুরা *বি* মদ; শরাব। **সুরাজীব, সুরাজীবী**(-বিন্) *বি* মদের ব্যবসায়ী; শুঁড়ি। **সুরাপান** *বি* মদপান। **সুরাসক্ত** *বিণ* মদের প্রতি আকৃষ্ট। **সুরাসার** *বি* মদের সারাংশ; শোধিত মদ; স্পিরিট; alcohol। [স.]

সুরাটী[২], **সুরতি** *বি* সুরাট নগরের অধিবাসী।

সুরাহা *বি* ১ সমাধান; সুপথ; সুবিধা। ২ সুগতি; সদুপায় ও ভালো ব্যবস্থা। [স. সু+ফা. রাহ্]

সুরাহি, সুরাহী, সোরাহি *বি* কুঁজো। [আ.]

সুরুক, সুলুক *বি* ১ পথ। ২ সন্ধান। ৩ ছিদ্র; রন্ধ্র। ৪ উপায়। ৫ সূত্র; clue। ৬ ব্যবহার। [আ.]। **সুরুক/সুলুক সন্ধান**

বি ১ সন্ধান বা খোঁজ-খবর। ২ গোপন সূত্রের বা গুপ্ত বিষয়ের খোঁজ।
সুরুচি *বিণ* ১ মার্জিত রুচি বা পছন্দবিশিষ্ট। ২ সুন্দর রুচিসম্পন্ন। ❑ *বি* হিন্দু পুরাণোক্ত ধ্রুবের বিমাতা। [স.]। **সুরুচিবান, সুরুচিসম্পন্ন** *বিণ* উৎকৃষ্ট রুচিসম্মত।
সুরুজ *বি* সূর্য।
সুরূপ *বিণ* ১ সুদর্শন; রূপবান। ২ জ্ঞানবান। [স.]। **সুরূপা** *বিণ স্ত্রী.* সুন্দরী; রূপবতী।
সুরেখা *বি* শুভসূচক লক্ষণ। [স.]
সুরেণু *বি* অতি সূক্ষ্ম কণা বা গুঁড়া। [স.]
সুরেন্দ্র *বি* হিন্দুদেবতা ইন্দ্র; দেবরাজ। [স. সুর+ইন্দ্র]
সুরেলা *বিণ* অত্যন্ত মধুর সুর বা স্বরযুক্ত।
সুরেশ্বর *বি* ১ মহাদেব। ২ শিব। ৩ ইন্দ্র। **সুরেশ্বরী** *বি স্ত্রী.* ১ ভগবতী দুর্গা। ২ গঙ্গা।
সুরোত্তম *বিণ* দেবতাদের মধ্যে শ্রেষ্ঠ। [স. সুর+উত্তম]
সুরোৎসব *বি* প্রাচীন ভারতের স্ত্রী-পুরুষের সুরাপান উৎসববিশেষ। [স. সুরা+উৎসব]
সুলক্ষণ *বি* ১ সৌভাগ্যের নিশানা বা চিহ্ন। ২ শুভসূচক লক্ষণ। ❑ *বিণ* শুভলক্ষণযুক্ত। **সুলক্ষণা** *স্ত্রী.*। [স.]
সুলক্ষিত *বিণ* ভালোভাবে লক্ষ করা হয়েছে এরূপ। [স.]
সুলতান *বি* ১ বাদশাহ; রাজা। ২ তুরস্কের পূর্বতন বাদশাহগণের উপাধিবিশেষ। [আ.]। **সুলতানা** *বি স্ত্রী.* বেগম।
সুলতানাত, সলতনৎ *বি* বাদশাহি; রাজত্ব। [আ.]। **সুলতানি** *বিণ* সুলতানবিষয়ক। ❑ *বি* সুলতানের পদ; সুলতানের রাজত্ব। [আ. সুলতান+বা. ই]
সুলভ *বিণ* ১ সহজ। ২ সস্তা। ৩ অল্প মূল্যে মেলে এমন। ৪ স্বাভাবিকভাবে ঘটে এরূপ। **দুর্লভ** *বিপ.*। [স.]
সুলম্ব *বিণ* বেশ লম্বা। [স.]
সুললিত *বিণ* ১ অতিশয় সুন্দর বা মনোহর। ২ অত্যন্ত কোমল ও মধুর। [স.]
সুলিখিত *বিণ* উত্তমরূপে লিখিত বা অঙ্কিত; সুন্দররূপে রচিত; সুরচিত। [স.]
সুলুপ *বি* মাস্তুলের পালে চলা সমুদ্রগামী পোতবিশেষ। [পর্তুগিজ/ই. sloop]
সুলেখক *বি* ১ উত্তম গদ্য রচয়িতা। ২ লেখক হিসেবে যাঁর সুখ্যাতি আছে। ৩ যিনি সুন্দর হস্তাক্ষরে লেখেন। [স.]। **সুলেখিকা** *স্ত্রী.*।
সুলেমানি *বি* হযরত সুলয়মান নবি সম্পর্কিত। ❑ *বিণ* হযরত সুলয়মান (আ.) দ্বারা উদ্ভাবিত। [আ.]
সুলোচনা *বিণ স্ত্রী.* চোখ দেখতে সুন্দর এমন। ❑ *বি* হরিণী। [স.]
সুশান্ত *বিণ* অতিশয় নিরীহ। [স.]
সুশাসন *বি* ন্যায়নীতি অনুযায়ী সুষ্ঠুভাবে রাজ্য শাসন। [স.]
সুশাসিত *বি* নিয়মিতভাবে পরিচালিত; সুনিয়ন্ত্রিত; উত্তমরূপে বা নিরপেক্ষভাবে শাসিত। [স.]
সুশিক্ষা *বি* উৎকৃষ্ট শিক্ষা। [স.]
সুশিক্ষিত *বিণ* ১ উত্তম শিক্ষালাভ করেছে এমন। ২ সুশিক্ষাসম্পন্ন। ৩ বিদ্বান। [স.]
সুশীতল *বিণ* তৃপ্তিকর ঠাণ্ডা। [স.]
সুশীল *বিণ* ১ উত্তম স্বভাব এমন; সুন্দর আচরণবিশিষ্ট। ২ সচ্চরিত্র। ৩ (ব্য.) গোবেচারা। [স.]। **সুশীলা** *বিণ স্ত্রী.*।
সুশীলতা *বি* বিনয়; নম্রতা। [স.]
সুশৃঙ্খল *বিণ* ১ সুনিয়ন্ত্রিত। ২ সুন্দরভাবে ব্যবস্থিত। [স.]। **সুশৃঙ্খলা** *বি* সুব্যবস্থা; সুনিয়ন্ত্রণ। **সুশৃঙ্খলিত** *বিণ* নিয়মিতভাবে ব্যবস্থিত।
সুশোভন *বিণ* ১ সবদিক থেকে সুন্দর। ২ সম্পূর্ণ উপযুক্ত। ৩ সুসংগত; মানানসই। ৪ অতিশয় শোভাপূর্ণ। [স.]
সুশোভিত *বিণ* সুন্দররূপে সজ্জিত। **সুশোভিতা** *স্ত্রী.*। [স.]
সুশ্রাব্য *বিণ* শ্রুতিমধুর। [স.]
সুশ্রী *বিণ* ১ সুন্দর। ২ সুদর্শন। [স.]
সুশ্রুত *বিণ* ভালোরূপে শোনা হয়েছে এমন। ❑ *বি* ১ সুশ্রুত রচিত 'সুশ্রুত সংহিতা' নামক চিকিৎসাশাস্ত্র। ২ আয়ুর্বেদশাস্ত্রের বিখ্যাত গ্রন্থাকার সুশ্রুত। [স.]
সুশ্লিষ্ট *বিণ* দৃঢ়ভাবে সংযুক্ত। [স.]
সুষম *বিণ* ১ সুন্দর। ২ যথোপযুক্ত উপাদানবিশিষ্ট (সুষম খাদ্য)। ৩ শোভন। ৪ মনোহর। ৫ সদৃশ। [স.]। **বিষম** *বিপ.*।
সুষমা *বি স্ত্রী.* সৌন্দর্য; লাবণ্য; মনোহারিতা; পরম শোভা। [স.]। **সুষমাময়** *বিণ* ১ রূপবান। ২ সুন্দর। **সুষমাময়ী** *স্ত্রী.*।
সুষুপ্ত *বিণ* গাঢ় নিদ্রায় নিমগ্ন। [স.]। **সুষুপ্তি** *বি* গভীর বা গাঢ় নিদ্রা।
সুষুম্না *বি* ১ মেরুদণ্ডের বাইরের দিকে এক ধরনের নাড়ি। ২ সূর্যরশ্মিবিশেষ।। [স.]। **সুষুম্নাকাণ্ড** *বি* মেরুদণ্ডের মধ্যস্থলের স্নায়ুগুচ্ছ; spinal cord।
সুষ্ঠু *বিণ* ১ নিখুঁত; অনবদ্য; ত্রুটিবিহীন। ২ অতি সুন্দর। ৩ সত্য। [স.]
সুসংগত, সুসঙ্গত *বিণ* ১ অতিশয় সামঞ্জস্যপূর্ণ। ২ সুন্দর যুক্তিযুক্ত। **সুসংগতি, সুসঙ্গতি** *বি*।
সুসংবাদ *বি* ভালো সমাচার; খুশখবর; আনন্দদায়ক সংবাদ। [স.]। **দুঃসংবাদ** *বিপ.*।
সুসংবৃত *বিণ* ভালোরূপে আবৃত বা আচ্ছাদিত। [স.]। **সুসংবৃতা** *বিণ স্ত্রী.*।
সুসংযত *বিণ* শোভন ও সুনিয়ন্ত্রিত; অত্যন্ত সংযমপূর্ণ; দৃঢ়বদ্ধ। [স.]
সুসংযুক্ত, সুসংযুত *বিণ* ভালোভাবে মিশ্রিত বা সুমিলিত। [স.]
সুসংস্কৃত *বিণ* ১ বিশেষভাবে সংশোধন করা হয়েছে এমন। ২ সুসংস্কারযুক্ত; উত্তমরূপে মার্জিত; পরিশীলিত; অত্যন্ত ভদ্র।
সুসংস্থিত *বিণ* ১ উত্তমরূপে সন্নিবেশিত। ২ সুন্দরভাবে ব্যবস্থিত। [স.]
সুসজ্জ *বিণ* পরিপাটিরূপে সাজানো; সুবিন্যস্ত। **সুসজ্জা** *স্ত্রী.*। [স.]
সুসজ্জিত *বিণ* ১ সুন্দররূপে সাজানো। ২ ভালো করে সেজেছে এমন। [স.]। **সুসজ্জিতা** *স্ত্রী.*।
সুসভ্য *বিণ* ১ অতিশয় ভদ্র বা শিষ্ট। ২ মার্জিত রুচিসম্পন্ন। [স.]। **সুসভ্যা** *স্ত্রী.*।
সুসম, সুষম *বিণ* সামঞ্জস্যপূর্ণ। [স. সুষম]
সুসমঞ্জস *বিণ* খাপ খায় এমন। [স.]
সুসময় *বি* ১ সুদিন। ২ সুখের বা সৌভাগ্যের দিন। ৩ শুভকাল; উপযুক্ত কাল বা সময়। [স.]
সুসমাপ্ত *বিণ* সুষ্ঠুভাবে নিষ্পন্ন; উত্তমরূপে সম্পাদিত।

[স.]

সুসমাহিত *বিণ* ১ গভীরভাবে অভিনিবিষ্ট। ২ ধ্যানমগ্ন। ৩ উত্তমরূপে কবরে স্থাপিত। [স.]

সুসমৃদ্ধ *বিণ* ১ অত্যধিক ঐশ্বর্যসম্পন্ন। ২ অতিশয় বৃদ্ধিযুক্ত। [স.]

সুসম্পন্ন *বিণ* ১ সুন্দররূপে নির্বাহিত। ২ সুষ্ঠুভাবে নিষ্পন্ন। ৩ সমৃদ্ধিশালী। ৪ ধনবান। [স.]

সুসম্বদ্ধ *বিণ* দৃঢ় সঙ্গতিপূর্ণ; এলোমেলো নয় এমন। [স.]

সুসহ *বিণ* সহজে সহ্য করা যায় এমন। [স.]

সুসাধ্য *বিণ* অনায়াসে করা যায় এমন। **দুঃসাধ্য** *বিপ.*।

সুসার[১] *বি* ১ সংস্কার। ২ প্রাচুর্য। ৩ সুবিধা। [স. সু+সার]

সুসার[২] *বিণ* সর্বোৎকৃষ্ট; সুসম্পন্ন। ❑ *বি* ১ সফল। ২ সুব্যবস্থা (ছেকেন্দর হৈতে হৈল একর্ম সুসার—আলাওল)। [স. সু+সার]

সুসার[৩] *বিণ* সুদৃশ্য (ঠেকিয়াছে দায় চাহিয়া আমার নির্ম্মাহ পুরী সুসার—ভারত)।

সুসার[৪] *বিণ* সুবন্দোবস্ত; সুব্যবস্থা।

সুসিদ্ধ *বিণ* ১ ভালোরূপে সিদ্ধ। ২ সম্পূর্ণভাবে সম্পাদিত। ৩ সম্পূর্ণ সফল। ৪ পরিপূরিত ইচ্ছা বা আকাঙ্ক্ষা। [স. সু+সিদ্ধ]

সুস্থ *বিণ* ১ নীরোগ; স্বাস্থ্যসম্পন্ন। ২ শান্ত; সুস্থির। **সুস্থচিত্ত** *বিণ* মন শান্তিতে আছে এরূপ। **সুস্থতা** *বিণ* শরীরের ভালো অবস্থা বা স্বাচ্ছন্দ্য; রোগশূন্যতা। [স. সু+√স্থা+অ]

সুস্থিত *বিণ* ১ সুস্থ; স্বাস্থ্যসম্পন্ন। ২ উদ্বেগহীন। ৩ দৃঢ়; অটল। ৪ স্থির; গতিহীন। [স. সু+স্থিত]

সুস্নাত *বিণ* সুন্দরভাবে স্নাত। ❑ *বি* উত্তম স্নান; ভালো গোসল। [স. সু+স্নাত]

সুস্নিগ্ধ *বি* ১ সুকোমল। ২ অত্যন্ত শীতল। ৩ অত্যন্ত মসৃণ। ৪ বিলক্ষণ স্নেহযুক্ত। [স. সু+স্নিগ্ধ]

সুস্পর্শ *বি* ১ সুখস্পর্শ। ২ অতি নিকটে আগমন। [স. সু+স্পর্শ]

সুস্পষ্ট *বিণ* ১ অত্যন্ত খোলাখুলিভাবে ব্যক্ত। ২ অতিশয় সুন্দরভাবে প্রকাশিত বা ব্যক্ত। [স. সু+স্পষ্ট]

সুস্মিত *বিণ* মুখের ঈষৎ হাসি দেখতে সুন্দর এমন; মৃদুমধুর হাসিময়। **সুস্মিতা** *স্ত্রী.*। [স. সু+স্মিত]

সুস্বপ্ন *বি* ১ শুভ ফলদায়ক কল্পনা বা স্বপ্ন। ২ আনন্দময় স্বপ্ন। [স. সু+স্বপ্ন]। **দুঃস্বপ্ন** *বিপ.*।

সুস্বাগত (অশু.) *বি* স্বাগত। [স. সু+আগত]

সুস্বাদ *বি* উত্তম বা উৎকৃষ্ট স্বাদ। ❑ *বিণ* অতিশয় স্বাদপূর্ণ। [স. সু+স্বাদ]। **বিস্বাদ** *বিপ.*।

সুস্বাদু *বিণ* সুমধুর; উত্তম স্বাদযুক্ত; স্বাদু; খেতে ভালো লাগে এমন। [স.]

সুস্বাস্থ্য (অশু.) স্বাস্থ্য।

সুহাস *বিণ* সুন্দর হাসিযুক্ত। ❑ *বি* মধুর হাসি। [স. সু+হাস]। **সুহাসা, সুহাসী, সুহাসিনী** *বিণ স্ত্রী.* মধুরহাসিনী; সুন্দরী।

সুহৃদ, সুহৃৎ *বিণ* উত্তম হৃদয় এমন। ❑ *বি* ১ বন্ধু; মিত্র; সখা; হিতৈষী; হিতকারী। ২ সুন্দর বা শোভন হৃদয়। [স. সু+হৃদ]। **সুহৃদবর, সুহৃদ্বর** *বি, বিণ* শ্রেষ্ঠ বন্ধু।

সুহৃদয় *বিণ* ১ নির্মল অন্তঃকরণবিশিষ্ট। ২ অকপট চিত্ত। ৩ উদার মন। ৪ হৃদয়বান। [স.]

সূক্ত *বি* ১ মহাজন বাক্য। ২ একাধিক মন্ত্রে রচিত হিন্দু ধর্মগ্রন্থ বেদের স্তোত্র। ৩ উত্তম কথা; সৎবাক্য। [স. সু+উক্ত]

সূক্তি *বি* সুবচন; সৎবাক্য; সুভাষণ; সুভাষিত। [স. সু+উক্তি]

সূক্ষ্ম *বিণ* ১ তীব্র; ধারালো; তীক্ষ্ণ। ২ মিহি; সরু। ৩ স্থূল নয় এমন। ৪ চিকন। ৫ পুঙ্খানুপুঙ্খ। ৬ অপ্রশস্ত। ৭ অতীন্দ্রিয়। [স.]। **সূক্ষ্মকোণ** *বি* সমকোণ অপেক্ষা ছোট কোণ; acute angle। **সূক্ষ্মদর্শন যন্ত্র** *বি* অণুবীক্ষণ যন্ত্র। **সূক্ষ্মদর্শিতা** *বি* তীক্ষ্ণ বুদ্ধিমত্তা; গভীর বিচক্ষণতা। **সূক্ষ্মদর্শিনী** *বিণ স্ত্রী.* অত্যধিক বুদ্ধিমতী। **সূক্ষ্মদর্শী** *বিণ* খুঁটিনাটি বিষয়ও তীক্ষ্ণ দৃষ্টি দিয়ে দেখতে পারেন এমন। **সূক্ষ্ম বিচার** *বি* ন্যায্যবিচার। **সূক্ষ্মবুদ্ধি** *বি* তীক্ষ্ণ বুদ্ধি। ❑ *বিণ* জটিল বিষয়ের মীমাংসা করতে সক্ষম এরূপ তীক্ষ্ণ বুদ্ধিসম্পন্ন। **সূক্ষ্মাতিসূক্ষ্ম** *বিণ* অতি সূক্ষ্ম; অত্যন্ত ক্ষুদ্র।

সূচক *বিণ* ১ জ্ঞাপক; প্রকাশক। ২ কথক। ৩ বোধক। ৪ সূচনাকারী। ❑ *বি* দরজি; খলিফা। [স.]। **সূচিকা** *স্ত্রী.*।

সূচন *বি* ১ ইশারা; সংকেত। ২ জ্ঞাপন। ৩ কথন। **সূচনা** *বি* ১ ভূমিকা। ২ আরম্ভ। ৩ প্রস্তাবনা। ৪ উপক্রম; সূত্রপাত।

সূচি[১], **সূচী**[১] *বি* সুচ। ❑ *বিণ* তীক্ষ্ণ অগ্রভাগযুক্ত (সূচিমুখ)। **সূচিকর্ম** *বি* ১ সেলাইয়ের কাজ। ২ সূচিশিল্প; needlework। [স. সূচি]

সূচি[২], **সূচী**[২] *বি* ১ জ্ঞাপনী। ২ নির্ঘণ্ট। ৩ পুস্তকের বিষয় নির্দেশক পৃষ্ঠাঙ্কযুক্ত তালিকা; অনুক্রমণিকা; index; contents (সূচিপত্র)। [স. সূচি]। **সূচিপত্র** *বি* ১ অনুক্রমণিকা। ২ পুস্তকের পৃষ্ঠা-নির্দেশসহ বিষয়-তালিকা। **সূচিভেদ্য** *বিণ* সুচ ভেদ করতে পারে এমন; জমাট; নিবিড়। **সূচিমুখ** *বিণ* সুচের মতো ধারালো মুখবিশিষ্ট; সুচালো। ❑ *বি* ১ হীরক। ২ বাণবিশেষ। ৩ ব্যূহবিশেষ।

সূচ্যগ্র *বি* সুচের অগ্রভাগ; সুচের আগা। ❑ *বিণ* কণামাত্র অংশ। [স. সূচি+অগ্র]। **সূচ্যগ্র মেদিনী** *বি* সুচের আগায় যে সামান্য পরিমাণ ভূমি ওঠে সে পরিমাণ।

সূত *বি* ১ উৎপন্ন; জাত; প্রস্তুত। ২ অশ্বনিয়ন্তা; রথ। ৩ সূত্রধর জাতি; ছুতার সম্প্রদায়। ৪ স্তুতিপাঠক। [স.]। **সূতক** *বি* ১ জন্ম। ২ হিন্দুসমাজে প্রচলিত প্রসবজনিত অশৌচ। ৩ পারদ। **সূতপুত্র** *বি* সারথির ছেলে; মহাবীর কর্ণ।

সূতা *বি, বিণ স্ত্রী.* সূতিকা; প্রসূতা; জাতা। [স.]

সূতি[১], **সূতী**[১] *বি* জন্ম বা প্রসব। **সূতিকা** *বি* ১ পেটের পীড়াজনিত প্রসূতির এক ধরনের রোগ। ২ আঁতুড় ঘর। **সূতিকাগার, সূতিকাগৃহ, সূতিগৃহ** *বি* আঁতুড়ঘর বা প্রসবগৃহ। [স. সূতিকা+আগার]

সূতি[২], **সূতী**[২] *বিণ* সুতায় তৈরি। ❑ *বি* (প্রা—বা) ঘুম।

সূত্র *বি* ১ সুতা। ২ সংজ্ঞা। ৩ সম্পর্ক। ৪ সম্বন্ধ। ৫ আইন; বিধি। ৬ সূচনা। ৭ ব্যপদেশ। [স.]। **সূত্রকার** *বি* ব্যাখ্যাকারী। **সূত্রধর, সূত্রধার**[১] *বি* ছুতার। **সূত্রধার**[২] *বি* সংস্কৃত নাটকে নাট্য প্রযোজক। **সূত্রপাত** *বি* ভূমিকা; সূচনা; আরম্ভ।

-সূদন *বি* হত্যা। ❑ *বিণ* হত্যাকারী। [স. √সূদ্+ণিচ্+অন]

সূনৃত *বি* ১ সত্য ও প্রিয় বাক্য। ২ সত্য ও সুন্দর বক্তা। ৩ হিত; মঙ্গল; শুভ। [স. সু+√নৃত্+অ]। *বিপ.* **অনৃত** *বি* মিথ্যা।

সূপ *বি* ঝোল; শুরুয়া। [স. √সূ+প]
সূপকার *বি* বাবুর্চি; যে রাঁধে; পাচক। [স.+বা.]
সূর[১] *বি* সূর্য। [স.]
সূর[২] *বি* ১ পণ্ডিত; জ্ঞানী। ২ বীরপুরুষ। [স.]। **সূরি** *বি* ১ কবি; বিদ্বান; পণ্ডিত। ২ জৈন গুরুদের উপাধিবিশেষ। **সূরী**[১](–রিন্) *বিণ* বিচক্ষণ; গুণী; পণ্ডিত। **সূরী**[২] *বি স্ত্রী.* ১ সূর্যের স্ত্রী। ২ মহাভারতোক্ত কুন্তী।
সূর্প, শূর্প *বি* কুলা। [স.]। **সূর্পণখা, শূর্পণখা** *বি* রাবণের বোন। **সূর্পী** *বি* ক্ষুদ্র বা ছোট কুলা।
সূর্য *বি* ১ মহাকাশের উজ্জ্বল নক্ষত্রবিশেষ—পৃথিবী যার চারদিকে ঘোরে। ২ দিবাকর; রবি; ভানু; আফতাব; তপন; প্রভাকর; দিনমণি; বিবস্বান; বিভাবসু; মিত্র; মিহির; সবিতা; ভাস্কর; আদিত্য; মার্তণ্ড; অর্ক; পূষা; সূর; অর্যমা। [স. √সৃ+য]। **সূর্যকর, সূর্যকিরণ, সূর্যরশ্মি** *বি* সূর্যের আলো; রৌদ্র। **সূর্যকান্ত, সূর্যমণি** *বি* আতশি কাচ। **সূর্যগ্রহণ** *বি* (জ্যো–বি) পৃথিবী ঘুরতে থাকায় এক সময়ে সূর্য চাঁদের আড়ালে চলে যায় তখন সূর্যের উপর চাঁদের ছায়া পড়ায় সূর্য পূর্ণ বা আংশিকভাবে ঢেকে যায়—একেই সূর্যগ্রহণ বলা হয়; সূর্যগ্রাস। **সূর্যঘড়ি** *বি* সূর্যকিরণে যে ছায়া পড়ে তা দেখে সময় নির্ধারণের যন্ত্রবিশেষ (ঢাকার বলধা গার্ডেনে একটি সূর্যঘড়ি আছে); sundial। **সূর্যবংশ** *বি* অযোধ্যার রাজকুল। **সূর্যমুখী** *বি* হলুদ রঙের সূর্যাকৃতিবিশিষ্ট এক রকম ফুল; sunflower। **সূর্যলোক** *বি* সৌরজগৎ সূর্য ও তার গ্রহ–নক্ষত্র নিয়ে যে জগৎ। **সূর্যসারথি** *বি* অরুণ। **সূর্যসিদ্ধান্ত** *বি* সূর্যসম্পর্কিত প্রসিদ্ধ জ্যোতির্বিজ্ঞানের পুস্তক। **সূর্যস্নান** *বি* দেহে সূর্যকিরণ উপভোগ; sun-bath। **সূর্যোপাসক** *বিণ* সূর্যের পূজা করে এমন; সূর্যপূজক।
সৃজন *বি* ১ সৃষ্টি। ২ নির্মাণ; রচনা। [স. সর্জন>]
সৃজা *ক্রি* (পদ্যে) সৃষ্টি করা। [হি.]। **সৃজিত** *বিণ* সৃষ্ট হয়েছে এমন। **সৃজনীশক্তি** *বি* নতুন কিছু তৈরি করার ক্ষমতা। **সৃজ্যমান** *বিণ* নির্মিত হচ্ছে এমন।
সৃষ্ট *বি* পয়দা। ❑ *বিণ* রচিত; নির্মিত; সৃজিত। [স. √সৃজ্+ত]
সৃষ্টি *বি* ১ নতুন কোনো পদার্থের উৎপাদন। ২ নির্মাণ। ৩ জগৎ। ৪ শিল্প। ৫ স্বভাব। ৬ রচনা। [স. √সৃজ্+তি]। **সৃষ্টিকর্তা** *বি* ১ ঈশ্বর; স্রষ্টা; আল্লাহ। ২ হিন্দুদেবতা ব্রহ্মা। **সৃষ্টিকর্ম, সৃষ্টিকার্য, সৃষ্টিক্রিয়া** *বি* ১ নির্মাণের কাজ। ২ ঈশ্বর কর্তৃক বিশ্বরচনা। **সৃষ্টিকুশলী** *বিণ* নির্মাণে দক্ষ। **সৃষ্টিকৌশল** *বি* নির্মাণ–নৈপুণ্য। **সৃষ্টিছাড়া, ছিষ্টিছাড়া** *বিণ* ১ অদ্ভুত। ২ দুনিয়ার বাইরে। **সৃষ্টিতত্ত্ব** *বি* সৃষ্টি সম্পর্কিত তথ্যসমূহ। **সৃষ্টিধর্মী** *বিণ* সৃজনশীল। **সৃষ্টিনাশা** *বিণ* ১ সৃষ্টিকে নাশ বা ধ্বংস করে এমন। ২ সৃষ্টি লোপকারী। ৩ সর্বনাশা। **সৃষ্টিরক্ষা** *বি* ১ সৃষ্টিকে ধ্বংসের হাত থেকে সংরক্ষণ। ২ সব রকমে পালন। **সৃষ্টি স্থিতি লয়** *বি* বিশ্ব–জগতের উৎপত্তি রক্ষণ এবং ধ্বংস।
সে *সর্ব* ১ কোনো ব্যক্তি; নির্দিষ্ট লোক। ২ তা (সে হবে না কিন্তু)। ৩ তখন (সে অবধি কান্না)। ৪ অমনি; সাথে সাথে। ❑ *বিণ* ১ সেই; উক্ত; নির্ধারিত। ২ অতীত (সেকালের ঘটনা)। [স.]। **সেই** *বিণ* পূর্বে উক্ত বা নির্দেশিত ব্যক্তি ব্যাপার বা বস্তু। ❑ *সর্ব* ১ তাহাই (সেই ভালো হবে)। ২ সেই সময়; তৎক্ষণাৎ। ❑ *অব্য* অবশেষে। **সেকাল** *বি* সুদূর অতীত; প্রাচীনকাল। **সেকেলে** *বিণ* ১ পুরাকালের। ২ প্রাচীনপন্থি। **সেখানে** *বি* সে জায়গায়। **সেখানকার, সেখানের** *বিণ* ১ সেই জায়গার। ২ পরকালের। **সেথা, সেথায়** *ক্রিবিণ* (পদ্যে) সেখানে। **সেইমতো** *ক্রিবিণ* সে ধরনের; সে রকম; তেমন করে।
সেউ, সেও, সেব, ছেব *বি* আপেলজাতীয় ফল। [ফা.]
সেঁওই, সেমাই *বি* ময়দায় প্রস্তুত সুতার মতো মিহি খাদ্যবিশেষ। [গ্রি.>হি. সিমাই]
সেঁওতি[১], **সেঁউতি** *বি* নৌকার পানি সেঁচবার জন্য ব্যবহৃত পাত্র (রাখিলা দুখানি পদ সেউঁতি উপরে—ভারতচন্দ্র)। [স. সেচনী>]
সেঁওতি[২] *বি* এক ধরনের সাদা গোলাপ ফুল। [স. সেবন্তী>]
সেঁক, সেক *বি* ১ উত্তাপ প্রয়োগ; গরম পানি বা বস্ত্রাদি দিয়ে তাপ প্রয়োগ। ২ সেচন; সিঞ্চন। **সেঁক দেওয়া** *ক্রি* গরম পানি বা অন্য জিনিসের সাহায্যে তাপ দেওয়া।
সেঁকো, শেঁকো *বি* এক প্রকার ধাতব বিষ; শঙ্খ বিষ; arsenic। [পো. arsenico]
সেঁচা, সেচা *ক্রি* সেচন করা; পানি তুলে ফেলা। ❑ *বিণ* জল তুলে ফেলা হয়েছে এমন। [স. সিঞ্চন>]
সেঁজুতি, সেঁজতি *বি* ১ সাঁঝের বাতি; সন্ধ্যাদীপ। ২ হিন্দু দীপ প্রজ্বালনের প্রথা। ৩ ব্রতবিশেষ। [স. সন্ধ্যাবাতি>]
সেঁটকানো, সিঁটকানো *বি* মুখ নাক কুঞ্চিত বা বিকৃত করে ব্যঙ্গকরণ।
সেঁটে *ক্রিবিণ* ১ সংলগ্ন করে। ২ এঁটে। ৩ কষে। **সেঁটে ধরা** *ক্রি* শক্ত হয়ে কষে যাওয়া; সংলগ্ন হয়ে আসা। [বা. √সাঁট>]
সেঁতসেঁত, সেঁৎসেঁৎ *অব্য* ভেজা ভেজা বোধ। [স. সিক্ত>]। **স্যাঁতসেঁতে** *বিণ* প্রায় সিক্ত এরূপ। **সেঁতা** *বিণ* ১ ভেজা। ২ ঈষৎ স্যাঁতসেঁতে।
সেঁতানো, স্যাঁতানো *ক্রি* প্রায় সিক্ত হয়েছে এমন। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। [স. সিক্ত>]
সেঁধানো, সেঁধুনো *ক্রি* প্রবেশ করা বা করানো। ❑ *বিণ* প্রবিষ্ট। [বা. √সিঁধ>]
সেক, ছেঁক *বি* ১ সেচন; সিঞ্চন। ২ আস্তে আস্তে তাপ প্রয়োগ। [স. √সিচ্+অ]
সেকরা *বি* স্বর্ণকার; যে অলঙ্কারাদি নির্মাণ করে। ❑ *বিণ* সোনারু। **সেকরানি** *স্ত্রী.*। [আ. সিক্ক.+ফা.+কর>]
সেকা *ক্রি* ১ আস্তে আস্তে গরম করা; ধীরে ধীরে তাপ প্রয়োগ করা। ২ তাপপ্রয়োগ দ্বারা পাকানো। [স. √সিচ্>]
সেকেন্ড *বি* মিনিটের ৬০ ভাগের এক ভাগ। ❑ *বিণ* ১ অল্পকাল। ২ দ্বিতীয়। [ই. second]। **সেকেন্ড হ্যান্ড** *বিণ* ১ অন্যের ব্যবহারের পরে কেনা। ২ অপরের নিকট থেকে প্রাপ্ত। ৩ মৌলিক নয় এরূপ। [ই. second hand]
সেকেন্দর, সেকান্দর *বি* স্বনামখ্যাত গ্রিক সম্রাট আলেকজান্ডার। [গ্রি. Alexander; ফা. সেকান্দার; আ. ইস্‌কান্দর]
সেকেন্দারি গজ *বি* সম্রাট সেকেন্দর শাহ প্রবর্তিত মাপবিশেষ (৩৮ ইঞ্চিতে ১ সেকেন্দারি গজ)।
সেক্রেটারি *বি* ১ সম্পাদক। ২ কর্মাধ্যক্ষ। ৩ প্রধান কার্য নির্বাহকারী। ৪ সহকারী (মন্ত্রীর একান্ত সচিব); সচিব (শিক্ষাসচিব)। [ই. secretary]
সেগুন *বি* এক প্রকার মূল্যবান বৃক্ষ বা তার কাঠ। [তুল. হি. সারগন/স. শাক]

সেগো, সেঙো (অশি.) *বি* ১ শিশ্ন। ২ যোনি।
সেঙাত, সাঙ্গাত *বি* বন্ধু; সহচর (মন্দ অর্থে)। [স. সঙ্গ]। **সেঙাতিনী** *বি স্ত্রী.* সেঙাতের স্ত্রী/পত্নী; সহচরী।
সেঙ্গার, সিংগার *বি* ১ স্ত্রীলোকের সাজ-সজ্জা; কোনো অনুষ্ঠানাদিতে সাজানো। ২ রতিক্রিয়া; রমণ। [ফা. আঞ্চলিক প্রয়োগ]
সেচ *বি* সেচন; কৃষিক্ষেত্রে পানি দেওয়ার ব্যবস্থা। [স. √সিচ্>]
সেচক *বিণ* সেচ করে এমন; সেচনকারী। [স. √সিচ্+অক]
সেচন *বি* সিঞ্চন; সেক; ভিজানো; সিক্ত করা; আর্দ্রকরণ। [স. √সিচ্+অন]
সেজ, সেজো *বিণ* তৃতীয়। ❑*বি* তৃতীয় সন্তান। [ফা. সেহ্+স. জ]
সেজদা, সিজদা *বি* দুই পা দুই হাত দুই হাঁটু কপাল ও নাকের অগ্রভাগ মাটিতে ঠেকিয়ে আল্লাহর কাছে আত্মনিবেদনের ইসলামি নীতি (নামাজের সেজদা)। [আ. সয্‌দ]
সেঝা, সেজা *ক্রি* পানিতে সিদ্ধ হওয়া। ❑*বি* উক্ত অর্থে। **সেঝানো, সেজানো** *ক্রি* সিদ্ধ করা। [স. সিদ্ধ>সিজ্ঝ>সেঝা]
সেট *বি* একজাতীয় দ্রব্য বা এক রকম গহনা ইত্যাদির সমষ্টি; প্রস্থ (এক সেট বই)। [ই. set]
সেটেলমেন্ট *বি* ১ ভূমিব্যবস্থা; জমির বন্দোবস্ত। ২ মীমাংসা; মিটমাট। [ই. settlement]
সেতাব *ক্রিবিণ* দ্রুত; তাড়াতাড়ি। [ফা.]। **সেতাবি, সেতাব** *ক্রিবিণ* অবিলম্বে; তাড়াতাড়ি।
সেতার *বি* এক প্রকার তিন তারযুক্ত বাদ্যযন্ত্র। [ফা.]। **সেতারি** *বিণ* সেতার বাজায় এমন; সেতারবাদক। [ফা. সেতার+ বা. ঈ]
সেতারা *বি* তারা। [ফা.]
সেতু *বি* ১ পুল বা সাঁকো। ২ বাঁধ। [স.]। **সেতুবন্ধ** *বি* ১ হিন্দুদিগের তীর্থস্থান। ২ সেতুনির্মাণ। ৩ ক্ষেত্রাদির উপর আলি বাঁধা। ৪ কোনো কিছুর মধ্যে সংযোগ।
সেদ্দত, সিদ্দত *বি* কষ্ট; দুঃখ। ❑*ক্রি* কষ্ট দেওয়া বা দুঃখ দেওয়া। [আ.]
সেন *বি* ১ হিন্দু পারিবারিক উপাধিবিশেষ। ২ বীর। ৩ প্রধান। ৪ 'সেনা' শব্দ সমাসে উত্তর পদে 'সেন'। [স.]
সেনা *বি* সৈন্য; সিপাহি; যোদ্ধার দল; ফৌজ। [স.]। **সেনাধ্যক্ষ, সেনানায়ক, সিপাহসালার, সেনাপতি** *বি* সৈন্যদলের প্রধান পরিচালক বা অধিপতি। **সেনানিবাস** *বি* ১ সৈন্যদিগের বসতি বা আবাস। ২ সৈন্যদের শিবির বা ছাউনি। **সেনানিবেশ** *বি* সৈন্য সংস্থাপন। **সেনানী** *বি* সেনাপতি। **সেনাশিবির** *বি* সৈন্যদলের অস্থায়ী আবাস বা অবস্থান; ছাউনি; cantonment। **সেনাসঞ্চালক** *বি* সেনাপতি।
সেনি, ছেনি *বি* ডেকচির ঢাকনা। [ফা.]
সেনিটোরিয়াম *বি* ১ স্বাস্থ্যনিবাস। ২ আরোগ্যনিবাস। [ই. sanatorium]
সেঞ্চুরি *বি* শতাব্দী; ক্রিকেট খেলায় কোনো ব্যাটস্‌ম্যানের এক ইনিংসে শত রান; একটি ফুল যা শত বছরে একবার ফোটে। [ই. century]
সেন্ট *বি* সুগন্ধ; সুগন্ধি বস্তু। [ই. scent]
সেন্টিমেন্টাল *বি* ভাবপ্রবণ।
সেন্সর, সেনসর *বি* ছাপা হবার পূর্বে বইপত্র চিঠিপত্র বা সংবাদাদির পরীক্ষা। [ই. censor]। **সেন্সরবোর্ড** *বি* ১ সাধারণের মধ্যে অবাঞ্ছিত বই চিঠিপত্র নাটক চলচ্চিত্র সংবাদপত্র ইত্যাদি প্রচারের পূর্বে নিয়ন্ত্রণের জন্য সরকারি সমিতি বা পরিষদ। ২ বিচারক সংস্থা বা সমিতি। [ই. censor board]
সেন্সাস, সেনসাস *বি* আদমশুমারি; লোকসংখ্যা গণনা। [ই. census]
সেপায়া, তেপায়া *বি* তিন পায়াবিশিষ্ট ছোট সেজবিশেষ; ক্ষুদ্র টেবিল; teapoy। [ফা.]
সেপ্টেম্বর, সেপটেম্বর *বি* খ্রিস্টীয় বছরের নবম মাস। [ই. September]
সেফটিপিন *বি* নিরাপদে ব্যবহার করা যায় এমন এক ধরনের পিন; আটকানোর পর যার মাথা ভিতরে ঢাকা অবস্থায় থাকে।
সেবক *বি, বিণ* খাদিম; সেবাকারী; খিদমতগার। ❑*বি* ১ শুশ্রূষাকারী। ২ ভৃত্য; পরিচারক। ❑*বিণ* ভক্ত। **সেবিকা** *স্ত্রী.*। **সেবকাধম** *বিণ* অত্যন্ত হীন সেবকমাত্র। [স. √সেব্+অক, সেবক+অধম]
সেবন *বি* ১ ঔষধাদি বা মাদক দ্রব্য সেবন। ২ উপভোগ। ৩ সেবা; শুশ্রূষা। [স. √সেব্+অন]। **সেবনীয়, সেব্য** *বিণ* সেবার যোগ্য; সেবন করা উচিত এরূপ। **সেবমান** *বিণ* সেবারত; সেবন করছে এমন। **সেবিত** *বিণ* ১ পূজিত। ২ উপাসিত। ৩ আশ্রিত। **সেবিতা** *স্ত্রী.*। **সেবী** (-বিন্) *বিণ* ১ সেবনকারী (অহিফেনসেবী)। ২ সেবক (সংস্কৃতিসেবী)। ৩ তোষামুদে। **সেব্যমান** *বিণ* ১ সেবা করা হচ্ছে বা সেবা করা যায় এমন। ২ আরাধ্যমান।
সেবা *বি* ১ যত্ন বা শুশ্রূষা। ২ উপাসনা। ৩ ভোজন; আহার। ৪ উপভোগ। [স.]। **সেবাগেহ** *বি* ১ আশ্রম। ২ পরিচর্যা বা সেবা গ্রহণের জন্য যে গৃহ। **সেবাদাসী** *বি* আজ্ঞাবহ দাসী; পরিচর্যাকারিণী; সন্ন্যাসী প্রভৃতির পরিচর্যাকারিণী দাসী বা উপপত্নী। ❑*অব্য* (ব্য.) উপপত্নী। **সেবাধর্ম** *বি* সেবা বা পরিচর্যার ব্রত।
সেবাইত, সেবায়েত *বি* ১ পূজারী। ২ সেবাকারী।
সেমাই *বি* সরু ও লম্বা আটা বা ময়দাজাত খাদ্যবিশেষ। [হি. সিমাই]
সেমিকোলন *বি* বিরাম চিহ্নবিশেষ (;)। [ই. semicolon]
সেমিনার *বি* আলোচনা সভা। [ই. seminar]
সেমেটিক, সেমিটিক *বিণ* সেমিটিক নামক জাতি; পশ্চিম এশিয়ার ইহুদি খ্রিস্টান ও মুসলিম গোত্রীয় মানুষ।
সেয়ানা, সিয়ানা *বিণ* ১ সাবালক; পূর্ণবয়স্ক। ২ চতুর; চালাক। ৩ ধুরন্ধর; ধূর্ত। ৪ সজ্ঞান। ৫ জ্ঞানবান। [স. সজ্ঞান>সঞ্‌ঞান>সেয়ান+আ]। **সেয়ানে সেয়ানে কোলাকুলি** *বি* (আল.) সমকক্ষ ব্যক্তিদের প্রতিযোগিতা।
সের *বি* এক কিলোগ্রাম অপেক্ষা প্রায় ১$\frac{১}{২}$ ছটাক কম; ৮০ তোলা পরিমাণ; এক মণের $\frac{১}{৪০}$ চার পোয়ার সমষ্টি। **সেরকিয়া** *বি* (গ.) সেরের হিসাবে গণনা পদ্ধতি। **সেরকে** *ক্রিবিণ* প্রতি সেরে। **সেরকে পাসুরি চুরি**—(আল.) *বি* মারাত্মক ধরনের চুরি। **সেরা, সেরি** *বিণ* সের ওজনের (পাঁচসেরা/সেরি মাছ)।
সেরকশ, সরকাশ *বিণ* বেয়াড়া; উদ্ধত; একরোখা;

ঘাড়বাঁকা; একগুঁয়ে। [ফা. সরকশ]

সেরা *বিণ* ১ শ্রেষ্ঠ; উৎকৃষ্ট। ২ অপ্রতিদ্বন্দ্বী। [ফা. সর্+বা. আ]

সেরি, শেরি *বি* মদবিশেষ। [ই. sherry]

সেরেফ, স্রেফ *বিণ* ১ কেবল। ২ একদম। ৩ শুধু। [আ. সির্ফ্]

সেরেস্তা, সেরেশতা *বি* ১ দপ্তর; দফতর অফিস। ২ আদালত। [ফা.]। **সেরেস্তাদার** *বি* সেরেস্তার ভারপ্রাপ্ত কর্মচারী; বড় কেরানি; Office Superintendent.

সেলাই *বি* সুঁই সুচ দিয়ে বন্ধ করা বা জোড়া দেওয়া; সীবন। [তুল. হি. সিলাই]

সেলাখানা *বি* অস্ত্র রাখার ঘর; অস্ত্রশালা; অস্ত্রাগার। [আ. সিলাহ্+ফা. খানহ্]

সেলাম *বি* ১ (কথ্য) সালাম; অভিবাদন। ২ আশীর্বাদ। ❑ *ক্রি* ১ আশীর্বাদ করা। ২ অভিবাদন; নমস্কার। [আ.]। *সেলাম* **আলায়কুম**—আপনার উপর শান্তি বর্ষিত হোক; মুসলমানি প্রথায় অভিবাদন। **সেলাম-গাহ** *বি* যেখানে দাঁড়িয়ে আগত ব্যক্তি রাজাকে সালাম করে। **সালাম ঠোকা** *ক্রি* কপালে হাত ঠেকিয়ে সালাম করা। **সেলামত, সালামত** *বি* ১ মঙ্গল বা শুভ। ২ শান্তি। **সালাম/সেলাম পাঠানো** *ক্রি* সম্ভ্রান্ত ব্যক্তিকে তলব করা বা হাজির হবার আদেশ করার সৌজন্যমণ্ডিত রীতি (বড় সাহেব আপনাকে সালাম দিয়েছেন)। **সেলাম বাজানো** *ক্রি* অধীনতা জ্ঞাপন করা। **সেলাম-সুপারিশ** *বি* যাওয়া আসার অভিবাদন; অনুরোধ ও উপরোধ। **সেলামালকি** *বি* (কথ্য) আশীর্বাদ; মুসলমানি অভিবাদন। **সেলামি, সালামি** *বি* ১ নজরানা; যৌতুক; ভেট; ঘুষ; উৎকোচ। ২ স্থাবর-অস্থাবর সম্পত্তি বন্দোবস্ত লওয়ার জন্য মালিককে যে অর্থ দিতে হয় (১ লক্ষ টাকা সালামি দিয়ে নিউমার্কেটে দোকান নিয়েছি)।

সেলুন *বি* ১ জাহাজ হোটেল ইত্যাদিতে সামাজিক ব্যবহারের জন্য কক্ষ। ২ চুলকাটা ও দাড়ি কামানোর জন্য নাপিতের দোকান। [ই. saloon]

সেলুলয়েড *বি* রাসায়নিক প্রক্রিয়ায় প্রস্তুত এক প্রকার স্থিতিস্থাপক পদার্থ। [ই. celluloid]

সেশন *বি* ১ ফৌজদারি মামলা বিচারের জন্য জজ ও জুরির অধীনে গঠিত আদালতবিশেষ। ২ শিক্ষাবর্ষ (১৯৯২–৯৩ সেশন)। [ই. session]। **সেশনজট** *বি* সময়মতো শিক্ষাবর্ষ শেষ না হওয়ায় জটিলতা।

সেস *বি* কর। [ই. cess]

সেহলা *বি* শেওলা; শৈবাল।

সেহাই/চেহাই কলম *বি* কালিকলম; লিখনকার্য। [ফা.+আ.]

সেহেরা, সিহারা *বি* ১ ফুল বা জরির তৈরি টোপর। ২ ললাটের টিপ। [ফা.]

সেহেরি, সেহরি *বি* ১ রোজা রাখার জন্য মুসলমানগণ সুবেহ সাদিকের আগে যে খাবার গ্রহণ করেন। ২ সর্গাই। [আ.]

সেহেলি, সহেলি *বি* খেলার সাথি; বান্ধবী। [হি.]

সৈকত *বি* সমুদ্র নদী প্রভৃতির বালুকাময় বিস্তৃত তীরভূমি। [স. সিকতা+অ]। **সৈকতিনী** *বি* পাহাড়ি ঝরনা।

সৈনাপত্য *বি* সেনাপতির কাজ বা পদ। [স. সেনাপতি+য]

সৈনিক *বি* সিপাহি; যোদ্ধা। ❑ *বিণ* সৈন্য সম্বন্ধীয়। [স. সেনা+ইক]

সৈন্ধব *বিণ* ১ সমুদ্রে উদ্ভূত। ২ সমুদ্র হতে তৈরি। ৩ সিন্ধু প্রদেশে উৎপন্ন বা জাত। [স. সিন্ধু+অ]। **সৈন্ধব লবণ** *বি* খনিজ লবণ; শিলাময় লবণ।

সৈন্য *বি* ১ যোদ্ধা। ২ ফৌজ; সৈনিক দল। [স. সেনা+য]। **সৈন্যসামন্ত** *বি* যোদ্ধার দল ও সামন্তরাজাগণ। **সৈন্যাধ্যক্ষ** *বি* সেনানায়ক; সিপাহসালার।

সৈমন্তিক *বি* সিঁদুর। [স. সীমন্ত+ইক]

সৈয়দ, সাইয়িদ *বি* ১ নবি-নন্দিনী হজরত ফাতিমা ও হজরত আলির বংশধর। ২ সম্ভ্রান্ত ও কুলীন মুসলমানের পদবি। [আ.]। **সৈয়দুল কাওনায়েন** *বি* ১ ইহলোকে ও পরলোকের প্রভু। ২ হজরত মুহম্মদ (সা.)-এর উপাধি।

সো *বিণ, সর্ব* সেই রকম; তাদৃশ। **সোই** *সর্ব* সেই। [ব্রজ.]

সোওয়াদ *বি* স্বাদ; আস্বাদ; আস্বাদন সুখ।। [স. স্বাদ>]

সোঁটা⇒সোটা।

সোঁত (কথ্য) *বি* স্রোত; প্রবাহ। [স. স্রোত>]

সোঁতা *বি* স্রোত; ক্ষীণ প্রবাহ। ❑ *বিণ* ১ স্রোতযুক্ত। ২ আবেশ। [স. স্রোত>]

সোঁদা *বিণ* ১ ভাপসা; দগ্ধ বা তপ্ত মাটিতে পানি দিলে যে গন্ধ হয় তেমন। ২ তৈলাদি সংযোগে চুলের যে গন্ধ পাওয়া যায় তেমন। [স. সৌগন্ধ>]

সোঁদাল *বি* হরিৎ বর্ণের ফুলের গাছ; কর্ণিকার গাছ। ❑ *বিণ* হলুদ বর্ণযুক্ত। **সোঁদালি, সোঁদালী** *বি* হলুদ বর্ণের ফুলদার গাছবিশেষ।

সোঁসর, সোসর *বিণ* ১ সঙ্গী; অবলম্বন; সমান; সমকক্ষ। ২ সদৃশ; সমসর।

সোকানি *বি* সুকানি; জাহাজের কর্ণধার। [ফা. সুকান]

সোঙরা, সোঁঙরা *ক্রি* (পদ্যে) স্মরণ করা। [স. স্মরণ>]। **সোঙরণ** *বি*।

সোচ্চার *বিণ* তীব্র বা প্রবলভাবে উচ্চারিত হয় এমন; অত্যন্ত মুখর; তর্জন-গর্জন; চিৎকার; হৈ চৈ। [স. স(সহ)+উচ্চার; মূল অভিধা-প্রসবযন্ত্রণাজাত চিৎকার।]

সোজা *বিণ* ১ সহজ; সিধা; ঋজু। ২ শান্ত; অমায়িক প্রকৃতির। ৩ শায়েস্তা; দুরস্ত। ৪ আড়ম্বরহীন; প্রাঞ্জল। ৫ সরল; কুটিলতাশূন্য। ৬ সুস্পষ্ট; খোলাখুলি। ৭ কঠিন নয় এমন। ❑ *ক্রিবিণ* বরাবর। [স. সহজ>]। **সোজাসুজি** *ক্রিবিণ* ১ বরাবর; সরাসরিভাবে। ২ সরল সোজাভাবে।

সোটা, সোঁটা *বি* ছোট আকারের লাঠি যার মাথায় গুটলি থাকে। [স. যষ্টি>]। **সোঁটা ঘুরানো** *ক্রি* ১ ছড়ি লাঠি প্রভৃতি চক্রাকারে চালনা করা। ২ কর্তাগিরি করা; মাতব্বরি করা; সর্দারি; চাল চালনা। **লাঠিসোটা** *বি* লাঠি ও লাঠির মতো অস্ত্র।

সোডা *বি* ক্ষার জাতীয় সাদাচূর্ণ। [ই. soda]। **সোডা-ওয়াটার** *বি* কার্বনিক অ্যাসিড গ্যাসমিশ্রিত পানীয়বিশেষ।

সোৎসাহ *বিণ* ১ উৎসাহযুক্ত। ২ উল্লসিত। [স. স(সহ)+উৎসাহ]। **সোৎসাহে** *ক্রিবিণ* ১ হর্ষোৎফুল্লচিত্তে। ২ উৎসাহিত হয়ে; উৎসাহের সঙ্গে।

সোৎসুক *বিণ* ১ কৌতূহলযুক্ত। ২ অত্যন্ত উৎসুক; আগ্রহান্বিত। [স. স(সহ)+উৎসুক]। **সোৎসুকচিত্তে** *ক্রিবিণ* ১ উৎকণ্ঠিতচিত্তে; আগ্রহান্বিত হয়ে। ২ কৌতূহলপরবশ হয়ে।

সোদর *বিণ* সহোদর; এক গর্ভজাত ভাই। **সোদরা** *বিণ স্ত্রী*। **সোদরপ্রতিম** *বিণ* এক মায়ের সন্তান না হলেও ভাইয়ের সমতুল্য। [স. সহ (সমান)+উদর]

সোনা *বি*১ স্বর্ণ; কাঞ্চন; মূল্যবান দীপ্ত পীতাভ ধাতুবিশেষ। ২ স্বর্ণের গহনা (হিন্দু বিধবারা গায়ে সোনা পরে না)। ❑*বিণ*১ আদরের ধন (সোনা মানিক আমার)। ২ মূল্যবান বস্তু। ৩ সোনালি রঙের। ৪ উৎকৃষ্ট বা অত্যন্ত ভালো মানুষ (সোনার মানুষ)। [স. স্বর্ণ>]। **সোনাদানা** *বি*১ সোনা ও সোনার মতো মূল্যবান বস্তু। ২ সোনা দিয়ে প্রস্তুত গহনা। **সোনামুখী** *বিণ* সোনা রঙের মুখবিশিষ্ট। ❑*বি* এক প্রকার বিরেচক পাতাযুক্ত লতা। **সোনামুগ** *বি* সোনালি বর্ণের মুগের ডাল। **সোনামুঠি/মুঠো** *বিণ* পরিপূর্ণ একমুঠি সোনা। **সোনারু** *বি* স্বর্ণকার। **সোনারুপা** *বিণ* স্বর্ণ ও রৌপ্যের মতো মূল্যবান। ❑*বি, বিণ* স্বর্ণ ও রৌপ্য। **সোনালতা** *বি* সোনালি রঙের পত্রবিহীন লতা। **সোনালি আঁশ/সুতা** *বি* বিদেশে বিক্রি করে সোনার মতো দামি বৈদেশিক মুদ্রা পাওয়া যায় এমন আঁশ; স্বর্ণসূত্র; পাট। **সোনালি, সোনালী** *বিণ* পীতাভ স্বর্ণ বর্ণের; স্বর্ণাভ; গিলটি। **সোনায় সোহাগা** *বি* অপূর্ব এবং চমৎকার মিলন। **সোনার অঙ্গ** *বি*১ সোনার বরণ শরীর। ২ অতি সুন্দর দেহ। **সোনার কাঠি রুপোর কাঠি** *বি* ১ জীবন কাঠি ও মরণকাঠি। ২ (আল.) বাঁচা মরার উপায়। **সোনার দোয়াত-কলম হওয়া** *বি* বিদ্বান ও বিত্তবান হওয়া। **সোনার পাথরবাটি** *বি* অসম্ভব ও অসঙ্গত বস্তু। **সোনার বেনে** *বি*১ স্বর্ণ ব্যবসায়ী। ২ হিন্দু সম্প্রদায়ের একটি শ্রেণী। **সোনার সংসার** *বি* সুখশান্তিতে পূর্ণ ঐশ্বর্যশালী সংসার। **কেলেসোনা** *বি* কালোমানিক; কালো রঙের ছেলে; কালাচাঁদ; শ্রীকৃষ্ণ।

সোন্দা *বি* বীজবিশেষ; স্নানের পূর্বে এটি বেটে গা মাজা হয়।

সোপচার *বিণ* অর্চনার বা সেবার সামগ্রী সহকারে। [স. স(সহ)+উপচার]

সোপর্দ, সোপরদ্দ (বিরল) *বি* সমর্পণ। **সোপর্দ করা** *ক্রি* বিচারার্থ সমর্পণ করা; হস্তান্তর বা প্রেরণ করা। [ফা.]

সোপাধি, সোপাধিক *বিণ* উপাধিযুক্ত, পদযুক্ত। [স. স (সহ)+উপাধি/+ক]

সোপান *বি* উপরে উঠার সিঁড়ি; আরোহণী। [স. সহ+উপ+√অন্+অ]

সোফা সেট *বি* উপবেশনের গদি-আঁটা কয়েকটি আসনের সমাহার। [ই. sofa set]

সোবহানাল্লাহ, সুবহানাল্লাহ *বি*১ আল্লাহ মহান পবিত্র; আশ্চর্য অর্থে। ২ আল্লাহর মহিমা; স্মারক। [আ.]

সোবে, শোবা *বি* সন্দেহ; সংশয়। [আ. শুবহঃ]

সোম *বি* ১ চন্দ্র। ২ জলজ লতাবিশেষ; সোমলতা। ৩ সোমলতার রসে প্রস্তুত প্রাচীনকালে ব্যবহৃত সুরাবিশেষ। [স.]। **সোমনাথ, সোমেশ্বর** *বি* হিন্দুদেবতা শিব; সোমনাথ মন্দিরের দেবতা। [স. সোম+ঈশ্বর]। **সোমবার** *বি* সপ্তাহের একটি দিন। **সোমরস** *বি* সোমলতা নিঃসৃত মদবিশেষ। **সোমরাজ** *বি* এক প্রকার ওষধি।

সোমত্ত, সমত্ত *বিণ* বিয়ের উপযুক্ত (ঘরে আমার সোমত্ত মেয়ে); যৌবনপ্রাপ্ত; বয়ঃপ্রাপ্ত; সমর্থ। [স. সমর্থ>]। **সোমর্থ** *বিণ* সোমত্তের কথ্যরূপ।

সোয়াদ(প্রা-বা) *বি* স্বাদ। [স. স্বাদ]

সোয়াব, ছওয়াব *বি* পুণ্য। [আ. সওয়াব]

সোয়ামি, সোয়ামী *বি* স্বামী; পতি; নাথ। [স. স্বামী>]

সোয়ার, সওয়ার *বিণ* আরোহী; অশ্বারোহী। ❑*বি* বোঝা; যাকে বহন করে আনা হয়েছে। [ফা.]। **সোয়ারি, সওয়ারি** *বিণ* আসোয়ার; আরোহী। ❑*বি* ১ চৌদোলা; যাতে আরোহণ করে পর্দানশীন মেয়েরা যাতায়াত করে; পালকি; ডুলি। ২ নৌকা পালকি বা ডুলি মধ্যস্থ যাত্রী। ৩ তানপুরা সেতারাপ্রভৃতি যন্ত্রের তার যে অস্থি বা কাষ্ঠখণ্ডের উপরে জড়িয়ে টেনে কানে বাঁধা হয়।

সোয়াস্তি *বিণ* উদ্বেগহীনতা। ❑*বি*১ আরাম। ২ নিরাপত্তা। ৩ শান্তি। ৪ উপশম। [স. স্বস্তি>]

সোরপোষ ⇒ সরপোষ।

সোরসার *বি* ১ মিলিত কণ্ঠের বাদ-প্রতিবাদজনক সাড়াশব্দ; গণ্ডগোল; চেঁচামেচি। ২ বেকায়দা কথোপকথন; বাদ-প্রতিবাদ। [ফা. শোরশার]

সোরাই *বি* সুরাহি; জলের বা মদের বোতল; কুঁজো।

সোলা *বি* হালকা ও নরম কাঠবিশেষ; এক প্রকার জলজ উদ্ভিদ। ❑*বিণ* লঘুভার। **সোলাকচু** *বি* এক ধরনের হালকা কচু। [হি.]। **সোলাকাঠি** *বি* শোলা গাছের কাঠি। **সোলাটুপি, সোলার টুপি** *বি* সোলা দিয়ে তৈরি টুপি; হ্যাটবিশেষ; pith hat।

সোলে *বি* আপোস; নিষ্পত্তি। [আ. সুলহ]। **সোলেনামা** *বি* আপোস-মীমাংসা বা নিষ্পত্তির দলিল। [আ. সুল্‌হ ফা. নামহ]

সোসাইটি *বি* সমিতি (এশিয়াটিক সোসাইটি); সঙ্ঘ। [ই. society]

সোহবত, ছোহবত *বি*১ সংসর্গ; সঙ্গ; সাহচর্য। ২ স্ত্রীসঙ্গ; সহবাস। [আ. সুবহ]

সোহম *বি* আমিই সে অর্থাৎ আমিই ব্রহ্ম—ব্রহ্ম ও আমি অভিন্ন। **সোহং** *বি* আমিই ব্রহ্ম; অদ্বিতীয়তার ভাব। [স. সঃ+অহম্]। **সোহংতত্ত্ব** *বি* আত্মা ও ব্রহ্ম এক—এই দার্শনিক তত্ত্ব। তুল. আনাল হক (আ.)— আমিই সেই (আল্লাহ)।

সোহরত, সহরত *বি* প্রচার; ঘোষণা; খ্যাতি; ঢোল বাজিয়ে বিজ্ঞপ্তি ঘোষণা। [আ. শুহরৎ]

সোহাগ *বি* আদর; স্নেহ; যত্ন। [স. সৌভাগ্য>]। **সোহাগী, সোহাগিনী** *বিণ স্ত্রী.* সোহাগপ্রাপ্তা; আদরপ্রাপ্তা। ❑*বিণ* আদর-স্নেহ পাওয়ার জন্য অভিমানিনী।

সোহাগা *বি* স্বর্ণাদি গলাবার ক্ষারজাতীয় পদার্থ; টঙ্কণ; borax। [স. সৌভাগ্য>]

সোহিনী, শোহিনী *বি* সঙ্গীতের রাগবিশেষ। ❑*বিণ* সুন্দর শোভা ধারণকারিণী; সৌন্দর্যে চিত্ত বিনোদনকারিণী।

সৌকর্য *বি* সুকরতা; অনায়াস সুসাধ্যতা; সহজসাধ্যতা। [স.]

সৌকুমার্য *বি*১ লালিত্য; কমনীয়তা। ২ সুকুমারতা। [স.]

সৌগন্ধ, সৌগন্ধ্য *বি* খোশবু; সৌরভ; সুঘ্রাণ। [স.]। **সৌগন্ধিক** *বি* গন্ধবণিক; সুগন্ধ দ্রব্যের ব্যবসায়ী। ❑*বিণ* সৌগন্ধ সম্বন্ধীয়।

সৌজন্য *বি* সুজনের ভাব বা আচরণ; ভদ্রতা; সুজনতা; শরাফত; মার্জিত ব্যবহার; শিষ্টাচার। [স. সুজন+য]। **সৌজন্য-চর্চিত** *বিণ* মধুর ব্যবহারের সঙ্গে; মার্জিত ব্যবহারসহ। **সৌজাত্য** *বি* জন্মের উৎকর্ষ; কৌলীন্য।

সৌত্র, সৌত্রিক *বিণ* ১ সূত্রানুযায়ী। ২ সূত্রসম্বন্ধীয়। ৩ (ব্যা.) সূত্রে উল্লিখিত। ❑ *বি* সূত্রধারী; ব্রাহ্মণ। [স.]

সৌদামিনী *বি* বিদ্যুৎ; তড়িৎ। [স.]

সৌধ *বি* প্রাসাদ; অট্টালিকা। [স.]। **সৌধকিরীটিনী** *বি,বিণ* বহু কক্ষবিশিষ্ট সুউচ্চ প্রাসাদ; অট্টালিকা যে নগরীর কিরীটস্বরূপ। **সৌধমালা** *বি* অট্টালিকাসমূহ। **সৌধশিখর** *বি* প্রাসাদের উপরিভাগ।

সৌন্দর্য *বি* ১ রূপ; মনোহর রূপমাধুরী (দৈহিক সৌন্দর্য)। ২ শোভা। ৩ লালিত্য; সুন্দরতা; মনোহারিতা। [স.]

সৌপর্ণ *বি* গরুড়; মরকত। ❑ *বিণ* গরুড় সম্বন্ধীয়। [স.]

সৌপ্তিক *বি* মহাভারতের একটি অধ্যায়; নৈশযুদ্ধ। ❑ *বিণ* সুপ্তি সম্বন্ধীয়।

সৌবর্ণ *বিণ* ১ স্বর্ণজাত; সোনার তৈরি। ২ স্বর্ণময়। [স.]

সৌবর্চল *বি* সুবর্চল দেশজাত কালো লবণ; সাজিমাটি।

সৌবীর *বি* সিন্দু-নদের নিকটবর্তী প্রাচীনকালের দেশ; সৌবীরের রাজা জয়দ্রথ; সৌবীরবাসী; কাঁজি; বদর ফল।

সৌবীরাঞ্জন *বি* সৌবীর দেশের অঞ্জন বা সুরমা; সাদা সুরমা।

সৌভদ্র, সৌভদ্রেয় *বি* অভিমন্যু; সুভদ্রার পুত্র।

সৌভাগিনেয় *বি* সুয়োরানীর পুত্র; সুভাগ্যবতীর সন্তান। দৌর্ভাগিনেয় *বিপ.*। [স.]

সৌভাগ্য *বি* ১ ভালো বরাত; শুভ ভাগ্য; কল্যাণকর অদৃষ্ট; অনুকূল ভাগ্য। ২ সৌন্দর্য। [স.]। **সৌভাগ্যক্রমে** *ক্রিবিণ* অনুকূল ভাগ্যবশত। **সৌভাগ্যবান** *বিণ* অদৃষ্ট সুপ্রসন্ন এমন।

সৌভিক *বি* জাদুকর। [স. সৌভ+ইক]

সৌভ্রাত্র *বি* পরস্পর সম্প্রীতিযুক্ত বোধ; ভাইদের মধ্যে পরস্পর সদ্ভাব। [স.]

সৌম্য *বিণ* ১ প্রশান্ত; ধীর; স্থির। ২ মনোরম; মনোহর; চারুদর্শন। ৩ প্রসন্ন। ৪ সোমরস পানকারী। ❑ *বি* চন্দ্রপুত্র; বুধ নামক গ্রহ। **সৌম্যতা** *বি* প্রশান্তি। **সৌম্যা** *বিণ স্ত্রী.* ১ শান্ত ধীর স্থির নারী। ২ প্রসন্না। ৩ সোমরস পানকারিণী বা পরিবেশনকারিণী।

সৌর *বিণ* ১ সূর্যবিষয়ক। ২ সূর্যের উপাসক। [স.]। **সৌরজগৎ** *বি* সূর্য ও তার গ্রহ উপগ্রহ মিলে যে জগৎ। **সৌর বৎসর** *বি* ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৮.৭৬৮ মিনিটে পৃথিবী সূর্যকে একবার প্রদক্ষিণ করে, এ সময়কে সৌরবৎসর বলা হয়।

সৌরভ *বি* সুগন্ধ; কুমকুম।

সৌষ্ঠব *বিণ* সৌন্দর্য; উৎকর্ষ। ❑ *বি* ১ সুগঠন। ২ সুষ্ঠুতা। [স.]

সৌহার্দ, সৌহার্দ্য, সৌহৃদ *বি* ১ বন্ধুত্ব; সখ্য; দোস্তি। ২ মহত্ত্ব; প্রেম; ভালোবাসা; সম্প্রীতি। ৩ সুজনতা বোধ; সৌজন্য। [স.]

স্কন্দ *বি* হিন্দুপুরাণোক্ত দেবসেনাপতি; কার্তিকেয়। ❑ *বিণ* জ্ঞানী; বিদ্বান। [স.]

স্কন্ধ *বি* ১ গর্দান; কাঁধ। ২ ষাঁড়ের পৃষ্ঠের স্থূল মাংসখণ্ড; ঝুঁটি। ৩ গ্রন্থের পরিচ্ছেদ; অধ্যায়; সর্গ। ৪ সেনা সন্নিবেশের ব্যূহবিশেষ। ৫ বৃক্ষের কাণ্ডে যেখানে ডাল বের হয়। ৬ বৌদ্ধদর্শনের পাঁচ বিভাগের অন্যতম।

স্খলন *বি* ১ পতন। ২ ন্যায়পথ থেকে চ্যুত হওয়া। ৩ পিছলানো। ৪ বিপদগামী হওয়া। ৫ উচ্চারণ। ৬ বিকৃতি। ৭ নিঃসরণ। **স্খলিত** *বিণ* ১ বিচ্যুত। ২ বিপদগামী। ৩ নিঃসরিত। ৪ নিস্তেজ। ৫ স্খলন সম্বন্ধীয়। [স.]। **স্খালন** *বি* ১ পরিষ্কার করণ। ২ পরিত্যাগ; বিদূরণ। ৩ সংশোধন। ৪ অপসারণ।

স্টক *বি* মওজুদ বা জমা মাল। [ই.]

স্টিম *বি* বাষ্প। [ই.]

স্টিল *বি* ইস্পাত; পাকা লোহা। [ই.]

স্টেজ *বি* মঞ্চ। [ই. stage]

স্টেট *বি* রাজ্য।

স্টেথিসকোপ, স্টেথোস্কোপ *বি* হৃদ্‌বীক্ষণযন্ত্র। [ই. stethoscope]

স্টেনগান *বি* ছোট মেশিনগান; stengun।

স্টেনো *বি* স্টেনোগ্রাফারের সংক্ষিপ্তরূপ। **স্টেনোগ্রাফার** *বি* সাঁটলিপিকার।

স্টেশন *বি* রেল জাহাজ ইত্যাদি থামার এবং থাকার স্থান।

স্টোভ *বি* কেরোসিন তেল ও কৃত্রিম উপায়ে বায়ুপূর্ণ ধাতব চুল্লিবিশেষ। [ই. stove]

স্টোর *বি* ১ ভাণ্ডার; ভাঁড়ার; ধন খাদ্য বা অন্যান্য বস্তু সংরক্ষণের স্থান। ২ গুদাম। ৩ দোকান। [ই. store]। **স্টোরকিপার** *বি* ভাণ্ডাররক্ষক; ভাণ্ডারী। [ই. storekeeper]। **স্টোর-রুম** *বি* ভাঁড়ার-কক্ষ; ভাঁড়ার (store-room)। **স্টোর-হাউস** *বি* গুদাম-ঘর; গোলাঘর। [ই. store-house]

স্ট্রাইক *বি* ধর্মঘট। [ই.]

স্ট্রিট, স্ট্রীট *বি* রাস্তা; লেনের চেয়ে বড়; রোডের চেয়ে সরু শহুরে পথ। [ই.]

স্ট্যান্ডার্ড *বি* ১ নির্ধারিত মান। ২ আদর্শ। ৩ মাপ; সময়। [ই. standard]

স্ট্যাম্প *বি* ১ ডাকটিকিট। ২ দলিল সম্পাদন করবার সরকারি মোহরযুক্ত রাজস্ব প্রদানসূচক ক্রীত কাগজ। [ই. stamp]

স্তন *বি* ১ মাই; পয়োধর; কুচ; মায়ের বক্ষের দুগ্ধাধার। ২ দুধ। **স্তনাগ্র** *বি* স্তনের অগ্রভাগের বোঁটা; চুচুক। [স. স্তন+অগ্র]

স্তন্য *বি* স্তননিঃসৃত দুধ। [স.]

স্তন্যজীবী(-বিন্), **স্তন্যপায়ী**(-য়িন্) *বিণ* স্তনজ দুধ পান করে জীবন ধারণ করে এমন। ❑ *বি* শিশু। [স.]

স্তন্যপান *বি* মায়ের বুকের দুগ্ধ পান; মাই খাওয়া।

স্তব *বি* ১ প্রশংসো কীর্তন। ২ আরাধনা; স্তুতি। ৩ মন্ত্র উচ্চারণ; মন্ত্রপঠন। ৪ স্তোত্র। **স্তবন** *বি* ১ গুণকীর্তন; প্রশংসাকীর্তন। ২ মন্ত্রোচ্চারণ। ৩ আরাধন। [স.]। **স্তাবক** *বিণ* ১ স্তুতিগায়ক। ২ মন্ত্রপাঠক; ব্রাহ্মণ। ❑ *বি,বিণ* চাটুকার; খোশামুদে; চামচা। **স্তাবকতা** *বি* চাটুকারিতা; খোশামোদ।

স্তবক *বি* ১ থোকা; গুচ্ছ। ২ গ্রন্থাদির অধ্যায়; সর্গ। ৩ কবিতার সঙ্ঘবদ্ধ চরণসমষ্টি। ৪ শ্লোক বা মন্ত্রের বিভাগ। [স.]। **স্তবকিত** *বিণ* তোড়া-বাঁধা; একত্র।

স্তব্ধ *বিণ* ১ নিশ্চল; নিস্পন্দ; নিঃসাড়। ২ মূর্ছিত; সংজ্ঞাহীন। ৩ অবাক; বাকরুদ্ধ; বধির। ৪ পলকহীন। ৫ ভয়ার্ত; স্তম্ভিত। **স্তব্ধতা** *বি* স্তব্ধ হওয়ার ভাব; নীরবতা; নিঃসাড়তা।

স্তম্ভ *বি* ১ খুঁটি; ঘরের থাম। ২ খবরের কাগজাদির কলাম। ৩ নিরোধ; প্রতিরোধ। ৪ অসাড়। ❑ *বিণ* স্তম্ভিত;

আশ্চর্যান্বিত। [স.]
স্তম্ভন *বি*১ নিরোধকরণ; নিবারণ। ২ মন্ত্রদ্বারা আবিষ্টকরণ। ৩ প্রতিরোধকরণ। ৪ স্থিরীকরণ। ৫ হিন্দুদেবতা কন্দর্পের বাণবিশেষ। [স.]। **স্তম্ভিত** *বিণ*১ মুগ্ধ; আবিষ্ট। ২ স্তম্ভের মতো জড়ীভূত। ৩ প্রতিরোধকৃত। ৪ অবরুদ্ধ।
স্তর *বি* ১ মৃত্তিকা বায়ু সময় ইত্যাদির বিভাগবিশেষ। ২ স্তবক; অধ্যায়। ৩ পলি ইত্যাদির বিভাগ। ৪ শ্রেণী। [স.]
স্তিমিত *বিণ*১ ক্ষীণ; বিস্মৃতপ্রায়। ২ ক্ষীণপ্রভ; অনুজ্জ্বল। ৩ অপ্রখর। ৪ আধখোলা বা ঝাপসা। ৫ মন্থর। ৬ সিক্ত; আর্দ্র; ভেজা। ❑*বি* আবছা; অস্পষ্ট। [স.]
স্তুত *বিণ*১ প্রশংসিত। ২ আরাধিত।
স্তুতি *বি* ১ প্রশংসা; হাম্‌দ; গুণকীর্তন। ২ খোশামোদ। ৩ আরাধনা। ৪ মন্ত্রপঠন। [স.]। **স্তুতিবাদ** *বি* প্রশংসাবাদ; খোশামোদবাক্য।
স্তূপ *বি*১ একত্রে জমাকৃত বস্তুর রাশি; ঢিপি; গাদা; কাঁড়ি; রাশিসমূহ। ২ জমা করা; একত্র করা; ঢিবির আকারের বৌদ্ধ সমাধিস্তম্ভ; stupa। **স্তূপাকার, স্তূপাকৃতি, স্তূপীকৃত** *বিণ*১ রাশীকৃত। ২ সঞ্চিত।
স্তোক *বিণ* ১ অপ্রচুর; অল্প। ২ ঈষৎ; সামান্য। ❑*বি* মিথ্যা প্রবোধ; সান্ত্বনা বা আশ্বাস। [স.]। **স্তোকবাক্য** *বি* প্রবোধ বচন; মনভুলানো মিষ্টকথা।
স্ত্রী *বি*১ জায়া; পত্নী; বেগম; বিবি; বধূ। ২ নারী; রমণী; আওরত; কামিনী। ❑*বিণ* নারীজাতীয়; মেয়ে সম্প্রদায়ের; মাদি। [স.]। **স্ত্রী-আচার** *বি* স্ত্রীজাতির সংস্কার; নারীদের অনুষ্ঠান পালন; বিবাহে সধবা নারীদের মাঙ্গলিক অনুষ্ঠান। **স্ত্রীগমন** *বি* নারীসঙ্গম; নারীসম্ভোগ। **স্ত্রীচরিত্র** *বি* নারীজাতির বৈশিষ্ট্য বা প্রকৃতি। **স্ত্রীচিহ্ন** *বি* যে চিহ্ন দ্বারা নারীজাতিকে চেনা যায়; যোনি। **স্ত্রীত্ব** *বি*১ মেয়েলি ধর্ম; মেয়েলি স্বভাব। ২ নারীদের বিশেষ লক্ষণ; স্ত্রীচিহ্ন। ৩ ভার্যা হওয়ার গুণবৈশিষ্ট্য। **স্ত্রীধন** *বি* নারীর ধনসম্পদ; বিবাহকালে প্রাপ্ত সম্পদ। **স্ত্রীধর্ম** *বি*১ স্ত্রীলোকের কর্তব্য; স্ত্রীদের করণীয়। ২ রজঃ; ঋতু। **স্ত্রীরত্ন** *বি* ১ অতি আদরের স্ত্রী। ২ শ্রেষ্ঠা নারী। **স্ত্রীরোগ** *বি* কেবল নারীদের যে রোগ হয়। **স্ত্রীলিঙ্গ** *বি* (ব্যা.) স্ত্রীবাচক শব্দ। **স্ত্রীসংসর্গ, স্ত্রীসঙ্গম, স্ত্রীসহবাস** *বি* স্ত্রীগমন; স্ত্রীসম্ভোগ। **স্ত্রীসুলভ** *বিণ* স্ত্রীলোকের পক্ষে স্বাভাবিক; মেয়েলি। **স্ত্রী-স্বাধীনতা** *বি* নারী মুক্তি। **স্ত্রীহরণ** *বি* নারী অপহরণ।
স্ত্রৈণ *বিণ* স্ত্রীবশ; পত্নীর অতিশয় বাধ্য; henpecked। [স.]। **স্ত্রৈণতা** *বি* স্ত্রীবাধ্যতা; স্ত্রীর প্রতি অশোভন আনুগত্য।
-স্থ ১ অন্তর্গত। ২ বর্তমান; বিদ্যমান। ৩ অবস্থিত; স্থিত। (বৃক্ষস্থ)। [স.]
স্থগিত *বিণ*১ ক্ষান্ত; নিবৃত্ত; মুলতবি; প্রতিহত। ২ আবৃত; আচ্ছাদিত। ৩ মন্থর। [স.]
স্থপতি *বি* ১ বাস্তুকলাবিদ; গৃহাদি নির্মাণের পরিকল্পনাকারী; architect। ২ গৃহাদি নির্মাণকারী; রাজমিস্ত্রি। [স.]। **স্থপতিকলা** *বি* নির্মাণকার্য/কৌশল।
স্থবির *বিণ*১ বয়সাধিক্য হেতু অচল ও অথর্ব। ২ রোগগ্রস্ত; রোগাদি হেতু নিশ্চল। ৩ সন্ন্যাস পালনকারী প্রবীণ বা জ্ঞানবৃদ্ধ ভিক্ষু; থের। [স.]। **স্থবিরতা** *বি* ১ বার্ধক্য। ২ রোগাদি হেতু অচলাবস্থা। ৩ সচলতার অভাব। [থের<স্থবির]
স্থল *বিণ* জায়গা; স্থান। ❑*বি*১ জলশূন্য জায়গা। ২ আধার; পাত্র। ৩ অবস্থা; পরিস্থিতি। [স.]। **স্থলকমল, স্থলপদ্ম** *বি* ফুলবিশেষ; ডাঙ্গায় যে পদ্মফুল জন্মে। **স্থলচর** *বিণ*১ ডাঙ্গায় বিচরণকারী। ২ স্থলে বসবাসকারী। **স্থলপথ** *বি* ডাঙ্গা বা ভূমির উপর দিয়ে যে পথ বা রাস্তা। **স্থলবাণিজ্য** *বি* স্থলপথেই যে ব্যবসায় পরিচালিত হয়; আকাশ বা জলপথে যে বাণিজ্য পরিচালিত হয় না। **স্থলাভিষিক্ত** *বিণ*১ উত্তরাধিকারী। ২ অন্যের স্থান বা পদে অধিষ্ঠিত। ৩ কারও পরিবর্তে কাজ করে এমন; বদলি। ❑*বি* প্রতিনিধি। **স্থলী** *বি*১ স্থান; জায়গা। ২ ডাঙা; মাটি; ভূমি। ৩ থলে।
স্থাণু *বি* ১ গোঁজ; খোঁটা; স্তম্ভ। ২ নির্জীব বস্তু; নিস্পন্দ অবস্থা; স্থবির। ৩ হিন্দুদেবতা শিব। ৪ উইপোকার সঞ্চিত ঢিপি। ❑*বিণ* ১ শান্ত; নিশ্চল। ২ শাখা-পত্রহীন নিশ্চল বৃক্ষ।
স্থাতা *বিণ* অবস্থান করে এমন; থাকে এমন; করা যায় এমন। [স.]
স্থান *বি*১ জায়গা। ২ ঠাঁই; আসন। ৩ আশ্রয়। ৪ পাত্র। ৫ আবাস। ৬ নিকট; সমীপ। [স.]
স্থাপত্য *বি* স্থপতির গৃহাদি তৈরির কাজ। [স.]। **স্থাপত্যবিদ্যা, স্থাপত্যবিজ্ঞান** *বি* গৃহ ও ভবনাদি নির্মাণের কলা ও বিজ্ঞান; গৃহাদি নির্মাণকার্যের কৌশল ও জ্ঞানবিষয়ক বিজ্ঞান। **স্থাপত্যশিল্প, স্থাপত্যকলা** *বি* গৃহাদি কার্য; নির্মাণশিল্প।
স্থাপন, স্থাপনা *বি*১ প্রতিষ্ঠা; নির্মাণ। ২ নিয়োগকরণ। ৩ রেখে দেওয়া; সংরক্ষণ। ৪ নিবাসন। [স.]। **স্থাপয়িতা** (-তৃ) *বিণ* প্রতিষ্ঠাতা; স্থাপনকারী। **স্থাপয়িত্রী** *বিণ* প্রতিষ্ঠাত্রী। **স্থাপিত** *বিণ* প্রতিষ্ঠিত; সংস্থাপনকৃত।
স্থাবর *বিণ*১ নিশ্চল। ২ স্থানান্তরিত করার অযোগ্য। ৩ অসাড়; জড় প্রকৃতির। [স.]
স্থায়ী *বিণ*১ স্থির; স্থিতিশীল। ২ টিকে থাকার যোগ্য; পাকা। ৩ শক্ত; মজবুত। ৪ অচল; অনড়। ৫ দীর্ঘজীবী; পাকাপোক্ত। ৬ অপরিবর্তনীয়; বদ্ধমূল। [স.]। **স্থায়িত্ব** *বি* স্থিতিশীলতা; স্থায়ী অবস্থা। **স্থায়িভাব** *বি* (আল.) রতি ক্রোধ বীভৎসাদি মানব-মনের শাশ্বত ভাব।
স্থিত *বিণ*১ রক্ষিত। ২ অবস্থিত। ৩ বিদ্যমান; দণ্ডায়মান। ৪ বর্তমান। ৫ ধীর-স্থির; শান্ত। [স.]। **স্থিতাবস্থা চুক্তি** *বি* যুদ্ধাদি মীমাংসাকালীন বিদ্যমান অবস্থা বজায় রাখার সামরিক চুক্তি; statusquo।
স্থিতি *বি*১ অবস্থান। ২ বিদ্যমানতা। ৩ অবিচলিত ভাব; স্থিরতা। **স্থিতিশীল** *বিণ* স্থায়ী; অবস্থানশীল। **স্থিতিস্থাপক** *বিণ*১ প্রসারণ ও সংকোচনের পরেও যা স্বাভাবিক অবস্থা ফিরে পায়। ২ স্থায়িত্ব; সংস্থাপক। **স্থিতিস্থাপকতা** *বি* নমনীয়তা; সংস্থাপনা।
স্থির *বিণ*১ অবিচল। ২ স্থায়ী। ৩ নিশ্চিত; দৃঢ়। ৪ নির্ধারিত। ❑*ক্রিবিণ* অনিবার্যরূপে; নিশ্চিতরূপে। **স্থিরতা, স্থিরত্ব** *বি* ১ স্থায়িত্ব। ২ নিশ্চয়তা।
স্থূল *বিণ* ১ বৃহৎকায়; মোটা। ২ মাংসল ও মোটা। ৩ অপরিপক্ব ও অসূক্ষ্ম; তীক্ষ্ণতাশূন্য। ৪ অগভীর; ভাসা ভাসা। ৫ সাধারণ। **স্থূলকোণ** *বি* (জ্যা.) এক সমকোণ অপেক্ষা বড় কিন্তু দুই সমকোণ অপেক্ষা ছোট কোণ।

স্থূলতা, স্থূলত্ব *বি* ১ অপরিপক্ব। ২ অগভীরতা। ৩ বৃহদাকৃতি। **স্থূলদর্শী** *বিণ* অগভীর দৃষ্টিসম্পন্ন; যে কোনো কিছুই গভীরভাবে তলিয়ে দেখে না। **স্থূলদৃষ্টি** *বি* ১ সূক্ষ্মবিচারহীন দৃষ্টি। ২ সাধারণ দৃষ্টি। **স্থূলদেহ** *বিণ* ১ বিপুল বপু। ২ পাঞ্চভৌতিক দেহ। **স্থূলবুদ্ধি** *বিণ* মোটাবুদ্ধিসম্পন্ন। ❑*বি* মোটা বুদ্ধি।

স্থেয় *বিণ* ১ স্থাপনযোগ্য। ২ স্থির; শান্ত। ❑*বি* মধ্যস্থ ব্যক্তি। [স.]

স্থৈর্য *বি* স্থিরতা; ধীরতা; মানসিক দৃঢ়তা। [স.]। **স্থৈর্যহীন** *বি* অস্থির; চঞ্চল।

স্নাত *বিণ* ১ স্নান বা গোসল করেছে এমন। ২ বিধৌত। **স্নাতক** *বিণ* স্নানকারী। ❑*বি* ১ ব্রহ্মচর্য সমাপনান্তে গৃহকর্মে প্রবিষ্ট ব্যক্তি। ২ বিশ্ববিদ্যালয়ের প্রথম ডিগ্রি; গ্রাজুয়েট। **স্নাতকোত্তর** *বি* গ্রাজুয়েট হবার পরবর্তী ডিগ্রি। [স. স্নাতক+উত্তর]। **স্নাতা** *বিণ স্ত্রী.* স্নান বা গোসল করেছে এমন।

স্নান *বি* গোসল; নাওয়া; সম্পূর্ণ অঙ্গ ধৌতকরণ। **স্নানযাত্রা** *বি* জ্যৈষ্ঠ পূর্ণিমায় হিন্দুদেবতা জগন্নাথের স্নান উপলক্ষে উৎসব। **স্নানাগার** *বি* স্নানের ঘর; গোসলখানা; হাম্মাম। [স. স্নান+আগার]

স্নায়বিক, স্নায়বীয় *বিণ* স্নায়ুসম্বন্ধীয়। [স.]

স্নায়ী(-য়িন) *বিণ* স্নানকারী; গোসলকারী। [স.]

স্নায়ু *বি* জীবদেহের অনুভূতি ও গতিসঞ্চারক সূক্ষ্ম সূত্রসমূহ; nerve। **স্নায়ুক্লান্ত** *বিণ* কঠোর পরিশ্রমের পর স্নায়ু নিস্তেজ হয়েছে এমন। [স.]। **স্নায়ুযুদ্ধ** *বি* নানাবিধ উপায়ে আতঙ্ক সৃষ্টির দ্বারা শত্রুর মনোবল নাশ। **স্নায়ুদৌর্বল্য, স্নায়বিক দৌর্বল্য** *বি* স্নায়ুর দুর্বলতারূপ রোগ; nervous debility। [স.]

স্নিগ্ধ *বিণ* ১ মোলায়েম; স্নেহপূর্ণ; মায়াজড়িত। ২ লালিত্যপূর্ণ; মধুর। ৩ সুখদায়ক। ৪ শীতল; তেজোহীন। ৫ পরিষ্কার; মেদুর; মসৃণ। ৬ তৈলাক্ত। [স.]। **স্নিগ্ধা** *স্ত্রী.*। **স্নিগ্ধতা** *বি* কোমলতা; মধুরতা। **স্নিগ্ধকর** *বিণ* স্নিগ্ধ করে এমন।

স্নেহ *বি* ১ আদর; সোহাগ। ২ বাৎসল্য; প্রীতি; ভালোবাসা। ৩ চর্বি; ঘৃত। **স্নেহ পদার্থ** *বি* তেল চর্বি ঘৃত ইত্যাদি পদার্থ। **স্নেহপাত্র/পাত্রী** *বি* আদরের ধন; পরম প্রিয়জন। ❑*বিণ* স্নেহভাজন/স্নেহভাজনীয়া।

স্পঞ্জ *বি* ১ এক প্রকার সামুদ্রিক জীব বা তার দেহ—যে দেহে অসংখ্য ছিদ্র থাকায় তা পানিশোষক। ২ চপ্পল; স্যান্ডেল; পাদুকা। ৩ স্থিতিস্থাপক বস্তুবিশেষ। [ই. sponge]

স্পন্দ, স্পন্দন *বি* ১ ঈষৎ কম্পন; মৃদু নড়াচড়া। ২ স্ফুরণ। [স.]। **স্পন্দমান** *বিণ* কম্পমান; অস্থির। **স্পন্দরহিত, স্পন্দশূন্য, স্পন্দহীন** *বিণ* অচল; স্থির; অকম্পিত; নিস্পন্দ। **স্পন্দিত** *বিণ* ১ আন্দোলিত। ২ কম্পিত।

স্পর্ধা *বি* ১ দর্প; বড়াই; অহঙ্কার। ২ আস্ফালন; দম্ভ। ৩ দুঃসাহস। [স.]। **স্পর্ধিত, স্পর্ধী**(-ধিন) *বিণ* দর্পযুক্ত; উদ্ধত; স্পর্ধাকারী। **স্পর্ধিতা** *বিণ স্ত্রী.* স্পর্ধা বা দর্পকারিণী।

স্পর্শ *বি* ১ ছোঁয়া; ত্বগিন্দ্রিয় গ্রাহ্যগুণ; দেহচর্মের অনুভূতি। ২ সান্নিধ্য; সংসর্গ। **স্পর্শক** *বিণ* স্পর্শকারী; স্পর্শ করে এমন। ❑*বি* (জ্যা.) বৃত্তের পরিধি স্পর্শকারী সরলরেখা যা বর্ধিত করলেও বৃত্তকে ছেদ করে না; tangent। **স্পর্শকাতর** *বিণ* সামান্যতেই যে হৃদয়ে আঘাত পায়; sensitive। **স্পর্শকাতরতা** *বি*। **স্পর্শবর্ণ** *বি* ক থেকে ম পর্যন্ত পঁচিশটি বর্গীয় বর্ণ। **স্পর্শমণি** *বি* পরশপাথর। **স্পর্শী**(-শিন) *বিণ* স্পর্শ করে এমন। **স্পর্শকারী** *বিণ* আলোড়িত করে এমন। **স্পর্শেন্দ্রিয়, স্পর্শনেন্দ্রিয়** *বি* যে ইন্দ্রিয় দ্বারা স্পর্শ করা যায়; ত্বক। [স. স্পর্শ+ইন্দ্রিয়]। **স্পৃষ্ট** *বি* যা বা যাকে স্পর্শ করা হয়েছে। **স্পৃষ্টি** *বি* স্পর্শন; স্পর্শকরণ।

স্পষ্ট *বিণ* ১ সুব্যক্ত; স্ফুট; প্রকাশিত। ২ খোলাখুলি; কিছু গোপন নেই এমন; প্রকাশ্য। ৩ বিশদ; বিস্তারিত। ❑*ক্রিবিণ* বিশদভাবে; পরিস্ফুটভাবে। [স.]। **স্পষ্টত, স্পষ্টতঃ** *অব্য* স্পষ্টই বুঝা বা দেখা যায় এমন। **স্পষ্টতা** *বি* পরিস্ফুটতা। **স্পষ্ট বক্তা, স্পষ্টবাদী**(-দিন), **স্পষ্টভাষী**(-ষিন) *বিণ* উচিতবাদী; কারও তোয়াক্কা না করে খোলাখুলিভাবে বলে এমন। **স্পষ্টবাদিনী, স্পষ্টভাষিণী** *স্ত্রী.*। **স্পষ্টবাদিতা** *বি* স্পষ্ট কথা বলার অভ্যাস। **স্পষ্টাক্ষরে** *ক্রিবিণ* পরিষ্কার পরিচ্ছন্ন এবং সহজবোধ্য অক্ষরে বা লেখায়। **স্পষ্টাস্পষ্টি** *বিণ* খোলাখুলি; অত্যন্ত স্পষ্ট। ❑*ক্রিবিণ* খোলাখুলিভাবে; প্রকাশ্যভাবে।

স্পিকার, স্পীকার *বি* পার্লামেন্ট বা আইনসভার সভাপতি। [ই.]

স্পৃহা *বি* ১ ইচ্ছা; অভিলাষ; আকাঙ্ক্ষা; বাঞ্ছা; কামনা। ২ লোভ। ৩ রুচি। **স্পৃহণীয়** *বিণ* ১ কাম্য; স্পৃহার যোগ্য। ২ লোভনীয়। **স্পৃহয়ালু** *বিণ* আকাঙ্ক্ষা বা কামনাযুক্ত; লোলুপ; লোভী। [স.]

স্ফার *বি* ১ বিস্ফার; বিস্তৃতি। ২ বিকাশ; স্ফূর্তি। [স.]। **স্ফারণ** *বি* ১ বিকাশ; স্ফূর্তি। ২ বিস্তার; প্রসার। **স্ফারিত** *বি* বিস্তারিত; প্রসারিত। ❑*বিণ* বিকশিত।

স্ফিংস *বি* ১ গ্রিক পুরাণ মতে নারীর মস্তক ও সিংহীর দেহযুক্ত বিকটাকার রাক্ষসী। ২ মিসরের গাজা নামক স্থানে অবস্থিত বিশাল নারী-সিংহী মূর্তি। [গ্রি. Sphinx]

স্ফীত *বিণ* ১ ফুলে বা ফেঁপে উঠেছে এমন। ২ প্রবল হয়েছে এমন। ৩ বর্ধিত। ৪ সমৃদ্ধ; ঐশ্বর্যমণ্ডিত। **স্ফীতা** *স্ত্রী.*। **স্ফীতি** *বি* ১ বৃদ্ধি। ২ প্রাবল্য। ৩ সমৃদ্ধি। ৪ ফেঁপে বা ফুলে ওঠা। [স. √স্ফায়্+ত]

স্ফুট *বিণ* ১ বিকশিত; ফুল্ল। ২ রন্ধ্রযুক্ত; ফুটা; বিদীর্ণ। ৩ ব্যক্ত; বিশদ; স্পষ্ট। [স. √স্ফুট্+অ]। **স্ফুটন** *বি* ১ স্ফুরণ; বিকাশন। ২ ব্যক্ত হওয়া। ৩ তরল পদার্থাদি তাপ প্রযুক্ত হবার ফলে বুদ্বুদযুক্ত হওয়া। **স্ফুটনোন্মুখ** *বিণ* প্রস্ফুটিত প্রায়; এখনি ফুটবে এমন। **স্ফুটবাক** *বিণ* ১ স্পষ্টবক্তা। ২ কথা ফুটেছে এমন। **স্ফুটনবিন্দু, স্ফুটনাঙ্ক** *বি* উত্তাপ যে মাত্রায় পৌঁছুলে তরল পদার্থ ফুটতে থাকে; boiling point। **স্ফুটিত** *বিণ* ১ বিকশিত। ২ স্পষ্টীকৃত। ২ বিদীর্ণ। ৪ ফুটা; ছিদ্রিত।

স্ফুরণ *বি* ১ উদ্রেক। ২ কম্পন। ৩ দীপ্তি। ৪ প্রকাশ। [স. √স্ফুর+অন]। **স্ফুরিত** *বি* কম্পিত। ❑*বিণ* ১ বিকশিত। ২ প্রকাশিত। ৩ দীপ্ত। ৪ উদ্রিক্ত। **স্ফুরা** (পদ্যে.) *ক্রি* কম্পিত হওয়া।

স্ফুলিঙ্গ *বি* অগ্নিকণা; আগুনের ফুলকি। [স. √স্ফুল্+লিনগ্+অ]

স্ফূর্ত *বিণ* বিকাশ; প্রকাশ বা স্ফূর্তি লাভ করেছে এমন।

[স. √স্ফুর্‌+ত]। **স্ফূর্তি** *বিণ* স্ফুরণ। ❑*বি* ১ কম্পন। ২ প্রকাশ; বিকাশ। ৩ হর্ষ; উৎফুল্লতা।
স্ফোট *বি* ১ ফোড়া। ২ অর্বুদ; আব। ৩ (ব্যা.) পরপর উচ্চারিত বর্ণের দ্বারা অভিব্যক্ত শব্দ। [স. √স্ফুট্‌+অ]। **স্ফোটবাদ** *বি* শব্দার্থ সম্বন্ধে একটা মত।
স্ফোটক *বি* ১ ফোড়া। ২ অর্বুদ। [স. √স্ফট্‌+অক]
স্ফোটন *বি* ১ বিকাশন; প্রকাশন। ২ বিদারণ। **স্ফোটনী** *বি* ফুড়বার বা বিদ্ধ করবার যন্ত্র; বেধনী; সুচ; তুরপুন। [স. √স্ফুট্‌+ণিচ্‌+অন]
স্মর *বি* ১ স্মরণ। ২ কন্দর্প। ৩ স্মরণকারী। [স. √স্মৃ+অ]। **স্মরহর, স্মরারি** *বি* হিন্দুপুরাণোক্ত মদন ভস্মকারী শিব। [স. স্মর+অরি]
স্মরণ *বি* ১ স্মৃতি। ২ ধ্যান; চিন্তা। ৩ মনে মনে বিগত বিষয়াদির পুনরানুভূতি। ৪ মনে মনে অনেক সাহায্য কামনা বা আগমন কামনা। [স. √স্মৃ+অন]। **স্মরণ শক্তি** *বি* মনে রাখবার ক্ষমতা। **স্মরণাতীত** *বিণ* এত পুরাতন যে সকলেই স্মরণ করতে অসমর্থ; স্মরণাতিক্রান্ত। **স্মরণার্থ** *ক্রিবিণ* স্মৃতির উদ্রেকহেতু মনে করিয়ে দেওয়ার জন্য। **স্মরণার্হ, স্মরণীয়, স্মর্তব্য** *বিণ* স্মরণযোগ্য। **স্মরণিক** *বিণ* স্মৃতি রক্ষা করে এমন; স্মৃতিরক্ষাকারী; memorial। **স্মরণিকা** *বি স্ত্রী.* স্মরণচিহ্ন; স্মৃতি রক্ষা করে এমন; স্মৃতিরক্ষাকারিণী।
স্মরা(–পদ্যে) *ক্রি* স্মরণ করা। [স. √স্মৃ+অ=স্মর>]
স্মারক *বিণ* স্মরণ করিয়ে দেয় এমন; স্মৃতি উদ্বোধক। **স্মারকপত্র** *বি* যে পত্রে কোনো বিষয় কর্তৃপক্ষকে স্মরণ করিয়ে দেওয়া হয়; memorandum। [স. √স্মৃ+ণিচ্‌+অক]
স্মার্ত *বিণ* ১ স্মৃতি শাস্ত্রসম্পর্কিত। ২ স্মৃতিশাস্ত্রজ্ঞ। ৩ স্মৃতিশাস্ত্রে উক্ত। [স.]
স্মিত *বি* ঈষৎ হাস্য; অল্প হাসি; সামান্য পরিমাণ হাসি। ❑*বিণ* ১ ঈষৎ হাস্যবিশিষ্ট। ২ বিকশিত; ফুল্ল। [স. √স্মি+ত]
স্মৃত *বিণ* স্মৃতির অন্তর্গত; স্মরণের বিষয়ীভূত; স্মরণ করা হয়েছে এমন। [স. √স্মৃ+ত]
স্মৃতি *বি* ১ মনে মনে অতীত বিষয়ের অনুশীলন বা পুনরাবৃত্তি; স্মরণ। ২ মনে রাখবার ক্ষমতা; স্মরণশক্তি। ৩ স্মারকচিহ্ন। ৪ ধ্যান। ৫ ধর্মসংহিতা। [√স্মৃ+তি]। **স্মৃতিকথা** *বি* স্মৃতি থেকে লেখা কাহিনী; অতীত কালের বিবরণী; memoir। **স্মৃতিচিহ্ন** *বি* স্মারকচিহ্ন। **স্মৃতিবার্ষিক, স্মৃতিবার্ষিকী** *বি* বছরান্তে কোনো বিশেষ ঘটনা স্মরণ করে অনুষ্ঠিত উৎসব বা সভা। **স্মৃতিবিজড়িত** *বিণ* স্মৃতির সঙ্গে সম্পর্কিত। **স্মৃতিবিভ্রম** *বি* স্মরণশক্তির ভ্রান্তি বা বিপর্যয়। **স্মৃতিভাণ্ডার** *বি* ১ স্মৃতিরক্ষার জন্য অর্থ সংগ্রহ; স্মৃতি রক্ষার্থে সৃষ্ট ফান্ড বা তহবিল। ২ যে সব বিষয় স্মরণ রাখা হয়। **স্মৃতিভ্রষ্ট** *বিণ* ভুলে যাওয়া; বিস্মৃত। **স্মৃতিরেখা** *বি* স্মৃতির দাগ বা চিহ্ন বা নিদর্শন। **স্মৃতিশক্তি** *বি* স্মরণ করবার ক্ষমতা। **স্মৃতিশাস্ত্র** *বি* মনু ও অন্যান্য শাস্ত্রকার প্রণীত হিন্দু–ধর্ম–সংহিতা। **স্মৃতিস্তম্ভ** *বি* কোনো মৃত ব্যক্তিকে বা গুরুত্বপূর্ণ ঘটনাকে স্মরণ রাখবার জন্য যে স্তম্ভ নির্মিত হয়। **স্মৃতিভ্রংশ, স্মৃতিলোপ, স্মৃতিহানি** *বি* মনে রাখার ক্ষমতার বিলোপ; স্মরণশক্তি লোপ।

স্মের *বিণ* ১ স্মিত; মৃদু হাস্যযুক্ত। ২ বিকশিত। ৩ স্ফুট। [স.]
স্যন্দ *বি* ১ ক্ষরণ। ২ গমন; গতি। ৩ বেগ; দ্রুতি; গতি। [স. √স্যন্দ্‌+অ]। **স্যন্দন** *বি* রথ। ❑*বিণ* ক্ষরণ; চোয়ানো; গমন; গতি; বেগ। **স্যন্দিত** *বিণ* ১ ক্ষরিত। ২ বেগশীল; গতিশীল। **স্যন্দী**(–ন্দিন্‌) *বিণ* ১ বেগযুক্ত; গমনশীল। ২ ক্ষরিত হয় এমন; রক্ষণশীল।
স্যাতলা *বি* শেওলা। [স. শৈবাল]
স্যান্ডুইচ *বি* দুই টুকরা পাউরুটির মধ্যে মাংস সবজি ইত্যাদি দিয়ে তৈরি খাবার। [ই.]
স্যুত *বিণ* ১ বোনা হয়েছে এমন; সেলাই করা; রিপু করা। ২ গ্রথিত। [স. √সিব্‌+ত]। **স্যুতি** *বি* ১ বোনার কাজ; বয়ন। ২ সেলায়ের কাজ; সীবন। ৩ থলে। ৪ বংশ; সন্তান।
স্রব, স্রবণ *বি* স্রাব; প্রস্রবণ; ফোয়ারা। ❑*বিণ* ক্ষরণ। [স. √স্রু+অ/অন]
স্রষ্টা(–ষ্টৃ) *বি* ১ আল্লাহ; বিধাতা; শিব; ব্রহ্মা; বিষ্ণু। ২ সৃষ্টিকর্তা। ❑*বিণ* রচয়িতা; নির্মাতা। [স. √সৃজ্‌+তৃ]
স্রাব *বি* ১ পতন; ক্ষরণ। ২ ক্ষরিত দ্রব্য। **স্রাবণ** *বিণ* ১ স্রাব বা ক্ষরণ করায় এমন। ২ স্রবণশীল; ক্ষরণশীল। [স. √স্রু+অ]
স্রু *বিণ* ক্ষরিত; স্খলিত; গলিত। ❑*বি* ক্ষরণ; গলন; পতন; স্রবণ। [স. √স্রু+র]
স্রোত, স্রোতঃ *বি* ১ প্রবাহ; ধারা। ২ জলপ্রবাহ। [স. স্রোতঃ]। **স্রোতস্বতী, স্রোতস্বিনী, স্রোতোবহা** *বি* নদী; প্রবাহিনী। ❑*বিণ* স্রোতোযুক্ত। **স্রোতে গা ভাসানো** *ক্রি* গতানুগতিকভাবে কিছু করা।
স্লেট *বি* যে কালো পাথরের ফলকে লেখা হয়; সেলেট। [ই. slate]
স্লোগান *বি* মিছিলের ধ্বনি; দাবি আদায়ের জন্য একসঙ্গে বহু মানুষের ধ্বনি; জিগির। [ই.]
স্ব *বি* ১ আত্ম; স্বয়ং; নিজ (স্বকৃত)। ২ আত্মীয়; কুটুম্ব (স্বজন)। ❑*বিণ* নিজের (স্বগৃহ)। ❑*বি* সম্পদ। [স.]। **স্ব স্ব** নিজ নিজ। **সর্বস্ব** *বি* নিজের সবকিছু সম্পদ।
স্বকপোলকল্পিত *বিণ* মনঃকল্পিত বিষয়; নিজের মনগড়া। [স. স্ব+কপোল+কল্পিত]
স্বকীয় *বিণ* স্বীয়; নিজের। **স্বকীয়তা** *বি* নিজস্ব বৈশিষ্ট্য। [স. স্ব+(ক)+ঈয়]
স্বকৃত *বিণ* নিজের দ্বারা সম্পন্ন বা কৃত। [স. স্ব+কৃত]
স্বখাত *বিণ* আপন হাতে খোঁড়া বা খনিত। [স. স্ব+খাত]। **স্বখাতসলিল** *বি* ১ নিজের দ্বারা খোঁড়া বা খনিত জলাশয়ের জল। ২ (আল.) স্বীয় কৃতকর্মের ফল।
স্বগত *বিণ* ১ আত্মগত। ২ মনোগত। ৩ নাটকে দর্শকশ্রোতার শ্রবণগোচর কিন্তু যেন অভিনেতা–অভিনেত্রীর মনোগত। [স. স্ব+গত]। **স্বগতোক্তি** *বি* নাটকে আপন মনে উচ্চারিত উক্তি।
স্বগৃহ *বি* নিজের গৃহ; আপন ঘর। [স. স্ব+গৃহ]
স্বগ্রাম *বি* পৈতৃক গ্রাম; আপন গ্রাম। [স. স্ব+গ্রাম]
স্বচক্ষে *ক্রিবিণ* নিজের চোখে; প্রত্যক্ষ।
স্বচ্ছ *বিণ* ১ কাচের প্রতিবিম্ব ধারণে সক্ষম। ২ অত্যন্ত নির্মল; অতিশয় পরিষ্কার। ৩ অনাবিল। ৪ transparent; দৃষ্টি দ্বারা ভেদ্য। [স. সু+অচ্ছ]
স্বচ্ছতা, স্বচ্ছত্ব *বি* ১ প্রতিবিম্ব ধারণ ক্ষমতা। ২ শুভ্রতা।

৩ নির্মলতা। ❑*বিণ* অনাবিলতা। [স.]। **স্বচ্ছমণি** *বি* ১ কাচ। ২ স্ফটিক।

স্বচ্ছন্দ *বি* ১ স্বেচ্ছা। ২ স্বীয় ইচ্ছা। ❑*বিণ* ১ অবাধ। ২ স্বাধীন। ৩ নিজ ইচ্ছা অনুসারে। ৪ সুস্থ; নীরোগ। ৫ অযত্নজাত; অযত্নসম্ভূত। [স. স্ব+ছন্দ]। **স্বচ্ছন্দতা** *বি* ১ স্বেচ্ছা। ২ স্বাধীনতা। ৩ সুস্থতা। **স্বচ্ছন্দে** *ক্রিবিণ* ১ নিজ ইচ্ছামতো। ২ স্বাধীনভাবে। ৩ সহজে; অনায়াসে।

স্বজন *বি* আত্মীয়; আপনার লোক; বন্ধু-বান্ধব। [স. স্ব+জন]। **স্বজনী** *বি স্ত্রী.* আত্মীয়া; বান্ধবী; প্রিয়সখী।

স্বজাতি *বি* ১ নিজ জাতি বা গোষ্ঠীভুক্ত লোক। ২ নিজের জাতি। [স. স্ব+জাতি]। **স্বজাতীয়** *বিণ* ১ স্বজাতিবিষয়ক। ২ স্বীয় জাতি বা গোষ্ঠীভুক্ত। **স্বজাতীয়া** *স্ত্রী.*।

স্বতঃ, স্বত *অব্য* স্বয়ং; নিজে; নিজ হতে। [স. স্ব+তস্]। **স্বতঃপ্রবৃত্ত** *বিণ* আপনা হতে বা স্বেচ্ছায় ব্যাপৃত; স্বেচ্ছাচালিত। [স. স্বতঃ]। **স্বতঃসিদ্ধ** *বিণ* প্রমাণের অপেক্ষা রাখে না এমন; স্বভাবসিদ্ধ। **স্বতঃস্ফূর্ত** *বিণ* স্বয়ং প্রকাশিত; নিজে নিজেই প্রকাশিত।

স্বতন্তর *বিণ* ১ স্বাধীন; স্বতন্ত্র। ২ পৃথক; ভিন্ন। **স্বতন্তরা** *বিণ* ১ স্বাধীনা; স্বেচ্ছাধীনা; স্বৈরিণী। ২ ভেদ ভাবাপন্ন। ৩ বিচ্ছিন্ন। [স. স্বতন্ত্র>স্বতন্তর (স্বরাগমে)]

স্বতন্ত্র *বিণ* ১ স্বাধীন; স্বতন্তর। ২ ভিন্ন; পৃথক। [স. স্ব+তন্ত্র]। **স্বতন্ত্রা** *স্ত্রী.*। **স্বতন্ত্রভাবে** *ক্রিবিণ* পৃথকভাবে।

স্বত্ব *বি* ধনাদিতে অধিকার; মালিকানা। [স. স্ব+ত্ব]। **স্বত্বাধিকার** *বি* ভোগ দখল ও দান; বিক্রয়াদির অধিকার। **স্বত্বাধিকারী** *বিণ* মালিক; দখলকার। **স্বত্বাধিকারিণী** *স্ত্রী.*।

স্বদল *বি* স্বপক্ষ; নিজের দল। [স. স্ব+দল]। **স্বদলীয়** *বিণ* নিজ দলের; স্বীয় দলভুক্ত। **স্বদলীয়া** *স্ত্রী.*।

স্বদেশ *বি* ১ নিজের দেশ। ২ জন্মভূমি। [স. স্ব+দেশ]। **স্বদেশী, স্বদেশীয়** *বিণ* ১ নিজ দেশের। ২ নিজ দেশজাত। **স্বদেশী আন্দোলন** *বিণ* ব্রিটিশ আমলে বিদেশী দ্রব্য বর্জন প্রভৃতি আন্দোলনের দ্বারা ভারতীয়দের স্বাধীনতা অর্জনের চেষ্টা।

স্বধর্ম *বি* ১ নিজের ধর্ম; শাস্ত্রসম্মত নিয়মনীতি ও আদর্শ। ২ স্বজাতির বা নিজ সমাজ বা পিতামাতামহের ধর্ম। ৩ স্বজাতির আচার ও প্রথাসমূহ। ৪ কুলক্রমাগত বা নিজের স্বাভাবিক পেশা। ৫ স্বভাব। [স. স্ব+ধর্ম]

স্বন *বি* স্বর; ধ্বনি; শব্দ; আওয়াজ। [স. √স্বন্+অ]। **স্বনন** *বি* ১ ধ্বনি; রব; শব্দ। ২ শব্দকরণ। **স্বনিত** *বি* ১ শব্দ। ২ ধ্বনি; নাদ। ৩ নিনাদ। ৪ শব্দিত; গর্জিত। [স.]। **স্বনিয়া** (পদ্যে) *ক্রি* স্বন স্বন শব্দ করে।

স্বনাম *বি* নিজের নাম (স্বনামখ্যাত)। [স. স্ব+নামন্]

স্বনামধন্য *বিণ* নিজ নামে সর্বত্র পরিচিতি বা প্রশংসিত।

স্বপক্ষ *বি* আত্মপক্ষ; নিজের দল।

স্বপ্ন, স্বপন (পদ্যে) *বি* ১ সুপ্ত বা নিদ্রিত অবস্থায় কোনো বিষয়ের প্রত্যক্ষবৎ অনুভব। ২ নিদ্রিত অবস্থায় মনের ক্রিয়া বা অনুভূত বিষয়। ৩ ভবিষ্যৎ সম্পর্কে কল্পনা। ৪ (আল.) কল্পনা; মিথ্যা আশা। ৫ ঘুম; সুপ্তি; নিদ্রা। [স. √স্বপ্+ন, অন; স্বপ্ন>স্বপন]। **স্বপ্নঘোর** *বি* জাগরণের পর মনে যে স্বপ্নাবেশ থাকে। **স্বপ্নচারিতা** *বি* নিদ্রাবেশে বা সুপ্ত অবস্থায় বিচরণ; somambulism। **স্বপ্নজড়িমা** *বি* স্বপ্নহেতু জড়তা বা আলস্য। **স্বপ্নজাল** *বি* জালের ন্যায় স্বপ্নব্যূহ; স্বপ্ন দর্শনের ফলে আবেশ। **স্বপ্নদোষ** *বি* নিদ্রিতাবস্থায় রেতঃস্খলন। **স্বপ্নদ্রষ্টা, স্বাপ্নিক** *বি,বিণ* কল্পনাকারী; পরিকল্পনা-রচয়িতা; চিন্তাকারী। **স্বপ্নবৎ** *বিণ* স্বপ্নের মতো মিথ্যা অথচ মনোহর। **স্বপ্নবৃত্তান্ত** *বি* স্বপ্নে দেখা ঘটনাবলীর বিবরণ বা কাহিনী। **স্বপ্নময়** *বিণ* স্বপ্নতুল্য; স্বপ্নাবেশ দ্বারা আচ্ছন্ন; স্বপ্নজাত; কাল্পনিক; কল্পনাপূর্ণ। **স্বপ্নময়ী** *স্ত্রী.*। **স্বপ্নমুখর** *বিণ* কল্পনাপ্রবণ। **স্বপ্নলোক, স্বপ্নরাজ্য** *বি* ১ স্বপ্নে দেখা মনোহর অথচ কাল্পনিক দেশ। ২ কল্পনার জগৎ। **স্বপ্নাদিষ্ট** *বিণ* স্বপ্নাদেশপ্রাপ্ত। **স্বপ্নাদেশ** *বি* স্বপ্নে লব্ধ দৈব আদেশ। **স্বপ্নাদ্য** *বিণ* ১ স্বপ্নে প্রাপ্ত। ২ স্বপ্নমূলক। **স্বপ্নাবিষ্ট** *বিণ* স্বপ্নঘোরে বা স্বপ্নাবেশে মগ্ন। [স. স্বপ্ন+আদিষ্ট/ আদেশ/ আদ্য/আবিষ্ট]। **স্বপ্নেও না ভাবা**—(আল.) কোনোরূপ আশা না করা; কল্পনারও বাইরে। **স্বপ্নোত্থিত** *বিণ* স্বপ্নপূর্ণ নিদ্রা থেকে জাগরিত। [স. স্বপ্ন+উত্থিত]

স্ববশ *বি* স্বাধীন। ❑*বিণ* নিজের দ্বারা নিয়ন্ত্রিত। [স. স্ব+বশ]

স্বভাব *বি* ১ স্বরূপ; আত্মভাব; স্বপ্রকৃতি। ২ জন্ম থেকে অভ্যস্ত; পুনঃপুন অনুশীলনের দ্বারা লব্ধ। ৩ চরিত্র; আচরণ। ৪ প্রকৃতিগত ধর্ম বা গুণ। ৫ প্রকৃতি; নিসর্গ। ৬ স্বাভাবিক অবস্থা। [স. স্ব+ভাব]। **স্বভাব-কবি** *বি* ১ জন্ম থেকে কবিত্বশক্তিযুক্ত ব্যক্তি। ২ যে কবির মধ্যে শিক্ষিত পটুত্বের চেয়ে স্বতঃস্ফূর্ততাই বেশি। **স্বভাবকুলীন** *বিণ* যার বংশগত কৌলীন্য বজায় আছে এবং দানগ্রহণ বা বিবাহাদি দ্বারা নষ্ট হয়নি। **স্বভাবকৃপণ** *বিণ* প্রকৃতিগতভাবে কৃপণ; স্বভাবত ব্যয়কুণ্ঠ। **স্বভাবগত** *বিণ* ১ স্বভাবে পরিণত। ২ সহজাত; স্বভাবসুলভ। **স্বভাবচরিত্র** *বি* চালচলন; রীতিনীতি। **স্বভাবজ** *বি* স্বভাব থেকে উৎপন্ন। ❑*বিণ* ১ প্রকৃতিগত; স্বভাবসিদ্ধ। ২ প্রাকৃতিক; স্বাভাবিক। **স্বভাবত, স্বভাবতঃ** *ক্রিবিণ* স্বাভাবিকভাবে; চরিত্রগতভাবে। **স্বভাবদত্ত** *বিণ* প্রকৃতিগত। **স্বভাববিরুদ্ধ** *বিণ* অস্বাভাবিক; প্রকৃতিবিরুদ্ধ। **স্বভাব যায় না মলে ইল্লত যায় না ধুলে**—পানি দ্বারা ধুলেও নোংরামি দূর করা যেরূপ অসম্ভব, মনুষ্য প্রকৃতিও সেরূপ অপরিবর্তনীয়। **স্বভাবলব্ধ** *বিণ* স্বাভাবিকভাবে প্রাপ্ত; প্রকৃতি প্রদত্ত। **স্বভাবশোভা** *বি* প্রাকৃতিক সৌন্দর্য; নৈসর্গিক শোভা। **স্বভাবসিদ্ধ, স্বভাবসুলভ** *বিণ* ১ স্বভাবজাত; প্রকৃতিগত। ২ স্বাভাবিক। **স্বভাবী**(-বিন্) *বিণ* স্বভাব অনুসারে। **স্বভাবোক্তি** *বি* ১ কোনো বস্তুর যথাযথ বর্ণনা। ২ কাব্যের অলঙ্কারের নাম।

স্বমত *বি* নিজ মত; আপন অভিপ্রায়। [স. স্ব+মত]

স্বয়ং, স্বয়ম *অব্য* আপনি; নিজে। [স. সু+√ই/ √অয়্+অম্]। **স্বয়ংকৃত** *বিণ* স্বকৃত; নিজের দ্বারা কৃত। **স্বয়ংপ্রকাশ** *বিণ* স্বশক্তিতে প্রকাশিত। **স্বয়ংপ্রধান** *বিণ* কর্তৃত্ব প্রকাশ; নিজেকে প্রধান বলে জাহির করে এমন। **স্বয়ংপ্রভ** *বিণ* স্বীয় জ্যোতিতে দীপ্তিমান। **স্বয়ংপ্রভা** *স্ত্রী.*। **স্বয়ংবর** *বি* আমন্ত্রিত ব্যক্তিদের মধ্য থেকে কন্যা কর্তৃক নিজেই পাত্র নির্বাচন। **স্বয়ংবরা** *বিণ স্ত্রী.* আমন্ত্রিত ব্যক্তিদের মধ্য থেকে পাত্র নির্বাচনকারিণী। **স্বয়ংসিদ্ধ** *বিণ* ১ কেবল নিজ চেষ্টা দ্বারাই সিদ্ধি বা সাফল্য লাভকারী। ২ স্বতঃসিদ্ধ। **স্বয়ংসিদ্ধা** *স্ত্রী.*।

স্বয়ম্ভর *বিণ* স্বাবলম্বী; স্বনির্ভর। [স. স্বয়ম্+√ভৃ+অ]

স্বয়ম্ভু, স্বয়ম্ভূ *বি* ১ স্বয়ং অস্তিত্বশীল; স্বয়ংসৃষ্ট; খোদা। ২ ব্রহ্মা। ৩ বিষ্ণু। ৪ শিব। ☐*বিণ* স্বেচ্ছায় শরীরধারী। [সং. স্বয়ম্‌+√ভূ+উ, ক্বিপ্‌]। **স্বয়ম্ভূতি** *বি* নিজের সৃষ্টি সম্বন্ধে আলোচনা। **স্বায়ম্ভুব** *বি* ১ ব্রহ্মা। ২ প্রথম মনু।

স্বর *বি* ১ কণ্ঠধ্বনি; গলার স্বর বা শব্দ। ২ শব্দ; আওয়াজ। ৩ সঙ্গীতের সুর। ৪ (ব্যা.) যে বর্ণ অন্য বর্ণের সাহায্য ছাড়াই উচ্চারিত হয়। [সং. √স্বৃ+অ]। **স্বরগ্রাম** *বি* (সং) সপ্তসুর : ষড়জ ঋষভ গান্ধার মধ্যম পঞ্চম ধৈবত ও নিষাদ। **স্বরবর্ণ** *বি* (ব্যা.) যে বর্ণ অন্য বর্ণের সাহায্য ব্যতিরেকেই উচ্চারিত হয়; অ আ ই ঈ উ ঊ ইত্যাদি। **স্বরভঙ্গ** *বি* কণ্ঠস্বরের বিকৃতি–রোগ; গলাভাঙা। **স্বরভক্তি** *বি* (ব্যা.) বিপ্রকর্ষ; মধ্য স্বরাগম (ভক্তি>ভকতি)। **স্বরলহরী** *বি* স্বরতরঙ্গ; সুরের ঢেউ। **স্বরলিপি** *বি* (সং) সুর তাল লয়ের সাংকেতিক লিপি। **স্বরসঙ্গতি** *বি* ১ (ব্যা.) শব্দে পরবর্তী বা পূর্ববর্তী স্বরধ্বনির প্রভাবে অন্য বর্ণের স্বরধ্বনির বদল বা পরিবর্তন (বিলাতি>বিলেতি)। ২ (সং) স্বরসমন্বয়; ঐকতান; harmony। **স্বরসন্ধি** *বি* (ব্যা.) স্বরবর্ণের সঙ্গে স্বরবর্ণের বা স্বরান্ত পদের সঙ্গে স্বরাদি পদের সন্ধি–সংযোগ।

স্বরচিত *বিণ* নিজের দ্বারা লিখিত; নিজের দ্বারা প্রণীত; নিজের হাতে গঠিত বা নির্মিত। [সং. স্ব+রচিত]

স্বরাজ *বি* ১ স্বাধীনতা। ২ স্বায়ত্তশাসন।

স্বরাজ্য *বি* নিজের শাসিত স্বাধীন রাজ্য বা সরকার। ☐*বিণ* নিজের রাজ্য। [সং. স্ব+রাজ্য]

স্বরাষ্ট্র *বি* ১ নিজ রাজ্য। ২ রাজ্যের অভ্যন্তরীণ শাসনব্যবস্থা। [সং. স্ব+রাষ্ট্র]। **স্বরাষ্ট্রমন্ত্রী** *বি* যে মন্ত্রী রাষ্ট্রের অভ্যন্তরীণ শাসনব্যবস্থা বিষয়ে ভারপ্রাপ্ত; Home Minister। **স্বরাষ্ট্র–সচিব** *বিণ* স্বরাষ্ট্র সম্পর্কিত কার্যের সচিব বা সর্বপ্রধান কর্মকর্তা; Secretary for Home Affairs; Home Secretary.

স্বরূপ *বি* ১ নিজের রূপ; প্রকৃত বা আসল রূপ। ২ স্বাভাবিক অবস্থা; প্রকৃতি। ৩ সদৃশ রূপ। [সং. স্ব+রূপ]। **স্বরূপত** *অব্য* প্রকৃতপক্ষে; বাস্তবিক পক্ষে; যথার্থত। **স্বরূপতা, স্বরূপত্ব** *বি* নিজ রূপের ভাব; অনন্যতা; নিজ বৈশিষ্ট্য।

স্বর্গ *বি* ১ দেবলোক। ২ চির সুখপ্রদ জায়গা; মরণের পর পুণ্যবানদের আবাসস্থল; বেহেশ্‌ত; জান্নাত। ৩ আকাশ। [সং. সু+√ঋজ্‌+অ]। **স্বর্গগত, স্বর্গত** *বি, বিণ* পরলোকগত; জান্নাতবাসী। **স্বর্গতি, স্বর্গপ্রাপ্তি, স্বর্গলাভ** *বি* ১ মৃত্যু; মরণ। ২ স্বর্গে গমন। **স্বর্গদ্বার** *বি* ১ স্বর্গের প্রবেশ পথ। ২ হিন্দুদের একটি তীর্থক্ষেত্র। **স্বর্গস্থ** *বিণ* ১ স্বর্গীয়; স্বর্গে গত বা অবস্থিত। ২ মৃত; স্বর্গগত; জান্নাতবাসী। **স্বর্গ হাতে পাওয়া** *বি* ১ অলভ্য বস্তু লাভজনিত আনন্দ প্রকাশ; অনির্বচনীয় আনন্দ প্রাপ্তি বা লাভ। ২ সমস্ত সুখ–সম্পদ লাভ। **স্বর্গারোহণ** *বি* স্বর্গে গমন; মরণ; মৃত্যু। [সং. স্বর্গ+আরোহণ]। **স্বর্গীয়, স্বর্গ্য** *বিণ* স্বর্গসুলভ। ☐*বিণ* ১ স্বর্গসংক্রান্ত। ২ স্বর্গগত; মৃত। ৩ পবিত্র। **স্বর্গীয়া** *স্ত্রী.*। **স্বর্গে তুলে দেওয়া**—(আল.) মাত্রাতিরিক্ত প্রশংসায় অহঙ্কারী করা। **স্বর্গে বাতি দেওয়া** *বি* ১ (আল.) বংশ রক্ষা করা। ২ (হিন্দুদের) মৃত পূর্বপুরুষের উদ্দেশ্যে আকাশপ্রদীপ জ্বালা।

স্বর্ণ *বি* সুবর্ণ; হিরণ্য; কনক; কাঞ্চন; হেম; সোনা। [সং. স্ব+√ঋণ্‌+অ]। **স্বর্ণকমল** *বি* সোনার পদ্মফুল; রক্তপদ্ম। **স্বর্ণকার** *বি* যিনি সোনার অলঙ্কার তৈরি করেন; সেকরা; সোনারু। **স্বর্ণগর্ভ** *বিণ* ভিতরে সোনা আছে এমন; স্বর্ণে পূর্ণ। **স্বর্ণগর্ভা** *বিণ স্ত্রী.* সোনায় পূর্ণ। ☐*বি* (আল.) সুসন্তানের জননী; যিনি গর্ভে সুসন্তান ধারণ করেছেন। **স্বর্ণপিঞ্জর** *বি* (আল.) সোনার খাঁচা; দেহ; মানবদেহ। **স্বর্ণপ্রতিমা** *বি* ১ স্বর্ণদ্বারা নির্মিত প্রতিমা। ২ (আল.) সোনার মূর্তির মতো সুন্দরী যে। **স্বর্ণপ্রসূ** *বিণ* ১ স্বর্ণ প্রসব করে এমন। ২ (আল.) অত্যন্ত উর্বরা (স্বর্ণপ্রসূ বাংলাদেশ)। **স্বর্ণবণিক** *বি* ১ সোনার ব্যবসায়ী। ২ সোনার বেনে; হিন্দু সম্প্রদায়বিশেষ। **স্বর্ণভূমি** *বি* যে ভূমিতে সোনা ফলে অর্থাৎ স্বর্ণসদৃশ মূল্যবান ফসল প্রচুর পরিমাণে ফলে; অতি উর্বরা ভূমি বা দেশ। **স্বর্ণভূষণ, স্বর্ণালঙ্কার** *বি* সোনার গহনা। [সং. স্বর্ণ+অলঙ্কার]। **স্বর্ণমৃগ** *বি* ১ সোনার হরিণ। ২ (আল.) যা অত্যন্ত মূল্যবান কিন্তু প্রকৃতপক্ষে মিথ্যা বা সর্বনাশা প্রলোভন মাত্র। **স্বর্ণসিন্দূর** *বি* মরকধ্বজ; এক প্রকার পারদঘটিত আয়ুর্বেদীয় ওষুধ। **স্বর্ণাক্ষর** *বি* সোনার তৈরি হরফ; সোনার মতো উজ্জ্বল অক্ষর। **স্বর্ণাক্ষরে লেখা** *বি* সোনার মতো উজ্জ্বল অক্ষরে লেখা; খ্যাতিসম্পন্ন।

স্বল্প *বিণ* ১ অতি কম; অতি অল্প; খুব অল্প। ২ ছোট। [সং. সু+অল্প]। **স্বল্পকায়** *বিণ* আকারে অতিশয় ছোট। **স্বল্পতা** *বি* অতি অল্পতা; সামান্যতা। **স্বল্পভাষী** *বিণ* অল্প কথা বলে এমন।

স্বল্পায়ু *বিণ* আয়ু কম।

স্বশাসন *বি* স্বায়ত্তশাসন। **স্বশাসিত** *বিণ* স্বায়ত্তশাসিত।

স্বসা *বি* বোন। [সং.]

স্বস্তি *বি* ১ আরাম; উদ্বেগহীনতা; ঝঞ্ঝাটশূন্য অবস্থা; স্বাচ্ছন্দ্য; সুখ। ২ শুভ; মঙ্গল; কল্যাণ। ৩ সন্তোষ। ৪ আশীর্বাদ। ৫ আশীর্বচনযুক্ত মন্ত্র (স্বস্তিপাঠ)। [সং. সু+√অস্‌+তি]। **স্বস্তিবাচন** *বি* মঙ্গল কার্যের শুরুতে স্বস্তি শব্দ উচ্চারণ। **স্বস্তিমুখ** *বি* যিনি স্বস্তিবচন পাঠ করেন; ব্রাহ্মণ। [সং.]। **সুখের চেয়ে স্বস্তি ভালো**—উদ্বেগভরা ধনাঢ্য অবস্থা অপেক্ষা নির্ঝঞ্ঝাট দরিদ্র জীবন ভালো।

স্বস্তিক *বি* ১ পিটুলি নির্মিত এক প্রকার মাঙ্গল্য দ্রব্য; শ্রী। [সং. স্বস্তি+ক]। ২ যোগের এক প্রকার আসন। ৩ মাঙ্গলিক বজ্রচিহ্ন। ৪ জার্মানির নাৎসি বাহিনীর চিহ্ন। **স্বস্তিকা** *বি* মঙ্গলের প্রতীক ক্রুশাকার চিহ্নবিশেষ। **স্বস্তিকাসন** *বি* যোগসাধনের এক প্রকার আসন। [সং. স্বস্তিক+আসন]

স্বস্ত্যয়ন *বি* আপদ দূরীকরণ; পাপমুক্তি; আপৎশান্তি; পাপমোচন প্রভৃতি ইচ্ছায় হিন্দুদের এক প্রকার পূজানুষ্ঠান। [সং. স্বস্তি+অয়ন]

স্বস্থ *বিণ* ১ সুস্থ। ২ নিশ্চিন্ত; উদ্বেগরহিত। [সং. স্ব+√স্থা+অ]

স্বস্থান *বি* ১ নিজের বাসস্থান। ২ নিজের নির্দিষ্ট স্থান। [সং. স্ব+স্থান]

স্বাক্ষর *বি* সহি; দস্তখত; বিশেষ চিহ্ন বা ছাপ (ধ্বংসের স্বাক্ষর)। [সং. স্ব+অক্ষর]

স্বাক্ষরিত *বিণ* দস্তখত করা হয়েছে এমন। [সং.]

স্বাগত, সুস্বাগত(অশু.) *বি* ১ শুভাগত; অভ্যর্থিত অতিথি; খোশআমদেদ; welcome। ২ কুশল প্রশ্ন। [সং. সু+আগত]। **স্বাগতভাষণ** *বি* কোনো অনুষ্ঠানে সমাগত অতিথিদের অভ্যর্থনা জানিয়ে আমন্ত্রক বা তার প্রতিনিধির ভাষণ; welcome address। **স্বাগতিক** *বি*

আমন্ত্রক; নিমন্ত্রক; মেজবান; মেহমান বা অতিথিসেবী গৃহস্থ; host। **সুস্বাগত** (অশু.)।

স্বাচ্ছন্দ্য *বি* ১ স্বচ্ছন্দতা। ২ বাধাহীনতা। ৩ সুস্থতা; সুস্থভাব। ৪ সহজ; স্বাভাবিক; কষ্টহীন অবস্থা। [স. স্ব+ছন্দ+য বা স্বচ্ছন্দ+য]

স্বাজাতিক *বিণ*১ স্বজাতি সম্পর্কিত; স্বদেশবাসী সম্বন্ধীয়। ২ স্বজাতির হিতৈষী; নিজ দেশবাসীর কল্যাণকামী। [স.]। **স্বাজাতিকতা, স্বাজাত্য** *বি* স্বজাতির হিতৈষণা; স্বদেশবাসীর মঙ্গল কামনা।

স্বাতন্ত্র্য *বি* ১ অন্যের সঙ্গে প্রভেদ। ২ স্বকীয়তা। ৩ স্বাধীনতা। [স. স্বতন্ত্র+য]

স্বাতি, স্বাতী *বি* (জ্যো-শা) পঞ্চদশ নক্ষত্র। ☐*বি* সূর্যপত্নী। [স. স্ব+√অত্+ই/ঈ]

স্বাদ *বি*১ আস্বাদ; রসনা দ্বারা স্পর্শ করে প্রাপ্ত অনুভূতি। ২ রসনায় স্পর্শ করে বস্তুর গুণাগুণ বিচার। ৩ মাধুর্য। [স.√স্বদ্+অ]। **স্বাদু** *বিণ* উত্তম স্বাদযুক্ত; মধুর; মিষ্ট।

স্বাদেশিক *বিণ* ১ নিজ দেশ সম্পর্কিত। ২ স্বদেশীয়; স্বদেশজাত। ৩ স্বদেশবাসী। ☐*বি* স্বদেশহিতৈষী; দেশপ্রেমিক। [স. স্বদেশ+ইক]। **স্বাদেশিকতা** *বি* দেশপ্রেমিকতা; স্বদেশপ্রীতি। ☐*বি* স্বদেশহিতৈষণা।

স্বাধিকার *বি* স্বীয় অধিকার। ☐*বি* নিজের সম্পত্তি। [স. স্ব+অধিকার]। **স্বাধিকারপ্রমত্ত** কর্তব্য থেকে বিচ্যুত; নিজের অধিকারের ফলে গর্ববোধ করা।

স্বাধিষ্ঠান *বি*১ সুষুম্না নামক নাড়ির মধ্যস্থ ষড়দল পদ্ম বা চক্র। ২ নিজের আবাস বা কর্মস্থান। [স. স্ব+অধিষ্ঠান]

স্বাধীন *বিণ*১ বাধাহীন; আজাদ; মুক্ত; স্বচ্ছন্দ। ২ নিজের বশে; অনন্যনির্ভর। ৩ সার্বভৌম; বিদেশী দ্বারা শাসিত নয় এমন। [স. স্ব+অধীন]। **স্বাধীনতা** *বি* ১ স্বচ্ছন্দতা; বাধাহীনতা। ২ আজাদি।

স্বাধ্যায় *বি* হিন্দু ধর্মশাস্ত্র বেদ অধ্যয়ন; শাস্ত্রপাঠ। **স্বাধ্যায়ী**(-য়িন্) *বি,বিণ* বেদপাঠকারী; শাস্ত্রপাঠক। [স. স্ব+অধ্যায়, অধ্যায়ী]

স্বাপ্নিক *বিণ* স্বপ্নবিষয়ক; স্বপ্ন দেখে এমন। ☐*বিণ,বি* (আল.) স্বপ্নদ্রষ্টা; কল্পনাকারী। [স. স্বপ্ন+ইক]

স্বাবলম্বন, স্বাবলম্ব *বি*১ আত্মনির্ভর; স্বনির্ভরতা। ২ অনন্যনির্ভরতা। ৩ নিজ শক্তিতে কাজ করার অবস্থা। [স. স্ব+অবলম্বন, অবলম্ব]। **স্বাবলম্বী**(-ম্বিন্) *বি,বিণ* স্বনির্ভর; পরনির্ভর নয় এমন ব্যক্তি। **স্বাবলম্বিনী** *স্ত্রী.*। **স্বাবলম্বিতা** *বি* আত্মনির্ভরতা।

স্বাভাবিক *বি* ১ প্রকৃতিগত। ২ অবিকৃতি। ☐*বিণ* ১ স্বভাবসংগত। ২ প্রাকৃতিক; স্বভাবসিদ্ধ; স্বভাবজাত; নৈসর্গিক। [স. স্বভাব+ইক]। **স্বাভাবিকতা** *বি* স্বভাবসিদ্ধতা। ☐*বিণ* স্বভাবসুলভতা; বিকৃতিশূন্যতা।

স্বাভাষিকতা *বি* নিজের ভাষার প্রতি মমতা বা আকর্ষণ; স্বীয় ভাষার হিতকামনা। [স.]

স্বামী(-মিন্) *বি* ১ ভর্তা; পতি; খসম; প্রভু; মনিব। ২ মালিক; অধিপতি। ৩ পণ্ডিত, সন্ন্যাসীর উপাধিবিশেষ (স্বামী বিবেকানন্দ)। [স. স্ব+আমিন্]। **স্বামিনী** *স্ত্রী.*। **স্বামিত্ব** *বি* মালিকানা; অধিকার।

স্বায়ত্ত *বিণ* নিজ অধীন; স্ববশ; নিজ নিয়ন্ত্রাধীন। [স. স্ব+আয়ত্ত]। **স্বায়ত্তশাসন** *বি* স্বজাতীয়দের দ্বারা পরিচালিত শাসন; স্বদেশবাসী কর্তৃক রাজ্যশাসন; স্বশাসন।

স্বার্থ *বি*১ নিজ প্রয়োজন; নিজের উদ্দেশ্য। ২ নিজের অর্থ; স্বীয় ধনসম্পদ। ৩ নিজের মঙ্গল বা হিত; নিজের উপকার বা লাভ। [স. স্ব+অর্থ]। **স্বার্থ-গুলজার** *বিণ* স্বার্থজ্ঞান অতিশয় প্রবল। **স্বার্থচিন্তা** *বি* নিজের মঙ্গল সাধনের চিন্তা। **স্বার্থত্যাগ** *বি* নিজের লাভ বা হিত বিসর্জন। **স্বার্থত্যাগী** (-গিন্) *বিণ* নিজের হিত বিসর্জন দেয় এমন; স্বার্থত্যাগ-কারী। **স্বার্থপর, স্বার্থপরতা** *বিণ* অন্যের হিত না দেখে কেবল নিজের মঙ্গল বা লাভ খোঁজে এমন; খোদগরজ। **স্বার্থপরতা, স্বার্থপরায়ণতা** *বি* পরের ইষ্ট না ভেবে নিজের ইষ্ট ভাবা; খোদগরজি। **স্বার্থসাধন, স্বার্থসিদ্ধি** *বি* অন্যের ভালোমন্দ বিবেচনা না করে নিজের ভালো বা হিতসাধন। **স্বার্থান্ধ** *বিণ* অপরের ভালোর প্রতি দৃষ্টিহীন; নিজের পাতে ঝোল টেনে নেওয়ার জন্য ন্যায়-অন্যায় বিচারশূন্য। **স্বার্থান্বেষণ** *বি* স্বার্থসাধনের উপায় চিন্তা। **স্বার্থান্বেষী**(-ষিন্) *বিণ* স্বার্থান্বেষণকারী; নিজের মঙ্গল বা লাভ খোঁজে এমন। **স্বার্থোদ্ধত** *বিণ* স্বার্থসিদ্ধির জন্য উগ্র মনোভাবসম্পন্ন; স্বার্থপরতায় হিতাহিত জ্ঞানহীন। **স্বার্থোন্মত্ত** *বিণ* স্বার্থপরতায় হিতাহিত জ্ঞানশূন্য। [স. স্বার্থ+অন্ধ, অন্বেষণ, অন্বেষী, উদ্ধত, উন্মত্ত]

স্বাস্থ্য, সুস্বাস্থ্য(অশু.) *বি*১ সুস্থতা; নিরাময়তা। ২ স্বস্তি; সুখ। ৩ শরীরের নীরোগ অবস্থা। [স. সুস্থ+য]। **স্বাস্থ্যকর, স্বাস্থ্যপ্রদ** *বিণ*১ সুস্থতা সম্পাদনকারী; শারীরিক সুস্থতা বিধায়ক। ২ দৈহিক পুষ্টিবর্ধক। **স্বাস্থ্যনাশ, স্বাস্থ্যভঙ্গ, স্বাস্থ্যহানি** *বি* রুগ্ন দশা; শারীরিক সুস্থতার ক্ষতি। **স্বাস্থ্যরক্ষা** *বি* দেহের সুস্থতা রক্ষা। **স্বাস্থ্যহীন** *বিণ*১ রুগ্ন; অসুস্থ। ২ নষ্টস্বাস্থ্য; ভগ্নস্বাস্থ্য। **স্বাস্থ্যোদ্ধার** *বি* রোগের আক্রমণে ভগ্নস্বাস্থ্য পুনরুদ্ধার; দেহের সুস্থতা সম্পাদন। [স. স্বাস্থ্য+উদ্ধার]

স্বাহা *বি* দেবতা; অগ্নির স্ত্রী। ☐*অব্য* দেবতার উদ্দেশ্যে অগ্নিতে ঘৃতাহুতি; ঘৃত বা অন্য দ্রব্য আহুতি প্রদান মন্ত্র। [স. সু+আ+√হ্বে+আ]

স্বীকার *বি*১ সম্মতিদান; অঙ্গীকার। ২ মেনে নেওয়া। ৩ সহ্যকরণ। ৪ গ্রহণ; কবুল। [স. স্ব+ঈ (চ্বি)+√কৃ+অ]। **স্বীকারোক্তি** *বি* একরারনামা; দোষ স্বীকারসূচক উক্তি। [স. স্বীকার+উক্তি]। **স্বীকার্য** *বিণ* স্বীকার করার যোগ্য এমন। **স্বীকৃত** *বিণ*১ রাজি। ২ স্বীকার করা হয়েছে এমন। **স্বীকৃতি** *বি* স্বীকার; সম্মতি; রাজি হওয়া।

স্বীয় *বিণ* নিজের; নিজ; আপন; স্বকীয়। [স. স্ব+ঈয়]। **স্বীয়া, স্বকীয়** *বি স্ত্রী.* স্বামীর প্রতি অনুরক্তা নায়িকা।

স্বেচ্ছা *বি* আপন ইচ্ছা; স্বাধীন ইচ্ছা। [স. স্ব+ইচ্ছা]। **স্বেচ্ছাকৃত** *বিণ* নিজ ইচ্ছায় করা হয়েছে এমন। **স্বেচ্ছাক্রমে** *ক্রিবিণ* নিজের খুশিতে; নিজ ইচ্ছায় চালিত বা বশবর্তী হয়ে। **স্বেচ্ছাচার** *বি* নিজের ইচ্ছামতো আচরণ; উচ্ছৃঙ্খলতা; স্বৈরাচার; যথেচ্ছাচার। **স্বেচ্ছাচারী**(-রিন্) *বিণ* নিজ ইচ্ছা অনুযায়ী আচরণকারী; যথেচ্ছাচারী। [স. স্বেচ্ছা+আচার/আচারী]। **স্বেচ্ছাচারিণী** *স্ত্রী.*। **স্বেচ্ছাচারিতা** *বি* নিজ ইচ্ছানুরূপ আচরণ। **স্বেচ্ছাধীন** *বিণ* ১ স্বাধীন। ২ আপন ইচ্ছার অধীন বা বশ। [স. স্বেচ্ছা+অধীন]। **স্বেচ্ছানুবর্তী**(-র্তিন্) *বিণ* স্বেচ্ছাচারী; যথেচ্ছাচারী। ☐*বি স্ত্রী.* ইচ্ছানুযায়ী আচরণ। **স্বেচ্ছানুবর্তিতা** *বি* নিজ ইচ্ছানুযায়ী আচরণ।

স্বেচ্ছাপ্রণোদিত *বিণ* নিজ ইচ্ছায় প্রবৃত্ত। **স্বেচ্ছামৃত্যু** *বি* আপন ইচ্ছা অনুযায়ী মরণ (ভীষ্মের স্বেচ্ছামৃত্যু)। **স্বেচ্ছাসেবক** *বি* স্বেচ্ছায় বা বিনা বেতনে সেবাকারী; volunteer। **স্বেচ্ছাসেবিকা** *স্ত্রী.*।

স্বেদ *বি* ১ ঘাম; গর্ম। ২ তাপ। ৩ বাষ্প। [স.√স্বিদ্+অ]। **স্বেদজ** *বিণ* স্বেদ থেকে জাত বা উৎপন্ন। **স্বেদজল, স্বেদবারি** *বি* ঘাম। **স্বেদন** *বি* ১ ঘাম নিঃসারণ। ২ সেকদান। **স্বেদশ্রুতি, স্বেদস্রাব** *বি* ঘাম বের হওয়া। **স্বেদাক্ত, স্বেদাপ্লুত** *বিণ* ঘর্মসিক্ত; ঘামে ভেজা। [স. স্বেদ+আপ্লুত]

স্বৈর *বি* স্বেচ্ছাচার; যথেচ্ছাচার। ❑ *বিণ* ১ স্বাধীন। ২ অসংযত। ৩ স্বেচ্ছাচারী। [স. স্ব+√ঈর্+অ]। **স্বৈরাচার** *বি* ১ নিজ ইচ্ছা অনুযায়ী আচরণ বা ব্যবহার; স্বেচ্ছাচার। ২ উচ্ছৃঙ্খলতা। [স. স্বৈর+আচার]। **স্বৈরাচারী**(-রিন্) *বিণ* ১ উচ্ছৃঙ্খল। ২ স্বেচ্ছাচারী। [স. স্বৈর+আচারী]। **স্বৈরতা, স্বৈরিতা** *বি* নিজের স্বাধীন ইচ্ছা অনুযায়ী ব্যবহার; স্বেচ্ছাচার; যথেচ্ছাচার। **স্বৈরী**(-রিন্) *বিণ* ১ স্বৈরাচারী। ২ অবাধ্য। **স্বৈরিণী** *বিণ স্ত্রী.* ১ স্বেচ্ছাচারিণী। ২ ব্যভিচারিণী।

স্বোদর *বি* নিজের উদর। [স. স্ব+উদর]। **স্বোদরপূরক** *বিণ* ১ নিজের পেট ভরায় এমন। ২ স্বার্থপর। [স.]

স্বোপার্জিত *বিণ* নিজের অর্জিত। [স. স্ব+উপার্জিত]

হ

হ বাংলা বর্ণমালার বত্রিশতম ব্যঞ্জনবর্ণ।

হই *ক্রি* হওয়া (উত্তম পুরুষ বর্তমান কালে)।

হইতে, হতে *অব্য* ১ থেকে। ২ অবধি; সময়বাচক শব্দ। ৩ ফলে; দ্বারা। ৪ অপাদান কারকে পঞ্চমী বিভক্তির চিহ্নসূচক শব্দ।

হইয়া, হয়ে *অব্য* ১ পক্ষে বা প্রতিনিধিরূপে। ২ পথিমধ্যে কোনো স্থান ঘুরে যাওয়া।

হইলে, হলে *ক্রি* ঘটলে।

হওন *বি* ১ হওয়া; ঘটা; সংঘটন। ২ জন্মগ্রহণ। ৩ অবস্থান। ৪ কোনো অবস্থায় বা আকারে পরিণত হওয়া।

হওয়া *ক্রি* ১ বর্তমান বা বিদ্যমান বা উপস্থিত থাকা। ২ ঘটা বা সংঘটিত হওয়া। ৩ উৎপন্ন হওয়া; ফলা; প্রসব করা; জন্মগ্রহণ করা। ৪ বৃদ্ধি পাওয়া; বেশি হওয়া। ৫ কুলানো; সংকুলান হওয়া। ৬ সম্পন্ন বা শেষ হওয়া। ৭ পরিণত বা রূপান্তর হওয়া। ৮ পদ বা স্থান লাভ করা; অবস্থা প্রাপ্ত হওয়া। ৯ উপস্থিত বা প্রস্তুত হওয়া। ১০ প্রকাশ লাভ করা; জাগরিত বা উদয় হওয়া। ১১ সঞ্চার বা উদ্রেক হওয়া। ১২ ব্যেপে ঘটা বা চলা। ১৩ সম্পূর্ণ হওয়া। ১৪ নিজস্ব হওয়া; দখলে আসা। ১৫ পড়া বা পতিত হওয়া। ১৬ জোগাড় হওয়া বা জোটা; লাভ করা। ১৭ পড়া (বৃষ্টি হওয়া)। ১৮ উচিত; উপযুক্ত বা যোগ্য হওয়া। ১৯ জীবন শেষ হয়ে আশা। ২০ সম্বন্ধযুক্ত হওয়া। ❑ *বি* ১ জমা বা সঞ্চিত হওয়া। ২ উক্ত সকল অর্থে। ❑ *বিণ* সম্পন্ন-প্রায়; সম্পাদিত।

হংকার (প্রা-বা) *বি* অহংকার।

হংস *বি* ১ হাঁস; জলচর লিপ্তপাদ পাখি। ২ অহম (সংস্কৃতে) তথা অদ্বৈতব্রহ্মবাদী সন্ন্যাসী; নির্লোভ বা সম্পূর্ণ সংসারত্যাগী; যোগী অর্থেও ব্যবহৃত (যথা পরমহংসদেব)। [স.]। **হংসী** *স্ত্রী.*। **হংসগমন** *বি* হংসের মতো লীলায়িত ভঙ্গিতে গমন। ❑ *বিণ* হংসের মতো মাথা নত করে ও নিতম্ব দুলিয়ে গমনশীল। **হংসগমনা, হংসগামিনী** *বিণ স্ত্রী.*। **হংসদেব** *বি* 'মৃগপক্ষীশাস্ত্র' গ্রন্থের রচয়িতা। ত্রয়োদশ শতকের জৈন পণ্ডিত। **হংসনাদিনী** *বি, বিণ* হংসের ন্যায় মধুর কণ্ঠ; তন্বী। **হংসনাদ** *বি* হাঁসের রব। **হংসপাঁতি** *বি* হংসশ্রেণী। **হংসবাহন, হংসরথ, হংসারূঢ়** *বি* হিন্দু পুরাণোক্ত ব্রহ্মা। [হংস+আরূঢ়]। **হংসবাহিনা, হংসবাহিনী, হংসারূঢ়া** *বি স্ত্রী.* হিন্দু পুরাণের সরস্বতী। **হংস মধ্যে বকো যথা**—হাঁসের মধ্যে বক যেমন বিসদৃশ ও বেখাপ্পা তেমনি পণ্ডিতদের দলে মূর্খ। **হংসমালা** *বি* হংসশ্রেণী; হাঁসের দল। **হংসমিথুন** *বি* হাঁসের জোড়; হংস ও হংসী।

হংসাণ্ড *বি* হাঁসের ডিম। [স. হংস+অণ্ড]

হক *বি* ১ ন্যায্য অধিকার; ন্যায্য স্বত্ব; দাবি। ২ ন্যায্য কথা। ❑ *বিণ* প্রকৃত সত্য; যথার্থ; সংগত। [অ.]। **হক্কানি, হাক্কানি** *বিণ* ১ সত্য; খাঁটি; ন্যায্য। ২ ন্যায়পরায়ণ। [আ.]। **হকদার** *বিণ* ন্যায্য অধিকারী; উচিত দাবিদার। [আ.+ফা.]। **হকিকত** *বি* ঠিক বিবরণ; তথ্য; বয়ান। [আ.]। **হকিকতনামা** *বি* যথার্থ বিবরণ; প্রকৃত তথ্যাবলী সংবলিত বিবরণী। **হকিয়ত, হকিয়ৎ** *বি* ১ স্বত্ব সাব্যস্তের বা নির্ণয়ের মামলা। ২ বাস্তবতা; যথার্থতা। [আ.]। **হক-নাহক** *ক্রিবিণ* সত্যমিথ্যা বা ন্যায়-অন্যায়ভাবে।

হকচকানো *বি* ১ থতমত খাওয়া; হতভম্ব হওয়া; কিংকর্তব্যবিমূঢ় হওয়া। ২ বিস্ময়ে বিহ্বল অবস্থা।

হকার *বি* ১ ফেরিওয়ালা। ২ যারা প্রতিদিন ফেরি করে খবরের কাগজ ও অন্যান্য জিনিস বিক্রি করে। [ই. hawker]

হকারমার্কেট *বি* ছোট ব্যবসায়ীদের গড়ে তোলা অস্থায়ী বাজার। [ই.]

হকি *বি* বক্রমুখ কাঠের যষ্টি দিয়ে বল নিয়ে এক প্রকার খেলা। [ই. hockey]। **হকিস্টিক** *বি* হকি খেলার বাঁকা-মাথা লাঠি।

হকিকত *বি* সত্য বা আসল ঘটনা। যথার্থ বর্ণনা। [আ.]

হকিম = হেকিম।

হজ, হজ্জ *বি* যুলহজ চান্দ্রমাসে নির্দিষ্ট স্থানে ইহরাম বাঁধা, কাবা শরীফ তাওয়াফ, সায়ী, ৯ তারিখে মক্কার অদূরবর্তী আরাফত ময়দানে অবস্থান ইত্যাদি সম্বলিত ইসলামি অনুষ্ঠান। [আ.]

হজম *বি* ১ পরিপাক। ২ সহ্যকরণ। ৩ আত্মসাৎকরণ। [আ.]। **হজমি** *বিণ* পরিপাককরণে সাহায্যকারী; পরিপাকজনক।

হজরত, হযরত *বি* সম্ভ্রমের পাত্র; মহাত্মা; পয়গম্বর; অতি সম্মানিত ব্যক্তি।

হজ্জাম *বি* নাপিত; ক্ষৌরকার। [আ.]

হট, হঠ *অব্য* ১ শীঘ্র; হঠাৎ; চট। ২ অবিবেচনা।

হটকা *বি* দীর্ঘ; লম্বা। [আঞ্চলিক]

হটা, হঠা *ক্রি* ১ সরে বা চলে যাওয়া। ২ পশ্চাৎপদ হওয়া;

পিছিয়ে যাওয়া। ৩ পরাভব স্বীকার করা; হেরে যাওয়া। ৪ নিরস্ত হওয়া; থামা। ❑ *বি* ১ অপসরণ। ২ পরাভব। [হি হটনা]। **হটানো, হঠানো** *ক্রি* ১ পরাজিত করা; হারানো। ২ সরিয়ে দেওয়া। ৩ নিরস্ত করা; থামানো। ❑ *বি* পশ্চাৎপদ হওয়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে।

হট্ট *বি* হাট; বাজার। [স. √হট্‌+ত]

হট্টগোল *বি* হাটসুলভ হৈচৈ; গণ্ডগোল; চেঁচামেচি; গোলমাল। **হট্টবিলাসিনী** *বি* বেশ্যা; বারাঙ্গনা। **হট্টমন্দির** *বি* হাটের ঘর; হাটের চালা; হাটের দোকান ঘর। **ভোজনং যত্র তত্র শয়নং হট্টমন্দিরে**—১ যেখানে সেখানে আহার এবং হাটের চালার নিচে নিদ্রা। ২ (আল.) ছন্নছাড়া নিরাশ্রয় জীবন বা জীবনযাত্রা।

হঠ *বি* ১ বলপ্রয়োগ; বলপ্রকাশ। ২ পরাজয়; পরাভব। ৩ অবিবেচনা; বিবেচনাশূন্যতা; গোঁয়ার্তুমি। ৪ পশ্চাদপসরণ; পশ্চাদ্‌গতি। ৫ লুণ্ঠন। ৬ ঝগড়া। ৭ শত্রুতা; বিবাদ। [স.]। **হঠকারী** *বিণ* ১ অবিমৃষ্যকারী; ভেবে চিন্তে কাজ করে না এমন। ২ অন্যায়কারী। ৩ গোঁয়ার; অভদ্র। ৪ অবিবেচক; বিবেচনাশূন্য। ৫ বলপ্রয়োগকারী। **হঠকারিতা** *বি* ১ অবিবেচনা। ২ অন্যায়। ৩ অভদ্রতা; অশিষ্টতা; গোঁয়ার্তুমি। ৪ বলাৎকার।

হঠযোগ *বি* কৃচ্ছ্রসাধ্য যোগবিশেষ। [স.]। **হঠযোগী** (–গিন্‌) *বিণ* হঠযোগ সাধক।

হঠাৎ *ক্রিবিণ* সহসা; আচানক; অকস্মাৎ; অতর্কিতভাবে; দৈবাৎ। [স. হঠ>]। **হঠাৎকার** *বি* ১ জবরদস্তি। ২ হঠকারিতা; গোঁয়ার্তুমি।

হড়কা *বিণ* ১ পিচ্ছিল; ঢিলা (হড়কা গেরো)। ২ ঝটকা।

হড়কানো *ক্রি* ১ পিছলে যাওয়া। ২ স্থানভ্রষ্ট হওয়া। ৩ পিছলানো।

হড়পা *বি* নদীতে হঠাৎ যে বানের আবির্ভাব হয়। [আঞ্চলিক]

হড়পি *বি* সাপ রাখার ঝাঁপি। [আঞ্চলিক]

হড়বড় *অব্য* অতি দ্রুত কোনো কর্মের ভাব প্রকাশ। ❑ *বি* অস্পষ্ট দ্রুতকথন। ❑ *বিণ* বিশৃঙ্খল ব্যস্তভাব। **হড়বড়ানো** *ক্রি* ১ অতিশয় শীঘ্রতা বা ব্যস্ততার ভাব প্রকাশ করা। ২ গোলমাল করে অতি দ্রুত কথা বলা। **হড়বড়ে** *বিণ* ব্যস্তবাগীশ; হড়বড় করে এমন।

হড়হড় *অব্য* ১ পিচ্ছিলতার বা গড়িয়ে পড়ার ভাব প্রকাশ। ২ জোরে টানবার শব্দ। [ব.]। **হড়হড়ে** *বিণ* পিচ্ছিল।

হড়হড়ানে *বিণ* অতিশয় ঢালু; যেখানে কোনো বস্তু হড়হড় করে গড়িয়ে পড়ে।

হড়া *বি* ছোলা; মটর; অড়হরসহ গাছ। [হি. অরহর]

হড়াৎ, হড়াস *অব্য* হঠাৎ জোর করে দ্রুত খোলা বা ঢালার শব্দ।

হড্ড *বি* অস্থি; হাড়।

হণ্ডা *বি* বড় হাঁড়ি; হাঁড়া। **হণ্ডিকা, হণ্ডি** *বি* হাঁড়ি; মৃৎপাত্রবিশেষ। [স. অর্বাচীন>]

হত *বি* ১ নিহত; মৃত; বধপ্রাপ্ত। ২ বিনষ্ট; নষ্ট; ধ্বংসে; নাশপ্রাপ্ত। ৩ ব্যাহত; বাধাপ্রাপ্ত। ৪ লুপ্ত। ৫ মন্দ; খারাপ; অশুভ। [স. √হন্‌+ত]। **হতচেতন, হতজ্ঞান** *বি* অচেতন; অজ্ঞান; সংজ্ঞাহীন। ❑ *বিণ* মূর্ছিত। **হতচ্ছাড়া** *বিণ* লক্ষ্মীছাড়া; দুর্ভাগা; হতভাগ্য; দুর্দশাগ্রস্ত। **হতচ্ছাড়ি** *বিণ* দুর্দশাগ্রস্ত; হতভাগিনী। **হতজীব** *বিণ* প্রাণশূন্য; মৃত। **হতত্রপ** *বি* নির্লজ্জ; বেহায়া। **হতপ্রায়** *বিণ* প্রায় মৃত; মুমূর্ষু; প্রায় বিনষ্ট। **হতবল** *বিণ* কিংকর্তব্যবিমূঢ়। **হতভম্ব, হতবুদ্ধি** *বিণ* স্তম্ভিত; ভ্যাবাচ্যাকা; কিংকর্তব্যবিমূঢ়। **হতভাগ্য, হতভাগা** *বিণ* ভাগ্য খারাপ হয়েছে এমন; দুর্ভাগ্য; পোড়াকপালে; বদনসিব; অভাগা; দুর্ভাগা। **হতভাগ্যা, হতভাগিনী, হতভাগী** *বিণ স্ত্রী.*। **হতমান** *বিণ* অবমানিত; সম্মানহারা; অপদস্থ। **হতমূর্খ** *বি* মহামূর্খ। **হতশ্রদ্ধ** *বিণ* শ্রদ্ধাহীন; বীতশ্রদ্ধ; শ্রদ্ধা নষ্ট হয়েছে বা ক্ষুণ্ন হয়েছে এমন। **হতশ্রদ্ধা** *বি* অবজ্ঞা; অশ্রদ্ধা; অনাদর। **হতশ্রী** *বিণ* ১ হতভাগ্য; লক্ষ্মীছাড়া। ২ সম্পদহীন। ৩ নষ্ট ঐশ্বর্য। ৪ সৌন্দর্যহীন।

হতাদর *বি* অনাদর; অপমান; অমর্যাদা; অসম্মান। ❑ *বিণ* ১ অনাদৃত। ২ অবজ্ঞাত। [স. হত+আদর]

হতাশ *বিণ* ১ নিরাশ; আশাহীন; মনমরা। ২ ভগ্নহৃদয়। ৩ নিষ্ফল। ৪ অবসন্ন। **হতাশা** *বি* ১ আশাভঙ্গ; নৈরাশ্য; ২ অবসাদ। [স. হত+আশা]

হতাশ্বাস *বিণ* আশা–প্রত্যাশা নষ্ট হয়েছে এমন; ভরসাহীন; নিরাশ; আশ্বাসহীন; সান্ত্বনাহীন। [স. হত+আশ্বাস]

হতাহত *বিণ* নিহত ও আহত।

হতোস্মি *বি* আমি মারা গেলাম এরূপ খেদোক্তি; মন্দভাগ্যের খেদোক্তি। [স. হতঃ+অস্মি]। **হা হতোস্মি করা** *ক্রি* নৈরাশ্য হেতু 'মারা গেলাম' বলে ব্যাকুল হওয়া।

হতোদ্যম *বিণ* ভগ্নোৎসাহ; নিরুদ্যম; উদ্যমহীন; নিশ্চেষ্ট। [স. হত+উদ্যম]

হত্যা *বি* ১ বধ; কতল; প্রাণনাশ; হনন; খুন। ২ (ব্য.) বিফল মনোরথ হলে প্রাণত্যাগ করবো এই সংকল্প (হত্যা/হত্যে দেওয়া); অভীষ্ট সিদ্ধির জন্য ধরনা। [স. হত্যা>]

হদিস[১]**, হদিশ** *বি* ১ সন্ধান; খোঁজ; খবর; তত্ত্ব। ২ উপায়; পথ; দিশা; অনুসন্ধানের সূত্র। ৩ কূলকিনারা। ৪ নির্দেশ; খবর। [আ.]

হদ্দ, হদ *বি* ১ সীমা; এলাকা; প্রান্ত; limit। ২ শেষ পর্যন্ত। ❑ *বিণ* ১ চূড়ান্ত; চরম; শেষ সীমা। ২ বড় জোর; মোট; অনধিক; সবশুদ্ধ। ৩ হয়রান (বলে বলে হদ্দ হয়েছি)। [আ.]। **হদ্দপাজি** *বি* পাজির একশেষ। **হদ্দমুদ্দ** *বি* চেষ্টার বাকি না রাখা; চেষ্টার শেষ পর্যন্ত; যতদূর সম্ভব। ❑ *অব্য* খুব বেশি হলে; বড় জোর (হদ্দমুদ্দ পাঁচ টাকাই হবে)। [আ. হদ্দ+মুদ্দ]। **হদ্দশিকস্ত** *বি* সীমানা লঙ্ঘন। [আ. হদ্দ+ফা. শিকস্ত]

হনন *বি* হত্যা; কতল; বধ; ঘাতন। [স. √হন্‌+অন]। **হননীয়** *বিণ* বধযোগ্য।

হনহন *অব্য* দ্রুত গমনের ভাববাচক শব্দ; ত্বরিত গতিতে গমনসূচক শব্দ।

হনিমুন *বি* মধুচন্দ্রিমা; বিবাহের প্রথম মাসে নবদম্পতির একত্রে প্রবাস উপভোগ। [ই. honeymoon]

হনু, হনূ *বি* ১ গণ্ডস্থলের উপরিভাগ। ২ চোয়াল। ৩ চিবুক। ৪ (প্রা–বা) হনুমান। [স.]। **হনুমান, হনূমান** *বি* ১ কালোমুখো এক প্রকার বড় বানর। ২ রামায়ণে বর্ণিত রামের অনুচর।

হন্তদন্ত *অব্য* ব্যস্তসমস্ত; অত্যন্ত ব্যস্ত ও ব্যাকুল।

হন্তা (–ন্তৃ) *বিণ* হত্যাকারী; ঘাতক; বধকারী। [স. √হন্‌+তৃ]। **হন্ত্রী** *বিণ স্ত্রী.*। **হন্তারক** *বি* ১ বধকর্তা; হত্যাকারী; ঘাতক। ২ অন্তরায়; বাধা।

হন্দর *বি* ১ ওজনবিশেষ; ১১২ পাউন্ড বা প্রায় ৫৫ সের। ২ তাস খেলায় গণনাবিশেষ। [ই. hundred-weight]।
হন্যে, হন্নে *বিণ* ১ উন্মত্ত; ক্ষিপ্ত; হত্যা বা আক্রমণ করবার জন্য ধাবমান। ২ অস্থির। [স. √হন্>]
হপ্তা *বি* ১ সপ্তাহ। ২ পরপর সাতদিন। ৩ সাতদিনের রীতিমাফিক মজুরি (হপ্তা দেওয়া)। [ফা. হফ্‌তা/স. সপ্তাহ]
হবিঃ, হবি *বি* ১ হব্য বস্তু। ২ (হিন্দুকৃত) হোমের ঘৃত। ৩ হোম। ৪ ঘি। [স.√হু+ইস্]
হবিষ্য, হবিষ্যি *বি* হিন্দুব্রতাদিতে ভক্ষণীয়; আমিষবর্জিত সঘৃত আতপান্ন। [স. হবিস্+য]। **হবিষ্য করা** *ক্রি* আমিষবর্জিত সঘৃত আতপান্ন ভোজন করা। **হবিষ্যান্ন** *বি* হবিষ্য। **হবিষ্যাশী**(-শিন্) *বিণ* হবিষ্যান্ন ভোজনকারী। [স. হবিষ্য+অন্ন, আশী]
হবু *বিণ* হবে এমন; ভাবী।
হবুচন্দ্র, হবচন্দ্র *বি* কবি-কল্পিত মূর্খ রাজা; নির্বোধ-বিশেষ। **হবুচন্দ্র রাজার গবুচন্দ্র মন্ত্রী** *বিণ* ১ মূর্খ ও নির্বোধ রাজার জ্ঞানহীন ও আহম্মক মন্ত্রী। ২ (আল.) যেমন মূর্খ তেমন তার উপদেষ্টা।
হবো হবো, হব হব *বিণ* হবার উপক্রম হয়েছে এমন; আসন্ন; অতি নিকটবর্তী।
হব্য *বি* ১ আহুতির দ্রব্য; ঘৃত। ২ হোম। ৩ হোমের যজ্ঞ। □*বিণ* হোমে প্রদেয়; হোমের যোগ্য। [স.√হু+য]
হ-য-ব-র-ল *বি* ১ বিশৃঙ্খলা; অব্যবস্থা; গোঁজামিল। ২ স্তব্ধ; হতবুদ্ধি; কিংকর্তব্যবিমূঢ়। □*বিণ* বিপর্যস্ত; বিশৃঙ্খল; এলোমেলো।
হয়[১] *বি* অশ্ব; ঘোড়া। [স.]। **হয়ী** *বি স্ত্রী.*। **হয়গ্রীব** *বিণ* গ্রীবা অশ্বের গ্রীবার মতো এমন। **হয়গ্রীবা** *বিণ স্ত্রী.*।
হয়[২] *ক্রি* ১ ঘটে। ২ জন্মে। [বাংলা হ ধাতুর নিত্য বর্তমানে প্রথম পুরুষের রূপ]। **হয়কে নয় করা** *ক্রি* যা ঘটে বা সংঘটিত হয় তাকে ঘটে না বা ঘটেনি বলে প্রতিপন্ন করা; সত্যকে মিথ্যারূপে প্রমাণ করা। **হয় হয়** *বিণ* অতি আসন্ন; নিতান্ত নিকটবর্তী।
হয়[৩] *অব্য* বিকল্পে (হয় তুমি, নয় সে)।
হয়তো, হয়ত *ক্রিবিণ* সম্ভবত; হতেও পারে।
হয়রান *বিণ* ১ ক্লান্ত; পরিশ্রান্ত। ২ উত্ত্যক্ত; জ্বালাতন। ৩ উৎপীড়িত; নাকাল। [আ.]। **হয়রান পেরেশান** *বিণ* ১ পরিশ্রম হেতু অতিশয় ক্লান্ত বা অত্যন্ত পরিশ্রান্ত। ২ অতিশয় বিব্রত। **হয়রানি, হয়রানী** *বি* ১ হয়রান হওয়ার ভাব; নাকালের একশেষ। ২ বিব্রত অবস্থা। [আ. হয়রান+ফা. পেরেশান]
হর[১] *বি* ১ হিন্দুদেবতা শিব। ২ অঙ্কশাস্ত্রে ভাজক বা বিভাজক। □*বিণ* ১ হরণকারী। ২ নাশক; অপনোদক; দূরকারী। ৩ সংহারকারী। [স.]। **হরা** *বিণ স্ত্রী.* নাশিকা; অপনোদনকারী (দুঃখহরা)। **হরগৌরী** *বি* হিন্দু দেব ও দেবী শিব দুর্গা।
হর[২] *বিণ* ১ প্রতি; প্রত্যেক। ২ বিবিধ; নানা; বিভিন্ন। [ফা.]। **হরওক্ত, হরওকত** *বি* সর্বদা; সব সময়। [ফা.+আ.]। **হরকসম, হরকিসিম** *বিণ* নানা ধরনের। [ফা. হর+আ. কিসম]। **হরদম** *অব্য* সর্বদা; সদা সর্বদা; নিয়ত; অনবরত। [ফা.]। **হরবোলা** *বি* বিভিন্ন বুলি বলতে পারে বা বলে যে। **হররোজ** *ক্রিবিণ* প্রতিদিন; প্রত্যহ।

হরকত, হরকৎ *বি* বাধা; প্রতিবন্ধক। [আ. হরকৎ]
হরকরা *বি* ১ সংবাদবাহক; চিঠিপত্রের থলে এক ডাকঘর থেকে অন্য ডাকঘরে আনা-নেওয়া করে যে পিয়ন। ২ দূত; চর; রানার। [ফা.]
হরগিজ, হরগেজ *অব্য* কিছুতেই; আদৌ; কখনও। [ফা.]
হরণ *বি* ১ লুণ্ঠন; চুরি; পরদ্রব্য বলপূর্বক কেড়ে নেওয়া। ২ মোচন; অপনোদন; দূরীকরণ। ৩ নাশক; ধ্বংস। ৪ (গ.) ভাগ করা; ভাগকরণ। [স. √হৃ+অন]
হরতন *বি* খেলার তাসের এক প্রকার চিহ্ন বা রং; বৃন্তহীন পানের আকৃতির মতো লাল বর্ণের তাস। [ওল. harten]।
হরতাল *বি* বিক্ষোভ প্রকাশ করার জন্য যানবাহন হাট বাজার দোকান পাট অফিস আদালত ইত্যাদি নির্দিষ্ট সময়ের জন্য বন্ধ করা। [গুজ. হর (প্রত্যেক)+তাল (তালা)=অর্থাৎ প্রতি দরজায় তালা]
হরফ *বি* অক্ষর; বর্ণমালার লেখ্য সংকেত। [আ.]
হরবখত, হরবকৎ *বি* সর্বদা; সব সময়; নিত্য। [ফা.+আ.]
হররা *বি* আনন্দ প্রকাশের জন্য উচ্চ কোলাহল।
হরা *ক্রি* ১ হরণ করা; চুরি করা; বলপূর্বক ছিনিয়ে নেওয়া। ২ মোহিত করা; আকর্ষণ করা। ৩ দূর করা। □*বি, বিণ* হরণ; চুরি। [স. √হৃ>]
হরি *বি* ১ হিন্দুদেবতা বিষ্ণু; নারায়ণ; কৃষ্ণ; যম। ২ সূর্য। ৩ চন্দ্র। ৪ বায়ু। ৫ সিংহ। ৬ অশ্ব। ৭ পশু। ৮ বানর। ৯ ময়ূর। ১০ কোকিল; পিক। ১১ সর্প। ১২ ভেক; ব্যাঙ; মণ্ডূক। ১৩ কিরণ। ১৪ হংস। ১৫ সবুজ বর্ণ। ১৬ পিঙ্গল বর্ণ। ১৭ ধান্যবিশেষ। [স. √হৃ+ই]। **হরিগুণগান, হরি-সঙ্কীর্তন/সংকীর্তন** *বি* হিন্দু দেবতা হরি বা বিষ্ণুর মহিমা কীর্তন বা গুণ বর্ণনাসূচক গান। **হরিঘোষের গোয়াল** *বি* বহু বেকার লোকের আড্ডা। **হরিলুট, হরির্লুট, হরির লুট** *বি* হিন্দুদের অনুষ্ঠিত হরি-সঙ্কীর্তনের পর ভক্তদের মধ্যে হরির নামে বাতাসা ছড়িয়ে দেওয়া।
হরিচন্দন *বি* ১ দেবতরুবিশেষ; কপিলবর্ণ চন্দন; পীতবর্ণ সুগন্ধ; সুগন্ধ কাঠবিশেষ; পীত চন্দন; শ্বেতচন্দন; কুঙ্কুম। ২ গোশীর্ষ নামক শ্বেতচন্দন। [স.]
হরিজন *বি* হিন্দু সমাজের অনুন্নত শ্রেণীকে মহাত্মা গান্ধী কর্তৃক প্রদত্ত নাম। [স.]
হরিণ *বি* বড় চোখবিশিষ্ট সরল বা শাখাপ্রশাখাযুক্ত শিংওয়ালা এক রকম ঘন বর্ণের সুদৃশ্য প্রাণী, এর শরীরের বিভিন্ন অংশে বিভিন্ন রং এবং খুব দ্রুত দৌড়ায়। হরিণের অন্য দুটি প্রজাতি মৃগ ও কুরঙ্গ। **হরিণী** *স্ত্রী.*। [স. √হৃ+ইন]। **হরিণনয়ন, হরিণাক্ষ** *বিণ* হরিণের তুল্য সুন্দর চক্ষুযুক্ত। [স. হরিণ+অক্ষি]। **হরিণনয়না, হরিণাক্ষী** *স্ত্রী.*।
হরিৎ, হরিত *বি* সবুজ বর্ণ। □*বিণ* সবুজ বর্ণযুক্ত। [স. √হৃ+ইৎ, ইত]। **হরিতক** *বি* ১ হরিত বর্ণ তৃণপত্রাদি। ২ শাক।
হরিতাল, হত্তেল *বি* ১ পারদযুক্ত হরিদ্রা বর্ণ ধাতব পদার্থ। ২ এক প্রকার হলুদ রঙের পাখি; হরিয়াল। [স. হরিতাল>]
হরিদ্রা *বি* এক প্রকার হলুদ রঙের মসলা; হলুদ। [স. হরি+√দ্রু+অ +আ]। **হরিদ্রাঙ্গ** *বি* হরিয়াল পাখি। [স. হরিদ্রা+অঙ্গ]
হরিদ্রাভ *বিণ* পীতবর্ণবিশিষ্ট; হলদে। [স. হরিদ্রা+আভা]

হরিদ্বার *বি* হিমালয়ের পাদদেশে অবস্থিত ভারতের একটি নগর এবং হিন্দু তীর্থক্ষেত্র। [স.]

হরিনাম *বি* ১ হিন্দু দেবতা বিষ্ণু বা হরির নাম। ২ হরিনাম জপ বা সংকীর্তন। [স.]। **হরিনাম করা** *ক্রি* হরির নাম জপ করা। **হরিনামের ঝুলি** *বি* যে ঝুলিতে হরিনামের মালা রক্ষিত হয়। **হরিনামের মালা** *বি* কৃষ্ণ ভক্তের জপমালা। **হরিপ্রেম** *বি* ঈশ্বরানুরাগ; বিষ্ণুপ্রীতি।

হরিপ্রিয়া *বি* ১ হিন্দুদেবী লক্ষ্মী। ২ তুলসীপাতা বা গাছ। [স.]

হরিবাসর *বি* ১ হিন্দুমতে একাদশীর দিন। ২ (ব্য.) অনশন; উপবাস। [স. হরি+বাসর]।

হরিবোল *বি* শববহন ও দাহ করার সময়ে, বিষ্ণু পূজার কালে হিন্দুদের সমবেত কণ্ঠে হরিনাম উচ্চারণ।

হরিভক্তি *বি* হরির প্রতি ভক্তি। **হরিভক্ত** *বিণ* ১ হরির প্রতি ভক্তিমান। ২ বৈষ্ণব। [স. হরি+ভক্তি]

হরিয়াল, হড়িয়াল *বি* এক প্রকার হলুদ বা সবুজ রঙের পাখি; ঘুঘুজাতীয় পাখি। [স. হরিতাল>]

হরিশ্চন্দ্র *বি* সূর্যবংশীয় রাজা বিশ্বামিত্র মুনিকে সর্বস্ব দান করে যিনি দানবীররূপে খ্যাত। [স. হরিঃ+চন্দ্র]

হরিহর *বি* ১ হিন্দুদেবতা বিষ্ণু ও শিব; হরি ও হর। ২ বিষ্ণুর ও শিবের অর্ধেক দেহের মিলিত মূর্তি। [স. হরি+হর]। **হরিহরাত্মা** *বি* (আল.) অচ্ছেদ্য বন্ধুত্ব; অভিন্নহৃদয় সখ্য। □*বি, বিণ* একপ্রাণ; একদেহ। [স. হরিহর+আত্মা]

হরীতকী, হর্তুকি *বি* ১ মুখশুদ্ধি ও কবিরাজি ঔষধে ব্যবহৃত এক প্রকার পীতবর্ণ কষায় ফল। ২ হরীতকী ফলের গাছ। [স. হরি (পীতবর্ণ)+ইত (প্রাপ্ত)+ক+ঈ]

হরেক *বিণ* বিবিধ; নানা প্রকার। □*বি* বিভিন্ন; নানা। [ফ. হর+বা. এক]

হরেদরে *ক্রিবিণ* ১ মোটামুটি; মোটের উপর। ২ গড়পড়তা; গড়ে। ৩ কমবেশি করে। ৪ লাভ লোকসান হিসাব করে। [ফা. হর+দর]

হর্তা *বিণ* ১ হরণকর্তা। ২ চোর; অপহারক। ৩ গ্রহণকারী। ৪ সংহারক; বিনাশক। [স. √হৃ+তৃ]। **হর্তাকর্তা** *বি* ১ সর্বময় কর্তা। ২ সংহার ও সৃষ্টির কর্তা। **হর্তা-কর্তা-বিধাতা** *বি* ১ সৃষ্টি-স্থিতি-প্রলয় কর্তা। ২ নির্মাণ ব্যবস্থাপনা ও বিনাশের কর্তা। ৩ (আল.) সর্বময়/সর্বোচ্চ ক্ষমতাবান ব্যক্তি।

হর্ম্য *বি* প্রাসাদ; সৌধ; অট্টালিকা; সুন্দর অট্টালিকা। [স. √হৃ+(ম)+য]

হর্যক্ষ *বি* ১ সিংহ। ২ কুবের। [স. হরি (পিঙ্গলবর্ণ)+অক্ষি]

হর্ষ, হরষ, হরিষ *বি* ১ আনন্দ; উল্লাস; পুলক। ২ উদ্‌গম; উদ্ভেদ; খাড়া হওয়া; শিহরণ। [স. √হৃষ্‌+অ>হরষ (মধ্য স্বরাগমে)]। **হর্ষণ** *বিণ* ১ আনন্দদায়ক। ২ শিহরে বা খাড়া করে তোলে এমন। **হর্ষিত** *বিণ* ১ আমোদিত। ২ আনন্দিত; পুলকিত। ৩ তোষিত। **হর্ষবর্ধন** *বি* থানেশ্বরের প্রভাকরবর্ধনের পুত্র। □*বিণ* আনন্দবর্ধক। **হর্ষোচ্ছ্বাস** *বি* অতিশয় উৎফুল্লতা। [স. হর্ষ+উচ্ছ্বাস]

হল্‌, হস্‌ *বি* ব্যঞ্জনবর্ণসমূহ; সমস্ত ব্যঞ্জনবর্ণকে বোঝাতে সাঙ্কেতিক নামরূপে ব্যবহৃত। [স.]। **হলন্ত, হসন্ত** *বিণ* ১ ব্যঞ্জনবর্ণান্ত; ব্যঞ্জনবর্ণ শেষে আছে যে শব্দের। ২ হস্‌ (্) চিহ্নযুক্ত (কর্)। □*বি* ব্যঞ্জনবর্ণ।

হল[1] *বি* জমি চাষ করার যন্ত্র; লাঙ্গল। [স.]। **হলকর্ষণ, হলচালনা, হলচালন** *বি* লাঙ্গলের সাহায্যে জমি চাষ। **হলদণ্ড** *বি* লাঙ্গলের ঈষ। **হলধর, হলভৃৎ, হলী** *বি* ১ লাঙ্গলের চালক; কৃষক; চাষি। ২ বলরাম। **হলাগ্র** *বি* লাঙ্গলের ফাল। **হলায়ুধ** *বি* হিন্দুপুরাণোক্ত বলরাম। [স., হল+আয়ুধ]। **হল্য** *বিণ* ১ লাঙ্গল সম্বন্ধীয়। ২ কর্ষণযোগ্য।

হল[2] *বি* ১ দ্রবীকরণ; রসানো। ২ সমাধান; মোচন। □*বিণ* সোনালি। **হল করা** *ক্রি* সোনার পানিতে কলাই করা; গিলটি করা। [আ.]। **হলকারী** *বি* গিলটিকরণ।

হল[3] *বি* বড় ঘর; প্রশস্ত কামরা; ছাত্রাবাস (শহীদুল্লাহ হল)। [ই. hall]

হলকুম *বি* ১ কণ্ঠনালী। ২ বাগ্‌যন্ত্র। [আ.]

হলদি *বি* হলুদ; হরিদ্রা। [স. হরিদ্রা>প্রা. হলিদ্দা>বা. হলদি]। **হলদি কোটা** *বি* বিয়ের অনুষ্ঠানবিশেষ।

হলফ, হলপ *বি* সত্য বলবার জন্য যে শপথ করা হয়; দিব্য; শপথ। [আ.]

হলহল *অব্য* ঢলঢলে; অতিশয় ঢিলা; শিথিলভাব। **হলহলে** *বি* অতিশয় ঢিলা। □*বিণ* ১ হলহল করছে এমন। ২ পাতলা; লঘু।

হলা *অব্য* নারীর প্রতি নারীর সম্বোধনবাচক শব্দ; ওলো। [স.]

হলাহল *বি* ১ তীব্র বিষবিশেষ; কালকূট। ২ কোলাহল। [স.]

হলুদ *বি* ১ হলুদ গাছ ও তার কন্দ; মসলাবিশেষ। ২ হলুদ রং। [স. হরিদ্রা>প্রা. হলিদ্দা>বা. হলুদ]। **হলদে** *বিণ* হরিদ্রা বর্ণবিশিষ্ট; পীত। **হলদি কোটা, হলুদ কোটা** *বিণ* বিবাহের পূর্বে গায়ে হলুদ মাখানো অনুষ্ঠান। **গায়েহলুদ** *বিণ* বিয়ের আগে বর বা কনের গায়ে হলুদ দেবার অনুষ্ঠান।

হল্লা *বি* কোলাহল; গোলমাল; সমস্বরে চিৎকার। [হি.]

হসন *বি* ১ হাস্য; হাসি। ২ হাস্যকর। [প্রা. বা./ব্রজবুলি; স. √হস্‌+অন]। **হসিত** *বিণ* ১ হাস্যযুক্ত; সহাস্য। ২ বিকশিত; প্রফুল্ল।

হসন্তিকা, হসন্তী *বি* ১ অগ্নিপাত্র; ধুনুচি; firepan। ২ মল্লিকাবিশেষ। ৩ হাসির বই। □*বিণ স্ত্রী.* হাসছে এমন। [স.]

হস্টেল, হোস্টেল *বি* ছাত্রাবাস; ছাত্রীনিবাস। [ই. hostel]।

হস্ত *বি* ১ হাত; কর; পাণি। ২ বাহু; ভুজ। ৩ মণিবন্ধ, কনুই অথবা বগল থেকে আঙুলের অগ্রভাগ পর্যন্ত দেহের অংশবিশেষ। ৪ ইঞ্চি বা চব্বিশ অঙ্গুলি দৈর্ঘ্যের এক প্রকার মাপ। ৫ হাতির শুঁড়। [স.]। **হস্তকণ্ডূয়ন** *বি* হাত চুলকানি; কিছু করবার জন্য হাতের নিসপিস ভাব। **হস্তকৌশল** *বি* ১ হাতের কায়দা। ২ হাত সাফাই। **হস্তক্ষেপ, হস্তক্ষেপণ, হস্তার্পণ** *বি* ১ হাত দেওয়া। ২ নিয়ন্ত্রিত করা। ৩ কোনো কাজে বাধা দেওয়া বা যোগদান। **হস্তগত** *বিণ* অধিকারে আনীত; অধিকৃত; দখলীকৃত; করায়ত্ত; বশীভূত। **হস্তগ্রাহ্য** *বিণ* হাত দ্বারা গ্রহণীয়; স্পর্শসাধ্য। **হস্তচ্যুত** *বিণ* ১ হাত থেকে পড়ে গেছে এমন। ২ হাতছাড়া; হাতের বাইরে চলে গেছে এমন। **হস্তত্র** *বি* হাতের আবরণবিশেষ; দস্তানা। **হস্তধারণ** *বি* হাত ধরা। **হস্তরেখা** *বি* হাতের তালুর বা করতলের রেখা। **হস্তলাঘব** *বি* হাত সাফাই; অপহরণ। **হস্তলিখিত** *বিণ* হাতের লেখা (টাইপ করা বা ছাপানো নয়)। **হস্তলিপি, হস্তলেখ** *বি* হাতের লেখা। **হস্তাক্ষর**

বি ১ হাতের লেখা। ২ হাতের লেখার ছাপা। **হস্তান্তর, হস্তার্পণ** *বি* ১ অন্যের দখলে বা অধিকারে অর্পণ। ২ হাত বদল। **হস্তান্তরিত** *বিণ* ১ অন্যের হাতে দিয়ে দেওয়া হয়েছে এমন। ২ অন্যের অধিকারগত। **হস্তাবর্তন** *বি* হাত বুলানো। **হস্তাবর্তিত** *বিণ*। **হস্তাবলেপ** *বি* হাত দিয়ে প্রলেপ দান; অপরিচ্ছন্ন করা।

হস্তিনাপুর *বি* কৌরবদের রাজধানী। [সা.]

হস্তী *বি* হাতি; করী; গজ; ঐরাবত; মাতঙ্গ; বারণ; দ্বিপ; দন্তী; দ্বিরদ। [স. হস্ত+ইন্]। **হস্তিনী** *স্ত্রী*। **হস্তিকর্ণ** *বি* ১ হাতির কান। ২ এরণ্ড বৃক্ষ। ৩ উপদেবতা। ৪ ধূলিবর্ষণ। ❑ *বিণ* হিমানী। **হস্তিমূর্খ** *বি* অতিশয় মূর্খ; অত্যন্ত নির্বোধ। **হস্তিশালা** *বি* হাতি রাখবার স্থান; হাতির আস্তাবল; পিলখানা।

হা *অব্য* ১ হায়। ২ যন্ত্রণা বিস্ময় ক্লেশ শোক বিষাদ প্রভৃতিসূচক শব্দ। ৩ নিন্দাসূচক শব্দ। [স.]। **হা কপাল** *বি* মন্দভাগ্যের প্রতি ইঙ্গিত। **হা ধিক** *বি* ১ ঘৃণা প্রকাশ। ২ দুঃখ প্রকাশ। **হা পিত্যেশ** *বি* ১ অতিশয় লোভহেতু আকাঙ্ক্ষা। ২ আফসোস; অনুশোচনা। ৩ দীর্ঘকালব্যাপী প্রত্যাশা বা কামনা। **হা-ভাত** *বি* অন্নের জন্য হাহাকার; দুর্ভিক্ষ। **হাহুতাশ** *বি* খেদ; আক্ষেপ; অতিশয় আফসোস।

হাই *বি* জৃম্ভণ; আলস্য হেতু হা করা; ঘুমের ভাবহেতু মুখ ব্যাদান।। [স. হাফিকা>]

হাইওয়ে *বি* দূরপাল্লার সড়কপথ; পরিবহন চলাচল উপযোগী দূরগামী দীর্ঘ ও উঁচু পাকা রাস্তা বা সড়ক। [ই. high way]

হাইকমিশনার *বি* কমনওয়েলথভুক্ত দেশগুলির একটি থেকে অন্যটিতে নিযুক্ত রাষ্ট্রদূত। [ই.]

হাইকোর্ট *বি* উচ্চ বিচারালয়। [ই.]

হাইজাক⟹ ছিনতাই।

হাইড্রোজেন *বি* মৌলিক গ্যাসবিশেষ, জলজান, উদজান। [ই.]

হাইফেন *বি* দুই শব্দের মধ্যবর্তী যোগসূচক চিহ্ন। [ই.]

হাইয়ার সেকেন্ডারি *বিণ* উচ্চ মাধ্যমিক; মাধ্যমিক শিক্ষার শেষ স্তর; একাদশ ও দ্বাদশ শ্রেণী। [ই. higher secondary]

হাইস্কুল *বি* ১ উচ্চবিদ্যালয়। ২ দশম শ্রেণী পর্যন্ত পড়ানোর ব্যবস্থা আছে যে স্কুলে। [ই.]

হাউই *বি* আকাশগামী আতশবাজি। [ফা.]

হাউজ, হৌজ *বি* চৌবাচ্চা; জলাধার।

হাউড়ে *বি* যা মনে আসে তাই বলে বেড়ায় যে; পেটের কথা ব্যক্ত করে যে। [আঞ্চলিক]

হাউমাউ, হাঁউমাউ *বি* ১ উচ্চস্বরে ক্রন্দন; বহুজনের একসঙ্গে ক্রন্দনের রোল। ২ কান্না। ৩ ক্ষোভ। **হাউমাউ খাউ, হাঁউ মাউ খাঁউ** *বি* রূপকথার রাক্ষস বা রাক্ষসীর মনুষ্যগন্ধে উদ্রিক্ত ভোজন স্পৃহাপ্রকাশক ধ্বনি।

হাউসে কওসর *বি* ১ ইসলামি বিশ্বাসমতে শেষ বিচার দিনে হজরত মুহম্মদ(সা.)-কে এই নামের একটি বিশিষ্ট চৌবাচ্চা দেওয়া হবে। তিনি উম্মতদিগকে এর সুশীতল ও সুমিষ্ট পানি পান করাবেন। ২ মতান্তরে জান্নাতের একটি নহর বা স্রোতস্বিনীর নাম; সে নহরের একটি শাখা পুণ্যবানদের পিপাসা নিবারণার্থ অমৃতস্বরূপ পানি কিয়ামতের ময়দানে প্রবাহিত হবে। [আ.]

হাউস সার্জন, হাউজ সার্জন *বি* হাসপাতালের আবাসিক চিকিৎসক।

হাওদা *বি* ১ হাতি বা উটের পিঠে বসবার জন্য যে আসন পাতা হয়। ২ বিস্তৃত পরিসর বস্তু। ৩ (ব্য.) অতি স্থূলোদর ব্যক্তি। [আ.]

হাওয়া[১] *বি* বাইবেল ও কুরআনে উক্ত আদি মানব হজরত আদম (আঃ)-এর স্ত্রী; বিবি হাওয়া; পৃথিবীর আদি নারী। [আ.]

হাওয়া[২] *বি* ১ বায়ু; বাতাস। ২ জলবায়ু; climate। [ফা. তুল. আবহাওয়া]। ৩ (আল.) সংসর্গ; স্পর্শ; ছুঁত। ৪ পৃথিবীর আদি নারী বিবি হাওয়া। ৫ গতি; অবস্থা; শিক্ষা; সংস্কার; ভাব কল্পনাসম্বন্ধীয় অবস্থা। [আ.]। **হাওয়া খাওয়া** *ক্রি* ১ মুক্ত বায়ু সেবন করা। ২ বেড়ানো। ৩ (আল.) কিছু না খাওয়া। **হাওয়া গাড়ি** *বি* মোটর। **হাওয়া চলা** *ক্রি* বায়ু প্রবাহিত হওয়া। **হাওয়া হওয়া** *ক্রি* (আল.) চম্পট দেওয়া; পালিয়ে যাওয়া। **হাওয়া বদলানো** *ক্রি* স্বাস্থ্যের উন্নতির জন্য স্থান বদলানো। **হাওয়াই** *বিণ* বায়বীয়; বাতাসে যা ভেসে চলতে পারে। **হাওয়াই আড্ডা** *বি* উড়োজাহাজের ঘাঁটি; বিমান বন্দর। **হাওয়াই জাহাজ** *বি* যে জাহাজ আকাশপথে আরোহী স্থানান্তরে যাতায়াত করে; উড়োজাহাজ; বিমান। **হাওয়াই শাড়ি** *বি* সূক্ষ্ম রেশমি শাড়ি।

হাওর *বি* সাগর সদৃশ পানির বিস্তীর্ণ প্রান্তর (কিশোরগঞ্জের হাওর অঞ্চল); জলাভূমি; অগভীর জলাভূমি—যা সারা বছরই জলময় থাকে। [স. সাগর>]

হাওলা *বি* তত্ত্বাবধান; খবরদারি; অধিকার; ভার; জিম্মা। [আ. হওয়ালা]। **হাওলাজমি** *বি* যে নিষ্কর জমি বিশেষ শর্তে দেওয়া হয়। **হাওলাদার** *বি* হাওলা জমির মালিক; ঐ জমি ভোগ করে যে; বংশীয় পদবি। [আ.+ফা দার]

হাওলাত *বিণ* ঋণ; কর্জ। ❑ *বি* আমানত; জিম্মা। [আ.]। **হাওলাত বরাত** *বি* কর্জ ও অনুগ্রহ। [আ.]। **হাওলাতি** *বিণ* ধার সম্পর্কীয়; ধার হিসেবে গ্রহণ করা হয় এমন।

হাঁ[১] *বি* মুখ ব্যাদান; মুখ খোলা।

হাঁ[২], **হ্যাঁ** *অব্য* ১ সম্মতি বা স্বীকৃতিসূচক শব্দ। ২ সাড়া; যথার্থ; সঠিকতা; বিদ্যমানতা; নেতিবাচক ভাবের বিপরীত জবাবসূচক শব্দ।

হাঁ[৩] *অব্য* ঘনিষ্ঠ সম্বোধনসূচক।

হাঁক, হাঁকার *বি* ১ উচ্চৈঃস্বরে ডাকা। ২ হুংকার। [স. হুঙ্কার>]। **হাঁকডাক** *বি* ১ পুনঃপুন উচ্চকণ্ঠে ডাকাডাকি। ২ শোরগোল। ৩ শক্তি ও ধন সম্পদের খ্যাতি। ৪ লম্ফসূচক ও দম্ভ প্রকাশক চিৎকার। **হাঁকপাড়া** *ক্রি* উচ্চৈঃস্বরে আহ্বান করা।

হাঁকড়ানো, হাঁকানো *বি* ১ হুঙ্কার দেওয়া। ২ উক্ত সকল অর্থে। ❑ *ক্রি* ১ সদর্পে চালনা করা। ২ দর্প বা বেগের সঙ্গে চালানো। ৩ জাঁকজমকের সঙ্গে তৈরি করা।

হাঁকা *বি* ১ হাঁক দেওয়া। ২ বচসা। **হাঁকহাঁকি** *ক্রি* ডাকাডাকি; উচ্চৈঃস্বরে ডাকা।

হাঁকুপাঁকু, হাঁকপাঁক *বি* অতিশয় ব্যস্ত; আকুলতা প্রকাশ। **হাঁকুচ পাঁকুচ** *বি* অতিশয় ব্যস্ত; আকুল।

হাঁচা *ক্রি* হাঁচি দেওয়া। ❑ *বি* হাঁচি। [স. হঞ্ছি/হঞ্ছিকা>]

হাঁচি *বি* নাক-মুখ দিয়ে হঠাৎ সজোরে ও সশব্দে বায়ু ত্যাগ

করা; ক্ষুৎ। [স. হস্তি>]

হাঁটা *ক্রি* পায়ে চলা; পায়ে হাঁটা। ❑*বি* পদব্রজে চলন। ❑*বিণ* যা পায়ে চলবার জন্য। [তুল. হি. হট, স. অট>]। **হাঁটাহাঁটি** *বি* হেঁটে বার বার যাতায়াত। **হাঁটুনি, হাঁটন** *বি* পায়ে হেঁটে চলাচল করণ।

হাঁটু *বি* জানু। [স. অষ্ঠীবৎ>]। **হাঁটুজল** *বি* হাঁটু পরিমাণ পানি। **হাঁটুর বয়স** *বি* (ব্য.) অনেক কম বয়স। **হাঁটুর বয়সী** *বিণ* খুব ছোট।

হাঁড়ল *বি* বৃহৎ গর্ত; বিস্তৃত পরিসর গহ্বর। [আঞ্চলিক]

হাঁড়া *বি* ১ হাঁড়ি অপেক্ষা বৃহৎ মৃৎপাত্রবিশেষ; ছোট জালা। ২ ধাতু বা মৃত্তিকা নির্মিত বৃহদাকার কলসি।

হাঁড়ি *বি* রন্ধন করবার পাত্রবিশেষ; ক্ষুদ্র জালার মতো পাত্র। [স. হণ্ডী>]। **হাঁড়িকুঁড়ি** *বি* হাঁড়ি কলসি প্রভৃতি। **হাঁড়িঠেলা** *বি* ক্লেশকর রান্নার কাজ। **হাঁড়িপানা** *বিণ* ১ হাঁড়ির মতো বৃহৎ গোল; ব্যবহৃত হাঁড়ির ন্যায় কালো; বৃহৎ; গোল। ২ মলিন; বিষণ্ন। **হাঁড়িমুখ** *বি* (রাগে বা অভিমানে) গম্ভীর মুখ; কালো মুখ। **হাঁড়ির খবর** *বি* ভেতরের খবর। **হাঁড়ির মুখের মতো সরা হওয়া** *ক্রি* (আল.) যেমন কন্যা তেমন বর হওয়া অর্থাৎ উপযুক্ত হওয়া।

হাঁড়িচাঁচা *বি* পাখিবিশেষ; এদের কণ্ঠ ও পুচ্ছ-প্রান্ত কালো ও বাকি অংশ ধূসর বর্ণ।

হাঁড়িয়া, হাড়িয়া *বি* ভাত থেকে প্রস্তুত মদবিশেষ; ঘড়াকাঁজি। [সাঁওতালের আঞ্চলিক]

হাঁদা *বিণ* ১ বোকা; মূর্খ; স্থূলবুদ্ধি। ২ মোটা। **হাঁদারাম** *বি* বোকারাম; অতি নির্বোধ লোক। [স. হণ্ডা>]

হাঁপ, হাঁফ *বি* ১ দীর্ঘশ্বাস; দম। ২ শ্রম বা দুশ্চিন্তার জন্য শ্বাসবেগ; হাঁপানি। **হাঁপ ছাড়ার সময় নেই**—অবসর বা ফুরসত নেই। **হাঁপানো, হাঁফানো** *ক্রি* ১ রুদ্ধপ্রায় শ্বাসজনিত ক্লেশ হওয়া। ২ ক্লান্ত হয়ে পড়া। ❑*বি* ঘন ঘন বা কষ্টে শ্বাস গ্রহণ। **হাঁপানি, হাঁপি** *বি* ১ শ্বাসকষ্টজনিত রোগবিশেষ। ২ ঘন ঘন শ্বাসত্যাগ ও গ্রহণ। **হাঁপাহাঁপি** *বি* অতিশয় ব্যগ্রভাব; উৎকট অস্থিরতা।

হাঁস *বি* ১ হংস; মরাল। ২ একজাতীয় জলচর পাখি। [স. হংস>]

হাঁসকল *বি* চৌকাঠের সঙ্গে দরজার পাল্লা ঝুলাবার বক্র লৌহদণ্ড।

হাঁসলি, হাঁসুলি *বি* মেয়েদের কণ্ঠের অলঙ্কার; এক প্রকার অর্ধচন্দ্রাকৃতি কণ্ঠাভরণ।

হাঁসানো, হাঁসান *বি* ১ হাঁসুয়া; ক্ষুদ্র ক্ষুরধার অস্ত্র দিয়ে কাটা। ২ উক্ত সকল অর্থে। ❑*ক্রি* হেঁসো দিয়ে গভীর করে কাটা; ফাঁসানো।

হাঁসিয়া, হাঁসুয়া, হেঁসো *বি* কাস্তের ন্যায় অর্ধচন্দ্রাকৃতি তীক্ষ্ণধার এক প্রকার দা।

হাঁ হাঁ *অব্য* হঠাৎ তীব্র নিষেধ বা নিবারণসূচক শব্দ।

হাকিম[১] *বি* ১ বিচারপতি। ২ শাসনকর্তা। [আ.]। **হাকিম নড়ে তো হুকুম নড়ে না**—হুকুম দানকারীর অপসারণ সম্ভব হলেও হুকুমের পরিবর্তন অসম্ভব। **হাকিমি** *বি* বিচারকের বৃত্তি। ❑*বিণ* ১ বিচার বা বিচারক সম্বন্ধীয়। ২ ভেষজ বিষয়ক (হাকিমি চিকিৎসা)। **নিমহাকিম** *বি* হাতুড়ে কবিরাজ। [ফা. নিম (অর্ধেক)+হাকিম (কবিরাজ)]

হাগা *ক্রি* পায়খানা করা। **হাগানো** *ক্রি* মলত্যাগ করানো। ❑*বি* মলত্যাগ। [অশ্লীল প্রয়োগ] **হাগামুতা** *বি* মলমূত্র ত্যাগ।

হাঘর *বি* ১ আশ্রয়হীন; নিরাশ্রয়। ২ নিঃস্ব। ৩ হীনবংশ। **হাঘরে** *বিণ* ১ গৃহহীন; আশ্রয়হীন। ২ অন্নহীন। ৩ নিঃস্ব; চালচুলা কিছুই নেই এমন। [বা. হাঘরিয়া> হাঘরে]।

হাঙ্গর, হাঙর *বি* তীক্ষ্নদন্ত বৃহদাকার মাছজাতীয় হিংস্র সামুদ্রিক জন্তু; shark। [স.]

হাঙ্গামা, হাঙ্গাম *বি* ১ দাঙ্গা; লড়াই; মারামারি। ২ ফ্যাসাদ। ৩ উৎপাত। ৪ বিপদ; বিপত্তি। [ফা. হঙ্গামহ্]

হাজত[১] *বি* বিচারের পূর্বে অপরাধীকে প্রয়োজনমতো হাজির করার জন্য পুলিশের জিম্মায় বন্দী রাখা বা রাখার স্থান। [আ.]

হাজত[২] *বি* ১ মুলতবি খাজনা; স্থগিত রাখা; রাজস্ব। ২ অভাব (হাজতের নামাজ)। [আ.]

হাজরা, হাজারী *বি* ১ হাজার সৈন্যের বা লোকের অধিনায়ক। ২ গ্রামের মোড়ল। ৩ পারিবারিক উপাধিবিশেষ (আবদুল গণি হাজারী)। [ফা.]

হাজরি *বি* ১ উপস্থিতি; আগমন। ২ ইউরোপীয় প্রথায় আহার। [আ.]। **ছোট হাজরি** *বি* প্রাতরাশ; লঘু নাস্তা; জলযোগ; breakfast। **বড় হাজরি** *বি* মধ্যাহ্নের পেটভরা খাবার; গুরু ভোজন; lunch; dinner।

হাজা *ক্রি* ১ পানি-কাদায় পচে যাওয়া। ২ পানিতে ভিজে নষ্ট হওয়া। ❑*বি* ১ প্লাবন বা অতিবৃষ্টিতে শস্য নষ্ট হওয়া। ২ অত্যন্ত পানি ঘাটবার ফলে হাতপায়ের আঙুলের এক প্রকার ক্ষত রোগ। ❑*বিণ* হেজে গেছে এমন। **হাজা ভোঁতা** *বিণ* নিকৃষ্ট খারাপ ও নষ্ট। **হাজাশুখা** *বি* অতিবৃষ্টিতে পচা। **হাজিয়া** *বিণ* পচে গেছে এমন।

হাজাম, হাজ্জাম *বি* ১ মুসলমান ক্ষৌরকার বা নাপিত। ২ যে খতনা করে (ইয়াছিন হাজাম)। [আ.]। **হাজামত, হাজামৎ** *বি* ১ ক্ষৌরকর্ম। ২ খাৎনাকরণ। [আ.]

হাজার *বি* দশ শত সংখ্যা; ১০০০। ❑*বিণ* সহস্র/দশশত সংখ্যক। [ফা.]। **হাজার হাজার** *বিণ* অসংখ্য; অগণিত; বহুসহস্র। **হাজারি** *বি* ১ সহস্র সৈন্যের অধিনায়ক। ২ সহস্র গ্রামের মণ্ডল। ৩ পদবিবিশেষ।

হাজি, হাজী *বি* যিনি মক্কা থেকে হজ্জ করে এসেছেন। [আ. হাজ্জ; ফা. হাজী]

হাজির *বিণ* উপস্থিত; আগত; বর্তমান। [আ.]। **হাজির-জবাব** *বি* উপস্থিত বক্তা; উপস্থিত মতে জবাব দানে পটু। **হাজির-জামিন** *বিণ* নির্দিষ্ট-কালে আদালতে কাউকে উপস্থিত করতে হবে এ অঙ্গীকারে জামিন থাকে এমন। **হাজিরা, হাজিরি** *বি* কর্তৃপক্ষের আদেশে/আহ্বানে উপস্থিতি। **গরহাজির** *বিণ* অনুপস্থিত; উপস্থিত না থাকা; অনাগত। [আ. গয়ের হাযির]

হাট *বি* ১ সপ্তাহের এক বা একাধিক নির্দিষ্ট দিনে ব্যাপক ক্রয়-বিক্রয়ের স্থান। ২ (আল.) প্রচুর উপস্থিতি; বহু লোকের সমাবেশ। [স. হট্ট>]। **হাট করা** *ক্রি* ১ হাট থেকে দ্রব্যাদি কেনা। ২ (আল.) উন্মুক্ত করা; খোলা (দরজা হাট করে রেখেছ কেন?)। ৩ (আল.) বিশৃঙ্খল বা এলোমেলো করা; অগোছালো। ৪ (আল.) প্রকাশ করা। ৫ (আল.) কোলাহল; চেঁচামেচি বা গোলমাল করা। **হাটকানা** *বি* হাটের রকমারি জিনিস দেখে যার তাক লেগে যায়। **হাট বসা, হাট লাগা** *ক্রি* ১ হাটে বেচা-কেনা শুরু হওয়া। ২

হাটে ক্রয়-বিক্রয় আরম্ভ হওয়া। ৩ (আল.) বহুজনের সমাবেশ। ৪ (আল.) হাটের মতো চেঁচামেচি; গণ্ডগোল করা। **হাট বসানো** *ক্রি* ১ হাট স্থাপন করা। ২ (আল.) প্রচুর লোক আসা। ৩ (আল.) হৈচৈ বা চেঁচামেচি বা চিৎকার করা। **হাটবার** *বি* হাটের দিন; সপ্তাহের যে দিনে হাট বসে। **হাটুরে, হাটুরিয়া** *বি* হাটে যে ক্রয়-বিক্রয় করে। ❑ *বিণ* ১ হাটে বিক্রয় করার জন্য পণ্য বহনকারী। ২ হাটে ক্রয়-বিক্রয়কারী। **হাটের দুয়ারে কপাট** *বি* অসম্ভব ব্যাপার। **হাটে বিকানো** *ক্রি* দশজনের দ্বারা আদৃত হওয়া। **হাটে হাড়ি ভাঙা** *ক্রি* গোপন কথা প্রকাশ করা বা প্রকাশ হয়ে যাওয়া। **ভাঙাহাট** *বি* যে হাটে ক্রয়-বিক্রয় প্রায় শেষ হয়েছে; পড়ন্ত অবস্থা।

হাটহদ্দ *বি* ১ সকল ব্যাপার। ২ সব খবর; শেষ সীমা।

হাড় *বি* ১ অস্থি। ২ (আল.) মর্ম (হাড়ে হাড়ে টের পাওয়া); শরীরের অন্তরতম বা গভীরতম স্থান। [স. হড্ড>]। **হাড় কাটে তো মাস কাটে না**—অত্যন্ত ভোঁতা অথচ ভারী অস্ত্র; ভারহেতু হাড় ভাঙে কিন্তু ধার না থাকায় মাংস কাটে না। **হাড় কালি হওয়া, হাড় ভাজা হওয়া** *ক্রি* ১ অত্যন্ত দুঃখ-কষ্ট ভোগ করা। ২ অতিরিক্ত পরিশ্রমে নির্জীব হয়ে পড়া। **হাড়কৃপণ, হাড়কিপটে** *বিণ* অতি কৃপণ-স্বভাব। **হাড় গুঁড়া করা** *ক্রি* ভীষণভাবে প্রহার করা। **হাড়গোড়** *বি* অস্থিপঞ্জরাদি; অস্থি ও উপাস্থি প্রভৃতি। **হাড়জিরজিরে** *বিণ* কঙ্কালসার। **হাড় জুড়ানো** *ক্রি* স্বস্তি লাভ করা; শান্তি পাওয়া। **হাড় জ্বালানো** *ক্রি* অতিশয় জ্বালাতন করা। ❑ *বিণ* অত্যন্ত জ্বালাতন করে এমন। **হাড়বজ্জাত** *বিণ* অতি দুষ্ট প্রকৃতির লোক। **হাড় ভাঙা** *ক্রি* খুব মার দেওয়া (পিটিয়ে তোর হাড় ভাঙবো); চোট পেয়ে বা দুর্ঘটনায় হাড় ভেঙে যাওয়া। ❑ *বিণ* অতিশয় শ্রমসাধ্য। **হাড় ভাজা ভাজা হওয়া** *ক্রি* নির্যাতিত হওয়া। **হাড় মাটি করা** *ক্রি* দেহপাত করা। **হাড়মাস** *বি* অস্থি ও মাংস। **হাড়-মাস আলাদা করা** *ক্রি* নিদারুণ প্রহার করা। **হাড়হদ্দ** *বি* শরীরের গভীরতম অস্থিসীমা পর্যন্ত; আদ্যন্ত; নাড়ি-নক্ষত্র। **হাড়হাবাতে** *বিণ* একেবারে নিঃস্ব; লক্ষ্মীছাড়া। **হাড়েচটা** *বিণ* অত্যন্ত ক্রুদ্ধ; অতিশয় চটা ভাবাপন্ন। **হাড়ে বাতাস লাগা** *ক্রি* স্বস্তিবোধ করা; বিশ্রাম ও শান্তি ভোগ করা। **হাড়ে দূর্বা গজানো**—দীর্ঘ বা বিফল প্রতীক্ষা। **পাকা হাড়, পাকা হাড়ডি** *বি* অভিজ্ঞজন; কূলীন।

হাড়গিলা, হাড়গিলে *বি* শকুনিজাতীয় মাংসাশী পাখি।

হাড়াই-ডোমাই *বি* হাড়ি-ডোমের আচরণ; নীচতা; ইতরামো। [বা. আঞ্চলিক প্রয়োগ]

হাড়ি, হাড়ী *বি* জাতিবিশেষ; অনুন্নত হিন্দু সম্প্রদায়বিশেষ। [স. হড্ডিক>]। **হাড়িনী** *বি স্ত্রী*।

হাড়িকাঠ, হাড়কাঠ *বি* ১ এক প্রকার কাঠ নির্মিত ফাঁদ যাতে পশু বলি দেওয়া হয়; যূপকাষ্ঠ। ২ পা আটকিয়ে রাখার জন্য বেড়িজাতীয় কাঠবিশেষ। **হাড়িকাঠে মাথা বা গলা দেওয়া**—ইচ্ছাকৃতভাবে মৃত্যু বরণ করা; নিশ্চিত ও গুরুতর বিপদ বরণ করা।

হাডুডু *বি* কপাটি খেলা।

হাড্ডি *বি* হাড়। [স. হড্ড>]। **হাড্ডিসার** *বিণ* কঙ্কালসার; অতিশয় জীর্ণ-শীর্ণ।

হাণ্ডি *বি* হাঁড়ি। [স. হণ্ডী>]

হাত *বি* ১ হস্ত। ২ পাণি; কর। ৩ ভুজ; বাহু। ৪ মণিবন্ধ কনুই অথবা বগল থেকে আঙুলের অগ্রভাগ পর্যন্ত দেহাংশ। ৫ আঠারো ইঞ্চি বা চব্বিশ আঙুল পরিমিত দৈর্ঘ্যের এক প্রকার মাপ। ৬ (আল.) প্রভাব। ৭ (আল.) সহায়তা বা বিরোধিতার জন্য হস্তক্ষেপ। ৮ (আল.) অধিকার; দখল; আয়ত্ত; অধীন। [স. হস্ত>প্রা. হত্থ>বা. হাত]। **হাত আসা** *ক্রি* অভ্যাস বা রপ্ত হওয়া; দানের অভ্যাস হওয়া (হাত আসুক)। **হাত ওঠানো** *ক্রি* নিরস্ত হওয়া। **হাত কচলানো** *ক্রি* দুই করতল ক্রমাগত ঘষে অতি দীনভাবে মিনতি করা বা প্রার্থনা করা। **হাতকড়ি, হাতকড়া** *বি* অপরাধীর হাতের শৃঙ্খলযুক্ত লৌহ বলয়বিশেষ। **হাত করা** *ক্রি* ১ হস্তগত করা। ২ বশে আনা; আয়ত্ত করা। **হাতকর্জা** *বি* চিঠা বা টোকাবিহীন ঋণ। **হাত-করাত** *বি* এক হাত দিয়ে চালানো যায় এমন ছোট করাত। **হাতকষা** *বি* কৃপণ। **হাতকাটা** *বিণ* ১ হাত কাটা গেছে এমন; ছিন্নহস্ত। ২ বগল থেকে কনুই পর্যন্ত হাতাযুক্ত (জামা)। **হাত কামড়ানো** *ক্রি* বঞ্চিত হয়ে আফসোস করা। **হাত কামড়ানি** *বি* অনুতাপ; আফসোস। **হাতখরচ** *বি* ব্যক্তিগত খুচরা ব্যয়। **হাতখালি** *বিণ* রিক্তহস্ত; নিঃস্ব। **হাত খালি করা** *ক্রি* রিক্তহস্ত বা নিঃস্ব হওয়া; হাতে পয়সা না থাকা। **হাতখোলা** *বিণ* ১ খরচে; ব্যয়শীল। ২ দাতা; দানশীল। **হাত গুটানো** *ক্রি* ১ নিরস্ত হওয়া; নিজকে লিপ্ত না রাখা। ২ কারবার বন্ধ করা। **হাত গোনা** *ক্রি* হস্তরেখা দেখে ভাগ্য স্থির করা; জ্যোতিষ বিদ্যাবলে ভূত-ভবিষ্যৎ গণনা করা। **হাতচলা** *ক্রি* ১ প্রহার করা। ২ দ্রুত হস্তে কাজ করা। **হাতচিঠা** *বি* ক্ষুদ্র চিঠি; রসিদ; প্রাপ্তিস্বীকারপত্র। **হাত চুলকানো** *ক্রি* ১ কোনো কিছু করার জন্য হাত নিসপিস করা বা অস্থিরতা প্রকাশ করা। ২ অর্থপ্রাপ্তি বা খরচের ইঙ্গিত বলে প্রচলিত বিশ্বাস। **হাতছাড়া** *বিণ* হস্তচ্যুত; বেহাত; হাতের বাইর; অধিকারচ্যুত; বেদখল। **হাতছানি** *বি* হাত নেড়ে ইঙ্গিত বা ইশারা। **হাতজোড় করা** *ক্রি* ১ ক্ষমা প্রার্থনা করা। ২ মিনতি করা। ৩ নমস্কার করা। **হাত জোড়া থাকা** *ক্রি* ১ হাতে কাজ থাকা; কর্মব্যস্ত থাকা। ২ অবসর না থাকা; কাজে লিপ্ত থাকা। **হাতটান** *বি* ১ কৃপণতা; কিপটেমি। ২ অর্থাভাব। ৩ চুরি-ছেঁচড়ামির অভ্যাস। **হাততালি** *বি* করতালি; দুই করতলে পরস্পর আঘাত। **হাত তোলা** *ক্রি* ১ হাত উঠানো। ২ প্রহার বা সমর্থনের জন্য হাত উঁচুতে উঠানো। **হাততোলা** *বি* অন্যের অনুগ্রহস্বরূপ প্রদত্ত অর্থ বা গ্রাসাচ্ছাদন। ❑ *বিণ* ১ অপরের অনুগ্রহের উপর নির্ভরশীল। ২ অন্যের অনুগ্রহস্বরূপ প্রদত্ত। **হাত দেওয়া** *ক্রি* ১ হস্তক্ষেপ করা। ২ হাত দিয়ে স্পর্শ করা। ৩ সহায়তা বা বিরোধিতার জন্য হস্তক্ষেপ করা। **হাত দেখা** *ক্রি* ১ কররেখা বিচার করে ভাগ্য নির্ণয় করা। ২ নাড়ি পরীক্ষা করে রোগের অবস্থা নির্ণয় করা। **হাত-ধরা** *বিণ* বশীভূত; অধীন; বশবর্তী। ❑ *বি* হস্তগ্রহণ; অন্যের হস্ত অবলম্বন করা। **হাত ধুয়ে বসা** *ক্রি* ১ আশা ত্যাগ করা। ২ (ব্য.) দাওয়াত রক্ষা করতে গিয়ে আহারের জন্য অত্যধিক ব্যস্ত হওয়া। **হাত পড়া** *ক্রি* ১ হস্তক্ষেপ হওয়া; হাতলাগা। ২ স্পর্শ লাগা। **হাত পাকানো** *ক্রি* ১ অভ্যাস দ্বারা নিপুণতা লাভ করা। ২ মারার জন্য তৈরি হওয়া। **হাত পা চলা** *বি* ১ একই সঙ্গে হাত ও পা দিয়ে প্রহার

করা। ২ চড় ঘুষি ও লাথি মারা। **হাত পা ছেড়ে দেওয়া** *ক্রি* নিশ্চেষ্ট হওয়া; হতাশ হওয়া; মরণাপন্ন অবস্থা। **হাত পাতা** *ক্রি* ভিক্ষা করা। **হাত পাতা রোগ** *বি* ঘুষ খাওয়ার বদ অভ্যাস। **হাত পা না ওঠা** *ক্রি* খুব ভীত ও অসহায় বোধ করা। **হাত-পা পেটের মধ্যে ঢোকা/সেঁধুনো** *ক্রি* অত্যন্ত আতঙ্কগ্রস্ত হওয়া। **হাত-পা বাঁধা** *বিণ* অসহায়; উপায়হীন; নিরুপায়। **হাত-পা বেঁধে জলে ফেলা** *ক্রি* পরিত্রাণ লাভের পথ রুদ্ধ করে মৃত্যুমুখে বা নিদারুণ বিপদে নিক্ষেপ করা। ☐ *বি* অপাত্রে কন্যাদান। **হাত-পা বের হওয়া** *ক্রি* ১ যথেষ্ট পরিমাণে অতিরঞ্জিত হওয়া। ২ কর্মশক্তি অতিশয় বৃদ্ধি পাওয়া। **হাত ফসকানো** *বি* ১ হাত হতে চলে যাওয়া। ২ হাত থেকে পিছলে পড়ে যাওয়া। **হাত-ফেরতা** *ক্রিবিণ* ঘুরে-ফিরে; ক্রমানুয়ে হাত বদল হয়ে। **হাত ফেরানো** *ক্রি* এক জনের হাত থেকে অন্য জনের হাতে যাওয়া। **হাতবদল** *বি* হস্তান্তর; অধিকার বদল; অন্য হাতে যাওয়া। **হাতবাক্স** *বি* টাকাকড়ি রাখার ছোট বাক্স। **হাত বাড়ানো** *ক্রি* ১ কিছু ধরবার বা সাহায্য করবার জন্য হাত বিস্তার করা। ২ (আল.) লোভ করা। ৩ লাভ করতে চেষ্টা করা। **হাতভারী** *বিণ* কৃপণ; ব্যয়কুণ্ঠ। **হাতমোজা** *বি* দস্তানা। **হাতযশ** *বি* দক্ষতার খ্যাতি। **হাত রাঁড় করা** *ক্রি* বিধবার মতো হাত খালি করা। **হাত লাগানো** *ক্রি* কাজে প্রবৃত্ত হওয়া। **হাতসই** *বি* হাতের ভালো নিশানা। ☐ *বিণ* এক হাত মাপবিশিষ্ট। **হাত-সাফাই** *বি* ১ চুরি। ২ হাতের ছলা-কলা; হাতের পটুতা। **হাতে কলমে** *ক্রিবিণ* কেতাবি বিদ্যার কেজো প্রয়োগে। **হাতেখড়ি** *বি* ১ শিশুদের প্রাথমিক শিক্ষারম্ভ অনুষ্ঠান। ২ (আল.) কোনো কিছুতে প্রথম হস্তক্ষেপ; কর্মারম্ভ। ৩ (আল.) শিক্ষারম্ভ; শিক্ষা শুরু। **হাতে খোলা** *বিণ* হস্তে ভিক্ষাপাত্র অর্থাৎ সর্বস্বান্ত। **হাতে গড়া** *বিণ* ১ হস্তদ্বারা নির্মিত। ২ স্বয়ং শিখিয়ে পড়িয়ে মানুষ করা। ৩ কারো দ্বারা বিশেষভাবে শিক্ষিত বা প্রভাবান্বিত। **হাতে থাকা** *ক্রি* ১ সঞ্চিত থাকা। ২ অনুকূল থাকা। ৩ বশে থাকা। **হাতে ধরা** *ক্রি* বিশেষভাবে অনুরোধ বা মিনতি করা। **হাতে নয় ভাতে মারা** *ক্রি* ১ প্রহার না করে শুধু খাদ্য না দিয়ে শেষ করা। ২ (আল.) বলপ্রয়োগ না করে খাদ্য বন্ধ করে দুর্বল করা। **হাতে-নাতে** *ক্রিবিণ* ১ অপরাধের প্রমাণ শুদ্ধ, বমাল; মালসহ। ২ অপরাধ কার্যে রত অবস্থায়। **হাতে নেওয়া, হাতে করা** *ক্রি* ১ গ্রহণ করা। ২ দায়িত্ব নেওয়া। **হাতে পাওয়া** *ক্রি* আয়ত্তে পাওয়া; কর্তৃত্বপ্রদর্শনের সুযোগ পাওয়া। **হাতের পাঁচ** *বি* যার উপর নিজের বিশেষ অধিকার আছে; শেষ সম্বল। **হাতে পাঁজি মঙ্গলবার**—(আল.) মীমাংসার নির্ভরযোগ্য উপায় থাকতে তর্ক-বিতর্ক বৃথা। **হাতের পুতুল** *বিণ* যাকে দিয়ে ইচ্ছামতো কাজ করানো যায়। **হাতে বেড়ি পড়া** *ক্রি* (আল.) অপরাধের দায়ে গ্রেপ্তার হওয়া। **হাতে মাথা কাটা** *ক্রি* ১ শুধু হাত দিয়ে মাথা কাটার মতো অসম্ভব কাজ সাধন করা। ২ (আল.) নিদারুণ উদ্ধত ও শক্তিমদমত্ত হয়ে যা খুশি তা করতে ইচ্ছা করা। **হাতে মারা** *ক্রি* প্রহার করা। **হাতে জল না গলা** *ক্রি* (আল.) অত্যন্ত কৃপণতা করা। **হাতের ঢিল ছুড়ে দিলে আর ফেরে না**—(আল.) সুযোগ নষ্ট করলে আর পাওয়া যায় না। **হাতের লক্ষ্মী পায়ে ঠেলা** *ক্রি* হেলায় সুযোগ নষ্ট করা। **হাতে হাঁড়ি** *বি* পাকস্পর্শ; বউভাত। **হাতে হাতে** *ক্রিবিণ* সঙ্গে সঙ্গে; তৎক্ষণাৎ; সদ্য সদ্য। **কপালে হাত দেওয়া** *ক্রি* অদৃষ্টের দোহাই দেওয়া। **কাঁচা হাত** *বি* অপটুতা; নৈপুণ্য বা দক্ষতার অভাব; অনভিজ্ঞতা। **গালে হাত দেওয়া** *ক্রি* বিস্ময় বা বিষাদ প্রকাশ করা। **ডানহাত বাঁহাত করা** *ক্রি* আদান-প্রদান করা। **ডান হাতের ব্যাপার** *বি* ভোজন; আহার। ☐ *ক্রিবিণ* আহারের আয়োজন। **পাকা-হাত** *বি* ১ নৈপুণ্য; পটুত্ব। ২ দক্ষতা; অভিজ্ঞতা। **পায়ে হাত দেওয়া** *ক্রি* ১ প্রণাম করা; কদমবুসি করা। ২ চরণ স্পর্শ করে মিনতি বা প্রতিজ্ঞা করা। **বাঁ হাতের ব্যাপার** *বি* ১ (আল.) ঘুষ বা উৎকোচ গ্রহণ। ২ উৎকোচ। **বুকে হাত দেওয়া** *ক্রি* সাহস প্রকাশ করা। **মাথায় হাত দেওয়া** *ক্রি* ১ (আ.) হতাশ হওয়া। ২ অন্যের মাথায় হাত রেখে প্রতিজ্ঞা করা। **মাথায় হাত বুলানো** *ক্রি* ১ (আল.) সান্ত্বনা দেওয়া। ২ প্রবঞ্চনা করা।

হাতড়ানো *বিণ* হাত দিয়ে খোঁজা।

হাতল *বি* হাত দিয়ে ধরার কড়া আংটা বাঁট ইত্যাদি।

হাতা *বি* ১ বাটিযুক্ত দীর্ঘ সরু দণ্ডবিশেষ; দর্বি। ২ জামার আস্তিন। ৩ বাঘ প্রভৃতির নখরযুক্ত সম্মুখের পদ; থাবা। **ফুল-হাতা** *বিণ* কব্জি পর্যন্ত হাতাবিশিষ্ট জামা। **হাফ-হাতা** *বিণ* কনুই পর্যন্ত হাতাবিশিষ্ট জামা।

হাতানো *ক্রি* ১ হাত দিয়ে নেড়েচেড়ে দেখা। ২ হস্তগত করা; অধিকার করা। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে।

হাতাহাতি *বিণ* হাত দিয়ে মারামারি।

হাতি[১]**, হাতী** *বি* ১ হস্তী; গজ; করী। ২ (আল.) অত্যন্ত স্থূলকায় ব্যক্তি; খুব মোটা লোক। [সং. হস্তী>]। **হাতি পোষা** *ক্রি* (আল.) অত্যন্ত ব্যয়সাধ্য কাজ করা। **হাতির খোরাক** *বি* (আল.) প্রচুর ব্যয়; বিরাট খরচ। **হাতির পাঁচ পা দেখা** *ক্রি* অতিশয় বাড়াবাড়ি করা। **হাতির ভোগমুখে দূর্বা ঘাস** *বিণ* যেখানে প্রভূত ভোজ্যের প্রয়োজন সেখানে অল্প খাদ্যের আয়োজন। **হাতিশাল** *বিণ* পিলখানা; হাতির আস্তাবল। [সং. হস্তিশালা>]। **হাতি-শুঁড়** *বি* এক প্রকার গুল্ম যার ফুলের মঞ্জরী হাতির শুঁড়ের মতো। **দুয়ারে হাতি বাঁধা থাকা** *ক্রি* অত্যন্ত ধনী হওয়া।

-হাতি[২] *বি* হস্ত পরিমিত (দশহাতি কাপড়)।

হাতিয়ার *বি* ১ হাতে বহন করা যায় এমন অস্ত্রশস্ত্র। ২ শিল্পসাধন যন্ত্র; হস্ত দ্বারা ব্যবহারযোগ্য যন্ত্রপাতি। ৩ প্রয়োজনীয় অস্ত্রাদি। [তুল. হি. হথিয়ার]

হাতুড়ি, হাতুড়ী *বি* লোহার ছোট মুগুর যা দিয়ে পেরেক প্রভৃতি পিটানো বা ঠোকানো হয়।

হাতুড়ে, হাতুরিয়া *বিণ* আনাড়ি বা অশিক্ষিত চিকিৎসক। ☐ *বি* অশিক্ষিত; আনাড়ি; অনভিজ্ঞ।

হাদিস, হদিস[২] *বি* মুসলিমদের অনুসৃত হজরত মুহম্মদের (সা.) নির্দেশ, কর্ম ও আচরণসমষ্টি। তাঁর অনুমোদিত বাক্য ও কার্য হাদিস নামে পরিচিত।

হানা[১] *ক্রি* ১ আক্রমণ করা। ২ ছোড়া; নিক্ষেপ করা। ৩ মারা; হনন করা; হত্যা করা; বধ করা। ☐ *বি* ১ আক্রমণ। ২ খানাতল্লাশি; গ্রেপ্তার করার জন্য আগমন। ☐ *বিণ* অপদেবতাদের দ্বারা আক্রান্ত বা অধিকৃত। **হানাদার** *বি, বিণ* আক্রমণকারী; যে অন্যায়ভাবে আক্রমণ করে। **হানাবাড়ি** *বি* ভূত প্রেত অপদেবতার আশ্রয়স্থল। **হানাহানি** *বি* আঘাত-প্রত্যাঘাত; আক্রমণ প্রতি-আক্রমণ।

হানা[১]**, হ্যানা** *বি* ১ কণ্ঠ; গলদেশ; বাহু। ২ জিন; গদি। [আ., হি]
হানাফি, হানিফি *বি* ইমাম আবু হানিফার মতাবলম্বী মুসলিম।
হানি *বি* ১ ক্ষতি; অপচয়; লোকসান। ২ দোষ-ত্রুটি। ❑ *বিণ* নাশ। [স.]। **হানিকর, হানিজনক** *বিণ* ১ ক্ষতিকর। ২ বিনাশক।
হাপর *বি* ১ চুল্লিতে হাওয়া দেওয়ার জন্য নলসংযুক্ত চামড়ার তৈরি থলি; ভস্ত্রা। ২ জেলেদের মাছ জিইয়ে রাখার আধারবিশেষ। ৩ যেখানে বীজ অঙ্কুরিত হয়।
হাপরানো *ক্রি* তরল খাদ্য সশব্দে খাওয়া। ❑ *বি* উক্ত অর্থে। [আঞ্চলিক]
হাপু *বি* দুশ্চিন্তা; ভাবনা; প্রমাদ; হাহুতাশ; এক প্রকার লোকগীতির নাম।
হাপুস[১] *অব্য* হাপরানোর শব্দ।
হাপুস[২] *বিণ* বাষ্পাচ্ছন্ন; অশ্রুপূর্ণ। [স. বাষ্প>]। **হাপুস নয়নে** *ক্রিবিণ* অশ্রুপূর্ণ নয়নে।
হাফ *বি* অর্ধ; অর্ধেক। ❑ *বিণ* খাটো; হ্রস্ব। [ই. half]। **হাফ-আখড়াই** *বি* ১ আখড়াই অপেক্ষা অল্প সময় স্থায়ী সঙ্গীত-সভাবিশেষ। ২ বাংলার প্রাচীন সঙ্গীতের বৈঠকবিশেষ। **হাফ-টাইম** *বি* বিরতি; অর্ধেক সময়। [ই. half-time]। **হাফ টিকিট** *বি* অল্প বয়স্ক যাত্রী বা দর্শকের জন্য অর্ধেক বা অপেক্ষাকৃত কম মাসুলে ক্রয়যোগ্য টিকিট। [ই. half-ticket]। **হাফডে, হাফ-হলিডে** *বি* কর্মস্থানে বা বিদ্যালয়ে একবেলা ছুটি।
হাব[১] *বি* মনোহর লাস্য বা বিলাস-ভঙ্গি। **হাবভাব** *বি* ১ ছলাকলা। ২ চালচলন। [স.]
হাব[২] *বি* আহ্বান।
হাবড়হাটি *বি* ১ কর্দম; পঙ্ক; জলকাদা; কাদামাটি। ২ আজেবাজে কথা।
হাবড়া *বিণ* অসাড়; অকর্মণ্য; অথর্ব (বুড়ো হাবড়া)।
হাবলা *বিণ* ১ হাবা; নির্বোধ; বুদ্ধিহীন। ২ হাবার তুল্য। [ফা. আবলহ্]
হাবশি, হাবসি *বি* ১ আবিসিনিয়ার অধিবাসী। ২ কাফরি; নিগ্রো। [আ.]। **হাবসিখানা** *বি* হাফশিদের বাসস্থান।
হাবা *বিণ* ১ মূক। ২ অতিশয় নির্বোধ; গোবেচারা; হাবলা। ৩ স্থূলবুদ্ধি। ৪ সামান্য বিকৃত মস্তিষ্ক। [ফা.]। **হাবাকালা** *বিণ* ১ মূক ও বধির। ২ বুদ্ধি-বিবেচনাহীন। **হাবাগঙ্গারাম, হাবাগবা, হাবগোবা** *বিণ* বোকা ও মুখচোরা বা বোবা।
হাবালা, হাবাল *বি* হাওলা; জিম্মা। [আ. হওয়ালঃ]
হাবিজাবি *বিণ* আজে-বাজে।
হাবিয়া *বিণ* দোজখ; নরকবিশেষ। [আ.]
হাবিলদার *বি* সিপাহিদের নায়ক; হাওয়ালাদার। [আ. হবালঃ+ফা. দার]
হাবিলাষ (ম-বা) *বি* অভিলাষ; বাসনা।
হাবুডুবু *বি* ১ বারবার ডুবে যাওয়ার জন্য শ্বাসকষ্ট। ২ বারবার পানিতে ডুবে যাওয়া ও ভেসে ওঠা। ❑ *বিণ* নিমজ্জিত-প্রায়। [তু. হাঁপ]
হাবেলি, হাবলি *বি* ১ পাকাগৃহ; অট্টালিকা। ২ গৃহের শ্রেণী; পাড়া। ৩ বাসস্থান; গৃহ। [আ., ফা.]
হাভাত, হাবাত *বি* ১ নিরন্ন দশা; অন্নের জন্য হায় হায়; অন্নসংস্থানহীন ব্যক্তি। ২ হতভাগ্য। **হাভাতে** *বিণ* ভাতের জন্য হায় হায় করে এমন।
হাম[১] *বি* এক প্রকার গুটিকাযুক্ত জ্বর রোগ; মিলমিলে measles। [আ. হুম্মা]
হাম[২]**, হম**[২] *সর্ব* আমি। [স. অহং> হি]। **হামবড়, হামবড়া** *বিণ* ১ আমিই সর্বাপেক্ষা বড় এমন ভাবসম্পন্ন; সর্বেসর্বা। ২ আত্মগর্বী; অহঙ্কারী। **হামবড়াই** *বি* আমি বড় এই ভাব; আত্মম্ভরিতা; অহমিকা; অহঙ্কার।
হামছায়, হামছায়া *বি* প্রতিবেশী। [ফা.]
হামদর্দি, হামদর্দী *বি* সমবেদনা। ❑ *বিণ* সমব্যথী; সহানুভূতিশীল। [ফা.]
হামবাগ *বি,বিণ* ভান; ভানকারী। ❑ *বিণ* দমবাজ; প্রতারক। [ই. humbug]।
হামলা *বি* ১ আক্রমণ। ২ চড়াও হওয়া। ৩ দাঙ্গা। [আ.]
হামলানো, হামলান *ক্রি* ১ বাছুরের অদর্শনে গাভীর হাম্বা রবে চিৎকার করা। ২ প্রিয়-বিরহে অস্থির হয়ে ডাকাডাকি। ৩ উক্ত সকল অর্থে। [স. হম্বা>]
হামা *বি* দুই হাত দুই জানুর উপর ভর দিয়ে চলন। **হামাগুড়ি** *বি* হামা দিয়ে গমন; হাঁটু মুড়ে হেঁট মুখে অবস্থান।
হামান (প্রা-বা) *বি* তাঁতে বোনা গাত্রবস্ত্র। [ফা.]
হামানদিস্তা, হামানদিস্তে *বি* হাত দিয়ে কঠিন দ্রব্যাদি চূর্ণ করার উপযোগী লৌহপাত্র ও লৌহদণ্ড।
হামাম, হাম্মান *বি* ১ স্নানাগার; গোসলখানা। ২ সাধারণের ব্যবহারের জন্য গরম পানির গোসলখানা। [আ.]
হামেলা, হামিলা *বি* গর্ভবতী। [আ.]
হামেশা, হামেসা, হামেহাল *ক্রিবিণ* ১ প্রায়ই। ২ সর্বদা; সবসময়; চিরকাল। [ফা. আ.]
হাম্বা, হম্বা *অব্য* গাভীর ডাক; গরুর ডাক। [স. হম্বা>]
হাম্বির, হাম্বীর *বি* (সং) রাগিণীবিশেষ।
হায় *অব্য* খেদ অনুতাপ শোক দুঃখ নৈরাশ্য ইত্যাদিব্যঞ্জক শব্দ; হা।
হায়ওয়ান *বি* প্রাণী; পশু; জানোয়ার (তুই একটা আস্ত হায়ওয়ান)। [আ. হয়ওয়ান; ফা. জানোয়ার]
হায়দর *বি* ১ সিংহ। ২ হজরত আলি (রা.)-এর উপাধি। [আ.]। **হায়দরি হাঁক, হায়দরী হাঁক** *বি* মহাবীর হজরত আলির রণহুঙ্কার (হাঁকিল হায়দারি হাঁক আলি পাহালওয়ান—সৈয়দ হামজা)।
হায়ন *বি* ১ বছর। ২ অব্দ; সাল; সন। [স.]
হায়া *বি* লজ্জা; শরম। [আ.]। **হায়া-শরম** *বি* লজ্জা-শরম; শালীনতাবোধ। [আ.+ফা.]। **বেহায়া** *বি* নির্লজ্জ।
হায়াত *বি* আয়ু; জীবন; পরমায়ু (আল্লাহ তোমার হায়াত দরাজ (দীর্ঘ) করুন)। [আ.]
হার *বি* ১ এক প্রকার কণ্ঠাভরণ; গলায় ঝুলিয়ে পরার অলঙ্কার। ২ মালা। ৩ হরণ; ভাগ। ৪ অনুপাত। ৫ দর; সংখ্যা বা পরিমাণ হিসেবে একক অনুসারে মূল্য। [স.]। **হারক** *বি* ভাজক; divisor। ❑ *বিণ* হরণকারী। **হারাহারি** *বি* ১ অনুপাত অনুযায়ী ভাগবাঁটোয়ারা। ২ পরাজয়। ❑ *বিণ* গড়পরতা; অনুপাত অনুযায়ী গড়ে।
হারফনমওলা, হরফুনমৌলা *বি* ১ সর্ববিদ্যাবিশারদ। ২ (ব্য.) সবজান্তা; সকল কাজের কাজি। [ফা. হরফনমওয়লা]
হারমাদ, হার্মাদ *বি* পর্তুগিজ জলদস্যু (হার্মাদের নৌকা

সঙ্গে হৈল দরশন—আলাওল) [পা. Armada]। **হারমাদি** *বি* হারমাদের মতো স্বভাব।

হারমোনিয়াম *বি* সুপরিচিত বাদ্যযন্ত্র। [ই. harmonium]

হারা *ক্রি* পরাজিত হওয়া; পরাজয় বরণ করা। ❑ *বি* পরাজয়। ❑ *বিণ* ১ হারানো বা খোয়ানো গেছে বা নাশ হয়েছে এমন; বঞ্চিত; বিহীন। ২ হারিয়ে গেছে এমন। **হারানো** *ক্রি* ১ খোয়ানো। ২ পরাজিত করা; পরাস্ত করা। ৩ নিখোঁজ হওয়া; খোঁজ না পাওয়া। ৪ হস্তচ্যুত হতে দেওয়া; ত্যাগ করা। ৫ নষ্ট করা। ৬ ঠিক না রাখা; বিকৃত করা। ৭ বিচ্ছিন্ন হয়ে যাওয়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **হারাহারি** *বি* ১ জয়-পরাজয়। ২ আনুপাতিক।

হারাকিরি *বি* কোনো কাজে ব্যর্থতার দায়ভাগ বহন করে জাপানিদের পেট চিরে আত্মহত্যা করার প্রাচীন অভ্যাস।

হারাম *বি* ১ ইসলাম ধর্মের বিধানে অবৈধ বা নিষিদ্ধ কাজ; বিষয়বস্তু বা প্রাণী। ২ শূকর। [আ.] **হারাম খাওয়া** *বি* অবৈধ উপায়ে টাকা পয়সা বা খাদ্যাদি গ্রহণ। **হারামখোর** *বিণ* হারাম খায় এমন। **হারামজাদা, হারামজাদ** *বিণ* বেজন্মা; জারজ; এক প্রকার গালি। [আ. হারাম+ফা. জাদঃ]। **হারামজাদি** *বিণ স্ত্রী.*। **হারামি** *বি, বিণ* জারজ; অতিশয় পাজি বা দুর্জন; গালিবিশেষ (লোকটা আস্ত একটা হারামি)।

হারি *বি* পরাভব। ❑ *বিণ* মনোহর; রুচির। **হারিকণ্ঠ** *বি* কোকিল।

হারিকেন *বি* বাতাস ও পানি হতে সুরক্ষিত কাচের আবরণযুক্ত এক প্রকার তেলের লণ্ঠন; ঘূর্ণিঝড়। [ই. hurricane]

হারী[১] (-রিন্) *বিণ* হারশোভিত; হারযুক্ত। **হারিণী** *স্ত্রী.*।

-হারী[২] (-রিন্) *বিণ* ১ হরণকারী (চিত্তাহারী)। ২ বাহক (জলহারী)। ৩ অপনোদন কারক (শোকহারী)। [স.]। **-হারিণী** *বিণ স্ত্রী.*।

হারীত *বি* ১ শুকপাখি। ২ 'স্মৃতিশাস্ত্র' প্রণেতা হিন্দু ঋষিবিশেষ।

হারেম *বি* অন্তঃপুর; অন্দরমহল; নিষিদ্ধ বা পবিত্র স্থান। [আ. হ'রম]। **হারেম শরিফ** *বি* কাবাগৃহ সংলগ্ন পবিত্রস্থান।

হার্টফেল *বি* হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে যাওয়া। [ই.]

হার্দ, হার্দ্য *বি* প্রণয়; প্রীতি; হৃদ্যতা; স্নেহ। ❑ *বিণ* ১ হৃদ্‌গত; আন্তরিক; অন্তরজাত। ২ মনোজ্ঞ; মনোহর। [স.]

হার্দিক *বিণ* ১ আন্তরিক; হৃদয়জাত; হৃদ্‌গত। ২ হৃদয় সম্পর্কিত। [স.]

হাল[১] *বি* ১ লাঙ্গল। ২ গাড়ির চাকার লৌহবেড়। [স.]। **হালিক** *বিণ* হালসম্বন্ধীয়; হালচাষকারী; হালিয়া।

হাল[২]**, হালি, হাইল** *বি* নৌকা চালাবার বা ঘোরাবার কাঠের যন্ত্রবিশেষ।

হাল[৩] *বি* ১ অবস্থা; দশা। ২ বর্তমান কাল। ৩ বর্তমান; উপস্থিত; আধুনিক; চলতি। [আ.]। **হাল আইনে** *বি* বর্তমান মতে; বর্তমান আইনে। **হাল আমল** *বি* বর্তমান জমানা। **হালখাতা** *বি* নতুন বছরের হিসাব-নিকাশের জন্য নতুন খাতা ও নতুন খাতা আরম্ভের উৎসব। **হালচাল** *বি* ১ অবস্থা; দশা। ২ আচার-ব্যবহার। ৩ ভাবভঙ্গি। **হালত, হালৎ** *বি* দুর্দশা; অবস্থা; হাল। **হালফ্যাশন** *বি* আধুনিক রীতি; চলতি নিয়ম। **হাল হকিকত, হাল হকীকত** *বি* প্রকৃত অবস্থা। [আ.]

হালকা, হাল্কা *বিণ* ১ অল্প ভার এমন; পাতলা। ২ লঘু। ৩ মৃদু। ৪ ফিকা। ৫ গুরুত্বশূন্য। ৬ চিন্তাশূন্য। ৭ আলতো। ৮ কর্মহীনা। [তুল. আ. হলকান, স. লঘুক>]। **হালকাপনা, হালকামি** *বি* লঘুতা; ছেলেমানুষি; অর্বাচীনতা।

হালট *বি* ১ হালের গরু চলাচলের পথ; গোপাট। ২ গ্রামাঞ্চলের নিচু কাঁচা রাস্তা (হালটে উঠেছে)।

হালদার, হাওলাদার *বিণ* পদবিবিশেষ। ❑ *বি* পুলিশ বা সামরিক কর্মচারী; তত্ত্বাবধায়ক; সংরক্ষক। [আ. হাওয়ালঃ+ফা দার]

হালফিল *ক্রিবিণ* ১ বর্তমান; সম্প্রতি; অধুনা। ২ সর্বদা। [আ.]

হালাক, হাল্লাক *বি* ১ সর্বনাশ। ২ বধ; হত্যা। ৩ পরিশ্রান্ত; হয়রান। ❑ *বিণ* প্রাণান্ত। [আ.]

হালাল *বিণ* ইসলাম ধর্মানুসারে বৈধ ও পবিত্র। ❑ *বি* ১ বৈধ কাজ। ২ মুসলমান ধর্মের নিয়মানুযায়ী বৈধ পশুপাখি জবেহ। [আ.]। **হালালি** *বিণ* বৈধ।

হালি[১] *বিণ* ১ নতুন বছরের (হালি চাউল)। ২ টাটকা (হালি ডিম)। ৩ চারটি (একহালি আম)।

হালিয়া, হালি[২] *বি, বিণ* কৃষক; হালচাষকারী। [স. হল +বা. ইয়া]

হালি[৩] *বি* যিনি নৌকার হাল ধরেন; মাঝি।

হালুইকর *বি* ময়রা; মিষ্টি প্রস্তুতকারী। [আ. হল্‌ওয়া +ফা. কর]

হালে *বিণ* সম্প্রতি; ইদানীং।

হালুম *অব্য* বাঘের ডাক; ব্যাঘ্র-গর্জন।

হালুয়া *বি* মোহনভোগ; ঘি চিনি দুধ দিয়ে বা অন্যান্য বস্তু থেকে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। [আ. হল্‌ওয়া]

হাশর *বি* পুনরুত্থান; শেষ বিচারের দিন; আল্লাহর বিচারের দিন। [আ.]

হাশিয়া *বি* ১ শাড়ি বা শালের ফুলতোলা পাড়বিশেষ। ২ পুস্তকের পার্শ্বে লিখিত টীকা। [আ.]

হাশিশ, হাশীশ *বি* ১ ভাং; মাদক দ্রব্যবিশেষ। ২ ক্লান্তিনাশক; শান্তিদায়ক। [আ.]

হাস *বি* ১ হাস্য; হাসি। ২ উপহাস। **হাসক** *বিণ* হাসায় এমন। [স.]। **হাসিকা** *বিণ স্ত্রী.*।

হাসপাতাল *বি* রোগীদের চিকিৎসালয়; রুগ্নাবাস; সাধারণের চিকিৎসালয়।

হাসলি *বি* হাঁসুলি; অর্ধচন্দ্রকার হার।

হাসা *ক্রি* হাস্য করা। ❑ *বি* হাস্য। **হাসানো** *ক্রি* হাসতে বাধ্য করা; উপহাস্য হওয়া; লোক হাসানো। **হাসাহাসি** *বি* পরস্পরের কথায় বা ইঙ্গিতে হাস্য-রহস্য করা। **হেসে কুটি কুটি হওয়া** *বি* হাসতে হাসতে আত্মহারা হওয়া; প্রচুর পরিমাণে হাসা।

হাসি *বি* ১ হাস্য; হাস। ২ উপহাস। **হাসি-কান্না** *বি* ১ বিষাদ ও আনন্দের মিশ্রিত ভাব। ২ হাস্য ও ক্রন্দন। [স.]। **হাসিখুশি** *বিণ* হাসি ও আনন্দে পরিপূর্ণ। **হাসিঠাট্টা, হাসিতামাশা** *বি* রঙ্গরস; রঙ্গরসিকতা; ঠাট্টা-তামাশা। **হাসিমুখ** *বি* সহাস্য বদন; হাসিতে পূর্ণ মুখমণ্ডল।

হাসিহাসি *বিণ* প্রফুল্ল; আনন্দময়; সামান্য হাস্যময়; ঈষৎ হাসিযুক্ত।

হাসিল *বি*১ (নিন্দার্থে) বুদ্ধি ও কৌশলপূর্বক কার্য উদ্ধার। ২ আদায়; সিদ্ধি; সম্পাদন; অর্জন। ৩ উৎপন্ন দ্রব্য। ৪ কল্যাণ; মঙ্গল; ভালো। ৫ মালের উপর শুল্ক; গরু-ছাগলাদি কেনার জন্য ইজারাদারকে দেয় মাশুল (গরু কিনে বাজারে হাসিলের টাকা দিয়েছি)। ❑ *বিণ* সিদ্ধ; পূর্ণ; লব্ধ; সম্পাদিত। [আ.]

হাসনাহেনা, হাসনুহানা *বি* এক প্রকার ছোট সাদা সুগন্ধি ফুল। [আ. হাস-উ-নো-হানা]

হাস্তী *বি* অস্তিত্ব; সত্তা; স্থিতি।

হাস্য *বি* হাসি; হাস। **হাস্যকর, হাস্যজনক** *বিণ*১ হাসির উদ্রেক করে এমন। ২ উপহাসের যোগ্য; উপহসনীয়। **হাস্যকৌতুক, হাস্যপরিহাস** *বি* রসিকতা। **হাস্যময়** *বিণ* সহাস্য; হাসিযুক্ত। **হাস্যময়ী** *বিণ স্ত্রী.*। **হাস্যরতি** *বি,বিণ* হাসি এবং স্ফূর্তিতে চঞ্চলমতি। **হাস্যরসিক** *বিণ* পরিহাসপটু; রসিকতায় দক্ষ। **হাস্যালাপ** *বি* হাসির কথায় পূর্ণ বাক্যালাপ; সরস কথাবার্তা বা কথোপকথন বা আলোচনা। **হাস্যোদ্দীপক** *বিণ*১ হাস্যরসের সৃষ্টি করে এমন। ২ উপহসনীয়। [স. হাস্য+আলাপ, উদ্দীপক]

হা হা *অব্য*১ শোক; দুঃখ; বিস্ময়সূচক শব্দ; রোদন ধ্বনি। ২ শূন্যতা প্রকাশ; খাঁ খাঁ। ৩ অট্টহাসির শব্দ। [স.]। **হাহাকার** *বি* শোক বা আর্তনাদের ব্যাপক ও উচ্চ হা হা ধ্বনি। [স.]

হা-হুতাশ *বি* আক্ষেপ ধ্বনি; শোক প্রকাশ।

হিং, হিঙু *বি* একজাতীয় বৃক্ষের কটু গন্ধময় নির্যাস। এটা ঔষুধের উপাদান বা ব্যঞ্জনের মসলারূপে ব্যবহৃত হয়। [স. হিঙ্গু>]

হিংচা, হিঞ্চা, হেলেঞ্চা *বি* জলজ তিক্ত শাকবিশেষ। [স. হিলমোচিকা শব্দজ]

হিং টিং ছট *অব্য* সংস্কৃত মন্ত্রের মতো গাম্ভীর্যপূর্ণ কিন্তু প্রকৃতপক্ষে অর্থহীন বিদ্রূপাত্মক শব্দসমষ্টি।

হিংলি *বি* তামাক গাছবিশেষ।

হিংসক *বি* হিংস্র জীব। ❑ *বিণ*১ শত্রু। ২ হন্তা; ঘাতক। ৩ ঈর্ষাপরায়ণ; হিংসাকারী; হিংসুটে। [স.]

হিংসন *বি* ১ হিংসাকার্য; মারণ। ২ বিদ্বেষ ভাব। ৩ ক্ষতিকরণ। [স.]

হিংসা *বি*১ বধ; হনন। ২ অনিষ্ট; অপকার; ক্ষতি। ৩ পরের ক্ষতি করবার বাসনা। ৪ পরশ্রীকাতরতা; ঈর্ষা; বিদ্বেষ। [স.]। **হিংসাত্মক** *বিণ* মূলে হিংসা আছে এমন; হিংসাযুক্ত; ক্ষতি করবার বাসনাযুক্ত।

হিংসুক(অশু.) *বিণ* হিংসুটে; ঈর্ষাপরায়ণ; পরের অপকার করবার প্রবৃত্তিযুক্ত; পরশ্রীকাতর। [স. হিংসা+বা. উক]

হিংসুটে *বিণ* হিংসোল; পরশ্রীকাতর; হিংসাপরায়ণ। [স. হিংসা+বা. আটিয়া>টে]

হিংস্র, হিংস্রক *বিণ* ১ প্রাণহারক; বিনাশক। ২ উগ্র হিংসাযুক্ত প্রকৃতিবিশিষ্ট; হিংসাকারী। **হিংস্রা, হিংস্রিকা** *বিণ স্ত্রী.*।

হিঁচড়ানো, হেঁচড়ানো *ক্রি* বলপূর্বক টানা; ধৃত ব্যক্তির অনিচ্ছায় তার ক্লেশ উৎপাদন করে সবলে আকর্ষণ বা টেনে নিয়ে যাওয়া। ❑ *বি,বিণ* উক্ত অর্থে।

হিকমত, হেকমত *বি*১ কৌশল। ২ দক্ষতা; কর্মকুশলতা। ৩ চাতুর্য; কৌশল; কায়দা। ৪ শক্তি; ক্ষমতা। ৫ জ্ঞানবত্তা। [আ.]। **হিকমতি** *বিণ*১ কৌশলী। ২ চতুর; কর্মকুশল। ৩ শক্তিশালী। **হিকমতে** *ক্রিবিণ* কৌশলে।

হিক্কা *বি* হেঁচকি। [স.]

হিঙ্গু *বি* হিং। [স.]

হিঙ্গুল, হিঙ্গুলি *বি* পারদ ও গন্ধক মেশানো এক প্রকার ঘোর লাল রঙের পদার্থ; cinnabar।

হিজড়া, হিজড়ে *বি* ১ নপুংসক। ২ একই দেহে স্ত্রী ও পুংচিহ্নযুক্ত মানুষ বা অন্য জীব। [হি.]

হিজরত *বি* দেশত্যাগ; হজরত মুহম্মদ (সা.)-এর মক্কা থেকে মদিনায় গমন।

হিজরি, হিজরা *বি* খ্রিস্টজন্মের ৬২২ বছর পরে হজরত মুহম্মদ (সা.)-এর মক্কা ত্যাগ করে মদিনায় গমনের (হিজরতের) দিন থেকে গণিত চান্দ্র-অব্দ। [আ.]।

হিজল *বি* ফুল ফল ও বৃক্ষবিশেষ। [স. হিজ্জল>]

হিজলি বাদাম *বি* হিজলি নামক স্থানে উৎপন্ন কাজু বাদাম।

হিজিবিজি *বি* আঁকাবাঁকা রেখাযুক্ত অস্পষ্ট অর্থহীন লেখা। ❑ *বিণ* যে লেখার বর্ণগুলো পরস্পর জড়িত হয়ে অবোধ্য।

হিটলারি *বিণ* অত্যন্ত উগ্র; হিটলারের মতো উগ্র।

হিড় হিড় *অব্য*১ বলপূর্বক দ্রুত টেনে নিয়ে যাওয়া বাচক শব্দ। ২ টানবার শব্দ।

হিড়িক *বি*১ হুজুগ; সাময়িক অনুষ্ঠান; ফ্যাশন। ২ চাপ; প্রাবল্য। ৩ হাঙ্গামা; ঝঞ্ঝাট; ভিড়।

হিত *বি* উপকার; কল্যাণ; ইষ্টসাধন; মঙ্গল। ❑ *বিণ* কল্যাণজনক; উপকারী; মঙ্গলজনক। **হিতকথা** *বি* উপকারী বা কল্যাণকর কথা; সৎপরামর্শ; সদুপদেশ। [স.]। **হিতকর** *বিণ* মঙ্গলজনক; উপকারী। **হিতবাদ** *বি* সবচেয়ে অধিক লোকের বেশি উপকার সাধনের মতবাদ। **হিতবাদী**(-দিন্) *বিণ* সদুপদেশক; সৎপরামর্শদাতা। **হিতসাধন** *বি* মঙ্গলকরণ; উপকারসাধন। **হিতাকাঙ্ক্ষী** (-ক্ষিন্), **হিতার্থী**(-র্থিন্) *বিণ* মঙ্গল কামনা করে এমন; কল্যাণপ্রার্থী। [স. হিত+আকাঙ্ক্ষী, অর্থী]। **হিতাহিত** *বি* শুভাশুভ; ভালোমন্দ; ন্যায়ান্যায়। **হিতৈষণা, হিতৈষা** *বি* মঙ্গল করার ইচ্ছা বা আকাঙ্ক্ষা। [হিত+এষণা, এষা]। **হিতৈষী**(-ষিন্) *বিণ* মঙ্গল করতে ইচ্ছুক। **হিতৈষিণী** *বিণ স্ত্রী.*। **হিতোপদেশ** *বি* কল্যাণ; হিতকর উপদেশ। [স. হিত+উপদেশ]

হিদায়েত, হেদায়েত *বি* সদুপদেশ; সত্যপথ প্রদর্শন; ন্যায়ের পথে পরিচালন; দেশনা। [আ.]

হিন্তাল, হেঁতাল *বি* তালজাতীয় বৃক্ষ; হেঁতাল গাছ (সাপ এ গাছের গন্ধ সহ্য করতে পারে না)। [ফা.]

হিন্দি *বি* ১ উত্তর-ভারতের একটি ভাষা। ২ বর্তমানে ভারতের রাষ্ট্রভাষা।

হিন্দু *বি,বিণ* প্রাচীন ভারতবর্ষের বেদাশ্রিত সনাতন জাতি বা ধর্ম; সনাতন হিন্দু ধর্মে বিশ্বাসী ব্যক্তি। [স.]। **হিন্দুত্ব** *বি* হিন্দু ধর্ম ও আচার; হিন্দুভাব; হিন্দুয়ানি। **হিন্দুধর্ম** *বি* শ্রুতি-স্মৃতি-পুরাণ বিহিত ধর্ম। **হিন্দুয়ানি** *বি*১ হিন্দুর ধর্ম ও আচার-আচরণ। ২ হিন্দুধর্মনিষ্ঠায় বাড়াবাড়ি; উগ্রতা। **হিন্দুস্তান** *বি* ভারতবর্ষ। **হিন্দুস্তানি** *বি* ফারসিমিশ্রিত হিন্দি ভাষা; উর্দু; উত্তর-ভারতের ভাষা।

❑*বিণ* ১ হিন্দুস্তানের বা ভারতের; ভারতীয়। ২ উত্তর-ভারতের। ৩ হিন্দি ভাষী; পশ্চিমা; বিহারি।
হিন্দোল, হিন্দোলা *বি* ১ (সং) একটি রাগের নাম। ২ দোলা; দোলন। ৩ ঝুলনযাত্রা নামক উৎসব। [স.]
হিপ হিপ হুররে *অব্য* জয়ধ্বনি; বিশেষত খেলায়। [ই. hip-hip-hurrah]
হিবা, হেবা *বি* দান; উপহার; ইসলামের বিধান মতে সম্পত্তি দান। [আ.]। **হেবানামা** *বি* হেবার দলিল; দানপত্র।
হিব্রু *বি* ১ ইহুদি জাতি। ২ প্রাচীন ইহুদি জাতির মাতৃভাষা। ৩ ইবরীয়দের ভাষা। [ই. Hebrew]
হিম *বি* ১ তুষার; বরফ। ২ নীহার; শিশির। ৩ শীতকাল; হিমঋতু। ৪ শৈত্য; শীতলতা; শীতল বা ঠাণ্ডা স্পর্শ। ৫ ঠাণ্ডা। [স.]। **হিমকর** *বি* যার কিরণ শীতল; চন্দ্র। **হিমগিরি, হিমবান, হিমবৎ, হিমশৈল** *বি* সর্বদা তুষারাচ্ছন্ন বলে ভারতের উত্তর সীমায় অবস্থিত পর্বতশ্রেণীকে বলা হয়। **হিমপাত** *বি* তুষার পতন; বরফ পড়া। **হিমবাহ** *বি* তুষার স্তূপ বা তুষার প্রবাহ যা পর্বতগাত্র বেয়ে নিম্নদিকে ধীরে ধীরে চলতে থাকে ; glacier। **হিমমণ্ডল** *বি* দুই মেরুর সন্নিহিত অত্যন্ত শীতল অতি ক্ষীণ সূর্যালোকযুক্ত পৃথিবীর অংশবিশেষ; frigid zone। **হিমরেখা** *বি* পর্বতের যে অংশ সর্বদা তুষারাচ্ছন্ন থাকে; তার নিম্নস্থ রেখা; snowline। **হিমশিলা** *বি* করকা; বরফ; তুষার। **হিমশীতল** *বিণ* তুষার বা বরফের মতো ঠাণ্ডা; তুষারশীতল। **হিমসাগর** *বি* ১ তুষার বা বরফে আচ্ছন্ন সমুদ্র। ২ (আল.) প্রবল শৈত্য; প্রচণ্ড ঠাণ্ডা। ৩ উন্নত জাতের আমবিশেষ। ৪ এক প্রকার কবিরাজি তেল যা ব্যবহারে মস্তিষ্ক শীতল রাখে।
হিমশিম, হিমসিম *বি* হয়রান; নাজেহাল; অত্যন্ত পরিশ্রান্ত বা ক্লান্ত হওয়া। **হিমশিম খাওয়া, হিমসিম খাওয়া** *ক্রি* নাকাল হওয়া; নাজেহাল হওয়া।
হিমাংশু *বি* ১ চন্দ্র। ২ কর্পূর। [স. হিম+অংশু]
হিমাগার *বি* শীতল ঘর; ঠাণ্ডা গুদাম; cold store। [স. হিম+আগার]
হিমাঙ্গ *বি* একেবারে ঠাণ্ডা বা তাপশূন্য দেহ; প্রাণহীন বা মৃতদেহ। ❑*বিণ* দেহ তাপশূন্য এমন। [স. হিম+অঙ্গ]
হিমাচল, হিমাদ্রি *বি* হিমালয় পর্বতশ্রেণী। [স. হিম+অচল, অদ্রি]
হিমানী *বি* তুষারপুঞ্জ; বরফ। [স.]
হিমালয় *বি* ভারতের উত্তর সীমানায় অবস্থিত বিশ্ববিখ্যাত পর্বতশ্রেণী। [স. হিম+আলয়]। **হিমালয়নন্দিনী** *বি* উমা; দুর্গাদেবী। [স.]
হিম্মত, হিম্মৎ *বি* ১ সাহস; মনোবল। ২ ক্ষমতা; শক্তি; বীরত্ব; বীর্য; তেজ। [আ.]। **হিম্মত জিগর** *বি* সাহসী কলিজা। [আ. হিম্মৎ+ফা. জিগর]
হিম্মতি *বিণ* সাহসী।
হিয়া(পদ্যে) *বি* হৃদয়; অন্তঃকরণ; মন।
হিরণ *বি* ১ স্বর্গ; সোনা; হেম; সুবর্ণ। ২ কড়ি; কপর্দক। [স.]। **হিরণজরি** *বি* সোনালি সুতায় বা সোনায় মোড়া সুতা। [ফা.]
হিরণ্ময়, হিরণময় *বিণ* ১ স্বর্ণনির্মিত; সোনার তৈরি। ২ স্বর্ণবর্ণ; সোনালি। ❑*বি* পরব্রহ্ম; ব্রহ্ম। **হিরণ্ময়ী** *স্ত্রী.*।
হিরণ্য *বি* ১ সুবর্ণ; স্বর্ণ; সোনা। ২ রৌপ্য। ৩ ধন। ৪ কড়ি। ৫ ধুতুরা। **হিরণ্যকশিপু** *বি* হিন্দু পুরাণে দৈত্যরাজবিশেষ যাঁর পুত্র প্রহ্লাদ। **হিরণ্যগর্ভ** *বিণ* স্বর্ণপূর্ণ; সোনায় ভরা। ❑*বি* ১ হিন্দু দেবতা ব্রহ্মা। ২ বেদোক্ত সৃষ্টির প্রথম পুরুষ।
হিল, হীল *বি* গোড়ালি; জুতার উঁচু গোড়ালি। [ই. heel]
হিলমিল *বিণ* এঁকে-বেঁকে।
হিলা *ক্রি* হেলে পড়া। ❑*বি* ১ নড়া। ২ কৌশল; ছল; চাতুরী। [আ.]
হিলানো *ক্রি* নড়ানো; দোলানো।
হিল্লা, হিল্লে *বি* ১ উপায়; গতি। ২ ব্যবস্থা। ৩ আশ্রয়; অবলম্বন। [আ.]
হিল্লোল *বি* ১ তরঙ্গ; ঢেউ। ২ দোলন; দোলা। ৩ আন্দোলন। [স.]
হিসাব, হিসেব *বি* ১ গণনা; সংখ্যাকরণ। ২ জমা-খরচের গাণিতিক বিবরণ। ৩ জমা-খরচ নির্ধারণ বা নির্ণয়। ৪ দর। ৫ (আল.) বিচার-বিবেচনা। ৬ (আল.) কৈফিয়ত; কারণ প্রদর্শন; জবাবদিহি। [আ. হিসাব]। **হিসাব করা** *ক্রি* ১ গণনা করা। ২ পরিমাণ বা মাত্রা স্থির করা। ৩ বিচার-বিবেচনা করা। ৪ নির্ধারণ করা। **হিসাব-কিতাব, হিসাব-কেতাব** *বি* ১ বিস্তারিত বা খুঁটিনাটি হিসাব; পুঙ্খানুপুঙ্খ হিসাব। ২ বিবেচনা। [আ.]। **হিসাব চুকানো, হিসাব মেটানো** *ক্রি* প্রাপ্য বা দেনা-পাওনা পরিশোধ করা। **হিসাব দেওয়া** *ক্রি* ১ জমা-খরচের বিবরণ দেওয়া। ২ কৈফিয়ত দেওয়া; জবাবদিহি করা। **হিসাব-নবিস** *বি* আয়-ব্যয়ের হিসাব লেখক; জমা-খরচ লেখক। [আ.+ফা.]। **হিসাব-নিকাশ** *বি* ১ আয় ও ব্যয়ের বিস্তারিত লিখিত বিবরণ; সঠিকভাবে দেনা-পাওনা নির্ণয়। ২ হিসাব পত্রের কাজ। ৩ কৈফিয়ত; জবাবদিহি। [আ.]। **হিসাব-পরীক্ষক** *বি* আয়-ব্যয় ও জমা-খরচ পরীক্ষা করেন যিনি; auditor। **হিসাব পরীক্ষা** *বি* জমাখরচের বিবরণ নির্ভুল কিনা তা পরীক্ষা; audit। **হিসাব নেওয়া** *ক্রি* ১ আয়-ব্যয় বা জমা-খরচের বিবরণ সঠিকভাবে বুঝে নেওয়া। ২ কৈফিয়ত নেওয়া। **হিসাবানা** *বি* প্রধানত তহসিলদারগণ কর্তৃক প্রজাদের খাজনাদি হিসাব করে দেওয়া বাবদ পারিশ্রমিক বা ঘুষ। **হিসাবি** *বিণ* ১ হিসাব সম্পর্কিত। ২ আয় বুঝে ব্যয় করে এমন। ৩ বিবেচক; সাবধানী; সতর্ক; বিচক্ষণ; মিতব্যয়ী।
হিস্টিরিয়া, হিসটিরিয়া *বি* এক ধরনের মূর্ছারোগ। [ই. hysteria]
হিস্‌সা, হিস্যা *বি* ১ প্রাপ্য অংশ; প্রাপ্য ভাগ; অংশ; প্রাপ্য। ২ ভাগ। [আ.]। **হিস্‌সাদার, হিস্যাদার** *বি, বিণ* অংশীদার; ভাগীদার। [আ+ফা.]
হিহি *অব্য* ১ শীতে বা ঠাণ্ডায় কাঁপার শব্দ। ২ উচ্চ হাসির ধ্বনি। ৩ বিদ্রূপের বা উপহাসের ধ্বনি।
হীন *বিণ* ১ নীচ; অধম; কমিনা; হেয়; ঘৃণ্য। ২ শূন্য (পিতৃহীন)। ৩ পরিত্যক্ত; বর্জিত। ৪ ক্ষীণ; শীর্ণ; কৃশ; হ্রাসপ্রাপ্ত (হীনবল)। ৫ অতি বিনীত। **হীনা** *বিণ স্ত্রী.*। **হীনতা** *বি* ১ নীচতা। ২ দীনতা। **হীনবল** *বিণ* ১ শক্তিহীন। ২ সৈন্যসামন্তহীন। **হীনবর্ণ** *বি* নীচজাতি। **হীনমতি** *বিণ* ১ দুর্বুদ্ধি; নীচমতি। ২ মূঢ়মতি। **হীনাবস্থা** *বিণ* দুর্দশাগ্রস্ত; দরিদ্র; গরিব; দীন। [স. হীন+অবস্থা]
হীনযান *বি* ১ বৌদ্ধধর্মের প্রাচীন শাখা। ২ পালিশাস্ত্রে বর্ণিত বৌদ্ধমত।

হীরক, হীরা, হীরে *বি* উজ্জ্বল রত্নবিশেষ; এক প্রকার অতি মূল্যবান ও দ্যুতিমান রত্ন। [স.]। **হীরার টুকরা** *বি* (আল.) অতিশয় সৎস্বভাব বা প্রতিভাবান; অতি গুণবান ছেলে। **হীরার ধার** *বিণ* হীরার ধারের ন্যায় অতি তীক্ষ্ণ।
হীরামন *বি* শুকপাখি; তোতাপাখি। [তুল. হি. হীরামন]
হুইপ *বি* ১ চাবুক; বেত। ২ সচেতক; পার্লামেন্ট–এ স্বীয় দলভুক্ত করার ও রাখার দায়িত্বে নিয়োজিত সদস্য। [ই. whip]
হুঁকা, হুঁকো *বি* কাঁসা পিতল দস্তা বা মাটি দ্বারা অথবা নারকেল খোলে প্রস্তুত নলিচাযুক্ত এক প্রকার যন্ত্র যা তামাক খেতে বা ধূমপান করতে ব্যবহৃত হয়। **হুঁকোবরদার** *বি* হুঁকো নিয়ে প্রভুর সঙ্গে সঙ্গে ফেরে এরূপ ভৃত্য। ❑*বিণ* (আল.) মোসাহেব; তোষামদকারী। [আ. হুক্কাঃ+ফা. বরদার]
হুঁশ, হুশ *বি* ১ চেতনা; জ্ঞান; চৈতন্য; অনুভূতি। ২ সাবধানতা; সতর্কতা। [ফা.]
হুঁশিয়ার, হুশিয়ার *বিণ* ১ সতর্ক; সচেতন; সাবধান; চেতনাযুক্ত; অবহিত। ২ চতুর। [ফা.]। **হুঁশিয়ারি, হুশিয়ারি** *বি* সতর্কতা; সাবধানতা।
হুক *বি* ১ লৌহ–নির্মিত বাঁকা আঁকশি। ২ বড়শি। ৩ বোতাম। ৪ খিল। [ই. hook]
হুকুম *বি* ১ আজ্ঞা; আদেশ; নির্দেশ। ২ আদালতাদির নির্দেশ। ৩ অনুমতি। [আ. হুকুম]। **হুকুমজারি** *বি* হুকুম প্রচার। [আ.]। **হুকুমত, হুকমত** *বি* ১ প্রভুত্ব। ২ শাসন। ৩ সরকার; গভর্নমেন্ট। [আ.]। **হুকুম তামিল** *বি* আদেশ বা নির্দেশ পালন। [আ.]। **হুকুমনামা** *বি* আদেশপত্র; পরোয়ানা। [আ.+ফা.]। **হুকুমবরদার** *বি* আজ্ঞাবাহক। [আ.+ফা.]। **হুকুমবরদারি** *বি* হুকুমবরদার বা আজ্ঞা বাহকের কাজ। **হুকুম রদ** *বি* হুকুম রহিতকরণ বা স্থগিতকরণ। **জো হুকুম** *অব্য* যে আজ্ঞা বা আদেশ। ❑*বি, বিণ* আজ্ঞাবহ; স্তাবক; মোসাহেব।
হুক্কাহুয়া *বি* শিয়ালের ডাক।
হুঙ্কার, হুংকার *বি* হুম শব্দ; গর্জন; নাদ। **হুঙ্কারিত, হুংকারিত** *বিণ* ১ গর্জন ধ্বনিতে পূর্ণ। ২ হুঙ্কারপূর্ণ; হুঙ্কারযুক্ত। [স.]। **হুঙ্কৃত, হুংকৃত** *বিণ* গর্জিত। **হুঙ্কৃতি** *বি* হুঙ্কার; হুঙ্কার ধ্বনি; গর্জন।
হুজরা *বি* ছোট কক্ষ; কামরা; মসজিদের সংলগ্ন ছোট কামরা; কুঠরি। [আ.]। **হুজরাখানা** *বি* মসজিদ ইত্যাদির সংলগ্ন মুয়াজ্জিনের আশ্রয়ের জন্য ছোট কামরা বা কুঠরি। [আ.+ফা.]
হুজুগ *বি* ১ সাময়িক আন্দোলন; আবেগবশ্যতা। ২ জনরব; গুজব। ৩ ঝোঁক; ফ্যাশন। [আ.+ফা.]। **হুজুগে** *বিণ* ১ হুজুকপ্রিয়। ২ হুজুকে মাতে বা সোৎসাহে যোগদান করে এমন। **হুজুকদার** *বিণ* হুজুকপ্রিয়।
হুজুর, হুযুর *বি* ১ সম্মানসূচক সম্বোধন; মহাশয়। ২ প্রভু; মনিব। ৩ প্রভুর সমীপ; নিকট; সম্মুখ। [আ.]
হুজ্জত, হুজ্জৎ *বি* ১ গোলমাল; হাঙ্গামা। ২ তর্কাতর্কি; কলহ। ৩ জিদ। [আ.]। **হুজ্জতি** *বিণ* ১ কলহকারী; তার্কিক। ২ জেদি। ৩ হুজ্জত সংক্রান্ত।
হুট *অব্য* ১ হঠাৎ; সহসা; বিবেচনা না করেই। ২ উপেক্ষা ও অবজ্ঞাসূচক শব্দ। ৩ মৃদু হুট শব্দ।
হুটোপুটি *বি* ১ গোলমাল; চিৎকার; চেঁচামেচি ও লাফালাফি। ২ হুড়াহুড়ি; ঠেলাঠেলি ও বিশৃঙ্খলা সৃষ্টি।
হুড়কা[১], হুড়কো *বি* অর্গল; কপাট বন্ধ রাখার ঠেংগা বা খিল। [স. হুড়ুক্ক>]
হুড়কা[২], হুড়কো *বিণ* পতি–সংসর্গত্যাগিনী; যে স্ত্রী স্বামীর নিকট যেতে অনিচ্ছুক বা আতঙ্কিত। [আঞ্চলিক]
হুড়মুড় *অব্য* ১ অনেক জিনিসের একসঙ্গে পতনসূচক শব্দ। ২ ভিড় বা ঠেলাঠেলি করে প্রবেশ বা নির্গমনের ভাববাচক। ৩ হঠাৎ প্রবেশ বা নির্গমনের ভাব প্রকাশক।
হুড়হুড় *বি* পানি জোরে পড়ার শব্দ। ❑*অব্য* একসঙ্গে অনেকের প্রবেশ বা নির্গমনের ভাব প্রকাশক। **হুড়া, হুড়ো** *বি* তাড়া; আক্রমণ; ঠেলা; গুঁতা। **হুড়াহুড়ি** *বি* ১ ঠেলাঠেলি। ২ হুটোপাটি; বিশৃঙ্খলা ও গোলমাল সৃষ্টি।
হুড়ুম[১] *বি* ১ মুড়ি। ২ মুড়ির মতো ভাজা চিড়া। [আঞ্চলিক]
হুড়ুম[২] *অব্য* হঠাৎ বিশৃঙ্খলা সৃষ্টি ও লাফালাফির ভাববাচক।
হুতাশ[১] *বি* ১ হতাশা; নৈরাশ্য প্রকাশ। ২ চিন্তা দুর্ভাবনা বা আতঙ্কের প্রকাশ। **হুতাশী** *স্ত্রী*।
হুতাশন, হুতাশ[২] *বি* ১ অগ্নি। ২ প্রজ্বলিত হোমাগ্নি। [স. হুতাশন]
হুতোম, হুতুম *বি* আতঙ্কজনক রবকারী এক প্রকার বড় পেঁচা। **হুতোমপেঁচা** *বি* 'হুতোম পেঁচার নক্সা' গ্রন্থের লেখক কালীপ্রসন্ন সিংহ যে ছদ্মনাম গ্রহণ করেছিলেন। **হুতোমি ভাষা** *বি* যে ভাষা কালীপ্রসন্ন সিংহ তাঁর গ্রন্থে ব্যবহার করেছিলেন।
হুনর *বি* ১ গুণ। ২ বিদ্যা; কৌশল; কলাজ্ঞান। [ফা.]
হুনুরি, হুনরি *বি* নিপুণ বা দক্ষ শিল্পী। ❑*বিণ* শিল্পবিষয়ক। [ফা.]। **হুনরিকাজ, হুনরিকর্ম** *বি* কারিগরি কাজ; শিল্পকর্ম।
হুন্ডি *বি* দূরবর্তী কারো নিকট নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের নির্দেশ লিপি; bill of exchange। [ফা. হুন্ডি]
হুপ *অব্য* ১ হঠাৎ লাফ দেওয়ার ভাবপ্রকাশক। ২ বানরের ডাক বা রব।
হুবহু *অব্য* সঠিক; অবিকল; একেবারে এক। [আ. হু+ফা. ব.+আ. হু]
হুমকি *বি* ভীতি প্রদর্শন; ধমকানি; তর্জন; গর্জন; হুঙ্কার। [তুল. স. হুঙ্কার]
হুমড়ি *বি* উপুড়; সম্মুখে ঝোলা; হামাগুড়ি; হামড়ি। **হুমড়ি খেয়ে পড়া** *ক্রি* ১ পাওয়ার জন্য লোভাতুর হয়ে ঝুঁকে পড়া। ২ উপুড় হয়ে পড়া।
হুর, হুরি, হুরী *বি* ১ অতিশয় সুন্দরী; জান্নাতের পরী; স্বর্গের অপ্সরী। ২ বেহেশতের সুন্দরী। [আ.]
হুরমত *বি* সম্ভ্রম; সম্মান; ইজ্জত। [আ.]
হুল *বি* ১ কীট–পতঙ্গের সূক্ষ্মাগ্র তীক্ষ্ণ অঙ্গ। ২ ধনুকের প্রান্তভাগ। [স. অল>]
হুলস্থুল, হুলুস্থুল *বি* গোলমাল; হৈচৈ কাণ্ড; তুমুল ব্যাপার।
হুলা, হুলো *বি* মর্দা বিড়াল; পুং মার্জার। ❑*বিণ* অণ্ডকোষবিশিষ্ট; পুরুষজাতীয়; মর্দা।
হুলাহুলি *বি* ১ উলুধ্বনি। ২ হল্লা; কোলাহল। [স.]
হুলিয়া *বি* বাহ্যিক শারীরিক বিবরণ; আসামিকে গ্রেপ্তারের জন্য তার চেহারার বিবরণসহ বিজ্ঞাপন। [আ. (হুল্লিঅহ্)]
হুল্লোড় *বি* দল বেঁধে আনন্দ কোলাহলপূর্ণ স্ফূর্তি।

হুস, হুশ *বি* ১ জিহ্বা ও তালু সংযোগে মুখের বাতাস ত্যাগের শব্দ। ২ পাখি হঠাৎ উড়ে যাবার বা উড়িয়ে দেওয়ার শব্দ। ৩ ইঞ্জিনাদি থেকে বেগে ধূম নির্গমন-শব্দ; রেলগাড়ি গমনের শব্দ। **হুসহুস, হুশহুশ** *অব্য* অবিরত হুস শব্দ।

হু হু *অব্য*১ প্রবল বেগে বাতাস প্রবাহিত হওয়ার বা আগুন জ্বালানোর শব্দ। ২ অন্তর্দাহ নৈরাশ্য বা যাতনাসূচক শব্দ।

হুহুঙ্কার *বি* সিংহনাদ; গর্জন। [স. হুঙ্কার>]

হূন, হূণ, হান *বি* একটি প্রাচীন জাতি যারা ভারতের উত্তরস্থ অঞ্চলে বাস করতো। [স., ই. Hun]।

হূহূ *বি* পুরাণোক্ত গন্ধর্ববিশেষ। [স.]

হৃৎ, হৃদ্ *বি*১ হৃদয়। ২ চিত্ত; মন; অন্তঃকরণ। ৩ বক্ষের অভ্যন্তরভাগ; হৃৎপিণ্ড। ৪ বক্ষঃস্থল; বুক। [স.]। **হৃৎকমল** *বি* হৃদয়রূপ পদ্ম; মনরূপ পদ্ম। **হৃৎকম্প** *বি*১ হৃৎপিণ্ডের স্পন্দন; বক্ষস্পন্দন। ২ ভয়ে বা আবেগে হৃৎপিণ্ডের স্পন্দন। ৩ ভয়ে বা আবেগে হৃৎপিণ্ডের বৃদ্ধিপ্রাপ্ত স্পন্দনবেগ। **হৃৎপদ্ম** *বি* হৃৎকমল। **হৃৎপিণ্ড, হৃদ্‌পিণ্ড** *বি* স্বয়ংক্রিয় স্পন্দনশীল রক্তসঞ্চালক যন্ত্রবিশেষ যা বক্ষঃস্থলে অবস্থিত। **হৃৎস্পন্দন** *বি* হৃৎপিণ্ডের স্পন্দন।

হৃত *বিণ*১ অপহৃত; লুণ্ঠিত; চুরি হয়েছে এমন। ২ আনীত। ৩ আকৃষ্ট। **হৃতাধিকার** *বি* অধিকার হরণ করা হয়েছে এমন। [স. হৃত+অধিকার]। **হৃতসর্বস্ব** *বিণ* যাবতীয় ধনসম্পদ লুট হয়ে গেছে এমন; নিঃস্ব।

হৃদয়, হৃদি *বি* ১ অন্তঃকরণ; চিত্ত; মন। ২ বক্ষ; বুক; বক্ষঃস্থল। ৩ বুকের ভিতরের অংশ। **হৃদয়গত** *বিণ* মনোগত। **হৃদয়গ্রাহী** *বিণ* মনোরম; চিত্তাকর্ষক; হৃদয়কে আকর্ষণ করে এমন। **হৃদয়ঙ্গম, হৃদয়ংগম** *বিণ*১ অনুভূত; বোধগম্য; উপলব্ধ; উপলব্ধি বা অনুভব করা হয়েছে এমন। ২ অন্তঃকরণে প্রবিষ্ট। **হৃদয়জ** *বিণ* হৃদয় থেকে উৎপন্ন; চিত্তজ। **হৃদয়বল্লভ** *বি স্ত্রী.* ১ প্রাণপ্রিয়; প্রিয়তম। ২ স্বামী; পতি। ৩ প্রণয়ী; প্রেমিক। **হৃদয়বল্লভা** *বি স্ত্রী.* ১ প্রাণপ্রিয়া; প্রিয়তম। ২ পত্নী; স্ত্রী। ৩ প্রণয়িনী; প্রেমিক। **হৃদয়বান** *বিণ*১ উদারচিত্ত; মহানুভব। ২ সহানুভূতিশীল। **হৃদয়বতী** *স্ত্রী.*। **হৃদয়বিদারক** *বিণ*১ মর্মভেদী; মর্মন্তুদ। ২ অত্যন্ত শোকাবহ। **হৃদয়বৃত্তি** *বি* হৃদয়ের ধর্ম; চিত্তবৃত্তি; মনের প্রবৃত্তি। **হৃদয়বেদন, হৃদয়ব্যথা** *বি* মনঃকষ্ট; মনোবেদনা; মর্ম; যন্ত্রণা; দুঃখ। **হৃদয়ভেদী(-দিন্)** *বিণ* ১ অত্যন্ত দুঃখজনক; মর্মান্তিক; মর্মন্তুদ; মর্মপীড়াদায়ক। ২ শোকাবহ। **হৃদয়শূন্য, হৃদয়হীন** *বিণ* দয়ামায়াহীন; প্রেমবর্জিত; নির্দয়; নিষ্ঠুর; নির্মম। **হৃদয়শূন্যা, হৃদয়হীনা** *বিণ স্ত্রী.*। [স. হৃদয়]

হৃদ্য *বিণ* ১ মনোজ্ঞ; হৃদয়গ্রাহী; রুচির। ২ প্রিয়; প্রীতিভাজন। ৩ আন্তরিকতাপূর্ণ; আন্তরিক। [স.]। **হৃদ্যা** *বিণ স্ত্রী.*। **হৃদ্যতা** *বি* ১সৌহার্দ্য; বন্ধুত্ব; প্রীতি। ২ আন্তরিকতা। ৩ হৃদয়গ্রাহিতা।

হৃষিত *বিণ* পুলকিত; আহ্লাদিত; প্রীত; প্রফুল্ল; হৃষ্ট। [স.]

হৃষীক *বি* ইন্দ্রিয়। [স.]

হৃষীকেশ *বি* (হিন্দুমতে) পরমাত্মা; বিষ্ণু; নারায়ণ; কৃষ্ণ। [স. হৃষীক+ঈশ]

হৃষ্ট *বিণ*১ প্রফুল্ল; আনন্দিত; পুলকিত; খুশি। ২ রোমাঞ্চিত। [স.]। **হৃষ্টা** *বি স্ত্রী.*। **হৃষ্টচিত্ত** *বিণ* ১ খোশ-মেজাজ। ২ আনন্দিত বা প্রফুল্লহৃদয়। **হৃষ্টপুষ্ট** *বিণ*১ বলিষ্ঠ ও প্রফুল্ল। ২ মানসিক ও শারীরিক স্বাস্থ্যযুক্ত। ৩ মোটা; স্থূলকায়।

হৃষ্টি *বি* হর্ষ; আনন্দ; পুলক।

হে *অব্য*১ ওহে; সম্বোধন বা আহ্বানসূচক শব্দ। ২ অবজ্ঞা ও ঘৃণায়। ৩ ছন্দের মাত্রা রক্ষার জন্য পাদপূরণে ব্যবহৃত শব্দ।

হেঁই, হেই *অব্য* অত্যন্ত অনুরোধবোধক শব্দ। **হেঁইও, হেঁইয়ো** *অব্য* গুরুভার দ্রব্য স্থানান্তরিত করার কালে কৃত ধ্বনি।

হেঁচকা, হ্যাঁচকা *বিণ* হঠাৎ সজোরে টান। ❑ *বিণ* সজোরে এবং অতর্কিত প্রযুক্ত।

হেঁজিপেঁজি *বিণ* তুচ্ছ; নগণ্য; অখ্যাত; সামান্য।

হেঁট *বিণ* অবনত; অধোবদন (মাথা হেঁট হলো)। ❑ *বি* তলদেশ; নিম্নাঙ্গ। [স. অধস্তাৎ>প্রা. হেট্‌ঠ>]। **মাথা হেঁট করা** *ক্রি* লজ্জা পাওয়া। **মাথা হেঁট হওয়া** *ক্রি* ১ লজ্জায় অধোবদন হওয়া। ২ সম্মান লাঘব হওয়া।

হেঁড়াল, হেঁড়েল[১] *বি* ঘড়িয়াল; কুমির জাতীয় জলজন্তু। [হি. ঘড়িয়াল]

হেঁড়ে, হেঁড়েল[২] *বিণ*১ হাঁড়ির মতো চেহারাযুক্ত; হাঁড়ির মতো বড়। ২ উচ্চশব্দযুক্ত; মোটা ও কর্কশ। ৩ অত্যন্ত গম্ভীর।

হেঁয়ালি *বি* প্রহেলিকা; ধাঁধা; দুরূহ সমস্যা; বুদ্ধিবিভ্রমকারী প্রশ্ন। [স. প্রহেলিকা>]

হেঁশেল, হেঁসেল *বি* রন্ধনাগার; রান্নাঘর; পাকঘর। [বা. হাঁড়িশাল]

হেঁসে, হেঁসো, হাঁসিয়া *বি* ১ কণ্ঠের এক প্রকার হার; হাঁসুলি। ২ কাস্তের ন্যায় এক প্রকার অস্ত্র; হাঁসিয়া। [আঞ্চলিক]

হে হেঁ *অব্য* ১ কাষ্ঠ হাসিসূচক শব্দ। ২ মোসাহেবি বোধক শব্দ।

হেকারত, হিকারত *বি* অবজ্ঞা; তাচ্ছিল্য; ঘৃণা। [আ. হিকরাৎ]

হেকিম, হাকিম *বি*১ ইউনানি চিকিৎসক; তিব্বি কবিরাজ। ২ বিজ্ঞ; জ্ঞানী। ৩ বিচারক। [আ.] । **হেকিমি** *বি* হেকিমের চিকিৎসা। ❑ *বিণ* ১ হেকিম সম্পর্কিত। ২ ইউনানি; ইউনানিতে চিকিৎসা।

হেড *বি*১ মাথা; মস্তিষ্ক; বুদ্ধি। ২ মেধা। ❑ *বিণ* প্রধান (হেড পণ্ডিত)। [ই. head]। **হেডবাবু** *বি* অফিসের প্রধান কেরানি; বড়বাবু। **হেডলাইন** *বি* ১ হাতের তালুর প্রধান রেখা; বুদ্ধির রেখা। ২ মোটা হরফে যা মুদ্রিত হয়; শিরোনাম। [ই. head line]

হেডিং *বি* শিরোনাম, শিরোলিপি। [ই.]

হেতু *বি*১ যুক্তি। ২ কারণ; নিমিত্ত; মূল। ৩ প্রয়োজন; দরকার। ৪ উদ্দেশ্য; অভিপ্রায়। **হেতুক** *বিণ* হেতু সম্পর্কীয়। ❑ *বি* কারণ। **হেতুবাদ** *বি* যুক্তিতর্ক; যুক্তিবাদ; হেতু উল্লেখকরণ। **হেতুবাদী** যুক্তিবাদী। **হেতুশাস্ত্র** *বি* তর্কশাস্ত্র।

হেত্বাভাস *বি* ন্যায়ের (শাস্ত্রে) ফাঁকি; fallacy, কারণাভাব; কুতর্ক; ভুলযুক্তি। [স. হেতু+আভাস]

হেথা, হেথায় *ক্রিবিণ* এ স্থানে; এ জায়গায়; এখানে। [স. অত্র>]

হেদো, হেদুয়া *বি*১ পুকুর; পুষ্করিণী। ২ হ্রদ। ৩ কলকাতার

একটি বিখ্যাত পুকুর।
হেন *বিণ* ১ (পদ্যে) এমন; এরূপ। ২ তুল্য।
হেনস্তা, হেনস্থা *বি* ১ অবজ্ঞা; অপমান; অবহেলা। ২ দুর্দশা; দুরবস্থা; নাকাল অবস্থা। [স. হীনাবস্থা]
হেনা *বি* ১ মেহেদি। ২ মেহেদি গাছ। [আ. হিন্না']
হেপা, হ্যাপা *বি* ১ হুজুক; হিড়িক। ২ ঝক্কি; ঝুঁকি; তাল। ৩ ঝঞ্ঝাট। ৪ বেগ; ঠেলা টান।
হেফাজত, হিফাজত *বি* রক্ষণাবেক্ষণ; জিম্মাদারি; তত্ত্বাবধান; দায়িত্ব; পরিচর্যা। [আ. হিফাযৎ]
হেফ্জ *বি* ১ মুখস্থ; কণ্ঠস্থ। ২ রক্ষণ। [আ. হিফ্য]
হেম *বি* সোনা; সুবর্ণ; স্বর্ণ। **হেমকূট, হেমাদ্রি** *বি* সুমেরু পর্বত। [স. হেম+অদ্রি]। **হেমলতা** *বি* স্বর্ণলতা। **হেমহার** *বি* সুবর্ণময় কণ্ঠভূষণ। **হেমা** *বি* সুন্দরী নারী; অপ্সরা বিশেষ। [স.]। **হেমাঙ্গ** *বিণ* স্বর্ণময় দেহযুক্ত। ❑*বি* হিন্দুদেবতা ব্রহ্মা। [স. হেম+অঙ্গ, অঙ্গী, অঙ্গিনী]। **হেমাঙ্গী** *স্ত্রী.*। **হেমাঙ্গিনী** *স্ত্রী.* সুন্দরী রমণী।
হেমন্ত *বি* ১ ঋতুবিশেষ; কার্তিক ও অগ্রহায়ণ মাস; শীতের পূর্ববর্তী এবং শরতের পরবর্তী ঋতু। ২ হিমালয় পর্বত। [স.]
হেমলক *বি* সূক্ষ্মবিভক্ত পত্র ও ক্ষুদ্র সাদা ফুলবিশিষ্ট উদ্ভিদবিশেষ; এই উদ্ভিদজাত বিষ।
হেমায়েল শরিফ *বি* খুব ছোট কুরআন শরিফ যা সাধারণত গলায় ঝুলিয়ে রাখা হয়। [আ.]
হেয় *বিণ* ১ তুচ্ছ; নীচ। ২ ত্যাজ্য; ত্যাগের যোগ্য। ৩ ঘৃণার্হ; ঘৃণ্য। [স.]
হেরফের *বি* ১ অদলবদল। ২ অসংগতি। [হি.]
হেরম্ব *বি* হিন্দুদেবতা গণেশ। [স.]
হেরা[১] *ক্রি* (পদ্যে) দেখা; নিরীক্ষণ করা; দর্শন করা; তাকানো। *হেরি অক্রি* (পদ্যে) দেখে।
হেরা[২] *বি* মক্কার পর্বতবিশেষ।
হেরেম *বি* ১ অন্দরমহল। ২ পবিত্র স্থান; নিষিদ্ধ স্থান; সংরক্ষিত পবিত্র স্থান—কাবা। [আ.]
হেরোইন *বি* মরফিন থেকে প্রস্তুত মাদকদ্রব্য যা নেশা করার জন্য ব্যবহৃত হয়।
হেলা[১] *ক্রি* ঝোঁকা; একপাশে নত হওয়া; একদিকে কাত হওয়া। ❑*বি, বিণ* উক্ত অর্থে। **হেলানো**[১] *বি* ১ হেলে পড়া। ২ ঝুঁকে পড়া অবস্থা। **হেলান** *বি* ১ ঠেসান; কাকেও অবলম্বন। ২ হেলে বা একপাশে নত হয়ে অবস্থান। **হেলানো**[২] *ক্রি* ১ ঝোঁকানো। ২ একপাশে নত বা কাত করানো। ❑*বি, বিণ* উক্ত অর্থে।
হেলা[২] *বি* ১ অবজ্ঞা; ঘৃণা; তাচ্ছিল্য; অশ্রদ্ধা। ২ অবলীলা; অক্লেশ; সহজে যা করা যায়। **হেলন** *বি* ১ অবজ্ঞা; অশ্রদ্ধা। ২ অবহেলা বা তাচ্ছিল্যকরণ। **হেলাগোছা** *বি* বিশৃঙ্খলা; এলোমেলো। **হেলাফেলা** *বি* অবজ্ঞা; তুচ্ছতাচ্ছিল্য।
হেলাল, হিলাল *বি* নব শশিকলা; নতুন চাঁদ। [হি.]
হেলে[১] *বি* ১ একজাতীয় নির্বিষ সাপ; কোঁড়া। ২ একপ্রকার সর্পাকৃতি হার। [আঞ্চলিক]
হেলে[২] *বিণ* ১ হালে জোতা হয় এমন। ২ হালিয়া; চাষি; কৃষক। [আঞ্চলিক]
হেলেঞ্চা, হিঞ্চা *বি* এক প্রকার তিক্ত স্বাদযুক্ত জলজ শাক। [স. হিলমোচিকা>]
হেলেম *বি* ১ ধৈর্যশীলতা; সহনশীলতা; বুদ্ধিমত্তা; অধ্যবসায়। ২ নম্রতা; ভদ্রতা। [আ. হিল্‌ম]
হেস্তনেস্ত *অব্য* ১ যে-কোনো রূপ নিষ্পত্তি বা সমাধান; শেষ মীমাংসা। ২ ভালোমন্দ যে-কোনো রূপ মীমাংসা।
হৈচৈ, হই চই, হৈহৈ *বি* গোলমাল; চিৎকার।
হৈম[১] *বিণ* ১ স্বর্ণময়; স্বর্ণনির্মিত। ২ স্বর্ণসংক্রান্ত।
হৈম[২] *বিণ* হিমসম্বন্ধীয়। [স.]
হৈমন্ত *বি* হেমন্ত ঋতু। ❑*বিণ* ১ হেমন্তকালীন; হেমন্তকালের। ২ হেমন্তসংক্রান্ত। ৩ হেমন্তকালে উৎপন্ন। [স.]
হৈমন্তিক *বি* যে শস্য হেমন্তকালে উৎপন্ন হয়; আমন ধান। ❑*বিণ* হেমন্তসংক্রান্ত বা সম্পর্কীয়। [স.]
হৈহয় *বি* ১ প্রাচীন দেশ। ২ একটি প্রাচীন জাতি। [স.]
হোঁচট, হুঁচোট *বি* চলমান অবস্থায় কোনো বস্তুর সঙ্গে অলক্ষিতে হঠাৎ পায়ের বা পায়ের আঙুলের সংঘর্ষ বা চোট। [স. উচ্চাট শব্দজ]
হোঁতকা, হোঁৎকা *বিণ* ১ মোটা; স্থূল। ২ স্থূলবুদ্ধি; মোটাবুদ্ধি; বোকা। ৩ গোঁয়ার।
হোঁদড় *বি* হিংস্র পশুবিশেষ; গো-বাঘা; হায়েনা।
হোঁদল *বিণ* ভুঁড়িওয়ালা; ভুঁড়িযুক্ত; স্থূলোদর; নাদাপেটা। **হোঁদলকুতকুত, হোঁদলকুৎকুৎ** *বি* ঘোর কৃষ্ণবর্ণ কুৎসিত স্থূলোদর প্রাণী।
হোগলা, হোগল *বি* ১ জলাভূমিতে জাত লম্বাকৃতি তৃণবিশেষ। ২ হোগলা দিয়ে প্রস্তুত মাদুর।
হোটেল *বি* ১ মূল্য দিয়ে ভোজন এবং/অথবা বাসের ব্যবস্থা করা যায় যে গৃহে। ২ পান্থশালা। [ই. hotel]। তুল. **মোটেল**। **হোটেলওয়ালা** *বি* হোটেলের মালিক বা পরিচালক।
হোড়[১] *বি* ১ পাঁক; জল-কাদা। ২ কর্দমকুণ্ড। [বা. হাওর>হোড়]।
হোড়[২] *বি* ১ নৌকাবিশেষ। ২ বাঙালি হিন্দু সম্প্রদায়বিশেষের পদবি।
হোতা *বি* ১ পুরোহিত। ২ যজ্ঞকর্তা। ৩ (নিন্দার্থে) কোনো কাজের সঙ্গে যুক্ত মূল লোক।
হোথা, হোথায় (পদ্যে) ঐ স্থানে; ঐ জায়গায়; ওখানে; সেখানে।
হোবল *বি* প্রাক-ইসলামি যুগের আরব দেশের দেবতারূপে পূজিত কাবাগৃহে প্রতিষ্ঠিত মূর্তিসমূহের অন্যতম। [আ. হুবল]
হোম *বি* যজ্ঞাগ্নিতে ঘৃতাহুতি। **হোমকুণ্ড** *বি* যজ্ঞাগ্নি জ্বালানোর জন্য যে গর্ত খোঁড়া হয়। [স.]। **হোমধান্য** *বি* তিল। **হোমাগ্নি, হোমানল** *বি* যজ্ঞের অগ্নি বা আগুন। [স. হোম+অগ্নি, অনল]
হোমরা-চোমরা *বিণ* সম্ভ্রান্ত ও প্রভাবসম্পন্ন; প্রতিপত্তিযুক্ত; প্রচুর ক্ষমতাবিশিষ্ট। ❑*বি* উচ্চপদস্থ ব্যক্তি। তুল. **আমির-উমরাহ**।
হোমিওপ্যাথি *বি* স্যামুয়েল হ্যানিম্যান প্রবর্তিত রোগ সৃষ্টিকর বস্তুর সূক্ষ্মাংশ প্রয়োগে ঐরূপ রোগের চিকিৎসা প্রণালী; সদৃশ-বিধান। [ই. homeopathy]। **হোমিওপ্যাথিক** *বিণ* হোমিওপ্যাথি চিকিৎসা সংক্রান্ত।
হোল(অশি.) *বি* অণ্ডকোষ।
হোলা[১], **হুলা** *বিণ* অণ্ডকোষবিশিষ্ট; মর্দা (হুলা বিড়াল)।
হোলা[২] *বি* বিস্তৃত মুখবিশিষ্ট মাটির গোল পাত্র; কোলা।

[আঞ্চলিক]

হোলি, হোরি *বি* বসন্ত-উৎসব; দোলযাত্রা। [সং. হোলিকা>]

হোল্ডল *বি* বিছানা সুন্দরভাবে বাঁধবার জন্য চামড়া ও শক্ত কাপড়ের তৈরি আধারবিশেষ। [ই. holdall]

হো হো *অব্য* অট্টহাসির শব্দ।

হৌজ *বি* চৌবাচ্চা। [আ.]

হৌস *বি* ১ বাণিজ্য কুঠি। ২ সওদাগরি দপ্তর বা অফিস। ৩ ব্যবসায়ীর দল বা ব্যবসায় প্রতিষ্ঠান। [ই. house]

হ্যাংলা, হ্যাঙলা *বিণ* ১ হীনভাবে লোভ প্রকাশ করে এমন। ২ খেলো ধরনের; লঘুচিত্তসম্পন্ন। **হ্যাংলাপনা, হ্যাংলামি** *বিণ* অশোভন লোলুপতা; হীনভাবে লোভের প্রকাশ; লঘুচিত্ততা।

হ্যাচারি *বি* মাছের ডিম ফুটিয়ে পোনা বের করার স্থান। [ই. hatchery]

হ্যাজাক *বি* অধিকতর উজ্জ্বল আলোদানকারী গ্যাসের বাতিবিশেষ।

হ্যান্ডনোট *বি* ঋণ স্বীকারপত্র; যে কাগজে ঋণ গ্রহণের পরিমাণ ইত্যাদি লিখে ঋণগ্রহীতা স্বাক্ষর করে; খত; হাতচিঠা। [ই. handnote]

হ্যান্ডবিল *বি* প্রচারপত্র। [ই. handbill]

হ্রদ *বি* চতুর্দিকে স্থলবিশিষ্ট বৃহৎ স্বাভাবিক জলাশয়। [সং.]

হ্রস্ব *বিণ* ১ ক্ষুদ্র; খর্ব; বেঁটে; খাটো; বামন। ২ হালকা; লঘুভার। ৩ সামান্য; কম; অল্প। ৪ (ব্যা.) একমাত্রা উচ্চারণবিশিষ্ট বর্ণ। **হ্রস্ব-দীর্ঘ জ্ঞান** *বি* ১ সাধারণ জ্ঞান; কাণ্ডজ্ঞান। ২ ছোট-বড় বা জ্যেষ্ঠ-কনিষ্ঠ বা উচ্চ-নিচের প্রভেদ জ্ঞান; লঘু-গুরু জ্ঞান।

হ্রাস *বি* ১ হ্রস্বতা; কমতি; ঘাটতি; লাঘব। ২ ক্ষয়; অপচয়। [সং.]

হ্রী *বি* লজ্জা। [সং.]

হ্রেষা *বি* ঘোড়ার ডাক; অশ্বরব। [সং.]

হ্লাদন *বি* আনন্দ; হর্ষ। [সং.]। **হ্লাদিত** *বিণ* আহ্লাদিত; আনন্দিত।

হ্লাদী(-দিন্) *বিণ* ১ আহ্লাদযুক্ত; সহর্ষ; আনন্দিত। ২ আনন্দদায়ক; আনন্দজনক। [সং.]

হ্লাদিনী *বি* ১ বৈষ্ণব শাস্ত্রমতে ভগবানের স্বরূপশক্তি যা ভগবান ও ভক্তকে আনন্দিত করে। ২ শ্রীরাধিকা। ☐ *বিণ* ১ আনন্দদানকারিণী। ২ আনন্দপূর্ণ; আহ্লাদযুক্তা। [সং.]